***208.** (Admitted question No. *1320.) **Shri Kamal Krishna Roy:** আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার গাজোল থানাতে এবং মালদহ থানাতে আদিবাসী কল্যাণ দপ্তর হইতে কতগুলি নলকূপ ও রিংওয়েল প্রস্তুত করা হইয়াছে ; এবং

(খ) উক্ত গাজোল থানায় ও মালদহ থানায় বর্তমানে আদিবাসী কল্যাণ দপ্তর কর্তৃক নির্মিত অকেজো নলকূপ ও রিংওয়েলের সংখ্যা কত?

Shri Tenzing Wangdi:

	নলকূপ	ইঁদারা
(ক) গাজোল থানা	৬৩	৪৭
মালদহ থানা	২	২৪

(খ) এই তথ্য বর্তমানে সরকারের হাতে নাই।

Shri Kamal Krishna Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি আদিবাসি কল্যাণ দপ্তরে এগুলি মেরামতের জন্য কোন অর্থ বরাদ্দ আছে কিনা?

Shri Tenzing Wangdi:

না, আমাদের ডিপার্টমেণ্টে এই খাতে কোন টাকা ধরা হয় না।

Shri Kamal Krishna Roy:

এগুলি কতদিনে কিভাবে মেরামত হয়?

Shri Tenzing Wangdi: Under the present procedure, the responsibility of maintenance of the water sources constructed by this Department is with the Chief Engineer, Public Health Engineering. The TW Office at Malda does not maintain any register of defective wells and tubewells. The local offices of the Chief Engineer and Public Health Engineering and the BDO also does not keep such record. Whenever information reaches the local BDOs as to the defect of the wells and tubewells, the BDO sends the technical staff of the C.E., P.H.E. placed at his disposal for this purpose to mend the defects.

Shri Abdul Bari Moktar:

এই যে অকেজো নলকূপগুলি রিসিংকিং বা যাতে মেরামত হয় তারজন্য নির্দেশ দেবেন কি?

Shri Tenzing Wangdi: This matter will be considered during the Fourth Plan period.

Shri Abdul Bari Moktar:

এই যে সমস্ত অকেজো নলকূপ আছে মালদা এবং গাজোল থানায় এগুলির যাতে একটা লিষ্ট পাওয়া যায় এর জন্য কি সংশ্লিষ্ট দপ্তরকে অনুগ্রহ করে নির্দেশ দেবেন?

Shri Tenzing Wangdi:

চেষ্টা করবো।

Shri Sanat Kumar Raha:

এই যে নলকূপ এর জন্য পশ্চিমবঙ্গ সরকার টাকা দেয়—কিন্তু এই অকেজো নলকূপগুলি সারাবার টাকা কি এই দপ্তর থেকে দেওয়া হয়?

Shri Tenzing Wangdi:

না।

Shri Aswini Roy:

এই যে নলকূপ বা ইঁদারা এগুলি স্যাংসান করার কি কোন ক্রাইটেরিয়া আছে?

Shri Tenzing Wangdi: The procedure is that we allot some amount and the District Officers in consultation with the Local Officers decide as to where all these things can be done.

[1-30—1-40 p.m.]

Shri Abdul Bari Moktar:

আমি দেখে এসেছি এই সমস্ত আদিবাসী অধ্যুষিত অনেক জায়গায় টিউবওয়েলের অভাবে জলকষ্ট আছে—এই জলকষ্ট দূরীকরণের জন্য আপনারা এই দুই থানায় আরও বেশী করে টিউবওয়েল দেওয়ার কথা চিন্তা করবেন কি?

Shri Tenzing Wangdi: If the honourable member puts in specific suggestion it will certainly be taken into consideration.

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন আদিবাসী কল্যাণ দপ্তর থেকে যে পরিমাণ টাকা টিউবওয়েলের জন্য দেওয়া হয় তারজন্য কোন কোটা নির্ধারিত হয় কিনা? কত মাথাপিছু টিউবওয়েল দেওয়া হবে আদিবাসী সংখ্যার উপর নির্ভর করা হয় কি?

Shri Tenzing Wangdi: That is one of the tests.

Shri Aswini Roy:

আদিবাসী দপ্তর থেকে টিউবওয়েল স্যাংসন করা হয়, তেমনি সেই সঙ্গে সঙ্গে অপশীল সম্প্রদায় রয়েছে তাদের জন্য টিউবওয়েল স্যাংকসান করেন। তাহলে এই রকম কোন কোটা বা কোন রকম ডিরেকসান দেওয়া হয় কি না যে আদিবাসীদের জন্য এই টাকায় এত টিউবওয়েল, তপশীলদের জন্য এই টাকায় এত টিউবওয়েল?

Shri Tenzing Wangdi:

সেপারেট টাকা ধরা আছে—তপশীলদের জন্য আলাদা টাকা ধরা আছে, আদিবাসীদের জন্য আলাদা টাকা ধরা আছে।

Shri Abhoy Pada Saha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন আদিবাসী বা তপশীল পাড়ায় এই বিভাগ থেকে যেসব টিউবওয়েল দেওয়া হয়েছে সেগুলি অল্প বিস্তর খারাপ হয়ে গেলে প্রতিটি ব্লকে টিউবওয়েলের জন্য যে মেকানিক আছে তারা সারে না? যদিও তারা সরকারী কর্মচারী তবুও তারা বলে যে আমাদের বিভাগের নয়। অল্প বিস্তর খারাপ হয়ে গেছে—কোনটার ওয়াসার হারিয়ে গেছে বা কোনটার সকেট নেই, এই অবস্থা কি চলতে থাকবে?

Shri Tenzing Wangdi: So far we have not made any separate arrangement for repairs of those tubewells. But if necessity arises we will certainly consider to remedy the defects in the Fourth Plan period.

Shri Abdul Bari Moktar:

গাজোল এবং মালদহ থানায় আদিবাসীদের জায়গাগুলি দেখলে দেখেতে পাবেন এখানে ২৫ ঘর আবার আর এক মাইল দূরে ২৫ ঘর। এদের স্ট্যাটিস্টিক্স নিয়ে দেখবেন কি—এদের জলকষ্ট দূরীকরণের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে?

Shri Tenzing Wangdi: If the honourable member kindly puts in specific suggestion we shall certainly consider it.

Coir production centre in Domjur block

***209.** (Admitted question No. *1328.) **Shri Tara Pada Dey:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার ডোমজুড় ব্লকের অধীনে সরকারী সাহায্যে কোন কয়্যার প্রোডাকশন সেণ্টার গঠিত হইয়াছিল কি না; এবং

(খ) যদি "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে বর্তমানে সেই কয়্যার প্রোডাকশন সেণ্টার-এর অবস্থা কি?

Shri Tarun Kanti Ghosh:

(ক) হ্যাঁ।

(খ) ডোমজুর ব্লকে কাঁচামাল সংগ্রহে অসুবিধা দেখা দেওয়ায় ও স্থানীয় জনসাধারণের তরফ হইতে উপযুক্ত সাড়া না পাওয়ায় ঐ কেন্দ্রটিকে ১৯৬০ সালের জানুয়ারী মাসে ধূলাগড়ী গ্রামে স্থানান্তরিত করা হইয়াছে।

Dr. Pratap Chandra Chunder:

এই রকম প্রোডাকসান সেণ্টার অন্যান্য কোন্ জায়গায় আছে?

Shri Tarun Kanti Ghosh:

ঠিক কোন্ জায়গায় আমার পক্ষে বলা ডিফিকাল্টি হবে। তবে আপনাকে জানিয়ে দিই কমিউনিটি ডেভেলপমেণ্ট ব্লক আমাদের যা আছে সেই ব্লকে একটা করে ফ্রণ্ট থাকে ফর কটেজ এ্যাণ্ড স্মল স্কেল ইণ্ডাষ্ট্রি। মেনলি সেইভাবে প্রোডাকসান কাম ট্রেনিং সেণ্টার দেওয়া হয়।

Dr. Pratap Chandra Chunder:

এই কয়্যার শিল্প সম্পর্কে আলাদা কোন গবেষণার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার থেকে কি করা হয়েছে?

Shri Tarun Kanti Ghosh:

আলাদা গবেষণার ব্যবস্থা করা হয়নি। তবে আমাদের একজন কয়্যার স্পেশালিস্ট ডিরেক্টরেটে আছেন এই সম্বন্ধে উপদেশ দেওয়ার জন্য।

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন না যে একটা নতুন শিল্প আমাদের পশ্চিমবঙ্গে চালু করতে গেলে গবেষণার প্রয়োজন আছে?

Shri Tarun Kanti Ghosh:
মাননীয় সদস্য যে কথা বললেন তার মধ্যে যুক্তি নিশ্চয়ই আছে।

Zilla Parishads

***210.** (Admitted question No. *886.) **Shri Ananga Mohan Das:**
স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রত্যেক জেলা পরিষদের কাজ আরম্ভ হইয়াছে কি না;

(খ) প্রত্যেক জেলা পরিষদকে সরকার ভূমিরাজস্বের কত অংশ প্রদান করিয়া থাকেন; এবং

(গ) মোটরগাড়ির উপর আদায়ী ট্যাক্সের কত অংশ জেলা পরিষদগুলিতে দেওয়া হইবে?

Shri Sowrindra Mohan Misra:

(ক) মুর্শিদাবাদ জেলা পরিষদ ব্যতীত অন্যান্য সকল জেলা পরিষদের কাজ আরম্ভ হইয়াছে।

(খ) শতকরা ৫ ভাগ।

(গ) মোটর গাড়ীর উপর আদায়ী ট্যাক্সের কোন অংশ জেলা পরিষদগুলিকে দেওয়া হয়না এবং এ সম্বন্ধে বর্তমানে কোন প্রস্তাব নাই।

Shri Ananga Mohan Das:
আপনি যে বলেছেন প্রত্যেক জেলাবোর্ডকে ভূমিরাজস্বের খাতে পাঁচ ভাগ টাকা দেওয়া হয়—, তা তো অত্যন্ত কম, তার পরিমাণ অন্ততঃ দশ ভাগ করবার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

Shri Sowrindra Mohan Misra:
না, অন্য কোন পরিকল্পনা নাই।

Shri Ananga Mohan Das:
আপনি বলেছেন মোটর গাড়ির আদায়ী ট্যাক্স জেলাবোর্ডকে আর দেওয়ার পরিকল্পনা নাই—, অথচ মোটর গাড়ি চললে রাস্তাঘাট খুব খারাপ হয়। অতএব জেলাবোর্ডের অধীনে যে সমস্ত রাস্তাঘাট আছে, তা মোটর গাড়ি চলার দরুণ খারাপ হয়ে যায়। একটা জেলায় যে পরিমাণ রোড ট্যাক্স আছে, অন্য জেলা তা পাচ্ছে না। এই রোড ট্যাক্সটা প্রত্যেক জেলাকে হারাহারি মত দেবেন কি?

Shri Sowrindra Mohan Misra:
তেমন কোন পরিকল্পনা নাই। সরকার তো প্রত্যেক জেলায় রাস্তা করছেন।

Shri Ananga Mohan Das:
তা মানলাম—গভর্ণমেণ্ট যা করছেন তার চেয়ে বেশী পরিমাণ রাস্তা জেলা পরিষদের হাতে থাকবে। তার উপর মোটর গাড়ি চলার জন্য ট্যাক্স আদায় হচ্ছে, রাস্তা ড্যামেজ হচ্ছে। কিন্তু ঐ রাস্তা মেরামত করবার জন্য জেলা পরিষদের যে ফাণ্ড, তাতে কুলিয়ে ওঠেনা। কাজেই মোটর ট্যাক্সের কোন অংশ আপনি দেবেন কি না?

Shri Sowrindra Mohan Misra:

মোটর গাড়ির ট্যাক্স দেওয়া হবেনা, তবে অন্যভাবে দেওয়া হবে।

Shri Bhadra Bahadur Hamal:

আমাদের দার্জিলিং জেলায় যে ডি আই ফান্ড আছে, তা থেকে জেলা পরিষদকে টাকা দেওয়া হয় কি?

Shri Sowrindra Mohan Misra:

আপনি জেলা পরিষদ এ্যাক্ট যদি পড়েন, তাহলে দেখবেন ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড-এর যেটা ফান্ড আছে, সেটা আলাদাভাবে থাকে। আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারছিনা।

Shri Bhadra Bahadur Hamal:

যেমন দার্জিলিং জেলায় ডি আই ফান্ড আছে, ডি আই ফান্ড থেকে জেলা পরিষদকে টাকা দেওয়া হয় এবং তারজন্য পঞ্চায়েৎ কিছু করতে পারছে না, পঞ্চায়েৎ কিছু পায়না। সেই ডি আই ফান্ড থেকে পঞ্চায়েতকে টাকা দেওয়া হয় কি?

Shri Sowrindra Mohan Misra:

এই ডি আই ফান্ড-এর টাকার কথা এই প্রশ্ন থেকে আসেনা। আপনি তারজন্য নোটীশ দিলে বিশদ বিবরণ দিতে পারবো।

Shri Bhadra Bahadur Hamal:

ডি আই ফান্ড দার্জিলিং জেলায় আছে কি? এ খবর আপনি জানেন কি?

Shri Sowrindra Mohan Misra:

পঞ্চায়েতের সংগে তার কোন সম্পর্ক নাই।

Shri Bhadra Bahadur Hamal:

আমাদের ওখানে ডিফিকাল্টি হচ্ছে—এই ডিষ্ট্রিক্ট ইমপ্রুভমেন্ট ফান্ড-এর জন্য পঞ্চায়েৎ কিছু করতে পারছে না। আর মন্ত্রিমহাশয় বলছেন—কিছু আমি জানিনা। তাহলে ব্যাপারটা কী স্যার?

(No reply)

Shri Sanat Kumar Raha:

এই যে মন্ত্রিমহাশয় বললেন—ভূমি রাজস্বের শতকরা পাঁচ ভাগ জেলা পরিষদের হাতে দেওয়া হবে। আমার প্রশ্ন হচ্ছে এটা কি সারা পশ্চিমবঙ্গের মোট ভূমি রাজস্বের পাঁচ ভাগ, না, সেই জেলার ভূমি রাজস্বের শতকরা পাঁচ ভাগ?

Shri Sowrindra Mohan Misra:

সংশ্লিষ্ট জেলার ভূমি রাজস্বের শতকরা পাঁচ ভাগ দেওয়া হবে জেলা পরিষদকে। মোট ১৬টা জেলার ভূমি রাজস্বের পাঁচ ভাগ প্রত্যেক জেলা পাচ্ছে।

Shri Sanat Kumar Raha:

যে জেলা অধিক পশ্চাদপদ ও ক্ষুদ্র, তার উন্নতি বিধানের জন্য সরকার পৃথকভাবে আর কোন টাকা দিচ্ছেন কি না জেলা পরিষদের হাতে?

Shri Sowrindra Mohan Misra:

জেলা পরিষদের হাতে উন্নয়ন কাজের জন্য আরো কিছু অর্থ বরাদ্দ করা দরকার, সেটা চিন্তা করা হচ্ছে। হয়ত আগামী বৎসর এ সম্পর্কে কার্য্যকরীরূপ দেওয়া যাবে।

Shri Sanat Kumar Raha:

মুর্শিদাবাদে এখনো জেলা পরিষদের কাজ চালু হয় নাই কেন?

Shri Sowrindra Mohan Misra:

নির্বাচনের জন্য একটু বিলম্ব হচ্ছে, অন্যান্য নানা কারণও আছে। শুনছি ২৮শে তারিখে জেলা পরিষদের চেয়ারম্যানের নির্বাচন হবে।

Shri Jiban Krishna Dey:

আর টি এ মেম্বার জেলা পরিষদের চেয়ারম্যান হবে—এরকম কোন নির্দেশ দেওয়া হয়েছে কী?

Shri Sowrindra Mohan Misra:

না।

Shri Sambhu Gopal Das:

মন্ত্রিমহাশয় বললেন যে শীঘ্র মুর্শিদাবাদ জেলা পরিষদের কাজ আরম্ভ হবে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে—ভরতপুর দু নম্বর ব্লকে টেঁয়াবৈদ্যপুর, সেখানে তাদের অঞ্চল নাই এবং অঞ্চলও চালু হয় নাই। তাঁরা কি জেলা পরিষদের মধ্যে থাকবে না? এই অঞ্চল চালু হওয়া সম্বন্ধে কিছু বলবেন কী?

[1-40—1-50 p.m.]

Shri Sowrindra Mohan Misra:

প্রশ্ন হচ্ছে জেলা পরিষদের কাজ আরম্ভ হয়েছে কিনা? কিন্তু আমার কথা হচ্ছে কোনখানে, কোন অঞ্চলে বা কোন ইউনিয়ন বোর্ডে কাজ আরম্ভ হয়নি সেটা আমি কি করে বলব?

Shri Sambhu Gopal Das:

অঞ্চল পরিষদের সঙ্গে জেলা পরিষদের যে ঘনিষ্ট যোগাযোগ আছে সেটা মন্ত্রিমহাশয়কে বলতে হবেনা। আমার প্রশ্ন হচ্ছে যেখানে অঞ্চল পরিষদ চালু হয়নি সেখানে আগামী ৫ বছরের মধ্যে জেলা পরিষদ ফাংসন করতে পারবেনা কাজেই এবিষয়ে আলোকপাত করুন।

Shri Sowrindra Mohan Misra:

এ সম্বন্ধে নির্দিষ্ট প্রশ্ন না দিলে আমি বলতে পারবনা।

Shri Jiban Krishna Dey:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, জেলা পরিষদে একজন যে এক্সিকিউটিভ অফিসার থাকবেন তিনি এ্যাপয়েন্টেড হয়ে কাজ আরম্ভ করেছেন কিনা?

Shri Sowrindra Mohan Misra:

এই প্রশ্ন থেকে আমি কি করে বলব যে জেলা পরিষদের এক্সিকিউটিভ অফিসার জয়েন করেছেন কি না। যেখানে যেখানে জেলা পরিষদ হয়েছে সেখানে এক্সিকিউটিভ অফিসার দেওয়া হয়েছে—তবে কে কোথায় জয়েন করেছেন কিনা সেটা আমি বলতে পারবনা।

Shri Jiban Krishna Dey:

মন্ত্রিমহাশয় কি জানেন যে, সেইসব এক্সিকিউটিভ অফিসাররা কাজে যোগদান করেননি বলে অনেক জেলা পরিষদে কাজের অসুবিধা হচ্ছে?

Shri Sowrindra Mohan Misra:

এই প্রশ্ন থেকে এটা ওঠেনা।

Shri Aswini Roy:

জেলা পরিষদ ডিসেম্বর মাসে গঠিত হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে জেলা পরিষদ ১৯৬৫-৬৬ সালের যে বাজেট তৈরী করবেন সেটা কি ভিত্তিতে হবে সে সম্পর্কে কোন নির্দেশ দপ্তর থেকে দেওয়া হয়েছে কি না?

Shri Sowrindra Mohan Misra:

তাঁদের বাজেট সম্বন্ধে যে কথা বলছেন সে সম্বন্ধে আমি এখন কিছু বলতে পারবনা।

Shri Gopal Banerjee:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলা বোর্ডের কাজ বন্ধ আছে কিনা?

Shri Sowrindra Mohan Misra:

আমি জানি দৈনন্দিন কাজ চলছে।

Consumers' Co-operative Societies in the Calcutta Corporation area

***211.** (Admitted question No. *1246.) **Shri Nikhil Das:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা কর্পোরেশন এলাকায় কয়টি কনজিউমার্স সমবায় গঠিত হইয়াছে এবং এই সমবায়গুলির সদস্যসংখ্যা কত?

Shri Tenzing Wangdi: (a) 323—1 wholesale Consumer Co-operative Society and 322 Primary Consumers' Co-operative Societies.

(b) Number of members of the Wholesale Society is 683 and the number of members of the Primary Societies is 64,400.

Shri Aswini Roy:

মন্ত্রিমহাশয় কোলকাতা শহরের সমবায়ের কথা যা বললেন তাতে দেখছি কোলকাতায় ৩০ লক্ষ লোক বাস করে এবং তার মধ্যে ৩২৩টি কনজিউমার কো-অপারেটিভ সোসাইটি আছে এবং ৬৪ হাজারের বেশী মেম্বার নেই। তাহলে দেখা যাচ্ছে এখনও বহু সংখ্যক লোক কনজিউমার কো-অপারেটিভ সোসাইটিতে অংশ গ্রহণ করেনি। আমার প্রশ্ন হচ্ছে আরও কো-অপারেটিভ গড়বার জন্য আবেদন করলে সেগুলি মঞ্জুর করা হবে কি না?

Shri Tarun Kanti Ghosh:

আমরা একটা চেষ্টা করছি যেটা ভারত সরকারের সঙ্গে কথা বলে ঠিক হয়েছে। আমরা যদি খুব ছোট ছোট এক গাদা কো-অপারেটিভ করে দেই তাহলে পরে সেগুলো চালু নাও থাকতে পারে এবং সেইজন্য আমরা চেষ্টা করছি একটা এলাকায় একটা কো-অপারেটিভ করে ডোর সুড বি কেপ্ট ওপেন। অর্থাৎ যতটা সম্ভব ব্রডবেস্ড করতে পারি সেই চেষ্টা করছি—ইন্সটেড অব ক্রিয়েটিং নিউ সোসাইটিস।

Shri Aswini Roy:

প্রতাপবাবু যেখান থেকে নির্বাচিত হয়েছেন সেই ৪৭ নম্বর পল্লীতে যে কো-অপারেটিভ আছে তাতে অল্প সংখ্যক লোক যোগ দিয়েছে এবং সেখানে আর একটা কো-অপারেটিভ গড়বার জন্য যে আবেদন করা হয়েছিল সেটা অগ্রাহ্য করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে বর্তমান কো-অপারেটিভে নূতন সদস্যদের যোগ দেবার ব্যাপারে বাধা আসছে, রিফিউজাল আসছে এরকম ধরনের কোন কমপ্লেন আছে কি না?

Shri Tarun Kanti Ghosh:

এরকম ধরনের প্রশ্নের উত্তর সম্ভব নয় আনলেস হি গিভস মি নোটীশ।

Shri Gopal Banerjee:

এই যে ৩২৩টি কনজিউমার কো-অপারেটিভ চালু হয়েছে তার মধ্যে কয়টা সোসাইটি ব্যবসা করছে এবং এই সময়ের মধ্যে কত টাকার ব্যবসা করেছে সেই তথ্য মন্ত্রিমহাশয় দিতে পারেন কি?

Shri Tarun Kanti Ghosh:

সারা বাংলাদেশ-এর কথা বলতে পারি—কোলকাতার আলাদা ফিগার দেয়নি।

Shri Gopal Banerjee:

সারা বাংলাদেশের কথা একটু বলুন শুনি।

(নো রিপ্লাই)

Shri Sanat Kumar Raha:

যে সব কো-অপারেটিভ ফাংশন করছে সেখানে গভর্নমেন্ট থেকে আর্টিকিলস্ নিয়মিত সরবরাহ হচ্ছে কি না?

Shri Tarun Kanti Ghosh:

যা যা পাচ্ছে সবগুলি সরবরাহ করছে।

Shri Sanat Kumar Raha:

প্রয়োজনের ভিত্তিতে সমস্ত জিনিষ দেওয়া সম্ভব কি না?

Shri Tarun Kanti Ghosh:

কোনরকম কমপ্লেন পাইনি।

Dr. Pratap Chandra Chunder:

এই রকম কতগুলি সোসাইটি রেশন দোকানে পরিণত হয়েছে?

Shri Tarun Kanti Ghosh:

১০০টিকে লাইসেন্স দেওয়া হয়েছে যেগুলি ফাংশন করছে তাদের।

Shri Gopal Banerjee:

সারা বাংলাদেশের ফিগার দেবেন কি না?

Shri Tarun Kanti Ghosh:

যদি পাই দেব পরে।

Shri Jiban Krishna Dey:
এই সদস্যদের মনোনয়নকালে পলিটিক্যাল ওপিনিয়ন কোন বার হয় কিনা মন্ত্রীমহাশয় জানেন কি?

Shri Tarun Kanti Ghosh:
নিশ্চয়ই নয়।

Shri Abhoy Pada Saha:
১০০টিকে লাইসেন্স দেওয়া হয়েছে রেশন দোকানের, বাকীগুলিকে রেশন দোকানের লাইসেন্স দেওয়ার কোন পরিকল্পনা আছে কি না?

Shri Tarun Kanti Ghosh:
আমাদের খাদ্যবিভাগের সংগে কথা হয়েছে যে কো-অপারেটিভ রেশন দোকান-এর জিনিষ বিক্রী করতে চাইবে তাদের লাইসেন্স দেওয়া হবে।

Shri Jiban Krishna Dey:
কি কি জিনিষ কো-অপারেটিভকে সরবরাহ করছেন?

Shri Tarun Kanti Ghosh:
সব মানুষের যা দরকার হয় তাই দেওয়া হচ্ছে।

Shri Gopal Banerjee:
এক একটা রেশন সপে কত ইউনিট করে দেওয়া হয়েছে?

Shri Tarun Kanti Ghosh:
আমি বললাম ১০০ কো-অপারেটিভকে লাইসেন্স দেওয়া হয়েছে, তাদের যত মেম্বার হবে তারা সেখান থেকে রেশন নিতে পারে।

Loan to Small-Scale Industries

***212.** (Admitted question No. *1247.) **Shri Nikhil Das:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে কয়টি ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান ঋণের জন্য আবেদন করিয়াছিল ও তাহার মধ্যে কয়টি প্রতিষ্ঠানকে ঋণ দেওয়া হইয়াছে ; এবং

(খ) ১৯৬৪ সালে কয়টি ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানকে ঋণ দেওয়া হইয়াছে এবং ঋণের পরিমাণ কত?

Shri Tarun Kanti Ghosh:
(ক) ও (খ) প্রয়োজনীয় তথ্যাদি সমস্ত অফিসগুলি হইতে সংগ্রহ করা হইতেছে যথাসময়ে পেশ করা হইবে।

Shri Nani Bhattacharjee:
এই প্রশ্নের উত্তর কবে পাব বলুন।

Shri Tarun Kanti Ghosh:

যদি প্রশ্নটা দেখেন তাহলে দেখবেন প্রশ্ন হচ্ছে—(ক) ১৯৬৪ সালে কয়টি ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান ঋণের জন্য আবেদন করিয়াছিল ও তাহার মধ্যে কয়টি প্রতিষ্ঠানকে ঋণ দেওয়া হইয়াছে, এবং (খ) ১৯৬৪ সালে কয়টি ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানকে ঋণ দেওয়া হইয়াছে এবং ঋণের পরিমাণ কত? সমস্ত বাংলাদেশে আমরা ঋণ দেই এই ঋণ দেবার একটা বিধি আছে বি ডি ও থেকে আরম্ভ করে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এখানকার হেড অফিস, ডিরেক্টরেট সমস্ত জায়গা থেকে এটা করে, সেজন্য ইট টেকস্ টাইম, খোঁজ নিতে বলা হয়েছে, ডিপার্টমেন্ট পেলেই বলবো।

Shri Nani Bhattacharjee:

তাহলে নেক্সট রোটেশন ডে-তে এটা হতে পারে কিনা, একটা আইডিয়া দিন।

Shri Tarun Kanti Ghosh:

জেনে বলতে পারি।

1-50—2 p.m.]

Shri Sanat Kumar Raha:

আমি জিজ্ঞাসা করছি ক্ষুদ্র শিল্প বলতে কি ক্যাটিগোরির বুঝছেন অর্থাৎ কত টাকার পুঁজি এবং কোন ধরণের শিল্প হলে ক্ষুদ্র শিল্প হয়?

Shri Tarun Kanti Ghosh:

৫ লাখ টাকা মূলধনের উপর হলে সেটা স্মল স্কেল ইন্ডাস্ট্রির মধ্যে পড়ে না।

Shri Sambhu Gopal Das:

রুরাল এলাকায় ব্লক মারফৎ ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠান থেকে যে লোন দেওয়া হয় তাতে ব্লকগুলির সর্বোচ্চ লোন দেবার ক্ষমতা কত?

Shri Tarun Kanti Ghosh:

৪০০ টাকা।

Shri Nani Bhattacharjee:

এ কোশ্চেনটা কি হল একটু বলুন?

Shri Tarun Kanti Ghosh:

এটা অফিস থেকে খোঁজ নিয়ে কাল পরশু দেবো।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the Table)

Deep tube-wells in Jhargram subdivision, Midnapore

280. (Admitted question No. 214.) **Shri Surendra Nath Mahato:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় এ পর্যন্ত কোন্ থানায় কয়টি এবং কোথায় গভীর নলকূপ খনন করা হইয়াছে;

(খ) কোন্ নলকূপের দ্বারা কত পরিমাণ জমিতে জল সেচের কার্য হইতেছে;

(গ) এই মহকুমায় আরও গভীর নলকূপ খননের সরকারের কোন পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে (১) কোন্ থানায় কোথায় হইবে এবং (২) তাহাদের নির্মাণ-কার্য কতদিনে আরম্ভ হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় এ পর্যন্ত পাঁচটি স্থানে গভীর নলকূপ বসান হইয়াছে—(১) হাড়দা, থানা বিনপুর; (২) দক্ষিণশাল, থানা ঝাড়গ্রাম; (৩) চুনপারা, থানা সাঁকরাইল; (৪) প্রতাপপুর, থানা সাঁকরাইল; এবং (৫) মরুইশাল, থানা সাঁকরাইল।

(খ) গড়ে প্রতিটি নলকূপ বর্তমানে ৫০ একর জমিতে জল সরবরাহ করিতেছে। নলকূপ-গুলির পাইপ লাইন বসানো কার্য শেষ হওয়ার পরে গড়ে প্রত্যেকটির দ্বারা প্রায় ২০০ একর জমিতে জল দেওয়া যাইবে।

(গ) আছে।

(ঘ) জেলা স্থান নির্বাচন কমিটি এ পর্যন্ত গভীর নলকূপ বসানোর জন্য (১) ঝাড়গ্রাম থানা, চামদা মৌজা; (২) বিনপুর থানা, মৌজা হাড়দা, সিজ্গপুর ধেড়াহারী, বড়ঝাড়িয়া-মুড়া, লক্ষ্মীসাগর; (৩) সাঁকরাইল থানা, নাইকানশোল, ইটামারো এবং পাথরা মৌজা।

নলকূপগুলির বসানোর কাজ আগামী আর্থিক ১৯৬৫-৬৬ বৎসরে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

Harijan employees of the Berhampore Municipality

281. (Admitted question No. 269.) **Shri Sanat Kumar Raha:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌর সভার হরিজন শ্রমিকদিগকে প্রভিডেন্ট ফান্ডে সুযোগ দেওয়া হয় কি না;

(খ) এই পৌর সংস্থার শ্রমিকদের ঘর ভাড়া আদায়ের জন্য নির্দিষ্ট কোন মান বা ভিত্তি আছে কি না;

(গ) পৌর সংস্থা কত জন শ্রমিককে পাকা ঘর দিতেছে এবং এই ঘরের ভাড়া কিরূপ; এবং

(ঘ) কত জনকে কাঁচা ঘরে আশ্রয় দিয়াছে ও তাহার ভাড়া কিরূপ?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) না।

(খ), (গ) ও (ঘ) এই পৌর সংস্থার শ্রমিকদের নিকট হইতে কোনও ঘর ভাড়া আদায় করা হয় না। তবে, পৌরসংস্থা কর্তৃক যে সমস্ত শ্রমিকদের ঘর দেওয়া হয় তাহাদের ন্যূনতম বেতন আইন অনুযায়ী নির্দিষ্ট ৫ টাকা হারে ঘর ভাড়া ভাতা দেওয়া হয় না।

এই পৌরসংস্থা ১১০ জন শ্রমিককে পাকা ঘর এবং ৪১ জনকে কাঁচা ঘরে আশ্রয় দিয়াছে

Nayagram Block, Midnapore

282. (Admitted question No. 474.) **Shri Surendra Nath Mahato:**

ষ ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকের সরকারের অস্থায়ী অফিসের কার্য কোথায় পরিচালনা হইতেছে;

(খ) নয়াগ্রাম ব্লকের স্থায়ী অফিসের স্থান সরকার কোথায় ঠিক করিয়াছেন; এবং

(গ) নয়াগ্রাম ব্লকের অন্তর্গত বালিগেত্যা গ্রামটি ব্লকের মধ্যস্থলে অবস্থিত কি না?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বালিগেড়িয়াতে।

(খ) স্থায়ী অফিসের স্থান এখনও নির্বাচিত হয় নাই।

(গ) বালিগেড়িয়া (বালিগেত্যা নহে) গ্রামটি ঠিক মধ্যস্থলে অবস্থিত নহে।

Secret Samity, "Defence of Islam", in Nadia District

283. (Admitted question No. 632.) **Shri Kashi Kanta Maitra:**

রাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলায় পাক সীমান্ত এলাকার সংলগ্ন করিমপুর চাপড়া তেহট্টা থানার কয়েকটি অঞ্চলে "ডিফেন্স অব ইসলাম" এই নামে একটি গোপন সমিতি (সিক্রেট সমিতি) কিছুকাল যাবৎ পাক অনুকূলে প্রচার কাজ করে আসছে; এবং

(খ) সত্য হইলে এ সম্বন্ধে (১) জেলা পুলিশ কর্তৃপক্ষ কবে প্রথম এই সংবাদ পান; এবং (২) এই ধরনের গোপন সমিতির বে-আইনী রাষ্ট্রবিরোধী কাজ বন্ধ করার জন্য জেলা পুলিশ কর্তৃপক্ষ কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

The Minister for Home (Police):

(ক) স্থানীয় মুসলমানগণ যাহাতে সাম্প্রদায়িক দাঙ্গার সময় আত্মরক্ষা করিতে পারে সেই দেশ্যে মুসলমান যুবকদের লাঠি চালনা শিক্ষা দেওয়ার জন্য গত ১৯৬৪ সালের জানুয়ারি সের গোলযোগের পরেই নদীয়া জেলার করিমপুর ও তেহট্টা থানার অন্তর্গত কানাইপুর ও গী ইউনিয়ন এলাকার কিছু স্থানীয় মুসলমান "ডিফেন্স অব ইসলাম" নামক একটি সংগঠন রিয়াছিল। উক্ত সমিতির পাকিস্তানের অনুকূলে প্রচার কার্যের সংবাদ পাওয়া যায় নাই।

(খ) (১) ১৯৬৪ সালের জানুয়ারি মাসে সমিতি গঠিত হওয়ার সংবাদ পাওয়া যায়। ২) এই সমিতির কার্যকলাপের উপর যথোপযুক্ত দৃষ্টি রাখা হইয়াছে।

Nurses in Midnapore Sadar Hospital

284. (Admitted question No. 684.) **Shri Subodh Choudhury:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর সদর হাসপাতালের কতগুলি শিক্ষিতা (ট্রেইন্ড) ও কতগুলি শিক্ষার্থী (নন-ট্রেইন্ড) নার্স আছে;

(খ) ইহাদের দৈনিক এক সাথে কয় ঘন্টা ডিউটি দিতে হয়; এবং

(গ) রাত্রে কতজন রুগীর জন্য একজন করিয়া নার্স দেওয়া হয়? এবং তাহাদের মধ্যে কতজন শিক্ষিতা বা শিক্ষার্থিনী নার্স থাকে?

The Minister for Health:

(ক) শিক্ষণপ্রাপ্তা নার্স ২১, শিক্ষার্থী নার্স ৫২, শিক্ষণপ্রাপ্তা নহেন এরূপ নার্স ১৪।

(খ) শিক্ষণপ্রাপ্তা নার্স ও শিক্ষণপ্রাপ্তা নহেন এরূপ নার্স গড়ে দিবসে সাড়ে আট ঘণ্টা অথবা রাত্রে এগার ঘণ্টা ; এবং শিক্ষার্থী নার্স গড়ে দিবসে ছয় ঘণ্টা অথবা রাত্রে এগার ঘণ্টা।

(গ) রাত্রে গড়ে প্রায় ২২ জন রুগীর জন্য একজন করিয়া নার্স থাকেন। এবং রাত্রে কর্মরতা নার্স সংখ্যা—শিক্ষণপ্রাপ্তা নার্স ১, শিক্ষার্থী নার্স ১১, এবং শিক্ষণপ্রাপ্তা নহেন এরূপ নার্স ২।

ইহা ছাড়া প্রয়োজন হইলে অতিরিক্ত নার্সদেরও উপস্থিত হইতে হয় শিক্ষণপ্রাপ্তা নার্স ১, শিক্ষার্থী নার্স ১।

Payment of wages to Prisoners

285. (Admitted question No. 762.) **Shri Jaleswar Hansda:** স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সমস্ত জেলে কি জেল সংস্কার কয়েদীদের মাহিনা চালু করা হইয়াছে;

(খ) উত্তর "না" হইলে কোন্ কোন্ জেলে হয় নাই, এবং তাঁহার কারণই বা কি; এবং

(গ) কতদিনের মধ্যে এই সংস্কার চালু করা হইবে?

The Minister for Home (Jails):

(ক) পশ্চিমবঙ্গে পাঁচটি কেন্দ্রীয় কারায় কয়েদীদের মাহিনা (ওয়েজেস) দেওয়ার প্রথা চালু করা হইয়াছে।

(খ) জেলা কারা, বিশেষ কারা এবং অবর কারাগুলিতে কয়েদীদের মাহিনা (ওয়েজেস) দেওয়ার প্রথা এখনও চালু হয় নাই, কেন্দ্রীয় কারায় প্রবর্তিত প্রথার সাফল্য পরীক্ষিত হইলে এই ব্যবস্থা অন্যান্য কারাগুলিতেও সম্প্রসারিত করার বিষয় বিবেচনা করা হইবে।

(গ) কতদিনের মধ্যে অবশিষ্ট কারায় উক্ত সংস্কার চালু করা হইবে তাহা সঠিকভাবে বলা যায়না।

Debattar Property

286. (Admitted question No. 809.) **Shri Birendra Narayan Roy:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসর কোন বৎসর মোট কয়টি দেবত্তর সম্পত্তিকে সরকার স্বীকার করিয়াছেন;

(খ) তাহার বার্ষিক অ্যান্যুয়িটির পরিমাণ কত ; এবং

(গ) বর্তমানে কয়টি দেবত্তর সম্বন্ধিয় কেস সরকারের (১) বিবেচনাধীন এবং (২) কোর্টের বিচারাধীন আছে?

The Minister for Land and Land Revenue:

(ক) বৎসর অনুসারে স্বীকৃত দেবত্তর সম্পত্তির সংখ্যা যথাক্রমে—১৯৬২ সনে ৩০৪টি ; ১৯৬৩ সনে ২৭৮টি; এবং ১৯৬৪ সনে ২০৯টি।

(খ) বার্ষিক অ্যান্যুয়িটির পরিমাণ যথাক্রমে—১৯৬২ সনে ২,৭১,৬৫৪·৪৬ টাকা; ১৯৬৩ সনে ৪,২৫,৩৬৮·২৩ টাকা ; এবং ১৯৬৪ সনে ৫৫,০৫,১৭৬·২৩ টাকা।

(গ) সরকারের বিবেচনাধীন ১,৯৯১টি কেস এবং কোর্টের বিচারাধীন ২৯টি কেস আছে।

Construction of Hospitals in West Bengal

287. (Admitted question No. 823.) **Shri BIRENDRA NARAYAN RAY:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গের জেলাওয়াড়ী কয়টি হাসপাতালের নির্মাণকার্য (১) সুরু হইয়াছে, (২) সারা হইয়াছে, এবং (৩) হাসপাতাল চালু হইয়াছে; এবং

(খ) বর্তমান বৎসর কোথায় কোথায় হাসপাতাল স্থাপন করিবার পরিকল্পনা সরকারের আছে?

The Minister for Health:

(ক) একটি তালিকা টেবিলে সন্নিবেশিত করা হইল।

(খ) ১৯৬৫ সালে লালবাগ, রাণাঘাট, নবদ্বীপ এবং ডায়মণ্ডহারবারে নূতন হাসপাতালের নির্মাণকার্য আরম্ভ করিবার সম্ভাবনা আছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 287.

জেলা	হাসপাতালের নির্মাণ কার্য সুরু হইয়াছে			হাসপাতালের নির্মাণ কার্য সারা হইয়াছে			হাসপাতাল চালু হইয়াছে		
	১৯৬২	১৯৬৩	১৯৬৪	১৯৬২	১৯৬৩	১৯৬৪	১৯৬২	১৯৬৩	১৯৬৪
মদিনীপুর	..	১	..	২	..	..	২	..	..
ীরভূম	..	..	..	১	..	..	১	..	..
লপাইগুড়ি	..	..	..	১	..	..	১	..	..
৪-পরগণা	..	..	..	..	২	..	..	২	..
গলী	..	..	..	..	১	..	..	১	..
র্ধমান	..	..	..	..	..	২	..	..	১
াওড়া	..	..	..	..	..	১	..	..	১
াঁকুড়া	..	..	..	..	..	১	..	..	১
দীয়া	..	..	..	..	..	১	..	..	..

Incidence of Cholera in Block I of Contai police-station

288. (Admitted question No. 845.) **Shri Sudhir Chandra Das:**

স্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার ১নং ব্লক এলাকার মধ্যে গত নবেম্বর, ডিসেম্বর ও জানুয়ারী মাসে কলেরার আক্রমণে কোন্ কোন্ গ্রামে কয়জনের মৃত্যু হইয়াছে, এবং কতজন ঐ রোগে আক্রান্ত হইয়াছিল;

(খ) ঐ এলাকায় বসন্ত রোগে ঐ তিন মাসে আক্রমণের সংখ্যা ও মৃত্যুর সংখ্যা কি; এবং

(গ) ঐ সংক্রামক ব্যাধি প্রতিরোধের জন্য কোন্ কোন্ গ্রামে নলকূপ বসাইবার পরিকল্পনা গৃহীত হইয়াছে?

The Minister for Health:

(ক) সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(খ) ঐ তিন মাসে ঐ এলাকায় বসন্ত রোগের আক্রমণের কোন সংবাদ পাওয়া যায় নাই।

(গ) আর ডবলিউ এস প্রোগ্রাম-এর অধীনে প্রতি ৪০০ লোকে একটি এবং অন্ততপক্ষে প্রতি গ্রামে একটি জল-উৎস স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী যে সব স্থানে কলেরা প্রভৃতি সংক্রামক রোগ দেখা যায় সেই সব স্থানকে অগ্রাধিকার দেওয়ার জন্য স্থানীয় কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 288

Statement showing the attacks and deaths from Cholera in Contai Block No. I during period from November, 1964 to January, 1965.

Name of the affected village	Cholera — Attack	Cholera — Death
(1) Silampu	3	1
(2) Bakispu	1	1
(3) Rangmalapur	1	1
(4 Chunfuli	1	..
5) Nayapur	3	1
(6) Durgapur	8	1
(7) Dakshin Danki	1	1
(8) Akandi	5	2
(9) Samaraibar	6	4
(10) Haripur	4	1
(11) Patharghata	2	1
(12) Samudrapur	2	1
Total	37	15

Rape seeds

289. (Admitted question No. 861.) **Dr. Golam Yazdani:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state if it is a fact that rape seeds have been imported from abroad as substitute for mustard oil seeds?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) when this has been imported and how much and what country;

(ii) whether the Government have chemically analysed the oil crushed from such seeds;

(iii) whether any injurious ingredient were found after analysis which cause various kinds of ailments.

(iv) if so, what steps have the Government taken to remedy this; and

(v) whether oil crushed from such seeds is used for human consumption in the country from which these have been purchased?

The Minister for Food and Supplies: (a) and (b) (ii) Yes.

(b) (i) Imported by the end of December, 1964, from Canada.

(iii) No.

(iv) Does not arise.

(v) Not known.

Tube-wells in Midnapore district

290. (Admitted question No. 879.) **Shri Ananga Mohan Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বৎসর, অর্থাৎ ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলায় কতগুলি নলকূপ মঞ্জুর ছিল এবং তন্মধ্যে কতগুলির কাজ আরম্ভ বা শেষ হইয়াছে ;

(খ) বাকী নলকূপগুলির কাজ আরম্ভের জন্য আদেশ দেওয়া হইয়াছে কি; এবং

(গ) আদেশ দেওয়া না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

The Minister for Health:

(ক) ১৯৬৩-৬৪ সালের রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে মেদিনীপুর জেলায় মোট ৩৬০টি নলকূপ (১৪৪টি নূতন খনন ও ২১৬টি পুনর্খনন) মঞ্জুর করা হইয়াছিল। তন্মধ্যে ২২৯টির কাজ (৯৯টি নূতন খনন ও ১৩০টি পুনর্খনন)) সম্পূর্ণ হইয়াছে এবং ১২টি (৭টি নূতন খনন ও ৫টি পুনর্খনন)-এর কাজ চলিতেছে।

(খ) ও (গ) বাকী ১১৯টির মধ্যে ১০৭টির কাজ আরম্ভের আদেশ দেওয়া হইয়াছে। অবশিষ্ট ১২টির মধ্যে ৮টির এখন পর্যন্ত স্থান নির্বাচিত হয় নাই এবং ৪টির কাজ আরম্ভের আদেশ ঠিকাদারদের গণ্ডগোলের জন্য দেওয়া যায় নাই।

Election of Ranaghat Municipality, Nadia

291. (Admitted question No. 893.) **Shri Gour Chandra Kundu:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নদীয়া জেলার রানাঘাট মিউনিসিপ্যালিটির নির্বাচন পুনরায় কবে অনুষ্ঠিত হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

নির্বাচনের তারিখ এখনও ঠিক করা হয় নাই। নির্বাচন প্রস্তুতি সম্পূর্ণ হইলেই যথাসম্ভব শীঘ্রই নির্বাচন অনুষ্ঠিত হইবে।

Government Relief in Hooghly, Murshidabad and Malda districts

292. (Admitted question No. 904.) **Shri Birendra Narayan Ray:**

ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত ১৯৬৪ সালে মহকুমাওয়ারী (১) হুগলি, (২) মুর্শিদবাদ এবং (৩) মালদহ জেলায় কি কি প্রকারের এবং কত টাকার রিলিফ সরকার দিয়াছেন?

The Minister for Relief:

একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

Statement referred to in reply to unstarred question No. 292.

১৯৬৪ সালে বিভিন্ন জেলার বিভিন্ন খাতে বিতরিত রিলিফের পরিমাণ।

(আর্থিক মূল্য হিসাবে)

জেলার নাম	মহকুমার নাম		খয়রাতি সাহায্য	সহায়ক কর্ম	প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের গৃহনির্মাণ সাহায্য	অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের গৃহনির্মাণ সাহায্য	বস্ত্র ও পোষাক	কম্বল	কৃষি ঋণ	কারিগরী সাহায্য	বীজ	পশুখাদ্য
			টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
মুর্শিদাবাদ	মুর্শিদাবাদ সদর	..	৯,৪৬,৩৬৩	২০,৩৭৩	৪,১৪৫	৫,২০৯	৪৬২	২,৬৯৫	১,২১,৮৭৫	১০,৪৫০	১৮,১৫৭	..
	লালবাগ	..	১১,৬৮,০৫৪	১,৬৮,২১৬	১১,৬১০	৯,৯৬৫	১,৫৫৭	১,২৫২	১,৪০,৪০০	তথ্য পাওয়া যায় নাই	..	..
	জঙ্গীপুর	..	৪,০২,১৫৩	২৩,৪০৯	১৩,০২৫	৮,২৯০	১,৬৫৩	২,৫৭৭	৭৯,৭৭৫	,,	..	..
	কাঁদী	..	৩,৪৬,৯৯০	১,৬০,৬৬৭	২৬০	৫,৫৯০	৮৭৯	২,২৮৯	৫৯,৯৪০	..	৫,০১৮	..
হুগলী	হুগলী সদর	..	৯,৮৭,৯৫০	১,৮৮,৮০০	৬৪০	১,৮০০	৫৮৪	৭৭০	৪০,০০০	তথ্য পাওয়া যায় নাই	..	..
	চন্দননগর	..	২,৮২,৮৫০	..	২৬০	১,২৪৫	৫১৮	৯৪৫	২৪,০০০	..	..	..
	শ্রীরামপুর	..	৫,৬০,৭১০	২,০০০	৪০	৪৪০	৫৩৪	৭০০	১১,১০০	..	..	..
	আরামবাগ	..	৮,৭৭,৬৩৩	২,৩৭,১১৬	৫,২৫৫	৯,৬৭০	১,৫৪৬	৪১১	৪৫,৯০০	..	..	..
মোট	..	..	১৬,৮৯,৯৮৫	১১,১০০	২৪,৫৪২	২১,৫৯০	১৪,১৫৮	৮,৭৯৮	১,২৮,৬৩০	..	১৬,১৪৪	৯,৩৬১

Tube-wells in Midnapore district

293. (Admitted question No. 986.) **Shri Ananga Mohan Das:**
স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর (১৯৬৫) মেদিনীপুর জেলার কোন্ থানায় কতগুলি করিয়া নূতন নলকূপ স্থাপন এবং পুরাতন নলকূপ পুনঃসংস্কার (রি-সিঙ্কিং) মঞ্জুর হইয়াছে;

(খ) ময়না ও পিংলা থানার কোন্ কোন্ গ্রামে ঐগুলি মঞ্জুর হইয়াছে;

(গ) ঐগুলি কে বা কাহারা, কি ভিত্তিতে নির্বাচন করেন: এবং

(ঘ) ঐগুলির মধ্যে কতগুলির কাজ শেষ হইয়াছে এবং বাকীগুলির কাজ কবে শেষ হইবে?

The Minister for Health:

(ক), (খ) ও (গ) ১৯৬৪-৬৫ সালের রুর‍্যাল ওয়ার্টার সাপ্লাই প্রোগ্রাম-এর মাধ্যমে সমগ্র মেদিনীপুর জেলায় ৩১৭টি নলকূপ নতুন খনন ও ২১০টি নলকূপ পুনর্খনন এবং ১৫০টি কূপ খনন মঞ্জুর করা হইয়াছিল। উক্ত জল-উৎসগুলি বিভিন্ন থানায় ও গ্রামে কিভাবে ও কোন্ কোন্ স্থানে দেওয়া হইবে, তাহা স্থানীয় জেলাশাসক সংশ্লিষ্ট স্বাস্থ্য কমিটি ও ব্লক উন্নয়ন কমিটিগুলির সহিত পরামর্শক্রমে, প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি জল-উৎস স্থাপনের প্রচলিত নীতি অনুযায়ী এবং স্থানীয় প্রয়োজনের অগ্রাধিকারের ভিত্তিতে স্থির করেন। ময়না ও পিংলা সহ অধিকাংশ থানার স্থান নির্বাচনের বিবরণ জেলা শাসকের নিকট হইতে এখনও পাওয়া যায় নাই।

(ঘ) এ পর্যন্ত সমগ্র জেলায় ১৩৫টি স্থান নির্বাচিত হইয়াছে এবং ঐসব স্থানে জল-উৎস স্থাপনের কাজ আরম্ভের ব্যবস্থা করা হইতেছে। স্থান নির্বাচন হইলেই বাকিগুলির কাজ আরম্ভ করা হইবে।

G. R. and Loans given in Jorai Rampur Anchal, Tufanganj subdivision

294. (Admitted question No. 1013.) **Shri Jiban Krishna Dey:**
ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে তুফানগঞ্জ মহকুমায় জোরাই রামপুর অঞ্চলে ঝড়ে ক্ষতিগ্রস্তদের মধ্যে মোট কত টাকা খয়রাতি বিলি করা হয়; এবং

(খ) ঐ অঞ্চলের ১৬ ঘর কুমারদের ঘর প্রতি প্রাপ্ত লোন এবং গ্রান্টের পরিমাণ কত?

The Minister for Relief:

(ক) ২,৪৯২ টাকা মূল্যের ৪৯·৫ কুইন্টাল চাউল, ৪০ টাকা মূল্যের ৪০ কেজি চিড়া ও ৫ টাকা মূল্যের ৫ কেজি গুড় খয়রাতি সাহায্য হিসাবে বিতরণ করা হইয়াছে।

(খ) ক্ষতিগ্রস্ত ১৪টি কুম্ভকার পরিবারের মধ্যে ১৩টি পরিবারকে পরিবার পিছু ১৫ টাকা, ২০ টাকা ও ২৫ টাকা এই বিভিন্ন হারে গৃহনির্মাণ সাহায্য (হাউস বিল্ডিং গ্রান্ট) দেওয়া হইয়াছে। তাহাদের নিকট হইতে কোন ঋণের আবেদন পাওয়া যায় নাই।

Distribution of blanket in Tufanganj subdivision

295. (Admitted question No. 1014.) **Shri Jiban Krishna Dey:**
ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক শীতে দুঃস্থদের মধ্যে বিতরণের জন্য তুফানগঞ্জ মহকুমায় কত সংখ্যক কম্বল দেওয়া হইয়াছে: এবং

(খ) অন্দয়ান ফুলবাড়ী অঞ্চলে কতগুলি কম্বল বিলি হইয়াছিল?

The Minister for Relief:

(ক) ১২৯টি।

(খ) ২১টি।

Anduanfulbari and Balabhut Anchal, Tufanganj subdivision

296. (Admitted question No. 1015.) **Shri Jiban Krishna Dey:** ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমার অন্দয়ান ফুলবাড়ী ও বালাভূত অঞ্চলের জনসংখ্যা কত;

(খ) উপরোক্ত অঞ্চল দুইটিতে স্থায়ী জি আর কত জনকে দেওয়া হয়;

(গ) ইহা কি সত্য যে ঐ অঞ্চল দুইটিতে খয়রাতি গ্রহণকারীদের সংখ্যা শতকরা ৪০ ভাগ কম করিবার জন্য সরকার নির্দেশ দিয়েছেন; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Minister for Relief:

(ক) অন্দয়ান ফুলবাড়ী—৯,৮৭৮, বালাভূত—৬,৬২৫।

(খ) রিলিফ ম্যানুয়্যালের নিয়ম অনুযায়ী স্থায়ী জি আর-এর কোন ব্যবস্থা নাই; তবে অন্দয়ান ফুলবাড়ী অঞ্চলে ২৫০ ইউনিট ও বালাভূত অঞ্চলে ২৫৭ ইউনিট জি আর পাইয়া আসিতেছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Subsidiary Health Centre at Kalyanpur, Murshidabad

297. (Admitted question No. 1097.) **Shri Abhoy Pada Saha:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলায় বরঞা থানায় কল্যাণপুর অঞ্চলের অধিবাসীগণ সাবসিডিয়ারি হেল্থ সেন্টারের জন্য প্রয়োজনীয় জমি ও অর্থ সরকারকে দান করিয়াছেন;

(খ) সত্য হইলে কত দিন হইল উক্ত দানপত্র করা হইয়াছে;

(গ) উক্ত অঞ্চলের সরকারী স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে কোন্ বৎসর উক্ত কার্য আরম্ভের আশা করা যায়?

The Minister for Health:

(ক) কেবলমাত্র দুই একর জমি দানস্বরূপ পাওয়া গিয়াছে, কিন্তু কোন অর্থ পাওয়া যায় নাই।

(খ) ১৮ই মে, ১৯৬২ তারিখে।

(গ) ও (ঘ) বর্তমান নীতি অনুসারে, প্রতি ব্লকে ১টি প্রাথমিক এবং ২টি উপস্বাস্থ্য কেন্দ্র স্থাপন করা হয়। যেহেতু সংশ্লিষ্ট ব্লকে একটি প্রাথমিক ও তিনটি উপস্বাস্থ্যকেন্দ্র ইতিপূর্বেই চালু হইয়াছে সেহেতু বর্তমান পরিকল্পনাকালে এই ব্লকে আর কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা সম্ভব নয়।

Primary and Subsidiary Health Centres in Midnapore Block

298. (Admitted question No. 1109.) **Shri Syed Samsul Bari:** Will the [on'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if there are any proposals for the construction of Primary and Subsidiary Health Centres in Midnapore Block;

(b) if so, the number and locations of such Health Centres; and

(c) when the work will be taken up and when completed?

The Minister for Health: (a) Yes.

(b) According to the present policy one Primary and two Subsidiary ealth Centres will be set up in this block. Locations of the Centres have ot yet been settled.

(c) Cannot be definitely stated at this stage.

T. R. Scheme in Purulia District

299. (Admitted question No. 1170.) **Shri Kandru Majhi:**
াণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোন্ থানায় টি আর স্কীমে কি কি কাজ চলিতেছে; এবং

(খ) এই বিষয়ে বর্তমানে নূতন কোন পরিকল্পনা আছে কি না এবং পরিকল্পনা থাকিলে তাহা কি কি?

The Minister for Relief:

(ক) পুরুলিয়া থানা—(১) বাঁকাদহ জোড়বাঁধ, (২) পাঁড়কিডি জোড়বাঁধ, রঘুনাথপুর থানা—ভগৎবাড়ী জোড়বাঁধ; বলরামপুর থানা—সেরেংগাড়া জোড়বাঁধ, লুণ্ডা থানা—(১) লালাড়া গম পেষাই কেন্দ্র; (২) কানাড়া গোপালপুর গম পেষাই কেন্দ্র; (৩) পোড়াডি গম পষাই কেন্দ্র ; (৪) রাজ নওয়াগড় গম পেষাই কেন্দ্র ; হুড়া থানা—লুধরকা গম পেষাই কেন্দ্র।

(খ) রাস্তা নির্মাণ, পুষ্করিণী সংস্কার ইত্যাদি ব্যতিরেকে সেচের সুবিধা ও ভূমি সংরক্ষণের জন্য প্রতি থানায় প্রয়োজনবোধে জোড়বাঁধ গ্রহণের পরিকল্পনা আছে।

Block Development Officers

300. (Admitted question No. 1192.) **Shri Girija Bhusan Mukherjee:**
কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নির্দিষ্ট ব্লকগুলিতে বি ডি ও-দের কর্মকাল কত দিন; এবং

(খ) বনগ্রাম, গাইঘাটা (চব্বিশ পরগনা) ডেভেলপমেন্ট ব্লকের বি ডি ও-গণ কতদিন উক্ত ব্লকে আছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) নির্দিষ্ট ব্লকগুলিতে বি ডি ও-দের কর্মকাল সাধারণত তিন বৎসর, কোন কোন ক্ষেত্রে স্থানীয় অবস্থা অনুযায়ী এই নিয়মের ব্যতিক্রম করা হইয়া থাকে।

(খ) বনগ্রাম ও গাইঘাটা ব্লকের বি ডি ও-গণ যথাক্রমে ১৮-৯-৫৯ ও ২৯-৯-৬১ তারিখ হইতে কাজ করিতেছেন।

Fertilisers used in the thana farm of Habibpur in Malda District

301. (Admitted question No. 561.) **Shri Birendra Narayan Ray:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the amount and nature of fertiliser used per acre for each crop in the thana farm of Habibpur in Malda district for the last six years (year to year);

(b) the various kinds of pure seeds produced in the said thana farm for the said period;

(c) quality of such seeds produced per bigha in the same period;

(d) the total quantity of foundation seeds distributed to the 'A' type growers for the same period (year to year); and

(e) the names and addresses of each 'A' type grower to whom pure seeds were distributed (with quantity) for the same period (year to year)?

The Minister of State for Agriculture and Community Development:

(a), (b) and (c): A statement is placed on the library table.

(d) A statement is laid on the library table. Information in respect of the years 1958-59 and 1959-60 is not readily available.

(e) This information is not readily available.

Calling Attention to Matters of Urgent Public Importance

[1-50—2 p.m.]

Mr. Speaker: I have received six notices of calling attention on the following subjects:—

(1) illegal carriage of rice to Howrah through South Eastern Railway, from Shri Ananga Mohan Das:

(2) position of the brick-trainers under Government service in West Bengal from Shri Sanat Kumar Raha;

(3) circular railway for Calcutta from Shri Sanat Kumar Raha;

(4) strike in the factory of Hindusthan Steel Limited from Shri Birendra Narayan Ray, Shri Bijoy Kumar Banerjee, Shri Radha Krishna Singha and Shri Adhar Chandra Halder;

(5) death of a girl in an accident with an oil tanker at Ramrajatola, and

(6) non-availability of dal in the markets of Central Calcutta, from Shri Aswini Roy.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of the position of the brick-trainers under Government service in West Bengal. The Hon'ble Minister-in-charge will please make a statement today, if possible, or give a date for the same.

Shri Smarajit Bandyopadhyay: It will be made on the 2nd March.

Motion for extension of time for Presentation of the Report of the Select Committee on the Bengal Excise (Amendment) Bill, 1964.

Shri Iswar Das Jalan: I beg to move that the time for presentation of the Report of the Select Committee on the Bengal Excise (Amendment) Bill, 1964, be extended till the end of the second week of the next session.

Mr. Speaker: I take it that it is agreed to.

(The motion was agreed to.)

Supply of rice with stone

Shri Girish Mahato:

মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মারফৎ মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে বলেছিলাম যে রেশনের দোকানের চালে কাঁকর রয়েছে। তিনি আমাকে নমুনা আনতে বলেছিলেন। আমি তা এনেছি। দ্বিতীয় তো আজকে রেশনের দোকানে খবর পেলাম যে রেশনে আতপ চালের দাম ৭০ পয়সা ছিল বর্তমানে সেটা হয়েছে ৮০ পয়সা এবং মোটা চালের দাম ৬৬ পয়সার জায়গায় ৮৪ পয়সা হয়েছে। এই যে দর রেশনের দোকানে বাড়াচ্ছে সেটা সত্য কিনা তার দিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং চালে এই যে কাঁকর রয়েছে তার নমুনা আপনার কাছে দিতে চাই।

DEMAND FOR GRANT No. 3
Major Head: 10—State Excise Duties

Shri Iswar Das Jalan: On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 71,59,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties".

The main articles in respect of which the Excise Department exercises control are wines, spirits, beer, country spirit, tari, pachwai, opium, bhang and ganja. Besides, it controls the sale of dangerous drugs like cocaine by pharmacies and also supervises the use of spirits in bonded manufactories in making medicinal and toilet preparations and in industrial uses, like making varnishes.

There are at present five distilleries in West Bengal, viz., Eastern Distillery at Tollygunge, Bengal Distillery and Serampore Distillery in the district of Hooghly and Carew's Distillary at Asansol and National Distillery at Rupnarayanpur in the district of Burdwan. The first four distilleries manufacture country spirit and Bengal Distillery and Carew's also manufacture foreign liquor which is known as India-made foreign liquor.

Rupnarayanpur Distilliery is licensed to manufacture industrial alcohol only. Excise staff is posted at each distillery to ensure that all that is manufactured is properly accounted for and duty where leviable is paid.

Broadly there are three forms of taxation under the State Excise Laws:—

(a) Lump License fee realised annually.

(b) License fee assessed monthly on the basis of consumption of excisable articles.

(c) Excise duty realised on issue of these articles from the distillery or warehouse.

In accordance with the directive principles of article 47 of the Constitution of India, total prohibition is the ultimate goal. Implementation of total prohibition will, however, entail loss of revenue to the tune of about Rs. 9 crores per annum for the State Government. At a time when we have embarked upon an ambitious plan for all-round development of the

State and upliftment of the economic condition of its people, the State Government can hardly afford to lose such a large amount of revenue without detriment to developmental activities in various spheres. The State Government are, therefore, of the opinion that full implementation of the policy of prohibition must wait till more urgent measures concerning employment, education, health services, communications, etc., have been carried out. It is also necessary that before total prohibition is introduced the problem of illicit distillation and traffic in drugs should be more satisfactorily solved.

Government have, however, at the same time adopted several prohibitive measures to reduce consumption of intoxicating liquors and drugs such as:—

(a) The working hours of Excise shops have been reduced to the minimum possible.

(b) All Excise shops in Calcutta and industrial areas and all licensed clubs throughout the State are kept completely closed for a day every week. Besides this, on some special occasions and festivals, licensed premises for the retail sale of intoxicants are kept completely closed throughout the State.

(c) With a view to checking increased consumption of liquor by Indian members, specially students, of some sporting clubs situated in the Maidan in Calcutta, the licenses of some sporting clubs having majority of Indians as members have been withdrawn.

(d) Following the policy of securing the maximum of revenue from the minimum of consumption, the Excise Duty on most excisable articles has been progressively upgraded and the rates are now at about the highest level in India and prohibitive for the poorer sections of the people.

(e) Liquor advertisement in newspapers and by signboards and neon light in prominent places has been stopped in West Bengal on voluntary basis.

(f) Increase in the number of shops for the retail vend of any intoxicant is prohibited except with the previous sanction of the State Government.

(g) Propaganda on the evils of drinking is being undertaken by non-official organisations in selected centres of this State.

(h) Propaganda by publishing pamphlets on the evils of drinking and by lantern slides has been undertaken.

These steps represent programme of prohibition so far adopted on an all-India basis.

It may be mentioned in this connection that the Government of India Planning Commission have set up a high-powered Study Team on Prohibition headed by Mr. Justice Tek Chand. The Team visited West Bengal in November last and made an on the spot study of the problems of prohibition and discussed various questions with officials and non-officials. The report of the Study Team will be discussed in the State Chief Ministers' Conference to be held shortly at New Delhi.

[2—2-10 p.m.]

The greatest evil in the country at present with which the Excise Department is concerned is the illicit distillation of liquor which is prevalent throughout the State. This is due partly to unemployment and partly to high rates of taxation which accounts for the large gap between the prime

cost of liquor and the price of the duty paid staff. To stop this evil, additional preventive staff has been posted in the affected areas and they are trying to combat the menace as effectively as possible. Unfortunately full results cannot be achieved from these preventive measures so long as illicit distillation continues to be a lucrative business. The number of offences detected under the Excise Laws has gone up from 25,048 in 1947-48 to 71,259 in 1963-64. The number of detected illicit distillation cases has gone up from 3,614 in 1947-48 to 31,205 in 1963-64. This increase in detection is the result of stricter measures taken by the Excise Department to check illicit distillation. An economic fight by lowering the duty on liquor, which would have yielded better result in fighting illicit distillation cannot, however, be resorted to for the obvious risk of popularising liquor by lowering its price.

Recently it came to the notice of Government that in a number of areas in the State where new towns or industrial areas have sprung up or where there is demand for liquor from tourists, the non-availability of liquor through illicit channel has led to a tremendous increase in illicit distillation and trade in liquor. The State Government have, therefore, decided recently to allow opening of a limited number of liquor shops in such selected areas better to fight illicit distillation. The number of such new shops will be strictly limited to the immediate needs of the situation.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the Cut Motions as moved.

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1.

Shri Sunil Kumar Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced by Rs. 100.

Shri Sunil Kumar Das Gupta: Sir, I beg to move that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced by Rs. 100.

Shri Syed Abul Mansur Habibullah:

মিঃ স্পীকার স্যার, আপনার সামনে এই বাজেট বরাদ্দের বিরোধীতা করতে উঠে আমাদের দেশের আজকে এই যে এক্সাইজ এ্যাক্ট এবং এই মন্ত্রণালয়ের কাজের সম্বন্ধে দু একটা কথা আলোচনা করতে চাই। আমাদের এই বাজেট বরাদ্দ দেখতে গেলে দেখা যাবে যে এই বিভাগটা আয়ের এবং এতে আয় বেড়ে যাচ্ছে। আয় কয়েক বছর আগে ৬ কোটি টাকা ছিল তার থেকে এখন ৯ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। অবশ্য খরচের দিকে দেখতে গেলে আমাদের বিগত বছ-রের তুলনায় যে পরিমাণ আমরা খরচ করবো তার তুলনায় আয় খুব বেশী নয়। কারণ আমাদের অতিরিক্ত ব্যয়ের অনুপাত হচ্ছে ১৮ কোটি টাকা যেখানে আয়ের হচ্ছে ৪৪ লক্ষ--কিন্তু বক্তব্যটা হচ্ছে এই যে আমাদের বিভাগের দৃষ্টিভঙ্গিটা কি—প্রাক স্বাধীনতার যুগে আমাদের দেশে প্রহিবিসনের কথা ছিল, মাদক দ্রব্য বর্জনের কথা ছিল এবং নীতিগতভাবে আমাদের সে কথা আছে। কিন্তু কার্যকরীভাবে আমরা কোন জায়গায় যাচ্ছি। আয় বৃদ্ধির দিকে দেখতে গেলে দেখতে পাওয়া যাবে যে আমাদের লোকসংখ্যার মধ্যে এই সমস্ত ইনটক্সিকেটিং লিকারস এবং ইনটক্সিকেটিং আদার জিনিস যা আছে সেগুলির ব্যবহার বেড়ে যাচ্ছে। অবশ্য বেড়ে যাবার নানা কারণ আছে যেমন আজকে ইনফ্লেটেড আর্থিক অবস্থা মূল্য বৃদ্ধি বা মুদ্রাস্ফীতি—এর জন্য যে সমস্ত শ্রেণীর মধ্যে টাকা গিয়ে জমছে---আন-আর্নড ইনকাম যাদের হাতে গিয়ে পড়ছে---শুধু কোটিপতি লোকের কথা বলছি না--এই রকম সমাজের বিভিন্ন স্তরের লোকের হাতে টাকা জমছে বলে--আজকে সেই সমস্ত অর্থ নানাভাবে অপব্যবহার হয়। তার মধ্যে সুরাপান বা অন্যান্য মাদক দ্রব্যের ব্যবহার বাড়ছে—আমি মাদকদ্রব্য বর্জন প্রহিবিসনের কথা এখানে বলছি না যে প্রহিবিসন এখানে করতে হবে আমার বক্তব্য হচ্ছে এই বিভাগের দৃষ্টিভংগ কি আমরা কি মানুষের মধ্যে এই বিভাগের দ্বারা মাদক দ্রব্যের নিয়ন্ত্রণ—মাদক দ্রব্যের ব্যবহার কমানো—এই রকম কিছু ব্যবস্থার মধ্যে দিয়ে এর আইন কানুনের মধ্যে দিয়ে কিছু করতে পারছি কি? সেদিক থেকে দেখতে গেলে এই বিভাগের আয়ের পরিমাণ বৃদ্ধির মধ্যে দিয়ে দেখতে পাই যে এই লক্ষ্য এবং উদ্দেশ্যের দিক থেকে এই বিভাগ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আয় বাড়ছে মানে লোকের মধ্যে ব্যবহার বাড়ছে তাছাড়া আমরা জানি সকলেই জানে এই আইনসভায় অনেক-বার আলোচিত হয়েছে যে ইল্লিসিট লিকার বা বে-আইনীভাবে চোলাই করা মদ বে-আইনী গাঁজা পাচার এবং গাঁজার ব্যবহার ব্যাপকভাবে আমাদের দেশে প্রচলিত হয়েছে—বিশেষ করে বর্তমানে তথাকথিত আর্থিক যে উন্নতি—সেই উন্নতিতে আমরা খব খুশী হয়ে উঠেছি—যার ফলে এই জিনিসটা বিশেষভাবে দেখা দিয়েছে। আর একটা জিনিস আলোচনা হওয়া দরকার—ধনিক-শ্রেণী—ধনতন্ত্রের মধ্যে এই জিনিস আছে যে শ্রমিক শ্রেণী বা নিপীড়িত শ্রেণীগুলিকে মাদক দ্রব্য এবং অন্যান্য জিনিস ব্যবহার করিয়ে তাদের নৈতিক চরিত্র শ্রেণী চেতনাকে দুর্বল করা। এটা তাদের মধ্যে ক্রিয়া হিসাবে থাকে—এ নিয়ে বহু আলোচনা হয়েছে আমাদের দেশে ধরুণ চা বাগানের গদিখানা যদি উঠে যায় তাহলে শুধু শ্রমিকরাই আপত্তি করেন না—মালিকরাও আপত্তি করেন সেটা থাকতে হবে--কারণ তা থাকলে শ্রমিকদিগকে তাদের যে শ্রেণী চেতনা সেই চেতনা থেকে তাদের ভুলিয়ে রাখা যায়—সেটা চা বাগানের মালিকদের শোষণের একটা অঙ্গ

হিসাবে দাঁড়িয়ে আছে। কোলিয়ারী এলাকায় যান—সেখানেও আছে এবং অন্যান্য জায়গায় যেখানে মজুররা সংখ্যায় বেশী আছেন সেই সমস্ত জায়গায় আছে। আমাদের এই বিভাগের যে নীতি তাতে আমরা মাদক দ্রব্য—আমরা এমন কন্ট্রোল্ড উপায়ে ব্যবহার করবো যাতে নাকি মাদক দ্রব্যের ব্যবহার কমে যায়। আমি অবশ্য সে ধরণের লোক নই যে আজকে বোম্বাইয়ে যেমন প্রহিবিসন হয়েছে এখানেও হোক তা বলি না—কবি আকবর ইলাহি একটা কথা বলে গিয়েছিলেন খাদা আমাদের খেতে দিয়েছেন—কিন্তু মৌলবী আমাদের কোন রকম ড্রিঙ্ক করতে দেয় না—। আমি একথা মনে করি না যে জালান সাহেব মৌলবীর মত নিষেধাজ্ঞার ডাণ্ডা নিয়ে ঘুরে বেড়াবেন—কিন্তু আমাদের এই বিভাগ যেভাবে প্রচলিত বা আমাদের সমগ্রভাবে রাষ্ট্রনীতি যেভাবে প্রচলিত তা হোল মানুষের মধ্যে মাদক দ্রব্যের প্রচলন কমানো—সেই দৃষ্টিভঙ্গীর দিক থেকে আজকে এই বাজেট সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। আর একটা কথা—আপনার সামনে, মাননীয় স্পীকার মহোদয়, বলবো এই বিভাগের দুর্নীতি সম্বন্ধে আজকে সমগ্রভাবে চেপে রেখে দেওয়া হচ্ছে এবং এই বিভাগের দুর্নীতির প্রধান কেন্দ্র হচ্ছে লাইসেন্স। এটা সবাই জানেন যে লাইসেন্সিং ব্যবস্থার মধ্য দিয়ে প্রচণ্ড দুর্নীতি এখানে কায়েম রয়েছে—আপনি জানেন যে আজকে কোন কোন জায়গায় অক্সান করবার ব্যবস্থা হয়েছে—অর্থাৎ ডাক করার ব্যবস্থা আছে। আমাদের দেশে তলার দিকে কিছু কিছু ব্যবস্থা আছে। যেমন তালগাছের ইত্যাদির ডাক হয়—কিন্তু সরকারীভাবে লাইসেন্সের ব্যাপারে ডাকের কোন ব্যবস্থা নেই। যখন ডাকের ব্যবস্থা হলে হয়তো দুর্নীতি কমতে পারে এবং এই টাকা খোলাখুলিভাবে ডাকের কর্মপিটিসনের মধ্য দিয়ে গভর্নমেন্টের হাতে তুলে দিতে হবে, সেটা অন্য জায়গায় পাচার করার অসুবিধা আছে। অনেকে মনে করে থাকেন যে যদি ডাকের ব্যবস্থা করা হয় তাহলে যারা ধনী লোক তারা এসে ডাক দেবে গরীব লোক যারা অনেক দিন থেকে এই কারবারে আছে তারা পারবে না—কিন্তু প্রকৃত অবস্থা হচ্ছে অকসন হলে যে ডাকের সম্ভাবনা থাকে সেই টাকা আসলে যারা লাইসেন্স পান তারা খরচ করেন—কিন্তু সেই টাকা তারা অন্য জায়গার খরচ করেন তাতে গভর্নমেণ্টের রেভিনিউ কিছু আসে না।

[2-10—2-20 p.m.]

কিন্তু প্রকৃত অবস্থা হচ্ছে এই যে অক্সান সেলের ডাক হবার সম্ভাবনা থাকে—সেই টাকাই খরচ করা হয়। যারা আসলে লাইসেন্স হোল্ডার তারা সেই টাকাই পান, খরচা করেন। কিন্তু সে টাকা তারা অন্য জায়গায় উৎকোচের মারফৎ খরচ করেন। গভর্নমেণ্টের রেভিনিউ বাদ যায়, কিন্তু দুর্নীতির পাহাড় জমে ওঠে এই বিভাগের ভিতর। মাননীয় স্পীকার মহোদয়, আমি একটি জিনিস আপনাকে বলছি যে কি ভাবে কোটারী করে রেখে দেওয়া হয়েছে এই সমস্ত বিভাগটাকে লাইসেন্স-এর অথরিটিজ য'রা ম্যাজিস্ট্রেট তার আবার বিচার—তারপর থেকে কমিশনার মিনিষ্টারের ফাইল পর্যন্ত, কোর্টে যাবার হুকুম নেই, কোর্টে গেলে সমস্ত জিনিসটা প্রকাশ হতে পারে, দুর্নীতির স্থানগুলি কিছুটা আক্রান্ত হতে পারে। কিন্তু কোর্টে যাবার ব্যবস্থা নেই এবং ২২৬ পর্যন্ত লাইসেন্স হোল্ডাররা যাননা। সাধারণতঃ কোন কোন আদালতে যাওয়ার ব্যবস্থা নেই। কেন? লাইসেন্সিং ব্যবস্থা যদি অন্যায় বিবেচনা হয়ে থাকে তাহলে কোর্টে হিয়ারিং করতে দেওয়া হোক, আদালতে তাকে যেতে দেওয়ার ব্যবস্থা করা হোক। সেখানে প্রতিযোগিতামূলক ব্যবস্থায় তারা বুঝতে পারুক, আদালতের পিয়ারের মধ্যে বোঝা যাক। কিন্তু তা দেওয়া হবে না। সমস্ত ফাইলের মধ্যে গোপনে রেখে দেওয়ার ব্যবস্থা হবে যাতে কিনা দুর্নীতি ভাল ভাবে বাসা বাঁধে এক্সাইজ ডিপার্টমেন্টের মধ্যে। সেখানে কংগ্রেসী দলের রাজনীতির চক্র থেকে আরম্ভ করে ব্যক্তিগত ফ্যামিলী পূজা করার জন্য কতকগুলি পরিবারকে পুষে রাখার জন্য যাদের সঙ্গে শাসকচক্রের স্বার্থ জড়িয়ে আছে। সেই সমস্ত পরিবারের নাম করে বলবার দরকার নেই। কারণ, নাম করা আমি অন্যায় বলে মনে করি, এখানে তাদের অধিকার নেই। কিন্তু ইচ্ছা করলে মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনাকে নাম দিতে পারি। যে সমস্ত পরিবারে কতকগুলি গোষ্ঠী যাদের একদিন এই সমস্ত ব্যবসা ছিল না, তারা আজকে কলকাতাতে এসেছেন গোপনে এই ব্যবসা করবার জন্য। কলকাতায় আজকে ওয়াইন মার্চেন্টর্সদের অবস্থাটা কি? আগে কলকাতার বড় বড় প্রতিষ্ঠানের মধ্যে

ওয়াইন পার্সি কমিউনিটি ছিল, কিন্তু আজকে তারা সেখান থেকে সরে গেছে। কারা এসে আমি এই কথা বলতে চাই না, আপনি জিজ্ঞাসা করলে জানতে পারবেন এবং আমি বল মাননীয় স্পীকার মহোদয়, এদের মধ্যে আর একটা ব্যাপার চলেছে এই দুর্নীতি যেটা চলে আজকে ক্যালকাটা ওয়াইন মার্চেন্টস এ্যাসোসিয়েশনের লিগ্যাল এ্যাডভাইসর হচ্ছে জানা সাহেবের ছেলে। কি ভাবে এই দুর্নীতিটা চালিয়েছেন সে কথা তিনি আমার চেয়ে ভা করে বলতে পারবেন। আমি আর বলব না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি

Dr. Kanai Lal Bhattacharya;

মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় অত্যন্ত কম, সেইজন্য একটি বিষয়ের প্রতি আমি আমা বক্তব্য নিবন্ধ রাখব। সেটি হচ্ছে এই যে আজকে আমাদের সরকার সমস্ত পশ্চিমবাংলার গ্রা এবং শহরে যে বে-আইনীভাবে মদ চোলাই হয় তা বন্ধ করতে ব্যর্থ হয়েছেন এবং তার দ্বার আমাদের এই সরকারের যে অর্থসমাগমের সবচেয়ে বড় একটি পথ ছিল সেই পথটিকে রু করেছেন। স্যার, একথা সকলেই জানেন যে এই স্টেট এক্সাইজ ডিউটি থেকে পশ্চিমবঙ্গ সর কারের আর্থিক আগমন সবচেয়ে বেশী হয়। সেলস ট্যাক্স-এর পরেই এই বিভাগ থেকে বাজেটে টাকা আসে। কিন্তু আজকে এই বিভাগ পরিচালনা এবং দুর্নীতির জন্য আমরা এ চেয়ে ঢের বেশী অর্থ যা পেতাম তা থেকে বঞ্চিত হতে চলেছি। স্যার, বাজেট খুললে দেখ যাবে প্রায় ২/৩ বছরের মধ্যে এই বিভাগের আয় ৬ কোটি টাকা থেকে ৯ কোটি টাকায় বেড়ে গেছে বটে কিন্তু ইল্লিসিট লিকার ডিস্টিলেশন এবং তার বিক্রয় বা সেল তার চেয়ে বেশ পশ্চিমবঙ্গে বেড়ে গেছে। আমি বাজেটের ফিগার খুলে দেখছিলাম যে এ্যাকচুয়াল সে ১৯৬১ সালে ৩ লক্ষ ৬৬ হাজার টাকা এই ফাইনস এ্যান্ড কনফিসকেশনস থেকে আদা হয়েছে। কিন্তু ১৯৬৪ সালে ৩ বছরে সেই ফাইনস এ্যান্ড কনফিক্সেশনস আদায় প্রায় একই রয়ে গেছে ৪ লক্ষ ৩৭ হাজার টাকা। মাত্র কয়েক হাজার টাকা বৃদ্ধি হয়েছে। এর থেকেই প্রমাণি হয় যে এদিকে সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। আজকে একথা স্বীকার্য যে আমাদে দেশের প্রত্যেকটি ছোটখাট এবং বড় শহরে বা গ্রামের বিভিন্ন জায়গায় এই বে-আইনী ভাবে মদ চোলাই হচ্ছে এবং সেই মদ পুলিশ ও একসাইজ ডিপার্টমেন্ট এর সহযোগিতায় তাদে নাকের ডগায় ওপেনলি বিক্রী হচ্ছে। এর দ্বারা শুধু যে এক্সাইজ ডিপার্টমেন্ট-এর অর্থে ক্ষতি হচ্ছে তা নয়, সঙ্গে সঙ্গে সমাজের নৈতিক অধঃপতনও হচ্ছে। এর কারণ আমি এ আগের ব্যাপারে বলেছি। শুধু যে সরকারের ভিজিলেন্স-এর অভাব তা নয় এর সঙ্গে সঙ্গে সরকারের নীতিও খানিকটা জড়িত আছে। অ্যালকোহল তৈরী করতে সরকারের যা খর হয় তার চেয়ে প্রায় ১০ গুণ ট্যাক্স এই মদের উপর ধার্য্য করেছেন। প্রোডাকসন কস্ট-এর উপর ট্যাক্স দিয়েও তার যা সেলিং প্রাইস হয়, এতে এত বেশী তারতম্য হওয়ার জন্য আজকে লোকে প্রলোভনের বশে এই ব্যবসা ধরতে বাধ্য হয়। তারা জানে ১ গ্যালন মদ ডিস্টিল করতে ১ টাকা খরচ হবে বটে, কিন্তু সেটা ৫ টাকায় বিক্রী হবে। অর্থাৎ ১ টাকার উপর প্রায় ৪ টাকা লাভ করতে পারবে। এই প্রলোভনের জন্য আজকে সাধারণ মানুষ সমস্ত রকম ঝুঁকি নেয়। অর্থাৎ সমাজে এমন একটা শ্রেণী গড়ে উঠেছে, প্রত্যেকটি শহর এবং গ্রামে যারা চোলাই মদ তৈরী করে মাঝে মাঝে ধরা পড়ে। তারা এক্সাইজ ইন্সপেকটর এবং পুলিশের যোগসাজসে মাঝে মাঝে ধরা দেয় এবং মাঝে মাঝে তাদের বিরুদ্ধে কেসও হয়। কিন্তু ২০০/৩০০ টাকা ফাইন দিয়ে বেরিয়ে আসে এবং এসে আবার এই কাজ শুরু করে। আমি জানি আমাদের হাওড়া অঞ্চলে একটি বিশেষ শ্রেণীর অসাধু লোক গড়ে উঠেছে, যারা এই অন্যায় পাপ কাজ করার পর আস্তে আস্তে বিভিন্ন পাপ কাজে লিপ্ত হচ্ছে। সমাজটি এমনি একটি অংশে পরিণত হয়েছে ভবিষ্যতে যারা আমাদের অভিশাপ হয়ে দাঁড়াবে। কাজেই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে একটি দিকে দৃষ্টি দিতে বলব যে আপনাদের ডিপার্টমেন্টের অর্থগতির সঙ্গে সঙ্গে আজকে সমাজকে কোন্ স্তরে আপনারা নিয়ে যাচ্ছেন সেদিকে একটু ভালভাবে চিন্তা করে দেখবেন। আমাদের সমাজে বেকার যুবকের সংখ্যা অনেক বেশী বেড়ে গেছে। কাজেই আজকে ভদ্রঘরের ছেলে প্রলোভনের বশে এই কাজ করতে বাধ্য হচ্ছে। কারণ, তাদের সামনে আর অন্য কোন পথ উন্মুক্ত না থাকার জন্য বাধ্য হয়ে এই কাজ নিচ্ছে এবং আস্তে আস্তে অধঃপতনের পথে

চলেছে। সেইজন্য মন্ত্রীমহাশয়কে এদিকটায় একটু নজর দিতে অনুরোধ করব। সমাজের এদিকটায় আপনার ডিপার্টমেন্ট যদি আজকে প্রতিরোধ করতে না পারে তাহলে আপনি এটুকু জেনে রেখে দেবেন যে আমাদের দেশে এ একটা সর্বনাশ হতে চলেছে। একসাইজ আইন যেটা আছে সেই আইনের আপনারা পরিবর্তন করছেন, আমরা শুনছি এবং দেখছি যে এই আইনে সাজার পরিমাণ যথেষ্ট বাড়িয়ে দিয়েছেন—কিন্তু একটা কথা আমি আপনাকে বিশেষ ভাবে অনুধাবন করবার জন্য অনুরোধ করব যে সাজা বাড়িয়ে দিলেই এই পাপ সমাজ থেকে দূর হবে কিনা সেটা আপনি একটু চিন্তা করে দেখবেন। আপনি স্মরণ করে দেখুন যে গোল্ড স্মাগলিং করলে অত্যন্ত কঠোর সাজা আছে, কিন্তু তা সত্বেও গোল্ড স্মাগলিং বন্ধ হয়েছে? আজকে গোল্ড স্মাগলিং ইণ্ডিয়ায় বেশী হচ্ছে কেন? কারণ এর ইণ্টারন্যাশনাল ভ্যালু ভারতবর্ষে বেশী। কারণ, ১ তোলার দাম ৬২ টাকা, কিন্তু ভারতবর্ষে সেটা চোরাইভাবে প্রায় ১৪৪ টাকায় বিক্রী হতে পারবে।

2-20—2-30 p.m.]

এই যে ডিফারেন্স এই যে লাভের অংক এই মোটা লাভের অংক দেখেই লোকে তার প্রতি আকৃষ্ট হয় এবং সেই কাজ করে। কাজেই যতদিন পর্যন্ত আপনি এই একসাইজ ডিউটির তারতম্য এত রাখবেন ততদিন পর্যন্ত এই পাপকে সমাজ থেকে দূর করা যাবে না। কাজেই আমার মনে হয় যে এই তারতম্য যদি একটু কমিয়ে নেন এবং সংগে সংগে যদি সাজার পরিমাণ একটু বাড়িয়ে দেন এবং যদি সাধারণ মানুষ দেখতে পায় যে এ থেকে কিছু লাভ হচ্ছে না, এর দ্বারা আমাদের বেশী সাজা খাটতে হবে এতে রিস্ক বেশী আছে তাহলে সেই পথে তারা এগোবে না। এই দুটো দিক চিন্তা করে এবং সংগে সংগে আপনার ডিপার্টমেন্টের মধ্যে যে দুর্নীতি রয়েছে সেই দুর্নীতি দূর করে আজকে সমাজের মধ্যে এই যে পাপ আস্তে আস্তে এগিয়ে চলেছে এটাকে প্রতিরোধ করার চেষ্টা করুন এই অনুরোধ আমি আপনাকে করব।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একসাইজ গ্রান্টের বিরোধীতা করবার জন্য কয়েকটি কথা বলতে চাই। প্রথমতঃ আমাদের জালান সাহেব বললেন যে প্রোহিবিটিভ মেজার্স আরো বেশী নেওয়া হবে, দণ্ড এবং পুলিসের মাধ্যমে প্রোহিবিসানের দিকে যাওয়ার চেষ্টা হবে। আমি মনে করি যে বর্তমান পরিস্থিতিতে যেভাবে সরকারী রাজত্বে দেশ দুর্দশাগ্রস্ত হয়ে আর্থিক বিচ্ছিন্ন হয়ে হতাশায় পড়েছে তাতে সেই হতাশা থেকে মুক্তির জন্য সরকারের কাছ থেকে তারা একমাত্র দাওয়াই পেয়েছে নেশা। নেশা করে দুর্দশাকে ভোলার যে চেষ্টা সেটাই বোধ হয় সরকারী নীতি। প্রোহিবিটিভ মেজার্স সম্বন্ধে যা বলেছেন সে সম্বন্ধে বলতে চাই যে দন্ড আর পুলিস দিয়ে হবে না। যত বেশী প্রোহিবিটিভ মেজার্স দৃঢ় করবেন ডিউটি বাড়াবেন তত করাপসান বাড়বে তলায় এবং উপরে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে করাপসান যদি দূর করতে হয় তাহলে আপনার নিজের দপ্তরকে টাইটেন করুন, খুব জবরদস্ত হাতে টাইট করতে না পারায় দুর্নীতি উপর থেকে তলা পর্যন্ত নামিয়ে দিচ্ছে এবং দেবে। সরকার বিগত ১০ বছর ধরে যে একসাইজ পলিসি চালিয়েছেন তার ফলে বাংলা দেশে সামাজিক অধঃপতন কতটা ঘটে গেছে তার একটা অনুসন্ধান হওয়া উচিত। শুধু তাই নয়, দুর্নীতির জালে কত লোক, কত অফিসার, কত সুপারিনটেনডেণ্টস অব ডিষ্ট্রিক্ট একসাইজ জড়িয়ে পড়েছে তারও তদন্ত হওয়া দরকার। রাইটার্স বিল্ডিংস-এ দপ্তরে খুব বেশী দুর্নীতি চলেছে এই রিপোর্ট আমরা পাই। দুর্নীতি সম্পর্কে শহরে এবং গ্রামে এত ব্যাপক রটনা সত্বেও এ সম্পর্কে সরকার উদাসীন। আমার মনে হয় একসাইজ পলিসি সম্পর্কে সরকারের এই ঘরোয়া দুর্নীতি পোষণ করা একটা নীতি হয়ে দাঁড়িয়েছে। কাজেই আমি বলব যদি বাস্তবিক প্র্যাকটিক্যাল লাইন নিতে হয় তাহলে একে টোটাল প্রোহিবিসান করা যাবে না, প্রোহিবিসানের দৃষ্টিভঙ্গী নিয়ে সেই বিস্তৃত এলাকায় যে বেআইনী পচন মদ এবং চোরাই চালান চলেছে সেগুলিকে কি করে হারান যায় কম্পিটিসানে তার পন্থা গ্রহণ করতে হবে। বেকার জীবন থেকে মুক্তির জন্য আজকে

অনেক মধ্যবিত্ত শিক্ষিত, অর্ধ শিক্ষিত এবং অশিক্ষিত এই পথে ছুটেছে সহজে ইনকাম বেশ করা যায় বলে এবং ইনকাম বেশী করা যায় ইন কনাইভ্যান্স উইথ দি একসাইজ ডিপার্টমেন্ট এণ্ড উইথ পুলিস। আপনি বলছেন পুলিস বাড়াব, সাজা বেশী দেব। কিন্তু কিছুতেই কিছু করা যাবে না। কানাইবাবু যে কথা বলেছেন এই প্রস্তাব প্র্যাকটিক্যাল। যখন লোকে দেখবে সাজা বেশী ইনকাম কম তখন এই নতুন ব্যবসার মাধ্যমে উপার্জন করতে ছুটবে না, ঠাণ্ডা হয়ে যাবে। ইলেকসানের সময় দেখা যায় যেখানে সাধারণ লোক অশিক্ষিত, নিম্নশ্রেণীর লোক যেখানে ভোটার সেখানে দেখা যায় আমরা ইলেকসান ক্যাম্পেন করে এলাম আগের দিন পরের দিন ফিল্ড থেকে এস, ও, এস, চলে এল যে অমুক বাবু মদ দিয়েছেন তাড়ি দিয়েছেন সেজন্য ঢোল পেটাচ্ছে খুব খেয়ে। এটা করে কারা? আপনাদের দলের লোক। আপনাদের লোক টাকার গাড়ী নিয়ে বসে আছে, তারা ভাটিখানা খুলে দেয়। আপনাদের সেই করাপসানকে দূর করার জন্য ভাটি খুলে দেওয়ার বিরুদ্ধে নীতি নিতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে আপনাদের দপ্তর সম্পর্কে। তৃতীয়তঃ কথা হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দপ্তর কি করে আমি দেখবো। টাকা কি করে উপর তলায় বেশী আত্মসাৎ হচ্ছে। ১৯৬১-৬২ সালে যেখানে রাজস্ব ছিল ৬ কোটী টাকা, সেখানে ১৯৬৫-৬৬ সালে হচ্ছে ৯ কোটী ২৭ লক্ষ। এই রাজস্ব বৃদ্ধির হার শতাংশে ধরলে হয় ৩৩ পারসেন্ট। আর সেই সময় আপনারা ব্যয় করছেন ৪৫ পারসেন্ট। অর্থাৎ যে রেশিওতে আয় বৃদ্ধি হচ্ছে, তার চেয়ে বেশী রেশিওতে আপনারা ব্যয় বৃদ্ধি করছেন এবং সেই ব্যয় কোথায় যাচ্ছে? সেই ব্যয় যাচ্ছে উপরতলাতে। আপনারা কমিশনার একজন পোষেন সেই কমিশনারকে আগে আপনারা দিতেন আঠারো হাজার টাকা, এখন সেই জায়গায় দিচ্ছেন ২৪ হাজার টাকা।

আর একটা খাতে লেখা আছে—আদার কন্টিনজেন্সী বলে; আমি জিজ্ঞাসা করবো এই দপ্তরের মন্ত্রী মহাশয়কে এই আদার কন্টিনজেন্সীর মধ্যে ডিস্ট্রিক্ট এ্যাণ্ড স্টেট লেভেল-এ যে পরিমাণ টাকা বাড়িয়েছেন, যে ৬।৭ গুণ টাকা বাড়িয়েছেন তার ডিটেল হিসেবে পাওয়া দরকার—কি কারণে বাড়লো অত টাকা? উপর তলায় সুপারিনটেণ্ডিং-এর জন্য আপনি টাকা বাড়িয়েছেন। সুপারিনটেন্ডিং-এর জন্য ১৯৬১-৬২ সালে বাড়লো ৩৭ লক্ষ টাকা এবং ১৯৬৫-৬৬ সালে যেটা বেড়ে হলো ৫১ লক্ষ টাকা। অর্থাৎ ৩৭ পারসেন্ট বাড়লো, তেমনি ডিস্ট্রিক্টে সুপারিনটেণ্ডিং-এর চার্জ বাড়লো ৬১,৫৮৪ টাকা ছিল, সেটা বেড়ে হলো ৪ লক্ষ টাকা। এত বেশী বাড়লো কেন? এর ডিটেইল্ড হিসেব আমি দেখছি ডি, এ, ও অনেক কিছু দেওয়া হয়। কিন্তু তার ফাঁকে সেই রেড বুক ও ব্লু বুকের মধ্যে খুঁজে পাওয়া যায় না। এই আদার কণ্টিনজেন্সীর মধ্যে কোন কোন খাতে ৬।৭ গুণ টাকা বেড়ে গেল। কাজেই যে হারে আপনি দপ্তরের ব্যয় বাড়িয়েছেন, দুর্নীতিকে যত বেশী প্রশ্রয় দিচ্ছেন, প্রহিবিটিভ মেজার্স যত বেশী, দুর্নীতি যত ব্যাপক, ঠিক সেই রেশিওতে উপর তলার বেশী ব্যয় বাড়াচ্ছেন—আপনি এই সুপারিনটেণ্ডিং এর জন্য আদার কন্টিজেন্সীর জন্য। সিক্রেট সার্ভিস বলে একটা সার্ভিস আছে, সে যে কী সার্ভিস তা আমরা কেউই জানিনা। সেই সার্ভিসের দৌলতে কি হয় না হয় তা জানা যায় না। সুপারিনটেন্ডেন্ট আপনি জেলায় জেলায় রেখেছেন, তার যে পিওন থাকে, যে চাকর থাকে, তাদেরকে বাড়ীর চাকরের মত ব্যবহার করা হয়। এ নিয়ে বহু নালিশ আমার কাছে আসে। তাদের তো সামনে হাজির করতে পারি না। তাদের চাকরী চলে যাবে তাহলে। কাজেই দপ্তরকে এইভাবে টাইট করা দরকার। গণতান্ত্রিক সমাজে এই ধরনের দপ্তর না থাকা ভাল বলে মনে হয়। আমি আরো কয়েকটি দৃষ্টান্ত দেব। আমাদের জেলায় দেখুন আমাদের খাগড়াবাজার, বহরমপুর গোরাবাজার ভদ্রলোকের জায়গা, নতুন কলোনী গড়ে উঠেছে, পাশে তার মদের ভাটি। বারবার চেষ্টা করা সত্ত্বেও সেই ভাটি সেখান থেকে উঠেনি। এমন কায়েমী স্বত্বের লোক কায়েমী সরকারের কাছ থেকে সে পাট্টা নিয়েছে যে বহু আবেদন নিবেদন করে ও প্রতিবাদ করেও সেটা ওঠেনি। সেখানে যদি কেউ হুল্লোড় করতে যায়, পুলিস নিয়ে এসে ভদ্রলোকের ছেলেগুলোকে এ্যারেস্ট করা হয়। কেন এটা হবে? এই ব্যবস্থাটা কেন একসাইজ দপ্তর থেকে দেখা হয় না?

দ্বিতীয়তঃ আর একটা কথা বলতে চাই গাঁজা কোপ্যরেটীভ ফর্মে—বহরমপুরে, লক্ষ লক্ষ টাকা এই একসাইজ ডিপার্টমেন্ট-এর ইন কনাইভান্স অফ দি কো-অপারেটিভ মেরেছে এবং

খেয়েছে সেই মনীন্দ্রনাথ দোবে, কংগ্রেস নেতা, মণ্ডল কংগ্রেসের সভাপতি—গোরাবাজারে বাড়ী। একদিকে স্কুলের সেক্রেটারী, আবার অপরদিকে গাঁজা ফার্মেরও সেক্রেটারী। কংগ্রেসের দৌলতে কো-অপারেটিভ হয়েছিল। তাঁর গায়ে হাত দেবার কেউ লোক নাই। তাঁকে এ্যারেস্ট করবার লোক কেউ নাই। লক্ষ লক্ষ টাকা একসাইজ ডিপার্টমেন্ট-এর ফাঁকি দিয়েছে এবং গভর্নমেন্টের রিপোর্ট আমি প্রশ্নোত্তরে পেয়েছি সেই টাকা তো সে দেয়ইনি, একসাইজ ডিপার্টমেন্ট তা আদায়ও করতে পারেনি। উপরন্তু কো-অপারেটিভ গাঁজা ফার্ম-এর যে ল্যাণ্ড তা ব্যক্তিগতভাবে আত্মসাৎ হয়েছে। কোথায় সেই ডিপার্টমেন্টের কাজ? এই দপ্তরের ঘুষের কথা আমার জানা আছে। হরেকৃষ্ণ রায় বলে এক ব্যক্তি গত সাতদিন আগে মারা গেছে। ছ'টা ছেলেমেয়ে স্ত্রী এবং সে নিজে—সোনার ব্যবসায় করছিল। করতে করতে নিরুপায় হয়ে জীবন যখন শেষ হয়ে এসেছে, তখন সে বললো যে আমার উপায় নাই, এখন চোলাই মদের ব্যবসায় করতে হবে। পুলিস ধরেছে এগারবার তাকে দু বছরের মধ্যে, একবারও সে পুলিসকে ঘুষ দেয়নি। আর যারা ঘুষ দেয়, পুলিস তাদিগকে ধরে না। পুলিসের কোটা থাকে যেমন ৫ আইনে সাইকেলে আলো না থাকলে এতগুলো ধরবে মাসে। কোটা সহরে থাকে একসাইজ ডিপার্টমেন্ট-এতে কোটা করে দেওয়া আছে যে এতগুলো লোক ৫ আইনে ধরবে ঠিক। ঘুষ না দিলে সেইসব লোককে ধরে কোটা পুরায়। আর কম দিলেও ধরে। সত্যি এইভাবে যে দপ্তর চলছে আমার জেলায় হরেকৃষ্ণ রায়ের পক্ষ থেকে বলছি তিনি মৃত। তাঁর সংসারে বাচ্চা ছেলেমেয়ে রেখে গেছে। সেই লোকটাকে নাজেহাল করে বার বার সেই পুলিস থেকে কোর্টে নিয়ে যাওয়া হয়, তার ছেলেমেয়ে সবশুদ্ধ জেলে দেওয়া হয়েছে। কিন্তু তাকে তার সেই বৃত্তি থেকে নিবারিত করা যায়নি। সে ম্যাট্রিকুলেশন পর্যন্ত পড়েছিল; সে স্বর্ণশিল্পী ছিল—সে বেকার হয়ে গেছে। আটটি লোকের খাইয়ে মানুষ করার মত পেশা তার ছিল না। তাই সস্তায় মদের চোলাই ব্যবসায় করতে গিয়েছিল। এই দপ্তর একদিকে যেমন চোরাকারবারীদের প্রশ্রয় দেয়; এই দপ্তর যেখানে ঘুণ ধরা দুর্নীতিপরায়ণ, সেখানে যাঁরা সুপারিনটেণ্ডিং করেন, আমার মনে হয় তারা সব থেকে বেশী দুর্নীতিপরায়ণ। যদি এ বিষয়ে একটু কেয়ার নেন্ তাহলে অনেক দুর্নীতি লাঘব করা যায় এই আমার বিশ্বাস।

[2-30—2-40 p.m]

Shri Abhoy Pada Saha:

মাননীয় স্পীকার মহাশয়, এই আবগারী খাতে ব্যয় বরাদ্দ সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রাক স্বাধীনতা যুগে কংগ্রেসের একটা প্রতিশ্রুতি ছিল যে দেশে মাদক দ্রব্য বর্জন নীতি চালু করতে হবে। কিন্তু স্বাধীনতার ১৮ বছর পরে সেই নীতি দেশে চালু করা তো হয়ইনি, উপরন্তু আমরা দেখছি আরও ব্যাপকভাবে মাদক দ্রব্য গ্রহণ করে মানুষ যাতে আরও দুর্নীতিপরায়ণ হয় সেদিকে লক্ষ্য রেখে সরকার চলছেন। আমি এই প্রসংগে একটামাত্র দৃষ্টান্ত দেব। এই বিভাগ পচাই মদ এবং তাড়ি থেকে প্রায় ৬০ লক্ষ টাকা সংগ্রহ করে। আমি জিজ্ঞাসা করি কাদের কাছ থেকে এই ৬০ লক্ষ টাকা সংগ্রহ করা হয়? দেশের মধ্যে যারা সবচেয়ে নিষ্পেষিত দুঃস্থ, দরিদ্র, যারা চরম অবস্থায় বাস করে সেই শ্রেণীর লোকের কাছ থেকে এটা নেওয়া হয়। অর্থাৎ আমরা দেখছি তাড়ি মদ যারা ব্যবহার করে সেই মজুর তপশীল জাতি, আদিবাসী যারা সমাজের নীচের তলার লোক তাদের কাছ থেকেই এই ৬০ লক্ষ টাকা আদায় করা হয়। আমি জিজ্ঞাসা করি এই অবস্থা কি রদ করতে পারা যায় না? স্যার যাদের শিক্ষা নেই, যারা খেতে পারে না যাদের চিকিৎসার ব্যবস্থা নেই তাদের কাছ থেকে সরকার যে এই ৬০ লক্ষ টাকা গ্রহণ করছেন তাতে এই ব্যবস্থার মধ্য দিয়ে আমরা দেখছি ইংরেজ রাজত্বে যে ব্যবস্থা ছিল সেটাই এখন চালু থেকে যাচ্ছে। তাদের কাছ থেকে এই যে শোষণ করে টাকা নেওয়া হচ্ছে এটা কি বিধিসঙ্গত? কাজেই আমি বলছি পচাই মদ বা তাড়ির উপর যে লাইসেন্স ট্যাক্স আছে সেটা কি তুলে দেওয়া যায় না বা এই ৬০ লক্ষ টাকা কি অন্য জায়গা থেকে সংগ্রহ করা যায় না? স্যার, আমাদের দেশে বিলাতী মদ থেকে আয় হয় ১ কোটি ৭০ লক্ষ টাকা। আমার বক্তব্য হচ্ছে যারা বিলেতী মদ ব্যবহার করে সেই লোকগুলোর উপর এই টাকাটা যোগ করে দিলে তাদের কোন ক্ষতি হয় না। তারা লক্ষ লক্ষ টাকা আয় করে কাজেই সেখানে যদি এই টাকাটা যোগ করে দেওয়া হয় তাহলে সেই শ্রেণীর লোকের কোন ক্ষতি হয়না এবং অপর-

দিকে এই লোকগুলো ট্যাক্সের হাত থেকে রেহাই পায়। স্যার, মাদক দ্রব্য বর্জন করার নী চালু করে যারা এগুলো ব্যবহার করে তাদের শিক্ষা দেবার ব্যবস্থা করলে বোঝা যেত সরক দেশে মাদকদ্রব্য বর্জণ করার নীতি চালু করছেন। যাদের না খেলে চলে না তাদের খেতে দেব ব্যবস্থা এবং যারা সখ করে খায় তাদের খাওয়া যদি সরকার বন্ধ করতেন তাহলে সরকারের আয়ে তারতম্য হোত না এবং এই ৬০ লক্ষ টাকা অন্য যে কোন জায়গা থেকে আদায় করা যেত। এ যদি করতেন তাহলে আমরা বুঝতাম সরকার একটা নীতি গ্রহণ করেছেন। কিন্তু আমরা দেখি ইংরেজ আমলে যেভাবে চলছিল এখনও ঠিক সেইভাবে চলছে—অর্থাৎ দিনগত পাপক্ষয়ের ম অবস্থা চলছে। স্যার আদর্শগতভাবে দেশে শাসন ব্যবস্থা চালু করার লক্ষণ আমরা দেখছি না আমরা দেখছি এই সমস্ত তাড়ি, মদের দোকানকে কেন্দ্র করে যে সমস্ত সাব-ইন্সপেক্টর, পিও প্রভৃতিদের রাখা হয় তারা ঐ শ্রেণীর লোকের বাড়ী যায়, তাদের উপর অত্যাচার করে, নিষ্পেষণ ক টাকা আদায় করে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে আমরা বুঝব সরকারের এই তপশী জাতি এবং দুঃস্থ লোকের উপর কোন নজর নেই, বরং তাদের শোষণ করে যাতে টাকা আদা করা যায় সেই ব্যবস্থাই তাঁরা করছেন। সুতরাং মাননীয় মন্ত্রীমহাশয় যে বাজেট উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং যতদিন এই নীতি থাকবে ততদিন বিরোধিতা করা উচিত বলে মনে করি।

Shri Birendra Narayan Ray:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে গান্ধীর বরপুত্রেরা পশ্চিমবাংলার দফাওয়ারী বাজেট ওপেন করলেন মাদক দ্রব্য দ্বারা, তারজন্য দুঃখ করে লাভ নেই, মহাত্মা গান্ধীর চেলারা এইভাবেই মহাত্মা গান্ধীর সম্মান করেন তারজন্য বলার কিছু নাই। আমার দু তিনটি কথা বলার আছে। পশ্চিম বাংলায় একটা জিনিষ করেছেন ড্রাই ডে, সেদিন নাকি মাদক দ্রব্য পাওয়া যায় না। আমার অভিজ্ঞতা থেকে বলছি, স্যার দয়া করে যাবেন চৌরঙ্গীতে সেখানে প্রায় প্রত্যেক দিনেই এডালটারেটেড মদ বিক্রী হয় পানের দোকানে বেশী দামে। আপনাদের পুলিশ আছে অন্যান্য ডিপার্টমেন্টের লোক আছে তবু দেখবেন মাদক দ্রব্য সেখানে বিক্রী হচ্ছে। (ফ্রম কংগ্রেস বেঞ্চঃ এটা কি ব্যক্তিগত অভিজ্ঞতা আপনার?) এই ব্যবস্থার জন্য ষ্টেট এক্সচেকারে অনেক টাকা কম হয়, তবু এই এডাল্টারেটেড মদ বিক্রী করছেন না কেন? শেকড় ধরে টানলে অনেক বড় বড় গাছে হাত পড়বে সেজন্যই কি আপনারা এটা করছেন না? মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, গাঁজার চাষ হয় একমাত্র মুর্শিদাবাদ জেলায়, স্বাধীনতার পর দেখা গেল কো-অপারেটিভ ফার্ম করলেন গাঁজা চাষ করার জন্য, যেটা মাননীয় সনৎবাবু বললেন, মিঃ দুবে ছিলেন ইনচার্জ, ওদের দলের চাঁই লোক অত্যন্ত অসৎ লোক, তিনি গাঁজা চাষ করে অনেক টাকা কড়ি পকেটে পুরলেন। আমি তখন ২৬এ ফেব্রুয়ারী ১৯৬৪ সালে, প্রশ্ন করে-ছিলাম মুর্শিদাবাদ জেলায় সমবায়ের মাধ্যমে গাঁজার চাষ সুরু হইয়াছিল কি এবং সুরু হইয়া থাকিলে বর্তমানে এই সমিতি কর্তৃক গাঁজা উৎপাদন হইতেছে কিনা? উত্তর দিয়েছেন (ক) হ্যাঁ। (খ) যদিও উক্ত সমিতি ৪ঠা নভেম্বর ১৯৬৩ তারিখে লিকুইডেশনে গেছে বর্তমান বৎসরে উক্ত সমিতি লাইসেন্স না লইয়াই ২২ বিঘা জমিতে গাঁজার চাষ করিয়াছিল। এই হচ্ছে ব্যাপার স্যার। এই গাঁজার জমি হাইরোডের উপর, বহরমপুর থেকে কিছু দূরে। ২২ বিঘার উপর একটা লিকুইডেটেড কোম্পানী কি করে গাঁজার চাষ করে? প্রশ্ন হচ্ছে এই লিকুইডেটেড কোম্পানীর ডিরেকটার কোন্ হর্তাকর্তা ছিলেন? দ্বিতীয় কথা হচ্ছে তা না হলে ২২ বিঘা জমির উপর গাঁজার চাষ হল আর সরকার জানতে পারলেন না। যখন প্রশ্ন করেছিলাম গাঁজাগুলি কি হল তখন উত্তর দিয়েছিলেন আমরা পাহারা রেখেছি কিন্তু গাঁজা-গুলি শুকিয়ে গেল এবং গাঁজা যখন শুকিয়ে গেল তখন ষ্টেট এক্সচেকার কোন টাকা পেলনা, ট্যাক্স কালেক্টিং প্রতিভু সব বখরা করে নিলেন, এইভাবে কাজ চলছে। আপনারা বলেন কো-অপারেটিভ না হলে কি চলে? এই হচ্ছে কো-অপারেটিভের নমুনা। এখন মনি দুবে আর একটা স্কুলের সম্পাদক তিনি যে স্কুল বিল্ডিং-এর বাবদ বহু পয়সা নিয়েছেন এ সম্বন্ধে বহু অভিযোগ করেছি কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। তিনি যেখানেই যাবেন সেখানেই এই কান্ড করবেন। ডি, এম, খাতাপত্র সিজ করলেন তখন তিনি উত্তর দিলেন খাতাপত্র ছিল আপনাদের

আলমারীর ভিতর, সব নষ্ট হয়ে গেছে। এইভাবে প্রমাণপত্র লোপ করার ব্যবস্থা করলেন, আপনারা সাহায্য করছেন, ২২ বিঘা জমিতে গাঁজার চাষ করল, আমরা বলা সত্ত্বেও আপনারা দেখেননি, যেহেতু আপনাদের দলের লোক। সেজন্য আমি এই গ্রান্টের বিরোধিতা করছি। এবং আমি খুব বেশী প্রহিবিসানের ফেবারে নই তবু এই কথা বলবো ষ্টেট এক্সচেকার-এ যাতে টাকা আসে এবং এর দাম বাড়িয়ে দিয়ে যাতে কম লোকে খায় সেদিকে নজর দেবেন।

—2-5p.m.

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় আবগারী মন্ত্রী ৭১ লক্ষ ৫৯ হাজার টাকা বরাদ্দের দাবী করেছেন। টাকার দিক থেকে খুবই ক্ষুদ্র কিন্তু এই যে ঘৃণিত উপায়ে টাকা সংগ্রহীত হয় নীতিগতভাবে আমি এর তীব্র বিরোধীতা করছি। আমাদের অর্থমন্ত্রী মহাশয় বিধান সভার সদস্যদের সামনে বেতন ও ভাতা বৃদ্ধির প্রলোভন দেখিয়ে অসংগতভাবে বাজেট পাশ করাবার চেষ্টা করেছেন তেমনি আমাদের চিফ হুইপ আবগারি বরাদ্দ সামনে নিয়ে এসে অর্থাৎ মদ, গাঁজা, ভাং বরাদ্দের দাবী প্রথম পাশ করাবার চেষ্টা করছেন। আমি মনে করি এইটাই অশোভনীয়। কংগ্রেস সরকারের কথা একবার বলা দরকার। মহাত্মা গান্ধীর কথা তাঁরা বারবার বলেন, মহাত্মা গান্ধী স্বাধীনতা সংগ্রামে কর্মসূচীর অন্তর্ভুক্ত ছিল মাদক দ্রব্য বর্জন। কিন্তু ১৭ বৎসরের মধ্যে তাঁরা সেটা করেননি। তাঁরা মনে করেছেন রাজস্ব বৃদ্ধির এটাই সর্বোচ্য পথ। আমরা দেখছি যদিও এ বৎসর বরাদ্দ ধরা আছে ৭১ লক্ষ ৬০ হাজার টাকা কিন্তু আমরা দেখছি আয়ের ঘরে রেখেছেন ৯ কোটী ২৭ লক্ষ ৬ হাজার টাকা যার জায়গায়ই লোকসান হয় কিন্তু এখানে লোকসান হয় না। ১৯৬১-৬২ থেকে ৬৩-৬৪ সাল পর্যন্ত ওঁরা এ দপ্তরের আয় করেছেন ৩২ কোটী ৪৯ লক্ষ ৪৯ হাজার টাকা, বর্তমানে এই দপ্তরে খরচ হচ্ছে ২ কোটী ১৬ লক্ষ ১৮ হাজার অর্থাৎ ৩০ কোটী ৩৩ লক্ষ ৩১ হাজার টাকা লাভ করছেন এরচেয়ে আর বড় আয় কোথাও হয়নি। পাব্লিক সেকটর যেখানে হাত দিচ্ছেন সেখানে লোকসান হচ্ছে কিন্তু গাঁজা মদ খেয়ে দেশের লোকের কাছ থেকে মোটা টাকা লাভ করছেন। আমি একটা চিত্র দিলেই বুঝতে পারবেন এই গভর্নমেন্ট কোন পথে চলেছেন। এই যে ৩০ কোটী টাকা আদায় হল এটা কারা দিল, যারা দরিদ্র কৃষক আদিবাসী হরিজন তাদেরই তাড়ি-মদ-গাঁজা-ভাং খাইয়ে তাদের কাছ থেকে আদায় করেছেন। সমগ্র বাংলাদেশে যতগুলি দোকান করেছেন দেখুন? ১৯৬৩-৬৪ সালের হিসাব দিচ্ছি দেশী মদ ৭০২, বিলাতি মদ ৩০৪, গাঁজার দোকান ৬৬৪, সিদ্ধি ৩৩৬, এবং আফিং ৪০৬, এটা হচ্ছে বাংলাদেশের ১৯৬৪ সালের দোকানের হিসাব এবং দেশী মদ ঐ সময় বিক্রি হয়েছে ৬০,৩৬,৩০৯ লিটার, বিলাতি মদ বিক্রি হয়েছে ৩০,৭১,৮২২ লিটার, গাঁজা বিক্রি হয়েছে ১৫,৭৭৩ কিলো। সিদ্ধি হয়েছে ৫,০৯৯ কিলো। এটাই হচ্ছে ওদের বিক্রির হিসাব। এর সঙ্গে যে সমস্ত বেআইনী ধরা পড়েছে সে বে-আইনী সংবাদটা আপনাকে একটু দেওয়া দরকার ১৯৬৪ সালের মধ্যে বে-আইনী গাঁজা ধরা পড়েছে ৫,৭৮৭ কিলো, আফিং ধরা পড়েছে ১৩৯ কিলো, সিদ্ধি ধরা পড়েছে ১,২৩৯ কিলো এবং এঁরা মামলা করেছেন। বর্তমানে এই মামলার সংখ্যা দেখলেই বুঝতে পারবেন যে কি ব্যাপক আকারে এসব কারবার চলছে। মদের জন্য মামলা হয়েছে ৩১,৬৭৯ গাঁজার জন্য মামলা করেছেন ৩,৪৩৩ আফিং ৫৭১, সিদ্ধির জন্য ২৪৩, তাড়ির জন্য ১৬,৪৯৫ এবং অন্যান্য দ্রব্যের জন্য ১৬ হাজার ৯২৭, বে-আইনীভাবে এই যে ঘৃণীত উপায় যে উপায়ে টাকা সংগ্রহ করছেন আজকে, বাংলাদেশের অবস্থা কি আপনারা দেখুন। শুধু এ দৃশ্য নয় সঙ্গে সঙ্গে আমরা জানি যে বিভিন্ন রাজ্য থেকে গাঁজা মদ আফিং ট্রাকে ট্রাকে করে এখানে আসে। কাজেই এই যে হিসাব এটা সম্পূর্ণ নয়। এই দেশের জাতীয় চরিত্র নষ্ট করে এই দেশের অর্থকে অপব্যয় করে এই সরকার টাকা রোজগার করতে চান। একদিন ব্রিটিশ সরকারের আয় ছিল জাতীয় চরিত্র নষ্ট করে চীনেরও এরূপ অবস্থা ছিল সেখানে আফিং খাইয়ে লক্ষ লক্ষ মানুষকে তারা নির্জিব করে রেখেছিল। আজকে আমি বলছি জাতিকে বড় করবার জন্য এঁরা নূতন কোন

প্রোগ্রাম নিন, যাতে জাতীয় চরিত্র বড় হতে পারে, মদ আফিং গাঁজা খাইয়ে জাতীয় চরিত্র বড় হতে পারে না।

Shri Sunil Kumar Das Gupta:

মাননীয় স্পীকার স্যার, ওয়েস্ট বেঙ্গল একসাইজ গ্র্যাণ্টের উপর গতবারও আমি বলেছিলাম যে, আমাদের পশ্চিমবাংলা সরকার কুটির শিল্পে একদম ব্যর্থ হয়েছেন কিন্তু আবগারী বিভাগের কল্যাণে সারা বাংলাদেশে এই কুটির শিল্প আছে। মদ চোলায়ের ব্যবসা কুটির শিল্প হিসাবে বেশ গড়ে উঠেছে। আমি প্রথমে বলতে চাই যে আমাদের সরকার একটা নীতি নিয়েছেন সারা বাংলাদেশে আরো বেশ কিছু নূতন মদের দোকানে লাইসেন্স তাঁরা বিলি করবেন, কারণ বাংলাদেশে যেভাবে মদ চোলাই হচ্ছে সেটাকে বন্ধ করবার জন্য তাঁরা এটা করছেন। কিন্তু তাঁদের প্রশাসনিক দুর্বলতা ও আরো অনেক কারণে তাঁরা এটা দমন করতে পারছেন না। সেজন্য তাঁরা মনে করছেন যে সমস্ত জায়গায় এই বে-আইনী মদ চোলাই হয় ঠিক সেই স্পট-এর উপর মদের লাইসেন্স দেওয়া হয় তাহলে হয়ত বেআইনী মদ চোলাই বন্ধ করা যাবে। কিন্তু আমরা মনে করি সেটা অত্যন্ত অন্যায়, কারণ এই সমস্ত ডেন যদি তা ভেঙ্গে না দিতে পারেন তাহলে সে সমস্ত জিনিস বেরিয়ে যাবে এবং পুলিসের সামনে একটা বিরাট সমস্যা হিসাবে দেখা দেবে। এই প্রসংগে আমি আপনার সামনে একটা মারাত্মক নিদর্শন রাখতে চাই, এই মদের দোকানে লাইসেন্স দেবার ব্যাপারে আমরা জানি গত ১-৪-৬৪ তারিখে সরকার একটা আদেশ জারী করেছিলেন যে কলকাতার উপর আর কোন বারের লাইসেন্স দেওয়া হবে না। কিন্তু আশ্চর্য্যের বিষয় কলকাতা পার্ক ষ্ট্রীট অঞ্চলের তিনটি হোটেলের লাইসেন্স দিয়েছেন,—ট্রিংকা, মোকাম্বো, মুলারো এবং পার্ক ষ্ট্রীট হোটেল নামে আর একটা হোটেলকে মদের লাইসেন্স ব্যবস্থা করে দেওয়া হয়েছে। আশ্চর্য্যের বিষয় যে ঠিক এর সামনে বাংলাদেশের একটা বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান সেন্ট জেভিয়ার্স কলেজ তার অধ্যাপকরা এর বিরুদ্ধে তীব্রভাবে প্রতিবাদ করেছিলেন বিশেষতঃ ৩টা ট্রিংকা, মোকাম্বো এবং মুলারো-র বিরুদ্ধে এবং আমাদের বিধান সভার সদস্য নরেন্দ্র সেন এবং মিস্ পি, ম্যান্টাল সেই ক্যালকাটা একসাইজ লাইসেন্সিং বোর্ড-এর সভা, সেই ক্যালকাটা একসাইজ লাইসেন্সিং বোর্ড-এতে প্রতিবাদ করেছিলেন কিন্তু আশ্চর্য্যের ব্যাপার পুলিস অফিসার মিঃ বাগচীর উদ্যোগে আমাদের মন্ত্রী মহাশয়ের ইচ্ছার বিরুদ্ধে সরকারী আদেশ অবমাননা করে ঐ ৪টা হোটেলের জন্য বারের লাইসেন্স ব্যবস্থা তিনি করলেন। এই হচ্ছে আমাদের প্রশাসনিক অবস্থা যেখানে অফিসার-এর ইচ্ছাই সাধিত হয় মন্ত্রীর ইচ্ছা কিছুই নয়। আমি এই প্রসংগে আমার নিজের এলাকার কথা বলতে চাই, কুচবিহার থানার ৫০ গজের মধ্যে বেআইনী মদ চোলাই হচ্ছে আমি নিজে সেই একসাইজ লাইসেন্সিং বোর্ড-এর মেম্বার আমি সেই একসাইজ লাইসেন্সিং বোর্ড-এ অভিযোগ করেছি এস, পি, ও ডি, সি-র সামনে যে পুলিশ ব্যারাক-এর সামনে বে-আইনী মদ চোলাই হয়। আজকে পুলিশ ব্যারাকের সহযোগিতায় এবং নিজেদের বিভাগীয় অকর্মণ্যতার জন্য আপনারা এই সমস্ত মদ চোলাই বন্ধ করতে পারলেন না। আপনাদের রাজস্ব বাড়ছে, শাসন চালাতে গেলে রাজস্বের দরকার আছে ঠিক কিন্তু ঠিক যে পদ্ধতিতে রাজস্ব আদায় করছেন এ মদের ব্যাপার নিয়ে সে পদ্ধতি সম্পর্কে আমার কিছু বক্তব্য আছে।

2-50—3 p.m.]

যে কথা আমার পার্টির পূর্ববর্তী বক্তা কানাইবাবু বলে গেছেন—সে কথার আমি পুনরাবৃত্তি করতে চাচ্ছি যে বেআইনী মদ চোলাইয়ে যা খরচ হয়—আর আপনারা মদের যা ডিউটি করেছেন তার মধ্যে এতো ফারাক যে আমাদের দেশে বেকার সংখ্যা বেড়ে গেছে কর্ম সংস্থানের আয়ের জন্য কিছু সংখ্যক লোক এই বে-আইনী মদ চোলাইয়ের ব্যবসার মধ্যে নিজেদের নিয়োগ করেছেন। আজকে যদি আপনারা এই ডিউটি কমিয়ে দেন এবং এই চোলাই মদের যা দর তার কাছাকাছি এনে দিতে পারেন তাহলে দেখবেন কনজামসন বেড়ে যাবে এবং রাজ্যের যে রাজস্ব ঘাটতি হবে ~~বলে মনে করছেন~~—কনজামসন বেড়ে যাবার জন্য সেই ঘাটতি পূরণ হয়ে যাবে—এই সঙ্গে আমি আরও একটা কথা বলবো—সেটি হচ্ছে আমাদের উত্তরবঙ্গে ভুটানের মধ্যে

কয়েকটি ডিসটিলারী রয়েছে—ভূটানের ডিউটি কম সেই মদের দর এতো সস্তা কিন্তু সীমান্ত প্রহরী এবং একসাইজ দপ্তরের কর্মচারীদের সহযোগিতায় হাজার হাজার সস্তা মদ সমস্ত পশ্চিমবঙ্গে আসছে—এতে আমাদের রাজ্য অত্যন্ত ক্ষতিগ্রস্ত হচ্ছে—এই কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Iswar Das Jalan: Mr. Speaker, Sir, I have heard honourable members of the Opposition who have opposed this Grant. I find that in the Opposition there is no life. Though they say prohibition should be done, very few of them have said something about the necessity of prohibition. Rather they have dwelt more upon the subject of illicit distillation than upon prohibition. There is no lip sympathy even on the side of the Opposition on the question of prohibition. That is the greatest difficulty why prohibition cannot be enforced. Prohibition as a matter of principle is accepted by everybody; there is none who will say that prohibition should not be effected. There is none who can say that drinking is a good thing. In spite of its baneful effect the fact stands that drinking is indulged in by a large section of the people. We have now become more Anglicised than we were during the British regime. It appears that this evil is increasing according to the rate at which we are becoming more and more Anglicised. Prohibition has been tried in Bombay and in other countries. Unfortunately it could not succeed. That is why we have got to go slow; we have to create public opinion against drinking. Unless and until public opinion is created prohibition is bound to fail. We have decided that we are going to spend about Rs. 5 lakhs next year and, if necessary, more money will be available in order to start some sort of a temperance movement and to persuade people to give up drinking on a voluntary basis. My friend criticised the increase in contingencies from Rs. 2 lakhs to Rs. 7 lakhs. It will be seen that out of this Rs. 5 lakhs for temperance is included under the Contingency head. On one side we want to educate people towards temperance; on the other side we have got to make our licit liquor dearer to discourage drinking. We want to make it more costly for people to have liquor.

In order to remove illicit distillation a suggestion comes that we should decrease taxes, and make it more convenient for people to drink. As a matter of fact, there are two ways of drinking—one is when a man purchases country liquor without violating the law and the other is when a man procures liquor by violating the law. The argument is that we should make it more possible for people legally to drink than it is possible for them illegally to drink. That is an argument we can hardly support. The position is that whenever a man wants to break law, he must be prepared to suffer for it. You know that even the Indian Penal Code prescribes hanging for murder but murder has not ceased to exist. The position is that mere law cannot prevent the crimes being committed. But in a matter like prohibition to make licit liquor available more and more to the people is rather a very harmful and dangerous theory meaning thereby that we make it possible for a man without violating law to drink more liquor. That is a policy which the Government is not prepared to accept. On the other hand, we are trying our utmost in order to make illicit distillation impossible. It is always very difficult because the machinery for illicit distillation is not very difficult. Moreover, there are tribal people and certain areas in which it is impossible to stop it completely. Moreover, it is done in a place where it is difficult to stop it. The Government does not claim that it is possible to completely stop it, but the Government does claim that it will make all possible efforts to make it as difficult as possible

for illicit distillation to go on. That is the only policy which the Govei ment can adopt not that by removing or reducing the taxes to make peoj drink more and more. Moreover, my friend should remember that in o State 14 lakh gallons of alchohol is required for drinking and 92 lakh gallo are required for industrial purposes and it is not very difficult to conve this industrial alchohol into country spirit. When in the market you w find that 92 lakh gallons of alchohol are freely being used for industri purposes, it becomes all the more difficult to absolutely stop it. Therefoı the Government has asked for a revision of the Bill which is pending befo the House to provide for more stringent punishments. We are reorganisir the whole department in order to start a campaign against illicit distill tion more effectively.

[3—3-30 p.m.]

There are certain administrative difficulties such as supply of som conveyance and other things which the Government is looking into. S far as the prohibition principle is concerned, Tek Chand Committee Repoı is going to be discussed at the Chief Ministers' Conference shortly in Ne Delhi and an all-India policy will have to be devised. As soon as th policy is enunciated and decided upon we shall consider as to how far w are going to implement it. But so far as the principle is concerned the are no two opinions about it. We are quite willing to have prohibitio if it is possible, even by losing the income that we get if we can reall effect it. But to lose the income without effecting prohibition is rather very unwise step, and that is the reason why the Government has not ye decided upon complete prohibition. But I am not in a position to say a to what the policy will ultimately be unless and until the Planning Com mission and the Government of India formulate the all-India policy.

Something has been said about corruption. Corruption is an independen item which is not peculiar to a particular department or peculiar to particular Body. That is an independent thing to be considered as to ho far we can remove corruption. My friends are fully aware that efforts ar being made in this direction to combat corruption.

So far as the issue of licenses is concerned, my friends have said some thing. The position is that an advertisement is made and pursuant to tha applications are received. Those applications are considered by the Addi tional District Magistrate. He makes his recommendations and he has t give reasons as to why a particular license has been given to a particula man and why that license has not been given to others, who have got th right to appeal from his decision to the Excise Commissioner and then t the State Government. They have also got a right to go to the Higl Court in certain cases. Therefore, the room for corruption is far less ir the case of granting of licenses.

With regard to the question of fine it was said by somebody that the fine is small. I may tell the House that these fines are only for offences which are compounded by the Department and not by the Court. Whatever fines are imposed in a court, they go to the Department of Administration of Justice and not to the Department of Excise. There are minor irregularities committed by the licensees and the Department compounds their offences instead of cancelling their licenses, and what is appearing under the Head "Fine" is the amount which is realised by compounding those offences. This is the broad factor which we have to bring to your notice.

Something was said about some of the new licenses in the Park Street area. These licenses were recommended by the Licensing Board and were

supported by the Tourist Department of the Government of India. As a result, these licenses had to be given on the ground of tourism.

These are the few things which I have to mention. I don't think I should take more time of the House.

With these words, Sir, I oppose all the cut motions.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sunil Kumar Das Gupta that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sunil Kumar Das Gupta that the demand of Rs. 71,59,000 for expenditure under grant No. 3, Major Head: "10-State Excise Duties", be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand of Rs. 71,59,000 for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excise Duties" be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

NOES—89

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri

NOES

Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Dinabandhu
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Dhar, Shrimati Charushila
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hemram, Shri Kamala Kanta
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar

NOES

Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Noronha, Shri Clifford
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Roy, Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Wangdi, Shri Tenzing

AYES—37

Banerjee, Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jagat
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharyya, Dr. Aboni
Chakravarty, Shri Haridas
Das, Shri Gobardhan
Das, Shri Shambhu Gopal
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Halder, Shri Adhar Chandra
Halder, Shri Hrishikesh
Hamal, Shri Bhadra Bahadur
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan

AYES

Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Thakur, Shri Shreemohan

The Ayes being 37 and the Noes 89, the motion was lost.

The motion of Shri Iswar Das Jalan that a sum of Rs. 71,59,000 b granted for expenditure under Grant No. 3, Major Head: "10-State Excis Duties" was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

Non-official Resolutions

[3-30—3-40 p.m.]

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শুক্রবার আমি যে নন-অফিসিয়াল রিজলিউসান এনেছিলাম সেট এই ছিল যে

"This Assembly is of opinion that the State Government should be requested to release all political leaders and workers now detained unde Defence of India Rules within different jails of West Bengal."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের ১৭ জন কমিউনিষ্ট নেতাকে অক্টোবর মাসে গ্রেপ্তার করে বিনা বিচারে আটক করে রেখেছেন। তারপর আপনি জানেন আমাদের কমিউনিষ্ট পার্টির সমস্ত ভারতবর্ষের শীর্ষ স্থানীয় নেতাদের এবং কর্মীদের গ্রেপ্তার করে জেলের মধ্যে আবদ্ধ করে রাখা হয়েছে এবং আমাদের এই পশ্চিমবঙ্গে আজ পর্যন্ত ১৮০ জন কমিউনিষ্ট পার্টির কর্মী এবং নেতাদের গ্রেপ্তার করে জেলের মধ্যে আটক করে রাখা হয়েছে এবং আপনি এটা নিশ্চয়ই জানেন এই গ্রেপ্তারের কোন কারণ দেখান হয়নি এবং এদের বিরুদ্ধে আজ পর্যন্ত কোন মামলা দায়ের করা হয়নি, ডি আই আর ৩০ অনুযায়ী বিনা বিচারে এদের আটক করে রাখা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটাও জানেন যে শুধু কমিউনিষ্ট পার্টির নেতাদের এবং কর্মীদের গ্রেপ্তার করা হয়েছে তা নয়, ফরওয়ার্ড ব্লকের কর্মীদের এবং নেতাদের গ্রেপ্তার করা হয়েছে। অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে আমাদের ভারতের কমিউনিষ্ট পার্টির সপ্তম কংগ্রেস নভেম্বর মাসের প্রথম সপ্তাহে কলকাতায় অনুষ্ঠিত হয়েছিল এবং সেই সপ্তম কংগ্রেসের আগে আমাদের ১৭ জন কমিউনিষ্ট পার্টির নেতাকে এবং কর্মীকে গ্রেপ্তার করে রাখা হল। তারপর ১ মাস যেতে না যেতেই আরো হাজার হাজার কর্মীকে সারা ভারতবর্ষে এবং পশ্চিমবঙ্গেও প্রায় ১৮০, জন নেতা এবং কর্মীকে গ্রেপ্তার করা হল। নন্দজী এখন এই কথা বলছেন যে আমাদের সপ্তম কংগ্রেসে নাকি অনেক নাশকতামূলক, অনেক অন্তর্ঘাতমূলক কার্যকলাপের সিদ্ধান্ত হয়েছে। আমি বলতে চাই যে সিদ্ধান্ত হবার আগে পার্টি কংগ্রেসে প্রস্তাব গৃহীত হওয়ার আগে কেন এ'দের গ্রেপ্তার করা হল এবং এই এক মাসের ভেতর কি অন্তর্ঘাতমূলক নাশকতামূলক কার্যকলাপ হল তার

কোন প্রমাণ তার কোন তথ্য কোন যুক্তি নন্দজী দেখাতে পারছেন না। আমি মনে করি নন্দজী যে সমস্ত কথা বইয়ের মধ্যে লিখেছেন তা সর্বৈব মিথ্যা, কল্পনা প্রসূত এবং কমিউনিস্ট পার্টিকে হেয় প্রতিপন্ন করবার জন্য একটা মিথ্যা প্রচার ছাড়া আর কিছু নয়। নন্দজীর যদি সাধ্য থাকে, হিম্মত থাকে, কংগ্রেস গভর্নমেন্টের যদি সাধ্য থাকে তাহলে তাঁদের বিচারালয়ের সামনে উপস্থিত করুন, তাঁদের বিরুদ্ধে অভিযোগের জন্য মামলা করা হোক এবং সেই অভিযোগের বিচার করা হোক এই প্রস্তাব আমি তাঁর কাছে রাখছি। যদিও জানি যে নন্দজী যে কথা বলেছেন তা সম্পূর্ণ অসত্য কুৎসামূলক সেজন্য তাঁদের কোর্টে হাজির করার মত হিম্মত নন্দজীর নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে যে সমস্ত ব্যক্তিদের গ্রেপ্তার করা হয়েছে তার মধ্যে আমাদের এই বিধান সভার ১৫ জন সদস্য আছেন এবং দু'জন কাউন্সিলের সদস্য আছেন এবং আর যাঁদের গ্রেপ্তার করা হয়েছে তাঁদের মধ্যে আমাদের পার্টির বিভিন্ন জেলার যাঁরা নেতৃস্থানীয় কর্মী তাঁরা সকলেই আছেন, জেলা কমিটির যাঁরা নেতৃস্থানীয় কর্মী তাঁরা সকলেই আছেন এবং ছাত্র সংগঠন, শ্রমিক সংগঠন, কৃষক সংগঠন, বিভিন্ন সংগঠনের যাঁরা সত্যিকারের আসল কর্মী তাঁদের সকলকে গ্রেপ্তার করে রেখে দেওয়া হয়েছে। যাঁদের গ্রেপ্তার করা হয়েছে তাঁদের মধ্যে আছেন আমাদের ৭৫ বছরের বৃদ্ধ জননায়ক কমরেড মুজাফ্ফর আমেদ। আপনারা সকলেই জানেন এই কমরেড মুজাফ্ফর আমেদ যিনি বাল্যকাল থেকে বৃটিশ শাসনের বিরুদ্ধে লড়াই করে এসেছেন যার জন্য বৃটিশ সরকার তাঁকে বার বার কারান্তরালে প্রেরণ করেছে, যার জন্য বৃটিশ সরকার তাঁর বিরুদ্ধে বিরাট ষড়যন্ত্র করে তাঁকে দিনের পর দিন জেলে আবদ্ধ করে রেখেছিল সেই মুজাফ্ফর আমেদের দেশপ্রেম সম্বন্ধে ভারতবর্ষ কেন পৃথিবীর জনসাধারণের কোন সন্দেহ নেই। তারপর আছেন সতীশ পাকড়াসি যিনি ছিলেন অগ্নিযুগের বিপ্লবী নেতা যিনি বৃটিশ সরকারের বিরুদ্ধে দেশের মধ্যে বিপ্লবী শক্তিকে সংহত করে বৃটিশ সরকারকে খতম করবার চেষ্টা করেছেন এবং যাঁর জীবনের বেশীর ভাগ সময় জেলের মধ্যে কেটেছে। তারপর আছেন হরেকৃষ্ণ কোনার যিনি দীর্ঘদিন আন্দামান জেলে আবদ্ধ ছিলেন এবং যিনি দীর্ঘদিন যাবত বৃটিশ সরকারের বিরুদ্ধে আন্দোলন করে এসেছেন। এঁদের মধ্যে আছেন সুবোধ চৌধুরী, যিনি চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের বীর নেতা ছিলেন, এবং যিনি মাত্র ১৬ বছর বয়সে বৃটিশ সরকারকে খতম করবার জন্য গুলি বারুদ চালিয়েছিলেন একলা, তাঁদের মধ্যে আছেন প্রমোদ দাশগুপ্ত যিনি বৃটিশ সরকারের বিরুদ্ধে আজীবন সংগ্রাম করেছেন, তাঁদের মধ্যে আছেন নিরঞ্জন সেন যিনি অগ্নিযুগের বিপ্লবী নেতা; তাছাড়া তাঁদের মধ্যে আছেন আমার জেলার অমিয় রায় যিনি চিরদিন জেলা কংগ্রেস কমিটীর সেক্রেটারী ছিলেন। এই সমস্ত লোককে সরকার গ্রেপ্তার করে আটকে রেখেছেন। যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের মধ্যে বেশীর ভাগ অংশ বৃটিশ সাম্রাজ্যবাদকে এদেশ থেকে হটাবার জন্য, দেশকে স্বাধীন করবার জন্য লড়াই করেছিলেন এবং আজও তাঁরা দেশের জনসাধারণের জন্য লড়াই করে আসছেন। এই ধরনের লোকেদের এঁরা আবদ্ধ করে রেখেছেন কারান্তরালে বিনা বিচারে, তাদের বিনা অপরাধে। এঁদের অপরাধ কী? না, এঁরা কম্যুনিষ্ট, এঁরা রাজনৈতিক কর্মী, এরা জনসাধারণের স্বার্থ নিয়ে সংগ্রাম করেন।

ভারতবর্ষের সংবিধানে একথা উল্লেখ আছে যেকোন লোক দল করতে পারে, পার্টি করতে পারে, মিটিং করতে পারে, সভা করতে পারে। সমাবেশ করতে পারে এবং ভারতবর্ষের সরকারকে পরিবর্তন করতে পারে তাতে তার কোন অপরাধ নাই। একথা আপনার কংগ্রেস সরকারের সংবিধানে ভালভাবে লেখা আছে। আমাদের পার্টি কংগ্রেসে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে আমাদের এই সরকার যেহেতু ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতি শ্রেণী, ভারতবর্ষের জমিদার শ্রেণী যারা, তাদের স্বার্থ রক্ষা করে চলছে, সেই হেতু এই কংগ্রেস সরকার আমাদের জনগণের স্বার্থের অনুকূলে কোন কাজ করতে পারছে না। সেই জন্য এই সরকারের অন্যায় নীতির বিরুদ্ধে, জনস্বার্থ বিরোধী নীতির বিরুদ্ধে আমরা জনসাধারণকে সংঘবদ্ধ করবো, ঐক্যবদ্ধ করবো এবং তার বিরুদ্ধে সংগ্রাম করবো এটা যেকোন নাশকতামূলক কার্যকলাপের বা অন্তর্ঘাতমূলক কোন প্রস্তাব এই পার্টি কংগ্রেসে নেওয়া হয় নাই। বিদেশী শক্তির অনুকূলেও কোন প্রস্তাব নেওয়া হয় নাই। সেই সঙ্গে সঙ্গে আমরা এটাও প্রস্তাব নিয়েছিলাম যে আমাদের লক্ষ্য হচ্ছে কম্যুনিজম এবং সোস্যালিজম। আপনি জানেন স্যার, পৃথিবীর ⅓ অংশে আজ

কম্যুনিজ্‌ম্‌ এবং সোস্যালিজ্‌ম্‌ প্রতিষ্ঠিত হয়েছে এবং আমাদের এই কংগ্রেস নেতারা আজ বাধ্য হয়ে সোস্যালিজমের কথা বলছেন। সুতরাং আমি মনে করি আমাদের পার্টি কংগ্রেসে যে সিদ্ধান্ত হয়েছে, সেটা কোন অন্যায় সিদ্ধান্ত নয়, কোন নাশকতামূলক সিদ্ধান্ত নয়, কোন অন্তর্ঘাতমূলক সিদ্ধান্ত নয়, সেই সিদ্ধান্ত ভারতবর্ষের জনগণের সম্পূর্ণ অনুকূল একটি সিদ্ধান্ত। জনস্বার্থের সম্পূর্ণ অনুকূল একটি সিদ্ধান্ত। কিন্তু আমাদের কংগ্রেস সরকার তার মধ্যে কি দেখলেন? এই কংগ্রেস সরকার যাঁরা তিন তিনটী পঞ্চবার্ষিক পরিকল্পনা করেছেন, যাঁরা আজ ১৫ থেকে ১৬ বছর ধরে দেশ শাসন করছেন, কিন্তু আজ পর্যন্ত দেশের জনগণের কোন মঙ্গল তাঁরা করতে পারছেন না। তাই আজ দেখতে পাচ্ছি জিনিষপত্রের দাম হু হু করে বেড়ে যাচ্ছে। আমরা দেখছি বেকার সমস্যা দিন দিন প্রবল থেকে প্রবলতর হচ্ছে। আজ আমরা দেখছি বিদেশী পুঁজি আমাদের দেশে প্রবলভাবে বৃদ্ধি পাচ্ছে। আজ আমরা দেখছি একচেটিয়া পুঁজিপতিদল তারা দিনের পর দিন আরো বড় থেকে অধিকতর বড়লোক হচ্ছেন। আমরা দেখছি জাতীয় আয়ের বেশীর ভাগ অংশ আজকে দেশের মুষ্টিমেয় পুঁজিপতি দল, চোরাকারবারীর দল, জমিদারদের দল তাঁরা ভোগ দখল করছেন। আমরা আরো দেখছি আমাদের জনগণ কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত তারা নিষ্পেষিত হচ্ছে। এখনো ভূমিসংস্কার হয় নাই, চাষী জমি পায়নি। আজকে শ্রমিকের কর্মচারীর মাগ্‌গীভাতা বাড়েনি। মাইনে বাড়েনি। তাদের ছাঁটাই থেকে রক্ষা করা যায়নি এবং দেশের জনগণেরও কোন মঙ্গল হয় নাই, উন্নতি হয় নাই।

[3-40—3-50 p.m.]

ছাত্র, শিক্ষকরা আজ বিক্ষুব্ধ। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি দেশের কতিপয় একচেটিয়া পুঁজিপতি, চোরাকারবারী, কিছু জমিদার, কংগ্রেস ভক্ত এবং উপরের স্তরের লোক ছাড়া দেশের বাকী জনসাধারণ আজ বিক্ষুব্ধ, অসন্তুষ্ট এবং এটা ভারতবর্ষের এবং বাংলাদেশের প্রত্যেকের কথা। এই কারণে আমরা দেখি গত কয়েক বছর যাবত দেশের জনগণ প্রচণ্ডভাবে সংগ্রাম সুরু করেছে। কেরালা, গুজরাট, মাদ্রাজ, বোম্বে এবং পশ্চিমবাংলায় উচ্চ মূল্য প্রতিরোধ করবার জন্য শ্রমিক, সাধারণ মানুষরা সাধারণ ধর্মঘটে যোগ দিচ্ছেন। আমরা দেখেছি ২০শে মে তারিখে, ২৫শে মে তারিখে পশ্চিমবঙ্গ বিক্ষুব্ধ হোল এবং তারপর কেরালায় ভারত বন্ধ আন্দোলন হোল, তারপর গুজরাট বন্ধ, মহারাষ্ট্র বন্ধ এবং এইভাবে সমস্ত জায়গায় আন্দোলন হোল। আমরা দেখলাম কেরালায় এমন অবস্থা হোল যে মন্ত্রিসভার পতন হোল এবং এঁরা রাষ্ট্রপতির শাসন কায়েম করতে বাধ্য হোল। এই সমস্ত প্রশ্ন নিয়ে দেশের জনগণ আজ বিক্ষুব্ধ, অসন্তুষ্ট এবং তারা স্থানীয় ময়দানে এসে লড়াইয়ের জন্য সমবেত হচ্ছে, লড়াইয়ের মধ্য দিয়ে বিক্ষোভ প্রকাশ করছে। তবে শুধু এই সমস্ত জিনিসই যে হচ্ছে তা নয়, শাসকদলের মধ্যেও চরম সংকট দেখা দিয়েছে। কেরালায়, উড়িষ্যায়, উত্তরপ্রদেশে শাসকশ্রেণীর মধ্যে চরম সঙ্কট দেখা দিয়েছে এবং কংগ্রেসের মধ্যেও তাঁদের নীতি নিয়ে নানাবিধ প্রশ্ন উত্থাপিত হতে সুরু হয়েছে। তারপর, স্যার, এঁরা কেরালায় এবং কোলকাতায় ইলেকসন ঘোষণা করলেন। আমরা জানতাম কংগ্রেস যদি ন্যায়সঙ্গতভাবে নির্বাচন করত তাহলে ৪।৫টার বেশী আসন তাঁরা কেরালায় পেতেন না। কিন্তু যেহেতু তাঁরা মাইনরিটিতে পরিণত হবেন সেইজন্য ঐক্যবদ্ধভাবে এগুতে লাগলেন এবং মনে মনে ভাবলেন কংগ্রেসকে জিততেই হবে, কংগ্রেসকে বাঁচাতে হবে। কোলকাতায় কর্পোরেশনের ইলেকসন যখন এগিয়ে এল তখন তাঁরা ভাবলেন কোলকাতার জনসাধারণকে পশ্চিমবঙ্গ সরকার যেরকম দুর্ভাগ্যের মধ্যে ফেলেছেন তাতে কোলকাতায় তাঁদের পক্ষে আসন রাখা, ক্ষমতা রাখা সম্ভব হবেনা। তাই তাঁরা ফ্রন্টের অন্যতম সংগঠন কমিউনিষ্ট পার্টিকে দুর্বল করে, তাঁদের উপর দমন নীতি চালিয়ে, তাঁদের সম্পর্কে কুৎসা রটনা করতে আরম্ভ করলেন। ১৯৬২ সালে আমাদের যখন গ্রেপ্তার করা হয়েছে তখন আমাদের পার্টি সম্বন্ধে চরম কুৎসা রটনা করা হয়েছে এবং আমাদের পার্টিকে ভাগ করবার জন্য গভর্ণমেণ্ট থেকে অনেক চেষ্টা করা হয়েছে। আমাদের পার্টি যে ভাগ হয়েছে সেটা আমাদের ঘরোয়া ব্যাপার।

Mr. Speaker:

আপনি এরকমভাবে বললে রেজলিউসন পুট করবার সময় থাকবে না।

Shri Gour Chandra Kundu:

,৯৬২ সালে আমাদের সম্বন্ধে যে কুৎসা প্রচার করা হোল তাতে কোন ফল হোলনা এবং ামরা দেখলাম কমিউনিস্ট পার্টি পশ্চিমবাংলায় তাদের আসন সুপ্রতিষ্ঠিত করেছে, কেরালায় ক্তি বৃদ্ধি করেছে। তাই দেখলাম ৭৫তম কংগ্রেসের প্রাক্কালে আমাদের নেতাদের গ্রেপ্তার রবার জন্য, কমিউনিষ্ট পার্টিকে দুর্বল করব'র জন্য সরকার ষড়যন্ত্র করছেন। স্যার, এঁদের বচার করবার সৎসাহস নেই এবং যে আইন সংবিধান বিরোধী, সুপ্রিম কোর্ট যাকে নাকচ রেছে সেই আইনে আমাদের গ্রেপ্তার করা হয়েছে। তাই আমি আশা করি এই আইন সভা াঁদের মুক্তির জন্য সুরিশ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাবেন।

Shri Somnath Lahiri:

ননীয় স্পীকার মহাশয়, গৌরবাবু যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করি। না বিচারে যাদের আটক করে রাখা হয়েছে তারা যে শুধু গৌরবাবুদের দলের লোক তা নয়, ামি উদাহরণস্বরূপ দেখাতে পারি অন্য লোকও আছে। যাদের আটক করা হয় তাদের বিরুদ্ধে ফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রয়োগ করার কারণ দেখান হয় যে, এ'রা দেশরক্ষার বিরোধী এবং নের সমর্থক। স্যার, বাগনান অঞ্চলে চাকুর গ্রামে ১৯৬২।৬৩ সালে কংগ্রেসী এম, পি, র্ণেন্দু খাঁর প্ররোচনায় ৫টি স্কুলের ছাত্রকে এই বলে গ্রেপ্তার করা হয়েছে যে তারা নাকি হেরুর পোস্টার, নেহেরুর প্রতিকৃতি পুড়িয়ে ছাই করে দিয়েছে। জিনিসটা এইভাবে সারা রতবর্ষে প্রচার করা হোল এবং আনন্দবাজার পত্রিকা সোল্লাসে প্রচার করল যে, বাগনানের কুর গ্রামে পণ্ডিত নেহেরুর প্রতিকৃতি পুড়িয়ে চীনকে ডেকে নিয়ে আসছে।

তার প্রচারের ফলে আমরা দেখলাম চীনা রেডিও থেকে প্রচারিত হল, তাদের প্রচার করবার বিধা করে দেওয়া হল যে ভারতবর্ষে পণ্ডিত নেহেরু বিরোধী বিপ্লব আরম্ভ হয়ে গেছে। গনানে নেহেরু প্রতিকৃতি পোড়ান হয়েছে, এই অজুহাতে বাগনানের সমস্ত কমিউনিষ্টদের পর বে-আইনী আক্রমণ চলল। তারপর যে ৫টি স্কুলের ছেলে ছিল তাদের বিরুদ্ধে দুবছর রে মামলা চলল এবং দুবছর পরে তারা বে-কসুর খালাশ পেল। একজনের বিরুদ্ধেও অপরাধ মাণ হল না। তারা যেহেতু কমিউনিষ্ট পার্টির লোক সেজন্য তাদের কষ্ট দেবার জন্য প্রচণ্ড ষ্ট করা হল। দ্বিতীয়তঃ এমন মূর্খ এরা যে কমিউনিষ্টদের সাবাড় করার আগ্রহে চীনাদের চার করার সুবিধা করে দিলেন যে বাংলাদেশে এমন অঞ্চল আছে যেখানে সরকার বিরোধী প্লব আরম্ভ হয়ে গেছে। চীনাদের পক্ষ থেকে একথা বলার সুযোগ করে দিলেন।

তারপর তারা যখন খালাশ পেল তখনও তাদের রেহাই নেই। কংগ্রেস এম-পি পূর্ণেন্দু খাঁর রুদ্ধে তার গ্রামবাসী অনেকেই বিরোধিতা করে সেজন্য তাদের বিরুদ্ধে অত্যাচার চলে এবং ত্তরঞ্জন হাজরাকে পূর্ণেন্দু খাঁর প্ররোচনায় গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে মামলা করার সাহস ই, তাকে বিনা বিচারে আটক করে রেখেছিলেন ১৯৬৪ সাল থেকে। তারপর আর একটা াহরণ—সত্য চন্দ মুর্শিদাবাদের তাঁকেও একই অভিযোগে গ্রেপ্তার করা হয় এবং স্থানীয় ডল কংগ্রেসের প্ররোচনায় মামলা করা হয়, বহরমপুর সেসন কোর্ট থেকে খালাশ পায় এবং লাশ পাবার পর তাঁকে বিনা বিচারে আটক রাখেন আজও মুক্তি দেওয়া হয়নি। গোপী হা সাউথ দমদম মিউনিসিপ্যালিটির কমিশনার তার বিরুদ্ধে দু বছর ধরে মামলা চালান হচ্ছে, ফেন্সের বিরুদ্ধে তিনি নাকি প্রচার করেছেন অথচ তিনি একজন মিউনিসিপ্যালিটির মিশনার, ডিফেন্স ফাণ্ডে লোকেরা যাতে চাঁদা দেন সেই প্রস্তাব তিনি সমর্থন করেন এবং দেশ ক্ষার জন্য প্রচার করেছেন, আন্দোলন করেছেন। তবু দুবছর ধরে তাঁদের মামলায় জড়িয়ে খা হয়েছে, এইতো অবস্থা।

তারপর আমাদের যে সমস্ত কমিউনিষ্ট বন্ধু বেরিয়ে পাল্টা পার্টি করেছেন, সেই কমিউনিষ্ট র্টির বন্ধুদের অনেককে বে-আইনীভাবে আটকে রেখেছেন যাদের উল্লেখ গৌরবাবু করেছেন। সম্বন্ধে আমরা ভেবেছিলাম যে নন্দজী দেশের সামনে প্রমাণ ট্রমাণ দিয়ে ভাষণ দিয়ে এক ণ্ড ঘটিয়ে দেবেন, ধমকিয়ে বললেন হোয়াইট পেপার দেব, অনেক কিছু বলার আছে। বেশ, ই দিন, কিন্তু তার বদলে করলেন কি একটা ষ্টেটমেন্ট হোয়াইট পেপারের বদলে পর্বতের

মূষিক প্রসব হল, এবং এই ষ্টেটমেন্টের ভিতর এমন কিছু খুঁজে পাওয়া গেলনা যাতে এটা প্রমাণ হতে পারে যে এই সমস্ত রাইভাল পার্টির লোকেরা ভারতবর্ষে চীনাদের পক্ষে কোন সংগ্রাম করছে। তবে এদের গ্রেপ্তার করা হয়েছে কেন? এরা বলছে ডিফেন্সের প্রতি তাদের যে এ্যাটিচিউড সেজন্য। সে সম্পর্কে আমি বলবো এ নিয়ে ১৯৬২ সালে তাদের একবার গ্রেপ্তার করেছিলেন তারপর ১৯৬৪ সালে তাদের ছেড়ে দিলেন স্বভাবতঃই এই সিদ্ধান্ত করা যায় তাদের ডিফেন্সের প্রতি যে এ্যাটিচিউড সেটা ক্ষতিকর মনে করেননি, এক বছরে তাদের সম্বন্ধে আপনারা নিশ্চিত হয়ে গেলেন যে তাদের দ্বারা কোন ক্ষতি হওয়ার সম্ভাবনা নাই তাই তাদের ছেড়ে দিলেন। আজকে নূতন করে এটা কেন? তবু ১৯৬২ সালে কথা ছিল তখন চীনাদের সঙ্গে যুদ্ধ চলছিল, আজকে তাদের ছেড়ে দিয়ে সেই পুরানো কাসুন্দী ঘেঁটে ১৯৬২ সালে যে যুদ্ধ থেমে গেছে সেই যুদ্ধের নাম নিয়ে গ্রেপ্তার করার কোন কারণ নাই। এইমাত্র কারণ হচ্ছে যেমন করেই হোক কংগ্রেস বিরোধী যারা তাদের গ্রেপ্তার কর নয় মামলায় ফাঁসাও নইলে সুযোগ পেলে গুলি কর।

[3-50—4 p.m.]

আমি নন্দজীর হোয়াইট পেপার পড়লাম কিন্তু তিনি সেখানে তাদের গোপন কার্যকলাপ বলে যে সমস্ত অভিযোগ করেছেন তার কোন প্রমাণ দেননি তিনি শুধু এ্যাসার্ট করেছেন। এখন নন্দজী যদি এ্যাসার্ট করেন অমুক জায়গায় এরূপ হয়েছে তাহলে আমাকে গ্রেপ্তার হয়ে জেলে চিরকাল বাস করতে হবে, তাহলে দেশে আমার থাকার ভরসা কি? নন্দজী আমাদের বিরুদ্ধ পার্টি, তিনি নিজের খেয়াল খুশীমত জেলে ভরে দিলেই হল আমাকে চোর বলে জেল খানায় গিয়ে জেল খাটতে হবে তাঁর ইচ্ছামত, তাহলে এদেশে স্বাধীনতা গণতন্ত্র কোন কিছুই থাকে না।

তারপর নন্দজীর প্যামপ্লেট আমি পড়লাম তার একটা প্রধান অভিযোগ হচ্ছে এই আমাদের রাইভাল কম্যুনিষ্ট পার্টিরা চীনের আন্তর্জাতিক নীতি অনুসরণ করেন। চীনের কম্যুনিষ্ট পার্টি তথা চীনের সরকারের পৃথিবীর বিভিন্ন ব্যাপার সম্বন্ধে বিভিন্ন রকমের নীতি আছে। পৃথিবীর বিভিন্ন ব্যাপারে চীনের কমিউনিষ্ট পার্টির যে নীতি যদি কেউ অনুসরণ করে তাহলে সেটা কি একটা অপরাধ? চীনের কমিউনিষ্ট পার্টি যদি বলে আপনাদের এই ভাবে বিপ্লব আনয়ন করতে হবে তারসঙ্গে একমত নাও হতে পারি, কিন্তু সে মত যদি কেউ পোষণ করেন তাহলে তাদের জেলখানায় দিতে হবে সেটা আমাদের পেনাল কোডে কোথাও নেই। আমাদের গণতন্ত্র সম্বন্ধে এতদিন পর্যন্ত যে ধারণা ছিল তার মধ্যেও নেই। সুতরাং চীনের নীতি তাঁরা পৃথিবীর ব্যাপারে অনুসরণ করুন এটা একটা অপরাধ হল তাহলে তো দেশের মধ্যে কেউ কোনদিন স্বাধীনভাবে রাজনৈতিক কোন মতামত ব্যক্ত করতে পারবেনা।

তারপর আমি বলবো সে অভিযোগও সত্য নয়। ধরুন আপনি চাইনীজ রেডিও তখন থেকে আজ পর্যন্ত শোনেন তাহলে শুনবেন তারা বলেছেন যে ভারত সরকার হচ্ছেন ফ্যাসিস্ট সরকার, প্রতিদিন পিকিং রেডিও থেকে একই কথা বলা হয়। বাগনানের সময় থেকে আজো তারা বলছে, ভারত সরকার নেহেরু সরকার ইজ এ ফ্যাসিস্ট গভর্নমেন্ট কিন্তু গৌরবাবু যে পার্টির সভ্য সে পার্টির দলিল পত্র আমি পড়ে দেখেছি তাঁরা কোন জায়গায় এ কথা বলেন নি যে ভারত সরকার ফ্যাসিস্ট সরকার, ভারত সরকারের বিরুদ্ধে অনেক অভিযোগ আছে, সে আমরাও বলে থাকি অনেকেই বলে থাকেন হয়ত কেউ কারুর চেয়ে কড়া হতে পারেন, কিন্তু চীনের লাইন যে ভারত সরকার ইজ এ ফ্যাসিস্ট গভর্ণমেণ্ট তারা সে লাইন মোটেই গ্রহণ করেননি। তাদের যে সমস্ত রাজনৈতিক প্রস্তাব গৃহীত হচ্ছে তা ছাপা অক্ষরে আছে আপনারা পড়তে পারেন। তারা চীনের লাইন অনুসরণ করে আসছেন ভারত সরকার থেকে এই কথা যদি বলা হয় অন্যায় হবে। সর্বশেষে আমি বলব গৌরবাবুরা কমিউনিষ্ট পার্টিকে দ্বিধা বিভক্ত করে আলাদা পার্টি গঠন করেছেন সেটা খুবই দুঃখের কথা। তাদের মতের সঙ্গে আমাদের প্রচণ্ড পার্থক্য আছে, তাদের সংগঠনের নীতিকে আমি অত্যন্ত ক্ষতিকর বলে মনে করি কারণ তারা ভারতবর্ষের কমিউনিষ্ট পার্টিকে দুই টুকরো করেছেন ভারতবর্ষের শ্রমিক শ্রেণীর শক্তিকে দুই টুকরো করে তাকে ভেঙ্গে দিয়ে তাদের বিরুদ্ধবাদীদের কংগ্রেস ও ধনিক শ্রেণীর সুবিধা করে দিয়েছেন বলে আমি বলবো। কিন্তু আমি বলবো তাদের মতের সঙ্গে

আমাদের মতের প্রচণ্ড পার্থক্য থাকা সত্ত্বেও আমি মনে করিয়ে দেব একজন প্রসিদ্ধ ফরাসী মনিষী ভলটেয়ার বলেছিলেন

"I may detest what you say, but I will defend with my life your right to say so."

তাদের মতের সংগে আমাদের প্রচণ্ড পার্থক্য থাকতে পারে, কিন্তু সেইমত তাদের বলবার অধিকার কেই রক্ষার জন্য আমি তাঁদের সংগে প্রত্যেকটা গণতান্ত্রিক জনসাধারণের সংগে মিলিত হয়ে সে মত প্রচার করবার অধিকারের জন্য সংগ্রাম করতে প্রস্তুত আছি। এবং সেজন্য আমি বলব তাদের বিনা বিচারে গ্রেপ্তার করে রাখার কোন অজুহাত নেই—হয় তাদের বিচার করে অপরাধী প্রমাণ করুন না হয় এক্ষুনি মুক্তি দিন।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে যে প্রস্তাব মাননীয় সদস্য গৌরবাবু উত্থাপন করেছেন এবং সেই সংগে মাননীয় সদস্য নিখিল দাস ও ননী ভট্টাচার্য্য মহাশয় যে সংশোধনী উত্থাপন করেছেন আমি সে সংশোধনীর সংগে মূল প্রস্তাবকে সমর্থন করছি। তিনি বলেছেন

Whereas the Government could not satisfy the House as to the propriety of its action.

তারপর মৌলিক প্রস্তাব যেটা আছে সেট'কেও সমর্থন করছি। আজকে যে প্রশ্ন উঠেছে, সেটা কিন্তু ঠিক আজকের দিনে কনটেস্টে কমিউনিষ্ট পার্টি সোসালিস্ট পার্টি, ফরোয়ার্ড ব্লক, আর, এস পি কি জনসংঘ কি স্বতন্ত্র এই ভাবে যদি প্রশ্ন আমরা দেখি তাহলে আমাদের চিন্তাধারার তফাৎ হবে এবং আলোচনা অবজেকটিভ হবে না এই প্রশ্ন মূল প্রস্তাবের সংগে জড়িত। কারণ এটা মূল নীতির প্রশ্ন গণতান্ত্রিক প্রশ্ন। এই বিধানসভায় যখন চীনের সাম্রাজ্যবাদী আক্রমণের কথা নিয়ে সুরু হয়েছিল এবং যখন একটার পর একটা অঞ্চল থেকে ভারতবর্ষ পরাজিত হতে আরম্ভ করলো এবং ভারতীয় সৈনিকরা পরাজিত হতে লাগলো এবং হিমালয়ের শুভ্র তুষার শৃংগে আমাদের জোয়ানদের রক্তে লাল হতে লাগলো তখন ভারতবর্ষ উদ্বিগ্ন হয়েছিল, সেদিন আমরা কোন দলের কথায় নয়, প্রধান মন্ত্রীর কথায় নয় সমগ্র দেশের মানুষ তার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল সে চ্যালেঞ্জকে মোকাবিলা করবার জন্য এক প্রস্তুতিও হচ্ছিল। যে দিন এ প্রস্তাব প্রথম এই হাউসে এসেছিল সেদিন আমরা বলেছিলাম এবং ডিটেনসানকে সমর্থন করেছিলাম। তখন আমি আমার বক্তব্যে বলেছিলাম

It should be taken as lending our liberties for an extraordinary investment

তখন দেশের বিপদের অবস্থা ছিল। দীর্ঘ ২ বৎসর অতিক্রান্ত হয়ে গেছে অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। আজকে ডি আই আর-এ যাদের বিনা বিচারে ধরে আটক রাখা হয়েছে সেটা কি আদৌ গণতান্ত্রিক? আমি প্রসঙ্গক্রমে বলতে চাই নন্দজী যে পুস্তিকা বার করেছেন সেটা আমি পড়েছি। অন্তত সে পুস্তিকার খসড়া প্রস্তাব থেকে এই হাউসের অনেকের স্মরণ থাকতে পারে, আমি সেদিন বলেছিলাম এনিয়ে আলোচনার জন্য। কিন্তু প্রশ্ন হচ্ছে আপনারা মনে করেন যাদের ধরে রাখা হয়েছে তারা এক শ্রেণীর লোক চীনের অনুকূলে কাজ করছেন দেশের স্বার্থের বিরুদ্ধে কাজ করছেন, দেশকে বিদেশীদের কাছে বিক্রী করছেন মীরজাফরের চক্রান্ত করছেন তাহলে আপনারা তাদের যে ৬ মাস, ১ বৎসর ও ২ বৎসর জেলে আটক রেখে ছেড়ে দিলেন, তাদের কোন ট্রায়াল হলনা এটা হাইট্রিজন রাষ্ট্রদ্রোহিতার চেয়ে বড় অপরাধ মানুষের আর কি হতে পারে তা হলে তো তাকে বিনা বিচারে না গিয়ে শাস্তি দিতে হয় আপনারা শাস্তিত দিচ্ছেন না এবং আণ্ডার ট্রায়াল হিসাবে রেখে ট্রায়াল করছেন না তাদের প্রিভেনটিভ ডিটেনসান হিসাবে নিরাপত্তামূলক ব্যবস্থা হিসাবে আপনারা জেল খানায় আটক রাখলেন এবং আটকে রেখে জীবনের মূল্যবান সময় কেবল কয়েদী হিসাবে কাটিয়ে দিতে দিচ্ছেন। জেলের বাহিরে এসে তারা আর পথ সমর্থন করতে পারে না এটা অত্যন্ত গর্হিত ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। আমি এখানে একটা নীতির কথা বলেছি কারণ যখন এদের মধ্যে কতগুলি থিয়োরিটিক্যাল প্রবলেম

রয়েছে তখন তাই আমি মনে করি হাউসের কনসিডার করা উচিত ভাবছিলাম আসলে প্রশ্ন দাঁড়িয়েছে নন্দজীর হোয়াইট পেপার। সেটা পড়লেই বোঝা যাবে

What are the limits to our freedom of speech or freedom of action.

সংবিধানের ১৯ ধারায় যে দুইটী মৌলিক অধিকার যাদের সংরক্ষিত করা হয়েছে। তাহলে প্রশ্ন হচ্ছে এই যে ২টা মূল প্রশ্ন বাক্ স্বাধীনতা ও কার্য্যের স্বাধীনতা এবং স্বাধীনতায় সারা দেশে চলা ফেরার যে স্বাধীনতা আছে সেই ১৯ ধারা সেই স্বাধীনতা যে সংরক্ষিত হচ্ছে তার সীমা লিমিটস কি কি, এইভাবে পয়েন্টস্‌গুলো আপনার কাছে রাখতে চাই প্রথমতঃ

There should be guarantee of substantive legal rights and of fair orderly judicial procedure. This presupposes guaranteeing traditional personal justice. Secondly, guilt is always personal and cannot be attributed to the holding of an opinion or mere intent in the absence of overt acts. Thirdly, whether the words spoken or articles written created a clear and present danger.

[4—4-10 p.m.]

সেখানে ডিটেনসনের প্রশ্ন আসতে পারে। আজকে এই তিনটি দিক থেকে যদি বিচার করি—আজকে ক্লিয়ার এন্ড প্রেজেন্ট ডেনজার—আমি এখানে বলছি আজকে ক্লিয়ার এবং প্রেজেন্ট ডেনজার সম্বন্ধে এই হাউসের কাছে আমাদের রাজ্য সরকার কোন রকম এভিডেন্স রাখে নি এবং এখানে ননীবাবু যে সংশোধনী প্রস্তাব দিয়েছেন যেহেতু তাঁরা আমাদের স্যাটিসফাই করতে পারেননি সেই হেতু ডিটেনসন সম্পূর্ণ অগণতান্ত্রিক এবং অন্যায় বলে আমি মনে করি। আমি শেষ কথা বলছি—এটা আমাদের দেশের সমস্যা শুধু নয়, আমেরিকাতেও এই প্রশ্ন উঠেছিল সেখানে আন-আমেরিক্যান এ্যাক্টিভিটির নাম করে যখন তখন লোককে ধরা হয়েছিল—এই উইচ হান্টিং সুরু হয়েছিল এবং সেখানে চীফ জাষ্টিস ওয়ারেন-এর বিরুদ্ধে তীব্রভাষায় নিন্দা করেছিলেন যে গণতন্ত্রকে রক্ষা করতে গেলে এই আন-আমেরিকান এ্যাক্টিভিটির নাম করে যদি এইভাবে লোককে কারারুদ্ধ করা হয় তাহলে গণতন্ত্র শেষ হয়ে যাবে এবং তার আগেও আমেরিকার ইতিহাস আমি দেখছিলাম জাষ্টিস হোমস—তিনি আমেরিকার একজন বিখ্যাত বিচারপতি ছিলেন—তিনি যে কথ বলেছিলেন তাঁর কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি। এটাকে বলা হয় জাষ্টিস হোমস ক্লাসিক্যাল ভিউ

"It is only the present danger of immediate evil or an intent to bring it about that warrants Congress in setting a limit to the expression of opinion. When men have realised that time has upset many figthing faiths they may come to believe even more than they believe the very foundation of their own conduct that the ultimate good is better reached by free trade in ideas, that the best test of truth is the power of the thought to get itself accepted in the competition of the market, and that truth is the only ground upon which their wishes safely can be carried out. That at any rate is the theory of your Constitution."

এবং যদি আমরা

If we transfer our attention from action to thought then democracy would be in danger and jeopardised.

সুতরাং আজকে এই যে চেষ্টা হচ্ছে—আমার কাজকে সমালোচনা না করে আমার চিন্তায় কি ভাবছি, আমি স্বপ্ন কি দেখছি—এই রকম একটা স্বপ্ন এবং সেটা যদি ভারত সরকারের স্বার্থ বিরোধী হয় তাহলে ডি আই আর হতে পারে। সুতরাং আজকে যে প্রস্তাব এই হাউসের কাছে এসেছে আমি সেটা সংশোধনী সমেত সমর্থন করছি, এবং আমি মনে করি যে এই সরকারের উচিত এ সম্বন্ধে যাদের আটকেছেন তাদের হয় আদালতে নিয়ে গিয়ে অভিযোগ দিয়ে প্রমাণ করে শাস্তি দিন তাতে সমগ্র দেশ সেটা মেনে নেবে—আর তা নাহলে তাদের বিরুদ্ধে যদি অভিযোগ না থাকে তাহলে শুধু হেরাসের ভিত্তিতে দীর্ঘ দিন আটক রাখতে পারেন না। আমি অবশ্য বলছি আমি যখন এই প্রস্তাব সমর্থন করছি তখন আমাদের দেশের সার্বভৌমত্ব ন্যাশন্যাল

ইণ্টারেণ্ট সম্বন্ধে আমি সব সময় সচেতন এবং আমার জাতীয় স্বার্থকে কোন রাজনৈতিক দলের হাঁড়িকাঠে কোন রকম পলিটিক্যাল থিওরীর অল্টারে বলি দিতে চাই না—কিন্তু আমি বলি এই প্রশ্নটাকে ঐভাবে না দেখে গণতন্ত্রের মৌলিক নীতির ভিত্তিতে বিচার করে বিনা বিচারে আটক বন্দীদের যেন আমরা ছেড়ে দিই।—

Shri Nepal Chandra Roy:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে যে নন-অফিসিয়াল রেজলিউসন এসেছে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস তুলে নেবার জন্য আমি তার ঘোর বিরোধীতা করি। এবং আমার বিরোধীতার সমর্থনে আমি কয়েকটা কথা আপনার মাধ্যমে সদস্যদের সামনে রাখছি। স্যার, গৌরবাবুর বক্তৃতায় তিনি বিধান সভার সদস্য—বিধান পরিষদের সদস্য বা অন্যান্য জায়গায় ইমপটেন্ট ওয়ার্কারদের যাদের ধরা হয়েছে তাদের স্তুতিগান তিনি করলেন যে এরা বৃটিশ আমলে ইংরাজের সঙ্গে সংগ্রাম করেছে—এটাও কেন তিনি বল্লেন যে এই সমস্ত লোকরা ১৯৪২ সালে ইংরাজের পা চাটা গোলাম-গিরি করেছে। স্যার, আমি তাই বলি মানুষ যখন উল্টো রাস্তায় চলে তখন নিশ্চয়ই সরকারের উচিত—তাকে সংযত করা। আজকে যে কারণে সমস্ত মানুষকে আটকে রাখা হয়েছে স্পষ্টভাবে নন্দজী তার হোয়াইট পেপারে দিয়েছেন এবং আমি এটা জোর করে বলতে পারি যখন নাকি ১৯৬২ সালে পার্লামেণ্টের প্রেসিডেণ্ট ডিক্লেয়ার করলেন যে চীন ভারত আক্রমণ করেছে ভারতবর্ষের মানুষ সজাগ হও এই শত্রুকে রুকতে হবে আমাদের তদানীন্তন প্রাইম মিনিষ্টার পণ্ডিত জওহরলাল নেহেরু সারা ভারতবর্ষের মানুষকে আহ্বান করলেন যে চীন ভারত আক্রমণ করেছে তোমরা এগিয়ে চল ভারতবর্ষের সম্মান রক্ষা কর ভারতমাতাকে তোমরা উঁচু করে রাখ -তখন এ জায়গাতে দাঁড়িয়ে বিরোধী দলের নেতা বলে যিনি নিজেকে পরিচয় দেন তিনি বলেছিলেন যে চীন যে আক্রমণ করেছে তার প্রমাণ কি? পার্লামেণ্টে দাঁড়িয়ে ভারতের প্রেসিডেন্ট যখন একথা বলছেন তাঁরও কথার মূল্য নেই—ভারতবর্ষের প্রাইম মিনিষ্টার যখন বলছেন তাঁর কথারও কোন মূল্য নেই—অর্থাৎ চোখে যে জিনিস দেখিনি সে কথার কোন দাম নেই এটা হচ্ছে ওঁদের যুক্তি। আমি তাই একথা বলি যে সব জিনিসের প্রমাণ থাকে না। আমি যদি একজায়গায় চুপচাপ একজন মানুষকে কিছু কথা বলি তার প্রমাণ পাওয়া যায়না। আমাদের দেশের আইন বলে যে এক হাজার দোষী লোক ছাড়া পেয়ে যাক কিন্তু একজন নির্দোষী লোক যেন সাজা না পায়—এই হচ্ছে আমাদের ভারতবর্ষের আইন। যদি আমরা এদের আইনের মাঝখানে আনি তাহলে হয়তো এরা আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যাবে—সেজন্য আজকে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস-এ এই সমস্ত যারা নাকি এন্টি ইণ্ডিয়ান একটিভিটিজ চালাচ্ছে যারা চীনের সঙ্গে মিশে ভারতবর্ষকে চীনের কাছে বিক্রি করবার চেষ্টা করছে তাদের নিশ্চয় ডি আই আর-এ আটক রাখতে হবে এর মধ্যে কোন সংশয় নেই। স্যার, সব থেকে বড় জিনিস—দুঃখের কথা—যখন নাকি এদেশে চালের দাম ৪০।৫০।৬০ টাকায় দাঁড়িয়ে গেল ওরা তখন একটি কথাও বলেন নি যে এই চোরাকারবারীদের তোমরা আটকাও- যখন আমরা আটকালাম এই ডিফেন্স অব ইন্ডিয়া রুলে ওরা কোন জায়গায় মিটিং করে একটা কথাও বলে নি যে তোমরা চোরাকারবারীদের আটকেছো সেজন্য তোমাদের ধন্যবাদ—যখন সরকার রেশনিং পন্থা প্রবর্তন করলেন তখন ওঁরা একটা কথাও বলেননি যে সরকার তোমরা রেশনিং প্রথা প্রবর্তন করে ভাল করেছো। ওরা কখনও দেশের মানুষের ভাল চায় না—ওরা চীনের মানুষকে ভালবাসে—তাই ঐ চীন ঘেঁসা নীতি নিয়ে ওদের গায়ে তেলাপোকার গন্ধ হয়েছে ২৪ ঘণ্টা তেলাপোকা খেয়ে। স্যার, একটা কথা আমাদের গৌর কুণ্ডু মহাশয় বললেন যে পার্টি কংগ্রেস হবার আগে কেন নেতাদের ধরে নিয়ে যাওয়া হোল। স্যার, এদের ড্রাফ্‌ট থিসিস তৈরী করেছিল তিন জন লোক—একজন এই সভার সদস্য অপোজিসন পার্টির লিডার তিনি ছিলেন আর দুটো লোক ছিল তাঁদেরও একজন এই সভার সদস্য আর একজন বাইরের লোক। স্যার, ড্রাফ্‌ট থিসিস তৈরী হয়েছে কেউ জানে না ঐ তিন জন ছাড়া কিন্তু পার্টি কংগ্রেস হবার আগে। আমি জানতে চাই সরকারের কাছে যে ঐ দুজন লোক ধরা পড়লো—আর একজন কেন ধরা পড়লো না—তাকে কি পুলিশ স্পাইং করার জন্য ঐ পার্টির মধ্যে ধরা হলনা। ড্রাফ্‌ট থিসিস যখন নাকি পুলিশের হাতে রয়েছে তখন কেন একজনকে ধরা হোল না এই প্রশ্ন কমিউনিষ্ট পার্টির কাছেও আমি করতে চাই যে এর কারণ কি? কি কারণে তাদের ধরা হোল আর একে ধরা হোল না স্যার, আমাদের রুশের

বন্ধু লাহিড়ী মহাশয় বললেন মতের অমিল থাকা সত্ত্বেও চীনপন্থীদের সঙ্গে আমাদের ঝগড়া থাকা সত্ত্বেও নীতিগত বিরোধ থাকা সত্ত্বেও আমরা ডিফেন্স অব ইন্ডিয়া রুলস সাপোর্ট করি না—এটা উইথড্র করা হোক। এবং যা যুক্তি দিলেন তা অত্যন্ত ছেলেমানুষী যুক্তি—যার মতের সঙ্গে আমাদের মিল নেই যে দল আজকে সারা ভারতবর্ষের মানুষকে বিপদাপন্ন করবার চেষ্টা করছে—সারা ভারতবর্ষের স্বাধীনতাকে যারা নাকি বিক্রি করবার চেষ্টা করছে পয়সার বিনিময়ে, সেই দালালদের তিনি সমর্থন করলেন। এটা অত্যন্ত লজ্জার কথা। তিনি হয়তো রাজনীতি করবার জন্য ওঁদের দল ভাঙ্গাবার জন্য একথা বল্লেন।

[4-10—4-20 p.m.]

কিন্তু নীতিগতভাবে তিনি কখন একথা বলেন কি যে যাঁরা নাকি দেশের শত্রুতা করছে চীনের সঙ্গে যোগাযোগ রেখে। যাঁরা নাকি ভারতবর্ষকে বিক্রী করবার চেষ্টা করছে তাঁদের আমি সমর্থন করবো। যে আইনে তাঁদের আজকে ধরে রাখা হচ্ছে, যে আইনের বলে আজকে আমরা ভারতবর্ষের স্বাধীনতা রক্ষা করছি সেই আইনকে আজকে তুলে দেবার প্রশ্ন কখনই উঠতে পারে না। এটা অন্ততঃ আমি মনে করি যে ভারতবর্ষের কোন মানুষ যাঁরা নাকি ভারতবর্ষকে ভালোবাসে, সে মানুষেরা কখনই একথা চিন্তা করতে পারেনা যে ভারতবর্ষ চীনের গোলাম হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে এঁদের এই কথাই বলতে চাই যে তোমরা যে নন-অফিসিয়াল রেজলিউশান এনেছ সেটা উইথড্র করে নাও। তা নাহলে তোমরা দেখবে যে ভারতবর্ষের মানুষ তোমাদের শান্তিতে থাকতে দেবে না। আজ এঁরা বলেছেন কোলকাতা কর্পোরেশনের কথা—কলকাতা কর্পোরেশনে তোমাদের ময়দানে শুইয়ে দেবো আমরা। আমরা তোমাদের প্রতিটি অঞ্চলের জামানত বাজেয়াপ্ত করে দেবো। আজ আমি একথা এখানে দাঁড়িয়ে বলে যাচ্ছি। অন্ততঃ উত্তর কোলকাতায় তোমাদের একবারে কবর রচনা হয়ে যাবে। তোমাদের যাঁরা যাঁরা মহানেতা আছেন তাঁদের সব এক জায়গায় কবর দেবো। স্যার, আমি তাই বলছি নন্দজী যে কথা বলেছেন. (গোলমাল) স্যার, ওটা ওই রাস্তায় যেগুলো ঘেউ ঘেউ করে ওটা তাদের মধ্যে একজন। ওটাকে একটু চুপ করতে বলুন। স্যার, আমি তাই বলছি (গোলমাল)

Shri Birendra Narayan Ray:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আমাদের দেখিয়ে বললেন, বিশেষ জন্তুর মত ঘেউ ঘেউ করছে। এটা কি আনপার্লিয়ামেন্টারী কথা নয়?

Mr. Chairman:

না, এটা আন-পার্লিয়ামেন্টারী কথা নয়।

Shri Khagendra Kumar Roy Choudhury:

তাহলে স্যার, এ্যাসেম্বলীতে এই সব কথা বলা চলবে তো? এটা এলাউড?

Mr. Chairman:

ঘেউ ঘেউ কথাটা আপনাদের দিক থেকে আগে ইউজড হয়েছে।

Shri Nepal Chandra Roy:

তাই আজকে আমি বলি, এরা আজকে বড় দেশপ্রেমিক হয়েছে। কে, কবে ইংরাজ আমলে জেল খেটেছে সেটা পকেট মেরে না স্বদেশী করতে গিয়ে সেটা আমরা দেখিনি। যখন আমাদের জ্ঞান হয়েছে, আমরা দেখেছি, ওই ১৯৪২ সালে যখন আমরা এখান থেকে ইংরাজকে তাড়াবার চেষ্টা করছি, মহাত্মা গান্ধী যখন বললেন "ইংরাজ কুইট ইন্ডিয়া" তখন এই দালালের দলরা কি করেছিল এখানে যাঁরা উপস্থিত আছেন সকলেই দেখেছেন। এই দালালের দলেরা তখন রেশনের লাইনে গিয়ে টিকিট বিলি করতো, দেশের লোককে গিয়ে বলতো, ভাই এক টাকা দাও ইংরাজকে যুদ্ধের জন্য সাহায্য করতে হবে। লজ্জা করে না, এঁরা আবার দেশপ্রেমিক? যখন দেশের

াধীনতার জন্য সংগ্রাম করছে সারা দেশের মানুষ, তখন নাক উঁচু করে এরা বলেছে ইংরাজকে াহায্য কর। ইংরাজ চলে গেছে এখন চীনের দালালি করছে। এদের রক্ত দূষিত হয়ে গেছে। ীন চলে গেলে এরা হয়ত আবার অস্ট্রেলিয়ার দালালি করবে, হয়ত জাপানের দালালি করবে। াই আমি বলছি, ডি আই আর নিশ্চয়ই থাকবে। ভারতবর্ষের মানুষকে বাঁচিয়ে রাখবার জন্য, াঁদের স্বাধীনতাকে বাঁচিয়ে রাখবার জন্য। যে যতই বলুক ডি আই আর রাখতেই হবে। সঙ্গে ঙ্গে একথাও আমি বলি, ডি আই আর-এর অপব্যবহার যেন না হয়। এটা যদি করা হয় তাহলে ন্যায় হবে। তাই আমি বলব চীনাদের প্রতি যে ডি আই আর ব্যবহার হবে, আমাদের ওই েশপ্রেমিক বিরোধী বন্ধুদের প্রতি সেই ডি আই আর যেন না ব্যবহার হয়। কারণ হেমন্তবাবুর ল আমরা দেখছি, এঁরা হচ্ছেন রুশপন্থী, ওঁরা হচ্ছেন চীনপন্থী, আর এঁরা হচ্ছেন মার- িনপন্থী আর ওঁরা হচ্ছেন কোচিন পন্থি। তার মানে এঁরা চীনের সঙ্গে কো-অপারেশন্ রে। এদের মধ্যে মারচীন বা অন্যান্য দেশপ্রেমিক দল যাঁরা আছেন তাঁদের কখনই ডি আই ার-এ ধরা উচিৎ নয়। আমাদের দেশে ক্রিমিন্যাল ল' অনেক আছে, দরকার হয় নূতন করে ার একটা করে নিন, কিন্তু এই এক সঙ্গে ব্র্যাকেট করবেন না। তার মানে এই দেশপ্রেমিকদের ঙ্গে আর ওই দেশদ্রোহীদের সঙ্গে। কারণ তা করলে অত্যন্ত অন্যায় করা হবে। তাই ামি মুখ্যমন্ত্রীকে বলব, প্রয়োজন হলে নূতন আইন করে নিন, সেই আইনে শুধু দেশদ্রোহীদের রুন। অন্য লোককে ধরলে তাঁদের মনে সন্দেহ আসবে, তাঁরা সমর্থন করতে পারবে না। যেমন েমন্তবাবু বা কাশীবাবুর মত লোককে ডি আই আর-এ ধরলে সেটা অত্যন্ত দৃষ্টিকটু হয়। সইজন্যই আমি বলছি যে এই ডি আই আর-এ শুধু ওই দেশদ্রোহী চীনপন্থিদের ধরুন ন্য কোন লোককে নয়। এই বলে আমি নন-অফিসিয়াল রেজোলিউশান-এর ঘোর বিরোধীতা রছি এবং ডি আই আর-কে সমর্থন করছি। সব শেষে এই কথাই বলি, চাইনিজ এ্যাগ্রেসন তদিন থাকবে ততদিন ডি আই আর থাকবেই থাকবে।

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that in line 1, after the words "to move that" the following be inserted, viz:—

"Whereas the Government could not satisfy the House as to the propriety of its action,".

মাননীয় চেয়ারম্যান মহাশয়, গলা গায়ের জোরে এই নীতিকে ধ্বংস করা যায় না, এই কথাটা যদি নেপালবাবু জানতেন তাহলে এত চেঁচাতেন না। আজ আমি যে সংশোধনী স্তাবটা এনেছি সেটা আগে পড়ে দিয়েছি তারপর আমি বলছি যে ডি আই আর-এ গ্রেপ্তার, এই নিয়ে বহু বিতর্ক এখানে হয়ে গিয়েছে। এমন কি, এই রকার এই আইন সভার গোপন অধিবেশন ডেকেও—যেটা আমার প্রস্তাবছিল এক সময় তাঁরা টা ধরতে পারেননি বা বলতে পারেননি যে এই এই কনক্রিট চার্জেস্ এই এই তথ্য পাওয়া গিয়েছে। র আগে ট্রেজারী বেঞ্চ থেকে বলা হয়েছিল বহু কনক্রিট তথ্য তাঁদের আছে যার ফলে নেককে ধরা হয়েছিল। কিন্তু কোন কনক্রিট তথ্য তাঁরা দিতে পারলেন না, যার ফলে তাঁদের ছড়ে দিলেন। তারপর কেন্দ্র থেকে চেষ্টা হতে লাগল—নন্দজী বলতে আরম্ভ করলেন যেসব াংঘাতিক তথ্য এই চীনাপন্থিদের সম্বন্ধে বেরিয়েছে। আমার বক্তব্য হচ্ছে, সেরকম সাংঘাতিক থ্য যদি থাকে দেশদ্রোহীতার নজীর বা ডিফেন্স অব ইন্ডিয়া-এর ব্যাপারে সেখানে তাঁরা ন্তর্ঘাতি কাজ করেছে এরকম অভিযোগ বা তথ্য থাকে তাহলে আপনারা অন্ততঃ একটা ক্ষেত্রে াধারণ বিচারালয়ে বিচার করবার সৎসাহস দেখান। এটা শুধু আমার কথা নয়, আমাদের েশের যাঁরা সবচেয়ে ধনকুবের, তাঁদের যে মুখপাত্র স্টেটসম্যান কাগজ, যাঁরা সব সময় গভর্ণমেণ্টকে মর্থন করেন তাঁরা পর্যন্ত ডি আই আর-এর মত একটা স্পেসাল লেজিসলেসন-এ এত ব্যাপক- াবে গ্রেপ্তার পছন্দ করেন না। তাঁরা আরও মন্তব্য করেছেন যে গভর্নমেন্ট যে যুক্তি দেখাচ্ছেন সটা ঠিক নয়। এরকম একটা মন্তব্য বামপন্থী মহল থেকে উঠেনি। এমন কি যাঁরা উগ্রদেশ- প্রমিক বলে গর্ব করেন ওই আনন্দবাজার, যুগান্তর কাগজগুলি,—যাঁরা উগ্র দেশপ্রেমের নামে কটা প্রতিক্রিয়াশীল অন্ধতা জাগাবার চেষ্টা করছেন, তাঁরাও এই এ্যারেষ্ট প্রসঙ্গে কেন্দ্রীয়

সরকার যে কৈফিয়ৎ দিয়েছেন তাকে যথেষ্ট বলে মনে করেন না। তাঁরা একথাও বলেছেন এই এ্যারেষ্টটাকে বামপন্থী কম্যুনিষ্টদের তরফ থেকে যদি এর কোন প্রচার হয় যেমন কেরালার বা কর্পোরেশনের নির্বাচনে বা এখানে সেখানে তাহলে সেটা পাবলিক-এর ধরবার ঠিকমত যুক্তি কেন্দ্রীয় সরকার দিতে পারেননি। সুতরাং ব্যাপারটাকে লঘু করে দেখার জিনিষ নয়। এই হাউসে তাঁরা কনভিন্স করতে পারেননি। দেশদ্রোহীতার অপরাধে একজনকেও তাঁরা প্রকাশ্য বিচারালয়ে বিচারের জন্য পাঠাতে পারেননি। সেই জন্যই বলছি, এটা আমরা দেখেছি, ডি আই আর-এর অপব্যবহার বার বার হচ্ছে। এই প্রসঙ্গে অতীতের নজীর ছাড়াও বহু ঘটনার কথা বলা যায়। শুধু এঁদের কথা নয়, ফরোয়ার্ড ব্লক-এর কর্ম্মীরা পর্যন্ত ডি আই আর-এ এ্যারেস্ট হয়ে আছে। তাঁদের সম্বন্ধে কি দেশদ্রোহীতার নজীর আছে বুঝতে পারা যাচ্ছেনা। সোমনাথ-বাবু কয়েকটা নজীরের কথা বললেন। সেখান থেকেও বোঝা যাচ্ছেনা যে কি অবস্থা। সেই জন্য আমরা পরিষ্কারভাবে একথা বলতে চাই যে ডি আই আর কেন? ডি আই আর-এ কি দেশরক্ষা হবে, না দেশরক্ষার বনিয়াদ জনসাধারণের স্বতঃস্ফূর্ত সহযোগিতা এবং সমর্থনের উপর দাঁড়িয়ে দেশ রক্ষার দিকে এগুতে হবে। লোকের অধিকার হরণ করে কি দেশরক্ষা হবে? যদি তাই হয় তাহলে বলতে হবে সরকার দুর্বল। সরকার পাপ, অন্যায় করে চলেছে। যার ফলে সে গণ সমর্থন পাচ্ছে না এবং প্রতি পদে পদে সে মনে করছে যে তার বিরুদ্ধে চারিদিকে ষড়যন্ত্র বড় হয়ে উঠেছে। সেই দুর্বলতা আজকে গভর্ণমেণ্টকে পেয়ে বসেছে। অবশ্য তা স্বাভাবিক, আজ বড় লোকের স্বার্থকে দেশ রক্ষার স্বার্থ বলে বাজারে চালানোর চেষ্টা হচ্ছে।

[4-20—4-30 p.m.]

যারা দেশকে লুণ্ঠন করছে শোষণ করছে দেশকে অধঃপাতের চরম সীমায় নামিয়ে দিচ্ছে ব্যবহারিক দিক থেকে হোক নৈতিক দিক থেকে হোক তাদের স্বার্থকে সব চেয়ে বড় করে ধরে এই সরকার দেশ রক্ষার নাম করে ডি আই আর চালাবার চেষ্টা করছেন। তাদের গায়ে আঙ্গুল দেওয়ার কোন ক্ষমতা তাঁদের নেই। দেশ রক্ষার প্রশ্নে যা যা করার দরকার ছিল—ব্যাংককে ন্যাশানালাইজ করা, বিদেশী মূলধন সংযত করা, চোরাকারবারীদের দেশ থেকে উচ্ছেদ করা যারা বার বার বাধা সৃষ্টি করছে দেশ গঠনের কাজে অর্থনৈতিক দিক থেকে দেশকে মজবুত করা, তা তাঁরা করেন নি। বৈষয়িক উন্নতির পথে যারা অন্তরায় সৃষ্টি করছে সেই অসাধু ব্যবসায়ীদের আপনারা ছেড়ে রেখে দিয়েছেন। দেশ রক্ষা বললে দেশ রক্ষা হয়ে যায় না, দেশ রক্ষা হয় জন সহযোগিতার উপর, দেশ রক্ষা হয় জন সমর্থনের উপর, জনসাধারণের অধিকারকে বিস্তৃত করে তার উপর দাঁড়াতে হয়, দেশ রক্ষা অন্যভাবে হয় না। ডি আই রুলস দেশ রক্ষার পক্ষে মঙ্গলদায়ক রুলস নয়। এই ডি আই রুলসের বিরুদ্ধে বহু আন্দোলন হয়েছে, আমরা বার বার বলেছি যে এর অপপ্রয়োগ হয়েছে। সুতরাং সেই দিক তাকিয়ে আমি দাবি করছি যদি কোন তথ্য থাকে যদি কোন স্পেসিফিক চার্জ থাকে তাহলে আপনারা তাদের ডি আই রুলসে না আটকিয়ে তাদের প্রকাশ্য আদালতে প্রকাশ্য বিচারের ব্যবস্থা করুন এবং করে আপনাদের এই সরকারের যে সততা সেই সততার প্রমাণ দিন। তা না হলে লোকে গণতন্ত্রের বিরুদ্ধে এই যে আক্রমণ এই আক্রমণ নিশ্চয়ই বরদাস্ত করবেনা, যাই আপনারা বলুন আমরাও বরদাস্ত করব না। সে দিক থেকে তাকিয়ে দাবি করছি যে সমস্ত বন্ধু যে সমস্ত ব্যক্তি এই ডি আই রুলের আওতায় বিনা বিচারে আটক আছেন তাঁদের ছেড়ে দিন। যদি সেই ধরণের সৎসাহস থাকে তাহলে প্রকাশ্য আদালতে প্রকাশ্য বিচারের জন্য পাঠান।

Demonstration by College employees.

Shri Sambhu Charan Ghosh:

মিঃ চেয়ারম্যান, স্যার, বাংলাদেশের বিভিন্ন কলেজের কয়েক সহস্র কর্মচারী বিধান সভার কাছে অপেক্ষা করছেন, তাঁরা অর্থমন্ত্রীর সঙ্গে দেখা করতে চান এবং কতকগুলি দাবি-দাওয়া তাঁর পেশ করতে চান। এজন্য আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর কাছে বক্তব্য রাখছি যে তিনি যদি তাঁদের প্রতিনিধিদের সঙ্গে দেখা করেন তাহলে আলোচনা করে একটা সিদ্ধান্তে আসার সম্ভাবনা থাকতে পারে।

Mr. Chairman:

আমি সংবাদটা পাঠিয়ে দিচ্ছি।

Shri Balai Lal Das Mahapatra:

এই যে হাজার হাজার কর্মচারীরা এসেছেন সেজন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি অর্থমন্ত্রী তাঁদের সঙ্গে দেখা করে কথা বলুন।

Mr. Chairman:

ঐতো হয়েছে, শম্ভুবাবু তো বলেছেন, আবার কি।

Non-official Resolution.

Shri Birendra Narayan Ray:

মিঃ চেয়ারম্যান, স্যার, আজকে যে নন-অফিসিয়াল বিলটা এসেছে সেটা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। আমি এটাকে সমর্থন করি এজন্য যে যখন জরুরী অবস্থা হয়েছিল তখন বিধানসভায় এই নিয়ে যখন ডিবেট হয়েছিল সেই সময় মুখ্যমন্ত্রী পরিষ্কার বলেছিলেন কমিউনিষ্ট পার্টি, ফরওয়ার্ড ব্লক, আর এস পি, আর সি পি আই সব দলের সম্বন্ধে যে কমিউনিষ্ট পার্টি বাদ দিয়ে বাকি সব পার্টি দেশপ্রেমিক তাঁর মতে। অন্য পার্টি বাদ দিলেও ফরওয়ার্ড ব্লকের ৩ জনকে এ্যারেষ্ট করা হয়েছে ডি আই রুলসে—সরল দেব, শান্তি গাঙ্গুলি এবং শৈলেন দে। কেন গ্রেপ্তার করা হয়েছে, না, সরল দেব মহাশয় অশোককৃষ্ণ দত্ত মহাশয়ের কনস্টিটিউয়েন্সিতে গণ্ডগোল করেছেন, সেখানে গিয়ে অসুবিধা সৃষ্টি করেছেন, অতএব তাঁকে ডি আই রুলসে ধরেছেন। আর এক জন হচ্ছে শান্তি গাঙ্গুলি, তিনি রিফিউজীদের মধ্যে কাজকর্ম করতেন, তাই তাকে গ্রেপ্তার করা হল। কি অপরাধ তার, না, তিনি ইনফ্লুয়েন্স করেছেন। আর একজন হচ্ছে শৈলেন দে, এ'র সম্বন্ধে মন্ত্রী তরুণবাবুর ভেতরে ভেতরে রাগ আছে, সেজন্য তাকেও ডি আই রুলসে জড়িয়েছেন। স্যার, এই হচ্ছে অবস্থা।

তাছাড়া মাননীয় সোমনাথবাবু বললেন আমাদের জেলার একটি লোকের কথা—সত্য চন্দ, গত ১৯৬২ সালে মুর্শিদাবাদ জেলা থেকে যে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছিল ডি আই রুলস ৩০তে, তার মধ্যে সেই সত্য চন্দের বিরুদ্ধে স্পেসিফিক অভিযোগ ছিল—তিনি নাকি কোন চায়ের দোকানের মধ্যে বসে চীনের ফরে কথাবার্তা বলছিলেন। তাকে কোর্টে পাঠান হলে শুধু ষ তিনি সসম্মানে মুক্তি পেলেন তা নয় যাঁরা তার বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছিলেন একজন ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট ও কংগ্রেসের চাই তাঁর সম্বন্ধে কোর্ট খুব খারাপ রিমার্ক করেছিলেন। আপনি যদি বলেন তো আমি সে রায় এখানে পেশ করতে পারি। এবারও তাকে গ্রেপ্তার করা হল ডি আই রুলস ৩০তে—গণসংগঠনের নাম করে।

আমি আর একটি কথা বলছি মালদহ জেলার কথা, সেখানে দুজন ভদ্রলোককে গ্রেপ্তার করা হলো চীনের পক্ষে দালালি করছিলেন বলে। সে দুজনই কম্যুনিষ্ট, তাদের নাম হচ্ছে গুরুপদ মন্ডল ও দরবারী মন্ডল। তাঁরা জেল থেকে চিঠি লিখলেন আমরা কম্যুনিষ্ট পার্টী ত্যাগ করলাম বলে। আর সঙ্গে সঙ্গে সেই দেশদ্রোহীরা দেশপ্রেমিক হয়ে গেল। কংগ্রেসী চাঁইদের সাহায্যে মালদহ জেলায় ঐ দুজনকে মাষ্টারী দেওয়া হলো—শুধু একটি মাত্র তারা জেল থেকে লিখলো আমরা কম্যুনিষ্ট পার্টি ত্যাগ করলাম। এ যেন পি সি সরকারের ম্যাজিক হয়ে গেল—দেশদ্রোহী হলো দেশপ্রেমিক। তাদের কোয়ালিফিকেসন কি? একজন আন্ডার ম্যাট্রিক আর একজন আন-কোয়ালীফাইড। কংগ্রেস সদস্য নেপাল রায় যে সব কথা বলেছেন, তার একটি কথা আমি সমর্থন করি। তিনি বলেছেন ভারতবর্ষের যে আইন তাতে শত শত অপরাধী ছাড়া পায় ভাল, কিন্তু একটি নিরপরাধ লোকও যাতে কোন রকম কষ্ট না পায় বা জেলে না যায় এই হচ্ছে আইন। কিন্তু আমরা এখানে তার উল্টোটা দেখছি। কোন প্রমাণ নাই, কিছু নাই, শুধু মাত্র কংগ্রেসীদের মর্জির উপর গ্রেপ্তার হচ্ছে।

আর একটি কথা বলতে চাই অনেকে এই কলঙ্কময় উক্তি করেছেন যে ব্যাঙ্ক অব চায়না৷ দিয়ে কিছু কিছু কম্যুনিষ্টরা টাকা পাচ্ছে। কিন্তু আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি আমা৷ একটি খবর শুনবার সুযোগ হয়েছিল আমি জানি কম্যুনিষ্ট পার্টির কি হয়েছে। তবে এই ব্যাঙ্ক অব চায়না সম্বন্ধে রিপোর্ট বেরুলে এই বিধানসভার কিছু কিছু কংগ্রেসী ঘুঘুদেরও অনেব কথা ফাঁস হয়ে যাবে। নন্দ সাহেব অনেক ঢক্কা নিনাদ করে বলেছিলেন যে আমরা ব্যাঙ্ক অ চায়না-র এ্যাফেয়ার্স সম্বন্ধে হোয়াইট পেপার বের করবো, প্রমাণ দেব। কিন্তু আজ পর্যন্ত তিনি কিছুই দিলেন না। একটি চোথা কাগজ বের করে দিয়ে তিনি বললেন যে এগুলি হচ্ছে তার প্রমাণ। এই যদি প্রমাণ হয় তাহলে তাকে আর কি কি বলবো। তাঁরা কি অপরাধ করেছেন, তা তিনি জানাতে পারলেন না। অথচ এঁরা আয়ুব খাঁকে বলেন গণতন্ত্র বিরোধী একেই বলে ফ্যাসিষ্ট রাজ—এরা গণতন্ত্রের নাম করে জনগণের ফাণ্ডামেন্টাল রাইটস ক্ষাব করছেন।

আর একজন মোহিনী রায় লালবাগের এক ভদ্রলোককে যখন মুর্শিদাবাদে গ্রেপ্তার করা হয় তখন আমি বলেছিলাম এই ভদ্রলোককে তদানিন্তন উপমন্ত্রী কাজেমালী মির্জা ও অপর কয়েক-জনের প্রেরনায় ধরা হয়। তাঁদের একেবারে ছকে বাঁধা উত্তরে ও'রা বললেন—
Mohini Roy of Lalbag.—It is not a fact as has been suggested that he is detained for reasons of personal enmity, but with a view to preventing him from acting in a manner prejudicial to the defence of India, civil defence, public safety and maintenance of public order,

মোহিনী রায়ের নাম করে ঐ টুকু বসিয়ে দেওয়া হয়েছে। এবার কিন্তু তাকে গ্রেপ্তার করা হলো না। কারণ শোনা যাচ্ছে যে মোহিনীবাবু নাকি এবার দক্ষিণপন্থী কম্যুনিষ্টদের দলে নাম লিখিয়েছেন। আজ কেরালা ইলেকসনকে নষ্ট করবার জন্য, বাংলাদেশের কর্পোরেশন ইলেকসন নষ্ট করবার জন্য এঁরা ডি আই রুলস প্রয়োগ করছেন। তা যদি না করতেন, সামান্যতম কোন প্রমাণ যদি পেতেন তাহলে কি আজকে তাদের ছেড়ে দিতেন। কাজেই তাদেরও কথা ঠিক নয়। এই গান্ধীজীর শিষ্যরা কিছুদিন আগে আমাদের সর্বজন শ্রদ্ধেয় নেতা অম্বিকা চক্রবর্তী মহাশয়ের বিরুদ্ধে চার্জ এনেছিলেন। কিন্তু তিনি মারা যাবার পর কোর্ট থেকে প্রমাণ হয়ে গেল যে তিনি আপরাধী নন্।

এই হোল এ'দের কাজ। আমি শেষকালে আর একবার বলছি এই যে নন-অফিসিয়াল রেজলিউসন এসেছে আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং ঐ পক্ষের লোক যাঁরা গণতন্ত্রের নাম করছেন তাঁদের বলছি গণতন্ত্রের নামে মোসান সাপোর্ট করুন।

[4-30—4-40 p.m.]

Point of personal explanation

Shri Asoke Krishna Dutta:

স্যার, অন এ পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্ল্যানেসন। একটু আগে নির্দলীয় সদস্য শ্রীবীরেন রায় বললেন যে, সরল দেব নামে একজন ভদ্রলোক যাকে ডি আই রুল-এ গ্রেপ্তার করা হয়েছে তার সঙ্গে আমার নাকি ঝগড়া হয়েছে এবং সেই জন্যই তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। এটা সম্পূর্ণ ভিত্তিহীন কথা এবং সরল দেব যে দলের লোক সেই দলের নেতা হেমন্তবাবু তা জানেন। সে যদিও আমার এলাকার লোক, কিন্তু তাঁর সঙ্গে আমার আদৌ ঝগড়া নেই এবং সেদিক থেকে তাঁকে ডি আই আর-এ ধরবার প্রশ্ন ওঠেনা। কয়েকদিন আগে হেমন্তবাবু তাঁর হয়ে মুখ্যমন্ত্রীর কাছে সুপারিশ করেছিলেন এবং তখন তিনি পরিষ্কার ভাবে অন্য কারণের কথা বলেছিলেন আমার সঙ্গে কিছু হয়েছে এরকম কথা বলেননি। বীরেনবাবু এই বিশেষ খবর কোথায় পেলেন জানিনা, তবে কিছুদিন আগে পর্যন্ত তিনি চীনাদের ব্লক-এ বসতেন তাই তাঁর কাছে বোধ হয় বেশী খবর থাকে।

Shri Jaharlal Banerjee:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে ডি আই রুলস্ উইথড্র করবার জন্য যে প্রস্তাব আনা হয়েছে আমি তার তীব্র বিরোধিতা করছি। স্বাধীনতার আগের কথা ছেড়ে দিয়েও কমিউনিস্ট পার্টির ইতিহাস যদি আমরা পর্যালোচনা করি তাহলে দেখতে পাব এই যে ষড়যন্ত্র এটা বহুদিনের। ১৯৫৯ সালে কমরেড মুজাফর আমেদ, প্রমোদ দাশগুপ্ত এবং হরেকৃষ্ণ কোনার 'সংস্কারবাদী মনোভাব" বলে যে পুস্তিকা বার করেছিলেন তাতে আমরা দেখতে পাচ্ছি তাঁরা হিংসাত্মক বিপ্লবের দিকে এগিয়ে যাচ্ছেন। মিঃ কোনার যখন চীনে যান তখন মনে হয় তাঁর মতামত দেবার জনাই সেখানে গিয়েছিলেন। স্যার, চীনের আক্রমনের পর যে সমস্ত পুস্তক বেরিয়েছিল তার কিছুটা অংশ আমি এখানে পড়ব এবং তা থেকেই বোঝা যাবে বামপন্থী কমিউনিষ্ট বা পিকিংপন্থী কমিউনিষ্ট-রা চিরকাল যা করে এসেছে আজও তাই করছে। এখানে একটা জায়গায় বলছে, "কমিউনিষ্ট পার্টির উচিত দলমতনির্বিশেষে সহযোগিতার নেতৃত্ব এবং তা থেকে আইনগত যে ভ্রান্ত ধারনার সৃষ্টি হচ্ছে তা থেকে মুক্তিলাভ করা। নেহেরুর নেতৃত্বে বড় বড় বুর্জোয়া এবং জমিদারগণের একনায়কত্ব থেকে মুক্তিলাভ করে হিংসাত্মক বিপ্লবের মাধ্যমে এক শ্রমিক সরকার প্রতিষ্ঠা করা উচিত"। স্যার, আমি এখানে "হিংসাত্মক বিপ্লবের পথ" এই কথাটার প্রতি লক্ষ্য করতে বলছি। ১৯৬৪ সালে কোলকাতায় পিকিং পন্থীদের যে কনফারেন্স হয় সেখানে তাঁরা হিংসাত্মক পথে এগিয়ে যাবার জন্য দৃঢ় সংকল্পবদ্ধ হন এবং সেইজন্যই সরকার আর চুপ করে থাকতে পারলেন না। অনেকে বিচারের কথা বলেছেন। স্যার, যারা অন্ধকারে পেচকের বৃত্তি নিয়ে লুকিয়ে লোকের দ্বারে দ্বারে ঘুরে অসন্তোষ সৃষ্টি করতে চায় তারা কোন প্রমান রাখেনা এবং সেইজন্যই দেশের নিরাপত্তার খাতিরে তাদের বন্দী করে রাখা হয়েছে। আমি মনে করি এটা সরকার ঠিকই করেছেন। তাঁরা যদি এই কাজ না করতেন তাহলে দেশের ভবিষ্যত জনগণ দেশদ্রোহীদের সুযোগ দেবার জন্য তাঁদের অভিশাপ দিত। আর একটা কথা সব সময়ই বলা হয় যে, বামপন্থী কমিউনিস্ট নয় এরকম লোককেও গ্রেপ্তার করা হয়েছে। দেশের মধ্যে অসন্তোষ দমন করবার জন্য হয়ত সাময়িকভাবে অনেককে গ্রেপ্তার করতে হচ্ছে। কিন্তু বামপন্থী কমিউনিস্টদের কারা অন্ধকারে রাখার কারণ হচ্ছে চীন এখনও আক্রমণ করবার জন্য প্রস্তুত হচ্ছে এবং সেইজন্যই এই সমস্ত দেশদ্রোহীদের বাইরে রাখা উচিত নয়। স্যার, চোর, ডাকাতদের বিচার করা যায়, কিন্তু দেশদ্রোহীদের বিচারের স্থান নেই।

আজকে বীরেনবাবু খুব চিৎকার করছেন, আমরা দেখতে পাচ্ছি বীরেনবাবু বামপন্থীদলের সংগে সংশ্লিষ্ট ছিলেন কিন্তু আজকে তিনি এ্যারেষ্টকে এড়াবার জন্য নির্দলীয় সদস্য হয়েছেন, তবু তাঁর গায়ের ঝাল যায় নাই। সেটা তাঁর বক্তব্যের ভিতর দিয়েই ফুটে উঠেছে। আর একটা কথা হচ্ছে একথা মাননীয় সভাপতি মহাশয় স্মরণ রাখবেন ডি আই আর হচ্ছে দেশে অশান্তি দমনের জন্য, দেশের নিরাপত্তার জন্য। দেশে সমস্ত দিকে যাতে নিরাপদ থাকে সেইজন্য ডি আই আর-এর প্রয়োগ করা হয়। কমিউনিস্ট সদস্য এবং বিভিন্ন রাজনৈতিক দলের যে ১৬২ জন আছে এরা ছাড়াও দেশে যারা খাদ্য নিয়ে জুয়াচুরি করেছিল এই রকম ১২০ জনকে ব্লাক মার্কেটিয়ারকে ডি আই রুলে ধরা হয়েছে। সভাপতি মহাশয় আপনি শুনলে অবাক হয়ে যাবেন এদের বক্তব্যের কোন সার পদার্থ নেই, স্মাগলার্স এন্ড আদার্স ৬৪৯ জনকে ডি আই আর-এ ধরা হয়েছে। তবু এঁরা বলেন পলিটিক্যাল প্রতিশোধ নেবার জন্য একথা যে কত অমূলক এটা এ থেকেই বুঝা যায়। এঁরা মুখে যতই বলুন এঁরা চাননা যে দেশে শৃঙ্খলা হোক, সুব্যবস্থা হোক। এই সমস্ত ব্ল্যাক মার্কেটিয়ার না থাকলে এদের আন্দোলন করার সুবিধা হতনা, সেজন্যই এরা পরোক্ষভাবে প্রতিবাদ করছেন। এই প্রসংগে আমি বলছি বর্ধমান জেলার হাট গোবিন্দোপুর অঞ্চলে কমিউনিষ্টদের ডেন বলে খ্যাত। দিনের বেলায় সুবোধ চৌধুরী মহাশয় সেখানে প্রসেসন বার করতেন আর রাত্রি বেলায় লুকিয়ে থাকতেন, ফ্যাসিষ্ট মনোভাবের একদল লোককে নিয়ে গিয়ে ধান লুট করা হত এমন কি মহিলাদের উপর পর্যন্ত নির্যাতন করা হত। এইভাবে সেখানে এক অরাজকতার সৃষ্টি হয়েছিল। আমরা দেখতে পাচ্ছি তেলেংগানায় যেভাবে অসন্তোষ বিরাজ করাতে চেয়েছিল বর্ধমানে যার সূচনা করেছিল এবং অন্যান্য জায়গায় ওষা ছড়িয়ে পড়ত আজকে ডি আই আর করার ফলে তা বন্ধ হয়েছে। আমি তাই ডি আই আরকে সর্বান্তকরণে সমর্থন করি। আমি একথাই বলবো যে ডি আই আর তুলে নেবার কোন

প্রশ্নই নেই। ডি আই আর তুলে নিলে দেশে অশান্তি ছেয়ে যাবে এবং চীনের দালালরা দেশে অশান্তি করার সুযোগ পাবে, তাই এই প্রস্তাবের আমি তীব্র বিরোধিতা করি।

Shri Girish Mahato:

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই প্রস্তাব সমর্থন করি। চেয়ারম্যান মহাশয় আপনি জানেন যে এই প্রস্তাব নাকচ হয়ে যাবে। তার কারণ কায়েমী স্বার্থবাদ, তবু আমরা এই প্রস্তাব এনেছি। একটু আগে আমি শুনলাম ঐ পক্ষের নেপালবাবু বললেন যে ডি আই আর-এ সব পার্টির লোকদের ধরা উচিত।

(শ্রীনেপাল রায়ঃ তোমাদের নয়, ওদের ধরা উচিত)

কেন ডি আই আর আপনারা কায়েম রাখতে চান, তার যে প্রয়োজন আছে তা নয়, ইংরেজ রাজত্বে দেখেছি ইংরেজ শাসনে দেখেছি যারাই দেশের স্বাধীনতা দাবী করেছিলেন তাদের ডি আই আর-এ বন্দী করেছিলেন। ইংরেজ চলে যাবার পর এঁরা এসেছেন কিন্তু এই কায়েমী স্বার্থবাদীরা এই ডি আই প্রয়োগ করে পশ্চিম বঙ্গের নেতাদের আটকে রাখছেন। আমার কাছে প্রমাণ আছে, যদি কমিউনিষ্ট পার্টি দেশদ্রোহী হয় তাহলে কংগ্রেস সরকারও দেশদ্রোহী।

[4-40—4-50 p.m.]

যদি ডি আই আর দ্বারা জনসাধারণের হাতে ক্ষমতা থাকতো তাহলে আজকে প্রধান মন্ত্রী থেকে আরম্ভ করে কংগ্রেসের সাধারণ নেতারা সবাই ডি আই আর-এ বন্দী হতেন। চীন যখন ভারতবর্ষ আক্রমণ করে তখন দেশের সমস্ত লোক বলেছে কংগ্রেস সরকারকে যে চীন আক্রমণ করলো তবু সরকার নীরব কেন? তারা সকলেই জানে এই যে চীনা আক্রমনের জন্য কংগ্রেস সরকারই দায়ী। তাই আপনার মাধ্যমে বলতে চাই এই ডি আই আর-এর ন্যায্য বিচার করা হচ্ছে না। নিজেদের ক্ষমতাকে বজায় রাখার জন্য এটা প্রয়োগ করা হচ্ছে। আজকে যাদের আটক করে রাখা হয়েছে ওরা যদি দেশদ্রোহী হয় তাহলে বিচার ও শাস্তি দেওয়া উচিত। কিন্তু নিজেদের ক্ষমতাকে বজায় রাখার জন্য নির্বাচন পার হবার জন্য তাদের আটক করে রাখা হয়েছে। নিজেদের কায়েমী স্বার্থকে বজায় রাখার জন্য এই ডি আই আর রাখা হয়েছে। ডি আই আর-এ যাদের ধরা হয়েছে তারা যদি ন্যায্য অপরাধী হয় তাহলে তাদের শাস্তি দেওয়া হোক এ কথা আপনার মাধ্যমে বলতে চাই।

Shri Kanai Pal:

মাননীয় সভাপাল মহাশয়, যে, নন-অফিসিয়াল রেজলিউসান এই হাউসের সামনে এসেছে, এবং তার যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে সে এ্যামেণ্ডমেণ্ট সহ মূল যে রেজলিউসন আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। জরুরী অবস্থা ঘোষণা আজও রয়েছে এবং তার সুযোগ কি ভাবে বিরুদ্ধ বন্দীদের দমন করবার জন্য সরকার প্রয়োগ করছেন এটা দেশের সামনে পরিষ্কার হয়ে গেছে। সেই সঙ্গে সঙ্গে এটা পরিষ্কার হয়ে গেছে যে ডি আই আর প্রয়োগ করার কারণ হিসাবে তাঁরা যে সমস্ত যুক্তি দেখালেন তাতে আজকে সত্যকারের যারা দেশদ্রোহী চোরাকারবারী তাদের বিরুদ্ধে আজ এ রুলস্, ঠিক ভাবে প্রয়োগ করা হচ্ছে না। আজ বিরোধীদের কন্ঠকে রোধ করবার জন্য এই রুলস্ প্রযুক্ত হচ্ছে, সেই সঙ্গে এটাও প্রমাণ হয়ে গেছে সরকারের নিজস্ব যে কার্য্য কলাপ সে কার্য্য কলাপ তা এ কথা প্রমাণ করছে না যে আজকে দেশে জরুরী অবস্থা বলবৎ আছে। তাই আজকে আমরা এই প্রস্তাবকে সমর্থন করছি। আজকে কোন মানুষের চিন্তা এটা কোন মশা, মাছি, উকুন নয় যে জোর করে টিপলে চিন্তাধারা মেরে দেওয়া যাবে। আজকে যে ভাবে মানুষের চিন্তায় কে কি করছে সেটা দেখে যদি ডি আই আর-এ গ্রেপ্তার করা হয় তাহলে গণতন্ত্রের কোন কিছুই অবশিষ্ট থাকে না। আজকে যে সমস্ত রাজনৈতিক কর্মীদের ডি আই আর-এ গ্রেপ্তার করা হয়েছে তাদের কার্য্যকলাপ কিছুই কোর্টে তারা এটা প্রমাণ করতে পারেন নি যে তাদের কার্য্যকলাপ জাতীয় স্বার্থের বিরুদ্ধে গেছে বরং ডি আই আর-এ যাদের গ্রেপ্তার করা হয়েছিল সেই গ্রেপ্তার করার পর যাদের বিরুদ্ধে মামলা করা হয়েছিল

অধিকাংশ ক্ষেত্রে প্রমাণিত হয়েছে নীচের কোর্ট থেকে পরবর্তী জজ কোর্ট থেকে বা হাইকোর্ট থেকে বেকসুর খালাস পেয়েছে। একজন স্কুলের হেড মাস্টারকে টেনে নিয়ে যাওয়া হয়েছিল কেননা যে দিন বমডিলার পতন হয়েছিল সেদিন তিনি তার ছেলের ভাত খাওয়ান কিন্তু পরবর্তীকালে দেখা গেল সেই ভাত খাওয়ানর সংগে বমডিলা পতনের কোন সম্পর্ক নেই। একজন দোকানে মিষ্টি খাচ্ছিল বমডিলা পতন উপলক্ষে—তাকে গ্রেপ্তার করা হয়েছিল কিন্তু দেখা গেছে তিনিও পরে খালাস হয়ে গেছেন। আমার এলাকায় ২ বেলা খয়রাতি চালু করেছেন অন্যান্য দুর্নীতি করছেন তাদের আপনারা আটক করবার চেষ্টা করেন নি। কিন্তু যারা দুর্নীতি করছেন তাদের ব্যবহারে অতিষ্ঠ হয়ে তাদের আটক করবার চেষ্টা করেছেন এই ২ মাস আগে আমাকে ওয়েস্ট বেঙ্গল সিকিউরিটি অ্যাক্টে আটক করেছিলেন আজও সে মামলা চলছে এবং আমাকে সমর্থন করে কথা বলবার জন্য আমার অন্যতম সহকর্মী ননী ঘোষকে আটক করা হয়েছিল ও এখনও মামলা চলছে। কিন্তু এদের পরবর্তীকালে ছেড়ে দেওয়া হয়েছে জামিনে কিন্তু এমন কোন প্রমাণ করতে পারলেন না যে আমরা দেশদ্রোহী কার্য্যকলাপ করছি। সুতরাং এ সমস্ত রাজনৈতিক কর্মীদের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ সরকার করছেন সেগুলি যে সর্বৈব মিথ্যা তা কোর্টের সামনে হাজির না হওয়াই প্রমাণ করে। আসলে কংগ্রেস এবং কংগ্রেস সরকার জমিদার মিল মালিকদের পোষণ করে দেশকে জাহান্নমে দিচ্ছেন, ৮ টাকার তেল আর ৪০ টাকার চাল খাওয়াচ্ছেন তার বিরুদ্ধে বিক্ষোভের যাতে তারা নেতৃত্ব দিতে না পারেন সেজন্য এদের আটক রাখা হয়েছে। সরকার পরিষ্কার জানেন একটা গণতান্ত্রিক আন্দোলনকে স্বীকার করতে বা রুখতে তারা সমর্থক নন। সেজন্য আজকে এই ডি আই রুলস্ প্রয়োগ করছেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় চেয়ারম্যান মহোদয় আমি কংগ্রেস পক্ষের বক্তৃতা শুনলাম এবং ক্ষোভের সংগে বলতে হচ্ছে যে রাজনৈতিক দল হিসাবে এ রকম ব্যাংকরাফ্‌ট না হয়ে গেলে ওদের ঐ দুজনকে দিয়ে বক্তৃতা করাতেন না এবং যে সমস্ত ঘটনা ঘটছে তার উপর বিবেচনা করার জন্য এইভাবে মত প্রকাশ করতেন না। নাগরিক জীবনে বাক্ স্বাধীনতা প্রকাশ স্বাধীনতা সংঘবদ্ধ হবার অধিকার এবং ক্ষমতায় অধিষ্ঠিত দলকে আক্রমণ করার অধিকার আদালতে আত্মরক্ষার অধিকার ইত্যাদি গুলো নিয়েই হচ্ছে স্বাধীনতা। এগুলি যদি মানুষের চলে যায় তাহলে স্বাধীনতার আর বেশী কি থাকে? আজকে এই যে ঘটছে এবং দুর্ভাগ্যক্রমে কংগ্রেসের পক্ষে এই যে চূড়ান্ত অবনতি ঘটেছে—দেশে আজকে আমরা দেখছি খাদ্য সংকট এবং বিভিন্ন সংকট আছে। কিন্তু দেশের মানুষের চিরকাল যা কাম্য ছিল সেই স্বাধীনতার সমগ্র মূল বস্তু আজ হরণ করা হচ্ছে। সেখানে যখন দেখি কংগ্রেস পার্টির সদস্যরা টেবিল চাপড়াচ্ছেন দেশের দুর্দিন সামনে। আমি বলতে চাই আমরা যারা কমিউনিস্ট পিকিং পন্থী নই, রুশপন্থী নই, আমরা মার্কস পন্থী, যে মার্কসবাদ সমগ্র পৃথিবীতে একটা শোষণহীন সমাজ প্রতিষ্ঠার স্বপ্নকে বাস্তবে রুপায়িত করার বৈজ্ঞানিক পথ দেখিয়েছেন সেই পথেরই আমরা পথিক। সকল দেশেই এর উপর আক্রমণ এসেছে এবং এখানেও সে চিন্তাধারাকে কংগ্রেস পক্ষীয় এবং কংগ্রেস সরকার আক্রমণ করছে।

[4-50—5 p.m.]

এইটাই হচ্ছে প্রধান ব্যাপার। অন্য কোন ব্যাপার যদি এদের থাকতো তাহলে তাদের হাজার গণ্ডা যে আইন আছে সেই আইনের সুযোগ তারা নিতেন। চিন্তার স্বাধীনতাটুকু পর্যন্ত আজ তারা দিতে রাজী নন। আপনি জানেন চেয়ারম্যান মহোদয় যে মিরাট কনসপিরেসি কেসের সময় একথা স্বীকার করা হয়েছে যে কমিউনিস্ট মতবাদ বে-আইনী নয়, এই কথাটা আমি বুঝতে পারি না। আমাদের চিন্তাধারা কোন্ পথে, আমরা চেষ্টা করি কোন পথে আমাদের দেশ মুক্ত—কোন্ মানব সমাজ কোন্ পথে মুক্তি পাবে সেটা আমাদের চিন্তাধারা যতক্ষণ পর্যন্ত সেটা আমাদের আইনগত অপরাধ না করছি ততক্ষণ পর্যন্ত সেটা কোন অপরাধ বলে স্বীকৃত হবে না সেজন্য মিরাট কনসপিরেসি কেউ করার পরেও এতবড় ঘটনার পর একটা কনসপিরেসি একটা মিথ্যা ষড়যন্ত্রের মামলা পর্যন্ত তারা করে তুলতে পারলেন না। আজ আমি জানি না কোথায় কোন্ দিকে কত দূরে নিয়ে যাবেন। আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে এর থেকে অনেক বড় ঘটনা ইউরোপে, লণ্ডনে হয়েছিল যখন হিটলার তার বামপন্থীদের নিয়ে

লণ্ডনে লঙ্কাকাণ্ডের সৃষ্টি করেছিলেন সেই সময় লণ্ডনে স্ট্রাইক হচ্ছিল তখন চার্চিলকে কিছু বন্ধু বলেছিলেন এই স্ট্রাইক বেআইনী করে দাও, কমিউনিস্টদের গ্রেপ্তার কর—পড়ে দেখবে চার্চিলের মেমোর একটা এই লাইব্রেরীতেই আছে এবং সেখানে চার্চিল একথাই বলছেন যে আমি জবরদস্তি করে কিছু বোঝাতে চাই না, তারা অবস্থার মধ্য থেকে শিখবে তিনি এই স্ট্রাইক বেআইনী করার কথা ভাবেন নি যখন হিটলার একেবারে সমস্ত দেশটাকে জালিয়ে আগুনে পুড়িয়ে দিয়েছিল এই কথা বলেছিলেন চার্চিলের মত একজন লোক। আমি একথা স্মরণ করিয়ে দিই যে তাঁর মত একজন প্রচণ্ড সাম্রাজ্যবাদী—পড়ে দেখবেন এই মেমোর মধ্যে আছে সেখানে তিনি বলছেন যে এটা অত্যন্ত দুঃখের ব্যাপার যে কংগ্রেস নেতৃবৃন্দকে গ্রেপ্তার করা হয়েছিল তাতে তিনি চিঠি লিখছেন সেখানে তিনি বলছেন এটা অত্যন্ত দুঃখের ব্যাপার আমি বিনা বিচারে আটক করতে বাধ্য হয়েছি কিন্তু তাদের যেন বিন্দুমাত্র অসুবিধা যেন না হয়, তাদের সুখস্বাচ্ছন্দের প্রতি দৃষ্টি রাখতে হবে—তিনি চিঠি লিখছেন—আমাদের তদানীন্তন গভর্ণর-জেনারেলের কাছে। বুঝে দেখুন যে একটা গণতন্ত্রের সম্মান রক্ষা করা শুধু রুলিং পার্টির ব্যাপার নয় আমাদের দেশ কিভাবে গড়ে উঠবে দেশের ভবিষ্যৎকে কোন পথে নিয়ে যাবে৷ আপনারা আমাদের কমিউনিষ্ট পার্টির উপর কিছু আক্রমণ করবেন—এ নূতন নয়, পৃথিবীতে এমন আক্রমণ হয়েছে—হিটলারও কমিউনিষ্টদের প্রতি আক্রমণ করেছিলেন। পৃথিবীর বহু জায়গায় যেখানে তাকাবেন—সমস্ত পৃথিবীতে স্বাধীনতার জন্য গণতন্ত্রের জন্য যেখানে সংগ্রাম হচ্ছে সেখানে দেখবেন কমিউনিস্ট পার্টি সকলের সামনের সারিতে দাঁড়িয়ে আছেন এবং সাম্রাজ্য-বাদীর গুলির আঘাতে তারা আগে প্রাণ দিচ্ছে—বুর্জোয়া এবং ক্যাপিটালিস্ট আক্রমণের শহীদ পৃথিবীর সর্বত্রই তারা হয়েছেন। ভারতবর্ষের কংগ্রেস পার্টি আজ রাজনীতিতে অর্থনীতিতে দেউলিয়া হয়ে গেছেন তারা সামাল দিতে পারছেন না—কাজেই এটা দুঃখের ব্যাপার—কিন্তু এটা জেনে রাখা দরকার যে কমিউনিস্ট পার্টি অতি দ্রুত গতিতে শক্তি লাভ করেছিল এবং সেইজন্যই তারা আতঙ্কিত হয়ে পড়েছেন—সেইজন্য আজ কেরালার কয়েক শত মানুষকে গ্রেপ্তার করা হোল এতটুকু পর্যন্ত সাহস হোল, যে তারা এ চ্যালেঞ্জ গ্রহণ করতে পারলেন না যে অন্ততঃ কেরালার ইলেকসন পর্যন্ত অপেক্ষা করা হোক। গত দু-বছর যাবত এমন কি ঘটেছে—অবশ্য আমি তার মধ্যে যেতে চাই না—কিন্তু কেরালার ইলেকসন পর্যন্ত ওরা সাহস পেলে—ক্যালকাটা কর্পোরেশনে পর্যন্ত ইলেকসন করতে রাজী নন—কারণ কমিউনিস্ট পার্টি অপ্রতিরোধ্য তারা জনসাধারণের মধ্যে অত্যাচারের আগুনের মধ্যে মানুষের মধ্যে আজকে প্রতিষ্ঠা লাভ করবে তাই তাকে আঘাত করতে হবে। সেই আঘাতের জন্য আমরা দুঃখিত নই—কিন্তু ভারতবর্ষ যে স্বপ্ন দেখেছে যে সাধনা করেছে গণতন্ত্র প্রতিষ্ঠা করার জন্য গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য যে সংগ্রাম করেছিল সেই গণতন্ত্র শাসকচক্রের হাতে পড়ে মাটিতে লুটোপুটি খাচ্ছে—তাকে তুলে ধরার জন্য নিশ্চয় কমিউনিষ্ট পার্টি অগ্রসর হবে—নিশ্চয় কমিউনিস্ট পার্টিকে দুঃখ বরণ করতে হবে—কিন্তু আশার সংবাদ এই যে দু বছরের মধ্যে এই হাউসে সেখানে আমাদের বিরুদ্ধে ব্যক্তিগত আক্রমণ এবং চক্রান্ত করার চেষ্টা করা হয়েছিল তার ব্যর্থ হবার পর আজ দেখা যাচ্ছে সেই সমস্ত বন্ধুরা আমাদের আশেপাশে যারা আছেন তারা ভাবতে আরম্ভ করেছেন—আমাদের পাশের সারিতে এসে জায়গা গ্রহণ করবার তারা চেষ্টা করছে। আমরা মনে করি অভিজ্ঞতার মধ্যে দিয়ে এটা প্রমাণ হয়ে গেছে যে আজকে এই ডি আই আর-এর আঘাত সমস্ত অপোজিসনের উপর পড়েছে—আজকে এই আঘাত প্রসারিত হচ্ছে শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে—সেখানেও ডি আই আর প্রয়োগ করা হয়—জয় ইঞ্জিনীয়ারিং-এ শুনছি নাকি ডি আই আর—প্রয়োগ করা হচ্ছে বাটার কারখানায় কারণ সেখানে শ্রমিক আন্দোলনকে স্তব্ধ করতে হবে—অন্য কোন কারণের জন্য নয়—যাদের ও'রা সেবা করছেন তাঁদের কাছে ও'রা আত্ম বিক্রি করেছেন সেই ফাইন্যান্সিয়ার ক্যাপিটালিস্টদের কাছে এবং আমাদের দেশের কয়েকটা পরিবারের কাছে তাদের নিজেদের বিবেককে বন্ধক রেখেছে তার জন্য এটা প্রয়োজন হয়েছে। ঠিক একই কারণে গ্রামে যে কায়েমীস্বার্থ আছে তার জন্য গ্রামে ডি আই রুল প্রয়োগ করা দরকার হয়ে পড়েছে এইজন্য কমিউনিস্ট পার্টির নেতৃবৃন্দ, ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ এবং অন্যান্য আমাদের নেতারা আজকে জনতার আন্দোলনের জন্য—জেলের মধ্যে গিয়ে উপস্থিত হয়েছেন—তাঁদের মুক্ত করার জন্য গণতান্ত্রিক মানুষের দায়িত্ব এবং কর্তব্য রয়েছে আমি এটা ঘোষণা করছি।

Deputation of Hotel and Club employees

Shri Monoranjan Roy:

স্যার, আমি একটা বিষয়ে মেনসন করতে চাই—যে কয়েক হাজার হোটেল কর্মচারী তারা এসেছে ঐ সপস এণ্ড এসট্যাবলিসমেণ্ট এ্যাক্টের ঐ জায়গায় নাকি এক্সজেমসন দেওয়া হয়েছে—আমি তো শ্রমমন্ত্রীকে পেলাম না—তাঁর চেম্বারেও তিনি নেই· মন্ত্রীদের মধ্য থেকে কেউ যদি দয়া করে তাদের কাছে গিয়ে বলে আসতে পারতেন তাহলে ভাল হত—কিন্তু এখানে একা অর্ধেন্দুবাবু আছেন -তিনি নোট লিখছেন দেখছি—আপনি একটু এর ব্যবস্থা করুন।

Non-Official Resolution

Shri Khagendra Kumar Ray Choudhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে নেপালবাবু বল্লেন যে ১৯৪২ সালে এই কমিউনিস্ট পার্টি বৃটিশের দালালী করেছিল—ঐ ভদ্রলোক বোধ হয় জানেন না—ওঁর জানাশুনা অবশ্য একটু কম আছে--বাজেটে কাল পর্যন্ত আলোচনা হোল যে ঐ বৃটিশ প্রভু এবং আমেরিকান প্রভু যাদের ৯ শত কোটি টাকা বিদেশী পুঁজি এখানে খাটছে তাদের জুতোর তলা সুকতলা চাটছেন এই সমস্ত কুকুরের দল- যাদের দালালী ওরা আজও চালিয়ে যাচ্ছেন। তাদের কাছে যদি দেশপ্রেম শিখতে হয় তাহলে বাংলা দেশে দেশপ্রেম বলে আর কোন জিনিস থাকবে না। আপনি খেয়াল করে দেখবেন ওঁদের গণতান্ত্রিক নীতিটা এমন যে ওরা আমাদের মধ্যে বিভেদ খুঁজছেন--আর ওঁদেরই গণতান্ত্রিক নীতিতে বিরক্ত হয়ে গিয়ে শেষ পর্যন্ত ওঁদেরই দলের লোক কেরালায় ওদের সরকারের পতন ঘটিয়ে দিয়েছে। ওরা আবার পরের পেছনে কাটি দিতে যায়। সেটা কেরালায় বোঝা গেছে ভালভাবে। আর একটা কথা হচ্ছে এই যে নন্দজীর স্টেটমেন্ট থেকে বোঝা যাচ্ছে—অনেকে বল্লে ক্ষুব্ধ হন যদি কেউ বলেন যে আমাদের দেশ আয়ুব সাহীর সংগে সমান হয়ে গেছে। না আয়ুব খানের সমান হয় নি, কিন্তু নন্দজীর স্টেটমেণ্ট দেখে মনে হয়-আর এই সমস্ত তাদের চেলাচামুণ্ডা তাদের দেখে বোঝা যাচ্ছে যে আয়ুবশাহীর দিকে তারা যাচ্ছেন তাঁর বিবৃতি থেকে এটা বোঝা যাচ্ছে—এবং বিশেষ করে আজকে দেখতে পাচ্ছি ১৯২৫-২৬ সালে—সেই একই লোক বৃটিশ সরকার যাদের বিরুদ্ধে নানা রকম ষড়যন্ত্র মামলা করে অভিযুক্ত করার চেষ্টা করেছিল—আর বৃটিশ সরকারের সংগে যারা তাদের পা চাটেন তাদের সংগে এদের কাজের অপূর্ব সামঞ্জস্য আছে।

[5—5-10 p.m.]

আর সব চেয়ে মজার কথা হচ্ছে, আগের বারে যখন আমরা জেলে গিয়েছিলাম ১৯৬২ সালে, তখন জেল থেকে আমরা শুনলাম, যে এঁদের হাতে নাকি অজস্র তথ্য প্রমাণ আছে—ঐ শঙ্করদাস-বাবু তখন এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে বলেছিলেন, যে একবার বেরোলেই তাঁরা প্রমাণ করিয়ে দেবেন। কোথায় সেই প্রমাণ? যদি বাপের বেটা হ'ন তো বারকরে দিন সেই প্রমাণ, কত সাহস আপনাদের দেখা যাবে। কতকগুলো ষড়যন্ত্রকারী লোক, যাদের কোনও কিছু করার ক্ষমতা নেই, যারা কাপুরুষ, তারা এই ডি আই আর-কে তাদের শাসনের যন্ত্র হিসাবে ব্যবহার করছেন—নন্দজীর স্টেটমেণ্ট-এ দেখছিলাম যে তারা নাকি গরিলা লড়াই করছে, কলকাতা শহরে গরিলা লড়াই হয়? গাঁজাখুরি গল্প করার জায়গা নেই আর? কলকাতা শহরে বা তার আশেপাশে গরিলা লড়াই হচ্ছে অভিযোগ দেখলে বোঝা যাবে, কিন্তু লোককে ধরবার জন্য এরা বদ্ধপরিকর। এদের ওঁরা ধরেছেন কেন? কারণ এদের যে গদি সেই গদি বিপন্ন হয়েছে বলে, আজকে ধরার দরকার হয়েছে। যারা এত দেশোদ্রোহিতামূলক কাজ করেছেন, তাদের একটা লোকের বিরুদ্ধেও একটা ন্যূনতম প্রমাণ পাওয়া গেলনা, যাতে কোর্ট-এ হাজির করা যায়? একজন লোকের বিরুদ্ধেও একটা প্রমাণ পাওয়া গেলনা? যদি বুঝতাম যে তারা কোর্ট-এ হাজির করে দিয়েছেন, তাহলে ওঁদের কাছ থেকে গণতন্ত্রের কথা শুনতে একটু ভাল লাগতো। নন্দজীর স্টেটমেণ্ট-এর

গোড়া থেকে শেষ পর্যন্ত হচ্ছে যে ওঁদের সঙ্গে আমাদের বিরোধ, এবং সেই বিরোধের জন্য আমাদের জেলে যেতে হবে। এতো চমৎকার কথা? এমন একটা দেশ দেখান দেখি ঐ ফ্যাশিস্ট দেশ ছাড়া? যেখানে কোর্টে পাঠানোর দরকার হয় সেখানে তারা কোর্ট-এ পাঠায় কিন্তু আপনার কোর্ট-এ পাঠাতে সাহস করেন না। আগে শুনেছিলাম রাশিয়ার একনায়কত্ব, সেখানে কোর্ট-এ পাঠায় না, কিন্তু সেখানেও কোর্ট-এ পাঠায়, আর আপনাদের এখানে ওরা তবু বলে একনায়কত্ব আর এখানে আপনাদের ধনীক শ্রেণীর একনায়কত্ব, গণতন্ত্রের নামে চালু করার চেষ্টা করছেন। তা নাহলে, আজকে কোর্ট-এ পাঠাবার সাহস আপনাদের হত। মাননীয় স্পীকার মহাশয়, তারপর আমি আর একটা কথা বলতে চাই যে কেন তাদের ধরা হয়েছে? কারণ কেরালায় যে নির্বাচন হচ্ছে, ওঁরা জানেন খুব ভালকরে, যে আজকে যদি ওঁরা এদের আটকাতে না পারেন ভালকরে তাহলে কেরালায় পাঁচটা আসনও এরা পাবেন না, পাঁচটা আসন পাবারও এ'দের ক্ষমতা নেই। এখনও ইলেকসন-এর এক মাস বাকী আছে, এদের ছেড়ে দিয়ে প্রমাণ করুন। কিন্তু এটা সকলেরই জানা আছে, ওঁদের সে ক্ষমতা নেই। বিঘ্ন হচ্ছে, এই জন্য যে শুধু কেরালায় নির্বাচনের আগে যদি কেরালার গুটি কয়েক লোককে অ্যারেস্ট করে, তাহলে দেখতেও খারাপ লাগে, আর বাংলাদেশের যেখানে খাবার জিনিষ পাওয়া যায় না, যেখানে তেল পাওয়া যায় না যেখানে ডাল পাওয়া যায় না এবং এদের করার কিছু ক্ষমতা নেই—কারণ আমরা জানি, এ'রা যে নীতি গ্রহণ করেছেন, সেই নীতির এতটুকু পরিবর্তন করেন নি তাঁরা, যাতে করে জনসাধারণের স্বার্থের অনুকুলে কিছু যায়, যার জন্য এ'রা নিজেরা বুঝতে পারছেন, যে ধনীক শ্রেণীর দালালি এ'রা করছেন এবং সেই ধনীক শ্রেণীর দালালি করতে গেলে সাধারণ মধ্যবিত্ত, সাধারণ কৃষক, সাধারণ মজুর, যাদের অনবরত বিক্ষোভ—যে বিক্ষোভ ধূমায়িত হয়ে উঠেছে প্রতিটি ঘটনার মধ্যদিয়ে আপনারা জানেন যে কেন আজকে একটা স্টেট বাসে গন্ডগোল হলে, একজন লোক স্টেট বাস-এ চাপা পড়লে সঙ্গে সঙ্গে বাস পুড়তে থাকে, তার কারণ কি? আপনাদের বিরুদ্ধে লোকের ক্রোধ এবং ক্ষোভ এমন ভাবে ধূমায়িত হয়েছে যে ধূমায়িত ক্রোধ এবং ক্ষোভকে দেখে আপনারা মনে করেছন আগামী দিনে আপনাদের নিরাপত্তার জন্য কোনও রাষ্ট্রের নিরাপত্তার জন্য নয়, কোনও গণতন্ত্রের নিরাপত্তার জন্য নয়, আপনাদের নিরাপত্তার জন্য এদের গ্রেপ্তার করার প্রয়োজন মনে করেছেন। যদি বুঝতাম এরা চোর, ডাকাত—চোর, ডাকাত হচ্ছে ঐ সারির সব—প্রত্যেকের এ্যাগেনস্ট-এ কেস আনা যায়। যদি আজকের জনসাধারণের সরকার হয়, আমরা প্রকাশ্য আদালতে এদের পাঠাবো, আমরা বিনা বিচারে এদের আটকে রাখবো না, এবং আদালতে পাঠিয়ে এদের বিচারের বন্দোবস্ত করবো এই আশ্বাস অন্ততঃ নেপালবাবুর মত লোককে দিয়ে দিতে পারি, ওঁকেও আমরা বিচারে পাঠাবো, তবে নিশ্চিত যে সেই বিচারে ওঁর সাজা হবে কেননা ওঁর যথেষ্ট প্রমাণ আছে। যাহোক মাননীয় স্পীকার মহাশয়, আমি শুধু এটা বলতে চাই, যে আজকে শুধু যদি কয়েকজন লোককে গ্রেপ্তার করেই ঘটনাটা শেষ হয়ে যেত, আমরা ভাবতাম না কিছু, কিন্তু বিপদটা হচ্ছে এই যে এরা ডিফেন্স অব ইন্ডিয়া রুলস ব্যবহার করছেন আন্দোলন দমন করার জন্য। আপনি হয়তো খেয়াল করেছেন আগে রবীনবাবু বলেছেন যে জায়গায় যখন ধর্মঘট হয়েছে তখনই ডি আই আর ব্যবহার করা হয়েছে। মজুরশ্রেণী তাদের বাঁচার আন্দোলন করার জন্য, তাদের মাইনে বৃদ্ধির জন্য যখন আন্দোলন করেছেন, তখনই ডি আই আর প্রয়োগ করা হয়েছে। একটা জিনিষ অর্দ্ধেন্দুবাবু উত্তর দেবেন, একটা জায়গায় দেখবেন? ছোট কারখানা হিন্দুস্থান স্মল টুলস গড়িয়াতে সেখানে ধর্মঘট হয়েছে, সেখানেও ডি আই আর-এ এ্যারেষ্ট হয়েছে—সেখানে চীন এসে যাচ্ছিল? কি জন্য এ্যারেষ্ট করেছেন সেখানে? একটা জায়গায় দেখান যেখানে মজুরশ্রেণী আন্দোলন করেছে বাঁচার জন্য সেই আন্দোলনকে স্তব্ধ করে দেবার জন্য আপনারা ডি আই আর ব্যবহার করেন নি? একটা জায়গায়ও দেখাতে পারেন যে একটি আন্দোলনেও আপনারা একজনকে ডি আই আর-এ এ্যারেস্ট করেন নি? কয়েকজন চোরাকারবারীকে এ্যারেস্ট করেছেন বলে আপনারা বড় বড় গলায় বলে বেড়াচ্ছেন, কৈ এটা তো আপনারা বিশেষ করে বললেন না, কিন্তু আজকে আপনারা গণতন্ত্রকে বিপন্ন করছেন, সেইজন্য আমি বলি যে যদি আপনাদের ক্ষমতা থাকে কোর্ট-এ পাঠান, তা নাহলে আপনাদের গণতন্ত্রের প্রতি কতটা বিশ্বাস আছে, তা আপনাদের দেখলেই বোঝা যাচ্ছে।

Shri Krishna Kumar Shukla:

মাননীয় স্পীকার মহাশয়, আমি শ্রীগৌর কুন্ডু যে বেসরকারী প্রস্তাব এনেছেন, তাকে আমি অভিনন্দন করতাম, তাঁর এই দুঃসাহসিকতার জন্য যদি দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে কোনও প্রস্তাব এই বিধানসভার সামনে উপস্থিত করতেন। আমি অবাক হয়ে গেছি যে নির্লজ্জতা এবং বেহায়াপনা কোন পর্য্যায়ে না বলে এই প্রস্তাব বিধান সভায় উপস্থিত করার দুঃসাহসিকতা থাকতে পারে। তিনি আজকে প্রশ্ন তুলছেন ডি আই আর তুলে দিতে হবে এবং সঙ্গে সঙ্গে পিকিং পন্থী কমিউনিস্ট নেতা বা কর্মীদের গ্রেপ্তার করা হয়েছে তাদের বৈধতা চ্যালেঞ্জ করেছেন। তার প্রস্তাবের ব্যাখ্যা করতে গিয়ে শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় এখানে একটা বিকৃত চিন্তাধারা রাখবার চেষ্টা করেছেন। তিনি বললেন যে চীনের নীতি সমর্থন করলে জেলে যেতে হবে, এ আবার কোন কথা? চীন আক্রমণ, চীন আমাদের শত্রু, একথা যদি তিনি মনে রাখতেন, তাহলে এই উক্তি তাঁর মুখ দিয়ে কখনও বেরোত না। কোনও দেশের চিন্তাধারার সঙ্গে আমাদের কোনও শত্রুতা ছিলনা, কিন্তু ভারতবর্ষের মাটি যে আক্রমণ করেছে, দেশের স্বাধীনতা যে বিঘ্নিত করেছে, দেশের যে অখন্ডতাকে অপহরণ করেছে, তার নীতিকে সমর্থন করে, ভারতের মাটিতে দাঁড়িয়ে তার গুণাবলি কীর্তন করবে যে তাকে শত্রু বলে মনে করবো এবং একথা মনে করবো যে দেশের স্বাধীনতার সে শত্রু। পিকিং পন্থী কমিউনিস্ট পার্টিকে আজকে দেশের শত্রু বলা হচ্ছে এবং সমস্ত দায়িত্ব নিয়ে আজ দেশের মানুষ এই কথা বলছে। এই কথা বলছে এই জন্য যে তাদের কাজে, কর্ম্ম পদ্ধতিতে, প্রত্যেক জিনিষ দিয়ে প্রমাণ করেছে যে ভারতের বাইরে তাদের আনুগত্য আছে, ভারতবর্ষের সীমারেখার ভেতরে কাজ করে, এখানে সমস্ত স্বাধীনতা উপভোগ করবে—সোমনাথবাবুকে জিজ্ঞাসা করি, এ আবার কোন জাতীয় কথা? বিনা বিচারে তাদের আটক করা হয়েছে, একথা তিনি বলতে পারেন যে জাতীয় অপরাধ, এই জাতীয় অপরাধ ভারতবর্ষে এমারজেন্সী থাকা সত্বেও ভারতের অগ্নি এবং ঈশান কোনে যখন ভারতের শত্রু দাঁড়িয়ে আছে, ঠিক সেই মুহূর্তে বিচার করা সম্ভব কি? বিচার করা যাবে কি চীনকে, রাশিয়াকে আপনারা কি বলতে বলছেন, আমরা জানিয়ে দেবো এদের কর্ম্মপদ্ধতি কি ধরণের সেই সংবাদ আমরা রাখি। আমরা প্রকাশ্য আদালতে নিয়ে গিয়ে এদের বুঝিয়ে দেবো, আমাদের শত্রু যারা ভারতের বাহিরে দাঁড়িয়ে আছে, তাদের জানিয়ে দেবো এদের সম্বন্ধে কতটা আমাদের ইনফর্মেসন। দেশের স্বাধীনতা যখন বিঘ্নিত হবে দেশের স্বাধীনতা যখন লাঞ্ছিত হবে, ঠিক সেই মুহূর্তে কোর্ট-এ নিয়ে গিয়ে এদের বিচার করতে হবে। পিকিং পন্থী কমিউনিস্টরা জানিয়ে দিন একথা পিকিং-এর মালিকের কাছে যে ভরতবর্ষের পূর্ব সীমান্ত থেকে তোমরা চলে যাও, ভারতবর্ষের অখন্ডতা ফিরিয়ে দাও।

[5-10—5-20 p.m.]

ওঁরা পিকিং পন্থী কমিউনিস্ট নেতারা পিকিং-এ বসা মালিকদের কাছে জানিয়ে দিন যে ভারতবর্ষের উত্তর এবং উত্তরপূর্ব সীমান্ত থেকে তোমরা সরে যাও, ভারতবর্ষের অখন্ডতা তোমরা ফিরিয়ে দাও এবং তারপর প্রত্যেক কমিউনিস্টের আদালতে বিচার করা হবে, প্রত্যেক শত্রুর বিচার করা হবে এবং দেশদ্রোহের অপরাধ হাতে-নাতে ধরিয়ে দেওয়া হবে। আজকে এখানে দাঁড়িয়ে খগেনবাবু কমিউনিস্ট পদ্ধতি গাইছেন। তিনি আমাদের বোঝানর চেষ্টা করছিলেন যে সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে যে যুদ্ধ সেই যুদ্ধের প্রথম সারিতে কমিউনিস্টরা দাঁড়িয়ে থাকে এবং তারা শহীদের মৃত্যু বরণ করে। তাদের রক্তে নাকি সেই দেশের মাটি লাল হয়ে যায় যে দেশে অন্যায় থাকে। আমি তাঁকে জিজ্ঞাসা করব স্ট্যালিনের হত্যা কোন সাম্রাজ্যবাদী করেনি করেছিলেন বুলগানিন এটা কি অস্বীকার করতে পারেন? কমিউনিস্ট-এর হাতে কমিউনিস্টের হত্যা হয়েছে। বুলগানিনের হত্যা কোন সাম্রাজ্যবাদী করেনি করেছে ক্রুশ্চেফ, ক্রুশ্চেফের হত্যা কোন সাম্রাজ্যবাদী করেনি করেছে কোসিগিন। কমিউনিস্টের হত্যা কমিউনিস্টের হাতে এ কমিউনিস্ট চিন্তাধারা প্রসূত। আমাদের কাছে এসে সাম্রাজ্যবাদী এবং সাম্যবাদী কয়েকটি কথার ফানুষ তুলে দেশের মানুষকে আর ভোলান সম্ভব নয়। দেশের মানুষ বুঝেছে যে যে শত্রু ওপারে দাঁড়িয়ে তার হাতে যে পতাকা খগেনবাবুর হাতেও ঠিক সেই পতাকা। দুই লোকের হাতে একই পতাকা। সেই দেশের গুণকীর্তন আমার মাটিতে দাঁড়িয়ে যে করে আমাদের দুঃখ দুর্দশা আমাদের লাঞ্ছনা আমাদের অভাব আমাদের দৈন্যকে চোখের সামনে তুলে ধ'রে

দেশের স্বাধীনতাকে লাঞ্ছিত করার মত অপচেষ্টা যারা করে দেশের মানুষ তাদের ক্ষমা করবে না, দেশের মানুষ তাদের ক্ষমা করতে পারে না। একটু আগে খগেনবাবু যখন নেপালবাবু ১৯৪২ সালের কথা তুলেছিলেন তখন ভয়ানকভাবে তিনি অপমানিত বোধ করেছিলেন যদিও অপমানিত বোধ করার কিছু ছিল না। কারণ, ভারতবর্ষের ইতিহাসে একথা লেখা আছে, কমিউনিস্ট-এর ইতিহাসে একথা লেখা আছে তবুও তিনি বলেছেন যে বৃটিশের পুঁজি লেহন করেছিলেন তাঁরা, আমরা নাকি দেশের জন্য বিরাট কাজ করছি। আমরা একথা অস্বীকার করি নাই যে আমরা সংগ্রাম করেছি দু'শো বছর ধরে আমরা বৃটিশের বুটের নিচে নিষ্পেষিত ছিলাম। আমরা তো সংগ্রাম করেছি মাথা নুইয়ে দিইনি কোন দিন। সিরাজের অপমৃত্যুর পর থেকে ১৯৪৫ খৃষ্টাব্দ পর্যন্ত আমরা বৃটিশের বুটের নিচে নিষ্পেষিত হয়েছি, সংগ্রাম করেছি কিন্তু স্বত্ব বিলিয়ে দিইনি। আমরা একথা বলিনি আনন্দবাজারকে আক্রমণ করতে গিয়ে ননী ভট্টাচার্য্য যে কথা বলেছিলেন যে উগ্র দেশপ্রেম এবং অন্ধ সাংবাদিকতা আনন্দবাজার পরিবেশন করে। আমরা দেশপ্রেমিক, তাকে উগ্র বলুন আর অদুগ্র বলুন আন্তর্জাতিকতার লোভে আমরা জাতিকে নিঃশেষ করে দিতে পারব না। এরজন্য যে লাঞ্ছনা যে গঞ্জনা আমাদের সহ্য করতে হয় আমরা করব। কিন্তু মাসীর জন্য মাকে মাঝ রাস্তায় নিলাম করে দেব না। ফাদারল্যান্ডের জন্য মাতৃভূমিকে লাঞ্ছনা করার চিন্তাধারায় যারা উদ্বুদ্ধ তাদের কাছে বিনীতভাবে নিবেদন করি যে ফাদারল্যান্ডের কাছে আনুগত্য আছে থাকুক আপত্তি নেই কিন্তু ফাদারল্যান্ড এবং মাতৃভূমির জারজ সন্তানের যে চেহারা সেটা ভারতবর্ষের মানুষ আর দেখতে চায়না, আর দেখবেন না যথেষ্ট হয়ে গেছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে জ্যোতিবাবুর একটা উক্তি এই হাউসে তুলে ধরে আমি নিবেদন করতে চাই যে ডি আই আর সম্বন্ধে এখানে কথা উঠেছে এবং এই প্রশ্ন উঠেছে কয়েকজন লোককে শুধু গ্রেপ্তার করা হল তাদের বিচার করা হচ্ছেনা কেন? ডি আই আর-এর প্রয়োগ হয়েছে কি ঠিকমত? যা প্রয়োগ হয়েছে এতেই এত চিৎকার? জ্যোতিবাবুর মত বক্তা জলপাইগুড়ির মাটিতে দাঁড়িয়ে জলপাইগুড়ি চীন দাবী করছে না এই তার বদান্যতা, এই কথা বলার পরও লোক সমাজে এখনও ঘোরা ফেরা করছে? ("কোয়েশ্চেন" ফ্রম দি অপোজিসান বেঞ্চ) নো কোয়েশ্চেন প্লিজ নো কোয়েশ্চেন। এইসব কথা বলার পর প্রায় প্রত্যেক কমিউনিস্ট নেতা নন্দজীর এই বিবৃতিকে একটা চোথা কাগজ বলে বর্ণনা করবার চেষ্টা করেছেন এতে আশ্চর্য হবার কিছু নাই। এটা স্বাভাবিক। আমাদের কাছে পিপলস ডেলি অব চায়না কাগজ যেমন চোথা তেমনি আপনাদের কাছেও তা হতে পারে।

এই বিবৃতির প্রথম প্যারাগ্রাফে নন্দজী বলে দিয়েছেন "নিরাপত্তা তথ্য জনসাধারণের স্বার্থে এই বিবৃতির লিখিত তথ্যের চেয়ে আর বেশী কিছু বর্তমানে প্রকাশ করা যাচ্ছেনা।" এই লাইনটা কনভিনিয়েন্টলি উড়িয়ে দেবার চেষ্টা হচ্ছে, এড়িয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে। জনসাধারণের স্বার্থে যা প্রকাশ করে দেওয়া হয়েছে, তার চেয়ে বেশী এখন বলা যাচ্ছে না।

একটু আগে রবীবাবু বলেছিলেন আমরা নাকি দেশকে জাহান্নামে নিয়ে যাচ্ছি। দ্রব্যমূল্য প্রতিরোধ করতে পারছি না।

(এ ভয়েসঃ আর কি বাকি রেখেছেন?)

আমার মনে হয় চীনের পথে যাওয়ার চেয়ে জাহান্নামের পথে যাওয়া সহজ হবে, জাহান্নামের পথে যাওয়া শ্রেয় এবং ভাল। তবু সম্মানের সঙ্গে যাবো, স্বাধীনতার সঙ্গে যাব, কিন্তু অন্য লোকের পদলেহন করে যাব না। ভারতবর্ষের সীমারেখা দেখাতে গিয়ে নিজেরা দেশদ্রোহীর চার্জে পড়ছেন আজকে একথা তুলে খগেনবাবুরা গালাগালি করেন। আমার বক্তব্য এবং ধারণা যে যেখানে মুক্তির অবসান, গালাগালির আরম্ভ সেখানে এবং তিনি যখন গালাগালিতে নেমেছেন তখন বোঝা গেছে তার বিরাট ফাঁকি ধরা পড়ে গেছে। কর্তব্য কিছু নাই, জনসাধারণের কাছে কৈফিয়ৎ দেবার কিছু নাই এবং কৈফিয়ৎ চাওয়ার যখন কিছু নেই, তখন আসামীর মত মাথা হেট করে দাঁড়ানো উচিত, আস্ফালন করা উচিত নয়। আমার বক্তব্য যে, দেশের স্বাধীনতার প্রশ্ন যেখানে অখণ্ডতার প্রশ্ন সেখানে, সেখানে ক্ষমার কোন স্থান নাই। কবিগুরুর ভাষায়—

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা"।

জকে একথা পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে যে আমাদের দেশের দায়িত্ব যখন আমাদের পর, ঠিক সেই মুহূর্তে আমাদের কর্তব্য পথ থেকে বিচলিত করে নানা কথার বাগজাল সৃষ্টি রে জনমানসে ধুয়া সৃষ্টি করবার চেষ্টা করছেন যাঁরা, তাঁদের বিরুদ্ধে আমাদের বক্তব্য অত্যন্ত রিষ্কার। এই বক্তব্য তিনি বলে দিয়েছেন।

(এ ভয়েসঃ আমরা সবটা পড়েছি।)

ুলে ঐ লাইনটা ভুলতেন না ন্যায্যতঃ যে অঞ্চল চীনের প্রাপ্য, চীন কেবল সেইটুকু দখল রে নিয়েছে এবং দেশের আভ্যন্তরীণ সংকটের থেকে জনগণের মনোযোগ অন্যত্র সরিয়ে দেবার ন্য এই সময় চীনা আক্রমণের এই ধুয়া তুলছেন অস্বীকার করতে পারেন কি—এ'রা কেউ একথা লতে পারছেন না যে এ বক্তব্য আমাদের নয়। ভারত সরকারই সীমান্তে ত্রাসের সূচনা করে। ক তরফা যুদ্ধ বিরতি ও সৈন্য অপসারণের দ্বারা চীন প্রশংসনীয় ও উদারতার মনোভাবের রিচয় দিয়েছেন, ডি এন বি রিপোর্ট-এ আছে—চীন সাধারণতন্ত্রের বিরুদ্ধে নেহরুর সম্প্রসারণ ীতির উদ্দেশ্য ছিল ডলার ভিক্ষা করা। আসলে নেহরু নিজেকে আক্রমণাত্মক নীতির সঙ্গে জেকে জড়িয়ে ফেলেছেন। এইভাবে বান্দুং সম্মেলনের দশটি আদর্শকে ক্ষুণ্ণ করেছিল যা ীন নিজে প্রণয়ন করেছিলেন।" কলম্বো প্রস্তাব গ্রহণ করতে চীন যে অস্বীকার করেছে র যৌক্তিকতা দেখিয়ে বলা হয় যে এটা কোন মধ্যস্থকারীর রায় নয়। একটির পর একটি ক্তি তর্ক দিয়ে প্রমাণ করা হয়েছে যে যারা পিকিং পন্থী কম্যুনিস্ট পার্টি, তাদের বিরুদ্ধে মাদের কোন বক্তব্য কিছু ছিলনা। আজকে শুধু ভারতবর্ষের স্বাধীনতার শত্রু যে চীনা ম্যুনিষ্ট পার্টির সঙ্গে হাত মিলিয়ে পিকিং পন্থী কম্যুনিস্টরা দেশকে বিকিয়ে দিতে চাচ্ছে শচয়ই তাদের বিরুদ্ধে আমাদের বক্তব্য আছে। আমার নিজের বক্তব্য এই বিচার পাওয়ার এই হূর্ত নয়, এদেশে যখন ইমারজেন্সী অবস্থার মধ্য দিয়ে আমরা চলেছি, তখন এর অবসান আগে ়ক, তারপর বিচার হবে এবং এর মধ্যে বিচার চাওয়ার কোন যুক্তি বা কারণ থাকতে পারে না। গেনবাবু আমাদের আশ্বাস দিচ্ছিলেন একটু আগে যে আমাদের তাঁরা প্রকাশ্য আদালতে চার করবেন। অবশ্য ওদের হাতে ক্ষমতা যদি কোনদিন আসে, সেদিন। কিন্তু আমার মনে য় স্যার, তাঁর এই আশ্বাসের পেছনে নন্দজীর বিবৃতির সর্বশেষ লাইনেতে তিনি দেশ শাসনের শ্বাস দিতে পারতেন না। ১৯৬৪ সালের অক্টোবর মাসে ত্রিবান্দ্রম জেলায় দলের সম্মেলন পলক্ষ্যে কেরালায় যে মিছিল বের করা হয়েছিল, তখন একটা ধ্বনি শোনা যায় চার মাস টুক, চীনাদের আসতে দেও। তারপর আমরা দেশ-শাসন করবো। তোমাদের শিক্ষা দেব।

(Voices of shame, shame.)

মার মনে হয় খগেনবাবু এই বিশ্বাসে বিশ্বাসী যে চার মাসের মধ্যে চীনারা এসে যাবে, মতা তাদের হাতে এসে যাবে। গভর্নমেন্টের ক্ষমতা তাঁরা নেবেন তারপর তাঁরা আমাদের চার করবেন।

5-20—5-30 p.m.]

এই বক্তব্যের মধ্যে পরিষ্কার লেখা আছে চীন ভুল বুঝেছিল। চীন-এর ধারণা ছিল শের মানুষ বিক্ষুব্ধ হয়ে আছে কাজেই একটা ধাক্কা দিলেই তাসের ঘরের মত কংগ্রেস সরকারের তন ঘটতে পারে। কিন্তু সেই জিনিষ হয়নি। তাদের সেই স্বপ্ন ভেঙ্গেচুড়ে নিঃশেষ হয়ে ছে, তারা তুষার শুভ্র হিমালয় থেকে আঘাত খেয়ে ফিরে গেছে। আমাদের দেশের জোয়ানরা দিয়ে ইতিহাস লিখেছে, তারা চীনের কাছে নতি স্বীকার করেনি এবং চীনের পক্ষেও দেশে ভেদ সৃষ্টি করে তাদের পথ পরিষ্কার করা সম্ভব হয়নি। কাজেই ডি আই আর পিকিং ন্থীদের বিরুদ্ধে প্রয়োগ করা যদি অন্যায় হয় তাহলে তার প্রয়োগের উপযুক্ত ক্ষেত্র আর থায় পাওয়া যাবে। আমি মনে করি ডি আই আর যেভাবে আছে সেই ভাবেই থাকবে, থাকা চত এবং যতদিন পর্যন্ত ইমারজেন্সী শেষ না হচ্ছে ততদিন পর্যন্ত এই রকম অন্যায় করার

অধিকার পিকিং পন্থী কমিউনিস্টদের দেওয়া উচিত নয়। স্যার, আমার বক্তব্য শেষ করবার আগে আমি গুরুদেবের দুটি লাইন উধৃত করছি—"অন্যায় যে করে আর অন্যায় যে সহে, তব ঘৃনা তারে যেন তৃণসম দহে"। একথা বলে আমি এই প্রস্তাবের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Shri Sankardas Banerji:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আজ কিছু বলতাম না, কিন্তু বিরোধীদলের বন্ধু খগেনবাবু আমার সম্বন্ধে বলেছেন যে, আমি নাকি বলেছি যাদের ধরা হয়েছে তাঁদের বিনা কারণে ধরে আবদ্ধ করা হয়নি এবং আমার কাছে প্রমাণ আছে। আমি যে একথা বলেছি সেটা আমি স্বীকার করছি এবং পূর্বে যা বলেছিলাম সেটা এখন প্রত্যাহার করবার আবশ্যকতা নেই। প্রমাণ না থাকলে কাউকে ধরবার কারণ নেই।

Shri Bhadra Bahadur Hamal:

কোর্টে নিচ্ছেন না কেন?

Shri Sankardas Banerji:

কোর্টে নিয়ে যাবনা এটা নিশ্চয় এবং কোর্টে নিয়ে যাবার যে আবশ্যকতা নেই এটাও নিশ্চয়। কোর্টের বিষয় আমি মিঃ হামালের চেয়ে ঢের বেশী জানি। কোর্টে কি হয় বা না হয় এবং কোর্টে কতটা সত্যতার উপর বিচার হয় এবং কতটা মিথ্যা সাক্ষ্য দেওয়া হয় সেটা আমি বেশ জানি। কোর্ট থেকে খালাস পেলেই সেই লোক যে নিরপরাধ তা মোটেই নয়।

Shri Rabindra Nath Mukhopadhyay:

তাহলে কোর্ট-কেও বিশ্বাস করছেন না?

Shri Sankardas Banerji:

আপনার যদি কোর্টে যাতায়াত থাকত তাহলে আপনি জানতেন লোকেরা কোর্টে গিয়ে কত মিথ্যা কথা বলে। যাহোক, আমি যেকথা বলছিলাম সেটা হচ্ছে আমাদের কাছে প্রমাণ আছে এবং সেটা কোলকাতার পুলিশ এবং থানার প্রমাণ নয়। সরকার যখন ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস্ প্রয়োগ করেন তখন কোলকাতার সি আই ডি ইন্টেলিজেন্স ব্রাঞ্চ, দিল্লী সেন্ট্রাল ইন্টেলিজেন্স এবং মিলিটারী ইন্টেলিজেন্স এতগুলো রাস্তা আছে যারা সরকারকে খবর দেন যে, এই এই লোককে আবদ্ধ করা দরকার। থানার সাক্ষীতে তাঁদের ধরা হয়নি। আমি কমিউনিস্ট পার্টির বন্ধুদের বলব, যে, আমি অনেককে চিনি—নারায়ণবাবুকে, গনি সাহেবকে চিনি এবং আমার প্রিয় ছাত্র স্নেহাংশু আচার্যকে ধরা হয়েছিল প্রিভেণ্টিভ ডিটেনসন এ্যাক্ট-এ যখন আমি মন্ত্রী ছিলাম। আপনারা রাগ করবেন না, সরকার যখন দরকার মনে করবেন তখন ছেলেপেলে, বন্ধু-বান্ধব কোন জিনিসই মানবেন না। (জনৈক সদস্যঃ দল রাখতে গেলে এসব তো করতেই হবে) দল রাখতে গেলে গনি সাহেব বাইরে থাকতেন না এবং স্নেহাংশু আচার্যকেও ছেড়ে দেওয়া হোতনা। ইন্টেলিজেন্স ব্রাঞ্চ থেকে যে সাক্ষী আসে মুখ্যমন্ত্রী সেটা গ্রহণ করতে বাধ্য।

গোয়েন্দাগিরি তিনি করেননি, তিনি সরকারী কর্মচারীর উপর নির্ভর করেছেন। সরকারী কর্মচারী যখন খবর দেন অমুক অমুক লোক রাষ্ট্র বিরোধী কাজ করেছে তখন প্রফুল্ল সেন মহাশয় নিজে সমস্ত খুঁটিয়ে খুঁটিয়ে দেখেন এবং পুলিশ যে রিপোর্ট দেন তা সমস্তই অত্যন্ত যত্ন করে দেখেন এবং নিজে যদি দেখে মনে করেন পুলিশ যে রিপোর্ট দিয়েছে তা সত্য তখন যদি না ধরেন তাহলে তিনি মন্ত্রী হবার এবং মুখ্যমন্ত্রী হবার অনুপযুক্ত। আজকে আমি শুনলাম আমার বিরোধী দলের বন্ধুরা উইনষ্টন চার্চিলের মেমোয়ারস্ থেকে বলেছেন, এটা কি সত্য নয় যে বিলাতের মত গণতান্ত্রিক দেশ পৃথিবীতে কমই আছে। সেই বিলাতেই ডিফেন্স অব রেল্ম এ্যাক্টে এই ভাবেই ধরা হয়। বিলাতে যখনআবশ্যক, বিলাতেতো আর চীন আক্রমণ

করতে যাচ্ছেনা বা অন্য কোন দেশ বিপন্ন করতে যাচ্ছে না এটা সত্য, তথ্ন সেখানে যদি হয়, আজকে ভারতবর্ষ নিশ্চয়ই বিপন্ন, আজকে ভারতবর্ষের কর্ণধারগণ যদি মনে করে থাকেন যে এবারে চীন ভারতবর্ষকে আক্রমণ করতে পারে সেজন্য ডি আই আর বহাল রাখছেন যতদিন আমাদের দেশে এই অবস্থা থাকবে, ততদিন এই আইন বহাল রাখা হবে। যারা মাথা ঠাণ্ডা করে চিন্তা করেন, দেশকে ভালবাসেন তাঁরাই এটা বুঝবেন যে বিনা কারণে কাউকে ধরে রাখা হয় না। এই বিরাট অর্গানাইজেশনের লোকদের ধরে রাখা উচিত নয় বলে মনে করি। যেখানে কোন প্রমাণ পাবেন সেখানে নিশ্চয়ই সরকার যদি না ধরেন, আমি বলবো সরকারের গদি ছেড়ে যাওয়া উচিত।

(শ্রীরবীন মুখোপাধ্যায়ঃ কার প্রমণ, পার্টির প্রমাণ?)

পার্টির প্রমাণ নয়, পুলিশের প্রমাণ, পুলিশর কথা আপনার ভাল না লাগতে পারে, সরকারী কর্মচারী পুলিশের কাজ আমি বরাবরই সমর্থন করি। এবং সমর্থন না করার কোন কারণ নাই। একটা লোক যদি অন্যায় করে দেশের নিরাপত্তাকে বিপন্ন করে নিশ্চয়ই তাকে ধরবে, কোন পার্টির প্রশ্ন নাই, আপনি এত বিরোধীতা করছেন, কই, আপনাকে তো ধরা হচ্ছে না? ধরবার উপযুক্ত নন বলেই ধরা হচ্ছে না, এত চেঁচামেচি করেন, আপনি ধরার উপযুক্ত নন।

Shri Apurba Lal Majumdar:

স্পীকার মহাশয়, গৌর কুণ্ডু মহাশয় যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, সেই প্রস্তাব আমি সমর্থন করার জন্য উঠে দাঁড়িয়েছি। এই প্রস্তাবের সমর্থনে ফরওয়ার্ড ব্লকের দিক থেকে যে বক্তব্য সে বক্তব্য আমি রাখছি। গত অক্টোবর মাসে ২৬শে তারিখে, ১৯৬২ সালে যখন ইমার্জেন্সী প্রক্লেম করা হল এবং ডি আই আর চালু করা হল, তখন দেশের আপৎকালীন ব্যবস্থাকে শক্তিশালী করে গড়ে তোলার জন্য, দেশের অভ্যন্তর শক্তিশালী করার জন্য, বাইরে থেকে আক্রমণকে রুখবার জন্য আমরা এই ডি আই আর-কে স্বাগত জানিয়েছিলাম এবং সমর্থন জানিয়েছিলাম। ইতিমধ্যে ২ বছর ৪ মাস অতিক্রান্ত হয়েছে। অভিজ্ঞতায় দেখেছি সেদিন কংগ্রেসের প্রবক্তারা তাদের নেতৃস্থানীয় ব্যক্তিরা দেশের স্বাধীনতা রক্ষার জন্য যে কথা বলেছিলেন এবং এই আইনকে ঠিকভাবে প্রয়োগ করার জন্য যে প্রতিশ্রুতি দেশবাসীর সামনে দিয়েছিলেন, আজকে দেখতে পাচ্ছি, আইনের প্রয়োগ এমন পর্য্যায়ে পৌঁচেছে যে কোন সুস্থ বুদ্ধি সম্পন্ন নাগরিক এই আইনকে ঠিকভাবে সমর্থন করতে পারে না। একটু আগে আমার পূর্বে দু'একজন বক্তা, কংগ্রেসের তরফ থেকে, শংকরবাবু বললেন আমরা এমন লোক গ্রেপ্তার করবো যে লোকের বিরুদ্ধে পুলিশের রিপোর্ট পাওয়া যায়, আমাদের এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ, সেণ্ট্রাল আই বি, সি আই ডি, ইত্যাদি সব কিছু আছে, তারা যখন বলেছে তখন ধরবো, আমরাতো প্রত্যেক লোককে কোর্টে নিয়ে যেতে পারিনা।

[5-30—5-40 p.m.]

কারণ কোর্টে ন্যায় বিচার হয় না সেখানে যদি খালাস পাওয়া যায় তাহলে একথা বলা যা না যে সে নিরপরাধ। এই হাউসের বাইরে যদি তিনি এই কথা বলতেন তাহলে ত কনটেম অফ কোর্টে তাঁর বিচার হত। এখানে প্রিভিলেজ পজিসানে দাঁড়িয়ে একজন স্বনামধন্য ব্যারিস্টার কংগ্রেস পক্ষের ওকালতি করতে গিয়ে এমন নির্লজ্জভাবে বলতে পারেন যে কোর্টে যদি খালাস পায় তাহলেত তিনি নিরপরাধ বলা যায় না বরং পুলিস রিপোর্ট ২বি রিপোর্টে আমরা যাদের গ্রেপ্তার করবো তাদের গ্রেপ্তার ঠিকই হবে। অর্থাৎ পুলিসের রিপোর্ট-কে বেশী মূল্য বলে কোর্টের জাজমেণ্ট এর চেয়েও একথা যারা বলতে পারেন তাঁরা পুলিসের কাছে দাসখত লিখে দিতে পারেন। আজকে এরূপ একটা মনভাব কংগ্রেসের মধ্যে দেখা দিয়েছে। এর ফলে পুলিস আজকে যেখানে যা ইচ্ছা করছে যার বিরুদ্ধে সেখানকার কংগ্রেস নেতার অভিযোগ আছে তাকে সন্তুষ্ট করবার জন্য মিথ্যা রিপোর্ট দিয়ে লোককে গ্রেপ্তার করবার চেষ্টা করছেন। শুধু

তাই নয় এই কয়েকদিন আগে দেখলাম ডি আই আর-এ অপপ্রোয়োগ। বড় বাজারের যিনি ও সি তিনি গ্রেপ্তার করেন এক জনকে যেহেতু তিনি বড়বাজারের ও সি-র বিরুদ্ধে রিউমার ছড়িয়ে ছিলেন। এ্যালিগেসান হল যে ও সির সম্বন্ধে রিউমার ছড়িয়ে ছিলেন সুতরাং তাতে ডি আই আর-এ গ্রেপ্তার করা হল। স্টেটসম্যান এবং অন্যান্য কাগজে এডিটোরিয়াল বেরিয়েছে এর বিরুদ্ধে। আজকে কংগ্রেসের স্বার্থে এটা ব্যবহার করা হচ্ছে। পুলিস এবং ২-বি রিপোর্ট কোর্টের জাজমেন্টের চেয়ে বশী দাম দিতে পারেন সেজন্য আজকে দেশের অবস্থা এই দাঁড়িয়েছে আজকে ফান্ডামেন্টাল রাইটস Article 19 of the Constitution suspended

আজকে Part III of the Indian Constitution suspended আজকে কেন্দ্রের যে কোন এক্সিকিউটিভ মেটারে কোর্ট স্টেটসকে নির্দেশ দিতে পারেন। আজকে লেজিসলেটিভ পাওয়ার আমাদের সেভেনথ সিডিউল লিস্ট টু অফ দি সেভেনথ সিডিউলস, যে কোন বিষয়ে কেন্দ্রের হাতে চলে গেছে। এই অবস্থায় যেখানে হিউমান রাইটস, যেখানে ফান্ডামেন্টাল রাইটস তার কোন স্বীকৃতি আমরা চাই না। এ অবস্থায় যদি আমরা দেখি রুল ৩০ যাকে সবচেয়ে আমাদের উপর কার্যকরী করবার চেষ্টা করছেন সে রুল ৩০ টিতে কি বলে। ইফ দি গভর্ণমেন্ট ইজ স্যাটিসফায়েড অর্থাৎ যদি গভর্ণমেন্ট-এর কোন এক্সিকিউটিভ স্যাটিসফায়েড হয় তাহলে তার বিরুদ্ধে যেকোন ধারা প্রয়োগ করে রুল ৩০টি যে কোন সাবরুজ প্রয়োগ করে তারা আমাদের অনির্দিষ্ট কালের জন্য গ্রেপ্তার করতে পারেন। এই যে এমারজেন্সি পাওয়ার
if the State Government is satisfied or the Central Government is satisfied এ যদি চলতে থাকে তাহলে ভারতবর্ষে গণতন্ত্রের স্বাধীনতার কবর নিশ্চই রচনা হবে। আমি মুখ্যমন্ত্রীকে বলবো বাংলা দেশের যে লোকেদের ডি আই আর-এ গ্রেপ্তার করেছেন—আপনি বলেছেন বিচার আমরা এখন করতে পারবো না, আপনার ক্ষমতা আছে যে তাদের একজন কেউ হাইকোর্টের জজ বা সুপ্রিম কোর্টের জজের সামনে এনকোয়ারী সমস্ত নথিপত্র তার কাছে উত্থাপন করা যে আপনারা এই বেসিসে সেটিসফায়েড হয়েছেন এবং সেখানে তাঁকে সেটিসফায়েড করতে পারবেন। আমি জানি বর্তমানে পি ডি অ্যাক্ট উঠে গেছে, সিকিউরিটি অ্যাক্ট নেই তার কারণ ডি আই আর-এ আপনারা সুযোগ পাচ্ছেন সেখানে ইফ সেটিসফায়েড যখন আছে তখন সুপ্রিম কোর্টেরও ক্ষমতা নেই আপনারা সেটিসফায়েড হলেন কি কারণে

what are the reasons of satisfaction
তা আপনাদের কাউকে বলতে হবে না। তাই আজকে যখন ইচ্ছা আপনারা যার উপর ইচ্ছা ডি আই আর প্রয়োগ করছেন আপনারা বলছেন বাইরের শত্রুকে সমর্থন করছে। যদি দেশের স্বার্থ এবং স্বাধীনতা ক্ষুণ্ণ হয় তাহলে তার বিরুদ্ধে সর্বশক্তি দিয়ে আমাদের লড়াই করতে হবে। কিন্তু স্বাধীনতার নামে এবং দেশরক্ষার নামে যদি আপনারা এভাবে ক্ষমতা এ্যাবিউস করেন অপব্যবহার করেন তাহলে আমরা তাকে ক্ষমা করবো না। আজকে ২ বৎসর ৪ মাস ধরে আমরা দেখছি ক্ষমতার চুড়ান্ত অপব্যবহার করছেন। শুধু তা নয় আন-মেরিটেড এবং
Infringing fundamental rights of human character
বলে যে সামান্য অধিকার আমাদের আছে সে অধিকার থেকে আপনারা বঞ্চিত করছেন। কিন্তু দেশের মধ্যে এমন লোককে দেখি যারা দেশের স্বার্থের বিরুদ্ধে কথা বলে তাদের বিরুদ্ধে ডি আই আর প্রয়োগ হয় না। জয়প্রকাশ নারায়ণ তাঁর বিরুদ্ধে ডি আই আর প্রয়োগ করে তাঁকে শাস্তি দেবার সাহস আপনারা রাখেন না, তিনি যখন আকশাহী চীনের কথা বলে চীনের হাতে কিছু জমি তুলে দেবার মনভাব প্রকাশ করেন যখন পাকিস্তানের পক্ষে নির্লজ্জ মনোভাব প্রকাশ করেন কাশ্মীরের গণভোটের কথা বলেন সেই জয়প্রকাশ নারায়ণের বিরুদ্ধে আপনারা ডি আই আর প্রয়োগ করতে পারেন না। শুধু তাই নয় শান্তি কমিশানের নামে পাকিস্তানের পক্ষ হয়ে ওকালতি করতে গিয়ে যিনি ভারতবর্ষের সার্বভৌমত্য স্বাধীনতার বিরুদ্ধে সংগ্রাম করছেন সেই জয়প্রকাশের বিরুদ্ধে ডি আই আর প্রয়োগ করতে তাঁদের হাত কেঁপে উঠে এবং তখন কেন্দ্রীয় সরকার ও আমাদের সরকার, তাঁর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার মত সাহস রাখেন না। কিন্তু তা না করে আপনারা বিভিন্ন যারা দেশপ্রেমিক আছেন তাঁদের গ্রেপ্তার করে রেখেছেন। আমি এখানে এই প্রসঙ্গে ফরওয়ার্ড ব্লক-এর কথা বলবো। ফরওয়ার্ড ব্লকের বিরুদ্ধে এমন কোন অভিযোগ নেই যারা আমরা দেশদ্রোহীতার কাজ করি। আমাদের দেশপ্রেম আমরা বিভিন্ন কাজের মধ্য দিয়ে প্রতিষ্ঠা করেছি। ফরওয়ার্ড ব্লক-এর স্যাকরিফাইস-এর

দেশের জন্য তা কারুর কাছে অজানা নয় ক্যালকাটা কর্পোরেশন-এর নির্বাচনের অন্যতম পার্টি ফরওয়ার্ড ব্লকের শৈলেন দেকে আপনারা মাসের পর মাস রুলস ৩০-টিতে গ্রেপ্তার করে রেখেছেন। আমি জিজ্ঞাসা করি মুখ্যমন্ত্রীর কি অধিকার আছে এই দেশপ্রেমিককে গ্রেপ্তার করে রাখা। আমরা জানি সুধাংশু দত্ত তার কথা এর আগেও বার বার বলেছি তাদের প্রতি-হিংসা চরিতার্থ করার জন্য তার বিরুদ্ধে ডি আই আর প্রয়োগ করে তাকে আটকে রেখেছেন। দেশের স্বাধীনতার জন্য দেশের বিরুদ্ধ শক্তিকে যারা দমন করবার চেষ্টা করছে সেই দেশপ্রেমিকদের কেন আপনারা গ্রেপ্তার করেছেন তার কৈফিয়ৎ আমরা চাই। আমরা জানি কংগ্রেস সরকারের কোন জবাব নেই। আজকে ২বি-র ক্রীড়নক এই সরকার এবং তাদের কথামতই কংগ্রেস সরকার চলছে। দেশের এক্সিকিউটিভ-এর হাতে এমন ক্ষমতা দিয়ে দিয়েছেন যে তাঁদের কথামতই তাঁরা চলেন। কারণ তা না হলে আপনাদের গদী ছাড়তে হবে। সেই আমলাতান্ত্রিক শোষণ ব্যবস্থার মধ্যে আমাদের দেশকে আপনারা নিয়ে গেছেন। ইংল্যান্ড-এর কথা বলছিলেন মাননীয় সদস্য শুক্লা সাহেবকে আমি জিজ্ঞাসা করি গত মহাযুদ্ধের সময় ইংল্যান্ডে এর বিচার কি বন্ধ ছিল। আমি তাকে স্মরণ করিয়ে দিই যে গত মহাযুদ্ধের সময় সেখানে বিচারের ব্যবস্থাকে তারা বন্ধ করেনি যেখানে স্পেসিফিক চার্জেস ছিল কারুর এগেনস্ট-এ এস্পিওনেজ-এ স্পেসিফিক চার্জ ছিল সেখানে গভর্ণমেণ্ট যুদ্ধের মধ্যেও তাদের বিচার ব্যবস্থা বন্ধ করেনি। যেখানে অবজেক্টিভ এভিডেন্স ছিল সেখানে বিনা বিচারে আটকের ব্যবস্থা ছিল কিন্তু এই ভেগ কতকগুলি কথা জনসাধারণকে নন্দজী একটা এ্যাপেকসড বিবৃতির মধ্য দিয়ে আমাদের দেশের জনসাধারণকে শোষণ করবার জন্য এবং নিজেদের গদীকে কায়েম করবার জন্য আপনারা এই যে চক্রান্ত করছেন এর বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাই। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই ভারতবর্ষে এই যে গণতান্ত্রিক পরীক্ষা নিরীক্ষা চলছে ১৭ বৎসর ধরে তাতে আমরা এটুকনি দেখলাম যে আমাদের দেশে ডি আই আর আরো দীর্ঘদিন ধরে চলবে। আমরা জানি আমাদের দেশের প্রাইস লেবেলকে আপনারা দাবীয়ে রাখতে পারবেন না। ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে আমরা দেখেছি ডি আই আর প্রয়োগ করে মানুষের যে ফান্ডামেণ্টাল রাইটস শ্রমিকদের ষ্ট্রাইক করবার যে ক্ষমতা সে ক্ষমতার বিরুদ্ধে আপনারা এই আইন প্রয়োগ করে দেশের মধ্যে শ্লেভ ও স্লেভ লেবার শ্রেণী তৈরী করবার চক্রান্ত করছেন। শুধু তাই নয় মানুষের ফান্ডামেণ্টাল রাইটস-এর বিরুদ্ধে দেশের মধ্যে বিভীষিকার রাজত্ব সৃষ্টি করছেন তার একদিন অবসান হবেই। শুধু নিজেদের দল এবং ব্যাক্তিগত স্বার্থের জনাই আমাদের দেশে এমারজেন্সী রয়েছে। কিন্তু এই এমারজেন্সীর মধ্যে যখন ফ্লিমষ্টারদের নিয়ে নাচানাচি করছেন যখন ইণ্টারন্যাশানাল ফ্লিম-ষ্টারদের নিয়ে আপনারা শো করেন তখন এমারজেন্সীর কথা মনে হয়না সেই ভাবেই দেখি এমারজেন্সীর বাজেটের জন্য যে টাকা সে টাকা আপনারা ব্যয় করতে পারেন না। গত বৎসর যখন ন্যাশানাল ফ্লিম ফ্যাস্টিভাল ন্যাশানাল ষ্টারদের নিয়ে আপনারা নাচানাচি করলেন তখন আপনাদের কাছে এমারজেন্সীর কথা মনে আসে না সেজন্য ন্যাশানাল ফ্লিম ফ্যাস্টিভালের ষ্টারদের নিয়ে আপনাদের নাচানাচি চলে আর তখন সত্য যারা দেশপ্রেমিক তাদের আটকে রেখে দেশের মধ্যে একটা বিভীষিকার সৃষ্টি করছেন, তাই গৌরবাবুর যে প্রস্তাব সে প্রস্তাব আমি সমর্থন করি।

[5-40—5-50 p.m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই প্রস্তাবের পক্ষে এবং বিপক্ষে সব বক্তৃতা শুনেছি আপনাকে আমি প্রথমেই বলবো যে স্বাধীনতা লাভ করবার পর ভারতবর্ষ দুটো জিনিসের জন্য আন্তরিকভাবে চেষ্টা করেছেন। একটা হচ্ছে আমাদের দেশের গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করা আর দ্বিতীয় হচ্ছে জগতে শান্তি স্থাপন করা সমস্ত দেশের সঙ্গে বন্ধুত্ব স্থাপন করে। আজকে আমাদের এখানে চীনদের সম্পর্কে আমরা বেশী করে আলোচনা করছি—কেন না চীন দেশ আমাদের আক্রমণ করেছে এবং এখনও আমাদের সীমান্তে আছে। সেইজন্য যে অবস্থার সৃষ্টি হয়েছে তার পরিপ্রেক্ষিতে আজকে এটা কেউ অস্বীকার করতে পারে না যে চীন দেশ আমাদের দেশের অনেক জমি নিয়ে এখনও বসে আছে আমাদের মধ্যে যাঁরা একটু চিন্তা করেন তাঁরা কেউ

অস্বীকার করতে পারবেন না যে আমাদের দেশে এখন ইমারজেন্সী অবস্থা রয়েছে। যদি তা নাও স্বীকার করেন, ভারত সরকার বলছেন যাদের উপর প্রতিরক্ষার দায়িত্ব দেশকে রক্ষা করবার যাদের দায়িত্ব আমাদের রাজ্য সরকারের সেই দায়িত্ব নয়—কেননা ডিফেন্স আমাদের হাতে নেই ডিফেন্স কেন্দ্রের হাতে। তারা সেই দায়িত্ব নিয়েছেন। তাঁদের কাছে অনেক খবর আছে এই সব খবর এ পক্ষেরও কেউ জানেন না ও পক্ষেরও কেউ জানেন না—কাজেই তাঁরা বলছেন যে দেশে ইমারজেন্সি অবস্থা রয়েছে—আমরা বলতে পারি যে না ইমারজেন্সি নেই—তা নিয়ে আমরা তর্ক করতে পারি—কিন্তু যাদের হাতে আমরা দেশ রক্ষার ভার দিয়েছি কেন্দ্রীয় সরকার তাঁরা বলছেন যে না, ইমারজেন্সি অবস্থা দেশে আছে এবং একবার নয় দু বার নয় বার বার তাঁরা একথা বলছেন। আমাদের স্বর্গত প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরু তাঁর পরলোকগমনের পূর্বেও ঘোষণা করেছিলেন যে আমাদের দেশে এখনও আপৎকালীন অবস্থা চালু রাখতে হবে—আপৎকালীন অবস্থা রয়েছে—কাজেই আজকে আমাদের দেশে ইমারজেন্সি অবস্থা আছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। একটা কথা এখানে উঠেছে যে যাদের আমরা ধরেছি আমরা ডি আই রুলসে এখন আটক রেখেছি ৯০৯ জনকে—তার মধ্যে কমিউনিস্ট পার্টি যাদের পিকিং পন্থী বলা হোক বা চীন পন্থী বলা হোক বা লেফ্‌ট পন্থী বলা হোক তাদের সংখ্যা হচ্ছে ১৬২ জন আর বাকী ৭৪৭ জনের মধ্যে এমন লোকও আছেন যারা পাকিস্তানের সঙ্গে স্মাগলিংয়ের কারবারে ব্যাপৃত যারা আমাদের এখানে অসামাজিক কাজ করেন যাঁরা লোককে ভয় দেখান যারা আমাদের এখানে কালোবাজারী করেন—তাঁরা চাল কলের মালিক হোউন বা আটা ময়দা কলের মালিক হোউন ব্যবসাদার হোউন—চালের বা ডালের এই সব ধরে আছে ৭৪৭ জন—আর ১৬২ জন পিকিং পন্থী। যাদের আমরা ধরে রেখেছি—তাদের বিচারের জন্য কারও কাছে উপস্থিত করছি না—আমরা মনে করছি যে আমাদের দেশে শান্তি রক্ষা করবার জন্য আমাদের দেশের প্রতিরক্ষা ব্যবস্থার জন্য কিছু লোককে ধরতে হবে—তাদের মধ্যে কিছু লোক এমন আছেন যারা কোন একটা রাজনৈতিক দলের নন—আমাদের এখানে মাননীয় বন্ধু শ্রীসোমনাথ লাহিড়ী বল্লেন যে ওঁদের ছেড়ে দেওয়া উচিত। আমি সোমনাথ বাবুকে জিজ্ঞাসা করতে পারি কি যে তারা কি কারণে ঐ দলের সঙ্গে পৃথক হলেন—কি কি কারণে আলাদা হয়ে গেলেন—আজকে আমাদের পশ্চিমবাংলায় যে কমিউনিস্ট দল আছে তারা কেন দুটো ভাগে বিভক্ত হলেন। ভারতবর্ষে যে কমিউনিস্ট দল আছেন মোটামুটি সামগ্রিকভাবে রাইটিষ্টদের সংখ্যায় বেশী—আমাদের সোমনাথবাবু যে দলে আছেন তাদের সংখ্যা বেশী—তাঁরা কেন পৃথক হলেন এর মূল কারণ কি নিশ্চয়ই একটা কারণ আছে—তারা শুধু কোন একটা নীতির জন্য বা মার্কস তত্বের কোন নীতিগত ব্যখ্যার উপর নির্ভর করে পৃথক হন নি আমাদের এখানে এমন কথা উঠেছে যে মাউসেতুংয়ের কোন ছবি কেউ রাখে তাহলে কি অপরাধ হোল—মাওসেতুংকে আমরা ঘৃণা করতে পারি না—তিনি মহান দেশের মহান নেতা তার ছবি দেখানো চলে। আমি বলবো ছবি দেখানোর জন্য আমরা কাউকে ধরিনা

আমরা যাদের ধরেছি তাদের ডি আই রুলের যে সেকসনে ধরেছি তাতে বিচারের কোন অবকাশ নেই।,এখানে অনেকে বল্লেন যে তাদের বিচার করুন—আমরা যাদের ধরেছি তাদের বিচার করতে পারছি না—যদি বিচার করতে পারতাম তাহলে নিশ্চয়ই তারা যে দাবী করেছেন—তাদের বিচারকের সামনে উপস্থিত করে সাক্ষ্য সাবুত সংগ্রহ করে সেটা করতে পারতাম—কিন্তু যে আইনে আমরা তাদের ধরেছি—তাতে বিচারের কোন কথা নেই। বলতে পারেন যে মহাশয়, আপনারা রাজনৈতিক শত্রুতার জন্য ধরছেন, তা যদি হোত তাহলে আমরা সর্বপ্রথমে অপূর্ববাবু আমাদের যে রকমভাবে গালাগালি দেন এমন গালাগালি আর কেউ দেন না কিন্তু আমরা তো ওঁকে ধরছি না—আমার বন্ধু হেমন্তবাবু তিনি আমাদের বিরুদ্ধে কথা বলেন তাকে তো ধরছি না—সোমনাথবাবু কমিউনিস্ট বলে তাকে তো ধরছি না—এমন কি জ্যোতিবাবুকেও ধরছি না—নিশ্চয়ই যাদের ধরেছি—কোন কারণ আছে। তারা বলবেন যে মহাশয় আপনারা রিপোর্ট সংগ্রহ করার জন্য পুলিস নিয়োগ করেন—তাহলে কি আমরা অপূর্ব বাবুকে নিয়োগ করবো রিপোর্ট সংগ্রহ করার জন্য, তিনি নিশ্চয়ই রাজী হবেন না আর রাজী হলেও তাঁকে আমরা নিতে পারি না, কেন না অপূর্ববাবু আমাদের যে সমস্ত নিয়ম-বিধি নিষেধ আছে তিনি তো তা মেনে চলবেন না, কাজেই তার উপর আমরা নির্ভর করতে পারি না। একটা

গভর্ণমেণ্ট চালাতে গেলে তার মেশিনারী দরকার, সেই মেশিনারীতে ত্রুটি থাকতে পারে, পৃথিবীতে এমন সরকার নেই যে বলতে পারে যে তাদের ভুলত্রুটি হয় না, ভুল থাকতে পারে ত্রুটি থাকতে পারে, কিন্তু আমাদের সেগুলি সংশোধন করে নিতে হবে। আমরা যখন ছেড়ে দিই তখন তো পুলিসের কথায় ছাড়ি না, আমাদের কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের নীতি হচ্ছে এই যেমন, আমরা আগের বার ধরেছিলাম কমিউনিস্ট বন্ধুদের তাদের সবাইকে ছেড়ে দিলাম—পুলিস তো বলে নাই যে না ছাড়বেন না। আমরা যদি রাজনৈতিক কারণের জন্য রাজনৈতিক শত্রুতার জন্য ধরতাম তাহলে আগেই তো সোমনাথবাবুকে, অপূর্ববাবুকে ধরতাম, কারণ তাঁরা আমাদের তীব্র ভাষায় নিন্দা গালাগালি করেন। এমন কি এই মাত্র যে মাননীয় সদস্য হঠাৎ দাঁড়িয়ে বললেন নানা অঙ্গভঙ্গী করে তাকেও ধরছি না এবং ধরবার কোন অবকাশ হবে বলে আমি মনে করি না কারণ তিনি যে শ্রেণীর ব্যক্তি যা তাঁর মতবাদ যা তাঁর পথ তাঁকে কেন ধরবো? একজন বন্ধু বল্লেন যে মহাশয় কমিউনিস্টদের ধরেছেন কিন্তু ফরওয়ার্ড ব্লককে কেন ধরেছেন? একজন বল্লেন যে আমাদের এই বিধানসভার সদস্য শ্রীঅশোক দত্তের শত্রুতা করেছিলেন বলে আমরা একজনকে ধরেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে পারি কিছু দিন আগে আমার বন্ধু শ্রীহেমন্ত বসু মহাশয়, একজনকে ছাড়াবার জন্য আমার কাছে এসেছিলেন তিনি বলেছিলেন যে একে ধরেছেন কেন—এতো কমিউনিস্ট নয়—এ তো ফরওয়ার্ড ব্লকের লোক তার একটু আগে আমাকে শ্রীঅশোক দত্ত বলছিলেন যে একে ধরেছেন কেন, একে ধরে বরং বড় করে দিয়েছেন। কিন্তু নিশ্চয়ই তার বিরুদ্ধে এমন গন রিপোর্ট ছিল যার জন্য আমরা ধরেছি। যাদের আমরা ধরেছি ১৬২ জন লোক, তারা মিউনিস্ট পার্টির—তাদের ধরেছি কোন শত্রুতার জন্য নয়—আক্রোশবশেও নয়—তাদের ধরেছি তকগুলি রিপোর্টের উপর এবং সর্বোপরি কেন্দ্রীয় সরকার মনে করছেন যে এমন একটা বস্থার সৃষ্টি হয়েছে যাতে এদের বাইরে রাখা বিপদজনক বলে তারা মনে করেন। কাজেই মরা যাদের ধরেছি তাদের ছাড়বার কথা উঠতে পারে না এবং এই ১৬২ জনের মধ্যে সকলেই । তারা আমাদের এসেম্বলীর মেম্বার—তা মোটেই নয়—এদের মধ্যে অনেকে আছেন যাঁদের নাম মরা কেউ শুনিনি।

[5-50—6-02 p.m.]

এদের মধ্যে অনেকে আছেন যাঁদের নাম পর্যন্ত আমাদের এদিকে কেউ শোনেনি আমিও শুনিনি। কাজে কাজেই তাঁদের বিরুদ্ধে পুলিশ রিপোর্ট দিয়েছে, নিশ্চয়ই দিয়েছে। পুলিশের কাজ রিপোর্ট সংগ্রহ করা। ঐ যে ভদ্রলোক চিৎকার করছেন, তাঁর তো চিৎকার করার কোন প্রয়োজন নেই। কারণ, তাঁর কথায় তো আমি কাউকে ধরবো না। কেন না, তিনি তো পুলিশের কর্মচারী নন। আমি তাঁর রিপোর্টের উপর নির্ভর করবো না, আর আমি তাঁর রিপোর্টকে বিশ্বাসও করবো না। কাজে কাজেই আমরা যাঁদের ধরেছি তাঁদের আইনসঙ্গত উপায়েই ধরেছি। একজন মাননীয় সদস্য বলছেন মশাই যখন ডিফেন্স অব ইন্ডিয়া রুলস আমাদের লোকসভাতে গৃহীত হয়েছিল তখন তাঁরা সমর্থন করেছিলেন, এখন তাঁরা সমর্থন করেন না। কিন্তু আমরা সমর্থন করি কেন্দ্রীয় সরকার সমর্থন করেন। লোকসভায় তাঁদের পক্ষের ২।১ জন সদস্য বোধ হয় আছেন। তাঁরা তো সেখানে গিয়ে বললেই পারেন যে মশাই আমরা এ আইনটা চাইনা, এটাকে রোধ করে দেওয়া হোক। হতে পারে। যদি এ আইন রোধ হয়ে যায় আমাদের এ ক্ষমতা থাকবে না, আমি এটুকু বলতে পারি। কারো সঙ্গে আমাদের কোন কলহ আছে বা ঝগড়া আছে বা রাগ আছে, তার জন্য আমরা কাউকে ধরিনি। এখানে কয়েকজন বন্ধু বসে আছেন, তাঁরাই বলুন যে তাঁদের উপর আমাদের রাগ হয়, ক্রোধ হয়? কিন্তু গণতন্ত্র সম্মত উপায়ে আমাদের কাজ চালাতে হলে আমরা সেখানে ক্রোধ প্রকাশ করিনা এবং তাদের কারণ এমন একটি সুবিধাজনক অস্ত্র আমাদের আছে, তারা গালাগালি দেন, তীব্র প্রতিবাদ করেন, অকথা, কুকথা, কটুকথা বলেন, তবুও আমরা তাদের ধরিনি। ঐ যে ভদ্রলোক চেঁচাচ্ছেন ওঁকেও আমরা ধরছি না। উনি যতই চিৎকার করুন যতক্ষণ পর্যন্ত তার বিরুদ্ধে এমন কোন প্রমাণ আমি না পাবো তিনি যত ইচ্ছা চেঁচাতে পারেন বরং যারা এত বেশী চেঁচায় তাদের আমরা কম বিপদজনক মনে করি। যদি এদের চিৎকার কর চিৎকারেই পর্যবসিত হয়ে, যায়;

তার চেয়ে বেশী এগোবার ক্ষমতা যাদের নেই তাদের আমরা অগ্রাহ্য মনে করি। তাদের আমরা মোটেই বিপজ্জনক মনে করি না। তাহলে ঐ ভদ্রলোক যত ইচ্ছা চিৎকার করতে পারেন মাননীয় সদস্য যখন চিৎকার করতে পারেন, তখন উনি বসে বসেও করতে পারেন বা দাঁড়িয়েও করতে পারেন। এরাই আবার গণতন্ত্রের কথা বলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সব চেয়ে দুঃখ হয় এইখানে যে এরা বেশী বড় গলায়, জোর গলায় গণতন্ত্রের কথা বলেন। এদের মুখে সব গণতন্ত্রের কথা, জনসাধারণের কথা। আমরা এখানে কি গণতন্ত্রের জোরে এসেছি না কোন রকম লাঠালাঠি করে বা যুদ্ধ করে এসেছি? আমরা এখানে গণতন্ত্রে সম্মত উপায়ে এসে বসেছি। কাজে কাজেই এখানে যারা এসেছেন তারাও নিশ্চয়ই এসেছেন। কিন্তু তারা হচ্ছেন সংখ্যালঘু আর আমরা হচ্ছি সংখ্যাগরিষ্ঠ। দুঃখের মধ্যে এইটুকু মাত্র তফাৎ। এটা ঠাট্টার কথাও নয় আর রাগের কথাও নয়। অতএব এতে চীৎকার করে কিছু হবে না। আজকে সেই জন্য যারা এইরকমভাবে চিৎকার করে তারা গণতন্ত্রের শত্রু জেনেও আমরা তাদের ধরছি না। এইরকমভাবে চিৎকার করলে সংসদীয় গণতন্ত্র চলতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন কি অবস্থা ঘটে আমাদের এই হাউসের মধ্যে, আপনি রুলিং দিচ্ছেন আপনার রুলিং পর্যন্ত শোনেন না। কাজে কাজেই সে সব দুঃখের কথা এখন আর বলব না শুধু এইটুকু বলব যে কারো উপর রাগের বশে নয়, কারো সঙ্গে শত্রুতা আছে বলে নয় বা অশোক দত্ত মহাশয়ের সঙ্গে কারো শত্রুতা আছে বলে নয়—আমরা ধরিনি। আমরা ধরেছি আইন সংগত বৈধ উপায়ে। যে আইন আমাদের পার্লামেন্ট লোকসভায় সমগ্র ভারতবর্ষের সমস্ত প্রতিনিধি যে আইন পাস করেছে তার বলে আমরা ধরেছি। যত দিন আমাদের দেশে আপৎকালীন অবস্থা থাকবে, আমরা এই আইন নিশ্চয়ই প্রয়োগ করব এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এই টুকু আশ্বাস দিতে পারি যে আমরা এই আইন কারো বিরুদ্ধে অন্যায় ভাবে প্রয়োগ করবো না। এই কথা বলে শ্রীগৌর কুণ্ডু মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি।

Shri Gour Chandra Kundu:

জনসাধারণের পায়ের তলা থেকে যখন মাটি সরে যায় তখন শাসকশ্রেণী যেমন ভাবে বিবৃতি দেয় আজকে আমাদের মুখ্যমন্ত্রী ঠিক সেই বিবৃতি দিলেন। অর্থাৎ তাঁর এতটুকু সাধ্য নেই হিম্মত নেই, যে অভিযোগের কথা আমরা কল্পনার আশ্রয় নিয়ে বার বার বলেছি, সেই অভিযোগ কোর্টে প্রমাণ করবার সাহস নেই। সেইজন্য তিনি ভোটের জোরে গায়ের জোরে এই আইনে এই ভাবে আটক করবার নীতিকে সাফাই গেয়ে যাচ্ছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনাকে এই কথা জানাতে চাই যে এই বিনা বিচারে আটক করবার নীতিটা মোটেই গণতন্ত্র সম্মত নয়। এটা সংবিধান বিরোধী, গণতন্ত্র বিরোধী এবং স্বৈরাচারী একনায়কতন্ত্রের দিকে দেশকে নিয়ে যাবার একটি প্রচেষ্টা মাত্র। অত্যন্ত আনন্দের সঙ্গে তিনি যে সমস্ত বস্তাপচা বুলি বলেছেন, তার কোন ভিত্তি নেই, সর্বৈব মিথ্যা। আমি শুধু এইটুকু বলতে চাই যে দেশের জনসাধারণকে এ নিয়ে বিভ্রান্ত করা যায় না, যাবে না। ১৯৬২ সালে কিছু লোককে বিভ্রান্ত করতে পেরেছিলেন, বামপন্থী দলগুলিকে কিছু বিভ্রান্ত করতে পেরেছিলেন কিন্তু আজকের চিত্র সম্পূর্ণ আলাদা। আজ সমস্ত বামপন্থী দল আপনাদের ঐ অন্যায় নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়িয়েছে। ৩ লক্ষ লোক ময়দানে জমায়েত হয়ে আপনাদের ঐ অন্যায় নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে, এবং ৫০।৬০ হাজার লোক কলকাতার রাজপথে মিছিল করে এই অন্যায় নীতির প্রতিবাদ জানাতে বেরিয়েছে। শুধু কমিউনিস্ট পার্টির লোক নয়, সমস্ত দল সমস্ত মতের মানুষ আজ পথে নেমেছে আপনাদের অন্যায় নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানাতে শুধু আমরা নই, সুপ্রিম কোর্ট আপনাদের অন্যায় নীতির বিরুদ্ধে রায় দিয়েছে, ভারতবর্ষের বিখ্যাত আইনজীবী এন সি চ্যাটার্জি ও এম সি শীতলবাদ থেকে আরম্ভ করে যত গণ্যমান্য মানুষ, আইনজীবী আছেন তাঁরা সকলেই আপনাদের অন্যায় নীতির বিরুদ্ধে রায় দিয়েছেন। বোধ হয় একমাত্র শঙ্করবাবুর মত ব্যারিষ্টার ছাড়া আর কেউ আপনাদের পক্ষে নেই। শুধু তাই নয়, আজকে ভারতবর্ষের যাঁরা অন্যতম রাজনৈতিক নেতা রামমনোহর লোহিয়া, জয়প্রকাশ নারায়ণ থেকে আরম্ভ করে প্রত্যেকটি বড় বড় নেতা এই বিনা বিচারে আটক রাখা নীতির তীব্র নিন্দা

করেছেন। শুধু চীনা কমিউনিস্ট পার্টিই নয়, সারা পৃথিবীর প্রত্যেকটি কমিউনিস্ট পার্টি আপনাদের এই অন্যায় নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। সুতরাং আজ মুখ্যমন্ত্রী এই আইন সভায় দাঁড়িয়ে, ঠান্ডা ঘরের মধ্যে দাঁড়িয়ে ঐ কতিপয় চাটুকদারের দলের সমর্থন নিয়ে যতই চিৎকার করুন, এই অন্যায় নীতি দেশের জনসাধারণ মেনে নেয়নি এবং মেনে নেবেও না। ঐ মুখ্যমন্ত্রীর কথা উইথড্র করে নিয়ে আবার মুক্ত করতে হবে, যেমন ভাবে ১৯৬২ সালে মুখ্যমন্ত্রী এই আইনসভায় দাঁড়িয়ে বিবৃতি দিয়েছিলেন যে চীনা পন্থীদের মুক্তি দেব না। বাংলাদেশের জনসাধারণ ভারতবর্ষের জনসাধারণ তাদের আবার মুক্ত করে আনবে। সেই জন্য আমি মনে করি এই প্রস্তাব আজ ভোটে হেরে গেলেও বাংলাদেশের কোটি কোটি জনসাধারণ এই প্রস্তাবটি অন্তরের সংগে মেনে নেবে এবং আমি ননীবাবুর অ্যামেন্ডমেন্ট মেনে নিলাম। আমি আশাকরি গণতন্ত্রকে রক্ষা করবার জন্য কংগ্রেস পার্টির সদস্যরা যারা এখানে উপস্থিত আছেন তারাও আমার প্রস্তাবের পক্ষে ভোট দেবেন।

The motion of Shri Nani Bhattacharjee that in line 1, after the words "to move that" the following be inserted, viz:—

"whereas the Government could not satisfy the House as to the propriety of its action,"

was then put and lost.

The motion of Shri Gour Chandra Kundu that this Assembly is of opinion that the State Government be requested to release all political leaders and workers now detained under Defence of India Rules within different jails of West Bengal, was then put and a division taken with the following results:—

NOES—81

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindaban
Chowdhury, Shri Birendra Nath
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall

NOES

Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mandal, Shri Krishna Prasad
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukhopadhyay, Shri Ananda Gopal
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pandhit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra

AYES—30

Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jagat
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Das, Shri Gobardhan
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Hamal, Shri Bhadra Bahadur
Kisku, Shri Mangla
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra

The Ayes being 30 and the Noes being 81, the motion was lost.

Adjournment

The House was then adjourned at 6-02 p.m. till 1 p.m. on Monday, the 1st March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 1st March, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri **Keshab Chandra Basu**) in the Chair, 11 Ministers, 4 Ministers of State and 151 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Entertainment tax and motor vehicles tax

***213** (Admitted question No. *1063). **Shri Sambhu Chandra Ghosh :**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আমোদকর (এনটারটেইনমেণ্ট ট্যাক্স) এবং মোটর-যান কর (মোটর ভিহিকেল্‌স ট্যাক্স)-এর অংশ পশ্চিমবঙ্গের পৌরসভাগুলিকে দিবার কথা সরকার চিন্তা করিতেছেন কি না ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কবে হইতে উহা কার্য্যকরী করা হইবে ?

Shri Saila Kumar Mukherjee :

(ক) বিষয়টি সরকার বিবেচনা করিয়াছেন কিন্তু কর দুইটির কোন অংশ পৌরসভাগুলি কে দেওয়া হইবে না বলিয়া স্থির করা হইয়াছে। তবে, রাজ্যসরকার বঙ্গীয় মোটর যান কর আইনে আদায়ীকৃত অর্থ হইতে কলিকাতা পৌর নিগমকে বার্ষিক সাড়ে ৪ লক্ষ টাকা সংবিধিবদ্ধ অনুদান ও অন্যান্য পৌরসভাগুলিকে বার্ষিক ২ লক্ষ টাকা অনুদান দিয়া থাকেন। ইহা ছাড়া, বর্তমান আর্থিক বৎসর হইতে কলিকাতা পৌরসভাকে বার্ষিক সাড়ে ৫ লক্ষ টাকা ও অন্যান্য পৌরসভাগুলিকে বার্ষিক ২৪ লক্ষ টাকা অতিরিক্ত অনুদান দেওয়া হইতেছে। ইহা শুধু রাস্তা তৈয়ারী ও মেরামতের জন্য। অন্যান্য উদ্দেশ্যেও অনুদান দেওয়া হইয়া থাকে। মোট অনুদানের পরিমাণ ছিল ১৯৬৩-৬৪ সালে ২.৭ কোটি টাকা। ১৯৬৪-৬৫ সালের বাজেটে মোট অনুদান ধরা আছে ৩.৯ কোটি টাকা।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sambhu Charan Ghosh :

সম্প্রতি পশ্চিমবাংলায় মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েশনের যে সম্মেলন হয়ে গেল তাতে এই মর্মে একটা প্রস্তাব গ্রহণ করা হয়েছে যে, এণ্টারটেইনমেণ্ট ট্যাক্সের একটা অংশ যাতে বিভিন্ন পৌরসভাকে দেওয়া হয় তার জন্য সরকারকে অনুরোধ করা হবে। আপনি কি এ সম্বন্ধে অবহিত আছেন ?

Shri Saila Kumar Mukherjee :
অবহিত আছি।

Shri Sambhu Charan Ghosh :
আপনি যদি অবহিত থাকেন তাহলে আপনি এ বিষয়ে বিশেষ ব্যবস্থা করবার কথা চিন্তা করছেন কি না ?

Shri Saila Kumar Mukherjee :
এ ব্যাপারে আমি একটু ইতিহাস বলি

Prior to 1932 this tax used to be levied only by the Cacutta Corporation in its area and the average yield during the preceding three years was only Rs. 4.27 lakhs per annum. In that year the tax was provincialised under the Bengal Motor Vehicles Tax Act which provided for payment of Rs. 450 lakhs annually to the Calcutta Corporation by way of compensation for the loss of its revenue. The Bengal Motor Vehicles Tax Act also contained a provision for payment of contributions to local authorities for the purpose of expenditure on the construction, maintenance and improvement of new and existing roads. This provision which was contained in section 11 of the Act was deleted by the Government of India (Adaptation of Indian Laws) Order, 1937, but in actual practice a substantial amount was paid to the municipalities and the District Boards every year until payment of such contribution to the District Board was entirely discontinued after the partition and a sum of Rs. 2 lakhs only was decided to be paid to all the municipalities including the Howrah Municipality. Prior to this year Howrah Municipality only received Rs. 50,000 annually and the balance of Rs. 1,50,000 was distributed among the remaining 87 municipalties of Bengal up to last year. From this year we have changed the pattern. With effect from the present financial year an ex-gratia payment of Rs. 5.5 lakhs to the Calcutta Corporation, Rs. 1.5 lakhs to the Howrah Municipality and Rs. 22.5 lakhs to the other municipalities are being given for the maintenance and improvement of their roads in addition to the existing statutory grant.

Shri Bijesh Chandra Sen :
এণ্টারটেইনমেণ্ট ট্যাক্স এবং মোটর ভিহিকলস ট্যাক্স-এর অংশ জেলা পরিষদকে দেবার কথা চিন্তা করছেন কি না ?

Shri Saila Kumar Mukherjee :
ডিস্ট্রিক্ট বোর্ড যখন ছিল তখন তাদের কনসোলিডেটেড অনুদান দেওয়া হত, সেই অনুদান তেমনি আছে, সেস ট্যাক্স যেটা দেওয়া হয় যেটা অতিরিক্ত দেওয়া হচ্ছে ল্যাণ্ড রেভিনিউর ৫ পারসেণ্ট তার পরিমাণ হল ৮৩ লক্ষ টাকা, এটা বাংলা দেশের ১৫টি জেলা পরিষদের মধ্যে ভাগ করে দেওয়া হয়েছে।

Shri Bijesh Chandra Sen :
ল্যাণ্ড রেভিনিউর পোরশন দেওয়া হয় কিন্তু মোটর ভিহিকলস ট্যাক্সের অংশ দেওয়া হয় না জেলা পরিষদকে। জেলা পরিষদকে তা দেওয়ার কথা আপনারা চিন্তা করছেন কি না ?

Shri Saila Kumar Mukherjee :
কোন চিন্তা এখনও করিনি, কেন না সমস্ত জেলার রাস্তাগুলি মেরামতের দায়িত্ব নিয়েছে পশ্চিম বঙ্গ সরকার, তিনটি পরিকল্পনাতে, সেজন্য মোটর ভিহিকল ট্যাক্স প্রভিনশিয়ালাইজড করা করেছে সমস্ত বাংলাদেশের রাস্তা মেরামতের জন্য।

Shri Bijesh Chandra Sen :

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জেলা পরিষদের অধীনে সমস্ত রাস্তার দায়িত্ব সরকার নিয়েছেন, অনেক রাস্তা এখনও রয়েছে যে সব রাস্তার উপর দিয়ে মোটর গাড়ী চলে, সেজন্য জেলা পরিষদের প্রাপ্য হচ্ছে বলে মোটর ভিহিকলস ট্যাক্সের অংশ দেওয়ার কথা চিন্তা করছেন কি ?

Shri Saila Kumar Mukherjee :

মোটর ভিহিকলস এ্যাক্টে কোন জেলা পরিষদকে অংশ দেবার প্রভিশন নেই, এজন্য নেই এখন রোডের প্ল্যান, ন্যাশনাল হাইওয়েজ, প্রভিনশিয়াল হাইওয়েজ, ডিস্ট্রিক্ট হাইওয়েজগুলি সমস্তই পরিকল্পনা অনুসারে সরকার দায়িত্ব নিয়ে করছেন। সুতরাং মোটর ভিহিকলস ট্যাক্স-এর স্পেশাল এলোকেশান জেলা পরিষদকে দেবার কোন পরিকল্পনা সরকারের উপস্থিত নেই।

Shri Ananda Gopal Mukhopadhya :

পশ্চিমবঙ্গের যে অঞ্চল জেলা পরিষদের বাইরে বা পশ্চিমবঙ্গের যে অঞ্চলে ল্যাণ্ড রেভিনিউ কালেকশন হয়, সেখানে মোটর ভিহিকল ট্যাক্স যা আদায় হয় তার অংশ বিশেষ খরচ করার কোন প্রভিশন আছে কি না ?

Shri Saila Kumar Mukherjee :

যে নানা স্বায়ত্তমূলক প্রতিষ্ঠান রয়েছে, ডিফারেণ্ট মিউনিসিপ্যালিটি বা ডিফারেণ্ট লোকাল অথরিটিজ কিংবা ডিভেলপমেণ্ট অথরিটিজ টাউন কমিটি আছে, যেমন দুর্গাপুর ডিভেলপমেণ্ট কমিটি আছে তারা এই অংশীভূত অংশের মধ্যে পড়বে।

Dr. Kanai Lal Bhattacharyya :

স্টেট হাইওয়েজ, ডিস্ট্রিক্ট হাইওয়েজ, ন্যাশনাল হাইওয়েজ সেণ্ট্রাল গভর্নমেণ্ট এই সমস্ত রাস্তা মেনটেইন করবে সেজন্য মোটর ভিহিকলস্ ট্যাক্স জেলা পরিষদকে দেওয়ার কোন পরিকল্পনা নেই, তাহলে জেলা পরিষদ যে সমস্ত রাস্তাগুলি মেনটেইন করে সেই সমস্ত রাস্তায় কি মোটর ভিহিকল চলতে দেওয়া হবে না ?

Shri Saila Kumar Mukherjee :

মোটর ভিহিকলস ট্যাক্স-এর উপর এই রকম কোন সর্ত্ত নেই যে এই রাস্তায় যেতে পারবে না। এটা হচ্ছে প্রভিনশিয়াল ট্যাক্স, রেজিস্ট্রেশন হলেও ডিস্ট্রিক্ট বেসিসে তাদের সর্ববাংলায় একই রুল, একই আইন অনুসারে এখানে ট্যাক্স আদায় করবে। সুতরাং মোটর ভিহিকলস ট্যাক্সের আওতায় যে টাকা আসছে সেই সমস্তই পশ্চিমবাংলার রাস্তা মেরামতের জন্য, সেজন্য সহরাঞ্চলে যেখানে একটা স্বায়ত্ত শাসন প্রতিষ্ঠান কাজ করছে, সেই সহরাঞ্চলে রাস্তা বিশেষতঃ যেগুলি মোটর ভিহিকলস নষ্ট করে সেগুলির জন্য ২৪ লক্ষ করে টাকা দেওয়া হচ্ছে কিন্তু ডিস্ট্রিক্ট বোর্ড বা জেলা পরিষদের নির্ধারিত মোটর ভিহিকল ট্যাক্স দেবার কোন পরিকল্পনা নেই, এবং এ সম্বন্ধে কোন চিন্তাও করা হয়নি। কারণ হচ্ছে যে সমস্ত টাকা সেণ্ট্রাল গভর্নমেণ্ট এবং পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে পান তা সমস্তই রাস্তা উন্নয়ন পরিকল্পনার জন্য খরচ করা হচ্ছে।

[1-10—1-20 p.m.]

Shri Nani Bhattacharjee :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এখন অনেক রাস্তা আছে জলপাইগুড়ি জেলায় এমন বহু রাস্তা আছে যেগুলিতে বাস রুট দেওয়া হয়েছে সেগুলি ডিস্ট্রিক্ট হাইওয়ে, প্রভিনসিয়াল হাইওয়ে এবং ন্যাশনাল হাইওয়ের মধ্যে পড়ছে না এগুলির মেইনটেইন আগে ডিস্ট্রিক্ট বোর্ডকে করতে

হতো এখন জেলা পরিষদকে করতে হচ্ছে এবং এমন বহু রাস্তা আছে যে রাস্তাগুলি জেল বোর্ড মেরামত করে চলেছে যে রাস্তা দিয়ে বাস চলাচল হচ্ছে সেখানে মোটর ভিহিকেলস ট্যাক্স এর একটা অংশ যাতে জেলা পরিষদ পায় সেভাবে আইনটা সংশোধন করার কথা বিবেচনা করবেন কি না ?

Shri Saila Kumar Mukherjee :

এরূপ কোন চিন্তা নেই। কারণ জেলা পরিষদ ৬ মাস হল হয়েছে। আমরা জেলা পরিষদের হাতে যা ছিল ক্ষমতা সবই দিয়ে দিয়েছি। ডিস্ট্রিক্ট বোর্ডএ আণ্ডারএ যে রোড সেস ছিল তা হানড্রেড পারসেণ্ট জেলা পরিষদকে দেওয়া হয়েছে। তেমনি মোটর ভিহিকেলস ট্যাক্স এত বিরাট যে সারা বাংলাব্যাপী রাস্তার যে পরিকল্পনা আছে তার মধ্যে ঐ টাকা নিয়ে ব্যয়িত হয় বলে জেলা পরিষদকে আইনের দ্বারা মোটর ভিহিকেলস ট্যাক্স-এর কোন অংশ দেবার পরিকল্পনা নেই এবং নূতন করে জেলা পরিষদের কাছ থেকে যদি দাবী দাওয়া আসে তখন সরকার নিশ্চয়ই সেটা বিচার বিবেচনা করবেন।

Shri Bijesh Chandra Sen :

মন্ত্রিমহাশয় বললেন যে রোড় সেসের হানড্রেড পারসেণ্ট জেলা পরিষদকে দেওয়া হয়, কিন্তু আমি তাঁকে অনুসন্ধান করতে বলছি যে হানড্রেড পারসেণ্ট দেওয়া হয় না একটা এড্ হক্ দেওয়া হয় এই হানড্রেড পারসেণ্ট দেবার কথা চিন্তা করছেন কিনা ?

Shri Saila Kumar Mukherjee :

হানড্রেড পারসেণ্টই দেওয়া হয় তবে ওদের একটা এড্ হক্ রেভিনিউ ডিপার্টমেণ্ট কালেকসান চার্জ বাবদ কেটে নিয়ে ডিস্ট্রিবিউট করা হয়। সুতরাং এখানে রোড সেস-এর কথা উঠে না।

Shri Bijesh Chandra Sen :

আমি আবার আপনাকে অনুরোধ করবো হানড্রেড পারসেণ্ট দেওয়া হয় না এড্ হক্ দেওয়া হয়, হানড্রেড পারসেণ্ট যাতে দেওয়া হয় সেজন্য সরকার ব্যবস্থা করবেন কি না ?

Shri Saila Kumar Mukherjee :

হানড্রেড পারসেণ্ট দেওয়া হয় এড্ হক্ নয়, তবে কালেকশন চার্জ বাদ দিয়ে দেওয়া হয়। নূতন জেলা পরিষদ যদি এ বিষয়ে আমাদের কাছে বলেন। হানড্রেড পারসেণ্ট আমরা চাই রোড সেস-এর তখন তাহলে সেটা বিবেচনা করব।

Shri Bijesh Chandra Sen :

রোড সেস আগে যা ছিল তারপর রোড সেস-এর অনেক ইনকাম বেড়ে গেছে। আগে যে রোড সেস ছিল তার হানড্রেড পারসেণ্ট দিচ্ছেন। কিন্তু রোড সেস অনেক বেড়ে গেছে সেই অনুসারে জেলা পরিষদকে দেওয়া হয় না। সুতরাং নূতন যে রোড সেস-এ আয় বেড়েছে তার উপর হানড্রেড পারসেণ্ট দেবেন কি না ?

Shri Saila Kumar Mukherjee :

আমার নিজস্ব মত সমস্ত রোড সেস জেলা পরিষদের পাওয়া উচিত।

Shri Kashi Kanta Maitra :

প[illegible]লেন মোটর ভিহিকেলস ট্যাক্স-এর কোন অংশ বাংলাদেশের পৌর প্রতিষ্ঠানগুলিকে দেওয়া হয় না। তার কারণ হিসাবে বললেন অনুদান হিসাবে আগে যেখানে মিউনিসিপ্যালিটিকে ২ লক্ষ টাকা দেওয়া হচ্ছিল বর্তমানে সেখানে ২৪ লক্ষ টাকা দেওয়া হচ্ছে। এখন

প্রশ্ন হচ্ছে মোটর ভিহিকেলস ট্যাক্স-এর এই টাকাটার একটা প্রাপ্য অংশ যদি মিউনিসিপ্যালিটিস পেতেন তাহলে মিউনিসিপ্যালিটি সেই টাকার যেটা তাঁরা নিজেদের রিভেনিউ হিসাবে পেতেন তাহলে সেই টাকা তারা কিভাবে খরচ করবেন সেটা তাঁরা অনুসন্ধান করবেন। অর্থাৎ মোটর ভিহিকেলস ট্যাক্স-এর একটা হারাহারি অংশ যদি পৌর প্রতিষ্ঠানকে দেওয়া হোত তাহলে সেই টাকার কতটা তাঁরা রাস্তা উন্নয়ন, কতটা পানীয় জল, কতটা এ্যামিনিটিস-এর জন্য খরচ করবেন সেটা তাঁরা ফাইনানসিয়াল পাওয়ার অনুযায়ী করবেন। কিন্তু যেহেতু অর্থ মন্ত্রী মহাশয় বলছেন আমরা সেই ট্যাক্স-এর অংশ দিচ্ছি না অথচ অনুদান হিসাবে মিউনিসিপ্যালিটিকে অনেক বেশী টাকা দিচ্ছি। আমি জিজ্ঞাসা করছি তাহলে তাঁদের কি কোনরকম স্ট্রিং অর কণ্ডিশন য়্যাটাচড করে দিচ্ছেন যে মিউনিসিপালিটিকে ২৪ লক্ষ টাকা দেওয়া হচ্ছে সে টাকা কেবল রোডস ডেভলপমেণ্ট-এর জন্য খরচ করতে হবে অন্য কোন ব্যাপারের জন্য মিউনিসিপ্যালিটি খরচ করতে পারবে না?

Shri Saila Kumar Mukherjee :

এরূপ নির্দেশ দেওয়া হয়েছে প্রত্যেক রোড মাইলে যার মধ্যে আছে সে অনুপাতে এই ৭৮টা মিউনিসিপ্যালিটি তারা পথ সংস্কারের জন্য ভালভাবে মেনটেণ্ট করার জন্য এই টাকা বিশেষ অনুদান হিসাবে দেওয়া হচ্ছে। এ ছাড়া গভর্নমেণ্ট থেকে আরো অনেক অনুদান প্রত্যেক মিউনিসিপ্যালিটিকে গ্র্যাণ্ট হিসাবে দেওয়া হয়। তারা বাজেটের বিশেষ অংশ ছাড়া যে ভাবে ইচ্ছা খরচ করতে পারেন। কিন্তু যেটা ইয়ারমার্কড ফর রোড ডেভলপমেণ্ট য়্যাণ্ড রোড মেইনটেনেন্স সে দিকে খরচ করবেন।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে জেলাপরিষদগুলিকে মোটর ভিহিকেলস ট্যাক্স দেবার কোন পরিকল্পনা নেই। আমি তাঁকে বলছি যে জেলাগুলির রাস্তা বর্তমানে যে অবস্থায় আছে, সে রাস্তাগুলি কাঁচা এবং আধপাকা সেখানে মোটর চলে এবং অনেক ট্যাক্সও তাদের দিতে হচ্ছে। কিন্তু এই জেলা পরিষদগুলি টাকার অভাবে তাদের রাস্তা মেরামত করতে পাচ্ছে না। এই টেমপোরারী এবং পারমেনেণ্ট যে সমস্ত রোড আছে সরকার সেগুলিকে অগ্রাধিকার দেবেন কি? সে সমস্ত রাস্তা মেরামত বা তার সম্পূর্ণ দায়িত্ব আপনারা নেবেন কি। এই সমস্ত টেম্পোরারী এবং পারমানেণ্ট রাস্তা জেলা পরিষদ মেরামত করতে পাচ্ছেন না। সরকার এসব রাস্তাগুলি করবার জন্য অগ্রাধিকার দেবেন?

Shri Saila Kumar Mukherjee :

না।

Shri Balai Lal Das Mahapatra :

সরকারকে তারা মোটর ভিহিকেলস ট্যাক্স দিচ্ছে সে কারণে দায়িত্ব তো সরকারের?

Shri Saila Kumr Mukherjee :

মিউনিসিপ্যালিটির মত জেলা পরিষদের হাতে অনেক ক্ষমতা দেওয়া আছে, তাদের আয়ের ক্ষমতা দেওয়া আছে তারা তাতে আরও বাড়াতে পারে। ডিস্ট্রিক্ট বোর্ড-এর অধীনে যাচ্ছিল। নূতন আইন হওয়ার জন্য রিভেনিউ ৫ পারসেণ্ট দিচ্ছে। বাংলা দেশে তাদের হাতে নূতন করে ৮৩ লক্ষ টাকা দেওয়া হচ্ছে। তা তারা নিজেরা কিভাবে খরচ করবেন তা তারা জানেন। এ ছাড়া বড় বড় যেসব রাস্তা আছে তার মেরামতের দায়িত্ব তো সরকার নিয়েছেন।

Shri Ananda Gopal Mukhopadhya :

আমার প্রথম প্রশ্নের যে উত্তর দিয়েছেন তার একটু ক্লারিফিকেশান চাচ্ছি। পশ্চিম বাংলার অঞ্চলগুলি জেলা পরিষদএর আওতার বাহিরে এবং সেখানে নোটিফাইড এরিয়া অথরিটি মিউনিসিপ্যালিটি নেই সে সমস্ত অঞ্চলগুলির রাস্তা মেরামতের দায়িত্ব কে নেবেন?

Shri Saila Kumar Mukherjee :

যেগুলি পরিকল্পনার মধ্যে পড়ে সরকার সেগুলি নেবেন। যদি না পড়ে তাহলে সে সংশ্লি এলাকা জেলা পরিষদের বহির্ভূত কিনা, অথবা অঞ্চলের আছে কিনা জানা, সুতরা যাদের হবে তাদের করতে হবে। কেন না যতক্ষণ একটা রিকগনাইজড সেলফ গভর্নিং স্ট্যাটুটরি ইনস্টিটিউশন পাচ্ছেন কার হাতে সরকার টাকা দেবেন? টাকার অধিকার যাকে ইচ্ছা সরকা দিতে পারেন না।

Shri Ananda Gopal Mukhopadhya :

একটি বিস্তূর্ণ অঞ্চলে যেমন আসানসোল মহকমায় অনেক রাস্তা জেলাপরিষদের আওতার বাইরে। এই বিস্তূর্ণ গ্রামাঞ্চলে বহু রাস্তাঘাট ছড়িয়ে আছে এবং চারিধারে ইনডাসস্ট্রি ছড়িয়ে থাকার দরুণ মোটর খুবই হেভি যাতায়াত করে সেসব রাস্তা দিয়ে। সেখানে রাস্তাঘাট মেরামত স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের উপরে নেই বর্তমানে সে রাস্তা মেরামত কে করবে?

Shri Saila Kumar Mukherjee :

সম্পূর্ণ দায়িত্ব সরকারের। সেই এলাকা দিয়ে যদি সরকার একটা রাস্তা নিয়ে যান তাহলে একটা এলাকা বাদ দিয়ে সরকার সংস্কার করবেন না।

Shri Sanat Kumar Raha :

যে সমস্ত ষ্টেশন অ্যাপ্রচ রোড আছে যেমন আমাদের ডিসট্রিক্ট মুর্শিদাবাদে ষ্টেশন অ্যাপ্রচ রোড আছে, এ সমস্ত রাস্তাগলি কে মেরামত করবে?

Shri Saila Kumar Mukherjee :

আপনি যদি বিস্তৃতভাবে ফর্দ দেন তালে সেটা মিউনিসিপ্যালিটির না রেল-এর কি সরকারের তা বলে দেবো।

Shri Sanat Kumar Raha :

যেগুলি রেলওয়ে প্রপার্টি নয় সেগুলি কে করবে?

10.	Cane Morrah	1 ”	7·45
11.	Centre Table	1 ”	25·12

(Arts and Crafts Centre)

	Name of articles	Rs. P.
1.	Morning Mist-size 17″×22″ by Bankim Ch. Dalal ..	20·00
2.	Solitude Mist-size 20″×24″ by Sibu Santra ..	20·00
3.	Marble Rock Mist-size 19″×27″ by Sonajat Ali Mondal	25·00
4.	Marble Rock Mist-size 19″×24″ by Priya Lal Das ..	20·00
5.	Spring Mist-size 29″×24″ by Bishni Bahadur ..	20·00
6.	Sun Set Mist-size 19″×22″ by Dayalal Giri ..	20·00
7.	Vally Mist-size 19″×27″ by Ananda Kumar Das ..	20·00
8.	Bonabithi Mist-size 19″×25″ by Samir Kumar Nag ..	20·00
9.	Khajuraha figure by J. Chatterjee.	

	Name of articles.	Number of pieces.	Price.
	Presidency Jail.		
			Rs. P.
1.	G. I. Water Drum (18″)	1	7·09
2.	G. I. Gardening Shower	1	4·73
3.	Mustard Oil	1 Jar (3·400 Kg.)	3·90
4.	Phenyle	1 bottle (½ litre)	0·50
5.	Alarm Bell	1 pc.	472·50
6.	Durrie—7′×5′	1 pc.	34·44
7.	Durrie—Ashni—2′×2′	1 pc.	3·94
8.	Cotton Carpet—2′×2′	1 pc.	7·98
9.	Pillow Cover	1 pc.	0 86

(Umbrella section)

1.	Umbrella with Horn Handle	1 pc.	15 73
2.	Umbrella with Celluloid Handle (Sunlight)	1 pc.	9·45
3.	Umbrella with Cane Handle	1 pc.	6·83
4.	Umbrella with Babmoo (Special) Handle	1 pc.	6·51
5.	Umbrella with Hockey Handle	1 pc.	6·72
6.	Umbrella with Wooden Knob Handle	1 pc.	6·83
7.	Ladies Umbrella with Celluloid Handle	1 pc.	6·83
8.	Ladies Umbrella (silk cloth cover) with design Handle.	1 pc.	16·83
9.	Ladies Umbrella (silk cloth cover ash colour) with design Handle.	1 pc.	17·87
10.	Ladies Umbrella with wooden Handle	1 pc.	5·87
11.	Umbrella with Wood-light Handle	1 pc.	7·41

Burdwan Jail.

1.	Durrie Ashnies 24″×24″	3 pcs.	4·12
2.	Durrie Ashnies 18″×18″	3 pcs.	2·28
3.	Durrie Ashnies 24″×18″	1 pc.	2·47
4.	Durrie Ashnies 22″×18″	1 pc.	2·47
5.	Durrie Ashnies 22″×16″	1 pc.	2·17
6.	Duster 36″×36″	3 pcs.	1·2[illegible]
7.	Wooden Protector for Radio Set	1 pc.	1[illegible]·1

Minimum wages for labourers engaged in the manufacture of Ayurvedic Medicine

342. (Admitted question No. 978.) **Shri Bhabani Mukhopadhyay :**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আয়ুর্বেদীয় ঔষধ শিল্পে শিল্প শ্রমিকদের জন্য কোন সর্বনিম্ন বেতন চালু আছে কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে উক্ত বেতনহার কি ; এবং

(গ) যদি (ক) প্রশ্নের উত্তর না হয়, তবে সর্বনিম্ন বেতনহার চালুর জন্য কোন কোন ব্যবস্থা গ্রহণের কথা সরকার চিন্তা করিতেছেন কি ?

The Minister for Labour :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

Introduction of free and compulsory primary education in Municipal areas

343. (Admitted question No. 981.) **Shri Bhabani Mukhopadhyay :**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে কোন কোন মিউনিসিপ্যাল এলাকায় বিনামূল্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু ছিল, এবং

(খ) ১৯৬৫ এবং ১৯৬৬ সালে কোন কোন মিউনিসিপ্যাল এলাকায় উহা চালু করার সিদ্ধান্ত আছে ?

The Minister for Education :

(ক) ও (খ) ১৯৬৪ সালে আসানসোল, জঙ্গীপুর ও খড়দহ পৌর এলাকায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চালু ছিল।

১৯৬৩ সালে পশ্চিমবঙ্গ সহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইনের ৩নং ধারা অনুসারে অন্যান্য পৌর সভাগুলিকে সংশ্লিষ্ট তথ্যাদি পাঠাইবার জন্য অনুরোধ করা হইয়াছে। সংশ্লিষ্ট তথ্যাদি পাওয়া গেলে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Durgapur Exhibition

344. (Admitted question No. 982.) **Shri Bhabani Mukhopadhyay :**

স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুরে কংগ্রেসে পশ্চিমবঙ্গ সরকারের প্রদর্শনীর জন্য কত ব্যয় হইয়াছে ;

(খ) ঐ অনুষ্ঠান হইতে কোন আয় হইয়াছে কি ; এবং

(গ) আয় হইয়া থাকিলে তাহা কত ?

The Minister for Home (Publicity) :

(ক) প্রদর্শনীসমূহের মোট আনুমানিক ব্যয় ৫,৮১,৫০০ টাকা।

(খ) হ্যাঁ।

(গ) এ পর্যন্ত যতদূর জানা গিয়াছে—২৫৬.৪২ টাকা।

Agricultural Labourers in West Bengal

345. (Admitted question No. 983.) **Shri Bhabani Mukhopadhyay :**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাভিত্তিক কৃষি মজুরের সংখ্যা কত ;

(খ) ইহাদের সর্বনিম্ন মজুরী কত ; এবং

(গ) এই মজুরী দেওয়া হয় কি না, ইহা দেখার জন্য কি সরকারী ব্যবস্থা আছে ?

The Minister for Labour :

(ক) প্রায় ৩০ লক্ষ। ইহাদের মধ্যে নিজেদের জমিতে কৃষির কাজ করেন, এরূপ লোক রয়েছেন আবার ভাগচাষী ও দিনমজুরও আছেন। ইহাদের পৃথক সংখ্যা সংগৃহীত হয় নাই। জেলাভিত্তিক পরিসংখ্যানও সংগৃহীত হয় নাই।

(খ)

দৈনিক হার	আহার ও বাসস্থান সহ মাসিক হার।
পুরুষ	প্রাপ্তবয়স্ক
টা ১.৫০ হইতে টা ২.২৫।	১৮ টাকা হইতে ২৬ টাকা।
স্ত্রী	অপ্রাপ্তবয়স্ক
টা ১.৩৭ হইতে টা ২.০০।	৯ টাকা হইতে ১৬ টাকা।
অপ্রাপ্তবয়স্ক	
৮৭ পয়সা হইতে টা ১.২৫।	

(গ) হ্যাঁ। বিভিন্ন আঞ্চলিক অফিসে নিযুক্ত শ্রম অধিকারের অফিসারগণকে নিম্নতম মজুরী আইনানুযায়ী পরিদর্শক হিসাবে কাজ করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় নিযুক্ত কৃষি অধিকারের অফিসারগণকেও অনুরূপ ক্ষমতা দেওয়া হইয়াছে। এতদ্ব্যতীত পাঁচ জন নিম্নতম মজুরী পরিদর্শক নিযুক্ত হইয়াছেন ও এগার জন পরিদর্শকের পদ মঞ্জুর করা হইয়াছে।

Marketing Co-operative Societies in Midnapore district

346. (Admitted question No. 992.) **Shri Anangamohan Das :**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) মেদিনীপুর জেলার কোন্ কোন্ মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি গত ১৯৬৪ সালে কি পরিমাণ ধান ও চাউল সংগ্রহ করিয়াছিল ;

(২) উক্ত জেলার তমলুক মহকুমার ঐ সকল সোসাইটিগুলির কোন্ কোন্‌টির কত মূলধন আছে এবং রেজিষ্ট্রেসন হইবার পর হইতে বর্তমান সময় পর্যন্ত উহাদের প্রত্যেককে সরকার কত টাকা করিয়া প্রতি বৎসর লোন বা সাহায্য দিয়াছেন ; এবং

(৩) ২য় দফায় বর্ণিত ঐ সকল সোসাইটি গত ১৯৬৪ সালে কি মূল্যে বিভিন্ন ব্যক্তির নিকট ধান্য ও চাউল ক্রয় করিয়াছিল, এবং কত মূল্যে কতজনকে কি হারে উহা বিক্রয় করিয়াছিল ?

The Minister for Co-operation :

(১) সংযুক্ত

(২) সংযুক্ত পত্র (খ) দ্রষ্টব্য। বর্তমান বৎসরের (১৯৬৪-৬৫) বাবদ তথ্যাদি সংগ্রহ কর হইতেছে।

(৩) তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। এজন্য সময় আবশ্যক।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 346.

সংযুক্ত পত্র 'ক'

সমিতির নাম	ধান্য ক্রয়ের পরিমাণ			চাউল ক্রয়ের পরিমাণ	
	টন	কুইণ্টাল	কেজি	টন	কুইণ্টাল
১। গোপীবল্লভপুর থানা সমবায় এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ।	৩১	১	৬২	..	..
২। পিংলা থানা সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ।	২২১	২	৪৬	..	..
৩। কেশিয়ারী সমবায় বিপণন সমিতি লিঃ।	২৬	২	..	..	..
৪। জি, কে, এস, সেণ্ট্রাল সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ।	১	২	২৭	..	..
৫। সুতাহাটা থানা সমবায় এগ্রি-কালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ।	..	..	..	১,৬৫০	৪২
৬ নন্দীগ্রাম থানা সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ।	৭১	৭৯	..	৮০	৫০
৭। মহিষাদল থানা সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ।	..	..	..	৯১৪	..
৮। কোলাঘাট সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ।	..	..	..	১,২৯৬	৬০
৯। পাঁশকুড়া থানা সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ।	..	..	..	৩৩৫	..
১০। এগরা কৃষি বিপণন সমিতি লিঃ	১৫৫	..	..	..	..
১১। ভগবানপুর থানা কৃষি বিপণন সমিতি লিঃ।	৪০৫	..	..	..	..

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 346

সংযুক্ত পত্র 'খ'

সমিতির নাম।	মূলধন	রেজিষ্ট্রেসন হইবার পর হইতে বর্তমান সময় পর্যন্ত প্রত্যেক সমিতিকে সরকার কত টাকা করিয়া প্রতি বৎসর লোন বা সাহায্য দিয়াছেন। বৎসর	গুদাম নির্মাণ বাবত ঋণ (Loan)	গুদাম নির্মাণ বাবত অনুদান (Subsidy)	ম্যানেজেরিয়াল বাবত অনুদান (Subsidy)	বাড়ী ভাড়া বাবত অনুদান (Subsidy)	শেয়ার ক্রয়
১। সুতাহাটা থানা সমবায় এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ ..	১,৩২,৩৯১	১৯৬০–৬১ ..	১৫,০০০	৫,০০০	..	..	..
		১৯৬১–৬২ ..	..	..	৩০০	১৮০	২০,০০০
		১৯৬২–৬৩ ..	..	..	১,৭০০	১৫০	..
		১৯৬৩–৬৪ ..	..	..	১,১০০	..	..
২। নন্দীগ্রাম থানা সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ	৩০,৫৪০	১৯৬০–৬১ ..	১৫,০০০	৫,০০০	..	..	১,৬০০
		১৯৬১–৬২ ..	..	..	৩০০	৫০	..
		১৯৬২–৬৩ ..	..	..	১,৭০০	৭০	৮,৪০০
		১৯৬৩–৬৪ ..	..	..	১,১০০	..	..
৩। মহিষাদল থানা সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ	৪৭,৭৬৩	১৯৬২–৬৩ ..	১৮,৭৫০	৬,২৫০	..	..	১৯,০০০
		১৯৬৩–৬৪ ..	..	..	৭৫০	৩৭৫	..
৪। কোলাঘাট সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ	৩৩,০১০	১৯৬৩–৬৪ ..	১৮,৭৫০	৬,২৫০	..	..	১৬,০০০
৫। পাঁশকুড়া থানা সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ	৫৮,৩১০	১৯৬১–৬২ ..	১৮,৭৫০	৬,২৫০	..	..	২০,০০০
		১৯৬২–৬৩ ..	..	..	২২৫	৯০	..
		১৯৬৩–৬৪ ..	..	..	১,৫০০	১,০৮০	..

Fertiliser Factories in West Bengal

347. (Admitted question No. 998.) **Shri Anangamohan Das :**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই রাজ্যে সার উৎপাদনের জন্য কোথায় কোথায় কারখানা আছে এবং বর্তমান সমে ঐ সকল কারখানার প্রত্যেকটিতে কি পরিমাণ কি কি প্রকারের সার উৎপাদন কর হইতেছে;

(২) ঐ সকল সার কিরূপ মূল্যে চাষীগণের নিকট বণ্টন করা হইতেছে; এবং

(৩) কৃষকগণ যাহাতে যথাসময়ে সার পান তজ্জন্য কিরূপ ব্যবস্থা করা হইতেছে?

The Minister of State for Agriculture and Community Development :

(১) বর্তমানে পশ্চিমবঙ্গে ১১টি সারের কারখানা আছে। কারখানাগুলির অবস্থান তাহাদে বর্তমান উৎপাদনের পরিমাণ ও উৎপাদিত সারের নামের একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(২) বাইপ্রোডাক্ট এ্যামোঃ সালফেট সার নিম্নলিখিত হারে চাষীদের নিকট বণ্টন কর হইতেছে :

(ক) ৩৬০ টাকা প্রতি টন।

(খ) ৩৬ টাকা প্রতি কুইণ্টাল।

(গ) ৩৭ পয়সা প্রতি কে, জি।

কারখানা হইতে গৃহীত হাড়গুড়া সরের সর্বোচচ মূল্য টন প্রতি ৩০০ টাকা ধার্য্য করা হইয়া খুচরা মূল ধার্য্য করা হয় নাই। ইচ্ছা করিলে চাষীও কারখানা হইতে তাহার প্রয়োজন সার ক্রয় করিতে পারে।

(৩) পূর্বাহ্নেই যাহাতে সার মজুত রাখিয়া চাষের সময় চাষীদের নিকট সার সরবরাহ ক যায় সেজন্য সার বণ্টনকারীরা যাহাতে প্রতি জেলায় অন্ততঃ একটি করিয়া বাফার গোডা রাখিয়া ও প্রতি ব্লকে অন্ততঃ একটি করিয়া ডিপো খুলিয়া ঐ সকল ডিপো হইতে যথাস সার বণ্টন করেন তাহার ব্যবস্থা করা হইয়াছে। বর্তমানে পশ্চিমবঙ্গে ৮৮টি বাফার গোডা ও ৩,২৭৮টি সাব-ডিপো আছে।

ইহা ছাড়া পশ্চিমবঙ্গ সরকার ১০০টি সরকারী গুদাম তৈয়ারীর পরিকল্পনা করিয়া কেন্দ্র সরকারের নিকট অনুমোদন ও আর্থিক সাহায্যের জন্য পাঠাইয়াছেন।

Statement referred to in reply to clause 1 of unstarred question No. 347.

কারখানার অবস্থান	যে সার প্রস্তুত হয়	উৎপাদনের পরিমাণ বাৎসরিক টন	ঐ স্থানে অবস্থিত কারখানার সংখ্যা।
		টন	
১। জলপাইগুড়ি .. .	হাড়গুড়া সার ..	১০০	১টি
২। শিলিগুড়ি, দার্জিলিং	ঐ ..	৬০০ ৭০০	ঐ
৩। বাঁশবেড়িয়া, হুগলী	ঐ ..	২,০০০	১টি
৪। বেলিয়াঘাটা, কলিকাতা .. .	ঐ ..	১। ৬০০	৪টি
		২। ১,৮০০	
		৩। ১৩০	
		৪। ১০০	
৫। খড়দহ, ২৪-পরগণা	সুপার সালফেট ..	৪০,০০০	১টি
৬। রিষড়া, হুগলী	ঐ ..	৫০,০০০	১টি
৭। দুর্গাপুর, বর্ধমান	বাইপ্রোডাক্ট এমানিয়াম সালফেট। ..	১৮,০০০	১টি
৮। বার্নপুর, বর্ধমান	ঐ ..	২১,০০০	১টি

Taldiha Zamindary bundh in Pataspur police-station, Midnapore

348. (Admitted question No. 1000). **Shri Radha Nath Das Adhikari :**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পটাশপুর থানার তালডিহা জমিদারী বাঁধের দৈর্ঘ্য কত ; এবং

(খ) উহাকে মেরামতের কি ব্যবস্থা করা হইয়াছে ?

The Minister for Land and Land Revenue :

(ক) ৭ কিলোমিটার।

(খ) মেরামতের জন্য প্রাথমিক ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

Non-receipt of final grant by the aided secondary school

349. (Admitted question No. 1003.) **Shri Radhanath Das Adhikari :**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬২-৬৩ সালের সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক স্কুলগুলির মধ্যে অধিকাংশ স্কুল ফাইন্যাল গ্রাণ্ট পায় নাই;

(খ) যদি সত্য হয়, উহাদের সংখ্যা কত; এবং

(গ) উহাদের গ্র্যাণ্ট দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Education :

(ক) সত্য।

(খ) সমুদয় স্কুলের ১৯৬২-৬৩র ফাইন্যাল হিসাব এখন পর্যন্ত মধ্যশিক্ষা পর্ষৎ হইতে পাওয়া যায় নাই। সুতরাং উহাদের সংখ্যা সঠিকভাবে নির্ধারণ করা সম্ভব নয়।

(গ) স্কুলগুলির প্রাপ্য টাকা পরীক্ষিত সম্পূর্ণ হিসাব পর্ষৎ হইতে পাওয়া গেলে উক্ত টাকা মঞ্জুরীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Marauganj Small-size Agricultural Society, Tufanganj subdivision

350. (Admitted question No. 1018.) **Shri Jiban Krishna Dey :**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমার মারুগঞ্জ স্মল সাইজ এগ্রিকালচারাল সোসাইটিকে ১৯৬২ সালে দেয় টাকা অদ্যাবধি সোসাইটি সব পরিশোধ করেছে কিনা;

(খ) না করে থাকলে বাকী কত; এবং

(গ) বক্রী টাকার জন্য কোন অ্যাকশান দেওয়া হয়েছে কিনা?

The Minister for Co-operation :

(ক) না।

(খ) ১২,৪৯১.০০ টাকা।

(গ) হ্যাঁ।

Co-operative Societies in Jhaljhali village, Tufanganj subdivision

351. (Admitted question No. 1026).**Shri Jibankrishna Dey :**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তুফানগঞ্জ মহকুমার ঝলঝলি কো-অপারেটিভ-এর নিকট মোট সরকারী প্রাপ্য টাকার পরিমাণ কত; এবং

(খ) উক্ত টাকা আদায়ের কোন ব্যবস্থা হয়েছে কিনা?

The Minister for Co-operation :

(ক) তুফানগঞ্জ মহকুমার ঝলঝলি গ্রামে দুইটি সমবায় সমিতি আছে। কোনটির নিকট ারের কোন টাকা প্রাপ্য নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Alternative drianage system in the Kangsaboti Reservoir area

352. (Admitted question No. 1026.) **Shri Jaleswar Hansda :**

ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ইহা কি সত্য যে কংসাবতী ক্যানালের কাজ ও স্লুইস গেটের কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও কংসাবতী স্রোত সম্পূর্ণ বন্ধ করায় অতিরিক্ত জল নিকাশের জন্য অন্য জায়গায় জল নিকাশের পথ করিতে হইয়াছে এবং ইহার জন্য অতিরিক্ত খরচ হইয়াছে ; এবং

খ) যদি সত্য হয়, তবে কী পরিমাণ খরচ হইয়াছে ?

e Minister for Irrigation and Waterways :

(ক) এই সংবাদ সত্য নয়। তবে কংসাবতী ও কুমারী বাঁধের মধ্যে সংযোগ রক্ষার্থ পরি- া অনুযায়ী একটি নালা খাল হওয়ার কথা আছে। তদতিরিক্ত কোন কার্য্য করা হয় নাই। ং অতিরিক্ত খরচের কোন প্রশ্ন আসে না।

খ) এই প্রশ্ন উঠে না।

Damage to crops caused due to floods in the Kangasaboti Reservoir area

3. (Admitted question No. 1027.) **Shri Jaleswar Hansda :**

জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) ইহা কি সত্য যে কংসাবতী নদীর স্রোত সম্পূর্ণ বন্ধ করার ফলে জলাধার এলাকায় অনেক ফসল জলমগ্ন হইয়া নষ্ট হইয়াছে ;

(খ) সত্য হইলে, কত টাকার ফসল নষ্ট হইয়াছে ; এবং

) এ বিষয়ে সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা ?

e Minister for Irrigation and Waterways :

ক) কংসাবতী জলাধার এলাকায় সমস্ত জমি সরকার অধিকার করিয়াছে এবং ইহার জন্য রণও দেওয়া হইয়াছে। সুতরাং সেখানে কোন ফসল উৎপন্ন ও জলমগ্ন হওয়ার কোন ওঠে না।

(খ) ও (গ) এই প্রশ্ন উঠে না।

Damage to agricultural lands in Khatra police-station

354. (Admitted question No. 1028.) **Shri Jaleswar Hansda :**
সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কংসাবতী ক্যানালের কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও ক্যানালে জ ছাড়ার ফলে বাঁকুড়া জেলায় কাতড়া থানার বাগসবড়া বাঁধের নিকট ক্যানাল ভাঙি যাওয়াতে অনেক জমি ও পাকা ধান নষ্ট হইয়াছে;

(খ) সত্য হইলে কি পরিমাণ ক্ষতি হইয়াছে এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ দেও হইয়াছে কিনা;

(গ) ক্ষতিপূরণ দেওয়া হইয়া থাকিলে কখন দেওয়া হইয়াছে; এবং

(ঘ) ক্ষতিপূরণ দেওয়া না হইলে কতদিন নাগাদ দেওয়া হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) কংসাবতী ক্যানালের কাজ অসমাপ্ত থাকার জন্য জল ছাড়ায় ক্যানাল ভাঙি গিয়াছিল ইহা সত্য নহে। তবে নবনির্মিত ক্যানালে জল ছাড়ার ফলে ক্যানালের বাঁধ সামা ভাঙ্গিয়া যাওয়াতে বাঁকুড়া জেলার খাতড়া থানার বাগজবড়া ও পেরীথপাথার মৌজার প্রায় : বিঘা জমি বালি পড়িয়া ক্ষতিগ্রস্ত হইয়াছে। পাকা ধানের ক্ষতি খুবই অল্প।

(খ) ক্ষতির পরিমাণ নির্ণয় করা হইতেছে। তৎপরে ক্ষতিপূরণ দিবার প্রশ্ন বিবে করা হইবে।

(গ) ও (ঘ) এখন এই প্রশ্ন উঠে না।

Foreign Investment

355. (Admitted question No. 1039.) **Shri Sambhu Charan Ghosh :**

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্পে নিয়োজিত বিদেশী মূলধন ১৯৪৮ সাল হইতে সাল পর্যন্ত কিরূপ পরিমাণ ছিল এ বিষয়ে কোন সরকারী তথ্য আছে কিনা

(খ) তথ্য থাকিলে তাহা কি?

The Minister for Commerce and Industries :

(ক) রাজ্যসরকারের নিকট এ বিষয়ে কোন তথ্য নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Stage of Primary Education in West Bengal

356. (Admitted question No. 1042.) **Shri Sambhu Charan Ghosh :**

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষা বলিতে শ্রেণী পর্যন্ত গণ্য করা হয়?

The Minister for Education:

পাঠক্রম অনুসারে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষার স্তর বলিয়া গণ্য করা হয়।

Number of literate persons in West Bengal

357. (Admitted question No. 1045.) **Shri Sambhu Charan Ghosh:**

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে অক্ষরজ্ঞান সম্পন্ন মানুষের শতকরা হার কত; এবং

(খ) ১৯৪৬ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে অক্ষরজ্ঞান সম্পন্ন মানুষের শতকরা হার কত ছিল?

The Minister for Education:

(ক) ১৯৬১ সালের লোক গণনা অনুসারে পশ্চিমবঙ্গে অক্ষরজ্ঞান সম্পন্ন মানুষের শতকরা হার ছিল ২৯.৪। তৎপর ১৯৬৪ সালের মার্চ মাস পর্যন্ত অক্ষরজ্ঞান সম্পন্ন মানুষের শতকরা হার কত তাহা জানা নাই।

(খ) ১৯৪৭ সালে পশ্চিমবঙ্গ রাজ্য সৃষ্টির পর ১৯৫১ সালে প্রথম যে লোক গণনা হয় তদনুসারে পশ্চিমবঙ্গে অক্ষরজ্ঞান সম্পন্ন মানুষের শতকরা হার ছিল ২৪.৬। ১৯৪৬ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে অক্ষরজ্ঞানসম্পন্ন মানুষের শতকরা হার জানা নাই।

Government flats in Hooghly-Chinsurah town

358. (Admitted question No. 1055.) **Shri Sambhu Charan Ghosh:**

আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলি-চুঁচুড়া শহরে বিভিন্ন বিভাগে কর্মরত (দূর হইতে যাহারা আসেন) সরকারী কর্মচারীদের জন্য সরকারী বাসভবন নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Housing:

কোন পরিকল্পনা বর্তমানে বিবেচনাধীন নাই—তবে উপযুক্ত জমি সংগ্রহের চেষ্টা চলিতেছে।

Contract Labour

359. (Admitted question No. 1058.) **Shri Sambhu Charan Ghosh:**

শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ শিল্পে কণ্ট্রাক্ট লেবার প্রথা চালু আছে; এবং

(খ) কণ্ট্রাক্ট লেবার প্রথা বিলোপের কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Minister for Labour:

(ক) এ সম্পর্কে বিশদ তথ্যাদি নাই। পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্পে কণ্ট্রাক্ট লেবার-এর সাহায্যে উৎপাদন করিবার প্রথা চালু আছে।

(খ) কণ্ট্রাক্ট লেবার প্রথার অপব্যবহার আইন দ্বারা নিয়ন্ত্রণ করা সম্ভব কিনা ভারত সরকার তাহা বিবেচনা করিতেছেন।

পশ্চিমবঙ্গ সরকার এই উদ্দেশে শ্রমবিরোধ আইন সংশোধন করিয়াছেন। উহা রাষ্ট্রপতির অনুমোদনের অপেক্ষা করিতেছে।

Expansion of the Hooghly Imambara Hospital

360. (Admitted question No. 1060.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি ইমামবাড়া হাসপাতালের সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ'' হয়, তবে তাহা কি, এবং কবে তাহা কার্য্যকরী করা হইবে ?

The Minister for Health :

(ক) আছে।

(খ) বর্তমানে এই হাসপাতালটিতে ১৯২টি শয্যা আছে। হাসপাতালটিকে সম্প্রসারিত করিয়া ১০২টি অতিরিক্ত শয্যা স্থাপনের পরিকল্পনা ১৮,৭১,৪১৪ টাকা ব্যয়ে মঞ্জুর করা হইয়াছে। নির্মাণকার্য্য শীঘ্রই শুরু হইবে।

Hooghly Imambara Hospital

361. (Admitted question No. 1061.) **Shri Sambhu Charan Ghosh:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি ইমামবাড়া হাসপাতালে বিভিন্ন ইণ্ডোর রোগীর সংখ্যা বর্তমানে কত ;

(খ) গত ৬ মাসে দৈনিক গড়ে আউটডোর বিভাগে কত রোগী পরীক্ষা করা হয় ;

(গ) বর্তমানে বিভিন্ন বিভাগে কতজন ডাক্তার আছে, এবং তাঁহাদের নাম ও যোগ্যতা কি ;

(ঘ) বর্তমানে মোট কতজন কর্মচারী এবং নার্স আছেন, এবং তাঁহাদের বেতনের হার কি; এবং

(ঙ) রাত্রে এমার্জেন্সী বিভাগে চিকিৎসার জন্য কয়জন ডাক্তার এবং নার্স থাকেন ?

The Minister for Health :

(ক)

বিভাগ	১৮-২-৬৫ তারিখে রোগীর সংখ্যা
প্রসূতি ও স্ত্রীরোগ	৫৫
মেডিক্যাল	১৭৫
সার্জিক্যাল	৬০
যক্ষ্মা	১২
ডিপথেরিয়া	১
মোট ..	৩০৩

(খ) ৬৮৩।

(গ) একটি তালিকা (১নং) টেবিলে সন্নিবেশিত করা হইল।

(ঘ) একটি তালিকা (২নং) টেবিলে সন্নিবেশিত করা হইল।

(ঙ) ১ জন ডাক্তার এবং ১ জন নার্স।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 361.

১নং তালিকা

বিভিন্ন বিভাগে মোট ২১ জন ডাক্তার আছেন। তাঁহাদের নাম ও যোগ্যতা দেওয়া হইল:—

১। ডাঃ এস সি ঘোষ, এম বি, জিলা চিকিৎসাধিকারিক এবং শল্য চিকিৎসাবিশারদ।

২। ডাঃ এন বি বোস, এম বি বি এস, টি ডি ডি, বক্ষ চিকিৎসাবিশেষজ্ঞ।

৩। ডাঃ এ কে ঘোষ, এম বি বি এস, এফ আর সি এস, শল্য চিকিৎসক।

৪। ডাঃ এ কে সেনাই, বি এস সি, এম বি বি এস, আর সি পি (এডিন), ডি পি এইচ (কলিঃ), সাধারণ চিকিৎসা বিশেষজ্ঞ।

৫। ডাঃ ডি এন ব্যানার্জি, ডি জি ও (কলিঃ), এম আর সি ও জি (লণ্ডন), স্ত্রীরোগ বিশেষজ্ঞ।

৬। ডাঃ (মিস) কেতকী চট্টোপাধ্যায়, ডি জি ও (কলিঃ), এম ও (কলিঃ), স্ত্রীরোগ বিশেষজ্ঞ।

৭। ডাঃ মিহির কুমার চট্টোপাধ্যায়, ডি জি ও (কলিঃ), এম ও (কলিঃ), স্ত্রীরোগ বিশেষজ্ঞ।

৮। ডাঃ প্রণব চট্টোপাধ্যায়, ডি ও এম এস, চক্ষু চিকিৎসক বিশেষজ্ঞ।

৯। ডাঃ এস কে চট্টোপাধ্যায়, বি এস সি, বি ডি এস, দন্ত চিকিৎসক।

১০। ডাঃ (মিসেস) প্রীতি সিংহ, এম বি বি এস, বি এম সি ডব্লিউ (কলিঃ), পরিবার পরিকল্পনা, মাতৃ ও শিশুকল্যাণ চিকিৎসক।

১১। ডাঃ সুবোধ ঘোষ, ডি জি ও (কলিঃ), চিকিৎসাধিকারিক।

১২। ডাঃ (মিস) মিনতি ভড়, এম বি বি এস, চিকিৎসাধিকারিক।

১৩। ডাঃ জে এন বোস, এল এম এফ, রেডিওলজিষ্ট।

১৪। ডাঃ এ হোসেন, এম বি বি এস, চিকিৎসাধিকারিক (সুপি)।

১৫। ডাঃ (মিসেস) কে বোস, এল এম এফ, চিকিৎসাধিকারিক।

১৬। ডাঃ এন আর দেবনাথ, এল এম, এফ, এনাস্থেটিষ্ট।

১৭। ডাঃ পি কে চাটার্জি, এম এম এফ, চিকিৎসাধিকারিক।

১৮। ডাঃ ডি জি ব্যানার্জি, এম বি বি এস, ডি সি পি (কলিঃ) প্যাথলজিষ্ট।

১৯। ডাঃ এন আর দত্ত, এল এম এফ, রক্ত সংরক্ষণ ভাণ্ডার এবং যৌনব্যাধি চিকিৎসক।

২০। ডাঃ এম এস ঘোষ, এম বি বি এস, ডি টি এম (কলিঃ), অবৈতনিক প্যাথলজিষ্ট।

২১। ডাঃ এন পি গুহ, এল এম এফ, অবৈতনিক চিকিৎসাধিকারিক।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 361.

নার্সিং কর্মচারী ছাড়া ১৫৮ জন কর্মচারী এবং ৮৮ জন নার্সিং কর্মচারী আছেন। তাহাদে বেতনের হার নিম্নরূপ।

অন্যান্য কর্মচারী	কর্মচারীর সংখ্যা ও মাসিক বেতনের হার
২ জন	৮৫০ টাকা—১,৩৫০ টাকা
১৬ জন	৩০০ টাকা—৮০০ টাকা
৭ জন	২০০ টাকা—৪০০ টাকা
১ জন	২০০ টাকা—৩০০ টাকা
১ জন	২০০ টাকা—৩০০ টাকা
৬ জন	১৫০ টাকা—২৫০ টাকা
১৩ জন	১২৫ টাকা—২০০ টাকা
৮ জন	১০০ টাকা—১৪০ টাকা
২ জন	৮৫ টাকা—১০৫ টাকা
১১ জন	৬৫ টাকা— ৮৫ টাকা
৯২ জন	৬০ টাকা— ৭৫ টাকা

নার্সিং কর্মচারী

১ জন	৩৫০ টাকা—৫২৫ টাকা
৪ জন	১৭৫ টাকা—৩২৫ টাকা
১৫ জন	১২৫ টাকা—২০০ টাকা
২৬ জন	৪৫ টাকা— ৬৫ টাকা
৫২ জন	৪০ টাকা— ৬০ টাকা

Urbanisation of the village areas

362. (Admitted question No. 1076.) **Shri Sambhu Charan Ghosh:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে কোন সরকারী তথ্য আছে কি—

(১) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলকে সহরীকরণের (আরবানাইজেসান) গতি ১৯৪৮ সাল হইতে কি হারে বাড়িয়াছে;

(২) ১৯৪৮ সাল হইতে পশ্চিমবঙ্গের লোক সংখ্যা কি হারে বাড়িয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে তাহা কি?

The Minister for Development and Planning:

(ক) (১) (২) ১৯৪৮ সালের কোন তথ্য নাই। ১৯৫১ সালের আদমসুমারী ও ১৯৬১ লর আদমসুমারীর তথ্য হইতে ১৯৫১ সাল হইতে ১৯৬১ সাল পর্যন্ত বাৎসরিক গড়পড়তা সংখ্যা ওয়া যায়।

(খ) (১) ১৯৫১ সালে পশ্চিমবঙ্গে সহর এলাকার সীমানা ছিল ৪৫১.৩৮ বর্গমাইল। ৬১ সালে তাহা বাড়িয়া ৫৬০.১৭ বর্গমাইল হইয়াছে। বৃদ্ধির হার প্রতি বৎসর শতকরা ৬২।

(২) পশ্চিমবঙ্গে ১৯৫১ সালের আদমসুমারী অনুসারে সহরের লোকসংখ্যা ছিল ,৫৩,২৬৩। ১৯৬১ সালের ঐ সংখ্যা বাড়িয়া হইয়াছে ৮৫,৪০,৮৪২। সহরের লোক খ্যার বৃদ্ধির হার প্রতি বৎসর শতকরা ৩.৯।

Wages for the Labourers

363. (Admitted question No. 1082.) **Shri Sambhu Charan Ghosh:**

ম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয় সম্পর্কে কোন সরকারী তথ্য আছে কি—

পশ্চিমবঙ্গে নিযুক্ত শ্রমিকদের সাধারণভাবে প্রকৃত বেতন ১৯৩৯ সালের তুলনায় ১৯৬৪ সালে কিভাবে বাড়িয়াছে অথবা কমিয়াছে; এবং

(খ) তথ্য থাকিলে, তাহা কি?

The Minister for Labour:

(ক) ১৯৬৪ সালের তথ্য এখনও তৈয়ারি হয় নাই।

(খ) উঠে না।

Unemployed in West Bengal

364. (Admitted question No. 1085.) **Shri Sambhu Charan Ghosh:**

মবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গের শহরাঞ্চলে প্রতি এক হাজারে আনুমানিক কতজন বেকার; এবং

(খ) সরকারী হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে প্রতি এক হাজারে আনুমানিক কতজন বেকার?

The Minisger for Labour:

(ক) ও (খ) ১৯৬১ সালের আদমসুমারি অনুযায়ী পশ্চিমবাংলায় শহরাঞ্চলে ও গ্রামাঞ্চলে প্রতি এক হাজারে যথাক্রমে ২৬.২৭ ও ৫.৭৮ জন বেকার ছিল।

Trenching ground

365. (Admitted question No. 1094.) **Shri Rabindra Nath Mukhopadhy**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুই লক্ষ মানুষ অধ্যুষিত দক্ষিণ শহরতলি পৌরসভার ট্রেঞ্চিং গ্রাউণ্ডটি আধুনিকী অথবা অপসারণের কোন প্রস্তাব আছে কিনা ; এবং

(খ) প্রস্তাব থাকিলে উহা কি ?

The Minister for Health

(ক) পৌরসভার ট্রেঞ্চিং গ্রাউণ্ড আধুনিকীকরণ অথবা ইহা অন্যত্র অপসারণ স পৌরসভার সম্পূর্ণ দায়িত্ব। দক্ষিণ শহরতলির পৌরসভা সরকারের চীফ ইঞ্জিনীয়ার, পাব হেলথ ইঞ্জিনীয়ারিং-এর সহিত পরামর্শক্রমে এ বিষয়ে কি করা যায় তাহা বিবেচনা ক দেখিতেছেন।

(খ) প্রশ্ন উঠে না।

Purchase of paddy through Co-operative Society

366. (Admitted question No. 1105.) **Shri Debsaran Ghosh:**

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আগামী ২৮এ ফেব্রুয়ারি তারিখের পর কোন সমবায় সমি মাধ্যমে ধান্য ক্রয় করা হইবে না ? এবং

(খ) যদি "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে উহার কারণ কি ?

The Minister for Co-operation.

(ক) ইহা সত্য নহে। তবে মূল্য ধারণ প্রকল্প (প্রাইস সাপোর্ট স্কীম) অনুসারে সরকা গ্যারান্টিতে এই উদ্দেশ্যে কেন্দ্রীয় ব্যাঙ্কগুলি হইতে নির্বাচিত সমবায় প্রতিষ্ঠানসমূহ ২ ফেব্রুয়ারি ১৯৬৫ সাল পর্যন্ত ঋণ গ্রহণ করিতে পারিবেন।

(খ) এই প্রশ্ন উঠে না।

Kotrung outfall drainage scheme

367. (Admitted question No. 1127.) **Shri Monoranjan Hazra:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় কি অবগত আছেন, ১৯৫৭-৫৮, ১৯৫৮-৫৯, ১৯৫৯- সালে তৎকালীন স্বাস্থ্যমন্ত্রীর আমলে "কোতরং আউটফল ড্রেনেজ স্কীম" নামে এক স্কীম কোতরং পৌরসভার সুপারিশে গৃহীত হইয়াছিল ;

(খ) যদি উক্ত প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) এই স্কীমটি কার্যকরী করার কোন ব্যবস্থা হইবে কিনা, এবং

(২) না হইলে, কেন হইবে না ?

The Minister for Health :

(ক) ও (খ) কোতরং আউটফল ড্রেনেজ স্কীমটি ১৯৫৯-৬০ সালে রাজ্যসরকারের প্রশাসনিক অনুমোদন লাভ করে। কিন্তু ইতিমধ্যে শহরটির প্রভূত উন্নতি হওয়ায় এবং পৌর কর্তৃপক্ষ ড্রেনেজ-এর জন্য নির্দিষ্ট জমিসমূহ অন্যভাবে ব্যবহার করার (গৃহনির্মাণ প্রভৃতির) অনুমতি দেওয়ায়, উক্ত স্কীমটি বাতিল করিতে হয় এবং একটি নূতন ও ব্যাপক (কম্প্রিহেনসিভ) ড্রেনেজ স্কীমের প্রয়োজন অনুভূত হয়। এই নূতন স্কীমের আনুমানিক ব্যয় পড়িবে ১০ লক্ষ টাকা। এইরূপ একটি ব্যয়সাধ্য স্কীম পৌরসভার সামর্থে কুলাইবে কিনা জানিবার জন্য কোতরংএর পৌরপ্রধানকে ইতিমধ্যেই লেখা হইয়াছে। উত্তর এখনও পাওয়া যায় নাই।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE.

Mr. Deputy Speaker : Now Shri Ardhendu Shekhar Naskar will kindly make a statement on the Calling Attention Notice given by Shri Sanat Kumar Raha

Shri Ardhendu Shekhar Naskar : With reference to the "Calling Attention" notice given by Shri Sanat Kumar Raha regarding refugees from East Pakistan who have come to Murshidabad district since 1962 not having yet been recognised as citizens of India I beg to make the following statement :

There is no question of Government *suo motu* recognising refugees from East Pakistan as citizens of India. Citizenship certificates can be granted only if applications for registration as Indian citizens are made under the Citizenship Act, 1955. In the case of refugees from East Pakistan an application for Indian citizenship is maintainable only if they stay in this country for a minimum period of six months

Since 1962. 2,673 refugees from East Pakistan have been granted Indian Citizenship in Murshidabad district

374 applications for Indian citizenship from refugees in East Pakistan are pending in Murshidabad district because these persons came over to India from East Pakistan without valid documents and the procedure to be followed in granting Indian citizenship to these persons is at present under the consideration of the Government of India.

Secretary (P. Roy) : Eight notices of Calling Attention have been received on the following subjects :—

(1) Use of the Defence of India Rules to curb strike in Bata Shoe Factory—by Shri Birendra Narayan Ray, Shri Hrishikesh Halder and Shri Adhar Chandra Haldar.

(2) Disappearance of cigarettes from market — by Shri Aswini Roy

(3) Acquisition of a portion of Rohoni T.E in Darjeeling — by Shri Deo Prakash Rai.

(4) Death of a girl in a motor accident at Ramrajatala Station Road on 25th February 1964— by Shri Ananga Mohan Das.

(5) Bus and Truck accidents in Calcutta within a week —by Shri Sanat Kumar Raha.

(6) Disappearance of fish from the Calcutta markets— by Dr. Abu Asad Mohsmmad Obaidul Ghani.

(7) Continuance of squatting and hunger strike by the secondary teachers—by Shri Aswini Roy.

(8) Recent strike by the ministerial staff of the Durgapur Steel Project and the forms of settlement arrived at—by Shri Ananda Gopal Mukhopadhya.

Mr. Deputy Speaker: I have selected the notice of Shri Deo Prokash Rai on the subject of acquisition of a portion of Rohoni T.E. in Darjeeling. I also select as a special case the notice of Shri Ananda Gopal Mukhopadhya on the subject of recent strike of the ministerials staff of the Durgapur Steel Project and the forms of settlement arrived at.

The Ministers concerned may make their statements to-day, if possible, or give a date for the same.

Shri Syamadas Bhattacharyya : With regard to the notice of Shri Deo Prokash Rai I shall make a statement on Friday next.

Shri Bijoy Singh Nahar : With regard to the notice of Shri Ananda Gopal Mukhopadhya I shall make a statement to-morrow.

Scarcity of Rice in M. R. shops and price of musturd oil.

Shri A. H. Besterwitch: Mr. Deputy Speaker, Sir, I have just come from my area and I found that in the whole of Jalpaiguri district there is no rice whatsoever in the M.R. shops.

Then, the Hon'ble Chief Minister during the debate on Governor's Address said that mustard oil was selling at Rs. 3.40 paise per kilo. But in our district the wholesale rate of mustard oil is Rs. 3.65 *taise* per kilo. Birpara merchants refuse to sell in retail. This is the condition in Jalpaiguri district . Not a single M.R. shop has got rice. Further, Government have sent letters to the mill-owners and the stockists to send all the rice to Calcutta from Jalpaiguri district. It is surprising, I think, that the Government is t-y'r g to feed Calcutta by starving the people in the villages. So, I hope that on t :i poiht the Hon'ble Minister will please make a statement.

Manuscript of Geetanjali

Shri Kashi Kanta Maitra :

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়েছিলাম—আজকে যুগান্তর পত্রিকা দেখলাম যে গীতাঞ্জলীর পাণ্ডুলিপি ১ লক্ষ টাকায় বিক্রি হচেছ—এবং এই দলিলটা ভারতবষের বাইরে চলে যাচেছ—আমেরিকাতে। আমার মনে হয় এ বিষয়ে শিক্ষা দপ্তরের একটা দায়িত্ব আছে—এবং এটাকে রক্ষা করবার জন্য একটা অন্তত সরকারের এ্যাসিয়েন্স দরকার। যদি বাংলাদেশ থেকে কবিগুরুর এই পাণ্ডুলিপি চলে যায় তাহলে এর চেয়ে কলঙ্কের জিনিস আর কিছুই হতে পারে না। সুতরাং আমার মনে হয় এ বিষয়ে মন্ত্রী সভার পক্ষ থেকে একটা ষ্টেটমেণ্ট আমাদের কাছে দেওয়া দরকার, একটা এ্যাসিওরেন্স যে না রাজ্য সরকার এটা হতো দেবেন না।

Shri Monoranjan Roy:

স্যার, শিক্ষা মন্ত্রী এখানে নেই—অন্যান্য মন্ত্রীরা আছেন তাঁদের কিছু বলতে বলুন—এটা একটা গুরুতর ব্যাপার।

Shri Bijoy Singh Nahar :

আমি এ বিষয়ে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো—তিনি যদি প্রয়োজন মনে করেন তাহলে তিনি একটা স্টেটমেণ্ট দেবেন।

10—2-20 p.m.]

DEMANDS FOR GRANTS

Grant No. 25

Major Head: 34-Cooperation

Grant No. 26

Major Heads: 35-Industries-Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development.

Grant No. 27

Major Heads: 35-Industries-Cottage Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development-Cottage Industries.

Shri Tarun Kanti Ghosh : Mr. Deputy Speaker, Sir with your permission I would e to move three Demands for Grants together.

Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 03,000 be granted for expenditure under Grant No. 25, Major Head: "34- operation".

Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 2,08,000 be granted for expenditure under Grand No. 26, Major Heads: "35- dustries-Industries and 96-Capital Outlay on Industrial and Economic Develop- ent".

Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 9,40,000 be granted for expenditure under Grant No. 27, Major Heads. "35- dustries-Cottage Industries and 96-Capital Outlay on Industrial and Economic velopment-Cottage Industries".

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই ৩টি বাজেট গ্রাণ্ট উত্থাপন করিতে গিয়ে আমি খুব শঙ্কা য়ে এখানে মাননীয় সদস্যদের সুবিধার্থে কিছু তথ্য পেশ করে রাখতে চাচ্ছি। আমাদের রতবর্ষের যে অথনীতি যা ভারতের জনগণের সামনে রাখা হয়েছে—যেখানে সেখানে পৌছবার লক্ষ্য তাঁরা স্থির করেছেন সেখানে পৌঁছাতে গেলে আমাদের কোঅপারেশন—সমবায়ের ত্ব যে সমীচীন তা আমরা সবাই স্বীকার করি এবং সে দিকে লক্ষ্য রেখেই আমরা চেষ্টা করছি। সমবায় আন্দোলন যাতে আরও গভীর হয়, আরও ব্যাপক হয় এবং তার দ্বারা আমরা গণকে সংঘবদ্ধ করে যাতে আরও কাজ করতে পারি তারই চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ াশয়, আপনি শুনে নিশ্চয় আনন্দিত হবেন যে যেখানে থার্ড ফাইভ ইয়ার প্লান া-অপারেশন-এর জন্য ছিল ২ কোটি ৪৫ লক্ষ টাকার মত যার মধ্যে এগ্রিকালচার এই দিল কোটি ৭৪ লক্ষ টাকা তার প্রায় ৯৮ ভাগ আমরা খরচ করতে পেরেছি। প্রথম ৩ বছর এর মধ্যে মরা খরচ করেছি ১ কোটি ৪০ লক্ষ টাকা এবং এ বছর যা খরচ করবো র সংখ্যা হচ্ছে ৭৬ লক্ষ টাকার মত। তারপর যেটুকু বাকি থাকবে—পরের বছরের া পেয়েছি তা খরচ করলে দেখা যাবে আমাদের টোটাল যে প্ল্যান প্রভিসন ছিল ি ফাইভ ইয়ার প্ল্যানএ তার চেয়ে ৪৭ লক্ষ টাকা বেশী আমরা যা বরাদ্দ চ করতে পারবো। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমবায় আন্দোলনের উন্নতি করবার ্য আপাততঃ ১১ কোটি টাকার মত ধার্য্য করা হয়েছে; আমি এখন কো-অপারেটিভ ক্টর-এর কাজ সন্তোষজনকভাবে এগিয়েছে কিনা সেটাই দেখাবার জন্য মাননীয় সদস্যদের বিধার্থে কয়েকটি তথ্য পেশ করতে চাচ্ছি। ১৯৬১ সালে অর্থাৎ তৃতীয় পঞ্চবার্ষিক রিকল্পনার আগে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে যেখানে আমাদের সার্ভিস

কো-অপারেটিভ ছিল ২ হাজার ৪৬৬টি তারপর থার্ড প্লানএ যেখানে আমাদের টার্গেট ছি ৬ হাজার সেখানে আমরা ১৯৬৩-৬৪ সালের মধ্যে ৩ হাজার ৯৫১টি করতে পেরেছি। এ বা আমরা ১.২৮৫টি করতে পারবো। তাহলে আমাদের যে টারগেট ছিল ৬ হাজার তার মধ্যে হবে ৫ হাজার ২৭৬টি। পরের বছর ৭৪৩টি করতে পারলে আমরা টার্গেট-এ রিচ করতে পারব এবং এটা আমার মনে হয় তার চেয়ে বেশী আমরা করতে পারবো। আমাদের এখানে মার্কে সোসাইটি ছিল ১১৫টি আর টারগেট ছিল আরও ৩৫টি। তার মধ্যে ৩৪টি করা হয়ে গিয়েছে আরও ৪টি এই বছর অর্থাৎ ৩১শে মার্চ-এর মধ্যে যে বছর শেষ হবে সেই বছর আরও ৪ করতে পারবো। তাহলে মোট ৩৮টি। এবং পরের বছর আরও ৫টি করবার পরিকল্পনা গ্রহ করেছি। অর্থাৎ দেখা যাচ্ছে টারগেট যা তার চেয়ে বেশী আমরা করতে পারবো। আমাদে পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ সেকটরএ একটিও রাইসমিল ছিল না। সেইজন্য আমরা এবছ ৩টি রাইসমিল কো-অপারেটিভ সেকটরএ করবার বন্দোবস্ত করছি। একটির যন্ত্রপাতি ইতিমধ্যে কেনা হয়ে গিয়েছে। এই তিনটি মিলের মধ্যে একটি হবে ২৪-পরগণা আর ২টি বর্দ্ধমান ২টির কাজ অনেক এগিয়ে গেছে। এ ছাড়া আমরা এবছরে আমরা ৭টি রাইসমি কো-অপারেটিভ সেকটর করবার পরিকল্পনা নিয়েছি। এবছর মানে ৩১এ মার্চ-এর মধ্যে বছর শেষ হবে তার মধ্যে একটি রাইসমিল হবে সেটা আপনারা নিশ্চয়ই সংবাদপত্রে পড়ছেন। আর যে ৬টি আধুনিক রাইসমিল ভারত সরকার নিয়ে আসছেন তার মধ্যে একটি পশ্চিমবঙ্গকে দিয়েছেন এবং সেটি আমরা কো-অপারটিভ সেক্টর করছি। এছাড়া সামনে বছর কো-অপারেটিভ সেকটরএ আমরা আরও ৩০টি রাইসমিল করবার পরিকল্পনা গ্রহণ করেছি তারপর আমি বলছি টেক্সি কো-অপারেটিভ-এর কথা। আমাদের এখানে টেক্সি কো-অপারেটি ছিল ১৩টি। আরও ৪টি করার পরিকল্পনা ছিল সেটা আমরা করে ফেলেছি। তা ছাড় আরও ৪টি করবার পরিকল্পনা করেছি, আশা করছি সামনের বছর সেটা করতে পারবো সুতরাং এইভাবে অন্যান্য জিনিষ যদি চিন্তা করে দেখি তাহলে দেখতে পাবো আমাদে বিভিন্ন কো-অপারেটিভএ টোটাল মেম্বারসিপ ছিল ১৭ লক্ষ ৯২ হাজার। সেখানে মেম্বা হয়েছে ২১ লক্ষের মত। যেখানে টোটাল শেয়ার কেপিটাল ছিল ৮ কোটি ১২ লক্ষ টাক সেখানে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তৃতীয় বছরে দেখতে পাচ্ছি শেয়ার কেপিটাল হয়েছে ১৩ কোটি ৬২ লক্ষ টাকা। যেখানে টোটাল ওয়ার্কিং কেপিট্যাল ছিল ৫০ কোটি টাক সেটা বেড়ে ৮৮ কোটি টাকা ওয়ার্কিং কেপিটালএ দাঁড়িয়েছে। আমাদের লোন যা দেওয়া হ যেমন ১৯৪৭ সালে লোন দেওয়া হত ৫৮ লক্ষ টাকা—মিডিয়াম এণ্ড সর্ট টার্ম লোন হচ্ছে ৫৮ লক্ষ টাকা। সেটা ১৯৫৯-৬০ সালে ছিল ২ কোটি ২৭ লক্ষ টাকা, আর এ বছর ১ কোটি ৫০ লক্ষ টাকা এবং সামনের বছর যা প্রোভিসন করেছি তার মোটামুটি সংখ্যা হচ্ছে ১২ কোটি টাকার মত। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টারগেট আমরা রেখেছি সেটা হচ্ছে ৩০ কোটি টাকা বাৎসরিক লোন আমরা দিতে পারবো জনগণকে সাহায্য করবার জন্য। অর্থাৎ কৃষিঋণ বা এই রকম ছোট ছোট ঋণ বাড়িয়েছি বলে ওভারডিউ বেড়ে গিয়েছে তা মনে করবেন না। কারণ ১৯৫৬-৫৭ সালে যেখানে ওভারডিউ অর্থাৎ যেদিন ঋণ শোধ করবার কথা সেদিন শোধ করা হল না, সেইরকম পড়ে থাকতো ৬২ পরসেণ্ট। ১৯৫৬-৫৭ তা কমে ১৯৬৩-৬৪ এসে দাঁড়িয়েছে ২১ পারসেণ্ট। এবং য়্যাভারেজ হচ্ছে সারা ভারতবর্ষে ২৩ পারসেণ্ট। আমাদের এ্যাভারেজ এঁদের তুলনায় খারাপ নয় বরং আমরা একটা সেণ্ট্রাল ল্যাণ্ড মর্টগেজিং ব্যাঙ্ক করেছি। এবং ১২টি প্রাইমারী ব্যাঙ্ক আমরা করেছি সমস্ত ডিস্ট্রিক্টএ। তবে এখনও পর্যন্ত দার্জিলিং, পুরুলিয়া, হাওড়ায় করে উঠতে পারিনি। আর নন-এ্যাগ্রি কালচারাল ক্রেডিট হচ্ছে আমাদের সবচেয়ে ষ্ট্রং পয়েণ্ট। আপনারা শুনে আনন্দিত হবেন যে আমাদের মার্কেটিং সোসাইটিতে এখন মোট ৪৬ কোটি টাকা খাটছে। তারপর আমাদের গোডাউন ছিল সবশুদ্ধ ১২৩ সেকেণ্ড ফাইভ ইয়ার প্লান-এর শেষে সেখানে আমরা ৮৮টি করতে পেরেছি গত ৩ বছরের মধ্যে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ হবার আগে আশা করছি, ৫৩০টি গোডাউন আমরা তৈরি করতে পারবো কিম্বা সাহায্য দেব তৈরী করবার জন্য। আপনারা নিশ্চয়ই জানেন যে কনজুমারস কো-অপারেটিভ ষ্টোরস আমরা সুরু করি ১৯৬০ সালের গোড়ার দিকে। প্রথম দিকে আমরা খুব ভালভাবে অগ্রগতি না করতে পারলেও আজকে আমাদের কনজুমারস কো-অপারেটিভ ষ্টোরস বড় বড় জায়গায় আমরা করতে পেরেছি। আমাদের ১৮টি হোলসেল কনজুমারস কো-অপারেটিভ ষ্টোরস এবং প্রাইমারী ষ্টোরস

াছে ১৩৬টি। এই ১৩৬টি প্রাইমারী ষ্টোরস রয়েছে তার মধ্যে যেগুলি আমাদের রেশন এলাকায় য়েছে তার যে সংখ্যা তার মধ্যে ১৭২টি লাইসেন্স দিয়েছি রেশনড আর্টিকেলস নিয়ে পণ্য রবার জন্য। কনজুমারস কো-অপারেটিভ ষ্টোরস—একটা জিনিষ দেখলেই বুঝতে পারবেন —হোলসেল-এর কথা বলছি, প্রাইমারীর কথা বলছি না—প্রাইমারী হলে আরও বেশী অর্ডার ত। যেখানে এপ্রিল মাসে তাদের টোটাল বিক্রী হ ছিল ৩ লক্ষ ২৬ হাজার টাকা সেখানে ৯৬৪ সলে ডিসেম্বর মাসে দাঁড়িয়েছে ৩৭ লক্ষ ২৫ হাজার টাকা। এর দ্বারাই বুঝতে পারবেন তবেশী পণ্য বিক্রী বেড়েছে। সুতরাং মোটামুটিভাবে বলতে গেলে এইটুকুই বলতে পারি য, আমাদের কো-অপারেটিভ মুভমেণ্ট যেভাবে প্রতি বছর অগ্রসর হচেছ তাতে করে এটা বশ্য ঠিক যে মাদ্রাজ, মহারাষ্ট্র প্রভৃতি ২।১ ষ্টেট থেকে আমরা পেছিয়ে আছি কিন্তু এ বিষয়ে কান সন্দেহ নেই যে পশ্চিমবঙ্গের সমবায়ের উন্নতির জন্য আমরা যেভাবে অগ্রসর হচ্চি এবং নগণ যেভাবে এগিয়ে আসছেন তাতে আমার বিশ্বাস আছে যে অদূর ভবিষ্যতে যেসমস্ত গ্রবর্ত্তি ষ্টেট আছে তাদের সঙ্গে আমরা কমপিট করতে পারবো। আমাদের এই সমবায়ের ঙ্গে শিল্পখাতে অর্থাৎ কুটির শিল্প এবং শিল্প বাণিজ্য খাতে যে বরাদ্দ চেয়েছি সে সম্বন্ধে লতে গেলে এইটুকুই বলতে পারি যে আপনারা নিশ্চয়ই জানেন যে যেগুলি ভারি শিল্প া বড় বড় শিল্প সেগুলির লাইসেন্সিং ও কনট্রোল করেন ভারত সরকার।

2-20—2-30 p.m.]

ভারত সরকার কণ্ট্রোল করলেও সাধারণতঃ আমাদের এখান থেকে যেগুলি প্রসেসড হয়ে য় আমরা যেগুলি রেকমেণ্ড করি তার একটা গুরুত্ব নিশ্চয়ই থাকে এবং সে দিক দিয়ে াপনাদের বলতে পারি যে পশ্চিমবঙ্গে শিল্পের যে সমৃদ্ধি তা অন্য কোন দেশের চেয়ে কম নয়। ধ্যে কয়েক বছর পাওয়ারের জন্য আমাদের শিল্পের অগ্রগতি ব্যাহত হয়েছিল। কিন্তু আপনারা নে নিশ্চয়ই আনন্দিত হবেন যে এ বছর থেকে আমাদের বিদ্যুৎ শক্তির তো অভাব নেইই বরং মন একটা সময় গেছে যে সময় আমাদের বিদ্যুৎ শক্তি কিছু বেশী ছিল। আপনারা জানেন য সচদেব কমিটি একটা রিপোর্ট দিয়েছিলেন, সেই সচদেব কমিটির রিপোর্টে তাঁরা দেখিয়ে ছলেন যে আমাদের যে পরিকল্পনা আছে তা করলে একটা বিরাট বিদ্যুৎ শক্তির ঘাটতি ড়ে যাচেছ। তারজন্য একটা ক্র্যাশ প্রোগ্রাম পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছিলেন, যার ফলে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে বিদ্যুৎ শক্তি খাতে যা ব্যয় বরাদ্দ ছিল তার চেয়ে ৩৮ কোটি াকা বেশী ব্যয়বরাদ্দ করেন এবং তার সুফল আসতে সুরু করে দিয়েছে। আমাদের দুর্গাপুরে য তিনটি ৭৫ মেগাওয়াট পাওয়ার তৈরি করার কথা ছিল তার মধ্যে দুটি ৭৫ মেগাওয়াট াওয়ার তৈরি হয়ে গেছে এবং একটা মে মাস থেকে সাপ্লাই সুরু করেছে, আর একটা অক্টোবর থকে সাপ্লাই সুরু করেছে। এই যে ১৫০ মেগাওয়াট পাওয়ার তৈরী হচেছ তার মধ্যে ৬০ মগাওয়াট পাওয়ার দুর্গাপুরে লেগে যাচেছ আর ৯০ মেগাওয়াট পাওয়ার তারা এখানে সাপ্লাই রছে। আপনারা জানেন যে সাধারণতঃ গ্রেটার ক্যালকাটাকে দুটো ভাগে ভাগ করা হয়— কটা হচেছ উত্তর কলকাতা, আর একটা হচেছ দক্ষিণ কলকাতা। এখন গ্রেটার ক্যালকাটার যেটা ক্ষিণ অঞ্চল সেখান থেকে সমস্ত প্রকার রেস্ট্রিকসান অন দি কনজামপসান অব ইলেকট্রিসিটি সটা উঠিয়ে নেওয়া হয়েছে। আর উত্তর কলকাতাতে আমরা খানিকটা উঠেয়েছি। একটা অসুবিধা য়েছে কি ব্যাণ্ডেলে যে একটা সুইচ গিয়ার করবার কথা ছিল যেখান থেকে পাওয়ারটা এসে ' দিকে চলে যেতে পারে সেটা এখন পর্য্যন্ত কমপিলিট না হওয়ায় আমরা উত্তর কলকাতা রেস্ট্রিকসান সম্পূর্ণ উইথড্র করতে পারিনি। তা না হলেও আমি এটা বলতে পারি যে আমাদের পাওয়ারের যে বিরাট ঘাটতি ছিল সেই ঘাটতি থেকে আমরা এখন প্রায় উঠে এসেছি বলা লে এবং এই বছরের শেষাশেষি কিংবা সামনের বছরের মার্চ মাসের মধ্যে আমরা আশা রছি ব্যাণ্ডেল থেকে পাওয়ার পাওয়া যাবে ১৫০ মেগাওয়াট এবং তার ফলে শিল্প যে াওয়ারের জন্য ব্যাহত হচ্চিল তা হবে না। আপনারা জানেন কল্যাণী স্পিনিং মিল যেটা মাদের পাবলিক সেক্টারে আছে সেখানে ৫০ হাজার স্পিণ্ডিলসএর বন্দোবস্ত আছে। আরো ২৫ জার স্পিণ্ডিলস দিয়ে কল্যাণী স্পিনিং মিলকে বাড়াবার বন্দোবস্ত করেছি। এছাড়া শুধু সিয়ারীর জন্য আর একটা ২৫ হাজার স্পিণ্ডিলসএর স্পিনিং মিল আমরা কল্যাণীতে ব্যবস্থা রছি হোসিয়ারীর কাজ করবার জন্য। আমাদের সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যান যখন শেষ হয়

তখন দেখা গিয়েছিল যে সারা পশ্চিমবঙ্গে ৬ লক্ষ ৪৪ হাজার ৭৯৪টি স্পিণ্ডিলস ছি এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে ১ লক্ষ ৩৭ হাজার ৩৬৫টি স্পিণ্ডিলস যোগ করা হয় আর তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে আরো ২ লক্ষ ২১ হাজার ১৪০টি স্পিণ্ডিলস বাড়াবা কথা ছিল এবং এই ২ লক্ষ ২১ হাজার ১৪০টি স্পিণ্ডিলস আমরা বিতরণ করে দিই ১৫ ইউনিটকে, আর দুটি এক্সপ্যানসান করবার জন্য দুটিকে দিই। এই যে ২ লক্ষ ২১ হাজা স্পিণ্ডিলস দিয়েছি ১৫টি ইউনিটের মধ্যে তার মধ্যে আমরা আশা করছি ১৪টি কার্য্যকরী হবে এখন ১৪টি যে কার্যকরী হবে বললাম ঠিক তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে কার্য্যকর হবে কিনা সে সম্বন্ধে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। তার কারণ, স্পিনিং মিল মেসিনারি কিনবার জন্য বাইরে থেকে যেটা আমরা কিনতে চেয়েছিলাম, জাপানের সঙ্গে আমাদের একটা নেগোসিয়েসান চলছিল, একটা প্যাকেজ ডিল করবার জন্য চেষ্টা হচ্ছিল। এখন সেই নেগে সিয়েসান বহু দেরি হয়ে যাওয়ার ফলে বহু ইণ্ডাস্ট্রিয়ালিস্ট যারা এই ব্যাপারে জমি কিনেছে বাড়ীঘর করার ব্যাপারে এগিয়ে গেছে, দেশী যে সমস্ত মেসিনারী তা কিনবার বন্দোবস্ত করেছে সেখানে দেরি হয়ে যাওয়ার জন্য অনেকের দেরি হয়ে গেছে। কিন্তু আমাদের যে অগ্রগতি আছে তাতে এটুকু আশা আছে যে ১৫টা ইউনিটের মধ্যে ১৪টি করতে পারবে। আপনার জানেন যে দুর্গাপুরে গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া একটা ফার্টিলাইজার প্ল্যাণ্ট করছেন যেটা আমাদে স্বর্গতঃ মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়ের স্বপ্ন ছিল। সেই ফার্টিলাইজার প্ল্যাণ্ট দুর্গাপুরে হওয়ার জন কিছুদিন আগে আমাদের প্রধান মন্ত্রী তার ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন এবং সেখানে অনে বড় প্ল্যাণ্ট হচ্ছে। সিন্ধ্রিতে যে প্ল্যাণ্ট আছে তার চেয়েও বড় প্ল্যাণ্ট বলতে গেলে এশিয়া মধ্যে এটা বৃহৎ প্ল্যাণ্ট হতে যাচ্ছে। এখানে ১ লক্ষ টন নাইট্রোজেন এবং ১ লক্ষ ৮ হাজার ৫ শ টন ই. টি. ও ৫ প্রতি বছর তৈরি হবে। এছাড়া দুর্গাপুরে দুটো সিমেণ্ট ফ্যাক্টরির জন্য গভর্নমে অব ইণ্ডিয়া লাইসেন্স দিয়েছেন। দুর্গাপুর সিমেণ্ট কোম্পানী লিমিটেড এবং এ. সি. সি লিমিটেডকে তাঁরা লাইসেন্স দিয়েছেন। এছাড়া পুরুলিয়াতে একটা সিমেণ্ট ফাক্টরি করবা জন্য আমরা ভারত সরকারকে লিখেছি এই ব্যাপারে মত পাওয়ার জন্য। হলদিয়া সম্বন্ধে আপনারা সবাই জানেন, সে সম্বন্ধে বলবার কিছু নেই। হলদিয়াতে রিফাইনারি হ্যাজ বি এ্যাকসেপটেড এবং রিফাইনারির কাজ খুব শীঘ্র আরম্ভ হবে। সেখানে রিফাইনারির কাজ যা ত্বরান্বিত হতে পারে তারজন্য বিদ্যুৎ শক্তি নিয়ে যাওয়ার জন্য আমাদের যা করণীয় আছে ত আমরা করছি।

হলদিয়াতে রিফাইনারির সঙ্গে তার অন্যান্য ইণ্ডাষ্ট্রী যাতে ডেভেলপড হতে পারে সেজন প্রায় ১০ বর্গমাইল জায়গা নোটিস দিয়ে রেখেছি য়্যাকোয়ার করবার জন্য। আমাদের ইণ্ডাস্ট্রিয় ট্রেনিং-এর যে সিস্টেম তাও আমরা বাড়াবার বন্দোবস্ত করেছি। আগে যেখানে ছিল ৪১৫১টি সীট, সেখানে আরো ৩,৯৬৩টি সীট বাড়াবার পরিকল্পনা নিয়েছিলাম পঞ্চবার্ষিক পরিকল্পনা মধ্যে এবং ১৯৬৪-৬৫এর মধ্যে ২৩৯৬টি সীট আমরা বাড়াতে পেরেছি এবং ১৯৬৫-৬৬এর মধ্যে আরো কিছু বাড়াতে পারবো বলে আমরা আশা রাখি।

আপনারা জনেন যে ন্যাশনাল সুগার মিল বীরভূম, যেটা নিয়ে অনেক গোলমাল চলছিল আমাদের সবার মনের মধ্যে এ নিয়ে একটা উদ্বেগ ছিল আমাদের এখানে তো সুগার মিল বেশী নেই, তাই সেটা যদি চালু করা যায় তাহলে খুব ভাল হয়। সেইজন্য আমরা কয়েকদিন আগে তার দখল নিয়েছি এবং নেক্সট সিজেন যেটা আসছে তার মধ্যে আমরা সেটা চা করতে পারবো। আর একটা সুগার মিল আছে রামগড় সুগার মিল। আমরা চিন্তা করছি ওরা যদি সেটা চালু না করতে পারেন, তাহলে আমরা আমেদপুর ন্যাশন্যাল সুগার মিলের সঙ্গে নিয়ে ওটা চালু করা যায় কিনা সে সম্বন্ধে এখনো আমরা ফাইন্যাল কিছু করতে পারি নাই। আমাদের দেশে শিল্পায়ন যাতে খুব দ্রুত বৃদ্ধি পেতে পারে, সেজন্য আমরা কয়েকটা জায়গা ডেভেলপ করতে চাই। এগুলিকে ইণ্ডাস্ট্রিয়াল এসটেট বললে ভুল করা হবে। লার্জ এরিয়া যেমন দুর্গাপুরকে ডেভেলপ করা হয়েছে, সেই রকম ভাবে আমরা ঠিক করেছি লার্জ এরিয়া ডেভেলপ করবো। যেমন একটা হচ্ছে হলদিয়ায় আর একটা হচ্ছে পাঞ্চেটে, আর একটা হচ্ছে নদীয়া কেষ্টনগর এলাকায় আর একটা হচ্ছে নর্থ বেঙ্গলে শিলিগুড়িতে। ঐ ধরণের অঞ্চলকে আমাদের ডেভেলপ করতে হবে। আপাততঃ ৫।৬টা অঞ্চল

আমরা ঠিক করে রেখেছি সেগুলি আমরা লার্জ স্কেলএ ডেভেলপ করবো, সে পাচ মাইল হোক, সাত মাইল হোক, কি আট মাইল সেখানে আমরা ডেভেলপ করে বড় ইণ্ডাস্ট্রি গড়ে তুলবার ব্যবস্থা করবো। মোট কথা আমি এইটুকু বলতে পারি যে দ্রুত শিল্পায়ন যাতে আমাদের দেশে হতে পারে, তার জন্য যে যে জিনিষগুলি করা দরকার, সেগুলি আমরা করতে যাচ্ছি।

এরপর ভারী শিল্প সম্বন্ধে দু-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। সেটা হচ্ছে এই আপনারা একটি জিনিষ দেখলে আনন্দিত হবেন যে এ্যাট দি বিগিনিং অব দি ফার্ষ্ট প্লান ইন নাইনটিন ফিফটিওয়ান, আমাদের টোটাল ইলেকসন পাওয়ার আউটপুট ছিল, ৩২৬ মেগাওয়াট, যেটা এ্যাট দি বিগিনিং সেকেণ্ড প্লানএ বেড়ে হলো ৩২৮ মেগাওয়াট এবং এ্যাট দি বিগিনিং অফ দি থার্ড প্লান হলো ৩৮১ মেগাওয়াট। এটা ভাল করে লক্ষ্য করুন ৩২৬, ৩২৮, ৪৮১ এবং তখন ডি ভি সি থেকে ইমপোর্ট যা করলাম ইলেকট্রিসিটি তাহলো ৪৭৫ মেগাওয়াট। এবং সেটা অন ১.২.৬৫ তারিখে এসে দাঁড়িয়েছে ৭৫১ মেগাওয়াট এবং এ্যাট দি বিগিনিং অব ফোর্থ প্লানএ হচ্ছে সেটা ১০৭৮ মেগাওয়াট অর্থাৎ প্রায় ১১০০ মেগাওয়াটের কাছাকাছি এসে পৌছতে পারবো।

আর একটি কথা বলতে চাই দেশে দ্রুত শিল্পোন্নয়ন করতে গেলে যেগুলি করা দরকার তার মূলে হচ্ছে পাওয়ার এবং সেই পাওয়ার এর বন্দোবস্ত আমরা করেছি, জমি ও অন্যান্য যা কিছু সব ডিভলপ করে রেখে দিয়েছি যাতে তারা এসেই শিল্পোৎপাদনের কাজ করতে পারে। তার আমরা বন্দোবস্ত রেখেছি।

আর কটেজ ইনডাসট্রি সম্বন্ধে এইটুকু বলতে পারি যা আমি বিশ্বাস করি, বুঝি, এই হচ্ছে একমাত্র উপায় যাতে করে বেকার সমস্যা দূর করতে পারবো। কারণ বড় ইনডাস্ট্রি সাধারণতঃ ক্যাপিটাল ইনসেনটিভ ইনডাসট্রি হয়ে থাকে; কিন্তু কটেজ ইনডাস্ট্রি এ্যাণ্ড স্মল স্কেল ইনডাস্ট্রি সাধারণতঃ লেবার ইনসেনটিভ হয়ে থাকে। এই লেবার ইনসেনটিভ-এর একটি নীতি আমরা গ্রহণ করেছি, বড় ইনডাস্ট্রি সম্বন্ধে যেমন করেছি, কটেজ ইনডাসট্রি সম্বন্ধেও তেমন করেছি, আমরা এটা ছড়িয়ে দেব সমস্ত দেশব্যাপী একটা জায়গায় কনসোলিডেটেড করবার যে নীতি সেটা না করে আমরা চেষ্টা করবো বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়ার বিশেষ করে যে সমস্ত ডিষ্ট্রীক্ট অনগ্রসর বা যে সব ডিষ্ট্রীক্টের এক অঞ্চল অগ্রসর, অন্য জায়গায় অনগ্রসর যেমন আমাদের ২৪-পরগণা জেলার কথা বলতে পারি যে তার দুটো অঞ্চল যেমন ব্যারাকপুর ও বজবজ এলাকা ছাড়া আর বাকি অঞ্চল অনগ্রসর বলা চলে। অন্যান্য ডিষ্ট্রীক্টেরও এই রকম অনগ্রসর অঞ্চল রয়েছে, সেগুলি আমরা কনসোলিডেটেড করবার চেষ্টা করবো। এর মধ্যে সবচেয়ে বড় ইনপরট্যাণ্ট স্কীম হচ্ছে হাউস লোন এই হ্যাণ্ডলুম-এর যে স্কীম তাতে করে বলতে পারি এখানে ১ লক্ষ ২৪ হাজার স্পীনডেলস ছিল, সেটা তৃতীয় পরিকল্পনার শেষে গিয়ে দাঁড়াবে ১ লক্ষ ৭০ হাজার এবং যেখানে আগে কাজ করতো ৩ লক্ষের কিছু বেশী, সেখানে কাজ করবে ৪ লক্ষেরও বেশী। আর আমাদের পাওয়ার লুম, আমরা সেকেণ্ড ফাইভ ইয়ার প্লানএ পেয়েছিলাম ১৬০০; তার বেশী পাই নাই আর বারে যা বলেছিলাম, তার চেয়ে আর কিছু এ সম্বন্ধে বলার নাই। একশোটি কো-অপারেটিভকে ১৬টি করে পাওয়ারলুম দিয়ে ঐ ১৬০০ পাওয়ারলুম দিয়ে দিয়েছিলাম।

[2-30—2-40 p.m.]

আমরা যাতে স্মল স্কেল ইনডাস্ট্রিকে হেলফ করতে পারি সেইজন্য হাওড়ায় সেণ্ট্রাল ইঞ্জিনিয়ারিং অর্গানাইজেসন আছে এবং তাদের ৭৩টি ইউনিট আছে। এঁদের কাজ হচ্ছে বিভিন্ন জায়গা থেকে অর্ডার নিয়ে এসে এই সমস্ত ইউনিটের মধ্যে ভাগ করে দেওয়া, র মেটেরিয়ালস-এর বন্দোবস্ত করে দেওয়া এবং জিনিসগুলো তৈরী হয়ে গেলে দিয়ে দেওয়া—অর্থাৎ সার্ভিসিং করা। তবে এঁদের পক্ষে সার্ভিসিং করার একটু অসুবিধা আছে। এছাড়া সেণ্ট্রাল লক ফ্যাক্টরী এ্যাট বরগাছিয়া আমরা করেছি। যারা ছোট ছোট তালা তৈরী করবেন তাঁদের এঁরা সাহায্য করবেন। তবে এই যে ৩০০টি উইনিট এতে মনে করবেন না খুব বড় কারখানা—হয়ত ২ জন মিলে করছে। এই ৩০০ ইউনিটকে আমরা সাহায্য করছি।

এবারে ইণ্ডাস্ট্রিয়াল ফাইনান্স-এর কথা একটু বলি। সাহায্য করবার জন্য বি. ডি. ও-কে ক্ষমতা দেওয়া হয়েছে ৪০০ টাকা পর্য্যন্ত ঋণ দিতে পারবে। রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটি দিতে পারবেন ১০ হাজার টাকা পর্য্যন্ত ধার দিতে পারবেন। এ্যাডিসনাল ডাইরেক্টর অব ইণ্ডাস্ট্রিস দিতে পারবেন ১৫ হাজার টাকা পর্যন্ত। কটেজ এ্যাণ্ড স্মল স্কেল ইনডাস্ট্রিস দিতে পারবেন ৫০ হাজার টাকা পর্যন্ত এবং স্টেট গভর্নমেণ্ট অন রিকমেণ্ডেসন অব দি বোর্ড অব ইণ্ডাস্ট্রিস ১ লক্ষ টাকা পর্যন্ত ধার দিতে পারবেন। এছাড়া আমাদের যে ফাইনানসিয়াল কর্পোরেশন রয়েচে তারা ১০ লক্ষ পর্য্যন্ত ধার দিতে পারবেন। তারপর আমি আর একটা জিনিস জানাতে চাই যে, কি রকম উন্নতি হয়েছে আমাদের স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস-এর নাম্বার অব ইউনিটস যেখানে ছিল ৩ হাজার ৫৭৭ অ্যাজ অন ৩১.৩.৬২ সেটা হয়েছে ৪ হাজার ৯০০ অ্যাজ অন ৩১. ৩. ৬৩ এবং অ্যাজ অন ৩১. ৩. ৬৪ হয়েছে ৬ হাজার ৮৮২ এবং অ্যাজ অন ৩১.১.৬৫ হয়েছে ৮ হাজারের বেশী। অর্থাৎ ইট উইল সোস্মল স্কেল ইণ্ডাস্ট্রিস-এর ইউনিট কি ভাবে আমাদের বেড়েছে। আর একটা জিনিস দেখাতে চাই এবং সেটা হচেছ ১৯৬১-৬২ সালে ন্যাসনাল স্মল ইণ্ডাস্ট্রিস কর্পোরেশনএর কাছ থেকে হায়ার পার্চেজ সিসটেমএ যেসব ছোট ছোট ইণ্ডাস্ট্রি দাঁড়িয়েছিল তাদের মূল্য ছিল ২৩ লক্ষ টাকা। ১৯৬২-৬৩ সালে তারা নিয়েছে ৩৮ লক্ষ টাকা এবং ১৯৬৩-৬৪ সালে নিয়েছে ৭৩ লক্ষ ৬৮ হাজার টাকা। তারপর ১৯৬২-৬৩ সালে ডিরেক্টর জেনারেল অব সাপ্লাই এ্যাণ্ড ডিসপোসাল পশ্চিমবাংলার ছোট ছোট ইণ্ডাস্ট্রিকে ৩ কোটি ১২ লক্ষ ১২৯ টাকা থেকে সুরু করে ১৯৬৩-৬৪ সালে দিয়েছিল ৬ কোটি ৬৭ লক্ষ ২৯ হাজার টাকা। তার পরের ফিগার আমি পাইনি। কাজেই বুঝতে পারছেন কতবড় স্পার্ট হয়েছে ইণ্ডাস্ট্রিতে। এবারে লেবার ফিগার দিচ্ছি। ১৯৫১ সালে কটেজ এ্যাণ্ড স্মল স্কেল ইণ্ডাস্ট্রিতে টোটাল এমপ্লয়মেণ্ট যেখানে ছিল ৬ লক্ষ ৯৫ হাজার সেখানে ১৯৬০-৬১ সালে হয়েছে ১০ লক্ষ ৬৮ হাজার এবং যে রেট-এ বাড়ছে তাতে মনে হয় ১৯৬৬ সালে হবে ১৪ লক্ষ ১৫ হাজার কটেজ এ্যাণ্ড স্মল স্কেল ইনডাস্ট্রিতে। তারপর, বড় ইণ্ডাস্ট্রিতে ১৯৬১ সালে যেখানে ছিল ৭ লক্ষ এমপ্লয়ী সেটা বেড়ে দাঁড়াবে ১০ লক্ষ ৫০ হাজারের কাছাকাছি। অর্থাৎ ১৮ লক্ষের জায়গায় বাই দি এণ্ড অব দি থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান দাঁড়াবে ২৫ লক্ষ। এখানে একটা কথা মনে রাখবেন এই যা ইণ্ডাস্ট্রিস সেক্টর-এ এসেছে তাছাড়া বাড়ী করছে, অন্য কাজ করছে তাতেও ১ পয়েণ্ট ২ মিলিয়ন লোক কাজ পেয়েছে বলে তথ্য পাওয়া গেছে। আমি আর বেশী সময় নেবনা কারণ আবার উত্তর দিতে হবে। তবে মোটামুটি বলার কথা হচেছ আমরা যে যে স্কীম গ্রহণ করেছিলাম তার অনেকগুলো কার্যকরী করতে পেরেছি এবং যেগুলো পারিনি তার অনেক কারণ আছে। আমাদের পশ্চিমবাংলায় তৃতীয় পরিকল্পনাতে বেকারী দর করবার জন্য যে ইণ্ডাস্ট্রিয়াল ডেভলপমেণ্ট হয়েছে সেটা অন্য দুটি পরিকল্পনার চেয়ে কম নয় এবং চতুর্থ পরিকল্পনাতে যে প্ল্যান করছি তাতে মনে হয় যত লোক কাজ করতে আসবে তাদের দিতে পারব এবং আউটস্ট্যাণ্ডিং যেটা রয়েছে তাদেরও দিতে পারব বলে আশা করি। আমি বিশ্বাস করি যে পথে আমরা চলেছি তাতে যদি সকলের সহযোগিতা পাই তাহলে অদূর ভবিষ্যতে পশ্চিমবাংলার দারিদ্র্য দূর করতে পারব। একথা বলে আপনাদের অনুমোদনের জন্য হাউসে বাজেট পেশ করছি।

Mr. Deputy Speaker : I take it that I have the leave of the House to take all the Cut Motions in Grant Nos. 25, 26 and 27 as moved.

Grant No. 25

Shri Jyoti Basu : Sir, I beg to move that the demand of Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head: "34—Co-operation", be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch : Sir, I beg to move that the demand of Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1.

Shri Nathaniel Murmu : Sir, I beg to move that the demand of Rs. 97,03,000 expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced Re. 1.

Shri Nani Bhattacharjee : Sir, I beg to move that the demand of Rs. 97,03,000 expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced Re. 1.

Shri Nagen Dolai : Sir, I beg to move that the demand of Rs. 97,03,000 for penditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced Re. 1.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg move that the demand of . 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", reduced to Re. 1.

Shri Asiwini Roy : Sir, I beg to move that the demand of Rs. 97,03,000 for penditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced Re. 1.

Shri Hemanta Kumar Basu : Sir, I beg to move that the demand of . 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : Sir, I beg to move that the demand Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal : Sir, I beg to move that the demand of . 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", reduced to Re. 1.

বে না। সেখানে যে কয়লা পাওয়া যায় তা ভাল নয়, এখান থেকে কয়লা নিয়ে গিয়ে দি থার্মাল ইলেকট্রিসিটি জেনারেট করতে যাওয়া যায় তালে সেটা ইকনমিক হবে না। আমি :কারের দৃষ্টি আকর্ষণ করি এদিকে যে আমাদের দক্ষিণ অঞ্চলে হাইড্রো-ইলেকট্রিসিটি নারেট করার সম্ভাবনা খুব কম, কেননা সেখানকার নদীগুলি ১২ মাস স্নো-ফেড নয়, মনসুন ড, কাজেই দক্ষিণ বঙ্গের নদীগুলিতে ৩।৪ মাস যতক্ষণ জল ধারা বয়ে যায় ততক্ষণ রিগেশন হয়। আমি বলি উত্তর বঙ্গে আরও ভালভাবে রিচার্স করা হোক যাতে উত্তরবঙ্গে সমস্ত নদী স্নো ফেড আছে, যেমন তিস্তা ইত্যাদি সেই নদীতে হাইড্রোইলেকট্রিসিটি নারেট করা যায় কিনা সেটা দেখা হোক। মনোরঞ্জনবাবু তাঁর বক্তৃতায় বললেন তিনি এস্টিমেট মিটির সদস্য বলে ভিতরের কথা তিনি বলতে চান না, এই বলে তিনি কমিটির রিপোর্টের ক দৃষ্টি আকর্ষণ করেছেন, এবং রিপোর্টে যে সমস্ত সুপারিশগুলি আছে সেগুলি ালিমেণ্ট করতে বলেছেন, সঙ্গে সঙ্গে তিনি আবার এস্টিমেট কমিটির রিপোর্টকে বিস্তৃতভাবে বেশন করেছেন, এটা তিনি ঠিক করেন নি। তিনি এস্টিমেট কমিটির রিপোর্টের কথা বেন না বলে জলঢাকা প্রজেক্টের সম্বন্ধে বলেছেন, এতে পশ্চিমবঙ্গ সরকারের হাত কখানি কম ছিল। অবশ্য এটা করছেন সেণ্ট্রাল পাওয়ার রিসার্চ, যেজন্য জলঢাকায় বেশী হয়েছে যেজন্য প্ল্যানের পরিবর্তন করতে হয়েছে সেখানে পশ্চিমবঙ্গ সরকারের, লোকাল রিটির দায়িত্ব নাই, সে দায়িত্ব পাওয়ার রিসার্চ ইণ্ডস্টিটিউটের। তাদের ভুল হয়েছিল। জন্য এ বিষয়ে এস্টিমেট কমিটি গত বছরের যে রিপোর্ট দিয়েছে তাতে পরিষ্কারভাবে থা বলা হয়েছে।

আমি সবশেষে কো-অপারেটিভ সম্বন্ধে কিছু বলে সব সময় নষ্ট করতে চাই না। কারণ -অপারেটিভ-এর যে আইন রয়েছে তার আমূল পরিবর্তন হতে চলেছে। তবে ১টা দিকে তার আকর্ষণ করছি। কো-অপারেটিভ-এর উন্নতি করতে গেলে তিনি নিজেই স্বীকার করেছেন আমরা মাদ্রাজ মহারাষ্ট্রের চেয়ে অনেক পিছিয়ে আছি। আমি অন্ধ্র এবং পাঞ্জাবের কথা ত চাই যে, কো-অপারেটিভ-এর দিকে দিয়ে কিছুটা উন্নতি তারা করেছে সত্য কিন্তু এদিক া যে আমরা পিছিয়ে রয়েছি তার প্রধান কারণ আমি মনে করি অন্যান্য প্রদেশের ৩৭ থেকে কংগ্রেস গভর্নমেণ্ট রয়েছে বলে সেদিন থেকে তারা উন্নতি করছে কিন্তু আমাদের শে আমরা জানি মাত্র ১৯৪৭ সাল থেকে কংগ্রেস গভর্নমেণ্ট হয়েছে এবং কো-অপারেটিভ-এর থেকে অনেক উন্নতির প্রচেষ্টা করা হচ্ছে। অতএব আমরা যে কিছুটা পিছিয়ে ছি এতে লজ্জিত হবার কিছু নেই। কো-অপারেশন বা সমবায় আন্দোলনকে সাফল্যমণ্ডিত ত গেলে সরকার পক্ষ থেকে যারা এই আন্দোলনের সহায়তা করছেন বিশেষ করে অপারেটিভ ইনসপেকটর এবং অডিটর তাদের পে এবং কণ্ডিশন অব সার্ভিস আরো পরিষ্কার লে ডাউন করান। এর মধ্যে অনেক এ্যানোমেলি এবং অনেক মিস আণ্ডারস্ট্যাণ্ডিং রয়েছে। দিন আগে গ্রাজুয়েট ছাড়া নেওয়া হত না এখন আমরা দেখছি স্কুল ফাইনাল পাশকরা দের নেওয়া হচ্ছে, এর ফলে অন্যান্য দপ্তরের তুলনায় এদের মাহিনা অত্যন্ত কম ক থেকে এদের কণ্ডিশন অব সার্ভিস আরো ভাল ভাবে লে ডাউন করা এবং অব পে আরো সুষ্ঠুভাবে করা যায় সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শেষে এই ব্যয় বরাদ্দের প্রতি আমার সমর্থন জানাচ্ছি।

Ir. Kanai Lal Bhattacharya :

একটা বিষয় আপনার কাছে নিবেদন করছি যে সমস্ত এস্টিমেটস কমিটির রিপোর্ট দের এখানে পেশ করা হয়নি, সেই কমিটির মেম্বার হিসাবে যদি মাননীয় সদস্যরা সেই সমস্ত আমাদের কাছে পেশ করেন তাহলে আমি বলবো যে আমাদের ওয়েস্ট বেঙ্গল সলেটিভ এ্যাসেম্বলী রুলসএ যা আছে সেই রুলের বিরুদ্ধে যাওয়া হবে। আমি আপনাদের রাধ করবো তারা যেন হাউসে এই সব বিষয় কিছু রেফার না করেন।

hri Asoke Krishna Dutta :

কারুর নাম করেন নি, তবে তিনি আমার প্রতি ইঙ্গিত করে বললেন বলে আমি এটা ার করে দিতে চাই যে, কোন আনপারলিয়ামেণ্ট রিপোর্ট সম্বন্ধে আমি কিছু বলিনি। আমি

যে সমস্ত রিপোর্ট পাবলিশ হয়েছে তার সম্বন্ধে বলছি। আমি যে একটা রেফারেন্স দিয়েছি সেটাতে পাবলিশ রিপোর্টের কথা বলেছি। কেবল আনপাবলিশ রিপোর্টের কথা যেটা মনোরঞ্জনবাবু বললেন তার কথাই বলেছি।

Dr. Kanai Lal Bhattacharya :

মনোরঞ্জনবাবু যেটা বললেন সেটা পাবলিশ রিপোর্ট আর উনি যেটা বললেন সেটা পাবলিশট হয়নি হাউসে লে করা হয় নি। যেমন তিনি পাঞ্জাবে গিয়েছিলেন সেখানকার স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস এ ডিফিকালটিস কি সেসব কথা বললেন কিন্তু এগুলো রীতি বিরুদ্ধ।

Mr. Speaker :

পাঞ্জাবে কিভাবে হয় তার একটা উদাহরণ দিয়ে তিনি বললেন, আমার মনে হয় স্ট্রিকটলী ইট ইজ নট এ রিপোর্ট বিফোর দি কমিটি। পাঞ্জাবে একটা এক্সপেরিমেণ্ট কিভাবে চলছে না চলছে তাই বললেন।

[3-55—4-5 p.m.]

Shri Panchu Gopal Bhaduri :

মাননীয় অধ্যক্ষ মহাশয় শিল্পমন্ত্রী প্রচুর খরচ করতে পেরেছেন এই বলে তিনি বাহবা চেয়েছেন কিন্তু তারপর একটু অনুসন্ধান করলে দেখা যাবে য অপচয়ের কোন হিসাব তিনি দেন নি তেমনি আর এক দিক দিয়ে এই রাজ্যে শিল্পে প্রচুর উন্নতি হচ্ছে তার পাশে যে বেকার সংখ্যা তার হিসাব ইকোনমিক রিভিউ বইতে যা পাওয়া যায় তার কোন উল্লেখ করেন নি। আমি তার উল্লেখ করে সুরু করছি। ১৯৫০ সালের পর থেকে আজ পর্যন্ত কারখানার সংখ্যা ৯২ শতাংশ বেড়েছে কিন্তু কর্মে নিযুক্ত লোকের সংখ্যা মাত্র ১৬, ১৭ শতাংশ বেড়েছে, অন্য দিকে জনসংখ্যা দেড় গুণ বেড়েছে এবং বেকারের সংখ্যা ২৪ লক্ষের কাছাকাছি হয়েছে—এই সঙ্গে হিসাব করতে হবে প্রত্যেক বৎসরে ৩ লক্ষ কর্মপ্রার্থী আসছে। এই হিসাব যদি দেখা যায় ডাঃ রায়ের সময় থেকে যখন তিনি বলেছিলেন কেপিট্যাল ইনটেনসিভ ইণ্ডাস্ট্রি না করে লেবার ইনটেনসিভ ইণ্ডাস্ট্রি করা হবে কিন্তু কাজের প্রোগ্রাম এবং রেটের মধ্য দিয়ে দেখা যাচ্ছে ক্যাপিটাল ইনটেনসিভ শিগ্রই সরকারের আনুকূল্যে গড়ে উঠেছে এবং সেখানে কোটা পারমিট, লাইসেন্স, সরকারী ঋণ, এল আই সি ঋণ, ব্যাঙ্ক এর ক্রেডিট এ সমস্তই কিছু বৃহৎ শিল্পের দিকে যাচ্ছে এবং মাঝারি ক্ষুদ্র কুটির শিল্প ক্রমশঃ ক্রমশঃ অবনতির দিকে যাচ্ছে। এদিক থেকে আমি প্রথমে বৃহৎ শিল্পের সঙ্গে প্রতিযোগীতায় ক্ষুদ্র কুটীর শিল্প কিরূপ খাবি খাচ্ছে তার দৃষ্টান্ত দেবো। ডানলপ বৃহৎ বিলাতি কারখানা এবং বিড়লার জয়শ্রীর মত বৃহৎ শিল্পের কাছে ৭টি ছোট বেল্টিং কারখানা ধুকছে। বিলাতি কেমিক্যাল কোম্পানী আই. সি. আই-এর কাছে স্বদেশী আমলে যে সমস্ত কেমিক্যাল ছিল তাদের বেশী গুলোকেই তারা কুক্ষিগত করেছে এবং বাকিগুলো খাবি খাচ্ছে। স্বদেশী যুগে বাঙ্গালীদের পরিচালিত সুতাকল বঙ্গেশ্বরী ঢাকেশ্বরী বঙ্গলক্ষী এরা দেউলীয়া হবার মত। কিন্তু এই সুতাকলগুলিকে হাতে নেওয়ার ব্যাপারে সরকার একেবারে নিষ্ক্রীয়। কুটীর শিল্প এবং তাঁত সম্পর্কে কোন আনুকূল্য নাই, সেখানে কিছু অনুদান এবং রিবেট যা দেওয়া হচ্ছে তাতে তাঁত শিল্পে প্রায় দেড় লক্ষ লোক বেঁচে আছে। কিন্তু বেঁচে থাকা ছাড়া আর কিছু হয়নি, ৪, ৫ বৎসর আগে কথা ছিল তাদের সুতা সরবরাহ করবার জন্য ৩টা সুতাকল করা হবে, কিন্তু কটা হয়েছে সুতার জন্য আজ পর্যন্ত এক একটা মহকুমার দলে দলে তাঁতি এসে ২।৩ দিন ধরে অপেক্ষা করে সহরাঞ্চলে কিন্তু সেখানে সুতা পাওয়া যায় না। তা ছাড়া তাঁত শিল্পকে যে আধুনিকিকরণ করার কথা আছে তাও হচ্ছে না। বিদ্যুতের সাহায্যে তাঁত চালানর জন্য যে চিন্তা ও উদ্যোগ দরকার তা নেই। ১৭ শতকে পর্তুগীজ পর্যটক বাণিয়ার কাশীমবাজারে এসে বলেছিলেন ৭৫০টি রেশমের কারখানা চলছে। কিন্তু ব্রিটিশ আমলে সে সব কারখানা কোথায় গেল?

মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম প্রভৃতি জায়গায় ব্যাপকভাবে এ শিল্প করা যায় কিন্তু তা করা হচ্ছে না। শিল্পে বিকেন্দ্রীকরণের ব্যাপক ব্যাবস্থা কোথায়? সারা উত্তর বঙ্গে শিল্প বিস্তারের পরিকল্পনা কই? শিলিগুড়িকে কেন্দ্র করে যে বিরাট কাঠের শিল্প হতে পারে দামুদরের পশ্চিম দিকে বাঁকুড়া এবং মানভূম শিল্পের সম্ভাবনা আছে কিন্তু তাও হচ্ছে না। ডাঃ রায় শালতোড়ায় নির্বাচনের সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে শালতোড়ায় একটা সূতা কল হবে কিন্তু তা কোথায় গেল? হাওড়া এবং ২৪-পরগণায় যে কয়ার শিল্প হতে পারতো তা কোথায় গেল? হুগলী, শেওড়াফুলি অঞ্চলে ৫ হাজার লোক দড়ি শিল্পে খাটতো সেটা কেন সংস্কার করা হয় না? খাগড়ায় কাঁসার শিল্প কি হবে? বর্দ্ধমান জেলার বম্পাসে ছুরি কাঁচি শিল্পের জন্য যে কো-অপারেটিভ হয়েছিল সেটা উঠে গেল লৌহ সরবরাহ না করার জন্য। এই ভাবে কলকাতায় জরী এবং চপ্পল কুটির শিল্প প্রয়োজনীয় জিনিষপত্র পাওয়া যায় না বলে উঠে যাবার মুখে। তৃতীয় পরিকল্পনায় ৩০০ ইণ্ডাস্ট্রিয়াল স্টেট প্রতিষ্ঠা করবার কথা ছিল, বাংলা দেশে প্রত্যেক জেলায় একাধিক শিল্প হবার কথা ছিল তা কি হল? পরলোকগত সুরেশ বানার্জী এ ব্যাপারে যা বলেছিলেন তার সে সবের কি হল বাংলা দেশের ইণ্ডাস্ট্রিয়াল স্টেট যে ৩০, ৪০, ৫০ হবার কথা ছিল তা কোথায়?

তৃতীয় পরিকল্পনায় গ্রামে কৃষি এবং শিল্প সমন্বয় করে তিন হাজার গ্রাম্য এলাকায় প্রতিষ্ঠা করার কথা বলেছিলেন—তাছাড়া টেকনিক্যাল এডুকেসন আমাদের ইণ্ডাস্ট্রি প্রসারের জন্য বড় বড় কলেজ হয়েছে—কিন্তু আমাদের দেশের ছেলেরা অষ্টম শ্রেণী থেকে স্কুল ছাড়তে বাধ্য হয়। অষ্টম শ্রেণীর শিক্ষা পর্যন্ত অবলম্বন করে টেকনিক্যাল শিক্ষার পরিকল্পনা নিয়ে প্রত্যেকটা বড় বড় কলকারখানায় যদি টেকনিক্যাল শিক্ষা দেবার ব্যবস্থা হয় তাহলে তারা শিক্ষিত নিপুন কারিগরী হতে পারবে। তরুণবাবু কাটলারী প্রভৃতির প্রদর্শনী দেখিয়ে খুশী হচ্ছেন—কিন্তু তাতে চলবে না। আজকে বৃহৎ মাঝারী ছোট কুটির ও গ্রামীণ শিল্প সব নিয়ে গ্রামের জন্য সরকারের উচিত সেখানে একটা এক্সপার্ট কমিশন নিয়োগ করা। তা যদি হয় তাহলে তার মারফৎ সমস্ত দেশে যে বিরাট জনসম্পদ আছে তাদের নিয়ে শিল্পোন্নয়নের সম্ভাবনা হতে পারে—যেকথা এখানে হোল যে হাওড়া জেলায় বেলিলয়াস রোডের চার ধারে যে দু হাজার লোহার কারখানা আছে তারা লোহা পায় না বলে আজ কারখানা উঠে যাচ্ছে। তেমনি বাংলা দেশের অনেক জেলায় বিশেষ করে বীরভূম, বাঁকুড়া, বর্ধমানের মধ্যে অনেক কামারশালা ছিল—লোহার অভাবে সেই শিল্পগুলি উঠে যাচ্ছে। এদিক থেকে যেখানে কুটিরশিল্পের ব্যাপক প্রসার হতে পারে—সমস্ত বাংলা দেশে শিল্পের বিকেন্দ্রীকরণ এবং ব্যাপক ব্যবস্থা হতে পারে—তার কোন পরিকল্পনা তরুণবাবুর বক্তৃতা, বিবৃতির মধ্যে বা ফিরিস্তির মধ্যে পাওয়া গেল না। তাছাড়া কো-অপারেটিভের কথা বলতে গিয়ে কো-অপারেটিভের যে আসল ব্যাপার কো-অপারেটিভ মারফৎ ভারতবর্ষের কৃষিকে তার ফিউর‍্যাল সিসটেমকে—সামন্ত অবস্থা থেকে তুলে এনে সমাজতন্ত্রের দিকে উন্নীত করা যাবে—প্রচুর পমিাণে ফলন বেড়ে যাবে—সেদিক থেকে কো-অপারেটিভের যে ভূমিকা—সেটা সমস্ত অপসারিত হয়ে যাচ্ছে। হুগলীতে একটা প্রডিউসারস কো-অপারেটিভ ছিল, বর্ধমানেও একটি ছিল—কিন্তু সেগুলি উঠে গেছে। মেদিনীপুরে দু একটা জায়গায় আছে—সেখানে একটা প্রশ্ন করা হয়েছিল যে ২৪-পরগণায় কোন প্রডিউসারস কো-অপারেটিভ আছে কিনা—একটাও নেই—বৃহৎ কৃষি প্রধান জায়গায় একটিও ঐ রকম কো-অপারেটিভ নেই। কৃষকদের প্রডিউসারস কো-অপারেটিভ এর মধ্যে একত্রিত না করে তিনি যে কো-অপারেটিভ ক্রেডিট-এর প্রসারের কথা—অন্যান্য জিনিসের প্রসারের কথা বলেছেন—গ্রামে যেখানে প্রচর পরিমাণে ল্যাণ্ড কনসেনট্রেসন হচ্ছে শতকরা ৫ জন লোকের মধ্যে যেটা মহালানবীশ কমিটি দেখিয়েছে যে তাদের হাতে গ্রাম্য ব্যবসা রেখে দেওয়া হচ্ছে—তাদের হাতে কেন্দ্রীভূত হয়েছে এবং তাদের হাতে কো-অপারেটিভ ক্রেডিটের সমস্ত টাকা গিয়ে পৌছাচ্ছে এইভাবে তারা গ্রামে ব্ল্যাক মার্কেটের স্থষ্টি করছেন এবং তাকে সাহায্য করছেন। একদিন শৈলবাবু খুব গলা কাঁপিয়ে কাঁপিয়ে বক্তৃতা দিয়েছিলেন যে গ্রামে নব বিপ্লব হচ্ছে—সেই বিপ্লব হতে গেলে—কৃষকের জমি এবং জমিওয়ালা কৃষককে নিয়ে কো-অপারেটিভ গড়ে তোলা দরকার কিন্তু সেদিকে তারা এক পাও—অগ্রসর হচ্ছে না। এই ভাবে কি শিল্প কি কো অপারেটিভের ক্ষেত্রে এই রকম জিনিস হচ্ছে——সমাজতন্ত্রের যে কথা বলা হয়েছে—এমন কি আমাদের কনস্টিটিউসনে যে ডাইরেকটিভ—

প্রিন্সিপলস তার মধ্যে কনসেনট্রেসনের বিরুদ্ধে নিঃস্বদের বিরুদ্ধে সমবণ্টনের যা কথা বলা হয়েছে তরুণবাবুর শিল্প এবং কো-অপারেটিভ -এর উপর যে বক্তৃতা তা থেকে বিপক্ষে যাচ্ছে—এই জন্য আমি তাঁর এই বাজেট বরাদ্দের বিরোধীতা করছি।

[4-5—4-15 p.m.]

Shri Nani Bhattacharjee :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিল্প মন্ত্রী এর আগে এবং আজকেও একটা কথা বলেছেন—উত্তর বঙ্গ সম্বন্ধে বিশেষ করে—শিলিগুড়ি সম্বন্ধে যে শিলিগুড়িতে শিল্প প্রসারের জন্য তারা চেষ্টা করবেন। এর আগেও একবার তিনি একথা বলেছেন এবং শুধু তাই নয়, উত্তর বঙ্গে কি কি ধরণের শিল্প প্রসার সম্ভব সেগুলি ভালভাবে খোঁজ করে নেবার জন্য সেখানে এই রকম কমিটি গঠনের কথা বলেছিলেন। সুতরাং আমি আশা করবো তিনি যখন জবাব দেবেন তখন উত্তর বঙ্গের বিভিন্ন জেলায় শিল্প প্রসারের ব্যাপারে কি, কতটুকু ভেবেছেন এবং অনুসন্ধান করেছেন এবং কি স্কীম তাঁদের আছে সেটা বলবেন। আজকের বক্তৃতায় মনে হোল যেন উত্তর বঙ্গ বাংলা দেশের শিল্পের মানচিত্রের বাইরে—শিলিগুড়িতে ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটের অবস্থা কি জায়গায় দাঁড়িয়েছে তা সবাই জানেন যে সেখানে ঘরবাড়ী সব সৈন্যদের দখলে থাকার দরুন অসুবিধা হচ্ছে—কিন্তু এর উপরে আর একটা কথা আছে—সেটা হচ্ছে সেখানে পাওয়ার লুমসের লাইসেন্স একটি কো-অপারেটিভকে দেওয়া হয়—এবং সেই লাইসেন্স বলে পাওয়ার লুম শিলিগুড়িতে খোলা হোল না—এমন কি উত্তর বঙ্গের কোন জেলাতে খোলা হোল না—সেটা লিজ দেওয় হোল—কাশিপুরে সেই পাওয়ার লুম হোল। উত্তর বঙ্গের শিল্পের প্রসারের দিকে তাকিয়ে উত্তর বঙ্গের কোন জেলাতে সেই পাওয়ার লুম বসানোর প্রয়াজন তাঁরা মনে করলেন না—যদিও এই কো-অপারেটিভের কর্মকর্তা, তাঁরা হচ্ছেন জলপাইগুড়ি জেলা কংগ্রেসের সেক্রেটারী—এবং প্রেসিডেণ্ট এই হচ্ছে অবস্থা। এমন কি শিল্প মন্ত্রী মহাশয় যে দলভুক্ত তাঁর সেই দলের একটা জেলার সেক্রেটারী এবং প্রেসিডেণ্ট জলপাইগুড়ি জেলাকে শিল্পের দিক থেকে অনুন্নত রাখবার জন্য আজকে কোথায় কি করছেন এর থেকে তার আভাস পাওয়া যায়। এই রকম ব্যাপার যাতে না ঘটে তার জন্য শিল্প মন্ত্রী মহাশয়কে দেখতে অনুরোধ করবো। তারপর এই জলঢাকা সম্বন্ধে এর আগে অশোকবাবুও কিছু বলেছেন—অন্যান্য মাননীয় সদস্যরাও বলেছেন—কিন্তু সেই জলঢাকা প্রকল্পটা যদি সমাপ্ত হয় তাহলে যে বিদ্যুৎ সেখান থেকে পাওয়া যাবে সে সম্বন্ধে শিল্প দপ্তরের একটা প্রস্তাব আছে যে তার শতকরা ৬০ ভাগ চাবাগানগুলি কনজিউম করবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি এবং সবাই জানেন যে চাবাগানগুলির নিজস্ব বিদ্যুৎ তৈরীর ব্যবস্থা আছে—আমরা বার বার বলেছি এবং এই হাউসেও বলছি যে যখন চা বাগানগুলির নিজস্ব বিদ্যুৎ তৈরীর বন্দোবস্ত আছে এবং সেইভাবে তারা আজকে পাওয়ার পাচ্ছে—তখন এই জলঢাকা প্রকল্পের ফলে যে বিদ্যুৎ সরবরাহ হবে তার শতকরা ৬০ ভাগ চাবাগানগুলিকে দেওয়ার কোন কথা উঠতে পারে না। এবং তা যদি দেওয়া হয় তাহলে এটা ঠিক যে চা বাগান ছাড়া উত্তর বঙ্গের বিভিন্ন জেলায় শিল্পের প্রয়োজনে যে পাওয়ার দরকার পড়বে সেই পাওয়ারের অভাব কোন দিনই মেটানো যাবে না। সুতরাং এ সম্বন্ধে আমি মাননীয় শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে চা বাগানগুলিকে এই সুযোগ দেওয়া উচিত নয়। কারণ তা যদি করা হয় তাহলে চা বাগান এলাকার বাইরে অন্যান্য যে সমস্ত শিল্প গড়ে উঠতে পারে—তাদের যে পাওয়ার ডিমাণ্ড সেই পাওয়ার ডিমাণ্ড মেটাতে পারা যাবে না। তাদের যে এ্যারেঞ্জমেণ্ট আছে—সেই এ্যারেঞ্জমেণ্ট অনুযায়ী তারা পাওয়ার পাচ্ছে, সুতরাং সেইভাবেই তাদের চলতে দেওয়া উচিত। এছাড়া জলঢাকার বাইরে থারম্যাল প্ল্যাণ্টগুলি সম্বন্ধে এস্টিমেট কমিটির পাবলিসড রিপোর্ট আছে—মাননীয় শিল্প মন্ত্রী সেটা ভাল ভাবে দেখে নিতে পারেন—এবং এস্টিমেট কমিটি মনে করেছে যে সেখানে থারম্যাল প্ল্যাণ্ট করার সুযোগ আছে—এমন কি সেখানে যে কয়লা পাওয়া যায় সেই কয়লার সাহায্যে সেখানে থারম্যাল প্ল্যাণ্ট গড়ে তুলতে পারা যায়।

এছাড়া জলঢাকার বাইরে থারম্যাল প্ল্যাণ্ট করার সম্বন্ধে প্রশ্ন, সেটা যেহেতু এস্টিমেটস কমিটির পাবলিশড রিপোর্টএ আছে, সুতরাং আমি মাননীয় শিল্প মন্ত্রীকে বলবো সেটা যেন তিনি ভাল করে দেখেন। সেখানে এস্টিমেট কমিটি এটা মনে করেছেন যে থারম্যাল প্ল্যাণ্ট গড়ার সেখানে সুযোগ আছে। সেখানে এমন কি যে কিছু কয়লা পাওয়া যায়, সেই কয়লার সাহায্যে সেখানে থারমাল প্ল্যাণ্ট গড়ে তুলতে পারা যায় এবং যদি দক্ষিণ বঙ্গ থেকে কয়লা পাঠিয়েও থারমাল প্ল্যাণ্ট করা যায় তাহলে সেটাও গভর্নমেণ্টএর চিন্তা করা উচিত। এই রকম ধরণের কথা এস্টিমেটস কমিটির রিপোর্টএ দেওয়া আছে। সুতরাং সেটা মাননীয় শিল্প মন্ত্রীকে বলবো যাতে এটা কার্যকরী করা হয় সেই বিষয়ে অনুরোধ করবো। এছাড়া সাধারণভাবে বলতে গেলে যে স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস, যে সমস্ত নিয়ে এখানে কিছু আলোচনা হয়েছিল কিন্তু এই সমস্যার ব্যাপার নিয়ে কোনও প্ল্যানিং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্ট এর আছে বলে মনে হল না। এবং আজকেই মাননীয় শিল্প মন্ত্রী যে বক্তৃতা দিলেন, তাতে যে কোনও প্ল্যানিং আছে, কো-অরডিনেশন এর ব্যাপার আছে স্মল স্কেল ইণ্ডাস্ট্রিসগুলোকে খুব প্লানড ভাবে ডিভেলপ করার ব্যাপারে সেই রকম কোনও আভাস পেলাম না। ২ নম্বর ব্যাপার এদের যেমন র মেটিরিয়ালসএর অসুবিধা হচ্ছে এবং সেই র মেটিরিয়ালস এর অসুবিধা দূর করার জন্য তারা যে বন্দোবস্ত করবেন বলেছেন তা এতই ক্ষুদ্র এবং শুধু ক্ষুদ্রই নয় সেটা করাপট মেশিনারীর মাধ্যমে হচ্ছে বলে এই সমস্ত স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস গুলো সুযোগ পাচ্ছে না। এমন বহু প্রতিষ্ঠান আছে যারা শুধু পারমিট পাবার জন্য সাইনবোর্ড খাড়া করে রেখেছে এবং সেখানে শিল্প দপ্তর থেকে তার পারমিটগুলো পাচ্ছে এবং সেই পারমিটগুলো বেচে দিচ্ছে। পারমিট এর মালগুলো তারা ব্ল্যাক মার্কেটএ বিক্রি করছে। অথচ যারা ম্যাকচুয়াল কনজুমারস তারা সেই ধরণের মালের পারমিট পাচ্ছে না। সেই মাল তাদের ব্ল্যাক মার্কেট থেকে কিনতে হচ্ছে। যারা ফেব্রিকেটরস, যাদের ফেব্রিকেটরস ফার্ম আছে, তাদের এই ধরণের একটা ভীষণ অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। এবং বহু ফেব্রিকেটরস ফার্মস আছে যারা সরকারী দপ্তরের আনাচে কানাচে ঘোরে, সরকারী পৃষ্ঠপোষকতায় পারমিট জোগাড় করে নেয়, এবং জোগাড় করে সেই পারমিট এর মাল তারা ব্ল্যাক মার্কেটএ বিক্রি করে। তারা নিজেরা কনজুম করে না, এবং সেটা শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়েরও জানা উচিত।

[4-15—4-25 p.m.]

ঠিক এই দুর্নীতিগুলো ঘটছে, একে কাঁচা মাল সরবরাহের ক্ষেত্রে অসুবিধাগুলো ঘটছে, তারপর এই দুর্নীতি চক্র গড়ে ওঠার দরুণ তারা সেখানে যে র মেটিরিয়ালস পাওয়া উচিত তা থেকে তারা বঞ্চিত হচ্ছে এবং ব্ল্যাক মার্কেট-এ অনেক জায়গা থেকে তাদের কিনতে হচ্ছে। এছাড়া বাজারের ব্যাপারে বা মূলধনের ব্যাপারে ধরা যায়—সেখানে স্বল্প মূলধন—মূলধন দেওয়া ব্যবস্থা সরকারের তরফ থেকে সেই রকম ভাবে হচ্ছে না। এর আগে তা নিয়ে আলোচনা হয়েছে, সুতরাং সেই আলোচনায় পুনরায় যেতে চাই না, যার ফলে দেখা যাবে বড়বড় মহাজন বা সেই বড় বাজারের যারা মালিক সে তাদের খপ্পরে গিয়ে সেই ছোট ছোট শিল্প পড়ে যাচ্ছে এবং ছোট শিল্প গড়ে তোলার যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য এই ভাবে বানচাল হয়ে যাচ্ছে। ঠিক তেমনি বাজারের ক্ষেত্রেও তাই। বাজার সংগঠনের দায়িত্ব সরকারের যে ভাবে নেওয়া উচিত ছিল তা নিতে পারছে না, ফলে সেই বাজারের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে সেই সমস্ত বড় বাজারের বড় বড় ব্যবসায়ী তাদের খপ্পরে এই সমস্ত স্মল ইণ্ডাস্ট্রিয়ালিস্টদের পড়তে হচ্ছে। এবং তার লাভের যে বড় অংশ সেটা তাদের পকেটে চলে যাচ্ছে। সেই ভাবে যে সমস্ত ক্ষুদ্র শিল্প আছে, সেই ক্ষুদ্র শিল্পগুলোর অবস্থা খুবই কাহিল হয়ে পড়ে আছে। এই অবস্থা ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে চলছে। এই অবস্থার পরিবর্তন হওয়া দরকার। আমি আগেই বলেছি এই অবস্থার পরিবর্তন যদি না হয় তাহলে ক্ষুদ্র শিল্প গড়ার যে উদ্দেশ্য সেটা বানচাল হয়ে যাচ্ছে। ক্ষুদ্র শিল্প গড়ে তোলার উদ্দেশ্য হচ্ছে যাতে বড় বড় শিল্প সেখানে যেমন কনসেনট্রেশন অফ ক্যাপিট্যাল হচ্ছে, সেটা না হয়ে আরও ছোট খাটো শিল্পপতির সৃষ্টি হয়, এমপ্লয়মেণ্টএর প্রসার বিভিন্ন জায়গায় ঘটতে আরম্ভ করে, কতকগুলো কনসেনট্রেটেড এলাকা না হয়ে বিভিন্ন জেলায় জেলায় যাতে ক্ষুদ্র শিল্পগুলি গড়ে ওঠে এমপ্লয়মেণ্টএর সুবিধা হয় সেই উদ্দেশ্য যদি থাকে, সেই উদ্দেশ্য কিন্তু এই ভাবে বানচাল হয়ে যাচ্ছে। সুতরাং শিল্পমন্ত্রীর উচিত

এই বিষয়টা দেখা। এছাড়া আমরা দেখতে পাচ্ছি বড় শিল্প বা দুর্গাপুর প্রকল্পের ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি যে কতকগুলো ব্যাপার ঘটে গেছে যেমন ধরুন দুর্গাপুর প্রজেক্ট, সেখানে বহু টাকা ইনভেষ্ট করে, যে সমস্ত প্লান্ট তৈরী হচ্ছে, সেগুলা অনেক জায়গায় অকেজো হয়ে পড়ে আছে অথবা বেকার হয়ে পড়ে আছে। আমি একটা করে নাম করছি যে সেখানে সালফিউরিক এসিড প্লাণ্টএ এখনও পর্যন্ত আইডেল পড়ে আছে, এবং ৯ লক্ষ ৯৫ হাজার টাকা খরচ হয়েছে এর পেছনে। দু নম্বর রেসিন প্লাণ্ট সেটাও আইডেল পড়ে আছে দীর্ঘকাল ধরে এবং এখন কিছুদিন ধরে হাফ দি র‍্যাটেড ক্যাপাসিটি সেখানে মাত্র তৈরী হচ্ছে। এবং ১২ লক্ষ ৯৫ হাজার টাকা ইনভেষ্ট করা হয়েছে এ ক্ষেত্রে। তিন নম্বর টার ডিসটিলেশন, সেখানে মাসে ১৫ দিন এই প্লাণ্টটা চালু আছে, চার নম্বর প্রোডিউসার গ্যাস প্লাণ্ট, ৮ লক্ষ টাকা খরচ করে এটা করা হল, ১ বার মাত্র ব্যাটারী চার্জ করার পর সেটা পড়ে আছে। সেই একবার ব্যাটারী চার্জ করার জন্য সেটা ভাড়া করেও তাঁরা সেটা করতে পারতেন। বেনজল প্লাণ্ট সেখানে যে পরিমাণ জিনিষ তৈরী হতে পারতো তা হচ্ছে না এবং শুনা যাচ্ছে যে নাকি মার্কেট-এর অভাবে বাজারে বিক্রি হচ্ছে না অর্থাৎ বেশী বিক্রি হচ্ছে ন' বলে বেশী তৈরী হচ্ছে না। তেমনি ডিকারবনেটিং প্লাণ্ট সেখানে ৪ লক্ষ টাকা খরচ হয়েছে অথচ এখন সেটা ব্যবহার হচ্ছে না, পড়ে আছে, ঠিক এই রকম ভাবে দেখতে পাচ্ছি যে বিভিন্ন এমন কি দুর্গাপুর প্রকল্পের ক্ষেত্রে যে সমস্ত অর্থ ইনভেসটেড হয়েছে তারও অপচয় হয়েছে বা হচ্ছে। এবং সঙ্গে সঙ্গে সেগুলো আইডেলি পড়ে আছে, এইগুলো কি অবস্থা বুঝতে পারছি। এই অবস্থা বন্ধ করা দরকার। সুতরাং আমি শিল্পমন্ত্রীকে বলবো তাঁর জবাবের সময় এইগুলো সম্বন্ধে তিনি সঠিক উত্তর দেবেন। কারণ আমি যেগুলো বলছি, এগুলো ঠিক খবর। এবং তা যদি হয়ে থাকে, সে সম্বন্ধে কি ব্যবস্থা করছেন, তিনি জানাবেন। মাননীয় স্পীকার মহাশয় এ ছাড়া আজকে এটা পরিস্কারভাবে দেখতে পাচ্ছি যে সরকারের নীতি বিভিন্ন দিক থেকে, কিছু এখানেও আলোচিত হয়েছে—দেখতে পাওয়া যাচ্ছে যে শিল্প নীতির কল্যাণে বড় বড় শিল্পপতি, বড় বড় কলকারখানার মালিক, তারা লাভবান হয়ে যাচ্ছে এবং যারা ক্ষুদ্র শিল্পপতি, তারা লাভবান হচ্ছে না বা দেশের যারা সাধারণ মানুষ তারা ক্ষুদ্র পাওয়ার মত কিছু কিছু তাঁরা পাচ্ছেন, তার বেশী তাঁরা লাভবান হচ্ছেন না। অথচ তাঁরা সমাজতন্ত্রের বড় বড় কথা বলছেন। কিন্তু যে প্লানিং থাকলে, যে ধরণের দৃষ্টিভঙ্গী থাকলে একটা শিল্পের ভেতর দিয়ে দেশের সাধারণ মানুষ বেশী বেশী পরিমাণে লাভবান হ'তে পারে, কনজুমারস বেশী বেশী পরিমাণে লাভবান হতে পারে, এমপ্লয়মেণ্ট-এর স্কোপ বাড়তে পারে, সেইরকম ধরণের ব্যবস্থা আজকে এই ১৭ বছরের মধ্যে এই বাংলাদেশের সরকার করতে পারলেন না, এই অবস্থা চলছে। কো-অপারেটিভ সম্বন্ধে বলবো না অন্য কেউ বলবেন, কিন্তু আজকে যদি সাধারণভাবে দেখা যায় তাহলে দেখা যাবে যেগুলো বড় বড় শিল্পের অবস্থা আমি আগেও বলেছি—চটকলে আগে যেসমস্ত কর্মসংস্থানের সুযোগ ছিল ১০--১৫ বছর আগে ১৯৫০-৫১ সালে, তার থেকে প্রায় ১ লক্ষ মত কর্মসংস্থানের সুযোগ কমে গেছে আজকে অন্যান্য যে সমস্ত বনেদীশিল্প সে তৈল শিল্প হক বা অন্যান্য শিল্প হক তাদের এক্সপানসান-এর রেট গুলো যদি দেখা যায় তাহলে দেখা যাবে এমপ্লয়মেণ্ট-এর স্কোপ অনেক কমে গেছে, ওঁরা হয়তো বলবেন রেশনালাইজেশন-এর কথা এর আগেও বলেছেন কিন্তু র‍্যাশনালাইজেশন-এর দরুণ আজকে এইরকম অবস্থা হবে এটা তো প্রশ্ন নয়, সেখানে আওয়ার অব ওয়ার্কস কমানো যায় কিনা, প্রোডাকশন বাড়ানোর সুযোগ আছে কিনা, এমপ্লয়মেণ্টকে কমিয়ে র‍্যাশনালাইজেশনএর ব্যাপার হবে কেন? তার মানে সেখানে মালিকদের যে লাভ সেই লাভকে চরিতার্থ করবার জন্য এই র‍্যাশনালাইজেশন এর অস্ত্র ব্যবহার করা হচ্ছে এবং শ্রমিকদের জীবনের দুর্যোগ এনে দিচ্ছে। সেই র‍্যাশনালাইজেশন তাই বা হবে কেন? একটা গণতন্ত্রকে রাষ্ট্রের কল্যাণকামী রাষ্ট্রে সেই ভাবে র‍্যাশনালাইজেশনএর পদ্ধতি কেন প্রয়োগ করতে দেওয়া হবে?

এই কথার জবাব পরিস্কারভাবে আজকে মাননীয় শিল্পমন্ত্রীর দেওয়া দরকার। গণতন্ত্রের কথা বলবেন, সমাজতন্ত্রের কথা বলবেন, র‍্যাশনালাইজেশন-এর নামে ছাঁটাই-এর সুযোগ করে দেবেন, কর্মসংস্থানের সুযোগ বনেদী শিল্পগুলোতে কমে যাবে, শিল্প প্রসারের হার এখন বাড়ছে না যাতে করে ক্রমবর্দ্ধমান জনসংখ্যা যা বেকারী বাড়ছে তার সঙ্গে সামঞ্জস্য রক্ষা

করা, তারা তা করতে পারছে না, মূলধনের সঞ্চয়ের হার সেই পরিমাণে বাড়ছে না। ঠিক এই অবস্থা চলছে, সেগুলো কেন চলবে? কেন এগুলো চলে? গণতন্ত্রের কথা বলছেন, সমাজতন্ত্রের কথা বলছেন, সেগুলো তাদের পরিস্কারভাবে বলতে হবে। বড় বড় কথার আড়ালে নিজেদের ব্যর্থতাগুলোকে ঢেকে রাখা চলবে না, এই কথা বলে আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি।

Shri Sudhir Chandra Das :

মাননীয় স্পীকার মহাশয়, সমবায় এবং শিল্প সম্পর্কে আমার যে কাটমোশান আছে সে সম্পর্কে আমি বেশী করে বলব। তবে প্রথমে আমি সাধারণভাবে একটু আলোচনা করতে চাই। এ কথা বার বার বলা হয়েছে এবং আমার পূর্ববর্তী বক্তারা যে কথা বলেছেন যে সমবায় এবং শিল্প নীতির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে সেটা স্বীকৃত জিনিস। সে সম্পর্কে আমি আর বেশী করে বলে ভারাক্রান্ত করতে চাই না। কেন পিছিয়ে আছে তার মূল গলদ কোথায় সেটা আমরা লক্ষ্য করেছি। সেটা বন্ধ করতে না পারলে পশ্চিমবঙ্গ কখনও সমবায় এবং শিল্পের ক্ষেত্রে উন্নতি লাভ করতে পারবে না। আমরা আগেই অভিযোগ তুলেছি যে সমবায়কে নিরপেক্ষ সমবায় করা দরকার এবং সমবায়ের মধ্যে যদি সততা না থাকে তাহলে সমবায় কখনও চলতে পারে না। আমি এখন শিল্প মন্ত্রী এবং অশোকবাবুর মুখে মার্কেটিং সোসাইটির গুণগান শুনলাম এবং তাকে আরো প্রতিষ্ঠিত করার কথা তুলেছেন শুনলাম। আজ মার্কেটিং সোসাইটিগুলি যদি সততার ভিত্তিতে প্রতিষ্ঠিত করতে না পারেন তাহলে সেগুলি একটা চোরের আড্ডাখানা হবে এবং দলীয় স্বার্থে ব্যবহার করার আড্ডাকানা হবে। তার কিছু কিছু আভাস দিচ্ছি। আমি একটা নগ্ন চিত্র আপনাদের সামনে তুলে ধরতে চাই সেটা হচ্ছে এটা আমার মুখের কথা নয়, এটা বিধান সভায় প্রদত্ত প্রশ্নোত্তর থেকে বলছি, স্টার্ড কোয়েশ্চেন নাম্বার ২৮৪, ২১এ আগষ্ট তারিখে দিয়েছেন, কাঁথিতে একটা এগ্রিকালচারাল এণ্ড ইণ্ডাস্ট্রিয়াল মার্কেটিং সোসাইটি হয়েছে, হওয়ার সঙ্গে সঙ্গে অকৃপণ হস্তে সমবায় বিভাগ তাদের দিয়ে দিলেন ২০ হাজার টাকা। শেয়ার কে কত কিনেছে, তারা কত তুলেছে, সেটা দেখবার দরকার হল না। কাগজপত্রে নিজেদের শেয়ারটাকে দেখিয়ে দিয়ে সরকারের কাছ থেকে ২০ হাজার ৬৬৫ টাকা নিয়েছে। তাকে দান দিয়ে দিলেন ১৫ হাজার টাকা গুদাম করার জন্য ১৫ হাজার টাকা ঋণ এবং ৫ হাজার টাকা দান দিলেন ইণ্ডাস্ট্রিয়াল মার্কেটিং সোসাইটিকে আর কাজুবাদাম তোলার জন্য ৩ হাজার টাকা দিলেন-এগুলি দান করলেন। আমি আর একটা প্রশ্ন করলাম, তাতে উদ্‌ঘাটিত হল, তার মূলধন কত? তিনি প্রথমে উত্তর দিলেন ৫২ হাজার ১ শো ২৯ টাকা ২১-৮-৬৪ তারিখে। আর ২৯এ সেপ্টেম্বর একই সেসানে সে সম্পর্কে উত্তর দিচ্ছেন ৪৭ হাজার ১২৮ টাকা মাত্র। অর্থাৎ এক মাসের মধ্যে ৫হাজার টাকা উড়ে চলে গেল। ২১-৮-৬৪ তারিখে মূলধন দেখতে পাচ্ছি ৫২ হাজার ১২৯ টাকা, এর মধ্যে নিজেদের শেয়ার তোলার টাকা নেই, হিসাব করলে দেখতে পাবেন সরকারী দান এবং সমস্ত জিনিষপত্রে মিলিয়ে যে টাকা তাকে দেওয়া হল সেটা ৫২ হাজার টাকা হয়, এক মাস পরে আমি চ্যালেঞ্জ করলাম তাতে বললেন ৪৭ হাজার ১২৮ টাকা, ৫ হাজার টাকা নেই। সেই টাকা কোথায় কি আকারে আছে—কত মূলধন আছে, কত মাল আকারে আছে সেটা বলুন? তার উত্তর দিচ্ছেন মূলধন ৪৭ হাজার ১২৮ টাকা মাত্র, মাল ১০ হাজার ৫৩৫ টাকা এবং অগ্রিম দাদন ২৩ হাজার ১৩৯ টাকা। ৫২ হাজার টাকা মূলধন যেখানে সেখানে ২৩ হাজার টাকা অগ্রিম দাদন কাকে দিয়েছেন সেটা তরুণবাবু খুঁজে দেখুন। কোন লোক পাবেন না। ব্যবসা হচ্ছে সার, কয়লা. ঔষধপত্র, বীজ। কাকে অগ্রিম দাদন দিয়েছেন ২৩ হাজার ১৩৯ টাকা? তারপর দেখা গেল সমবায়ের গুদাম ঘর হয়েছে। কেন ২০ হাজার টাকা দিয়েছেন ১৫ হাজার ঋণ আর ৫ হাজার দান? তার উত্তর দিচ্ছেন কোন সমবায় গুদাম ঘর নির্মাণ করা হয় নি। ১৫ হাজার আর ৫ হাজার দান দেওয়া সত্বেও গুদাম ঘর হয়নি। সেই টাকা তছরূপ করেছেন, নষ্ট হয়ে গেছে। যদি খোঁজ করে দেখেন তাহলে দেখবেন সেখানে ৭।৮ হাজার টাকার বেশী নেই। ইণ্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেণ্টারের জন্য ৫ হাজার টাকা দেওয়া হয়েছে ১৯৫৬ সালে। খোঁজ নিলে দেখতে পাবেন একটা ইলেকশান ট্রেনিং সেণ্টার হয়েছে।

[4-25—4-35 p. m.]

আজ যদি দেখি আমরা দেখতে পাব সমবায়ের নামে, এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটির নামে, কাজুঁবাদাম চাষ করার নামে ৩ হাজার টাকা দেওয়া হয়েছে। আমার বাড়ী কাজুবাদামের দেশে। আমি জানি কোথায়? সেই টাকা ব্যয় হয় নাই, বরবাদ হয়েছে। এই সমস্ত বিষয়ে আমি তদন্তের দাবী রাখছি।

তারপর বলছি বারবার তাগাদা দেওয়া সত্বেও ঋণের টাকা আদায় না হওয়ায় সমিতির আর্থিক অবস্থার এবং পরিচালনার অবনতি ঘটায় সমিতি লিকুইডেশন দেওয়ার আদেশ দেওয়া হয়েছে এবং লিকুইডেটরকে আইনানুগ ব্যবস্থা অবলম্বনের নির্দেশ দেওয়া হয়েছে। এটা অস্বীকার করবার উপায় নাই যে আমাদের সমবায় কি অবস্থার মধ্যে আছে। আমার বক্তব্য হচ্ছে এর মধ্যে জড়িয়ে আছে বহু কংগ্রেস নেতারা, সেখানের টাকা তারা তছরূপ করেছে। শুধু লিকুইডেশনএ দিলে হবে না। তাদের যদি ফৌজদারী আদালতে সোপর্দ করবার দিকে এগুতে পারেন, তাহলেও বুঝবো আপনারা সমবায় প্রতিষ্ঠা করবার জন্য দৃঢ় পদক্ষেপে এগোচ্ছেন। আপনি সেখানে খোঁজ নিয়ে দেখুন ডিরেক্টরস বোর্ডে কারা আছে। ঐ রাসবিহারী পাল প্রমুখ কংগ্রেসের বড় বড় পাণ্ডারা তার সদস্য। লিস্ট খুঁজে দেখুন। সুতরাং তাদের বন্ধুদের অপকীর্তিকে ধরবার জন্য সমবায় মন্ত্রীর সংসাহস আছে কী? আমি জানি তিনি সেইরকম দৃঢভাবে এগুতে পারবেন না। ওটা এখনো চেপে রেখেছেন। তাঁর সেই সাহসে কুলোবে না। ৫০ হাজার টাকা এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটিকে দিয়েছেন, তাঁরা কিছুই করলেন না। এখন সেটা লিকুইডেশনএ দেবার চেষ্টা করা হচ্ছে। দলের নামে ব্যক্তিগতভাবে টাকা আত্মসাৎ করে চুপ করে বসে আছেন। এই কথার উত্তর দেবার মন্ত্রিমহাশয়ের কি আছে সেটা জানতে চাই।

তারপর শিল্পের কথা বলবো। আমি বলতে চাই মাদ্রাজের বয়ন শিল্পের উন্নতির কথা বন্ধুরা অনেকে উল্লেখ করেছেন, কলকাতার মার্কেটে দেখবো মাদ্রাজের সাড়ি বাংলার সাড়ি থেকে অনেক কম দামে বিক্রী হচ্ছে। আমরা শিল্প ক্ষেত্রে অনেক পিছিয়ে আছি। আমরা তাদের সঙ্গে প্রতিযোগিতায় দাঁড়াতে পারছি না। এটা বিশেষ করে ভেবে দেখা দরকার। বাংলাদেশে তাঁতীর সংখ্যা অনেক বেশী। মাদ্রাজের পরেই বাংলার স্থান এবং বেকার সমস্যার সমাধান এই তাঁতশিল্পের উন্নতির উপর অনেকখানি নির্ভর করে। এই দিকে যদি আপনারা বেশী করে জোর দিতে পারেন, তাহলে তাঁত শিল্পের উন্নতি হতে পারে। কিন্তু আমাদের কাঁথি মহকুমার ক্ষেত্রে একটা শিল্পের কথা বিশেষ করে বলা দরকার। সেটা হচ্ছে লবণ শিল্প। সেই লবণ শিল্পের জন্য ৬ হাজার একর জমি অবস্তীতে পড়ে আছে। তাঁরা কিছুতেই ১০।১২ বছর ধরে তার বিলিব্যবস্থা করতে পারছেন না। দরখাস্তের উপর দরখাস্ত দিয়েছে, হাজার হাজার দরখাস্ত পড়ে আছে। যারা এই লবণ উৎপাদনের নাম করে এই বিপুল পরিমাণ জমি আটকে রেখেছে, তারা কত বড় অপরাধে অপরাধী। যেখানে ধান হতে পারে, মাছ হতে পারে বন্দোবস্ত দিলে। লবণের নামে যে জমি আটকে আছে, তার জন্য তাঁরা অপরাধী কিনা—সেটা জানতে চাই। ৬ হাজার একর জমি লবণ উৎপাদনের ক্ষেত্রের নামে রাখা হয়েছে, অথচ তাঁর বলছেন শিল্পোন্নয়ণ করে দেবেন। সেখানে ২।৩ একর করে জমি ব্যক্তিগতভাবে বিলি করলে ২।৩ হাজার ভূমিহীন গৃহস্থ জমি পেতে পারে। সেদিকে তাদের লক্ষ্য নাই। বাংলাদেশে বহু মৃতপ্রায় শিল্প পড়ে আছে। তার পুনরুজ্জীবনের কোন চেষ্টা সরকারের নাই। সেই তাঁতির কুমোর, মুচি তারা ঋণ পায় না তাদের য়্যাসেট নেই বলে। এই বিধান পরিবর্তনেরও কোন চেষ্টা সরকারের নাই। আজকে একটি মুচি টুলে দাঁড়িয়ে বলছে বাবু, আমাকে কিছু ঋণ করে দিতে পারেন? আমার একটি টুল আছে মাত্র, আর কিছু নেই। বাংলাদেশে বেশীর ভাগ শিল্পী সম্প্রদায় ভূমিহীন। তাদের ঋণ দেবার কোন ভাল ব্যবস্থা সেখানে নাই। কাঁথীর একটি তৈল শিল্প প্রতিষ্ঠানকে দলীয় স্বার্থে সেবাসংঘকে ৩২০০ টাকা রিবেট দেওয়া হয়েছে। ১৭ই আগষ্টের এক প্রশ্নোত্তরে জানা গেছে তৈল শিল্পে ৩ হাজার শিল্প করা হয়েছে। কিন্তু আমরা দেখছি তৈল শিল্পের নামে একটা দলীয় প্রতিষ্ঠান "সেবা সংঘ"কে ৩২০০ টাকা রিবেট দেওয়া হয়েছে। স্যার, আমি বিধানসভার একটি প্রশ্নোত্তর

থেকে দেখাচ্ছি যে, ১০ হাজার মণ তেলের উপর ৬০০ টাকা রিবেট, ১০ হাজার থেকে ২০ হাজার মণ তেলে ১ হাজার টাকা রিবেট এবং ২০ হাজার থেকে ৩০ হাজার মণ তেলে ১৫০০ টাকা রিবেট পাওয়া যায়। তাহলে এই হিসেব থেকেই দেখা যাচ্ছে ৩২০০ টাকা রিবেট পেতে হলে ৬৪ হাজার মণ তেল বিক্রি করতে হয়—অর্থাৎ প্রতিদিন ১৬৪ মণ তেল বিক্রি করতে হয়। কাজেই আমরা দেখছি সমস্ত টাকা নষ্ট করা হচ্ছে, চুরী করা হচ্ছে, মৃৎশিল্পে যে টাকা দেওয়া হয়েছে তাও নষ্ট হচ্ছে।

Shri Jaharlal Banerjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সমবায় এবং শিল্প মন্ত্রী যে বাজেট বরাদ্দ উৎথাপন করেছেন আমি সর্বপ্রথমে তাকে সমর্থন করি। সমবায়ের আলোচনা করতে গিয়ে বিরোধী দলের তরফ থেকে যে প্রশ্ন তোলা হয়েছে এবং প্রত্যেক বারই যেটা তোলা হয় সে সম্পর্কে আমি কিছু বলতে চাই। তাঁরা বললেন দলীয় স্বার্থে সমবায়গুলি পরিচালিত হয়। কিন্তু তাঁরা জানেন না যে সমবায় সমিতিগুলো যখন গঠিত হয় সেগুলো নির্বাচনের ভিত্তিতে হয় এবং যদি তাঁরা সমবায় সংগঠন না করেন তাহলে তার জন্য কংগ্রেসীরা দায়ী নয়, তাঁদের অক্ষমতাই দায়ী। আর একটা কথা প্রায়ই বলা হয় যে, গরীব এবং ভূমিহীনদের অর্থ সাহায্য করার চেষ্টা হয় না। স্যার, তাঁরা সব জেনেশুনে চোখ বুজে থাকেন। আমাদের ক্রেডিট সোসাইটি যেগুলো রয়েছে তারা কোন রকম জামিন না রেখে ৫০০ টাকা পর্যন্ত ঋণ ভূমিহীন কৃষক যারা বর্গাদার, ভাগীদার তাদের দেয়। আমি বুঝতে পারছি না তাঁরা কি এসব খবর জানেন না? স্যার, সমবায়ের উন্নতি সম্বন্ধে মন্ত্রিমহাশয় যেসব কথা বলেছেন আমি তা সমর্থন করি এবং সমবায়ী হিসেবে, সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত থেকে আমি যেগুলি লক্ষ্য করেছি সে সম্বন্ধে কিছু বলতে চাই। সর্ব প্রথমে আমার মনে হয় আজকে সরকারের তরফ থেকে সবচেয়ে বড় প্রয়োজন হচ্ছে মানুষের মনে সমবায়ের প্রতি দরদ জাগিয়ে তোলা স্পুনফিডিং করে এই আন্দোলনকে বাঁচিয়ে রাখা যাবে না। এদিক থেকে আমার মনে হয় সমবায়ের প্রতি সকলের মন আকৃষ্ট করবার জন্য শিক্ষা ব্যবস্থা করা দরকার। আজকে স্যার, একথা অস্বীকার করে লাভ নেই, যে যেসমস্ত সমিতিগুলো রয়েছে তার মধ্যে বেশীরভাগই হচ্ছে ক্রেডিট সোসাইটি। এগুলি ধার দেবার জন্য তৈরী হয় এবং ধার নেবার সঙ্গে সঙ্গে এঁদের কাজ শেষ হয়ে যায়। এই ক্রেডিট সোসাইটিগুলি আমাদের অর্থনীতিতে বিরাট অংশ গ্রহণ করেছে এবং এর দ্বারা কৃষকদের যে অনেক উপকার হচ্ছে সেকথা অস্বীকার করা যাবে না। তবে একথা মনে রাখতে হবে এই সমস্ত সোসাইটিগুলো যাতে চিরকাল সরকার এবং রিজার্ভ ব্যাঙ্কের উপর নির্ভর করে অর্থ সংগ্রহ করতে পারে তার জন্য চেষ্টা করতে হবে। আমরা দেখছি যে মুহূর্তে টাকা শোধ হয়ে গেল সেই মুহূর্তে শেয়ারগুলো এ্যাডজাস্ট করে নেয়। এই জিনিস বন্ধ করতে না পারলে কোন দিন সমবায় আন্দোলন গড়ে উঠবে না। এই প্রসঙ্গে আমার মনে হয় তারা যাতে ডিপোজিট গ্রহণ করতে পারে সেদিকে নজর দেওয়া উচিত। তবে প্রথমে অনেকে হয়ত তাদের বিশ্বাস করবে না এবং সেইজন্য অনুরোধ করছি ডিপোজিট ইনস্যুরেন্স স্কীম যদি গ্রহণ করা হয় তাহলে এই কো-অপারেটিভ সোসাইটিগুলো ডিপোজিট পাবে এবং সেই টাকা কৃষকদের ধার হিসেবে দিতে পারবে। এতে তাদের লাভ হবে এবং সমবায় সমিতিগুলোও দাঁড়াতে পারবে। তা নাহলে রিজার্ভ ব্যাঙ্ক, কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে যে সুদ দিচ্ছে তাতে তাদের টাকা কাজে লাগবে, কিন্তু সমবায় সমিতিগুলো দাঁড়াতে পারবে না।

[4-35—4-45 p.m.]

তাছাড়া আমি আর একটা কথা বলতে চাই। আজকে দেখা গেছে যদি কো-অপারেটিভ সমিতিগুলিকে ভাল করে অর্গেনাইজ করতে পারেন এবং এসেনশিয়েল কমোডিটিজ-এর যদি মনোপলি দিতে পারেন, তাহলে এই সমস্ত ব্যবসাদার চোরাকারবারী যারা তাদের যোগ্য শাস্তি হতে পারে। এদিকে কিন্তু একটা কথা মনে রাখতে হবে, আমরা যেন ঠিকভাবে সব দিতে পারি। এবার বর্ধমান জেলায় সারের মনোপলি দেওয়া হয়েছে, কিন্তু দুর্ভাগ্যবশতঃ সুপার

ফসফেট না পাবার জন্য ঠিকভাবে সার দেওয়া সম্ভবপর হয়নি। তবে এটা দেখা গেছে সমবায় সম্পর্কে, যেভাবে সারের ব্যবসা করেছে, বর্ধমান জেলায় যেভাবে সারের ব্যবসায়ে সততা রক্ষিত হয়েছে তা কোন দিন হয়নি। একথা আমি জোর গলায় বলতে পারি। এ ব্যাপারে আমি আর একটি কথা বলতে চাই, সমবায় সমিতি ক্রেডিট সোসাইটি মার্কেটিং সোসাইটি এগুলি ছাড়া কতকগুলি নূতন সোসাইটি তৈরী করতে হবে। যেমন আমি বলতে চাই ইরিগেশন সোসাইটি, এগ্রিকালচারাল প্রডিউসার সোসাইটি, ফিশারম্যান সোসাইটি ইত্যাদি সোসাইটির কথা। কিছু কিছু উইভার্স কো-অপারেটিভ আছে। এইভাবে যদি সমাজের প্রতি স্তরে সমবায় আন্দোলনের মাধ্যমে সোসাইটি ছড়িয়ে দিতে পারি তাহলে মানুষ নিজেরা নিজেদের সাহায্য পেয়ে উপকৃত হতে পারে এবং সমবায় আন্দোলনকে জোরদার করে তুলতে পারে। সেজন্য আমি সরকারকে অনুরোধ করবো যে সমবায় আন্দোলনকে জোরদার করবার জন্য আমাদের যে কো-অপারেটিভ ইউনিয়ন আছে, সেই কো-অপারেটিভ ইউনিয়নের উপর বেশী করে নজর দিন। ডিভেলপমেন্টের জন্য যে টাকা আছে, সেই টাকা দিয়ে ইউনিয়নগুলির মাধ্যমে জনসাধারণকে শিক্ষা দিয়ে কো-অপারেটিভের দিকে আকৃষ্ট করতে পারলে মনে হয় স্পুন ফিডিং বন্ধ হয়ে যাবে এবং মানুষের সমবায়ের উপর বেশী করে আস্থা বাড়বে।

Shri Padak Mahata :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশের জনশক্তিকে সমবায়ের মাধ্যমে সমবেত করার একটা উদ্দেশ্য আছে একটা লক্ষ্য আছে। দেশের শোষিত উপেক্ষিত অনুন্নত জনশক্তিকে শোষণ থেকে মুক্ত করে তার শক্তিকে জাতির মহান কাজে লাগানো, এই হচ্ছে উদ্দেশ্য। এই উদ্দেশ্যে পরিচালিত হবে কোন লক্ষ্যে? লক্ষ্য হচ্ছে, বিরাট আর্থিক সংগঠন, জাতির অর্থনৈতিক রূপায়ণ। অর্থনৈতিক সংগঠনের বা রূপায়ণের অর্থ এই নয় যে, জনগণের মধ্যে কতকগুলি অর্থ ছড়ানো। এর অর্থ জাতির সম্পদ বৃদ্ধি, জাতির উৎপাদন। কিন্তু কংগ্রেসী সমবায়ের উদ্দেশ্য বা লক্ষ্য এ সবের কিছুই নয়। কংগ্রেসী সমবায়ের আসল লক্ষ্য সমবায়ের নামে টাকা ছড়িয়ে দলীয় রাজনীতির ক্ষেত্র প্রস্তুত করা, আর কংগ্রেসের লক্ষ্য—সমবায়ের জন্য জাতির যে চাহিদা রয়েছে, ভূয়া সমবায় দিয়ে জনগণকে ভুলানো। আমাদের দরিদ্র দেশে দরিদ্র জনগণ সমবেত শক্তিতে গড়ে উঠবে, এবং শোষণকারীদের নিস্ক্রিয় করবে, তার লক্ষ্য কংগ্রেসের নেই। কারণ শোষণকারীরাই কংগ্রেসের বন্ধু বা মালিক। সেজন্য শেয়ার নামক টাকার খেলার ক্ষেত্র রাখা হচ্ছে। যাতে চোরাবাজারের শোষণকারীর দল টাকার খেলায় সমবায় দখল করতে পারে এবং যাতে সরকারের সঙ্গে যোগসাজসে সমবায়কে তারা অকেজো করে রাখতে পারে আর সমবায়ের মধ্যে সাধ্যমত অনাচারের ক্ষেত্র করতে পারে। কংগ্রেসী শাসনে আজ চোরাবাজারীর দল বা শোষণকারী ধনীর দল যাতে সমবায়ে ঢুকতে না পায় তার কোন ব্যবস্থা বা চেষ্টা সরকারের পক্ষ থেকে কিছু নেই। তাদের জন্য কংগ্রেসী সমবায়ে অবারিত দ্বার এবং এর সঙ্গে আছে কংগ্রেসের দলীয় রাজনীতি সরকারী কলাকৌশল করা হচ্ছে যাতে সমবায়গুলি কংগ্রেসী অনুচরদের দখলীভূত হয়, আর তার সঙ্গে বৈষম্যমূলক ব্যবহার। অর্থাৎ যে সমবায়ে কংগ্রেসীদের প্রাধান্য তাদের নানাভাবে উপকৃত করা হচ্ছে আর অন্য সমবায়গুলির প্রতি নানা বৈষম্যমূলক ব্যবহার হচ্ছে, সমবায় বিষয়ে কংগ্রেসের যেমন সততা আদৌ নেই তেমনি একে রূপ দেবার মত মস্তিস্কও কংগ্রেস সরকারের নেই, উৎপাদন ভিত্তিক সমবায় না হলে, জাতীয় সমবায়ের কাজই ব্যর্থ এই উৎপাদনের বিরাট শক্তি উৎসারিত হলে—জনসাধারণ ভোটের দিনে আর ভিক্ষুকদের মত থাকবে না আর দিবারাত্র অন্নকষ্ট নিয়ে যদি ব্যতিব্যস্ত না থাকতে হয় তা হলে জাতীয় চেতনা লাভ করার সময় পেয়ে যাবে। সুতরাং কংগ্রেস কেন এই উৎপাদন চাইবে? আসল সমবায়ের লক্ষ্য যাদের কাজ সেই কাজ দেওয়া এবং সাধারণ দরিদ্র মানুষকে তার উন্নতিতে সাহায্যে করা, এর জন্য যে লক্ষ্য যে পরিকল্পনা যে সামঞ্জস্যপূর্ণ ব্যবস্থা দরকার কংগ্রেসের তা কিছুই নেই। পরিকল্পনা হীনভাবে অবিবেচনার সঙ্গে সমবায় চালাতে গিয়ে বহু দরিদ্র ব্যবসায়ী কর্মহীন হচ্ছে। ভগবান আমাদের এই মস্তিস্কহীন সমবায় থেকে রক্ষা করুন।

Dr. Kanai Lal Bhattacharya :

মাননীয় স্পীকার মহাশয়, শিল্পখাতে ব্যয় বরাদ্দ উত্থাপন করতে গিয়ে মন্ত্রীমহাশয় চিত্র তুলে ধরেছেন আমাদের সামনে আমি মনে করি সেটা একটা অবাস্তব। তিনি বলেছেন আমাদের পশ্চিমবাংলায় শিল্পায়ণ দ্রুত গতিতে হচ্ছে এবং পশ্চিমবাংলা শিল্পের দিক থেকে অনেকখানি উন্নতি করেছে। তা যদি হোত তাহলে পশ্চিমবাংলায় আজ এই আর্থিক দুর্গতি হোতনা এবং সঙ্গে সঙ্গে বেকার সমস্যা আমাদের দেশে যেভাবে বেড়ে চলেছে সেটা না বেড়ে কমে যেত। তিনি শিল্পায়ণের কথা বললেন, কিন্তু আমি শুধু তাঁকে কয়েকটা তথ্য দেখাবার চেষ্টা করব যে যেসমস্ত পশ্চিমবাংলায় শিল্পায়ণের হওয়া উচিত ছিল তাব তুলনায় বিশেষ কিছু হয়নি। শিল্পায়ণ হয়েছে কিনা এটা জানতে গেলে জানা যায় আমাদের পশ্চিমবাংলায় আরবেনিজেসন যা ছিল তার চেয়ে বেশী হয়েছে। এটা যদি তিনি দেখাতে পারতেন তাহলে বুঝতাম কিছুটা শিল্পায়ণ পশ্চিমবাংলায় হয়েছে। সমস্ত পশ্চিমবাংলায় ৩ কোটি ৬৪ লক্ষ লোকের মধ্যে আজ ৮৫ লক্ষ লোক শহরে বাস করে।

[4-45—4-55 p.m.]

গ্রেটার ক্যালকাটার ৬৫ লক্ষ বাদ দিলে পশ্চিমবাংলায় শহরের লোকসংখ্যা দাঁড়ায় মাত্র ২০ লক্ষ—অর্থাৎ প্রায় ৭ ভাগ লোক কোলকাতা বাদে শহরে বাস করে। এবং যদি হিসাব নেওয়া যায় তাহলে দেখব ৩ কোটি ৪৪ লক্ষ থেকে ৬৫ লক্ষ, যদি হিসাব নেওয়া যায় তাহলে দেখব শতকরা ১৮ ভাগ লোক শহরে বাস করে। ১৯৪১ সালের সেনসাসএ সমস্ত বাংলাদেশে এই ফিগার ছিল। এখন খণ্ডিত বাংলাদেশে যেখানে না কি কোলকাতা এবং নূতন বড় শহর হচ্ছে তা সত্বেও দেখা যাচ্ছে সে অনুপাতে একদম কিছুই হয়নি। মন্ত্রিমহাশয় বললেন ইণ্ডাস্ট্রিয়াল স্টেট করা হচ্ছে, অথচ এই ইণ্ডাস্ট্রিয়াল স্টেট মাদ্রাজ প্রভিনসএ প্রত্যেক জেলায় ১টা করে হয়েছে। আমাদের পশ্চিমবাংলা একমাত্র ইণ্ডাস্ট্রিয়াল স্টেট ৩টা জেলায় করা হয়েছে—আসানসোল, ২৪ পরগণা, বারুইপুর এবং হাওড়ার দাশনগর। কলকাতা আসানসোল দুর্গাপুর এই ৩টা ইণ্ডাস্ট্রিয়াল অঞ্চল ছেড়ে দিলে আমাদের পশ্চিমবাংলায় বিশেষ কিছু শিল্পায়ণ হয়নি—যা কিছু হয়েছে ঐ তিনটা জেলার হয়েছে, এবং তার দ্বারা এই তিনটা অঞ্চলের জনসাধারণের চাপ বেড়ে যাচ্ছে। বাংলা দেশে ৩টা অঞ্চল কলকাতা বাদ দিয়ে ভাগ করলে দেখা যাবে যে উত্তরবঙ্গ যেটা নাকি পশ্চিম বাংলার আয়তনের ১/৪ যার জনসংখ্যা প্রায় ১৫ লক্ষ সেখানে ১৯৪৭ সালের পর কোন উল্লেখ যোগ্য শিল্প প্রতিষ্ঠা হয় নি। এই এলাকাটা আমাদের ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী অসমৃদ্ধশালী এলাকা এবং ওখানে উৎপাদনশিল্পে নিযুক্ত লোক হচ্ছে শতকরা ১/৮ অংশ, তার মধ্যে চা বাগানে বেশীর ভাগ লোক কাজ করে। সেটাও প্রায় আড়াই লক্ষের কাছে। সেই উৎপাদন শিল্প বলতে গেলে মাত্র ৩২ হাজার লোক কাজ করে কিন্তু আমি আশ্চর্য হচ্ছি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে উত্তর বঙ্গে শিল্প প্রতিষ্ঠা করে এই ১৭ বৎসর মধ্যে কিছুই করা হয় নি। সেখানে সিমেণ্ট সার, রেমি ইত্যাদি শিল্প প্রতিষ্ঠা করার যথেষ্ট সুযোগ আছে কিন্তু আজ পর্যন্ত তা হয়নি। মধ্য বঙ্গে নদীয়া, মুর্শিদাবাদ ২৪-পরগণার কিছুটা অংশ নিয়ে লোকসংখ্যা ২৩ লক্ষ উৎপাদন শিল্পে সারে ৬ লক্ষ লোক এখন নিয়ে জড় আছে। এখানে কৃষির উপর যদি চাপ না কমাতে পারেন, তাহলে পশ্চিম বাংলার আর্থিক উন্নতি হবে না। শিল্পায়ণ আজ সবচেয়ে বেশী প্রয়োজন। সেদিক থেকে পশ্চিমবঙ্গ অত্যন্ত বেশী ব্যর্থ হয়েছে। মুর্শিদাবাদ কুটির শিল্পের জন্য বিখ্যাত। সেখানে কুটীর শিল্প এখন বিশেষ কিছু উন্নতি হয়নি। কুটীর শিল্পে মাত্র শতকরা ১১ ভাগ লোক কাজ করে। উৎপাদন শিল্পে মাত্র শতকরা ৩ ভাগ রাঢ়দের অবস্থা আরো খারাপ, পুরুলিয়া, বাঁকুড়া বীরভূম এই তিনটা জেলা নিয়ে যে অঞ্চলে সে অঞ্চলে পশ্চিম বাংলার তুলনায় ১/৩ অংশ এবং সেখানে পশ্চিমবঙ্গের জনসংখ্যার প্রায় ৪ ভাগের একভাগ লোক বাস করে। বীরভূম জেলায় উৎপন্ন শিল্পে নিয়োজিত লোকের হার হচ্ছে শতকরা ২.৮ বাঁকুড়া জেলায় হচ্ছে শতকরা ২.৯৭, মেদিনীপুর ২.৫ এবং পুরুলিয়ার হল সবচেয়ে কম, অর্থাৎ শতকরা ১.৮। বিগত কয়েক বৎসর ধরে আমরা তাদের কাছ থেকে শুনে আসছি পুরুলিয়া জেলার ঝালদায় একটা সিমেণ্ট ফ্যাক্টরী তৈরী হচ্ছে কিন্তু সেটা আজ

পর্যন্ত বাস্তবে রূপায়িত হল না। শিল্পায়নের জন্য সব চেয়ে বেশী প্রয়োজন বিদ্যুৎ। সাচদেব কমিটি যে অভিমত দিয়েছেন তাতে বলেছেন যে পশ্চিমবঙ্গে যে তুলনায় বিদ্যুৎ উৎপাদন হওয়া উচিত ছিল সে তুলনায় কম হচ্ছে। শুধু তাই নয় সেন্ট্রাল ওয়াটার য়্যাণ্ড পাওয়ার কমিশন-এর ইলেকট্রিসিটি সাপ্লাইএ জেনারেল সার্ভের রিপোর্ট-এ ১৯৬০-৬১ বলা হয়েছে পশ্চিমবঙ্গে বিদ্যুতের সরবরাহের কাজ সবচেয়ে কম। মন্ত্রী মহাশয় এটা স্বীকার করেছেন কিন্তু তারপর যে চিত্র এঁকেছেন তাতে কি পশ্চিমবংলায় বিদ্যুৎ যে ভাবে বেড়েছে আসলে ঘটনা তা নয়, বরং যদি এর চেয়ে বেশী বাড়তো তাহলে যে সরকারী শিল্প আরো বেশী স্থাপিত হত।

কিন্তু সরকারের গাফিলতার জন্য সেটা হয়নি। তিনি বলছেন আজকে ৭৫১ মেগাওয়াট তৈরী হচ্ছে এবং তাতে আমার মনে হয় যে বিদ্যুৎ উৎপাদন হয় তার ৫০ পার্সেণ্টের বেশী বেসরকারী উদ্যোগে হয়। আমাদের পশ্চিমবংগ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের তরফ থেকে যেভাবে কাজ করা উচিত ছিল সেভাবে তারা কাজ করে উঠতে পারেনি। যাহোক এই যে বিদ্যুৎ উৎপাদন তা আপনারা করেছেন এটা আমি বলবো খানিকটা পরিকল্পনাহীন হিসাবে করেছেন। বিদ্যুতের চাহিদা কি রকম ভাবে হবে সেই রেট না জেনে বিদ্যুৎ উৎপাদন করা হয়েছে। মন্ত্রী মহাশয় সেদিন একথা তাঁর বক্তব্যে বলে গেছেন যে এমন একটা সময় এসেছিল যখন বিদ্যুৎ উৎপাদন করে তাঁরা দেখলেন যে বিদ্যুৎ বিক্রী হচ্ছে না। কেন হচ্ছে না তার একমাত্র কারণ হচ্ছে ঠিকমত পরিকল্পনা আগে থেকে করা হয়নি। সেজন্য আজকে এই অবস্থা হয়েছে। ১৯৬৪ সালের ৩রা জুলাই কোলকাতায় একটা দৈনিক পত্রিকায় যে সংবাদ প্রকাশিত হয়েছে সেদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং আমি জানতে চাই সেই স্টেট অব য়্যাফেয়ার্স আজকে একটুখানি ভাল হয়েছে কিনা

The State owned Durgapur Thermal Power Station is now having difficulty in finding users for all the power that it now produces. The DVC has recently informed the power station authorities that it cannot consume more than its present quota.

কাজেই আজকে যেভাবে পশ্চিমবঙ্গে শিল্পায়ন হওয়া উচিত ছিল সেইভাবে সরকার করতে পারেন নি। আজকে বেসরকারী উদ্যোগে না হলেও সরকারী উদ্যোগে এবং সমবায়ের উদ্যোগে আরো বেশী যাতে শিল্পায়ণ হয় সেদিকে সরকারের নিশ্চয়ই দৃষ্টি দেওয়া প্রয়োজন এবং আমি মনে করি সরকার সে বিষয়ে দৃষ্টি দেবেন। আমি তার একটা বিষয়রে প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে বড় বড় শিল্প এবং ছোট ছোট শিল্পের প্রতি সরকারের যে দৃষ্টিভঙ্গী আমরা দেখেছি যেকথা অশোকবাবু বলে গেছেন যে বড় বড় শিল্প তাদের চাহিদা অনুযায়ী কাঁচামাল কিম্বা মেটিরিয়ালসের সর্ট সাপ্লাই যেগুলি আপনারা বলেন সেগুলিই লাইসেন্স এবং পারমিট খুব বেশী পায় যার ফলে তারা সেগুলি ব্ল্যাক মার্কেটে বিক্রী করে। এই অভিযোগ আমরা বিধানসভায় এনেছি, যেকথা উনি বল্লেন মেটালসীট আমরা জানি সেণ্ট্রাল গভর্নমেণ্ট থেকে তারা পামিট পায়, লাইসেন্স পায় এবং সেই মেটালসীট তারা কালোবাজারে বিক্রী করে। কেন না ছোট ছোট যে সমস্ত শিল্প আছে এদের কাচামাল সাপ্লাই করার দায়িত্ব হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের ডাইরেক্টর অব ইণ্ডাস্ট্রিজের। অর্থাৎ যাদের ৫ লক্ষের বেশী মূলধন নেই, ৫ লক্ষের কম যাদের মূলধন তারা পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে ঠিক তাদের চাহিদা মত এই সমস্ত মেটিরিয়াল পায় না, সেজন্য তারা বাধ্য হয়ে ব্ল্যাক মার্কেটে এই সমস্ত বড় বড় শিল্পের কাছ থেকে বেশী দাম দিয়ে কাঁচামাল কেনে। তিনি আমাদের কাছে সংখ্যা দিলেন যে ডি, জি, এস য়্যাণ্ড ডি-র আজকে কোটি কোটি টাকায় কাজ করছে এই সমস্ত ছোট ছোট শিল্প। তারা সাহায্য করছেন—সত্যিকথা কিন্তু আমরা মনে করি এই সমস্ত ছোট ছোট শিল্প ডি, জি, এস, য়্যাণ্ড ডির ২০।২৫ কোটি টাকার কাজ করতে পারত্যো, কারণ ছোট ছোট শিল্প আমাদের পশ্চিমবঙ্গে যেভাবে গড়ে উঠেছে, সরকারের পক্ষ থেকে সেভাবে তাদের যদি রসদ দেয়া যেত তাহলে তারা নিশ্চয়ই দাঁড়িয়ে উঠতে পারতো কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে সরকারের পক্ষ থেকে এ বিষয়ে বিশেষ ভাবে দৃষ্টি দেয়া কোন দিন হয়নি। আমি মন্ত্রিমহাশয়কে একটা কথা বলি যে বার্ন, গেষ্টকিন ইত্যাদি বড় বড় কারখানা প্রচুর পরিমাণে পিস পায় কিন্তু ছোট ছোট কারখানায় পিস সাপ্লাই কতটুকু প্রয়োজন সেটুকু তারা সেণ্ট্রাল গভর্নমেণ্টের কাছ থেকে নিয়ে আসতে পারে না। আমরা

দেখেছি প্রায় দেড় লক্ষ টনের মত পশ্চিমবঙ্গের ছোট ছোট শিল্পের পিসের চাহিদা পশ্চিমবঙ্গ সরকার আনেন খুব বেশী যদি হয় ইণ্ডিয়া গভর্নমেন্টের কাছ থেকে ৫০।৬০ হাজার টন। কাজেই এইভাবে তাদের বাজার থেকে স্ক্র্যাপ কিনতে হয় কিম্বা বিভিন্ন কোং'র কাছ থেকে ব্ল্যাক পিস কিনে এনে ব্যবসা করতে হয়। আমি আর একটা কথা বলে আমার বক্তৃতা শেষ করবো। সেটা হচ্ছে মন্ত্রিমহাশয় বল্লেন যে গোটাকতক ট্রেনিং কাম-প্রোডাকশন সেণ্ট্রারস আছে কিন্তু আমি বলবো এই সমস্ত ট্রেনিং-কাম-প্রোডাকশন সেণ্টারসে শ্রমিকদের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কোন আইন মেনে চলেন না। আমি একটা উদাহরণ দিতে পারি বেঙ্গল সেরামিক ইনস্টিটিউট। সেখানে প্রোডাকশনও হয়, ট্রেনিংও হয় কিন্তু প্রোডাকশনে সেখানে যে সমস্ত কর্মচারী নিযুক্ত আছে তাদের মিনিমাম ওয়েজ, ছুটি প্রভৃতি নিয়মানুযায়ী দেয়া হয় না, তাদের ট্রেড ইউনিয়ন রাইটস কার্টেল করা হয়। শুধু তাই নয়, তাদের এমনভাবে চার্জসীট এবং ভয় দেখানো হচ্ছে যাতে তারা ট্রেড ইউনিয়ন না করতে পারে। আমি এই বিষয়টার প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[4-55—5-5 p.m.]

Shri Gopal Banerjee :

মাননীয় স্পীকার মহাশয় সমবায় খাতে ব্যয় বরাদ্দ উত্থাপন করতে গিয়ে মন্ত্রিমহাশয় যে তথ্য দিয়েছেন এই তথ্য থেকে উনি দেখাতে চেষ্টা করেছেন যে সমবায় আন্দোলন আমাদের এখানে দ্রুত প্রসার লাভ করছে। সমবায়ের সংখ্যা, তার সভ্যসংখ্যা লগ্নীকৃত মূলধন এইসব সমস্ত তথ্য থেকে যদি বিচার করা যায় তাহলে সমবায় আন্দোলনের অগ্রগতি দেখানো সম্ভব সেটা ঠিক কিন্তু সমবায় যে উদ্দেশ্যে করা সেই উদ্দেশ্যের দিক থেকে বিচার করলে সমবায়ের উদ্দেশ্য যে সার্থক হচ্ছে না একথা আমি বলতে পারি। আর সমবায়ের অগ্রগতি যে আশানুরূপ নয় সেটা তিনি নিজে স্বীকার করেছেন যে মহারাষ্ট্র, অন্ধ্র প্রভৃতি রাজ্যের চেয়ে আমরা পিছনে পড়ে আছি। আমাদের সমবায় সম্পর্কে যদি আমরা বিচার করি তাহলে তিনি যে তথ্য হাজির করেছেন সেই তথ্যকে বিশ্লেষণ করলে দেখা যাবে যে আমাদের সমবায় আন্দোলন একটা বাঁধাধরা ছকের মধ্য দিয়ে ঘুরে বেড়াচ্ছে। এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটির গত কয়েক বছর ধরে যদি হিসাব নেয়া যায়, সমবায় বাড়তে পারে কমতে পারে কিন্তু এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটির যা অনুপাত সেটা ৬৮ ভাগ কমে এসেছে। এটা দেখা যায় যে সমবায় আন্দোলন যে বাঁধা ধরা ছকের মধ্যে চলছে তার বাইরে যাওয়ার জন্য অথবা সমবায় আন্দোলনকে সম্পূর্ণভাবে ঢেলে সাজবার মত ব্যবস্থা সমবায় বিভাগের নেই, আমাদের গ্রামাঞ্চলে যে অবস্থা সেই অবস্থা সম্পর্কে মাননীয় সদস্য পাঁচুবাবু বলেছেন। ভূমি সংস্কারের পরেও কনসেনট্রেসন আমরা ভাঙ্গতে পারিনি। ৫ ভাগ লোকের হাতে গ্রামের চাষযোগ্য ৪০ ভাগ জমি। গ্রামে যাঁরা টাকা ধার দেন, মহাজন যাঁরা, সেই যাঁরা জমির মালিক তাঁরাই হচ্ছে মহাজন এবং ব্যবসায়ী। আজকে তাঁরা নিজেরা এগিয়ে আসছেন। সুতরাং গ্রামে একটা ধনী সম্প্রদায় সৃষ্টি হয়েছে যে ধনী সম্প্রদায় একাধারে জমির মালিক, মহাজন এবং ব্যবসায়ী। সমবায় আন্দোলনে যাঁরা এগিয়ে আসে সমবায়ের যে টাকা, সমবায়ের যে সুযোগ সুবিধা সেটা আহরণ করে আবার শোষনের হাতিয়ার হিসাবে তারা সমবায়গুলিকে তৈরী করে সাধারণ কৃষকের উপর। সমবায় আন্দোলন নিশ্চয়ই একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এইসব যে ধনী—গ্রাম্য ধনী তাদের বিরুদ্ধে যদি সেখানকার ছোট এবং মধ্য কৃষককে সমবায় করে এই শোষণের বিরুদ্ধে দাঁড় করানো যায়, সমবায় করানো যায় তাহলে নিশ্চয়ই যোগ্য ভূমিকা তারা পালন করতে পারে কিন্তু বর্তমানে আমাদের দেশে সমবায়ের যে চরিত্র সেটা হচ্ছে ধনীদের হাতে অস্ত্র হয়েছে সাধারণ গরীব কৃষক, মধ্য কৃষক তাদের শোষণের সুতরাং এদিক থেকে বিচার করলে সমবায় আন্দোলন যে বাঁধাধরা ছকের মধ্য দিয়ে ঘুরে বেড়াচ্ছে, তার সার্থকতার দিকে সেটা খুব বেশী অগ্রসর হচ্ছে না এই অভিযোগ আমরা করতে পারি এবং এটা বাস্তব অভিযোগ। দ্বিতীয়তঃ ক্রেডিটের যে প্রয়োজন আছে একথা অস্বীকার করে লাভ নেই কিন্তু যে পরিমাণ ঋণ কৃষকদের দেয়া হয়, আজ পর্যন্ত কো-অপারেটিভ থেকে যে ঋণ দেয়া হচ্ছে যদিও হয়ত গ্রামের শতকরা ২৫ ভাগ প্রয়োজনকে তারা মেটাতে পারে কিন্তু যা প্রয়োজন ৮ থেকে ১০ ভাগের উপর আজও পর্যন্ত দেয়া সম্ভব হয়নি।

সেটা গ্রামের শতকরা ২৫ ভাগ লোক তাঁরা ছুঁতে পারে। কিন্তু যা প্রয়োজন তার ৮ থেকে ১০ ভাগের উপর আজও ঋণ দেওয়া সম্ভব হয় না। এইদিক থেকে এই ঋণের ব্যাপারে, যে সমবায়ের মাধ্যমে দেওয়া হয় সেটা আমরা জানি যেহেতু আজকে সমবায় ধনী কৃষক ও গ্রামে ধনীকদের হাতের অস্ত্র সেইহেতু তাঁরা নিজেরা সেই ঋণ নিয়ে তাকে আবার অতিরি সুদে যাঁর প্রয়োজন তাঁকে দেয় অথবা নিজের ব্যবসা বা মজুরীর কাজে লাগায়। সুতরা আজকে গ্রামে সমবায়ের চিত্র পরিবর্তন করা প্রয়োজন। কেননা, সমবায় যে অস্ত্র হতে পারতো তা হচ্ছে না। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা একটু বিচার করবেন এবং তাঁর যা কিছু বক্তব্য থাকে সেটা উপস্থিত করবেন। আমার মতে সমবায়ের সার্থকতা যথেষ্ট হয়নি এব অগ্রগতিও আশানুরূপ হয়নি। শুধু তাই নয় আজকে যাঁরা গ্রামের প্রধান অংশ অর্থাৎ দরি কৃষক তারা সমবায়কে আতঙ্কের চোখে দেখে এবং তারা সমবায় গঠনের জন্য উদ্যোগী হয়ে আসে না। তার কারণ তারা জানে এটা ধনী কৃষক এবং গ্রাম্য ধনীকদের শোষণে হাতিয়ার। অপরদিকে সমবায় যে দলীয় নীতিতে চলে সেবিষয়ে কোন সন্দেহ নেই এখানে মাননীয় সদস্য জহরবাবু সেটা অত্যন্ত জোরের সঙ্গে প্রতিবাদ করার চেষ্টা করেছিলেন

[5-5—5-15 p.m.]

তা ছাড়া এইমাত্র মুর্শিদাবাদের মাননীয় সদস্য আর একটা ঘটনার কথা বললেন। সেখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট স্বর্ণশিল্পীদের বলেছিলেন যে, আপনারা একটা সমবায় করুন আমরা একটা বাস দেবার ব্যবস্থা করবো।" তাঁর কথা মত সেখানকার স্বর্ণশিল্পীরা একটা সমবায় করলেন কিন্তু হঠাৎ দেখা গেল সেখানকার কে এক কমল ব্যানার্জী তাঁকে বাসটা দেওয়া হল। তার কারণ সেই কমল ব্যানার্জী হচ্ছেন কংগ্রেসের লোক এবং সেখানকার কর্মী। সুতরাং দলীয় নীতি নেই একথা বলে লাভ নেই। আর সবচেয়ে বড় কথা হচ্ছে, আজকে গ্রামাঞ্চলে সমবায় যে শ্রেণীর বিরুদ্ধে আঘাত করতে পারতো, তাঁদের বিরুদ্ধে না করে যে শ্রেণীর সমবায় সবচেয়ে বেশী প্রয়োজন তাঁদের বিরুদ্ধেই প্রধানতঃ আঘাত করছে। সেইজন্যই সমবায়ের অগ্রগতি স্তিমীত হয়ে আছে। আজকে এটা খুব জরুরীভাবে বিচার করা উচিত। সুতরা সমবায় নিয়ে যাঁরা মনে করছেন বা দাবী করছেন যে সমাজতন্ত্রের দিকে এগুচ্ছেন আমি বলব তাঁদের কথা মোটেই সঠিক তো নয় বরং গ্রামাঞ্চলে যে সমস্ত শোষণ রয়েছে সেটা দুর করবার কাজেও এঁরা একেবারেই অগ্রসর হতে পারেন নি। তারপর আর একটি বিষয়ের প্রতি আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল, সম্প্রতি কনজুমারস কো-অপারেটিভ নিয়ে যে আন্দোলন সুরু হয়েছে সে সম্পর্কে, এর সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয় যে চিত্র পরিবেশন করেছেন, আমার মনে হয় এটা অতিশোয়ক্তি বা এটা তার আত্মপ্রসাদের মনোভাব। তিনি হোলসেল ব্যবসা সম্পর্কে যে কথা বলেছেন, গত এপ্রিল মাসে ৪ লক্ষ টাকার এবং ১৯৪৬ সালে ডিসেম্বর মাসে ৩৭ লক্ষ টাকার তাঁরা ব্যবসা করেছেন। কিন্তু এটা কি খোঁজ নিয়েছেন যে এতে কি মূলধন লাগানো হয়েছে? মূলধন যেটা লাগানো হয়েছে ৫০ লক্ষ টাকার বেশী অর্থাৎ এক মাসে যে মূলধন লাগানো হয়েছে সে মূলধন তাঁরা কাজে লাগাতে পারছেন না। এ ছাড়া প্রত্যেক সমবায়কে ঠিক পরিমাণ অর্থাৎ ৫০ লক্ষ টাকার বেশী ক্যাস ক্রেডিট এর সুযোগ কো-অপারেটিভ ডিপার্টমেণ্ট থেকে দেওয়া আছে। সেই ক্যাশ ক্রেডিট-এর টাকা ক'জন ড্র করতে পারছেন এটা একটু বিবেচনা করে দেখতে বলি। সুতরাং এদিক থেকে এই হোলসেল কনজুমারস কো-অপারেটিভগুলো এবং প্রাইমারী কনজুমারস কো-কপারেটিভগুলো অত্যন্ত কঠিন সমস্যার সম্মুখীন হয়েছে। সেইজন্য এটা যদি বিবেচনা না করা যায় শুধু রেশনসপএর মাধ্যমে যদি এই সমস্যার সমাধান করার চেষ্টা করা হয় তাহলে আমি মনে করি এটা খুব ভুল হবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Narayan Chandra Ray :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আমার বক্তব্য সমবায়কে এই প্রাধান্য দিয়েই আমার প্রশ্নগুলো রাখবো। দেশের শিল্প উন্নতির জন্য ইণ্ডাস্ট্রি, স্মল স্কেল ইণ্ডাস্ট্রিও কো-অপারেটিভএর সবগুলিই সমস্যা সমাধান করতে পারে। কিন্তু, যেহেতু বিভিন্ন স্তরের মানুষ বিভিন্ন স্তরের অর্থনীতি নিয়ে

কাজ করে সেইহেতু প্রত্যেকের ভঙ্গিটাও আলাদা তার প্রশ্নও আলাদা এবং ফলও আলাদা। তাই সেই সমবায়কে আমরা যে চোখে দেখি সেটাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফত রাখবো। আজকে যদি সমবায়কে উন্নত করতে হয় এবং সমবায়ের মাধ্যমে একত্রে সবাই মিলে কাজ করেন এই রকম একটা দৃষ্টিভঙ্গী নিয়ে যদি দেখি তাহলে আর বাকীটা যদি নাও বুঝি তাহলে বর্তমানে সাধারণ মানুষের সমস্যা যেটা যার কথা গোপালবাবু তুলে ধরতে চেষ্টা করেছেন সেটার কথা আমি বলবার চেষ্টা করবো। এই সমস্যাটা হল বিরাট যেন একটা বন্যায় চারিদিক প্লাবিত করেছে; ঘরবাড়ী ভেঙ্গে গেছে এবং মানুষ ভেসে যাচ্ছে যেন তাদের মধ্যে কেউ হয়ত গাছের উপর; কেউ ভাঙ্গা ছাদে আশ্রয় পেয়েছে, আজকে এই নূতন যুগকে নূতন শিল্পকে নূতন পদ্ধতিতে নূতন আক্রমণ নিয়ে এই সমস্ত দিক দিয়ে দেখতে গেলে দেখা যাবে সাধারণ মানুষ যারা ভারতবর্ষের গ্রামে শহরে পুরাণ যুগের পদ্ধতি নিয়ে কাজ করে দিন কাটাতো আজকে তারা এই রকম একটা ঝড়ের সম্মুখীন হয়েছে. আজকে তাই এই সমবায়কে এদের চোখ দিয়ে না দেখলে সমস্যার সমাধান হবে না। কাজেই এ প্রশ্ন কো-অপারেটিভ ডিপার্টমেণ্টএর সামনে তুলে ধরতে চাই, এটা যেন সেরকম একটা ব্যাপার সেই যেন জলে ভেসে যাওয়া সেই মানুষ যে গাছে বা ছাদে আশ্রয় নিয়েছে. তাকে নৌকা করে তুলে নেওয়া চলে, কিন্তু যে মানুষ জলে ভেসে যাচ্ছে তাকে জলে নেমে নিজের জীবন বিপন্ন করে তুলে না নিলে তার জীবন রক্ষা করার কোন অর্থই হয় না, সুতরাং আমার প্রশ্ন সেই সব মানুষকে নিয়েই যাদের নিয়ে আমরা কাজ করছি। এখন যদি আমরা কাপড় চামড়া, জুতো ইত্যাদি আইটেম দিয়ে বলি যে আমরা উৎপাদন বৃদ্ধি করছি তাহলে আমাদের স্মরণ রাখতে হবে সেই সব মানুষকে যাদের উৎপাদন পদ্ধতি অত্যন্ত নিম্নমানের, তাদের স্কিল অত্যন্ত নিম্নমানের, তাদের মূলধন অত্যন্ত কম। আমি একটা জিনিষ বলছি না। বিভিন্ন শিল্প ভারতবর্ষের গ্রামে এবং শহরে পুরাণ যুগের মানুষ যা নিয়ে দিন কাটাচেছ তাদের সেই পটভূমিকায় তাদের নিয়েই প্রশ্ন। আজ তাদের দিয়ে প্রোডাকশন সমাধা হচেছ কি? দেশের উৎপাদন বৃদ্ধি কথাটাই কি বড়। তা যদি হয় তাহলে সে চোখে দেখতে হবে। আপনি মনে করুন বৃহৎ শিল্পের সামনে যদি এই সমস্ত মানুষকে দাঁড় করাতে হয় তার এডিকোয়েট ক্যাপিট্যাল চাই. আপনি কল্পনা করুন একটা ৪ লক্ষ টাকার ক্যাপিটাল আপনার সংগঠনের সামনে দাঁড়িয়ে একটা মানুষকে ২০০।৪০০ টাকা বা ২ হাজার টাকা দিয়ে একটা কো-অপারেটিভ করে আপনি তাদের দাঁড় করাবেন এর বিরুদ্ধে লড়বার জন্য? আপনি তা হলে বর্ত্তমান যুগের যে সমবায় মানুষ যেজন্য আপনার কাছে সাহায্য চাইছে আপনি তার অর্থ বুঝতে পারেন নি। আজকে যদি তাকে এই জিনিষের সম্মুখীন করতে হয় আর আপনি যদি তার রক্ষক হিসাবে এই আক্রমণের বিরুদ্ধে তাকে আগলাতে চান বা তাকে যদি বাঁচিয়ে সংঘবদ্ধ করতে চান এবং তা করে কমপিটিশ্যান-এ লড়ে আবার যাতে এরা মানুষের মত বাঁচতে পারে তার ব্যবস্থা করেন তাহলে আপনাকে কতকগুলি জিনিষ করতে হবে। তা না হলে আপনারা যা করছেন যে ভাবে আপনাদের কো-অপারেটিভ চলছে সেটা আমি বলি ওই যে গ্র্যাচুইটাস রিলিফ দিয়েছেন এটা তারই নামান্তর। আপনি বেশ জানেন এই সব মানুষ এই ক্যাপিট্যাল এর বিরুদ্ধে কখনও এমনিভাবে গড়তে পারে না। যে কাল মরে যেত আপনি তাকে টাকা দিয়ে ১০ দিন ১ বছর বা ২ বছর তার মৃত্যুকে পোষ্টপন করতে পারেন কিন্তু অর্থনৈতিকভাবে তাকে দাঁড় করিয়ে দিয়েছেন একথা আপনার মুখে শোভা পায় না। কেন না, একটা জায়গায় নিজে দাঁড়াতে গেলে, শহরে যদি করতে হয় বা গ্রামে যদি করতে হয় প্রত্যেক ব্যবসায় তার একটা মিনিমাম ক্যাপিট্যাল আছে, সেই প্রত্যেক ক্যাপিট্যাল আমি কতটা দিতে পারি তার উপর নির্ভর করে অর্থাৎ এই ব্যবসায় এই যুগে সে এমনি ভাবে বা এমনি ভাবে দাঁড়াতে গেলে এতগুলি টাকা এই সংগঠনের এমনিভাবে চাই এর উপর নির্ভর করে। আপনি বলুন আপনার ডিপার্টমেণ্টএ সেরকম যোগাযোগ আছে, যে মাল আপনারা দিতে পেরেছেন সেরকমভাবে সে রোগা মানুষকে তুলতে পেরেছেন। আমি জিজ্ঞাসা করছি আপনি যখন এরকম একটা হিসাব করে তাকে দিয়ে থাকেন আপনার হিসাবের মধ্যে কতবড় একটা রং ইকোনমিকস রয়েছে। কতবড় একটা মিথ্যা কথা রয়েছে। আপনি তা কোন দিন ভাবেন নি। আপনি একটা জায়গায় ২০ হাজার টাকা গ্র্যাণ্ট দিয়েছেন। আপনি একটা হিসাব করে দিয়েছেন যে এরকম একটা বাড়ী লাগে, এরকম একটা ক্যাপিট্যাল লাগে, এরকম র মেটিরিয়াল লাগে, এই রকম প্রোডাকশন হয় এবং এতে ১৫ হাজার টাকা

লাগে। তারপর কোটা ঠিক না জেনে আজকে যেটা উৎপন্ন হয় কালকে বিক্রী হয়ে গেল একথা আপনাকে কে বললে, আজকে যেটা উৎপন্ন হয় কালকে তার পরের দিন সেটা বিক্রি হয়ে যাবে একথা আপনাকে কে বললে? কোন অর্থনীতি বললে? অথচ আপনি অঙ্ক কষে বলে দেন যে এই মাল তৈরি হয়ে কালকে বিক্রি হয়ে যাবে। কাকে আপনি প্রবঞ্চনা করছেন? যারা আপনাকে কোন কথা বলতে পারেনি, যারা আপনার কাছ থেকে টাকা সাহায্য নিয়েছে, তারা এই ভেবে কোন দিন নেয়নি যে এটা নিয়ে আমি অর্থনৈতিক উন্নতি করব আমি সফল হব। কারণ এর পিছনে অর্থনীতি নেই, অংক নেই, এর পিছনে ভিক্ষা আছে। তুমি মরে যেতে ১৯৬৫ সালে, ১৯৬৭ সাল অবধি তুমি বেঁচে থাক, এর বেশী নেই। ঐ ১৯৬৭ সালে আপনি যখন হিসাব করবেন তখন বলবেন তুমি যে এই টাকা নিয়েছিলে, কই, ব্যবসা করে তো লাভ করনি? সে বলবে আপনাকে মহাশয় লাভ করার মত তো আমাকে করে দেননি। আমি যদি আপনাকে জিজ্ঞাসা করি লাভ করার মত যে শিক্ষা দেওয়া দরকার তা কি আপনি দিয়েছিলেন? আমি যদি বলি আমার যে সংগঠন করে দেওয়া দরকার তা করে দিয়েছিলেন? আমি অশিক্ষিত মানুষ, কাঁচা মাল কোথা থেকে আসবে জানি না, আমাকে আপনি কাঁচা মালের ব্যবস্থা করে দিয়েছিলেন? এত বিরাট কমপিটিসানের সামনে এই যোগাযোগ আপনি আমাকে করে দিয়েছিলেন? আপনি এই কথায় যদি জবাব দেন তাহলে আমি বলব হ্যাঁ অর্থনীতির হিসাবে আমি ব্যর্থ হয়েছি। তা যদি না করে দিয়ে থাকেন তাহলে আমি বলব আপনি ভিক্ষা দিয়েছেন, সেই ভিক্ষা আমি খেয়ে উড়িয়ে দিয়েছি। আপনি এটা বাঁচাবার চেষ্টা করেছেন, অডিট মারফত আপনি প্রতি দিনের প্রতি পয়সার হিসাব রাখতে বলেছেন। যে মানুষের উৎপাদিকা শক্তি এত কম, যার সংগঠনের এত প্রয়োজন, তাকে এখানে লড়াই করতে গেলে এই রকম ব্যাক টু দি ওয়াল লড়তে হয়। আপনি তার উপর সেলস ট্যাক্স অডিট থেকে আরম্ভ করে কিনা রেখেছেন? তার যে উৎপাদিকা শক্তি আছে, যে লাভ তার হতে পারে, তার যদি সো, ডেকোরেশান, এ্যাডভার্টাইজ-মেণ্ট, সেলসম্যানসিপ সমস্তগুলির অঙ্ক কষে দেন তাহলে আপনি কি বলতে পারেন কিছুতেই তাতে তার লাভ হতে পারে? আপনি সেখানে অর্থনৈতিক বুনিয়াদ রাখবেন না অথচ আপনি অর্থনৈতিক হিসাব করে তার শেষ পর্যন্ত বোঝাপড়া করবেন। আমি বলছি না অর্থনৈতিক দান খয়-রাত করতে সব জায়গায়। কিন্তু সত্য কথাকে সত্যভাবে বলুন। কারণ, কো-অপরেটিভের জন্য যে সাহায্য চাই সেটা করুন। সব কো-অপারেটিভ এই রকমের নয় যারা শিল্পপতি, ছোট শিল্পপতি, স্মল স্কেল ইণ্ডাস্ট্রি এগুলির কথা আমি বলছি, সত্যিকারে এগুলি সরকারী সাহায্য সংগঠন খানিকটা পেলে, তাদের নিজেদের বিদ্যা আছে বুদ্ধি আছে, তাদের সংগঠন যোগাযোগ লায়েসান এবং অন্যান্য যা কিছু আছে তাতে তারা দাঁড়িয়ে যেতে পারে। একটু-খানি হাত ধরে তাদের চালিয়ে দিন। কিন্তু দিস ইজ নট টু ফর অল। আপনি সেখানে কি করছেন সেটা জানান? আমার বলার উদ্দেশ্য হচ্ছে এই এখানে যা করা উচিত ছিল আপনি তা করেন নি, করতে পারবেন কিনা আমি জানি না। আপনি যদি কো-অপারেটিভের সবকিছু অলটার করেন তাহলেও পারবেন না। আমি বলছি ওপেন মার্কেটে আপনি যদি এদের র মেটিরিয়ালস যোগান দিতে চান তাহলে যোগান দিতে গেলে পাইকারী মহাজন যারা এদের মাল যোগান দেয় তাদের সঙ্গে আপনাকে সংঘর্ষে নামতে হবে। আপনি তার প্রতিনিধি হয়ে যদি এই বিরাট অর্থনৈতিক সংগ্রামে অবতীর্ণ হতে রাজী থাকেন তাহলে আপনি বলতে পারেন তার পাশে দাঁড়িয়ে আছেন। যে মহাজন তাকে কামড়ে খাচ্ছে যে মাল যোগান দেওয়ার সময় ৫ টাকার জায়গায় ৭ টাকা নিচ্ছে তার বিরুদ্ধে আপনি দাঁড়িয়ে যদি ৫ টাকায় যোগান দিতে চেষ্টা করেন তাহলে সত্যিকারে আপনি ওয়েলফেয়ার স্টেট ক্লেম করতে পারেন। আপনি তবে বলতে পারেন সমাজতন্ত্রের পথে পা বাড়াচ্ছি। যারা ছোট মানুষ বড় শিল্প পতি নয়, এই ছোট মানুষ আবার আরো ছোট মানুষকে কামড়ে খায়, তাদের সঙ্গে আপনি দাঁড়িয়ে এই মাঝারি মানুষের বিরুদ্ধে যদি সংগ্রাম করতে পারেন তবে আমি বলতে রাজী আছি আপনি যা বলছেন তা করার প্রচেষ্টা রয়েছে। অশোকবাবু বলেছেন সত্যিকারে ইণ্ডাস্ট্রিয়াল অর্গানাইজেসানে যারা মেন ইন দি ফিল্ড তাদের সম্বন্ধে পে স্কেল করা উচিত। আমি সেই সঙ্গে একটা কথা জোর দিয়ে বলব আপনাকে খুঁজে বের করতে হবে যেসব মানুষ গরীব মানুষকে ভালবাসে তাদের পাশে দাঁড়িয়ে লড়াই করতে চায়, শুধু সরকারী টাকা বাঁচল কি বাঁচল না এটা দেখা সত্যিকারে যাদের উদ্দেশ্য নয়, গরীব মানুষকে দাঁড় করাবার জন্য

যদি ডিপার্টমেণ্টের সাথে লড়তে হয় তাহলে লড়তে পারে এই রকম অফিসার যদি না দেন তাহলে বিভিন্ন ডিপার্টমেণ্টে যেখানে কাঁচা টাকা নিয়ে খেলা হয় সেখানে সব মানুষকে ২ শো টাকা পেতে গেলে ৩০ টাকা ঘুষ দিতে হবে এই জিনিষ হবে।

[5-15—5-25 p.m.]

আপনি কি সেরকমভাবে সেই সব জায়গায় নজর দিয়েছেন? ইউ স্ুড কনটাক্ট উইথ দি পিপল। আপনাদের গণসংযোগ যেখানে হচ্ছে, যাদের মারফৎ মানুষ আপনাদের কিনবে, চিনবে, আপনারা প্রচণ্ড রকম দয়া করে দেশকে দয়া করেছিলেন কিন্তু সেই উদ্দেশ্যে সেখানে মানুষকে তিন শো টাকা দেবার সময় যদি ৫০ টাকা ঘুষ চায়, তাহলে সেই মানুষকে দেখে সরকারকে তারা কি ভাবে বিচার করবে? আপনাদের শুধু এগুলি দেখলে হবে না, নীতি দেখলে হবে না আপনাদের সেই কেডার সৃষ্টি করতে হবে। আজ দুর্ভাগ্য আপনারা সেই কেডারএর দিকে নজর দেন নাই। আমি যেটা বলতে চাচ্ছি—আজকে যেটা অত্যন্ত প্রয়োজন এগ্রিকালচারএ প্রয়োজনীয় সেল ট্যাক্সএর কথা বলেছেন, সে সব অন্যান্য দিকে খরচ করিয়ে যদি কো-অপারেটিভকে লাভবান করতে চান তাহলে তার অন্যান্য খরচের ভার আপনাদের নিতে হবে এখানে শুধু ব্যাঙ্কিং য়্যাকাউণ্ট-এর হিসেবে পাউণ্ড শিলিং এবং পেন্সে সেটা দু পয়সা তিন পয়সা লাভ হয়েছে এ দেখলে আপনাদের হবে না। একটা ব্যবসায় করা একটা জিনিষ, আর মানুষ তৈরী করা আর একটা জিনিষ। এখানে প্রয়োজন মানুষকে দাঁড় করিয়ে দেওয়া। তার জন্য আপনারা এখানে করেন নি বিভিন্ন জিনিষ? বড় বড় শিল্পে আপনারা লোকসান দেন নাই? আপনারা বলেন নি যে এখানে দেশ গঠনের জন্য এই লোকসানটা লোকসানই নয়। আপনারা গরীব মানুষকে দাঁড় করাবার জন্য বেসরকারী তরফকে পয়সা দিতে হয়, কিছু খরচ করতে হয়। এখানটাতে আপনাদের কৃপণতা কেন? এখানে কেন আপনাদের হাত সংকুচিত হয়ে গেল? আজ সাধারণ মানুষ জানে আগেকার ইংরেজ আমলের যে অফিসার এবং পরের যুগের যে অফিসার তার মধ্যে অফিসারের কৃতিত্ব ছিল কোথায়? না, সেখানে যেখানে সরকারের পয়সা কিসে বাচান যায়। আর আজকে অর্থনৈতিক পরিবর্তন হয়েছে, এখন এই কর্মচারীদের আপনারা শিখিয়ে নিন, আপনারা লোকের কাছে গিয়ে দেখিয়ে দিন যে হ্যাঁ, সরকারের চেহারা বদলে গেছে, তার সেই হিংস্র মুখটা আর নেই। তার বদলে একটা হাসিমুখ এসেছে, তারা সহযোগিতা করতে চায়। এখানে বসে বললে হবে না, যাদের আপনারা সাহায্য করতে চান, তারা তো এখানে আপনাদের বক্তৃতা শুনতে আসেনি। যাদের মারফৎ মানুষের সঙ্গে আপনাদের গণসংযোগ। তাদের মুখ বদলে দিন; তাদের হাত বদলে দিন। তাদের ভাষা বদলে দিন।

Good officers are very good officers but they are not necessarily very good social workers.

এই কাজটার মধ্যে অফিসারশীপের সঙ্গে একটা সোসাল সার্ভিস কথা অত্যন্ত ওতঃপ্রোতভাবে জড়িত আছে। মানুষ এই দিয়ে আপনাদের বিচার করবে।

আমি বক্তব্য শেষ করবার আগে কনজুমারস কো-অপারেটিভ সম্বন্ধে দু-একটা কথা এখানে বলতে চাই। এই আশা করি আপনাদের আন্তরিক কামনা সফল হোক, মানুষের ঘরে যেটুকু রোজগার হয়, তার চেয়ে কম খরচে নিজেদের জীবনের প্রয়োজনীয় জিনিষপত্র কিনে নিতে পারে—সেটা আমারও কামনা। কিন্তু যেভাবে চলছে তাতে বিপদ একটা আছে। এই কলকাতা সহরে কয়েকটা জায়গায় দেখেছি আপনারা এক একটা জায়গায় কো-অপারেটিভ করবার সময় সবাইকে তো নিতে পারেন নাই। প্রয়োজন সবাইকার। কিন্তু কিছু কিছু লোক এত টাকা দিতে পারে এই রকম একটি যদি থাকে তাহলে আমি জানি যে বেশী বড় করা যাচ্ছে না. একটা লিমিটেশন থাকা দরকার। কিন্তু সেখানে জানতে হবে যে মানুষেরা পাচ্ছে তার কাছে যে মানুষেরা পাচ্ছে না—এই সংঘর্ষ সৃষ্টি করছে। আর সব জায়গায় এই যে কনজুমার্স কো-অপারেটিভএ ফুল স্কেল মাল পেতে গেলে যে ক্যাপিটাল, যে টাকা দরকার, টাকা জমা দেওয়া দরকার, তা সব সময় দিতে পারছে কিনা—এটা খবর নেওয়া দরকার।

দ্বিতীয় হচ্ছে আপনি এটাকে রেশনের দোকানে পরিণত করছেন। এটা ঠিক আপনার ওন কনসাটিটিউশনের সঙ্গে মিলে কিনা। এটা বিভিন্ন জায়গায় আলোচিত হচ্ছে।

আমার শেষ বক্তব্য, একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আমি আপনাদের ধন্যবাদ দিচ্ছি যে ইলেকট্রিসিটি সম্বন্ধে আপনি নজর দিচ্ছেন। আমি দু-একটা জায়গার নাম করে বলবো— নবদ্বীপ, কৃষ্ণনগর, শান্তিপুর, সিয়াখালা—এই সমস্ত জায়গায় তাঁত শিল্প একেবারে ব্যাপকভাবে ছড়িয়ে গেছে। সেখানে যাতে ইলেকট্রিসিটিটা আরো একটু দরাজভাবে পেতে পারে এই অনুরোধ আপনার কাছে রাখছি। এর জন্য যদি প্রয়োজন হয় প্রাইভেট যারা যারা ইলেট্রিক কোম্পানী আছে, তাদের কাছ থেকে যদি তুলে নিতে হয়, আমি অনুরোধ করছি, তা তুলে নেবেন এবং কম খরচে যাতে গ্রামাঞ্চলে সকলে ইলেকট্রিসিটি পেতে পারে তার ব্যবস্থা করবেন। আমি আশা করি এই ইলেকট্রিসিটি সম্বন্ধে আরো একটু সিরিয়াসলি নজর দেবেন বিশেষ করে কনজুমারস কো-অপারেটিভগুলোতে।

Shri Abhoy Pada Saha :

মাননীয় স্পীকার মহাশয়, সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় তাঁর ব্যয় বরাদ্দ উত্থাপন প্রসঙ্গে যে চিত্র পরিসংখ্যান মারফত আমাদের কাছে বর্ণনা করলেন দেশের সমবায় সম্বন্ধে তাতে অবশ্য আশারই কথা যে দেশ সমবায়ের দিকে অগ্রসর হচ্ছে। কিন্তু বাস্তব অবস্থা কি তাই? কাগজ-পত্র বা পরিসংখ্যান মারফৎ আপনারা দেখাতে পারেন, কিন্তু বছরের পর বছর উত্তরোত্তর এই যে টাকা খরচ হচ্ছে সেটার সৎ ব্যয় হয়েছে বা তার দ্বারা সমবায় আন্দোলন গড়ে উঠেছে অবস্থা কি তাই? প্রথম কথা হচ্ছে সমবায়ের উদ্দেশ্য কি? আমার মনে হয় সমবায়ের উদ্দেশ্য হচ্ছে দেশ থেকে শোষণ ব্যবস্থা দূর করা এবং জনসাধারণকে আত্মনির্ভরশীল করে তোলা। কিন্তু সরকারী ব্যবস্থায় যে কাজ চলছে তাতে কি সেই উদ্দেশ্য সাধিত হয়েছে? আমরা তো দেখছি শোষণ দূর হচ্ছে না বা লোক আত্মনির্ভরশীল হচ্ছে না, বরং তার উলটো অবস্থা চলছে। স্যার, প্রথমে আমাদের দেখতে হবে এই সমবায়ের মাধ্যমে বেশী শোষণ হচ্ছে কিনা এবং লোক আত্মনির্ভরশীল হবার পরিবর্তে এর উপর বীতশ্রদ্ধ হচ্ছে কিনা। স্যার, একটি মহকুমার সুদূর পল্লী অঞ্চলের দিকে যদি তাকাই, সেখানের অবস্থা যদি খতিয়ে দেখি তাহলে প্রথমে আমাদের দেখতে হবে সমবায়কে দেখে মানুষ আশা, আকাংখায়, আগ্রহে উদ্বুদ্ধ হয়েছে কিনা। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি সেদিকে তাকালে আমরা দেখছি সমবায়ের মধ্যে ঢেঁকী শিল্প, তেল শিল্প সব উঠে গেছে—অর্থাৎ ঢেঁকী পেটে গেছে এবং তেল শিল্পের টাকা পয়সা সব মেরে দিয়েছে, জমি জায়গা কিছু নেই। সরকারী ব্যবস্থাপনায় সমবায় আন্দোলনে এই অবস্থা এসে উপস্থিত হয়েছে। মন্ত্রিমহাশয় বললেন মার্কেটিং সোসাইটিগুলো উত্তরোত্তর বৃদ্ধি হচ্ছে, গোডাউন-এর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং এত টাকা খরচ হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে মার্কেটিং সোসাইটিগুলো আস্তে আস্তে ক্ষয়িষ্ণু অবস্থায় এসে যাচ্ছে, তাদের গোডাউন উঠে যাবার মত অবস্থা হয়েছে এসব জিনিষ মন্ত্রিমহাশয় তদবীর, তল্লাস করে দেখেছেন, না খাতাপত্র, নোট, সরকারী কর্মচারীদের রিপোর্টের উপর নির্ভর করে এইসব তথ্য আমাদের কাছে উপস্থিত করেছেন? তারপর, সুধীরবাবু যে মার্কেটিং সোসাইটির কথা বললেন তা শুনে আমি তো তাজ্জব হয়ে গেছি। কিছু কিছু মার্কেটিং সোসাইটির লোক ভাল আছে, কিন্তু বেশিরভাগ কো-অপারেটিভ এতে যত অসৎ লোক তারা গিয়ে জড়ো হয়েছে এবং জনসাধারণ যে টাকা দিচ্ছে সরকারের তহবিলে সেগুলো মেরে দিচ্ছে। অর্থাৎ আমরা চাক্ষুস দেখছি জনসাধারণ শোষিত হচ্ছে, উদ্ধার হচ্ছে না। যে কয়জন সৎ লোক আছে তাদের কি করে ধ্বংস করা যাবে চারিদিক থেকে সেই চাপ দেওয়া হচ্ছে। এবারে আমি সমবায় আন্দোলন কিভাবে চলছে তার একটা দৃষ্টান্ত দেব। ভরতপুর ব্লক ডেভলপমেন্ট অফিসে একটা ট্রেনিং সেণ্টার হয়েছে—কার্পেন্ট্রি ট্রেনিং সেণ্টার। সেখানে কতগুলো ছেলেকে শিক্ষা দেওয়া হোল এবং একটা কো-অপারেটিভ করা হবে ঠিক হোল। সেই কো-অপারেটিভ হবার পর গভর্নমেণ্ট নমিনেসন হিসাবে বি. ডি. ও. আমার নাম লিখল। তারপর, ডিরেক্টর্স বোর্ড-এ কোন রকমে আমার নাম চলে গেল এবং মিটিং-এ আমাকে সেক্রেটারী করা হোল। আমি তখন বললাম যে আমি পারব না। কিন্তু ওখানকার কংগ্রেস দল এই সংবাদ

শুনে এরকম কেন করা হবে, ওনাকে কেন নেওয়া হবে এরকম বলতে আরম্ভ করল এবং তার ফলে বি. ডি. ও.-র নাজেহাল অবস্থা। যাহোক, সরকার এখন পর্যন্ত কোন টাকা দেয়নি, আমি ধারধোর করে এখনও কোন রকমে টিকিয়ে রেখেছি।

[5-25—3-35 p.m.]

সরকার থেকে এই পর্যন্ত কোন টাকা দেননি, চেষ্টাচরিত্র করে কোন রকমে ধারধোর করে তারা টিকিয়ে রেখেছে, কিন্তু সরকার এক পয়সাও দেননি, বরং আমি বামপন্থী লোক বলে কো-অপারেটিভ করে যদি খুব ভাল কিছু করে ফেলি, তাহলে অবস্থা কাহিল হয়ে যাবে, আমাদের প্রভাব-প্রতিপত্তি বেড়ে যাবে তাদের প্রভাব নষ্ট হয়ে যাবে, এই ভয়ে কো-অপারেটিভ যদি নষ্ট হয়ে যায় তো যাক। কিন্তু যে ট্রেইনী ছিল, তারা যুবক, তাদের উৎসাহ আছে, তারা চেষ্টাচরিত্র করে তদ্বির করে নিজেরা টিকিয়ে রেখেছে, কতদিন চলবে তা বলতে পারি না, এই অবস্থায় কো-অপারেটিভ এর ব্যাপারে যে লক্ষ লক্ষ টাকা ব্যয়িত হচ্ছে, জনসাধারণের টাকা খরচ হচ্ছে এতে কি খুব উপকার হবে? দেশের পরিস্থিতি যা দাঁড়িয়েছে, এইভাবে যদি সমবায় আন্দোলন চলে দেশের ভবিষ্যৎ কোথায় গিয়ে ঠেকবে সেটা খুব চিন্তার বিষয়। খুব ভাল আন্দোলন, সৎ আন্দোলন, জনসাধারণকে শোষণের হাত থেকে রক্ষা করার আন্দোলন এর নাম করলেই হবে না। প্রকৃত কাজ করতে হবে। তা না হলে ধর্মের নামাবলী গায়ে দিয়ে ধর্মের নাম করে লোকের কাছে যদি অধর্ম করতে আরম্ভ করে তাহলে ধর্ম খারাপ হয় না, যে লোকটা চুরি করছে সেই লোকটাই খারাপ হয়ে যায় আজকে এই অবস্থাই দাড়িয়েছে আমাদের দেশে। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যেমন সৎ লোক, ডিপার্টমেণ্টের কোন্ জায়গায় কি হচ্ছে এই সব খবর রাখা দুরূহ ব্যাপার, এই অবস্থায় দেশের জনসাধারণের বিন্দুমাত্র উপকার হবেনা বরং বিভাগীয় দুর্নীতি আরও অসহায় অবস্থায় আনবে।

Shri Adwaita Mandal :

মাননীয় স্পীকার মহাশয়, শিল্প জাতির মূল্যাবন বস্তুর চাহিদা মেটান। কিন্তু আজকে কেউ একথা বলতে পাচ্ছেন না যে জাতির জনগণের চাহিদা মেটান হচ্ছে। দেশের শিল্প খুব বেশী বাড়েনি। বরং শিল্পের অগ্রগতি বিষয়ে অধিকাংশই ঢাকের আওয়াজ। যতই আওয়াজ বাড়ছে ততই শিল্পের যোগান কমছে। শিল্পজাত দ্রব্য—তেল নাই, সিমেণ্ট নাই, চিনি নাই, আজকে বাজারে গেলেই দেখা যাবে বাংলাদেশের কি বীভৎস অবস্থা হয়েছে। আজকে গত ১৭ বছর ধরে আমরা দেখছি বহু শিল্পজাত দ্রব্য আমাদের দেশে হয় না। আমি তাই আমাদের শিল্পমন্ত্রী তরুণবাবুকে জানাচ্ছি আমাদের পুরুলিয়া জেলা দ্বিখণ্ডিত হয়েছে, কিছুটা অংশ বিহারে গেছে, কিছুটা অংশ বাংলার মধ্যে রয়েছে, কিন্তু দুঃখের বিষয় সেখানে আজ পর্যন্তও কোন শিল্প গড়ে উঠেনি। পুরুলিয়ার লাক্ষা শিল্প আজ ধ্বংসের মুখে, সেই শিল্প দেখার জন্য ব্লকে ব্লকে আদিবাসী অফিসার রেখেছেন, কিন্তু যখন লাক্ষার বীজ বিতরণ করা হয় তখন সেই বীজ শুকনা হয়ে যায়। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে পুরুলিয়া জেলার প্রতি দৃষ্টি রাখবার জন্য অনুরোধ করছি। পুরুলিয়া জেলায় বহু কিছুর প্রাচুর্য্য রয়েছে, সেখানে বিশেষজ্ঞ নিয়োগ করে যাতে নানা শিল্প, কুটির শিল্প গড়ে উঠতে পারে তার জন্য আমি বিশেষ অনুরোধ জানাচ্ছি। এই বলে আমি বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Sarkar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় এবং বাণিজ্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমার বক্তব্য সমবায়ের মধ্যে সীমাবদ্ধ রাখবো এবং বিশেষ করে এই দীর্ঘ ১৭।১৮ বৎসর যাবৎ এই সমবায়ের ক্ষেত্রে আত্মনিয়োগ করে কি অভিজ্ঞতা অর্জন করেছি এবং কাজের ভেতরে কি অসুবিধা পেয়েছি তা বলছি। নদীয়া জেলায় প্রায় ১৭৯৯টা গ্রাম আছে, ১৫ শতটা মৌজা আছে। সেখানে আমরা দেখেছি আজ সাড়ে ৭ লক্ষ একর জমি চাষ হচ্ছে নদীয়া বিভক্ত হবার পর যেখানে আড়াই লক্ষ একর জমিতে চাষ হত সেখানে আজকে সাড়ে ৭ লক্ষ একর জমিতে চাষ হয়ে চাষীর

ফসল নিশ্চয়ই কিছু বেড়েছে। আগে যেখানে ৭ লক্ষ মানুষ আজকে সেখানে ১৭ লক্ষ ৬৮ হাজার লোক বাস করছে। এই গোটা নদীয়া জেলায় সেখানে সমবায়ের ক্ষেত্রে বিগত ৩টা পরিকল্পনা আমাদের রাজ্য সরকার কতটা উন্নয়নমূলক কাজ করেছেন তা হিসাব দেখলেই বোঝা যাবে। নদীয়া জেলায় আজকে ৮০ হাজার তাঁতী এই তাঁত শিল্পে আস্তে আস্তে নিয়োগ করেছে। এর মধ্যে ১৭৬টি তন্তুজ সমিতি আছে। আমরা দেখেছি ১৬টি পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি আছে। আজকে সেখানে ১২৪৮ টা ক্রেডিট সোসাইটি নদীয়া জেলায় কাজ করছে। ১৯৫৬-৫৭ সালে নদীয়া জেলাতে সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক এই ক্রেডিট সোসাইটিগুলোকে দাদন দিত তখন দেখেছি ১১ লক্ষ টাকার মাধ্যমে দাদন দিতেন। আজকে সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক ১৯৬৪-৬৫ সালে ৬০ লক্ষ টাকা ক্রেডিট সোসাইটির মাধ্যমে দাদন করছেন। আমরা চাষীদের মধ্যে এবং সমবায় সম্বন্ধে এখানে যে সমস্ত বক্তৃতা শুনলাম তাতে একটা জিনিষ মনে হচ্ছে যে সমবায়ের ক্ষেত্রে সাধারণ চাষীরা হয়ত উপকৃত হচ্ছে না কিছু সুবিধাবাদী লোক তারা ঐ সমবায়কে কেন্দ্র করে এই অর্থ সংগ্রহ করে তাদের উপর শোষণ করছেন। এই কথা সত্য হলেও নদীয়া জেলার গ্রাম থেকে গ্রামাঞ্চলে কাজ করে আমি যে অভিজ্ঞতা অর্জন করেছি তাতে দেখছি যে সাধারণ চাষী সত্যকারের সমবায়ের মূল্য উপলব্ধি করতে পারছে। চাষের ক্ষেত্রে যখন তার সার, বীজ ও নগদ টাকার যোগান পাচ্ছে তখন তারা এ কথা পরিষ্কার উপলব্ধি করছে যে দিনের পর দিন যে মহাজনরা তাদের শোষণ করে নিঃস্বেষ করে জমি থেকে উৎখাত করছিলো সে চাষী আজকে তার নিজের জমিতে আত্মনিয়োগ করতে সমর্থ হয়েছে। আজকে যেখানে প্রোডাকশন-এর কথা উঠেছে সেখানে সরকারী ঋণ একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন হিসাবে দেখা দিয়েছে, কারণ যেখানে কো-অপারেটিভ সোসাইটি-এর মাধ্যমে যে ঋণ দেওয়া হয় সে ঋণের স্বার্থকতা উপলব্ধি করতে পাচ্ছে। কিন্তু সমবায় প্রতিষ্ঠান না থাকার ফলে তারা এই টাকা ঠিকভাবে কাজে লাগাতে পাচ্ছে না, এগ্রিকালচার ক্ষেত্রে আমরা দেখেছি। কিছু কিছু ক্ষেত্রে ফার্মিং সোসাইটি আছে কিছু কিছু ক্ষেত্রে কালেকটিভ ফার্মিং সোসাইটি করবার চেষ্টা করেছি। কারণ সাধারণ মানুষ চাষী যারা মাঠে কাজ করে তারা একথা যদি উপলব্ধি করতে না পারে তাহলে এই যে অর্থ এই অর্থ আমাদের সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে। কিন্তু তারা যদি এটা উপলব্ধি করতে পারে তাহলে তাদের সমস্ত অর্থ তারা নিজেদের কাজে নিয়োজিত করতে পারে। এই যে আদর্শ তাকে তোলবার জন্য যে কো-অপারেটিভ ইউনিয়ন আছে তাকে আরো এগিয়ে নিয়ে যাবার প্রয়োজনীয়তা আছে। আমরা প্রোডাকশনএর ক্ষেত্রে দেখেছি সে ইণ্ডাস্ট্রি হোক বা এগ্রিকালচার হোক সেখানে টাকা সমবায়ের ভিত্তিতে না খাটানোর ফলে সাধারণ চাষী শ্রমিক তাদের জীবনে সমবায়ের তেমন উৎসাহ সৃষ্টি করে নি একথা সত্য। কিন্তু সঙ্গে সঙ্গে একটা জিনিষ লক্ষ্য করতে হবে যে উৎপাদন হলেই সঙ্গে সঙ্গে ডিস্ট্রিবিউশন এর কথা ভাবতে হবে। এই ডিস্ট্রিবিউশন-এর কথা ভারতে গিয়ে আমরা মার্কেটিং সোসাইটি করেছি। এক নদীয়া জেলাতেই ১১টার উপর মার্কেটিং সোসাইটি আছে। আজকে ১৩।১৪ খানা আছে সেখানে আমরা আশা করি যে এই মার্কেটিং সোসাইটি ১৩।১৪টাই ভবিষ্যতে হবে। শুধু মার্কেটিং সোসাইটি হলেই হবে না সেখানে ষ্টোর করার প্রয়োজন আছে। কিছু কিছু ষ্টোর সেখানে দেখা গেছে। অর্থাৎ ৪টা কো-অপারেটিভ স্টোর সেখানে আছে। এই কোঅপারেটিভ রক্ষা করতে হোলে আমাদের কনজুমারস ষ্টোরস চালু করা দরকার।

[3-35—3-45 p.m.]

এই কনজুমার স্টোরস করতে গিয়ে আমরা একই আঘাত পাচ্ছি। সেটা হচ্ছে এই যে সাধারণ মানুষ যারা আসছে তারা বুঝতে পাচ্ছে যে টাকা সরকার দিচ্ছেন তার পিছনে ইনটারেষ্ট ফেস করছে। তাই সরকারের টাকা দিয়ে যে ইনটারেষ্ট গ্রো করাচ্ছেন এর পেছনে একটা লাভ থেকে গেছে। গ্রামাঞ্চলে মহাজনরা যে ইনটারেষ্ট লাভ করতেন সরকার তাই করছেন। গ্রামাঞ্চলে দেখেছি সাধারণ মানুষ এদিকে এগিয়ে আসছে কিন্তু তারা দেখছে যে কো-অপারেটিভ যে আইন আছে তার মধ্যে গলদ আছে। সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কো-অপারেটিভ এ্যাক্টস এবং রুলস-এর মধ্যে যে কাজ আমরা করছি সে কাজের মধ্যে আমরা দেখছি সরকারী অফিসার এবং কর্মচারীরা রয়ে গেছেন। সাধারণ মানুষের যে অভাব অভিযোগের যে প্রশ্ন আছে

তা জানতে গেলে কো-অপারেটিভ রেজিষ্টার-এর মাধ্যমে জানতে হয়। মলতঃ ক্ষমতা কো-অপারেটিভ রেজিষ্টার-এর থাকার ফলে সাধারণ মানুষের অসুবিধা হয়। কিন্তু আমরা দেখছি কো-অপারেটিভ আমাদের প্লানএ কো-অপারেটিভকে সেক্টর বলে ঘোষণা করা হয়েছে যেমন প্রাইভেট সেক্টর ও পাবলিক সেক্টর আছে, আমরা তেমনি কো-অপারেটিভ সেক্টর করেছি। এই সেক্টরএ যদি কমার্সিয়াল আউটলুক না থাকে তাহলে প্রাইভেট সেক্টরএ যা হচ্ছে তার সঙ্গে কমপিট করতে পারবো না। তার ফলে যারা আজকে কো-অপারেটিভএ কাজ করবে সে লোকগুলো অর্থনীতি ক্ষেত্রে লাভবান হতে পারবে না। এই উদ্দেশ্যে কো-অপারেটিভ করে সাধারণ মানুষ অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তোলার যে প্রচেষ্টা সে প্রচেষ্টা স্বার্থক করতে হলে এই আইনের পরিবর্তন করতে হবে। এই আইন পরিবর্তন করতে সরকার চেষ্টা করছেন বলে সে আলোচনা পরে করবো। কিন্তু আমি মনে করি যেমন কোম্পানী ল আছে সেই কোম্পানী ল এর মত যদি কো-অপারেটিভ ল যা আছে সে ল এর মাধ্যমে যদি আত্মপ্রকাশ হয় এবং আত্মনিয়োগ করাবার সুযোগ দিতে চান তাহলে ঐ কো-অপারেটিভ আইন পরিবর্তন করার প্রয়োজনীয়তা আছে। গণতান্ত্রিক সমাজ যদি কায়েম করতে হয় তাহলে এদিকে লক্ষ্য রাখতে হবে। যেখানে প্রাইভেট সেক্টর, পাবলিক সেক্টর এবং কো-অপারেটিভ সেক্টর হবে সেখানে এ বিষয় লক্ষ্য রাখতে হবে। আমরা যে মিশ্র অর্থনীতির ক্ষেত্রে সোসালিজিমের পরিকল্পনা করছি এবং যে অনুসারে দেশে সোসালিজিমকে রূপায়িত করবার চেষ্টা করছি সেখানে লক্ষ রাখতে হবে প্রাইভেট সেক্টরএ যে টাকা নিয়োজিত হচ্ছে কো-অপারেটিভ সেক্টরএ যে টাকা দিচ্ছে সেই টাকা যদি জনসাধারণের টাকা হয়, তাদের যদি শোষণের হাত থেকে র । করতে হয়, তাদের যদি দালালদের হাত থেকে রক্ষা করতে হয় তাহলে আমরা বিশেষ করে সোসালিজিমের পথে এই কো-অপারেটিভকে এগিয়ে নিয়ে যাব। এই কো-অপারেটিভ-এর কাজে আত্মনিয়োগ করে দেখেছি কো-অপারেটিভএর যারা অফিসার কর্মচারী আছেন তারা হৃদয়বান কর্মচারী। তাদের সঙ্গে কাজ করে দেখেছি সরকার বিভিন্ন বিভাগের ভেতরে কর্মচারীদের যেরূপ বেতন আছে কো-অপারেটিভএর বিভাগের কর্মচারীদের বেতনের বিরাট পার্থক্য থেকে গেছে। এদিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে এই কাজে তাদের যদি উৎসাহ সৃষ্টি করতে হয় তাহলে এদের বেতনের দিকে লক্ষ্য রাখবার প্রয়োজনীয়তা আছে। তারপর নদীয়া জেলায় একটা সমবায় মার্কেট আছে। এই সমবায় মার্কেটটা নবদ্বীপে আছে। এখানে আগে সপ্তাহে ১ লক্ষ টাকার কাপড় আদান প্রদান হ'তো। আজকে সেখানে দেখছে ৮।৯ লক্ষ টাকার ট্রাংজাকসান হচ্ছে। এখানে গোটা নদীয়া জেলা এবং বর্দ্ধমানের কিছু কিছু জায়গার লোক এ মার্কেটে এসে কেনাবেচার সুযোগ সুবিধা করে। এর ফলে এই হয়েছে যে গোটা নদীয়া জেলার বুকের উপর যদি সমবায়ের ভিত্তিতে একটা স্পিনিং মিল গড়ে তুলতে পারতাম—সাধারণ তন্তুবায় যারা আছেন তাদের যদি আমরা সূতা দিয়ে সাহায্য করতে পারতাম তাহলে নিশ্চয় আরও উপকার হোত। সাধারণ মানুষের অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তোলার কাজে আমরা আরও সুযোগ সুবিধা পেতাম। আমি বিশেষভাবে লক্ষ্য করেছি যে কল্যাণীতে যে স্পিনিং মিল আছে তার সুতা অন্য জায়গায় চলে যায়—কিন্তু নদীয়া তা থেকে খুব বেশী বেনিফিট পায় না। একথা আমি পরিষ্কার জানি নদীয়া জেলার লোকেরা সেই হায়ার কাউণ্টের সূতা ব্যবহারের সুযোগ নিতে পারে না। নদীয়ার বুকের উপর ৮০ হাজার তাঁতী যে নূতন সম্পদ গড়ে তুলেছে তার ভিতর ১৮৪টি যে সমবায় উইভার সোসাইটি আছে তাদের যদি আমরা সূতা দিয়ে সাহায্য করতে পারতাম তাহলে এই ৮০ হাজার তাঁতী তাদের অর্থনৈতিক বুনিয়াদ বাংলা এবং ভারতবর্ষের অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তোলার কাজে আত্মনিয়োগ করতে পারতো। আজ নদীয়া জেলাকে যদি বিচার করে দেখি তাহলে দেখতে পাই যে সেখানে ৪১৯টি ডিপ টিউবওয়েল বসেছে তার মধ্যে ৭০।৮০টি ডিপ টিউবওয়েল এনারজাইজড হয়েছে। সেখানে দেখছি বিদ্যুৎ সম্প্রসারিত হচ্ছে। নদীয়া জেলার আজকে সাত লক্ষ থেকে ১৭ লক্ষ ৬৮ হাজার লোকসংখ্যা দাঁড়িয়েছে—তাদের সামনে একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আবেদন করবো যে নদীয়া জেলায় শিল্প গড়ে তোলার জন্য শুধু কল্যাণীকে ইণ্ডাস্ট্রিয়ালাইজ করলে চলবে না—এর জন্য একটা হাই পাওয়ার কমিশন বসিয়ে দিয়ে গোটা নদীয়া জেলার টপোগ্রাফি বিচার করে আমরা যদি দেখি কটেজ ইণ্ডাস্ট্রি সেখানে কি হতে পারে—গ্রামের সাধারণ মানুষ যারা চাষে আত্মনিয়োগ করে—

শিল্পে আত্মনিয়োগ করে অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তোলার চেষ্টা করে তাদের সেই সমস্ত জিনিসটা আমরা যদি কমিশনের মাধ্যমে রাখতে পারি তাহলে নদীয়া জেলায় যে আনএমপ্লয়মেণ্ট আছে, যে আর্থিক দুর্গতি আছে সেগুলি আমরা দূর করতে পারি। ঠিক তেমনিভাবে গোটা বাংলা দেশের কথা বলা যায় সেখানে যে বিদ্যুৎ সম্প্রসারণের কাজ চলেছে সেটা এই হাই পাওয়ার কমিশন দেখবে—তারা গ্রাম থেকে গ্রামান্তরে গিয়ে কোথায় কোন ধরণের কুটির শিল্প গড়ে তুললে সাধারণ মানুষ তারা কাজে এগিয়ে আসতে পারে আমরা যদি এমন ভাবে গোটা ইণ্ডাস্ট্রিকে বিকেন্দ্রীকরণ করে দিতে পারি তবেই সম্ভবপর হবে আন এমপ্লয়মেণ্ট প্রবলেম দূর করা বা অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তোলা। একথা ঠিক যে আমরা বিভিন্ন দেশ ঘুরে যে অভিজ্ঞতা অর্জন করেছি শিল্পের ক্ষেত্রে বাংলা দেশের গ্রামগুলিতে কুটিরশিল্প তেমনভাবে এগিয়ে যায় নি। তাই আজকের দিনে আমাদের চিন্তা করতে হবে যে বাংলা দেশের আনএমপ্লয়মেণ্ট প্রবলেম যে রয়েছে—আর্থিক দুর্গতি বাংলা দেশের সামনে যে রয়েছে সেই সমস্যাগুলিকে দূর করতে গেলে শিল্পের সম্প্রসারণের প্রয়োজনীয়তা আছে—সমবায়ের ভিত্তিতে এগুলি চালাবার প্রয়োজনীয়তা আছে। আমাদের সরকার আর যাই করুক আমরা সেখানে অগ্রগতির একটু লক্ষণ দেখেছি এই বলে আমাদের সমবায় এবং বাণিজ্য মন্ত্রী যে দাবীদাওয়া পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি। জয় হিন্দ।

[5.45—5.55—p.m.]

Shri Tarun Kanti Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমি প্রথমেই আমার এখানকার মাননীয় সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানাই—কেন না যেরকম সহানুভূতির সঙ্গে তাঁরা আজকে এই জিনিসটা আলোচনা করেছেন—এখানে যেসমস্ত আলাপ আলোচনা হয়েছে আজকে বেশীরভাগ ক্ষেত্রেই কোন পার্টিকুলার কেস না নিয়ে তাঁরা একটা জেনারেল পলেসির উপর আলোচনা করেছেন। আমি সেইজন্য বেশীরভাগ পলেসির উপরই আলোচনা করবার চেষ্টা করবো। প্রথমে আমি এখানে একটা কথা বলি যারা নর্থ বেঙ্গল থেকে এসেছেন ননীবাবুই হোন আর আমার বন্ধু সুনীল বাবুই হোউন—ওঁরা নর্থ বেঙ্গল সম্বন্ধে বলেছেন—ওঁদের একটা স্বাভাবিক অভিযোগ রয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই—কারণ নর্থ বেঙ্গলে যে ইণ্ডাস্ট্রি অত্যন্ত কম এটা এই হাউসে দাঁড়িয়ে বিরোধী পক্ষের কাছ থেকে শোনবার পর এই জ্ঞান অর্জন করবার দরকার নেই—কিন্তু এটাও আজকে সঙ্গে সঙ্গে বুঝতে হবে যে নর্থ বেঙ্গলে ইণ্ডাস্ট্রি না হবার কারণ কি, এবং সরকারের তরফ থেকে কি কি করলে সেখানে ইণ্ডাস্ট্রি হতে পারে সেটাও বিচার করতে হবে। নর্থ বেঙ্গলে ইণ্ডাস্ট্রি নেই একথা শুধু বলে আপনারা আমাকে দোষ দিতে পারেন—আমি মেনে নেবো যে ইণ্ডাস্ট্রি নেই—কিন্তু কি করলে হবে সেই জিনিষটা আপনাদের জানানো দরাকার। আপনারা কি জানেন যে স্টেট হিসাবে আসামেরও কোন ইণ্ডাস্ট্রি গড়ে উঠতে পারে নি এবং একথা আমরা বুঝি যে নর্থ বেঙ্গল হোক, আসাম হোক তার স্ট্র্যাটাজিক ইম্পরটেন্স কত। সেখানকার মানুষের ইকনমিক স্টেবিলিটি আনা কত দরকার। আমাদের দেশের নিরাপত্তার জন্য এবং সেই সমস্ত দিক দিয়ে আমি এখানে পরিষ্কার করে ঘোষণা করতে চাই যে নর্থ বেঙ্গলে ইণ্ডাস্ট্রি করবার জন্য যত রকমভাবে করা সম্ভব আমরা করতে রাজী আছি। এখানে সুনীলবাবু বললেন যে তিনি আমার কাছে ছয় মাসে আগে একটা সই করে নিয়ে গিয়েছিলেন ইলেকট্রিক পাওয়ার দেবার জন্য। আমি বলে দিয়েছিলাম কিন্তু তিনি পান নি—সেজন্য আমি খুব দুঃখিত। কিন্তু তিনি আমাকে তরুণদা বলে ডাকেন, আমি তাকে সুনীল বলি এবং তুইও বলে থাকি—যখন তাঁর সঙ্গে এই রকম ব্যবহার করি তখন তিনি আমার কাছে আগে জানাতে পারতেন, আমি এটা সম্বন্ধে খোঁজ নিতে পারতাম। তা না করে ছয় মাস ধরে অপেক্ষা করে এই হাউসে বক্তৃতা দেবার সময় বললো—এটা না করে তিনি যদি আগে এটা বলতেন তাহলে আমি আরও বেশী খুসী হতাম এবং চেষ্টা করতে

পারতাম। আজকে নর্থ বেঙ্গলের যে ডিফিকাল্টি—এতকাল যেটা পাওয়ার ছিল না—স্পীকার আফটার স্পীকার বলে গেছেন সেই ডিফিকাল্টির কথা। সেখানে আপনারা জানেন যে আমরা জলঢাকা প্রজেক্ট করছি এবং তা নানা কারণের জন্য ভুল তথ্যের উপর ভিত্তি করে প্রথমে সুরু করা হয়েছিল তারপর অনেক রকম দুর্ঘটনা ঘটেছে তার জন্য দেরী হয়ে যাবার ফলে আমরা আশা করছি যে জলঢাকা প্রজেক্ট ১৯৬৬ সালের গোড়ার দিকে শেষ হবে। কিন্তু আমি বলতে চাই যে আমাদের এখন ১৮ মেগাওয়াট পাওয়ার তৈরী হচ্ছে। এই ১৮ মেগাওয়াট পাওয়ার কতটুকু সেটা আপনারা কল্পনা করতে পারবেন যখন জানবেন যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই ৩২০,০০০ মেগাওয়াট পাওয়ার তৈরী করে। এখন ১৮ মেগাওয়াট পাওয়ার যেটা তৈরী হবে তার ফার্ম পাওয়ার যেটা হবে তখন সেই ফার্ম পাওয়ারটা এসে দাঁড়াবে তার চেয়ে কম। যেটা পাওয়ার থাকে তার ২০ পারসেণ্ট কমে যায়—ফার্ম পাওয়ার তার চেয়ে এবং চতুর্থ পরিকল্পনার প্রথম দিকে গিয়ে আরও ৯ মেগাওয়াট পাওয়ার আমাদের সুরু হবে। অতএব তিনটি মিলিয়ে ৩×৯=২৭ মেগাওয়াট পাওয়ার যখন হবে তখন আশা করতে পারবো ১৮ থেকে ২০ মেগাওয়াট পাওয়ার আমরা সব সময় দিতে পারবো। তাহলে ধরুন এখন যদি ১০ মেগাওয়াট পাওয়ার দিই তাহলে কি ইণ্ডাস্ট্রি হতে পারে? অনেকে থারম্যাল পাওয়ারের কথা বলেছেন—আজকে থারম্যাল পাওয়র সেখানে যদি করতে যাই তাহলে কয়লা নিয়ে যাবার যে খরচ এবং তাতে যে ইলেকট্রিসিটি হবে তার প্রডাকসন খরচ সেটা অনেক বেশী হবে। এখানে আমার বন্ধু অশোকবাবু থারম্যান প্ল্যাণ্টের কথা বলছিলেন, ননীবাবু থারম্যাল প্ল্যাণ্টের কথা বলছিলেন আমি বলতে চাই যে থারম্যাল পাওয়ার কথাটা যত সহজ বলে মনে করেন তাঁরা অতো দূরে নিয়ে গিয়ে সেটা করা সম্ভব নয়। একটা কথা আপনাদের মনে করিয়ে দিই যে সচদেব কমিটি যে রিপোর্ট করেছিল তার মধ্যে একটা কথা বলা হয়েছিল যাতে আমরা ঠিক করেছিলাম যে জিয়াগঞ্জ মুর্শিদাবাদে আমরা একটা ১৫০ মেগাওয়াট পাওয়ার করবো। জিয়াগঞ্জের যারা মেম্বার তাঁরা দুঃখিত হয়েছিলেন যখন তাঁরা দেখলেন সেটা দুর্গাপুরে ট্রান্সফার করার জন্য আমরা ঠিক করেছি। কিন্তু তার কারণ হচ্ছে কয়লা সেখানে নিয়ে যাবার বন্দোবস্ত না থাকার ফলে আমাদের এটা করতে হয়েছে। অতএব জিয়াগঞ্জে যেখানে করতে পারছি না সেখানে নর্থ বেঙ্গলে গিয়ে করতে পারবো—এটা খুবই শক্ত জিনিস। তাহলেও আমি একথা বলবো যে আমাদের এখানে প্রজেক্ট তৈরী করবার জন্য নূতন একটা পরিকল্পনা নেবার জন্য আমরা অনুসন্ধান করতে সুরু করছি যাতে করে আমরা আশা করতে পারি ১০০ মেগাওয়াট পাওয়ার তৈরী হতে পারে এমন একটা সম্ভাবনা রয়েছে। অতএব যে জিনিসটা করা সম্ভব যে জিনিসটা চীপ সেই জিনিসটা করার দিকে আমরা চেষ্টা করবো। এখানকার মাননীয় সদস্যরা বলেছেন যে কেন দাম বেশী ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেসনের চেয়ে। এখানে অশোকবাবু বলছিলেন যে অন্য জায়গায় কষ্ট বেশী হবার জন্য শিল্পগুলি সব কলিকাতায় আসতে চায়। সত্য কথা, তবে আমি একথা মনে করিয়ে দেবো যে আজ থেকে ৪০ বছর আগে যে জেনারেটিং সেটা তারা কিনেছে তার যা দাম ছিল তাতে যা দর পড়ে আজকে জেনারেটিং সেট কিনে সেই রকম করতে গেলে সেই দরে হতে পারে না। আপনারা জানেন বিহারে কয়েক হাজার ডিপ টিউবওয়েল রয়েছে—তারা যে ডিপ টিউবওয়েল করেছিল তার ওয়াটার রেট তারা করতে পারে নি। আজ থেকে ১১ বছর পরে যদি করতে চান সেই রেট কি করতে পারবেন? তা করতে পারা সম্ভব নয়। আমি নর্থ বেঙ্গল সম্বন্ধে এটুকু বলতে পারি যে সেখানে আমরা ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করবো—পাওয়ার নিয়ে আসবার চেষ্টা করবো। আমাদের ওয়েষ্ট দিনাজপুর, মালদা, জলপাইগুড়ি, কুচবিহার, দার্জিলিং এই পাঁচটি ডিস্ট্রিক্টে অবশ্য জলপাইগুড়ি, দার্জিলিং কিছু কিছু চা বাগিচা আছে—কিন্তু ৫টি ডিস্ট্রিক্টের বেশীরভাগকেই নির্ভর করতে হয় ঐ একমাত্র কৃষির উপর এবং কিছু ধান কলের উপর।

আজকে অবশ্য জলপাইগুড়ি, দার্জিলিং এ কিছু কিছু চা বাগিচা আছে। কিন্তু বেশীর ভাগ ডিস্ট্রিক্টকেই নির্ভর করতে হয় ঐ একমাত্র কৃষির উপর এবং ধান কলগুলির উপর। আমি আপনাদের কাছে এইটুকু অনুরোধ করব যে এখানকার জন্য আমরা যেটা করতে চাচ্ছি সেটা হচ্ছে এই intensive and extensive cottage and small-scale industry আমাদের করবার চেষ্টা করতে হবে। এখানে সুনীলবাবু অনেকক্ষণ ধরে বক্তৃতা দিয়ে

বললেন ভারত সরকার আমাদের বিমাতৃসুলভ মনোভাব নিয়ে দেখেন বলে আমরা ইণ্ডাস্ট্রি পাই না। আমি ভারত সরকারের নিন্দা করবার জন্য দাঁড়াইনি। আমি আপনাদের শুধু এইটুকু মনে করিয়ে দিতে চাচ্ছি যে আমাদের ৫ লক্ষ টাকা পর্যন্ত ইণ্ডাস্ট্রি করবার জন্য ভারত সরকারের কাছে টাকা চাওয়ার দরকার হয়নি। অতএব আপনারা কি আশা করেন যে প্রত্যেকটি ইণ্ডাস্ট্রি ২ কোটি টাকা মূলধন নিয়ে করতে হবে? সেটা করা সম্ভব নয় এবং বাঙ্গালীদের হাতে ইণ্ডাস্ট্রি হবে না। অতএব অল্প মূলধন নিয়ে স্মল স্কেল ইণ্ডাস্ট্রি চালাতে হবে। এখানে আমি জানাতে চাচ্ছি, আফটার অল ইণ্ডাস্ট্রিজ ডিপার্টমেণ্ট—একটি ব্রিজ তৈরী করবার সময় দিলে, রাস্তা তৈরী করবার সময় দিলে, রাস্তা হয়ে গেলে, বা আমি এখানে একটি ডিপ টিউবওয়েল করব বা হাসপাতাল করব তা করলে তো চলবে না, ইণ্ডাস্ট্রিজ ডিপার্টমেণ্ট সেগুলি দেখবে কি সুবিধা আছে কি অসুবিধা আছে এবং সেগুলি দূর করবার জন্য ইণ্ডাস্ট্রি করতে হলে জেনেশুনে করতে হবে। আর পাবলিক সেক্টার যতটুকু করা সম্ভব সেটুকু আমরা করতে পারি এবং কি এগু বেসিক ইণ্ডাস্ট্রি আমরা করতে পারি। কিন্তু তাহলেও আমি জানিয়ে দিই নর্থ বেঙ্গলের স্পিনিং মিলের জন্য আমরা লাইসেন্স দিয়েছিলাম। নর্থ বেঙ্গলে কোওপারেটিভ সুগার মিল হবে কিনা হবে সেটা আমার পক্ষে জানিয়ে দেওয়া খুব শক্ত। আমাদের ফরেষ্ট ডিপার্টমেন্টের তরফ থেকে একটা ফ্যাক্টরী করবার জন্য সেখানে বন্দোবস্ত করা হয়েছিল থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে। এখন নিউ স্পিনিং মিল সম্বন্ধে যেটা বলছেন সেটা যদি উড বেসড হয় তাহলে নর্থ বেঙ্গলে করতে পারব বলে আশা রাখছি। আর যদি সেটা জুট বেসড হয় তাহলে আরা সেটা করবার চেষ্টা করছি এবং সেটা নর্থ বেঙ্গলে হবে কি হবে না সেটা অমি এখন বলতে পারছি না। অতএব আপনাদের কাছে আমি শুধু এই টুকু বলতে পারি যে নর্থ বেঙ্গলে ইণ্ডাস্ট্রি যাতে যায় তার জন্য ইলেকট্রিসিটির বন্দোবস্ত করা, ক্রেডিট ফেসিলিটিস এর বন্দোবস্ত করা এবং সেটাকে ডেভেলপ ইত্যাদি করতে আমরা প্রস্তুত আছি। তারপরে ছোট ছোট ইণ্ডাস্ট্রি করার জন্য আমাদের যে ভাবে এগোতে হবে, এখানকার যারা জন প্রতিনিধি আছেন এ বিষয়ে সহায়তার সঙ্গে এগিয়ে না এলে সফল করা সম্ভব পর হবে না। শ্রীমনোরঞ্জন রায় মহাশয় তাঁর বক্তৃতার সময় তিনি বলেন যে আমরা ক্যাপিট্যালিস্টদের হেলপ করি। কিন্তু গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া একটি ইণ্ডাস্ট্রিয়াল পলিসি রয়েছে এবং প্রত্যেকটি স্টেট গভর্নমেণ্ট মোর অর লেস পলিসিটাকে ফলো করবার চেষ্টা করে। মনোরঞ্জন বাবু আরও বলেছেন যে আমরা ফরেন ক্যাপিট্যালিস্টদের ডেকে এনেছি। আমি তাকে এইটুকু বলে দিতে চাই যে ভারতবর্ষের আজকে যে মূলধনের অভাব, তাতে করে ফরেন ক্যাপিট্যালিস্টদের যদি ফরেন ক্যাপিট্যাল করবোরেট করে তাহলে ভারতের উন্নতি ছাড়া অবনতি হবে না। আফটার অল আমাদের দেশে যদি কোন ইণ্ডাস্ট্রি হয় তাহলে সেটা আমাদের দেশের উপকারের জন্যই হবে। আজকে যে কোন জিনিস বিদেশ থেকে আমাদের আনতে হয় কেন এবং ফরেন এক্সচেঞ্জ এতো সর্টেজ হয় কেন? কারণ, ক্যাপিট্যাল গুডস হয় না, আমাদের এখানে ১০০ বছর ধরে জুট ইণ্ডাস্ট্রি রয়েছে এবং সেই জুট থেকে জিনিস পত্র তৈরী করবার জন্য যে সমস্ত যন্ত্রপাতি দরকার কলকারখানা-গুলিতে, সেগুলি বিদেশ থেকে আনতে হয়। বাটা কারখানার জন্য আমরা খুব গর্ব বোধ করে থাকি, কিন্তু এটা কি আমরা চিন্তা করে দেখেছি, বাটাতে যে জুতা তৈরী করবার মেসিন আছে সেগুলি বিদেশ থেকে আনতে হয়? আমরা কুথ মিল থেকে যে কাপড় জামা তৈরী করে থাকি তার মেসিনও আমাদের বিদেশ থেকে আনতে হয়। তাই আমাদের চেষ্টা হচেছ এই সমস্ত হেভী ইণ্ডাস্ট্রিয়াল ক্যাপিট্যাল ইনেটেনসিভ ইণ্ডাষ্ট্রী যেগুলি করবো সেগুলি বেসিক ইণ্ডাস্ট্রি হবে। এই সমস্ত করতে গেলে ফরেন কলাবোরেসন না করলে সম্ভবপর নয়। কারণ, এর যে মেসিনারীগুলি দরকার সেগুলি তৈরী করা প্রয়োজন। এগুলি করাকে মাদার ফ্যাকট্রি বলে। কারণ, সেই ফ্যাকট্রি থেকে আমরা ফ্যাকট্রি গুডস প্রোডিউস করতে পারব এবং এই রকম ফ্যাকট্রিই আমাদের করা হবে। অন্য উপায়ে সম্ভবপর নয় উইদাউট ফরেন কলাবোরেসন ছাড়া। অতএব আজকের দনে যদি আমরা ফরেন কলাবোরেসন করি তাতে আমাদের দেশের উন্নতিই হবে, অবনতি হবে না। ক্যাপিট্যালিস্টদের হেলপ করবার কথা যে তিন বলেছেন, এই দু দিন আগে বাজেটে যা বেরিয়েছে তা তিনি নিশ্চয়ই দেখে থাকবেন যে ৮১ পারসেণ্ট অব দি টোট্যাল ইনাম যেখানে রয়েছে সেখানে

আমরা ৮১ পারসেণ্ট ট্যাক্স ধার্য করেছি। তাছাড়া যে ওয়েলথ ট্যাক্স রয়েছে তাতে করে কোন কোন ক্ষেত্রে ১০০ পারসেণ্ট ট্যাক্সএ গিয়ে পেঁছুতে পারবে। অতএব ক্যাপিট্যালিস্টদের হেলপ করার কোশ্চেন এখানে ওঠে না। ওয়েষ্ট বেঙ্গল ফাইন্যান্স করপোরেসন চার্জ সম্বন্ধে এখানে যে সমস্ত কথা বলেছেন সে সম্বন্ধে আমি তথ্য দিতে চাই। এখানে মনোরঞ্জন রায়, সুনীল বাবু, এবং অন্যান্য আরো অনেক সদস্যই বলেছেন, আমি সে বিষয়ে এই কথা বলতে চাই যে ওয়েষ্ট বেঙ্গল ফাইন্যান্স করপোরেসন আমাদের পশ্চিমবঙ্গে এ পর্যন্ত যে টাকা দিয়েছেন সেটা 69 units are managed by Bengalees and 54 units by others.

5-55—6-5 p.m.]

এখন এটা আমাদের মনে রাখতে হবে এই যে বাঙ্গালীদের বেশী দিয়েছেন ৬৯ আর আদার্স দিয়েছেন ৫৪ তাতে গর্ব করার কিছু নেই। সুতরাং এই যে টোটাল ইণ্ডাস্ট্রিয়াল পিকচার আমাদের দেশের যেটা রয়েছে সেদিকে যদি দৃষ্টি দেন তাহলে দেখতে পাবেন পারসেণ্টজ ইণ্ডাস্ট্রি বাঙ্গালীদের রয়েছে। সেই সঙ্গে যদি তুলনা করেন তাহলে দেখতে পাবেন যে সেখানে অনেক বেশী দাবীর চেষ্টা করা হয়েছে। যদিও সেণ্ট্রাল গভর্নমেণ্টের আইন অনুযায়ী এটা চালনা করা হয় এবং সেখানে বাঙ্গালী অবাঙ্গালীদের ইউনিট বাছা হয় না। কিন্তু এটা ঠিকই আমাদের এখানকার ইণ্ডাস্ট্রিয়াল ইউনিট হচ্ছে যে যারা যত বেশী দরিদ্র তাদের তত বেশী উন্নতি করবার চেষ্টা করে থাকি। সেদিক দিয়ে এখানকার যারা সন্তান তাদের দারিদ্রতা বেশী থাকার ফলে তাদের টাকা দিয়ে ইণ্ডাস্ট্রি তৈরীর জন্য অনরোধ করে থাকে। তাহলে সেদিক দিয়ে তারা কিছু অন্যায় করেন না, বরং আরও বেশীর হলে আমরা সবাই খুশী হতে পারতাম। তবে এইটুক আমি জানাতে চাচ্ছি তাদের দরকার হলে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে বেশী টাকা দেবার বন্দোবস্ত করছি। আমরা যে টাকা ধার দিই বিভিন্ন ছায়গা থেকে কিসের উপর ধার দিই, না, ৫০ পারসেণ্ট অব দি অ্যাসেট, ৪০ পারসেণ্ট অব দি অ্যাসেট ব্যাঙ্কে রাখলে কিম্বা যেখানে ৬০ পারসেণ্ট অব দি অ্যাসেট; দিল—আমরা একটা পরিকল্পনা করেছি ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে যাদের জন্য ১২ কোটি টাকা ধার্য করা হয়েছে কিন্তু আপাতত ফাইন্যাল কি হবে আমি জানি না। ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেসনের এর কাছে ৪।৬।৮।১০ ভাল উপযুক্ত কর্মঠ আমাদের দেশের কিছু বাঙ্গালী ছেলে নিয়ে এগিয়ে এলো এবং বললো আমরা ব্যবসা বাণিজ্য করতে চাই। সেই জিনিস করতে গিয়ে তারা যে প্ল্যান করল সেটা খুব ফেসিবেল, ওয়াকেবেল, যা কাজ করলে তারা হয়ত প্রফিট করতে পারবে। কিন্তু দেখা গেল তাদের কোন টাকা নেই। ১ লক্ষ টাকা যাদের দরকার তাদের যদি ২ লক্ষ টাকার সম্পত্তি থাকতো তাহলে তারা ১ লক্ষ টাকা পেতে পারত। এখন এই ২ লক্ষ টাকার সম্পত্তি আমাদের দেশের ক'জন লোকের আছে? সেই জন্য আমরা এই যে ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট করপোরেসন করেছি তার দ্বারা গভর্নমেণ্ট উইল পার্টিসিপেট দেম। গভর্নমেণ্ট সেখানে তাদের সেয়ার কিনে নিল। এই ভাবে তাদের সঙ্গে পার্টিসিপেট করে দেখা গেল যে তারা দাঁড়িয়ে গেছে, তখন তাদের সেয়ার তাদের কাছে বিক্রী করে দিল। দিয়ে সেই টাকা ফিরে এলে আর এক জনের কাজে আমরা লাগালাম। এক কথায় দিস উড বি এ রোলিং ফাণ্ড। আমাদের দেশের এই যে মূলধনের অভাব সেটা আমি খানিকটা দূর করবার চেষ্টা করবো। তবে এটা ঠিকই বাংলাদেশ যে টাকা ভারত সরকারের কাছ থেকে পেলে আমি পুরোপুরি আনন্দ সহকারে বলতে পারতাম তা হয়ত হয়নি। কিন্তু এখানে আমি একটি কথা বলতে চাই কিছুদিন আগে ন্যাসন্যাল ডেভেলপমেণ্ট কাউনসিল এর তরফ থেকে অশোক মেপটা মহাশয়, যিনি হচ্ছেন ডেপুটি চেয়ারম্যান, ইণ্ডাস্ট্রিজ মিনিস্টারের সঙ্গে একটা কনফারেন্স ডেকেছিলেন। সেখানে ইণ্ডাস্ট্রিজ মিনিষ্টার ফাইন্যান্স মিনিস্টার এবং বিভিন্ন প্রদেশের মিনিষ্টাররা উপস্থিত ছিলেন। সেখানে একটি বেসিক পয়েণ্ট দেখিয়েছিলেন যে ভবিষ্যতে যখন লাইসেন্স দেওয়া হবে তখন কি ভাবে দেওয়া হবে। আপনারা জানেন উড়িষ্যা, অন্ধ্র, মহিশূর, আসাম, মধ্যপ্রদেশ, রাজস্থান, ইউ, পি, কেরল আরও যে সমস্ত প্রদেশ রয়েছে তাদের সবার দাবী হচ্ছে বাংলাদেশ, মাদ্রাজ, মহারাস্ট্র এই ৩টিতে যেখানে ইণ্ডাস্ট্রিয়াল কনসেনট্রেসন রয়েছে, পার্টিকুলারলি

মহারাষ্ট্র ও বেঙ্গলে লাইসেন্সিসিং পলিসি এমন করা উচিত যাতে করে আমাদের যে সমস্ত অনগ্রসর প্রদেশ রয়েছে সেখানে নিয়ে যাওয়া হোক। তাদের পরিষ্কার করে বলেছিলাম যে মহারাষ্ট্রের কি দাবী হয়েছে জানি না, তবে বাংলাদেশ সম্বন্ধে আমি বলতে পা'র যে কলকাতা থেকে ৩০ মাইল দূরে এমন স্থান রয়েছে যেটা অন্ধ্র প্রদেশ বা মধ্যপ্রদেশ থেকে পিছিয়ে থাকা অঞ্চলের চেয়ে বেশী এগিয়ে থাকা নয়। কারণ, বাংলাদেশের যে যে শিল্প আসানসোল দুর্গাপুর, কলকাতা, হাওড়া এই সব এলাকায় শিল্প হয়েছে। অতএব এই রকম যদি কোন নীতি করা হয় তাহলে খুব ভুল করা হবে। তার কারণ হচ্ছে এই যে অন্ধ্রতে বা মধ্যপ্রদেশে ইণ্ডাস্ট্রি নিয়ে যাওয়া খুব ভাল কথা। যদি নিয়ে যায় তাতে আপত্তি নেই। বাংলাদেশের যে জমি নেই সে জমি কোথা থেকে আসবে? আমাদের দেশের লোকের যে এক্সপেনসান করতে হবে ইকনমিক রিভোলিউসন করতে হবে তাদের জমি বেশী আছে ইণ্ডাস্ট্রি নেই। তাদের ইণ্ডাস্ট্রি তাই যেতে পারে। কিন্তু আমাদের দেশে জমি কেউ তো দিতে পারবে না। অতএব এখানে ইণ্ডাস্ট্রি কম আছে। তাহলে আমাদের দেশ মরে যাবে। আমাদের দেশের অগ্রবর্তী সম্পূর্ণ রূপে ব্যর্থ হয়ে যাবে এবং এখানে বেসিক ফ্যাক্টরসগুলি, আমাদের ইকনমিক ফ্যাক্টরস-এর জন্য যাদের লাইসেন্স ইস্যু করতে হবে ইকনমিক ফ্যাক্টরস এবং এই সব কথা আমাদের মনে রাখতে হবে যে আজকে যদি কোল বেস্‌ড ইণ্ডাস্ট্রি হয়— আমি যদি তাঁকে গিয়ে বলি নর্থ বেঙ্গলে গিয়ে কর তাহলে ভুল করা হবে। আজকে যে সমস্ত ইণ্ডাস্ট্রি হচ্ছে, কলকাতা এবং গঙ্গার ধারে হচ্ছে আমাদের চিন্তা করতে হবে যে কি করে করা যায়। যদিও একটি নীতি মনে মনে গ্রহণ করে রেখেছি যে ক্যালকাটা এণ্ড গ্রেটার ক্যালকাটায় যে ইণ্ডাস্ট্রিয়াল বেল্ট আছে সেখানে যদি হেভী ইণ্ডাস্ট্রি না করতে দেয় তাহলে আমরা সেটা ডিসপার্স করবার চেষ্টা করব।

কিন্তু ইকনমিক ফ্যাক্টরটা আমাদের মাথায় রাখতে হবে। তার কারণ ইট ইজ এ ডিমাণ্ড অব অল ইণ্ডিয়া, আমাদের যে সমস্ত দেশে ইণ্ডাস্ট্রি নেই সেখানে ইণ্ডাস্ট্রি নিয়ে যাও। আমাদের পশ্চিম বঙ্গে খানিকটা অঞ্চলে ইণ্ডাস্ট্রি রয়েছে খানিকটা অঞ্চলে ইণ্ডাস্ট্রি নেই। অতএব আমাদের চিন্তা করতে হবে যে ইকনমিক ফ্যাক্টারটাকে মাথায় রেখে কাজ করতে হবে। আর একটা কথা মনে রাখবেন—আপনারা এখানে পাওয়ার সম্বন্ধে বলেছিলেন। আপনারা বলেছিলেন যে পাওয়ার আমরা করিনি। কানাইবাবু বলেছিলেন যে পাওয়ারের অভাবে আমরা ইণ্ডাস্ট্রি গড়ে তুলতে পারিনি, আবার তিনি বলেছিলেন যে পাওয়ার আমাদের কিছু বেশী হয়েছে, দুটোই তিনি বলেছিলেন। আমি তাঁকে এটা বলতে চাই যে প্ল্যানিংএ ডিফেক্ট হয়েছিল এই বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু পাওয়ার কোন সময় একটু বেশী হবে এটা ডিফেকটিভ প্ল্যানিং-এর জন্য নয় কারণ, কিছু বেশী পাওয়ার আমাদের হাতে না থাকলে নতুন ইণ্ডাস্ট্রি করতে কেউ আসবে না ৫ কোটি টাকা খরচ করে বসে রইলাম কবে পাওয়ার আসবে জানি না এইভাবে ইণ্ডাস্ট্রি হতে পারে না। উই মাস্ট হ্যাভ সাম সারপ্লাস পাওয়ার অল দি টাইম তা না হলে কখনও ইণ্ডাস্ট্রি হতে পারে না। আমি এই কথা বলতে চাই যে এমনভাবে আমাদের পাওয়ারের প্রোগ্রাম রাখতে হবে যে যে পলিসিতে ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট হচ্ছে তার চেয়ে যেন কিছুটা এগিয়ে থাকতে পারে, তার থেকে পিছিয়ে থাকলে চলবে না। সে দিক থেকে আমি আপনাদের কাছে বলতে পারি যে আপনি যে রিপোর্ট পড়লেন তখন বোধ হয় ৪০।৫৫ মেগাওয়াট পাওয়ার আমাদের সারপ্লাস ছিল, আজকে সারপ্লাস হচ্ছে ২০ মেগাওয়াট। কিন্তু এটা মনে রাখবেন ৭৫ প্লাস ৭৫ ইকোয়াল টু ১৫০ মেগাওয়াট হয়েছে বলেই দ্যাট ইজ নট দি ফার্ম পাওয়ার এবং সে সম্বন্ধে ওদের সঙ্গে কথা বলেছি যে তোমরা যে এই রকম জিনিস বললে এ তো ঠিক বললে না কারণ, একটা মেসিনের রিপেয়ারিং সব সময় থাকে, অন্ততঃ ২০ পার্সেণ্ট পাওয়ার সব সময় বাদ দিয়ে ধরতে হয় এবং এই ১৫০ মেগাওয়াট পাওয়ার মানে ধরে নিতে হবে ৩০ মেগাওয়াট পাওয়ার তার নেই, তার সত্যিকারে পাওয়ার হচ্ছে ১২০ মেগাওয়াট এবং সে দিক থেকে যদি চিন্তা করি তাহলে দেখব আমরা যে প্ল্যানিং করে পাওয়ার করবার চেষ্ট করছি মধ্যে খানিকটা হয়ত ডিফিকাল্টি হবে, কারণ ফরেন এক্সচেঞ্জে ক্রাইসিস রয়েছে, অন্যান্য ডিফিকাল্টি রয়েছে, কিন্তু পাওয়ারের যে ফেমিন গেছে দেশের উপর দিয়ে এবং যাঁর ফলে সুনলবাবু বলেছিলেন বাংলাদেশে যে ইণ্ডাস্ট্রি দেওয়ার কথা তোমরা বলছ সেই ইণ্ডাস্ট্রিগুলিতে তো তোমরা পাওয়ার দিতে পারবে না, দেয়ার ইজ এ্যাকিউট পাওয়ার সর্টেজ, অতএব আজকে সেই অবস্থায় ফিরে যেতে চাই না। কিন্তু অন্যদিকে হচ্ছে কি পাওয়ার বাড়ার একটা

লিমিটেশান রয়েছে। আমাদের ৬১৭ কোটির যে টোটাল বাজেট প্রভিসান ফর ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান আছে তার মধ্যে পাওয়ারের জন্য ১৬০ কোটি টাকা ধার্য্য করা হয়েছে। ১৬০ কোটি টাকাতে আমরা ২২ শো মেগাওয়াট পাওয়ার করতে পারে। ৩১শো মেগাওয়াট ওরা বলে থাকেন থাকুন, কিন্তু ৩১শো মেগাওয়াট করতে গেলে যে টাকা দরকার সেই টাকা দেওয়ার মত অবস্থা আমাদের নেই। আমাদের এডুকেশানের জন্য টাকা দিতে হবে, ইরিগেশানের জন্য টাকা দিতে হবে, পাবলিক হেলথের জন্য টাকা দিতে হবে এবং সে দিক দিয়ে পাওয়ারে সেটা সম্ভাবনা নেই। কিন্তু আজকে দেখছেন কিনা, ৬১৭ কোটি টাকার মধ্যে ইণ্ডাস্ট্রি, পাওয়ার, কটেজ এণ্ড স্মল স্কেল ইণ্ডাস্ট্রি সব মিলিয়ে প্রায় ২১৩।২১৪ কোটি টাকা খরচ করতে যাচ্ছি। সুতরাং ইণ্ডাস্ট্রির উপর যে বিরাট জোর রাখা হয়েছে এ বিষয়ে সন্দেহ নেই। কল্যাণী স্পিনিং মিলএ ছাঁটাই সম্বন্ধে একটা কথা উঠেছিল, মনোরঞ্জন রায় মহাশয় তুলেছিলেন। আমি তাঁকে জানাতে চাই ইট ইজ এ পাবলিক সেক্টর আণ্ডারটেকিং, এখানে কোন প্রফিট মোটিভ নিয়ে কোন জিনিস চালান হয় না। কিন্তু সেখানে যেভাবে জিনিস করবার চেষ্টা করা হয়েছিল তাতে কল্যাণী স্পিনিং মিলের ক্ষতি হতে পারত কিন্তু আমি তাঁর সঙ্গে একমত যে এই জিনিসের বিচার বিবেচনা আরো আগে শেষ করতে পারলে আমি খুশী হতাম। কিন্তু তাঁকে আমি জানাতে পারি যে কল্যাণী স্পিনিং মিলের যারা কর্মকর্তা তাঁরা আমাকে জানিয়েছেন যে সামনের ৭ দিনের মধ্যে এই ব্যাপারে একটা ফয়সলা করে দিতে পারবেন। লাইসেন্স সম্বন্ধে আমি আর একট কথা জানিয়ে দিই যে লাইসেন্স আমরা পাইনি বললে ভুল করা হবে। ১৯৬৩ সাল থেকে ১৯৬৫ সালের মধ্যে আমরা ৩ শোর মত লাইসেন্স পেয়েছি। আমরা একটা চিঠি লাইসেন্সিং অথরিটির কাছে লিখেছি এবং ইট টেক্স লট অব টাইম। কিন্তু আমি জানাতে চাই যে ৩ শো লাইসেন্স পেয়েছি এটা কম নয়। এটা মনে রাখতে হবে আমরা এটা যখন পেয়েছি তখন পাওয়া সর্টেজ ছিল। আর স্কুটার কারখানা সম্বন্ধে যে প্রশ্ন তুলেছিলেন সে সম্বন্ধে আমি এই কথা বলতে পারি যে দুটো স্কুটার কারখানার লাইসেন্স গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া আগে দিয়েছিলেন এবং স্কুটার কারখনার লাইসেন্স দেওয়ার পর তাঁরা যে নীতি করেছেন সেই নীতি হচ্ছে—যাঁরা স্কুটার করতে চান তাঁরা অনেকবার আমার কাছে এসেছেন, স্কুটারের যদি দাম কমাতে হয় তাহলে এগজিস্টিং যে স্কুটার কারখানা রয়েছে তাদের এক্সপ্যানসান করলে সুবিধা হবে না নতুন কারখানা করলে হবে সেই সিদ্ধান্ত এখনও নিতে পারেন নি। কাজেই এই কথা হাউসে জানাতে চাই যে আগে তাঁরা দুটো লাইসেন্স দিয়েছিলেন, তারপর তাঁরা আর কোন জায়গায় দেন নি। অতএব আমাদের না দিয়ে অন্যান্য জায়গায় দিয়ে যাচ্ছে এই আইডিয়া কারেক্ট নয়।

[6-5—6-15 p.m.]

রণদেব চৌধুরীর কারখানা যখন হয়েছিল, ইলেকট্রিসিটির একটি এ্যাকিউট সর্টেজ চলছিল এবং এত সর্ট পড়েছিল যে শুধু রণদেব চৌধুরী বলে নয়, আরো অনেক কারখানা যা হতে পারতো, তা হওয়া সম্ভব হয় নাই।

আর স্টেটের ইণ্ডাস্ট্রিয়াল অ্যাক্ট-এর পরিবর্তন করা দরকার সম্বন্ধে যেটা অশোকবাবু বলেছেন, আমি এখানে বলতে পারি, সেটা বিবেচনা করা হচ্ছে এবং নিশ্চয়ই যাতে দুটো জিনিষ করা যায়, তার বন্দোবস্ত আমরা করবো।

এখানে পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় র‍্যাসনালাইজেসন অর অটোমেশন-এর জন্য যে হারে আমাদের ইণ্ডাস্ট্রি বাড়ে, সেই হারে নূতন চাকরী কেন হয় নাই, বেকারী কেন দূর হয় নাই—সেকথা তুলেছেন। আমি তার উত্তরে বলতে চাচ্ছি একথা ঠিক ইণ্ডাস্ট্রি যে হারে বাড়ে, সেই হারে কর্মসংস্থান হওয়া সম্ভব নয়, যে হারে ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেণ্ট হয়ে থাকে। কারণ আগে একটা মেশিন চালাবার জন্য দশটা লোকের দরকার হতো। আজকে সেখানে দুটো লোকের দরকার হয় এবং আজকে যদি আমরা মনে করি যে ইণ্ডাস্ট্রিয়াল ডিভোলপমেণ্ট করবার জন্য আমরা কোন দিনও অটোমেশন বা র‍্যাসনালাইজেশন করতে দেব না—এই কথা তুলেছিলেন; আমি তাঁকে বলতে চাই আপনারা মনে রাখবেন এ কথা জুট বা ইঞ্জিনীয়ারিং,

যে কথা ননীবাবু টি ইণ্ডাস্ট্রী সম্বন্ধে বলেছিলেন, তাঁকে বলতে চাই একথা যে টি, জুট এবং ইঞ্জিনীয়ারিং ইণ্ডাস্ট্রি থেকে যে জিনিষ বা মালপত্র বেরোয় তার একটা বড় অংশকে কমপিট করতে হয় বাইরের বাজারে গিয়ে। জুটকে কমপিট করতে হয় পাকিস্তানের সঙ্গে, টি-কে কমপিট করতে হয় চীনের সঙ্গে ও অন্যান্য দেশের সঙ্গে। আর ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রি থেকে যে জিনিষ বেরোয় তাকে পৃথিবীর সাথে কমপিট করতে হয়। এখন যদি আমরা র‍্যাশনালাইজেশন করতে দেব না বলে বসে থাকি তাহলে আমাদের মার্কেট ভাল থাকবে না এই সব জিনিষ আমরা করতে পারি, করা উচিত না হলেও আমরা খানিকটা করতে পারি। ইনটারনাল কনজামশন যেগুলি হয়, যেগুলি বাইরে চলে যাবে, সেগুলির উৎপাদনের জন্য মডার্ন মেসিনারীর যে সুযোগ আমরা পেতে পারি, সেই সুযোগ আমাদের নিতে হবে। তা না হলে আমাদের কাজ কখনো চলতে পারে না।

এখানে ৬০ পারসেণ্ট টি সম্বন্ধে যেটা বলছিলেন তার উত্তর দিলাম দ্যাট ইজ অনলি ফর রেইনি সিজন—বর্ষাকালের জন্য হবে। ননীবাবু আরো তুলেছিলেন যে দুর্গাপুর ইণ্ডাস্ট্রিতে রেসিন বেঙ্গল হতে পারে। এটা ঠিকই বলেছিলেন; কিন্তু মার্কেট না পাওয়ার জন্য তার প্রোডাকশন কমিয়ে দিতে হয়েছে। কিন্তু সেটা সালফিউরিক এসিড যে মুহূর্তে কোক্-ওভেন প্ল্যাণ্টএর এক্সপ্যানসন উইল বি কমপ্লিটেড, সেই মুহূর্তে আমরা কাজে হাত দেব।

তারপর শিলিগুড়ি ইণ্ডাস্ট্রিয়াল এসটেট সম্বন্ধে যে কথা তিনি বলেছিলেন, তার উত্তরে বলতে চাই একথা ওখানকার পাওয়ার লুম এখানে চলে আসছে। কেন চলে আসছে? তার কারণ যখন চীনা হামলা হলো, তখন আর্মি গিয়ে সেটা দখল করে নিল। যখন অন্য কোন জায়গায় করতে পারলো না, তখন আমরা পারমিসান দিলাম এখানে করবার জন্য। তবে একেবারে ডেফিনিট আণ্ডারস্টাণ্ডিং তাদের সঙ্গে রয়েছে যে শিলিগুড়ি এস্টেটকে আর্মি থেকে ছাড়িয়ে নেওয়ার সঙ্গে সঙ্গে ওরা আবার ফিরে যাবে। সেই জন্য এখানে আমি জানাতে পারি আমি আশা করছি এই বছরের মধ্যে নিগোসিয়েট করে যতশীঘ্র সম্ভব ছাড়িয়ে আনা সম্ভব হবে। খুব বেশীদিন দেরী হবে না আমরা নিয়ে নিতে পারবো—আমাদের হাতের মধ্যে আবার।

তারপর সুধীরদাশ মহাশয় একটি মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি সম্বন্ধে বলেছেন। ১৯৫৪-৫৫-৫৬ সালের ব্যাপার নিয়ে তিনি বলেছিলেন। আমি তাকে জানাতে চাই এটা লিকুইডেশনএ দেবার জন্য আমরা বলে দিয়েছি এবং এই লিকুইডেশন-এর ব্যাপারে এনকোয়ারী চলছে এবং এই ব্যাপারে যারা দোষী থাকবেন তাদের নিশ্চয়ই শাস্তি বিধান করা হবে। এখানে কো-অপারেটিভ ডিপার্টমেণ্ট কখনো দলগতভাবে চলে না। এটা আমি আপনাদের কাছে এ্যাসুরেন্স ক   পারি।

তারপর বেঙ্গল সেরামিক ইনস্টিটিউট সম্বন্ধে কানাই ভট্টাচার্য্য মহাশয় যা বলেছেন, সেটা আমি খোঁজ নেব। আইন মানা হয় কি না হয়, সে সম্বন্ধে আমি খোঁজ করে দেখবো। যাতে আইন মানা হয় তার স ন্ধ ব্যবস্থা করবো।

ডাঃ নারায়ণ রায়, নরেন সরকার এবং জহর বাবু এই তিনজনে আমাদের কো-অপারেটিভ সম্বন্ধে অনেক উপদেশ দিয়েছেন, খুব ভাল উপদেশ দিয়েছেন সন্দেহ নাই এবং তাঁদের সঙ্গে আমি এ বিষয়ে একমত যে কো-অপারেটিভ সেক্টরকে যদি বাঁচিয়ে রাখতে হয় তাহলে অনেক বেশী সহানুভূতির সঙ্গে এটাকে দেখতে হবে এবং সেই সহানুভূতির সঙ্গে দেখবার জন্য আমরা চেষ্টা করছি। তার কারণ আমি প্রথমে যে ফিগার বলেছিলাম ২ কোটি টাকা ঋণ দিতাম যেখানে এবার সেখানে ৮ কোটি টাকা দিচ্ছি, তারপরের বছর ১২ কোটি দেবো এবং ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানএ আরো ৩০ কোটি টাকা দেব।

একথা ঠিক এবং একটা কথা আমাদের মনে রাখতে হবে যে, ২ কোটির জায়গায় ৮ কোটি ব এইভাবে টাকা ছড়িয়ে দিলে হবে না, কো-অপারেটিভ সেক্টর-এ অর্গানাইজেসন থাকা দরকার যাতে কাজে লাগাতে পারে। যে মনোভাব নিয়ে বলেছেন আমি তাকে অভিনন্দন জানাই এবং এটুকু বলতে পারি পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে যেভাবে চেষ্টা করা সম্ভব সেইভাবেই

চেষ্টা করছি। আমি আরও বলতে পারি দেয়ার ইজ অলওয়েস স্কোপ ফর ইমপ্রুভমেণ্ট এ বিষয়ে কোন সন্দেহ নেই। এবারে আদের কো-অপারেটিভ স্টোরগুলো কেন রেশন শপে পরিণত করা হয়েছে সে সম্বন্ধে বলব। এর কারণ হচেছ কো-অপারেটিভ এলাকায় যদি রেশন সপ না থাকে তাহলে লোককে যেভাবে সেবা করতে চাই সেটা করা সম্ভব হবে না। নরেন সরকার মহাশয় বলেছেন কো-অপারেটিভকে কমার্সিয়াল লাইনে চালান। আমি এটা মনে রেখেছি এবং চেষ্টা করছি। স্যার, হাউসে মোটামুটি যেভাবে আলোচনা হোল তাতে এই আশ্বাস দিতে পারি কো-অপারেটিভ এবং শিল্পের ভিত্তিতে একমাত্র দেশের উন্নতি হতে পারে এবং সেদিক থেকে আমি বিশ্বাস করি শিল্পের উন্নতির পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। আমরা যদি সকলের সহযোগিতা পাই তাহলে পশ্চিমবাংলায় যে বেকারী রয়েছে অদূর ভবিষ্যতে তার অনেকটা লাঘব হবে। চতুর্থ পরিকল্পনায় শেষে বেকারী থাকবে না একথা বলতে পারলে আমি খুসী হতাম, কিন্তু তা সম্ভব নয়। তবে কমার্স, ইণ্ডাস্ট্রি এ্যাণ্ড কো-অপারেসন যে লাইনে এগিয়ে চলেছে তাতে এটুকু বলতে পারি বেকার সমস্যা না বেড়ে আস্তে আস্তে কমের দিকে যাচেছ এবং কটেজ এ্যাণ্ড স্মল স্কেল ইণ্ডাস্ট্রিতে আরও দ্রুততার সঙ্গে বেকারী দূর করতে পারব। আমি বিশ্বাস করি এবং এ বিষয়ে নিঃসন্দেহ যে, বাংলাদেশের সরকার, জনসাধারণ এবং বিরোধীদল যদি একসঙ্গে মিলে বাংলাদেশের অর্থনৈতিক সমস্যা দূর করবার জন্য চেষ্টা করি তাহলে এর সমাধান করতে পারব, বাঙ্গালীকে সুন্দর জীবনযাত্রা দিতে পারব এবং লক্ষ লক্ষ তরুণ যুবক যারা স্বাধীনতার জন্য প্রাণ দিয়েছে তাদের স্বপ্ন সফল করতে পারব। যে সমস্ত কাট মোসন এসেছে আমি তার বিরোধিতা করছি এবং আশা করছি আমার এই ব্যয় বরাদ্দ আপনারা গ্রহণ করবেন।

Mr. Speaker : Honourable members, I will first take up Grant No. 25. I put all the cut motions in Grant No. 25 to vote except cut motions Nos. 27, 37, 35 and 40 on which division has been claimed.

The motion of Shri Jyoti Basu that the demand of Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand of Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand of Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand of Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand of Rs. 97,03,000 for expenditure under Grant No. 25, Major Head : "34—Co-operation", be reduced to Re. 1, was then put and lost.

(d) whether the Government has any proposal for introduction of full State Trading in rice and paddy ?

The Minister for Food and Supplies :

(a) The estimated production figures for 1965 the year for Aus and Aman rice are as follows :

(Figures in thousand tons).

Aus	450.1
Aman	5050 0

As no Aus crop has yet been harvested in this State in the current year, i.e. 1965, the figure is based on the normal production of the crop in this State.

(b) No.

(c) The deficiency is 15.13 lacks tonnes. Government propose to meet the deficit through imports of rice and wheat with the help of Central Government and by increasing the production in this State.

(d) Government have no such proposal for the present.

Rice procurement

***231.** (Admitted question No. *1445.) **Shri Abani Kumar Basu :** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) the total procurement target of rice from the rice mills in 1964-65 and how much of the said target has already been fulfilled until 31st January, 1965 ;

(b) if the Government is aware that the supply of paddy and rice has become very scarce in the open market in areas adjoining the statutory rationing area after the introduction of statutory rationing; and

(c) if so, what measures have been taken to make supplies of rice and paddy easily available in such areas in the open market ?

The Minister for Food and Supplies :

(a) The target of procurement of rice from rice mills in 1964-65 (April, 1964 to March, 1965) is 3,00,000 matric tonnes. Up to 31st January, 1965—1,75,632 metric tonnes of rice have been procured.

(b) Yes.

(c) (1) Unscrupulous traders made an attempt to create an artificial scarcity. But very prompt action was taken to check this rising scarcity by way of covering the population of the fringe areas under Modified Rationing.

(2) Arrangement has been made for making available the surplus levy-free stock of surplus districts to the districts of Howrah, Hooghly, Nadia and 24-Parganas as follws :

(a) Howrah will get 50 per cent. of the surplus levy-free stock of Midnapore through trade channel.

(b) Hooghly will get 40 per cent. of the surplus levy-free stock of Bankura through trade channel.

(c) 24-Parganas will get 50 per cent. levy-free rice of Midnapore and 60 per cent. of levy-free rice of Bankura through trade channel.

(d) Nadia will get 100 per cent. of the surplus levy-free stock of Burdwan and 25 per cent. of such stock of Birbhum through trade channel.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Compensation for Lands of Ramnagar-Radharghat Road

368. (Admitted question No. 513.)

শ্রীদেবশরণ ঘোষঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামনগর-রাধারঘাট রাস্তাটির জন্য যে সমস্ত জমি সরকার লইয়াছেন, তাহাদের সমুদয় ক্ষতিপূরণ এখনও দেওয়া হয় নাই;

(খ) সত্য হইলে কত দিনের মধ্যে উক্ত সমুদয় ক্ষতিপূরণের টাকা দেওয়া হইবে; এবং

(গ) ক্ষতিপূরণের টাকা দিতে দেরী হওয়ার কারণ কি?

The Minister for Land and Land Revenue :

(ক) রাস্তাটির নাম হইল রামনগর-রাজারসাহু-চৌরিগাছা-খাগড়াঘাট। রাস্তা নির্মাণের জন্য সরকার জমি গ্রহণ করিতেছেন; সমুদয় ক্ষতিপূরণ এখনও দেওয়া হয় নাই।

(খ) সমুদয় ক্ষতিপূরণের টাকা শীঘ্রই দেবার ব্যবস্থা করা হইতেছে।

(গ) নোটিশ প্রকাশনে ও প্রাক্কলন মঞ্জুর করিতে বিলম্ব হওয়ায় ক্ষতিপূরণ দিতে কিছু দেরী হইয়াছে।

Deep and shallow tubewells in West Bengal

369. (Admitted question No. 605.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কয়টি—

(১) ডিপ টিউবওয়েল, (২) শ্যালো টিউবওয়েল বসান হইয়াছে এবং উক্ত টিউবওয়েলের কয়টি, (৩) সিল্কিং, এবং (৪) রিসিল্কিং হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development :

১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে নিম্নলিখিত জেলাগুলিতে মোট ৩৪০টি গভীর নলকূপ বসানো হইয়াছে -

(১) নদীয়া	...	২২০টি
(২) হুগলী	.	৪৫টি
(৩) বর্ধমান	...	৫২টি
(৪) বাঁকুড়া	..	২৩টি
মোট	...	৩৪০টি

উক্ত বৎসরে ১৯৬৩-৬৪ সালে নিম্নলিখিত জেলাগুলিতে মোট ৮৪৩টি শ্যালো ইরিগেশন টিউবওয়েল বসানো হইয়াছে—

(১) পশ্চিম দিনাজপুর	...	৬২টি
(২) নদীয়া	...	৪৬টি
(৩) মুর্শিদাবাদ	...	৮৬টি
(৪) কুচবিহার	...	৪১৬টি
(৫) বর্ধমান	...	১১৪টি
(৬) বাঁকুড়া	...	৩১টি
(৭) মেদিনীপুর	...	৫৮টি
মোট	...	৮৪৩টি

ঐগুলির কোনটির ক্ষেত্রেই রিসিংকিং-এর প্রয়োজন হয় নাই।

Citizens Committee

370. (Admitted question No. 643).

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতিরক্ষার জন্য বিভিন্ন জেলায় যে সিটিজেন্স কমিটি গঠিত হইয়াছে, তাঁহারা কোন্ জেলায় বর্তমান সময় পর্যন্ত কোন্ কোন্ তারিখে কোথায় মিটিং করিয়াছিলেন;

(খ) উক্ত কোন্ জেলার কোন্ কমিটি প্রতিরক্ষার জন্য কি কি কার্য করিয়াছিলেন এবং সরকারের নিকট কি কি সুপারিশ পাঠাইয়াছেন;

(গ) উক্ত কমিটিগুলি কোন্ জেলায় প্রতিরক্ষার ভাণ্ডারে কত টাকা অর্থ, স্বর্ণ প্রভৃতি তুলিয়া দিয়াছেন; এবং

(ঘ) উক্ত জেলা কমিটির কোন্টির কি পরিমাণ অর্থ নিজেরা প্রতিরক্ষা তহবিলে দিয়াছেন?

The Chief Minister :

(ক) বিবৃতি এতৎসহ পেশ করা হইল।

(খ) সমিতিগুলি বিভিন্ন স্থানে মহতী জনসভার মাধ্যমে নিম্নোক্ত কার্যগুলি করিয়াছে বা করিতে প্রয়াসী হইয়াছেঃ

(১) বিভিন্ন সমিতিগুলি প্রতিরক্ষা ভাণ্ডারে যথাযোগ্য সাহায্য সংগ্রহ করিয়াছে বা করিতে সাহায্য করিয়াছে।

(২) এই সমিতিগুলির সদস্যবৃন্দ ব্যক্তি বা সমষ্টিগতভাবে প্রত্যক্ষ ও পরোক্ষ যোগাযোগের মাধ্যমে বিভিন্ন এলাকার বিস্তৃত জনমনে মনোবল অক্ষুণ্ণ রাখিবার প্রচেষ্টা করিয়াছে ও দেশবাসীদের ঐক্যবদ্ধতার চেষ্টা করিয়াছে।

(৩) গুজব রটনা প্রতিরোধে সংঘবদ্ধ অভিযান চালাইয়াছে হোমগার্ড সৈন্য ও প্রতিরক্ষা বাহিনী, নার্সিং ট্রেনিং ও প্রাথমিক শুশ্রূষা ইত্যাদির ব্যাপারেও উৎসাহদান করিয়াছে।

(৪) এই সমিতিগুলির উদ্যোগে গ্রামাঞ্চলে গ্রামরক্ষী বাহিনী গঠিত হইয়াছে।

(৫) আপৎকালীন অবস্থায় সর্বপ্রকার উৎপাদন বৃদ্ধির মানসে যোগাযোগ স্থাপন পূর্বক অধিক ফলনের চেষ্টা করা হইয়াছে।

(৬) এই সমিতিগুলির প্রচেষ্টায় ও উদ্যোগে গ্রামরক্ষিবাহিনী স্বেচ্ছাপ্রণোদিত শ্রমদানে বহু কাজে অংশ গ্রহণ করিয়াছে। 'জওয়ান' পরিবারের প্রয়োজনীয় সাহায্যের জন্য বিনা ব্যয়ে আইনজীবী ও চিকিৎসকদের তালিকা প্রস্তুত করিয়াছে এবং তাহারা যাহাতে ইঁহাদের সাহায্য পাইতে পারে তজ্জন্য প্রয়োজনীয় প্রচারকার্যও চালান হইয়াছে।

(৭) ইহা ব্যতীত সীমান্তে যুদ্ধরত অসমসাহসী জওয়ানদের জন্য বস্ত্রাদি প্রস্তুত করা হইয়াছে এবং উহা যথাস্থানে প্রেরণ করা হইয়াছে।

বিগত দাঙ্গা-হাঙ্গামার সময় শান্তি ও শৃঙ্খলা স্থাপনের ব্যাপারে হাওড়া জিলা নাগরিক মিতি কাজ করিয়াছেন।

নিহত/আহত নিখোঁজ জওয়ানদের পরিবারবর্গকে সাহায্যের জন্য বিভিন্ন সমিতির সুপারিশ বং সীমান্ত এলাকায় রাস্তাঘাট নির্মাণের ব্যাপারে সুপারিশ সরকারের নিকট পাঠান হইয়াছে।

(গ) বিবৃতি এতৎসহ পেশ করা হইল।

(ঘ) স্বতন্ত্রভাবে কিছুই দান করেন নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 370.

নাম, কয়টি অধিবেশন, তারিখ ও স্থান

১। বীরভূম জেলা নাগরিক সমিতি, তিনটি, ১-১-৬৩, ৯-২-৬৩, ২১-৪-৬৩—সিউড়ি।
২। দার্জিলিঙ, একটি, ৪-৭-৬৪—দার্জিলিঙ।
৩। মালদহ, তেরটি, ২৫-১২-৬২, ৩রা, ৮ই, ১৫ই, ১২ই জানুয়ারি, ১৭ই, ২৭এ ফেব্রুয়ারি, ৭ই, ৮ই মার্চ, ৫ই, ১৭ই অক্টোবর, ৯ই নভেম্বর, ১৯৬৩, ১৮-১-৬৪ —মালদহ জিলা বোর্ড অফিস।
৪। জলপাইগুড়ি, দুইটি, ১-১-৬৩, ২০-১-৬৩ কংগ্রেস ভবন জলপাইগুড়ি।
৫। নদিয়া, দুইটি, ৯-৩-৬৩, ৩-৪-৬৩—কৃষ্ণনগর।
৬। বর্ধমান, একটি, ৩১-১২-৬২—বর্ধমান জিলা স্কুল বোর্ড হল।
৭। হাওড়া, পাঁচটি, ৭-১২-৬২, ২১-১২-৬২, ২৭-১-৬৩, ৪-৪-৬৩, ১২-৭-৬৩—মিউনিসিপ্যাল বিল্ডিংস, হাওড়া।
৮। মুর্শিদাবাদ, দুইটি, ১২-১-৬৩, ১৩-৭-৬৩—বহরমপুর।
৯। হুগলী, পাঁচটি, ১২-২-৬২, ১১-৪-৬৩, ৬-৬-৬৩, ২০-৭-৬৩, ১৫-১০-৬৩—চুঁচুড়া।
১০। কোচবিহার, দুইটি, ১৪-১-৬৩, ১৬-১০-৬৩—প্যালেস, ল্যান্সডাউন হল।
১১। পশ্চিম দিনাজপুর, পাঁচটি, ২৩-১২-৬২, ২-১-৬৩, ১৫-২-৬৩, ১৭-৪-৬৩, ১৭-১০-৬৩—রায়গঞ্জ, বালুরঘাট, ধলদিঘী।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 370.

নাম, অর্থ ও স্বর্ণ

১। বীরভূমজেলা নাগরিক সমিতি—৯,৭৫২·৫৭ টাকা।
২। দার্জিলিং—৩,৬২,০৯৯·৮১ টাকা, ৩,৫১৪·৩১৮ গ্রাম।
৩। মালদহ—৮৫·৯৫ টাকা।
৪। জলপাইগুড়ি—৩,৬২৪·৮০ টাকা, ২৯·৫০০ গ্রাম।
৫। নদিয়া—কোন টাকা বা স্বর্ণ পাওয়া যায় নাই।
৬। বর্ধমান—কোন টাকা বা স্বর্ণ পাওয়া যায় নাই।
৭। হাওড়া—১১ লক্ষ টাকা।
৮। মুর্শিদাবাদ—১০ হাজার টাকা, ২৫০ গ্রাম।
৯। হুগলি—কোন টাকা বা স্বর্ণ পাওয়া যায় নাই।

১০। কোচবিহার—৪,৭৭০·৭৩ টাকা, ৩০ গ্রাম স্বর্ণ, ব্রোঞ্জের চুড়ি (স্বর্ণ সহ) ১৩ গ্রা রৌপ্য ১০৭ গ্রাম।

১১। পশ্চিম দিনাজপুর—১২,১৩১·১৬ টাকা।

Certificates issued for non-payment of Revenue in Hooghly district

371. (Admitted question No. 710).

শ্রীমনোরঞ্জন হাজরাঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হুগলি জেলায় বাকি খাজনার জন্য মহকুমাগতভাবে কত লোকের উপর সার্টিফিকেট ক হইয়াছে?

The Minister for Land and Land Revenue :

মহকুমাওয়ারি লোকের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল—

সদর মহকুমা—৪০,৩৩৭, চন্দননগর মহকুমা—৩৬,৮৫৮, শ্রীরামপুর মহকুমা—৬৮,৭৪১, আরামবাগ মহকুমা—৬৭,১৬০।

Thana Farms in West Bengal

372. (Admitted question No. 774.)

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) বাংলাদেশে বর্তমানে থানা ফার্মের সংখ্যা কত;

(খ) কতগুলি থানা ফার্ম স্বয়ংসম্পূর্ণ; এবং

(গ) কৃষকদিগকে বিনা পয়সায় গত বৎসর কত টাকার সার সারা বাংলাদেশে দেও হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) ৮১টি—দ্বিতীয় পরিকল্পনায়
৫১টি—তৃতীয় পরিকল্পনায়

মোট—১৩২টি।

(খ) কর্মচারীদের বেতন ও ভাতা হিসাবের মধ্যে ধরিলে দ্বিতীয় পরিকল্পনার ৫৬টি ফা স্বয়ংসম্পূর্ণ হওয়ার সম্ভাবনা আছে। কিন্তু কর্মচারীদের বেতন ও ভাতা হিসাবের মধ্যে ধরিলে আরও ২০টি ফার্ম স্বয়ংসম্পূর্ণ হওয়ার সম্ভাবনা আছে। তৃতীয় পরিকল্পনায় যে ৫১ ফার্ম স্থাপিত হইয়াছে, সেগুলিকে এখনও পর্যন্ত স্বয়ং সম্পূর্ণরূপে কার্যকরী করা যায় নাই

(গ) ১৯৬৪ সালে ২,৬২,৬৫০ টাকা মূল্যের সার বিনা মূল্যে কৃষকদিগের মধ্যে বিত করা হইয়াছিল।

Supply of Rice of inferior quality in Calcutta

373. (Admitted question No. 862.)

ডাঃ গোলাম ইয়াজদানীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতা ও শিল্পাঞ্চলের রেশন দোকানগুলি হই যে চাউল সরবরাহ করা হইতেছে তাহার মধ্যে প্রচুর কাঁকর থাকে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোথা হইতে এই চাউল পাওয়া গিয়াছে,

(২) এই চাউলকে কাঁকর মুক্ত করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, এ

(৩) ব্যবস্থা না করা হইয়া থাকিলে তাহার কারণ কি?

The Minister for Food and Supplies :

(ক) এইরূপ কোন সঠিক সংবাদ সরকার অবগত নহেন। তবে বীরভূম, বর্ধমান, বাঁকুড়া মেদিনীপুর জেলার কিয়দংশ হইতে সংগৃহীত চাউলে কাঁকর থাকা সম্ভব।

(খ) (১) এ প্রশ্ন ওঠে না।

(২) ও (৩) লেভী প্রথায় চাউল ও ধান্য কিনিবার সুনির্দিষ্ট নির্দেশ আছে। সেই দের্শানুযায়ী নমুনা এই বিভাগীয় পরিদর্শন ও গুণাগুণ নিয়ন্ত্রণ শাখা (ইনস্পেকশন অফ য়ালিটি কন্ট্রোল) কর্তৃক পরীক্ষিত হইয়া তবে উহা সরবরাহের জন্য প্রেরিত হয়। বহিরাগত উল তুলিবার কালেও এইরূপ পরীক্ষা করা হয়।

Price of Rice and Wheat in Calcutta

374. (Admitted question No. 863.)

ঃ গোলাম ইয়াজদানীঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ঃ -

(ক) কলিকাতা ও শিল্পাঞ্চলের রেশন দোকানগুলি হইতে যে চাল, গম ও গমজাত খাদ্য-দ্রব্য পাওয়া যায় তাহাদের দাম বাড়াইবার কারণ কি; এবং

(খ) এই রেশন দোকানগুলি হইতে বাংলা মিহি চাউল সরবরাহ করা হইতেছে কি না এবং না হইয়া থাকিলে তাহার কারণ কি?

The Minister for Food and Supplies :

(ক) বিধিবদ্ধ রেশনিং চালু হওয়ার পরে কোন দাম বাড়ে নাই, তবে ১লা জানুয়ারি হইতে ই খাদ্যদ্রব্যগুলি পাঠাইবার দর ভারত সরকার কর্তৃক সংশোধিত করায় ঐ তারিখ হইতে ইগুলির দাম নূতনভাবে নির্ধারিত হইয়াছে।

(খ) বাংলার মিহি চাউল সরবরাহ করা হইয়া থাকে।

Art Gallery and Museum at Burdwan

375. (Admitted question No. 912.) **Shri Aswini Roy :** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government have any scheme to introduce Art Gallery and Museum at Burdwan under the Burdwan University ?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister-in-charge of the Department be pleased to state—

(1) as to when the said scheme is likely be introduced ; and

(2) the total cost of the scheme ?

The Minister for Education : (a) Government have no scheme to introduce an Art Gallery and Museum at Burdwan under the Burdwan University.

(b) (1) and (2) Does not arise.

Decision of High Court for the Primary School Teachers, Cooch Behar

376. (Admitted question No. 952).

জীবনকৃষ্ণ দেঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কোচবিহার প্রাথমিক শিক্ষকদের চাকরি সম্পর্কে হাইকোর্টে যে রায় দিয়াছেন তাহা কার্যকরী করিতে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Education :

মহামান্য হাইকোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষাধিকর্তাকে নির্দেশ দেওয়া হইয়াছে।

Deep tubewells in West Bengal

377. (Admitted question No. 984.)

শ্রীভবানী মুখোপাধ্যায়ঃ কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) কৃষিতে জলসেচের জন্য পশ্চিমবঙ্গে জেলা ভিত্তিনত অদ্যাবধি কতগুলি গভীর নলকূপ খনন করা হইয়াছে ;

(খ) ঐগুলির মধ্যে কতগুলি এখন চালু আছে;

(গ) ১৯৬৫-এর মধ্যে আরও কতগুলিকে চালু করা সম্ভব হইবে ; এবং

(ঘ) সেচের জন্য কৃষকদের একর প্রতি কত কর দিতে হয়?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় এ পর্যন্ত মোট ৮৪৫টি গভীর নলকূপ বসান হইয়াছে এই সম্পর্কে একটি বিবরণী এই সঙ্গে দেওয়া হইল।

(খ) ২৬৩টি।

(গ) ১৯৬৫ সালের মধ্যে আরও ২০০টি নলকূপ চালু করা যাইবে বলিয়া আশা কর হইতেছে।

(ঘ) স্থির হইয়াছে যে আগামী ১লা এপ্রিল, ১৯৬৫, তারিখ হইতে নিম্নলিখিত হারে জলকর দিতে হইবেঃ

১। বৎসরে প্রথম ফসলের জন্য একর প্রতি ১১ টাকা, এবং

২। দ্বিতীয় বা পরবর্তী অন্য ফসলের জন্য একর প্রতি ১৫ টাকা।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 377.

	District	Tubewells drilled
1.	Murshidabad	33
2.	Nadia	418
3.	24-Parganas (North)	153
4.	Hooghly	71
5.	Howrah	3
6.	Bankura	35
7.	Burdwan	90
8.	Midnapore	29
9.	Birbhum	1
10.	Malda	1
11.	West Dinajpur	4
12.	Cooch Behar	3
13.	Jalpaiguri	3
14.	Darjeeling	1
		845

Goldsmiths of Cooch Behar affected by the Gold Control Order

378. (Admitted question No. 1019.)

শ্রীজীবনকৃষ্ণ দে: কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় স্বর্ণনিয়ন্ত্রণ আইন চালু হওয়ার ফলে বৃত্তিচ্যুত স্বর্ণশিল্পীর সংখ্যা কত;

(খ) পুনর্বসতি লোন ও ক্ষতিপূরণের বাবদ কোন টাকা উক্ত বৃত্তিচ্যুতদের জন্য দেওয়া হয়ে থাকলে মহকুমা ভিত্তিক তার পরিমাণ কি;

(গ) ইহা কি সত্য যে, লোন গ্রহণকারীদের বিভিন্ন হারে টাকা দেওয়া হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে কিসের ভিত্তিতে এই হার নির্ধারণ করা হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries :

(ক) ৭০১ জন।

(খ) সদর মহকুমায় ৮ ব্যক্তিকে ব্যক্তিগত জামিনে ৫০০ টাকা করিয়া ঋণ দেওয়া হইয়াছে। মোট ঋণের পরিমাণ ৪,০০০ টাকা।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Production of Paddy in West Bengal

379. (Admitted question No. 1084.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে পশ্চিমবঙ্গে কত পরিমাণ ধান্য উৎপাদন হইয়াছে; এবং

(খ) উৎপন্ন ধানের কত অংশ বাজারে সরবরাহ (মার্কেট সাপ্লাই) হইয়াছে?

The Minister for Food and Supplies :

(ক) ১৯৬৪ সালে (জানুয়ারি হইতে ডিসেম্বর পর্যন্ত) মোট ৮,০৪৩·৪ হাজার টন ধান্য উৎপাদন হইয়াছে। অর্থাৎ ৮০ লক্ষ ৪৩ হাজার ৪ শত টন।

(খ) উৎপন্ন ধানের প্রায় ২৩ শতাংশ বাজারে সরবরাহ করিবার মত উদ্বৃত্ত থাকে। ১৯৬৪ সালে ইহার পরিমাণ ছিল প্রায় ১,৮৫০ টন।

Supply of food in non-rationed rural areas of West Bengal

380. (Admitted question No. 1087.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে রেশন বহির্ভূত এলাকায় বর্তমানে খাদ্যদ্রব্য বন্টনের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি না; এবং

(খ) উত্তর যদি 'না' হয় তাহা হইলে এ সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন কি না?

The Minister for Food and Supplies :

(ক) পশ্চিমবঙ্গের সমস্ত জেলার গ্রামাঞ্চলে মডিফায়েড রেশনিং ব্যবস্থা প্রবর্তিত হইয়াছে। ঐ সব অঞ্চলের জনসাধারণকে এম আর সপ্ মারফৎ সরকার নির্ধারিত দরে চাউল, গম ও গমজাত দ্রব্য এবং চিনি সরবরাহ করা হইতেছে।

(খ) প্রশ্ন ওঠে না।

Improvement of roads within Midnapore municipal area

381. (Admitted question No. 1106.) **Shri Syed Shamsul Bari** : Will the Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—

(a) if there is any proposal for improvement of the roads within Midnapore municipal area during the current financial year on usual Government grant and municipal contribution ;

(b) if so, the locations and length of such roads, and

will the work be taken up and when completed ?

The Minister for Local Self-Government and Panchayats : (a) Yes.

(b) (1) Bridge and culverts of Burrabazar Road.

(2) Extension of Civil Court Road up to Civil Court post office Chawk.

(3) Diamond Ground Road from D.M 's quarter (south gate) to Hospital Chawk (1,800 ft.).

(4) Road from Hospital Chawk to Dwariband Road at Rajabazar Chawk (Mirzabazar—2,800 ft.).

(5) Bridge and culverts at Baxibazar Road from M. L. Khan Road at School Bazar via Baxibazar Judges east gate up to Civil Court post office Chawk.

(c) Work will start soon and continue beyond the current financial year till its completion. It cannot be indicated now when the work will exactly be completed.

Deep tubewells sanctioned for the Midnapore Block

382. (Admitted question No. 1108.) **Shri Syed Shamsul Bari** : Will the Minister-in-charge of Agriculture and Community Development Department be pleased to state—

(a) if any deep tubewell has been sanctioned for the Midnapore Block for the improvement of agriculture during the current financial year ;

(b) if so, the number and locations of those deep tubewells ; and

(c) when they are going to be installed ?

The Minister of State for Agriculture and Community Development : (a) There is a programme for drilling 100 deep tubewels in the district of Midnapore during the remaining period of the Third Five-Year Plan. Some of them are likely to be drilled in Midnapore Block but not during the current financial year.

(b) The undermentioned six sites have so far been selected in Midnapore Block for deep tubewell drilling purpose :

(i) Rupsa; (ii) Khasjungle; (iii) Jamsole; (iv) Valki; (v) Palasia; and (vi) Chherabani.

(c) The tubewells are likely to be drilled by the middle of the next financial year.

Abandoned portion of the G. T. Road at Memari Railway Station

383. (Admitted question No. 1133.)

শ্রীসৈয়দ আবদুল মনসুর হাবিবুল্লাঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেমারী (জেলা বর্ধমান) স্টেশন রোড (প্রাক্তন পরিত্যক্ত গ্রান্ড ট্রাঙ্ক রোড) মেরামতের কিরূপ ব্যবস্থা হইয়াছে?

The Minister for Public Works :

বর্তমানে একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

Mursidabad Zilla and Anchalik Parishads

384. (Admitted question No. 1144.)

শ্রীসনৎকুমার রাহাঃ স্বায়ত্বশাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা পরিষদ কবে গঠিত হইবে;

(খ) এই জেলায় মোট আঞ্চলিক পরিষদ কয়টি এবং থানা ভিত্তিতে আঞ্চলিক পরিষদ গঠিত হইয়াছে কি না ; এবং

(গ) আঞ্চলিক পরিষদের ভিত্তিতে থানা গঠনের পরিকল্পনা সরকারের আছে কি না?

The Minister of State for Panchayats :

(ক) মুর্শিদাবাদ জেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান পদের জন্য আগামী ১৮-২-৬৫ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(খ) মুর্শিদাবাদ জেলায় মোট ২৬টি আঞ্চলিক পরিষদ আছে। থানার ভিত্তিতে আঞ্চলিক পরিষদ গঠিত হয় নাই।

(গ) আঞ্চলিক পরিষদের ভিত্তিতে থানা গঠনের কোন পরিকল্পনা নাই।

Managing Committee of the Murshidabad Institute of Technology

385. (Admitted question No. 1149.)

শ্রীসনৎকুমার রাহাঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজির পরিচালক (ম্যানেজিং কমিটি) সমিতির সদস্যগণের নাম কি;

(খ) এই সমিতি কিভাবে গঠিত হয়; এবং

(গ) কবে এই সমিতি গঠিত হইয়াছে?

The Minister for Education :

(ক) পরিচালক সমিতির সদস্যগণের নামের পৃথক তালিকা দেওয়া হইল।

(খ) সরকারের অনুমোদন লইয়া এই পরিচালক সমিতি গঠিত হয়। স্থানীয় সদস্য [illegible] জেলাশাসকের সহিত পরামর্শ করিয়া করা হয়।

(গ) ১৯৬২ সালের ২৭এ জানুয়ারি বর্তমান সমিতি গঠিত হইয়াছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 285.

মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজির পরিচালক সমিতির সদস্যগণের নামের তালিকা

১। জেলাশাসক, মুর্শিদাবাদ—সভাপতি (পদাধিকার বলে)।

সদস্যগণ

২। শ্রীসৌমেন্দ্রচন্দ্র নন্দী, কাশিমবাজার।
৩। ডাঃ রামচন্দ্র পাল, অধ্যক্ষ, কৃষ্ণনাথ কলেজ, বহরমপুর।
৪। শ্রীনগেন্দ্রকুমার ভট্টাচার্য, মুর্শিদাবাদ।
৫। শ্রীঅম্বিকাচরণ রায়, খাগড়া, মুর্শিদাবাদ।
৬। স্টেট কাউন্সিল ফর ইঞ্জিনীয়ারিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন-এর প্রতিনিধি—(শ্রী পি কে ঘোষ, প্ল্যানিং অ্যান্ড প্রোগ্রেস ইঞ্জিনীয়ার, ব্যান্ডেল প্রোজেক্ট)।
৭। ইনস্টিটিউট অফ ইঞ্জিনীয়ার্স-এর প্রতিনিধি—(শ্রীকরুণাদাস চ্যাটার্জি, বি ই, এ এম আই ই, এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার্স, গঙ্গা ব্যারেজ ইনভেস্টিগেশন ডিভিশন, বহরমপুর)।
৮। পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগের প্রতিনিধি—(মুখ্য পরিদর্শক, প্রযুক্তি বিদ্যা, পশ্চিমবঙ্গ সরকার অথবা তাঁহার প্রতিনিধি)।
৯। এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, বহরমপুর।
১০। ভারত সরকারের শিক্ষা মন্ত্রক-এর প্রতিনিধি [অ্যাসিস্ট্যান্ট এডুকেশানাল অ্যাডভাইসার (টেকনোলজি), পূর্বাঞ্চল, কলিকাতা]।
১১। অল ইণ্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন-এর পূর্বাঞ্চল পরিষদের প্রতিনিধি—(শ্রী বি এন চৌধুরী, মেসার্স ব্যালর্ডি টমসন অ্যান্ড ম্যাথিউস, কলিকাতা)।
১২। অধ্যক্ষ, মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজি—সম্পাদক (পদাধিকার বলে)।

Kasimbazar B. T. Mill

386. (Admitted question No. 1154.)

শ্রীসনৎকুমার রাহাঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কাশীমবাজার বি টি মিলে উদ্বাস্তু ট্রেনিং-এর জন্য কত টাকা দেওয়া হইয়াছে। কতজন উদ্বাস্তুকে নিয়োগ করার কথা ছিল, এবং কতজন উদ্বাস্তুকে নিযুক্ত করা হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation :

উদ্বাস্তুদিগের শিক্ষণের জন্য কোন অর্থ সরকার মঞ্জুর করেন নাই। কাশীমবাজার বিটি মিলকে ৫ই নবেম্বর, ১৯৫৯, তারিখে মঞ্জুরীকৃত ১২,৩৫,০০০ টাকা ঋণের শর্তানুসারে ৫২০ জন উদ্বাস্তুকে কর্মে নিয়োগ করার কথা ছিল; মিল কর্তৃপক্ষ ইতিমধ্যে ৮১২ জন উদ্বাস্তুকে নিয়োগ করিয়াছেন এবং মোট ৩৪,৩৩৫·৮৪ পয়সা ঋণ আজ পর্যন্ত উক্ত মিলকে দেওয়া হইয়াছে। নিযুক্ত উদ্বাস্তুর সংখ্যা নির্ধারিত সংখ্যা অপেক্ষা ২৯২ বেশি।

T. B. Centres in Purulia district

387. (Admitted question No. 1162.)

শ্রীপদক মাহাতো ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় টি বি রোগ প্রতিরোধের জন্য চিকিৎসার্থে কতগুলি কেন্দ্র আছে এবং কোন্ থানায় কয়টি; এবং

(খ) অবিলম্বে আরও ঐ কেন্দ্র বাড়াইবার পরিকল্পনা আছে কি না, এবং থাকিলে তাহার বিশদ তথ্যাদি কি?

The Minister for Health :

(ক) পুরুলিয়া জেলায় যক্ষ্মা রোগের চিকিৎসার জন্য পুরুলিয়া জেলা হাসপাতাল সংলগ্ন একটি যক্ষ্মা রোগ চিকিৎসা কেন্দ্র (চেস্ট ক্লিনিক) আছে, এবং রোগ নির্ণয়ের পর রোগী যাহাতে তাহার বাসস্থানের নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্র হইতে এই রোগের যাবতীয় ঔষধ পায়, তাহারও ব্যবস্থা আছে।

(খ) হ্যাঁ, পুরুলিয়া জেলার জনসংখ্যা অনুপাতে আরও দুইটি যক্ষ্মারোগ চিকিৎসা কেন্দ্র খোলার পরিকল্পনা আছে। এইগুলির জন্য স্থান নির্বাচন এখনও সম্পূর্ণ হয় নাই। যেসব স্বাস্থ্যকেন্দ্রে অথবা তাহার কাছাকাছি বিদ্যুৎশক্তি পাওয়া যাইবে এবং স্বাস্থ্যকেন্দ্র সংলগ্ন অতিরিক্ত জমি পাওয়া সম্ভব হইবে, উহাদের মধ্যে এইরূপ দুইটি কেন্দ্রের স্থান নির্বাচন করা হইবে।

G. R. in Natapada Anchal, Purulia

388. (Admitted question No. 1164.)

শ্রীপদক মাহাতো : ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় বরাবাজার থানায় নটপদা অঞ্চলে গুরুতরভাবে শস্যহানি হওয়া সত্ত্বেও ঐ অঞ্চলের জি আর সংখ্যা কমাইয়া দেওয়া হইয়াছে; এবং

(খ) এই অঞ্চলে বর্তমানে কোন্ গ্রামে কতজন জি আর পাইতেছে?

The Minister for Relief :

(ক) পুরুলিয়া জেলায় বরাবাজার থানার নটপদা অঞ্চলে গুরুতরভাবে শস্যহানির কোনরূপ সংবাদ পাওয়া যায় নাই। ফসল উঠিবার পর দুঃস্থ ব্যক্তির সংখ্যা কমিয়া যাওয়ায় ঐ অঞ্চলে খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা স্বাভাবিকভাবেই কিয়ৎপরিমাণে হ্রাস পাইয়াছে।

(খ) একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 388

পুরুলিয়া জেলার অন্তর্গত বরাবাজার থানার অধীনে নটপদা অঞ্চলের কোন্ গ্রামের কত লোক বর্তমানে জি আর পাইতেছে তাহার সংখ্যা।

ক্রমিক সংখ্যা, গ্রামের নাম এবং জি আর প্রাপকের সংখ্যা

১। তালাডি—২০
২। ধারগ্রাম—২১
৩। গির্দিঘাটি—১৯
৪। সরবেড়িয়া—৩১
৫। মুকুন্দপুর—১১
৬। নটপদা—২২
৭। হেরবনা—২৫
৮। ভাগাবাঁধ—২
৯। কৃষ্ণনগর—৩
১০। আমড়াবেড়া—১৪
১১। কুটরা—২
১২। গহমিকোবা—২
১৩। সনাদহ—৭
১৪। গোড্ডি—১১
১৫। পুঁইজাঁগা—৯
১৬। গোবিন্দপুর—৫
১৭। কুটুরকুমা—২
১৮। বামনিডি—৫
১৯। পিঁড়াডি—৮
২০। নোয়াডি—১১

Circulation of notices in English by the Zilla and Anchalik Parishads, Purulia

389. (Admitted question No. 1166.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলায় জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদগুলিতে ইংরাজী ভাষায় নোটিস প্রভৃতি চলিতেছে ও তাহার ফলে জনগণের প্রভূত অসুবিধা হইতেছে; এবং

(খ) জেলা পরিষদের কাজকর্ম বাংলা ভাষায় চলিবে, এ মর্মে সরকার হইতে কোন নির্দেশ দেওয়া হইয়াছে কি না?

The Minister of State for Panchayats :

(ক) না। এ সম্বন্ধে এখন পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি।

(খ) হ্যাঁ। দেওয়া হইয়াছে।

Educational facilities to the children of Political Sufferers

390. (Admitted question No. 1168.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজনৈতিক নির্যাতিত ব্যক্তিদের সন্তানদের স্কুলে পাঠের জন্য সহায়তা দেওয়ার যে কার্যধারা চলিতেছে, সেই কার্যধারা অনুসারে পুরুলিয়া জেলায় ১৯৬৩-৬৪ সালে নূতন যাঁহারা আবেদন করিয়াছিলেন, তাঁহারা কোন সাহায্য পান নাই;

(খ) ইহা সত্য হইলে, তাহার কারণ কি; এবং

(গ) ঐ সময়ে অন্যান্য জেলায় নূতন আবেদনকারিগণ টাকা পাইয়াছিলেন কি না?

The Minister for Education :

(ক) এবং (খ) রাজনৈতিক দুঃস্থ কর্মিগণের পুত্রকন্যার পড়াশোনার সাহায্যের জন্য ১৯৬৩-৬৪ সালে যেসকল নূতন আবেদনপত্র পাওয়া গিয়াছে সেই সকল আবেদনকারীকে এখন পর্যন্ত কোন সাহায্য মঞ্জুর করা হয় নাই। কারণ, এই পরিকল্পনা অনুযায়ী যে অর্থ ব্যয় হয় তাহার শতকরা ৫০ ভাগ ভারত-সরকার বহন করেন। সেইজন্য নূতন আবেদনকারিদিগকে সাহায্য মঞ্জুর করার বিষয়টি ভারত সরকারের অনুমোদনের জন্য প্রেরণ করা হইয়াছে এবং বর্তমানে উহা ভারত-সরকারের বিবেচনাধীন আছে।

(গ) না।

Treatment of Leprosy patients in Purulia district

391. (Admitted question No. 1169.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কুষ্ঠরোগ প্রতিকারের জন্য চিকিৎসার্থে কতগুলি কেন্দ্র আছে এবং কোন্ থানায় কয়টি; এবং

(খ) অবিলম্বে আরো ঐ কেন্দ্র বাড়াইবার পরিকল্পনা আছে কি না এবং থাকিলে তাহার বিশদ তথ্যাদি কি?

The Minister for Health :

(ক) পুরুলিয়া জেলায় কুষ্ঠ চিকিৎসা কেন্দ্রের সংখ্যা মোট ১৩টি—

বড়বাজার থানায়—১টি

কাশীপুর থানায়—১টি

রঘুনাথপুর থানায়—২টি

মানবাজার থানায়—২টি—

পুঞ্চা থানায়—১টি

হুরা থানায়—২টি

পুরুলিয়া সদর থানায়—৩টি

পারা থানায়—১টি

(খ) বর্তমানে এরূপ কোন পরিকল্পনা নাই।

G. R. recipients in West Bengal

392. (Admitted question No. 1171.)

শ্রীকানদ্রু মাঝিঃ ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে কোন্ জেলায় কতজন জি আর পাইয়াছে ; এবং

(খ) পুরুলিয়া জেলায় কোন্ থানায় কত ব্যক্তি ঐ বৎসর জি আর পাইয়াছে?

The Minister for Relief :

(ক) (১) জলপাইগুড়ি—১২১,৯৪৩

(২) বীরভূম—৬৮,৬৫৮

(৩) নদীয়া—৪১৫,৩০৮

(৪) দার্জিলিং—৩,৭৪২

(৫) হুগলী—৮৭,০৬৫

(৬) মালদহ—৭১,৯৮৬

(৭) পুরুলিয়া—৮৯,২০১

(৮) মুর্শিদাবাদ—৭৮,১৮৫

(৯) কোচবিহার—৩৯৯,৭৩৫

(১০) মেদিনীপুর—১২১,১২৭

(১১) পশ্চিম দিনাজপুর—৫৩,৪৫৪

(১২) বাঁকুড়া—৩৯,৪৭৫

(১৩) হাওড়া—৩৬৫,৫২০

(১৪) চব্বিশপরগনা—২০৭,৮১২

(১৫) বর্ধমান—২২৩,৫২৬

(খ) পুরুলিয়া—৭,৬৫৭
জয়পুর—৫,৪৩২
আরশা ৫,০০৫
ঝালদা—৭,০৭৮
হুরা—৭,৬৫১
পুঞ্চা—৯,৯১০
মানবাজার—৮,৪৪৪
রঘুনাথপুর—৩,৩৪১
সাঁনতুরি—২,২১৮
নেতুরিয়া—২,৯৪১
পারা—৬,৮১৫
কাশীপুর—৫,৪৬৮
বলরামপুর—১,৪০১
বড়বাজার—৩,০৬৫
বাঘমুণ্ডী—১০,৩৯০
বানদোয়ান—২,৩৮৫

মোট—৮৯,২০১

Chocked up and resunk tubewells in Murshidabad district

393. (Admitted question No. 1199.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে অকেজো (পানীয়) নলকূপ কয়টি আছে; এবং

(খ) ১৯৬০-৬১ হইতে ১৯৬৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত প্রতি বছরে কয়টি নলকূপ পুনর্খনন করা হইয়াছে?

The Minister for Health :

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে ৯৬০টি অকেজো নলকূপ আছে।

(খ) ১৯৬০-৬১ সালে ১৫০টি, ১৯৬১-৬২ সালে ৬৬টি, ১৯৬২-৬৩ সালে ৪২৭টি, এবং ১৯৬৩-৬৪ সালে ৭২টি নলকূপ পুনর্খনন করা হইয়াছে।

১৯৬৪-৬৫ সালে ৭৪টি নলকূপ পুনর্খননের পরিকল্পনা আছে তবে ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত স্থান নির্বাচনের কাজ সমাপ্ত না হওয়ায় কোন নলকূপ পুনর্খনন করা সম্ভব হয় নাই।

G. R. in West Bengal

394. (Admitted question No. 1204.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে মোট কতজন ব্যক্তিকে খয়রাতি সাহায্য ইউনিট হিসাবে গত তিন বছরে দেওয়া হইতেছে?

The Minister for Relief :

১৯৬১-৬২ সালে—১,৮১,৯৫,১৮৩½ ইউনিট।
১৯৬২-৬৩ সালে—২,১৬,১১,৩৯৪½ ইউনিট।
১৯৬৩-৬৪ সালে—২,৯৭,৪২,০১০½ ইউনিট।

Health Centres at Makrampur in Daspur police-station, Midnapore

395. (Admitted question No. 1215.)

শ্রীনগেন দোলই: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাসপুর থানার ৩ নং ইউনিয়ন মকরামপুর গ্রামের হেল্থ সেন্টারটির বাড়ীর নির্মাণকার্য কত দিনে শেষ হইয়াছে; এবং

(খ) ঐ হেল্থ সেন্টারটি উদ্বোধন কত দিনের মধ্যে হইবে আশা করা যায়?

The Minister for Health :

(ক) ১৯৬৪ সালের নভেম্বর মাসে নির্মাণকার্য শেষ হইয়াছে।

(খ) যত শীঘ্র সম্ভব স্বাস্থ্য কেন্দ্রটি চালু করার ব্যবস্থা করা হইতেছে।

Subsidiary Health Centre at Nijnarajol, Daspur police-station, Midnapore

396. (Admitted question No. 1216.)

শ্রীনগেন দোলই: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলায় দাসপুর থানার ১নং ইউনিয়নের নিজনাড়াজোল সাবসিডিয়ারী হেলথ সেন্টারটি উদ্বোধন কতদিনের মধ্যে হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Health :

স্বাস্থ্য কেন্দ্রটির নির্মাণকার্য সম্প্রতি সমাপ্ত হইয়াছে। আশা করা যায় যে শীঘ্রই ইহা চালু করা সম্ভব হইবে।

Wells for Adibasis in Bankura and Purulia districts

397. (Admitted question No. 1230.)

শ্রীজলেশ্বর হাঁসদা: আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় ১৯৬২ সাল হইতে আজ পর্যন্ত আদিবাসি-মঙ্গল বিভাগ কর্তৃক আদিবাসিদের জন্য কয়টি পানীয় জলের কুয়া খনন করা হইয়াছে?

The Minister of State for Tribal Welfare :

	নলকূপ	ইঁদারা
বাঁকুড়া	১	১৫৭
পুরুলিয়া	—	৩৭

ইহা ছাড়া, বাঁকুড়ায় ২৪টি ও পুরুলিয়ায় ৩৭টি ইঁদারার নির্মাণকার্য চলিতেছে।

Re-excavation of the outfall system of Dubda Basin Drainage Scheme

398. (Admitted question No. 1261.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলায় দুবদা বেসিন জলনিকাশী পরিকল্পনায় সমুদ্রের নিকটবর্তী বহির্গমন পথ (আউটফল) (পিছাবনী ড্রেনেজের কতকগুলি শাখা ড্রেনেজ) বহুদিন যাবৎ সংস্কারের অভাবে মজিয়া গিয়াছে ও কতক কতক স্থানে সল্ট ফ্যাক্টরীগুলি কর্তৃক অবরুদ্ধ হইয়াছে।

(খ) অবগত থাকিলে এই বহির্গমন নিকাশী ড্রেনেজগুলি (আউটফল চ্যানেল) অঞ্চল বিভাগীয় কর্তৃপক্ষ সার্ভে করিয়াছেন কি বা অনুসন্ধান করিয়াছেন কি;

(গ) উক্ত ড্রেনেজগুলির কোন্ কোন্ অংশ কোন্ কোন্ লবণ ফ্যাক্টরী (কোং) কর্তৃক অবরুদ্ধ হইয়াছে এবং উহার প্রতিকারের কি ব্যবস্থা করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত পিছাবনী খাল ও উহার আউটফল চ্যানেলগুলি সংস্কারের কোন পরিকল্পনা হইয়াছে কি এবং কোন্ সময়ে উহা কার্যকরী হইবে?

The Minister for Irrigation and Waterways :

(ক) পিছাবনী খালের জল প্রধানতঃ সোলামোহনা দিয়া প্রবাহিত হইয়া সমুদ্রে পতিত হয়। উক্ত সোলামোহনার গতিপথ কোথাও বিশেষ অবরুদ্ধ হয় নাই। কোন কোন শাখা সল্ট ফ্যাক্টরী দ্বারা অবরুদ্ধ হইয়া থাকিতে পারে তবে তাহাতে পিছাবনী খালের জল নির্গমনের বিশেষ অসুবিধা হয় না।

(খ) অনুসন্ধান এবং জরীপকার্য চলিতেছে।

(গ) প্রয়োজনীয় অনুসন্ধানকার্য শেষ না হইলে শাখাগুলির কোথায় কোথায় এবং কোন্ কোন্ লবণ ফ্যাক্টরী দ্বারা অবরুদ্ধ হইয়াছে বলা সম্ভব নহে। জরীপ ও অনুসন্ধানকার্য শেষ হইবার পর প্রতিকারের ব্যবস্থা বিবেচনা করা হইবে।

(ঘ) পিছাবনী খাল এবং বহির্গমন খালগুলির সমস্যা দুবদা বেসিন প্রকল্প রূপায়ণের সহিত জড়িত। দুবদা বেসিন প্রকল্প প্রস্তুত হইবার পর এখন পরীক্ষাধীন আছে। সুতরাং ঐ খালগুলির সংস্কারকার্য কবে আরম্ভ করা হইবে বর্তমানে বলা সম্ভব নহে।

Harishchandrapur Large Sized Marketing Society, Malda

399. (Admitted question No. 1309.)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর লার্জ সাইজড্ মার্কেটিং সোসাইটি গত কৃষি মরশুমে সার ক্রয়ের জন্য কোন অর্ডার সরকারের মাধ্যমে দাখিল করিয়াছিলেন কি না ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তাহা হইলে কত টনের জন্য অর্ডার দেওয়া হইয়াছিল এবং কত টন সার উক্ত মার্কেটিং সোসাইটি সংগ্রহ করিতে সক্ষম হইয়াছিলেন; যদি আদৌ না পাইয়া থাকেন তাহার কারণ কি: এবং

(গ) গত মরশুমে অন্য কোন ব্যবসায়ী মালদহ জেলায় সারের সরবরাহ পাইয়াছেন কি না?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) ও (খ) করেন নাই। সরকার নিযুক্ত সার বণ্টনকারী ব্যতীত অন্য কেহ সরাসরি সরকারের নিকট সার ক্রয়ের অর্ডার দিতে পারেন না বা সরকারের নিকট হইতে সার পান না। হরিশ্চন্দ্রপুর লার্জ সাইজড্ মার্কেটিং সোসাইটি সরকার কর্তৃক সার বণ্টনকারীরূপে নিযুক্ত হন নাই।

(গ) পাইয়াছেন।

Double-crop producing lands in West Bengal

400. (Admitted question No. 299.)

শ্রীঅনঙ্গমোহন দাশ: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে জেলাওয়ারী কত জমিতে দোফসলী করার ব্যবস্থা হইয়াছে;

(খ) উক্ত দোফসলী জমিতে কি কি প্রকার ফসল হয়;

(গ) জেলাওয়ারী কত জমিতে ১৯৬৫-৬৬ সালে দোফসলী করার ব্যবস্থা করার পরিকল্পনা আছে; এবং

(ঘ) উক্ত দোফসলী জমিতে কোন্ কোন্ ফসল একরপ্রতি কি হারে গত ১৯৬৩ এবং ১৯৬৪ সালে উৎপাদিত হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) বিভিন্ন জিলার ১৯৬২-৬৩ সালের দোফসলী জমির পরিমাণের একটি বিবরণী াইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) তিতাপাট, মিঠাপাট, আউশ ও আমন ধান, জোয়ার, বাজরা, ভুট্টা প্রভৃতি প্রথম ফসল হসাবে উৎপন্ন করা হয়। দ্বিতীয় ফসল হিসাবে পাটের পর আমন ধান, গম, ছোলা, যব, মুসুর, ন্যান্য ডাল, তিল, সরিষা, তিসি ও অন্যান্য তৈলবীজ আলু, তামাক এবং শাকসবজি উৎপন্ন য়।

(গ) ১৯৬৫-৬৬ সালে দোফসলী করার জন্য জেলাওয়ারী কোন বিশদ পরিকল্পনা প্রস্তুত রা হয় নাই। তবে নিশ্চিত সেচ এলাকায় বিশেষতঃ গভীর নলকূপ এলাকায় একাধিক ফসল রা হইতেছে।

(ঘ) দোফসলী জমিগুলির প্রথম অর্থাৎ খরিপ ফসলের কোন আলাদা পরিমাপ করা হয় াই। খরিফ ফসলগুলির জন্য রাজ্যের যে সামগ্রিক পরিমাপ (ক্রপ ফোরকাস্ট) করা হইয়া থাকে দাফসলী জমিতে উৎপন্ন খরিফ ফসল তদনুযায়ী হইয়াছে বলিয়া ধরিতে হইবে। যাহাহউক বতীয় ফসল হিসাবে খরিফ শস্যের পর গম, যব, ডাল এবং তৈলবীজ উৎপন্ন করা হয়। জলাওয়ারী একরপ্রতি উক্ত দ্বিতীয় ফসল উৎপন্নের বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত রা হইল।

Settlement of Government vested lands in Jambani police-station, Midnapore

401. (Admitted question No. 482.)

শ্রীসুরেন্দ্রনাথ মহাতো ঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক—

(ক) মেদিনীপুর জেলায় জাম্বনী থানায় সরকারে ন্যস্ত জমি যাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে ইউনিয়নওয়ারী তাহাদের নামের তালিকা কি; এবং

(খ) যাহাদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে তাহারা সকলেই ভূমিহীন কৃষক কি না?

The Minister for Land and Land Revenue :

(ক) একটি তালিকা এতৎসহ লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(খ) হাঁ।

Superannuated officers re-employed under the State Government

402. (Admitted question No. 657.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী চাকুরির বয়ঃসীমা পার হইয়া গিয়াছে অথচ এক্সটেনশান, স্পেশাল কন্ট্রাক্ট প্রভৃতি দ্বারা সরকারী চাকরিতে রাখা হইয়াছে এরূপ সরকারী কর্মচারী ডিরেক্টরী-ওয়ারী (যথা স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি) কয়জন;

(খ) তাঁহাদের নাম, বর্তমান পদ এবং বর্তমান বয়স কত;

(গ) মাহিনা, ভাতা, পেনসন এবং অন্যান্য খরচ বাবত সরকারী তহবিল হইতে মাসিক কাহার জন্য কত টাকা খরচ হয়; এবং

(ঘ) তাঁহাদের কোন্‌জনকে কি কি কারণে চাকরির বয়ঃসীমা পার হওয়া সত্বেও চাকরি হইতে অব্যাহতি দেওয়া সম্ভবপর হইতেছে না?

The Minister for Finance :

(ক) ২২এ ফেব্রুয়ারী, ১৯৬৫, তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুযায়ী ১৫২ জন এরূপ সরকারী কর্মচারী আছেন।

(খ) ও (গ) কর্মচারীদের নাম, বর্তমান পদ, বয়স এবং মাহিনা, ভাতা, পেনসন, প্রভৃতি দেখাইয়া একটি তালিকা অবগতির জন্য লাইব্রেরীর টেবিলে রাখা হইল।

(ঘ) ঐ সকল কর্মচারিদিগকে সরকারী প্রয়োজনে চাকরি হইতে অব্যাহতি দেওয়া সম্ভবপর হইতেছে না।

Amount granted to Co-operative Cottage Industry Societies by Khadi and Villag Industries Board

403. (Admitted question No. 1237.)

শ্রীঅভয়পদ সাহাঃ কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে ওয়েস্ট বেঙ্গল খাদি ও ভিলেজ ইণ্ডাস্ট্রিজ বোর্ড হইতে কোন্ কোন্ সমবায় কুটিরশিল্প সমিতিকে কত টাকা (১) ঋণ হিসাবে ও (২) সাহায্য হিসাবে দেওয়া হইয়াছিল; এবং

(খ) ১৯৬৪-৬৫ সালে উক্ত বোর্ড হইতে কোন্ কোন্ সমবায় কুটীরশিল্প সমিতিকে ঋণ বা সাহায্য বাবদ কত টাকা (১) দেওয়া হইয়াছে, এবং (২) দেওয়ার প্রস্তাব অনুমোদন হইতেছে?

The Minister for Cottage and Small Scale Industries :

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

[2—2-10 p.m.]

Reply by the Governor to the Address

Mr. Speaker : In accordance with Rule 23 of the Rules of Procedure and Conduct of Business of the House I am to report that the following reply to the Address of Thanks has been received from the Governor :

"*Raj Bhavan, Calcutta.*

২৮শে ফেব্রুয়ারী, ১৯৬৫।

পশ্চিমবঙ্গ বিধান সভার সদস্যবৃন্দ সমীপে,

আমি পরম পরিতোষের সহিত পশ্চিমবঙ্গ বিধানসভা ও পরিষদের বর্তমান অধিবেশনে প্রদত্ত আমার উদ্বোধনী ভাষণের প্রত্যুত্তরে সভার সদস্যবৃন্দের ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের প্রাপ্তি স্বীকার করিতেছি।

পদ্মজা নাইডু

পশ্চিমবঙ্গের রাজ্যপাল।"

Calling Attention to Matter of Urgent Public Importance

Mr. Speaker : The Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department will please make a statement on non-supply of wheat to the "Chakkiwallas" of Midnapore and Kharagpur towns—attention drawn by Shri Narayan Choubey.

Shri Smarajit Bandyopadhyay : In reply to the Calling Attention Notice given by Shri Narayan Choubey, it may be stated that it is a fact that the Chakkiowners of Midnapore and Kharagpore towns were allotted quota of wheat up to December, 1964, against their deposits but they could not get supplies owing to non-availability of wheat. The main source of supply, viz., import from U. S. A., has been affected by prolonged Ports Strike there. There is, however, no bar against taking refunds from the Regional Director (Food), Government of India, Calcutta, of the amounts so deposited by these Chakkiowners. The District Controllers of Food and Supplies have been asked not to make further recommendations for allotment of wheat to the Chakkiwallas.

As soon as the wheat position improves, the position will be reviewed.

Mr. Speaker : The Hon'ble Minister-in-charge of the Agriculture and Community Development Department will please make a statement on the position of brick-trainers under the Government service—attention drawn by Shri Sanat Kumar Raha.

Shri Smarajit Bandyopadhyay : In reply to the Calling Attention Notice given by Shri Sanat Kumar Raha. I beg to make the following statement :

The Build Your Own House Scheme which is a temporary scheme terminated on the 28th of last month. On the termination of this scheme about 170 (now 140) brick-trainers are likely to be thrown out of employment. The Government have thought of employing as many of them as possible in other suitable jobs since 1963 and the matter was thus taken up with various other Departments, viz., the Public Works Department, Construction Board, Public Health Engineering, Durgapur Projects Ltd., Electricity Board, etc. With the amalgamation of the Community Development and Extension Service Department with the Agriculture Department a further effort was made to employ them as Water Transmission Assistants under the Deep Tubewell Irrigation Schemes.

The Brick trainers are paid wages at Rs.3 per day and they are engaged on the basis of no work no pay. They are not regular Government servants and Government are under no obligation to absorb them. The question of absorption was however taken up on a humanitarian ground. The brick trainers, who are Matriculates or School Final passed, have already been absorbed in Development Blocks as clerks. Only those, who are non-Matriculates or have not passed the School Final Examination, are now to be absorbed. Some of them were given appointment as Water Transmission Assistants which bears a pay scale of Rs.60 to Rs.75. But it is understood that number of them have declined to accept appointment in the above scale on the ground that the pay is less than the total amount they were getting on daily wage basis. All efforts are, however, being made to absorb the remaining brick trainers provided they have a clean record of service and they accept the jobs suitable according to qualifications .

It may be stated that with their qualification (i.e. non-Matric) they cannot be given a pay scale higher than the scale of Rs.60—75 with usual dearness allowances.

শ্রীমনোরঞ্জন রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি এবং হেমন্তবাবু এই ব্রিক ট্রেনারদের ছাঁটাইয়ের আগে তাদের সম্বন্ধে বলবার জন্য, মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম এবং তাঁকে বলেছিলাম যে, তাদের অন্ততঃ ১।২ মাস রাখা হোক এবং তারপর অন্য জব-এ দেওয়া হোক। এ'দের ব্রিক ট্রেনার হিসেবে ডিপ টিউবয়েল সিংকিং, টিউবয়েল সিংকিং ট্রেনিং আছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে এ'দের কি টিউবয়েলের অপারেটর হিসেবে দেওয়া যায় না ? এটা শিখতে তো ২ মাস লাগে। সুতরাং তাদের ২ মাস রেখে তারপর অপারেটর হিসেবে অ্যাবজর্ব করা

হোক। কিন্তু স্টেটমেন্ট-এ এসব কিছু যখন বলা হয়নি তখন মন্ত্রীমহাশয় যদি কিছু বলেন তাহলে ব্যাপারটা ভালভাবে বোঝা যায়।

শ্রীঅমরজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ আগেই বলেছি প্রশ্নোত্তরের সময় এবং আজকে বললাম, এর চেয়ে বেশী কিছু বলতে পারি না।

শ্রীমনোরঞ্জন রায় ঃ কিন্তু এই স্টেটমেন্ট অর্ধসত্য, তারা ৩ টাকা করে ডেইলী, মাসে ৯০ টাকা করে পেত, ১০ টাকা করে ট্রাফিক এলাউন্স পেত, যেদিন কাজ করে না, সেদিন পাবে না। ১০০ টাকার জায়গায় ৬০ টাকা করে দেওয়া হচ্ছে, এভাবেই কি এ্যাডমিনিস্ট্রেসন চলবে সমস্ত জায়গায়? এটা কি বিবেচনা করবেন? কেননা ব্রিক ট্রেনারদের এই অবস্থা হয়েছে, মুখ্যমন্ত্রীর কাছে যাবার পর তিনি বলেছিলেন দেখবেন কিন্তু এই স্টেটমেন্ট দেবার সময় তিনি উচ্চবাচ্য করলেন না, অর্থাৎ মাসে ৪০ টাকা করে তাদের কম বেতন দেওয়া হচ্ছে, যেহেতু স্বর্গীয় বিধান চন্দ্র রায় তাদের রেখেছিলেন সেজন্যই কি তাদের প্রতি ভিন্ডিক্টিভ এ্যাটিচিউড নিয়ে তাদের ৪০ টাকা কম বেতন দেবার কথা বলছেন?

মিঃ স্পীকার ঃ কলিং এ্যাটেনশন হয়ে যাবার পর স্টেটমেন্ট চলেনা এ্যাজ এ মেম্বার অব দি হাউস যদি দরকার হয় পরে জেনে নেবেন, কলিং এটেনশন হয়ে যাবার পর এরকম বলার আর কোন স্কোপ থাকে না।

শ্রীকানাই পালঃ অন এ পয়েণ্ট অব ইনফরমেশন আমি জানতে চাই পশ্চিমবঙ্গ সরকারের কি এ বিষয়ে কোন নীতি নাই?

মিঃ স্পীকারঃ পরে জিজ্ঞাসা করে নেবেন, কলিং এটেনশনের পর ইনফর্মেসন হয়না।

শ্রীকানাই পালঃ আমি জানতে চাইছি এই যে কলিং এটেনশনের উত্তর, কলিং এটেনশন যে ভাষায়ই থাকুক না কেন, পশ্চিমবঙ্গ সরকার যে নীতি গ্রহণ করেছেন তাতে সে উত্তর বিধান সভায় বাংলায় দিতে রাজী আছেন কি না?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন ঃ রাজী আছি, ভবিষ্যতে সব বাংলায়ই হবে।

শ্রীকানাই পালঃ কেন তবে হচ্ছেনা, কারণ কি?

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ মাননীয় সদস্য ইংরেজীতে দিলে ইংরেজীতেই উত্তর পাবেন।

শ্রীসুনীল দাশগুপ্তঃ বাংলায় দিলে গ্রহণ করা হয়না এ্যাসেম্বলী সেক্রেটারিয়েটে।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ ইংরেজীতে দিলে ইংরেজীতে পাবেন, বাংলায় দিলে বাংলায় পাবেন।

শ্রীসুনীল দাশগুপ্ত ঃ কলিং এটেনসন বাংলায় দিলে নেওয়া হয় না যে।

মিঃ স্পীকারঃ আপনি এখনি একটা এলীগেশন করলেন কলিং এটেনশন বাংলায় দিলে নেওয়া হয় না, শুনুন আমার কথা ইউ হ্যাব মেইড এ স্টেটমেণ্ট সুতরাং ইউ আর টু আন্সার। মিঃ দাশগুপ্ত, আপনি দয়া করে বলবেন কি কবে বাংলায় কলিং এটেনশন দিয়েছিলেন?

শ্রীসুনীল দাশগুপ্তঃ আমি গত সেশনে মিঃ রায়ের হাতে বাংলায় একটা কলিং এটেনশন দিয়েছিলাম, উনি বললেন বাংলায় দিলে দেরী হবে উত্তর পেতে, বাংলায় টাইপ রাইটার নেই এটা কপি করে পাঠাতে পারবো না। এজন্যই এটা আমি বলছি।

মিঃ স্পীকারঃ সেই কাগজটা আমাকে দেবেন।

[2-10—2-20 p.m.]

Shri Sunil Das Gupta :

আপনার অফিসকে দিয়েছিলাম, কিন্তু কোনও উত্তর পাই নি।

Mr. Speaker :

এটা আমার এ্যাডমিনিস্ট্রেসন এবং কোনও কারণ থাকতে পারে না, যে আপনারা বাংলায় একটা কলিং এ্যাটেনসান দিলে আমরা নেবো না, আমি জবাব দিই না, আমার অফিস জবাব দেয় না। আপনারা কলিং এ্যাটেনশন নোটিস দিলে, তার থেকে সিলেক্ট করে আমি বলে দিই, সেটা আপনারা বাংলায়ই দিন, ইংরাজীতেই দিন আর হিন্দিতেই দিন।

Shri Kanai Pal :

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে আমরা এই বিধান সভায় বাংলা ভাষায় উত্তর চাই। সরকার পক্ষ থেকে এই প্রচেষ্টা আমরা চাই।

Mr. Speaker : Now Shri Nahar will make the statement on the subject of recent strike of the ministerial staff of Durgapur Steel Project and the terms of statement arrived at.

Shri Bijoy Singh Nahar :

গত ১৬ই ফেব্রুয়ারী ১৯৬৫ তারিখে দুর্গাপুর ইস্পাত কারখানার কয়েকজন অফিস কর্মচারী নাকি একজন অফিসারকে এ্যাসল্ট করেন। অফিসারটি থানায় অভিযোগ করিলে ৮ জন কর্মচারীকে গ্রেপ্তার করিয়া জামিন দেওয়া হয়। এই ঘটনা উপলক্ষ করিয়া অফিস কর্মচারীরা গত ২৩এ ফেব্রুয়ারী হইতে অবস্থান ধর্মঘট করেন। শ্রম দপ্তরের স্থানীয় আধিকারিক আপোষ মীমাংসার চেষ্টা করেন কিন্তু সফল হন নাই। পরে ২৭এ ফেব্রুয়ারী শ্রম উপ-মহাধ্যক্ষ মহাশয় দুর্গাপুরে গিয়া কর্মচারীদের সহিত আলোচনা করেন ও জানাইয়া দেন যে এই বিরোধটি শ্রম বিরোধ নহে ও অবস্থান ধর্মঘট বে-আইনী ও অন্যায় হইয়াছে।

হিন্দুস্থান স্টিল এমপ্লইজ ইউনিয়ন, দুর্গাপুর-এর সভাপতি এই প্রকার ধর্মঘট অবাঞ্ছিত এবং করা উচিৎ নহে, ইহা লিখিত ভাবে জানান ও সাথে সাথেই ৮ জন কর্মচারী ঐ অফিসারের নিকট ক্ষমা প্রার্থনা করেন এবং ধর্মঘট প্রত্যাহার করিয়া লওয়া হয়। অফিসারটিও পুলিশের নিকট কর্মচারীদের বিরুদ্ধে তাহার অভিযোগটি প্রত্যাহার করেন। অতঃপর কর্মচারীরা কাজে যোগ দেন।

Shri Somnath Lahiri :

As a point of information, Sir.,

ঐ সময় যখন মিঃ এইচ এম ঘোষ, তিনি যখন যান এবং ইউনিয়ন-এর সঙ্গে ব্রোকারদের সঙ্গে মালিকদের সঙ্গে আলাপ করেন, তখন এই রকম একটা প্রতিশ্রুতি দেওয়া হবে বলা হয়েছিল যে মালিক পক্ষের তরফ থেকেও কোন ভিক্টিমাইজেশন করা হবে না। কিন্তু মালিক পক্ষ থেকে পরে যে বিবৃতি বেরিয়েছে তাতে সেই পয়েন্ট-এর কোন উল্লেখ নেই, এবিষয়ে আপনার খবরটা কি জানাবেন।

Shri Bijoy Singh Nahar :

এটা কোনও কন্সিলেসান-এর অবস্থায় ছিল না, কেন না এটা কোন ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপুট এ্যাক্ট-এর ধারার মধ্যে কোনও শ্রমিকবিরোধ ছিল না, বাইরে কার সঙ্গে কি মারামারি হচ্ছে তার জন্য পুলিশ কেস হয়েছে কিন্তু যখন অবস্থান ধর্মঘট হল তখন শ্রম উপাধ্যক্ষ মহাশয় গিয়ে সেখানে তাদের বুঝিয়ে দিলেন এবং এই ধর্মঘট সেখান থেকে তুলে নেওয়া হ'ল, তারা জয়েন

করেছে। হিন্দুস্থান স্টিল-এর যারা মালিক পক্ষ তাদের জানানো হয়েছিল, তাদের সঙ্গে কথা হয়েছে, এবং তারা খুব সম্ভব নেবেন না, কিন্তু পরিস্কার ভাবে এখনও কিছু জানান নি

Mr. Speaker : I have received six notices of Calling Attention on the following subjects, namely :

(1) Death of a student in a Bus accident at Howrah Station on 22nd February 1965—by Shri Ananga Mohan Das ;

(2) Declaration of lock-out by the management of Messrs. Reckitt Colman (Pvt.) Ltd.—by Shri Aswini Roy ;

(3) Supply of wheat and wheat products to ration card holders of As se Subdivision—by Shri Aswini Roy ;

(4) Reported sale of manuscript of Rabindranath Tagore's "Gitanjoli" to a foreign country—by Shri Sambhu Charan Ghosh ;

(5) Exemption of big hotels in Calcutta from the Shops and Establishment Ac —by Shri Sambhu Charan Ghosh ; and

(6) Sudden rise in price of Mustard Oil Cake—by Shri Syed Abul Mansur Habibullah.

I have selected the notice of Shri Sambhu Charan Ghosh on the subject of reported sale of manuscript of Rabindranath Tagore's "Gitanjoli" to a foreign country. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today if possible or give a date for the same.

Shri Jagannath Kolay : I shall make the statement next Monday.

Statement of Chief Minister to the Press on Teachers' strike

Shri Jyoti Basu :

মাননীয় স্পীকার মহাশয় আজ সংবাদ পত্রে দেখছিলাম যে মুখ্যমন্ত্রী মহাশয়, নাকি শিক্ষকদে যে কর্মবিরতি চলেছে তাদের দাবী দাওয়া নিয়ে, সেই সম্বন্ধে একটা বিবৃতি দেবেন। আ ভেবেছিলাম এই হাউসেই সেই বিবৃতিই উনি দেবেন। কিন্তু এখন আমি শুনছি সে বিবৃতি সংবাদ পত্রের প্রতিনিধিদের কাছে তিনি দেবেন। যদি এই রকম এক বিবৃতি কিছু দিয়ে থাকেন, তাহ'লে এটাতো একটা গুরুতর ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে, কা আমরা যখন এখানে এই সভায় মিলিত হচ্ছি, ঐ সময় বাইরে তো কখনও এই রকম কে বিবৃতি দেওয়া হয়নি। পার্লিয়ামেন্ট-এ বহুবার এই প্রশ্ন উঠেছে যে হাউস যখন ইন সেস তখন একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কোন মিনিস্টার এটা কখনও পারেন না, এটা অবমাননা ক হয় হাউস-কে, যদি তিনি বাইরে এই রকম কোন বিবৃতি দেন। বিশেষ করে এমন এক বিষয় যেটা নিয়ে আমাদের সমস্ত পশ্চিমবাংলার মানুষ বিচলিত। স্কুল কলেজ বন্ধ এখা অনেকবার এই প্রশ্ন তোলা হয়েছে শিক্ষক-শিক্ষিকারা তাঁরা রাস্তায় বসে আছেন বার দিন হ গেল এই রকম একটা অবস্থা যেখানে আমরা আছি কবে যে এটা মীমাংসা হবে. কবে যে আব লেখা পড়া আরম্ভ হবে তাও বুঝতে পারছি না এবং এটাও বুঝতে পারছি না যে ১৫ তারি থেকে যে পরীক্ষা আসছে সেই পরীক্ষাগুলিই বা কি হবে ? আজকে দেখছিলাম শ্রীমতী অনী দেবী. ওদের সংগঠনের সেক্রেটারী তিনি একটা বিবৃতি দিয়েছেন যে ঐ ১৫ তারিখের মধ্যে ওরা একটা মীমাংসা চান. যাতে করে পরীক্ষা ব্যাহত না হয়. এই রকম একটা অবস্থা চল আমি সংবাদপত্রে দেখছিলাম। আমি কলকাতায় ছিলাম না. এখানকার সদস্যরা যখন প্র তুলেছিলেন তখন মুখ্যমন্ত্রী জোর করে বলেছিলেন যে. আমি শিক্ষকদের সঙ্গে দেখা কর

পারব না, আমার কিছু বলার নেই অথচ উনি তখন রাগান্বিত হয়ে এই সব কথা বলেছিলেন কিন্তু বাইরে এখন, একটা বিবৃতি দিয়ে দিলেন, এখানকার সদস্যদের সংগে আলোচনা করলেন না কিছুই—আমি এটা আপনাকে জানাতে চাই আমি যেদিন কেরালায় চলে যাই তার কয়েকদিন আগে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে ব্যক্তিগতভাবে অনুরোধ করেছিলাম যে শিক্ষকদের সংগে আমি কথা বলেছি বোধ হয় একটা কোন ফরমুলা বার করা যায় যদি একটু আলোচনা করেন। আপনি দেখা করতে পারেন। তিনি অবশ্য বললেন আমি প্রেসিডেন্টকে আনতে গিয়েছিলাম দমদমে, আমি একটু পরিশ্রান্ত আছি, এক্ষুনি আমি চলে যাচ্ছি জরুরী মিটিং আছে ইত্যাদি অনেক কথাই বলেছিলেন। তারপর উনি আর ফোনও করলেন না, ডাকলেনও না, আমি চলে গেলাম কেরালায়। এই অবস্থায় সাতদিন কেটে গেছে তারপর আমি দেখছি যে মুখ্যমন্ত্রী এক তরফা অনেক কথা বলে যাচ্ছেন—তাবলে একটা মীমাংসা তো করতে হবে? আর এতো লাঠি চালিয়ে কোন মীমাংসা হবে না, লাঠি চালিয়ে আরও বিক্ষোভ বাড়বে, আরও গোলমাল হবে, পরীক্ষা বন্ধ হয়ে যাবে, এতে কিছুই হবে না। অথচ হয়তো আমার এখনও ধারণা—অবশ্য কথা বলতে হবে ওদের সংগে—আমি অবশ্য কালকে অনেক রাত্রে ফিরেছি কিন্তু আমার ধারণা একটা মীমাংসা এখনও হতে পারে তাতে পশ্চিমবাংলা সরকারের তহবিল একেবারে শূন্য হয়ে যাবে বা তাঁরা কিছুই করতে পারবেন না এমন অবস্থা আছে বলে আমি মনে করিনা, সেইজন্য আমার একটু আশ্চর্য্য লাগছে যে আপনি একটু বলুন যে কি করতে পারেন আমাদের এই হাউস-এর এমনি কোন মর্যাদা নেই, এমনি তো দেখছি যে যেখানে সতের জন মেম্বার এ্যাবসেন্ট এই বাজেট সেসনএ বিনা বিচারে আটক, সেখানে তো কুঠারঘাত করা হয়েছে সংশোধীয় গণতন্ত্রের প্রতি, সেটা যাক তারপর আমরা দেখছি কোন মূল্য নেই এই হাউস-এর উনি এতবড় গুরুত্বপূর্ণ ব্যাপার, বাইরে বিবৃতি দিয়ে বেড়াচ্ছেন, আমাদের সংগে আলোচনা করছেন না, বুঝতে পারছিনা কি ব্যাপার, তাহ'লে আমরা এখানে আছি কি করতে? এইজন্য আমার মনে হয় এটা কখনও হতে পারে না সেই জন্য আমি দুটো দিক থেকে মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি যে তিনি সেই বিবৃতি সেইভাবে দিলেন, সেটা একটা অধিকারগত প্রশ্ন তারপর তার থেকে গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে এটা কি করে সমাধান করা যায়, উনি কি করছেন, উনি কি ভাবছেন, কি ব্যাপার, উনি একটু আমাদের বলুন।

2-20—2-30 p.m.]

Shri Prafulla Chandra Sen :

আমি আজকে একটা প্রেস কনফারেন্স করেছি তাতে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী এবং আমি যে সমস্ত কথা পূর্বে বলেছি সে সমস্ত কথা আমরা মোটামুটি পুনরাবৃত্তি করেছি। তবে মাননীয় সদস্য যদি বলেন যে অধিকার সঙ্কুচিত হয়েছে তাতে আমি এটুকু বলতে পারি যে ১ ঘন্টা পরে আবার এখানে বিবৃতি দিতে পারি।

Dr. Kanai Lal Bhattacharya :

ভবিষ্যতে এই ধরনের বিবৃতি হাউসকে বাইপাস করে বাইরে যেন না দেওয়া হয়।

মিঃ স্পীকারঃ তিনি তো তার পজিসান কমপ্লেন করলেন।

Dr. Kanai Lal Bhattacharya :

আমি আপনাকে অনুরোধ করবো এটা প্রথম বার নয় আর একবার ফুডের সম্পর্কে স্টেটমেন্ট বাইরে করেছিলেন তখনও হাউস চলছিল। এরূপ যদি নীতি হয় তাহলে হাউস তুলে দিলেই হয়, পলিসি স্টেটমেন্ট সব সময়ে হাউস-এ করবেন সেজন্য আপনাকে অনুরোধ করবো আপনি গভর্নমেন্ট-কে এ কথা বলুন যে তারা যেন ভবিষ্যতে এ নীতি মেনে চলেন।

Shri Somnath Lahiri :

অধিকারগত প্রশ্নে তিনি বললেন যে আমি বিবৃতির কপি দিতে পারি। কিন্তু এটা আমরা কাগজে পড়ে নিতে পারি। তাতে তো হাউসের অধিকার রক্ষা হল না। সুতরাং ভবিষ্যতে

হাউস চলা কালীন কোন ইম্‌পর্ট্যান্ট স্টেটমেন্ট করতে হলে হাউস-এর কাছে করে তারপর প্রেসে যেন দেন এবং তাতে হাউস-এর অধিকার রক্ষিত হয়।

Shri Bijoy Singh Nahar :

The export-oriented industries, no doubt, earn dollars, but at the same time, there is so much fluctuation in them that the workers are worst hit from it. I do not understand why there should be so much fluctuation, why should not there be diversification of production for stabilising the industry so that when there is no export, the jute good can be utilised in this poor country. When the export orders vary so much, an export-oriented industry can be stabilised by having alternative machinery for producing blankets and things like that instead of simply producing carpets, fit for rich man's drawing room.

Our people who use pieces of sacking for covering themselves up could use the blanket. I have been hammering on this; I am going on saying the same thing perhaps couched in different languages. This is a thing which must be thought of at least by the Labour Minister so that he can use his influence on this particular type of industry where the workers are the worst sufferers.

Why are the wages so low in West Bengal? That the wages are very low in West Bengal is an accepted fact. Speaking about the engineering industry, which is the main industry in West Bengal and Bihar border—even in the engineering industry the workers in the big industries get Rs. 107 in West Bengal whereas in Bombay, where the industry is not fully developed, the lowest wage is Rs. 145 and in Madras it is Rs. 132. But the profit in the engineering industry is as high as forty per cent. sometimes. As I was saying, wages are low in West Bengal. It is not because our industries are not thriving; it is not because our industrialists are not making profit. It is because a policy has been followed from a very long time to draw the industries here, to bring them here, to make it attractive for them to function in West Bengal. But unfortunately as the Industries Minister, Shri Asoke Krishna Dutta and others have said, our industries in West Bengal are not thriving so much as they are thriving in Maharastra and other States. In spite of all this we have not been able to attract the industrialists here. On this question, I agree with my honourable friend on the Opposition benches that our history has been different; because in the North-East India even now Sterling companies are thriving in this part of the country. Before the Wage Board some time ago the member in charge of the Indian Tea Association admitted that more than 75 per cent. of the acres under tea are still under Sterling companies. Since then probably things have changed somewhat. But I am not one of those who believe that indigenous capital coming to West Bengal may help it much better. I do not think so. I think that indigenous capital coming to West Bengal at this time will harm it in various ways. So the solution must lie somewhere else. I am not one of those who think that the tea plantation industry and such other industries can be nationalised at the present moment but there must be greater control exercised over these industries. There should be nationalisation in other sectors of industries which can be nationalised at this time. I am not speaking of nationalisation of industries concerned with consumer goods, like tea, but I am talking of other industries which are heavier and which are also labour intensive—I would stress it.

Here I must say that the public sector in some instances—in some places—as they are not in West Bengal I do not cite the instances—public [illegible] or in some instances is as bad or even worse than the private sector.

(At this stage the red light was lit.).

I will not take up more time. I would draw the pointed attention of the Labour Minister to the woes of our labour people. I am sure he will do something for them. I support his Budget demand.

[3-30—3-40 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya :

াননীয় স্পীকার মহাশয়, আজকে দেশে বেকার সমস্যা যেভাবে প্রকট হয়ে উঠেছে তাতে সেই মস্যা সমাধানের কোন ইংগিত আমাদের লেবার মন্ত্রী এবং এমপ্লয়মেণ্ট মন্ত্রী দিতে পারলেন া। এই বেকার সমস্যা সম্পর্কে আমার পূর্ববর্তী দুজন বক্তা বিশদভাবে বলেছেন বলে আমি দিকে আর বিশেষ না গিয়ে শুধু মন্ত্রীমহাশয়কে বলব যে আপনারা আজকে যে শ্রম নীতি হণ করেছেন সেই শ্রম নীতির মাধ্যমে অন্ততঃ ছাঁটাইকে প্রতিরোধ করতে পারছেন না। াপনাদের এই নীতি হওয়া উচিত যাতে এই ছাঁটাই বাংলাদেশে কিছুটা প্রতিরোধ করা যায়। ার কারণ একে তো দেশে বেকারের সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে তার উপর যারা চাকরি করছে াজকে মালিক যদি র‍্যাশানালাইজেসান-এর নাম করে কিংবা অন্য যে কোন অজুহাতে ট্রেড উনিয়ন করার অপরাধে তাদের ছাঁটাই করে তাহলে দেশে আরো সমস্যা সৃষ্টি হবে, সমাধানের থে যাবে না। নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম অনেক বেড়ে গেছে একথা মন্ত্রীমহাশয় াজেই স্বীকার করেছেন এবং এমন একটা পর্যায়ে এসেছিল যখন তাঁকে ডিফেন্স অব ইণ্ডিয়া লসের সাহায্য নিয়ে ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রিতে মাগ্‌গিভাতা বাড়ানর প্রয়োজন দেখা দিয়েছিল। াননীয় মন্ত্রীমহাশয় হয়ত ডিফেন্স অব ইণ্ডিয়া রুলের সাহায্য নিয়ে মাগগিভাতা বাড়িয়েছেন, ন্তু একটা কথা আমি তাঁকে বলতে চাই সেটা হচ্ছে এই মাগ্‌গিভাতা বাড়ানর ব্যাপারে তাঁরা কস্ট অব লিভিং ইনডেক্স ব্যবহার করেছেন তার মধ্যে অনেক গল্‌তি আছে। তিনি কস্ট ব লিভিং ইনডেক্স দেখিয়ে ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রিতে মাইনে বাড়িয়ে দিলেন, কটন টেক্সটাইল ডাষ্ট্রিতে দেখলাম কিছু কিছু মাইনে বাড়ল, যদিও আমরা মনে করি যেভাবে জিনিস-ত্রের দাম বেড়ে গেছে তাতে এই সামান্য ডিয়ারনেস এ্যালাওয়েন্স বাড়াতে কস্ট অব লিভিং ডেক্স কোন দিক দিয়ে নিউট্রালাইজড হয় না, খুব কম পোর্সান নিউট্রালাইজড হয়, আমাদের ালকুলেশান অনুযায়ী শতকরা ৩০ থেকে ৩৫ ভাগ হয়, তা সত্ত্বেও আমরা এইটুকু বলব যেখানে ঞ্জনীয়ারিং এবং কটন টেক্সটাইলে জিনিসপত্রের দাম বাড়ার জন্য ডিয়ারনেস এ্যালাওয়েন্স বেড়ে ল সেখানে জুট ইণ্ডাষ্ট্রিতে কষ্ট অব লিভিং ইনডেক্স এমনভাবে কষা আছে যার জন্য সেখানে া কমে গেল। আবার আমাদের ফাইনান্স মিনিষ্টার যা বললেন সেটা একটু আবার অন্য ণের। তিনি দেখিয়ে দিলেন যে সরকারী কর্মচারীদের ৫ টাকা করে মাগ্‌গিভাতা বাড়াতে ণ্ড্রেড পার্সেণ্ট কস্ট অব লিভিং ইনডেক্স নিউট্রালাইজড হয়ে যাচ্ছে। নতুন কথা তাঁর কাছ কে আমাদের শুনতে হল। সুতরাং এটাকে বলতে হবে—

is a colossal amount of ignorance

হয় এটা ভাঁওতা। আপনার পাশে শ্রম মন্ত্রীমহাশয় বসে আছেন, তিনি একটা কস্ট অব ভিং ইনডেক্স দেখান, আর আপনি আর একটা কস্ট অব লিভিং ইনডেক্স দেখান। কাজেই মি মন্ত্রীমহাশয়কে বলব যে এই কষ্ট অব লিভিং ইনডেক্স ঠিক কি পরিমাণ হয় তা একটা জ্ঞান সম্মত উপায়ে নির্ধারণ করুন। আপনারা যে কস্ট অব লিভিং ইনডেক্স দেন তার উপর ত্তি করে আমরা আপনাদের কাছে দাবি পেশ করি। যাই হোক, আজকে যেভাবে মাগ্‌গি-তা বেড়েছে তার দ্বারা এটা বলা যায়না যে কষ্ট অব লিভিং ইনডেক্স নিউট্রালাইজড হতে াছে। এছাড়াও আমরা দেখছি বিভিন্ন ক্ষেত্রে মালিক শ্রেণী শ্রম আইন ভংগ করছে দপ্তর সেই বিষয়ে মালিককে সেই শ্রম আইন মানতে বাধ্য করতে পারছেন না। এ [illegible] দৃষ্টান্ত দিয়ে আপনার সামনে দেখাতে পারি। অর্থাৎ এক কথায় বলা যেতে পারে [illegible]

কশ্য সরকার যে শ্রমনীতি নিয়ে চলছেন সেই শ্রমনীতি বেশীর ভাগ ক্ষেত্রে পক্ষপাতিত্বমূলক অর্থাৎ তাঁরা মালিককেই বেশীর ভাগ ক্ষেত্রে সমর্থন করে চলেছেন।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার অবগতির জন্য আমি দু-একটি উদাহরণ এখানে দেবো। হুগলী ডকিং এন্ড ইঞ্জিনীয়ারিং কোম্পানীতে একজন ভদ্রলোক তার বয়স ৬০ বছর হয়নি তিনি কর্মক্ষম। যেহেতু রিটায়ারিং-এর কোন বয়স স্ট্যান্ডিং অর্ডারে নির্ধারিত নয়, সেইহেতু তাকে জোর করে রিটায়ার করিয়ে দিলেন। এই সম্পর্কে শ্রমদপ্তরে একটা ডিসপিউট দিলাম, সেই ডিসপিউট শ্রমদপ্তর গ্রহণ করলেন। অথচ সেটাকে ট্রাইব্যুনালে পাঠানো হলো না। সেখানে মালিকের পক্ষ থেকে বলা হয়েছে যে মালিকের ডাক্তার তাকে পরীক্ষা করে দেখেছেন—তার বয়স ৭০ বছরের বেশী এবং কর্মে অক্ষম। সেই সঙ্গে সঙ্গে একথা বলা হলো যে তার পুত্রকে ওখানে চাকরী দেওয়া হয়েছে। এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে--প্রথম কথা মালিকের ডাক্তার যে তাকে পরীক্ষা করলেন, সেটাকে কি সরকার সত্য বলে মেনে নিলেন? সরকারের পক্ষ থেকে পরীক্ষার কেন বন্দোবস্ত করা হল না। দ্বিতীয়তঃ মালিকের পক্ষ থেকে একটা অসত্য তথ্য সরকারের কাছে পেশ করা হয়েছিল যে তার ছেলেকে সেখানে চাকরী দেওয়া হয়েছে। এ সম্বন্ধে সরকারের পক্ষ থেকেও কোন তদন্ত করে দেখা হলো না। মালিক যা বললেন সেইভাবে এটা ট্রাইব্যুনালে দেওয়া হবে না বলে বিজয়বাবু লিখে পাঠিয়ে দিলেন। তার কারণ আমরা জানি—এই যে হুগলী ডকিং এন্ড ইঞ্জিনীয়ারিং কোম্পানী এটা স্যার বীরেনের কোম্পানী তাকে ঘাটাতে গেলে হয়ত বিজয়বাবুর গদী টলমল হয়ে উঠবে।

আর একটা ব্যাপারের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে ট্রাইব্যুনালে দেবার ব্যাপার—বিশেষতঃ বোনাস ট্রাইব্যুনালে দেবার ব্যাপারে—তাদের যে কমার্শিয়াল এ্যাকাউন্ট আছে—তাদের বোনাস দেওয়া উচিত কিনা এই সম্পর্কে বোনাসের ক্ষেত্রে ট্রাইব্যুনালে দেওয়া উচিত কিনা এই সম্পর্কে তিনি পরামর্শ দেন—যার কথামত ট্রাইব্যুনাল দেন। তিনি কিভাবে সরকারকে পরামর্শ দেন তার দু-একটা ঘটনার কথা এখানে তুলে ধরতে চাই। একটা ঘটনা হচ্ছে ডাঃ বিধানচন্দ্র রায় যখন বেঁচে ছিলেন তখন বার্ণ কোম্পানীর একটা কেসের ব্যাপারে এই কমার্শিয়াল এ্যাকাউন্ট বলেছেন যে তিন মাসের বেশী বোনাস হতে পারে না। ডা রায় সেটাকে চাপ দিয়ে—ডাঃ রায়ের কথায় যেটা ট্রাইব্যুনালে পাঠান হলো অর্থাৎ মন্ত্রীমহাশ পাঠাতে বাধ্য হলেন। ট্রাইব্যুনালের রায়ে সাড়ে পাঁচ মাসের বোনাস হলো। তা নিয়ে সুপ্রী কোর্ট পর্যন্ত যাওয়া হলো এবং সুপ্রীম কোর্টেও সাড়ে পাচ মাসের বোনাস হলো। অর্থ যেটাকে তিন মাসের বোনাস পাওয়া উচিত নয় বলে তিনি বলেছিলেন, সেখানে সাড়ে পাঁচ মাসে বোনাস পাওয়া গেল।

আর একটা কথা এখানে তুলে ধরবো—এই হুগলী ডকিং এন্ড ইঞ্জিনীয়ারিং কোম্পান যেখানে বছরে আড়াই লক্ষ টাকা লাভ হওয়া সত্ত্বেও ট্রাইব্যুনাল পাওয়ার যোগ্য বলে বিবেচি হয় না, ১৯৬২ সালে ৩ লক্ষ ৮০ হাজার টাকা লাভ হলো। তা সত্ত্বেও এই কমার্শিয়া এ্যাকাউনট্যান্ট তাকে ট্রাইব্যুনালে দিলেন না, বললেন যে ট্রাইব্যুনাল পেতে পার না। এই ধরণে বহু ঘটনা এখানে তুলে ধরা যায়। ট্রাইব্যুনাল পাবার ব্যাপারে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আর একা আকর্ষণ করছি। সেটা হচ্ছে ১৯৬০ সালে আলামোহন দাশের আরতি কটন মিলের ৫৭ জ শ্রমিককে ছাঁটাই করা হয়। এ্যাসিসট্যান্ট লেবার কমিশনারের কাছে কেস করলে তিনি ট্রাইব্যুনালে রেকমেন্ড করলেন না। যাহোক সে সম্বন্ধে শ্রমদপ্তরের সেক্রেটারী ও মন্ত্রীমহাশয়ে বহু যুক্তি দিয়ে বোঝাবার পর আমরা ট্রাইব্যুনাল পেয়েছিলাম এবং মন্ত্রীমহাশয়ের জ্ঞাতার্থে বলছি যে ৫৭ জন কর্মচারীকে ছাঁটাই করা হয়েছিল ট্রাইব্যুনালে তাদের রিইন্‌সটেট্‌মেন্ট করবা অর্ডার দিয়েছিলেন। এ্যাসিসট্যান্ট লেবার কমিশনার যেখানে ট্রাইব্যুনালের রেকমেন্ডেসন করে নাই সেই কেসে ট্রাইব্যুনাল কর্তৃক রিইন্‌সটেট্‌মেন্ট হয়েছে।

[3-40—4-10 p.m.

এইভাবে মন্ত্রীমহাশয়কে আর একটা কথা জানাতে চাই যে, ১৯৬৪ সালের মে মাসে গেস্টকিন উইলিয়ামস কোম্পানীর রোলিং মিলে ৪ জন শ্রমিককে অন্যায়ভাবে ছাঁটাই করা হয়েছে। এই কেস জুন-জুলাই মাসে কন্সিলিয়েসন অফিসার-এর সামনে পেশ করা হয় এবং তিনি দি

রিপোর্ট দিয়েছেন সেটা জানিনা। তবে নভেম্বর-ডিসেম্বর মাসে রিপোর্ট দিয়েছেন, কিন্তু খনও ডিসিসন হয়নি এবং ট্রাইবুনাল-এর কি হোল সেটাও জানতে পারলাম না। আমি ন্ত্রীমহাশয়কে বলতে পারি সেই কেস-এ যথেষ্ট যুক্তি আছে, কিন্তু আমরা দেখছি যেখানে ট্রাইবুনাল দিলে মালিকের বিরুদ্ধে রায় হচ্ছে সেখানে ট্রাইবুনাল দিতে মন্ত্রীমহাশয় এবং তাঁর দপ্তর বড়ই কার্পণ্য করেন।' এর কারণ কি? তারপর, আমি ওয়েজ বোর্ড সম্বন্ধে কিছু বলতে চাই। মন্ত্রীমহাশয় বলেছেন ইঞ্জিনীয়ারিং ইন্ডাষ্ট্রিতে ওয়েজ বোর্ড দেওয়া হয়েছে। ইঞ্জিনীয়ারিং ইন্ডাষ্ট্রিতে যে ওয়েজ বোর্ড দেওয়া হয়েছে তাতে আমরা জানি যেখানে ৫০ জন শ্রমিক কাজ করে সেখান থেকে আরম্ভ করে ৮।১০ হাজার শ্রমিক কাজ করে সেই রকম প্রত্যেকের নাম ওয়েজ বোর্ডের মধ্যে রয়েছে। কটন টেক্সটাইলের ক্ষেত্রে দেখছি কটন মিলগুলোর উপর ওয়েজ বোর্ডের অ্যাওয়ার্ড প্রযুক্ত ছিল, কিন্তু যাদের পাওয়ার নেই তাদের ক্ষেত্রে দেখছি রেকমেণ্ডেসনস প্রযুক্ত নয়। এর ফলে পশ্চিমবাংলায় ৮।১০টি পাওয়ার লুম এবং তার সংগে ১০০টি কো-অপারেটিভ যারা ৮।১০ হাজার লোক এমপ্লয় করে তারা কটন ওয়েজ বোর্ডের রেকমেণ্ডেসনের এফেক্ট পায়নি। তারপর তাদের ডিয়ার্নেস এ্যালাউন্স কস্ট অব লিভিং ইনডেক্স-এর সংগে সংগে ওঠানামা করে না বলে জিনিসপত্র-এর দাম বৃদ্ধির জন্য তাদের অসুবিধা হচ্ছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে তাদের যদি আইন করে কটন টেক্সটাইল ওয়েজ বোর্ডের রেকমেণ্ডেসনের আওতায় আনা যায় তাহলে ভাল হয়। আর তা যদি না আনা যায় তাহলে যতগুলো হোসিয়ারী ইউনিট আছে তাদের ওমনিবাস ট্রাইবুনাল দেওয়া উচিত। কটন টেক্সটাইল-এর ওমনিবাস ট্রাইবুনাল ১৯৫৮ সালে হয়েছে এবং তারপর ৫।৬ বছর কেটে গেছে। কাজেই এর পরিপ্রেক্ষিতে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব হয় এ'দের ওমনিবাস ট্রাইবুনাল দেওয়া হোক, অথবা কটন টেক্সটাইল ওয়েজ বোর্ডের রেকমেণ্ডেসনের আওতায় আনা হোক। তারপর, শপস এ্যাণ্ড এস্টাবলিসমেণ্ট এ্যাক্ট-টি পশ্চিমবাংলায় চালু হয়েছে এবং সেই আইনটিতে আছে কোলকাতায় এবং হাওড়ায় যারা বিশেষতঃ বড় বড় মার্কেণ্টাইল ফার্ম তাদের ওভারটাইম দেড়া দিতে হবে। কিন্তু মন্ত্রীমহাশয়ের অবগতির জন্য বলছি এ'রা আইনটির একটি অপব্যাখ্যা করেছে। আইনে আছে ৪৮ ঘণ্টার উপরে যে ১২০ ঘণ্টা বছরে ওভারটাইম করাতে পারবে, সেই ১২০ ঘণ্টার জন্য দেড়া দেবে। কিন্তু বিভিন্ন মার্কেণ্টাইল ফার্মে, এস্টাবলিসমেণ্ট-এ ৪৮ ঘণ্টা খাটান হয় না, ৩৬/৩৭ ঘণ্টা খাটান হয়। তারা বলছে ৩৬/৩৭ ঘণ্টা থেকে ৪৮ ঘণ্টা পর্যন্ত আগেকার রেট-এ খাটাব, অর্থাৎ বেসিক ওয়েজ-এর যে ওয়ান, ওয়ান ফোর্থ দিতেন সেই রেট-এ ৪৮ ঘণ্টা খাটাবেন এবং তারপর দেড়া দেবেন—এইভাবে অপব্যাখ্যা করছেন। মার্টিন বার্ণ এইভাবে আইনের অপব্যাখ্যা করে ওভারটাইম দিচ্ছে এবং হাওড়ার বিভিন্ন অঞ্চলে এপর্যন্ত এটা চালু করেনি। এই ব্যাপারে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, মন্ত্রীমহাশয়ের কাছে আমার আর একটি বক্তব্য হচ্ছে গভর্ণমেণ্ট ডিপার্টমেণ্ট-এ, মেইনলী ইন্ডাষ্ট্রিস ডিপার্টমেণ্ট-এ যে সমস্ত ট্রেনিং কাম ইণ্ডাষ্ট্রিয়াল সেণ্টার আছে, প্রোডাকসন সেণ্টার আছে সেই সমস্ত সেণ্টারে সরকারের পক্ষ থেকে যে সমস্ত শ্রমিক নিয়োগ করা হয় তাদের বেলায় শ্রম আইন কোন কিছু মানা হয়না। বড়গাছিয়ায় লক ফ্যাক্টরী, হুগলীতে টয় ফ্যাক্টরী, ২৪-পরগণায় বেঙ্গল সিরামিক ইন্সটিটিউট ইত্যাদি জায়গায় ফ্যাক্টরী আইন মানে না এবং সরকার সেখানে ক্ষমতার অপব্যবহার করছেন। সরকারের উপর কিছু ক্ষমতা দেওয়া আছে এবং সেই ক্ষমতা বলে তাদের এই ফ্যাক্টরী আইন মানতে হয়, কিন্তু সেখানে তারা অর্ডার পাশ করেছে। আর, সরকার যেখানে এমপ্লয়ার তাঁরা যদি শ্রম আইন না মানেন; মিনিমাম ওয়েজ না দেন, সাংসারিক ছুটি না দেন তাহলে অন্যান্য এমপ্লয়াররা তা থেকে ইমপেটাস পাবে এবং এইভাবে শ্রম আইন ভংগ করবার প্রচেষ্টা করবে। শুধু তাই নয়, আমি বেঙ্গল সেরামিক ইন্সটিটিউটের ইউনিয়নের ভাইস-প্রেসিডেণ্ট, আমি দেখেছি সেখানে যে ইউনিয়ন করা হয়েছে সেটা ভাঙ্গবার জন্য উঠেপড়ে লেগেছে। আমাদের এম-এল-সি চারুচন্দ্র সান্যাল-এর পুত্র সেখানকার একজন দায়িত্বশীল অফিসার। সেখানে ওয়ার্কার-দের এইভাবে থ্রেট করা হচ্ছে যে, শৈলেন দে-কে যেভাবে ইউনিয়ন করবার জন্য ডি আই আর-এ এ্যারেস্ট করা হয়েছে তোমাদেরও সেইভাবে করা হবে যদি ইউনিয়ন না ছাড়। একটা গভর্ণমেণ্ট ফ্যাক্টরীতে এইভাবে অপব্যাখ্যা করা হচ্ছে এবং নানাভাবে টিজ করছে। আমি মনে করি এটা বন্ধ করা উচিত। একজন গভর্ণমেণ্ট অফিসার যদি ট্রেড ইউনিয়ন করবার জন্য এইভাবে করেন তাহলে শ্রম আইন ব্যর্থ হতে বাধ্য। কাজেই

আমার বক্তব্য হচ্ছে গভর্ণমেণ্ট স্পনসর্ড যে সমস্ত ট্রেনিং-কাম-প্রোডাকসন সেণ্টার আছে সেখ যাতে শ্রমিকরা ফ্যাক্টরী এ্যাক্ট অনুযায়ী তাদের মিনিমাম ওয়েজ পায়, তাদের দাবী-দাওয়াগ মেটানো হয় সেদিকে মন্ত্রীমহাশয় দৃষ্টি দিবেন। এই আশা করি আমি আমার বক্তব্য করছি।

[At this stage the House was adjourned for twenty minutes]

[After adjournment]

[4-10—4-20 p.m.]

Shri Haridas Chakravarty :

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের শ্রম মন্ত্রীমহাশয় শ্রম এবং কর্মসংস্থান খাতে যে ব বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি যে বিরোধিতা করা তার কারণ হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের শ্রম নীতি শ্রমিক স্বার্থ সংরক্ষণের পরিবর্তে শ্রমিক স্বাথ হরণের জন্য সুকৌশলে এক জাল বিস্তার করে চলেছে। মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের শ্রমমন্ত্রী এই যে ঘৃণিত এবং লজ্জাজনক ভূমিকা গ্রহণ করেছেন তার ফলে পশ্চি বাংলার শ্রমিক আজ একটা চরম সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। স্যার, পশ্চিমবাংলার শ্রমিক দের খাটুনি বাড়ার জন্য যে উৎপাদন বেড়েছে, তার ফলে বিভিন্ন শিল্পের মালিকদের মুনাফ বেড়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে শ্রমিক শ্রেণীর বাঁচার জন্য যে নিম্নতম দাবী সেট উপেক্ষিত হয়ে আছে। একদিকে যেমন এই জিনিস দেখছি ঠিক তেমনি অন্যদিকে দেখছি দিনের পর দিন জিনিসপত্রের দাম বেড়ে চলেছে এবং জিনিসপত্র বাজার থেকে উধাও হচ্ছে। তারপর যে জিনিস বা পাচ্ছি তাও আবার ভেজাল, বিষ। স্যার, কোলকাতা শহর এব শিল্পাঞ্চলে স্ট্যাটুটরি রেশনিং বা বিধিবদ্ধ রেশনিং প্রচলিত হয়েছে, কিন্তু কায়িক শ্রম কর যে মেহনতি মানুষ তারা আধপেটা খেয়ে শুকুতে আরম্ভ করেছে। এই হচ্ছে আমাদের দেশে শ্রমিকদের বাস্তব জীবনের চিত্র। তারপর, আমরা দেখছি যারা মুনাফার লালসায় লিপ্ত এব ক্ষিপ্তও বটে, সেই মালিক শ্রেণী বিভিন্নভাবে সরকারের যে সমস্ত শ্রম আইন আছে তাকে ফাঁকি দিয়ে কেমন করে আরও বেশী করে মুনাফা করা যায় তার পরিকল্পনা রচনায় এবং ফিকি দেখার ধান্দায় আছে। কিন্তু অত্যন্ত লজ্জা, বেদনা এবং ঘৃণার কথা হচ্ছে যে মালিক শ্রেণ মুনাফার জন্য নূতন নূতন যে নৈবেদ্য সাজিয়ে বসে আছে সেই নৈবেদ্যের মাথায় বসে আছে মণ্ডার মত আমাদের পশ্চিমবঙ্গ সরকারের শ্রমমন্ত্রী স্বয়ং।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, ফল কি হয়েছে? একটি রাজ্যে শ্রমিকদের ভাল মন্দ দেখা শোনার দায়িত্ব যে শ্রমমন্ত্রীর, তিনি নিজেই যদি সেই মালিক শ্রেণীর বন্ধু এবং সাকরেদে পরিণত হন তাহলে স্বভাবতই শ্রমিকদের জীবনে যে ঘটনা ঘটা স্বাভাবিক তাই ঘটেছে। আমরা দেখছি যে আমাদের শ্রমমন্ত্রী বিভিন্ন ভাবে তাঁর অনুসৃত নীতির মাধ্যমে এবং তাঁদের বিভিন্ন ব্যবস্থা গ্রহণের মাধ্যমে পরোক্ষে সমস্ত মালিক শ্রেণীকে সাহায্য করাই তাঁর প্রধানতম দায়িত্ব ও কর্তব্য হিসাবে গ্রহণ করে নিয়েছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি যদি ঘটনা বিন্যাস লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন যে আজকে শ্রমিকদের জীবনে মাৎস্য-ন্যায় অবস্থা হতে চলেছে একটি অরাজকতার সৃষ্টি হতে চলেছে। লুণ্ঠন এবং শোষণের বিরুদ্ধে যখন পশ্চিমবাংলার শ্রমজীবী জনতা আন্দোলনের পথে নেমেছে, তখন আমরা আমাদের শ্রমমন্ত্রী মহাশয়কে দেখেছি তখন যা কিছু ঘটেছে সেটাকে সেই কমলাকান্তের মতন কোন বিশেষ দ্রব্য গুণের মাহাত্মে তিনি যে নীরব হয়ে বসে থাকছেন তা নয়, তার চাইতে যে ৯৮ লক্ষ টাকা ওঁদের বাৎসরিক নির্বাচনী তহবিলে জমা হয় সেই ৯৮ লক্ষ টাকার যে আওয়াজ আছে, মৌতাত আছে তার নেশায় মশগুল হয়ে তিনি তখন সেই শ্রমজীবী জনতাকে ধ্বংস করার জন্য চক্রান্তে লিপ্ত হতে দ্বিধা বোধ করেন নি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, গত কয়েক বছরের ঘটনায় বিজয়বাবুর নেতৃত্বে পরিচালিত শ্রমনীতি দেখে আমি শুধু বিজয়বাবুকে এই কথা বলতে চাই যে আপনি যতই সমাজতন্ত্রের নামাবলি মালিকদের গায়ে জড়িয়ে দিয়ে সমাজতন্ত্রের মন্ত্র উচ্চারণ করুন না কেন,

আপনার অনুসৃত শ্রমনীতির ফলে আপনি যা করেছেন তাতে শুধু এই মাক্সীয় সত্যটি আপনাকে উপহার দিতে হয় যে

that your Cabinet is nothing but the Executive Committee of the bourgeoise.

মাননীয় চেয়ারম্যান, স্যার, এই রাজ্যের শ্রমমন্ত্রীর ইতিহাস একটি বিরাট ইতিহাস। তাঁর ইতিহাস যদি অপদার্থ এবং অকর্মণ্যতার ইতিহাস না হবে তাহলে আর কার হবে? মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণী সম্বন্ধে একটু আগে বিভিন্ন বক্তা বলেছেন যেমন কি কংগ্রেস দলের আমাদের শ্রদ্ধেয় মৈত্রেয়ী বসু যিনি ট্রেড ইউনিয়ন আন্দোলন করেন, তিনিও কতকগুলি প্রশ্ন ওঁর সামনে তুলে ধরেছেন সেই প্রশ্নের জবাব তিনি অবশ্য দিতে পারেন নি? কারণ, জবাব দেওয়ার যখন একটা লজিক্যাল পজিসান এসেছিল তখন তার সময় উত্তীর্ণ হয়ে গেছে। এর একটা ঐতিহাসিক কারণ আছে। আমরা ওপক্ষ থেকে যে কণ্ঠস্বর একটু আগে শুনেছি একটু বাদে আবার হয়ত অন্য কণ্ঠস্বর শুনবো। কাজেই সে বিষয়ে আমরা এই বিতর্কের জন্য নিশ্চয়ই আরো অত্যন্ত উৎসাহ নিয়ে অপেক্ষা করব। একটু আগে শ্রীযুক্তা বসুর বক্তৃতা আমরা শুনেছি। তাঁর বক্তৃতায় তিনি নিজেই স্বীকার করেছেন যে ১৯৪৯ সালের যে মজুরী পশ্চিমবাংলার শ্রমিকশ্রেণী পেয়েছে তা ১৯৩৯ সালের রিয়েল ওয়েজের চাইতে কমে গেছে; কমে গেছে অন্যান্য প্রদেশের তুলনায়। পশ্চিমবাংলার শ্রমিকশ্রেণীর মজুরী যে কম তিনি এই কথা বলেছেন। টেক্সটাইল ইন্ডাস্ট্রিকে দুটি ভাগে ভাগ করা যায়। কটন টেক্সটাইল আর জুট টেক্সটাইল। শ্রীযুক্তা বসু বলেছেন যে যেহেতু জুট টেক্সটাইল পশ্চিমবাংলায় বেশী অবস্থিত, আমরা বুঝি, কিন্তু বলতে পারব না—বলার অসুবিধা আছে, জুট টেক্সটাইল পশ্চিমবাংলায় অবস্থিত সুতরাং সেই জুট টেক্সটাইল করার জন্য—শ্রমিকদের অবস্থা অত্যন্ত ভয়াবহ, এই ইঙ্গিত তিনি দিয়ে গেছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা এটা দেখছিলাম যে বিজয়বাবু তাঁর বক্তৃতায় বলেছেন যে আমরা ডি আই আর প্রয়োগ করে ডিয়ারনেস এ্যালাওয়েন্স বাড়িয়েছি। কিন্তু কোথায়? মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে আসাম সরকার ডি আই আর প্রয়োগ করে ১৯৬৪ সালে ১১টি ইন্ডাস্ট্রিতে ১০ টাকা করে ডিয়ারনেস অ্যালাওয়েন্স বাড়িয়েছেন। আর সেখানে আমাদের শ্রমমন্ত্রী একটি মাত্র ইন্ডাস্ট্রি পশ্চিমবাংলার ইঞ্জিনীয়ারিং শিল্পে তার মাত্র ৬৮ ফ্যাকট্রিজ কারখানায় ১০ টাকা ডিয়ারনেস অ্যালাওয়েন্স বাড়াবার ঘোষণা করেছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই হল ডিয়ারনেস অ্যালাওয়েন্স-এর অবস্থা। ডি আই আর প্রয়োগ করে তিনি নিজে বাহবা নেবার চেষ্টা করেছেন। তারপরে আসছি ফেয়ার প্রাইস সপস-এর কথায়। মাননীয় চেয়ারম্যান মহাশয়,

22nd Indian Labour Conference-

এর সময় ইন্ডাস্ট্রিয়াল ট্রুস রেজোলিউশন-এ যে ষ্ট্যান্ডিং কমিটির বৈঠক হল সেখানে এই সিদ্ধান্ত গৃহীত হল যে প্রতিটি মালিক যারা দুশোর বেশী কর্মচারী নিয়োগ করেন তাদেরকে ফেয়ার প্রাইস সপ খুলতে হবে। কিন্তু আমরা পশ্চিমবাংলায় দেখছি যে প্রায় কোন মালিকই এই ফেয়ার প্রাইস সপ ওপেন করেন নি। যার ফলে সেখানকার শ্রমিক কর্মচারীদের যে সুবিধা শ্রম সম্মেলন থেকে দেওয়ার কথা হয়েছিল তা ন্যস্ত হয়েছে এবং এটা আমাদের মুখ্যমন্ত্রীর দয়ায় সম্ভব হয়েছে, মালিকশ্রেণী এদের মারফৎ সুযোগ গ্রহণ করেছে! মাননীয় চেয়ারম্যান, স্যার, তারপরে আমি বলব কস্ট অব লিভিং ইনডেক্স এর কথা। কিছুদিন আগে আমাদের যখন এখানে আলোচনা হচ্ছিল তখন মাননীয় মুখ্যমন্ত্রী হঠাৎ দাঁড়িয়ে উঠে অত্যন্ত আস্ফালন করে বললেন যে এই সব বৈজ্ঞানিক জটিল পরিসংখ্যান তথ্য তোমরা বোঝনা, আমাদের এটা ঠিকই চলেছে। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় এবং আপনি একটু লক্ষ্য করলে দেখবেন যে ১৯৬৩-৬৪ সালের অক্টোবরে এই ১৩ মাসে অল ইন্ডিয়া প্রাইস ইনডেক্স প্রায় ২৫ পয়েন্ট বেড়েছে আর পশ্চিম বাংলার কলিকাতাতে মাত্র ৬ পয়েন্ট বেড়েছে বলে দেখান হয়েছে। এই ধরণের ধাপ্পাবাজি কথা কেউ বিশ্বাস করবে না। কারণ, এই ১৩ মাসের মধ্যে কলকাতা সহরে বা পশ্চিমবাংলার সমস্ত জায়গায় জিনিসপত্রের দাম সস্তা হয়ে গিয়েছিল এমন আজগুবি কথা কেউ বিশ্বাস করবে বলে আমরা মনে করছি না। বরং দেখা যাবে এই সময়ে পশ্চিমবাংলায় কিন্তু এ ধরনের

দ্রব্য মূল্য বৃদ্ধি হয়েছে। কিন্তু এই প্রাইস ইনডেক্স এর কারচুপির জন্য, জালিয়াতির জ পশ্চিমবাংলার সূতা কলের শ্রমিক, চট কলের শ্রমিক, বা অন্যান্য শিল্পে নিযুক্ত শ্রমিকদের ল লক্ষ টাকার ডিয়ারনেস অ্যালাওয়েন্স হিসাবের যে পাওনা ছিল তা থেকে তারা বঞ্চিত হয়েছে এটা সম্ভব হয়েছে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর যে মালিক-ঘেঁষা নীতি সেই নীতির ফলে আজ পর্যন্ত সেই প্রাইস ইনডেক্স একজামিন করার জন্য এক্সপার্ট কমিটি বসাতে পারেন নি আমরা দাবী করেছি অবিলম্বে সেটা বসান হোক। মাননীয় চেয়ারম্যান, স্যার, কালকে মানন শ্রমমন্ত্রী মহাশয় আমাদের একটি বই দিয়েছেন। তার উপরে লেখা আছে

With the compliments of Shri Bijoy Singh Nahar, Labour Minister, Government of West Bengal.

তাতে তিনি নানান পরিসংখ্যান দিয়ে একটি সুন্দর চিত্র আমাদের সামনে তোলার চেষ করেছেন। তাতে তিনি লেবার ওয়েলফেয়ার সেন্টার-এর একটি চিত্র দিয়েছেন, এমপ্লয়িজ স্টে ইন্সিওরেন্স, হাসপাতাল এবং নানান পরিসংখ্যান তিনি দিয়েছেন। কিন্তু বাস্তব ঘটনা কি মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি শুধু এই কথা বিজয়বাবুকে বলতে চাই যে ওঁরা রঙ-চং বাড়ী তৈরী করে নানান সাজে সাজিয়ে নটীর মতন তার মুখ দিয়ে হাসির কথা বের করবা চেষ্টা করেছেন ঐ লেবার ওয়েলফেয়ার সেন্টার মারফৎ। সেখানে কোন শ্রমিক যায় না বর আমি আপনাকে এই কথা বলব যে আপনি লেবার ওয়েলফেয়ার সেন্টারের অসংখ্য তথ্য দিলেও আপনার নেতৃত্বে অনুসৃত যে শ্রমনীতি তার সামগ্রিক ব্যর্থতার একটি মাইল ষ্টোন হিসাবে পশ্চিমবাংলার সাধারণ শ্রমিকশ্রেণী তাকে দেখে। তারপর এমপ্লয়িজ ষ্টেট ইন্সিওরেন্স। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই সম্পর্কে আমি যুগান্তর কাগজে যেটা বেরিয়েছিল এমন একটি উদাহরণ দিতে চাই। ২৫শে জানুয়ারী যুগান্তরে মনুষ্য সৃষ্ট দুর্ভিক্ষের একটি দৃষ্টান্ত ছিল। সেটা হচ্ছে রাজ্য বীমা ঔষধ দোকান হইতে ঔষধ উধাও হইয়াছে। ঔষধের আশায় অসুস্থ ব্যক্তিরা দোকানের সামনে লাইন দিয়েছে। ঔষধের দোকানেও আবার লাইন লাগিয়েছে। সকল দোকানে নয়, ঔষধের দুর্ভিক্ষ, অভাব দেখা দিয়েছে কেবলমাত্র রাজ্য বীমা অনুমোদিত ঔষধের দোকানে। এই দোকানগুলির উপর নির্ভর করে কলকাতা, হাওড়া, ২৪ পরগন অসংখ্য শ্রমিক কর্মচারী তাতে এই সরকারের যে লাল ফিতার বন্ধন—সেই বন্ধনে অসুস্থ শ্রমি কর্মচারীদের হয়রানি করার যে দৃশ্য তার একটা করুণ চিত্র সেদিন যুগান্তরে বেরিয়েছিল শুধু তাই নয় আমরা দেখেছি সেই সমস্ত দোকানে যেখানে ঔষধ পাওয়ার কথা, তাদের মাসে পর মাস টাকা পরিশোধ না করার ফলে শ্রমিক কর্মচারীরা যখন যাচ্ছে তখন তাদের ঔষধ দিচ্ছে না। তারপর সেখানকার কারখানার যারা শ্রমিক তাদের নানান ঔষধের দোকানে যেতে হ নানান জায়গায় তাদের ঘুরতে হয় তার জন্য তাদের যথেষ্ট পয়সা খরচ হয়। সে পয়সা তাদে দেওয়ার কোন সম্ভাবনা নেই এই এমপ্লয়িজ ষ্টেট ইন্সিওরেন্স পরিকল্পনায়। এই পরিকল্পন আমাদের মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের নেতৃত্বে ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। কলকাতা, ২৪ পরগনা, হাওড়াতে যেটা আছে, কিছুদিনের মধ্যে হয়ত আপনারা সেটা হুগলীতে এক্সটেণ্ড করবেন। কিন্তু আমি মনে করি এখানকার শ্রমিক কর্মচারী যাদের আপনারা এর আওতায় রেখেছেন, তারা আজকে প্রায় রুদ্ধশ্বাস অবস্থায় এসে গেছেন। আবার নতুন জায়গায় যখন আপনারা এটা চালু করবেন তখন স্বভাবতঃই আপনাদের সেখানে বিক্ষোভের সম্মুখীন হতে হবে। তার কারণ আপনাদের ব্যর্থতা এই সমস্ত পরিকল্পনাকে ব্যর্থতায় পর্যবসিত করে নষ্ট করেছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, তারপরে সেই বোনাসের কথা বলতে হয়। আমি দীর্ঘ সময় নেব না, একমাত্র চট শিল্পে যেটা মিনিমাম বোনাস দেওয়ার কথা ছিল সেটা কেন অর্ডিন্যান্স করে দেওয়ার ব্যবস্থা হলো না? কেন সেখানে আপনাদের ব্যর্থতা রয়েছে সে জবাব দিতে হবে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন যে ইতিপূর্বে আমরা কয়েক বার এই কথা তুলেছি। এখানে র‍্যাশানালাইজেসন-এর নামে বার্মাসেল, এল-আই-সি ইত্যাদি নানান কারখানা এবং বহু অফিসে দপ্তরে ইলেকট্রনিক কমপিউটার নামক এক দানবীয় যন্ত্র আমদানী করেছে। আমরা জানি পশ্চিমবাংলায় শ্রমিক শ্রেণীর আন্দোলন যখন হয় তখন আমরা দেখেছি যে বিড়ি শ্রমিকদের মধ্যে আপনারা এ যন্ত্র বিলি করতে চেয়েছিলেন। যন্ত্র আসবে, নিশ্চয়ই আসবে। কিন্তু অবস্থা সেই রকম না হওয়ার আগে, আমাদের আন্ডার ডেভেলপ্‌ড কাণ্ট্রি, তাকে ডেভেলপ্‌ড পর্যায়ে যতক্ষণ না নিতে পারি ততক্ষণ র‍্যাশানালাইজেসন প্ল্যান চালু করতে পারব না আমাদের

দেশের অর্থনীতি স্ট্যাণ্ড করাবার জন্য। তার আগেই যদি আপনারা যন্ত্র দানব আনেন তার ফলে যে বেকার সৃষ্টি হবে সে বেকার সমস্যা আমাদের দেশের অর্থনীতিকে আরো বিপর্যস্ত করবে। অবশ্য সে অর্থনীতি বিপর্যস্ত হলেও বিজয়বাবুর কিছু আসে যায় না, কিন্তু তাতে সামগ্রিকভাবে দেশের স্বার্থ ক্ষুণ্ন হয়। সুতরাং দেশপ্রেমিক প্রত্যেকটি মানুষকে আজকে এই কথা চিন্তা করে দেখতে হবে এবং আমি আপনার মাধ্যমে এই প্রাজ্ঞ পরিষদের বিভিন্ন সদস্যদের কাছে এই কথা রাখছি যে এটা তাঁরা বিচার করে দেখবেন। এটা আমার মতে দেশের মধ্যে বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি করবে।

4-20—4-30 p.m.]

তারপর চটকলগুলির ক্ষেত্রে আমরা দেখছি যে র‍্যাশানালাইজেসানের নামে সেখানে একটা বিরাট মামলাবাজী মালিক শ্রেণীর পক্ষ থেকে আসছে। আপনি বোধহয় জানেন যে চটকল টেক্সটাইলের র‍্যাশানালাইজেসানের ওয়ার্ক লোড কমিটি গঠিত হয়েছে। তারা বিভিন্ন লোকের কাছে কোশ্চেন এবার পাঠাচ্ছে। আজ পর্যন্ত তাদের রায় না বেরতেই আমরা দেখছি বিভিন্ন চটকলের মালিকরা তারা দুই লুমের জায়গায় তিন লুম চালু করেছে। আপনি শুনলে অবাক হবেন, বোম্বে এবং অন্যান্য জায়গায় যে সমস্ত মিল মালিক সুতা কলের মালিক কটন টেক্সটাইল মিলের মালিক তাদের মিলে যে ওয়ার্কলোড চালু করেছে তার চেয়েও পশ্চিম বাংলার ওয়ার্কলোড অনেক পরিমাণে বেড়ে গেছে। যদিও পশ্চিম বাংলায় ৫০ থেকে ৬০ টাকা কম বেতন পান। আমি কয়েকটা নাম বলছি যে সমস্ত জায়গায় এই রিপোর্ট না পাবার আগে তারা এই রকম ধরনের ওয়ার্কলোড চালু করেছেন র‍্যাশানালাইজেসন চালু করেছেন। কেশোরাম ইন্ডাষ্ট্রি কটন মিল, বাউড়িয়া কটন মিল, রামপুরীয়া কটন মিল ইত্যাদি জায়গায় এই অবস্থা চলছে। দ্বিতীয়তঃ আমরা দেখলাম শ্রমদপ্তর মালিক দপ্তরে পরিণত হয়েছে, এবং শ্রমদপ্তর কি অবস্থায় আছে সেটা আমি শ্রমমন্ত্রীকে বললাম। কিন্তু শ্রমমন্ত্রী যদি স্বয়ং না হন তাহলেও তার নেতৃত্বে পরিচালিত হচ্ছে এই সব ব্যবস্থা—অর্থাৎ সেখানে 'বাবু যত বলে পারিষদ দলে বলে তার শত গুণ' সেখানে আমরা দেখছি ঘুস দুর্নীতি এবং কর্তব্য বিমুখতা, এটাই হচ্ছে শ্রমদপ্তর। আমরা সেখানে দেখলাম বিভিন্ন জায়গায় যে সমস্ত ওয়েজ বোর্ডের রায়. যে সমস্ত এওয়ার্ড বেরলো সেগুলিকে মালিক নির্বিবাদে বানচাল করবার চেষ্টা করলো ইমপ্লিমেন্ট করলো না। কিন্তু শ্রমদপ্তরের তরফ থেকে একটা হস্তক্ষেপ করবার ইতিহাসও আমরা দেখলাম না। তারপর কুলটীর কথা বলবো। কুলটীতে যখন ওয়েজ বোর্ডের ইনটারিম এওয়ার্ড বেরলো তখন তারা সে এওয়ার্ড চালু করলো না। তারা বললো আমরা আয়রণ এণ্ড ষ্টীল ইন্ডাস্ট্রি করি না, আমরা ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রি করি। আবার ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রিতে যখন মিনিমাম ১০৭।১০৮ টাকা ধার্য্য করার সিদ্ধান্ত হল সেই ইঞ্জিনীয়ারিং শিল্প এওয়ার্ড তারা চালু করলেন না। আমরা দেখলাম খড়্গপুরে যে কারখানা আছে সেখানে ডি. এ. বাড়াতে হবে তা তারা চালু করছেন না। ঢাকেশ্বরী কটন মিল ১ বৎসরের বেশী বন্ধ হয়ে আছে সেদিকে শ্রমমন্ত্রীর নজর নেই. আমরা দেখছি ক্লাইভ জুট মিল ১ বৎসরের বেশী মালিকে মালিকে ঝগড়ার জন্য বন্ধ হয়ে আছে সেদিকে নজর নেই। আমি আর একটা কথা বলবো শ্রমমন্ত্রীকে তার ফ্যাক্টরী ইন্সপেক্টার অফিস সম্বন্ধে স্টেটমেন্ট-এ ১৩-১২-৬৪ তারিখে ছিল

Big rise in factory accidents, but preventable with proper care.

কিন্তু কে প্রপার কেয়ার নেবে ; কারণ ফ্যাক্টরী ইন্সপেক্টার সে সমস্ত কোম্পানীতে গিয়ে রসগোল্লা সন্দেশ ইত্যাদি খাওয়া দাওয়া করে চলে আসেন। সুতরাং তারা যে রিপোর্ট তালিকা দেন সেটা ভুল। তারপর কিছুদিনের মধ্যে আগড়পাড়া টোবাকো কোম্পানীর রায় বেরবার কথা। ৪ বৎসর ট্রাইবুনালের রায় বেরচ্ছে না। যখন তারা দল বেঁধে মিছিল করে গেলেন শ্রমমন্ত্রীর কাছে যে ৭ মাস হল এখনও কোন রায় বেরচ্ছে না তিনি তাঁদের বললেন ৭ মাস কেন ৭ বৎসরেও বেরবে না এটাই হচ্ছে শ্রমমন্ত্রীর পরিচয়। তিনি যদি এই কথা বলেন তাহলে শ্রমদপ্তরের কাছে এর চেয়ে বেশী কি আশা করতে পারি। তারপর জে, কে স্টীল ইন্ডাষ্ট্রির কথা মেজরিটি ওয়ারকাররা যে ইউনিয়নে আছে সেই ইউনিয়ন-এর সঙ্গে ডি-এ-এর ব্যাপার নিয়ে আলোচনা চলছিলো, তখন সে আলোচনা ভেঙ্গে দিয়ে এইচ এম ঘোষ তিনি একটা মাইনরিটি ইউনিয়ন যাতে কোন তেমন শ্রমিক নেই তাদের সঙ্গে এগ্রিমেন্ট করলেন। আমরা এই এইচ

শ্রম ঘোষকে অন্য একটি ব্যাপারে দেখেছি। কিছু দিন আগে তিনি যে স্টেটমেণ্ট দিয়েছিলে শ্রমমন্ত্রীর কাছে তা অত্যন্ত অসত্য স্টেটমেণ্ট। দুর্গাপুরে ডিংলা বলে একজন অফিস তিনি একজন কর্মচারীকে ব্লাডি হেল বলে গালাগালি দেন। সেখানে এই ব্যাপার নিয়ে এইচ এ ঘোষ যখন গিয়েছিলেন তিনিও এটা স্বীকার করেছেন এবং তার উপস্থিতিতে ৮ জন শ্রমি এবং কর্তৃপক্ষের সংগে বসে নেগোসিয়েসান হয়, সেই নেগোসিয়েসানে নো ভিক্টিমাইজেসা গ্যারাণ্টি ছিল। সেই নেগোসিয়েসানে কেস উইথড্র করার কথা ছিল। স্টেটসম্যান কাগজে ২৮ তারিখে লেখা হয়েছিল

"The five-day long stay-in-strike by the ministerial staff of the Durgapur steel plan ended this evening and work will be resumed regularly from March 1, it wa announced here. According to the agreement no member of the staff will be victi mized and the officer concerned will withdraw the cases lodged with the police against eight office assistants who were arrested for allegedly manhandling him. The officer and the eight office assistants mutually settled the dispute in the presence of Mr. H. M. Ghosh, Deputy Labour Commissioner."

একথা তাঁরা বলেছেন, কিন্তু কালকের স্টেটসম্যান-এ দীর্ঘ একটা স্টেটমেন্ট কর্তৃপক্ষ দিয়েছেন এবং কাগজেও লিখেছেন কিন্তু আমরা জানি এইচ এম ঘোষ-এর সম্বন্ধে স্টেটসম্যান-এ যে রিপোর্ট ছিল ২৮ তারিখে সেটাই সত্য, কিন্তু সেইভাবে তার সমাধান কার্যকরী হয়নি। কারণ আনন্দগোপাল মুখার্জি সেখানের এম-এল-এ তিনি পার্সোনাল ম্যানেজার-কে ট্রাংকল এবং টেলিফোন করে সেখানের কর্তৃপক্ষকে এইরকম ধরণের ব্যবস্থা করা থেকে নিরস্ত করেছেন। কারণ, তার উদ্দেশ্য ছিল হিন্দুস্তান ষ্টীল-এ যাতে আই এন টি ইউ সি-র জীবন-মান রক্ষার ব্যবস্থা করা যায়। এই অবস্থা তাই তারা করেছেন। এই কারণে, যে শ্রমিক স্বার্থ বিরোধী চিত্র আমি তুলে ধরলাম আমাদের শ্রমমন্ত্রীর নেতৃত্বে গড়ে উঠছে তার আমি প্রতিবাদ করি এবং তারজন্যই এই ব্যয় বরাদ্দের তীব্র বিরোধীতা করছি।

Shri Nikhil Das :

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে শ্রম বিভাগে ব্যয় বরাদ্দ নিয়ে আলোচনা হচ্ছে আমি আমার বক্তব্য সুরু করার আগে আমাদের দেশের শ্রমনীতি কোনদিকে চলছে সে সম্পর্কে ২।১টি কথা বলতে চাই। আমাদের শ্রমদপ্তর বা শ্রমবিভাগ থেকে সাধারণত এ আশা আমাদের জাগে যে শ্রম দপ্তরের মাধ্যমে শ্রমিকদের উপযুক্ত বেতনের ব্যবস্থা হবে, তাদের চাকরীর স্থায়ীত্বের ব্যবস্থা হবে এবং মালিক শ্রমিকের মধ্যে বিরোধগুলি যতটা সম্ভব তাড়াতাড়ি নিষ্পত্তি হবে। কিন্তু গত ১৮।১৯ বৎসরে এই তিনটা দিক থেকে শ্রমিক শ্রেণী সাধারণভাবে নিরাশ হয়েছে। কংগ্রেস তরফে ডাঃ মৈত্রেয়ী বসু ছাঁটাই যে চলছে এবং শ্রমিকরা যে চোখের জল ফেলছে তার কথা যেমন বলেছেন তেমনি তিনি আর একটা কথা বলেছেন যে উপযুক্ত বেতন কোথাও দেওয়া হয়নি। আমি শুধু আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই যে আমাদের সরকারের যে শ্রমনীতি সে নীতি হচ্ছে নির্লজ্জভাবে মালিক ঘেঁষা নীতি মালিকদের তুষ্ট করবার নীতি। কারণ যে ধনতান্ত্রিক ব্যবস্থা চলছে সেখান থেকে নূতন কিছু আশা করা উচিত নয়। জল বিছুটি গায়ে লাগিয়ে যদি আশাকরা যায় যে চন্দনের প্রলেপের মত আরাম উপলব্ধি করবো তাহলে সে আশা নিরাশাই হয়, সেজন্য ধনতান্ত্রিক ব্যবস্থায়, ধনতন্ত্রকে বজায় রাখতে গেলে যে ধরনের শ্রমনীতি হওয়া দরকার ঠিক সেই ধরণের শ্রমিক নীতি চলছে। তার ফলে শ্রমিক ছাঁটাই হচ্ছে তারা উপযুক্ত বেতন পাচ্ছে না। একটা উদাহরণ আপনার দপ্তর সম্বন্ধে দেবো। ধরুন একটা কারখানায় শ্রমবিরোধ উপস্থিত হলে শ্রমিক মালিকের কাছে গেলে তার কোন ফয়শালা হয় না, শ্রম দপ্তর-কে ১টা দরখাস্ত দিল যে আমাদের একটা মীমাংসা করুন। শ্র দপ্তর-কে দেবার পর মালিক পনক্ষর কাছে গেল এর উপর মন্তব্য জানানোর জন্য। এর জন্য ২। মাস কেটে গেল তারপর ২।১টি তারিখ পড়ায় ৩ মাস কেটে গেল এবং দেখা গেল যে ৬ মাসে কোন ফয়শালা হল না। তখন এটা এ্যাডজুডিকেশানে যাবে কি যাবে না সেটা ঠিক করবে সরকার। শ্রম দপ্তর থেকে কনসিলিয়েসন অফিসার যে জায়গায় সেখান থেকে সরকারের কাছে পাঠান হল তারপর ৬ মাস পরে আবার সরকার ঠিক করলেন এটা এ্যাডজুডিকেশান দেওয়া

হোক অর্থাৎ ট্রাইব্যুনাল-এ দেওয়া হোক, তারপর ট্রাইব্যুনাল-এ যাওয়ার পর আরো ৩ বৎসর কেটে গেল এবং ট্রাইব্যুনাল-এর বিচারে হয়ত রায় শ্রমিকদের তরফে গেল মালিকপক্ষ তখন সে রায় মানলেন না, তখন আবার মালিকদের কাছে লিখতে হবে কেন সে রায় মানছেন না এবং আবার শ্রম দপ্তরকে লিখতে হবে যে মালিকপক্ষ এটা মানছেন না। এইভাবে সেখানেও অনেক সময় লেগে যাবে। তারপর সরকার লেবার কোড-এ স্পেসিফাই করে দেবেন। আপনার মাধ্যমে বলবো এই হচ্ছে আসল ব্যবস্থা। ইণ্ডাস্ট্রিয়াল ডিসপ্যুটস এ্যাক্ট-এ ৩৩(সি) সাব ক্লজ (২) অনুযায়ী তারা এটাকে লেবার কোড-এ স্পেসিফাই করে দিতে পারবেন না।

In implementation of the award

যদি কেউ সাপ্লিমেণ্ট না করে, তাহলে ঐ ইম্পলিমেণ্টেশান অফ দি এগ্রিমেণ্ট তা ঐ লেবার কোড-এর বিরুদ্ধে শ্রমিকরা সরাসরি এখন চলে যেতে পারেন।

[4-30—4-40 p.m.]

সেটা ও'রা করতে পারেন নি—বিভিন্ন সমস্যা উঠবে—ওরা বলে দেবেন লেবার কোর্টে যাও—অর্থাৎ যেটা করা আমাদের এ্যাপ্রোপ্রিয়েট গভর্ণমেণ্টের পক্ষে সম্ভবপর ছিল—১৭।১৮ বছর ধরে সেই কাজটা বিজয়বাবু করতে পারেন নি—অর্থাৎ একটা শ্রম বিরোধ নিস্পত্তি হয়ে শ্রমিকদের পক্ষে যখন রায় আসবে সেটা আদায় করে নিতে ৬।৭ বছর সময় চলে যায়—তত দিনে ক'জন শ্রমিক তা ভোগ করার জন্য বেঁচে থাকবে তা সন্দেহ। মাননীয় সভাপাল মহাশয়, শ্রমিক সমস্যা সম্পর্কে আপনার কিছু কিছু জ্ঞান আছে। আপনি জানেন পার্মানেণ্ট টেম্পুরারী বলে বিরাট সমস্যা বাংলাদেশে বা ভারতবর্ষের বিভিন্ন ক্ষেত্রে শ্রমিকদের চলেছে—কোন জায়গায় ঠিক আছে ৬ মাস কাজ করলে পার্মানেণ্ট হবে—কোন জায়গায় দু মাস কোন জায়গায় ৪ মাস আপনি দেখবেন প্রতিটি কারখানায় ছয় মাস তিন মাস বা ৪ মাস পূর্ণ হবার আগে শ্রমিক-এর চাকুরি চলে গেল—আবার ঠিক দু দিন পরে তাদের নিউ এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হোল। অর্থাৎ ভারতবর্ষের একটা বিরাট সংখ্যক শ্রমিককে এই রকম অন্যায় টেম্পুরারী লেবার করে রাখা হয়েছে এবং তাদের পার্মানেণ্ট শ্রমিকদের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হচ্ছে। সরকারের শ্রম দপ্তর তা জানেন—বিজয়বাবু জানেন কিন্তু এ পর্যন্ত তারা এ ব্যাপারে কোন সংশোধন করতে পারলেন না যে এই টেম্পুরারীর হাত থেকে শ্রমিকরা বাঁচতে পারে সেই আইনের রক্ষা কবচ বিজয়বাবু তৈরী করতে পারেন নি। কারণ আইনের রক্ষা কবচ যদি তৈরী করেন তাহলে মালিকপক্ষ অখুশী হবেন এবং তাতে বিজয়বাবুদের সরকারের অসুবিধা ঘটে যেতে পারে—সেইজন্য এ সম্পর্কে কোন ব্যবস্থা তারা করতে পারেন নি। মাননীয় সভাপাল মহাশয় আপনি, জানেন যে প্রভিডেণ্ড ফাণ্ড সম্পর্কে বিজয়বাবু বলেছেন ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী প্রভিডেণ্ড ফাণ্ডের কাজ কর্ম করছেন। আমি আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই যে প্রভিডেণ্ড ফাণ্ডের ব্যাপারে কত সংখ্যক মালিক শ্রমিকদের প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা কেটে নিয়ে প্রভিডেণ্ড ফাণ্ডের জায়গায় জমা দিয়েছেন—আপনি জানেন সভাপাল মহাশয় যে অধিকাংশ ক্ষেত্রে মালিকপক্ষ এই প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা তারা দিচ্ছে না—এবং না দেওয়ার ফলে নানা সমস্যার উদ্ভব হচ্ছে। আমি আপনার মাধ্যমে একটা প্রশ্ন শ্রমমন্ত্রীকে করবো যে তিনি কি একটা উদাহরণ দিতে পারেন যে তিন চার পাঁচ ছয় সাত আট বার নোটিশ দেবার পরও যে সমস্ত মালিকপক্ষ টাকা ঠিকভাবে জমা দেন নি তাদের কয় জনের জেল দিয়েছেন? কোথায় ৩, কোথায় ৪, কোথায় ৫ শত টাকা ফাইন করেছেন—কিন্তু জেল হয়েছে কিনা কোন মালিকের—এ ধরণের উদাহরণ দিতে পারেন? তারপর মালিকরা ভাবেন কয়েক লক্ষ টাকা রেখে দিলাম তার সুদ যা হয় সেই সুদ থেকে অনেক কম অংশ দিয়ে আমরা শাস্তির হাত থেকে রেহাই পাচ্ছি—কাজেই মালিকপক্ষ এই পথ গ্রহণ করছেন এবং বিজয়বাবুর দপ্তর তাঁদের সাহায্য করছেন। আর একটা কথা—ই এস আই—এই স্কীম সম্বন্ধে শুনা যায়—অত্যন্ত দুঃখের বিষয় সভাপাল মহাশয়—আপনি যাবেন সেখানে ঔষধ পাবেন না। এবং তাদের হাসপাতালে যেতে হলে যে অসুবিধার ব্যাপার আছে—সেগুলি আপনি জানেন এমন কি ই এস আই-এর টাকাগুলি মালিকরা কেটে রাখেন—তারা সেটা সময় মত জমা দেন—যেমন আমি আট ১০টি উদাহরণ দিতে পারি।

যেখানে শ্রমিকরা বিভিন্ন জায়গায় অসুস্থ হয়ে গেছেন সেখান থেকে শ্রমিক ফিরে এসেছেন—কারণ কারখানার মালিকরা টাকা জমা দেন নি। এইভাবে তারা মেডিক্যাল লিভেরও কো সুবিধা পাচ্ছে না—তাদের এই মেডিক্যালের দিক যে টাকা সে টাকাও তারা পাচ্ছে না—এ ব্যাপারে সরকারের শ্রম দপ্তর কোন কাজ করতে পারেন নি এবং ই এস আই-এর ব্যাপারে তারা অত্যন্ত ব্যর্থতার পরিচয় দিয়েছেন। এগুলি আবার অত্যন্ত গর্বভরে বলেছেন আমাদের শ্রমমন্ত্রী মহাশয়, তার চাকুরীর নিরাপত্তা বলতে তাদের কোন জিনিসই নেই। স্ট্যাণ্ডিং অর্ডার বলে একটা জিনিস আছে—চাকুরীতে ঠিকভাবে নেওয়া হোল কিনা—সেটা বিচার করবেন কে? যিনি শাস্তি দিবেন তিনি হচ্ছেন বিচারক। ডিপার্টমেণ্টাল এনকোয়ারী করে তিনি ঠিক করবেন যে বরখাস্তটা ঠিক হয়েছে কিনা—অর্থাৎ যিনিই রক্ষক—তিনিই ভক্ষক হয়ে আজকে এই ধরণের ব্যবস্থা করছেন।

এবং এই যে স্ট্যাণ্ডিং অর্ডার রয়ে গেছে—এর ফলে চাকুরীর নিরাপত্তা কোথায়ও নেই—চাকরী শ্রমিকদের চলে যাচ্ছে। ফেয়ার ওয়েজেসের কথা বলেছেন—আমি দু একটি উদাহরণ শুধু দেবো বিজয়বাবু দু-আড়াই বছর আগে যখন কস্ট অব লিভিং ইনডেক্স-এর চেয়ে আরও কম পয়েণ্টে ছিল ১৯৬২ সালের আগে তখন তিনি বলেছিলেন যে বাংলাদেশে কম পক্ষে ১০০ টাকা ন্যূনতম বেতন করবেন। তিনি এটা প্রথমে ঘোষণা করেছিলেন যখন মন্ত্রী হয়ে এলেন—আজকে ১৯৬৫ সালে যেখানে ওয়েজ বোর্ড হয়েছে সেখানে কটন টেক্সটাইলে ন্যূনতম বেতন ৯৭ টাকা।

Mr. Chairman :

বিজয়বাবু ১৯৬২ সালের আগে মিনিষ্টার হন নি।

Shri Nikhil Das :

১৯৬২ সালে জুলাইয়ে যে বাজেট পেশ করেছেন সেই বাজেট জরুরী অবস্থা হবার আগে বলেছিলেন এবং এখন সে ১০০ টাকাটা ১৫০ টাকা দাঁড়ায়। তাতে আজকে কটন টেক্সটাইল ইণ্ডাষ্ট্রিতে ৯৭ টাকা দিচ্ছেন। সেখানে ওয়েজ বোর্ড হয়েছে কিন্তু দুঃখের ব্যাপার পাওয়ার লুমে যেখানে দুই-পাঁচ হাজার লোক কাজ করছে সেখানে সেটা ওয়েজ বোর্ডের আওতায় আসে না এবং সেখানে মিনিমাম ওয়েজ হচ্ছে ৬০ টাকা সে সম্পর্কে বিজয়বাবু কিছুই করতে পারেন নি। আর একটা গালভরা কথা শুনি, শিল্পে শান্তি চুক্তি হোল, বিভিন্ন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংস্থাগুলি শান্তি চুক্তিতে সহি করলো, শ্রমিকরা যান দিয়ে উৎপাদন বাড়ালো এবং কেন্দ্রীয় শ্রম দপ্তর স্বীকার করেছেন যে শতকরা ৪০ থেকে ৫০ ভাগ উৎপাদন বেড়েছে, মালিক পক্ষের মুনাফা বেড়েছিল ৩৫ থেকে ৪০ ভাগ কিন্তু শ্রমিকদের রিয়েল ওয়েজ যাকে বলে সেই রিয়েল ওয়েজ কমলো শতকরা ৩০ ভাগ। অর্থাৎ ইণ্ডাষ্ট্রিয়াল ট্রুস রেজলিউসান শিল্পে শান্তি চুক্তি হয়েছে, মালিকের মুনাফা বাড়লো উৎপাদন বাড়লো—কিন্তু শ্রমিকদের মাইনে কমলো—আমরা এই অবস্থা লক্ষ্য করেছি। বার বার এই প্রশ্ন তুলেছি তার কোন জবাব পাই নি। এ ব্যাপারে তারা কোন ব্যবস্থা করতে পারে নি। আর একটা নূতন জিনিস এসেছে—অর্থাৎ মালিকপক্ষ আমদানি করছে সেটা হচ্ছে পুলিশের কেস—আপনি যে কোন কারখানায় যদি যান তাহলে দেখবেন মালিকপক্ষ, ইউনিয়ন যেখানে শক্ত—শ্রমিকদের স্বার্থ নিয়ে যে ইউনিয়ন লড়াই করে যে ইউনিয়নের নেতৃবৃন্দ শ্রমিকদের ন্যায্য পাওনা আদায় করবার জন্য লড়াই করে—মালিকপক্ষ তখন মিথ্যা করে ডায়েরী করে দেন পুলিশে এবং মিথ্যা করে তাদের মামলায় জড়িয়ে দেন—এবং যে মুহূর্তে পুলিশের মামলায় জড়িয়ে দেন—সে ক্ষেত্রে মেজর মিসকণ্ডাক্ট স্ট্যাণ্ডিং অর্ডারের আওতায় ফেলে তাদের বরখাস্ত করেন। এইভাবে দু তিন বছর কেস চললো—তার ফলে তারা বরখাস্ত হয়ে গেল। তাই যে কথা আমি অত্যন্ত জোর দিয়ে আপনার মাধ্যমে ধরতে চাই তা হচ্ছে আমাদের সরকারের যে শ্রমনীতি সেটা মালিকদের সেবা করবার নীতি—আমাদে শ্রম দপ্তরের কনসিলিয়েসন অফিসার যারা আছেন নিউ সেক্রেটারিয়েটে আগে লোকের একটা ভাল ধারণা ছিল যে ওখানে বোধ হয় দুর্নীতি তেমনভাবে প্রবেশ করে নি—কিন্তু অত্যন্ত দুঃখের সাথে বলতে হচ্ছে যে সেখানে একটা দুর্নীতির আখড়া হচ্ছে—মালিকের লোক যখন যান তখন সেলাম দিয়ে তাদের চেয়ারে বসান আর শ্রমিকদের প্রতিনিধি যখন যান তখন তাদে

ন্যায্য কথাগুলি বলবার সুযোগ হয় না—এক একটা কেস দু তিন চার মাস পড়ে থাকে। আমি বিজয়বাবুকে অনুরোধ করবো তিনি যদি যান তাহলে দেখবেন যে ঐ দপ্তরের কার্যকারিতা আরও বাড়ানো দরকার। ঐ দপ্তর থেকে দুর্নীতি যদি দূর করতে না পারেন তাহলে শ্রম দপ্তর একটা আখড়ায় পরিণত হবে—সেই কথাটা আমি আপনার মাধ্যমে ওঁকে স্মরণ করিয়ে দিতে চাই।

[4-40—4-50 p.m.]

শেষ কথা হচ্ছে পুলিশী জুলুম দিয়ে শ্রম আন্দোলনকে বন্ধ করা যায় না। কিন্তু ওঁরা পুলিশী জুলুম দিয়ে আজ শ্রম আন্দোলনকে বন্ধ করতে চাইছেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই যতই ওঁরা বিদেশী মূলধনের দালালি করুন না কেন, ভারতবর্ষের পুঁজিপতি—তাঁরা একচেটিয়া পুঁজিপতি হোন আর আধা পুঁজিপতি হোন মাঝারি স্তরের পুঁজিপতি হোন, ভারতবর্ষের পুঁজিপতি এবং বিদেশী মূলধনের দালালি করবার যে নীতি গ্রহণ করেছেন এবং সেই নীতির সাথে সামঞ্জস্য রেখে যে শ্রম নীতি গ্রহণ করেছেন তাতে আমি আপনার মাধ্যমে শুধু একটা কথা বলে দিয়ে যাচ্ছি যে শ্রমিক শ্রেণী রাস্তায় নামবে, রাস্তায় নেমে তাদের পাওনা আদায় করে নেবে, পাওনা বুঝে নেবে। সেখানে প্রতিরক্ষা আইন জরুরী অবস্থা দিয়ে তাদের রোখা যাবে না এবং শ্রমিক শ্রেণীর আদায়ের পথে যারা বাধা সৃষ্টি করবে তাদের সরে যেতে হবে। রাস্তায় যখন শ্রমিক শ্রেণী নামে তাদের দাবি-দাওয়া নিয়ে তখন সেই শ্রমিক শ্রেণীর চেহারা তাঁরা ভালভাবে দেখেন নি। সেই শ্রমিক শ্রেণী এক একটা দেশের ইতিহাস পাল্টে দেয়—রাশিয়া দেশের ইতিহাস পাল্টে দিয়েছে, অন্যান্য দেশের ইতিহাস পাল্টে দিয়েছে, আমাদের দেশের ইতিহাস শ্রমিক শ্রেণী পাল্টে দেবে। রাষ্ট্রীয় সংগ্রাম সমিতি থেকে ৬ দফা দাবি নিয়ে যে সংগ্রামের আহ্বান জানান হয়েছে সেই দাবি যদি সরকার না মানেন এবং এতদিন সরকার শ্রমিক মারার এবং মালিক তুষ্ট করার যে নীতি নিয়েছিলেন তা না পাল্টান তাহলে সারা ভারতবর্ষের বুকে এক ঝাণ্ডার নিচে দাঁড়িয়ে সরকারের এই মালিক ঘেঁষা নীতিকে শেষ করে দিয়ে নতুন ব্যবস্থা কায়েম করার দিকে তারা এগিয়ে যাবে। এই কথা বলে সরকারের শ্রম নীতি এবং বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananda Gopal Mukhopadhya :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন সেই দাবিকে আমি সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। ভারতবর্ষে শ্রম নীতি গ্রহণ করবার সময় সারা পৃথিবীর শ্রমিক আন্দোলনের ইতিহাস পর্যালোচনা করে সেই তথ্যের ভিত্তিতে ভারত রাষ্ট্রের আদর্শ এবং ঐতিহ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে ভারতবর্ষের শ্রম নীতি গৃহীত হয়েছে। যদি পৃথিবীকে দুভাগে ভাগ করা হয় সোসালিষ্ট স্টেট এবং ক্যাপিট্যালিস্ট কাণ্ট্রিতে তাহলে সেখানে আমরা দেখতে পাব যে একদিকে সোস্যালিষ্ট স্টেট পৃথিবীকে এই জিনিস দেখিয়েছে যে শ্রমিক দেশের স্বার্থে আজকে শ্রম দেবে এবং দেশকে উন্নততর করবে এবং বছরের পর বছর সেখানে শিল্পের উন্নতি হলেও শ্রমিকের উন্নতি হয়নি, ইতিহাস তার সাক্ষ্য দেবে। তাই সেখানে শ্রমিককে কনসেনট্রেসান ক্যাম্পের মাধ্যমে ব্যায়োনেটের মধ্যে রেখে শিল্পে নিযুক্ত করতে হয়েছে। সেজন্য সেখানে শ্রমিকদের জন্য নগরী নির্মাণ হয়ে উঠেনি, তার আবাসস্থল গড়ে উঠেনি, তার পরিবারের জন্য চিকিৎসার ব্যবস্থা হয়ে উঠেনি, তার শিশুর জন্য শিক্ষা ব্যবস্থা সুচারুভাবে হয়ে উঠে নি। আর ক্যাপিটালিস্ট কাণ্ট্রির ১ শো বছরের ইতিহাস দেখলে দেখা যাবে ক্যাপিটাল ফর্মেশানের নামে শ্রমিককে শোষণ করা হয়েছে। ১৯৪৭ সালে ভারতবর্ষ যখন স্বাধীন হয় তখন সারা পৃথিবীর এই অভিজ্ঞতা থেকে ভারতবর্ষ শ্রম নীতি গ্রহণ করে এবং সেই নীতির উপর ভিত্তি করে আজ ভারতবর্ষে নতুন শিল্প পত্তনের সঙ্গে সঙ্গে শ্রমজীবী মানুষের আবাসস্থল থেকে আরম্ভ করে মানুষ যাতে ন্যূনতম বাঁচার প্রয়োজনগুলি পায় সেদিকে দৃষ্টি দেওয়া হয়েছে। সমস্যা আছে অনেক। সমাধান করার শক্তি কিন্তু তার সঙ্গে পরিষ্কার সেদিকে আছে, যে কেউ চোখ খুললে দেখতে পাবেন শ্রম নীতির দিক থেকে কোন আবছা কিছু নেই।

মাননীয় শ্রম মন্ত্রিমহাশয় তথ্যের ভিত্তিতে আজকে পশ্চিমবঙ্গের সামগ্রিক একটা ছবি আমাদের সামনে তুলে ধরেছেন। সে সম্বন্ধে আমি আপনার সামনে দু-একটা কথা এখানে রাখতে চাই। আজ যদি আমরা বাংলাদেশের একপ্রান্ত চা-বাগান থেকে আরম্ভ করে আর একপ্রান্তে আসানসোল মহকুমায় চিত্তরঞ্জনের দিকে চেয়ে দেখি তাহলে আমরা চা দেখবো একদিকে, আর একদিকে দেখবো টেক্সটাইল, দেখবো জুট এবং ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রি এবং তার সঙ্গে আয়রন এ্যাণ্ড ষ্টীল—সেখানে যা প্রাপ্য সেই সেই ন্যায্য মজুরী না পেলেও আস্তে আস্তে সেখানে ন্যূনতম মজুরী অল্প অল্প করে বাড়ছে। একটা ভিত্তি আমরা খুঁজে পাচ্ছি যে ১৯৫০ সালে জীবনের মূল্যমানকে বেস ধরে আজকে যে কনজুমারস প্রাইস ইনডেক্স ইনক্রিজ করেছে—তার ভিত্তিতে ডি এ-কে নিউট্রালাইজ করছে। আমি সেখানে একটা জিনিসের দিকে নজর দিতে বলবো—বাড়ার পরিমাণ নিশ্চয়ই—ঐ কনজুমারস প্রাইস ইনডেক্স হিসেব করে মিলে যাচ্ছে। কিন্তু একটা জিনিষের তাঁরা হিসেব করেন নাই। সেটা হলো যে মানুষের জীবনের মান বাড়াবার প্রয়োজন আছে কিনা, সেটা ১৯৩৯ সালে বা ১৯৫০ সালে এসে থমকে দাঁড়িয়ে যাবে। সেটা আজকে যদি বাড়াতে হয়, ফেয়ার ওয়েজেস কমিটির হিসেব অনুযায়ী যদি চলতে হয়, নেট ওয়েজ বেস হিসেব করে যদি চলতে হয়, একটা পরিবারের পাঁচ জনের ন্যূনতম যা প্রয়োজন তার হিসেব ধরে যদি চলতে হয়, মানুষকে যদি বাঁচার মত করে সামান্য যে প্রয়োজন তা দিতে হয়, তাহলে সেখানে মিনিমাম যা প্রয়োজন, তা ১৮৭ টাকার কম হয় না। আর যদি রাষ্ট্রের সেই সঙ্গতি না থাকে দেবার, তাহলে সেকথা স্বীকার করা একান্ত প্রয়োজন। শ্রমমন্ত্রী প্রথম শ্রম দপ্তর গ্রহণ করে একটা কথা বলেছিলেন যে ন্যূনতম আমি একশো টাকা বেতন করবো। আজ আমরা সেখানে দেখতে পাচ্ছি সেই ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রিতে তিনি ১১৮ টাকার মত করেছেন। জুট এবং টেক্সটাইল-এ এক্ষুনি তা আসেনি। আয়রন এ্যাণ্ড ষ্টীল ইণ্ডাষ্ট্রিতে এক্ষুনি তা আসেনি এবং ওয়েজ বোর্ড এখন পর্যন্ত তাদের সিদ্ধান্ত ঘোষণা করেন নি। আমি সেখানে সবিনয়ে নিবেদন করবো যে আজকে এইদিকে একটু দৃষ্টি একান্তভাবে দেওয়া প্রয়োজন এবং মানুষের ন্যূনতম বেতন যদি না পায়, শিল্পে উৎপাদন যদি ঠিকভাবে বৃদ্ধি না পায়, তাহলে দেশের অগ্রগতি ব্যাহত হবে এবং তার সঙ্গে যে ক্যালোরী মানুষকে দেওয়া দরকার যাকে গায় খেটে শিল্পে উৎপাদন বাড়াতে হয়, তা জোগাবার জন্য আজকে তাকে কমপ্লাসারী ব্যবস্থা করে প্রত্যেকটা কারখানার মধ্যে অন্তত একটা করে প্রিন্সিপ্যাল মিল তাকে দেওয়া দরকার যাতে তার শরীরের গঠন ঠিক থাকে. এতে করে খরচ খুব বেশী বেড়ে যাবে বলে আমি মনে করি না। এরজন্য সরকারপক্ষ এবং মালিকপক্ষ দুয়ের মধ্যে ব্যবস্থা হওয়া দরকার। বহু জায়গায় সাবসিডাইজড ক্যান্টিন আছে, আবার অনেক জায়গায় নাই। এই পদ্ধতি চালু করে আজকে শ্রমজীবী মানুষকে শক্ত করে ঠিক করার একান্ত প্রয়োজন হয়ে পড়েছে বলে আমি একান্তভাবে মনে করি।

মাননীয় স্পীকার মহোদয়, আর একটা জিনিষের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হলো ওয়ার্কার্স এডুকেসান সম্পর্কে। আমি এখানে যখন আলোচনা শুনছিলাম তখন বিরোধীপক্ষের বন্ধু কানাইবাবু, ওধার থেকে দাশমহাশয় বক্তৃতার মাধ্যমে যখন বলছিলেন যে ষ্ট্যাণ্ডিং অর্ডারে বয়ঃসীমা নির্ধারিত না থাকার জন্য তাকে বিদায় নিয়ে চলে যেতে হলো।

[4-50—5 p.m.]

এখানকার যাঁরা ট্রেড ইউনিয়ন-এর সঙ্গে যুক্ত আছেন তাঁরা কি জানেন না যে ষ্ট্যাণ্ডিং অর্ডারে যদি বয়ঃসীমা নির্ধারিত না থাকে তাহলে তার পরিবর্তন কি করে করতে হয়? তাহলে তারা কি শুধু শ্রমিক আন্দোলনের পথে শ্রমিকদের পথে বসাতেই জানেন! স্যার, গণতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে, নিয়মতান্ত্রিক পথে শ্রমিকদের দাবী আদায়ের কথা জানিয়েছে। তাই আমি বলতে চাই আজকে সেই নূতন পদ্ধতিতে—অর্থাৎ যাকে বলে কন্সটিটিউসনাল ট্রেড ইউনিয়নিজম সেই পদ্ধতিতে সেণ্ট্রাল ট্রেড ইউনিয়ন-এর মাধ্যমে শ্রমিকদের পরিচালিত করুন। তবে ভারতবর্ষের দুর্ভাগ্য একদল শ্রমিক এখনও আছে যাদের আনুগত্য বিদেশীদের কাছে। তাই ভারতবর্ষে একটা সেণ্ট্রাল ট্রেড ইউনিয়ন না থেকে ৩টি সেণ্ট্রাল ট্রেড ইউনিয়ন আছে এবং তার

ফলে প্রত্যেকটা কারখানার শ্রমিক আজ অন্ততঃ তিনভাগে বিভক্ত। আমি মনে করি একটা সেণ্ট্রাল ট্রেড ইউনিয়ন হওয়া উচিত এবং তার নেতৃত্বাধীনে সমস্ত কারখানার মানুষ কাজ করে যাবে। আর যাদের একস্ট্রা টেরিটোরিয়াল লয়াল্টি আছে তাদের যেন কোন রকমে এই দেশের স্বার্থে কাজ করতে দেওয়া না হয়। স্যার, কিছুদিন আগে ভারতবাসী হিসেবে আমার বিদেশ পরিভ্রমণ করবার সুযোগ হয়েছিল। আমি সেখানে তাদের একটা কথা জোর করে বলতে পেরেছি যে, এখন আমরা নূতন শ্রম নীতির মাধ্যমে যেভাবে এগিয়ে চলেছি তাতে আমরা একটা পথ পরিষ্কার দেখতে পাচ্ছি এবং সেটা হচ্ছে আজকালের মধ্যে এখানে আমরা ওয়ার্কার্স পার্টিসিপেসন ইন দি ম্যানেজমেণ্ট এটা সম্ভবপর করে তুলতে পারব।

(বিরোধীপক্ষের হাস্য)

এটা হাসবার কথা নয়। আপনারা জেনে রাখুন হিন্দুস্থান স্টীল ওয়ার্কার্স রিপ্রেজেনটেটিভ ইন দি বোর্ড অব ডিরেক্টর্স এটা আছে হিন্দুস্থান মেসিন টুলস-এ আছে, হিন্দুস্থান সিপ বিল্ডিং-এ আছে, হিন্দুস্থান এয়ার ক্র্যাপ্ট-এ আছে এবং দুদিন আগে শ্রীহরিদাস চক্রবর্তীকে যেখান থেকে বার করে দেওয়া হয়েছে সেই হিন্দুস্থান কেবেলস-এ আছে। তারপর স্যার, শ্রমিক এবং মালিকের যে সমস্যা তার মধ্যে সংহতি রাখবার জন্য যেমন একটা সেণ্ট্রাল ট্রেড ইউনিয়ন-এর দিকে আমি এমফ্যাসিস দিচ্ছি ঠিক তার সংগে সংগে আমি জোরের সংগে নিবেদন করছি যে, এক ধরনের লোক যারা হচ্ছে চীনাপন্থী কমিউনিস্ট তারা শিল্পে শান্তি ব্যাহত করবার জন্য বদ্ধ পরিকর হয়েছে। আপনি হয়ত জেনে থাকবেন কিছুদিন আগে দুর্গাপুর কারখানায় অফিসের কর্মচারীরা স্ট্রাইক করেন এবং তার কারণ হচ্ছে একজন অফিসার একজন অফিস কর্মচারীর সংগে উদ্ধত ব্যবহার করেন। তখন কর্মচারীরা সমবেত হয়ে প্রতিবাদ জানান এবং বলেন যে সেই অফিসার-কে ক্ষমা চাইতে হবে। কিন্তু তিনি ক্ষমা চাননি বলে অফিস এ্যাসিসট্যাণ্ট-রা উদ্ধত হয়ে সেই অফিসারের অফিসে গিয়ে হামলা করে এবং তাঁর সংগে দুর্ব্যবহার করে এবং আমি ঠিক জানিনা, তবে এরকম কথাও শোনা যায় যে তাঁর গায়ে হাত পড়েছিল। তারপর সেই অফিসার নাকি থানার সাহায্য নেন এবং থানার সাহায্যে ৮ জন কর্মীকে এ্যারেস্ট করা হয়। এই ৮ জন কর্মী এ্যারেস্টেড হলে তার বিরুদ্ধে সমস্ত অফিস কর্মীরা সংঘবদ্ধ হয়ে প্রতিবাদ জানান এবং বলেন যে, সেই অফিসারকে আনকণ্ডিসনাল এ্যাপোলজি চাইতে হবে, আমাদের বিরুদ্ধে যে কেস আছে তা তুলে নিতে হবে এবং তবেই আমরা অবস্থান ধর্মঘট তুলব। স্যার, শ্রীহরিদাস চক্রবর্তী মহাশয়ের স্ত্রী সেখানকার একজন শিক্ষিকা, তিনি ভ্রান্ত পথে নেতৃত্ব দেন এবং বলেন যে সোজা করে দেব, মালিকের সংগে লড়াইয়ের ক্ষেত্রে আই-এন-টি-ইউ-সি ইউনিয়ন যেভাবে আমাদের অপমান করে তার প্রতিশোধ নেব। তবে সুখের কথা হচ্ছে যারা ঐভাবে দলীয় স্বার্থে নেতৃত্ব নিয়ে যায় তাদের কথা কেউ শোনে না এবং ৫ দিন পর আমরা দেখলাম ডেপুটি লেবার কমিশনার-এর মাধ্যমে উল্টো ফল হোল। অর্থাৎ আমরা দেখলাম সেই ৮ জনকে অফিসার-এর কাছে গিয়ে ক্ষমা চাইতে হোল, বিনা সর্তে স্ট্রাইক তুলে নিতে হোল এবং কমিউনিস্ট-লিড ইউনিয়ন লিখিতভাবে রিগ্রেট করে বললেন যে, এই সমস্ত অবাঞ্ছনীয় কাজে আমরা যেন না থাকি।

মাননীয় স্পীকার মহাশয়, দেশের এই গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে যারা প্রডাকসন ব্যাহত করতে চায় তারা দুর্গাপুরের ইস্পাত কারখানায় প্রডাকসন কমাতে পারেনি। আমরা দেখেছি ৫ দিন স্ট্রাইক চলার সময় প্রত্যেক মিলে প্রত্যেক সপ-এ প্রডাকসন বেড়েছে। এই জিনিস দেখে যারা শ্রমিকদের ভ্রান্ত নেতৃত্ব দিয়েছিল, ভাঁওতা দিয়েছিল তারা এখন চীৎকার করছে। এ'দের কোন লজ্জা নেই, বেহায়ার মত সারা দেশে এই কাজ করে বেড়াচ্ছে। আমি মনে করি এ'দের মুখোস খুলে দেওয়া উচিত। এই কথা বলে আমাদের শ্রমমন্ত্রী মহাশয় যে দাবী উত্থাপন করেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের সামনে শ্রম খাতে ব্যয় বরাদ্দের যে দাবী উত্থাপন করা হয়েছে আমি নীতিগতভাবে তার বিরোধীতা করি। আমাদের এই সরকার সমাজতান্ত্রিক রাষ্ট্রের কথা

বলেন এবং আবাদি থেকে আরম্ভ করে দুর্গাপুর পর্যন্ত সমাজতন্ত্র সম্বন্ধে অনেক কথা বলেছেন। কিন্তু আমি সুস্পষ্টভাবে বলতে চাই যে, এখানকার শ্রম নীতি বা শিল্প বাণিজ্য পুঁজিপতির স্বার্থে চলেছে এবং পুঁজিপতি ঘেঁষা নীতির কথাই বলছে। স্যার, আমাদের শ্রমমন্ত্রী অনেক ফিরিস্তি দিয়েছেন এবং বলেছেন যে, আমরা শ্রমিক কল্যাণ কেন্দ্র করেছি, ঘরবাড়ী করেছি, চিকিৎসার ব্যবস্থা করেছি। এসব তো করতেই হবে এবং যে সব পুঁজিপতি রাষ্ট্র আছে তারা এর চেয়ে অনেক বেশী করেছে। শ্রমমন্ত্রী মহাশয় জানেন তাদের পেট্রোল না দিলে গাড়ী চলে না, তাই তাদের অনিচ্ছা সত্ত্বেও পেট্রোল দিতে হয়। শ্রমিকদের যদি চিকিৎসার ব্যবস্থা না করা যায়, তাদের যদি না খেতে দেওয়া হয় তাহলে পুঁজিপতিদের স্বার্থ কি করে সাধিত হবে? কিন্তু প্রশ্ন হোল শ্রমিকদের যে মূল সমস্যা সেটা সমাধান করতে পেরেছেন কিনা। তাদের যে স্বল্প বেতন, তাদের আত্মরক্ষার জন্য উপযুক্ত যেসব ব্যবস্থা করা দরকার এবং এছাড়াও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা যেগুলি তাদের জন্য করা দরকার সেগুলি কি করতে পেরেছেন? আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই সর্বভারতীয় যে শ্রমিক সম্মেলন হয়েছিল, যেখানে মালিকরা ছিলেন, সরকারপক্ষ ছিলেন এবং শ্রমিকদের প্রতিনিধিরা ছিলেন সেখানে প্রয়োজনের ভিত্তিতে ন্যূনতম বেতন যেটা ঠিক করা হয়েছিল সেই ন্যূনতম বেতন তাঁরা দিতে পেরেছেন কিনা? আমি মনে করি সরকার এবং মালিকরা তাঁদের দায়িত্ব পালন করেন নি। কাজেই যেকথা বলছেন শ্রমিকদের জন্য অনেক কিছু করেছি, আমি বলব সেখানে তাঁরা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। তারপর, তাঁরা হয়ত বলবেন তৃতীয় পরিকল্পনায় অনেক কিছু বেড়েছে। আমি বলব পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা ছেড়ে দিন, ১৯৩৯ সালের কথা ভাবুন। রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া ১৯৬৪ সালের এপ্রিল মাসে যে বুলেটিন প্রকাশ করেছে তাতে দেখবেন ১৯৩৯ সাল থেকে ১৯৫০ সালের মধ্যে যখন পঞ্চবার্ষিকী পরিকল্পনা ছিল না তখন আমরা দেখতে পাচ্ছি শতকরা ২৩৪ ভাগ এবং ২৯২ ভাগ বেড়েছে। অর্থাৎ কারখানার শ্রমিক বেড়েছে ২৩৪ ভাগ এবং খনি শ্রমিক বেড়েছে ২৯২ ভাগ। কিন্তু পরিকল্পনার পর আমরা দেখছি কিভাবে এই জিনিসটা কমে যাচ্ছে। ১৯৫৫ সালে যেখানে প্রকৃত মজুরীর সূচক ছিল শতকরা ১২৪ ভাগ ১৯৬১ সালে সেটা দাঁড়িয়েছে ১১৬ ভাগ—অর্থাৎ ধীরে ধীরে কমছে। তাঁরা বলছেন পরিকল্পনায় উন্নতি হয়েছে, কিন্তু আমরা দেখছি মজুরী কমে যাচ্ছে।

[5—5-10 p.m.]

(খ) গত ১৯৬৪ সালে কতগুলি বস্তি অপসারিত হইয়াছে এবং তন্মধ্যে কতগুলি স্থানে নূতন নূতন গৃহ নির্মিত হইয়াছে,

(গ) ঐগুলির মধ্যে কতগুলি সরকারের নিজ তত্ত্বাবধানে নির্মিত হইয়াছে এবং

(ঘ) বস্তি অঞ্চল হইতে অপসারিত লোকগুলি ঐসকল নূতন নূতন গৃহে স্থান পাইয়াছে কি না?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) ১৯৫৮ সালের বস্তি সমীক্ষা অনুযায়ী টালিগঞ্জ এলাকা বাদে কলিকাতা সহরে বস্তি অঞ্চলে মোট ৬,৬৮,৯০৪ জন বাস করেন।

(খ) ৫টি। এই সমস্ত এলাকা রাস্তা নির্মাণ প্রভৃতি উন্নয়নমূলক কার্যে ব্যবহৃত হইয়াছে এবং সেখানে বস্তিবাসিদের জন্য নূতন বাসগৃহ নির্মিত হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Shri Ananga Mohan Das:

আপনি যে বললেন ৬ লক্ষ লোক বস্তি অঞ্চলে বাস করে আপনাদের পরিকল্পনা অনুসারে যে পরিমাণ বাড়ী বস্তি সরিয়ে লোকের ঘরের ব্যবস্থা করেছেন—সেই লোকের সংখ্যা কত?

Shri Khagendra Nath Das Gupta:

এখনও পর্যন্ত ২ হাজার ৩৬টা পরিবারের টেনামেণ্টস তৈরী হচ্ছে—এর মধ্যে ৮২০টি টেনামেণ্ট হয়ে গেছে—বাকীগুলি আণ্ডার কনস্ট্রাকসন তাছাড়া ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট আমাদের কাছে টাকা নিয়ে তৈরী করছে।

Shri Ananga Mohan Das :

আপনি যে ৬ লক্ষ লোক বস্তীতে বাস করে এই হারে স্লাম ক্লিয়ারেন্স বিল পাশ হবার পর দু তিন বছর যে হারে হচ্ছে তাতে সমস্ত লোককে অপসারিত করতে কত বছর লাগবে?

Shri Khagendra Nath Das Gupta :

এই সংখ্যাটা বাড়বে—আমরা চতুর্থ পরিকল্পনায় আশা করছি—এটা ইমপ্রুভ করবে—এখন যা স্কীম আছে এই স্কীমে এগুলো কঠিন—তার কারণ গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া বস্তি অপসারণের যে স্কীম করেছেন তাতে পার টেনামেণ্ট ৬ হাজার ৪ শত টাকা ধরেছেন—এর ভেতর থেকে শতকরা সাড়ে সাইত্রিশ টাকা তাঁরা দান স্বরূপ দেন—আর বাকী সাড়ে সাইত্রিশ টাকা ঋণ স্বরূপ দেন। পশ্চিমবঙ্গ সরকার শতকরা ২৫ টাকা দান স্বরূপ দিয়ে থাকেন। এই টাকায় যে টেনামেণ্ট তৈরী হয় তার ভাড়া গিয়ে দাঁড়ায় ২১।২২ টাকা। এই টাকাতে টেনামেণ্ট তৈরী হয় না। ৬ হাজার ৪ শত টাকা কলকাতার উপর টেনামেণ্ট তৈরী করা অসম্ভব—আমাদের ৭ হাজার ৫ শত টাকা পড়ে—কাজেই বাকী টাকা পশ্চিমবঙ্গ সরকারকে ব্যবস্থা করতে হয়। আর যে বাড়ীভাড়া পড়ে ২১।২২ টাকা সেই ভাড়ায় কোন বস্তীবাসী এসে থাকতে রাজী নন। ১৫ টাকার উপর তারা দিতে রাজী নন—এই অবস্থায় এখানে যদি বাকী টাকাটা পশ্চিমবঙ্গ সরকারকে দিতে হয়—তাহলে পশ্চিমবঙ্গ সরকারকে সেই টাকার ব্যবস্থা করতে হয়—চতুর্থ পরিকল্পনায় আমরা এ সম্পর্কে চিন্তা করছি—এইগুলি সেটল না হলে বস্তি অপসারণের কথা কঠিন ব্যাপার হয়ে দাঁড়াবে।

Shri Anadi Das :

এই যে ৫টি বস্তি উচ্ছেদ করা হয়েছে এখানে কত লোক বাস করতো—কত লোক এ্যাফেকটেড হয়েছে।

Shri Khagendra Nath Das Gupta :

৫টি বস্তিতে ৯১২টি পরিবার এ্যাফেকটেড হয়েছে।

Shri Anadi Das :

তাদের থাকার জন্য সরকার থেকে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta :

৯১২টি পরিবারের মধ্যে ৫৪৬টি পরিবারকে স্থান দান জন্য ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে টাকা নিয়ে যেসব টেনামেণ্ট তৈরী করেছেন তাতে আশ্রয় দিয়েছেন। আর বাকী পরিবারগুলি তাঁদের নিজেদের ব্যবস্থা করেছেন। তাঁরা আমাদের সরকারের টেনামেণ্টে আসেননি।

Shri Nikhil Das :

এই যে ৫টা বস্তি অপসারিত হয়েছে, সে জায়গা এখন খালি হয়েছে সে জায়গা কার দখলে আছে এখন?

Shri Khagendra Nath Das Gupta :

ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের।

Shri Nikhil Das :

আমরা দেখছি মাত্র ৫টা বস্তি অপসারিত হয়েছে, ২ হাজারের মত লোক সেখান থেকে অন্য জায়গায় গেছে। আজকে যে ৬॥ লক্ষের মত লোক আছে বস্তিতে এখন বাস করছে বস্তি অপসারণ পরিকল্পনার বিকল্প বস্তি উন্নয়নের কোন পরিকল্পনা আছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta :

আছে। আমি যে ফিগার দিয়েছি ওটা এক বছরের সংখ্যা, ১৯৬৪ সালের। আমাদের উন্নয়ন পরিকল্পনা আছে, এ সম্পর্কে সি এম পি ও তারা পরিকল্পনা রচনা করেছেন। আমরা সি এম পি ওর পরিকল্পনা অনুসারে কাজে এগুচ্ছি।

Dr. Kanai Lal Bhattacharya :

মন্ত্রিমহাশয় কি জানাবেন তৃতীয় পরিকল্পনায় বস্তি উচ্ছেদ করার জন্য কত টাকা স্যাংসন ছিল এবং তাঁর কত পার্সেণ্টেজ আপনার ডিপার্টমেণ্ট খরচ করতে পেরেছে?

Shri Khagendra Nath Das Gupta :

এই সংখ্যাটা জানতে চাইলে কোয়েশ্চেন দেবেন, আমি উত্তর দেব। আমি এখন অফ হ্যাণ্ড কিছু বলতে পারছি না।

Shri Aswini Roy :

আপনি যেভাবে ঐ বস্তি উন্নয়নের কথা বললেন ২ হাজার মাত্র করেছেন এক বছরে তাহলে প্রায় ১৫০ বছর লেগে যাবে। সেক্ষেত্রে এই সমস্ত বস্তিতে যে নানারকমভাবে সংক্রামক রোগ দেখা দেয়, তার প্রিভেনসন বা স্বাস্থ্য রক্ষায় জন্য কোন ব্যবস্থা আপনাদের আছে কিনা বা প্রকল্প আছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta :

আমি তো একটু আগেই বলেছি যে বস্তি উন্নয়ন সম্পর্কে আমাদের পরিকল্পনা রচনা হচ্ছে, সি এম পি ও এটা করছেন।

Shri Anadi Das :

মন্ত্রিমহাশয় বলবেন কি যে, যে সব বস্তি উচ্ছেদ করা হয়েছে তার মধ্যে কিছু লোক ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের ঘরে আশ্রয় পেয়েছেন, বাকী লোক কোথায় আশ্রয় পেয়েছেন জানেন না—সহরে আমরা দেখছি পথে অধিবাসীদের সংখ্যা বাড়ছে, এর মধ্যে কত লোক ফুটপাথে অবস্থান করছে, এ রকম কোন খবর আপনাদের জানা আছে কিনা?

Shri Khagendra Nath Das Gupta :

না।

Shri Sanat Kumar Raha :

মন্ত্রিমহাশয় জানাবেন কি সরকারের নির্মিত যে টেনামেণ্টগুলি তৈরী হয়েছে তার ভাড়া কি এবং বস্তিবাসীরা তা দিতে পারে না কেন, কি পরিমাণ ভাড়া লাগে সরকারের বাড়ীতে?

Shri Khagendra Nath Das Gupta :

আমি একটু আগেই বলেছি যে আমাদের খরচ গিয়ে পড়ে ২১ টাকার মত। তাছাড়া সার্ভিসের জন্য ২।১ টাকা বেশী লাগতে পারে। আমরা একবার একটা হিসাব করেছিলাম, তাতে দেখেছি যে বস্তিতে যারা বাস করেন তারা ১৫ টাকা পর্যন্ত দিতে পারেন।

Shri Kashi Kanta Maitra :

আমি জিজ্ঞাসা করছি এটা কি সত্য যে এই বস্তি উন্নয়ন বা উচ্ছেদ করে সেখানে নতুন টেনামেণ্ট তৈরী করার ব্যাপারে কোলকাতা পৌরসংস্থাকে প্রায় এক কোটি টাকা কেন্দ্রীয় সরকার পাঠিয়েছিলেন এবং সেই টাকাটা আজও পর্যন্ত অব্যবহৃত হয়ে রয়েছে—এ সম্পর্কে কোন সংবাদ আছে কিনা রাজ্য সরকারের?

Shri Khagendra Nath Das Gupta :

না।

Lands for the Salt producing Centre at Ramnagore

***233.** (Admitted question No. *1279.) **Shri Sudhir Chandra Das :**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামনগর থানায় লবণক্ষেত্রের জন্য যে জমি রক্ষিত ছিল তাহা বন্দোবস্ত দিবার ব্যবস্থা হইতেছে ;

(খ) উত্তর যদি "হাঁ" হয়, তাহা হইলে ঐ জমি বন্দোবস্ত লইবার জন্য কত দরখাস্ত পাওয়া গিয়াছে ;

(গ) বন্দোবস্ত দেওয়া কাজ কবে শেষ হইবে ;

(ঘ) বন্দোবস্ত দেওয়ার শর্ত কি ; এবং

(ঙ) বন্দোবস্ত দেওয়ার উপযোগী জমির বর্তমান পরিমাণ কত ?

Shri Syamadas Bhattacharyya :

(ক) হাঁ।

(খ) ৪৫।

(গ) আশা করা যায় এই বৎসরের মধ্যে।

(ঘ) শর্তাদি এখনও নির্ধারণ করা হয় নাই।

(ঙ) আনুমানিক ৫ হাজার একর।

Shri Sudhir Chandra Das :

মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে দরখাস্তের কথা বলেছেন, ব্যক্তিগত কত অথবা প্রাইভেট কোন সমিতি অথবা অন্যান্য কোন কোং ইত্যাদি কত ?

Shri Syamadas Bhattacharyya :

আমি সঠিক হিসাব দিতে পারবো না, তবে বেশীরভাগই ব্যক্তিগত।

Shri Balai Lal Das Mahapatra :

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই জমিগুলির মধ্যে চাষাবাদের জমি আছে কিনা ?

Shri Syamadas Bhattacharyya :

না, আমার তো তা মনে হয় না।

Shri Sudhir Chandra Das :

এই যে ৫ হাজার একর জমি আছে আপনাদের হাতে এখন সেটা বন্দোবস্ত দেয়ার কথা চিন্তা করা হচ্ছে বলে আপনি প্রকাশ করলেন যে বিবেচনা করছেন—এটা ধানচাষ করার জন্য না মাছ চাষ করার জন্য। না নুন চাষ করার জন্য দেয়া হবে। এ সম্পর্কে কি কিছু স্থির করেছেন ?

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় সদস্য প্রশ্ন করেছেন যে লবণ ক্ষেত্রের জন্য যে জমি রক্ষিত ছিল তাহা বন্দোবস্ত দেবার ব্যবস্থা হইতেছে কিনা—লবণ প্রস্তুত করবার জন্য বন্দোবস্ত দেবার প্রস্তাব করা হচ্ছে।

[1-10—1-20 p.m.]

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে ৫ হাজার একর জমি বন্দোবস্ত দেওয়ার চেষ্টা করছেন এই ৫ হাজার একর জমির মধ্যে সমস্ত জমি কি সরকারী জমি, না, সেখানে বেসরকারী জমি আছে?

Shri Syamadas Bhattacharyya :

বেসরকারী জমিও আছে।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কতখানি গ্রামের উপর আপনারা দখল নেওয়ার জন্য নোটিশ জারি করেছেন?

Shri Syamadas Bhattacharyya :

এই ৫ হাজার একর মোটামুটি জমির বন্দোবস্ত দেওয়া হবে। তার কতটুকু জমি সরকারে ন্যাস্ত জমি সরকারের আগে থেকে পাওয়া জমি, আর কতটুকু জমি ব্যক্তিগত মালিকানার মধ্যে আছে।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে মান্দারবনিতে যে জমিগুলি নেওয়া হচ্ছে সেখানে দীর্ঘদিন যাবত ঘরবাড়ী আছে তারা আবাদ করছে, সেগুলি আপনার দখলের মধ্যে পড়েছে কিনা?

Shri Syamadas Bhattacharyya :

ওটা আমার জানা নেই।

Shri Balai Lal Das Mahapatra :

যে জমিতে ঘরবাড়ী আছে, যে জমিতে আবাদ হচ্ছে সেই সমস্ত জমি নেওয়া হচ্ছে বলে সেই অঞ্চল থেকে আপনি কি কোন দরখাস্ত পেয়েছেন?

Shri Syamadas Bhattacharyya :

ঘরবাড়ী নিয়ে আমরা লবণ প্রস্তুতির জন্য বন্দোবস্ত দেব না। তবে এমন অনেক জায় আছে যে জমি পড়ে আছে বা যে জমিতে নামমাত্র চাষাবাদ হয় ভাল চাষ হয় না কিন্তু সেই সমস্ত জমি লবণ প্রস্তুতির জন্য উপযুক্ত জমি এই সমস্ত জমি লবণ প্রস্তুতির জন্য বিলি ব্যবস্থা করা হবে।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে সমস্ত বেসরকারী জমি দখল করছেন যাদের জমি ছিল তাদের প্রথমে বন্দোবস্ত দেওয়ার জন্য অগ্রাধিকার দেবেন এই রকম পরিকল্পনা আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya :

লবণ প্রস্তত করবার জন্য উপযুক্ত ব্যক্তি বিবেচনা করলে তাকে দেওয়া হবে।

Shri Sudhir Chandra Das :

দীর্ঘদিন এই লবণ ক্ষেত্রে ৫ হাজার একর জমি পড়ে আছে। এটা বিলি করার জন্য বিলম্ব কেন হচ্ছে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Shri Syamadas Bhattacharyya :

সেটা আমি এখনই বলতে পারছি না।

Shri Balai Lal Das Mahapatra :

আপনারা যে জমি বন্দোবস্ত দেবেন সেটা কোন ব্যক্তিবিশেষকে দেবেন না কোন সমিতিকে দেবেন এবং কত পরিমাণ জমি ইকনমিক হবে?

Shri Syamadas Bhattacharyya :

এ সম্বন্ধে আসল কথা হচ্ছে শিল্প বিভাগ এ সম্পর্কে যাবতীয় শর্তাদি চুড়ান্তভাবে নির্ণয় করবেন। এই প্রশ্ন আমাকে করা হয়েছে বটে কিন্তু আসলে কি শর্তে বিলি করা হবে কাকে দেওয়া হবে কাকে দেওয়া হবে না কাকে লবণ প্রস্তুত করবার জন্য উপযুক্ত ব্যক্তি বলে গণ্য করা হবে এই সমস্ত শিল্প বিভাগের সঙ্গে পরামর্শ করবার পর স্থির করা হবে।

Shri Sailendra Nath Adhikary :

স্যার, আমার একটা কোয়েশ্চেন আছে সেটা হচ্ছে নুন খেয়ে কার গুণ গাইবেন আপনারা?

Shri Syamadas Bhattacharyya :

আপনাদের।

Non-placing of replies to questions on the Library Table

Shri Anadi Das :

স্যার, মাত্র একটা কোয়েশ্চেনের উত্তর টেবিলে দেওয়া আছে, বাকি উত্তর টেবিলে দেওয়া নেই আমি দুই মিনিট আগে পর্যন্ত খবর জানি টেবিলে দেওয়া হয়নি। এই রকম ঘটনার প্রতি আর একবার দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল, তখন আপনি বলেছিলেন 'ওটা যেন দেওয়া হয়। কিন্তু আজও দেখা যাচ্ছে দেওয়া হয়নি।

Shri Birendra Narayan Ray :

স্যার, যদি এইভাবে চলে তাহলে আপনার মর্যাদাই বা কি রইল আর সভার মর্যাদাই বা কি রইল?

Mr. Speaker : I am again asking the Hon'ble Ministers to see that the replies are placed on the Library Table in time.

Shri Birendra Narayan Ray :

এই নিয়ে আগে ১০।১২ বার রিকোয়েস্ট করেছেন 'ওরা মানেন নি।

Mr. Speaker : Certainly they will do it. Of course, the human limitations are there. But I am not giving them any relaxation as regards non-compliance with my direction. I have myself commented upon it in the past.

Shri Birendra Narayan Ray :

আমার মনে হচ্ছে উইলফুল নেগলিজিয়েন্স 'ওঁদের পক্ষে আছে।

Mr. Speaker :

আপনারা সাপ্লিমেণ্টারী করুন আর না করুন যেটা প্লেস করা নিয়ম সেটা যাতে করা হয় তার জন্য আমি ওঁদের বলেছি।

Government vested lands

***234.** (Admitted question No. *1299.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সালে ও ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত সরকারে ন্যস্ত ও সরকারের দখলী জমির পরিমাণ কত; এবং

(খ) এই দখলী জমির কত পরিমাণ জমি কতজনকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং কতদিনের জন্য বন্দোবস্ত দেওয়া হয়?

Shri Syamadas Bhattacharyya:

এই প্রশ্নের উত্তরে বিভিন্ন জেলা থেকে তথ্য সংগ্রহ করবার কথা আছে। এখনো সম্পূর্ণ তথ্য পাওয়া যায় নি। সুতরাং উত্তর দেবার জন্য আরো কয়েকদিন সময় চাই।

Shri Sailendra Nath Adhikary:

মি: স্পীকার স্যার, আমরা আড়াই বছর, তিন বছরের মধ্যে দেখলাম—অনেক ক্ষেত্রে মন্ত্রিমহাশয়রা সাফিসিয়েণ্ট সময় পাওয়া সত্ত্বেও উত্তর দেন নাই, অথচ তাঁরা আবার টাইম চান। এই ধরণের কথা প্রত্যেকদিন শুনতে হচ্ছে।

Mr. Speaker:

মি: অধিকারী, আজকের এই কোশ্চেনটার উত্তর দিতে গেলে হোল অফ ওয়েস্ট বেঙ্গল-এর স্ট্যাটিসটিকস দরকার এবং ডিফারেণ্ট ডিস্ট্রিক্টস থেকে ঘুরে ঘুরে পারটিকুলারস আনতে হবে। তার জন্য সময় বেশী লাগবে। কাজেই there is nothing wrong in answering the question on the rotational day.

Shri Anadi Das:

এই সম্পর্কে আপনি যা বলছেন তা মানি। কিন্তু এই সম্পর্কে মন্ত্রিমহাশয়ের কারেণ্ট খবর থাকবে না—জমি দখল করে বিলি করছেন না এটা ঠিক কথা হচ্ছে না। হাউসে একথা বহুবার উঠেছে।

Shri Sanat Kumar Raha:

এই সম্পর্কে কাট মোশন নেবার আগে আমি মন্ত্রিমহাশয়কে বলব এই সংবাদ যদি পান, তা যেন আমাদের সরবরাহ করেন।

Majerhat Bridge

***235.** (Admitted question No. *1321.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether it is a fact that since the inauguration of the Majerhat Bridge at Calcutta by the Chief Minister, all construction work has so far remained suspended; and

(b) if so, the reasons thereof?

Shri Khagendra Nath Das Gupta: (a) No.

(b) Does not arise.

Shri Narayan Choubey :
এই যে 'না' বললেন, তাহলে কাজটা কি চলছে ওখানে?

Shri Khagendra Nath Das Gupta :
কাজটা কমপ্লিট হয়ে গেছে। কনসট্রাকশন কমপ্লিট হয়েছে বলেই তো সেদিন মাজেরহাট ব্রীজ আমাদের চীফ মিনিস্টার ওপেন করে এসেছেন।

Shri Gopal Banerjee :
ওখানে যে রাস্তাটা চওড়া করবার কথা ছিল, সে সম্পর্কে কি হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta :
এটা ব্রীজের ব্যাপার, রাস্তা চওড়ার কিছু নয়।

Sluice gates in the ex-zamindari khals of Mayna and Pingla police-stations

***236.** (Admitted question No. *985.) **Shri Ananga Mohan Das :**
ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ময়না ও পিংলা থানার পূর্বতন জমিদারগণের দখলী কোন্ কোন্ খালের মুখে নদীতে পড়ার পূর্বে কোন স্লুইস নাই; এবং

(খ) অবগত থাকিলে, ঐগুলির মধ্যে কোন্ কোন্‌টির মুখে স্লুইস অবিলম্বে প্রস্তুত করার পরিকল্পনা আছে?

Shri Syamadas Bhattacharyya :
মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে তথ্য আমার কাছে আসে নাই। সেইজন্য আমি সময় চাচ্ছি।

Mr. Speaker : You must tell your department, Mr. Bhattacharya, to send the answers in time.

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Hostel for Police Officers in Kossipur, Calcutta

404. (Admitted question No. 634.) **Shri Kashi Kanta Maitra :**
স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কলিকাতায় কাশীপুরে গঙ্গার ধারে পুলিশ অফিসারদের অবস্থানের জন্য একটি বিরাট হোস্টেল নির্মিত হয়েছে;

(খ) সত্য হইলে, মোট কত টাকা ব্যয়ে এই বাড়ি নির্মিত হইয়াছে; এবং

(গ) এই হোস্টেলের আসবাবপত্র বাবদ কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) না।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

Number of accidents involving Motor Vehicles, etc.

405. (Admitted question No. 652.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসর এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত মোটর চালিত যানের দুর্ঘটনায় কতজন (১) আহত, এবং (২) নিহত হইয়াছে;

(খ) উক্ত দুর্ঘটনার কয়টির জন্য স্টেট ট্রান্সপোর্টের গাড়ি দায়ী;

(গ) উক্ত দুর্ঘটনাগুলির কয়টির কেস চলিতেছে, এবং কয়টি কেসে অভিযুক্তরা খালাস পাইয়াছে;

(ঘ) স্টেট ট্রান্সপোর্টের ধাক্কায় আহতদের এবং নিহত ব্যক্তিদের ওয়ারিশগণকে কোনও ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কি; এবং

(ঙ) দেওয়া হইয়া থাকিলে, কোন্‌জনকে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Home (Transport):

(ক) কলিকাতা নগরপালের এলাকাধীন অঞ্চলে গত তিন বৎসর মোটর চালিত যানের দুর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা নিম্নে প্রদর্শিত হইল:—

বৎসর	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১৯৬২	৪,৩৭৫	২৭৫
১৯৬৩	৪,৫৯০	২৩৬
১৯৬৪	৪,৮২৭	২৫৮
১৯৬৫ (জানুয়ারী মাস পর্যন্ত)	৩৭৫	১৪

(খ) (ক) উত্তরে বর্ণিত দুর্ঘটনায় আহত ও নিহতদের মধ্যে কেবলমাত্র কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের গাড়ির দুর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা নিম্নে প্রদর্শিত হইল:—

বৎসর	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১৯৬২	৭০১	৮৩
১৯৬৩	৭৫৮	৭৪
১৯৬৪	৫৬৯	৭৩
১৯৬৫ (জানুয়ারী মাস পর্যন্ত)	৪৭	২

(গ) (১) ১৯৬২ সালে ৫০৬টি কেস ফাইল হইয়াছে, তন্মধ্যে ১২৬টি কেস চলিতেছে এবং ৩১টি কেসে অভিযুক্তরা খালাস পাইয়াছে।

(২) ১৯৬৩ সালে ৫৩১টি কেস ফাইল হইয়াছে, তন্মধ্যে ১৫০টি কেস চলিতেছে এবং ২টি কেসে অভিযুক্তরা খালাস পাইয়াছে।

(গ) ১৯৬৪ সালের হিসাব প্রস্তুত হয় নাই।

(ঘ) হ্যাঁ।

(ঙ)

বৎসর			আহতের সংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ	নিহতের সংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ
				টা প		টাকা
১৯৬২	..	..	২৮	৮,৬৩৯ ৮১	১৮	৩৯.০৪২
১৯৬৩	..	..	২৮	৪,৬৮৭.৫৮	৭	১২,৭৮৪
১৯৬৪	..	..	৫	৫,৫৪০.৯৭	২	৫,৫০০

Co-operative Societies in Murshidabad district

406. (Admitted question No. 943.) **Shri Sanat Kumar Raha:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১এ জুলাই, ১৯৬৪ পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় যে ৬৯২টি সমবায় সমিতি উঠিয়া যায়, তাহার জন্য সরকার হইতে মোট কত টাকা দেওয়া হয় এবং উক্ত টাকার কত অংশ সরকার পুনরুদ্ধার করেন; এবং

(খ) কেন এতগুলি সমবায় সমিতি বন্ধ হইয়া গেল তাহার সম্পর্কে সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা?

The Minister for Co-operation:

(ক) ১৯৬৪ সালের ৩১এ জুলাই পর্যন্ত মুর্শিদাবাদ জেলার যে ৬৯২টি সমবায় সমিতিকে অ-কার্যকরী বলিয়া উল্লেখ করা হইয়াছিল, তাহাদের মধ্যে মাত্র ৬টি সমিতিকে ৫৪,২৫০ টাকা সরকার হইতে দেওয়া হইয়াছিল। তন্মধ্যে ৩৩,২০০ টাকা আদায় করা হইয়াছে; এর বাকী টাকা আদায়ের জন্য চেষ্টা চলিতেছে।

(খ) বিভিন্নভাবে তদন্ত ও তথ্য সংগ্রহ করিয়াই অ-কার্যকরী সমিতিগুলিকে উঠাইয়া দেওয়া হয় এবং উঠাইয়া দিবার কারণ ক্ষেত্র অনুসারে বিভিন্ন হইয়া থাকে।

Tank Improvement Loans in Moyna Development Block, Midnapore

407. (Admitted question No. 997.) **Shri Ananga Mohan Das:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না উন্নয়ন ব্লকে গত ১৯৬৩-৬৪ সালে কোন্ কোন্ গ্রামে কোন্ কোন্ ব্যক্তিকে পুষ্করিণী সংস্কারের জন্য কত টাকা লোন দেওয়া হইয়াছে;

(খ) এ সকল ঋণদাতার প্রত্যেকে শর্তমত কার্য করিয়াছেন কি;

(গ) যাঁহারা কার্য করেন নাই এখনও করেন নাই, তাহাদের সংখ্যা কত এবং এ বিষয়ে তাহাদের সম্বন্ধে কি ব্যবস্থা লওয়া হইবে, এবং

(ঘ) পুষ্করিণী সংস্কারের ফলে প্রত্যেক ক্ষেত্রে কত জমি কিভাবে উপকৃত হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি বিবৃতি এতৎসহ উপস্থাপিত করা হইল

Name of the cultivation to whom the loan has been advanced. (1)	Address. (Village.) (2)	Amount of loan advanced. (3) Rs.	Whether work has been done according to terms and condition. (4)	How many failed and what action taken. (5)	Acreage benefited. (6)	Nature of benefit. (7)
1. Shri KedarNath Roy	Dakshin Harakuli	200	Yes	None failed	0·42	Increased yield of Jute crops and vegetables 3 mds. per acre due to irrigation.
2. Shri Dharani Bh. Das	Chongra	200	Do.	Do.	2·17	Ditto.
3. Shri Sateswar Maity	Uttampur	200	Do.	Do.	1·15	Ditto.
4. Shri Kanai L. Maity	Rasikpur	200	Do.	Do.	2·33	Ditto.
5. Shri Surendra Nath Das	Paramanadapur	100	Do.	Do.	1·04	Ditto.
6. Shri Sakti P. Misra	Do.	100	Do.	Do.	1·10	Ditto.
7. Shri Bibhuti B. Jana	Mogra	200	Do.	Do.	1·60	Ditto.
8. Shri Panchanan Maity	Gojina	200	Do.	Do.	1·22	Ditto.
9. Shri Kunja B. Khalua	Bakcha	300	Do.	Do.	3·43	Ditto.
10. Shri Bankim Ch. Maity and Manindra Maity	Asnan	300	Do.	Do.	1·91	Ditto.
11. Shri Gajendra N. Bhowmick	Dakshin Harakuli	400	Do.	Do.	1·26	Ditto.
12. Shri Ra[illegible]ndra Nath Das	Garasafat	200	Do.	Do.	0·44	Ditto.
13. Shri Hemanta Mondal	P. D. Moyna	200	Do.	Do.	1·52	Ditto.
14. Shri Jatindra N. Sahoo	Do.	200	Do.	Do.	2·71	Ditto.
15. Shri Bishnupada Nayak	Do.	200	Do.	Do.	1·90	Ditto.
16. Shri Bishnupada Manna	Harakuli Bhanderchak	200	Do.	Do.	2·17	Ditto.
17. Shri [illegible]ban Ch. Jana	Purba Dobandi	200	Do.	Do.	0·62	Ditto.
18. Shri Atul Kr. Gantait	Banki	300	Do.	Do.	0·93	Ditto.
19. Shri Pramatha Nath Adhikary	P. Dobandi	300	Do.	Do.	1·97	Ditto.

Statement referred to in reply to unstarred question No. 407—contd.

Name of the cultivators to whom the loan has been advanced.	Address. (Village.)	Amount of loan advanced.	Whether work has been done according to terms and condition.	How many failed and what action taken.	Acreage benefited.	Nature of benefit.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)
		Rs.				
20. Shri Kalipada Samanta ..	Chongra .. .	300	Yes ..	None failed ..	2·76	Increased yield of Jute crops and vegetables 3 mds. per acre due to irrigation.
21. Shri Basanta Kr. Kar Gupta	Do. ..	200	Do. ..	Do. ..	1·02	Ditto.
22. Shri Surendra N. Mandal ..	Sirkantha ..	300	Do. ..	Do. ..	2·56	Ditto.
23. Shri Jatindra Nath Pal and 3 others	Projabar	400	Do. ..	Do. ..	1·48	Ditto.
24. Shri Sanatan Jana	Do. .	300	Do. ..	Do. ..	1·81	Ditto.
25. Shri Aditya Manna	Srikantha ..	200	Do. ..	Do. ..	1·17	Ditto.
26. Shri Amulya Ch. Bar ..	Bishnumisrachak .	250	Do. ..	Do. ..	3·39	Ditto.
27. Shri Jogendra N. Samanta .	Nischintachak ..	250	Do. ..	Do. ..	2·09	Ditto.
28. Shri Dhirendra N. Hatai ..	Radhaballavchak .	250	Do. ..	Do. ..	2·46	Ditto.
29. Shri Matilal Majhi .	Rasikpur . .	300	Do. ..	Do. ..	2·92	Ditto.
30. Shri Nityananda Das ..	Mudibar .. .	250	Do. .	Do. .	1·72	Ditto.
31. Shri Bhusan Ch. Das ..	Harduachak ..	250	Do. ..	Do. ..	0·78	Ditto.
32. Shri Nityananda Bera and others	Paramandapur ..	250	Do. ..	Do. ..	0·87	Ditto.
33. Shri Sripati Ch. Samanta ..	Chongrachak ..	250	Do. ..	Do. ..	0·43	Ditto.
34. Shri Radhagobinda Maity ..	Paramanandapur ..	250	Do. ..	Do. ..	0·56	Ditto.
35. Shri Surendra N. Mandal and 3 others	Charandaschak ..	200	Do. ..	Do. ..	0·41	Ditto.
36. Shri Surendra Nath Kar .	Paramanandapur ..	250	Do. ..	Do. ..	0·36	Ditto.
37. Shri Khudo Ch. Bera	Do. Chaongrachak	400	Do.	Do. .	2·15	Ditto.

38.	Shri Kalipada Samanta	Sudampur	300	Do.	Do.	1·15	Ditto.
39.	Shri Sasonka S. Bera	D. Chongrachal.	300	Do.	Do.	2·84	Ditto.
40.	Shri Pashupati Mandal	Mogra	350	Do.	Do.	2·00	Ditto.
41.	Shri Ashutosh Maity	Kiarana	250	Do.	Do.	0·73	Ditto.
42.	Shri Priya Nath Jana	Kalagechia	250	Do.	Do.	1·48	Ditto.
43.	Shri Rash Behari Patra	Kiarana	200	Do.	Do.	1·28	Ditto.
44.	Shri Krishna Pr. Maity	Do.	200	Do.	Do.	0·99	Ditto.
45.	Shri Khananjoy Samanta and others	Kripanandapur	200	Do.	Do.	1·24	Ditto.
46.	Shri Pelaram Maity	Kalagechia	200	Do.	Do.	1·46	Ditto.
47.	Shri Satish Ch. Dhara	Baruna	300	Do.	Do.	2·35	Ditto.
48.	Shri Prasupati Misra	Arangkiarana	250	Do.	Do.	0·45	Ditto.
49.	Shri Debendra N. Das	Bakcha	250	Do.	Do.	0·79	Ditto.
50.	Shri Sashi Bh. Bhanja	Do.	250	Do.	Do.	1·01	Ditto.
51.	Shri Chitta Ranjan Tati	Do.	250	Do.	Do.	1·01	Ditto.
52.	Shri Ramesh Ch. Samanta	Kalidadanri	500	Do.	Do.	1·76	Ditto.
53.	Shri Narendra N. Bhim	Ballavpur	200	Do.	Do.	1·18	Ditto.
54.	Shri Dhirendra N. Jana	Narikelda	200	Do.	Do.	0·99	Ditto.
55.	Shri Ardhendu S. Das	Asnan	200	Do.	Do.	1·54	Ditto.
56.	Shri Rohini R. Das	Narikelda	200	Do.	Do.	1·19	Ditto.
57.	Shri Nabendu S. Das	Asnan	200	Do.	Do.	1·27	Ditto.

(খ) সম্ভবত ঋণগ্রহীতার সম্পর্কে বলা হইয়াছে। উপরি-উক্ত বিবৃতিতে বাঞ্ছিত তথ্য সন্নিবেশিত করা হইয়াছে।

(গ) ও (ঘ) উপরি-উক্ত বিবৃতিতে তথ্য সন্নিবেশিত করা হইয়াছে।

Patashpur-Bhagawanpur Road, Midnapore

408. (Admitted question No. 999.) **Shri Radhanath Das Adhikary :**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পটাশপুর-ভগবানপুর রাস্তা (মেদিনীপুর জেলা) নির্মাণের কাজ কোন্ বৎসর আরম্ভ করা হইয়াছিল ;

(খ) বর্তমান সময় পর্যন্ত নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(গ) কতদিনে উহার নির্মাণকার্য সম্পূর্ণ হইবে ?

The Minister for Public Works (Roads) :

(ক) ১৯৫৭ সালের শেষ দিকে।

(খ) রাস্তাটির যে সকল অংশে ভূমির দখল পাওয়া গিয়াছে, সেই সকল অংশে মাটির কাজ সম্পূর্ণ হইয়াছে। এ ছাড়া মাল-মশলা সংগ্রহের কাজও সম্পূর্ণ হইয়াছে এবং রাস্তাটির পূর্বোক্ত অংশে অন্যান্য কার্য চলিতেছে।

(গ) যে অংশের ভূমি দখল পাওয়া গিয়াছে, সেই অংশের নির্মাণকার্য ১৯৬৬ সালের মার্চ মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়। বাকী অংশের কাজ ভূমি দখল পাওয়া যাইবার পর এক বৎসরের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Roads sanctioned for Tufanganj subdivision

409. (Admitted question No. 1022.) **Shri Jiban Krishna Dey :**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনায় তুফানগঞ্জ মহকুমায় মঞ্জুরীকৃত সড়কসমূহের নাম কি ;

(খ) উক্ত রাস্তাগুলির কাজ আরম্ভ হইয়াছে কিনা ; এবং

(গ) আরম্ভ না হইয়া থাকিলে, কত দিনের মধ্যে কাজ আরম্ভ হইবে ?

The Minister for Public Works (Roads):

(ক) তুফানগঞ্জ মহকুমায় তৃতীয় পরিকল্পনার নিম্নলিখিত রাস্তাসমূহ গৃহীত হইয়াছে :-

(১) তুফানগঞ্জ—বলাভূত রাস্তা।

(২) তুফানগঞ্জ—ধলপল রাস্তা।

(৩) বক্সিরহাট—জোড়াই রাস্তা।

(৪) দেওয়ানহাট—বলরামপুর রাস্তা (আংশিক)।

(খ) হ্যাঁ।

(গ) এ প্রশ্ন উঠে না।

Preparation of Master Plans for the development of Municipal towns

410. (Admitted question No. 1031.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) Whether the Government have any proposal for preparing a Master Plan for the planned development of the municipal town;

(b) If so, when this proposal is likely to be implemented; and

(c) What are the places in West Bengal, if any, for which the Government have proposed to prepare Master Plans for development?

The Minister for Development and Planning: (a) Yes, in respect of important Municipal towns.

(b) Master Plan for the following areas is already under preparation—

(i) Greater Calcutta including Municipal towns and Corporations as shown in Annexure I;

(ii) Asansol-Chattaranjan-Durgapur industrial area—including Asansol and Raniganj Municipalities, and

(iii) Siliguri.

(c) Government of India have also been requested for Central assistance for preparation of Master Plan for the following other Municipal towns in West Bengal :—

1. Burdwan.
2. Kharagpur.
3. Midnapur.
4. Krishnagar.
5. Berhampur.
6. Suri.
7. Bolpur-Santiniketan.
8. Bankura.
9. Malda-English Bazar.
10. Jalpaiguri.
11. Raiganj.
12. Darjeeling.

Statement referred to in reply to clause (b) of unstarred question No. 410

ANNEXURE I

List of Municipal Towns and Corporations for which Master Plan is being prepared

1. Kanchrapara
2. Halisahar
3. Naihati
4. Bhatpara
5. Garulia
6. North Barrackpore
7. Barrackpore
8. Tittagarh
9. Khardah
10. Panihati
11. Kamarhati
12. Baranagar
13. North Dum Dum
14. Dum Dum
15. South Dum Dum
16. Barasat
17. Baruipur
18. Rajpur
19. Behala
20. Budge Budge
21. Garden Reach
22. Calcutta Corporation
23. Bansberia
24. Hoogly-Chinsura
25. Chandernagore Corporation
26. Bhadreshwar
27. Champdani
28. Baidyabati
29. Serampore
30. Rishra
31. Konnagar
32. Kotrung
33. Uttarpara
34. Bally
35. Howrah.

Hooghly Mohsin College

411. (Admitted question No. 1054.) **Shri Sambhu Charan Ghosh:**

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি মহসীন কলেজে নবনির্মিত বিজ্ঞান ভবনে পদার্থবিদ্যা এবং রসায়ন বিভাগ চালু করা হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহার কারণ কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) এ প্রশ্ন উঠে না।

Government advertisements in Newspapers

412. (Admitted question No. 1118.) **Shri Monoranjan Hazra:**

স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা এবং পশ্চিমবঙ্গের কোন্ কোন্ দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, দ্বিমাসিক ও ত্রৈমাসিক সংবাদপত্র এবং পত্র পত্রিকাগুলিতে ১৯৬৩-৬৪ সালে সরকারী বিজ্ঞাপন দেওয়া হইয়াছে? ঐ বিজ্ঞাপনের জন্য কোন্‌টিতে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Home (Publicity):

লাইব্রেরি টেবিলে তালিকা পেশ করা হইল।

Berhampore Electricty Supply Co.

413. (Admitted question No. 1143.) **Shri Sanat Kumar Raha:**

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানিকে কোন্ কোন্ এলাকা বিদ্যুতীকরণের জন্য লাইসেন্স দেওয়া হয়;

(খ) এই শহরের গাঁয়ে লাগা এলাকা, যথা—ফরাসডাঙ্গা, দাসনগর, ভাকুড়ি, হরিদাসমাটি, জমিদারি মণীন্দ্রনগর, বাররিঘাট, চগকাজানি, নেয়ালিসপাড়া, সাজদাপুর এলাকায় বিদ্যুৎ সম্প্রসারণের কোন প্রস্তাব আছে কিনা; এবং

(গ) প্রস্তাব থাকিলে কবে কাহার দায়িত্বে সরকারের উদ্যোগে না প্রাইভেট কোম্পানীর চেষ্টায় তাহা কার্যকরী করা হইবে?

The Minister for Commerce and Industries:

(ক) লাইসেন্স অন্তর্ভুক্ত এলাকা সংশ্লিষ্ট তালিকায় দ্রষ্টব্য।

(খ) না।

(গ) এ প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ka) *of unstarred question No.* 413

Area of supply of the Berhampore Electric Supply Company.

The area referred to in the license granted to the Berhampore Electric Supply Co. and within which the supply of energy is authorised by the license is the whole of the area bounded as follows :

North—by the corner of Bhatpara village along the Katiganga up to Maharaja Kasimbazar's Bejoyaghat, thence by whole of the Bejoyaghat road, then by a line westward keeping the Synat Kuti Sibpookar, Patharbati and the Dutch cemetary on its south up to the junction of Kashimbazar station road and the Chandbagan road. Then westward by the Kalkapore road up to Naffar Babu's temple. Then northwards by the Armenian Girja road up to the Kunjaghata Rajbari. Then by a line keeping the Berhampore water works on its west up to the Curzon bridge. Then by a line due westward up to the western bank of the river Bhagirathi.

East—by the District Board Panchanantala road and District Board Karbola road up to the Curzon dispensary, then by the road leading to the village Bhatpara.

South—by the village Haridasmati, thence northwards by the Public Works Department embankment up to the Zamindary road, thence eastwards by the Zamindary road up to the Chaltia beel. Then northwards by the Ukilabed Kacha road and eastward by the District Board Chooapore road.

West—by the western bank of the river Bhagirathi, the boundaries where are delineated by a red line in the deposited map. The licensee shall have powr to lay supply lines up to Banjetia Garden House, a place outside the area of supply.

Bengali as Official Language

414. (Admitted question No. 1146.) **Shri Sanat Kumar Raha :**

স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলা ভাষাকে সরকারী কার্যে চালু করার জন্য আগামী ১৯৬৫-৬৬ মধ্যে কি কি কার্যকরী পন্থা গ্রহণ করিবার ব্যবস্থা করিয়াছেন ; এবং

(খ) ১৯৬৪ সালে বাংলা ভাষাকে সরকারী কার্যে চালু করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন ?

The Minister for Home (Publicity) :

(ক) (১) সরকারী কার্যে বাংলা ভাষা ব্যবহার বৃদ্ধি করিবার জন্য, যথা—প্রতিটি দপ্তরে বাংলা টাইপরাইটার ক্রয়, বাংলা টাইপিস্ট নিয়োগ, পরিভাষা প্রণয়ন ও বিতরণ, সরকারী কার্যে বাংলা ভাষা অধিকতর প্রচলন প্রভৃতি প্রচেষ্টা অব্যাহত রাখা এবং আরও বৃদ্ধি করা হইবে।

(২) বিধানমণ্ডলীতে সম্ভাব্য ক্ষেত্রে বাংলা ভাষায় বিল প্রভৃতি উত্থাপিত করা হইবে এবং যেসকল বিল ইংরাজীতে উপস্থাপিত করা হইবে তাহার বাংলায় অনুবাদ করার চেষ্টা চলিবে।

(৩) ৮-১-৬৫ তারিখের ১৩৭নং পাব সরকারী বিজ্ঞপ্তির দ্বারা ১৯৬৫ সালের ২৬এ জানুয়ারি তারিখ হইতে বাংলা ভাষাকে সরকারী কাজে ব্যবহার করার নির্দেশ দেওয়া হইয়াছে এবং কার্যকরী করা হইতেছে।

(৪) ইংরাজী লঘুলিপিকগণ যাহাতে বাংলায় সঙ্কেতলিখন শিক্ষা করিতে সচেষ্ট হন, সে বিষয়ে নানাপ্রকার প্রস্তাব বিবেচনা করা হইতেছে বা হইবে।

(খ) (১) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্তবক পরিভাষা পুনর্মুদ্রিত করিয়া বিভিন্ন সরকারী দপ্তরে ১,০০০ সংখ্যক বিতরণ করা হইয়াছিল। পরিভাষার চতুর্থ ও পঞ্চম স্তবক মুদ্রিত হইতেছে।

(২) বাংলা ভাষায় বিল অনুবাদ করার জন্য বিধানবিভাগের অধীনে একজন বাংলা অনুবাদক নিযুক্ত করা হইয়াছে।

(৩) মুখ্যসচিব তাঁহার ২৪-১২-৬৮ তারিখের ৭২৩৮(১০৮)নং পরিপত্রের দ্বারা সকল বিভাগকে সরকারী কার্যে যতদূর সম্ভব বাংলা ভাষা ব্যবহার করার জন্য নির্দেশ দিয়াছেন।

(৪) ইংরাজী টাইপিস্টগণকে বাংলায় সঙ্কেত লিখন শিক্ষা দেওয়ার জন্য গত ১-৯-৬৪ তারিখ হইতে রাইটার্স বিল্ডিংস-এ একটি ট্রেনিং ক্লাস খোলা হইয়াছে।

(৫) ইংরাজী লঘুলিপিকগণকে বাংলায় সঙ্কেতলিখন শিক্ষা দেওয়ার জন্য রাইটার্স বিল্ডিংস-এ ও গোয়েঙ্কা কমার্স কলেজে দুইটি ট্রেনিং ক্লাস পরিচালনা করা হইয়াছে।

(৬) ইংরাজী লঘুলিপিকগণের বাংলায় সঙ্কেতলিখনে যোগ্যতা অর্জনের জন্য বোনাসের হার মাসিক ২৫ টাকা হইতে ৪০ টাকা করা হইয়াছে।

(৭) বাংলা টাইপরাইটারের একটি উপযুক্ত 'কী-বোর্ড' নির্বাচন করা হইয়াছে এবং রেমিংটন র‍্যাণ্ড কোম্পানীকে উহার একটি প্রোটোটাইপ মডেল তৈয়ারি করিতে দেওয়া হইয়াছে।

Manindranagar (Rural) Colony, Murshidabad

415. (Admitted question No. 1151.) **Shri Sanat Kumar Raha:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার মণীন্দ্রনগর অঞ্চলে উদ্বাস্তু কলোনীতে কত উদ্বাস্তু বসবাস করে; এবং

(খ) এই সকল উদ্বাস্তুকে পুনর্বাসনের জন্য কি কি সাহায্য দেওয়া হইয়াছে?

The Minister for Rufugee Relief and Rehabilitation:

(ক) মণীন্দ্রনগর (রুরাল) কলোনীতে ১,২০০ পরিবার বা আনুমানিক ৫,০০০ উদ্বাস্তু বসবাস করে। ইহা ব্যতীত এতদঞ্চলে সরকারী চেষ্টায় দুইটি এবং বেসরকারী চেষ্টায় সাতটি (মণীন্দ্রনগর বাদে) উদ্বাস্তু কলোনিতে মোট ১,৬০৯টি পরিবার বসতি স্থাপন করিয়াছে।

(খ) 'রুরাল' কলোনিতে বসবাসকারী উদ্বাস্তুগণকে গৃহনির্মাণ ও কৃষি বা ক্ষুদ্র ব্যবসায় ঋণ এবং 'আরবান' কলোনির উদ্বাস্তুগণকে গৃহনির্মাণ ও ক্ষুদ্র ব্যবসায় ঋণ দেওয়া হইয়াছে। পানীয় জলের ব্যবস্থা হিসাবে কলোনিগুলিতে মোট ৪০টি নলকূপও বসানো হইয়াছে।

Reconstitution of Anchal Panchayats in Bagda and Gaighata Police Stations, Bongaon Subdivision

416. (Admitted question No. 1191.) **Shri Girija Bhusan Mukherji:**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগ্রাম মহকুমায় বাগদা ও গাইঘাটা থানার অঞ্চল পঞ্চায়তগুলির নির্বাচন কোন্ সালে সমাধা হইয়াছে; এবং

(খ) উক্ত পঞ্চায়তগুলির পুনর্নিবার্বাচন কবে হইবে?

The Minister of State for Panchayats:

(ক) বনগ্রাম মহকুমার বাগদা ও গাইঘাটা থানার অন্তর্ভুক্ত গ্রাম ও অঞ্চল পঞ্চায়তগুলির নির্বাচন যথাক্রমে ১৯৬১ সালের জুলাই ও মে মাসে সমাধা হইয়াছে।

(খ) উক্ত পঞ্চায়তগুলির পুনর্নির্বাচনের তারিখ এখনও স্থিরীকৃত হয় নাই।

Laghata-Ganutia portion of Surul-Ganutia Road, Birbhum.

417. (Admitted question No. 1240.) **Dr. Radhanath Chattaraj:**

পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার লাভপুর থানার সুরুল গণুটিয়া রাস্তার লাঘাটা হইতে গণুটিয়া পর্যন্ত রাস্তা পাকা করিবার প্রস্তাব তৃতীয় পরিকল্পনার মধ্যে আছে;

(খ) সত্য হইলে, কতদিনে উক্ত রাস্তার কার্য্য আরম্ভ করা হইবে; এবং

(গ) উক্ত রাস্তার সুরুল হইতে লাঘাটা পর্যন্ত কখন পাকা করা হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৫-৬৬ সালে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) পরবর্তী পরিকল্পনাকালে প্রস্তাবটি বিবেচিত হইবে।

Detection of illicit liquor, opium, etc., in Burdwan district

418. (Admitted question No. 1257.) **Shri Monoranjan Bakshi:**

আবগারি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কোন্ থানার কোন্ গ্রামে গত ১৯৬৪ সালের এপ্রিল মাস হইতে এ পর্যন্ত আবগারি কর্মচারিগণ কাহার নিকট হইতে কত পরিমাণ বেআইনী চোলাই মদ, আফিং ও গাঁজা উদ্ধার করিয়াছেন; এবং

(খ) উক্ত ব্যক্তিগণের কাহার কি শাস্তি হইয়াছে?

The Minister for Excise:

(ক) গত ১৯৬৪ সালের এপ্রিল হইতে অক্টোবর মাস পর্যন্ত নিম্নলিখিত সংখ্যক ব্যক্তি চোলাই মদ, আফিং ও গাঁজা বিষয়ক অপরাধে অভিযুক্ত হইয়াছে বলিয়া প্রকাশ:—

চোলাই মদ—২,১১০

আফিং—৬

গাঁজা—১০২

অভিযুক্ত ব্যক্তিদিগের নাম, ঠিকানা ও ইহাদের নিকট হইতে কত পরিমাণ কি কি বেআইনী আবগারি দ্রব্য উদ্ধার হইয়াছিল এ সংবাদ সংগ্রহ করা যথেষ্ট সময়সাপেক্ষ।

(খ) এ সংবাদ সংগ্রহ করা যথেষ্ট সময়সাপেক্ষ।

Distribution of cloth and blanket in Block-2 in Bhagawanpur Police Station, Midnapore.

419. Admitted question No. 1281.) **Shri Sudhir Chandra Das:**

ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর থানার ২নং ব্লকের ১২নং বরোজ অঞ্চল এবং ১৩নং অর্জুননগর অঞ্চলে গত নভেম্বর মাসে কিছু কাপড় ও কম্বল বিতরণের জন্য দেওয়া হইয়াছিল, ইহা কি সত্য; এবং

(খ) উক্ত 'হ্যাঁ' হইলে, কম্বল ও কাপড়ের সংখ্যা কত; এবং ঐ থানার অন্য অঞ্চলগুলিতে না দিয়া শুধু ঐ দুইটি অঞ্চল এলাকার বিতরণের কারণ কি?

The Minister for Relief:

(ক) ও (খ) বরোজ ও অর্জুননগর অঞ্চল এলাকায় আর্থিক দিক দিয়া অনুন্নত তপশীলি শ্রেণীভুক্ত ব্যক্তির বাস বেশি, এই বিবেচনায় উক্ত এলাকায় দুঃস্থ ব্যক্তিগণের মধ্যে বিতরণের জন্য অঞ্চলপিছু ২৫ খানা ধুতি, ২৫ খানা শাড়ি, ৫০ খানা পোশাক ও ২৫ খানা কম্বল দেওয়া হইয়াছিল।

Bifurcation of Keshpur Block

420. (Admitted question No. 1290.) **Shri Bankim Chandra Roy:**

গত ২০-৮-৬৪ তারিখে প্রদত্ত অ-তারকিত প্রশ্ন নং ৪০৯ (এ্যাডমিটেড প্রশ্ন নং ১০৪০) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত কেশপুর ব্লকটিকে দ্বিখণ্ডিত করা হইয়াছে কিনা;

(খ) দ্বিখণ্ডিত করা হইয়া থাকিলে কিভাবে করা হইয়াছে; এবং

(গ) কত দিনে উহা চালু করা হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) কেশপুর ব্লকটিকে দ্বিখণ্ডিত করিবার প্রস্তাব সরকার গ্রহণ করিয়াছেন। ব্লকটি এখনও দ্বিখণ্ডিত হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Construction of Bridge over Mahananda river near Malda Town

421. (Admitted question No. 1312.) **Shri Nimai Chand Murmu:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার মহানন্দা নদীর উপর মালদহ শহরের নিকট জাতীয় সড়কের প্রয়োজনে ব্রীজ নির্মাণের কাজ ১৯৬৪ সালে সমাপ্ত না হইবার কারণ কি; এবং

(খ) কত দিনের মধ্যে উক্ত ব্রীজ নির্মাণের কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) সেতুটির একটি ভিত্তিকূপ (ফাউণ্ডেশন ওয়েল) প্রোথিত করার সময় অতিরিক্ত কাত হইয়া গিয়াছে। অন্যান্য কাজ করার আগে এইটি সোজা করা দরকার। নানা চেষ্টা সত্ত্বেও ১৯৬৪ সালের মধ্যে এইটি যতটা সোজা করা দরকার ততটা করা সম্ভব হয় নাই। সেইজন্য এই সেতুর কিছুটা অংশ ১৯৬৪ সালের মধ্যে শেষ করা সম্ভব হয় নাই।

(খ) উপরি-উক্ত কূপটি সোজা করার কাজ ইতিমধ্যে সম্পন্ন হইয়াছে এবং এই সেতুটি এই বৎসর (১৯৬৫) বর্ষাকালের আগেই শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Adibasi Female Education

422. (Admitted question No. 1313.) **Shri Nimai Chand Murmu:**

আদিবাসি-মঙ্গলবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে আদিবাসী নারীশিক্ষার কোন ব্যবস্থা সরকারের আছে কি: এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হাঁ' হয়, তাহা হইলে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় কোন্ কোন্ নারীশিক্ষার ব্যবস্থা করা হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) শিক্ষাবিভাগের সাধারণ সুযোগসুবিধাগুলি ছাড়া বিশেষ কোন ব্যবস্থা নাই।

(খ) এই প্রশ্ন ওঠে না।

Births and deaths of children in Daspur Primary Health Centre, Midnapore

423. (Admitted question No. 1345.) **Shri Nagen Dolai:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাসপুর থানা হাসপাতালে মেটার্নিটি ওয়ার্ডে গত এক বছরে গড়ে প্রতি মাসে কত সংখ্যক শিশু জন্মলাভ করে,

(খ) এর মধ্যে কত জনের মৃত্যু ঘটে, এবং

(গ) এই শিশু মৃত্যু প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Health:

(ক) গত এক বৎসরে গড়ে প্রতিমাসে ৪৯টি শিশু জন্মলাভ করে।

(খ) গড়ে প্রতিমাসে তিনটি শিশুর মৃত্যু হয়।

(গ) দেশ বিভাগের পর হইতে পশ্চিমবঙ্গে শিশুমৃত্যুর হার কমিয়া প্রায় অর্ধেক হইয়াছে,

স্বাস্থ্য কেন্দ্র সংলগ্ন মাতৃ ও শিশুমঙ্গল চিকিৎসাগারে (ক্লিনিক) মাতা ও শিশুরা তাহাদের স্বাস্থ্য রক্ষা সম্বন্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বনের সুযোগ-সুবিধা পাইয়া থাকেন। ঐ ক্লিনিকগুলির সুশিক্ষিতা নার্স ও ধাত্রিগণ গৃহে গৃহে গিয়া প্রাক্‌প্রসব ও প্রসবোত্তরকালীন সাহায্যও করিয়া থাকেন। শিশু জন্মলাভের পর তাহার লালনপালন সম্পর্কিত যথাবিধি উপদেশ তাঁহারা মাতাকে দিয়া থাকেন। শিশু যাহাতে অতর্কিতে নিবার্য ব্যাধি (প্রিভেনটিবল ডিজিজ) দ্বারা আক্রান্ত হইয়া অকালে মৃত্যুমুখে পতিত না হয় সেইজন্য প্রত্যেক শিশুকে টীকা দেওয়ার ব্যবস্থা আছে।

Anchal Panchayats in Moyna Block, Midnapore

424. (Admitted question No. 1377.) **Shri Ananga Mohan Das:**

পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে কয়টি অঞ্চল পঞ্চায়েৎ আছে;

(খ) উক্ত অঞ্চল পঞ্চায়েতগুলির আয়-ব্যয়ের হিসাব কে ও বৎসরে কয়বার অডিট করেন; এবং

(গ) অঞ্চল পঞ্চায়েতের তহবিলের কত টাকা পর্যন্ত অঞ্চল প্রধান হস্তে রাখিতে পারেন?

The Minister of State for Panchayats :

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে মোট ৯টি অঞ্চল পঞ্চায়েৎ আছে।

(খ) পঞ্চায়েৎ সম্প্রসারণ আধিকারিক বৎসরে চারবার গ্রাম ও অঞ্চল পঞ্চায়েতগুলি অি করেন।

(গ) অঞ্চল প্রধান কোন সময়েই অঞ্চল তহবিল হইতে ১০০ টাকার বেশী নিজের কা রাখিতে পারেন না।

Buses and Lorries of N.B.S.T.C.

425. (Admitted question No. 1391.) **Shri Jiban Krishna Dey :**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এন বি এস টি সি-এর অধীনে চালু বাস এবং লরীর সংখ্যা কত ;

(খ) প্রতিষ্ঠানটি কবে থেকে চালু আছে ; এবং

(গ) ১৯৬০ থেকে ১৯৬৪ সাল অবধি কোন্ বছরে কত টাকা মুনাফা হয়েছে ?

The Minister for Home (Transport):

(ক) এন বি এস টি সি-এর অধীনে—

(১) চালু বাসের সংখ্যা—১২৯।

(২) কোন লরী নাই।

(খ) প্রতিষ্ঠানটি ১৫-৪-৬০ তারিখ হইতে চালু হইয়াছে।

(গ) ১৯৬০ থেকে ১৯৬৪ সাল অবধি প্রতি বছরের মুনফার অপরীক্ষিত বিবরণ নিম্নে প্রদর্শিত হইল :—

১৯৬০–৬১	.. ..	৮,৪৮,৫৯১ টাকা
১৯৬১–৬২	.. ..	৪,৫৭,৭৪৫ টাকা
১৯৬২–৬৩	.. ..	৩,৫৪,৮৮১ টাকা
১৯৬৩–৬৪	.. ..	৪,০৮,৩২২ টাকা

ঐ মুনাফার পরিমাণের উপর এন বি এস টি সি-কে আয়কর দিতে হইবে।

Extension of service of I.A.S. and I.C.S. officers

426. (Admitted question No. 1395.) **Shri Jiban Krishna Dey :**

অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকারের অধীনে এক্সটেনসানপ্রাপ্ত আই এ এস এবং আই সি এস কর্মচারীদের নাম ও বয়স কত ;

(খ) একাধিকবার এক্সটেনশনপ্রাপ্ত কেহ আছেন কিনা ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে তাঁহাদের নাম কি ?

The Minister for Home (General Administration):

(ক) (১) শ্রীরঞ্জিৎ গুপ্ত, আই সি এস, মুখ্য সচিব, বয়স ৫৯ বৎসর।

(২) শ্রীসন্তোষকুমার চ্যাটার্জি, আই সি এস, মুখ্যমন্ত্রীর সচিব, বয়স ৬০ বৎসর ৫ মাস। এক্সটেনসানপ্রাপ্ত কোন আই এ এস কর্মচারী নাই।

(খ) হ্যাঁ, আছেন।

(গ) (১) শ্রীরঞ্জিৎ গুপ্ত, আই সি এস।

(২) শ্রীসন্তোষকুমার চ্যাটার্জি, আই সি এস।

Sirishgora-Udalbani Road in Banduan Police-station, Purulia

427. (Admitted question No. 1398.) **Shri Adwaita Mondal:** গত ৪ঠা সেপ্টেম্বর, ১৯৬৪ তারিখে প্রদত্ত ৫৬৩নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১২৮৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালের টেস্ট রিলিফের মাধ্যমে পুরুলিয়া জেলার বান্দোয়ান থানার অন্তর্গত সিরিশগোড়া-উদলবনী রাস্তা নির্মাণের জন্য যে ১০,০০০ কেজি গম খরচ হইয়াছিল বলিয়া উল্লিখিত হইয়াছে, তাহার কাজ কোন প্ল্যান বা এস্টিমেট অনুসারে হইয়াছিল কি;

(খ) এই স্কীমে পেমাষ্টার মোহরার ও ডিলার কে ছিল;

(গ) মোট কতটি দলে কত সংখ্যক শ্রমিক কাজ করিয়াছিল;

(ঘ) কোন্ কোন্ হেডম্যানের নামে টোকেন ইসু করা হইয়াছিল; এবং

(ঙ) কোন অফিসার উক্ত স্কীমের কমপ্লিসন রিপোর্ট দিয়াছিলেন কিনা, এবং দিয়া থাকিলে তাঁহার নাম কি?

The Minister for Relief:

(ক) উল্লিখিত সিরিশগোড়া-উদলবনী রাস্তাটি সহায়ক কর্মের মাধ্যমে নির্মাণের জন্য রীতিনীতি প্ল্যান ও এস্টিমেট অনুমোদন করিবার পর কার্য আরম্ভ করিবার জন্য উক্ত প্রকল্পে যুক্ত ডিলারকে ১০,০০০ কেজি গম আগাম দেওয়া হইয়াছিল, এবং উহাই ১২৮৩নং অ্যাডমিটেড প্রশ্নের উত্তরে উক্ত প্রকল্পের জন্য খরচ বলিয়া উল্লেখ করা হইয়াছিল। কিন্তু ইতিমধ্যে বর্ষাকালীন ধান্য রোপণ আরম্ভ হওয়ায় সমস্ত সহায়ক কর্ম বন্ধ করিয়া দেওয়া হয়, এবং উক্ত গম খয়রাতি খাতে ব্যবহার করা হয়।

(খ) শ্রীঅবনীকান্ত মণ্ডল, শ্রীমানিকিঙ্কর দত্ত এবং শ্রীজগন্নাথ আগরওয়ালা, যথাক্রমে পেমাস্টার, মোহরার ও ডিলার নিযুক্ত হইয়াছিলেন।

(গ) হইতে (ঙ) প্রশ্ন উঠে না।

Banspahari-Belpahari Road in Binpur Police-station, Midnapore

428. (Admitted question No. 1399.) **Shri Adwaita Mondal:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার অধীন বিনপুর থানার অন্তর্গত বাঁশপাহাড়ী হইতে বেলপাহাড়ী পর্যন্ত যে কাঁচা রাস্তাটি মটরগাড়ি যাতায়াতের অযোগ্য অবস্থায় পড়িয়া রহিয়াছে তাহা নির্মাণের জন্য কোন পরিকল্পনা এ পর্যন্ত করা হইয়াছে কিনা ; এবং

(খ) এই রাস্তাটি কতদিনে নির্মিত হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) এখনই সঠিকভাবে বলা কঠিন, আগামী পরিকল্পনায় উহার অগ্রাধিকার প্রাপ্তির উপর বিষয়টি নির্ভর করিবে।

Khadi Works through Test Relief in Kakra Anchal, Midnapore

429. (Admitted question No. 1278.) **Shri Sudhir Chandra Das:**

গত ৯-৯-৬৮ তারিখে প্রদত্ত অ-তারকাচিহ্নিত ৬১১নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১২৭০) প্রশ্নের উল্লেখ করিয়া ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভগবানপুর থানার কাকরা অঞ্চলে টেস্ট রিলিফের মাধ্যমে যে খাদিকার্য চলিয়াছিল তাহাতে কাটুনিগণ প্রত্যেকে কত তা কাটিয়া জমা দিয়াছেন এবং ঐজন্য পারিশ্রমিক বাবত কত টাকা পাইয়াছেন ; এবং

(খ) ঐ কাটুনিগণের নাম ও ঠিকানা কি ?

The Minister for Relief:

(ক) ও (খ) একটি তালিকা লাইব্রেরি টেবিলে উপস্থাপিত হইল।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received two notices of calling attention, one from Shri Bhakti Bhusan Mandal regarding sale of the manuscript of Geetanjali and the other from Shri Sudhir Chandra Das and Shri Balai Lal Das Mahapatra regarding imposition of levy on small husking machines. I have selected the notice of Shri Sudhir Chandra Das and Shri Balai Lal Das Mahapatra on the subject of imposition of levy on small husking machines. The Hon'ble Minister-in-charge may ake a statement today, if possible, or he can give a date for the same.

Shri Smarajit Bandypadhyay: It will be made on Tuesday next.

[1-20—1-30 p.m.]

Shri Aswini Roy :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকার একটি আদেশ দিয়েছেন যে, হাস্কিং মিলে যে ধান ভাঙ্গান হবে তার শতকরা ২৫ ভাগ সরকার লেভি হিসেবে গ্রহণ করবেন।

Mr. Speaker :

ইউ প্লিস ওয়েট আণ্টিল টুয়িসডে হোয়েন দি রিপ্লাই উইল বি গিভেন।

Shri Kanai Pal :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker :

আপনি আপনার গুরুত্বপূর্ণ বিষয় বলবার জন্য যখন আমার ঘরে গিয়েছিলেন তখন আপনাকে আমি বলেছিলাম আর্জেণ্ট ম্যাটার হলে আমি স্পেশালী মেম্বার্সদের পার্মিসন দেই, তবে তার মধ্যে এটা আসে না। আমি আপনাকে আরও বলেছিলাম আপনি যদি কলিং এ্যাটেনসন বা কোশ্চেন দেন তাহলে আমি ব্যবস্থা করতে পারি। কাজেই আপনাকে যখন আর্জেণ্ট ম্যাটার বলে পার্মিসন দেইনি তখন আপনাকে আর বলতে দিতে পারি না।

Shri Kanai Pal :

স্যার, ২৭ জন রোগীকে কাচড়াপাড়া হসপিটাল থেকে এ্যারেস্ট করা হয়েছে এবং তারা অনশন করে রয়েছে। তাদের অপরাধ হচ্ছে তারা দুই রিক্সা বোঝাই চোরাই মাল ধরেছিল। আমি গতবারের অধিবেসনে এই হাসপাতালে যে সমস্ত ঘটনা ঘটছে, রোগীদের উপর যে অত্যাচার সে সম্বন্ধে এনকোয়ারী করবার জন্য বলেছিলাম।

Mr. Speaker : Mr. Pal, will you please obey the direction of the Chair or not? I won't allow you to speak. Please take your seat. I have to warn you for this type of conduct on the floor of the House when I have expressly given you no permission to mention the matter. The matter does not come within the category you want to mention. You should not have taken up the floor of the House.

Shri Kanai Pal :

সেখানে লাঠিচার্জ হচ্ছে, মারধোর হচ্ছে, অনশন চলছে। কাজেই আমি আশা করি আপনি এই ব্যাপারে একটা ব্যবস্থা করবেন।

Shri Sailendra Nath Adhikary :

মাননীয় স্পীকার মহাশয়, আমি গতকাল মুর্শিদাবাদ জেলার আজিমগঞ্জ থেকে একটা টেলিগ্রাম পেয়েছি এবং তাতে লেখা আছে, "মুকুন্দবাদ ডোল নট রিসিভড। সিচুয়েসন ইজ সিরিয়াস"। অর্থাৎ সেখানে যে সমস্ত গরীব এবং উদ্বাস্তু লোক আছে তাদের ডোল বন্ধ করায় হাজার হাজার লোকের অসুবিধা হচ্ছে। আমি এই বিষয়ের প্রতি বিশেষকরে মুখ্যমন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Deb Saran Ghosh :

স্যার. গতকাল আমি একটা প্রিভিলেজ মোসন-এর নোটিশ দিয়েছিলাম এবং আপনি অনুমতি দিয়েছিলেন।

Mr. Speaker :

এ ব্যাপারে অফিসিয়ালী আপনাকে আমি খবর দেব।

DEMAND FOR GRANT

Grant No. 22

Major Heads: 31—Agricultural—Agriculture and 95—Capital outlay on Schemes of Agricultural Improvement and Research.

Shri Smarajit Bandyopadhyay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 13,91,92,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricul tural Improvement and Research".

মাননীয় সদস্য মহাশয়রা জানেন যে প্লানিং কমিশন ফার্স্ট প্লান-এর সময় কৃষির উপর বেশী জোর দিয়েছিলেন। এগ্রিকালচার-এ ১৫ পারসেণ্ট অফ দি হোল প্লান আউটলে অ্যাণ্ড ইরিগেশন ১৬ পারসেণ্ট অ্যাণ্ড ইরিগেশন মোট ৩১ পারসেণ্ট এগ্রিকালচার অ্যাণ্ড ইরিগেশন-এর উপর বরাদ্দ করেছিলেন। সেকেণ্ড প্লান-এ ইণ্ডাস্ট্রির উপর বেশী জোর দেওয়া হয়েছে সেকথা মাননীয় সদস্য মহাশয়রা জানেন। প্লানিং কমিশন-এর কথা

In the First Plan relatively greater stress was placed on programmes designed to build up the agricultural potential of the country. Consequently programmes for agriculture and irrigation comprised 31 per cent. of the plan outlay. In the Second Plan greater emphasis was given to industrial development and the relative share of industries and minerals increased from 4 per cent. to 20 per cent.

দটি প্লান-এরই অবশ্য রেজাল্টএ এগ্রিকালচারাল প্রোডাকশন বেড়েছিল সে বিষয়ে কোন সন্দেহ নেই এগ্রিকালচারাল প্রোডাকশন এগ্রিকালচার-এর উপর থার্ড ফাইভ ইয়ার প্লান-এ অবশ্য বেশী জোর দেওয়া হল। এবং এই প্লান-এ যে সমস্ত এইম্‌স্‌ এ্যাণ্ড অবজেক্ট ছিল তার মধ্যে দ্বিতীয়টি ছিল to acheive self sufficiency in foodgrains and increase agricultural production to meet the requirements of industry and export.

এবং পরে বলা হয়েছিল

In the scheme of development during the Third Plan the first priority necessarily belongs to agriculture.

তে ফুড গ্রেন-এর প্রোডাকশন টারগেট ৩০ পারসেণ্ট রাইজ করা হবে এবং অন্যান্য গ্রিকালচারাল ক্রপস ৩১ পারসেণ্ট ধরা হয়েছিল। অবশ্য এই টারগেট-এ পৌছান যাবে কি না টা বিবেচ্য কিন্তু এগ্রিকালচার প্রোডাকশন বেড়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু পশ্চিম লার অবস্থা একটু ভিন্ন ধরণের। ভারতের অন্যান্য প্রদেশের সঙ্গে পশ্চিমবঙ্গের সমস্যা াৎ আছে। আগেকার বাংলাদেশ খণ্ডিত-প্রায় হয়ে দুই-পঞ্চমাংশর চেয়ে একটু কম এলাকা মরা পেলাম এবং দুই-পঞ্চমাংশের মত জনসংখ্যা আমরা পেলাম। তাছাড়া কতকগুলি এলেকা শ্চিমবঙ্গের সঙ্গে যুক্ত হল। ফলে পপুলেশন ২.৫ ক্রোর টু ৩.৫ ১৯৬১তে বাড়ল এর মধ্যে .৯ ক্রোর বেড়েছে। ফলে সারা ভারতের মধ্যে ওয়েস্ট বেঙ্গল-এর পপুলেশন ৮ পারসেণ্ট হল ং ইণ্ডিয়ার ল্যাণ্ডএর ৩ পারসেণ্ট মাত্র ওয়েস্ট বেঙ্গল হল। তাছাড়া উদ্বাস্তু ভাইবোনেরা এল ং এই কয় বছরে যে লোক জন্মাল তাতে পশ্চিমবাংলায় লোকসংখ্যার বসতির ঘনত্ব তি বর্গমাইলে ১,০৩২ হল। এখানে চাষযোগ্য জমি যা আছে তার ৮ পারসেণ্ট আবাদে স গেছে এবং নিকৃষ্ট যে জমি মারজিনাল এবং সাব-মারজিনাল ল্যাণ্ড তাতেও চাষ করতে চছ। জিওগ্রাফিক্যাল এরিয়ার ৬২ পারসেণ্ট ৬১তে চাষ হয়, এ অবস্থা বিবেচনা করলে পশ্চিম লার বিশেষ অবস্থার পটক্ষেপে পশ্চিমবাংলার কৃষির অগ্রগতির ফল বিচার করতে হয়। মাদের এই প্রতিকূল অবস্থা সত্ত্বেও পশ্চিমবাংলায় ৬৪-৬৫ সালে ৫৭ লক্ষ মেট্রিক টন ন আমাদের উৎপন্ন হয়েছে। গত বছরে হয়েছে ৫৩.৩১ লক্ষ টন এবং এবার যে াডাকশন তা স্বাধীনতার পর পশ্চিমবাংলার রেকর্ড প্রোডাকশন বলা যেতে পারে। কিন্তু এই পোব ক্রপ হওয়া সত্বেও আমাদের যে চাহিদা তা মেটাতে পাচ্ছি না, এখনও গ্যাপ বা বধান থেকে যাচেছ। বর্তমানে আমাদের প্রয়োজন প্রায় ৬৬ লক্ষ টনের মত কিন্তু আমাদের পাদন হয়েছে ৫৭ লক্ষ টনের মত। আমাদের প্রি-প্লান পিরিয়ড-এ অর্থাৎ স্বাধীনতার পর ান পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে আরম্ভ করে এই চার বছরে গড় উৎপাদন ছিল ৩৬ ক টন এ্যাভারেজ প্রোডাকশন এবং প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল ৪১.১১ লক্ষ টন, তীয় প্লান পিরিয়ড-এ ৪৪.৪৮ লক্ষ টনের মত। তৃতীয় প্লান-এর ৪ বছরের এ্যাভারেজ াডাকশন হচেছ ৫০ লক্ষ টন। সুতরাং এ্যাভারেজ প্রোডাকশন ৪০ পারসেণ্ট বেড়েছে এবং লের এরিয়া বেড়েছে ১৫ পারসেণ্ট কিন্তু আমাদের ঘাটতি থেকেই যাচ্ছে লোক সংখ্যার বৃদ্ধি ত। ডাল আমাদের দেশে খুব কম হয়, তবু এই সময়ে ৩.১৬ লক্ষ টন থেকে ৩.৮৪ লক্ষ বেড়েছে এবং অন্যান্য সিরিয়াল, হুইট ৮৭ হাজার টন থেকে এক লক্ষ পাঁচ হাজার টনে ড়েছে। থার্ড প্লান-এ আমাদের যে সব টারগেট ধরা হয়েছিল, আমাদের অর্থমন্ত্রীর ভাষণে খছি আমরা অন্ততঃ কতকগুলি ফসলে পৌছতে পেরেছি। ফুড গ্রেন প্রোডাকশন-এ টারগেট । হয়েছিল ৯.৩৯ লক্ষ টন, ৯ লক্ষ টনে পৌছেছি, অয়েল সিডস-এ ৬০ হাজার টনে রিচ রেছি; সুগার কেন-এ ১৭ লক্ষ টনে রিচ করেছি, জুট প্রোডাকশন-এ ৩৫ লক্ষ বেলস-এ রিচ রেছি, মাইনর ইরিগেশন ২.৯৫ লাখ একরের জায়গায় ৪.৫ লক্ষ একরে রিচ করেছি. াং টারগেটএর চেয়ে বেশী এগিয়ে গেছি।

[-30—1-40 p.m.]

াব মাননীয় সদস্যগণের কাছে আমি কতকগুলি পরিকল্পনা যা গ্রহণ করা হয়েছে তা লুখ করতে চাই। আমি আগেই বলেছি যে আমাদের জমি কম সেইজন্য এক জমিতে র করে ফসল পাওয়া যায় অর্থাৎ একাধিক ফসল পাওয়া যায় তার জন্য আমরা স্কীম গ্রহণ রছি। আমাদের ৩ লক্ষ একর জমিতে আমন হয়েছিল আমরা যে ডাবল ক্রপিং আরম্ভ করেছি র প্রথম ক্রপ হচেছ জুট তারপর আমন। এ ছাড়া আমাদের তৈলবীজে যথেষ্ট অভাব রয়েছে। ষের তেলের অভাব যেটা আমরা মর্মে মর্মে অনুভব করেছি, কারণ সরষের তৈল আমাদের ইর হইতে আসে সেই কারণে সরষের তেল এবং বীজের জন্য বাহিরের উপর নির্ভর তে হয়। আমাদের মাস্টার্ড সীডস যেখানে ২.৫ লাখ একরে ৩৫ হাজার টন মতন উৎপন্ন সেখানে আমরা আরও বেশী উৎপাদন করবার চেষ্টা করছি। বর্তমানে উৎপাদন আমাদের য়াজনের তুলনায় একের নয় অংশ মাত্র। আমরা চেষ্টা করছি কি করে এটাকে বাড়ান যায়, ং তার জন্য আমরা বিভিন্ন পরিকল্পনা আরম্ভ করেছি। ইরিগেশন ফ্যাসিলিটিস এবং র্টিলাইজার দেওয়া যায় কি না তার চেষ্টা করছি। তা ছাড়া আমাদের এগ্রিকালচারাল স্টেট র্ম সেখানেতে সরষের বীজের উৎপাদন বাড়ান যায় কি না চেষ্টা করছি। আমরা আগে ৭০০

মণ উৎপাদন করেছিলাম এই তিন বৎসরে আমরা ৩,০০০ হাজার মণ উৎপাদন করেছি। এই সমস্ত ফার্ম চাষীরা বীজ উৎপাদন করলে তাদের কাছ থেকে কিনে নেবে বলে ঘোষণা করা হয়েছে। তারপর আলুর কথা বলছি। আলু পশ্চিমবাংলায় একরে ১ লক্ষ ৬৩ হাজার মত বেড়ে হয়েছে এবং আলু প্রোডাকশন ১৯৬২-৬৩ সালে ছিল ৭ লক্ষ ৮৫ হাজার টন। আলু একরে আড়াই লক্ষ টনের মতন হত গত বৎসর ধ্বসা রোগে প্রোডাকশন-এর কিছুটা ক্ষতি হয়েছে যদিও গত বৎসর ৫ লক্ষ টনের মতন উৎপাদন হয়েছে। আমাদের আলুর জন্য বার্মা থেকে বীজ আনতে হয়, ফরেন এক্সচেঞ্জ-এর ডিফিকালটির জন্য আমাদের এই বীজ দিতে দেরী হয়। আমরা ওয়ার্ট ডিজিজ্‌এর জন্য ইমিউন ভ্যারাইটিস অব পটেটো সীডস হল্যাণ্ড থেকে আনিয়ে চাষ করাতে আরম্ভ করেছি। আমরা ঘোষণা করতে পারি যে ভারত গভর্নমেণ্ট বাহিরের এক্সপোর্ট-এর উপর যে ব্যান তা তুলে দিয়েছেন আমরা এই আলুর বীজ মালটিপ্লাই করবার চেষ্টা করছি। আগের বার র‍্যাট ফ্লাই ডিজিজ্‌ শুধু পশ্চিমবাংলা নয় এর পার্শ্ববর্তী প্রদেশে আলুর ক্ষতি হয়েছে সেজন্য আমরা প্রফাইল্যাকটিক মেজার নিয়েছিলাম এবং স্প্রে করাবার ব্যবস্থা করেছিলাম, আমরা ২২৫ টন স্প্রে করেছি এবং তের লক্ষ টাকা এর ফলে যে সমস্ত এলাকায় আলু হয় সে সমস্ত এলাকায় পয়সা দিয়েছি তা ছাড়া ৩,৫৩২টা স্প্রেয়ার দিয়েছি এবং চাষীদের বিভিন্ন যন্ত্রপাতি আমাদের ডিপার্টমেণ্ট থেকে ব্যবহার করতে দিয়েছি। এরূপ একটা আলুর ক্ষেতে স্প্রে করবার সময় আমি নিজে উপস্থিত ছিলাম সেটা হল মেমারি ব্লক। আমাদের পশ্চিমবাংলায় শাক সব্জীর অভাব বেড়েছে বিশেষ করে এমারজেন্সীর সময় আমরা ভেজিটেবল প্রোডাকশন স্কীম নিয়েছিলাম তা থেকে আমাদের ভেজিটেবল-এর উৎপাদন বড়েছে, এর জন্য ফার্টিলাইজার সরবরাহ করেছি। আমাদের কৃষির যেগুলি সব চেয়েও বেশী প্রয়োজন তার মধ্যে সীডস-এর দরকার বেশী। উন্নত ধরণের বীজের জন্য থানা বীজ ফার্ম ব্লক বীজ ফার্ম আমরা তৈরী করেছি। সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে ১০০টি প্রতিষ্ঠান করেছি এবং থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে ১১৭টি করবো বলে লক্ষ্য আছে—এর মধ্যে ৫১টি করেছি এই থানা ফার্ম থেকে বীজ সরবরাহ করাই নয় উন্নত ধরণের কৃষি পদ্ধতি প্রচার করি।

এককালে এই সব ফার্ম নিয়ে আমাদের খুবই সমালোচনা করা হত কিন্তু আমি নিজে বিভিন্ন জেলার কতকগুলি ফার্ম পরিদর্শন করে দেখেছি। এই জমিগুলির কতকগুলি কারণ ছিল তার মধ্যে হচ্ছে আমরা যে জমি পেয়েছিলাম সে জমিগুলি খারাপ জমি এবং একটা ফার্ম করা দরকার। দ্বিতীয়ত ইরিগেশন যা ব্যবস্থা ছিল সে সব ত্রুটী আমরা সংশোধন করেছি এবং ইতিমধ্যে উন্নত হতে আরম্ভ করেছে। আমাদের ১৯৬০-৬১ সালে এই সব ফার্মএ এসটাবলিসমেণ্ট এবং মাহিনা ইত্যাদি দিয়ে ৮ লক্ষ ৬৬ হাজার ৬৮১ টাকা খরচা হয়েছিল সেখানে বীজ বিক্রয় করে আমরা ৫ লক্ষ ৪০ হাজার ৫৩০ টাকা লাভ হয়েছে তবে এই সব খরচ এসটাবলিসমেণ্ট নিয়ে ধরলে আমাদের লাভ হয়নি। কিন্তু আমরা অনেকদূর অগ্রসর হয়েছি এর প্রমাণ ১৯৬৩-৬৪ সালে ৯,৩৯,৩১৭ টাকা আমরা বীজ বিক্রয় করে লাভ করেছি। পাঁচ লক্ষ টাকা নয় ৯ লক্ষ টাকার আমরা বিক্রী করতে পেরেছি এবং আশা করছি শীঘ্র আমরা এই সমস্ত থানা ফার্ম থেকে আরও লাভ করতে পারব। আমাদের কতগুলি ফার্ম আছে স্বয়ংসম্পূর্ণ আবার কতকগুলি আছে তাতে লোকসান হচ্ছে। আমরা দেখেছি যে নকশীপাড়া ফার্মে আমাদের খুব ভাল ফল হয়েছে। সেখানে আউস ২ লক্ষ ৩০ মণ প্রথম ক্রপ হিসাবে উৎপন্ন হয়েছে এবং দ্বিতীয় ক্রপ হিসাবেও পার একর ৩৭ মণ হয়েছে এবং ছুইট ২০ মণ হয়েছে। আমরা আশা করি এই ফার্মএ উন্নত ধরণের বীজ আমরা গবেষণা করছি তাতে এন সি ১৬২৬ বলে একটা বীজ আছে তাতে আমরা ৪.২ মণ পার একর ফল হয়েছে এবং এন সি ৬৭৮ বীজতে ৪৫ মণ পাচ্ছি। এই সমস্ত বীজ স্টোর করে রাখবার পরিকল্পনা আমরা নিয়েছি। প্রতি ব্লকে ৩টা করে সিড স্টোর আমরা স্থাপন করব। এবার সেচের কথায় আসা যাক মেজর ইরিগেশন বিভাগের আওতার মধ্যে এক্সপ্লোরেটরি টিউবওয়েল অরগানাইজেশন গভর্নমেণ্ট অব ইণ্ডিয়ার তারা যা করেছিলেন তাতে বলেছিলেন চার হাজার টিউবওয়েল পশ্চিমবাংলায় করা যেতে পারে। অনেকে বলেন ৩১৪ হাজারের মতন টারগেট হিসাবে ধরেছিলাম কিন্তু তা নয়, আমরা থার্ড প্লান পিরিয়ডে টারগেট হিসাবে ধরেছি ১,৩০০ করবো প্রথম ৩ বৎসরে আমরা ৩৬৯টা ড্রিলিং করেছি এবং ড্রিলিং-এর কাজ সাফল্য মণ্ডিতভাবে অগ্রসর হচ্ছে। ১৩-২-৬৫ তারিখ পর্যন্ত ৮৬৫টা ড্রিলিং হয়েছে এবং বিদ্যুৎ সংযোজন হয়েছে ২৬৩টা, এর ফলে আমাদের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কাছে এ বিষয়ে আমরা তাগাদা দিয়েছি যাহাতে তাহারা তাড়াতাড়ি বিদ্যুৎ দেবার চেষ্টা করে

পনারা এর আগেও বোধ হয় শুনেছেন মাননীয় শিল্পপতি মহাশয় বলেছিলেন যে স্টেট লেকট্রিসিটি বোর্ডএর থেকে ৩৩২টা টিউব ওয়েল বিদ্যুৎ সংযোজনের জন্য চেষ্টা হচ্ছে এবং মরা অ্যাডাভান্স পেমেণ্ট করে দিয়েছি। আশা করছি এই ১,৩০০টির মধ্যে ৮০০টি এই সরে এনারজিস্ট করতে পারবো. এই সমস্ত ডিপ টিউবওয়েল পাইপ লাইন যদি করতে পারেন ত্যেকটা ডীপ টিউবওয়েল পাইপ লাইন যদি ২০০ একর করে জমিতে জল সেচন করতে পারবে। ছাড়া নদী থেকে লিফট ইরিগেশন ব্যবস্থা আমরা করেছি। তাতে দুই রকমের লিফট রিগেশন পাম্প আমাদের আছে। একটায় ফাইভ কিউসেক পাম্প অর্থাৎ ৫০০ একর করে জমি রব। আর একটায় টেন কিউসেক পাম্প ১০০০ একর জমিতে কমাণ্ড করতে পারব।

1-40—1-50 p.m.]

ই সব পাম্প সুবিধা মত নদীর তীরে বসানো যাবে। দরকার হলে পনটুন করে তার পর বসানো যাবে। আপাততঃ ৫২টি স্কীম কমপ্লিট করেছি, আর ৮০টি স্কীম এই বছরের মধ্যে রবো। এবং ২০০টি থার্ড ফাইভ ইয়ার প্লান-এর মধ্যে আমাদের করার লক্ষ্য আছে। এ ছাড়া াট ছোট যেসব পাম্প, চাষীরা যাতে কিনতে পারে, তার জন্য ৮০ পারসেণ্ট আমরা চাষীদের নন হিসাবে দিই। এইগুলি ৫ বছরে তারা প্রতি বছরে কিস্তিতে শোধ করবেন। এছাড়া সব ছোট ইরিগেশন-এর ব্যবস্থা আছে—মাইনর ইরিগেশনএ অবশ্য ১ লাখ পর্যন্ত সেচ খাল ৫০ হাজার পর্যন্ত নিকাশী খালের ২৫০টি প্রোপোজাল আমাদের কাছে আছে। এইগুলো তে তাড়াতাড়ি হয় সেইজন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। এছাড়া স্মল ইরিগেশন স্কীম যার ১০ াখ টাকা পর্যন্ত এস্টিমেট, সেগুলো আমাদের এখানে করা হচ্ছে। প্রথমে ডি এম এবং ডি র উপর ভার দেওয়া হয়েছে। তারা এগুলো স্যাংসন করতে পারবেন। আর কলকাতায় সার প্রয়োজন হবে না। আগে যে বিলম্ব হত, সেই বিলম্ব আর হবে না। থার্ড ফাইভ য়ার প্লান-এর ফার্স্ট ইয়ারএ আমরা ৮ লক্ষ ৪৬ হাজার ৭৪৮ টাকা স্মল ইরিগেশন-এ খরচ করেছি। কেণ্ড ইয়ার-এ আমরা খরচ করেছি ৪২ লক্ষ ৬৬ হাজার ৫৪ টাকা। থার্ড ইয়ার-এ ৪৭ লক্ষ টাকা লট করা হয়েছে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ডি সিদের কাছে ইতিমধ্যে যে আমাদের টার্গেট ছিল লক্ষ টাকা তা আমরা এক্সিড করে গিয়েছি। ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট-এর কাজ আমাদের চলছে। মি এখানে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে রিভার ভ্যালি কমাণ্ড এরিয়ায় যে ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট-এর নিষেধাজ্ঞা ছিল, সেই নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়েছে। এবং অঞ্চল পঞ্চায়েতের উপর ন থেকে ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট-এর কাজের ভার দেওয়া হবে। ইরিগেশন ছাড়া সারের কথা মাদের আলোচনা করতে হয়, আমাদের যেসব ম্যানিওর, লোকাল ম্যানিওরিয়াল যে স্কীম সেই ম অনুযায়ী আমাদের কাজ চলছে। পাতা, কম্পোজডপিট বা ইমপ্রুভড ক্যাটেল শেড-এর জন্য মরা চাষীদের ৫০ পারসেণ্ট সাবসিডি দিচ্ছি। এছাড়া চাষীদের ধঞ্চে বীজ সংগ্রহ করার না তাদের কাছ থেকে, লোকাল চাষীদের কাছ থেকেও ধঞ্চে বীজ কেনা হচ্ছে। বাইরে কেও এই ধঞ্চে বীজ আনার ব্যবস্থা করছি। আর একটা কথা কৃষির উৎপাদনের জন্য শেষ প্রয়োজনীয় জিনিস যেটা সেটা হচ্ছে উন্নত ধরণের যন্ত্রপাতি। আমাদের চাষীভাইরা নও সংরক্ষণশীল আছেন। তাদের মধ্যে প্রচার করা দরকার, যারা আমরা জনপ্রতিনিধি ছি যাতে তারা পুরাতন এই সব যন্ত্রপাতি ছেড়ে নূতন যন্ত্রপাতি তারা গ্রহণ করেন। চাষী ইরা এগুলির দাম বেশী বলে যাতে তাদের কিনতে অসুবিধা না হয় সেজন্য সেগুলি মরা ৫০ পারসেণ্ট সাবসিডিতে সরবরাহ করি। যেমন সীড ড্রিল, হুইল হো, পেডি উইডার, ড থ্রেসার এই সব। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে আমাদের এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং পার্টমেণ্ট থেকে এক্সপার্টদের সুপারভিশনে এই সব যন্ত্রপাতির প্রোটোটাইপ আমরা করতে রেছি এবং ভবিষ্যতে এখানে যাতে তৈরী হয় তার জন্য চেষ্টা চলছে। এছাড়া স্প্রেয়ার, স্টার ৩৫ হাজারটি ইমপ্লিমেণ্টস আমরা চাষীদের মধ্যে দিতে পেরেছি। আর একটি কথা নন্দের সঙ্গে জানাচ্ছি যে জাপানী ফার্মএ আমরা দেখেছি ছোট ছোট ট্রাক্টর বা পাওয়ার টিলারস ইগুলি আমাদের পশ্চিমবঙ্গের পক্ষে খুবই উপযোগী। এইরকম ১০০টি পাওয়ার টিলারস বং ৪২টি পাওয়ার থ্রেসারস আমরা আনিয়েছি। এগুলি আমরা এখন আমাদের নিজেদের ফার্মএ বহার করছি এবং আমাদের অফিসাররা চাষীভাইদের এই সব জায়গায় এই সব যন্ত্রপাতি

ব্যবহারের ট্রেনিং দিচ্ছেন। ভবিষ্যতে আমরা এইরকম আরো ২০০ যন্ত্র আনবার চেষ্টা করব। প্রগতিশীল চাষীদের কো-অপারেটিভ এগ্রিকালচারাল ফার্মএর মাধ্যমে আমরা এগুলি দেব বলে আমাদের ইচ্ছা আছে। চাষীদের হাতে কলমে এইসব উন্নত পদ্ধতিতে কাজ শেখাবার জন্য আমাদের যেখানে ১০ হাজার ডিমোনেস্ট্রেশন সেণ্টার ছিল সারা পশ্চিমবঙ্গে, সেখানে ২০ হাজার ডিমোনেস্ট্রেশন সেণ্টার প্রতিষ্ঠা করেছি এবং এছাড়া একাধিক ফসল যাতে চাষ করা যায় সেইজন্য প্রতি ভিলেজ লেভেল ওয়ার্কারদের অধীনে এক একর পর্যন্ত জমিতে আমরা মালটিপেল ক্রপিংএর জন্য রেখেছি এবং ডীপ টিউবওয়েল এবং রিভার ইরিগেশন স্কীম, ক্যানেল স্কীম এরিয়া ৪টি করে এক একর এই ডিমোনেসট্রেশন প্লট আমরা নির্দ্দিষ্ট করে রেখেছি। এই সব এলাকাতে ফারটিলাইজার সাবসিডি ৫০ পারসেণ্ট সাবসিডিতে চাষীদের দিচ্ছি, যাতে করে তারা একাধিকবার চাষ করতে পারেন। এর সঙ্গে সঙ্গে আমরা জানিয়ে দিতে চাই যে আমাদের কেমিকেল ফার্টিলাইজার-এর ব্যবহার ক্রমশঃ বাড়ছে। এমোনিয়াম সালফেট ১৯৬২-৬৩ সালে যেখানে ৫২ হাজার ৫১২ টনেজ কাটতো, ১৯৬৩-৬৪ সালে ৭৪ হাজার ৮১৯ টনেজ কেটেছে এবং ১৯৬৪-৬৫ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৯২ হাজার ৭৬ টাকা কেটেছি। সুপারফসফেট কেটেছে ১৯৬২-৬৩ সালে ৪৪ হাজার ৮০৮ টনেজ, ১৯৬৩-৬৪ সালে ৪৯ হাজার ৬৪ টনেজ এবং ১৯৬৪-৬৫ সালের ফেব্রুয়ারী পর্যন্ত ৫৩ হাজার ৯৯৩ টানেজ কেটেছে। এছাড়া ডিস্ট্রিবিউটিং এজেণ্ট আছেন তাদের ৮৮টি বাফার গোডাউন আছে এবং ৩ হাজার ২৭৮টি সাব ডিপো আছে সমস্ত ডিস্ট্রিক্টএ। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে আমাদের গভর্নমেণ্টের ১০০টি এই রকম বাফার গোডাউনএর ৫০০ টন করে এই সব কার্টিলাইজার রাখা যায়। এই সব প্রত্যেক জেলাতে প্রতিষ্ঠা করতে চলেছি যাতে করে ইনটারিয়র-এ এইগুলো তাড়াতাড়ি সরবরাহ করা সম্ভব হয়। কারণ, প্রায়ই অভিযোগ শোনা যায় ইনটারিয়র-এ অনেক সময় পৌঁছায় না। এর সঙ্গে সঙ্গে এখন আমি আমাদের এই কৃষি উৎপাদন বাড়ানোর জন্য আর যে একটি পরিকল্পনা গ্রহণ করেছি সেটা বলতে চাই। সেটা হচ্ছে ইনটেনসিভ এগ্রিকালচারাল ডিস্ট্রিক্ট প্রোগ্রাম বর্দ্ধমানে এইরকম ১১টি ডিস্ট্রিক্ট ইনটেনসিভ প্রোগ্রাম সারা ভারতবর্ষে নেওয়া হয়েছে। তার মধ্যে আমাদের পশ্চিমবাংলায় বর্দ্ধমানে একটি। ১৯৬২ সালে এই ইনটেনসিভ এগ্রিকালচারাল প্রোগ্রাম, প্যাকেজ প্রোগ্রাম গ্রহণ করা হয় ১,৭১০টি ভিলেজএ ১০টি ব্লক নিয়ে। ১৯৬৩-৬৪ সালে ১ লক্ষ ৯ হাজার ১৭টি ভিলেজ কভার করা হয়। ৩৩টি ব্লকএর মধ্যে বর্দ্ধমান জেলায় ২৪টি ব্লকএ এই রকম একটা হয়েছে। এই প্যাকেজ প্রোগ্রাম চাষীরা যাতে প্যাকেজ অব ইমপ্রুভড প্রাকটিস-এ যেমন ইউজ অব ইমপ্রুভ সিডস, ফার্টিলাইজারস পেসটিসাইডস, ইমপ্রুভড ইমপ্লিমেণ্টস প্রপার সয়েল এ্যাণ্ড ওয়াটার এ্যারেঞ্জমেণ্ট এই সব বিষয়ে সিলেক্টেড প্লটএ তারা হাতে কলমে শিখতে পারেন তার ব্যবস্থা আছে। এছাড়া প্যাকেজ অব সার্ভিসেস-এর যেমন টেকনিকেল স্টাফ দিয়ে উপদেশ দেওয়া, অন্যান্য সাপ্লাইস যেমন জমি এবং জলের ব্যবস্থা করা, তাদের ঋণের ব্যবস্থা করা, তাদের স্টোরেজ এর ব্যবস্থা করা, মার্কেটিংএর ব্যবস্থা করা, এই সব প্যাকেজ প্রোগ্রামএর অন্তর্ভুক্ত আছে এবং অন্যান্য জেলায় কৃষি বিভাগে যে সমস্ত কর্মচারী আছেন গ্রামসেবক আছেন কো-অপারেটিভ এর কর্মচারী আছেন, অন্যান্য ব্লকএ এই প্যাকেজ প্রোগ্রাম বেশী করে দেওয়া আছে। এই প্যাকেজ প্রোগ্রাম-এ ফার্ম প্লাণ্টস তৈরী করা হয়। প্রথম বছরে ১,৫০০টি ফার্ম প্লাণ্ট তৈরী করা হয়। দ্বিতীয় বছরে ৪৫ হাজার ৮৪৩টি হয়। তৃতীয় বছরে ৩৮ হাজার ৫৫২টি ফার্ম প্লাণ্ট তৈরী করা হয়েছে। এছাড়া ফার্টিলাইজার এখন ডিস্ট্রিবিউট করা হচ্ছে। ১৯৬২-৬৩ সালে ১০ হাজার টন, ১৯৬৪-৬৫ সালে ৩৫ হাজার টন। এখানে ইমপ্রুভড সিডস বিলি করা হয়েছে, ১৯৬১-৬২ সাল ৩ হাজার ৩৮১ টন, ১৯৬৪-৬৫ সাল ১১ হাজার ১০ টন। তাছাড়া প্লাণ্ট প্রোটেকশন, ফাঙ্গিসাইড, ইনসেকটিসাইড বিলি করা হয়েছে এবং বিভিন্ন এলাকায় এই সব ঔষধ ট্রিট করা হয়েছে। ১৯৬২-৬৩ সালে ১৩ হাজার ১১০ একর জমিতে এই সব ইনসেকটিসাইড দিয়ে ট্রিট করা হয়েছে। ১৯৬৪-৬৫ সালে ২ লক্ষ একর জমিতে ট্রিট করা হয়েছে। ইমপ্রুভড ইমপ্লিমেণ্টস এই বর্দ্ধমান প্যাকেজ জেলাতে ৩ হাজার ৪০০টি ৫০ পারসেণ্ট সাবসিডিতে বিলি করা হয়েছে। ১৯৬৪-৬৫ সালে ৫ হাজার ৮০০টি বিলি করা হয়েছিল। এ ছাড়া সয়েল টেস্টিং লেবরেটরী বর্দ্ধমান একটা প্যাকেজ এলাকা বলে স্থাপন করা হয়েছে। এই সব বর্দ্ধমান প্যাকেজ জেলায় কিছু হিসাব দিতে চাচ্ছি। ১৯৬২-৬৩ সালে এখানে চাল উৎপাদন হয়েছিল

[1-50—2 p.m.]

১৯৬৩-৬৪ সালে হয়েছে ৬ লক্ষ ৫৮ হাজার টন, ৬৪-৬৫ সালে হয়েছে ৬ লক্ষ ৭৩ হাজার টন, পার একর ইল্ড ১৬.৯৯ মণ্ড হয়েছে। জুট ১২৮ হাজার টন হয়েছিল ১৯৬২-৬৩ সালে—আর ১৯৬৩-৬৪ সালে ১৩১ হাজার টন—পটেটো ১৯৫ হাজার টন গত বছর ১২৫ হাজার টন—তার পর গত বছর কিছু নষ্ট হয়েছে—ব্লাইট ডিজিজের জন্য সুগারকেন ১৯৬২-৬৩ সালে ১৯৭ হাজার টন—সে জায়গায় ১৯৬৩-৬৪ সালে হয়েছে ২৩৫ হাজার টন—হুইট ২.২ থেকে হয়েছে ৩.১। পালসেস ১৩.৬ থেকে ১৬.৭—আমি আনন্দের সঙ্গে জানাতে চাই এই যে ইনটেনসিভ এগ্রিকালচারাল প্রোগ্রাম যা ওয়েস্ট বেঙ্গলে বর্তমানে হয়েছে এবং আরও ১১টি প্রদেশে হয়েছে—ইনটেনসিভ এগ্রিকালচারাল প্রোগ্রামের মধ্যে পশ্চিমবাংলার বর্তমানে স্থান হয়েছে—উৎপাদনের ক্ষেত্রে চতুর্থ। মহীশূরে ২৩.৫ হয়েছে—ইল্ড পার একর মণ্ড—কেরালায় হয়েছে ১৮.৪৪—অন্ধ্রে হয়েছে ১৮.১২, ওয়েস্ট বেঙ্গলে হয়েছে ১৬.৯৯—অন্যান্য ১৫।১৪।১২।১৩।১১ ইত্যাদি—এ ছাড়া ইনটেনসিভ রাইস কাল্টিভেসন প্রোগ্রাম প্যাকেজ প্রোগ্রাম ছাড়াও যেসব জায়গায় আমাদের ধান ভাল উৎপাদন হয় সেই সব জায়গায় ৯টি এগ্রিকালচারাল কাল্টিভেসন প্রোগ্রাম নেওয়া হয়েছে—২৪ পরগনা নর্থ, ২৪ পরগনা সাউথ, হুগলী, মুর্শিদাবাদ, মেদিনীপুর ওয়েস্ট, মেদিনীপুর ইস্ট, বাঁকুড়া, বীরভূম, ওয়েস্ট দিনাজপুর সেখানে চাল যাতে বেশী উৎপাদন হয় সে বিষয়ে স্ট্রেস দেওয়া হয়েছে—এবং বিভিন্ন সার দেওয়া হচ্ছে এ ছাড়া আমাদের এ্যাপ্লায়েড নিউট্রিটিভ প্রোগ্রামে দশটা ব্লকে কাজ হচ্ছে শুধু খাদ্য খেলেই হবে না—নিউট্রিটিভ ভ্যালু খাদ্যে যাতে থাকে তার জন্য সাবসিডিয়ারী সাপ্লিমেণ্টারী ডাইভারসিফাইড ফুড ভারত সরকারের উদ্যোগে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং একটা প্ল্যাণ্ট তারাতলায় মাল্টি পারপাস ফুড তৈরী করার জন্য বসাচ্ছে। আর একটা কথা বলতে চাই শুধু ধান চাল পেলেই হবে না—আমাদের ফলের উপরও জোর দিতে হবে। একজন মাননীয় সদস্য এই ফল—হর্টিকালচার সম্পর্কে ছাঁটাই প্রস্তাব দিয়েছেন দেখছি—সেইজন্য আমি বলতে চাই হর্টিকালচার ব্যাপারে অনেক দূর আমরা অগ্রসর হতে পেরেছি গবেষণা চলছে নূতন কলম তৈরী করার—গ্রাফটস এণ্ড গুটিজ তৈরী করার নানা রকম পদ্ধতি আবিষ্কার হয়েছে—গার্ডেনারদের ট্রেনিংয়ের ব্যবস্থা হয়েছে। হর্টিকালচার সেণ্টার কৃষ্ণনগরে এবং বিভিন্ন যেসব জায়গায় ফল হয় সেখানে তাদের পাঠানো হচ্ছে সেই সব এলাকায় যাতে ফলের প্রচলন বাড়ে—১ লক্ষ ১ হাজার ৭৬টি এই রকম গ্রাফটস এণ্ড গুটিশ আমরা সাবসিডাইজড রেটে বিক্রি করেছি এবং ২ লক্ষ ১৬ হাজার ৫ শত টাকা আমরা লোন দিয়েছি যেসব ফলের বাগান আছে তা উন্নতি করবার জন্য। পার একর ৩ শত টাকা করে লোন দেওয়া হয় তাছাড়া, স্পেশ্যাল লোন ২৮ হাজার ৫ শত টাকা আমরা মঞ্জুর করেছি। কালিম্পং সাবডিভিসনে যারা কমলালেবু তৈরী করে তাদের পাঁচ বছর এই লোনের সুদ দিতে হবে না—এ ছাড়া নারিকেল, সুপারী এবং চীনাবাদাম চাষের বিভিন্ন রকম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কৃষি বিষয়ক গবেষকগণ বৈজ্ঞানিকগণ যে সব গবেষণা করেন তার যাতে প্রচার হয় চাষীদের মধ্যে গ্রামাঞ্চলে তার এগ্রিকালচারাল ইনফরমেশন ইউনিট আমরা স্থাপন করেছি। পোষ্টার, লিফলেট, ফিল্মিস, জার্নাল, এই সবের মাধ্যমে প্রচার করা হয় তার পর এগ্রিকালচার ট্রেনিং সম্পর্কে কিছু কিছু ছাটাই প্রস্তাব আছে—এগ্রিকালচার ট্রেনিংয়ের অনেকগুলি ব্যবস্থা আছে, গ্রামসেবকের ট্রেনিং সেণ্টার আছে—গ্রামসেবকদের ট্রেনিং সেণ্টার আমরা বালুরঘাট, বনগাঁ, নরেন্দ্রপুরে শীঘ্র স্থাপন করছি ভি এল ডাবলুস এবং অন্যান্য স্টাফ যারা চাকুরী করছেন তারা যাতে আরও বেশী জ্ঞান লাভ করতে পারেন তারা যাতে এগ্রিকালচারাল-এ গ্রাজুয়েট হতে পারেন—তার জন্য বি. এস. সি এগ্রিকালচার পড়ার সুযোগ দেওয়া হচ্ছে—শুধু কল্যাণীতে এগ্রিকালচারাল কলেজ হয়েছে এ ছাড়া আমাদের ওয়ার্কসপ আছে—সেখানে নানা ধরণের ট্রেনিং দেওয়া হচ্ছে—আমাদের ফারমারদেরও ট্রেনিং দেওয়া হচ্ছে—জাপানী প্রথায় ট্রেনিং দেবার ব্যবস্থা করছি। তাছাড়া আপনারা দৈনিক যে বাজার দর শুনেন রেডিওতে সেগুলি মার্কেটিং ব্রাঞ্চ থেকে প্রচার করা হয়—তারপর আমরা ওয়ের হাউস, কোল্ড স্টোরেজ রেগুলেসন বিল শীঘ্রই আমরা বিধানসভায় পাশ করবো—স্যার, মোটামুটি কৃষি বিভাগের বিভিন্ন কার্যাবলীর বর্ণনা আমরা দিয়েছি—আমাদের অগ্রগতি যে আগের চেয়ে বেশী হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই—এবং আশা করি সকলের সহযোগিতায় আমরা আরও অগ্রগতি লাভ করতে পারবো, আমি এই যে মোশন মুভ করেছি আশা করি এটা সকলে সমর্থন করবেন।

Mr. Speaker: Honourable members, cut motions No. 34, 59 and 60 re out of order. The remaining cut motions are in order and I take it that have the leave of the House to take them as moved.

Shri Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000)r expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agricul- ıre and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and :esearch" be reduced to Re. 1.

Shri Monoranjan Roy: Sir, I beg to move that the demand of .s. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- ,griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural nprovement and Research" be reduced to Re. 1.

Shri Syed Abul Mansur Habibullah: Sir, I beg to move that the demand of .s. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- ,griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural nprovement and Research" be reduced to Re. 1.

Shri Narayandas Das: Sir, I beg to move that the demand of .s. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- ,griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultura. nprovement and Research" be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the demand of :s. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- ,griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural nprovement and Research" be reduced to Re. 1.

Shri Amarendra Nath Basu: Sir, I beg to move that the demand of ts. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- ıgriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural mprovement and Research" be reduced to Re. 1.

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the demand of ts. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- ıgriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural mprovement and Research" be reduced to Re. 1.

Shri Nani Bhattacherjee: Sir, I beg to move that the demand of ts. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- \griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural mprovement and Research" be reduced to Re. 1.

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the demand of ts. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- \griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural mprovement and Research" be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: Sir, I beg to move that the demand of ts. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- \griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural mprovement and Research" be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch: Sir, I beg to move that the demand of ts. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- ıgriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural mprovement and Research" be reduced to Re. 1.

ihri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-culture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural ovement and Research" be reduced to Re. 1.

ihri Sudhir Chandra Das: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-culture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural ovement and Research" be reduced to Re. 1.

ihri Kamal Kanti Guha: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-culture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural rovement and Research" be reduced to Re. 1.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-culture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural rovement and Research" be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-iculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural rovement and Research" be reduced to Re. 1.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Sir, I beg to move that the nand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major ds: "31-Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of icultural Improvement and Research" be reduced to Re. 1.

Shri Nikhil Das: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agricul-: and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and earch" be deduced to Re. 1.

Shri Hemanta Kumar Basu: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-riculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural provement and Research" be reduced to Re. 1.

Shri Aswini Roy: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agricul-e and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and search" be deduced to Re. 1.

Shri Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural provement and Research" be reduced to Re. 1.

Shri Hare Krishna Konar: Sir, I beg to move that the demand of 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-griculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural nprovement and Research" be reduced to Re. 1.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 ir expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agricul-ire and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be deduced to Re. 1.

Shri Mahananda Haldar: Sir, I beg to move that the demand (Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31 Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultur: Improvement and Research" be reduced to Re. 1.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the demand (Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31 Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultur: Improvement and Research" be reduced to Re. 1.

Shri Kandru Majhi: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,00(for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agricul ture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement an Research" be deduced to Re. 1.

Shri Amarendra Nath Roy Prodhan: Sir, I beg to move that the deman of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31 Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultur: Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that the demand o Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31 Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultura Improvement and Research" be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the demand o Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31 Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultura Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Dulal Chandra Mandal: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Aswini Roy: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agricul- ture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,00(for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agricul ture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement an Research" be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31- Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Sreemohan Thakur: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31 Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultura Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the demand of Rs. 13,91,92,000 for expenditure under Grant No. 22, Major Heads: "31-Agriculture-Agriculture and 95-Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research" be reduced by Rs. 100.

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কয়েক দিন আগে একটা সংবাদ জানবার জন্য দৃষ্টি আকর্ষণ করেছিলাম মন্ত্রীদের সেই সংবাদ আমি এখনও জানতে পারিনি—সেটা হচ্ছে ২৪ পরগণা জেলার খবর আমরা বলতে পারি—অন্য জায়গার খবর আমরা বলতে পারবো না, সেখানে স্ট্যাটুটারী রেশনের বাইরে সমস্ত জায়গা ধান চালের মুভমেণ্ট বন্ধ করে দেওয়া হয়েছে—এটা ভাল কি খারাপ তা আমি বলছি না—কিন্তু খবরটা শুধু আমি কৃষিমন্ত্রী বা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই যে এই রকম অর্ডার দেওয়া হোল কেন—এবং এই অর্ডার দেবার উদ্দেশ্য কি দ্বিতীয়ত হচ্ছে দু এক দিন আগে আর একটা খবর আমি পেলাম সেটা হচ্ছে যে হাস্কিং মেসিনের উপর লেভি বসানো হচ্ছে—এখন এই লেভি যদি সত্যই বসানো হয়ে থাকে যদি ২৫ পারসেণ্ট মালের উপর লেভি হয়ে থাকে তাহলে খুব সাংঘাতিক অবস্থার সৃষ্টি হবে। কেন না হাস্কিং মেসিন যারা চালায় তারা যে সব সময় নিজেদের ধান ভাঙ্গে তা নয় অন্যান্য জায়গারও লোক সেখানে এসে ধান ভেঙ্গে নিয়ে যায়। এই অবস্থায় যদি ২৫ পারসেণ্ট উপর লেভি ধার্য্য করা হয় তাহলে ছোট ছোট ব্যবসায়ী তাদের ব্যবসা গুটিয়ে নিতে হবে—অন্তত হাস্কিং মেসিনের উপর যদি ২৫ পারসেণ্ট লেভি হয়ে থাকে এবং এই যে লেভি বসানো হচ্ছে এইটা কলওয়ালাদের ফেবারে। তৃতীয় হচ্ছে ৪০ কুইণ্টাল-এর বেশী যাদের চাল হবে গ্রামের মধ্যে তাদের লাইসেন্স করতে হবে—এখন যে কোন চাষীর ৪০ কুইণ্টল বা তার বেশী চাল হয়—এখন ৪০ কুইণ্টাল চাল হলে তাদের যদি লাইসেন্স করতে হয় তাহলে বহু চাষী হয়রাণী হবে হচ্ছে এবং ওঁরা কিছু সিভিল সাপ্লাইয়ের লোকদের এবং পুলিশের লোকদের ঘুষের পয়সা করে দিচ্ছেন—এটা আপনার নজরে আনছি, আশা করি যখন উনি এ ব্যাপারে উত্তর দেবেন তখন এই উত্তরটা দেবেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটু আগে স্মরজিৎ বন্দ্যোপাধ্যায় মহাশয় তিনি হিসাব যেভাবে দেখিয়ে গেলেন এবং উনি যেভাবে বললেন ৪০ মিনিট ধরে তাতে দু একটা দেখার চেষ্টা করছিলাম—তবে হিসাবটা বোঝা খুব শক্ত। মুখ্যমন্ত্রীর কাছের থেকে ওঁর যে লিষ্ট আছে বিশেষ করে চালের সেই চালের লিস্টটা কোন সালে কত উৎপাদন হয়েছে সেই লিস্ট আমি ওর কাছ থেকে নিয়েছি—নিয়ে আমি টুকে যা দেখলাম তাতে স্মরজিত বাবু যা ফিগার দিলেন আর যেভাবে উনি পারসেণ্টেজ দেখালেন তার সঙ্গে কোন পারসেণ্টজই মিলবে না।

[2—2-10 p.m.]

ওঁদের দরকারমত সুবিধামত ওঁরা গড় করেন করে ওঁদের সুবিধামত হিসাবটা দেন। আমি আপনার কাছে এই হিসাব রাখছি যে হিসাব দেখলে আপনি বুঝতে পারবেন আমাদের পশ্চিমবঙ্গে গড়ে কি পরিমাণ উন্নতি হয়েছে, কত উৎপাদন বেড়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যে তালিকা আছে তাতে দেখলাম ১৯৫৩-৫৪ সালে ৫৫ লক্ষ ৫৬ হাজার টন চাল উৎপন্ন হয়েছে পশ্চিমবাংলায়, আর ১৯৬৪-৬৫ সালে উৎপন্ন হয়েছে ৫৬ লক্ষ ৭০ হাজার টন।

অর্থাৎ ১৯৫৩-৫৪ সাল থেকে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত এই ১১ বছরে চালের উৎপাদন বেড়েছে ১ লক্ষ ১৪ হাজার টন। অথচ একটু আগে স্মরজিতবাবু যে হিসাব দিচ্ছিলেন সেই হিসাবে আমাদের সভ্যদের মধ্যে একটা বিভ্রান্তি হতে পারে। কেন না ১৯৫৩-৫৪ সালে যে ৫৫ লক্ষ ৫৬ হাজার টন উৎপন্ন হয়েছে সেই হিসাবটা ধরে এই ১১ বছরে যে উৎপাদন বেড়েছে সেই উৎপাদনটা লক্ষ্য করলে দেখবেন যে প্রত্যেক বছর ওঁরা আনুমানিক ১০ হাজার টন করে চালের উৎপাদন বাড়িয়েছেন। যেখানে ৫৫ লক্ষ টন করে চালের উৎপাদন হয় সেখানে বছরে ১০ হাজার টন করে বাড়িয়েছেন অর্থাৎ পয়েন্ট কয়েক পার্সেণ্ট হবে। এই যে ১০ হাজার টন বেড়েছে এটা আপনারা বাড়িয়েছেন কি চাষীরা বাড়িয়েছে, কি পতিত জমি উদ্ধার করে হয়েছে, কি এক ফসলী জমি দু'ফসলী করে হয়েছে জানি না, তবে মোট বেড়েছে ১ লক্ষ ১৪ হাজার টন ১১ বছরে অর্থাৎ বছরে ১০ হাজার টন বেড়েছে। কৃষি খাতে এবারে খরচ হবে প্রায় ১৪ কোটি টাকা। আমার মনে হয় কৃষি দপ্তর তুলে দিয়ে যদি এই টাকাতে ধান কিনতেন তাহলে ১ কোটি মণ ধান কিনতে পারতেন। এই দপ্তর তুলে দিয়ে যদি এই টাকাতে অন্য শস্য কিনতেন তাহলে অনেক বেশী লাভ হত, দেশের অগ্রগতি অনেক বেশী হত। অবশ্য সে প্রস্তাব করছি না, শুধু হিসাব দেওয়ার জন্য আমি এই উদ্ধৃতি দিলাম। কিন্তু আমরা জানি ইনভেস্ট যদি না করি, উৎপাদন যদি না বাড়াতে পারি তাহলে আমাদের অন্য দেশের উপর যে নির্ভরশীলতা সেই নির্ভরশীলতা কোনদিন কাটবে না। আমি বলে রাখি এই যে হিসাব দিলেন যেভাবে তথ্য পরিবেশন করলেন সেই তথ্য পরিবেশন করার কায়দাটা বিভ্রান্তিকর। তার কারণ, আমরা জানি এই অর্থনৈতিক কাঠামো বজায় রেখে গ্রামের দিকে আধা সামন্ততান্ত্রিক ব্যবস্থা বজায় রেখে ওদের যে অগ্রগতি করার ক্ষমতা সেটা খুব সীমাবদ্ধ। কিন্তু সেই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যেটুকু করা উচিত ছিল তাও করেন নি। অন্যান্য দেশে, আমি ভারতবর্ষের কথা বলছি না, গড় উৎপাদন অনেক বেশী বেড়ে গেছে। জাপানের কথাই ধরুন—অন্ততঃ বিজ্ঞানের যে ফল তাকে প্রয়োগ করে আমাদের দেশের সেই স্তরে পৌছাতে খুব বেশী দিন লাগা উচিত নয়। কিন্তু সেখানে ওঁরা তাও করতে পারছেন না। আমরা কাঠামো বদলানর কথা বলছি না, আধা সামন্ততান্ত্রিক ব্যবস্থা বজায় রেখেছেন সে সম্বন্ধে কি করবেন সে কথাও বলছি না, সেই অবস্থায় পৌঁছাতে যে ওঁদের কয়েক শো বছর লাগবে যদি এইরকমভাবে বছরে ১০ হাজার টন করে চালের উৎপাদন বাড়তে থাকে সেটা বলা শক্ত। আর একটা কথা হচ্ছে ওঁরা একটু আগে বলেছেন আমাদের যে আবাদ যোগ্য জমি আছে তার ৮৭ ভাগ কাজে লাগিয়েছেন অর্থাৎ এর থেকে বোঝা যায় যে ইনটেনসিভ কালটিভেসানের প্রয়োজন আছে। কিন্তু আমি ঐ তথ্যের ডিসপিউট না করে এই কথা বলতে চাই এখনও অনেক জায়গায় জমি আছে যাতে আবাদ করা চলে কিংবা যে পতিত জমি আছে তা উদ্ধার করা যায় যদি সরকারের এই ব্যাপারে কোন উদ্যোগ কিংবা সহযোগিতা থাকে এবং বহু জায়গায় সামান্য সামান্য জলের অভাবের জন্য কিংবা স্লুইসগেট না থাকায় জল সরে না যাওয়ায়, সামান্য নালা কিংবা ছোট খাল সংস্কারের অভাবে বহু জায়গায় যেখানে চাষ হতে পারে সেখানে চাষ হয় না।

কিন্তু ঐ যে ৮৭ ভাগ জমিতে যে ফসল করছেন, সেখানে যদি তাঁরা ইনটেনসিভ কাল্টিভেশন করতেন, তাহলে দেশ সমৃদ্ধ হতো। কৃষকদেরও অনেক উন্নতি হতো। আজ যদি ওঁরা একটা জমিতে দু তিনবার ফসল না ফলাতে পারেন, তাহলে ওঁরা দেশের যে সমৃদ্ধির কথা বলছেন, কৃষকদের যে উন্নতির কথা বলছেন, সে উন্নতি কখনো সম্ভব নয়। ওঁদের হিসেব অনুযায়ী শতকরা কুড়ি ভাগের বেশী জমি তাঁরা এখনো দু-ফসলী এলাকায় পরিণত করতে পারেন নি। আমাদের দেশে আবাদযোগ্য জমিতে যেখানে ফসল হয়, সেই এলাকাকে যদি দো ফসলা জমিতে পরিণত করতে না পারেন, তাহলে সামগ্রিকভাবে কৃষির উন্নতি ও সাধারণ কৃষকের উন্নতি এবং জীবনের মান উন্নতি করবার যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা কখনো সার্থক হতে পারে না। তবে চাষের উন্নতির জন্য যে হিসেব তাঁরা দিলেন—ওঁরা অনেক ব্যবস্থা করছেন এবং সংস্কার করছেন ডিপ টিউবওয়েল ইত্যাদি করেছেন, স্মরজিতবাবু-ও যা বললেন আমরা খবর নিয়ে জানি বহু জায়গায় ওঁরা ডিপ টিউবওয়েল কারেণ্ট-এর অভাবে কার্য্যকরী করতে পারছেন না। বহু জায়গায় ডিপ টিউবওয়েল অকেজো হয়ে পড়ে আছে। ওঁরা চাষের উন্নতির জন্য নাকি চেষ্টা করছেন। একটু আগে স্মরজিতবাবু বললেন যে

কারেণ্ট-এর অভাবে ডিপ টিউবওয়েলগুলিকে কার্য্যকরী করতে পারছেন না। এমনি ব্যবস্থা। কি পরিমাণ পরিকল্পনা। কেন, কেন্দ্রেতে তো অন্য কোন সরকার নাই। এখানে যে সরকার কেন্দ্রেও সেই সরকার। তাহলে ডিপার্টমেণ্টএ ডিপার্টমেণ্টএ কি রকম কো-অরডিনেশন—তা এ থেকে বোঝা যাচেছ। ডিপ টিউবওয়েল হলো। কিন্তু কারেণ্টএর অভাবের জন্য তা কার্য্যকরী করা গেল না। যার ফলে বহু জমি যা আবাদযোগ্য তাঁরা করতে পারতেন, তা পারছেন না, তা করা গেল না। আর যে সব জমি দোফসলী করতে পারতেন তাও তাঁরা করতে পারলেন না। এটা গর্বের কথা নয়, এটা আনন্দের কথা নয়, এটা লজ্জার কথা। এটা দুঃখের সঙ্গে ঘোষণা করলেন না যে এই কারণে ডিপ টিউবওয়েল অকেজো হয়ে পড়ে আছে।

তারপর বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ। কোথায় কি কলেজ ইত্যাদি হবে আমাদের ঠিক জানা নাই কলেজ কবে হবে? সাধারণ কৃষকেরা যে জমিতে ফসল ফলায়, সেই সাধারণ কৃষকেরা কবে শিক্ষিত হয়ে বিজ্ঞানলব্ধ ফল তারা জমিতে লাগাবে। সেটা অনেক দূরের কথা। কিন্তু বর্তমানে যা দেখতে পাচিছ তা হচেছ এই বিজ্ঞানের যে উন্নতি হলো কিংবা যে রিসার্চ হলো, সেই রিসার্চের ফলে বাংলাদেশের সমস্ত কৃষক সমাজ তাদের জমিতে প্রয়োগ করতে পেরেছে কিনা। কৃষি মন্ত্রী তো বললেন বাংলাদেশে কারেণ্ট-এর অভাব। বাংলাদেশে যত পার্সেণ্টেজ কৃষক তাদের নিজস্ব কায়দায় চাষ করে, তার চেয়ে বিজ্ঞানের পরীক্ষালব্ধ ফল কতখানি বেশী ব্যবহার করতে পেরেছে বা করাতে কতখানি উদ্যোগী হয়েছে—এটা আমাদের জানা দরকার। তা যদি না হয় তাহলে এ নিয়ে এত হৈচৈ করায় লাভ কী?

তিনি আর একটি তথ্য দিলেন বর্দ্ধমান জেলায় কলেজ করার পরিকল্পনা করেছেন, সেখানে রিসার্চ করবেন। কিন্তু সেখান থেকে সাধারণ কৃষক লাভবান হচেছ কিনা, নিজের জমিতে সেই পরীক্ষালব্ধ ফল প্রয়োগ করেছে কিনা এটা দেখা দরকার। সেদিক থেকে একেবারে কোন রকম কাজ এগোয় নি।

তারপর হচ্ছে কৃষককে প্রয়োজনীয় উন্নততর যন্ত্রপাতি দেওয়া হয় নাই। একটু আগে কৃষিমন্ত্রী বললেন আমরা কৃষককে সীড ড্রিল, হুইল হো, প্যাডি উইডার ইত্যাদি দেবার বন্দোবস্ত করছি। আমি এই যন্ত্রপাতি কিছু কিছু জানি। ওঁদের কৃষি বিভাগ কি রকম তৎপর দেখুন। এই হুইল হো, প্যাডি উইডার, সীড ড্রিল-এর জন্য গত আগষ্ট-সেপ্টেম্বর মাসে টেণ্ডার কল্ করেছিল, আর নভেম্বর মাসে সেই টেণ্ডার ওপেন করেছেন।

[2-10—2-20 p.m.]

নভেম্বর মাসে সেই টেণ্ডার ওপেন করেছে এবং যারা যারা টেণ্ডার পেল, অর্ডার পেল তাদের ৩১শে মার্চের মধ্যে দেবার কথা এবং কার কত ক্যাপাসিটি সেটা জানাবার কথা। আশ্চর্য্যের ব্যাপার হচেছ আগষ্ট মাসে টেণ্ডার চাইল, কিন্তু তারিখটা ৩১শে মার্চ, ১৯৬৫ থেকে এক্সটেনডেড হয়ে ডিসেম্বর ১৯৬৫ হোল—অর্থাৎ সারা বছরের জন্য এক্সটেনডেড হোল। আমি যে এই ঘটনা বললাম তার কারণ হচেছ এঁদের কৃষি বিভাগ কতখানি তৎপর কিভাবে কাজ চালান সেটা তারিখ এক্সটেনসন-এর ব্যাপারে দেখা গেল। তারপর, কো-অপারেটিভ সম্বন্ধে স্মরজিতবাবু যে কথা বললেন তাতে দেখছি পুরো সত্যকথা তিনি পরিবেশন করতে পারলেন না—খানিকটা করলেন এবং খানিকটা করলেন না। আপনারা কো-অপারেটিভকে যে বেশী ফ্যাসিলিটি দেন তা নয়, বরং আমি দেখিয়ে দেব এই সমস্ত প্যাডি উইডার, সিড ড্রিল এবং হুইল হো প্রভৃতি সমবায়কে যে অর্ডার দেন তার চেয়ে বেশী অর্ডার দেন প্রাইভেট ফার্ম-কে। সমবায়কে যদি পেতে হয় তাহলে এঁদের কাছে ঘোরাঘুরি করতে হবে, হাটাহাটি করতে হবে, তেল মাখাতে হবে এবং তারপর পাবে। স্যার, এমন অনেক কোম্পানী আমার জানা আছে যারা এই সমস্ত জিনিস তৈরী পর্যন্ত করে না অথচ তাদের ওঁরা অর্ডার দেন। স্মরজিতবাবুর সঙ্গে আমি যোগাযোগ করবার চেষ্টা করেছি এবং

উনি গতবার সাড়া দিয়েছেন। দেখি শেষ পর্যন্ত কতখানি কার্যকরী হয়। তবে তথ্য যা দিয়েছেন সেটা ঠিক নয়, অর্থাৎ সমবায়কে ফ্যাসিলিটি দেন সেটা ঠিক নয়। আমি আগেই বলেছি অন্যান্য প্রতিষ্ঠান যারা এই সমস্ত জিনিস উৎপন্ন করে না, অন্যের কাছ থেকে কিনে তারপর বিক্রি করে বরং তাদেরই ফ্যাসলিটি দেওয়া হয় এবং যদি দরকার হয় তাহলে আমি সেই তথ্য দিতে পারি। এবারে ন্যায্যমূল্য দেবার কথা আলোচনা করা দরকার। আমরা জানি কৃষকের ঋণের পরমাণ ক্রমশঃ ক্রমশঃ বেড়ে চলেছে। কিন্তু এঁদের তো গ্রুপ লোন আছে? অজয়বাবু গ্রামের লোক তিনি এসব জানেন।

কিন্তু প্রশ্ন হচ্ছে এই যে ২৫ টাকা গ্রুপ লোন দেওয়া হয় তাতে কি কাচকলা হবে, তাতে কি উন্নতি হবে? আমরা দেখেছি এই ২৫ টাকা নিয়ে কৃষক কোন কাজে লাগায়না। তারপর, এই ২৫ টাকা যদিও বা তারা পেল সেটা কি ভাবে আদায় করবেন? সেই গ্রুপের একজন যদি ফেইল করে টাকা দিতে বা অন্যেরা ফেইল করে টাকা দিতে তাহলে যারা গ্রুপের মধ্যে আছে তাদের উপর দায়িত্ব এসে যায়। এটা অত্যন্ত মজার কথা। আপনারা ব্যক্তিগত কোন কৃষককে না দিয়ে গ্রুপকে দিলেন এবং কেউ যদি ফেইল করে তাহলেই বললেন কলেকটিভ রেসপনসিবিলিটি। এর অর্থ হোল আমাকে টাকা দিলেন না এবং যাকে দিলেন তাকে টাকা দেওয়াতে বাধ্য করার হাত আমার নেই অথচ আমাকে খেসারত দিতে হবে। তারপর, সেদিন বক্তৃতায় বললেন কৃষি খাতে অনেক টাকা ব্যায় করেন। কিন্তু আমরা দেখছি সেটা কৃষকের কাজে লাগে না। ক্যাটেল পার্চেজ লোন যেটা দেওয়া হয় সেটা দিয়ে গরু, ষাড় কেনা যায় না গরুর লেজ ধরে ঝোলা যায় সেটা আমরা জানি না। তারপর যদি ধরাও যায় সেই টাকায় ষাড় কেনা যায় তাহলেও বিবেচনা করুন সেই টাকা সেই জন্য ব্যবহার করা হয় কিনা? আমার কনসটিটিউএনসীতে আমি বহু লোককে জানি যারা আপনাদের ভোট দেয় তাদের ষাড় থাকা সত্বেও এই টাকা নেয় এবং বলদ কেনবার দরকার নেই বলে এই টাকা দিয়ে চারাপোনা কেনে। স্মরজিতবাবু বললেন আমরা ক্যাটেল পার্চেজ লোন দিয়েছি, গ্রুপ লোন দিয়েছি, ফার্টিলাইজার দিয়েছি, ম্যানিওর-এর জন্য এত দিয়েছি। কিন্তু আসলে আমরা দেখছি যারা কৃষির উপর নির্ভরশীল তারা এই টাকা সেই কাজে ব্যয় করে না।

বহু জায়গায় ব্লক ডেভেলপমেণ্ট-এর ওরা যে সমস্ত লোন স্যাংসন করে রেখেছে ছোট ছোট ইরিগেশন-এর জন্য সেই সমস্ত লোন কেন কৃষকরা নেয় না। স্মরজিৎবাবু হিসাব দেবেন কত টাকা ফিরে আসে। ব্যক্তিগত দলিল বাঁধা দিয়ে যে তারা লোন নেবে সে ক্ষমতা তাদের নেই। এবং কৃষকদের ঋণের পরিমাণ যেভাবে বেড়ে যাচ্ছে, মাঝে মাঝে যে সার্টিফিকেট জারী করেন তাতে কৃষকদের আতঙ্কের মধ্যে থাকতে হয়। এর কোন মানে থাকতে পারে না। যদি আপনারা সত্যিকারের উৎপাদন বাড়াতে চান ধান ফলনে যদি সত্যিকার উৎসাহিত করতে চান তাহলে ঋণ মুকুব করুন এবং ঋণ মুকুবের একটা ইয়ার ঠিক করে দিন যে অমুক ইয়ার পর্যন্ত যে সমস্ত ঋণ কৃষকরা নিয়েছে তা মুকুব করে দিলাম। তাহলে কৃষকেরা স্বস্তির নিশ্বাস ফেলবে এবং আপনাকে আশীর্বাদ করবে। এবং এটা করলেই কৃষকদের আপনারা অনেক উৎসাহিত করবেন।

দ্বিতীয় কথা হচ্ছে আপনারা খাদ্যের দাম বেঁধে দিয়েছেন, কৃষকদের আপনারা বললেন তারা ন্যায্যমূল্য পাক এটা আপনারা চান। কিন্তু সত্যিই কি তারা ন্যায্যমূল্য পায়? মন্ত্রী মহাশয় আমাদের বলবেন সত্যিকারের ন্যায্যমূল্য পায় কিনা? এই বিধান সভায় দাঁড়িয়ে সমস্ত বিরোধী দল এবং আপনারাও স্বীকার করলেন সত্যিকারের শুধু রেশনিং চালু করার ব্যাপার নয়। শুধু চোরাকারবারীদের ঠাণ্ডা করার জন্য নয়। বাংলাদেশের কৃষকরা যাতে ন্যায্যমূল পায় তার জন্য সমস্ত ক্রপ আপনারা যাতে নেন এবং চাল নিয়ে মূলতঃ যেটা কাটকাবাজী হয় সেই চাল যাতে আপনারা নিজেরা কিনে নিয়ে নিজেরা ব্যবসা করেন সেই স্টেট ট্রেডডিং-এর কথা বলা হয়েছিল। কিন্তু সেই স্টেট ট্রেডিং এড়িয়ে গিয়ে শুধু বড় বড় কথা বলা হয়েছে। চোরাকারবারী যাতে ধরা যায় এবং কৃষকরা যাতে ন্যায্য মূল্য পায় সেটার যাতে গ্যারাণ্টি থাকে তা আপনারা করলেন না। আপনারা নিজেরা ধান কিনলেন না কোন জায়গায়। ২৪-পরগনা জেলার বিভিন্ন জায়গায় আমি ঘুরেছি

আপনারা নিজেরা ধান কিনছেন না, আপনারা গায়ের জোরে চেষ্টা করছেন কৃষকদের ধান জোর করে কেড়ে চালের মুভমেণ্ট বন্ধ করে দিয়ে হ্যাণ্ডিং-এর উপর লেভি চালু করে শেষ পর্যন্ত তারা মিলারদের হাতে যাতে ধান তুলে দেয় তারই ব্যবস্থা করলেন। এতে করে কি কৃষকদের ন্যায্যমূল্য দেওয়া যায়? যতক্ষণ পর্যন্ত না আপনারা স্টেট ট্রেডিং চালু করছেন যতক্ষণ না আপনারা দায়িত্ব না নিচ্ছেন ততক্ষণ কৃষকদের ন্যায্যমূল্য দেবেন, কৃষকদের উৎসাহিত করবেন এসব বড় বড় কথা ফাঁকা কথা বলে লাভই হবে না— আমরা বলছি আপনারা ব্যবসা করুন। আপনারা বলেছিলেন আমরা করবো ব্যবসায়ীরাও করবে, এখন দেখছি ব্যবসায়ীরা রইল, আপনরাই সরে এলেন বাজার থেকে। কার জন্য? কৃষকদের সুবিধার জন্য? কার জন্য, কেন নিজেরা চাল কিনছেন না? সোজা কথা হচ্ছে একদিকে কৃষকদের ফাঁকি দেবেন, মধ্যবিত্তকে ফাঁকি দেবেন এবং বড় বড় ধান কল মালিকদের হাতে দেবেন চাল নিয়ে ফাটকাবাজী করার সুবিধা করে দেবার জন্য এবং সেজন্য নিজেরা ধনচাল কিনছেন না। আলুর ব্যাপার আগেই বলেছি। কি সাংঘাতিক ব্যাপার ৮।১০ টাকায় কিনবে আর ৪০ টাকায় বিক্রী করবে কোল্ড স্টোরেজ-এ রেখে। এই কোল্ড স্টোরেজ আপনারা হাতে নিচ্ছেন না কেন, যদি কৃষকদের মুনাফা দিতে হয় তবে আইন করে সেই কোল্ড স্টোরেজ নিজেদের হাতে নিতে অসুবিধাটা কোথায়? কোথাও যদি খেসারৎ দিতে হয় দেবেন কিন্তু জানুন এবং সত্যিকারের আলু চাষীদের যদি ন্যায্যদাম দিতে চান কি করে কৃষকদের ভাল করবেন। কি করে ফসলের উৎপাদন বাড়াবেন?

তৃতীয়তঃ হচ্ছে আপনাদের তো অভিজ্ঞতা আছে, সেই অভিজ্ঞতা হচ্ছে সুরৎগড়ে রাষ্ট্রী খামার হয়েছে। তাতে উৎপাদন বেড়েছে শোনা যায়। এই রকম ১০০টি ফার্ম যদি তৈরী করা যায় তবে ভারতবর্ষ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে। পশ্চিমবাংলায় সেই রকম রাষ্ট্রীয় খামার তৈরী করার পরিকল্পনা বা চেষ্টা নিচ্ছেন না কেন? যদি সত্যিকারের সৎ উদ্দেশ্য থাকে মানুষকে রিলিফ দেবার তাহলে অসুবিধা কোথায়? আপনাদের কত বড় বড় পরিকল্পনা আছে যা দ্বারা ভাল ফল লাভ করা যায় সেগুলি কার্য্যকরী এখনি করছেন না কেন? এগুলি যদি না করেন কৃষকদের উপকার হবে না। কৃষকদের ঋণ মুকুব করে বাজার থেকে চাল কিনে কৃষকদের হাতে সেটা দিন, সেচ পরিকল্পনা কার্য্যকরী করুন এবং আরও বেশী এলেকা যাতে দুফসলী করা যায় তার জন্য যা দরকার তা করতে হবে, ডিপ টিউবওয়েল করে এগুলি কার্য্যকরী করতে হবে।

[2-20—2-30 p.m.]

সর্বশেষে আমি যে বক্তব্য বলতে চাই সেটা স্মরজিৎ বাবুর ব্যাপার নয় কিন্তু আমরা জানি বাংলা দেশে যারা কৃষক অর্থাৎ যারা উৎপাদন করে যে জনসংখ্যা সেই জনসংখ্যাকে যদি আপনারা জমি না দিতে পারেন তাহলে কোন দিনই কৃষির উৎপাদন বাড়তে পারে না। আপনারা যতই কংগ্রেসী রাজের জয়গান গান না কেন উৎপাদন তাতে বাড়তে পারে না। যে কৃষক উৎপাদন বাড়াবে সে যতক্ষণ না জমির মালিক হতে পারছে, নিজের হাতে জমি না পাবে ততক্ষণ কৃষির উৎপাদন বাড়াবার কোন প্রচেষ্টাই হবে না। যদি একটা ভাগচাষী মনে করে যে সামনে বৎসর তার এ জমি থাকবে কি থাকবে না তাহলে ফসল বাড়াবার দিকে তার উৎসাহ থাকবে না। সুতরাং যে কৃষিজীবী তাকে যদি জমির মালিক না করতে পারেন তাহলে যতই পরিকল্পনা করুন বা সারের ব্যবস্থা করুন, উন্নতবীজ সরবরাহ করুন কোন রকমেই উৎপাদন বাড়তে পারে না। কিরকম উৎপাদন বাড়বে না ই বৎসরে ১০ হাজার টন। এই ১১ বৎসরে ১ লক্ষ ১৪ হাজার টন বেড়েছে। অথচ তাদের হিসাবের কায়াদায় ১০ বৎসরে একটা গড় করে ফেলে দেখিয়ে দিলেন যে এত পার্সেণ্ট বেড়েছে ১০ হাজার করে বৎসরে বড়ছে। সেজন্য বলছি কৃষির যদি উন্নতি করতে চান তাহলে সে পদ্ধতি গ্রহণ করুন তা না হলে আপনাদের এই খাতে যে টাকা ব্যয় হচ্ছে সেটা কোন কাজেই আসবে না। আপনারা বলছেন উন্নত বীজ সরবরাহ করেন অনেক জায়গায় আমরা জানি বীজ চাষীর কাছে যায় না। সে বীজ আবার কায়দা করে

সরবরাহ করা হচ্ছে। এই কথা বলি যে এই বীজ আবার জাল করে গোপনে বাজারে বিক্রি করা হয়। সার কেলেঙ্কারীর কথা কে না জানে। এই হাউসেই কথা হয়েছে যে সার বেশীর ভাগই চা বাগান এবং অন্যান্য জায়গায় চলে যায়। সত্যকারের যদি উৎপাদন বাড়াতে হয় তাহলে আমাদের সাজেসান গ্রহণ করুন। আপনারা কেবল বলেন বিরোধী দল থেকে কোন কনসট্রাকটিভ সাজেসান দেওয়া হয় না। স্টেট ট্রেডিং কি কনসট্রাকটিভ সাজেসান নয়? কৃষক যাতে ন্যায্য দাম পায় সেজন্য যদি আমরা বলি সেটা কি কনসট্রাকটিভ সাজেসান নয়? যদি আমরা বলি যে বেশীর ভাগ জায়গায় ২ ফসলা কার্য্যকরী করার জন্য আপনারা টিউব ওয়েল করুন, ছোট ছোট পরিকল্পনা করুন তাহলে সেটা কি কনসট্রাকটিভ সাজেসান নয়? কিম্বা যদি আমরা বলি কৃষকের হাতে জমি দিন—এটা অবশ্য ল্যাণ্ড রেভিনিউর ব্যাপার—তাহলে সেটা কি কনসট্রাকটিভ সাজেসান নয়? এই কনসট্রাকটিভ সাজেসান গ্রহণ না করে যদি পার্টিবাজী করেন তাহলে বৎসরে ১০ হাজার টনের বেশী আর কিছু হবে না। ১০ হাজার টনই আপনাদের লিমিট এবং বিধান সভায় কায়দা করে দেখাতে হবে যে এত পারসেণ্ট বেড়েছে। সুতরাং কৃষি মন্ত্রীকে অনুরোধ করবো বিরোধী পক্ষ থেকে যে সমস্ত সাজেসান হচ্ছে তার উত্তর দেবেন। পছন্দমত যেটা মনে হয় উত্তর দিলেন আর অন্যটা উত্তর দিলেন না তাহলে আমরা বুঝবো যে আমাদের বক্তৃতা আপনারা শোনেন নি বা বুঝবো আপনারা উত্তর দিতে প্রস্তুত নয়, এবং আমরা যে কোন সাজেসানই দিই না কেন সে সাজেসান কার্য্যকরী করতে পারছেন না। সর্বশেষে এই বলবো আপনাদের ফিগারের এ কারচুপিটা বন্ধ করুন তাহলে খুসী হব।

Shri Arabinda Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় কৃষি বিভাগের মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তা সমর্থন করতে গিয়ে এই প্রসঙ্গে কয়েকটা কথা আমি হাউসের সামনে উপস্থিত করছি। আমি প্রথমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে আমার বিশেষ কয়েকটি বক্তব্য শুনতে অনুরোধ করছি। আমি যেটা বলছি সেটা হচ্ছে হাওড়া ও হুগলিতে চাষের জন্য যে সমস্ত পাম্পিং মেশিন দেওয়া হয়েছে সেগুলি ঠিকমত কাজ করছে না। এ বিষয়ে বহুবার আমরা গভর্নমেণ্ট-এর দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু তবু গভর্নমেণ্ট-এর তরফ থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। আমি বলতে চাই যে গভর্নমেণ্ট এই মেশিন গুলি উইথড্র করে নিন পরিবর্তে নূতন মেশিন বসান না হয় এ মেশিন গুলি সারাবার ব্যবস্থা করুন।

মাননীয় স্পীকার মহাশয়, ভারতবর্ষের আর্থিক জীবনে কৃষির স্থান সর্বাধিক গুরুত্বপূর্ণ। কৃষিকে আমরা অতীতে যে চোখে দেখে এসেছি বর্তমানে সে দৃষ্টিতে আর আমরা দেখতে পারি না। কারণ কৃষির স্থান অত্যধিক গুরুত্বপূর্ণ এবং এর ইমপ্রুভমেণ্ট-এর জন্য আমাদের আরও সচেষ্ট হতে হবে। ভারতবর্ষে শতকরা ৭০ জন কৃষির উপর নির্ভরশীল। একথা অনস্বীকার্য যে কৃষি ভারতবর্ষের এককভাবে লার্জেস্ট ইণ্ডাস্ট্রি। সুতরাং একে আর উপেক্ষা করা চলে না। ভারতবর্ষে এবং বাংলাদেশের আর্থিক কাঠামো প্রধানতঃ কৃষিভিত্তিক. ভারতে যতলোক কাজ করছে তার তিনের চার অংশ লোক কৃষির সঙ্গে এবং সংশ্লিষ্ট অ্যাকটিভিটির সঙ্গে যুক্ত আছে। ভারতবর্ষের এবং বাংলাদেশের জাতীয় আয়ের শতকরা ৫০ ভাগ কৃষি থেকে আসে। ভারতবর্ষের জাতীয় আয় হচ্ছে ১৫,৪০০ কোটি টাকা ১৯৬২-৬৩ সালে; কৃষি থেকে আসে ৬,৯৭০ কোটি টাকা। বাংলা দেশের আয় ১১৫৫.৬৫ কোটি টাকা কৃষি থেকে আসে ৪৭৩.৫১ কোটি টাকা। সুতরাং দেখা যাচ্ছে কৃষি একটা অবহেলার বস্তু নয়। যদিও কৃষি বিভাগ কাজে কিছুদূর অগ্রসর হয়েছেন তবুও একথা বলতে হবে যে যতখানি গুরুত্ব আরোপ করা উচিত ছিল কৃষি ব্যবস্থার ওপর আমরা ততটা গুরুত্ব আরোপ করতে পারিনি অর্থাৎ উন্নতির যে চেষ্টা হয়েছে সেটা আশানুরূপ নয়। সেজন্য জাতীয় ইনকাম-এর যতটা বৃদ্ধি হওয়া উচিত ছিল কৃষির অনগ্রসরতার জন্য সেটা সেভাবে ঘটেনি। আমাদের প্ল্যানিং কমিশন এই কথা বলেছেন যদি রুরাল ইকনমি ইমপ্রুভ করতে হয় তা হলে তার মূল ভিত্তি যা সেই কৃষিকেই ইমপ্রুভ করতে হবে। কৃষির উৎকর্ষতা ঘটলে তবেই রুরাল ইকনমি ইমপ্রুভমেন্ট হবে। বাংলাদেশের শতকরা ৭৫ জন লোক গ্রামাঞ্চলে বাস করে এবং সমগ্র ভারতবর্ষে শতকরা ৮২ জন লোক গ্রামাঞ্চলে বাস করে। অতএব জনসমষ্টির একটা [illegible]

গ্রামাঞ্চলে রয়েছে। তাদের যদি উন্নতি বিধান আমরা করতে চাই তা হলে কৃষক বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে দেখতে হবে। যাতে কৃষির আশানুরূপ উন্নতি হয় তার ব্যবস্থা আমাদের করতে হবে। আমাদের বাংলাদেশের কৃষিভিত্তিক মেজর ইণ্ডাস্ট্রিগুলির মধ্যে আছে সুগার ইণ্ডাস্ট্রি, জুট ইণ্ডাস্ট্রি, টি ইণ্ডাস্ট্রি, ল্যাক ইত্যাদি। এই ইণ্ডাস্ট্রিগুলির ভূমিকা জাতির আর্থিক পুনর্বিন্যাসে অত্যধিক গুরুত্বপূর্ণ। এগুলির ইমপ্রুভমেণ্ট ও প্রসারের দিকে বিশেষ দৃষ্টি থাকা উচিত, কারণ এগুলি ফরেন এক্সচেঞ্জ আর্নার। একটা ডেভেলপীং কানট্রির পক্ষে ফরেন এক্সচেঞ্জ-এর গুরুত্ব অত্যন্ত অধিক। আমাদের দেশে যদি আমরা হেভি ইণ্ডাস্ট্রি প্রবর্তন করতে চাই নূতন নূতন মেসিনারী স্থাপনা করতে চাই তাহলে ফরেন এক্সচেঞ্জ আর্নার কৃষিজাত দ্রব্যগুলির মূল্য আরও বেশী করে উপলব্ধি করা দরকার। এই ফরেন এক্সচেঞ্জ-এর ক্ষেত্রেও আমরা দেখতে পাচ্ছি এই কৃষির স্থান সকলের উপরে, রুর‍্যাল ডেভেলপমেণ্ট-এর ক্ষেত্রেও কৃষির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাছাড়া খাদ্যের ব্যাপারে মাঝে মাঝে আমাদের যে নিদারুণ সংকটের সম্মুখীন হতে হয় সেকথা আমাদের আদৌ ভোলা উচিত হবে না। বহু কারণে বাংলা দেশে খাদ্য উৎপাদনের ব্যাপারে আমাদের শুধু স্বয়ংসম্পূর্ণ হতে হবে তা নয়, যাতে বাংলা দেশের লোক খাদ্যের বিষয়ে নিশ্চিন্ত হতে পারে, দুশ্চিন্তামুক্ত হতে পারে সে দিক বিবেচনা করে কৃষির উপর জনসাধারণের এবং সরকারের বিশেষ গুরুত্ব আরোপ করা প্রয়োজন।

2-30—2-40 p.m.]

এখন আমি দেখাতে চাই কৃষি কোন্ কোন্ বিষয়গুলির উপর নির্ভরশীল। সেগুলি হচ্ছে ডেভেলপমেণ্ট অব ইরিগেশন—বৃহৎ এবং ক্ষুদ্র, সয়েল কনজারভেসন, সাপ্লাই অব ফার্টিলাইজার, ইমপ্রুভড সিডস, ক্রেডিট ফেসিলিটিস, এক্সটেনসন সার্ভিস, এবং সর্বশেষে প্ল্যানিং কমিশন বলেছেন ল্যাণ্ড রিফরমস। আমরা উত্তরাধিকার সূত্রে যে ভূমি ব্যবস্থা পেয়েছি তা কৃষির পক্ষে অনুকূল তা নয়ই বরং ভয়ানক প্রতিকূল। সেই ল্যাণ্ড রিফরমস ব্যবস্থা যাতে কৃষির অনুকূল হয় সেদিকে দৃষ্টি দেওয়া একান্ত প্রয়োজন। এখন আমার বন্ধুরা বিষয়টা একটু পরিষ্কার ভাবে জানতে চাইছেন বলে তাঁদের জানাচ্চি যে আমাদের এখানে জমি খণ্ড খণ্ড ভাগে বিভক্ত হয়ে আছে। এক মালিকের সব জমি এক জায়গায় নেই, বহু জায়গায় ছড়িয়ে রয়েছে। এই ব্যাপারটাই আমি বিশেষভাবে উল্লেখ করতে চাই। কিন্তু আমার বরাদ্দ অল্প সময়ের মধ্যে সব কথা বলা সম্ভব নয়। তবুও যেটুকু বলা যায় সেটুকু বলার চেষ্টা করব। গভর্ণমেণ্ট কৃষির উন্নতির জন্য অনেক ব্যবস্থা করেছেন। অনেক প্রশংসনীয় আয়োজনও তাঁদের আছে কিন্তু এসব করা সত্বেও উৎপাদন কিন্তু নির্দিষ্ট মানের অনেক নীচে। আমার বিশ্বাস গভর্ণমেণ্ট যতই খরচ করুন বা ব্যবস্থা অবলম্বন করুন যদি প্রচলিত কৃষি সংগঠনের পরিবর্তন সাধন করতে না পারেন তাহলে কৃষির এই অনুন্নত অবস্থা থেকে রেহাই পাওয়া শক্ত হবে। আমাদের দেশের কৃষকদের অবস্থা অত্যন্ত খারাপ, আজকাল হয়ত কিছু বেশী ফসল তারা পাচেছ, কিছু পয়সা তাদের হাতে আসছে কিন্তু তাতে কমপ্লাসেনির কোন কারণ নেই। কৃষকের চাষ সম্বন্ধে কোন বৈজ্ঞানিক অভিজ্ঞতা নেই, চাষ তার কাছে একটা পৈত্রিক অভ্যাস মাত্র। এটা তার কাছে ইণ্ডাস্ট্রী নয়। সে সার সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন, উপযুক্ত ইনভেস্টমেণ্ট তার কাছে অপরিহার্য ব্যাপার নয়। অন্যান্য ইণ্ডাস্টির মত চাষ থেকেও যে অবস্থার বিশেষ উন্নতি করা যায় এ বিষয়ে সত্যিকারের বিশ্বাস তার নেই। তাছাড়া আমাদের এখানে যে এগ্রিকাল স্ট্রাকচার আছে তাও চাষের উন্নতির পক্ষে ভয়ানক প্রতিকূল। আমাদের এখানে জমি ক্ষুদ্র ক্ষুদ্র জোতে বিভক্ত হয়ে আছে। একই মালিকের জমি দূরে দূরে বিক্ষিপ্ত অবস্থায় রয়েছে। চাষীর পক্ষে এবং চাষের পক্ষে এগুলি বিশেষ বাধার কারণ। আজকে যদি অনেক জমি একত্রিত করে চাষ না করা যায় তাহলে কস্টিংএরও অনেক ডিফারেন্স ঘটে যায়। কলেকটিভ ফার্মিংএর কথায় আমি পরে আসছি। এর আগে বলতে চাই আজকের দিনে চাষীরা বড় একা একা অসহায় বোধ করে। আমি যে অঞ্চল থেকে এসেছি উদয়নারায়ণপুরের কথা বলছি। সেখানে চাষীদের হয়ত একটা টিউবওয়েল বা পাম্পিং মেশিনের দরকার সেচের জন্য। সেখানে কাছাকাছি কোন খাল বিল নেই, সেচের ব্যবস্থা নেই। অথচ সেখানে যদি সেচের ব্যবস্থা করা যায় তাহলে সেখানকার ৩ ফসলি জমিতে তিনটে ফসল ও অনেক বেশী ফসল হতে পারে। কিন্তু সেখানকার ইনডিভিডুয়াল চাষীর যে আর্থিক সঙ্গতি তাতে একটা টিউবওয়েল বা পাম্পিং মেশিন কেনা

যায় না। সেই জন্যই চাষী বড় একা একা বোধ করে। তার আত্মবিশ্বাস নেই যে কিছু কর যেতে পারে। সেই জন্যই আমার বক্তব্য যদি কলেকটিভলি চাষ করা যায় তাহলে আশানুরূপ ফল পাওয়া সম্ভব। গভর্নমেণ্ট একটা কলেকটিভ ফার্মিংএর আবহাওয়া সৃষ্টি করুন যাতে কৃ চাষের প্রয়োজনীয় ক্যাপিট্যাল ও সহজে আসতে পারে এবং উৎপাদন কস্ট ও কম হতে বাধ্য কলেকটিভ ফার্মিং, জয়েণ্ট ফার্মিং, কো-অপারেটিভ ফর্মিং যাই নাম দেওয়া হোক, সম্মিলিত ভাবে চাষ করার অভ্যাস সুরু হোক এবং চাষকে ইণ্ডাস্ট্রির পর্য্যায়ে আনা হোক। তাছাড়া চাষী যাতে চাষে বৈজ্ঞানিক পদ্ধতি অ্যাপ্লাই করতে পারে তার জন্য পরিকল্পিত জয়েণ্ট ফার্মিং পন্থা অবলম্বন করা দরকার। সুসংবদ্ধ সম্মিলিত চেষ্টার দ্বারাই চাষের উন্নতি করা যেতে পারে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kamal Kanti Guha :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে আমাদের সমাজ জীবনে রাজা এবং বণিক দু জনই আমাদের কাছে একটা প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে। রাজার ছেলে চাষ না বুঝলেও জমির সঙ্গে তাঁর যোগ আছে কিন্তু বণিক যে তাঁর সাথে জমির যোগ নেই কেবলমাত্র পুঁজির যোগ। এই যাঁরা বণিক তাঁরাই আজকে কৃষিখাতে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন। সেইজন্যই দেখছি সত্যিকারের কৃষকদের উন্নতি করার দিকে এঁদের লক্ষ্য নেই। আসল জায়গায় এঁরা পৌঁছাতে পারছেন না। আমাদের রাষ্ট্রমন্ত্রিমহাশয় বলেছেন যে যেগুলি এক ফসলি জমি সেগুলিকে দুফসলি করবার জন্য সচেষ্ট হয়েছেন। আজকে একফসলি জমি দুফসলি করা হোক এটা সুখের কথা। কিন্তু আমি যে এলাকা থেকে এসেছি সেই এলাকার চাষীরা দু বার চাষ করে এবং ভালো ভাবেই চাষ হয়। কিন্তু তা সত্ত্বেও সেখানার চাষীদের পেট ভরে না। তাদের সমস্যা মেটেনি। কেন এরকম হচ্ছে? আসল গলদটা কোথায়? সেটাই আগে দেখতে হবে। তা না হলে ইরিগেশন, বীজ, সারের কথাই বলুন সমস্ত কিছু ব্যর্থ হয়ে যাবে। সেই গলদটা হচ্ছে কৃষকের হাত থেকে ধীরে ধীরে জমি চলে যাচ্ছে। ১৯৫৭ সালে জমিদারি জোতদারী উচ্ছেদ হয়ে যাবার পর আজকে ১৯৬৫ সালে দাঁড়িয়ে আমরা কি দেখছি? ভূমিহীন কৃষক, বর্গাদার জমি পাইনি। যাঁরা সল্প জমির মালিক ছিল তাঁরা দারিদ্র অভাব অনটনে সেই জমি ধীরে ধীরে বিক্রী করে দিচ্ছে। আজকে বাংলাদেশের বুকের উপর নূতন করে একটা জমিদার শ্রেণী সৃষ্টি হচ্ছে। আমি সে সম্বন্ধে সরকারকে খোঁজ রাখতে বলি। একদিন ফজলুল হক সাহেব যেমন ঋণ সালিসি বোর্ড গঠন করে বাংলাদেশের কৃষকদের বাঁচিয়ে ছিলেন ঠিক সেই রকম ভাবে আজকে একটা বলিষ্ঠ নীতি গ্রহণ করা প্রয়োজন। একটা সালিসি বোর্ড গঠন করা দরকার। জমিদারি উচ্ছেদ আইন পাশ হয়ে যাবার পরেও যে সমস্ত কৃষক অভাবের জন্য, খাবার কেনবার জন্য জমি বিক্রী করে দিতে বাধ্য হয়েছে এবং যে সমস্ত জমি বাংলাদেশের বিত্তশালী কৃষকদের ঘরে বেনামে সনামে গিয়ে উঠেছে সেই সমস্ত জমিগুলি প্রত্যেক এলাকায় বোর্ড গঠন করে উদ্ধার করা প্রয়োজন। তারপর স্যার, আপনি অবাক হয়ে যাবেন যদি কোনদিন রেজিস্ট্রী অফিস-এর সামনে গিয়ে দাঁড়ান। আগে যেখানে ১০০।২০০-র বেশী দলিল হোত না আজকে সেখানে প্রতিটি রেজিস্ট্রী অফিসএ ৩ হাজার থেকে ৪ হাজার জমি রেজিস্ট্রী হয়ে যাচ্ছে। এর থেকে আমরা কৃষককে যদি বাঁচাতে না পারি, তার জমি উদ্ধার করতে না পারি তাহলে বাংলা দেশের কৃষকসমাজ ধ্বংস হয়ে যাবে। আমি একটা কথা বারবার এই হাউসে আগেও বলেছি আজকেও বলছি, আমরা দেখেছি উত্তরবঙ্গ নানা দিক থেকে অবহেলিত হয়ে আসছে। শিল্পের কথা সেদিন সুনীলবাবু ননীবাবু বলেছেন। কৃষির কথা—আমরা দেখতে পাচ্ছি যে আমাদের অর্থকরী ফসলের বাবদ ক্যাশ ক্রপ ডেভলপমেণ্টএর জন্য টাকা ধরা হয়েছে কিন্তু তামাকের জন্য কোনরকম টাকা ধরা হয়নি।

[2-40—2-50 p.m.]

তামাক চাষের উন্নতির জন্য আমি প্রতিবাদে এই কৃষি বাজেটের সময় বলেছি টাকা ধরুন-- কিন্তু এবারেও তাঁরা টাকা ধরেন নি। বাংলা দেশের কৃষি মন্ত্রী যিনি এই কৃষি বাজেট উত্থাপন করেছেন তাঁর এই অজ্ঞতা, অবিবেচনা এবং অযোগ্যতা আমাদের বাংলা দেশের প্রতিটি মানুষের লজ্জার কারণ হয়ে দাঁড়িয়েছে—যে বাংলা দেশের অর্থকরী ফসল কি কি - তার মধ্যে তার

দপ্তরের সে সম্বন্ধে কোন জ্ঞান নেই। আজকে উত্তর বঙ্গের দুটি অর্থকরী ফসল—তামাক এবং পাট। এক কুচবিহার জেলা থেকে প্রতিবছর কেন্দ্রীয় সরকার পাঁচ কোটি টাকা ডিউটি পায় তামাক বাবদ আর জলপাইগুড়ি থেকেও পায় প্রায় ২ কোটি টাকা। অথচ সেই তামাক চাষের কি করে উন্নতি করা যায় সে সম্বন্ধে স্মরজিত বাবু কিছুই এখানে রাখেন নি। দ্বিতীয়তঃ জুট সম্বন্ধে ওঁরা অহঙ্কার করেন যে আমাদের পাটের চাষ বেড়েছে—কিন্তু আমি স্মরজিতবাবুকে জিজ্ঞাসা করি—তিনি তাঁর উত্তরের সময় নিশ্চয়ই একথা বলবেন যে আমাদের পাটের চাষ যে বৃদ্ধি পেয়েছে সেটা জমি থেকে হিসাব করে তিনি সেই খবর আমাদের দিচ্ছেন না মিলে যে বেল তৈরী হচ্ছে তার থেকে উনি বলছেন। যদি দেখা যায় যে মিলের থেকে বলছেন তাহলে আমি বলবো তাঁর হিসাবে কোন ভুল নেই কিন্তু যদি বলেন যে আমি জমি থেকে বলছি তাহলে বলবো তিনি অসত্য কথা বলছেন। কারণ আমরা জানি যে উত্তরবঙ্গের সীমান্ত দিয়ে পাকিস্তান থেকে লক্ষ লক্ষ মণ পাট প্রতিবছর ভারতবর্ষে আসছে—এর ফলে তারা আজকে ভুল হিসাব দেবার সুযোগ পাচ্ছেন যে সরকারের কৃতিত্বে পাটের উৎপাদন বেড়েছে—কিন্তু তা বাড়ে নি—এর ফলে পাকিস্তানে স্বল্প মূল্যের পাট মহাজনরা কিনে সেই পাট এখানে বেশী দরে বিক্রি করছে আর এখানকার যারা পাটচাষী ঐ কুচবিহার জলপাইগুড়ি জেলার তারা পাটের দাম পাচ্ছে না—প্রায় পাটে তারা বার বার মার খেয়ে যাচ্ছে এ খবর স্মরজিতবাবুকে রাখতে হবে তা নাহলে একটা ভীষণ প্রতিক্রিয়ার সৃষ্টি হবে। ল্যাণ্ড ডেভেলপমেণ্টে আমরা দেখছি—জমির কথা আমি আগেই বলেছি—সেখানে জমির উন্নতির কথা আমরা দেখছি যেখানে আগে ধরা হয়েছিল ১১ লক্ষ ৯১ হাজার টাকা সেখানে খরচ হয়েছে মাত্র ২০ হাজার টাকা। এইভাবে আমরা দেখছি যে টাকা তারা খরচ করতে পারছেন না। এইবার ধরা হয়েছে সেখানে ৪০ হাজার টাকা এইবারও সেখানে খরচ করা হবে না। এইভাবে আমরা দেখছি যে ল্যাণ্ড ডেভেলপমেণ্ট-এর টাকা ঠিকমত কৃষকদের হাতে গিয়ে পৌছায় না। আমরা গত বছর তার আগের বছরও দেখেছি যে গরু কেনার জন্য যে টাকা ধরা হয় সেটাও কৃষকদের হাতে গিয়ে পেঁছায় না—মাঝখানে এক শ্রেণীর টাউট দেখা যায় যারা সেই টাকা নেন এবং সেই টাকা দিয়ে নিজেদের অন্যান্য ব্যবসা বাণিজ্য প্রভৃতি করেন। কৃষকদের হাতে গিয়ে সেই টাকা পৌছায় না তার কারণ কি? ওঁরা ঠিক করেছেন এগ্রিকালচারাল লোন নিতে হলে ৭ বিঘা জমি সরকারের কাছে বন্ধক দিতে হবে। সাত বিঘা জমির কৃষক বাংলা দেশে কয়জন আছে সেটা আমি জিজ্ঞাসা করতে চাই, যাদের তিন চার বিঘা জমি রয়েছে তারা আবেদন করেও পান না যেহেতু তাদের সাত বিঘা জমি নেই। লোন দেওয়া হয় মাত্র দুশো দেড়শো আড়াইশো ঊর্ধ পক্ষে, অথচ সেখানে এক বিঘা জমির মূল্য কমপক্ষে পাঁচ শত টাকা সেখানে কেন তাদের এক বিঘা জমির পরিবর্তে লোন দেওয়া হবে না এটা বুঝতে পারি না। তার ফলে এই হয়েছে যাদের বেশী জমি আছে তারা লোন নেবার সুযোগ পান এবং এইভাবে কৃষকদের তারা বঞ্চিত করেন। সারের কথা বলবো—সার দেওয়া হচ্ছে বলে প্রচার করা হচ্ছে অহংকার করা হচ্ছে কিন্তু সেই সার কৃষকদের ঘরে গিয়ে পৌছায় না। উত্তরবঙ্গে আমরা দেখছি সেই সার সোজাসুজি চলে যাচ্ছে এক দিকে চা বাগানে আর একদিকে পাকিস্তানে। তামাক, পাট চাষীরা দরখাস্ত করে করে হন্যা হয়ে যাচ্ছে অথচ তারা পাচ্ছে না। আগে তারা সোজাসুজি এস. ডি. ও-র কাছে যেতো—ব্লক ডেভেলপমেণ্ট হবার পর এস. ডি ও দায়িত্ব দিলেন বি. ডি. ওকে, তার পর বি. ডি. ও দায়িত্ব দিলেন গ্রাম সেবকের উপর—আবার এখন হয়েছে আঞ্চলিক পরিষদ, অঞ্চল পরিষদ এবং জেলা পরিষদ। আসল মালিক কে কৃষকরা তা খুঁজে পায় না। তারা দরখাস্ত নিয়ে গ্রামসেবকের কাছে যাচ্ছে সে বলছে অঞ্চল পরিষদে যাও—অঞ্চল বলছে জেলা পরিষদে যাও—ওরা বলছে যে অঞ্চলের প্রধানদের কাছ থেকে সুপারিশ আন এই করে করে দেখা যায় যে চাষের সময় উত্তীর্ণ হয়ে যাচ্ছে তবুও দরখাস্ত-এর কোন সুব্যবস্থ হোল না। কাজেই একটা অরাজক অবস্থা কৃষক সমাজে সৃষ্টি হয়েছে এই সারের জন্য। আমি আপনার মাধ্যমে আর একটা কথা মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই সেটা হচ্ছে স্মল ইরিগেসন—উত্তরবঙ্গে এই কয়েক বছরে মাত্র একটা কপা হয়েছে—অথচ দরখাস্ত করার পরও অনেক তাদির তদারক করার পরও আমরা ব্যর্থ হয়েছি উত্তরবঙ্গে স্মল ইরগেসন চালু করতে। আজকে তামাক এলাকায় দেখবেন কৃষকরা বেশী অর্থ খরচ করে নদী থেকে খাল কেটে বা লোক দিয়ে জল আনে এবং তামাকের চাষ কে

অথচ স্মল ইরিগেসনের যে পরিকল্পনা তা যদি সুরু করা যেতো তাহলে দেখা যেতো তামাকের উৎপাদন বেশী বাড়তো এবং তামাক চাষীরা সেখানে বেশী অর্থ উপার্জন করতে পারতো এবং কেন্দ্রীয় সরকার যে ডিউটি পাচ্ছেন তার থেকে বেশী টাকা আমরা পেতে পারতাম কিন্তু এই স্মল ইরিগেসন সম্পূর্ণ রূপে ব্যর্থ হয়েছে। ডিপ টিউবওয়েল ইরিগেসন যেটা করা হয়েছে—কুচবিহার জেলায় তিনটি ডিপ টিউবওয়েল ইরিগেসন করা হয়েছে—কিন্তু একটিতেও জল দেবার ব্যবস্থা নেই। কত লক্ষ টাকা খরচ করা হোল মন্ত্রীরা গিয়ে উদ্বোধন করলেন ছবি বেরুলো রেডিওতে ঘোষণা করা হোল কৃষক সমাজে বিপ্লব উপস্থিত হোল ডিপ টিউবওয়েল ইরিগেসন করা হোল অথচ গিয়ে দেখুন সেখানে কি হচ্ছে। সেখানে একজন ওভারসিয়ার একজন ফিটার, ইত্যাদি আছে, তারা সেখানে মুর্গী পালন করছেন, লাউয়ের চাষ, বেগুনের চাষ করছেন আর কৃষকরা জল পাচ্ছে না। এইভাবে টাকা খরচ হয়ে যাচ্ছে। আমি আমার বক্তৃতা শেষ করবো। আগে আপনার মাধ্যমে আবার স্মরজিৎ বাবুর কাছে একথা রাখতে চাচ্ছি যে জমি থেকে কৃষককে উচ্ছেদ করে দিয়ে আপনি যদি বলেন যে বেশী উৎপাদন করবেন—প্রথম পাঁচশালা গেছে দ্বিতীয় গেছে, তৃতীয় পাঁচশালা শেষ হতে চললো চতুর্থ পাঁচশালার অনেক আশার বাণী শুনাচ্ছেন—আমি বলবো যতই পাঁচশালা পরিকল্পনা করুন না কেন কৃষককে জমি থেকে উচ্ছেদ করে দিয়ে আপনারা বাংলা দেশে খাদ্য সমস্যার সমাধান করতে পারবেন না। উৎপাদন বৃদ্ধি করতে পারবেন না। সেইজন্য আমি বলছি যে সাধারণ কৃষকদের হাতে জমি দেবার ব্যবস্থা করুন, যাদের জমি হাতছাড়া হয়ে গেছে বোর্ড গঠন করে তাদের হাতে জমি ফেরত দেওয়া যায় কিনা সেইভাবে আপনারা একটা প্রচেষ্টা নিন।

[2-50—3 p.m.]

Shri Kumar Jagadish Chandra Sinha :

মাননীয় স্পীকার স্যার, আজকে কৃষি খাতের ব্যয়বরাদ্দের দাবীকে সমর্থন জানাতে উঠে আপনার মাধ্যমে কয়েকটি কথা আমি এখানে রাখতে চাই। আমরা দেখতে পাচ্ছি যে সরকার কৃষির উন্নতির জন্য অনেক রকম ব্যবস্থা করেছেন কিন্তু আমাদের বিরোধী দলের মাননীয় বন্ধুরা যাঁরা আছেন তাঁদের সেগুলি নজরে পড়ছে না। ১৯৬৪-৬৫ সালে আমাদের চালের আনুমানিক উৎপাদন প্রায় ৫৭ লক্ষ টন হয়েছে আর ১৯৬৩-৬৪ সালে দেখছি ৫৩.৩১ লক্ষ টন। এবারে বাম্পার ক্রপ হয়েছে তা সত্ত্বেও ঘাটতি আছে। আমাদের আরও উন্নতির ব্যবস্থা করতে হবে যাতে করে আমরা এই সমস্যাটা সমাধান করতে পারি।

পঞ্চবার্ষিকী পরিকল্পনার আগে আমরা দেখেছি যে প্রায় ৩৬ লক্ষ টন চাল আমাদের আনুমানিক উৎপাদন ছিল এবং এই ৪ বছরে আমাদের প্রায় ৫০ লক্ষ টন চাল গড়ে উৎপন্ন হয়েছে। এতে করে দেখা যাচ্ছে ৪০ পার্সেণ্ট জমির উৎপাদন ক্ষমতা বেড়েছে এবং ১৫ পার্সেণ্ট জমিতে বেশী চাল উৎপন্ন করা হচ্ছে। জনসংখ্যার অনুপাতে এটা খুব কম, তার কারণ জনসংখ্যা বেড়েছে প্রায় শতকরা ৫০ ভাগ এই সময়ে; কিন্তু জমির উৎপাদন ক্ষমতা এই সময়ে সেই পরিমাণে বাড়েনি। আমাদের এগ্রিকালচারাল ইণ্টেনসিভ প্রোগ্রাম অনুসারে বর্ধমান, হুগলী, মুর্শিদাবাদ, মেদিনীপুর, বাঁকুড়া, বীরভম, ওয়েস্ট দিনাজপুর, এই সমস্ত জেলায় ব্যবস্থা করা হয়েছে এবং ইনটেনসিভ এগ্রিকালচারাল প্রোগ্রাম যেটাকে আমরা প্যাকেজ প্রোগ্রাম বলি সেই প্রোগ্রাম বর্ধমানে প্রথম বছর ১০টা ব্লকে প্রায় ১৭ শো ১০ টা গ্রামে সম্প্রসারিত করা হয় এবং তারপর ১৯৬৩-৬৪ সালে এই জেলায় ৩৩টা ব্লকের মধ্যে ২৪টা ব্লকের ১৯শো ১৭টা গ্রামে এই কাজ চালু করা হয়েছে এবং আমরা দেখতে পাচ্ছি আগামী কয়েক বছরের মধ্যে যদি এই প্রোগ্রামের মাধ্যমে বর্ধমান, হুগলী, মুর্শিদাবাদ, মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম এবং ওয়েস্ট দিনাজপুর জেলায় ইনটেনসিভ এগ্রিকালচারাল ডেভেলপমেণ্ট করি তাহলে সত্য সত্যই চাষের উন্নতি আরো বাড়বে। তারপর ডিপ টিউবওয়েল সম্বন্ধে এখানে অনেকে বলেছেন ডিপ টিউবওয়েল আরো বেশী করে চালু করা দরকার। আমরা ডিপ টিউবওয়েলের যে হিসাব পাচ্ছি তাতে দেখতে পাচ্ছি যে ১৮১টা ডিপ টিউবওয়েল সর্বসমেত এখন চালু করা হয়েছে আর তৈরি হয়েছে ৪৮৫টি। এর ভেতরে ২৮৩টি ডিপ টিউবওয়েলের চ্যানেল ইত্যাদি এখনও

হয়নি। সেগুলি যদি তাড়াতাড়ি সরকার সম্পন্ন করেন তাহলে ডিপ টিউবওয়েলের কাজ আরো দ্রুত এগোবে এবং সেচের জল সম্পূর্ণভাবে পাওয়া যাবে। আমরা যদি গত ৪ বছরের গড় হিসাব দেখি তাহলে দেখতে পাব সারের ব্যবস্থা এবং উন্নততর বীজের ব্যবস্থার ফলে আমাদের জমিতে ফসল কিভাবে বেড়েছে। ১৯৬১-৬২ সালে আমাদের বেড়েছে ১০ হাজার টন, ১৯৬২-৬৩ সালে বেড়েছে ১৬ হাজার টন, ১৯৬৩-৬৪ সালে ২৭ হাজার টন আর ১৯৬৪-৬৫ সালে বেড়েছে ৩৫ হাজার টন। এবারে সারের ব্যবহার কিভাবে বেড়েছে সারের ডিস্ট্রিবিউসান কিভাবে বেড়েছে সেটা দেখা যাক। ১৯৬১-৬২ সালে ৩ হাজার ৩৮১ টন সার ৫০ হাজার একর জমিতে ব্যবহার করা হয়েছে। ১৯৬২-৬৩ সালে ৩ হাজার ৯৭৫ টন সার ৫০ হাজার একর জমিতে ব্যবহার করা হয়েছে। ১৯৬৩-৬৪ সালে ৭ হাজার ৭৫৮ টন সার ৯০ হাজার একর জমিতে ব্যবহার করা হয়েছে। ১৯৬৪-৬৫ সালে ১ লক্ষ ১১ হাজার ১০ টন সার ১ লক্ষ ৭৫ হাজার একর জমিতে ব্যবহার করা হয়েছে।

আমরা আরো শুনেছি যে সরকার শীঘ্র তাঁদের নিজেদের পরিচালনায় কোল্ড স্টোরেজ চালু করবেন। এটা সত্যিই খুব আশার কথা। এখানে খগেনবাবু যে কথা বললেন আমি তা সম্পূর্ণ সমর্থন জানাই যে আলু চাষী এবং সব্জী যারা উৎপাদন করে সেই সমস্ত চাষী তাদের পক্ষে কোল্ড স্টোরেজ একান্ত আবশ্যক। কাজেই ডিপ টিউবওয়েল সম্পর্কে আমি আর একটি কথা বলবো। মুর্শিদাবাদে নদীয়ার তুলনায় ডিপ টিউবওয়েল অনেক কম হয়েছে বিশেষ করে আমাদের কান্দী মহকুমায় একটিও ডিপ টিউবওয়েল হয় নাই। অবশ্য মন্ত্রিমহাশয় বলতে পারেন যে এখানে ময়ুরাক্ষী থেকে সেচের ব্যবস্থা আছে। কিন্তু সেই সেচের ব্যবস্থা এত কম যে আমাদের মহকুমার চারটি থানার মধ্যে দুটো থানায় আংশিকমাত্র এই সেচের পরিকল্পনার দ্বারা কাজ হচ্ছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যদি ডিপ টিউবওয়েল আরো কিছু বাড়িয়ে দেন কান্দী মহকুমায় তাহলে চাষের আরো উন্নতি হবে।

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কৃষিখাতে যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী আমাদের সামনে নিয়ে আসা হয়েছে প্রথমে আমি তার বিরোধিতা করছি। এখন এই বিরোধিতার কারণগুলি আমি একে একে বলছি।

প্রথম হচ্ছে যে গত তিন বছর বিশেষ করে ১৯৬০-৬১ সালের পর থেকে গত তিন বছরের যে সমস্ত তথ্য পাওয়া যায়, তাতে কৃষি খাতে যে টাকা প্রত্যেক বছরে বরাদ্দ করেছি মোট তিন বছরে তাতে দেখা যায় যে উন্নয়ন খাতে ২০ কোটি ৬০ লক্ষ ৯১ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল এবং তার মধ্যে খরচ করেছেন ১৩ কোটি ২০ লক্ষ টাকা; বাকী আর ৭ কোটি ৪০ লক্ষ টাকার উপর খরচ করতে পারেন নি। তার মানে ৩৫ ৪ পারসেণ্ট টাকাটা খরচ হয়নি। এখন কৃষি উন্নয়নের জন্য যে সমস্ত ব্যবস্থা ওঁরা গ্রহণ করেছিলেন যেমন সরকারের মাইনর ইরিগেসন, খাল বিল সংস্কার ইত্যাদি যে সমস্ত পরিকল্পনা তাঁরা নিয়েছিলেন, তার মধ্যে অধিকাংশ ক্ষেত্রে তাদের তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। ঠিক যে লক্ষ্যে পৌছান দরকার তা তাঁরা পৌছিতে পারেন নাই। তাঁরা প্রথম ঠিক করেছিলেন টাউন কমপোস্ট ৫০ হাজার টন উৎপাদন করবেন, তা পারেন নাই। আবর্জনা আবর্জনা ইত্যাদি থেকে যেটা হবার কথা ছিল, তার মধ্যে সাড়ে ২০ হাজার টন তাঁরা তৈরী করতে পারেন নি। আর গ্রাম্য কমপোস্ট যে ১০০ লক্ষ টন তৈরী করবার প্রোগ্রাম ছিল, তার মধ্যে ৬৫ লক্ষ টন উৎপাদন করতে পারেন নি।

সারের ক্ষেত্রে যে উৎপাদনের লক্ষ্য ছিল, গত তিনচার বছরের মধ্যেও তাঁরা সেই লক্ষ্যে পৌছিতে পারলেন না। আর মাইনর ইরিগেসন-এর ক্ষেত্রে বলা যায় খুব আশাপ্রদ নয়। আমি যদি ডিপ টিউবওয়েল-এর তথ্য তুলে ধরি, তাহলে দেখা যাবে তিন বছরে মাত্র ৯৩৫টা ডিপ টিউবওয়েল করা হয়েছে তার মধ্যে মাত্র ১১৩টি কাজ করছে অর্থাৎ শতকরা বারো ভাগের বেশী কাজ করছে না। এর কথা বাদ দিলাম। এর পাওয়ার দরকার ঠিকই কিন্তু গত তিন বছরে পাওয়ার বা বিদ্যুৎশক্তি দিয়ে সেচের ব্যবস্থা কিছু ছিল না। হঠাৎ তাড়াতাড়ি স্মরজিৎ বাবু কোথা থেকে একটা ফিগার দিয়ে বললেন যে আমাদের টার্গেট ছিল ৮০০টা; তার মধ্যে ২২৫টি তাড়াতাড়ি করতে পারবো, বিদ্যুৎ বিভাগের সঙ্গে আলাপ আলোচনা হচ্ছে। কিন্তু

তিন বছরের মধ্যে বিদ্যুৎ বিভাগের সঙ্গে আলাপ আলোচনা করে কিছু করা গেল না। হঠাৎ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ কালে এই তথ্য তিনি দিলেন। আজ সেচের ক্ষেত্রেও সরকারী ব্যর্থতা লক্ষ্য করা যাচ্ছে।

[3—3-10 p.m.]

এবারের শেষে যে সমস্ত ছোট ছোট খাল বিলের সংস্কার করে অগ্রগতি করা হয়নি তার তথ্য আমি দিচ্ছি না। আমি আমাদের জেলার একটি ঘটনা বলছি। আমাদের জেলায় একটি নালা বিল সংস্কার-এর জন্য কয়েক লক্ষ টাকা খরচ করা হয়েছে। কিন্তু সেই বিল সংস্কারের ব্যাপারে চাষীরা বলছে কয়েক হাজার টাকা খরচ করলে ৫০০ একর জমিতে রবি এবং আমন এই দুই ফসল ফলান যায় এবং এতে ৩ হাজার টাকা লাগবে। এটা পঞ্চায়েতের এস্টিমেট—এই ছিল, কিন্তু ৩ বছর পর্যন্ত সেটা হোল না। কাজেই দেখা যাচ্ছে সেচের ক্ষেত্রে ছোটখাট সংস্কার আপনারা করলেন না। তারপর, উনি বললেন আমাদের উৎপাদন এখন বেড়েছে এবং এবছর যেটা বেড়েছে সেটা অবশ্যম্ভাবীভাবে বেড়েছে। আমি ওকথা না ধরে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী সুব্রামনিয়াম ডিসেম্বর মাসে কেরালায় কি বলেছিলেন সেটা ধরছি। তিনি বলেছেন ১৯৬০-৬১ সাল পর্যন্ত আমাদের ৪ পয়েণ্ট বৃদ্ধি হয়েছে এবং ১৯৬১ সালের পর "দেয়ার ইজ স্ট্যাগনেসন ইন এগ্রিকালচারাল আউটপুট"। আমি জিজ্ঞাসা করি ওঁরা ওঁদের মহাপ্রভুর কথা কি অস্বীকার করছেন, ওঁদের খোদ কর্তার কথা কি অস্বীকার করছেন? কাজেই দেখা যাচ্ছে একটা আত্ম-সন্তুষ্টির মনোভাব নিয়ে ওঁরা চলছেন এবং সেই মনোভাব পরিবেশন করে আগামী চতুর্থ পরিকল্পনার একটা প্রকল্প আমাদের ফাইনান্স মিনিস্টার তুলে ধরেছেন। এইভাবে যদি অগ্রসর হয় বা অগ্রগতি হয় তাহলে চতুর্থ পরিকল্পনার শেষে কোথায় গিয়ে পৌঁছাবে সেটা বোঝা যাচ্ছে না। স্যার, আমার কথা শুধু সেচ বা সারের ব্যাপার নয়, কৃষি উৎপাদন বাড়াতে গেলে যেটা প্রয়োজনীয় সেটা হচ্ছে চাষীর ফসলের ন্যায্যমূল্য নির্ধারণ করা এবং সেই ন্যায্যমূল্য যাতে সে পায় তার জন্য প্রাইস প্রোটেকসন-এর ব্যবস্থা করা। কিন্তু এই দুইটি ক্ষেত্রেই এঁরা ব্যর্থ হয়েছেন। এটা স্যার, আমার কথা নয়, একথা কেন্দ্রীয় সরকারের মন্ত্রী সুব্রমনীয়াম সাহেব স্বীকার করেছেন। তিনি বলেছেন, ফর একসিলারেটিং

the production in agrarian sector of the economy fixation of the remunerative price for various farm products is urgently necessary.

তাঁর কথা শুনে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া একটা হুসিয়ারী করেছে। তাঁরা একটি ক্ষেত্রে বলেছে সমবায়ের মাধ্যমে কি ধরণের ঋণ হবে। সেখানে সুদের হার কেন কমাতে চায় তাতে তাঁরা বলেছেন,

because of the present level of agricultural economy the profitability of those investments is by no means high and there is no guarantee that the price of agricultural produce will remain remunerative over a number of years.

স্যার, কিছুদিন আগে আমি একটা কলিং এ্যাটেনসন মোসন দিয়ে বলেছিলাম নির্ধারিত দরে ধান বিক্রি হচ্ছে না। তার উত্তরে উনি বললেন বহু এ্যাসেমব্লেজ পয়েণ্ট-এ কেনবার ব্যবস্থা হচ্ছে এবং চাষীরা সেখানে ন্যায্যমূল্যে বিক্রি করছে। এটা অসত্য কথা, বরং আমরা জানি চাষীরা ৮।১০ আনা ঘাটতি দিয়ে ধান বিক্রি করছে। এই যদি দৃষ্টিভঙ্গী হয় তাহলে আমি হুঁশিয়ারী দিয়ে বলতে চাই যে, উৎপাদককে ন্যায্যমূল্যে দেওয়া হবে তাতে ব্যর্থতা আসবে এবং উৎপাদন বাড়বে না।

গত বছর কৃষির উৎপাদন বাড়াবার জন্য এঁরা কি করেছেন চাষীদের জন্য? ওঁরা যে খাদ্য নীতি নিয়েছেন তাতে কি হয়েছে? জুন মাস পর্যন্ত সাধারণ চাষী মাঝারী চাষী গরীব চাষী বাধ্য হয়ে ধান বিক্রী করে দিল কম দরে। জুন জুলাইয়ের পর আপনারা প্রকিওরমেণ্ট পলিসি নিলেন শতকরা ২৫ ভাগ মিল থেকে লেভি করবেন, কিন্তু পারলেন না। খাদ্য সংকট সৃষ্টি হল শুধু সহরে নয় গ্রামেও, সাধারণ চাষী যারা তাদের দেনা শোধ করবার জন্য তাদের উৎপাদিত শস্য বিক্রী করে দিল তাদেরই মহাজনদের কাছে যেতে হল। কিন্তু ধানও ছিল

চালও ছিল কিন্তু সেই ধান চাল আপনারা নিলেন না, নেবার ব্যবস্থাও করলেন না। এটা কাদের জন্য ব্যবস্থা করলেন? যারা মজুতদার মুনাফাখোর তাদের জন্য এটা করলেন। রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া বুলেটিনে এটা বলেছেন, লক্ষ্য করে দেখবেন, জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর ১৯৬৪ সালে সারা ভারতবর্ষে ধান চাল-এর ব্যবসায়ীদের দাদন দেয়া যা হয়েছে তার পরিমাণ হল ২৬ কোটি ২৭ লক্ষ টাকা, এখন জুলাই মাসে ক্রাইসিস পয়েণ্ট যেখান থেকে এসেছে সেখানে যদি দেখা যায় দেখা যাবে জুলাই মাসে দেওয়া হয়েছে ১৩ কোটি ৬১ লক্ষ টাকা। রিজার্ভ ব্যাঙ্ক বুলেটিনে যাহা বেরিয়েছে তাতে বলছে শেডুল্ড ব্যাঙ্ক থেকে ধানের ব্যবসায়ীদের দেওয়া হয়েছে কত টাকা। তার মধ্যে বাংলাদেশে যারা ব্যবসায়ী তারা পেয়েছে ৬ কোটি ৭২ লক্ষ টাকা। হিসাব করে দেখুন বোধ হয় তারা শতকরা ৩১ পারসেণ্ট দাদন পেয়েছে শেডুল্ড ব্যাঙ্ক থেকে। এই দাদন নিয়ে তারা ধান মজুত করল এবং গ্রামে এবং সহরে খাদ্যসঙ্কট সৃষ্টি হল। কাজেই এদের যে নীতি তাতে এরা কোন বলিষ্ঠ বা সুষ্ঠ নীত নিতে পারে না, ক্ষমতা নাই। কারণ কি? ধান চালের মজুতদারদের যদি ব্যাঙ্ক থেকে টাকা নেওয়া বন্ধ করে দিত এবং জানুয়ারীর প্রথম থেকেই যদি প্রকিওরমেণ্ট পলিসি আরম্ভ করতেন তাহলে প্রফুল্ল বাবু যে ফিরিস্তি দিলেন দুর্গাপুর কংগ্রেসে চাঁদা এত লক্ষ হয়েছে বর্ধমান বাকড়ায়, সেই মজুতদারদের হাজার হাজার টাকা চাদা পেতেন না। কাজেই এঁদের হাজার হাজার টাকা চাঁদা দেবে সেই মজুতদারদের জীইয়ে রাখছেন এবং রাখতে গিয়ে চাষীদের পেট কাটতে হচ্ছে। এই নীতি যদি চলে তাহলে কৃষি উৎপাদন বাড়বে না। উনি বলেছেন আলুর উৎপাদনের কথা, অবশ্য শৈলবাবু একটা কথা বলেছেন যে পোকায় খেয়ে নিয়েছে সেজন্য আলুর উৎপাদন কম হয়েছে, উনি আর একটা কথা বলেছেন যে আমাদের ফরেন এক্সচেঞ্জ কম সেজন্য বার্মা থেকে বীজ আনতে পাচ্ছেন না। শৈলবাবু বলেছেন বিদেশী মুদ্রার্জনের জন্য গত বছর ৪ কোটি টাকা লাভ করেছেন, বিদেশে খোল পাঠিয়েছেন। গত বছরের হিসাব দিলেন আলুর উৎপাদন কমেছে, এ বছরের যখন হিসাব পাব তখন দেখব আরও কমে গেছে। আমি যেখান থেকে এসেছি মেমারী ধুসকুঁড়া, সেখানে যেখানে ৩ মণ আলু হত এক মণ হচ্ছে। তারা বলেন, আলু যদি উৎপাদন বাড়াতে হয় শুধু রাসায়নিক সার দিলেই হবে না, রাসায়নিক দিতে হবে এক ভাগ এবং দু ভাগ দিতে হবে খোল। সেই খোল চাষী পেলনা, অথচ খোল বাইরে চলে গেল। রিজার্ভ ব্যাঙ্ক-এর বুলেটিনে একথা বেরিয়েছে যে জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত সারা ভারতবর্ষে তৈলবীজ ব্যবসাদারদের ধার দেওয়া হয়েছিল ৩২ কোটি ৭৭ লক্ষ টাকা তার মধ্যে ৪টি প্রতিষ্ঠান তৈলবীজ বেশী উৎপাদনের জন্য ভাগ পাচ্ছে ২০ কোটি ৯৯ লক্ষ টাকা, অর্থাৎ ৬৪ ভাগ।

[3-10—3-20 p.m.]

অর্থাৎ ৬৪ ভাগ যেমন ১ হাজার টাকা চাদা আদায়ের জন্য সিডিউল্ ব্যাঙ্ক থেকে টাকা দেওয়ালেন তেমনি আবার ঐ তৈলবীজ ব্যবসায়ীদের সিডিউল ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হল। কাজেই সাধারণ চাষীরা টাকা পেল না পেল মজুতদাররা, এবং মজুতদারদের কাছ থেকে অতিরিক্ত মুনাফা দিয়ে শৈলবাবুর কথায় ৪ কোটি টাকা অর্থ উপার্জনের জন্য খৈল পাঠালেন, কাজেই খোলের দাম যেখানে ৩২ টাকা ছিল আজকে সে সময় ফিপ্‌টিনথ জানুয়ারী পর্যন্ত হল ৬০ টাকা। তিনি বলেছেন স্টেট গভর্নমেণ্ট কোন কনসার্নড নয়। এন. ডি. সি.র যখন মিটিং হয় তখন চীফ মিনিস্টার যান এবং সমস্ত চীফ মিনিষ্টার যখন জমা হয়েছিলেন তখন খাদ্য সঙ্কটের জন্য কি কি উপায় অবলম্বন করা হবে তা নিয়ে যখন আলোচনা হচ্চিল তখন মহারাষ্ট্রের চিফ মিনিস্টার ফিরে আসার পর তাদের দেশে যেমন চাল পাওয়া যায় না তখন বজরার ব্যবসা সরকার নিজে নেবেন বলে তিনি বলেছিলেন। তিনিও বলতে পারতেন যে আমাদের এখানে চাউল পাঠিয়ে না দিয়ে আমাদের হোলসেল ট্রেডিং করবার দরকার কাজেই এই ভাবে নীতিটা চলেছে। এই নীতির ফলে হচ্ছে কি কৃষকের ঋণ যেখানে ছিল মাথা পিছু গড়পড়তা ৬৫৪ টাকা সেখানে উঠেছে ৭৯৯ টাকা, কৃষিজীবীদের ঋণ উঠেছে কৃষিতে যেখানে মূলধন হওয়া উচিত গড়পড়তা ৫০ টাকা সেখানে হচ্ছে ২৫ টাকা যেখানে ক্ষেত মজুরের সংখ্যা ছিল ১৬ লক্ষ ৬০ হাজার সেখানে পশ্চিমবাংলা ক্ষেতমজুরের কোন হিসাব আজ নেই এই সমস্ত তথ্য থেকে কেন্দ্রের কৃষিমন্ত্রী স্বীকার করেছেন যে স্ট্যাগনান্স ইন এগ্রিকালচার এসে গেছে। কাজেই এদের হাত থেকে মুক্তি পেতে হলে যে

গুলি করণীয় সেগুলি করা উচিত। যেমন ভূমি সংস্কারের ক্ষেত্রে যাতে ভূমি ব্যবস্থা পরিবর্তন হয় সেই ভূমি সংস্কার করা দরকার প্ল্যানিং কমিশন যে ভাবে বলেছেন সেই ভাবে ন্যায্যমূল্য দেওয়া উচিত সেই ক্ষেত্রে যাতে তারা মোটামুটি ন্যায্যমূল্য পায় তার ব্যবস্থা করা উচিত এবং মজুতদারী বন্ধ করে খাদ্যশস্যের পাইকারী ব্যবসায় জাতীয়করণ করা উচিত

Shri Deb Saran Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষির উন্নতি নির্ভর করছে মূলতঃ যেকটা জিনিষ তা হচ্ছে সেচ, সার বীজ এবং চাষীর স্বচ্ছলতা এবং সঙ্গে সঙ্গে কৃষি বিভাগের সঙ্গে সরকারী কর্মচারীদের সঙ্গে চাষীর যে অন্তরের যোগ সেটাও নির্ভর করছে। কিন্তু বাস্তবে আমরা দেখছি পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ মূলতঃ কতকগুলি তথাকথিত শিক্ষিত ভদ্রলোকের ইচ্ছার উপরেই পরিচালিত হচ্ছে। এদের সঙ্গে কৃষির অন্তরের কোন যোগ নেই, কৃষি বিষয়ে যোগ্যতা বা অভিজ্ঞতাও নেই। প্রথমতঃ সার সম্পর্কে এঁরা অনেক কথা বলেছেন। সংবাদপত্রে আমরা সার কেলেঙ্কারীর কথা দেখেছি এবং আজও যুগান্তর পত্রিকাতে আছে যে সারে ভেজাল মিশ্রিত করা হচ্ছে। মন্ত্রীমহাশয় নিশ্চয় জানেন যে তাঁর দপ্তরের একজন বিশিষ্ট কর্মচারী তিনি ব্লক ডেভলপমেণ্ট অফিসার-এর সঙ্গে যোগসাজসে চাষীর নামে সার ইনডেণ্ট করে সেই সার কালোবাজারে বিক্রি করছেন। তাঁর দপ্তরের একজন বিশিষ্ট ব্যক্তি যে বি. ডি. ও. সঙ্গে জড়িত আছেন তিনি এটা খোঁজ নিলেই জানতে পারবেন। এছাড়া আমরা হিসাব পাই যে পৃথিবীতে অন্যান্য দেশের সারের মূল্য থেকে বাংলাদেশের সারের মূল্য অনেক বেশী। এর ফলে সারের ব্যবহারের দিক থেকে সাধারণচাষীর ঝোঁক থাকা সত্ত্বেও, সাধরণ চাষীর আর্থিক অস্বচ্ছলতার দরুন এবং সারের অত্যধিক দামের ফলে চাষীর ইচ্ছা থাকা সত্ত্বেও সারের ব্যবহারের সুযোগ থেকে সে বঞ্চিত হচ্ছে। সেচ সম্পর্কে বলবো যে বৃহৎ সেচ কৃষি বিভাগের অন্তগত নয়, কিন্তু ডিপ টিউবওয়েল সম্পর্কে অনেক কথা বলেছেন। আমি বিশেষ করে জোর দিতে চাই লিফট ইরিগেসনের উপর। মন্ত্রিমহাশয় বলেছেন যে লিফট ইরিগেসানের ব্যবস্থা করেছি কিন্তু আমি বলতে পারি তিনি অত্যন্ত অসত্য ভাষণ দিয়েছেন। মুর্শিদাবাদ ও নদীয়া জেলার মাঝখান দিয়ে ভাগীরথী এবং বাবলা নদী বয়ে গেছে। সেখানে যথেষ্ট সম্ভাবনা আছে লিফট টিউওবয়েলের মাধ্যমে জমিতে জল দেওয়া। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোন ব্যবস্থা করা হয়নি। আমি জানি বেলডাঙ্গা ব্লক টুতে ২ বৎসর আগে ৩টা লিফট টিউবওয়েল স্যাংসান করা হয়েছিল কিন্তু আজ পর্যন্ত সে সব বসান হয়নি। অজুহাত হিসাবে শোনান হচ্ছে লিফট টিউবওয়েলের জন্য যে ইঞ্জিন দরকার তা আমাদের দেশে নেই বাইরে থেকে আনতে হবে। এদিকে সরকার লিফট টিউবওয়েলের কথা বলছেন কিন্তু আমরা দেখছি বাস্তবে লিফট টিউবওয়েল হয় নি, অথচ লিফট টিউবওয়েলের মাধ্যমে যে অঞ্চল দিয়ে বিভিন্ন নদী অবস্থিত হয়েছে সেখানে জল দেওয়া সম্ভব। মুর্শিদাবাদের যে অঞ্চল দিয়ে ভাগীরথী এবং বাবলা নদী গেছে সেখানে এভাবে সেচের সম্ভাবনা আছে লিফট টিউবওয়েল-এর মাধ্যমে।

আশাকরি তাঁরা এদিকে দৃষ্টি দেবেন। আমরা জানি সেচের জন্য সরকার যে ব্যবস্থা করছেন তাতে আবাদ যোগ্য জমির পরিমাণ সেচের অধিনে এসেছে ৩১ লক্ষ একর। এর মধ্যে ডিপ টিউবওয়েল পড়ে ক্যানেল বা বড় সেচও পড়ে, এভাবে দেখা যাচ্ছে বৃহৎ পরিমাণ জমি এখনে সেচের আওতার বাইরে থেকে গেছে এই সমস্ত জায়গা যেখানে বৃহৎ সেচের ব্যবস্থা সম্ভব নয় সেখানে ক্ষুদ্র ক্ষুদ্র সেচের ব্যবস্থা করা সম্ভব যেমন লিফট টিউবওয়েল। ছোট ছোট চাষীদের ২, ৩, ৪, ৫ বিঘা জমি আছে তাদের সরকার থেকে হ্যাণ্ড টিউবওয়েল দেবার ব্যবস্থা করা হয়েছে কিন্তু এখানের দুরভিসন্ধিমূলক ব্যবহার আমরা দেখতে পাচ্ছি। এই সমস্ত টিউবওয়েলের সুযোগ নেওয়া তাদের পক্ষে সম্ভব নয়। গ্রামাঞ্চলে হ্যাণ্ড টিউবওয়েল সবজী চাষের পক্ষে বিশেষ উপযোগী। কিন্তু সরকার আইন করে দিয়েছেন যে কোন চাষীর যদি ১ বিঘার জায়গায় তিন বিঘা জমি থাকে তাহলে সে এই সুযোগ গ্রহণ করতে পারবে। কিন্তু আপনি জানেন গ্রামাঞ্চলে চাষীর জমি বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে। তিন বিঘা কনজেস্টেড এলাকার মধ্যে যদি না থাকে তাহলে পাবে না। আমরা জানি হ্যাণ্ড টিউবওয়েল সবজী চাষের পক্ষে বিশেষ উপযোগী, অথচ সরকার এখন ব্যবস্থা করে দিয়েছেন যে সে সুযোগ নেওয়া সম্ভবপর নয়। আমরা দেখেছি আমাদের দেশে প্রয়োজনের তুলনায় আবাদযোগ্য জমি কম। কিন্তু তা

কম থাকার জন্য সরকারের ফসল বাড়াবার দিকে যে ব্যবস্থা করা উচিত তাতে একই জমিতে ২।৩ বার ফসল ফলান যায় কিনা তা দেখা উচিত। কিন্তু আমাদের সরকারের কোন রকম চেষ্টা দেখছি না। মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় সরকারী বীজ সম্বন্ধে অনেক কথা বলেছেন কিন্তু আমরা দেখেছি সব বীজের ক্ষেত্রে যে সমস্ত বীজ তৈরী হয় সে বীজ বিক্রি হয় অন্য জায়গায়। এবং আরো একটা মজার ব্যাপার হচ্ছে সব বীজ ক্ষেত্র থেকে ধানের জন্য যে বীজ দেওয়া হয়েছিল আমন ধানের চাষ করবার জন্য কিন্তু তাতে আউসের চাষ হল বিভিন্ন জায়গায় দেখা গেছে এই যে বীজ এথেকে ভাল ফসল হয় না। চাষীদের কাছে ঠিক সময় বীজ গিয়ে যে পৌছায় না এটা স্বতঃসিদ্ধ হয়ে গেছে।

[3-20—3-30 p.m.]

যখন চাষের দরকারে বীজের প্রয়োজন হয় তখন সরকারের কাছ থেকে কোন বীজ পাওয়া যায় না বলে ব্লক ডেভেলপমেণ্ট অফিসার, পঞ্চায়েত থেকে ইনডেণ্ট-এর হিসাব যায় সরকারের কাছে। সরকার সেই বীজ মঞ্জুর করেন বটে কিন্তু চাষীর কাছে এসে পৌঁছুতে সে বীজের প্রয়োজনীয়তা ফুরিয়ে যায়। এটা আমরা হামেশাই বিভিন্ন অঞ্চলে লক্ষ্য করে দেখেছি। কাজেই সঙ্গে সঙ্গে আর একটা জিনিস লক্ষ্য করতে হবে যে চাষীর আর্থিক সচ্ছলতা থাকে না এই বীজ সময় মত কেনার। জমিতে লাঙ্গল দেবার জন্য যে পয়সা দরকার, গরু কেনার জন্য যে পয়সা দরকার—সরকারী ঋণ যা চাষীকে দেওয়া হয় তা অপর্যাপ্ত এবং সরকারী ঋণ, বেশীর ভাগ চাষী যারা ফসল ফলায় তাদের কাছে গিয়ে পৌছায় না, মহাজনের কাছে গিয়ে পৌছায়। কাজেই সেদিকে বাস্তব দৃষ্টিভঙ্গী দিয়ে চাষীর যা প্রয়োজন এবং যখন যে জিনিসের প্রয়োজন সেই সমস্ত জিনিস যদি ঠিক সময় মত চাষীকে না দেওয়া যায় তাহলে চাষের উন্নতির কথা বললেই ব্যয়বরাদ্দ করলেই তা সম্ভবপর হবে না। আমি সর্বশেষে এই কথাটা বিশেষ জোর দিয়ে বলতে চাই যে এই কৃষি বিভাগের পুনর্বিন্যাস না করা পর্যন্ত কৃষির উন্নতি সম্ভবপর হবে না। আমাদের বাংলাদেশের এই কৃষি বিভাগে যে সমস্ত সরকারী কর্মচারী আছেন তাদের মধ্যে যথেষ্ট অসৎ কর্মচারী আছেন, স্বার্থান্বেষী কর্মচারী আছেন যাদের মর্জির উপর এই গোটা বিভাগটা চলছে, মন্ত্রীমহোদয় সেখানে ক্রীড়নক হয়ে থাকেন এবং তাঁদের বিরুদ্ধে কিছু করবার ক্ষমতা নেই। সেই জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে এই বিভাগের পুনর্বিন্যাস করা দরকার। তা না হলে কৃষির উন্নতির জন্য যতই বরাদ্দ করা হোক কিছুতেই কৃষির উন্নতি সম্ভবপর হবে না। এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দের নীতিগত বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sushil Kumar Dhara :

মাননীয় উপসভাপাল মহাশয়, আজ কৃষি বিভাগের যে দাবী পেশ করা হয়েছে আমি তাকে সমর্থন করতে উঠে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভার সামনে রাখছি। কৃষি আজকে ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গের একটি বিশেষ প্রয়োজনীয় বিষয়, যার উপর আমাদের সকলের বিশেষ ভাবে নজর দেওয়া একান্ত প্রয়োজন। সেই জন্য আজকে দেখা যাচ্ছে যে আমাদের এই কৃষির ব্যয় বরাদ্দ এক সময় যা ছিল এখন তার চেয়ে অনেক গুণ বাড়িয়ে এই ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। আমাদের ১৯৬১।৬২ সালে যেখানে ৪ কোটি ৭১ লক্ষ ৫৯৬ টাকা রিভাইসড এস্টিমেটএ ব্যয় হয়েছে, সেখানে এবার আমাদের ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ১০ কোটি ৮৪ লক্ষ ২৫ হাজার টাকা। কৃষি উন্নতি করবার জন্য সরকারের যে একটা বিশেষ আগ্রহ আছে এটা তার সম্পূর্ণ পরিচায়ক। কিন্তু আমাদের ত্রুটী যেখানে আছে সে কথা গুলি নিশ্চয়ই বিশেষ ভাবে স্মরণ রাখতে হবে এবং সেই ত্রুটী গুলি সংশোধন করে যাতে আমাদের কৃষির উৎপাদন এমন হবে যা দ্বারা বাংলাদেশের খাদ্যের মাঝে মাঝে যে অভাব দেখা দেয়, সে অসুবিধা যাতে না হয় তার জন্য আমাদের ব্যবস্থা করতে হবে। ত্রুটীগুলি সম্বন্ধে বলতে গেলে আমি একটি কথা বলব যে আজকে সত্যিকারে এই কৃষিবিভাগের পরিসংখ্যান আমাদের ঠিক ঠিক হচ্ছে বলে মনে হয় না। বিভিন্ন দিক থেকে দেখা যায় এই যে পরিসংখ্যান তথা নিয়োগ ব্যবস্থা আছে তা ত্রুটীপূর্ণ এবং অন্যান্য রাজ্য এই ব্যবস্থার দিক দিয়ে অনেক উন্নত। পশ্চিমবঙ্গে এই বাবদে আমরা খুব সামান্য টাকা মাত্র ধরেছি এবং যেখানে ১০ কোটি ৮৪

লক্ষ টাকা এর জন্য ব্যয় করতে চাচ্ছি সেখানে আমরা পরিসংখ্যান বাবদ মাত্র ৪ লক্ষ ৭০ হাজার টাকা ধরেছি। এই এর আগের বাজেটে রিভাইজড বাজেটএ সেটা হয়েছিল মাত্র ৪ লক্ষ টাকা। এ পর্যন্ত বলা যেতে পারে যে মেইন ক্রপ পেডি, ধান ছাড়া আর সমস্ত একটা গেস এস্টিমেট হয়েছে। সত্যিকারের আমাদের যদি কমপ্লিট এনুমারেশন না হয় সম্পূর্ণ গণনা যদি না করতে পারি তাহলে সবই ভুল এবং ভ্রান্তির মধ্যে চলে যাবে এবং আমরা মনে করি আমাদের এতে হচ্ছে। কিন্তু আসলে যখন আমাদের প্রয়োজন হয় তখন আমরা সেটা মেটাতে পারছি না, সংখ্যাতত্ত্বের উপর নির্ভর করি। এই সংখ্যাতত্ত্বে যে বিধি ব্যবস্থা আছে তা ত্রুটীপূর্ণ বলে আমি মনে করি এবং আমার মনে হয় আমাদের এই সংখ্যা তত্ত্ব নেবার জন্য কৃষি বিভাগকে যে সমস্ত অফিসারের উপর নির্ভর করতে হয় তা হচ্ছে একজন স্ট্যাটিস্টিক্যাল অফিসার, একজন এসিসটেণ্ট স্ট্যাটিস্টিক্যাল অফিসার এবং একজন স্ট্যাটিস্টিক্যাল সুপারিণ্টেণ্ডেণ্ট। অথচ আমরা ডিপার্টমেণ্ট অব হেলথ এ দেখতে পাচ্ছি যে ডেপুটি ডিরেক্টর অব হেলথ সার্ভিসেসএ ভাইটাল স্ট্যাটিস্টিকস আছে যার স্কেল অনেক বেশী এবং ফুড সাপ্লাই ডিপার্টমেণ্ট, ডিরেক্টর অব স্ট্যাটিস্টিকস, ডেপুটি ডিরেক্টর অব স্ট্যাটিস্টিকস, এসিসটেণ্ট ডিরেক্টর অব স্ট্যাটিস্টিকস এ্যাণ্ড স্ট্যাটিস্টিক্যাল এ্যাসিসটেণ্টস এই সমস্ত ভাল ভাল পেজএর মাইনের লোক আছেন। আজকে ভারতবর্ষে যেটা বিশেষ প্রয়োজনীয় জিনিস এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিসিয়ান নিয়োগের জন্য যদি একটা ভাল ব্যবস্থা না রাখতে পারি তাহলে নিম্ন মানের অফিসারদের উপর ছেড়ে রাখা কখন ভাল হতে পারে না। তাই আমি মনে করি এই সব জায়গায় আমাদের ভাল স্ট্যাটিস্টিক্যাল অফিসার বসান দরকার এবং তাদের উপর দায়িত্ব দেওয়া দরকার এবং তারা যেন এই কৃষি বিভাগের অদ্বিতীয় ব্যক্তি হন। তা যদি না হয় তাহলে ভুল হয়ে যাবে বলে আমি সে বিষয়ে সরকারকে সতর্ক করতে চাই। আর একটি বিষয় হচ্ছে আমাদের এই স্ট্যাটিস্টিকস-এর ব্যাপারে আমরা দেখেছি যে অন্যান্য রাজ্যে সেখানে রেভিনিউ ডিপার্টমেণ্ট-এর লোকেরাই সব স্ট্যাটিস্টিকস নেয় এবং প্রাইমারী রিপোর্টিং এজেন্সীর লোকেরাই নিয়েছেন। আর যে সমস্ত জায়গায় এই রিপোর্ট দরকার হচ্ছে সেখানে রেভেনিউ ডিপার্টমেণ্ট আর সুপারভাইজিং এজেন্সীর লোক —কেবল মাত্র আমরা পশ্চিমবঙ্গে দেখেছি যে ডিস্ট্রিক্ট এগ্রিকালচারাল অফিসার হচ্ছেন রিপোর্টিং এজেন্সী এবং প্রাইমারীর রিপোর্টিং সেখান থেকে হচ্ছে। তার নিচের লেভেল-এর এই রিপোর্টে কমপ্লিট এনুমারেশন, সেটা যদি ভিলেজওয়ারি না হয় তাহলে সত্যিকারে কিছুতেই স্ট্যাটিস্টিকস পাব না এবং এই ব্যবস্থা থেকে দেখা যাচ্ছে আমরা ডেভেলপ যা করেছি এবং নাম্বার অব প্রাইমারী রিপোর্টার্স, আমি একটা বলছি মধ্যপ্রদেশে ১ লক্ষ ১৪ হাজার ৬০১ জন আবার উত্তর প্রদেশে ১১ হাজার ২০৬ জন, আর পশ্চিমবঙ্গে নাম্বার অব প্রাইমারী রিপোর্টার্স নিল, এটা খুব দুঃখের কথা। আমরা মনে করি এটা সংশোধন হওয়া একান্ত প্রয়োজন এবং টোটাল এনুয়াল লস ফর দি এডিশনাল স্টাফ আমাদের তো আছেই— মধ্যপ্রদেশে ৮১ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ করেছেন স্ট্যাটিস্টিক্যাল ফিগার নেওয়ার জন্য, উত্তর প্রদেশ যেখানে করেছে ১ কোটি ৩ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ সেখানে আমরা অতিরিক্ত বরাদ্দ বিশেষ কিছু করতে পারছি না। কাজেই আমরা মনে করি স্ট্যাটিস্টিকস-এর দিক থেকে এটা ত্রুটীপূর্ণ এবং এটা সংশোধন হওয়া দরকার। শুধু তাই নয়, আমার মনে হয় অন্যান্য রাজ্যের সঙ্গে আমাদের তুলনা করে দেখলে দেখা যায় যে বিহারে ৪৩ মিলিয়ন এরিয়া জমির মধ্যে ৪২.৮ মিলিয়ন একর জমি কমপ্লিট এনুমারেশন-এর অধীনে এনেছেন, সেখানে আমরা ২১.৯ মিলিয়ন একর জমির মধ্যে ১৭.৪ মিলিয়ন একর জমি কমপ্লিট এনুমারেশনএ আনতে পারিনি। আমরা স্যাম্পেল সার্ভে-এর আণ্ডারএ এনেছি এটা ভাল নয়, এটা আমাদের সংশোধন করা দরকার এবং এবিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং কি ভাবে এটা করা যায় সেদিকে তাঁকে দৃষ্টি দিতে আমি অনুরোধ করব। এই স্ট্যাটিসটিকস-এর উন্নতি করতে গেলে আমার নিজের মনে হয় রেভেনিউ ডিপার্টমেণ্ট-এর আণ্ডারএ ৬ হাজার ৭০০ মতন যে তহশীলদার আছেন এবং যাঁরা গ্রামের সমস্ত খবর জানেন, যাঁরা গ্রামের সমস্ত প্রকৃতির খবর জানেন ও উৎপাদনের সমস্ত খবর যাদের পক্ষে জানা সম্ভবপর এবং আজ বাংলাদেশের ৩৫ হাজার গ্রামে এক একটি তহশীলদারের অধীনে হয়ত ৫ খানি করে গ্রাম পড়বে এবং সেই ভাবে যদি করেন তাহলে খুব ভাল হবে। আমি এ বিষয়ে আমাদের

কৃষি বিভাগের দৃষ্টি আকর্ষণ করে একটি কথা বলব। কিছুদিন আগে আমাদের ভারত সরকার একটি কথা বলেছিলেন যে

The advantage in taking up a complete scheme during the remaining two years of the Third Plan is that the expense incurred on the staff at the level in 1965-66 will be taken into account by the next Finance Commission while making its recommendation.

[3-30—3-40 p.m.]

কাজেই আমি বলবো যে ভারত সরকার এই ব্যয় করতে রাজী আছেন। যদি তাই হয় তাহলে আমরা কেন খরচ করতে পারবো না। আমি মনে করি যে এই বিষয়ে সরকারের দৃষ্টি দেওয়া দরকার। আর আমি বলবো আমাদের গভীর নলকূপ যে অবস্থায় আছে সেটা অত্যন্ত খারাপ। এই গভীর নলকূপের অবস্থার উন্নতি হওয়া দরকার। ৮৪৫টির মধ্যে যদি মাত্র ১৮১টি সফল হয় তাহলে সেটা গভীর পরিতাপের কথা। সেই ৮৪৫টি নলকূপ কি করে সম্পূর্ণ কার্যকরী হতে পারে অবিলম্বে দেখা প্রয়োজন এবং সে বিষয়ে আমাদের ব্যয় বরাদ্দে তার ব্যবস্থা থাকা দরকার। এই বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Kashi Kanta Maitra:

মাঃ চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এই জন্য যে আমি তাঁকে মনে করিয়ে দিচ্ছি এবং তাঁর মাধ্যমে সমস্ত ট্রেজারী বেঞ্চকে মনে করিয়ে দিচ্ছি যে সমস্ত দেহকে অযত্ন, অবহেলায় রেখে শুধু ম্যাক্স ফ্যাক্টরের মেক-আপ দিয়ে সমস্ত মুখ সুন্দর করে দেখাবার যে চেষ্টা তাঁর প্রারম্ভিক ভাষণও তাই। এই যুগে বিভিন্ন মাননীয় সদস্য কৃষি খাতে এবং কৃষি বিভাগের অকর্মন্যতার বিভিন্ন দিক তুলে ধরেছেন। যেমন মাননীয় সদস্য শ্রীঅশ্বিনীবাবু, কমলবাবু, ডিপ ইরিগেসন টিউবওয়েল-এর কথা বলেছেন এবং তাঁরা এটা বলেছেন যে ৯৩৫টি ডিপ টিউবওয়েল ইরিগেসনের মধ্যে ১১৩টি মাত্র এনারজাইজড হয়েছে। আমি আপনার মাধ্যমে দেখাতে চাচ্ছি তাঁদের কতখানি অকর্মন্যতা এবং অযোগ্যতা। ১৯৬২ সালে রাজ্যপালিকা তাঁর ভাষণে বলছেন যে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩ হাজার ডিপ ইরিগেসন-এর টিউবওয়েল বসানো সেখানে এনারজাইজড হয়েছে ১৩টি। সুতরাং ভেবে দেখুন কিভাবে প্ল্যান বানচাল হয়ে যাচ্ছে। দ্বিতীয়ত এই যে ডিপ ইরিগেসন টিউবওয়েল—আমি বাজেট পড়ে দেখছিলাম যে ১৯৬২-৬৩ সালে আমাদের রাজ্য সরকার খরচ করেছেন ১ কোটি ৩১ লক্ষ টাকা। এক একটি টিউবওয়েলের পিছনে খরচ প্রায় লক্ষ টাকা করে। এই যে ৯৩৫টি টিউবওয়েল, এগুলি ২ বছর ধরে পড়ে আছে জং ধরে যাবে এবং এর পরে দেখবেন যখন এগুলি এনারজাইজড হবে তখন আর টিউবওয়েলগুলি চলছে না। তৃতীয় হচ্ছে, এই যে ১ কোটি ৩১ লক্ষ টাকা ব্লক করে রেখে দিলাম সেটা সারকুলেট হোল না এর জন্য জিনিসের দাম বেড়ে যাবে পরবর্তীকালে। কারণ এর পরে গ্রান পিরিয়ড যখন ছাড়িয়ে যাবে তখন দেখা যাবে এই ডিপ টিউবওয়েলগুলি বসাতে এখন খরচ হচ্ছে সেটা এক বা দু বছর পরে খরচ আরও বেড়ে যাবে এবং তার বোঝাটা গরীব জনসাধারণ, ট্যাক্সপেয়ারের ঘাড়ে গিয়ে পড়বে। আমি বলছি যে একটা ডিপ ইরিগেসন টিউবওয়েলে ২০০ একর জমি চাষ হচ্ছে। সেখানে প্রায় ১ লক্ষ টাকা করে খরচ তারপর দেখছি একটা টিউবওয়েলকে অপারেট করতে গেলে তার জন্য অপারেটর চাই, মেণ্টেনেন্স দরকার, ডিজেল দরকার, ইলেকট্রিসিটি খরচ আছে। এ নিয়ে প্রায় ৩।৪ হাজার টাকা এক একটা টিউবওয়েলের পিছনে রেকারিং এক্সপেনডিচার দাঁড়াচ্ছে। কিন্তু আমরা দেখেছি গ্রামে যদি স্যালো টিউবওয়েল বসানো যায় তাহলে প্রায় ১৫০ বিঘা জমি এক একটা স্যালো টিউবওয়েলে চাষ করা সম্ভব এবং ফলনও অনেক বাড়ানো সম্ভব। এবং স্যালো টিউবওয়েলের খরচ ৪ হাজার টাকার বেশী হবে না। সুতরাং ৪ হাজার টাকায় একটা স্যালো টিউবওয়েল দিয়ে ১৫০ বিঘা যদি চাষ করা যায় তাহলে যে পরিমাণ টাকা ডিপ টিউবওয়েলে খরচ করে সেগুলি আটকে রেখে দেওয়া হোল কাজে লাগানো গেল না সেই পরিমাণ টাকায় যদি আমরা

স্যালো টিউবওয়েল বসাতাম তাহলে বাংলা দেশের চেহরা পালটে যেতো। আর একটা বিষয় প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে আমার এটা সন্দেহ কেন না আম এখন ধারণা হয়েছে যে পাশ্চাত্য দেশ যা বলবে সেটা আমাদের অন্ধভাবে অনুকরণ ক যেতে হবে। আমি বলছি আমার যেটুকু সামান্য জ্ঞান, আমার কিন্তু মনে হচ্ছে না যে ইউরোপ অন্যান্য উন্নত দেশে তারা ডিপ ইরিগেশন টিউবওয়েল গ্রহণ করেছে। কেননা একটা আশ আমার মনে জেগেছে সেটা হচ্ছে বাংলা দেশে যদি ৩ হাজার ২ হাজার বা ১ হাজার ডি ইরিগেশন টিউবওয়েল অপারেট করা সুরু হয় তাহলে বাংলা দেশের ওয়াটার টেবল নে যেতে পারে এবং বাংলা দেশে দারুন একটা বিপর্যয় আসতে পারে। এগ্রিকালচার ডিপার্টমেন্টে এক্সপার্টরা এ সম্বন্ধে প্রপার সার্ভে করেছেন কিনা আমি জানি না। আমার যতদূর ইনফরমে কোন সার্ভে তাঁরা করেন নি। তারপর প্রশ্ন হচ্ছে ফার্টিলাইজার, আমি এই হাউসে আগে বলেছি যে ৬ লক্ষ টাকার ফার্টিলাইজার নিয়ে তছরূপ হয়ে গেছে। পশ্চিমবঙ্গ সরকারক বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে, জালিয়াতি করে ছয়টি ফার্ম এখান থেকে টাকা বের করে নিয়ে গেছেন অ সেই সমস্ত ফার্টিলাইজার চাষীর ঘরে গিয়ে পৌঁছায়নি। মুখ্য মন্ত্রী বলেছেন যে ২ লক্ষ টা আদায় হয়েছে ৪ লক্ষ টাকা আদায় হয়নি। আমি আপনার মাধ্যমে স্মরজিৎ বাবুর কা জানতে চাচ্ছি যে আমার নো কনফিডেন্স ডিবেটের বক্তৃতা করবার এক বছর অতিক্রান্ত হ গেছে কয়টি অফিসারকে এগ্রিকালচার ডিপার্টমেন্টে প্রসিকিউট করা হয়েছে?

পুলিশ ডিপার্টমেন্ট থেকে তাদের কাছে পেপার চাওয়া হয়েছে এগ্রিকালচার কমিশনার কাছ থেকে কিন্তু মিঃ আর ঘোষ তিনি কোন কাগজপত্র দেন নি যার জন্য পুলিশ কাউ প্রসিকিউট করতে পারছে না। আমি তাঁকে জিজ্ঞাসা করছি যে ফরেনসিক ডিপার্টমেন্ট থে যে এক্সপার্ট ওপিনিয়ন দেওয়া হয়েছে সেই রিপোর্ট কোথায়? কেন তাদের প্রসিকিউট ক হোল না? সান্তানম কমিটি বলছেন যে কাগজের রিপোর্ট যদি ফলস হয় তাহলে কাগজে বিরুদ্ধে প্রসিকিউট কর আর যদি কাগজের রিপোর্ট

minute stratum of truth

থাকে তাহলে

act on the basis of such report

কোথায় করছেন? ফার্টিলাইজার সম্বন্ধে আমি দেখিয়েছিলাম আমাদের যা হিসাব তাতে আ দেখছি যে পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশী দাম হচ্ছে ফার্টিলাইজারের আমাদের বাংলা দেশে এবং

from the point of view of per capita consumption

আমি দেখিয়েছিলাম যে ওয়েস্ট বেঙ্গলের পোজিসন খুব খারাপ, এঁরা দেখাচ্ছেন পার ক্যাপি কনজামসন আমাদের ভারতবর্ষের এভারেজ ফিগার হচ্ছে ০.৮৬ কে. জি. যেখানে ইউ. এস এ-তে ৩৯.৮৪ কে. জি.। বাংলা দেশে

per acre of land consumption

সেটা হচ্ছে ৩.৫৩ পাউণ্ড পার একর। সেখানে কেরালা ৭.২০ পাউণ্ড, মাদ্রাজ ৬.২৭ পা আমাদের দেশে ১ টন সারের দাম হচ্ছে ১৮২০ টাকা তার উপর জুড়তে হবে ট্রান্সপো চার্জ, এবং সেখানে আমরা দেখছি যে অন্যান্য দেশে তার পরিমাণ গিয়ে দাঁড়াবে যে জার্মানীতে ১২৬২ টাকা, জাপানে ১৩২০ টাকা। সুতরাং এদেশে সারের কনজামসন কত বুঝতেই পারছেন। তার উপর ডিপার্টমেন্টের কোরাপসন। তৃতীয়তঃ আমি দারুন এক অভিযোগ করছি এগ্রিকালচার ডিপার্টমেন্টের কাজ কি? যেহেতু প্ল্যানিং কমিশন এ গভর্নমেন্ট নানা রকম টাকা দিচ্ছেন এদের কাজ হচ্ছে সাবসিডাইজড রেটে পাম্প মেশি ফার্টিলাইজার চাষীকে দেওয়া এবং এখানেই হচ্ছে জালিয়াতি এবং ডিপার্টমেন্টের জোচ্চুরি সেটা কি রকম? এরা টেক্সটুল কো-কে টেণ্ডার দিয়েছিলেন, কির্লোসকার বলে এক নামকরা কোম্পানী তাদের বাদ দিয়ে টেক্সটুল কোম্পানী থেকে টেণ্ডার দিয়ে ৪ শ মেসিন নেওয়া হয়েছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন সভাপাল মহাশয় যে ৪০০ মেশি কেনা হোল চাষীদের কাছে বিক্রি করার জন্য প্রত্যেকটা মেসিন অকেজো বলে দে

য়েছিল এবং হিসাব করে দেখুন প্রায় ১২ লক্ষ টাকার মেসিন—এই টাকা কে দেবে? গ্রিকালাচার ডিপার্টমেণ্টের অফিসারদের কেন প্রসিকিউট করা হচ্ছে না? কারা এর জন্য দপনসবল? আলুর চাষের কথা ওঁরা বলছেন। হুগলী বর্ধমানে ধসা রোগের পটাটো ফেমিন য়ে গেছে ১৯৬৩ সালেতে। হিসাব করে দেখা যায় যে প্রায় ১৫ থেকে ২০ কোটি টাকা ষীরা মার খেয়েছে। এই টাকা কে দেবে? তার পর আসছি পাট চাষের কথায়। বাংলা দেশের এই পাট সম্বন্ধে আমি বলেছিলাম যে ভারতবর্ষ এই জুট ট্রেড থেকে ফরেন এক্সচেঞ্জ ৩ কোটি টাকা যা আর্ন করছে তার ৫০ পারসেণ্ট হচ্ছে বাংলার পাট থেকে। বাংলায় পাট চ্ছে প্রায় ২ কোটি মণ। হিসাব করে দেখুন তাহলে ৭০ থেকে ৮০ কোটী টাকা সেণ্ট্রাল ভর্নমেণ্টকে বাংলা দেশ দিচ্ছে পাট থেকে। এ সম্বন্ধে বাংলা দেশে একটা এজিটেসন হওয়া চিত। সেণ্ট্রাল গভর্নমেণ্ট তার রিটার্ন চাষীদের কি দিচ্ছে? কাগজে দেখবেন ইণ্ডিয়ান জুট ল এ্যাসোসিয়েসন টাকা পাচ্ছেন, বড় বড় মালিকরা টাকা পাচ্ছেন কিন্তু দেখুন চাষীরা কি রকম র খাচ্ছে। আপনি দেখুন চটের থলের দাম বেড়ে যাচ্ছে, ১৫৬।১৫৭ টাকায় উঠেছে। আর টচাষীদের সংসারের খরচ, জিনিসটপত্রের দাম সবই বাড়ছে, কনজিউমার গুডস, এসেনসিয়াল মডিটি বেশী দামে তাদের কিনতে হচ্ছে কিন্তু তারা পাটের দাম পাচ্ছে না এবং চাষীদেরকে নাভাবে ঠকানো হচ্ছে। হিসাবের মারপ্যাঁচে ডবল এ্যাকাউণ্টিং ট্রিবিল এ্যাকাউণ্টিং করে দের চিট করা হচ্ছে। দ্বিতীয়তঃ পাট টপ বটম মিডল এই তিন রকম যে পাটের কোয়ালিটি র কারচুপি করে চাষীদের মার খাওয়ানো হচ্ছে। অর্থাৎ নিরেশের দাম দিয়ে দেখানো চ্ছে সরকারকে এবং কোম্পানীকে যে আমরা সরেস বা মাঝরি দামে চাষীদের কাছ থেকে নেছি। এবং কোম্পানীকে বেশী দামে পাট কিনতে হচ্ছে। এইভাবে দেখিয়ে তারা দেশকে কাচ্ছে এবং আমরা সেলস ট্যাক্স পাচ্ছি না আমরা ডিভিসিবল পুল অব ইনকাম ট্যাক্স থেকে র খাচ্ছি।

3-40—3-50 p.m.]

লিক শ্রমিককে ঠকাচ্ছে এবং আপনি দেখবেন রেসনলাইজেসানের নামে প্রোডাকসান বাড়ছে, ক্ষ লক্ষ পাট কলের শ্রমিক বেকার হয়ে যাচ্ছে। সুতরাং পাট উৎপাদনের ব্যাপারে পাট ষী মার খাচ্ছে, তার ঘরে পয়সা যাচ্ছে না। ২ কোটী মন পাট হল, যদি ১০ টাকা করে তি মনে অতিরিক্ত ধরে দিতাম—আমি যে কথা বলেছিলাম যে ৪৫ টাকা পাটের মণ ধরা াক, তাহলে অন্ততঃ হিসাব করে দেখুন ২ কোটি মণ পাটেতে ২০ কোটি টাকা বাংলা দেশের চাষীর ঘরে গিয়ে পৌঁছাত এবং বাংলাদেশে যতক্ষণ পর্যন্ত পাট সম্পর্কে সরকার কান নতুন নীতি না নেবেন অর্থাৎ প্রত্যেক ছটাক পাট চাষীর ঘর থেকে নিয়ে রকার এবং সরকার নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান মারফৎ কেনার ব্যবস্থা যতক্ষণ না হয় ততক্ষণ পর্যন্ত পাট চাষী াচতে পারে না। আমি জানি আমার এই সমস্ত সাজেসানের কোন মূল্য নেই, তবুও কতকগুলি াজেসানস আমি সেচ মন্ত্রী মহাশয়ের কাছে রাখব। প্রথমতঃ এই ব্যাপারে একটা হাই পাওয়ার কমিশান বসান দরকার। চটকলের যারা চটের দাম তৈরি করছে, ইনফ্লেট করছে প্রাইজ এবং যে দরে পাট কিনে মিল মালিক দেখাচ্ছেন, সরকারকে ঠকাচ্ছে এবং চটকলের শ্রমিকদের ঠকাচ্ছে, এই সম্বন্ধে একটা হাই পাওয়ার কমিশান বসান দরকার। তা না হলে বাংলাদেশের চাষী বাচবে না। তা না হলে কি হতে পারে—আজকে মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে স্মরজিৎ বাবুকে বলছি যদি বাংলাদেশের চাষীর ঘরে ঘরে এই আন্দোলন উঠে যে আমরা পাট চাষ বন্ধ করব, পাটের জায়গায় আমরা আখের চাষ করব তাহলে কালকে দেখবেন বাংলাদেশের চেহারা পাল্টে যাবে, নতুন রূপ নেবে। আজকে চাষী যেহেতু সংগঠিত নয় সেজন্য তারা দাঁড়িয়ে দাঁড়িয়ে মার খাচ্ছে। এজন্য আমরা বলেছি ল্যাণ্ড রিফর্মস যদি না করতে পারি তাহলে শুধু ফিজিক্যাল ইনপুটস বাড়িয়ে কিছু হবে না, ল্যাণ্ড রিফর্মস দরকার এবং সেই ল্যাণ্ড রিফর্মস করা সম্বন্ধে যদি আমরা যারা শেয়ার-ক্রপার তাদের রাইট গ্যারাণ্টিড না করি, তার ইণ্টারেস্ট যদি হেরিটেবল না করতে পারি, তাকে যদি প্রোটেকসান দিতে না পারি তাকে যদি এইকথা না বলি যে প্রোডাকসান তুমি বাড়াও যেটা বেশী ফলন হবে তুমি তার বেশী অংশ পাবে তাহলে কেন সেই বর্গাদার ভাগচাষী ক্ষেত মজুর ফলন বাড়াবে? সুতরাং সেই দিক থেকে বিবেচনা করে সরকারের নুতন পলিসি নেওয়া উচিত। আমি সেজন্য বলব

এগ্রিকালচারাল কমোডিটিজ-এর প্রাইস স্ট্যাবিলাইজেসান হওয়া দরকার, মিনিমাম এবং ম্যাক্সিমাম বেঁধে দেওয়া দরকার। দ্বিতীয়তঃ, ডিফারেন্সিয়াল প্রাইস পলিসি দরকার কোয়ালিটি যাচাবার জন্য এবং সেটা আমি দেখেছি পৃথিবীর প্রত্যেকটি দেশে সাকসেসফুল হয়েছে। তৃতীয়তঃ সুপারভাইজড কাল্টিভেসান এখানে হওয়া দরকার। সুপারভাইজড কালটিভেসান আমাদের দেশে হচ্ছে না। চাষীকে যদি ইমপ্রুভড এগ্রিকালচারাল নলেজ, সায়েন্টিফিক নলেজ না দিতে পারি তাহলে চাষী বাঁচবে কি করে? আমি ইউরোপ, আমেরিকার কথা আপনাকে বলছি আমার যে অভিজ্ঞতা হয়েছে তাতে যে ইউরোপ এবং আমেরিকাতে যত এক্সপার্ট আছেন তাঁরা ফাইল নিয়ে অফিসে বসে থাকেন না, তাঁরা ডেস্ক ওয়ার্ক করেন না, তাঁরা টেবিলে কলম দিয়ে লাঙ্গল চালান না, তাঁরা ফাইল ছেড়ে দিয়ে মাঠে যান এবং চাষীর ঘরে গিয়ে এক্সপার্ট নলেজ পৌঁছে দেন। আজকে আমি জানতে চাই বাংলাদেশের এগ্রিকালচার ডিপার্টমেণ্টের এমন কোন অফিসার আছেন কিনা, এমন কোন ব্যুরো আছে কিনা যাঁরা বলতে পারেন যে আমরা চাষীকে বলে দিয়েছি বছরের পর বছর এই জমিতে তোমরা আলু চাষ কর বা এই জমিতে পাট না করে আখের চাষ কর, এখানে সরষের চাষ কর? কোন জমিতে কি ফলন হবে এগ্রিকালচার ডিপার্টমেণ্টের যারা এক্সপার্ট তাঁদের বলতে হবে। সয়েল কেমিস্ট্রি সয়েল এ্যানালিসিস দরকার। চাষীকে আজ এই কথা কেউ বলেনি। অথচ মাননীয় সভাপাল মহাশয়, আমাদের সবচেয়ে আতঙ্কের কথা হচ্ছে বাংলাদেশের কৃষক যদি মারা যায়, বাংলাদেশের কৃষি উৎপাদন যদি না বাড়ে কিংবা এগ্রিকালচারাল সেক্টর ইমপ্রুভড যদি না করে তাহলে ইণ্ডাস্ট্রি ডেভেলপ করবে না লার্জ স্কেলে। সেজন্য বলছি ওঁরা আজকে কৃষকদের সম্বন্ধে কৃষি সম্বন্ধে যে নীতি নিয়েছেন সেই নীতি পাল্টান দরকার এবং গ্রামের দিক ভিত্তি করে যদি সমগ্র ইণ্টিগ্রেটেড প্রোগ্রাম না নেন, চাষীকে যদি শিক্ষিত করতে না পারেন, চাষীর ঘরে যদি ইমপ্রুভড এগ্রিকালচারাল ইমপ্লিমেণ্টস পৌঁছে দিতে না পারেন তাহলে কিছু হবে না।

শেষে এই কথা বলছি যে এই হাউসে নর্থ বেঙ্গলের প্রবলেম সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন, আমি বলতে পারি এগ্রিকালচারাল সেক্টরের ডেভেলপমেণ্ট করতে গেলে ইণ্ডাস্ট্রিয়াল সেক্টরের কথা চিন্তা করুন। এগ্রিকালচারাল ইম্প্লিমেণ্টএর জন্য আমি বলছি বেবি ট্রাক্টরের দরকার। এই বেবি ট্রাক্টরের জন্য ইণ্ডাস্ট্রিয়াল সেক্টরের কথা বলতে হবে। আপনারা প্ল্যানিং যদি করতে চান তাহলে বলতে হবে আমাদের এগ্রিকালচারাল ইমপ্লিমেণ্টস করবার জন্য নর্থ বেঙ্গলে কয়েকটি ফ্যাক্টারি করব, সেখানে চাষীদের জন্য বেবি ট্রাক্টর তৈরি হবে, ইমপ্রুভড এগ্রিকালচারাল ইমপ্লিমেণ্টস তৈরি হবে এবং চাষী সেগুলিকে কাজে লাগিয়ে প্রোডাকসান বাড়াবে। এই বলে আমি শেষ করছি যে আজকে যে কৃষি বাজেট আমাদের রাষ্ট্র মন্ত্রী রেখেছেন তার বিরোধিতা করছি এবং তারিফ করছি মুখ্যমন্ত্রীর যে তিনি বিরোধী পক্ষের সামনে ওঁকে দাঁড় করিয়ে দিয়ে "য পলায়তি স জীবতি" বলে পালিয়ে গেছেন।

Dr. Radhakrishna Singha:

স্যার, আমার একটা পয়েণ্ট অব প্রিভিলেজ আছে। একটা সার্কুলার আছে ওয়েস্ট বেঙ্গল এ্যাসেম্বলীর সার্কুলার নং ৪(২৫৬) এল. এ. পাবলিক এ্যাকাণ্টস কমিটি (ডি) ডেট অব পোল ইফ নেসেসারী মনডে ৪ঠা মার্চ ১৯৬৫ এখন কোন্‌টা ঠিক?

Mr. Chairman: It is a printing mistake. Please refer it to the Speake when he comes.

Dr. Radhakrishna Singha:

স্যার, আজকে এগ্রিকালচার খাতে বলতে উঠে আমি আপনার মাধ্যমে দু একটা কথা মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাচ্ছি। আমরা গত দু তিন বৎসর যাবৎ শুনছি এগ্রিকালচারালকে হাইয়েস্ট প্রায়রিটি দেওয়া হবে এবং প্রত্যেকটি প্ল্যানে ফ্রম দি প্রেসিডেণ্ট অব দি ইণ্ডিয়ান ইউনিয়ন ডাউন টু দি অফিসার তারা বলছেন প্রায়রিটি দেওয়া হবে। আমার মনে হয় আমাদের এগ্রিকালচার এর নীতি একটি বলিষ্ঠ দৃষ্টিভঙ্গী নিয়ে চেঞ্জ না করলে ভাল কোন সুফল আমরা

বাও করতে পারবো না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, প্রোডকসন যা তিনি দেখালেন, সেই প্রোডাকসন-এর যত কিছু স্ট্যাটিসটিকস, পায়স উইস বা পমপাস ডিকলারেশন দেন না কেন, তাতে আমাদের আর পেট ভরবে না। আপনি জানেন বাংলা দেশের লোক আজ হতাশা, ডেসপনডেন্সি ও অনিশ্চয়তার মধ্যে দিন যাপন করছে। তাঁরা হয়ত এ খবর পাচ্ছেন না আমাদের দেশে শতকরা ৮০ জন লোক চাষ করে, জমি আর এখানে বাড়ছে না, পশ্চিমবাংলায় আবাদি জমি যখন বাড়াবার উপায় নাই, তখন যে জমি আছে তাতে প্রোডাকসন বাড়াতে হবে এবং কি ভাবে সেই উৎপাদন বাড়াতে হবে তার কোন ব্যবস্থা মন্ত্রী মহাশয় বলিষ্ঠ ভাবে রাখেন নি। এ ফসলের উৎপাদন বাড়াতে গেলে যে জিনিষ প্রথম দরকার তা হচ্ছে আমাদের চাষীদের ইনসেনটিভ দিতে হবে। অনেকদিন থেকে সেই ইনসেনটিভ দেবার কথা শুনে আসছি বটে, কিন্তু কার্য্যতঃ অদ্যাবধি কোন ইনসেনটিভ চাষীদের দেওয়া হয়নি। সেই জন্য বলবো প্রত্যেকটা চাষীকে তার উৎপাদন বাড়াবার জন্য তাকে সময় মত উৎকৃষ্ট সার, বীজ ইত্যাদি যা সমস্ত প্রয়োজনীয় জিনিষ সেগুলি দিতে হবে। আপনি জানেন আজ শতকরা ৮০ ভাগ চাষীর—যারা নিজ হাতে চাষ করে—তাদের প্রয়োজনীয় মূলধন নাই। সেই মূলধন তারা পাবে কোথায়? তাদের সমস্ত মূলধন দেবার জন্য আমি গভর্নমেণ্টকে বলবো। চাষ করবার সময় যে মূলধন দরকার তা যদি চাষী সময়মত পায়, তাহলে জানবেন চাষের উন্নতি হবে। এই ইনসেনটিভ তারা পাবে কখন? এই ইনসেনটিভ তারা তখনই পাবে যখন আর তাদের বড় চাষী বা জোতদারের কাছে হাত পাততে হবে না। সেই জন্য গভর্নমেণ্টকে বলবো চাষীদের স্বল্প সুদে টাকা দাদন দিয়ে চাষ আবাদ বৃদ্ধির জন্য উৎসাহ দান করতে হবে।

আর একটা কথা বলতে চাই—আমাদের টোটাল একরেজ অব পেডি ল্যাণ্ড যা সেটা আমরা পাট চাষে ডাইভার্ট করেছি এবং এই পাট চাষীরা আমাদের ফরেন এক্সচেঞ্জ আর্ন করছে ভারতের স্বার্থরক্ষা করবার জন্য। বাংলাদেশে আগে যেখানে সাড়ে আট লক্ষ টন ধান উৎপাদন হতো, সেটা আমরা ফোরগো করেছি। সেই যে অনেক জমি রয়েছে তা এরোসন হয়ে যাচ্ছে নদীর বন্যায়। ক্যানেল কেটে সেই এরোসন বন্ধ করতে হবে। বড় জোতদার বা ব্যবসায়ী প্রত্যেকবার গভর্নমেণ্টকে বলছে যে ধান চাল পর্য্যাপ্ত পরিমাণে হচ্ছে। ৬২ বা ৬৭ লাখ মণ চাল হলে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ হয়ে যাবে। এবার হয়েছে ৫৮ লাখ টনস বাংলাদেশে। এখন এইটা পূরণ করতে গেলে আমাদের দেখতে হবে কি ভাবে তা পূরণ করতে পারি। আমার মনে হয় যে ইণ্ডিয়া গভর্নমেণ্ট আমাদের ফার্টিলাইজার দেওয়া সম্বন্ধে আমাদের প্রতি একটি স্টেপ মাদারলী এ্যাটিচুড দেখাচ্ছেন, আমরা জানি মহীশূর, মাদ্রাজ প্রভৃতি অঞ্চলের চাষীরা খব বেশী রকম সরকারী এইড পেয়ে থাকে ইণ্ডিয়া গভর্নমেণ্ট-এর কাছ থেকে। মন্ত্রী মহাশয়কে বলবো যাতে তিনি এ বিষয়ে চেষ্টা করেন বাংলাদেশের চাষীদের ইনসেনটিভ দেবার জন্য। মিঃ খান্নাস সাহেব বলেছেন

The Wolf has been driven away and the rice-eaters will have their benevolent meat.

3-50—4-15 p. m.]

১৯৬৩ সালে একথা বলেছেন। তাই কোলকাতাবাসী আজকে জানতে চায় কিভাবে তারা বেনেভোলেণ্ট মিল পাচ্ছে। তারপর, আমার বক্তব্য হচ্ছে বীরভূম, বর্ধমান প্রভৃতি জায়গায় সমস্ত জমি চাষের আওতায় রয়েছে সেগুলি জলের জন্য চাষ হচ্ছে না। কাজেই আপনাদের উচিত সেখানে জল সরবরাহ করা এবং চাষী যাতে সময় মত মূলধন পায় বড় জোতদারের কাছে যাতে হাত পাততে না হয় তার ব্যবস্থা করা। এবারে আমি আমার নিজের এলাকার কথা কিছু বলব। স্মল ইরিগেশন সম্বন্ধে আপনারা বললেন যেখানে ক্যানেল যায়নি সেখানে ডিপ টিউবওয়েল করব। ২ বছর যাবত আমরা ডিপ টিউবওয়েল সম্বন্ধে শুনছি এবং তার স্কীম, তার এনকোয়ারী হতে হতে ২ বছর পার হয়ে গেল। আমাদের বোলপুরের লুক গ্রামে একটা বিল আছে যেখানে ২ হাজার বিঘা জমি চাষ হোত সেখানে টার ব্যবস্থা করবার জন্য গত ৩ বছর যাবত অফিসারের সঙ্গে কথাবার্তা হচ্ছে, কিন্তু সেই ব্যবস্থা হয়নি। এরকম সম্বন্ধ যদি গভর্নমেণ্ট-এর সঙ্গে চাষীর থাকে, এরকম মনোবৃত্তি যদি

হয় তাহলে মন্ত্রীমহাশয়রা এবং অফিসাররা যতই স্ট্যাটিস্টিক্স দিন, পায়াস উইস, বেনিভোলেন্ট প্রভৃতি যতই বড় বড় কথা বলুন না কেন খাদ্যোৎপাদন বাড়াতে পারবেন না এবং যে তিমিরে আছে সেই তিমিরেই থাকবে। আমার বক্তব্য হচ্ছে প্রত্যেক জায়গায় চাষীর সঙ্গে ডাইরেক্ট কমিউনিকেসন থাকা দরকার। আপনারা অঞ্চল পঞ্চায়েত, জেলা পরিষদ করে বলেছেন বি. ডি ও-রা উৎপাদনের সঙ্গে থাকবে। এটা হলে সুখবর। তাঁদের উচিত গ্রামে গিয়ে কৃষকের সঙ্গে আলোচনা করে, তাদের ডাইরেকসন দিয়ে খাদ্যোৎপাদনে সাহায্য করা এবং আমার বক্তব্য হচ্ছে তাঁরা যাতে সেই কাজ করেন সেইজন্য আপনারা তাঁদের স্পেস্যালি, সুনির্দিষ্টভাবে নির্দেশ দিন।

[At this stage the House was adjourned for twenty minutes.]

[After adjournment]

[4-15—4-25 p.m.]

Shri Kandru Majhi:

মাননীয় স্পীকার মহাশয়, কৃষি ব্যয় বরাদ্দের সম্বন্ধে বলতে উঠে কৃষি ব্যাপারে যে চরম ব্যর্থতা তার কথা আমি বলতে চাই। শাসন যন্ত্রের পরিকল্পনা যখন দেউলিয়া হয়, আর পরিকল্পনা যখন অযোগ্যতম হয় তার সঙ্গে যুক্ত হয় হৃদয়হীনতা, তখন তাঁর জাতির সমগ্রিক জীবন ছিন্নভিন্ন হয়ে যায় এবং তার সাথে কৃষির মত মহান বিষয়ও দলিত অবহেলিত এবং লুটের সামগ্রী হয়। ১৭ বছর শাসনের পর আজ সারা দেশ হাহাকার করছে, ভিক্ষার ঝুলি নিয়ে সারা বিশ্বের কাছে ঘুরছে আজও খাদ্যের জন্য। এবং যা দেখছি এখনও সারা দেশে জল সরবরাহের ব্যবস্থা হল না। আমরা দেখতে পাচ্ছি আমাদের দেশে দুর্ভিক্ষ লেগেই আছে অনাহারে মৃত্যুর অভিশাপ জাতির জীবনে লেগে রয়েছে দৈনন্দিন ব্যাপারে। এবং আজ সরকারকে বাজেট সেসনে বলতে হয় ভারতবর্ষের কৃষিব্যবস্থায় চরম ঘাটতি। সেটা ব্যবহারিক জীবনে সব চেয়ে বড় সমস্যা হয়েছে। এই যে কৃষি বিষয়ে চরম ব্যর্থতা তার জন্য কি কংগ্রেস সরকার বিন্দু মাত্র লজ্জিত নয়। এই অসামর্থ্য এবং নির্বুদ্ধিতার জন্য কতকগুলি অজুহাত দেখাতে চান, তা এক দিকে যেমন নির্বুদ্ধিতার পরিচায়ক অন্য দিকে শিশু রাষ্ট্র, লোক সংখ্যা বৃদ্ধি, চীনের আক্রমণ, ইত্যাদি অজুহাত দিয়ে বছর বছর তাঁরা কাটাতে চাচ্ছেন। যে শাসনের অধীনে ১৭ বছর থাকার পরও রাষ্ট্র শিশু থাকে সেই নাবালক শাসন নিশ্চয়ই পরিত্যাগ করা হোক। চীনের আক্রমণের অজুহাত এটা একটা হাস্যকর ব্যাপার যুদ্ধের প্রস্তুতির একটা অঙ্গরূপে দেশের খাদ্য উৎপাদন দ্রুতবেগে এগিয়ে চলে, আর জন সংখ্যা বৃদ্ধি একটা জাতির কলঙ্ক রূপে দেখা দেয় তখন যখন সেই দেশের জনগণ কর্ম শক্তিকে উৎপাদনে নিয়োগে ব্যর্থ হন। ভারতের যে জনশক্তি সেই জনশক্তিকে যদি কৃষি উৎপাদনে নিয়োগ করা যেতে পারত তারপরেও যদি ঘাটতি বা অনটন হয় তখন এটা বলা যেতে পারত লোকসংখ্যা একটা সমস্যা। কিন্তু আমরা আজ সব সময় দেখতে পাচ্ছি সারা ভারত অন্যান্য দেশের তুলনায় উৎপাদনের দিকে নিতান্ত নগণ্য এবং অনগ্রসর। সম্মিলিত জাতিপুঞ্জের পরিসংখ্যান বিভাগের মতে ১৯৫৪ সালে ভারতবর্ষ ছিল সবচে ক্ষুধার্ত দেশ। আজও কংগ্রেস সরকার সেই লজ্জাজনক অধ্যায় বহন করে চলেছে, আর দে দেখাবার জন্য কৃষির স্বার্থে কিছু টাকা অপব্যয় করার জন্য কৃষি বিভাগই দায়ী। এ বিভা প্রচুর টাকা মঞ্জুর করা হচ্ছে কিন্তু কাজের বেলায় কিছুই নাই। কিছুদিন আগে আ জানলাম গোড়াবাজার থানায় ব্যাপকভাবে ধানের মড়ক লেগেছে, এই মড়কের ব্যাপার সরকা গোচরে আনার পরে ঔষধ আনতে ১ মাস সময় লাগল, সেই ঔষধ আসল বটে কিন্তু সরক থেকে দাবী করা হল যে অক্ষম চাষীকে সেই ঔষদের দাম দিতে হবে নইলে ঔষধ ছা হবে না! অধিকাংশ চাষীই গরীব, অক্ষম, ঔষধের দাম দিতে চাষের সময় তাদের যা ি ছিল ব্যয় হয়ে যাওয়ায় তারা দাম দিতে পারেনি, বহু ঝগড়াঝাটির পর মাঠে ঔষধ ছা হল বটে, তখন দেখা গেল মাঠে ধান শেষ হয়ে গেছে!

সুতরাং স্পষ্টই বোঝা যাচ্ছে যে আপনাদের কল্যাণকামী রাষ্ট্রে কৃষি ব্যবস্থাকে কি চমৎকার করে রেখেছেন। সরকারী কৃষি বিভাগগুলি কেবলমাত্র সরকারী অর্থ চর্বন করে যাচেছ কিন্তু দেশের চাষীদের সময়মত ভাল বীজ সরবরাহ করতে পারেন নি।আজ পর্যন্ত দেশে শতকরা ৯৯ ভাগের বেশী জমিতে জল সেচ হয়নি এবং চাষীদের বৃষ্টির উপর নির্ভর করতে হয়। পরিশেষে আমি বলবো যেএত টাকা খরচ করছেন কৃষি বিভাগের জন্য তাতে এত টাকা খরচ করে কি হবে।এটা যদি বাংলাদেশে খরচ না করে আমেরিকায় করা হয় তাহলে খব ভাল ফসল ফলবে।

Shri Nagen Dolai:

মাননীয় অধ্যক্ষ মহাশয়,আমাদের দেশে জাতীয় আয়ের অর্দ্ধেক কৃষি থেকে হয়। কৃষি উৎপাদনের জন্য যে সমস্ত টাকা ব্যবহার করা হয় সে সমস্ত টাকা ঠিক যথা সময়ে ব্যবহার করা হয়না। কারণ আমরা গ্রামের মধ্যে দেখেছি কৃষকরা এখন ফসল তৈরী করবে ঠিক সে সময় তাদের লোন দেওয়া হয়না যার ফলে উৎপাদনের ব্যাঘাত সৃষ্টি হয়।বাংলা দেশে শতকরা ৭০ থেকে ৭৫ ভাগ কৃষক কিন্তু এই কৃষকের মধ্যে শতকরা ৩০ ভাগের জমি নাই।কাজেই এই সমস্ত কৃষি অর্থের অভাবে উৎপাদন করতে পারে না। সুতরাং যাদের জমি নাই তাদের জমি দেবার ব্যবস্থা নাই এবং তাদের হাতে জাতীয় আয়ের অংশ যাবার মত নেই। যথা সময়ে সার ও টাকা না দেবার ফলে উৎপাদন বাড়ছে না। দেশের উৎপাদন বাড়াতে গেলে আসল সমস্যা হচেছ সার। সেই সার ঠিক সময়ে পাওয়া যায়না এবং যে সার পাওয়া যায় তাতে অর্দ্ধেক বালি এবং ইটের কুঁচো থাকে। চাষীদের অধিকাংশের গরু বাছুর নেই। তাদের গরুর জন্য যে লোন দেওয়া হয় সেটা অধিকাংশই ধনীরা পায় এবং সেই ধনীরা সেই টাকা ব্যবসার কাজে লাগায়। আপনারা এই যে ১৪ কোটি টাকার মত খরচ করছেন এই টাকা সত্যকার উৎপাদনের জন্য খরচ হয়না। সেজন্য আমার বক্তব্য হচেছ এই খাতে টাকা না দেওয়া এবং এটা কোন মতে সমর্থন করতে পারছিনা।হয়তো রবি ফসল যারা তৈরী করে সে রবি ফসল রক্ষা করবার জন্য প্রতিটা থানায় প্রতিটা মহকুমায় একটা করে হিম ঘর করা দরকার। কিন্তু সেদিকে সরকারের লক্ষ নেই। মেদিনীপুর জেলায় ঘাঁটাল ও দাশপুর অঞ্চলে অধিকাংশ পাট চাষ হয় কিন্তু ঐ সব পাট চাষীকে দামের দিক দিয়ে ঠকান হয়।এদিক থেকে মূল্য বেঁধে দেবার দিকে সরকারের কোন লক্ষ নেই এবং সে পাটের টাকা বিদেশী সাম্রাজ্যবাদীদের পকেট বোঝাই করা হয় এতে চাষীর কোন লাভ হয়না। হয়ত আমাদের দেশে যে আলুর চাষ হয় সে আলু চাষ করার জন্য চাষীদের ঠিক সময় সার বীজ ও টাকা দেওয়া হয় না। তারা লোন করে আলুর চাষ করে। আলু রক্ষার জন্য প্রত্যেকটি মহকুমার হিমঘরের প্রয়োজনীয়তার দিকে সরকারের লক্ষ নেই। ঘাঁটাল এবং দাশপুরে প্রতি বৎসর বন্যায় ফসল নষ্ট হয় সেদিকে সরকারের দৃষ্টি নেই। অধিকাংশ লোক এ সব এলাকায় বোরো চাষ করে। কিন্তু বোরো যখন তারা রোয় তখন তার জন্য জল দেবার যে দায়িত্ব তা সরকার পালন করেন না এবং যে সময় জল দেন তখন জলের প্রয়োজন হয় না। এই উৎপাদনের জন্য যে টাকা তাঁরা চাচেছন তা বৃথা যাচেছ। সেজন্য আমি এ টাকা মোটেই সমর্থন করতে পাচ্ছি না। কারণ আমি দেখতে পাচ্ছি এই সরকার গোটা কয়েক ব্যক্তিগত লোকের স্বার্থের সরকার এবং দেশের জনসাধারণ মজুর কৃষকের স্বার্থের জন্য সরকার নয়। সেজন্য এই খাতের জন্য যে টাকা তা সমর্থন করতে পাচ্ছি না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-25—4-35]

Shri Sakti Kumar Sarkar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কৃষি খাতে ব্যয় বরাদ্দ সমর্থন করতে গিয়ে স্বাভাবিক আমার এই কথা মনে হয় যে এগ্রিকালচারাল বাজেট হচেছ

most debatable and controversial budget of the day

সুতরাং এই সম্বন্ধে কথা বলবার আগে ভাল ভাবে প্রস্তুত হয়ে বলা উচিত বলে মনে করি। আমি যেকথা বলতে চাই সে কথা কেবলমাত্র সংখ্যা দিয়ে আমি আমার বিরোধী পক্ষের বন্ধুদের

বা স্বপক্ষীয় বন্ধুদের কাছে কোন কুয়াশার জালসৃষ্টি করবো না। আমি এটুকুনি বলবো যেটুকু খালি চোখে দেখা যায় এবং সেটুকুনি সকলকে দেখতে অনুরোধ করবো। শুধুমাত্র সংখ্যা দিয়ে বলবো না সেজন্য আমি কৃষি ব্যয় বরাদ্দ সমর্থন করতে উঠে কৃষির মূল কথা সম্বন্ধে দু এক কথা বলবো। আমি জানি অর্থনীতির যে কোন ছাত্র যে প্রাথমিক শিক্ষালাভ করেছে সেও জানে সমস্ত কিছু। প্রোডাকসন-এর মূলে ৪টা ফ্যাক্টর কাজ করে ল্যাণ্ড, লেবার, ক্যাপিটাল এ্যাণ্ড অরগানাইজেসন কিন্তু এখন তার সঙ্গে গভর্নমেণ্ট একথা যোগ করে দেওয়া উচিত কারণ যেখানে পরিকল্পিত অর্থনীতি হয় সেখানে গভর্নমেণ্টর-এর ভূমিকথা কম নয় সেটা মনে রাখা দরকার। সেজন্য আজকে গভর্নমেণ্টর যে দৃষ্টিভঙ্গী সে দৃষ্টিভঙ্গী কি সেটা আমাদের ভাল ভাবে জানা দরকার। আমাদের বিরোধি পক্ষের বন্ধুরা এগ্রিকালচার খাতে ব্যয় বরাদ্দ সমর্থন করতে পারেননি যে কারনে তা মনে করলে আশ্চর্য হতে হয়। তাঁরা সংখ্যা দিয়ে আমাদের অনেক সময় বেকুব বানাবার চেষ্টা করেন, কিন্তু এই কথা কি মনে করতে পারেন যে কৃষি খাতে ব্যয় বরাদ্দ বিবেচনা করার আগে আমাদের টারগেট কত এবং সে টারগেট-এ আমরা পৌঁছতে পেরেছি কিনা? আমরা আজকে দেখছি প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের কৃষি বরাদ্দ ৪ কোটি টাকা ধরা হয়। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় সেখানে ৮ কোটি টাকা এবং তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা ৩৬ কোটি টাকা ধরেছি। সব বিষয়ের একটি সীমা আছে। ৪ কোটি, ৮ কোটি, ১৬ কোটি এই সংখ্যার অনুপাত করা যায় কিন্তু সেই ১৬ কোটির জায়গায় একবারে ৩৬ কোটি যেটা ৩য় পঞ্চবার্ষিক পরিকল্পনায় তাড়াতাড়ি লাফিয়ে বেড়ে গেল তার জন্য কি ম্যান পাওয়ার দরকার তার জন্য যে কি প্রস্তুতি দরকার তা সম্ভব কিনা সেটা সর্ব্বাগ্রে দেখা দরকার। সেজন্য আমি মনে করি আমাদের বিরোধি বন্ধুরা যে ১ কোটি টাকা আমরা খরচ করতে পারিনি কাজেই এটা অকৃতকার্যকতার লক্ষণ বলে ধরে নিয়েছেন। আমি মনে করি যে ৪ কোটি টাকাকে ৩৬ কোটি টাকায় দাঁড় করাতে হলে যে অসুবিধা সৃষ্টি হতে পারে সেটা অনুধাবন করা দরকার সেজন্য আমি অনুরোধ জানাব এই দপ্তরকে যেন তাঁরা প্রতি বৎসর এই টাকা যাতে ভালভাবে খরচ হয় তার দিকে লক্ষ্য রাখবেন, অবশ্য তারা সে টাকা ভাল ভাবেই খরচ করেছেন একথা অস্বীকার করার উপায় নেই। আমি আগেই বলেছি যে আপনারা চোখ দিয়ে দেখলেই বুঝতে পারবেন যে কৃষি খাতে আমূল পরিবর্তন সূচনা হয়েছে। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এক্সপার্ট ওপিনিয়ন-এর কথা তুলে আমাদের নস্যাৎ করবার চেষ্টা করেছেন। আমি এই প্রসঙ্গে প্রফেসর ল্যাডোজিনস্কির ভাষণ থেকে কিছু অংশ উদ্ধৃত করে বলতে চাই যদিও আমার বেশী সময় নেই তবুও আমি বলব যে ওয়ান ম্যান কমিশনের যে রিপোর্টয়ের সারাংশ পত্রিকায় বেরিয়েছিল সেখানে তিনি পরিস্কার করে বলেছেন যে প্যাকেজ প্রোগ্রামের উন্নতিই শুধু হয়নি, মানুষের মনে যে অন্ধকার, মানুষের মানসিকতায় অর্থাৎ কা জীবনের বড় শরিক কৃষকদের মধ্যে যে রক্ষণশীল মানসিকতায় তারা আবদ্ধ যে আবহাওয়া যুগে যুগে বিপ্লবের বাণী, যুগে যুগে অগ্রগতির আহ্বান ব্যাহত হয়েছে সেখানে তাদের মধ্যে নতুন সাড়া জাগাতে আমরা সক্ষম হয়েছি। আমি অনুরোধ করবো মাননীয় বন্ধুদের রিপোর্টটা পড়ে দেখার জন্য। এই প্রসঙ্গে আমি তাদের কাছে আর একটি কথা তুলে ধরতে চাই। ল্যাণ্ড, লেবার, ক্যাপিটাল অর্গানাইজেশন এগুলি ছেড়ে আমি এখন শুধু ক্যাপিটাল সম্বন্ধে এই কথা বলব যে আজকে নতুন করে চিন্তা করার সময় এসেছে। কারণ বাংলাদেশে ক্যাপিটাল ক্রমশঃ সাই হয়ে যাচ্ছে। সেই ক্যাপিট্যাল শুধু মাত্র ইণ্ডাস্ট্রিয়াল ক্যাপিট্যাল না এগ্রিকালচারাল ক্যাপিটালও সাই হয়ে যাচ্ছে। আর এই এগ্রিকালচারাল ক্যাপিটাল সাই হয়ে যাবার ফলে আমাদের দেশে নূতন করে এক মহাজনের সৃষ্টি হয়েছে এটা আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় বলছি। আমার এলাকায় আমরা দেখছি যে বাংলাদেশের বহিরাগত অবাঙ্গালি সম্প্রদায় কিস্তিওয়ালা নামে এক নতুন মহাজনের আবির্ভাব হয়েছে। তারা প্রতি যে টাকা লোন দেয় সেই লোনের প্রতি টাকায় প্রতি পয়সা করে সুদ নেয়, এবং ২ মাস দিনে সেটা শোধ করতে হয়। কি অসম্ভব ধরণের সুদ দিতে হয় এবং ক্যাপিটালকে ছাড়িয়ে কতগুণ বৃদ্ধি হয় সুদ দিতে দিতে, সেটা কি ভয়াবহ চিত্র সেটা ভাবা যায় না। আমি অনুরোধ করবো এগ্রিকালচার দপ্তরকে তথা পশ্চিমবঙ্গ সরকারকে এটা অনুধাবন করবার জন্য। আমাদের কংক্রিট ভাবে আজকে এগিয়ে আসতে হবে। সমবায়ের ভিত্তিতে এগিয়ে আসাই আমাদের লক্ষ্য। আমি মনে করি যে সমবায় আমাদের আরও অর্থ নিয়োগ করা দরকার। যাতে সাধারণ মানুষের কাছে সেই অর্থটা সহজে আসতে পারে। আর গ্রুপ লোন সম্বন্ধে আমি এই কথা

বলব যে, আজকে গ্রুপ লোনএর প্রয়োজনীয়তা খুববেশী নেই। আজকে সকল মানুষ দায়িত্ব-সম্পন্ন হয়েছে। গ্রুপ দিয়ে আজকে বাঁধার কোন প্রয়োজন নেই। তা ছাড়া যে অল্প টাকা মূলধনের মারফৎ আমরা দিই, সেই টাকাটা সত্যই প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। শুধু কম নয়, সেটা যখন শোধ দেবার প্রশ্ন আসে তখন নানা জটিলতার সৃষ্টি হয়। আমি মনে করি যে এই গ্রুপ লোন প্রথাটি তুলে দেবার প্রয়োজন আছে। আরও ক্যাপিটাল সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাই। আমাদের বিখ্যাত অর্থনীতিবিদদের একটা কথা যে এদেশে ক্যাপিটাল শুধু সাই নয়, আমরা ক্যাপিটাল সৃষ্টির ভূমিকায় যে অংশ নিয়েছি সেটা এ্যাম্বুলেন্স-এর ভূমিকা। অর্থাৎ যখন রোগ হল তখন প্রতিষেধ করতে এগিয়ে এসেছে, কিন্তু প্রতিকারের যে পথ সেই পথ এখনও আমাদের চিন্তা করা হয় নি। কেবলমাত্র ব্যাণ্ডেজ বেঁধে ছেড়ে দিলে ক্যাপিটাল-এর ভূমিকা সম্পন্ন হয় বলে আমার মনে হয়না। সেইজন্য আজকে সারা ভারতবর্ষে চিন্তা করা দরকার। এ্যাগ্রিকালচারাল ক্রেডিট অর এ্যাগ্রিকালচারাল এইড্ আরো বাড়ানো দরকার।

এইবার ল্যাণ্ড সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুধাবন করতে বলব। পরিকল্পিত অর্থনীতিতে ল্যাণ্ড সম্বন্ধে বহু বক্তা বলেছেন এবং তা বহু চর্চিত কথা। ল্যাণ্ড রিফর্মস এ্যাণ্ড সিলিং বাঁধা হয়েছে এবং রিফর্মস আমরা করতে এগিয়ে চলেছি। কিন্তু কেবল মাত্র আইন দিয়ে রিফর্মস-এর কাজ করে আমরা আশানুরূপ লক্ষ্যে পৌঁছুতে পারব কিনা সন্দেহ আছে। কারণ, পৃথিবীর সর্বদেশে উন্নতিশীল অর্থনীতিতে দেখতে পাই যে জমির উপর মানুষের চাপ কম। আর আমাদের দেশে জমির উপরে মানুষের চাপ সর্বাধিক বেশী। এখানে ৩৫ পারসেণ্ট লোক কৃষি নির্ভরশীল নয় কিন্তু সারা ভারতবর্ষের ফিগার যে শতকরা ৬০ জন লোক কৃষি অর্থনীতির উপর নির্ভরশীল। কিন্তু ইংলণ্ডে আমরা জানি মাত্র ৫ পারসেণ্ট লোক কৃষি অর্থনীতির উপর নির্ভরশীল। তাহলে একটা দেশকে যদি গড়তে হয় কৃষির উপর লোকের চাপ ক্রমশঃ বাড়ালে আরো কৃষির অবনমন ঘটবে। কৃষির উন্নতি হবেনা। তাই জনসাধারণের এই বিরাট অংশকে কৃষি থেকে অন্য লাইনএ ডাইভার্ট করার প্রয়োজনীয়তা দেখা দিয়াছে এবং তাকে এখন সর্বাগ্রে গুরুত্ব দেবার প্রয়োজনীয়তা রয়েছে। কেবলমাত্র জমিকে ডিস্ট্রিবিউশন করে আরো ভাগ-চাষীকে বা কৃষককে বসিয়ে দিলে সমস্ত সমস্যার সমাধান মিটবে না। তাতে খাদ্যদ্রব্যের ঘাটতি তো মিটবেইনা উপরন্তু আরো সমস্যার সৃষ্টি হবে।

আমি যে বিষয়ে প্রশ্নে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি, সেটা হচ্ছে যে কৃষির অগ্রগতি করতে গেলে যে ম্যান পাওয়ার দরকার, যে টেকনিক্যাল দিকটা দেখা দরকার সেদিকের প্রতি সরকার দৃষ্টি দিয়েছেন, কিন্তু সেই দৃষ্টি আরও বিশদভাবে দেওয়ার দরকার হয়েছে। অবশ্য কৃষি বিভাগকে আমরা যদি দেখি তাহলে আমরা অত্যন্ত আশান্বিত হব। টিউবওয়েল সম্বন্ধে বহু সমালোচনা হয়েছে—কিন্তু আমি জানি আমাদের মাননীয় বন্ধু কাশীবাবু টিউবওয়েল-এর ইউটিলিটি আজকে স্বীকার করতে বাধ্য হয়েছেন। আজকে যে হারে আমরা টিউবওয়েল করেছি তার অগ্রগতি যদি আমরা লক্ষ করি তাহলে আমরা দেখব যে আমাদের কাজ কত দ্রুত হারে এগিয়েছে। ফার্ষ্ট প্লানএ আমরা ৩৬টা টিউবওয়েল বসিয়েছিলাম, সেকেণ্ড প্লানএ ৩৫টা এবং তারপরের বছর থেকে তার মানে থার্ড প্লান-এর প্রতি বছর থেকে ৪৭, ১০, ৩৭, ৯৮, এইগুলি হয়েছে। ইলেকট্রিসিটি—আমাদের যে ইলেকট্রিসিটি এনারজাইজ করার কথা আমরা এখন এ বছরেই ১৩৮টা টিউবওয়েল ইলেকট্রিক দিয়ে এনারজাইস করেছি। আমরা প্রথম পরিকল্পনার ১০ বছরে যা না করেছি আমরা এখন একটা কোয়ারটারএ তার চেয়ে বেশী করছি। এটা কি কম কথা? এর গুরুত্ব যদি আমরা না দিই তাহলে আমরা আহাম্মুকিতা করবো বলে মনে করি। আর একটা কথা ডি. ভি. সি. পরিকল্পনায় ২০০ কোটি টাকার মত ব্যয় হয়েছে। ১০০ কোটি টাকা আমরা স্টেট থেকে খরচ করেছি। ডি. ভি. সি. পরিকল্পনায় যে জল আমরা দিতে পেরেছি, আর আমরা এই খাতে অর্থাৎ মাইনর ইরিগেসন খাতে অর্থাৎ টিউবওয়েল খাতে যা দিয়েছি এই দুটো যদি আপনারা কমপেয়ার করেন তাহলে লক্ষ্য করে দেখতে পাবেন যে আমরা কত কম টাকায় মাত্র ১৪ কোটি টাকায় ৮ লক্ষ ৪০ হাজার একর এলাকায় ইরিগেট করতে পারছি অথচ ১০০ কোটি টাকায় আমরা সেখানে ইরিগেট করছি ১১ লক্ষ একর জমি। এটা কম বড় য়্যাচিভমেণ্ট নয়। আমি শুধু এটা অনুরোধ করবো যে আজকে আমরা একটা টেকনিক্যাল ডিভিসন করেছি।......

[4-35—4-45 p.m.]

Shri Bhakti Bhushan Mandal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা কয়েকটি কথা বলে গেছেন যে হ্যাঁ এগ্রিকাল সম্বন্ধে চিন্তা করতে হলে ল্যাণ্ড, লেবার, ক্যাপিটাল এ্যাণ্ড অরগ্যানাইজেসন সেই সঙ্গে গভর্নমেণ্ট- কথা চিন্তা করা দরকার। আমরা অর্থনীতির ছাত্র হয়ে নিশ্চয়ই, তাই বলবো, কিন্তু মূল হচ্ছে, এই যে ল্যাণ্ড সম্বন্ধে দেখতে হলে প্রথম ডিসপুট কোথায়? কিন্তু সবচেয়ে বড় ফ্যা হচ্ছে এই এগ্রিকালচার-এর ব্যাপারে যদি কৃষির উন্নতি করতে হয় তাহলে দেখতে হবে কৃষক প্রথমে বাংলাদেশের প্রায় শতকরা ৮৫ হতে ৯০ জন নানা ভাবে কৃষক। কাজেই যদি উন্নতি না করতে পারা যায় তাহলে কৃষি উন্নতি করা যাবে না। এটা আমি মনে করি আরও অনেক কিছু করার প্রয়োজন। ল্যাণ্ড-এর ইমপ্রুভ করা দরকার, ফার্টিলাইজার দিতে হ ইরিগেসন দিতে হবে, তারপর যে সব ল্যাণ্ড ছোট ছোট আছে, ফ্রাগমেন্টেসন অব ল্যাণ্ড আ সেটা কনসোলিডেসন অব হোল্ডিং-এর একটা আইন পাশ করতে হবে, এই সব নানারকম কর হবে। আবার ইরিগেসন করলে মেজর ইরিগেসন, মাইনর ইরিগেসন, টিউবওয়েল ইরিগে ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট, ডেরেলিক্ট ট্যাঙ্ক, এইগুলি সব করতে হবে। কিন্তু আসল সমস্যা আমরা ম করি সেটা হচ্ছে যে কৃষকের যতদিন পর্যন্ত উন্নতি করা না যাবে ততদিন পর্যন্ত এগ্রিকাল বা চাষের কোনও উন্নতি হবে না। সেইজন্য আমি বলতে চাই এমন ভাবে কতকগুলো নী স্থির করতে হবে যে নীতিতে কৃষকদের উন্নতি করা যায়। প্রথমত দেখতে হবে কৃষক উন্নতি করতে হলে কি করে করা যায়। যেসব লোক চাষ করে না অথচ সিলিং ক আর যাই বলুন ৭৫ বিঘা জমি তারা রেখেছে, তাদের কাছ থেকে সম্পূর্ণ ভাবে জমি নিয়ে নি হবে। জমি না নিলে যারা খেটে খায়, অর্থাৎ যারা চাষ করে তাদের হাতে জমি আস না। তাই প্রথম আইন হওয়া দরকার যে যারা খেটে খাবে তাদের জমি দিতে হবে। এ করলে কৃষকের উন্নতি হবে না। কিন্তু সেই সঙ্গে মনে রাখতে হবে যেসব গরীব মানুষ জ পাবে তা জমি নিয়ে তারা চাষ করতে পারবে না। কারণ ডিউ টু ওয়াণ্ট অব ক্যাপিট্যাল ভেরিয়াস ফর্মস। আমি আপনার কাছে বলছি মনে করুন ভাগচাষী একজন যার ৩০০ টাকা খরচ ক ক্ষমতা নেই, তাকে যদি জমি দেওয়া হয়, তাহলে তাকে ভাল গরু কিনতে হবে, সারের ব্যব করতে হবে, কি ইরিগেসন-এর ব্যবস্থা করতে হবে, এগুলি তারা পারবে না। সেই জ আমার মূল বক্তব্য হচ্ছে, এই যে জমি তাদের দিতে হবে, কিন্তু সেই সঙ্গে স্টেট-এর এমন এক পরিকল্পনা বা স্কীম থাকা দরকার যাতে তাদের ক্যাপিটাল দেওয়া হবে। এই ক্যাপটাল য না দেওয়া হয়, ক্যাপিট্যাল ইন ভেরিয়াস ফর্মস, যেমন বলছিলাম গরু কেনার জন্য তাকে টা দেবার ব্যবস্থা করতে হবে। মনে করুন তাদের কো-অপারেটিভ মেথড-এ তাদের গরু কে ব্যবস্থা করবেন। হাজার হাজার কৃষক যখন জমি পাবে তখন তাদের কো-অপারেটিভ মেথ দেবেন। আজকে কি অবস্থা, আপনারা সবাই জানেন বিশেষ করে মন্ত্রিমহাশয় জা ক্যাটেল পার্চেজ লোন-এর ব্যাপার, ক্যাটেল পার্চেজ লোন কি ভাবে দেওয়া হয়, ক্যাটেল পা লোন দেওয়া হয় ২০০ হতে ৩০০ এমন কি ৫০-৬০টা গ্রুপ দেওয়া হয়। ১০ জন লোকে দে ১০ জন লোক ৫০ টাকা ঐ শহরে গিয়ে আনতে যায়। মদ খেয়ে ফেলা ছাড়া আর কো উপায় থাকে না, কেবল তার ঋণটা পকেটে থেকে যায়। কিন্তু যদি সেই ১০ জনকে সত্যিকা তাদের গরু কেনার জন্য দেওয়া হয় তাহলে গরু এক জোড়া কিনতে মোটামুটি দেখা যা ৩০০ থেকে ৪০০ টাকা খরচ হয়।

তিনি চার শত টাকা দিয়ে যদি ৭ জনে করেন তাহলে তাকে ২৮ শত টাকা দিতে হবে- ভাবে যদি না করা যায় তাহলে কৃষির উন্নতি হবে না। এবং সেই সঙ্গে সারের কথা ব ——আপনারা সকলেই জানেন সারের টাকা যে সময় দেওয়া হয় সেই সময় পূজোর ব কেনা ছাড়া আর কিছুই হয় না——বিশেষ করে ধান চাষের অঞ্চলে আশ্বিন কার্তিক মাসে টাকা পায় তাহলে সেই টাকা দিয়ে গরু না কিনে পূজোর কি ব্যবস্থা হবে সেই ভাবে। সেই জন্য আমি বলি সরকারের উচিত হচ্ছে যারা সারের টাকা নেন তাদের স সম্পূর্ণ ক্যাস টাকা না দিয়ে তাদের সার কেনার ব্যবস্থা করতে হবে এবং আষাঢ় মাসে তারা যাতে পায় তার ব্যবস্থা করতে হবে। আর একটা বলছি লোন

—ভেরিয়াস এজেন্সিজ অব লোনস আছে—সবচেয়ে কুখ্যাত লোন সিসটেম করেছে হাজনরা যে লোন দেন—আজকাল আর মহাজনরা লোন দেয় না। মন্ত্রী মহাশয় হয়তো জানেন য় মানিলেণ্ডার লাইসেন্স যদি না থাকে তাহলে সেই লোন রিকভার করা যায় না—সেইজন্য একটা নূতন ফন্দী বেরিয়েছে—সেটা হোল এই যে দু হাজার টাকার জমিকে পাঁচ শত টাকার মধ্যে কবলা করে লিখে দিতে হয় এবং লিখে দেবার পর কোন কোন মহাজন একটা মৌখিক আনরেজিষ্টার্ড এগ্রিমেণ্ট করে দেন এবং এটা কেউ করে কেউ করে না হাজার টাকার জমিটা পাঁচ শত টাকায় আনস্কুপুলাস মনিলেণ্ডাররা নিয়ে নেয় তখন দের আর বলার কিছু থাকে না। আমরা মনে করি যদি কৃষকদের অবস্থা ভাল করতে হয় াহলে দুটো বেসিসে—একটা সাবসিডি দিতে হবে এবং তাদের টাকা দেবার ব্যবস্থা করতে বে। যারা রিয়েল চাষী আর যারা সত্যিকারের ফার্ম করার চেষ্টা করছে বা যারা স্টেট াকুইজিসন হতে কিছু কিছু জমি পেয়েছে তাদের কিভাবে গরু এবং ফাইনান্স করা যায় সটা সিরিয়াসলি চিন্তা করতে হবে। আমার মনে হয় এগ্রিকালচারাল কথা ভাবতে হলে একটা হাই পাওয়ার কমিশন করা দরকার যেটা কাশীবাবু বলেছেন।একটা রিয়েল স্টেট অব ং জানা দরকার। তা না হলে অমুক খাতে টাকা দিলাম এই টাকা দিয়ে কিছু হবে বলে ামি মনে করি না। প্রকৃতপক্ষে যারা চাষ করছে তাদের কাছে সেগুলি পৌঁছায় কিনা সটা দেখতে হবে সেটা যতক্ষণ না পৌঁছাবে ততক্ষণ কিছু ভাল হবে বলে আমি মনে করি া। কৃষি খাতে ১০ কোটি টাকা দিন আর যত টাকাই দিন আমরা গ্রামে গ্রামে ঘুরে দেখেছি ন যারা প্রকৃত চাষী তারা প্রয়োজনে টাকা পায় না বরং আনস্কুপুলাস কিছু ভিলেজ লবেলে ওয়ার্কার আছে যারা কতকগুলি মোটা চাষীর সঙ্গে মিলে বলেন যে তোমাকে বিনা য়সায় সার দিচ্ছি তুমি আমাকে ১০ টাকা দাও। আবার কি করে শুনুন আপনারা যে াইজটা দেন ঐ যেটা ভি. এল. ডবলিউ বা এগ্রিকালচ্যারাল ইনস্পেক্টার আছেন তাঁরা বলেন তামার জমিটা সব চেয়ে বেশী প্রাইস পাবে সবচেয়ে বেশী ফলন দেখালে। তার পর এক কাঠা ায়গার পরিবর্তে দেড় কাঠা জমির ধান কাটলেন তার পর হয়তো ১ মণ হোল সেটা বাড়িয়ে লেন দেড় মণ লিখে দিচ্ছি। তারপর কাগজে ফলাও করে দেখিয়ে দিলেন ফলাও করে ট্যাটাসটিক্স দিয়ে দিলেন যে এর বেশী ধান হয়েছে এবং তাকে বলা হোল তুমি যে চার ত টাকা প্রাইজ পাবে তার মধ্যে আমি কিছু নেবো আমাকে ৫০ টাকা কি ১০০ টাকা তে হবে। আর আমাদের স্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেণ্ট ভাবলেন যে এই যখন ফলন তাহলে শ্চয়ই এতো ধান হবে। অতএব গুণ করে দাও তাহলে দেখা যাবে এতো ধান হবে ন্তু একচুয়েলি দেখা গেল যে তত ধান হয়নি। কাজেই রিয়েলিস্টিক ওয়েতে চাষীর কি বস্থা সেটা যদি চিন্তা করা যায় তাহলে কতকগুলি টাকা স্যাংসান করলেই যে চাষীদের বং কৃষি বিভাগের উন্নতি হবে তা আমি মনে করি না। তাই আমি আবার বলছি যে গ্রিকালচারের যদি ইমপ্রুভমেণ্ট করতে হয় তাহলে সবচেয়ে বড় সমস্যা যেটা কৃষক এবং ষকের অবস্থাটা যদি চিন্তা না করা যায় তাহলে কোন রকমে কৃষকদের ইমপ্রুভমেণ্ট করা বে না—তাই এই বাজেটে সেই ব্যবস্থা না থাকার জন্য আমি বাজেটকে সমর্থন করতে রছি না। তাই আমি বাজেটকে অপোজ করছি।

[4-45—4-55 p.m.]

Shri Khalil Sayeed :

পীকার স্যার, জমি অবশ্য সীমিত কিন্তু একথা তো ঠিক নয় যে জমি সীমিত বলে জমি থেকে উৎপাদিত ফসল তাও সীমিত থেকে যাবে। জমিতে তিনটি ফসল কম পক্ষে দুটো ফসল ওয়া যায় কিন্তু আজ পর্যন্ত সারা বাংলা দেশে সেই ব্যবস্থা চালু হয় নি। বিশেষ করে মার উত্তর বঙ্গের জলপাইগুড়ি, কুচবিহার, পশ্চিম দিনাজপুরের কথা বলছি যেখানে অন্তত ন শতকরা ৮০ ভাগ জমিতে একটি মাত্র ফসল হয়। তাছাড়া যে জমিতে এক বিঘাতে ০ মণ ফসল পাওয়া যায় সেখানে যদি ভালভাবে চাষ করা যায় তাহলে তিন গুণ ফসল র্থাৎ এক বিঘা জমিতে ৩০ মণ ফসল পাওয়া যায়। কিন্তু সেই ধরণের কোন চেষ্টা মাদের সরকার বাংলাদেশে আজ পর্যন্ত করেন নি। জমি সীমিত কিন্তু জমি থেকে উৎপাদিত

ফসল সেটা কেন সীমিত থাকবে এটা আমি বুঝতে পারছি না। আমাদের দেশে যে চাষে ব্যবস্থা আছে সেটা অত্যন্ত আদিম এবং সেই মান্ধাতা আমলের কাঠের ছোট লাঙ্গল দিয়ে যেভাবে চা হয় তা আজ পর্যন্ত চলছে। এবং কৃষকদের বলদগুলিকে দেখলে মনে হয় যেন হাড়ের ফ্রেমের উপ চামড়া লাগানো আছে। এই রকমা বাংলা দেশের কৃষকের যেমন চেহারা তেমন বাংলা দেশে বলদের চেহারা। আমাদের দেশের নেতারা যখন ভাবেন যে অল্প খরচে ছোট ছোট মোট গাড়ী তৈরী করা যায় কিনা তার সঙ্গে সঙ্গে যদি এই কথাও ভাবেন যে অল্প খরচে অন্ত তিন হাজার টাকার মধ্যে ছোট ছোট ট্রাক্টার উৎপাদন করা যায় কিনা তাহলে আমার মা হয় কৃষকদের যথেষ্ট উপকার হবে। আমি তিন হাজার টাকা বলছি এই জন্য যে আমর দেখছি গ্রামে অনেক বড় বড় কৃষক তিন হাজার টাকা পর্যন্ত মূল্যের পাম্পিং সেটস কিনছে— এমন কি ঋণ নিয়েও এটা কিনতে পারেন—ঠিক এই ভাবে ছোট ছোট ট্রাক্টর তৈরী হ এবং সেই ট্রাক্টর কেনবার জন্য কৃষকদের ঋণ দিলে নিশ্চয় যেভাবে পাম্পিং সেটগুলি বিা হচেছ ট্রাক্টরগুলিও ঐভাবে বিক্রি হতে পারতো এবং তার ফলে কৃষকরা উপকৃত হতে পারতো মাননীয় সদস্য বীরেন রায় যেমন রাজার ছেলে চাষ বোঝেন না ঠিক তেমনি আমার এপা বক্তব্য হচেছ যে ঐ কৃষি কলেজগুলি থেকে যে সমস্ত ছেলেরা পাশ করে আসেন তারা রাজা ছেলে না হলেও হয় তারা অর্ধ রাজার ছেলে না হয় বনিকের ছেলে তারা কৃষি কিছু বোঝে না তাদের শেখানো হয় বটে কিন্তু সেই মাটির মানুষের সঙ্গে তাদের কোন যোগ নেই আমার নিজের জেলায় এবং আরও বহু জায়গায় আমি দেখেছি যে যারা কৃষি বিভাগের কর্মচা তারা যখন কৃষকদের মধ্যে যান তাঁরা তখন জীপে করে যান কৃষকরা ভয়ে তাদের কা যায় না এবং তারা যে সমস্ত পরামর্শ দেন কৃষকরা তা বোঝে না। যেমন বল্লেন নাইট্রোজে এ্যাপ্লাই কর হাতে কলমে সেগুলি বুঝিয়ে না দিলে কি করে তারা বুঝবে বা জানবে কাজেই তাদের কৃষি বিদ্যালয় থেকে পাশ করিয়ে নিয়ে এসে যে একটা দেশে সুকর্ম হচে কৃষকদের উপকার হচেছ এ ধারণা বর্জন করা উচিত। এ সম্পর্কে আমি আপনার মাধ্য কৃষি মন্ত্রীর কাছে প্রস্তাব রাখছি যে অন্তত পক্ষে প্রত্যেক ব্লকে একটা করে কৃষি বিদ্যাল খোলা হোক যেখানে গ্রামের কৃষকের ছেলেরা প্রাইমারী পরীক্ষায় পাশ করার পর ভর্তি হ পারবে এবং কৃষি বিদ্যালয় থেকে স্কুল ফাইন্যাল পাশ করবেন। এই ধরণের যদি পরিকল্পন সরকার নিতে পারেন তাহলে বাস্তব ক্ষেত্রে কৃষকদের ছেলেরা এ বিষয়ে শিক্ষা পে পারে এবং কৃষিকার্য্যে বৈজ্ঞানিক পদ্ধতিতে ট্রেনিং নিয়ে নিজেদের বিদ্যা বুদ্ধি খাটিয়ে তা ফসল বাড়াতে পারে।

এছাড়া ঐ ভাবে কলেজীয় শিক্ষায় দেশের ফসল বাড়ান সম্ভব হবে না। এই কৃ ব্যবস্থার পরিপূরক একটা ব্যবস্থা হচেছ সেচ। সেচ ছাড়া কোন প্রকারে কৃষি সম্ভব নয় মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করি সেটা হচেছ গত বছর আমি আমার জেলায় কয়েকটা ব্লকে দেখলাম কৃষকদের মধে কৃষিকার্য্যের সেচের জন্য পাম্পিং সেট কিংবা কৃষি ঋণ দেওয়ার ব্যবস্থা হল। সেই ঋণগুলি মঞ্জুর করা হল গত বছর মার্চ মাসের আগে এবং এপ্রিল মাসের মধ্যে সবাইকে টাক পয়সা হাতে দিয়ে দেওয়ার ব্যবস্থা হল। কিভাবে—হাতে নয় বি. ডি. ও. বললেন টাক পয়সা হাতে দেওয়া হবে না, টাকা পেলে ঠিকভাবে কৃষকরা পাম্পিং সেট কিনে না সেজন্য তাদের পাম্পিং সেট কিনে দেওয়া হবে। দেখা গেল কি, না, কৃষকরা সেই ব্যবস্থাতে আপত্তি করলেন। তাঁদের মাথায় কে একটা ধারণা ঢুকিয়ে দিয়েছে জানি না, তাদে অধিকাংশকে এই কথা বলতে শুনেছি যে বি. ডি. ও. যদি ২০ টা পাম্পিং সেটের অর্ডা দেন তাহলে তার থেকে তিনি কমিশান পেয়ে লাভবান হবেন। কিন্তু তাঁরা যদি নিজেরা পাম্পিং সেট পার্চেজ করেন তাহলে তাঁরা নিজেরা লাভবান হতে পারেন সেই কমিশান পেয়ে। সেজন্য তাঁরা টাকা চাইলেন, কিন্তু টাকা পেলেন না। অনেককে অপদস্ত হতে হয়েছে এই রকম নজীর আছে। সেই পাম্পিং সেট ১ বছরের মধ্যে হল না, তাঁরা টাকা পেলেন না ইতিমধ্যে বি. ডি. ও. সাহেব সেই টাকাটা ব্যাঙ্কে জমা রাখলেন। কিন্তু ১ বছর হয়ে গেল পাম্পিং সেট হল না। পাম্পিং সেট না আসার দরুন সেই সমস্ত টাকার উপর সমস্ত সুদ তাদের দিতে হয়েছে। মাননীয় স্পীকার মহাশয় কৃষকরা কেমিক্যাল সার ব্যবহার করতে চায়, কিন্তু সারের সরবরাহ অপ্রতুল। সার না পাওয়ায় কৃষককুল যথেষ্ট ক্ষতিগ্রস্ত হচেছ।

মিঃ স্পীকার, স্যার, আমি হাউসে একটু আগে গোবর কুড়ান সম্বন্ধে শুনলাম। এটার সম্বন্ধে একটা ব্যবস্থা করতে হবে যাতে গোবর ওয়েস্টেজ না হয়। গোবর চাষের কাজে লাগাতে হবে। অথচ এই গোবর কুড়ান বন্ধ করা সম্পর্কে আজ পর্যন্ত কোন আইন সরকার করলেন না। মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে তিনটি প্রস্তাব কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে রাখছি একটা হচ্ছে কৃষির উন্নতির জন্য ট্রাক্টারের ব্যবস্থা করতে হবে, আর একটা হচ্ছে প্রত্যেক ব্লকে একটা করে কৃষি স্কুল খুলতে হবে এবং আইন করে গোবর কুড়ান বন্ধ করতে হবে।

Shri Hrishikesh Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় কৃষি খাতে যে ব্যয় বরাদ্দ মঞ্জুরীর জন্য এখানে উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে স্বাধীনতার পূর্বে আমাদের দেশের কৃষক এবং কৃষি শ্রমিকেরা যে সুযোগ গ্রামে পেত না আজকে কৃষির উন্নতির জন্য সেই সুযোগ ব্যাপকভাবে পাচ্ছে এবং বাজেটের মধ্যে যে যে উপকরণ কৃষকের সাহায্যে রাখা হয়েছে সেই সব সুযোগ তারা স্বাধীনভাবে ব্যবহার করতে পারছে। সেজন্য কৃষির উন্নতি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা হয়েছিল তার থেকে অনেক গুণ বেড়েছে উৎপাদন এবং কৃষকদের মধ্যে উৎসাহ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং দ্বিতীয় পরিকল্পনা অপেক্ষা তৃতীয় পরিকল্পনায় আরো বিবিধ উন্নয়নমূলক পরিকল্পনা ব্যাপকভাবে গ্রামের ভেতর কৃষি বিভাগ ছড়িয়ে দিয়েছে। আমি একটা বিষয় উল্লেখ করতে চাই, গত বাজেটের সময়ও বলেছিলাম যে কৃষির উন্নতির ক্ষেত্রে সব জায়গায় সমান দৃষ্টি দেওয়া দরকার। বাংলাদেশের চারিদিকে বিবিধ পরিকল্পনা ব্যাপকভাবে বিতরিত হচ্ছে না। আমি বলতে পারি আমার যে এলাকা এগরা থানা সেই এগরা থানায় প্রায় ২৫০টি বৃহৎ আকারের পুষ্করিণী মাঠের মধ্যে রয়েছে যেগুলি সরকারী দখলে রয়েছে। তার মধ্যে প্রায় ২ শো পুষ্করিণী খাস দখলে আছে আর ৫০টি পুষ্করিণী ভেস্টেড ল্যাণ্ড হিসাবে সরকারী দখলে আছে।

[4-55—5-5 p.m.]

আমরা জানি দশ হাজার অধিবাসী অধ্যুষিত একটা এলাকায় দশ বছরের মধ্যে গত ২ বছর পর পর সেখানে বৃষ্টি হয় নাই। সেই জন্য দেশের ভেতর খুব হাহাকার এবং তারা সর্বদা অত্যন্ত অসন্তুষ্ট অবস্থাতে কাটাচ্ছে সেখানে সেচের কোন পরিকল্পনা নাই। এমন কি সেখানকার পুষ্করিণীগুলির যদি পংকোদ্ধার করা হোত, তাহলে সেই পুষ্করিণীগুলি থেকে কিছু কিছু জমিতে তারা জল সেচ করতে পারতো এবং ফসল ফলাতে পারতো, চাষ আবাদ করতে পারতো। এই যে আড়াইশো বড় বড় পুষ্করিণী সেখানে রয়েছে খাসমহলের, সেখানে তারা সামান্য খরচও করতে পারছে না। অবশ্য কোন কোন জায়গায় টেস্ট রিলিফের দ্বারা পংকোদ্ধার হচ্ছিল কিছু কিছু। সেটাও আজ দুতিন বৎসর হলো বন্ধ হয়ে গেছে। এটা শুধু এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর সেই ফেসিলিটিস যা বাজেট বরাদ্দের মধ্যে রয়েছে। আরো বিবিধ উপকরণ রয়েছে। দ্রব্য সম্ভার রয়েছে। গ্রামের চাষীদের প্রকৃত যেটা দরকার তা তারা পাচ্ছে না। যেমন ধরুন আমাকে ভাত চাইলে যদি নুন দেওয়া হয় তাহলে যে অবস্থা হয়, চাষীদের ক্ষেত্রেও ঠিক তেমনি অবস্থা চলছে। যেখানে ইরিগেসন বাঁধ প্রচুর পরিমাণে দরকার সেখানে চাষীরা সেই ইরিগেসন বাঁধ পাচ্ছে না। হয়ত সেখানে পুষ্করিণী থেকে সেচ দেওয়ার চেষ্টা হচ্ছে বা ডিপ টিউবওয়েল বসাবার দিকে অগ্রসর হচ্ছে। যে ড্রেনেজগুলি হেজে মজে গেছে, সেগুলি সংস্কার কি করে করা যায় তার ব্যবস্থা হচ্ছে না। সে ক্ষেত্রে প্রত্যেক বাজেট পাশ হবার পর উপর থেকে অফিসার গিয়ে বলছে ২৫টা ম্যানার পিট মঞ্জুর করা হয়েছে, ২শোটি কাউ শেড-এর মেঝে পাকা করবার টাকা মঞ্জুর করা হয়েছে। সেই অবস্থায় কৃষকদের উৎসাহ নষ্ট হয়ে যাচ্ছে। আমার একটা এলাকায় প্রায় দেড় লক্ষ লোকের বাস। যদি ৫০ হাজার গৃহস্থ হয়, তাহলে সেখানে ২৫টি কাউ শেড বা ২৫টা ম্যানার পিট তৈরী করলে যতটা না উপকার হয় তার চেয়ে বেশী উপকার হতো বা অনেক বেশী কৃষকরা উৎসাহিত হতো যদি সেই টাকায় একটা স্মল ইরিগেশন স্কীম হতো বা পুকুর পংকোদ্ধারের ব্যবস্থা

হতো। এই ভাবে আজকে আমরা দেখছি উপর থেকে বাজেটে সর্বপ্রকার সম্ভার রয়েছে, নীচের দিকে যে অফিসার ইত্যাদি দিচ্ছেন সেই সমস্ত কৃষকদের বা কৃষির সাহায্যের অনুকূল নয়। সেই জন্য আমি বলবো একটা বিশেষ কমিটি করে সমস্ত ব্যাপারটা ভাল করে সার্ভে করে দেখুন। কোন্ কোন্ অঞ্চলের কৃষকদের জন্য কি কি সুবিধা দেওয়া প্রয়োজন সেগুলি সব দেখে শুনে বাজেটের মধ্যে সেই সব জিনিষের ব্যবস্থা করতে হবে, সেই সেই উপকারের জন্য টাকা মঞ্জুর করতে হবে এবং চাষের ব্যবহার উপযোগী জিনিষ যাতে চাষীরা পায় সময়মত তা দেখতে হবে।

আমাদের দেশে সারের ব্যবহার প্রচুর বেড়েছে এবং সারও বিতরণ করা হচ্ছে। কিন্তু সারের ডিলারদের কাছে বিভিন্ন প্রকারের সার দেখতে পাওয়া যাচ্ছে এবং সরকারী নিয়ন্ত্রিত দাম থেকে বেশী দামে সেই সারা তারা বিক্রয় করছে এবং বিভিন্ন রকম ট্রেডমার্ক বিভিন্ন প্রকার বোন মিল বা বোন ডাষ্টের আছে যেমন সানলাইট মুনলাইট ইত্যাদি। তেমনি সারের ক্ষেত্রেও বিভিন্ন ট্রেডমার্ক আছে। তার জন্য সারের মধ্যে ভেজাল দেখা যাচ্ছে। তাতে কাজ কিছু হচ্ছে না। এ দিকে সরকারের দৃষ্টি দেওয়া দরকার।

আর একটা কথা বলতে চাই—আমাদের বেসিন অঞ্চলে অনেক ড্রেনেজ পড়ে আছে। সেখানে দশ বছরের মধ্যে মাত্র এক বছর ফসল হয়েছে। চাষীরা এতদিন ঋণ নিয়ে কোন প্রকারে বেঁচে ছিল। গত বছর দশ বছরের কৃষি ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হয়েছে। সেই জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি—যেখানে ফসল সত্যিকার ভাল হয় নাই এগ্রিকালচার ডিপার্টমেণ্ট-এর রিপোর্ট অনুযায়ী সেখানে লোন রেহাই দেওয়া হোক অথবা লম্বা কিস্তিতে আদায় দেওয়ার ব্যবস্থা করা হোক।

আজকাল গ্রামে ঢেঁকির প্রচলন প্রায় উঠে গেছে। সাধারণতঃ কৃষি মজুররা ঢেঁকিতে অল্প অল্প ধান ভেঙ্গে খাচ্ছিল। এখন এই যে নূতন আইন করা হয়েছে পেডি হাস্কিং মেশিনে লেভী প্রথাটা তুলে দেওয়া হোক, কারণ গ্রামের কৃষকরা এর জন্য আতঙ্কিত হয়ে পড়েছে এই আতঙ্ক দূর করার জন্য ব্যবস্থা অবলম্বন করুন। এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Shreemohan Thakur:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কৃষিমন্ত্রী থেকে আরম্ভ করে কংগ্রেস পক্ষের সদস্যেরা কৃষি খাতের উপর আলোচনা করতে গিয়ে যে কথা বললেন তা শুনতে শুনতে আমার একটি কথা মনে হোল এবং সেটা হচ্ছে তাঁরা বলছেন এই খাতের টাকা বরাদ্দের ব্যাপারটা আমরা প্রাণপনে সমর্থন করছি বটে তবে আমার এলাকায় সার ব্ল্যাক মার্কেট হচ্ছে, চাষীরা বেশী দামে কিনছে, আলুতে চাষীরা মার খাচ্ছে, ধানে দর পাচ্ছে না, পাটে দর পাচ্ছে না, আলু রাখার ব্যবস্থা হোলনা, আলু উৎপাদন করে চাষীর লাভ হোল না সেটা হিমঘরের মালিকরা নিয়ে নিচ্ছে, কৃষি ঋণ আমার এলাকায় যা পাওয়া দরকার তার হাজার ভাগের এক ভাগও পাচ্ছে না, গরু কেনার টাকা পাচ্ছি বটে, কিন্তু তা দিয়ে একটা ছাগল কেনা হয়। অর্থাৎ কংগ্রেস সদস্যেরা বলছেন যে, আমার এলাকায় এই সব হচ্ছে, তবে কংগ্রেসে আছি তাই সমর্থন করছি। স্যার, এঁরা এমন উন্নতি করেছে যে চাষীদের দুর্গতি ভোগ করতে হচ্ছে, চারিদিকে হাহাকার উঠেছে। আমার বক্তব্য হচ্ছে আপনারা যদি ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা বন্ধ করেন তাহলে একটা নিটফল পাওয়া যাবে। কংগ্রেস সদস্যদের কাছ থেকেও শোনা গেল কৃষকদের অবস্থা মর্মান্তিক। তারপর, কমিউনিস্ট পার্টির লোকদের গ্রেপ্তারের ব্যাপারে নন্দজী পার্লামেণ্টে যে বিবৃতি দিয়েছেন তার উপর আমাদের দেশের খবরের কাগজ একটা মন্তব্য করেছে। কৃষি পরিকল্পনার ব্যাপার দেখেশুনে শুধু একটা কথাই মনে পড়ে যেটা গ্রাম দেশে চালু আছে অর্থাৎ সম্পত্তি বের কর, সম্পত্তি বের কর—৩ হাড়ি খুদ, পরিবার বের কর, পরিবার বের কর—৩ মাগি ভুত। এই জিনিসটা বিশেষ করে বর্ধমানে প্যাকেজ প্রোগ্রামের ক্ষেত্রে দেখছি। এঁরা এত কাণ্ড করল, কিন্তু আসলে দেখা গেল সেই ৩ হাড়ি খুদ। এই প্যাকেজ প্রোগ্রামের মাধ্যমে জেলায় জেলায় কৃষির উন্নতি বিশেষ কিছু হয়নি। কিছু আমলাতান্ত্রিক কাঠামো তৈরী হয়েছে হ্যাণ্ডবিল ছড়ানো হয়েছে কিছু সাইনবোর্ড টাংগানো

হয়েছে এবং এসব দেখে মনে হবে প্যাকেজ প্রোগ্রামে কি ব্যাপারই না হচ্ছে। ২ বছর আগে আমাদের খাদ্যমন্ত্রী পি. সি. সেন গিয়ে প্যাকেজ প্রোগ্রামের উদ্বোধন করলেন এবং একটি প্যাকেট একজন চাষীকে উপহার দিলেন। সেই প্যাকেটটা এখন প্যাক প্যাক শব্দ করে সারা দেশময় সাইনবোর্ডের মাধ্যমে ঘুরে বেড়াচ্ছে। এই প্যাকেজ প্রোগ্রামে সমষ্টিগত ভাবে সাহায্য এবং টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্স দেবার কথা ছিল। কিন্তু বাস্তবিকপক্ষে আমরা দেখছি তার হাজার অংশের এক অংশও চাষীর কাছে গিয়ে পৌঁছাল না। প্রথমে কথা ছিল বেশী পরিমাণ সার প্যাকেজ এলাকায় দেওয়া হবে। কিন্তু বাস্তবে দেখা গেল চাষের প্রয়োজনে চাষীর যখন সারের দরকার হোল তখন সার বাজারে আর পাওয়া গেল না। এঁরা কো-অপারেটিভ প্রভৃতি কত রকম বন্দোবস্তই না করেছেন, আমি বলি এগুলো ঢেলে সাজুন কৃষিঋণ দেবার জন্য। তারপর আপনারা যে সাহায্য দিলেন তাতে দেখছি চাষীকে অন্য জায়গায় যে ঋণ দেওয়া হয় প্যাকেজ এলাকাতেও সেই ঋণ দেওয়া হয়। যদি ২ হাজার টাকার জন্য সুপারিশ করা হয় তখন কৃষিবিভাগের বড় কর্তা গিয়ে পরামর্শ করে বলেন, না ১ হাজারের বেশী দেবার উপায় টুপায় নেই।

[5-5—5-15 p.m.]

এ হেন বাজারে টাকার দাম ১৯ পয়সায় এসে হাজির হয়েছে, তখন কৃষির উন্নতি প্যাকেজ প্রোগ্রামে দলগতভাবে উন্নতি করা সমষ্টিগতভাবে উন্নতি করা চাষীদের ক্ষেত্রে যে হাজার টাকায় কিছুই হয় না, অন্ততঃ ইকনমিক কাল্টিভেশন যদি করতে হয় তাহলে কিছুই হয় না। প্যাকেজ এলেকার দু একটি কথা বলি। কাগজে কলমে বহু উন্নতির কথা বলা হল, বহু ষ্ট্যাটিস্টিক্সের কথা বলা হল, তারপর মারাত্মক আর একটা দিক দেখা দিয়েছে, জানি না হয়ত উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশে এটা ঠিক হয়ে গেছে যে খুব ধুমধাম করে প্রদর্শনী করতে হবে। প্যাকেজ এলেকায় যে বহু রকম উন্নতি হয়েছে। এই রকম উন্নতিমূলক প্রদর্শনী আরম্ভ হয়ে গেছে এবং একজন মাননীয় পরশু দিন কাটোয়ায় গিয়ে উদ্বোধন করে এসেছেন। ১৫০টি স্টল হয়েছে। তার মধ্যে ২০।২৫ টি স্টলে নামে মাত্র জিনিষপত্র আছে আর বাকী-গুলি খালি পড়ে আছে। এতেও দুঃখ ছিল না। বহু কর্মচারীকে কাজ কর্ম বন্ধ করে কাজে লাগান হয়েছে তাতেও দুঃখ ছিল না, বহু জায়গা থেকে চাঁদা তুলবার জন্য সরকারী কর্মচারীকে লাগান হয়েছে তাতেও দুঃখ ছিল না কিন্তু এই প্যাকেজ প্রোগ্রামের কল্যাণে এই রকম চাঁদা আদায় করা হচ্ছে যে এটা বুঝাই যায় না এটা কি গণতন্ত্র রাষ্ট্র না গরুতন্ত্র চলেছে। বি. ডি. ও. থেকে আরম্ভ করে গ্রাম সেবক পর্যন্ত যেরূপভাবে চাঁদা আদায় করছে, তাতে যাদের বন্দুকের লাইসেন্স আছে ধান চালের লাইসেন্স আছে তাদের থেকে আরম্ভ করে লোকের কাছ থেকে ১০১ টাকা করে চাঁদা আদায় করা হচ্ছে পাইকারী হারে। দফায় দফায় বিভিন্ন বি. ডি. ও. যাচ্ছে এবং গিয়ে বলছে এত চাঁদা তোমাকে দিতে হবে, যারা বলছে এত পারব না, কাকুতি মিনতি করে বলছে এত দিতে পারব না, তাদের বেলায় পরদিনই দেখা গেল উর্ধতন পক্ষ থেকে এল বন্দুকের লাইসেন্স তদন্ত করতে, যারা ব্যবসায়ী তাদের বলা হয় তোমাদের খাতাপত্র নিয়ে এস সহরে, এই রকম করে দফায় দফায় তাদের হয়রাণি করা হচ্ছে। এতে মনে হয় এই গণতন্ত্রে প্যাকেজের কি করবেন, শেষ পর্যন্ত যে চাষীদের কতদূর নিয়ে যাবেন জানি না। যাই হোক আসল চাষের কথা কিছুই বলা হল না, চাষের উন্নতি করতে গিয়ে সমাজতন্ত্রী এক ব্যবস্থা যা করা দরকার ছিল গ্রামাঞ্চলে তা কিছুই করা হল না, যে ভূমিসংস্কার করা দরকার ছিল, যে শ্রেণী ভাগ করে গ্রামের চাষীদের বেকারী দূর করা দরকার ছিল সেসব কিছুই করা হল না। যে সেচ ব্যবস্থা আশু প্রয়োজন ছিল, সেগুলি কিছুই করা হয়নি। একটা দৃষ্টান্ত দিই, একটা উচু জায়গার কথা এটার কথা এখানে বার বার করে তোলা হয়েছে, একবার কমিশনার থেকে আরম্ভ করে যত উন্নতির দপ্তর আছে সবগুলিকে জানান হয়েছে কিন্তু যেখানে মাত্র ২০।২৫ হাজার টাকা খরচ করলে ১০ হাজার একর জমি উদ্ধার হতে পারে কয়েক বছরে ক্যানালের কল্যাণে ময়ূরাক্ষীর জল বইয়ে দিয়ে সেটা পচিয়ে দেওয়া হয়েছে, অথচ এর দরিদ্র ময়ূরাক্ষী প্রজেক্ট নিলেন না, মাত্র অল্প টাকা খরচ করলে ড্যাম সংস্কার করলে যে ব্যবস্থা হত সে ব্যবস্থা হল না। প্যাকেজের কল্যাণে যে সমস্ত কথা বলা হয়েছে

সমস্তই কাগজেপত্রে করা হয়েছে আসলে কাজ কিছুই হয়নি। এই বলে আমি এর বিরোধিতা করছি।

Shri Nathaniel Murmu :

আমি আমার সংক্ষিপ্ত ভাষণে কৃষি দপ্তরের ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি এই জন্য যে আমাদের কৃষি দপ্তর এবং কৃষি মন্ত্রী গত কয়েক বৎসর ধরে যে প্রতিশ্রুতি আমাদের কাছে রেখেছেন তার অনেক কিছু পালন করেন নি। আমি নির্দৃষ্ট ভাবে তার কাছে কয়েকটা বক্তব্য রাখতে চাই। তিনি গত বৎসর কৃষি দপ্তরের যে ব্যয় বরাদ্দ রেখেছিলেন সে সময় তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে উৎপাদন বাড়ানোর জন্য কৃষি দপ্তর, ভূমিরাজস্ব দপ্তর এবং সেচ দপ্তর এই তিনটা দপ্তর মিলিয়া একটা কো-অরডিনেসন করবেন। এবং তারপর যে সব ল্যাকুনা রয়েছে তা দূর করবেন। আজকে ১ বৎসর পর আমরা জানতে চাই এই যে কো-অরডিনেসন ইরিগেসন ডিপার্টমেণ্ট ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্ট, এগ্রিকালচার ডিপার্টমেণ্ট মধ্যে হল না কেন। রাজ্য পালের ভাষণে তাঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন ১৯৬২ সালে ডিপ টিউবওয়েল সম্বন্ধে যে ৩ হাজারের উপর ডিপ টিউবওয়েল আপনারা বসাবেন, অথচ আজকে ২০০-র বেশী বসাতে পারেন নি। সুতরাং কি হবে বুঝতে পারছেন। আমরা অনেক সাজেসন এই হাউস-এ দিয়েছি, কিন্তু তার কিছুই হয়নি। সুতরাং একতরফা যে তাঁরা এটা করে যাচ্ছেন এ সম্পর্কে আমাদের সন্দেহের কোন অবকাশ নেই। আমি একটা কথা বলতে চাই যে দেশে যারা উৎপাদন বাড়ান সেই চাষীর সাইকোলজি যদি সরকার ঠিক মত উপলব্ধি না করতে পারেন তাহলে যতই প্যাকেজ স্কীম, যতই জাপানী মেথড-এ চাষ, ডিপ টিউবওয়েল বা অন্য কিছু ইরিগেসন-এর ব্যবস্থা করুন না কেন তাতে উৎপাদন বাড়বে না। ম্যান বিহাইনড দি প্লাউ যার কথা একটি মাত্র ব্যক্তি বুঝেছিলেন ঐ ট্রেজারী বোর্ডের গ্যালারী থেকে সেই সময়কার প্রধান মন্ত্রী ফজলুল হক সাহেব তিনি ওখান থেকে যে আইন করেছিলেন সে আইনের কথা মনে পড়লে আজকে বাংলা দেশে মানুষের মাথা নত হয়ে যাবে। বাংলাদেশের চাষীদের লক্ষ লক্ষ টাকা যে ঋণ রয়েছে সে ঋণ মুকুব করবার কোন ব্যবস্থা সরকার করেন নি ঋণ ভারে জর্জরিত যে চাষী তাকে যদি উৎপাদন বাড়াতে হয় তাহলে তার ঋণ মুকুব করতে হবে। স্বাধীনতা পাবার আগে জাতীয় প্লানিং কমিশন-এর সদস্যরা বরাবর এই কথা বলেছিলেন দেশ স্বাধীন হবার পর ভূমি সংস্কারের ক্ষেত্রে এবং উৎপাদন বাড়াবার ক্ষেত্রে একটা অপরিহার্য্য কাজ হবে ঋণ মুকুব করা। সে সময়ে ঋণের পরিমাণ ছিল ৮০ কোটি টাকার মত। পশ্চিমবঙ্গ সরকারের হিসাব নিশ্চয়ই আছে তাতে এখন হয়ত ৪০০ কোটি টাকার ঋণ আছে। এই ঋণ মুকুবের কোন ব্যবস্থা সরকার করছেন না এবং ঋণের টাকা দিনের পর দিন বেড়ে যাচ্ছে সুতরাং তাদের উৎসাহিত করবেন কি করে। এই ঋণের দেনা শোধ করতে গিয়ে অল্প যার জমি আছে তাকে তা বিক্রি করতে হচ্ছে কারণ সরকার যে ঋণ দেন তা অসময়ে দেন এটা আমার কথা নয় ওপক্ষের সদস্যরা একথা বলেছেন। সুতরাং খুব বেশী বক্তৃতার অবকাশ নেই। ২টি প্রতি-শ্রুতির কথা বলেছিলেন, ১টা হচ্ছে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাঝখানে ডিপ টিউবওয়েল বসান হবে। আমরা আগামী বৎসর যখন বাজেট অধিবেশনে বসবো আমরা নিশ্চয়ই তার কাছ থেকে জানতে পারবো এটা হয়েছে কিনা। যে কো-অরডিনেসন ল্যাণ্ড রেভিভিনিউ-এর কথা গত বার বলেছিলেন কৃষি দপ্তর, এল. এল. আর. দপ্তর এবং সেচ দপ্তর সম্বন্ধে সেটা করেছেন কিনা আমরা জানতে চাই। ইংরাজ আমলে ফজলুল হক আইন করে যে ঋণ সালিশী বোর্ড করেছিলেন আজ ১৭ বৎসরেও তাঁরা তা করতে পারেন নি। এটা চিন্তা করতে অবাক লাগে যে ঋণ সালিশী বোর্ড ফজলুল হক সাহেব যা করেছিলেন এবং যেটা করে লক্ষ লক্ষ চাষীকে বাঁচিয়ে ছিলেন সেটা আজকে স্বাধীন গভর্নমেণ্ট ভোটে যারা নির্বাচিত হয়ে এসেছেন

তাঁরা যে চাষীদের এই ঋণ সালিশী বোর্ড করে লক্ষ লক্ষ টাকা দেনার হাত থেকে বাঁচাতে পারতেন তাহলে ভাল হত কিন্তু তা তারা করেননি বলে এর বিরোধীতা করছি।

[5-15—5-25 p.m.]

Shri Ananta Kumar Baidya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তার সম্পূর্ণ সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটা বক্তব্য রাখছি। এই সভায় এতক্ষণ ধরে বিভিন্ন বক্তা কৃষির উন্নতি সম্পর্কে বহু মতামত প্রকাশ করলেন। অনেক সদস্যদের মতে কৃষির উন্নতি যথাযথ ভাবে হচ্ছে না বলে এই সম্পর্কে হতাশা প্রকাশ করেছেন। পশ্চিম বাংলার বিভিন্ন কৃষি এলাকার বিভিন্ন সমস্যার দিক দিয়ে যদি আমরা চিন্তা করি তাহলে এটা আশা করতে পারি না যে খুব অল্প সময়ের মধ্যে যে কোন রকমে চেষ্টা করা হোক না কেন, যে অর্থ বরাদ্দ করা হোক না কেন কৃষির একটা সর্বাঙ্গীন উন্নতি হবে। আমাদের সরকার থেকে কৃষির উন্নতির জন্য বিভিন্ন রকমের যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার সম্পর্কে কৃষি মন্ত্রী ইতিপূর্বে এখানে উল্লেখ করেছেন। আমরা বিভিন্ন দিকে কৃষির জন্য যে সমস্ত নূতন পরিকল্পনা হচ্ছে তাতে দেখতে পাচ্ছি যে কোন কোন ক্ষেত্রে আশানুরূপ ফল হচ্ছে না, কৃষির উন্নতির জন্য আমাদের ভারতবর্ষের প্রধান মন্ত্রী দুর্গাপুর অধিবেশনে নিজে একটা প্রস্তাব করেছেন যে কৃষির বিভিন্ন উন্নতির দেখাশুনা করার জন্য এবং পরিসংখ্যা ইত্যাদি করার একটা উচচ পর্য্যায়ের সংস্থা গঠন করা দরকার। আমি খুব আশ্বস্ত হচ্চি গতকাল যুগান্তর পত্রিকায় একটি সংবাদ দেখে যে আমাদের মন্ত্রী পরিষদ থেকে ইতিমধ্যে কৃষির উন্নতি করতে চাই উচচ পর্য্যায়ের সংস্থা গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আমি এই প্রসঙ্গে আমার এলাকা সুন্দরবন অঞ্চলের কৃষি সম্পর্কে যে সমস্ত বাস্তব অসুবিধা আছে সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখতে পাচ্ছি যে এই এলাকা এখনও সম্পূর্ণরূপে দৈবের উপর কৃষি নির্ভরশীল যদিও গতবার সুবৃষ্টি হওয়ায় সেখানে কোন কোন জমিতে একর প্রতি ৩০।৪০ মণ পর্যন্ত ফসল হয়েছিল আবার দেখা যায় তার পাশের জমিতে একরে ৫।৭ মণ করে ফলন হয়েছে। আবার তার পাশের জমিতে ফলন হচ্ছে না। এই যে অবস্থা এই যে মূল সমস্যা রয়েছে সেখানকার যতক্ষণ পর্যন্ত সমাধান করা না যাবে সেখানে কোনরকম উন্নয়ন পরিকল্পনা করলে তা সফল হবে না। আমি মনে করি সেখানকার অবস্থা হচ্ছে নদীর বাঁধ যদি ভেঙ্গে যায় তা হলে ৫।৭ বৎসর পর্যন্ত সেখানে ধান হবে না। সমস্ত মৌজার মধ্যে বিভিন্ন শ্রেণীর জমি জমা আছে কোনটা উঁচু নীচু কোনটা বা ডোবা। এই সমস্ত জমিতে জল নিকাশের জন্য স্লুইস গেট বা ভাল ড্রেনেজের ব্যবস্থা হয়নি। সেখানকার উঁচু জমিতে চাষ করলে নীচু জমিতে ধান হবে না আবার নীচু জমিতে জল নিকাশ করে চাষ করতে হয়। উঁচু জমিতে চাষ করতে হবে। এই যে শ্রেণী বিভেদ রয়েছে, আমরা এটা যদি দূর না করতে পারি তা হলে জাপানী প্রথায় চাষ বা অন্য কোন পদ্ধতিতে চাষ করা সম্ভব হবে না।

এ সম্পর্কে বিশেষ রকম সমীক্ষা করে যাতে বাস্তব সমস্যাগুলি আগে সমাধান করা যায় তার ব্যবস্থা করা উচিত। তা ছাড়া স্লুইস নির্মাণ, ড্রেন সংস্কার এগুলি করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আমি যে প্রস্তাব রাখছি সেটা হল বর্তমানে আমাদের সরকার যে ক্ষুদ্র সেচ পরিকল্পনা চালু করেছেন তার জন্য চাষীদের মোট ৫৫ ভাগ সাহায্য করতে হয়। বাংলাদেশে বিশেষকরে সুন্দরবন অঞ্চলে গরীব চাষীরা এই ব্যয় ভার বহন করতে পারে না। সেই জন্যই ক্ষুদ্র সেচ পরিকল্পনা কার্য্যকরী করা সম্ভব হয় না। আমার প্রস্তাব হল এখন প্রতি হাজার মাটির উচচ দর দেওয়া হয় ২০ টাকা। এই দর কমিয়ে একটা নির্দ্দিষ্ট দর ১৫ টাকা করে দিয়ে সমস্ত ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য যে ব্যয় হয় তা যদি সরকার থেকে বহন করা হয় তাহলেই এই পরিকল্পনার সার্থক রূপায়ন করা যাবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Daman Kuiry:

মাননীয় স্পীকার মহাশয়, কৃষি বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি পশ্চিমবাংলার এমন একটা এলাকার উপর আকৃষ্ট করতে চাই যে এলাকার কৃষকেরা আজ থেকে ৯ বৎসর আগে ১৯৫৬ সালে বহু আশা আকাঙ্খা নিয়ে বিহার থেকে পশ্চিমবাংলার সঙ্গে যোগ দিয়েছিলেন। আমি পুরুলিয়া জেলার কথা বলছি। সেখানে আজও কৃষকদের কৃষি উন্নয়নের ব্যাপারে সরকার কোন রকম ব্যবস্থা করতে পারেন নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন, সেই পুরুলিয়া জেলার কৃষকেরা ১৯৫৮ সালে এই পশ্চিমবাংলা বিধানসভা অভিযান করেছিল। তাদের একমাত্র দাবী ছিল যে পুরুলিয়াতে কৃষি উন্নয়নের ব্যবস্থা করতে হবে। তা ছাড়া এর জন্য যে সেচের ব্যবস্থার প্রয়োজন আছে তার'ও ব্যবস্থা করতে হবে। সেই সময় আমার একথাও বলেছিলাম যে বাগমুণ্ডি থানার কয়রাবেড়া এবং ফুঙ্গা নদীতে বাঁধ দিয়ে যদি জলাধার সৃষ্টি করা যায় এবং সেচের ব্যবস্থা করা যায় তাহলে সেই জায়গায় ৩টি ফসল হতে পারে। কিন্তু আজ পর্যন্ত সরকার সেই ব্যবস্থা করতে পারেন নি। শুধু তাই নয় পুরুলিয়া জেলায় ৯৫ ভাগ কৃষক যাদের ২টি মাত্র ফসল ধান এবং লাক্ষা, আজকে ৯ বছর পরে দেখা যাচেছ চাষীরা লাক্ষা চাষ ছেড়ে দিচেছ। তার কারণ লাক্ষার দাম ৮।৯ টাকায় নেমে গেছে। অথচ আজ থেকে ৯ বছর আগে সেই লাক্ষার দাম ছিল ১২০ টাকা মণ। দাম কমে যা'ওয়ার ফলে কৃষকরা লাক্ষা চাষ ছেড়ে দিচেছ। তার পরিবর্তে একমাত্র ফসল হচেছ ধান। কিন্তু পুরুলিয়ায় পাহাড়িয়া জমি সেখানে সারের কোন ব্যবস্থা নেই. ফলে সেখানে ধান চাষ ভালো ভাবে হতে পারে না। অথচ সেখানে ধান চাষের সম্পূর্ণ সম্ভাবনা আছে। সেখানকার বিভিন্ন পাহাড়িয়া নদীগুলিতে যদি বাঁধ দে'ওয়া যেত তাহলে সেখানে ফসল বেড়ে যেত এবং কৃষি উন্নয়ন'ও হতে পারতো। কিন্তু দুঃখের বিষয় সেই অবহেলিত পুরুলিয়া জেলা আজ'ও সেই ভাবে পড়ে আছে। তারপর টিউবওয়েল সম্পর্কে আমি বলতে চাই। সেখানে একটা'ও ডিপ টিউবওয়েল বসানো হয়নি—ডিপ টিউবওয়েলের কথা না হয় আমি ছেড়েই দিলাম সেখানে সাধারণ একটা টিউবওয়েলও সারা জেলার মধ্যে কোথা'ও বসানো হয়নি। সেই জন্যই বলছি ৮।৯ বছর আগে এই জেলা বিহারের সঙ্গে যে অবস্থায় ছিল আজ'ও সেই অবস্থায় আছে। আমি তাই এই জেলার প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। সঙ্গে সঙ্গে একথাও বলব যদি সত্যি সত্যি পুরুলিয়ায় কৃষি উন্নয়ন করতে চান তাহলে প্রথমে সেচের ব্যবস্থা করুন। আমাদের দাবী বাগমুণ্ডি থানার কয়রাবাড়ী ও ফুঙ্গা এবং আর'ও কয়েক জায়গায় বাঁধের ব্যবস্থা করা হোক। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mono Ranjan Bakshi:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে কৃষিখাতে আলোচনা করতে গিয়ে প্রথমে আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা নিবেদন করতে চাই। আজকে পশ্চিমবাংলা রাজ্যে আমরা অনেক সময় দেখি যে আমাদের মন্ত্রী মহাশয়েরা বলেন যে জনসংখ্যা ক্রমাগত বাড়ছে। একথা অবশ্য আমরা সকলেই স্বীকার করি। কিন্তু সেই অনুপাতে কৃষিযোগ্য জমি বাড়ছে না। তা ছাড়া পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে ইঁট খোলা ও ইঁট ভাঁটার জন্য যে কৃষিযোগ্য জমি নষ্ট হচেছ এবং তার জন্য কৃষকরা যে অত্যাচারিত হচেছ সে সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে সেটা আমরা জানতে চাই। আর এই ভাবে যে সমস্ত কৃষি জমি নষ্ট হচেছ সেগুলি পরে আর ফিরিয়ে পা'ওয়া মুস্কিল হয়ে পড়বে। কাজে কাজেই পশ্চিম-বাংলার জমি যে কমে যাচেছ সে দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। তারপর আমার দ্বিতীয় বক্তব্য হচেছ, আজকে কৃষকদের বাঁচাবার কোন ব্যবস্থা হচেছ না। কৃষকরা যেসমস্ত জিনিষ উৎপাদন করে তার মধ্যে প্রধান হল ধান। কিন্তু বর্তমানে যে দর চলছে, সরকার যে দর নির্ধারণ করে দিয়েছেন সে দর চাষীরা পাচেছ না। আজকে কৃষি ভিত্তিক বাংলা দেশের যে অর্থনৈতিক কাঠামো—তা আমূল পরিবর্তন করতে হবে। এ সম্পর্কে আমার যে সাজেশান তা হল এই যে ধানের সত্যিকার মূল্য নির্ধারণ করতে হলে বাংলা দেশের যারা প্রকৃত চাষী তাদের নিয়ে একটা সংস্থা গঠন করে দর নির্ধারণ কমিশন গঠন করা উচিত। এই দিক থেকে লক্ষ্য রাখবার জন্য আমি পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাচ্ছি। মাননীয়

স্পীকার মহাশয়, তারপর আমি বলতে চাই যে বাংলা দেশের বহু জায়গায় যেখানে জঙ্গল আছে সেই সমস্ত জায়গায় আইনের দ্বারা জঙ্গল প্রিজারভ করা হচ্ছে। তার ফলে, লাঙ্গল, হাল ইত্যাদি যে সমস্ত সরঞ্জাম নিয়ে কৃষকেরা কাজ করে তার কাঠ সংগ্রহ করা তাদের পক্ষে অত্যন্ত দুঃসাধ্য হয়ে পড়ছে। তারা বুঝতে পারছে না যে তারা কি করে এই কাঠ সংগ্রহ করবে। সরকারী অব্যবস্থার ফলে সেই সমস্ত সত চাষীরা বাধ্য হচ্ছে গোপনে বা অন্য ভাবে কাঠ সংগ্রহ করতে। শুধু তাই নয়, আমরা দেখছি যে বন বা জঙ্গল এলাকায় ওই ফরেষ্ট এ্যাক্ট অনুসারে চারিদিকে ট্রেঞ্চ কেটে জঙ্গল রক্ষা করা হচ্ছে। কিন্তু জঙ্গলের যে পাতা পচা গড়ানি জল যা সারের কাজ করে এবং যা দ্বারা চাষের উপকার হয় তা ব্যাহত হচ্ছে। কাজে কাজেই সে দিক দিয়ে আপনারা চিন্তা করুন যে কি ব্যবস্থা করবেন। তারপর আমি আর একটা বিষয় আপনার কাছে নিবেদন করছি। আমরা জানি, আজকে আমাদের দেশেতে গোবর সার সংরক্ষণ ঠিক মত হচ্ছে না। কেন্দ্রীয় সরকারের মাননীয় খাদ্যমন্ত্রী বলেছেন যে যদি সত্যিকার গোবর সার সংরক্ষণ করা যায় তাহলে আমাদের এই ভারতবর্ষে প্রায় ৯ কোটি টাকার খাদ্যশস্য বৃদ্ধি পাবে। তা ছাড়া আমাদের দেশে সেচের জন্য যে সমস্ত বড় বড় পরিকল্পনা গ্রহণ করা হয় তা অনেক সময় কার্য্যকরী হয় না। সুতরাং ক্ষুদ্র এবং মাঝারি সেচ পরিকল্পনার দ্বারা কৃষিকার্য্যকে আরও অগ্রাধিকার দেওয়া হোক। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

Public Accounts Committee

Mr. Speaker: I may inform the honourable members that I have extended the date of withdrawal by candidates from the election to the Public Accounts Committee until the 8th March, 1965, and the 16th March, 1965, has been fixed as the date of polling.

DEMAMD FOR GRANT NO. 22

Shri Smarajit Bandopadhyay:

স্পীকার স্যার, আমি এতক্ষণ ধরে মাননীয় সদস্যদের বক্তৃতা শুনছিলাম—কয়েকজন গঠনমূলক বক্তব্য রেখেছেন এবং কয়েকটি মূল্যবান সাজেসান দিয়েছেন—আমরা নিশ্চয়ই এগুলি বিবেচনা করে দেখবো। অবশ্য শ্রীমোহন ঠাকুরের মত আবার কয়েকজন বলেছেন কোন উন্নতি হয়নি সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই না। মাননীয় সদস্য শ্রীকাশিকান্ত মৈত্র ডিপ টিউবওয়েল সম্বন্ধে বলেছেন যে ৮৯০টির মধ্যে ১১২টি না কয়টি মাত্র ইনারজাইজড হয়েছে। তিনি ঠিক ধরতে পারেননি ৮৯০টি ড্রিল্ড হয়েছে, ২৬৩টি এনারজাইজড হয়েছে এবং জল দিচ্ছে আর ১৮১টি কমপ্লিট ইন অল রেসপেক্টস হয়েছে। তিনি স্যালো টিউবওয়েলের পক্ষে বলেছেন যে ডিপ টিউবওয়েলে খরচ বেশী। আমাদের এক্সপার্টরা বলেন যে স্যালো টিউবওয়েল ইকনমিক হবে—সে দিক দিয়ে ডিপ টিউবওয়েল হবে। মাননীয় শ্রীমৈত্র একথাও বলেছেন সার সম্পর্কে পুলিশ কমিশনারকে আমাদের কমিশনার কাগজপত্র দিচ্ছে না। এটা ঠিক নয়। কাগজপত্র পুলিশে নিয়ে গেছে আমরাই পুলিশের কাছে কমপ্লেন করেছিলাম তারা কাগজপত্র নিয়ে গেছেন। আরও যদি কাগজপত্র চান সব সময়ই পাবেন এবং পাঠানো হবে। তারপর তিনি চালের দাম পাটের দাম সম্পর্কে বলেছেন—এটা সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জবাব দেবেন আমি এ সম্পর্কে কিছু বলছি না। তার পর একজন মাননীয় সদস্য বলেছেন ঋণ সময় মত দেওয়া হয় না। আমাদের বিভাগ থেকে যে ঋণ দেওয়া হয় আমরা ঠিক সময় মত দিয়ে দিই আজকাল আর ততো দেরী হয় না এবং কৃষকদের ঋণ পাবার যে অসুবিধা আছে আমার মনে হয় যদি কো-অপারেটিভ সোসাইটি করা হয় তাহলে অসুবিধাটা দূর হবে। শ্রীনাথানিয়াল মুরমু কো-অর্ডিনেসনের কথা বলেছেন; আমাদের একটা ক্যাবিনেট সাব কমিটি হয়েছে; কৃষি সেচ সমবায় কমিউনিটি ডেভেলপমেণ্ট বিভিন্ন মন্ত্রীদের নিয়ে এবং অফিসার পর্য্যায়ের এই সব বিভাগের সেক্রেটারী নিয়ে কো-অর্ডিনেসনের চেষ্টা করা

হচ্ছে। তাছাড়া এগ্রিকালচার এবং কমিউনিটি ডিপার্টমেণ্ট এই দুটি এক হয়ে গেছে এটা মাননীয় সদস্যরা জানেন। শ্রীজগদীশ সিংহ মহাশয়, মুর্শিদাবাদের ব্যাপারে ডিপ টিউবওয়েলের কথা বলেছেন। আমি তাঁকে জানাতে চাই যে ছয়টা আগেই হয়ে গেছে, ২৭টি খোঁড়া হচ্ছে এবং আরও ২ শতটি অর্থাৎ ২৩৩টি মুর্শিদাবাদে টিউবওয়েল হবে। সঙ্গে সঙ্গে আমি জানাতে চাই যে সব জায়গায় ডিপ টিউবওয়েল হয় না এক্সপ্লরেটরী টীম তারা এসে পরীক্ষা করেছেন— এখানে জিওলজিক্যাল এক্সপার্টরা ভূস্তরের নীচে জলস্তর আছে কিনা সেটা দেখেছেন এবং যেখানে সম্ভব হয় সেখানে আমরা করি। আমি তাঁকে জানাতে চাই যে বেলডাঙ্গার কতকগুলি জায়গায় ডিপ টিউবওয়েল আনসাকসেসফুল হয়েছে। শ্রীদেবসরণ ঘোষ লিফট ইরিগেসনের কথা বলেছেন এবং তিনি ভাল ভাল অনেকগুলি সাজেশান দিয়েছেন। তিনি বলেছেন যে ভাগীরথী নদী থেকে লিফট ইরিগেসন হয় নি। এটা ঠিক নয়— মুর্শিদাবাদ জেলাতে অনেকগুলি স্কীম বিলভাণ্ডারদহ থেকে অনেকগুলি লিফট ইরিগেসন হয়েছে।

[5-35—5-45 p.m.]

ডাঃ রাধাকৃষ্ণণ সিংহ মহাশয় ফার্টিলাইজার সম্পর্কে পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাবের কথা বলছেন কিন্তু আমি তাঁকে জানাতে চাই এটা কোন বিবাদ বিসম্বাদের বিষয় নয়, দাম সব জায়গাতে সমান তবে দামটা একটু বেশী অনেকেই বলেছেন, আমারও স্বীকার করি। কেন্দ্রীয় সরকারকে এই নিয়ে লেখালেখি করছি যাতে দামটা কমানো যায়। শ্রীখলিল ছোট ছোট ট্রাক্টরের কথা বলেছেন; তিন হাজার টাকায় পাওয়া যেতে পারে। অবশ্য জাপানী ট্রাক্টর আমরা আনছি এবং সেটা ৬।৭ হাজার টাকায় পাওয়া যেতে পারে। তবে আমরা যদি কোন দিন সেটা করতে পারি তাহলে তিন চার হাজারে পাওয়া যেতে পারে। উনি ট্রাক্টরের কথা বলেছেন, এদিকে অনেক প্রগতিশীল কথাও বলেছেন অথচ কৃষি কলেজে পাশ করা ক্ষতিকর হবে বলছেন কেন বুঝতে পারছি না। তিনি কৃষকদের ছেলেদের পড়বার ব্যবস্থার কথা বলেছেন, এটা আমি আমার প্রারম্ভিক ভাষণেই বলেছি যে আমরা করেছি। গোবর থেকে সার করার ব্যাপারে গোবর থেকে গ্যাস করে যেটা বাঁচবে সেটা সার করার কথা চিন্তা করছি এবং নিজেদের ফার্ম প্ল্যাণ্ট বসাচ্ছি। ক্রপ কম্পিটিসন সম্বন্ধে অনেকেই সমালোচনা করেছেন যে অফিসাররা পক্ষপাতিত্ব করে ইত্যাদি। আমি মাননীয় সদস্যদের জানিয়ে দিতে চাই যে আমাদের ক্রপ কম্পিটিসনের রেজাল্ট এ্যাপ্রুভড হবে অঞ্চল পরিষদ, ব্লক পঞ্চায়েত এবং জেলা পরিষদ কর্তৃক। উত্তর বঙ্গের একটিও ছোট পরিকল্পনা হয়নি মাননীয় কমল কান্তি গুহ বলেছেন, জানি না কেন বলেছেন—অনেকগুলি হয়েছে, আমার কাছে অন্তত ওয়েস্ট দিনাজপুরের যে লিষ্ট আছে তাতে দেখছি ৩৪৩টি স্মল ইরিগেসন এ্যাণ্ড ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট ২৬৬টি হয়েছে। টেক্সটুল মেসিন সম্বন্ধে মাননীয় সদস্য অরবিন্দ রায় অভিযোগ করেছেন যে টেক্সটুল মেসিনে কিছু কিছু ডিফেক্ট পাওয়া গেছে। মেকানিক্যাল ডিফেক্ট যেগুলি সেগুলি তাদের ফার্মে লিখলে তাদের ইঞ্জিনীয়ার এসে মেরামত করে দেয় কিন্তু অনেক সময় মিস হ্যাণ্ডিলিংয়ের জন্য চাষীরা ভেঙ্গে দিলে আমরা কিছুই করতে পারছি না। তামাক চাষ সম্বন্ধে শ্রীগুহ বলেছেন যে কোন টাকা ধরা হয় নি এবং তামাকের দর চাষীরা পায় না। আমি নিজে কুচবিহারের দিনহাটায় গেছি সেখানে তামাক গবেষণা কেন্দ্রে। সেখানে দেখেছি এবং উনিও ভালভাবে জানেন যে তামাকে খাওয়া প্রায় উঠে গেছে। তামাক খাওয়া যদি লোকে ধরে তাহলে হয়তো তামাকের মার্কেট আরও পাওয়া যেতে পারে তবে সিগারেটের চাহিদা আছে, সিগারেট এই তামাকে করা যাবে কিনা এই সম্পর্কে উনি জানেন যে ভারত সরকারের যে তামাক গবেষণা কেন্দ্র আছে সেখানে গবেষণা হচ্ছে। আমরা সেখান থেকে রেজাল্ট পেলে নিশ্চয়ই তামাকের জন্য চেষ্টা করবো। আর একটা কথা উনি বলেছেন যে আমাদের পাটের চাষ বাড়ে নি। তিনি বলেছেন পাটের বেল থেকে কি হিসাব করেছেন? পাটের যেসব বেল আছে তার মধ্যে পাকিস্তানের পাটই বেশী। একথা ঠিক নয় কারণ আড়াই লক্ষ একরের জায়গায় এখন ১২ লক্ষ একর জমিতে পাট চাষ হচ্ছে এ নিয়ে অনেক

আলোচনা হয়েছে; প্রাইস এনকোয়ারী কমিটি বলেছেন যে পাটের জমি ধানের জমিতে কনভার্টেড হওয়াতে দারুণ ক্ষতি হচ্ছে; তবুও উনি কেন বলছেন যে পাটের চাষ বাড়েনি এটা বুঝতে পারলাম না। আর সুরাটগড় ফার্ম সম্পর্কে বলেছেন যে সেই রকম ফার্ম করা দরকার। ৩২ হাজার একর জমি নিয়ে সেই ফার্ম। এতো জমি পাওয়া সম্ভব নয় এখানে। আমাদের এখানে ২৫০ একরে একটা সিডফার্ম আছে গুগুনিয়াতে। শ্রীখগেন রায় চৌধুরী মহাশয় যে নিবিড় চাষের কথা বলছেন আমি তাঁর সঙ্গে একমত তবে নলকূপ অকেজো হয়ে আছে বলেছেন, এই অকেজো, অচালু তিনি এই দুটোকে এক করে ফেলেছেন। তাকে অকেজো বলে না যদি এনারজাইজড না হওয়ার জন্য চালু না হয়। তিনি বলেছেন জাপানে বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণ করে তারা ফলন বাড়িয়েছে। আমাদেরও করা উচিত বলেছেন আমরা নিশ্চয়ই করবো এবং করা উচিত আমরা চেষ্টা করছি।

আর শ্রীমনোরঞ্জন বক্সী যে বলেছেন ইঁট খোলার জন্য চাষের জমির ক্ষতি হচ্ছে এ সম্বন্ধে আমি এক মত। কিন্তু ইঁটও দরকার এবং চাষও দরকার, এর সামঞ্জস্য আমাদের করতে হবে। এ সম্বন্ধে প্রয়োজনীয় আইন পাশ করার কথা সরকারের বিবেচনাধীন আছে। স্যার আমি প্রায় সকল বক্তৃতার উত্তর দিয়েছি, এবারে মাননীয় মুখ্যমন্ত্রী জবাব দেবেন।

Shri Prafulla Chandra Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে কৃষিখাতে অনেক টাকা আমরা চেয়েছি এবং মাননীয় সদস্যরা এপক্ষের হোন আর ওপক্ষের হোন নানা রকম মন্তব্য করেছেন এবং এর মধ্যে অনেক গঠনমূলক মন্তব্য করেছেন গঠনমূলক পরামর্শ দিয়েছেন, সেগুলি নিশ্চয়ই আমরা ভেবে দেখব। আমাদের পশ্চিমবঙ্গে কৃষি সম্বন্ধে অনেকের ভ্রান্ত ধারণা আছে, সেই ভ্রান্ত ধারণাগুলি যদি আমরা কিছু পরিমাণে দূর করতে না পারি তাহলে আমাদের কৃষির কতটা অগ্রগতি হয়েছে সেটা বুঝতে পারব না। একটু আগে আমাদের মাননীয় কৃষিমন্ত্রী বলেছেন যে আমাদের এখানে ল্যাণ্ড ইউটিলাইজেসান ইজ দি হায়েস্ট। সমস্ত জিওগ্রাফিক্যাল এরিয়া যতটা তার যে পার্সেণ্টেজ আমরা কৃষিতে এনেছি পৃথিবীর আর কোন দেশ ততটা আনে নি। আমরা যদি ভারতবর্ষের অন্যান্য প্রদেশের সঙ্গে তুলনা করে দেখি তাহলে দেখতে পাব যে আমরা সমস্ত মার্জিন্যাল সাবমার্জিন্যাল জমিতে চাষ করতে পারছি। কিন্তু সেচ যে পরিমাণ জমিতে দিতে পারি তা খুব বেশী নয়। আমি খোঁজ করে দেখছিলাম যে গোটা ভারতবর্ষে কত জমিতে চাষ হয়, দেখলাম ৪০ কোটি একর জমিতে চাষ হয়। আমাদের পশ্চিমবাংলায় কত হয়, ১ কোটি ৩৪ লক্ষ একর জমিতে চাষ হয়। গোটা ভারতবর্ষে ৮ কোটি একর জমিতে সেচের ব্যবস্থা আছে, আমাদের পশ্চিমবঙ্গে আছে ৩২ লক্ষ একর জমিতে। আমরা যদি দুটো প্রদেশের সঙ্গে আমাদের অন্ধ্র প্রদেশের তুলনা করে দেখি, তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনিও বুঝতে পারবেন এবং মাননীয় সদস্যরাও বুঝতে পারবেন যে আমাদের কত অসুবিধার মধ্যে কাজ করতে হয়। ১৯৬১ সালের লোক গণনার হিসাবে অন্ধ্র প্রদেশে লোক সংখ্যা ছিল ৩ কোটি ৫৯ লক্ষ, আমাদের পশ্চিমবাংলায় ৩ কোটি ৪৯ লক্ষ, প্রায় সমান। আমাদের পশ্চিমবাংলায় যেখানে মাত্র ১ কোটি ৩৪ লক্ষ একর জমিতে আমরা চাষ করি সেখানে অন্ধ্র প্রদেশ ২ কোটি ৬২ লক্ষ একর জমিতে চাষ করে, প্রায় আমাদের দ্বিগুণ। কিন্তু লোক সংখ্যা প্রায় সমান। তা বাদে অন্ধ্র প্রদেশে ৫৭ লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা আছে যেখানে আমাদের পশ্চিমবাংলায় আছে ৩২ লক্ষ একর জমিতে। কাজে কাজেই আমরা যে পরিমাণ রাসায়নিক সার কেমিক্যাল ফার্টিলাইজার ব্যবহার করি সে অ্যামোনিয়াম সালফেট হোক বা সুপারফসফেট হোক সমস্ত জিনিস যদি তুলনা করে দেখি তাহলে আমরা বড় কম কিছু করিনি। ১৯৬২-৬৩ সালে আমরা সার ব্যবহার করেছিলাম ৫২ হাজার টন এ্যামোনিয়াম সালফেট। ১৯৬৩-৬৪ সালে আমরা সেখানে ব্যবহার করলাম ৭৪ হাজার টন, আর ১৯৬৪-৬৫ সালে ব্যবহার করেছি ৯২ হাজার টন। যদি আনপাতিক হিসাব করে দেখা যায় তাহলে দেখা যাবে অন্ধ্র প্রদেশের তুলনায় আমরা কিছু কম করিনি। গোটা ভারতবর্ষে সমস্ত যে সার আছে কেমিক্যাল ফার্টিলাইজার তার ৩০ লক্ষ টন সুপারফসফেট ব্যবহার করেছে। আমরা গতবার ৫৩ হাজার টন ব্যবহার করেছি যদিও সুপারফসফেটের ব্যবহার

বাড়ছে। আমরা জমিতে রাসায়নিক সার দিতে চাই না, রাসায়নিক সার দিতে গেলে ভেবে চিন্তে দিতে হবে। তবে একথা সত্য যদি জৈব সার অর্গানিক ম্যানিওর ব্যবহার করি তাহলে সব জমিতে দিতে পারি। কেন না জৈব সার সকল জমির টেকসচার জমির স্বাস্থ্য উন্নত করে, ভাল করে, উৎকৃষ্ট করে। এবারে আমরা সেজন্য চেষ্টা করছি যাতে বেশী করে কম্পোস্ট ব্যবহার করতে পারি এবং কম্পোস্ট যে পরিমাণ উৎপন্ন হচ্ছে তা আগের তুলনায় অনেক বেড়েছে। একজন মাননীয় সদস্য বলেছেন টাউন কম্পোস্ট আমরা কিছু করছি না। এ বছরে আমরা ৪৫ হাজার টন টাউন কম্পোস্ট করেছি।

[5-45—5-55 p.m.]

১৪ হাজার টন স্লাজ কলকাতায় তৈরি হয়েছে, এগুলি আমরা বিতরণ করব জমিতে দেব। কাজে কাজেই যত পরিমাণ রাসায়নিক সার পাওয়া উচিত তত পরিমাণ পাচ্ছি না। তার চেয়ে যদি বেশী চাই ভারত সরকার দিতে পারবেন না। আমাদের যা কিছু উৎপন্ন হচ্ছে রাসায়নিক সার সে এ্যামোনিয়াম সালফেটই হোক বা সুপারফসফেটই হোক তা খুব সীমাবদ্ধ। অনেকে মনে করেন আমরা বুঝি ইচ্ছা করে ব্যবহার করছি না, তা নয়। আমরা দৃষ্টি রাখি যে জমিতে সেচের ব্যবস্থা আছে অথবা যে অঞ্চলে বৃষ্টিপাত ভাল হয়—আমাদের দেশে এই রকম কতকগুলি অঞ্চল আছে, সেখানে সার দেওয়া দরকার। কিন্তু আমরা যদি পুরুলিয়ার শুষ্ক জমিতে সার দিই তাহলে কৃষির সর্বনাশ করব এবং তাতে ভূমির উর্বরতা নষ্ট করব, কোন উপকার হবে না। তবে একথা সত্য যে ভারত সরকার যদি বেশী টাকা ব্যয় করতে পারতেন, বাইরে থেকে বৈদেশিক মুদ্রা ব্যয় করে যদি বেশী পরিমাণ রাসায়নিক সার আনতে পারতেন তাহলে একটা কিছু হত। আমাদের ভারত সরকারের মহা মুস্কিল হয়েছে এই যে তাঁরা খাদ্য আমদানি করবেন না রাসায়নিক সার আমদানি করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমাদের এখানে সত্যই বৈদেশিক মুদ্রার খুব অভাব। অথচ আজকে আমাদের পেট ভরাতে হবে। কোথা থেকে আনব? কুচবিহারের একজন মাননীয় সদস্য বললেন মহাশয়, আমাদের কুচবিহারের কি উন্নতি হয়েছে? আমি সেই মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই যে কুচবিহার যখন আমাদের পশ্চিমবঙ্গের সঙ্গে যুক্ত হয় তখন তার লোক সংখ্যা ছিল ৬ লক্ষ, আর গত ১৯৬১ সালের সেন্সাসে সেই সংখ্যা দাঁড়িয়েছে ১০ লক্ষের উপর। হয়ত কমল গুহ মহাশয় উঠে বলবেন লোক সংখ্যা ১১ লক্ষের উপর হয়ে গেছে। তাহলে একবার চিন্তা করে দেখুন ৬ লক্ষ যদি আজ ১১ লক্ষে দাঁড়ায় তাহলে জমি তো আর টেনে বাড়ান যাবে না। এটা যখন সবাই বুঝতে পারছেন যে আমাদের পশ্চিম-বাংলায় আর জমি নেই এবং নতুন করে জমি যখন আর চাষের আমলে আনতে পারছি না তখন আমরা নিবিড় চাষ করব, ইন্টেনসিভ কাল্টিভেসান করব, সে দিকে আমরা মন দিয়েছি। তাতে অনেক মাননীয় সদস্য ক্ষুব্ধ হয়ে বললেন এবং দুঃখ প্রকাশ করলেন। কেন? না, যতটা কৃষিতে আমাদের অগ্রগতি হওয়া দরকার তাঁদের মতে আমরা ততটা অগ্রসর হতে পারছি না। অনেকে রিহ্যাবিলিটেশান কমিটির রিপোর্ট উদ্ধৃত করে বললেন যে আমাদের যে বৃদ্ধির হার কৃষিতে তা সন্তোষজনক নয়। তা আমি স্বীকার করি। আমি দেখছিলাম যে আমাদের সমস্ত সিরিয়ালস চাল, গম ও ভুট্টা ইত্যাদি, ডাল নয়, অর্থাৎ তণ্ডুল জাতীয় শস্য প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে ঐ পরুলিয়া সব ধরলে আমরা সেখানে পূর্বে তৈরি করতাম ৪০ লক্ষ টন, এবার সেখানে পাচ্ছি ৫৭ লক্ষ টন। দুঃখের সঙ্গে একটা জিনিস আমরা লক্ষ করেছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে খুব খারাপ হয়েছে। কেন হয়েছে, মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন, তাঁদের স্মরণ করিয়ে দেওয়া দরকার মনে করি যে ১৯৫৬ সালে একটা দারুন বন্যা আমাদের দেশে হয়েছিল। শুধু তাই নয়, ৩ বছর পরে এটা অস্বাভাবিক যদিও, ১৯৫৯ সালে আর একটা বন্যা হল। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার তুলনায় প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অল্প অর্থ ব্যয় করেছিলাম। কারণ, আমাদের যে সংগঠন বা অর্গানিজেসান তাও তখন ভাল হয়নি। যদিও আমরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মার খেয়েছি তবুও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার গত ৪ বছরে, এই বছর ধরে, যদি আমরা হিসাব করে দেখি তাহলে দেখব প্রভূত উন্নতি হয়েছে, অগ্রগতি হয়েছে।

শ্রীকমল কান্তি গুহ : স্কোয়াড-এর লোক কবে যাবে জানেনা। সামান্য ব্যাপারে, সেটা নিজেরাই করতে পারে বা গ্রামাঞ্চলে যে সমস্ত টেকনিসিয়ানস বা মেকানিক্স থাকে বেসরকারী নলকূপ ভাল করার জন্য তাদের দিয়ে সেটা করে নিতে পারে। সেই ধরণের অনুমতি আপনারা দেবেন কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: সেগুলি পঞ্চায়েতের উপর ভার দেওয়া হয়েছে। পঞ্চায়েত যদি মনে করেন তাহলে তাঁরা করে নিতে পারেন।

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে রিসিংকিং এবং মেরামত এই দুটো কাজের জন্য যেসব সংস্থা গঠিত হয়েছে আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই বি ডি ও ব্লকে শুধু মেরামত করবার জন্য চেষ্টা করেন, আর বি ডি ও-কে রিসিংকিং-এর কথা বললে তিনি আর ডব্লু এস-এর কথা বলেন। আর ডব্লু এস বলে যে আমাদের স্যাংকসান নেই। কাজেই এই রিসিংকিং-এর ব্যাপারটা অত্যন্ত ধামাচাপা অবস্থায় পড়ে থাকে। এ সম্পর্কে সরকারের এমন কোন ব্যবস্থা আছে কিনা যথেষ্ট টাকা এ্যালটমেন্ট হয় অথচ রিসিংকিং হয় না, না, টাকা এ্যালটমেন্ট হয় না রিসিংকিং-এর জন্য? আমি মনে করি সরকার থেকে রিসিংকিং-এর জন্য কোন টাকা এ্যালটমেন্ট থাকেনা বলেই রিসিংকিং-এর ব্যবস্থাটা পড়ে থাকে। এ বিষয়ে মন্ত্রী দপ্তরের কোন মতামত আছে কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: আমাদের এমন অর্থ সংগতি নেই যে যেখানে যত টিউবওয়েল খারাপ হয়ে যাবে সেগুলি সরকার থেকে মেন্টেন্যান্স করা যাবে। আমরা জেলার প্রয়োজন অনুযায়ী বছরের প্রথম দিকে এ্যালট্‌মেন্ট করি। ডিষ্ট্রিক্ট ম্যাজিস্টেট লোকাল অফিসার হিসাবে কতগুলি অকেজো টিউবওয়েলের জন্য রিসিংকিং বাবত খরচ করবেন, কতগুলি নতুন করবেন সেটা তিনি ডিসাইড করেন। তার চেয়ে বেশী টাকা দেওয়ার ক্ষমতা হেল্‌থ ডিপার্টমেন্টের নেই।

শ্রীসনৎকুমার রাহা: ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট রিপোর্ট করেন যে কতকগুলি রিসিংকিং করতে হবে। ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের রিপোর্টের বেসিসে টাকা দেওয়া হয়, না টাকার বেসিসে রিপোর্ট দেওয়া হয়?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়: তাঁর ডিস্ট্রিক্টে রিকয়ারমেন্ট কি সেটা তিনি আমাদের জানান। সেই রিকয়ারমেন্ট অনুযায়ী আমাদের যা অর্থ সঙ্গতিতে কুলায় সেই রকম টাকা দিই।

শ্রীজীবন কৃষ্ণ দে : মাননীয় মন্ত্রিমহাশয়া কি অবগত আছেন যে এক একটা এলাকাতে আপনি যখন নতুন টিউবওয়েল ৫টা বা ১০টা দেন তখন সেখানে দেখা যায় ৫০টি টিউবওয়েল আগে থেকে খারাপ হয়ে অকেজো হয়ে পড়ে আছে। আমরা বাস্তবক্ষেত্রে অনুভব করি যে ৫টা নতুন টিউবওয়েল দেওয়ার চাইতে সেই খরচে ৫০টা পুরাতন টিউবওয়েল যেটা অর্ধেক ভেঙ্গে অকেজো হয়ে পড়ে আছে সেগুলি ভাল করে দিলে জনতার সুবিধা হয় এবং গভর্নমেন্টের

আয়ের দিক থেকেও ৫০টা টিউবওয়েল ভাল হতে পারে। এ সম্বন্ধে আপনি বিবেচনা করতে রাজী আছেন কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আপনি যেটা বললেন তাতে বিতর্কের অবকাশ আছে।

শ্রীবীরেন্দ্র কুমার মৈত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন চতুর্থ পরিকল্পনায় নতুন টিউবওয়েল যতগুলি হবে তার থেকে যাতে খারাপ টিউবওয়েলগুলি চতুর্থ পরিকল্পনার প্রথম বছরে মেরামত করে দেওয়া যায় তারজন্য কোন প্রভিসন করা হবে কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় ঃ চতুর্থ পরিকল্পনাতে আমরা স্বাস্থ্য দপ্তর থেকে টিউবওয়েলের কোন দায়িত্ব নেবনা, আমরা জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদকে দায়িত্ব দিয়ে দেব। তারা রিসিংকিং করবে, নতুনগুলিও করবে।

শ্রীকানাই পালঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন ইতিপূর্বে সরকার থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে রিসিংকিং-এর খরচ অসম্ভব বেশী বলে সরকার রিসিংকিং-এর দায়িত্ব নেবেন না, সেক্ষেত্রে তাঁরা সর্বক্ষেত্রে নতুন টিউবওয়েল বসাবার কথা চিন্তা করছেন। এই যে সিদ্ধান্ত এটার কি কোন পরিবর্তন করা হয়েছে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ যে সিদ্ধান্তের কথা আপনি যে ভাষায় বললেন সেই সিদ্ধান্ত কোন দিনই নেওয়া হয় নি।

শ্রীকানাই পালঃ আমরা ডেভেলপমেন্ট কমিটির মিটিং-এর পরিষ্কার সার্কুলার দেখেছি যে সরকার থেকে রিসিংকিং পরিত্যাগ করা হচ্ছে এবং সর্বক্ষেত্রে তাঁরা নতুন টিউবওয়েল বসাবার কথা বলছেন।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় ঃ মিঃ স্পীকার স্যার, উনি গোড়ায় গলদ করছেন। ডেভেলপমেন্ট স্কীমের সঙ্গে ডেভেলপমেন্ট বোর্ডের সঙ্গে আর ডবলু এস-এর নলকূপের কোন সম্পর্ক নেই।

শ্রীজয়নারায়ণ শর্মাঃ (রোজ টু স্পীক)

মিঃ স্পীকারঃ আমি আপনাকে সাপ্লিমেন্টারী বলতে দেব, কিন্তু তার আগে আমার কথাটা শুনে নিন। আপনারা দাঁড়ালেই সাপ্লিমেন্টারী দিতে হবে এমন নয়, যতক্ষণ বোঝা যায় It has not been sufficiently answered ততক্ষণ সাপ্লিমেন্টারী হয়। অতএব আপনি আমার এ্যাটেনসান ড্র করেছেন বলেই যে I cannot pass on to the next question—that is not the position.

শ্রীজয়নারায়ণ শর্মা ঃ নলকূপ যেখানে নাই, গ্রামাঞ্চলে যেখানে কুয়া ভেঙ্গে গেছে বা নষ্ট হয়ে গেছে, তারজন্য কি ব্যবস্থা হয়েছে?

Shrimati Purabi Mukhopadhyay :
একই ব্যবস্থা—টিউবওয়েলের জন্য যা, কুয়ার জন্যও তাই, একই ব্যবস্থা একই টাকা।

Shri Jiban Krishna Dey:

আমরা দেখছি এতৎসত্ত্বেও বিভিন্ন অঞ্চলে মাসের মাস, বছরের পর বছর পর্যন্ত বহু টিউবওয়েল অকেজো হয়ে পড়ে আছে। অথচ বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও সেগুলি রিপেয়ার হয়না এটা আপনি অবগত আছেন কি না?

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাস্তব অভিজ্ঞতা আছে প্রত্যেক টিউবওয়েলের একটা ওয়াসার চেঞ্জ করতে ছ আনা লাগে এবং তা গ্রামাঞ্চলের লোকও করতে জানে। অথচ যখন মেন্টেন্যান্স স্কোয়ার্ড-এর লোক সেখানে যান, তখন তাঁরা সেটা করে নেন না। তার থেকে চারটি টেলিগ্রাম করতে পয়সা খরচ করেন। আমার দপ্তর রাইটারস্ বিল্ডিংস্ করে থাকেন। যতক্ষণ গ্রাম অঞ্চলের লোক নিজেরা ইনশেনটিভ না নেবেন ততক্ষণ এই অবস্থা চলতে থাকবে।

Shri Jiban Krishna Dey:

পাবলিক রিপেয়ার করতে জানলেও বা চাইলেও, তাদের হাত দেবার অধিকার নাই, অথচ আপনাদের স্টাফও যায় না তাদের না যাওয়ার জন্য গ্রামের লোকের পয়সা থাকা সত্ত্বেও আজকে, সেটা করা হয় নাই, অথচ আপনি বলছেন যে ছ'আনা পয়সা লোকে দেয় না এটা ফ্যাক্ট নয়।

Shrimati Purabi Mukhopadhyay:

মেন্টেন্যান্স ষ্টাফ যখন যান, তখন তাঁরা জানেন যে এই ডিফেক্ট হয়েছে। এবং সেই অনুযায়ী তাদের লোক্যাল কন্ট্রিবিউসন দেবার ব্যবস্থা আছে অথচ সেটা তারা সব সময় দিতে রিফিউজ করেন এবং রিফিউজ করলেই অনেক বেশী টাকা সরকারে এসে যায় এবং সরকারেরও করবার ক্ষমতা থাকে না—। তাই বলতে চাচ্ছিলাম যেখানে ছ'আনা পয়সা ওয়াসার চেঞ্জ করলে কাজটা হয়ে যায়, অথচ তা দিতে তার কার্পণ্য করে। এদিকে কিন্তু ৩।৪ টাকা খরচ করে টেলিগ্রাম করতে তাদের আপত্তি নাই।

Shri Jiban Krishna Dey:

একটু আগে তিনি বললেন তাদের যোগ্যতা আছে এবং তারা টেষ্ট করা হয় বলে যে কথা বলেছেন, অথচ পরে বললেন ছ'আনা পয়সা দেবার তাদের ইচ্ছা নাই, এদুটোর মধ্যে তো কোন সামঞ্জস্য দেখছি না।

Shrimati Purabi Mukhopadhyay:

ওরা কোন দিন টিউবওয়েল ব্যবহার করে দেখেছে কি যে পয়সা দেবে।

Dr. Golam Yazdani:

তিনি টিউবওয়েলের যে সংখ্যাটা বললেন মালদহ জেলায় গাজোলে দেওয়া হয়েছে, সেটা কতদিনে দেওয়া হয়েছে—এক বছর, দুবছর তিন বছরে?

Shrimati Purabi Mukhopadhyay:

আমি বছর তো বলে দিয়েছি।

Shri Kanai Pal:

পানীয় জলের ব্যবহারটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, এ সম্বন্ধে একটা স্টেটমেন্ট দেবার জন্য তাঁকে অনুরোধ করছি। তাঁরা বি ডি ও-র আন্ডারে যে ৪।৫টী স্কোয়ার্ড রেখে দেন, যা প্রয়োজনের

লনায় নগন্য। আমি জানতে চাই তিনি এই স্কোয়াড'-এর সংখ্যা বাড়াবেন কি না এবং এই রাম্মাত খাতে বরাদ্দ বাড়াবেন কি না?

(No reply)

Mr. Speaker: There have been enough supplementary questions. Next uestion.

1-20—1-30 p.m.]

Donation of blood

***238.** (Admitted question No. *1326.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ সালে কি পরিমাণে রক্ত দান হিসাবে সংগৃহীত হইয়াছিল;

(খ) ইহা কি সত্য যে, তাহার অধিকাংশই নষ্ট হইয়া গিয়াছে; এবং

(গ) সত্য হইলে, তাহার কারণ কি?

Shrimati Purabi Mukhopadhyay :

(ক) ২,৮১১ বোতল।

(খ) না,

(গ) প্রশ্ন উঠে না।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি কাগজে যেটা পাবলিস্ড হয়েছে সেটা কি ত্য যে ড্রাই ব্লাড রাখবার বন্দোবস্ত আমাদের ছিল না বলে জাপান থেকে সেটা আনান হচ্ছে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ইমারজেন্সীর সময় সেন্টিমেন্ট-এর বশবর্তী হয়ে সমস্ত জায়গা থেকে অর্থাৎ শহরাঞ্চল এবং গ্রামাঞ্চল থেকে লোকেরা রক্ত দিতে এগিয়ে আসেন। আমরা কারুর কাছ থেকে এমন রক্ত গ্রহণ করিনি যার লাস্ট ড্রপ ফুল্লী ইউটিলাইজড না হবে। যখন আমরা প্লাজমা, সিরাম তৈরী করি এবং হোল ব্লাড হিসেবে ইউটিলিটির লাস্ট এক্সট্রিম পজিসন অবধি পৌঁছে যাই তখন আমরা বিজ্ঞাপন দিয়েছিলাম যে এখন যেন কিছুদিন রক্ত দেওয়া বন্ধ থাকে। কারণ আমরা চাইনা মানুষের রক্ত বিনা প্রয়োজনে এক ফোঁটাও নষ্ট হোক।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ বিভিন্ন হাসপাতালে রক্তের অভাবে যখন অপারেসন স্থগিত রাখতে হচ্ছে তখন সরকারের তরফ থেকে ব্লাড ভালভাবে রাখবার ব্যবস্থা হচ্ছে এরকম আর একবার অ্যাপিল দিলে হাসপাতালগুলো যখন উপকৃত হতে পারে তখন সেটা করবেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় ঃ আপনি ঠিকই বলেছেন। আমরা কোলকাতায় সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কে ড্রাই প্লাজমা মেসিন বসিয়েছি এবং তাতে আমরা যে ড্রাই প্লাজমা তৈরী করি সেটা ১০ বছর পর্যন্ত ব্যবহার করতে পারব এবং যে কোন টেমপারেচার-এ সেই ব্লাড ১০ বছর পর্যন্ত রেখে দিলে তা নষ্ট হবেনা। এর জন্য যে কোয়ালিটি অব ব্লাড আমাদের প্রয়োজন তার জন্য আমরা অ্যাপিল অলরেডি দিয়েছি এবং খুব আনন্দের কথা সেই অ্যাপিলের বশবর্তী হয়ে ছাত্র সমাজ রক্ত দান করছে। এছাড়া যেসব কমার্সিয়াল ফার্ম এবং ইণ্ডাসট্রিয়াল হাউসেস্ আছে তাদের কাছে আমরা নিজেরা যাচ্ছি, বোঝাচ্ছি এবং মোবিইল ভ্যান করে এই ব্লাড কলেকসন যাতে হয় তারজন্য সমস্ত ব্যবস্থা করা হচ্ছে। এ ব্যাপারে আমরা প্রত্যেক মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করি যাতে আরও বেশী করে ব্লাড কলেকসন করতে পারি। আমাদের প্রফেসনাল ব্লাড ডোনার এর সংখ্যা যত তাড়াতাড়ি কমে যায় ততই মঙ্গল এবং ভলাণ্টারী ডোনার যাতে বাড়ে সেই চেষ্টা হওয়া উচিত।

শ্রীকমল কান্তি গুহঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, সেন্টিমেন্ট এবং দেশপ্রেম এক কথা কি ন

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ হ্যাঁ, এক কথা।

শ্রীঅনাদি দাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, হাওড়া জেনারেল হসপিটাল-এ ব্লাড ব্যাঙ্ক প্রতি করবার যে পরিকল্পনা ছিল সেটা এখনও আছে কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা সমস্ত জেলাতে ব্লাড ব্যাঙ্কের পরিকল্পনা গ্রহণ করেছি কিন্তু কথা হচ্ছে কোলকাতার কাছাকাছি হাওড়া ইত্যাদি জেলায় প্রফেসনাল ডোনারের সংখ্যা বেশী এবং তারা অনেকে একবার হয়ত কোলকাতা মেডিকেল কলেজে এসে ব্লাড ব্যাঙ্কে র দিয়েছি। কাজেই আমরা পরীক্ষা করে দেখছি যে এরকম কোন সিসটেম ইভল্‌ভ কর পারি কিনা যাতে কাছাকাছি অঞ্চলের লোকেরা স্টিপুলেটেড পিরিয়ডের মধ্যে আর ব্লাড না দে এরজন্য আমরা ফটো বা অন্য কোন মার্ক দিতে পারি কি না তারজন্য চিন্তা করছি। কোলকাতা কাছাকাছি হাওড়া জেনারেল হসপিটালে দেয়ার ইজ এভরি লাইকলিহুড যে, মেডিকেল কলে যাকে রিফিউজ করছে তিনি হয়ত দ্বিতীয়বার হাওড়ায় গিয়ে রক্ত দিতে পারেন। সেইজন নতুন সেন্টার না বাড়িয়ে সেন্ট্রাল ব্লাড ব্যাংককেই স্ট্রেংদেন করবার চেষ্টা করা হবে।

শ্রীঅনাদি দাসঃ হাওড়া জেনারেল হসপিটালে উপযুক্ত সময় রক্ত না পাওয়ায় অনেক রোগী অসুবিধা হচ্ছে কাজেই আপনারা যদি হাওড়ায় ব্লাড ব্যাঙ্ক করেন তাহলে অনেক লো ভলানটারী রক্ত দান করতে পারে। এই ব্যবস্থা করবেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ হাওড়ায় করবনা এমন কথা বলিনি। আমি বলেছি সিসটেম আরও ফুল প্রুফ করে নিয়ে ব্যবস্থা করব। তবে হাওড়া হসপিটালে রক্তের অভাবে চিকিৎস হচ্ছেনা এটা সর্বৈব সত্য নয়।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ মন্ত্রিমহাশয় বলবেন কি, কোলকাতা ছাড়া মফঃস্বলের কোন্ কোন জেলায় এই ব্যবস্থা আছে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ বর্ধমান, বাঁকুড়া, বহরমপুর, মেদিনীপুর, মালদহ, হুগলী কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং এবং কাচড়াপাড়া টি বি হাসপাতাল।

শ্রীঅশ্বিনী রায়ঃ যেসব বেসরকারী প্রতিষ্ঠান রক্ত সংগ্রহ করে আপনাদের বিনামূল্যে দেয় তা কোন তালিকা আছে কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ কেউ নিজেরা রক্ত সংগ্রহ করেনা, তাঁরা অর্গানাইস্ করেন এব ব্লাড ব্যাঙ্ক থেকে রক্ত সংগ্রহ করা হয়।

ডঃ আবু আসাদ ওবাইদুল গণিঃ ব্লাড রিসিভ যাদের করা হয় তাদের কোন এজ লিমি আছে কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ কোন এজ লিমিট নাই, স্বাস্থ্য পরীক্ষা করে নেওয়া হয়, এই এজ লিমিট সায়েন্টিফিক হবেনা।

ডঃ আবু আসাদ ওবাইদুল গণিঃ আমি ব্লাড ব্যাঙ্কে গেছলাম, কিন্তু আমাকে রিজেক্ট করে বিকজ অব এজ।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ হয়ত আপনার রক্ত নেবার মত নয়।

ডাঃ আবু আসাদ ওবাইদুল গণিঃ শুধু এজের উপর রিফিউজ করেছে।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
Your grey hair be trayed you.

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ এই যে ড্রাই প্লাজ্মা অনেক সভ্য দেশে রেখেছে তাতে সুবিধা হচ্ছে, কুল টেম্পারেচারে রাখবার জন্য কোন রেফ্রিজারেটারের দরকার হয় না, যখন এই সুবিধা রয়েছে তখন ডিষ্ট্রিক্টে কেন বাড়চ্ছেন না, অনেকেতো চায়।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ড্রাই প্লাজ্মা ডিষ্ট্রিক্টে বেশী করা সম্ভব নয়।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ রক্ত দেবার জন্য প্রত্যেক ডিষ্ট্রিক্টে স্টোর করা হোক।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ সেগুলি নির্ভর করে জেলার উপর, প্রত্যেক জেলায় ব্লাড ব্যাঙ্ক রয়েছে, কোন সময় যদি এক্সেস ব্লাড পাই তাহলে প্রিজারভেসন-এর প্রশ্ন উঠবে, এখন যে ব্লাড ব্যাঙ্ক রয়েছে নিজস্ব প্রয়োজন মেটাবার জন্য, সব সময় যে তারা তা পাচ্ছেন তা পাচ্ছেন না, সেখান থেকে তাই রক্ত নিয়ে এসে ড্রাই প্লাজ্মা করবো সেটা ফিজিবল্ হবেনা।

Homoeopathic practitioners

***239.** (Admitted question No. *1467.) **Shri Ananga Mohan Das: Will the** Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether doctors practising Homoeopathy are entitled to be enlisted as doctors under the Employees' State Insurance Scheme; and

(b) if not whether the Government consider the desirability of enlisting Homoeopathic Doctors within the Scheme?

Shri Jagannath Kolay:

(ক) বর্তমান নিয়মানুযায়ী হোমিওপ্যাথিক চিকিৎসকগণ ই এস আই স্কীমের চিকিৎসায় নিযুক্ত হইতে পারেনন। নিয়মাবলী সংশোধিত হইলে তাঁহারা উক্ত স্কীমের চিকিৎসক হিসাবে কাজ করিবার যোগ্যতা লাভ করিবেন।

(খ) এ বিষয়টি সম্বন্ধে বিবেচনা করা হইতেছে।

শ্রীঅনংগমোহন দাশঃ হোমিওপ্যাথিক সিসটেম অব মেডিসিন যখন পাশ হয়ে গেছে এবং গভর্নমেন্টও মেনে নিয়েছেন সেজন্য আমি বলছি ইন্সিওরেন্স স্কীমে হোমিওপ্যাথিক ডাক্তারদের যোগ দেবার জন্য দেবেন কি না এবং কবিরাজদেরও দেবেন কি না?

শ্রীজগন্নাথ কোলেঃ আপনি যেটা বলেছেন ওয়েষ্ট বেঙ্গলে হোমিওপ্যাথিক সিস্টেম অব মেডিসিন অ্যাক্ট পাশ হয়েছে, তারা চিকিৎসা করতে পারেন কোন আপত্তি নাই কিন্তু ওয়েস্ট বেঙ্গল ইম্প্লইজ স্টেট ইন্সিওরেন্স মেডিক্যাল বেনিফিট রুলস্ যতক্ষণ না চেঞ্জ হচ্ছে ততক্ষণ এটা করতে পারিনা এবং ১৯৬৫ সালের মধ্যে আমরা বিবেচনা করছি যাতে এটা পরিবর্তন করতে পারি, সেই সংগে কবিরাজদের কথাও চিন্তা করা হচ্ছে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি হোমিওপ্যাথি অথবা কবিরাজী বিবেচনা করার সময় যে সমস্ত এমপ্লয়ীজ সংগঠনের সঙ্গে জড়িত, যেমন স্টেট ইন্সিওরেন্স চালু করার

আগের সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের সঙ্গে পরামর্শ করে করেছিলেন সেই রকম পরামর্শ না করেই এটা চালু করবেন কি না, এই রকম আশঙ্কা আছে কি না?

শ্রীজগন্নাথ কোলেঃ এটা ঠিক যে সবার সঙ্গে পরামর্শ করে করতে গেলে সময় লাগবে কিন্তু সবার সঙ্গে পরামর্শ করেই করা হবে।

শ্রীঅবনী কুমার বসুঃ এটা কি ঠিক এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্স মেডিক্যাল রুলসতে হোমিওপ্যাথি সম্বন্ধে রেস্ট্রিকশন করা আছে এবং এলোপ্যাথি সম্বন্ধে নির্দেশ আছে?

শ্রীজগন্নাথ কোলেঃ এখানে হোমিওপ্যাথি সম্বন্ধে কিছু নাই, এ্যালোপ্যাথি সিস্টেম অব মেডিসিন চলবে সে কথাই আছে।

[1-30—1-40 p.m.]

Nursing homes for the treatment of lunatics and maternity cases

*240. (Admitted question No. *1494.)

শ্রীঅনঙ্গমোহন দাশঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে পাগল ও প্রসূতিদিগের চিকিৎসার জন্য সরকারের অনুমোদিত কয়টি বেসরকারী নার্সিং হোম রহিয়াছে; এবং

(খ) সরকার অনুমোদিত নার্সিং হোমগুলিতে সরকার কিরূপ আর্থিক সাহায্য করেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ

(ক) পাগলদের জন্য ৪টি ও প্রসূতিদিগের বা অন্যান্য রোগের চিকিৎসার জন্য ৭০টি লাইসেন্স প্রাপ্ত বে-সরকারী নার্সিং হোম আছে।

(খ) এই লাইসেন্সপ্রাপ্ত বে-সরকারী নার্সিং হোমগুলিকে সরকার কোনরূপ আর্থিক সাহায্য করেন না।

শ্রীঅনঙ্গ মোহন দাসঃ এই যে নার্সিং হোম রয়েছে পাগলদের চিকিৎসা বা প্রসূতিদের চিকিৎসার জন্য এতে যদিও গভর্নমেন্ট সাহায্য করেন না তবু তারা যাতে ঠিকমত চিকিৎসা করে সেটা সরকার দেখেন কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমাদের যে ক্লিনিক্যাল এস্টাব্লিসমেণ্ট এ্যাক্ট আছে এই এ্যাক্ট অনুযায়ী লাইসেন্স নিয়ে নার্সিং হোম খুলতে হয়। আমরা যখন লাইসেন্স দি তখন তাদের সেনিটারী কন্ডিসনস্ এ্যাটাচ্ট বাথ ইত্যাদি এই সমস্ত আছে কি না এ্যাক্ট অনুসারে দেখে ইন্সপেকশন করে তবে নার্সিং হোম-এর লাইসেন্স দি।

শ্রীঅনঙ্গ মোহন দাসঃ আমাদের যে লাইসেন্স দেওয়া হয় তাতে-এ কন্ডিসনগুলো আছে জানলাম কিন্তু তার মধ্যে প্রসূতিদের থাকবার ব্যবস্থা হয় কিন্তু তাদের যন্ত্রপাতি ঠিকমত আছে কি না এবং উপযুক্ত প্রসূতিবিদ্যায় অভিজ্ঞ চিকিৎসক আছে কি না সেটা দেখা হয় কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ এগুলি লাইসেন্স-এর অংগ।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ নার্সিং হোম সম্বন্ধে আমাদের অভিযোগ আছে তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে বিভিন্ন নার্সিং হোম যা পাগল এবং প্রসূতিদের জন্য চালু

আছে সেগুলি সরকারের নিয়ন্ত্রাধীনে নয় বা আত্মীয় স্বজনরা নিজেদের চোখের মধ্যে বা আওতার মধ্যে নয় সেগুলির বিষয় আমার যে অভিজ্ঞতা তাই থেকে আমি বলছি সেখানে আর্থিক ও অন্যান্য যে বিষয়ে যে সমস্ত ঘটনা ঘটে তাহা অনুমোদন করা যায় না সেইজন্য প্রশ্ন হচ্ছে যে এই সম্বন্ধে অনুসন্ধান করবার জন্য কোন কমিশন এ্যাপয়েণ্ট করবেন কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমার কিছুমাত্র আপত্তি নেই। তবে আমরা যদি এরূপ ফিক্সড করে দি যে এই লিমিট-এর বেশী কেউ চার্জ করতে পারবেনা তা হলে মাননীয় বিধানমণ্ডলীর সদস্যগণকে তাদের যেন কেউ সাপোর্ট করবেন না।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় মন্ত্রি[illegible] আগে [illegible] নিয়ম আছে সেই নিয়ম পালন করলে [illegible] কথা হচ্ছে লাইসেন্স পাবার পরে তারা সে নিয়ম অনুসারে চলে কি না [illegible] আছে কি না?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ হ্যাঁ, আছে।

শ্রীঅশ্বিনী কুমার রায় ঃ যে চারটি বে-সরকারী প্রতিষ্ঠান বা নার্সিং হোম-এর কথা বললেন তাদের নামগুলি বলতে পারেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ নাম আছে তবে আমার কাছে ফাইলটা নেই আমি ফাইলটা পাচ্ছিনা তবে এ্যাক্ট এ আছে ২৫টি বেড লুম্বিনি পার্ক-এ মেন্টেন করি কারণ লাইসেন্স এ্যাক্ট অনুযায়ী ২টা মাত্র জায়গায় পাগলারা থাকতে পারে। এই লুন্যাসি এ্যাক্ট অনুসারে তারা লাইসেন্স নেয় [illegible] পাগলদের রিসেপশন না পাগলদের রাখতে পারে এই অনুযায়ী যে নার্সিং হোম ডিক্লারেশন করান তাতে লুম্বিনি পার্ক ২৫টি বেড মেন্টেন করান ছাড়া বাদ বাকী যে [illegible] আছে সে [illegible] একটা [illegible] হোম আর দুটোর নাম আমি ঠিক মনে করতে পারছিনা [illegible] পেলে আপনাদের জানিয়ে দেব।

শ্রীঅনঙ্গ মোহন দাস ঃ এই সমস্ত নার্সিং হোম-এ যে সমস্ত রোগী ভর্তি হয় তাদের কাছ থেকে বেশী টাকা নিয়ে যে এই সম্পর্কে কোন অভিযোগ পেয়েছেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ হ্যাঁ, পেয়েছি।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ এই অভিযোগ পেয়ে তার প্রতিকারের কোন ব্যবস্থা করেছেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমাদের এমন কোন আইন নেই যে সেই অভিযোগ অনুসারে সিলিং ফিক্স করতে পারি।

Persons employed in Smallpox Eradication Scheme

***241.** (Admitted question No. *1496.)

শ্রীঅনঙ্গমোহন দাশঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্মলপক্স ইরাডিকেশন স্কীমে বর্তমানে কতজন কর্মী কাজ করিতেছে; এবং

(খ) তাহাদের কবে নিয়োগ করা হইয়াছে?

Shrimati Purabi Mukhopadhyay :

(ক) স্মল-পক্স এডুকেশন স্কীম-এ মঞ্জুরীকৃত পদের সংখ্যা ১,২৭৪। বর্তমানে কতজন কর্মী উক্ত স্কীম-এ নিযুক্ত আছেন তাহার সঠিক সংখ্যা এখনই বলা সম্ভব নহে।

(খ) ১৯৬২ সালের নভেম্বর মাস এবং ১৯৬৩ সালের জানুয়ারী মাসের মধ্যবর্তী বিভিন্ন তারিখে উক্ত কর্মীদের নিয়োগ করা হইয়াছে।

Shri Ananga Mohan Das :
স্মল-পক্স ইর্যাডিকেশন স্কীমে প্রত্যেকেই এরিয়া ঠিক করে কাজ করতে বলা হয় তারা সেই এরিয়া-তে কতদিন কাজ করেন ?

Shrimati Purabi Mukhopadhyay :
এক একটা জেলাতে কাজ হয় অপারেশন ইউনিট কাজ করে এবং তারা ৪০ পারসেন্ট পপুলেশন-কে ভেকসিনেশন কভার করলে তবে তারা অন্য জেলায় যায় এইরূপ ৯টা ইউনিট আমাদের আছে।

Shri Ananga Mohan Das :
আপনি যে ৪০ পারসেন্ট-এর কথা বললেন তারা ইনোকুলেশন দিলে তবে তারা অন্য জায়গায় যায়, আমার কথা হল এই যে বাকী ২০ পারসেন্ট রইল তাদের টিকা দিবার কি হবে ?

Shrimati Purabi Mukhopadhyay :
এই যে পরিকল্পনা ১৯৬২ সালে নেওয়া হয়েছিল সে সময় কেন্দ্রীয় সরকারের সংগে সহযোগিতায় এটা নেওয়া হয়েছিল তারা তখন বলেছিলেন যে ৪০ পারসেন্ট কভার করলেই ধরে নেব যে স্মল-পক্স ইর্যাডিকেশন স্কীম পুরোপুরি কাজ করল। এখন তারা নির্দেশ দিয়েছেন আরও এক বৎসরের খরচ দেবেন সে অর্ডারটা হল ১৯৬৫ সালের জন্য সেই স্যাংশনটা তারা দিয়েছেন ঐ ১০০ পারসেন্ট কভার করবার জন্য।

Shri Ananga Mohan Das :
১৯৬৪ সালে গভর্নমেন্ট যে স্কীম দিয়েছিলেন তারপর এই সব কর্মীদের কি ডিসব্যান্ড করে দেবেন ?

Shrimati Purabi Mukhopadhyay :
এ সম্পর্কে কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি।

Dr. Narayan Chandra Ray :
আপনি কি অবগত আছেন যে এই স্মল-পক্স ইর্যাডিকেশন স্কীম এক এক এলাকায় অর্ডার হয়েছে যে অন্যান্য ডিপার্টমেন্ট থেকে যেমন চাইল্ড ওয়েলফেয়ার, ফ্যামিলি প্ল্যানিং হেলথ ওয়ার্কার-রা ইত্যাদিদের ঐ জায়গা থেকে নিয়ে নেওয়া হয় এই ধরণের অভিযোগ আপনি পেয়েছেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay :
এই স্মল-পক্স ইর্যাডিকেশন স্কীম সঙ্গে ফ্যামিলি প্ল্যানিং কর্মীদের কোন সংস্পর্শ নেই এটা একটা সম্পূর্ণ আলাদা স্কোয়াড।

Dr. Narayan Chandra Ray :
আমি জিজ্ঞাসা করছি যে সেখানকার মেডিক্যাল অফিসার, ফ্যামিলি প্ল্যানিং-এর, বা গ্রামসেবিকা অন্যান্য ইউনিট থেকে আনার কোন অর্ডার হয়েছে কি না? তবে আমি যতদূর জানি এ সম্বন্ধে অভিযোগ দেওয়া হয়েছে।

Shrimati Purabi Mukhopadhyay :
যদি কোন চিফ মেডিক্যাল অফিসার কাজে লাগান স্পেশালি ফ্যামিলি প্ল্যানিং-এর কথা বলছি হলে সেটা খুব ভুল হয়েছে আমরা তদন্ত করে দেখব। তবে আমার মনে হয় যে এটা আপনার গোলমাল হচ্ছে ম্যালেরিয়া ইর ডিকেশন-এর যে কর্মী ছিলেন তাদের ফ্যামিলী প্ল্যানিং-এর কাজ দেওয়া হয়েছে তা না হলে তারা সারপ্লাস বলে ডিক্লেয়ার্ড হয়ে যাচ্ছিল।

Dr. Narayan Chandra Ray :
আপনি বলেছেন যে ১৯৬৪ সালে এই স্কীম শেষ হত আপনি কি বলতে পারেন সারা পশ্চিমবাংলায় এর মধ্যে ৪০ পারসেন্ট স্মল পক্স ভ্যাকসিনেশন দেওয়া হয়ে গেছে?

Shrimati Purabi Mukhopadhyay :
শহরাঞ্চলে ৬০ পারসেন্ট এবং গ্রামাঞ্চলে ৮০ পারসেন্ট হয়েছে।

Shri Abani Kumar Basu :
মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ১৯৬৪ সালে এই স্কীম শেষ হয়ে যাবার কথা এবং এক একটা জেলায় শতকরা ৮০ ভাগ কভার হলে সে জেলা থেকে অন্য জেলায় স্থানান্তরিত করা হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই যে স্মল পক্স ইরাডিকেশন স্কীম এর বীজ কতদিন পর্যন্ত স্থায়ী হয়?

Shrimati Purabi Mukhopadhyay :
তিন বৎসর।

Shri Abani Kumar Basu :
মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যেখানে তিন বৎসর আগে এই স্কীম-এ টীকা দেওয়া হয়েছিল তার তিন বৎসর পরে এই স্কীম পুনরায় সেখানে চালু করার পরিকল্পনা আছে?

Shrimati Purabi Mukhopadhyay :
এটা প্রাইমারী ভ্যাকসিনেশন-এর জন্য।

Dr. Abu Asad Mohammad Oba'dul Ghani :
এই যে সংখ্যা দিলেন কর্মীদের এরা কি সকলেই পার্মানেন্ট ক্যাডার না সেসানাল কতজন আর পার্মানেন্ট ক্যাডার-এর কতজন?

Shrimati Purabi Mukhopadhyay :
এদের বেশীর ভাগই সেসানাল ১,২৭৪ যেটা বললাম এদের মেজরিটি হচ্ছে সেসানাল।

Shri Ananga Mohan Das :

আপনি যখন এদের সেসানাল বললেন তখন এদের চাকুরী চলে যাবে কিন্তু এই যে স্কীম-এ স্থায়ীত্বকাল তিন বৎসর সুতরাং আবার যে পপুলেশন হবে তখন তাকে আবার এই স্কীম- টীকা দিতে হবে ত?

Shrimati Purabi Mukhopadhyay :

এই প্রাইমারী ভ্যাকসিনেশন তিন বৎসরের বেশী থাকে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Loans for Pisciculture Programme in Nadia district

430. (Admitted question No. 5.)

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় মৎস্যবিভাগ থেকে গত ১৯৫৭ সাল, ১৯৬০ সাল ও ১৯৬৩-৬৪ স পর্যন্ত কোন্ কোন্ ব্যক্তিকে মৎস্য চাষের জন্য ও মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য পরিমাণ ঋণ দেওয়া হইয়াছে;

(খ) এই সব ব্যক্তি বা (লোনি)-দের ব্যক্তিগত বৃত্তি বা পেশা কি;

(গ) এই লোনের টাকা এ পর্যন্ত কত আদায় হইয়াছে;

(ঘ) যাঁহাদের এই সব ঋণ মঞ্জুর করা হইয়াছে তাঁহাদের নিজ নিজ পুষ্করিণী, বিল জলায় মঞ্জুর করা টাকার সবটা ঠিকমত মৎস্য চাষের জন্য ও মৎস্য উৎপাদন বৃ জন্য ব্যয় করা হইয়াছে কি না এবং বৃদ্ধি পাইয়া থাকিলে সে সম্বন্ধে কোন তথ্যানি সমীক্ষা করা হইয়াছে কি না; এবং

(ঙ) সমীক্ষা হইয়া থাকিলে তাহার বিবরণ?

The Minister for Fisheries :

(ক) নদিয়া জেলায় ১৯৫৭-৫৮ থেকে ১৯৬০-৬১ আর্থিক বর্ষের মধ্যে বিভিন্ন প্রকল্পে অধীনে যেসকল ব্যক্তিকে ঋণ দান করা হইয়াছে তাঁহাদের একটি তালিকা লাইব্রেরি টেবি উপস্থাপিত করা হইল। ১৯৬৩-৬৪ সালে জাতীয় জরুরিকালীন অবস্থার পরিপ্রেক্ষিতে সঙ্কোচের উদ্দেশ্যে ঋণদান প্রকল্পগুলি স্থগিত রাখা হইয়াছিল।

(খ) 'দরিদ্র মৎস্যজীবী ও তাহাদের সমবায় সমিতিসমূহকে সাহায্যের উদ্দেশ্যে ঋণদা প্রকল্পটির অধীনে যাঁহাদের ঋণদান করা হইয়াছে তাঁহারা সকলেই মৎস্যজীবী। অন্যান্য গ্রহীতাগণের বৃত্তি বা পেশার সংবাদ সরকারের জানা নাই।

(গ) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত তিনটি ঋণদান পরিকল্পনার অ ১৯৫৭-৫৮ হইতে ১৯৬০-৬১ পর্যন্ত সময়ের মধ্যে যে পরিমাণ টাকা আদায় হইয়াছে ত একটি বিবরণী (পরিশিষ্ট 'খ') এতৎসহ উপস্থাপিত হইল।

(ঘ) প্রদত্ত ঋণের টাকা মৎস্যচাষের জন্য ব্যয় করা হইয়াছে। মৎস্য উৎপাদন বৃদ্ধির পরি সম্বন্ধে কোন তথ্য সংগ্রহ করা হয় নি।

(ঙ) প্রশ্ন ওঠে না।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 430

পরিশিষ্ট (খ)

(১) স্বল্পমেয়াদী ঋণদান প্রকল্প

আর্থিক বর্ষ	আসল টাকা	সুদ টাকা	মোট টাকা
১৯৫৭-৫৮	১,২১৪.০০	২৩০.৩১	১,৪৪৪.৮১
১৯৫৮-৫৯ .	১,৮০০.৬৬	৫৫১.৩১	২,৪০১.৯৭
১৯৫৯-৬০	১,৬৯৭.৮৮	৭০৯.৬৮	২,৪০৭.৫৬
১৯৬০-৬১	১,৬২২.০০	৮৮৮.৩১	২,৫২০.৮৩

(২) মধ্যমেয়াদী ঋণদান প্রকল্প

১৯৫৭-৫৮ ..	৫,১০২.০৬	৩,২৩৩.২৩	৮,৩৩[illegible]
১৯৫৮-৫৯ . . .	৬৭৫.০০	১,৫১১.৫৯	২,১৮৬.৫৯
১৯৫৯-৬০ . ..	২২৫.০০	১,২১৪.০৫	১,৪৩৯.০৫
১৯৬০-৬১ .. .	৫২৫.০০	১,৬৩৫.৮৭	২,১৬০.৮৭

(৩) দরিদ্র মৎস্যজীবী ও সমবায় সমিতিকে ঋণদান প্রকল্প

১৯৫৭-৫৮	২,৭২৬.২৯	৪৬০.৯০	৩,১৮৭.১৯
১৯৫৮-৫৯	১,২৭৫.৪২	২১১.৮৫	১,৪৮৭.২৭
১৯৫৯-৬০	৩,৭২৫.৫৩	৬০১.০৭	৪,৩২৬.৬০
১৯৬০-৬১ . .	২,২৯০.৫৯	[illegible]৯১.৯৪	২,৫৮২.৫৩

Bakery

431. (Admitted question No. 68)

শ্রীসনৎকুমার রাহা ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি (বেকারি) রুটি-বিস্কুট তৈয়ারির কারখানা আছে;

(খ) এই সকল কারখানার জন্য গড় কত আটা ও ময়দা দরকার; এবং

(গ) গত তিন মাসে এই সকল কারখানার জন্য কত আটা ও ময়দা বন্টন করিয়াছেন?

The Minister for Food and Supplies :

(ক) ২,১৭৯টি।

(খ) প্রতি মাসে ঃ আটা—৭·৫ মেট্রিক টন; ময়দা—৮,২৫৩·৪৫০ মেট্রিক টন।

(গ) আটা—২২ মেট্রিক টন; ময়দা—১৫,১২১·০৭৫ মেট্রিক টন।

Allowances drawn by Minister for joining Durgapur Congress Session

432. (Admitted question No. 195.)

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে যেসব **মন্ত্রী** ও রাষ্ট্রমন্ত্রী যোগদান করেন **তাঁহারা** কি টি এ ও অন্যান্য অ্যালাউন্স নিয়েছেন; এবং

(খ) টি এ ইত্যাদি লইয়া থাকিলে কোন্ মন্ত্রী টি এ ও অন্যান্য খরচা বাবত কত টাকা নিয়েছেন?

The Minister for Finance:

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশন উপলক্ষে কোন মন্ত্রীদের যাতায়াত ও রাহা খরচ বাবদ কোন ব্যয় হয় নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Circles for inspection of Primary Schools in Jhargram subdivision

433. (Admitted question No. 211.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় প্রাথমিক বিদ্যালয়সমূহ পরিদর্শনের জন্য কত গুলি সার্কেল আছে; এবং

(খ) সার্কেলগুলি কি কি নিয়মে গঠিত হইয়াছে এবং প্রত্যেক সার্কেলের অধীনে কয়টি অঞ্চল এবং কয়টি করিয়া স্কুল রহিয়াছে?

The Minister for Education:

(ক) ১১টি।

(খ) (১) যতদূর সম্ভব সার্কেলগুলির পরিধি উন্নয়ন ব্লক অথবা থানার এলাকার অনুরূপ এতদ্ব্যতীত বিভিন্ন এলাকার অবর-পরিদর্শকগণের কর্মভারে সমতা রক্ষার জন্য সার্কেল এলাকা প্রশাসনিক বিন্যাস করা হয়।

(২) ঝাড়গ্রাম মহকুমার সার্কেলগুলির অধীনে অঞ্চল এবং বিদ্যালয়ের সংখ্যা দেওয়া হইল:-

ক্রমিক সংখ্যা, সার্কেলের নাম, অঞ্চলের সংখ্যা এবং বিদ্যালয়ের সংখ্যা

১। ঝাড়গ্রাম (পূর্ব)—৭, ৬২
২। ঝাড়গ্রাম (পশ্চিম) ৭, ৮৩
৩। বিনপুর—৭, ৮২
৪। লালগড়—৮, ৭২
৫। বেলপাহাড়ী—৫,৭৮
৬। গিধনী—১০, ৮৬
৭। নয়াগ্রাম—৭, ৭০
৮। গোপীবল্লভপুর (পূর্ব)—৮, ৮০
৯। গোপীবল্লভপুর (পশ্চিম)—৭, ৮৬
১০। বেলিয়াবেড়া—৬, ৭৭
১১। রোহিনী—৯, ৮১

Ration Cards

434. (Admitted question No. 228.)

শ্রীজনগমোহন দাস : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার (১) বর্তমান লোকসংখ্যা কত, এবং (২) কতজনকে রেশন কার্ড দেওয়া হইয়াছে;

(খ) কলিকাতায় এ পর্যন্ত কতগুলি ভুয়া রেশন কার্ড ধরা হইয়াছে;

(গ) নূতন রেশন কার্ডের জন্য (১) ১৫ই জানুয়ারি, ১৯৬৫ পর্যন্ত কতজন দরখাস্ত করিয়াছে, এবং (২) কতজনকে উক্ত কার্ড দেওয়া হইয়াছে;

(ঘ) অবশিষ্ট লোকদের যাহাদের রেশন কার্ড দেওয়া হয় নাই, তাহার কারণ কি; এবং

(ঙ) অন্য স্থান হইতে কলিকাতায় কোন লোক উপস্থিত হইলে সে কোথায় ও কি ভাবে রেশন পাইবে এবং রেশন না পাওয়া পর্যন্ত কিভাবে খাদ্যদ্রব্য সংগ্রহ করিবে?

The Minister for Food and Supplies :

(ক) (১) এ সম্পর্কে কোন তথ্য জানা নাই।

(২) ৯০১,৮৬৭ জনকে।

(খ) ১৭,১৯০টি।

(গ) (১) ৬৮,৫৬২ জন।

(২) ৬৪,৫৬২ জন।

(ঘ) ঐ বিষয়গুলি তদন্তাধীন আছে।

(ঙ) এই শ্রেণীর ব্যক্তির পক্ষে এক সপ্তাহের রেশন লইয়া আসা সম্ভবপর না হইলে, যে এলাকায় তিনি বাস করিবেন, ঐ স্থানের সংভাগ আধিকারিকের (রেশনিং অফিসার) নিকট দরখাস্ত করিলে যথাযথ তদন্তে তাহাকে রেশন কার্ড দেওয়া হইবে। কার্ড না পাওয়া পর্যন্ত তিনি সাধারণ ভোজনাগারে খাদ্য গ্রহণ করিতে পারেন।

Imports of mustard seeds and mustard oil

435. (Admitted question No. 297.)

শ্রীজনগমোহন দাস : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬১, ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে এই রাজ্যে কত পরিমাণ সরিষা ও সরিষা তৈল কোন্ কোন্ রাজ্য হইতে আমদানি করা হইয়াছিল; এবং

(খ) তন্মধ্যে কত পরিমাণ কলিকাতা শহরে ও কত পরিমাণ বিভিন্ন জেলায় ব্যবহৃত হইয়াছিল?

The Minister for Food and Supplies :

(ক) এবং (খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 135

Statement showing imports of Mustard seeds and Mustard oil into West Bengal

(Figures in thousand quintal.)

Imported from (States.)	1960-61 Calcutta.	1960-61 West Bengal districts	1960-61 Total	1961-62 Calcutta.	1961-62 West Bengal districts	1961-62 Total	1962-63 Calcutta	1962-63 West Bengal districts	1962-63 Total	1963-64 Calcutta	1963-64 West Bengal districts	1963-64 Total
Rape and Mustard Seeds.												
1. Andhra Pradesh	0.5	2.8	3.3	0.1	0.2	0.3	0.1	..	0.1	..	..	..
2. Assam	1.2	0.1	1.3	3.9	0.3	4.2	1.7	.	1.7	1.1	0.5	1.6
3. Bihar	122.8	22.9	145.7	77.8	20.3	98.1	121.4	39.8	161.2	70.9	16.8	87.7
4. Bombay	95.7	5.0	100.7	10.3	2.3	12.6	G-82.3	5.7	88.0	8.0	0.7	8.7
							M-11.0	1.8	13.7	1.9	..	1.9
5. Delhi	8.0	0.3	8.3	26.2	4.5	30.7	50.3	42.4	92.7	21.0	13.0	34.0
6. M. P.	99.9	80.2	180.1	55.5	84.6	140.1	96.0	92.2	188.2	89.2	75.9	165.1
7. Orissa	6.4	15.9	22.3	5.9	1.7	7.6	12.3	5.7	18.0	3.9	5.4	9.3
8. Punjab	264.6	77.3	341.9	424.2	185.4	609.6	582.6	233.4	816.0	519.0	213.6	732.6
9. Rajasthan	436.6	131.7	568.3	272.1	140.0	412.1	291.4	201.1	492.5	163.9	158.2	322.1
10. U. P.	750.4	123.1	873.5	828.0	113.3	941.3	602.7	73.0	675.7	388.1	65.7	453.8
11. Madras	..	..	..	.	..	..	.	.	.	0.4	15.1	15.5
12. Pondichery	..	.	..	..	.	..	..		..	..	..	..
13. Mysore	..	.	..	.	..	..	0.2	0.2	0.4	..	.	..
Total ..	1,786.1	459.3	2,245.4	1,756.0	500.6	2,256.6	[illegible]	[illegible]	2,748.2	1,267.4	564.9	1,832.3
Mustard Oil.												
U. P.	217.0	177.4	394.4	248.0	200.0	448.0	275.0	225.0	500.0	245.8	201.2	447.0

N.B.—G—Gujarat. M—Maharashtra.

Lift Irrigation Pumping Machine on the Silabati river under Daspur police-station

436. (Admitted question No. 339.)

নগেন্দ্র ভট্টাচার্য : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন—

(ক) দাশপুর থানার অন্তর্গত গাদিঘাটে শীলাবতী নদীতে কয়টি লিফট ইরিগেশন পাম্পিং মেশিন বসান হইয়াছে;

(খ) কতদিন বসান হইয়াছে, এবং ঐ বাবদ ডিসেম্বর, ১৯৬৪, পর্যন্ত কত খরচ হইয়াছে;

(গ) ৩১এ ডিসেম্বর, ১৯৬৪, পর্যন্ত কোন্ মাসে কত ঘন্টা উক্ত মেসিনে জল উঠান হইয়াছে এবং কত পরিমাণ জমিতে জল দেওয়া হইয়াছে;

(ঘ) উক্ত মেসিন চালু করার জন্য এবং রক্ষণাবেক্ষণের জন্য কয়জন নিযুক্ত রহিয়াছে এবং উহাদের মাসিক বেতন কত; এবং

(ঙ) জল উঠানোর জন্য, প্লাটফর্ম নির্মাণ করার জন্য কত ব্যয় হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি পরিকল্পনায় চারটি মেসিন বসান হইয়াছে।

(খ) মেসিনগুলি ১৯৬৩ সালের ৩১এ জুলাই বসান হইয়াছে। মূলধন খাতে খরচ হইয়াছে ৪৫,৪৪৪ টাকা, এবং পৌনঃপুনিক ব্যয় মাসিক ১,৮৫২ টাকা।

(গ) অগাস্ট, ১৯৬৩—৪৬১ ঘন্টা
সেপ্টেম্বর, ১৯৬৩—৯২½ ঘন্টা
অক্টোবর, ১৯৬৩—১৫৭ ঘন্টা
নবেম্বর, ১৯৬৩—১৮০ ঘন্টা
ডিসেম্বর, ১৯৬৩—৬৩৮ ঘন্টা
জানুয়ারি, ১৯৬৪—৬৬২ ঘন্টা
ফেব্রুয়ারি, ১৯৬৪—২২২½ ঘন্টা
মার্চ, ১৯৬৪—বন্ধ ছিল
এপ্রিল, ১৯৬৪—৭৪ ঘন্টা
মে, ১৯৬৪—২ ঘন্টা
জুন, ১৯৬৪—২৩৮ ঘন্টা
জুলাই, ১৯৬৪—২০০ ঘন্টা
অগাস্ট, ১৯৬৪—১½ ঘন্টা
সেপ্টেম্বর, ১৯৬৪—২ ঘন্টা
অক্টোবর, ১৯৬৪—১ ঘন্টা
নবেম্বর, ১৯৬৪—বন্ধ ছিল
ডিসেম্বর, ১৯৬৪—১৭৬ ঘন্টা।

১৯৬৩ সালের ৩১এ জুলাই পাম্প বসান হয়, এবং অনতিবিলম্বে প্রধান জল সরবরাহ প্রণালীগুলি পরিপূর্ণ করিবার জন্য অত্যন্ত বেশি পাম্প চালানোর দরকার হইয়াছিল। ইহার পর জল চুয়াইয়া নষ্ট হওয়ার দরুন আবার ৬-৭ মাস বেশি পাম্প চালানোর প্রয়োজন হয়। ইহার পর খালের লেভেলের সমতা রক্ষিত হওয়ায় আর বেশী পাম্প চালানোর প্রয়োজন হয় নাই। ইহা ছাড়া ১৯৬৪ সালের অগাস্ট, সেপ্টেম্বর ও অক্টোবর মাসে ভাল বৃষ্টি হওয়ায় পাম্প চালাইবার প্রয়োজন হয় নাই। বৃষ্টির দরুন চাষীদেরও জলের চাহিদা ছিল না।

১৯৬৩ সালের ৩১এ জুলাই হইতে ১৯৬৪ সালের ৩১এ মার্চ পর্যন্ত কিঞ্চিৎ অধিক ৬৬ একর এবং ১৯৬৪ সালের ১লা এপ্রিল হইতে ১৯৬৪ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত কিঞ্চিৎ অধিক ১৭৫ একর জমিতে সেচের জল দেওয়া হইয়াছে।

(ঘ) চারজন নিযুক্ত আছেন। চারজনের মাসিক বেতন সর্বসাকুল্যে ৩৫৬ টাকা।

(ঙ) ৪৬৭ টাকা।

Adibashi Schools in Itore and Nagra, Murshidabad

437. (Admitted question No. 381.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার (১) ইটোর, এবং (২) নগরায় অবস্থিত আদিবাসী বিদ্যালয় দুইটির কোনটিতে কত ছাত্র বর্তমানে আছেন; এবং

(খ) উক্ত স্কুল দুইটির কোনটিতে কত ছাত্র হোস্টেলে বাস করেন; এবং

(গ) ১৯৬৩ এবং ১৯৬৪ সালে উক্ত স্কুল দুইটির কোনটিতে সরকার কত টাকা কি কি বাবদে দিয়াছেন?

The Minister for Education :

(ক) (১) ইটোর

উচ্চ বুনিয়াদী—

ছাত্র—১২৪ জন

ছাত্রী— ৩ জন

মোট—১২৭ জন

উচ্চ মাধ্যমিক—

ছাত্র—৩০ জন

মোট ছাত্রছাত্রী—১৫৭ জন।

(২) নগরা

উচ্চ বুনিয়াদী—

ছাত্র—৯৫ জন

উচ্চ মাধ্যমিক—

ছাত্র—৩৫ জন

মোট ছাত্র - ১৩০ জন

(খ) (১) ইটোর—৩৭ জন।

(২) নগরা—৩২ জন।

(গ) কেবল সংরক্ষণ ব্যয় বাবদ অর্থ মঞ্জুর করা হইয়াছে।

(১) ইটোর—

উচ্চ বুনিয়াদী শাখা

১৯৬২-৬৩ সালে—১১,৮৮১ টাকা, এবং ১৯৬৩-৬৪ সালে—১৩,৫২০·২৫ টাকা।

উচ্চ মাধ্যমিক শাখা

(১লা জানুয়ারি, ১৯৬৩ হইতে অনুমোদিত)

১৯৬৩-৬৪ সালে—২,৩৪২ টাকা।

(২) নগরা—

উচ্চ বুনিয়াদী শাখা

১৯৬২-৬৩ সালে—১২,১২৮ টাকা, এবং ১৯৬৩-৬৪ সালে—৭,৬০০ টাকা।

উচ্চ মাধ্যমিক শাখা

(১লা জানুয়ারি, ১৯৬৩ হইতে অনুমোদিত)

১৯৬৩-৬৪ সাল—৩,০০০ টাকা।

Modified Rationing in Tamluk

438. (Admitted question No. 422.)

শ্রীঅনঙ্গমোহন দাশ ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক শহরে কবে হইতে মডিফায়েড রেশনিং ব্যবস্থা চালু হইয়াছে;

(খ) উক্ত শহরের বর্তমান লোকসংখ্যা কত এবং কতজনকে কি হারে চাউল, আটা, গম ইত্যাদি দেওয়া হয়;

(গ) বর্তমানে রেশন দোকান হইতে যে চাউল দেওয়া হচ্ছে তাহার মূল্য কত?

The Minister for Food and Supplies :

(ক) ১৯৫৩ সালের ১লা জুলাই হইতে মডিফায়েড রেশনিং চালু করা হইয়াছে।

(খ) তমলুক শহরের বর্তমান লোকসংখ্যা ১৯,৭৬৪ এবং এই জনসংখ্যা মডিফায়েড রেশনিং স্কীমে আয়ের পরিমাণ অনুযায়ী ক. খ, গ, এই তিন শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে।

যেরূপ পরিমাণ চাউল, গম বা গমজাতীয় দ্রব্য মজুত থাকে তাহা প্রথমে "ক" শ্রেণী (যাহারা খুবই গরীব) তাহাদের প্রাপ্তবয়স্ক হইলে মাথাপিছু ১ কেজি চাউল ও ২ কেজি গম বা গমজাতীয় দ্রব্য দেওয়া হয়। শিশু বা অপ্রাপ্ত বয়স্ক ইহার অর্ধেক হারে রেশন পায়। চাউলের বেলায় কেবলমাত্র "খ" শ্রেণীর লোকেরা "ক" শ্রেণীর চাহিদা মিটিবার পর উপরি-উক্ত হারে পাইতে পারে। "খ" ও "গ" এই উভয় শ্রেণীই "ক" শ্রেণীর চাহিদা মিটিলে গম পাইরে পারে। সুতরাং সকল অধিবাসীকে চাউল দেওয়া হয় না।

(গ) বর্তমানে মডিফায়েড রেশনিং-এ কোন চাউল দেওয়া হইতেছে না বটে তবে খোলা বাজারে চাউল পাওয়া যাইতেছে।

Imports and production of pulses in West Bengal

439. (Admitted question No. 450.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ সালে মটর, ছোলা, মসুরী, অরহর, কলাই মুগ ভাঙ্গা এবং গোটা অবস্থায় অন্য রাজ্য হইতে কি পরিমাণ আমদানী হইয়াছিল

(খ) ঐ প্রকার ডাল পশ্চিমবঙ্গে উক্ত বৎসরগুলিতে কি পরিমাণ জন্মাইয়াছিল; এবং

(গ) বর্তমান ডালের ঘাটতির কারণ কি এবং ডালের কালোবাজার বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Food and Supplies :

(ক) এবং (খ) এতৎসহ একটি বিবরণী দেওয়া হইল।

(গ) সরকার ওয়েষ্ট বেঙ্গল অ্যান্টি প্রফিটিয়ারিং অ্যাক্ট, ১৯৪৮, অনুসারে কতকগুলি বিশেষ ডালের সর্বোচ্চ মূল্য নির্ধারণ করিয়া দিয়াছেন।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No 439

Imports of pulses in West Bengal

(In thousand tons)

Year	Gram	Pulses other than Gram.	Total
1962-63	101.7	174.7	**276.4**
1963-64	110.0	109.6	**219.6**
April to June, 1964	10.5	15.9	**26.4**

Production of pulses in West Bengal

(In thousand tons

Crop Year.	Gram.	Pulses other than Gram	Total
1962-63	87.8	262.1	**349.9**
1963-64	88.6	295.8	**384.4**

M. R. Shops in Asansol industrial area

440. (Admitted question No. 702.)

শ্রীসুবোধ চৌধুরী ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৪ সালে ডিসেম্বর মাসে আসানসোল শিল্পাঞ্চলে মডিফায়েড রেশন সপগুলিতে কত চাউল আটা ও চিনি সরবরাহ করা হইয়াছিল?

The Minister for Food and Supplies :

আটা—২৫,৭৮০ কুইন্ট্যাল।

চাউল -৭,৫০০ কুইন্ট্যাল।

চিনি—২,৪৭৩ কুইন্ট্যাল।

Tanks for Pisciculture in Jhargram subdivision

441. (Admitted question No. 731.)

শ্রীসুরেন্দ্রনাথ মাহাত : মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোন্ থানায় কয়টি বড় বড় পুষ্করিণী রহিয়াছে, যাহাতে মৎস্য চাষ করা যাইতে পারে;

(খ) এই মহকুমায় থানাওয়ারী পুষ্করিণীর সংখ্যা এবং ঐগুলির মালিকানা কতগুলি সরকারের হাতে এবং কতগুলি বেসরকারী;

(গ) সরকার দখলীকৃত পুষ্করিণীতে মৎস্য চাষের ব্যবস্থা হইয়াছে কি; এবং

(ঘ) বেসরকারী পুষ্করিণীগুলিতে মৎস্য চাষ যাহাতে সুপরিকল্পিতভাবে হয়, তাহার জন্য সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Fisheries:

(ক) এই সম্বন্ধে কোন পরিসংখ্যান আপাততঃ সরকারের কাছে নাই।

(খ) ঝাড়গ্রাম মহকুমার পুষ্করিণীগুলির মধ্যে মোট ১৩৮টি সরকারের হাতে রহিয়াছে। বসরকারী মালিকানাধীন থানাওয়ারী পুষ্করিণীর পরিসংখ্যান আপাততঃ সরকারের হাতে নাই।

(গ) স্বল্প সময়ের মধ্যে তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নাই।

(ঘ) প্রথম, দ্বিতীয়, এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাধীনে বেসরকারী পুষ্করিণী-গুলিতে মৎস্য চাষ উন্নয়নের নিমিত্ত অনেকগুলি প্রকল্প চালু করা হইয়াছে। ঋণ প্রকল্পগুলির মাধ্যমে দরিদ্র মৎস্যজীবী এবং মৎস্য চাষে উৎসাহী ব্যক্তিগণকে মৎস্য চাষোপযোগী পুষ্করিণী এবং জলাশয়গুলির সংস্কারের নিমিত্ত স্বল্পমেয়াদী এবং মধ্যমেয়াদী ঋণ দান করা হইয়া থাকে। এই প্রকল্পগুলির অধীনে সাহায্য (সাবসিডি) প্রদানেরও ব্যবস্থা আছে। ইহা ছাড়াও মৎস্য-চাষীগণকে মৎস্য-চাষের নিমিত্ত প্রয়োজনীয় সার প্রভৃতি প্রস্তুত করিবার জন্য বোনাস দান করা হইয়া থাকে। গ্রামাঞ্চলে "মৎস্যচাষ প্রদর্শনী ক্ষেত্র" স্থাপন করিয়া স্থানীয় অধিবাসীগণকে মৎস্যচাষ পদ্ধতি সম্বন্ধে শিক্ষা দান সম্পর্কেও একটি প্রকল্প চালু রহিয়াছে। ইহা ছাড়া ভাল জাতের পোনা মাছের চারা উৎপাদনের জন্যও বোনাস দেওয়া হয়।

Compensation and Annuity to Ex-Zaminders

442. (Admitted question No. 905.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভূতপূর্ব জমিদারদের (১) ক্ষতিপূরণ হিসাবে এবং (২) দেবোত্তর সম্পত্তির অ্যানুইটি হিসাবে বর্তমান সময় পর্যন্ত কোন্ বাবতে মোট কত টাকা সরকারী তহবিল হইতে দেওয়া হইয়াছে;

(খ) উহার মধ্যে (১) ক্ষতিপূরণ প্রাপ্তদের নেট মুনাফা ১২ হাজার টাকা এবং তদূর্ধ্ব ছিল এইরূপ প্রাক্তন জমিদার কয়জন এবং তাহাদের পাওয়া মোট অর্থের পরিমাণ কত; এবং

(২) দেবোত্তর সম্পত্তি, যাহাদের নেট আয় ছয় হাজার টাকা এবং তদূর্ধ্ব এইরূপ দেবোত্তর সম্পত্তি কয়টি এবং বর্তমান সময় অবধি ঐ প্রকার দেবোত্তর সম্পত্তির সেবাইতগণ মোট কত টাকা অ্যানুইটি হিসাবে পাইয়াছেন?

The Minister for Land and Land Revenue:

(ক) ৩১এ ডিসেম্বর, ১৯৬৪ তারিখ পর্যন্ত অন্তর্বর্তী ও চূড়ান্ত (১) ক্ষতিপূরণ বাবদ—১৮,৬১,৯৬,১৭২·৫৪ টাকা এবং (২) অ্যানুইটি বাবত—৯,৩৪,২২,৯৬৯ টাকা দেওয়া হইয়াছে।

(খ) (১) ৫৩ জন। তাঁহাদের প্রাপ্ত মোট অর্থের পরিমাণ, ২৬,৪৩,৬৬৭·০৬ টাকা।

(২) ৪৭টি এবং সেবাইতরা মোট ৬৭,৫৬,৮৫০·৫৮ টাকা পাইয়াছেন।

Bridge over Banki river on Basudev Canal-Kandi Road, Murshidabad

443. (Admitted question No. 938.)

শ্রীশরৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সাজাদপুর অঞ্চলের নিশ্চিন্তপুর হইয়া বাসুদেব খাল হইতে কাঁদি রোড পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য বাঁকী নদীর উপর কোন ব্রীজ নির্মাণের প্রস্তাব আছে কি না; এবং

(খ) প্রস্তাব থাকিলে, তাহা কবে কার্যকরী করা হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Bridge on Ramnagar-Farakka Road

444. (Admitted question No. 942.)

শ্রীশরৎকুমার রাহা: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামনগর-ফরাক্কা রাস্তা যেখানে কোদলা গ্রামে থামিল সেখানে কোন ব্রীজ হইবে কি না; এবং

(খ) উক্ত রাস্তা কোদলা হইতে কাঁদি রাস্তা পর্যন্ত সম্পূর্ণ কবে হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) এই স্থানে একটি ২০ ফুট লম্বা কালভার্ট নির্মিত হইবে।

(খ) এই অংশের প্রায় ৩ মাইল রাস্তায় প্রয়োজনীয় ভূমির দখল পাওয়া গেলে ৩ বৎসরের মধ্যে রাস্তাটি সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Hooghly Mohasin College Library

445. (Admitted question No. 1053.) **Shri Sambhu Charan Ghosh:**

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী মহসীন কলেজে লাইব্রেরি সম্প্রসারণের জন্য ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন এক লক্ষ টাকা মঞ্জুর করিয়াছেন;

(খ) সত্য হইলে, সম্প্রসারণের কাজ শুরু হইয়াছে কি না; এবং

(গ) শুরু না হইয়া থাকিলে, কারণ কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ, তবে সম্পূর্ণ টাকা এখনও পাওয়া যায় নাই।

(খ) ও (গ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Roads in Midnapore Block

446. (Admitted question No. 1180) **Shri Syed Shamsul Bari:** Will e Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the number, locations and lengths of the tar-macadam Roads maintained by the State Government within Midnapore Block:

(b) has Government any proposal for repairing those roads along with their flanks for the safety and convenience of the public; and

(c) if so, when will the work be taken up and when completed?

The Minister for Public Works: (a) Five tar-macadam Roads: (1) eshpur-Narajole Road—9 miles approximate; (2) Raniganj-Midnapore oad—2 miles approximate; (3) Pilgrim Road—4 miles approximate; (4) nk Road from Midnapore Municipal boundary to Womens College at Gope -1¼ mile; and (5) Narendra Lall Khan Road—1/2 mile approximate.

(b) and (c) (1) Keshpur-Narajole Road—Work on bad patches already ken up and may be completed by the end of 1965-66.

(2) Raniganj-Midnapur Road—Condition good—therefore, question of pair does not arise.

(3) Pilgrim Road—Patch repairs being done to keep it traffic worthy.

(4) Link road from Midnapore Municipal boundary to Womens College Gope—Condition fair, patch repairing work done from time to time.

(5) Narendra Lal Khan Road—Condition fair, new surfacing to be done ıring 1965-66.

Deep tubewells in Agradwip village, Burdwan

447. (Admitted question No. 1224.)

সুবোধ চৌধুরী : কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাটোয়া থানার অগ্রদ্বীপ গ্রামে সেচের জন্য জেলা কৃষিবিভাগ ও কৃষি উন্নয়ন উপদেষ্টা কমিটি ৫টি গভীর নলকূপ বসাইবার জন্য যে সুপারিশ সরকারের নিকট করিয়াছে, তাহার কাজ কি আরম্ভ হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহা হইলে কবে নাগাদ এ কাজ শুরু হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) না।

(খ) যাহাতে বর্তমান আর্থিক বৎসরেই নলকূপ বসাইবার কাজ আরম্ভ হইতে পারে সে বিষয়ে চেষ্টা করা হইতেছে।

Domjur Powerloom Co-operative Society

448. (Admitted question No. 1331.)

শ্রীতারাপদ দে : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ডোমজুড় টেক্সটাইল কো-অপারেটিভ হাওড়া (পাওয়ার লুম) সরকারী প্রচেষ্ট তৈরী কি না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে—

(১) ইহা কাহাদের লইয়া গঠিত এবং কে কত শেয়ার কিনিয়াছেন,

(২) এই কো-অপারেটিভের সম্পাদক কে এবং এদের শেয়ার ক্যাপিটাল কত,

(৩) এই কো-অপারেটিভকে সরকার এ যাবৎ মোট কত ঋণ দিয়াছেন,

(৪) ইহার ওয়ারকিং ক্যাপিটাল কত, প্রত্যেক শেয়ারের দাম কত এবং তাহা বিক্রয় করা ব্যবস্থা আছে কি না, এবং

(৫) ইহার দৈনিক উৎপাদন কত ? মজুর সংখ্যা কত; তাহাদের মোট দৈনিক ভাতা কত

The Minister for Cottage and Small-scale Industries :

(ক) এরূপ নামে কোন সমিতি আছে বলিয়া জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Domjur-Dhulagori Road, Howrah

449. (Admitted question No. 1332.)

শ্রীতারাপদ দে : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার ডোমজুড়-ধুলাগোড়ী রোড যাহা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পন গ্রহণ করা হইয়াছে, তাহার জন্য মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(খ) ঐ রাস্তার কতখানি মাটির কাজ সম্পূর্ণ হইয়াছে এবং তাহাতে কত টাকা খ হইয়াছে;

(গ) ঐ রাস্তার জন্য কাহাকে কন্ট্রাক্ট দেওয়া হইয়াছে; এবং

(ঘ) রাস্তাটি কত দিনে সম্পূর্ণ করা হইবে?

The Minister for Public Works (Roads) :

(ক) ৭·৫০ লক্ষ টাকা।

(খ) ১,১০,২৯৩ ঘনফুট, এবং ১২,৫২৫·০০ টাকা।

(গ) মাটির কাজের জন্য শ্রী এস সি ভূইয়া এবং ইট তৈয়ারী ও সরবরাহের কাজের জ শ্রীবিমলকুমার ঘোষ।

(ঘ) ঐ বৎসর জমির দখল পাওয়া গেলে ১৯৬৭ সালের মধ্যে শেষ হইবে বলিয়া আশা ক যায়।

Unemployed in West Bengal

450. (Admitted question No. 1387.)

বিনক্বষ্ণ দে ঃ শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় যোজনার শুরুতে পশ্চিমবঙ্গে শিক্ষিত এবং নিরক্ষর বেকার যুবকের সংখ্যা ছিল কত;

(খ) যোজনার শেষে ঐ সংখ্যা কত; এবং

(গ) এই রাজ্যে অর্ধবেকার গ্রাম্য কর্মক্ষম লোকের সংখ্যা কত?

The Minister for Labour:

(ক) শিক্ষাগত মান অনুযায়ী পশ্চিমবঙ্গে বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রগুলিতে রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা তৃতীয় যোজনার শুরুতে (১৯৬১ সালের জুন মাসের শেষে) নিম্নরূপ ছিল। নিরক্ষর কর্মপ্রার্থীদের সংখ্যা পৃথকভাবে সংরক্ষিত হয় না।

	পুরুষ	স্ত্রী	মোট
(১) ম্যাট্রিকুলেট	৪৪,৩৩৭	২,৭৯৬	৪৭,১৩৩
(২) ইণ্টারমিডিয়েট	১৪,৯৭৪	১,১৭৬	১৬,১৫০
(৩) গ্রাজুয়েট ও পোষ্ট গ্রাজুয়েট--			
(ক) ইঞ্জিনীয়ারিং	৯৩	..	৯৩
(খ) মেডিক্যাল	১০১	২	১০৩
(গ) অন্যান্য	৬,৮৭০	৪৯৮	৭,৩৬৮
মোট ..	৬৬,৩৭৫	৪,৪৭২	৭০,৮৪৭
নন্-ম্যাট্রিকুলেট (নিরক্ষর কর্মপ্রার্থীদের সংখ্যা সহ) ..	২,২২,৪৫৯	৪,১৪৭	২,২৬,৬০৬
সর্বমোট ..	২ ৮৮,৮৩৪	৮,৬১৯	২,৯৭,৪৫৩

(খ) ৩১-১২-৬৪ তারিখে উক্ত সংখ্যা নিম্নরূপ ছিল :--

	পুরুষ	স্ত্রী	মোট
(১) ম্যাট্রিকুলেট	৬৬,৯১৭	৯,০০১	৭৫,৯১৮
(২) ইণ্টারমিডিয়েট	৩৯,১১৪	৪,১২২	৪৩,২৩৬
(৩) গ্রাজুয়েট ও পোষ্ট গ্রাজুয়েট--			
(ক) ইঞ্জিনীয়ারিং	৫৬৫	১	৫৬৬
(খ) মেডিক্যাল	৯৭	৬	১০৩
(গ) অন্যান্য	১৫,৫৬৯	২,০০৩	১৭,৫৭২
মোট ..	১.২২,২৬২	১৫,১৩৩	১,৩৭,৩৯৫
নন্-ম্যাট্রিকুলেট (নিরক্ষর ব্যক্তিদের সংখ্যা সহ) ..	৩,৫৫,১৬৪	১১,৩২৮	৩,৬৬,৪৯২
সর্বমোট ..	৪,৭৭,৪২৬	২৬,৪৬১	৫,০৩,৮৮৭

(গ) গ্রাম্য অর্ধবেকার কর্মক্ষম ব্যক্তিদের সম্বন্ধে কর্মসংস্থান কেন্দ্রগুলিতে কোন তথ্য রাখা হয়না।

House Building Scheme for Calcutta

..451. (Admitted question No. 1432.)

শ্রীঅনঙ্গমোহন দাশ ঃ গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে শতকরা কতলোক ভাড়াটিয়া ঘরে বাস করেন, তাহার কোন সরকারী হিসাব আছে কি না;

(খ) ন্যায্য হারে ভাড়া দিবার উদ্দেশ্যে কলিকাতায় গৃহনির্মাণের কোন সরকারী পরিকল্পনা আছে কি না;

(গ) পরিকল্পনা থাকিলে তাহার কার্য আরম্ভ হইয়াছে কি না; এবং

(ঘ) কার্য্য আরম্ভ হইয়া থাকিলে তাহা কতদূর অগ্রসর হইয়াছে?

The Minister for Housing:

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

(ঘ) বিভিন্ন গৃহনির্মাণ পরিকল্পনায় কলিকাতা শহরে ভাড়া দিবার উদ্দেশ্যে মোট ৫,৮৯০টি গৃহের নির্মাণকার্য সম্পূর্ণ হইয়াছে এবং ২,৩৪৪টি গৃহের নির্মাণকার্য চলিতেছে।

(উপরি-উক্ত সংখ্যার মধ্যে সরকারের নিকট হইতে বিভিন্ন পরিকল্পনায় আর্থিক সাহায্য লইয়া কলিকাতা উন্নয়ন সংস্থা কর্তৃক নির্মিত গৃহের সংখ্যাও ধরা হইয়াছে।)

Scarcity of 'Dal'

452. (Admitted question No. 1446.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) whether the Government is aware that supply of "Dal" a principal food is in extreme short supply in this State;

(b) if so, the reason therefor;

(c) if there has been any price fixation of "Dal"; and

(d) if there is any proposal to ensure supply of "Dal" in the market?

The Minister for Food and Supplies: (a) Availability of dal in this State was not sufficient during the last part of 1964.

(b) West Bengal is a deficit State in respect of pulses and is dependent on supplies from other States, viz., Andhra Pradesh, Madhya Pradesh, Punjab, U.P. and Rajasthan. Some of the producing States had partial crop failure last year and had imposed ban on the export of pulses to other States which resulted in lower rate of import to West Bengal.

(c) Yes.

(d) Various measures are already being taken to ensure supply of dal in the market.

The supply position in this State has since improved.

Bhatar-Nashigram Road, Burdwan

453. (Admitted question No. 1462.)

শ্রীমনোরঞ্জন বক্সী : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় ভাতার-নাশিগ্রাম রোড মেরামত করিবার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) পরিকল্পনা থাকিলে তাহা কখন শুরু হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) এই রাস্তাটি উন্নতিকরণের পরিকল্পনা গৃহীত হইয়াছে।

(খ) কাজ চলিতেছে।

Calling Attention to Matters of Urgent Public Importance

[1-40—1-50 p.m.]

Mr. Speaker: I have received four notices of Calling Attention, one from Shri Bhakti Bhushan Mandal on supersession of Baranagar Municipality, the next one from Shri Aswini Roy and Shri Narayan Choubey on levy on husking mills, the next one from Shri Kanai Pal on the hunger-strike by patients of the Kanchrapara T. B. Hospital consequent on the alleged atrocities by the police on them, and the last one from Shri Birendra Narayan Roy, Shri Mono Ranjan Baksi, Shri Mahananda Haldar, Shri Hrishikesh Haldar, and Shri Adhar Chandra Halder on the non-supply of flour and sugar to bakeries in the districts of West Bengal. I have selected the notice of Shri Kanai Pal on the hunger-strike by patients of the Kanchrapara T. B. Hospital consequent on the alleged atrocities by the police on them. The Hon'ble Minister-in-charge may make a statement today, if possible or please give a date for the same.

Shri Birendra Narayan Ray:
মিঃ স্পীকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে.........

Mr. Speaker:
ওটা পরে হবে।

Shrimati Purabi Mukhopadhyay:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীকানাই পাল যে দৃষ্টি আকর্ষণকারী প্রস্তাব এখানে এনেছেন এ সম্পর্কে আমার পক্ষে কিছু বলা বিধানসভায় দাঁড়িয়ে খুব অসুবিধা—কারণ যাদের ধরা হয়েছে তাদের সেকসন দেওয়া হয়েছে ১০৭ সি, আর, পি, সি, অতএব কি অভিযোগ তার চার্জসীট—তার সমস্ত কিছু সম্পর্কে এখানে দাঁড়িয়ে আমার পক্ষে কোন মন্তব্য করা সম্ভব নয়। তবে আমি শুধু হাঙ্গার ষ্ট্রাইকের পোরসনটা বলবো সমস্ত পেসেন্টরা সেখানে যে চারবেলা করে খাবার বরাদ্দ আছে—সব খাবারই খাচ্ছে।

Mr. Speaker:
Then may I take it that this is your statement on this Calling Attention notice?

Shrimati Purabi Mukhopadhyay :

Yes, this is my statement on it.

Shri Kanai Pal :

মাননীয় মন্ত্রীমহোদয়া কি অনুগ্রহ করে জানাবেন একটা চুরির ব্যাপার নিয়ে গোলমাল বেধেছে সেজন্য তদন্ত তারা চেয়েছিলেন এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং হেল্‌থ মিনিস্টারের কাছে আবেদন করেছিলেন এবং তার উত্তরে সেখানে লাঠিচার্জ করা হয়েছে মারধোর করা হয়েছে—যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের কোথায় রাখা হয়েছে—এদের মধ্যে অনেক অসুস্থ রোগী আছে—রক্ত উঠছে এই রকম অনেক রোগী আছে যাদের চলে বেড়াবার হুকুম নেই।

Shrimati Purabi Mukhopadhyay :

কেসটা চুরি কিনা সেটা কোর্টে বিচার হবে—আমার কি তার উপর মন্তব্য করা সম্ভব এবং আইনত কি আমরা তা পারি। দ্বিতীয়ত যাদের এ্যারেস্টের পরে বিভিন্ন জায়গায় রাখা হয়েছে তাদের মধ্যে আছে সবশুদ্ধ ১৭ জন। এদের মধ্যে যারা ভাল হয়ে গেছেন—৫।৬ মাস নয়—২ বছর ভাল হয়ে গেছে হাসপাতালে রয়েছে—এক্‌স পেসেন্টরা রয়েছেন—তাদের মধ্যে কয়েকজন রয়েছেন যারা ইনকিউরেবল বলে ডিক্লেয়ার্ড। অতএব কোর্টের এক্তিয়ার ভুক্ত কোথায় থাকতে দেওয়া হয়— for the information of the House.
আমি বলতে পারি কোর্ট থেকে যারা ইনকিউরেবল পেসেন্ট তাদের এ, জি, হাসপাতালে টি, বি, রোগীদের সংগে রাখা হয়েছে।

Shri Kanai Pal :

গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে যে যারা অপারেসনের জন্য ওয়েট করছিলেন এই রকম রোগীদের ধরা হয়েছে।

Shrimati Purabi Mukhopadhyay :

সেটা কোর্টে বলবেন।

Shri Kanai Pal :

আপনি রিপোর্ট দিচ্ছেন যাদের সেরে গেছে—তাদের গ্রেপ্তার করা হয়েছে—এটা সম্পূর্ণ মিথ্যা। আমি নিজে কালকে দেখে এসেছি।

Shri Gopal Banerjee :

মিনিষ্টার ষ্টেটমেন্ট করলেন—আবার একটা প্রশ্ন করবার পর তিনি একটা ষ্টেটমেন্ট করলেন—আমার মনে হয় উনি যতটা জানছেন ততটা বলছেন না, উনি একটা প্রিপেয়ার্ড ষ্টেটমেন্ট করুন।

Mr. Speaker :

উনি তো ডিফিকাল্টিগুলি বলে দিয়েছেন।

Shri Gopal Banerjee :

স্যার, প্রথম যখন কানাইবাবু প্রশ্ন করলেন তখন তার উত্তরে উনি কতকগুলি কথা বললেন—সুতরাং ঘটনা সম্পর্কে যেটা জানতে চাওয়া হয়েছে—সেটা জানা গেল না।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ঘটনা সম্পর্কে—এটা যতক্ষণ বিচারাধীন রয়েছে—ততক্ষণ আমি কোন ষ্টেটমেন্ট করতে পারবো না। প্রশ্ন করা হয়েছে যারা ধরা পড়েছে তারা রয়েছে কাথায়—আমার যতটুকু ইনফরমেশন আছে—আমি সাপ্লাই করেছি। আর একটা ছিল হাঙ্গার ষ্ট্রাইক হচ্ছেনা সেটা আমি বলেছি।

Shri Kanai Pal:

মাননীয় স্পীকার মহোদয়, একটা কথা আমি জানাতে চাচ্ছি যে এই হাউসের গত অধিবেশনে এই টি, বি, হাসপাতালগুলির মারাত্মক অবস্থা সম্বন্ধে এবং সেখানে যে চুরি, দুর্নীতি এবং চিকিৎসার গণ্ডগোল চলে সে ব্যাপারে একটা এনকোয়ারী কমিশন-এর দাবী করেছিলাম, তাতে শ্রীমতী পুরবী মুখার্জি বলেছিলেন যে আপনাদের যে এষ্টিমেট কমিটি আছে তাঁরা এই কাজ করতে পারবেন—কিন্তু আজ পর্যন্ত বার বার চিঠি দেওয়া সত্ত্বেও সেটা তদন্ত হয় নি। আমি আশা করি এই ব্যাপারে সেখানে শুধু চুরির ব্যাপার নেই, সেখানে দুর্নীতি চলছে, অন্যায় চলছে এবং চিকিৎসার ব্যবস্থা না করে মেরে ধরে তাদের তাড়িয়ে দেবার ব্যবস্থা হচ্ছে এবং অসুস্থ রোগীদের ধরে নিয়ে জেলে পুরে দেওয়া হচ্ছে এ সমস্ত সম্পর্কে একটা তদন্ত কমিশন-এর ব্যবস্থা করবেন কিনা এটা পরিষ্কার করে জানতে চাই।

Presentation of report of the committee on estimates

Shri Baidyanath Banerjee: I beg to present the Fifth Report of the Committee on Estimates.

Mr. Speaker: A copy of he Report is placed on the Table. Printed copies will be circulated to the members in the next few days.

Price of rice

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় স্পীকার মহাশয়, সেচখাতে সেচমন্ত্রী যে বরাদ্দ রেখেছেন সেটার সমর্থনে আমি কয়েকটি বক্তব্য রাখতে চাই। এর মধ্যে আমাদের বিরোধীপক্ষের বিশেষ করে মনসুর হবিব সাহেবের বক্তৃতা আমি মনোযোগ দিয়ে শুনছিলাম—মনসুর হবিব সাহেব পশ্চিম বাংলার বর্ধমান জেলার উপর বিশেষ জোর দিয়ে বলেছেন। বিরোধীপক্ষের অন্যতম সদস্য সুনীলবাবু উত্তর বঙ্গের কথা বলেছেন। আজকে কলকাতা সহরকে কেন্দ্র করে আমি যে জেলা থেকে এসেছি ২৪-পরগণা

জেলা যে জেলাতে ৬৩ লক্ষ লোক বাস করে সেখানকার কয়েকটি সেচ সমস্যার কথা আপনার কাছে উল্লেখ করবো। গতকাল মুখ্যমন্ত্রী, কৃষিখাতে যে বরাদ্দ স্মরজিৎবাবু পেশ করেছিলেন সেই দাবীর সমর্থনে সেখানে তিনি এই কথা বলেছিলেন পশ্চিম বাংলায় সেচের যে জমি আছে তার সর্বোচ্চ সীমায় আমরা এসে গেছি। কিন্তু একথা ঠিক যে চাষের জমিকে যদি কাজ-এ লাগাতে হয় তাহলে সেই চাষের জমিতে জল সেচের ব্যবস্থা করতে হবে। তবে জলসেচ যেখানে যেখানে যাওয়া দরকার--সেচ দপ্তর চেষ্টা করছেন একথা সত্য কিন্তু যে পরিমাণ হওয়া দরকার সেটা এখনও পর্যন্ত হয় নি। অভিজ্ঞতা স্বরূপ আমরা দেখেছি ১৯৫৬ সালে এবং ১৯৫৯ সালে যখন আকাশ বন্যা হয়েছিল সেই উপলক্ষে এই পশ্চিম বাংলা রাজ্য সরকার এই বিধানসভা থেকে নিয়ন্ত্রিত হয়ে একটা বন্যা তদন্ত কমিশন করেছিলেন--২৪ পরগণা জেলার যে জলাবদ্ধ জমি তার পরিমাণ ৬ শত বর্গমাইল। এর মধ্যে মগরাহাট, ফলতা, ব্যারাকপুর মহকুমার কিয়দংশ, বারাসত মহকুমার বারাসাত এলাকা এবং বসিরহাট মহকুমার বসিরহাট বেসিন এলাকা আছে--বাদবাকী এলাকা সুন্দরবনের বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে। আজকে পশ্চিম বাংলাকে বর্ধমান জেলার উপর ভিত্তি করে বলা হয় যে বর্ধমান জেলা পশ্চিম বাংলার শস্য ভান্ডার—কিন্তু অবিভক্ত বাংলায় একথা আমরা জানি বাখরগঞ্জকে ছেড়ে দিলে সারা পশ্চিমবঙ্গের শস্য ভান্ডার ছিল সুন্দরবন অঞ্চল--বৃহত্তর কলকাতায় বিশেষ করে ব্যারাকপুর সহর পর্যন্ত—সুন্দরবনের চাষীরা যে শস্য উৎপন্ন করেন সেই শস্যে এই সব মানুষের জীবন ধারণের ব্যবস্থা হয়। ১৯৫৯ সালে যে বন্যা তদন্ত কমিশন হোল এবং তার যে ফাইন্ডিংস ও রেকমেন্ডেসন হোল, সেই রেকমেন্ডেসন অনুযায়ী আমাদের ২৪ পরগণা জেলায় যে পরিকল্পনাগুলি কার্যকরী করার জন্য সরকারের কাছে পেশ করেন। অত্যন্ত দুঃখের বিষয় আজও সেই পরিকল্পনাগুলির শতকরা ২০ ভাগ কার্যকরী হয় নি—যার ফলে আমি উল্লেখ করতে পারি বিশেষ করে বসিরহাট এলাকার সীমান্ত-বর্ত্তী অঞ্চল বীরপল্লীতে যে ৫০ হাজার একর জমি আছে--দাঁতভাঙ্গায় যে ৩০ হাজার বিঘা জমি আছে অবিভক্ত বাংলায় এই সমস্ত জায়গায় পাকিস্তানের খুলনাতে জল নিষ্কাসিত হোত। চার বছর পূর্বে পাকিস্তান এখানে প্রাচীর দিয়েছে—সেটাকে চীনের প্রাচীরের সঙ্গে তুলনা করা যেতে পারে--এটা দেবার ফলে ঐদুটো এলাকায় জল নিষ্কাষণের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। সেখানকার জনসাধারণ সেখানকার বিধানসভার সদস্য, সেখানকার জনপ্রতিনিধিরা বহুবার সেচদপ্তরে আবেদন করেছেন। অত্যন্ত সুখের বিষয় কেবল মাত্র ২৪-পরগণা জেলার উক্ত পরিকল্পনাগুলি অনুমোদন হতে চলেছে। সেচ দপ্তরের প্রারম্ভিক কাঠামো যদি আমরা বিশ্লেষণ করি তাহলে দেখা যাবে যে নীতিগতভাবে সমস্ত আবাদযোগ্য জায়গা যদি জলাবদ্ধ হয়ে থাকে—সেখানে সরকার এই নীতি গ্রহণ করেন যাতে সে জায়গাগুলিতে জল নিষ্কাষণের ব্যবস্থা হয়।

[2-40—2-50 p. m.]

কিন্তু প্রশাসন ব্যবস্থায় সেচ দপ্তরের ২টি ভাগ আছে। একটি সেক্রেটারিয়েট ভাগ আর একটি ইঞ্জিনীয়ারিং বিভাগ। এই ইঞ্জিনীয়ারিং বিভাগ যদি কোন ব্লুপ্রিন্ট-এর কাজ শুরু করেন তাহলে অন্ততঃ ১০ বছর লাগবে ; সেই ব্লুপ্রিন্ট মন্ত্রী দপ্তর থেকে পরিকল্পনায় স্যাংসান হয়ে পাশ করাত। যে কথা মাননীয় মনসুর হাবিবুল্লা সাহেব বলেছেন, তার সমর্থনে আমি একথা বলছি, যে তিনি কাট মোশানের কথা বলেন নি, ইনক্রিস মোশানের কথা বলেছেন। পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন খাতে যে ভাবে টাকা বরাদ্দ করেছেন, তার পরিপ্রেক্ষিতে যদি খাদ্য উৎপাদন বাড়াতে হয়, কৃষির উন্নতি করতে হয়। তাহলে সেচ ব্যবস্থার জন্য আরও বেশী টাকা বরাদ্দ করতে হবে। তারপর, আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে গত ২।৩ বছর ধরে সুন্দরবন এলাকার বিভিন্ন জায়গায় নিয়ে গিয়েছি এবং পরিদর্শন করিয়েছি। তা ছাড়া সেক্রেটারিয়েট বিভাগ থেকে ইঞ্জিনীয়ার সাহেব, সুপারিনটেন্ডিং ইঞ্জিনীয়ার সাহেবও গিয়েছেন। সেখানে, যেমন বিল বাকুড়িয়া অঞ্চল, সরকার থেকে অনেক কষ্ট করে সেখানে স্লুইস গেট নির্মাণ করা হয়। কিন্তু এই স্লুইস গেট নির্মাণে সেখানকার স্থানীয় জনসাধারণের কোন অভিজ্ঞতা নেওয়া হল না। ৪০ হাজার বিঘার মত ধান জমিতে জল নিষ্কাসন হবে। সেইজন্য সেখানে প্রায় আধ লক্ষ টাকা খরচ করে একটা স্লুইস গেট নির্মাণ করা হয়, কিন্তু এমনই উঁচু জায়গায় করা

হল যেখানে সরকারের অর্থই শুধু অপচয় হল তানয়, পরিকল্পনার কাজ ফলপ্রসূ হল না। তারই পাশে করেরাবাদ অঞ্চল আছে। সেখানে জল নিষ্কাশনের যে পরিকল্পনা আছে সেটা আজও কার্যকরী করা হয়নি। শ্যামাদাসবাবু গত পূজার আগে সন্দেশখালির-হাড়োয়া থানা অঞ্চলে গিয়েছেন আমার সঙ্গে যেখানে ১৯৫৯ সালে যুগান্তর ও স্টেটসম্যান পত্রিকার খবরে দেখা গেছে যে মানুষ হলে আবদ্ধ হয়ে রয়েছে, তারা ধানের গাদার উপর, ঘরের উপর আশ্রয় নিয়েছে। সেই জায়গায় ধুনিয়াখাল অঞ্চলের ৬০ হাজার বিঘা ধানের জমি যেটা ক্যানিং থানার সঙ্গে যুক্ত আছে। মিনাখাঁ-সন্দেশখালি যুক্ত আছে, সেই জায়গায় পরিকল্পনা আজ পর্যন্ত সরকারের দপ্তরে আসেনি। তাই সেই দপ্তরের কাছে আমার বিনীত নিবেদন যে প্রশাসন ব্যবস্থার কেন্দ্র বিন্দুতে যে সমস্ত উর্দ্ধতন অফিসার আছেন তারা মানবতার দিক দিয়ে পশ্চিম বাংলায় যে ৩ কোটি ৬৩ লক্ষ লোক বাস করে, যেখানকার অধিবাসীদের খাদ্যের জন্য অন্য রাজ্যের উপর, কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয় সেই পশ্চিম বাংলায় যে আবাদযোগ্য জমি আছে। যেখানে জল নিষ্কাসন ও সেচের ব্যবস্থা নেই সেখানে যদি এই কাজগুলি দ্রুততার সঙ্গে কার্যে রূপায়ণ করা যায় তাহলে আমার মনে হয় পশ্চিম বাংলা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবে। সুন্দরবনের কথা মাননীয় সেচমন্ত্রী মহাশয় এখানে তুলে ধরেছেন। সেখানে ২২শো মাইল এলাকাব্যাপী নদী বাঁধ আছে। ঠিকাদারদের মাধ্যমে এইসব বাঁধ সংরক্ষণ করা হয়। কিন্তু সুন্দরবনে যে উপদেষ্টা বোর্ড আছে, সুন্দরবনে বিধানসভার সদস্য, সরকারী সদস্য, বেসরকারী সদস্য আছেন, তাদের অভিজ্ঞতার ভিতর দিয়ে আমরা বারবার সরকারকে একথা বোঝাবার চেষ্টা করেছি যে, প্রতি বছর- যেমন ১৯৬০-৬৪ সাল পর্যন্ত প্রতি বছর এই বাঁধ সংরক্ষণের জন্য ৫০ থেকে ৮০ লক্ষ টাকা পর্যন্ত এই ঠিকাদারদের মাধ্যমে কাজ করানো হয়ে থাকে। আজকে প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে পশ্চিম বাংলার সুন্দরবন অঞ্চলে সব জেলাতে অঞ্চল পঞ্চায়েত গঠিত হয়েছে। আজকে অঞ্চল পঞ্চায়েতের যারা লোক, যারা সুন্দরবনের জঙ্গল হাসিল করে বাঘের সঙ্গে, ডেঙ্গো জরের সঙ্গে লড়াই করে এখানে বসবাস করছে, যাদের শক্তি আছে, সাহস আছে, বিপদের বিরুদ্ধে লড়াই করবার, সেই সমস্ত লোকের অভিজ্ঞতার মূল্য আমরা আজ মর্মে মর্মে অনুভব করছি। সেখানকার সেই অভিজ্ঞতার ভিত্তিতে আমরা এইকথা বলতে চাই যে এই ঠিকাদারদের মাধ্যমে কাজ না করিয়ে, আশ্বিন এবং কার্তিক মাসে ওই বাঁধ সংরক্ষণের কাজ যদি অঞ্চল প্রধানদের মাধ্যমে করানো যায় তাহলে অনেক টাকার সাশ্রয় হবে। তারপর সুন্দরবনে—সেখানে সেচের ব্যবস্থা নেই, একথা সত্য। সেখানে জল আবদ্ধ হয়ে যায়। নীচু জমি থেকে জল সরানো দরকার। আজকে স্লুইস গেট-এর সংখ্যা সেখানে প্রচুর। জমিদারী আমলে সেখানে ছিল ২৫০টি। আজ পশ্চিমবঙ্গ সরকার সুন্দরবনের বাঁধ বন্দীর দায়িত্ব নেবার ফলে ২২০০ মাইল নদী বাঁধে পরিকল্পনা করা হয়েছে। আজকে দীর্ঘ ১২।১৪ বছর রাজ্য সরকারের হাতে এই ক্ষমতা আসার পর থেকে আমরা দেখতে পাচ্ছি যে এই ৭০০ স্লুইস গেট-এর মধ্যে কেবলমাত্র ২০০ কাছাকাছি নির্মীত হয়েছে। ফলে যখন অতিবৃষ্টি হবে তখন সুন্দরবনের ফসল নষ্ট হবে। সরকারের সেচ দপ্তরে আমরা অনুসন্ধান করে জেনেছি যে এর গলদটা কোথায়? তাঁরা বলেন যে স্লুইস গেট নির্মাণ করতে গেলে যে শলাটার দেওয়া হয়, তার শীট পিলস যেটা আছে, সেই শীট পিলসটা জে জে কোম্পানী টাটা বিড়লার কাছে পাওয়া যাছেনা। আমরা সুন্দরবনের লোক। আমরা চিরকালই সাল, সেগুন, কাঠের শার্টার তৈরী করেছি, জল সরিয়েছি। আজকে পরিকল্পনার ফলে এমন একটা অবস্থা এসেছে যে, যদি টাটা বিড়লার কাছ থেকে শীট পিলস না আসে তাহলে সেখানে জলসেচের ব্যবস্থা হবেনা। আজকে যেখানে, সারা ভারতবর্ষে, হাজার হাজার, লক্ষ লক্ষ মাইল রেলপথ তৈরী হচ্ছে, সেখানে শ্লিপার -এর জন্য বহু কাঠ পাওয়া যাচ্ছে। সেইজনই আমি মনে করি, এই সব স্লুইস গেট নির্মাণ করার জন্য যে কাঠ দরকার শীট পাইলস বাদ দিয়ে—তা নিশ্চয়ই সংগ্রহ করা যাবে। আমি সেচ দপ্তরকে এটা অনুসন্ধান করতে অনুরোধ করছি। তারপর, আর একটি কথা জানিয়ে রাখছি। আজকে আমরা সারা সুন্দরবনের, সারা ২৪ পরগণার অধিবাসী হিসাবে সারা কোলকাতা শহরের অধিবাসীদের বিরুদ্ধে আমাদের অভিযোগ এই যে কোলকাতা শহরে ৬০ লক্ষ লোক বাস করে আর চাষী প্রধান ২৪ পরগণা জেলায় ৬৩ লক্ষ লোক বাস করে। ১৯৩৭ সালে কোলকাতার সভ্যতাকে বাঁচিয়ে রাখবার জন্য কোলকাতা পৌরসভা, আমাদের ২৪ পরগণার ভাঙ্গর থানার ১॥ লক্ষ চাষীকে এই বলে বুঝিয়ে ছিল যে, কোলকাতার ময়লা জলের যে পয়ঃপ্রণালী

সেটা করার জন্য তোমরা যদি রাস্তা দাও তাহলে তোমাদের উপকার হবে। সেই উপকা কি, না, সেই হল ক্ষেতে দিলে প্রচুর পরিমাণে ফসল হবে। আজকে কি দেখা যাচ্ছে? কোলকাতা কর্পোরেশন ১৯৩৭ সাল থেকে সেই খাল তৈরী করছো, রাস্তা তৈরী কর বর্ত্তমানে সরকার কুলটি আউট ফল থেকে সন্দেশখালি পর্যন্ত ১৮ মাইল দীর্ঘ পাকা রা করছেন। কিন্তু এই যে কুলটি আউট ফল থেকে কুলটি তপসী গেট পর্যন্ত যে রাস্তা কর্পোরেশনের তত্বাবধানে আছে, নিয়ন্ত্রাধীনে আছে তাহা আজই রাজ্য সরকারের হাতে দেওয়া দরকার।

(At this the Member having reached time limit resumed his seat.)

Dr. Radhakrishna Singha :

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের শ্যামাদাসবাবু যে বাজেট এনেছেন, আমার মনে হয় এতে আরও বেশী টাকা রাখলে আমরা আনন্দিত হতাম। কারণ, প্রথমতঃ, আমরা জা ইরিগেশন প্রোটেনসিয়াল, একটা দেশের একটা চাষের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। তা ছা ইরিগেশন না হলে ফুড প্রোডাকসন কোনমতে বাড়তে পারেনা। এ সম্বন্ধে আমি নিশ্চিত আমাদের দেশে যে পরিমাণ ইরিগেশন-এর কথা ছিল থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এ—ময়ূরাক্ষী আমরা কিছু কিছু সেই লক্ষে পেঁছতে পেরেছি, কিন্তু দামোদর ক্যানেল আমাদের কা একেবারে ফেলইওর হয়েছে। আমরা জানি, গত বছর সেন্ট্রাল গভর্ণমেন্ট-এর কাছ থে আমাদের স্টেট গভর্ণমেন্ট দামোদর ক্যানেলের ভার নিয়ে নিয়েছেন। আমি আশ্চর্য হয়ে য যে, ডুয়েল সিসটেম অফ দামোদর ক্যানেল-এর ড্যামগুলি কন্ট্রোল করবেন সেন্ট্রাল গভর্ণমে আর ইরিগেশন ক্যানেল কন্ট্রোল করবেন স্টেট গভর্ণমেন্ট। এতে কি আমাদের সুবিধা হ সে সম্বন্ধে আমার বোধগম্য আসছে না। তাই আমি মন্ত্রীমহাশয়কে বলব যে এই ডুয়ে সিসটেম অফ দামোদর ক্যানেল, এটা ইমিডিয়েটলি আমাদের কন্ট্রোল করতে হবে। তাছা সমস্ত ভার আমাদের নিতে হবে।

[2-50—3 p.m.]

আমাদের দামোদর ক্যানেল সম্বন্ধে ডাঃ কে, এল, রাও-এর সঙ্গে একটা কথা হয়েছিল যে তিনু ঘাটে একটা ফিফ্ত ড্যাম তৈরী হবে দামোদরের উপর, তার নাম হবে তিনুর ঘাট বাঁধ। সে তিনুর ঘাটে বাঁধ যদি হয় তাহলে প্রায় ৩০০ কিউসেক অব ইরিগেশান ওয়াটার সেখানে আটবে যাবে। তারজন্য আমাদের একটা বিকল্প পরিকল্পনা করা হয়েছিল যে অজয়ে বাঁধ দিয়ে সে জল খানিকটা ডাইভার্ট করা হবে এবং তাতে দুটো সুবিধা হবে—অজয়ে খানিকটা বাঁধ নিয়ন্ত্র করা হবে এবং দামোদরে খানিকটা জল সাপ্লিমেন্ট করা হবে। আর একটা সুবিধা ছিল তিনু ঘাটে যে ড্যাম হবে ওখানকার হাইড্রো ইলেকট্রিসিটি বিহার এবং বেঙ্গল দুজনে পাবে। কিন্তু বেঙ্গল তার প্রোগ্রাম এবং তার সমস্ত রকম এস্টিমেট না দেওয়ার জন্য আমা মনে হয় তা থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব ঐ তিনু ঘাটে যদি বাঁধ হয় তাহলে সেই বাঁধ থেকে যে বেঙ্গল এবং বিহার ইলেকট্রিসিটি পায়। আর একটা কথা আমার বলার আছে সেটা হচ্ছে ময়ূরাক্ষীতে যে সমস্ত এরিয়ায় ইরিগেশান রয়েছে সেখানের জনসাধারণের মস্ত বড় একটা অভিযোগ হচ্ছে এই বহু জায়গায় সেখানে জল না দিয়ে ট্যাক্স আদায় করার ব্যবস্থা করা হচ্ছে। আমি বলছি যে জল পাচ্ছে কি না পাচ্ছে সেটার জন্য যদি একটা কমিটি গঠন করা হয় তাহলে চাষীদের যে অভিযোগ সেটা নষ্ট হতে পারে। আর একটা কথা হচ্ছে ইরিগেশানের জন্য বহু জায়গায় ওয়াটার লগড হয়ে যাচ্ছে। ডিউ টু দিস ইরিগেশান জমি থেকে জল বেরুতে পারছে না যার জন্য ওয়াটার লগিং হয়ে যাচ্ছে। সেজন্য জল নিকাশের ব্যবস্থা যাতে আমাদের ইরিগেশান ডিপার্টমেন্ট থেকে ভালভাবে হয় সেজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পরিশেষে আমি বলব যে ডি ভি সি ক্যানেলের ড্যাম এবং ইরিগেশান চ্যানেল এর সমস্ত কন্ট্রোল যদি না নেওয়া হয় তাহলে পশ্চিমবঙ্গ সরকার যে উদ্দেশ্যে ডি ভি সি ক্যানেল নিলেন তার কোন উন্নতি করতে পারবেন না এবং টোটাল

একরেজ অব ল্যাণ্ড ইরিগেটেড হবে না। এ সম্বন্ধে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Aboni Bhattacharyya :

মাননীয় স্পীকার মহাশয়, একথা আমরা সবাই স্বীকার করি যে আমাদের বাংলাদেশের মূল সমস্যা হল খাদ্য সমস্যা। বাংলাদেশ খাদ্যে ঘাটতি এবং বাংলাদেশে যে খাদ্য উৎপাদন হয় তাতে বাংলাদেশের সকলের পক্ষে যথেষ্ট হয় না, কেন্দ্র থেকে না হয় অন্য রাজ্য থেকে আমাদের খাদ্য আনতে হয়। তাই যদি হয় তাহলে নিশ্চয়ই আমরা সকলে এই খাদ্য উৎপাদন বৃদ্ধি করার রাস্তা কি সে সম্বন্ধে সচেতন থাকব এবং সেটাই আমাদের কাছে প্রধান বিবেচনার বিষয় হয়ে দাঁড়াবে। তারই পরিপ্রেক্ষিতে বিচার করতে গেলে আমাদের দেশের চাষ এবং কৃষির সাথে জলের বিষয় এসে যায়। খাদ্য উৎপাদন বাড়াতে গেলে আমরা দেখতে পাচ্ছি যে বাংলাদেশে জমি যা আছে তা আর বাড়বে না, বীজ, সার ভাল করে দিলে নিশ্চয়ই উৎপাদন বাড়বে। জমি, বীজ, সার কৃষকের সব থাকলেও জল যে সব চেয়ে প্রয়োজনীয় বস্তু সেটা আমরা বুঝতে পারছি। আমরা মাঝে মাঝে বাম্পার ক্রপের কথা শুনছি, যেমন গতবার বাম্পার ক্রপ হয়েছে, ১৯৬০-৬১ সালে বাম্পার ক্রপ হয়েছিল। এই যে বাম্পার ক্রপ হচ্ছে এগুলি হচ্ছে আকাশের কৃপায়, এগুলি আমাদের বিজ্ঞানসম্মত যে কৃষি ব্যবস্থা সেচ ব্যবস্থা তাতে হচ্ছে বলে আমরা মনে করতে পারি না। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আমাদের যে জমি আছে তার শতকরা ৩০ ভাগ জমি আন্ডার ইরিগেশান আছে।

অবশ্য ওদের ইকনমিক রিভিউ থেকে যে ফিগার পাওয়া গিয়েছিল তাতে হচ্ছে ২৬ পারসেন্ট। যাহোক ৩০ পারসেন্ট আর ২৬ পারসেন্ট এর মধ্যে তফাৎ বেশী নয়। কিন্তু কাল্টিভেবল ল্যাণ্ড-এর ২৬ পারসেন্ট মাত্র ইরিগেটেড হয়। তাহলে আমরা আশা করতে পারি না যে কোয়াণ্টাম অফ প্রোডাকসান অফ ফুড খুব বাড়তে পারবে। যেমন অনেকে একটা জিনিস লক্ষ্য করে থাকবেন হাওড়া থেকে দুর্গাপুর বা বাঁকুড়া যদি যান, তাহলে দেখতে পাবেন রেল লাইনের দু-পাশের জমিতে ধান যখন হয়, সেই সময় ছাড়া আর সর্বদাই সেই জমি ফাঁকা পড়ে রয়েছে। কারণ সেখানে একমাত্র ফসল ধান ছাড়া আর কোন ফসল সেখানে উৎপন্ন হচ্ছে না বা ফলাতে পারছে না। সেই অবস্থার পরিবর্তন না করতে পারলে আমাদের এই খাদ্যোৎপাদন বাড়বে কী উপায়ে? যেখানে আসছে সেচ ব্যবস্থার প্রয়োজন ও গুরুত্ব। সেচ ব্যবস্থা যেটুকু আপনারা করেছেন, যেমন ডি ভি সি আপনারা করেছেন। ডি ভি সি যে করেছেন তাতে যা এক্সপেক্ট করছেন, তার সবটুকু এরিয়াতে জল দেওয়া যাচ্ছেনা। আর যেটুকু এরিয়াতে জল দেওয়া যায়—সে সম্বন্ধেও আমাদের কিছু বলবার আছে। আপনারা যে বর্দ্ধমান ক্যানেল করলেন। প্রথমে বললেন সেটা নেভিগেবল হবে, পরে বলছেন নেভিগেবল করতে পারছি না। আমরা জানি ক্যানেল-এর জল জমিতে যাওয়ার ফলে জমির সার সুদ্ধু ধুয়ে নিয়ে যাচ্ছে। তাতে দুটো জিনিষ হচ্ছে -এক সার ধুয়ে গিয়ে সারের অপচয় হচ্ছে, আর জমি ভেজানোর জন্য যেটুকু জলের দরকার, তার চেয়ে বেশী জল অপচয় হচ্ছে। আমি আগেই বলেছি—আপনি ফিল্ড ক্যানেল-এর ব্যবস্থা করেন নাই কেন? সেটুকু জল আপনি ফিল্ড-এ দিচ্ছেন, সেই জলকে আপনি ফিল্ড ক্যানেল দিয়ে চ্যানালাইজ করে প্রত্যেকটা জমিতে সমানভাবে আরো ভাল ভাবে যদি দেওয়া যায়, তাহলে আরো বেশী এরিয়া ইরিগেটেড হতে পারে। আবার এই জল জমিতে বেশী যাওয়ার ফলে মাটির সার ধুয়ে যাওয়ার বিপদ যেটা সেটাও এর দ্বারা বন্ধ হবে। সেই জন্য এই স্পিল ফিল্ড ক্যানেল-এর কথা আপনার কাছে সাজেশান হিসেবে রাখছি।

এরপরে ডি ভি সি-র সম্বন্ধে বলতে গিয়ে তেনুঘাটের কথা বললেন। ডি ভি সি প্রজেক্ট-এ আরো দুটো ড্যাম তৈরী হবে এবং তা বাংলাদেশে তৈরী হবে বলে আমি জেনেছিলাম। বর্তমানে সেই ড্যাম তৈরীর পরিকল্পনা কি পরিত্যক্ত হয়েছে? এটা আমি জানতে চাই। আর একটা বলার দরকার আছে এই ফিল্ড ক্যানেল সম্বন্ধে। সেটা হচ্ছে এই ক্যানেল ট্যাক্স যেটা আপনি ধার্য্য করেছেন, তা আদায় করতে পারছেন না ১৯৬১-৬২ সালে ক্যানেল ট্যাক্স যেটা আদায় হবে ভেবেছিলেন ৩৬ লক্ষ ৯৭ হাজার টাকা, তার মধ্যে মাত্র ২ লক্ষ ৫২ হাজার টাকা

আদায় হয়েছে। ১৯৬২-৬৩ সালে ৫৯ লক্ষ ৯৭ হাজার টাকা যেটা আদায় হবার কথা ছি সেখানে আদায় হয়েছে মাত্র ৬ লক্ষ ৬৮ হাজার টাকা। ১৯৬৩-৬৪ সালে যা ক্যানেল ট আদায় হবে ভেবেছেন, তা আদায় করতে পারেন নাই। কেন এই টাকা আদায় হচ্ছেনা— সম্বন্ধে কি কিছু চিন্তা করেছেন আপনি? কেন চাষীরা এই টাকা দিতে পারছেনা? অ বলি এই রেট পরিবর্তনের কথা আপনি একটু চিন্তা করুন। এই ক্যানেল করের যে আছে দশ টাকা পার একর, এটা খুব হাই রেট অফ ট্যাক্স। কিন্তু প্ল্যানিং কমিশনের রে মেন্ডেশান ছিল মেন্টেন্যান্স এক্সপেন্ডিচার যা হবে—সেইটুকু মাত্র ক্যানেল ট্যাক্স হিসে চাষীদের কাছ থেকে সরকার আদায় করবেন। আপনি নিশ্চয়ই স্বীকার করবেন যে চাষী আজ প্রাক্টিক্যালি সমাজের খুব নিম্নস্তরে অবস্থিত, যার কাঁধে বোঝা সবচেয়ে বেশী প তাদের বোঝাটা লাঘব করে দেন, তাতে দেশের উন্নতি হওয়ার সম্ভাবনা বাড়বে বৈ কমবে না।

[3—3-10 p.m.]

একথা ঠিক ক্যানেল সিসটেম চালু হবার পরও ছোট ছোট চাষী যার জল নিতে চায় তা সেক্ষেত্রে বেনিফিটেড হচ্ছেনা, কারণ তারা ট্যাক্স দিতে পারেনা। আবার এমন অনেক জায় আছে যেখানে জল দেওয়া হয়নি কিন্তু ট্যাক্স আদায় হয়েছে। আমার কাছে তার এক ইনসট্যান্স আছে। ডি ভি সি এলাকার মধ্যে ১৯৬৪ সাল অবধি একটা জায়গায় জল দেও হোলনা অথচ তাদের নোটিশ দেওয়া হয়েছে। এঁর নাম হোল শ্রীমতী দুর্গা দেবী, নাসি গ্রাম, ভাতার থানা। বলা হোল তাঁর কাছে নাকি ৪৩ টাকা কত নয়া পয়সা পাওনা আছে কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে ১৯৫৮ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত তাঁর জমিতে জল দেও হোলনা। আমার বক্তব্য হচ্ছে ডি ভি সি-র মধ্যে এই যে ক্যানেল ট্যাক্স রয়েছে, ক্যানেলের জ না পেলেও এই ট্যাক্স আদায় করা হচ্ছে এবং জল যদি পায় তাহলে এই যে সার শুধু ধুইে দেওয়া হচ্ছে এটা যদি বন্ধ না করেন তাহলে ক্যানেল সিসটেম-এ আমরা যেটুকু উপকার পা বলে আশা করেছিলাম সেটা আর পাবনা। এই ক্যানেল সম্বন্ধে আমি আরও দু-চারটা কথ বলব। আপনারা শাখা ক্যানেল নিয়ে গেলেন যেটা নীচু এলাকা সেখানে। কিন্তু এই ক্যানে যদি একটু এদিক—ওদিক ঘুরিয়ে নিয়ে যেতেন তাহলে আরও ২।৪০০ একর জমিতে জল পেতে পারত। তারপর, রাস্তার ধার দিয়ে যেগুলো গেছে সেখানে দেখছি রাস্তার একপা দিয়ে যাচ্ছে, কিন্তু আর একপাশ দিয়ে যাচ্ছেনা। সেখানে যদি একটা কালভার্ট তৈরী করতে তাহলেও ওপাশেও জল যেত। ক্যানেল সম্বন্ধে এইসব কথা আমি বললাম, বিচার করে দেখবে অদল—বদল করতে পারেন কিনা। তারপর, সেচের ব্যাপার নিয়ে বাঁকুড়া, পুরুলিয়া এব মেদিনীপুরের অনেক লোক আলোচনা করেন এবং এ ব্যাপারে তাঁদের একটা বক্তব্য আছে আপনারা ফরেস্ট প্রিজার্ভেসন করছেন বলে জঙ্গলের চারিদিকে নালা কেটে দিচ্ছেন। এর প্রয়োজন আছে জানি। কিন্তু অনেক জমি আছে যেগুলো জঙ্গলের জল পেয়ে চাষ করত সেখানে এখন এই নালা কাটার ফলে জল পায়না এবং তার ফলে জমিগুলো অনাবাদি হয়ে যাচ্ছে। আমি মনে করি সেখানে জল দেওয়া দরকার এবং সেদিক থেকে মন্ত্রী মহাশয়কে অনুরো করছি যদি কিছু করতে পারেন করুন। স্যার, আমরা একটা কথা প্রায়ই শুনি যে, আমাদের পপুলেসন বেড়ে যাচ্ছে বলে আমাদের খাবারের অসুবিধা হচ্ছে। এমন কি মন্ত্রী মহাশয়রাও একথা প্রায়ই বলেন। রেট অব ইনক্রিস অব পপুলেসন একটা আছে এবং আমাদের দেশে সেটা নাকি এ্যাবনর্মালি হাই। হতে পারে দ্যাট ইজ হাই, কিন্তু একটা নর্মাল রেট অব ইনক্রিস অব পপুলেসন তো হবেই। সবচেয়ে প্রগতিশীল যে দেশ, বিজ্ঞানে প্রগতিশীল যে দেশ তারও একটা রেট অব ইনক্রিস অব পপুলেসন আছে এবং আমাদের দেশেও সেটা থাকবে। এটা বন্ধ করবার জন্য আপনারা যা করছেন করুন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই রেট অব ইনক্রিস অব পপুলেসন-এর সঙ্গে সঙ্গে রেট অব প্রডাকসন অব ক্রপ ফ্রম ল্যান্ড এটা যদি আরও দ্রুততর করেন তাহলে এই প্রবলেম-এ আমরা পড়বনা। আমাদের এখানে বেশীর—ভাগ জমিতে একটার বেশী ক্রপ হয়না এবং ইকনমিক রিভিউ সেখানে আপনি এ্যাডমিট করেছেন যে, মোর দ্যান ওয়ান ক্রপ ল্যান্ড ডিউরিং নাইনটিন সিক্সটিফোর/সিক্সটি ফাইভ ওয়াস্ ১৮,০০০ হেক্টর এবং রেট অব ইনক্রিসও সামান্য।

এই জমিগুলি দু-আবাদী তিন আবাদী করার চেষ্টা করার জন্য সেচ ব্যবস্থা পরিবর্তন করা দরকার। সেটা আমাদের এখন করণীয়, দেশের পক্ষে, এবং সেটা প্রথমেই করণীয়, এ বিষয়ে মন্ত্রীমহাশয়কে একটু নজর দিতে অনুরোধ করি আপনার মাধ্যমে। আর একটা বলি, এবং এটা বলে আমার বক্তব্য শেষ করতে চাই—ডি ভি সি-এর জল ছাড়ার সময়ও ব্যবস্থা। যখন চাষের জল দরকার তখন অনেক সময় জল পাওয়া যায়না আবার অনেক সময় জল দরকার নাই সেই সময় জলে ভাসিয়ে নিয়ে যাচ্ছে। সময় ও ছাড়ার ব্যবস্থা এমন করা উচিত

When it is necessary for the crop

তাহলে চাষীদের পক্ষে খানিকটা সুবিধা হয় এবং তারাও খুসী হয়। বন্যা নিয়ন্ত্রণ সম্বন্ধে যেকথা বললেন, সেখানে কতকগুলি ছোট ছোট নদী যেগুলি শুকিয়ে যাচ্ছে এবং যে নদী-গুলিতে বালির সিল্টিং আটকে যাচ্ছে, সে সম্বন্ধে তিনটি জিনিষ বললেন

West Bengal Civil Budget Estimate Part III

তাতে কি আছে

for surveying and drawing up of schemes in the districts of Bankura, Birbhum and Burdwan

সেই টাকা স্যাংশন করেছেন ১৯৬৩-৬৪ সালে এ্যাকচুয়ালী কিন্তু খরচ কিছুই হয়নি অথচ তার জন্য প্রভিশন রেখে যাচ্ছেন নিউ স্কীমের জন্য সেটা ড্রন হচ্ছেনা কেন? ইরিগেশন যদি আরও এক্সপানশন করতে হয় তাহলে

Why these new schemes and new surveys and investigations.

এই জিনিষগুলি আরও তীব্রভাবে এবং জোরদার করে করা হবেনা? সিভিল বাজেট এষ্টিমেটে দেখতে পাচ্ছি যা তাতে এটা কোথাও দেখছিনা যে নিউ স্কীম কোথাও রয়েছে, এদিকটার প্রতিও আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abhoy Pada Saha :

মাননীয় স্পীকার মহাশয়, ময়ূরাক্ষী সেচ পরিকল্পনা দেশে চালু হবার বড় কারণ এই পরি-কল্পনা দ্বারা দেশে শস্য বেশী হবে চাষের উন্নতি হবে, সে কথাই ছিল। কিন্তু সেচ পরিকল্পনা চালু হবার পর সেচ এলেকায় চাষীদের মধ্যে একটা চরম অসন্তোষ দেখা দিয়েছে। কেন দেখা দিল? এই সেচ পরিকল্পনা যেভাবে কার্যকরী হতে চলল তাতো চাষীদের উপর একটা চরম নিষ্পেশন সরকারী ব্যবস্থায় তাই চলতে লাগল। সেচের খাল যখন কাটা হল চাষীরা তখন মনে করল তারা ইচ্ছামত ফসল ফলাবে, জল পাবে এবং তার দরুণ তাদের উন্নতি হবে। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেল কি? জল বর্ষার সময় আসে একবার মাত্র, ধানের মরশুমে জল দেওয়া হয়, আর কোন সময় জল দেওয়া হয়না, চাষীরা পূর্বাপর ধান চাষ করত বর্ষার জলে, তাইতো মাঠের জমিতে তার ধান চাষ করত। কচিৎ অনাবৃষ্টি হওয়ার দরুণ তারা কিছু ধান কম পেত।

[3-10—3-20 p.m.]

কিন্তু এই সেচ পরিকল্পনা চালু হবার পর বাড়তি তাদের উপর একটা ট্যাক্স-এর বোঝা এসে পড়লো একরে ১০ টাকা হিসাবে এবং এটা বরাবরই দিতে হবে। এই ট্যাক্স এমন ভাবে চাপান হয়েছে যাতে চাষীদের চরম অসুবিধার মধ্য দিয়ে বাস করতে হচ্ছে যে জমিতে জল পায়না তার উপর ট্যাক্স চাপিয়ে সার্টিফিকেট করে তাদের অস্থাবর সম্পত্তি গরু ইত্যাদি নিয়ে টানাটানি করা হচ্ছে। আমার এলাকায় এরূপ দৃষ্টান্ত আছে যে একদা অপ্রাপ্ত বয়স্ক ছেলের উপর সার্টিফিকেটের আশায় তাকে জমি বিক্রি করে খাজনা দিতে হয়েছে এই যদি অব্যবস্থা চলে সরকারী সেচ ব্যবস্থার দ্বারা তাহলে জনসাধারণ কোথায় যাবে? চাষীরা মনে করেছিল দেশ যখন স্বাধীন হয়েছে তখন আমাদের ভালই হবে, কিন্তু সরকারী ব্যবস্থা এমনই যে তাদের সুখ সুবিধা কিছুই হয়নি বরং আগে যে ব্যবস্থা ছিল এখন তার চেয়ে সরকারী উৎপীড়নে আরো বেড়েছে। এ প্রতিফলন গত নির্বাচনে দেখা গেছে। গত নির্বাচনে ক্যানেল এলাকায়

প্রায় অধিকাংশ নির্বাচনী ক্ষেত্রে কংগ্রেস দল হেরে গেছে এর একটা মাত্র কারণ যে চাষীদের মধ্যে চরম অসন্তোষ। হাইকোর্ট-এ অনেক কেস ঝুলছে। যারা অবস্থাপন্ন চাষী তারা হাই-কোর্ট-এ কেস করে দিয়েছে যে তারা জল পায় নি অথচ তাদের উপর ট্যাক্স চাপান হয়েছে। ময়ূরাক্ষী সেচ পরিকল্পনায় যে পরিসংখ্যান মন্ত্রীমহাশয় হাজির করলেন সেটা ঠিক নয়। তার বিভাগের কর্মকুশলতা দেখানোর জন্য ৪ লক্ষ ৯০ হাজার একরে ময়ূরাক্ষী পরিকল্পনায় সেচ বলে দেখানো হয়েছে এবং ঠিক নয়। আসলে জলা জায়গা যেখানে বর্ষার সময় জল জমে থাকে সেই জায়গায় চাষীদের ক্যানেল কর দিতে হবে। ক্যানেল গেছে অথচ জল পায়নি। জল সেখানে যাবার সম্ভাবনা নেই, সেটা ক্যানেলের সেচ এলাকা বলে দিখিয়ে দিয়ে ৪ লক্ষ ৯০ হাজার একরে সেচ ব্যবস্থা হচ্ছে বলা হয়েছে এটা ঠিক নয়। তদন্তের একটা ব্যবস্থা আছে বটে তবে সেটা নামে মাত্র। সরকারী কর্মচারীদের ঘরে বসে সেই তদন্ত হয়। আমি প্রস্তাব দিচ্ছি যে সে তদন্তটা বি ডি ও-র মারফৎ করান হয় না কেন। প্রত্যেক এলাকায় ব্লক রয়েছে। বি ডি ও সেই এলাকায় থাকে তার মারফৎ তদন্ত হয় না কেন? যে ক্যানেলের লোক তারই উপরে তদন্তের ভার। তারা কি ভাবে তদন্ত করবে এই ভাবে আইনের ফাঁকে চাষীদের মারা হচ্ছে যে জল দেওয়া হয়েছে বি ডি ও সেই এলাকায় সর্বাঙ্গীন উন্নতির জন্য আছেন। ক্যানেলের জল যদি সেখানে না যায় তাহলে বি ডি ও নিশ্চই বলবে সেখানে জল গেছে কিনা? সেই বি ডি ও মারফৎ এনকোয়ারি হয়নি বহু দরখাস্ত আছে আমি জানি যে তারা ক্যানেলের জল পায় নি। এ অবস্থার যদি প্রতিকার না হয় তাহলে ক্যানেল অঞ্চল বা ঐ এলাকায় যে বিক্ষোভ পুঞ্জিভূত হয়ে আছে সে বিক্ষোভ আরো বৃদ্ধি পাবে তাতে ক্যানেলে যে উপকার হবার কথা ছিল তা হবে না। ক্যানেল হওয়ার জন্য আবার অনেক অসুবিধা হচ্ছে। একটা গ্রামে চাষের জমি আছে ক্যানেলের ওপারে তাকে সার আনতে বা ফসল বেচতে যেতে হবে কিন্তু তাদের যাবার কোন পথ নেই তাকেও মাইল ঘুরে যেতে হবে। সেখানে শাঁকো করা হয় না। গ্রামের লোক কন্ট্রিবিউসন দিতে চায় যে তাদের এখান শাঁকো করা হোক কিন্তু তা হয় না। এই ভাবে যদি চাষীদের অসুবিধার মধ্যে ফেলা হয় তাহলে ফসল উৎপাদন হবে না। এটা একটা ভাঁওতা মাত্র যে সরকারী দপ্তরে প্রচার হয় ক্যানেল করেছি দেশে ফসলের ব্যবস্থা করেছে কিন্তু মূল সেখানে চাষী মনস্তুষ্ট থাকবে সেখানে ফসল উৎপাদনের সুরাহা হবে না।

Shri Ananga Mohan Das :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের সেচমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তাকে সমর্থন করে কয়েকটী কথা বলতে চাই। বাজেটে আলোচনা করে দেখতে পাচ্ছি প্রতি বৎসরই ধীরে ধীরে সেচ বিভাগের জন্য টাকা বেশী করে দেওয়া হচ্ছে এবং ধীরে ধীরে যাতে আমাদের সেচ এবং জলনিকাশের সুবিধা হয় তার জন্য ব্যবস্থা করা হচ্ছে। চাষের সুবিধার জন্য আমাদের পশ্চিমবঙ্গকে মোটামুটি ২ ভাগে ভাগ করা যায় উঁচু বাংলা এবং নীচু বাংলা দামোদর ময়ূরাক্ষী কংসাবতী, পরিকল্পনা হয়েছে। এই কংসাবতী পরিকল্পনা যেখানে উঁচু জায়গায় জল পেত না সেখানে চাষের ব্যবস্থা হয়েছে এবং গত বৎসর পর্যন্ত ময়ূরাক্ষী দ্বারা ৪ লক্ষ একর জমিতে সেচ ব্যবস্থা হয়েছে এবং ডি ভি সি থেকে ৮ লক্ষ একর জমিতে জল পেঁৗছেছে। সেখানে এটা আরো বাড়বে। এই কথা সত্য যে জল সেচের জন্য যে ট্যাক্স ধার্য্য হয় সেটা আদায় দেওয়ার কথা কিন্তু চাষীরা অত ট্যাক্স দিতে পাচ্ছে না এটা ঠিক কথা নয় কারণ যে জায়গায় আজকে চাষ হচ্ছে সে সমস্ত জমি অনাবাদী হয়ে পড়ে থাকতো সেখানে জল দিয়ে উন্নত করে শস্য শ্যামলা দেশে পরিণত করা হয়েছে এবং তারজন্য লোকে পরিশ্রম করছে ঐ ফসল উৎপাদনের জন্য। সুতরাং নিশ্চয়ই কিছুটা ট্যাক্স দেবে। বরং যেখানে চাষীরা ট্যাক্স দিতে আপত্তি করছে সেখানে প্রচেষ্টা হচ্ছে একদল লোকের তরফ থেকে যে যাতে তারা ট্যাক্স না দেয়। যারা চাষ করে না তারা চাষীদের দরদী বন্ধু সেজে এই ট্যাক্স আদায়ের বিরুদ্ধে আন্দোলন করছে। চাষীদের ট্যাক্স দিতে আপত্তি নেই। আমাদের দেশে একটা প্রবাদ আছে যে চাষের সুখ খাজনায়। চাষীর উৎপাদন যেমন বাড়ে সেও খাজনা নিয়মিত ভাবে দিতে চায় কিন্তু তাকে খাজনা না দেবার জন্য একদল লোক চেষ্টা করছে এবং তারা বলেন যে বিনা পয়সায় সরকার জল দেবে ট্যাক্স দেবার প্রয়োজন নেই। এই রকম

ধরনের প্রচার যদি জনসাধারণের মধ্যে না হতো তাহলে ট্যাক্স ভাল ভাবে আদায় হতো। উঁচু বাংলায় যেমন সেচের জলের ব্যবস্থা হয়েছে। নীচু বাংলায় সেরকম জল নিকাশের ব্যবস্থা করা উচিত। নীচু বাংলায় অধিকাংশ ক্ষেত্রে জল আবদ্ধ হয়ে থাকে আবদ্ধ জলের জন্য ড্রেনেজের ব্যবস্থা নেই। এটা করার জন্য আমি অনুরোধ করছি। মেদিনীপুর জেলায় কয়েকটী বেসীন আছে এদের বেশীর ভাগ অঞ্চলে অধিকাংশ সময় জলে ডুবে থাকে তার তিন পাশের জমি উঁচু মেদিনীপুর জেলায় কন্টাই বেসিন, মাষ্টার বেসিন, বজরপুর বেসিন, ময়না বেসিন, বারচৌকা বেসিন আছে ৩য় পরিকল্পনায় কাঁথী বেসিনের কাজ নেওয়া হয়েছে এবং সে কাজ এগিয়ে যাচ্ছে কিন্তু ময়না বেসিন, দুবেদা বেসিন, দাসপুর বেসিন-এর কাজ আরম্ভ হয়নি এবং পাটানপুর থানায় বারচৌকা বেসিনে কাজ আরম্ভ হয়নি অথচ আপনারা জানেন মেদিনীপুর জেলায় সারপ্লাস অঞ্চল সেখানে যদি বেসিনের জল নিকাশের কাজ হতো তা হলে বাংলাদেশের খাদ্য ঘাটতির বিঘ্নটা পূরণ হত এইজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে তিনি বেসিন-এর দিকে বিশেষভাবে লক্ষ্য করে পরিকল্পনা করুন তা ছাড়া এসব বিষয়ের কাজ যেন আরও আরম্ভ করেন আমি এই প্রসঙ্গে জানাচ্ছি যে ৩য় পরিকল্পনায় যে সমস্ত বেসিন এরিয়ায় কাজ মঞ্জুর করেছিলেন এবং প্ল্যানিং কমিশন যে সমস্ত পরিকল্পনা মঞ্জুর করেছিলেন তার কোন কোন কাজ আরম্ভ হয়নি।

[3-20—3-45 p.m.]

এবং অবিলম্বে আমাদের সামনে তৃতীয় পরিকল্পনা শেষ হতে চলেছে এই শেষ বছরে যদি কাজ আরম্ভ না করা যায় তাহলে সেটা টার্ন ওভার হয়ে ফোর্থ প্ল্যানে চলে যাবে। এই যে প্ল্যান তৈরী হয় এই প্ল্যানের জন্য সমস্ত ইঞ্জিনীয়ারিং ষ্টাফদের আমরা প্রশংসা করতে পারছি না - কারণ প্ল্যানের খসড়া তৈরী করে সেই প্ল্যানটাকে একটা ওয়ার্কেবল প্ল্যান করার জন্য তিন চার বছরের মধ্যে প্ল্যানটা হবে এইভাবে দৃষ্টিভঙ্গী নিয়ে প্ল্যানগুলি করা হয় না- কেবল দিনের পর দিন নিচ থেকে উপর—উপর থেকে নীচ ফাইল ও প্ল্যান পাঠান হয় এই করে করে কাজের দেরী হয়ে যায়। কাজেই কাজ হবে কি করে। তৃতীয় পরিকল্পনায় যে সমস্ত কাজ করবেন বলে আন্ডার টেক করে ছিলেন পশ্চিমবঙ্গ সরকার—সেই প্ল্যানের কাজ হবেনা তাতে টাকা রিফান্ড হবে—একটা প্ল্যানের মধ্যে কত আশা আকাঙ্খা করি যে কত কাজ হবে এবং দেশের কাজ ক্রমাগত হতে আরম্ভ করবে—কিন্তু তা হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে বিশেষ করে বলছি বিভিন্ন প্ল্যান যেগুলি সেগুলি তৈরী হয়ে আছে তার কাজ হচ্ছে না কেন। দুবেদা বেসিনের কাজ আরম্ভ হয়ে গেছে—ঠিক মত হচ্ছে না ময়না বেসিনের কাজ আজও আরম্ভ হল না। হয়তো বলবেন টাকার অভাব—কিন্তু কৃষিকে সাহায্য করার প্ল্যান যেটা সেটা হলে আর কি হতে পারে। যেমন বড় বড় প্ল্যান করা দরকার তেমন অন্য প্ল্যানগুলিও করা দরকার। তাছাড়া আর একটা জিনিস দেখছি যে সেচ বিভাগ থেকে এ বছর যে কাজের ভার নিয়েছেন সেটা হচ্ছে স্মল ইরিগেশন স্কীম; এটা ভাল জিনিস। এই যে সব কথা বললাম অনাবাদী জায়গা আবাদী করা—তেমনি যেখানে ফসল হয় সেখানে ভালভাবে ফসল করবার জন্য ভাল প্ল্যান থাকা দরকার এবং তার ব্যবস্থা থাকা দরকার। আমরা দেখছি মাইনর ইরিগেশন স্কীমে ১২ লক্ষ ৬৩ হাজার টাকা রেখেছেন—এটা ভাল কথা—কিন্তু আমার বলার উদ্দেশ্য হচ্ছে যে সমস্ত খাল হেজেমজে গেছে- ২৪ পরগণা, নদীয়া, হাওড়া,- এই অনেক খাল হেজে মজে গেছে। এখানে ড্রেনেজ স্কীম করা উচিত। এই যে স্মল ইরিগেশন স্কীম মঞ্জুর করেছেন -এগুলিতে আপনারা কিভাবে কাজ করবেন- একে দুটোভাগে ভাগ করুন যে সমস্ত ড্রেনেজ স্কীমের প্রায় ১৫।২০ হাজার টাকা খরচ হবে সে এক গ্রুপ এবং যেগুলিতে ১ লক্ষ টাকা বা বেশী খরচ হবে - সেগুলি আর গ্রুপ সেগুলি ইরিগেশন ডিপার্টমেন্ট করুন- আর কম টাকার স্কীমগুলি জেলা পঞ্চায়েতের হাতে ছেড়ে দেন তাহলে আমার মনে হয় ভাল ভাবে কাজ হতে পারে। আমার মনে হয় এই ভাবে ভাল কাজ ভালভাবে হতে পারে। জেলা পরিষদগুলির ইঞ্জিনীয়ারিং ... আছে- কিন্তু সেখানে তারা টাকার অভাবে কাজ করতে পারছে না- আমরা ... যেমন পুরাতন জেলা বোর্ডগুলি ছিল- তাদের ষ্টাফ আছে কিন্তু টাকার অভাবের জন্য কাজ করতে পারছে না -যদি আমরা স্মল ইরিগেশন স্কীমগুলি যেগুলি ১০।১৫ হাজার টাকার সেগুলি যদি জেলা পরিষদের হাতে ছেড়ে দিন তাহলে কাজ ভাল হবে—কম টাকায় হবে

এখন যেমন ইরিগেশন ডিপার্টমেন্ট কন্ট্রাক্টরের মাধ্যমে কাজ করেন তার থেকে যদি জেলা পরিষদের হাতে দেওয়া যায় তাহলে তারা জনসাধারণের সহযোগিতা নিয়ে কম টাকায় বেশী কাজ করতে পারেন। তাই অনুরোধ জানাচ্ছি যে স্মল ইরিগেশন স্কীমগুলি এইভাবে কাজ করুন—তার পর আপনারা যে সমস্ত স্লুইস করেন—সেগুলির তাড়াতাড়ি সংস্কারের ব্যবস্থা করুন তা নাহলে আমরা অনেক সময় দেখেছি যে স্লুইসের কোথায় এক টুকরা ভেঙ্গে গেছে কোথায় একটা সামান্য নষ্ট হয়ে গেছে তার জন্য রিপেয়ার করতে দেরী হচ্ছে তাতে আরও বেশী করে খরচ হয়ে যাচ্ছে এবং সেখানে কাজ করার অসুবিধা হচ্ছে। অতএব এদিকে আমি বলবো কাজটা একটু দ্রুত গতিতে হওয়া দরকার। কারণ বৃটিশ আমলে দেখেছিলাম যে একটা দরখাস্ত করলে তার কাজ হতে অনেক দেরী হোত সেই জিনিস করলে ঠিক হবে না—যাতে দ্রুত গতিতে কাজ হয় সেই দিকে লক্ষ্য রাখতে হবে—এই কথা বলে আমি এই বাজেটকে সমর্থন করছি।

[At this stage the House was adjourned for twenty minutes]

[After Adjournment]

[3-45—3-55 p.m.]

Shri Sailendra Nath Adhikary :

[illegible] স্যার, এই বাজেটের উপর কিছু বলতে যাবার সময় এইভাবে আমি বলতে চেষ্টা করবো যে এই বাজেটটা যখন তৈরী করা হয়—এই বাজেট একটা গতানুগতিক বাজেট- এবং এই বাজেট [illegible] নীতিকে লক্ষ করে তৈরী করা হয় নি। আমি এই কথাটা বলতে গিয়ে আপনার মাধ্যমে বলবো পশ্চিম বাংলা তথা বাংলা দেশ বরাবরই এর ঐশ্বর্য্য, এর সমৃদ্ধি নির্ভর করে নদী এবং জল ব্যবস্থার উপর। ইতিহাসে [illegible] এই নদী ভিত্তিক ইকনমি গড়ে [illegible] উঠতে পেরেছে তখনই বাংলা দেশের ঐশ্বর্য [illegible] দিয়েছে এবং এই বাজেটের রচয়িতা [illegible] রেভেড ইকনমি গড়ে তোলবার [illegible] নি। একটা করতে হবে [illegible] বলতে হয় বলা [illegible] এই [illegible] নিয়ে এই বাজেট রচনা [illegible] এই [illegible] মনে করি। সভাপাল মহাশয়, আমাদের [illegible] খাদ্য ঘাটতি [illegible] সেচ বিভাগের যে [illegible] এবং [illegible] সে বিষয়ে আমাদের চিন্তা করার প্রয়োজন আছে। বাংলা দেশের অর্থনীতিতে সেচ বিভাগের কি প্রায়োরিটি থাকবে তার কি ভূমিকা থাকবে সেটা বাজেট রচয়িতারা বা যারা গভর্ণমেণ্ট চালাচ্ছেন তাঁদের চিন্তা করা উচিত ছিল। কিন্তু দেখা যাচ্ছে যে এগ্রিকালচারের যে প্রায়রিটি- তাতে তাকে ফাষ্ট প্রায়রিটি দেওয়া হয়েছে। এবং সিমেণ্ট ইত্যাদি ব্যাপারে দেখা যাচ্ছে ইরিগেশন ডিপার্টমেণ্ট ফোর্থ প্রায়রিটিতে পড়েছে - অর্থাৎ জলসেচের ব্যবস্থা করার জন্য। সমস্ত জিনিসের দরকার ; যার উপর এগ্রিকালচারের অগ্রগমন হবে সেই ইরিগেশন ডিপার্টমেণ্টটা ফোর্থ ক্যাটিগরীতে পড়েছে এবং সে দিক থেকে বলা যায় যে এই বাজেট যারা রচনা করেছেন- তারা বাজেটের মূল [illegible] ফ্যাক্টকে সামনে রেখে তৈরী করেন নি। এই বাজেটের মূল লক্ষ্য হওয়া উচিত ছিল পশ্চিমবঙ্গকে নদী ভিত্তিক অর্থনীতির ভেতর দিয়ে গড়ে তোলার কি ব্যবস্থা করা যায়। আপনি জানেন সভাপাল মহাশয়, পশ্চিম বাংলায় বিশেষত নর্থ বেঙ্গল এবং ওয়েষ্ট বেঙ্গলের নদীয়া, মুর্শিদাবাদ, ২৪-পরগণা এই সমস্ত জেলাগুলি [illegible] দেখবেন যে বহু [illegible] সেখানে

Chains of rivers, river lets, beels and khals

সেখানে রয়ে গেল। বৃটিশ গভর্নমেন্ট আসার পর যে কোন কারণেই হোক সে সম্বন্ধে আমি আলোচনা করতে চাই না, বিলখাল শুকিয়ে ফেলা হয়েছে। কিছু কিছু যে বাকি ছিল এই ১৭ বছরে সেগুলি শুকিয়ে গেছে। বড় বড় প্রোজেক্ট পরিকল্পনা করা হয়েছে এটা সত্য কথা। কিন্তু ঐই সমস্ত মিডিয়াম প্রোজেক্ট স্মল প্রোজেক্ট না নেওয়ার ফলে বাংলাদেশে যে জলের ব্যবস্থা আছে সেচের ব্যবস্থা আছে সেটা কার্যকরী তো হয়নি পরে ফলে বাংলাদেশের অর্থনীতিতে হাহাকার এসেছে। জল সেচের ব্যবস্থার অভাবে কৃষককে

হাহাকারের সম্মুখীন হতে হচ্ছে। অথচ ন্যাচারাল বিভিউলেটস রিভার্স, বিলস যেগুলি ছিল যে সমস্ত বিলগুলি আদিকালে তৈরী করা হয়েছিল সেগুলিকে রক্ষা করার ব্যাপারে এই বিভাগের [illegible] যে চেষ্টা হয়নি—এতেই এই বিভাগের কর্মদক্ষতা প্রমাণিত হয় যে সমস্ত জিনিসগুলি ছিল সেগুলি এঁরা রক্ষা করতে পারেননি। মাননীয় স্পীকার মহাশয়, সুন্দরবন সম্বন্ধে [illegible] বলেছেন। আমি বলি সুন্দরবনে ১৯৬০ সালে একজন ডাচ ইঞ্জিনীয়ার এসেছিলেন [illegible] পরিকল্পনার ব্যাপারে। সেই সময় মাননীয় অজয় মুখার্জী সেচমন্ত্রী ছিলেন এবং তাঁকে এই উন্নয়ন পরিকল্পনার ব্যাপারে বলা হয়। তিনি তৃতীয় পরিকল্পনার মধ্যে এটাকে অন্তর্ভুক্ত করা হবে। কিন্তু সেই তৃতীয় পরিকল্পনা শেষ হতে চললো, আজ পর্যন্ত সেই সুন্দরবনের উন্নয়নের কাজ কতদূর হয়েছে মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর জবাবের সময় তিনি নিশ্চই বলবেন। আর একটি কথা মাননীয় সভাপাল মহাশয়, আজকে ইন্টিগ্রেটেড স্কীম, এগ্রিকালচার ফিসারী সেচ বিভাগ যদি না করতে পারে তাহলে বাংলাদেশের কোন সমস্যার সমাধান হবেনা বলে আমি মনে করি। সেচের জলের উপর যেমন ফসল নির্ভর করে তেমনি সেই সমস্ত খাল বিলগুলিকে যদি আবার পুনরায় তড়িৎ গতিতে সংস্কার করতে না পারেন তাহলে শুধু ফসলের যে উন্নতি হবে না তা নয় সেই সঙ্গে মৎস্য সমস্যারও সমাধান হবে না। আমি কিছুদিন আগে মাননীয় মৎস্য মন্ত্রীকে বলেছিলাম যে আপনার ইন্টিগ্রেটেড প্ল্যান [illegible] পারবেন। যে সমস্ত খাল বিল রয়ে গেছে [illegible] শুধু জল [illegible] হবেনা সেই সঙ্গে আপনারা মাছের চাষ করতে পারবেন। বাংলাদেশের এই ফিসারী ডিপার্টমেন্ট যে [illegible] উপর নির্ভর করে দাঁড়িয়ে রয়েছে সেটা সত্য সত্যই জলের উপর নির্ভরশীল হবে এবং বাংলাদেশের লোক আগেকার মত আবার মাছের মুখ দেখতে পাবে। কিন্তু আমি আশ্চর্য হয়ে যাই [illegible] কি সেচ বিভাগ কি মৎস্য বিভাগ, যে কোন বিভাগ এরা এ জিনিসটা লক্ষ্য করলেন না যে আজকে যদি ইন্টিগ্রেটেড প্ল্যান না করা যায় তাহলে কখনও বাংলাদেশে এই সমস্যার সমাধান হবে না এবং সেদিক [illegible] সেচ বিভাগের দায়িত্ব অনেক বেশী। কিন্তু সেচ বিভাগের প্রশাসনিক কাঠামো যে [illegible] খামখেয়ালী তার একটি উদাহরণ আপনাকে দেব। আমাদেরই [illegible] জিলার [illegible] একটি রাস্তার ছিল নসীবপুর রোড। সেই রাস্তাটির নিম্নাংশ [illegible] রোড ভাগীরথী [illegible] ভেঙে গেল। এই যে ভাঙন [illegible] সেচ বিভাগ [illegible] এবং [illegible] হাজার টাকা খরচ করলেন কিন্তু শেষ পর্যন্ত রাস্তাটি ভেঙে শেষ হয়ে গেল। [illegible] ফলে দুটো পাশাপাশি [illegible] ভাগ হয়ে [illegible]। সেখানে 'আপাতকালে' একটি বালির বাঁধ তৈরী করা হয়েছে। কিন্তু সেই রাস্তাটিকে এঁরা রক্ষা করতে পারলেন না। আমি জিজ্ঞাসা করি আমি চোখের সামনে দেখছি যে পদ্মা নদীর হাত থেকে যদি রাজসাহী টাউনকে রক্ষা করা যায় তাহলে সেখানে আমাদের সেচ বিভাগ এত অকর্মণ্য হবে কেন? ভাগরথীর মুখ থেকে একটি রাস্তাকে রক্ষা করতে পারলেন না [illegible] মাননীয় সভাপাল মহাশয়, আমার [illegible] আগে আমি আর একটি কথা বলব সেটা হচ্ছে ফরাক্কা প্রোজেক্ট-এর ব্যাপার। ফরাক্কা প্রোজেক্ট-এর ব্যাপারে আপনি শুনেছেন যে ফরাক্কা প্রোজেক্ট-এ প্রায় ১৭০ কোটি টাকা খরচ হবে সেন্ট্রাল গভর্নমেন্ট-এর [illegible]। এখানে [illegible] প্রোজেক্ট [illegible] বাংলা গভর্নমেন্ট [illegible]। [illegible] এই ফরাক্কা প্রোজেক্ট এর [illegible] এ [illegible] আজকে সেই [illegible] আছে। আমি জিজ্ঞাসা [illegible] আছে? যে হারে কাজ করা দরকার ছিল সে হারে কাজ করা হচ্ছে না। শুনেছি সিমেন্ট-এর নাকি অভাব হয়েছে। অথচ এটা আমার জানা আছে যে [illegible] এ সিমেন্ট রাখার জায়গা নেই, সেই সিমেন্ট নষ্ট হয়ে যাচ্ছে। অথচ [illegible] নাকি কাজ হচ্ছে না। আর একটি কথা ওখানে এম পি সি বলে এক কন্ট্রাক্টারের কোম্পানী আছে। কোম্পানীর কে মালিক আমি জানি না। কিন্তু এটুক জানি বোধ হয় মাননীয় মন্ত্রীমহোদয় এটা নিশ্চই জানেন যে সেই কনট্রাক্টরস কোম্পানী-র পিছনে দিল্লীর বড় বড় লোক আছেন এবং সেই কোম্পানী এদের ডিপার্টমেন্টের যাঁরা অফিসার আছেন তাঁদের কথা পর্যন্ত

শোনেন না। আমি মন্ত্রীমহোদয়কে জিজ্ঞাসা করি যে ফরাক্কা ব্যারেজ থেকে যে সমস্ত এস ডি পাঠান হয় এই ডিপার্টমেন্টের কাজ তদারক করবার জন্য কোম্পানী সেই ভাবে কাজ করে কিনা সেটা ওঁরা দেখেছেন কি? আর একটি কথা ভাগীরথী যদি প্রবহমান হয় তাহলে ঐ ৫০ থেকে ১০০ ফুটের মধ্য থেকে জলটা নিয়ে আসা হবে তাতে জলের যে গতিবেগ হবে অর্থাৎ যে ভাবে চলা উচিৎ সে ভাবে মোটেই চলবে না। জলটা ফাঁপবে ফেঁপে পাশে যাবে। অথচ তার দু'পাশে অনেক প্রাচীন শহর রয়ে গেছে—[illegible]র পাড়ের ধারে যত শহর আছে আর কোন নদীর পাড়ে এত শহর নেই, সেই শহরগুলিকে রক্ষা করবার জন্য আজ কি ব্যবস্থা করা হয়েছে সেকথা আমি মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করছি! তার কারণ, এটা তো সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কথা বললে চলবে না। সেই সমস্ত শহরগুলি ফরাক্কা ব্যাজে-এ যদি হয় সেগুলি হয়ত নদীর ভাঙনের মুখে পড়বে। সেই ভাঙনের হাত থেকে বাঁচাবার জন্য কি ব্যবস্থা করা হয়েছে সেকথা আমাদের কাছে নিশ্চই মন্ত্রীমহোদয় বলবেন। এই ফরাক্কা ব্যারেজ ব্যাপারে আমি মন্ত্রীমহোদয়ের কাছে একটি সাজেসান রাখতে চাই। ফরাক্কা ব্যারেজ আমাদের বাংলাদেশের ব্যারেজ, পশ্চিমবঙ্গের প্রাণকেন্দ্র এবং এই এ্যাসেম্বলীর একটা দায়িত্ব আছে। সেই জন্য আমি মন্ত্রীমহোদয়ের কাছে এই সাজেসান রাখব যে ফরাক্কা ব্যারেজ সুপারভিসান-এর জন্য এই এ্যাসেম্বলী থেকে বিভিন্ন দলের সদস্যদের নিয়ে তিনি একটি সুপারভিসন কমিটি গঠন করুন। তাঁদের সেখানে পাঠান। তাঁরা দেখে এসে ওঁনাদের কাছে বলুন সে সমস্ত কথা। হয়ত তিনি শুনতে পেতেন না সেই সমস্ত কথা, তাঁদের কাছ থেকে শুনবেন। তাহলে ফরাক্কা ব্যারেজ স্কীম সম্বন্ধে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট-এর সঙ্গে মুখোমুখি দাঁড়িয়ে ঠিক তাঁদের যে ভাবে প্রত্যুত্তর দেওয়া দরকার ঠিক সেই ভাবে প্রত্যুত্তর দেবেন। কাজেই আমি মনে করি আজকে এই সেচ বিভাগের বাজেট ভাল ভাবে ঢেলে সাজিয়ে এর দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না হয়, যদি এই বিভাগের বাজেটে একটি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী তথা বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী না থাকে তাহলে এই বাজেট দ্বারা কোনদিন দেশের মঙ্গল হবে না। কতকগুলি প্রোজেক্ট হবে, কিছু ড্যাম হবে। কিন্তু দেশের যে মংগল, দেশের যে অর্থনৈতিক বনিয়াদ সে অর্থনৈতিক বনিয়াদ পাকা হবেনা। শেষে আমি এইটুকু বলতে চাই যে রবীন্দ্রনাথের স্মৃতিপূতঃ যে নিমতলা শ্মশানঘাট সেটাকে রক্ষা করবার জন্য, তাঁর মূর্তি ভঙার হাত থেকে রক্ষা করবার জন্য যে ৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল দেখা যাচ্ছে মাত্র ৫০ হাজার টাকা খরচ হয়েছে এবং এবার ২ লক্ষ টাকা ধরা হয়েছে। আমি জিজ্ঞাসা করি ঐ যে স্মৃতিপূতঃ স্থান সেটা গঙ্গার জলে যাওয়ার পরে কি রক্ষা করবার ব্যবস্থা করা হবে? গঙ্গার জলে যাওয়ার পর মন্ত্রীমহাশয় আবিচুয়ারী স্মৃতিস্তম্ভের উপর আর একটি স্মৃতিস্তম্ভ রাখবেন? সেই জন্য আমি বলতে চাই যে এই বিভাগের কি ধরণের কার্যকারিতা প্রশাসনিক দক্ষতা সেটা এর দ্বারাই প্রমাণিত হয়। কাজেই এই ধরনের বাজেটকে আমরা কি করে সমর্থন করতে পারি মন্ত্রীমহাশয় তার জবাব দিতে পারবেন।

[3-55—4-5 p.m.]

Shri Girish Mahato :

মাননীয় চেয়ারম্যান স্যার, জাতির ব্যবহারিক জীবনে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে খাদ্য সমস্যা। আর সেই খাদ্যজীবনে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে কৃষি। আর সেই কৃষি জীবনে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে সেচ। এই সেচ বিষয়ে কংগ্রেস সরকার আজ ব্যর্থ হয়েছেন। দেশের উন্নতির জন্য বিদেশ থেকে ভিক্ষা করে টাকা নেওয়া হচ্ছে এবং সেই ভিক্ষা করা পুঁজি ন্যূনতম পরিকল্পনার সবচেয়ে বড় জিনিস হচ্ছে উৎপাদন, সেটা উৎপাদনের কাজে বিশেষ করে লাগান হচ্ছে না। সেই পুঁজিকে সমস্ত ভাগে ভাগ করে দেওয়া হচ্ছে। যার জন্য আজ জরুরী সমস্যা হচ্ছে উৎপাদন এতে আমরা বিশেষভাবে সফলতা লাভ করতে পারছি না। তার জন্য আমরা দিনের পর দিন বিদেশের কাজে হাত পেতে আছি। আজকে এই ১৭ বছরে উচিৎ ছিল সমস্ত দেশের প্রত্যেকের জমিতে জলসেচের ব্যবস্থা করা। কিন্তু কি হয়েছে? এখন আমাদের দেশে শতকরা ৯৯ ভাগ চাষী চাষের জমিতে জল পায় না। সমস্ত জমি আকাশের জলের উপর নির্ভর করে বসে থাকে। যার জন্য প্রতি বছর অতি বৃষ্টি বা অনাবৃষ্টিতে ফসল নষ্ট হচ্ছে। তার জন্য আজকে আমাদের

হা অন্ন, হা অন্ন করে চীৎকার করে মরছি। যদিও আমরা বড় বড় সেচ পরিকল্পনা সমর্থন করি কিন্তু তা সত্ত্বেও সেই বড় বড় সেচ পরিকল্পনার দ্বারা আমাদের দেশ সফলতা লাভ করতে পারছে না। তার কারণ সেগুলি বড় বড় ইঞ্জিনিয়ারীং কলের দ্বারা চলছে। যদি ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনা করা হয় তাহলে সেই পরিকল্পনাগুলি শ্রম ভিত্তিতে চলবে, তাতে বহু লোকের অর্থ সমস্যা দূর হবে এবং সেই ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনার দ্বারা সমস্ত জমির সেচ ব্যবস্থা হবে। কিন্তু আমাদের এই কংগ্রেস সরকার সেই পরিকল্পনা আজ পর্যন্ত নেয়নি। যেটুকু সেচ পরিকল্পনা নেওয়া হয়েছে তাও সফল হচ্ছে না। তার কারণ যে পরিকল্পনার দ্বারা যে সেচ ব্যবস্থার দ্বারা জমির সেচন হবে সেই পরিকল্পনা তাঁরা বিবেচনা করে সেচনের ব্যবস্থা করেন নি। আমরা দেখে এসেছি যেখানে যেটুকু সেচ পরিকল্পনা করা হয়েছে সেখানে এক ফোঁটা জল নেই যেখানে পুকুর থেকে বা নদীতে বাঁধ বেঁধে সেচ ব্যবস্থা করা হয়েছে সেখানে সেই সেচ ব্যবস্থার দ্বারা আমাদের জমির কোন উন্নতি হয়নি। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের কাঁসাই এবং কুয়োর বাঁধ পরিকল্পনায় পুরুলিয়ার জমি বিশেষভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। আমরা পুরুলিয়ার জনসাধারণ যদিও এতে আমাদের কোন উপকার হবে না তবুও দেশের মংগলের জন্য এই পরিকল্পনা স্বীকার করছি, আমরা এই পরিকল্পনার বিরোধিতা করছি না, কিন্তু আমাদের এই যে উদারতা এই উদারতার প্রতিদানে সরকার আমাদের উপর অত্যাচার করছে, উপর অত্যাচার করছে, আমাদের উপর অবিচার করছে, সরকার আজ আমাদের জমি থেকে উচ্ছেদ করে উদ্বাস্তু করেছে, আমাদের জনসাধারণকে তাদের ন্যায্য টাকা দেওয়া হচ্ছে না। আমাদের যে পুরাতন রেকর্ড সেই রেকর্ড পরিবর্তন করার সময় আমাদের উপর অবিচার করা হয়েছে, অনাচার করা হয়েছে। আমরা মন্ত্রী মহাশয়ের কাছে বহুবার বলেছি যে পুরাতন রেকর্ড পরিবর্তন করার সময় আমাদের উপর ন্যায় [illegible] করা হয়নি এবং ন্যায্য যে বাজার দর সেই বাজার দরে আমাদের টাকা দেওয়া হয়নি। [illegible] সামনে, বিশিষ্ট কর্মীদের সামনে কি রেকর্ড করা হচ্ছে সেগুলি [illegible] এই কাঁসাই বাঁধ পরিকল্পনায় [illegible] আমাদের পুরুলিয়া [illegible] রেকর্ড [illegible] দিনের পর দিন মামলা সেই মামলা ঝুলিয়ে [illegible] আমাদের [illegible] হচ্ছে এবং দিনের পর দিন [illegible] ধাপে টাকা দেওয়া হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই [illegible] যে যদি আমাদের উপর এভাবে অত্যাচার অবিচার চলে তাহলে [illegible] অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াবে, যদি আইন অমান্য করতে হয় তাহলে তার জন্য তারা তৈরি হবে। সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় [illegible] করা হয় এবং তাদের উপযুক্ত টাকা দেওয়া হয়।

[4-5—4-15 p.m.]

Shri Brindaban Gayen:

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট আজকে এখানে উত্থাপন করেছেন, তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। পশ্চিমবঙ্গে কৃষির উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়েছে। কৃষির উন্নতি করতে হলে সেচ বিভাগের উন্নতি হওয়া বিশেষভাবে প্রয়োজন বলে আমি মনে করি। কিন্তু আমরা দেখছি মাননীয় সেচমন্ত্রী সেচ বিভাগের বাজেট বরাদ্দ খাতে এ বৎসর মাত্র ৩ কোটি ৬ লক্ষ টাকার দাবী পেশ করেছেন। এত কম টাকাতে সেচ বিভাগের পরিকল্পনা মত কাজ সব সুষ্ঠুভাবে করতে পারা যাবে বলে আমার মনে হয় না, ১৯৫৬ সালে ও ১৯৫৯ সালে ভয়াবহ বন্যার পরে সরকার থেকে যে সমস্ত পরিকল্পনা নেবার কথা ছিল, তা কার্যকরী করতে গেলে আরো বেশী টাকার প্রয়োজন হবে। স্যার, আমি যে এলাকা থেকে এসেছি দক্ষিণ ২৪-পরগণার সুন্দরবন এলাকায় সেখানে প্রতি বৎসর দুর্যোগ হওয়ার ফলে ফসলের ক্ষতি হয়। সেইজন্য ওলন্দাজ বিশেষজ্ঞদের নিয়োগ করে সরকার সেখানকার তথ্য সংগ্রহ করলেন। তারা যে রিপোর্ট সাবমিট করলেন তাতে দেখা যায় ন্যাডকো-র জন্য ৩৮০ কোটী টাকার একটা পরিকল্পনা পেশ করলেন। কিন্তু সরকার এত টাকা এক সংগে ব্যয় করতে পারবেন না। ফার্স্ট

ফেজ-এ তাঁরা বললেন ৬৭ কোটি টাকা খরচ করে সপ্তমুখী নদীর মুখ বাঁধ দিয়ে সেখানে সেচ পরিকল্পনার ব্যবস্থা করা হোক। আমি যতদূর জানি মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় সেই সম্পর্কে কিছু বললেন না, তাকে এই কথা নিবেদন করতে চাই যে যাতে এই পরিকল্পনা সত্ত্বর কার্যকরী হয়, তার জন্য তিনি যেন দৃষ্টি দেন। তাছাড়া সুন্দরবন এলাকায় স্লুইস গেট নির্মাণের ব্যাপারে দেখছি খুব গাফিলতি হয়েছে। কাকদ্বীপ-তেতুলিয়া অঞ্চলে একটা স্লুইস গেট হবে বলে ১৯৫৮ সালে সরকার থেকে এটা অনুমোদন করা হয়, কিন্তু বড়ই দুঃখের বিষয় আজ পর্যন্ত সেখানে কোন স্লুইস গেট নির্মাণ করা হলো না। ফলে কাকদ্বীপ থানায় মথুরা-পুর থানাতে সাতপুকুরিয়া স্লুইস গেট প্রায় ৫।৭ হাজার বিঘা জমি ১০ বছর ধরে খারাপ হয়ে পড়ে আছে, চাষবাস হচ্ছে না। পাঁচ-সাত বছর ধরে শুনছি সেখানে পরীক্ষা-নিরীক্ষা হচ্ছে কিন্তু আসল কাজ কিছুই হচ্ছে না। এ বিষয়ে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই কাজগুলি তাড়াতাড়ি হয়।

তাছাড়া সুন্দরবন এলাকায় আজকে সর্বত্র পঞ্চায়েৎ হয়ে গেছে। এখন সরকার বলছেন পঞ্চা-য়েতের মাধ্যমে সমস্ত কিছু কাজ করবেন। সুন্দরবন এমবার্কমেন্ট-এর জন্য প্রতি বৎসর ৭০ লক্ষ টাকা থেকে ৮০ লক্ষ টাকা খরচ করা হয় বাইরের কন্ট্রাকটর দিয়ে এই কাজগুলি করান হয়। কিন্তু সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড প্রত্যেক ক্ষেত্রে সরকারের কাছে যে রেকমেণ্ডেশন করেন, তা পঞ্চায়েতের মাধ্যমে যেন তাড়াতাড়ি কার্যকরী করা হয়, আমি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করবো তিনি এই ইলেকটেড পঞ্চায়েৎ থেকে কি বাইরের কন্ট্রাকটরদের বেশী বিশ্বাস করেন? সেইজন্য নিবেদন করবো অন্ততঃপক্ষে আজকে যেন এই ইলেকটেড বডির মাধ্যমে কাজ হয়। এদিকে তিনি যেন নজর দেন।

এরপর দেখছি ১৯৫৯ সালে ভীষণ বন্যায় নর্থ বেঙ্গলের খুব ক্ষতি হলো এবং তারজন্য মান সিং কমিটি বসলো এবং তাঁরা একটা রিপোর্ট দাখিল করলো, তাতে ৬৩টি স্কীম তাঁরা দিলেন। অথচ এখন আমরা শুনছি তার মাত্র দু-তিনটা স্কীম এতদিন কার্যকরী করা হয়েছে। জরুরী অবস্থার সময় গত বৎসর নর্থ বেঙ্গল ১০ কোটি টাকা খরচ করে সরকার রাস্তা নির্মাণ করলেন। কিন্তু নর্থ বেঙ্গলের তোর্সা, মেচি, মহানন্দা প্রভৃতি নদীতে বন্যার ফলে সেই সমস্ত রাস্তা ডুবে গেল। অযথা সরকার এত টাকা রাস্তার জন্য সেখানে খরচ করলেন। এরজন্য শুনছি আবার একটা বিশেষজ্ঞ কমিটি নিযুক্ত করা হবে। তারা তোর্সা নদীর উৎস অনুসন্ধান করবেন, সেখানে আমাদের ইঞ্জিনীয়ারদের পাঠান হবে। এখন নাকি তাঁরা বলছেন, সেখানে যেতে তাঁরা অস্বীকার করছেন- এই বলে যে সেখানে গেলে তাদের হার্ট-এর অসুখ হবে। যাঁরা আমাদের দেশের উন্নয়নের দায়িত্ব নিয়েছেন, জনসাধারণের কল্যাণের দায়িত্ব নিয়েছেন, সেই সমস্ত ইয়ং ইঞ্জিনীয়াররা যাদের নিয়ে প্রধানমন্ত্রী থেকে আরম্ভ করে সকলে গর্ব অনুভব করেন, তাঁরা যদি আজকে দেশের কার্যে ঠিকমত সহযোগিতা না করেন, তাহলে সেটা খুব লজ্জার কথা হবে, দুঃখের কথা হবে। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো এ বিষয়ে তিনি যেন বিশেষভাবে নজর দেন যাতে মান সিং কমিটির যে রিপোর্ট ছিল, তা সত্ত্বর কার্যকরী করা হয়। নতুবা দেশের খাদ্যসংস্থান করতে পারবো না এবং ভয়াবহ খাদ্য সমস্যাও আমরা মেটাতে পারবো না।

আমাদের পশ্চিম বাংলায় যে ভয়াবহ খাদ্যসমস্যা রয়েছে সেটা মেটাতে পারবেন না বলে আমি সেচমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন চতুর্থ পরিকল্পনায় আরও বেশী টাকা বরাদ্দ করেন। আমরা দেখছি সেচ বিভাগের জন্য ২৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আমি তাঁকে অনুরোধ জানাব সেটা যেন থাকে এবং এছাড়া সেচ এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য এই খাতে আরও বেশী টাকা খরচ করুন। তারপর আমরা দেখছি যে সমস্ত পরিকল্পনায় আপনারা হাত দিয়েছেন সেখানে সদিচ্ছা থাকা সত্ত্বেও আপনারা কার্যকরী করতে পারছেন না। কংশাবতী প্রজেক্ট-এ ৩০ কোটি টাকা ব্যয় হবে এবং বর্তমানে বৎসরে মাত্র দেড় কোটি টাকা ব্যয় হবে। আমি মনে করি এই সমস্ত পরিকল্পনা কার্যকরী করতে হলে প্রতি বৎসর আরও বেশী টাকা ব্যয় করা প্রয়োজন। পরিশেষে আমি অনুরোধ জানাব পশ্চিম বাংলার খাদ্য অবস্থার সমস্ত কিছু দেখে সেচ বিভাগের জন্য আপনারা আরও বেশী টাকা ব্যয় করুন এবং সেচ বিভাগের কর্মচারীদের আরও অবহিত

করুন যাতে পশ্চিম বাংলার সেচ ব্যবস্থা আরও তরান্বিত করা যায়। একথা বলে আমি সেচ-মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch : On a point of order, Sir. The honourable member has said that the Engineers are not prepared to go to Dooars to visit the River Torsha.

Mr. Chairman : It is only his information and suggestion.

Shri A. H. Besterwitch : If that be the fact, these engineers should be forthwith dismissed from the Government service because Torsha is a very important river in North Bengal.

Dr. Golam Yazdani :

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সেচ খাতে যে বাজেট উপস্থাপিত করা হয়েছে আমি তার [illegible] পরিকল্পনাতে [illegible] আমাদের দেশে কৃষিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। কিন্তু অবস্থা দেখে মনে হয়না যে কৃষিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। আমার একথা বলার উদ্দেশ্য হোল কৃষির উন্নতি করতে হলে সেচ ব্যবস্থা হচ্ছে সবচেয়ে বড় জিনিস, কিন্তু তার উপর যেভাবে নজর দেওয়া হয়েছে তাতে মনে হয়না যে কৃষিকে অগ্রাধিকার দিয়ে তাঁরা [illegible] একটা কাজ করেছেন। আমরা দেখি ডি. ভি. সি. এবং ময়ূরাক্ষীতে এবং অন্যান্য বড় বড় পরিকল্পনায় শত শত কোটি টাকা খরচ করা হয়েছে কিন্তু দেখছি এই সমস্ত পরিকল্পনায় লোকের যতটা লাভ হয়েছে তার চেয়ে ক্ষতিও কম হয়নি। কিন্তু যদি ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনা গ্রহণ করা হয় তাহলে আমার মনে হয় ডি. ভি. সি. এবং ময়ূরাক্ষীতে যে ক্ষতি হয়েছে তার চেয়ে বেশী [illegible] হবে। কিন্তু দুঃখের বিষয় ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনার দিকে যেটুকু নজর দেওয়া দরকার সেটা দেওয়া হয়না। তারপর কথা হোল দেশকে যদি খাদ্যসংকট থেকে বাঁচাতে হয় তাহলে ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনার দিকে নজর দিতে হবে এটা হোল সরকারী কথা। কিন্তু যে বাজেট উপস্থিত করেছেন তাতে মনে হয়না সরকার সেদিকে গুরুত্ব দিচ্ছেন। ফরটি ফোর হেড-এ যে টাকা ধরা হয়েছে তাতে দেখছি ১৯৬৪-৬৫ সালে বাজেট এস্টিমেট করা হয়েছিল ১১ লক্ষ টাকা এবং রিভাইজড এস্টিমেট করা হোল ৯ লক্ষ ২০ হাজার টাকা। আর এবারে অর্থাৎ ১৯৬৫-৬৬ সালে বাজেটে ধরা হয়েছে [illegible] লক্ষ ৫০ হাজার টাকা, কিন্তু রিভাইজড-এ কম হবে এটা বুঝতে পারছি। তারপর নাইনটিনাইন হেড-এ ১৯৬৪-৬৫ সালে বাজেট এস্টিমেট ছিল ১ কোটি ১১ লক্ষ ৪২ হাজার টাকা, কিন্তু সেটা রিভাইজড এস্টিমেট হোল মাত্র ৪০ লক্ষ ৬৭ হাজার টাকা। এবারে ধরা হয়েছে ৫১ লক্ষ ৫৯ হাজার টাকা এবং মনে হচ্ছে রিভাইজড এস্টিমেট-এ হয়ত কম হবে। হানড্রেড হেড-এ ইরিগেসন, বন্যার কথা বলা হয়েছে। এক্ষেত্রে ১৯৬৪-৬৫ সালে বাজেট এস্টিমেট হল ৬৪ লক্ষ ১৯ হাজার টাকা কিন্তু রিভাইজড এস্টিমেট-এ হোল ৩৬ লক্ষ ১৮ হাজার টাকা এবং এবারে ধরা হয়েছে ৩৯ লক্ষ ৫৮ হাজার টাকা। এই জিনিস দেখেই আমরা বুঝতে পারছি স্মল ইরিগেসন স্কীমে সেচ ব্যবস্থা হোক তার উপর এঁরা কতটা গুরুত্ব দিচ্ছেন।

4-15—4-25 p.m.]

আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো আমাদের বাংলাদেশে যে সমস্ত ছোট ছোট খাল, ছোট ছোট নদী নালা হেজে মজে যাচ্ছে, সেগুলি যদি সংস্কার করা হত তাহলে প্রত্যেক জায়গায় আমরা সেচের জল পেতাম এবং ছোট ছোট চাষীরা তাদের প্রয়োজনমত আশে পাশের জমিতে জল সেচ করতে পারত। কিন্তু সেই সমস্ত করা হয়নি। সেই সমস্ত কাজগুলি ছোট স্কীমগুলি ব্লক-এর ওভারসীয়ার যারা রয়েছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অধীনে বা ডিস্ট্রিক্ট হেল্থ অফিসারের অধীনে তাদের দ্বারা বি. ডি. ও-র মাধ্যমে করতে পারতেন। কিন্তু করা হয়নি। যে সমস্ত কথা তাঁরা বলেন সেই সমস্ত কাজ আমরা করতে পারব না। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের থ্রু দিয়ে ডিস্ট্রিক্ট ইঞ্জিনীয়ারের মধ্য দিয়ে ইরিগেশন ইঞ্জিনীয়ারের কাছে যেতে হয়, সেখানে সমস্ত বড় বাধা পেতে হয়, তারা টেকনিকেল ভেটিং করে দেন এবং এই ছোট ছোট পরিকল্পনা টেকনিকেল ভেটিং করার জন্য মঞ্জুর করেন না, টেকনিকেল কারণে। অর্থাৎ ব্লক

ডেভেলপমেণ্ট যে সমস্ত অফিসার রয়েছে ওভারসীয়ার রয়েছে তাদের সঙ্গে পরামর্শ করে কাজগুলি ডিষ্ট্রিক্ট এগ্রিকালচারাল অফিসার করতে পারেন, কিন্তু এখানে দেখছি এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের সঙ্গে যেন ইরিগেশন ডিপার্টমেন্টের একটা বিরোধ রয়েছে কোনরকম কো-অপারেশন নেই। ফলতঃ এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের সঙ্গে ইরিগেশন ডিপার্টমেন্টের কোন রকম কো-অপারেশন না থাকার জন্য, এই সমস্ত পরিকল্পনা ঠিকমত হয়না। একটা মাইনর ইরিগেশন কমিটি আছে, দুঃখের বিষয় সেই কমিটিতে এম, এল, এ-রা মেম্বার নয়, এর মাধ্যমে যে পরিকল্পনা হয় ইঞ্জিনীয়ারের কাছে তা টেকনিকেল ভেটিং করে তিনি নাকচ করে দেন। এভাবে আমরা দেখি, স্মল ইরিগেশন স্কীম হয়না। আর একটা বাধা হচ্ছে স্মল ইরিগেশন ১০ [illegible] তার কারণ হল চাষীদেরকে ৫০ ভাগ কন্ট্রিবিউশন দিতে হয়, ১০ [illegible] হলে সাড়ে পাঁচ হাজার টাকা চাষীদের দিতে হয়, নইলে কোন পরিকল্পনা হয় না। এই পরিকল্পনা না হওয়ার মস্ত বড় কারণ হল গভর্ণমেণ্ট থেকে ৪৫ পারসেণ্ট দেবেন আর স্থানীয় লোকদের কাছ থেকে ৫৫ পারসেণ্ট দেবেন। মানুষ যেখানে খেতে পায়না [illegible] দিতে পারে [illegible] তারা দিচ্ছেন না। ফলে কোন কাজ হয়না। ডিপ টিউবওয়েল করতে হবে কিন্তু.........

Shri Syamadas Bhattacharyya :
ডীপ টিউবওয়েল এই ডিপার্টমেন্টের কাজ নয়।

Dr. Golam Yazdani :
এগ্রিকালচারেল ডিপার্টমেন্টের সঙ্গে ইরিগেশন ডিপার্টমেন্টের কোন সম্বন্ধ নাই, আমরা চাই কৃষির উন্নতির জন্য এই দুটি ডিপার্টমেন্টের মধ্যে সমন্বয় হোক, তা কেন হবে না? তার ডীপ টিউ ওয়েল প্রকল্প সম্বন্ধে রাজ্যপাল তাঁর ভাষণে বলেছিলেন [illegible] জল সেচ করে জায়গাগুলিকে সেচ [illegible] দেওয়া হবে। কিন্তু ডীপ টিউবওয়েল বসাতে ১ লক্ষ টাকা খরচ লাগে, এত টাকা খরচ করে ডীপ টিউবওয়েল [illegible]। [illegible] ছিল [illegible] হাজার টিউবওয়েল নাকি করা হবে [illegible] দেখছি ১১টি মাত্র হয়েছে এবং একটি থানাতে, এবং সেটি [illegible] থানা, মন্ত্রী [illegible] ঘোষের এলাকা, সেখানে ৫টির বেশী ডীপ টিউবওয়েল হয়েছে, আমার বলার উদ্দেশ্য হচ্ছে ঐ একটি মাত্র থানাই কি ডীপ টিউবওয়েলের উপযুক্ত জায়গা?

Shri Syamadas Bhattacharyya :
মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি ডীপ টিউবওয়েলের ব্যাপার সেচ বিভাগের অন্তর্গত নয়।

Dr. Golam Yazdani :
আমি যে কথা বলতে চাইছি সেটা হল সেচের ব্যাপারে এত বড় বড় পরিকল্পনার মধ্যে না গিয়ে ছোট ছোট পরিকল্পনা করা যেতে পারে যেমন কয়ার পাম্প, কয়ার ফিল্টার এই সমস্ত ছোট ছোট স্কীম করতে পারেন। এর জন্য আমরা কৃষি বিভাগের কাছে যাব না সেচ বিভাগের কাছে যাব, কার কাছে যাব? আমি বারে বারে বলি এই কয়ার ফিল্টার পাম্প খুব অল্প খরচে হয় এবং তা দিয়ে প্রচুর এলেকায় সেচের ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু ডীপ টিউবওয়েল করতে গিয়ে মাসে ৬০০—৭০০ টাকা লাগে তার মেইনটেনান্স করতে।

আমি আর একটি কথা বলতে চাই যখন ফসল ফললো তারপর জল নিকাশের ব্যবস্থা নেই এর ফলে বন্যা এসে আমাদের ফসল ডুবিয়ে দিল কেন এসব জিনিস হয় জল নিকাশের ব্যবস্থা হয় না, বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা হয় না, এজন্য আমি আপনার কাছে ১।২টা উদাহরণ দেবো মন্ত্রী মহাশয় বলেছেন মালিওর বাঁধের কথা বলছেন এবং এটা করতে ৫২ লক্ষ ৯২ হাজার টাকা খরচ হবে এবং বলেছেন এটার উপকারীতা আমি দেখেছি। মালদহ জেলায় তিনি নিশ্চয়ই ঘুরে সব দেখে এসেছেন, এর উপকারীতা দেখে এসেছেন। কিন্তু অপকারীতা

কতটা দেখেছেন বলুন। ১৯৬৩ সালে যে ভয়াবহ বন্যা হয়ে গেল তারপর ১৯৬৪ যে আবার বন্যা হল তাতে কত লোকের ক্ষতি হয়েছে হাজার হাজার বিঘা জমির ধান নষ্ট হয়েছে ৬০।৭০টা গ্রামের ধান নষ্ট হয়েছে একথা বললেন না। বললেন না। এসব কেন হয়েছে—একটা বাঁধ আপনারা করেছেন সেটা আপনাদের নিজেদের দায়িত্ব, কিন্তু কোন ক্ষতি হচ্ছে কিনা তা দেখে তা দেখা দরকার। কিন্তু যখন স্থানীয় চাষীরা এসে অভিযোগ করলেন যে মালিওরা বাঁধের বাইরে বন্যা হয়েছে তখন সেচ দপ্তর বা কৃষি দপ্তর থেকে কোন মনোযোগ দেওয়া হল না। এই বাঁধ যখন করা হল তখন দেখেছি যে মাঝে মাঝে ফাঁক রাখা হয়েছিল। আমরা বলেছিলাম যে স্লুইস গেট করা হোক। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে হরিশচন্দ্রপুর অঞ্চলে জল নিকাশের যে ডালা সেটা বন্ধ করে দেওয়া হয়েছে এবং তাতে বিপুল জনসাধারণের ক্ষতি হল। ১৯৬৩ সালে যে বন্যা হয়েছিল সেটা পূর্বে গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল যে সেখানে একটা ডোঙা করে দিন কিন্তু যখন সেটা হল না তা দেখে চাষীরা যখন সেটা করতে গেল তখন পুলিস এসে গ্রেপ্তার করলো এবং তারপর প্রতিশ্রুতি দিলো যে স্লুইস গেট করে দেবো। কিন্তু আজও তা হল না। সেখানে ১টা ছোট কালভার্টের মত করে দিলেন এবং তার ফলে বিরাট অঞ্চলে সামান্য গর্ত দিয়ে যে কি হয় সেটা বুঝতে পারছেন। এবার যে খুব বেশী বন্যা হল তখন আবেদন নিবেদন করা হলো কিন্তু কোন সাড়া পাওয়া গেল না যার ফলে হাজার হাজার বিঘা জমির ধান নষ্ট হল। তারপর মালদহ জেলায় যে [illegible] সমস্যা রয়েছে তার [illegible] নেই। [illegible] ধার দিয়ে যে বন্যা হয়ে যাচ্ছে [illegible] ইচ্ছা নেই। [illegible] সমস্যা রয়েছে [illegible] ধার দিয়ে আজ পর্যন্ত কোন [illegible] হল না। [illegible] নদীর ধার দিয়ে যে বন্যা [illegible] সেখানে [illegible] স্লুইস গেট হলে [illegible] হচ্ছে [illegible] হাবড়ায় [illegible] এই বর্ষায় ফ্লাড নিয়ন্ত্রণ করবার [illegible] টাকা ধরা হয়েছিল কিন্তু [illegible] হল না। নর্থ বেঙ্গলের যে সমস্ত [illegible] হচ্ছে তা [illegible] জলঢাকা সম্বন্ধে [illegible] নর্থ বেঙ্গলে [illegible] মুখ্যমন্ত্রী এবং [illegible] সেখানে গিয়ে বলে এসেছিলেন [illegible] কেন্দ্রীয় সরকার থেকে [illegible] ব্যবস্থা করছি। [illegible] কিন্তু তার কি হল জানিনা আমরা সে সব জানতে চাই। [illegible] জলঢাকা, [illegible] রাইটাক, [illegible] নয় ২৪-পরগণা জেলার [illegible] থানায় [illegible] হাজার বিঘা জমির ধান নষ্ট হয়েছে। [illegible] ইউনিয়নে স্লুইস গেট [illegible] বিঘা জমির ধান নষ্ট হচ্ছে। কাকদ্বীপে [illegible] ধান নষ্ট হয়েছে। হরিনাবাদে ইছামতি নদীর বাঁধ [illegible] হাজার হাজার বিঘা জমির ধান নষ্ট হচ্ছে। বীরভূম জেলার তিলো সেচ প্রকল্পের কাজ বিলম্বে [illegible] ধান নষ্ট হচ্ছে, সেজন্য এইভাবে অনেকগুলি জায়গায় স্লুইস গেটের অভাবে নষ্ট [illegible] যাচ্ছে। আমরা জানতে চাই যেখানে কৃষক [illegible] সেখানে [illegible] স্থানে [illegible] যে কৃষির ক্ষতি হচ্ছে তার জন্য দায়ী কে সেচ মন্ত্রী আজকে এ কথা বলবেন। তিনি যে বাজেট উত্থাপন করেছেন তাতে জনসাধারণের প্রতি দৃষ্টি দেওয়া হয়নি বলে বিরোধিতা করছি।

[4-25—4-35 p.m.]

Shri Shambhu Gopal Das :

মাননীয় চেয়ারম্যান স্যার, এই [illegible] গত ১ বৎসরের [illegible] দুর্নীতি এবং প্রাদেশিকতার যে [illegible] সমগ্র [illegible] ভাসিয়ে নিয়ে যাবার মত যে উপক্রম হয়েছে একথা [illegible] দরকার হচ্ছে। আপনার হয়ত মনে আছে ১৯৬৩ জানুয়ারীতে এই হাউসের মুখ্যমন্ত্রীর [illegible] যে ডি. ভি. সি-র ইলেকট্রিসিটি চিফ ইঞ্জিনীয়ার অফিস মাইথনে চলে যায় তারজন্য সরকারের খরচ হয়ে-

ছিল ১ কোটি ৮০ লক্ষ টাকার মত এবং আমি মনে করি সেটা অপচয় হয়েছিল। এর ফলে ডি, ভি, সি, এলাকার মানুষের উপকার বা অপকার কি হয়েছিল সে কথা গেলেও কিন্তু আসলে হল কি আমি জোরের সংগে বলতে চাই সেই কুখ্যাত এডিশনাল চীফ ইঞ্জিনীয়ার এম, ডবলিউ, গোখলানী ২ বৎসর কলকাতা মাইথন যাতায়াত করে ৫৪ হাজার টাকার টি এ বিল ড্র করেছিলেন। দুর্গাপুর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে কয়লা পারচেসের জন্য যে সব কেলেঙ্কারী হয়েছিল সে সব কথা আমরা জানি এবং এপ্রিল মাসে কেন্দ্রীয় গোয়েন্দা বিভাগ তদন্ত করেছিলেন সেটাও জানি, সে কেলেঙ্কারীর আরও জানি মাইথনের এডিশনাল চীফ ইঞ্জিনীয়ার মিষ্টার গোখলানি এবং মিঃ গোয়েল। এদের বাড়ী সার্চ করা হল এবং দেখা গেল ১ লক্ষ ১৬ হাজার টাকার কারেন্সি নোট পাওয়া গিয়েছিল। কেন্দ্রীয় গোয়েন্দা বিভাগ তদন্ত শুরু করলেন কলকাতা ডি, ভি, সি, অফিস থেকে এবং ওখানকার অফিস থেকে যে ৪০টা ফাইল পাওয়া গিয়েছিল তা দিয়ে অপরাধ প্রমানিত হল। কিন্তু কিসের জন্য জানিনা মিঃ গোখলানী আজও স্ব পদে অধিষ্ঠিত আছেন। দুর্গাপুর পাওয়ার প্রোজেক্ট-এর যে কন্ট্রাক্ট সেই কন্ট্রাক্ট এবং ডি, ভি, সি-র বর্তমান কর্তা শিবশংকরের সেই কম্পানীর সংগে একটা আঁতাত আছে এবং যার ফলে দেখছি সেই পাওয়ার হাউস প্রায় বন্ধ হয়ে যাচ্ছে। সেই কম্পানী মারফৎ লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে এই ভাবে ঘনিষ্ঠ প্রিয় পাত্রকে টাকা দিয়ে ভাগ বাঁটোয়ারা করে নিচ্ছেন। ডি, ভি, সি-কে কেন্দ্র করে এ জিনিস চলছে তারপর আমার বক্তব্য যেটা তা হচ্ছে ডি, ভি, সি, এলাকার চাকরী নিয়োগ সম্পর্কে। স্যার, আপনি বর্তমানকালে বিহার সরকারের সেই কুখ্যাত বিহার গভর্নমেন্ট সার্কুলার এর কথা জানেন যে বিহারে বিহারীদের নিয়োগ করতে হবে। কিন্তু আপনি কি জানেন যে এই সার্কুলার বের হবার কিছুদিন আগে থেকেই এই জিনিস ডি, ভি, সি, এলাকায় হয়ে আসছে এবং সেখানে বাংগালী ছেলেদের চাকরীর ক্ষেত্রে যে নিয়োগ সে নিয়োগের ব্যাপারে যে উৎকট প্রাদেশিকতার হাতে আমরা পড়েছি সেখানে একটা অদ্ভুত ঘটনা ঘটেছে সেখানে অপ [illegible] বিহারে বি, এস, সি ছেলে মেলে না, সেজন্য ঐ চাকরীতে যখন বি এস সি পাশকরা ছেলে মিললে না তখন ২০ জন ম্যাট্রিকুলেট ছেলেকে সে চাকরী দেওয়া হল, এইভাবে বঞ্চিত কর [illegible] প্রার্থী ছিল তাদের সেখানে অগ্রাধিকার দেওয়া হল, আমি জানি ডি, ভি, সি-র ব্যাপারে পশ্চিম বাংলা সরকারের প্রচুর টাকা খরচ হয় এবং সে টাকার পরিমাণ অন্যদের চেয়ে কম ন কিন্তু ঐ যে [illegible] নিয়োগ হোল সেই সব ক্ষেত্রে আমরা দেখলাম বাংগালী নি[illegible] হোল [illegible] অবাংগালী নিয়োগ হোল এবং ডি ভি সি-র ক্ষেত্রে [illegible] নূতন করে মার খেলাম সেই জন্য আজকে একথা আমি [illegible] এক [illegible] বলা হয় নি ঠিকই কিন্তু দুর্নীতি এবং প্রাদেশিকতা [illegible] সৃষ্টি হয়েছে সেই [illegible] যে সন্দেহ জাগছে তাতে এই পরিকল্পনা শুভ [illegible] এর ভিতর জমে গেছে—সেইজন্য আপনার মাধ্যমে এই সুযোগে কয়েকটি দাবী এখানে রাখতে চাই—ডি, ভি, সি সংক্রান্ত বহু দুর্নীতির কথা উঠেছে—বহু আলোচনা হয়েছে- মিঃ গোখলানি আজও সেখানে চাকুরী করছেন--রিপোর্ট বেরোনো সত্ত্বেও চাকুরী করছে-- ১ লক্ষ ১৬ হাজার টাকার কারেন্সি নোট পাওয়া সত্ত্বেও চাকরী করছেন খুঁটির জোরে। কাজেই আমার দাবী হোল (১) ডি, ভি, সি-র সমস্ত ব্যাপারে একটা হাই পাওয়ার কমিশন নিয়োগ করা হোক এবং এই কমিশন ঠিক করে দিন যে ডি, ভি, সি আঞ্চলিক উন্নয়ন সংস্থা হিসাবে বাঁচবে কিনা। আমার দ্বিতীয় কথা হোল সেখানে মূল পরিকল্পনা অনুযায়ী ডি ভি সি কে রাখতে হবে—এবং দাবী হোল- যে সমস্ত দুর্নীতিগ্রস্ত অফি[illegible] করা হবে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা করতে হবে। (৩নং হোল পশ্চিমবংগ সরকার য বলছেন ওটা ওটোনমাস বডি)—এই করে করে বাংগালীর স্বার্থ বলি যাচ্ছে আজকে সেইভা চেষ্টা করতে হবে—বাংলা গভর্নমেন্ট সরাসরি যাতে ডি, ভি সি-র উপর তদারকি করতে পারে তারপর কথা হচ্ছে ডি ভি সি-তে যারা কাজ করেন সেই সমস্ত কর্মচারীদের কথা। আম জানি যে ডি, ভি, সি-র কর্মচারীদের দাবীদাওয়া নিয়ে অনেক আলাপ-আলোচনা হয়েছে আম জানি যে বোনাস কমিশন একথা বলেছিলেন যে ৪ পার্সেন্ট বোনাস কর্মচারীদের দেওয়া যে

পারে—কিন্তু সেই সব জিনিস আজও হয় নি। আমরা জানি সিন্দ্রী ফার্টিলাইজারস, দুর্গাপুর প্রজেক্ট, এন, সি, ডি, সি, যেগুলি অটোনমাস অর্গানাইজেসন তাদের মজুরদের এক্সগ্রেসিয়া পেমেন্ট প্রভৃতি দেন—যা বোনাসের সামিল। কিন্তু ডি, ভি, সি কর্মচারীদের এই ধরনের কেন কোন কিছু দেওয়া হয় না—কর্মচারীদের এই দাবী মানার কথা বলছি। ডি, ভি, সি. বাঙ্গালী এলাকায় বাঙ্গালী নিয়োগের কথা বলছি—ডি, ভি, সি-র মূল পরিকল্পনা অনুযায়ী কাজের কথা বলছি। সর্বোপরি দুর্নীতিগ্রস্ত যে সমস্ত অফিসার আছেন—যাদের চুরি প্রমানিত হয়েছে তাদের উপর যাতে সরকারের কৃপাদৃষ্টি আর না পড়ে—এই কথাগুলি বলে আমি এই বরাদ্দের বিরোধীতা করে আমার বক্তৃতা শেষ করছি।

[4-35—4-45 p.m.]

Sri Birendra Kumar Maitra:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে আমাদের সেচ মন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন—আমি তা সর্বান্তকরণে সমর্থন করতে গিয়ে দু একটা কথা বলতে চাই—আমি প্রথমে ভেবেছিলাম যে ১১ কোটি ৭৩ লক্ষ টাকা বাজেট বরাদ্দ হয়েছে। কিন্তু যতটুকু বুঝতে পারলাম বাজেট বই পড়ে তাতে তিন কোটি কয়েক লক্ষ টাকার বেশী এই সাধারণ সেচের খাতে পাওয়া যাবে না। আজকের দিনে আমাদের সাধারণ বুদ্ধিতে যেটুকু বুঝতে পারছি তাতে কৃষির যদি উন্নতি করতে হয় এবং কৃষির উন্নতি যদি সহজে পেতে হয় তাহলে একমাত্র সেচের ব্যবস্থা যদি করা যায় তাতে আমার মনে হয় সব থেকে বেশী তাড়াতাড়ি ফল পাওয়া যেতে পারে। আগামী চতুর্থ পরিকল্পনা আমরা তৈরী করতে চলেছি এখন আমাদের দু পক্ষকেই মিলে এবং সরকারেরও ভাবা উচিত যে আগামী ৫ বছরে যদি কৃষির উন্নতি করতে হয় তাহলে আমার মনে হয় আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্য খাতে টাকা কমিয়ে দিয়ে সেচের খাতে টাকা বৃদ্ধি করা উচিত। আমি তো ছোট ছোট কাজের মধ্যে যেটুকু দেখতে পাই মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন যে সম্বলপুর স্কীম আমাদের জেলায় হয়েছে তাতে প্রায় ৩০ লক্ষ টাকা খরচ হয়েছে কিন্তু তার ফলে সেই এলাকার যে কৃষক তাদের যত দেনা ছিল তা সমস্ত শোধ করে আজকে তারা বর্ধিষ্ণু কৃষকে পরিণত হয়েছে। যে জমি আগে কেউ ৫০ টাকায় কিনতো না সেই জমি আজ হাজার টাকায় কিনবার জন্য সকলে ব্যস্ত। সেখানে বার মাস ফসল হোত—টাল এলাকা বলে অবজ্ঞার ছিল সেই টাল এলাকায় সোনার ফসল ফলছে। আমরা ডি. ভি. সি [illegible] র ফল কুফল দেখেছি—আজকে ছোট ছোট কি পরিকল্পনা করা যায় সে বিষয়ে কতটা এগোতে পারি সেকথা চিন্তা করতে অনুরোধ করছি চতুর্থ পরিকল্পনায়। উত্তরবঙ্গ সম্বন্ধে কিছু বলতে চাই—১৯ [illegible] পথ পরিবর্তন করছে। মহানন্দা যে পথে প্রবাহিত হোত সেই পথে প্রবাহিত না হয়ে আজকে কালিন্দি দিয়ে প্রবাহিত হতে আরম্ভ করেছে। সেটা আমাদের সেচ বিভাগের ইঞ্জিনীয়াররা নিশ্চয়ই লক্ষ্য করেছেন। আজকে রেলের ব্রীজ বড় করতে হচ্ছে। কুচবিহারে তোর্সা, সালতোর্ষা, মেচি তাদের গতি পথ পরিবর্তন করেছে সম্প্রতি সেচ মন্ত্রী গিয়েছিলেন, উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার বিভিন্ন জায়গা পরিভ্রমণ করে এসেছেন খুব এক্সটেনসিভলি, তিনি দেখেছেন রাস্তার উপর বন্যার এখনও চিহ্ন রয়েছে। আজ উত্তরবঙ্গের একটু বিশেষভাবে বন্যা প্রতিরোধ সম্বন্ধে চিন্তা করা দরকার। কিন্তু আমরা দেখছি যে সরকারের গত পাঁচ বছরে এ দিকে যেটুক নজর দেওয়া উচিত ছিল যে কোন কারণেই হোক তা দিতে পারছেন না। নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিটির মিটিং-এ আমি লক্ষ্য করেছি যে ওখানে একটা প্ল্যানিং ডিভিসন হবে বলে স্থির হয়েছে—কিন্তু এক বছরের মধ্যে প্ল্যানিং ডিভিসনে লোক দেওয়া গেল না [illegible] কোন কাজ আরম্ভ হোল না। সেখানে [illegible] যদি মাস্টার প্ল্যান তৈরী করা না হয় [illegible] প্রতি-রোধের ব্যবস্থা যদি না করা হয় তাহলে আমার মনে হয় যে কয়েক বছরের মধ্যে [illegible] বর্ধিষ্ণু জায়গা বালুর মধ্যে পড়বে এবং বহু জমি নষ্ট হয়ে যাবে এবং [illegible] নষ্ট হচ্ছে তা হতেই থাকবে—তার সরকারকে রিলিফ দিতে হবে। [illegible] নদীর উপর [illegible] নক-সাল বাঁধ যে অবস্থায় রয়েছে তার যদি প্রতিরোধের ব্যবস্থা করা না যায় তাহলে ক্ষতি হবে। আমরা জানি যে ইঞ্জিনীয়াররা সেখানে চেষ্টা করেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। আমি শুনেছি যে একটা টেকনিকাল কমিটি আছে তার মধ্যে

২২।২৩ জন চীফ ইঞ্জিনীয়ার মিটিং করবেন—ছোট ছোট স্কীমের জন্য দিল্লীর চীফ ইঞ্জিনীয়ার থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গার চীফ ইঞ্জিনীয়ারদের যদি একত্রে বসতে হয়—আজকে যদি তাদের মধ্যে কেউ মন্তব্য দিতে আরম্ভ করেন তাহলে অনেক স্কীম পাশ হবে না এবং তার ফলে সব চাপা পড়ে যাবে। আজকে চিন্তা করা উচিত এ সম্পর্কে রেলের ইঞ্জিনীয়ারকে ডাকা উচিত। কিন্তু সব ইঞ্জিনীয়ারের বুদ্ধি নিয়ে স্কীম করতে হবে ভাল হোক মন্দ হোক একটা সাব কমিটি নর্থ বেংগলের জন্য করা হবে কিন্তু বাংলা দেশের জন্য কি করা হবে সেটা চিন্তা করতে অনুরোধ করছি। এই প্রসঙ্গে আমি বলতে চাই, আমি এতক্ষণ শুনছিলাম আমার বিরোধী দলের বন্ধুদের কাছ থেকে ক্যানেল কর সম্বন্ধে যে ক্যানেল কর বেশী দিও না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে বলতে চাই যে আমরা উত্তরবঙ্গের লোক বিশেষ করে মালদ জেলার লোক কেনাল কর দিতে প্রস্তুত আছি যদি এই রকম সেচের ব্যবস্থা হয়। যদি এক বিঘা জমিতে ১০ মণ ধান হয় আমরা ১০ টাকা হারে কেনাল কর দিতে রাজী আছি। আমি বলতে চাই চতুর্থ পরিকল্পনায় যখন কোন কেনালের কাজ হবে—জেলা পরিষদের মাধ্যমে কিংবা আঞ্চলিক পরিষদের মাধ্যমে প্রথমে জনসাধারণের মতামত নেওয়া হোক যে তারা কেনাল কর দিতে প্রস্তুত আছে কিনা। প্রথমে স্কীম করে ক্যানেল কর দেবে কিনা—যেখানে দিতে প্রস্তুত সেখান থেকে আগে স্কীম করা হোক। আমরা প্রস্তুত আছি দিতে যদি উত্তরবঙ্গে স্কীম করা হয়। এখানে আমার বন্ধু ডাক্তার গোলাম ইয়াজদানি মালিয়ার স্কীম সম্বন্ধে অনেক কথা বল্লেন মালিয়ার স্কীম সম্বন্ধে আমি যতটুকু জানি তিনি সম্পূর্ণ সত্য বলেন নি—ক্ষতি হয়েছে ঠিক কিন্তু উপকারও হয়েছে। এই মালিয়ার স্কীমে ৫৪ লক্ষ টাকার মধ্যে ২০ লক্ষ টাকা হয়তো খরচ হয়েছে মাত্র, আমরা দেখছি আমাদের হিসাবে ৬ লক্ষ থেকে ৭ লক্ষ টাকার ফসল উঠেছে

যে ফসল গত ১০ বছর ধরে আমি দেখছি যে নষ্ট হয়ে যেত। তবে ক্ষতি হয়েছে প্রচুর এ বন্যা [illegible] ক্ষতি হয়, ফসল নষ্ট হয়। কিন্তু কতকগুলো জায়গায় যা ক্ষতি হয়েছে এবং [illegible] আমা[illegible] তবে [illegible] লোকের ঘরবাড়ী এবং বন্যার ফলে নষ্ট হয়েছে। আর বেশী ক্ষতি যদি এই বাঁধের জন্য হয়ে থাকে আমার বিশ্বাস এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় তদন্ত করে এসেছেন মাননী[illegible] চীফ ইঞ্জিনীয়ার [illegible] গিয়েছিলেন [illegible] এসেছেন, [illegible] বিশ্বাস [illegible] বছর তাঁ[illegible] কিছু [illegible]। [illegible] যদি না করা [illegible] একটা [illegible] আশীর্বা[illegible] পাবেন [illegible] সেইরকম অভিসম্পাত পাবেন। আমার মনে হয় না যে কল্যাণবতী রাষ্ট্রে এ[illegible] রকম কোন ব্যবস্থা থাকা উচিৎ। এ প্রসঙ্গে আমি আর একটা আশংকাজনক কথা শুনতে পাচ্ছি সে বিষয়টা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অবহিত করতে চাই। আমরা শুনলাম যে বিহার একটা পাশ দিয়ে বাঁধ দিচ্ছে। আমাদের চীফ ইঞ্জিনীয়ার বলেছেন যে বাংলা এবং বিহারের চীফ ইঞ্জিনীয়াররা বসে একটা মাষ্টার প্ল্যান তৈরী করবেন। আমি সম্প্রতি যা খবর পেয়েছি তাতে আমি যা জানি তা হচ্ছে এই যে তাঁরা এক্ষণি কিছু কিছু স্কীম রাস্তা বলে বাঁধ ব[illegible] করতে যাচ্ছেন। আমি তাঁকে পরিষ্কারভাবে বলতে চাই যে, এই বাঁধ আইনতঃ বিহার তৈরী করতে পারেন না। যদি করেন তাহলে ভীষন ক্ষতি হয়ে যাবে। আর যে বাঁধ তৈরি করেছেন সেটা থাকবে কিনা সে বিষয়েও আমাদের আশংকা আছে। জনসাধারণ যদি আশংকা করেন—আগেকার চীফ ইঞ্জিনীয়ারকে যা আমরা বলেছিলাম তা অনেকটা ফলেছে। তাই আমি একজন লে-ম্যান হিসাবে বলতে চাই যে বিহারের বাঁধ এক্ষণি বন্ধ করা উচিৎ। আর সরকারের তরফ থেকে এক্ষণি লেখাপড়া করা উচিৎ এবং প্রকৃত অবস্থা নিশ্চয়ই আমাদের জানাবার চেষ্টা করবেন। দ্বিতীয় কথা, মালিও স্কীমের জন্য বহু লোক স্বতঃস্ফূর্ত হয়ে বহু একর জমি বিনা ক্ষতিপূরণে আগে থেকে দিয়েছেন। কিন্তু তারা ক্ষতিপূরণের টাকা এখন পর্যন্ত পাচ্ছেন না। ত[illegible] সেচ বিভাগ সেই টাকা দেবার জন্য প্রস্তুত একথা শুনেছি। তারা কিসের জন্য টাকা পেল [illegible] কিসের জন্য ক্রপ কমপেনসেসান পাচ্ছেন না সেটা একটু দেখবার জন্য বলছি। তারপর বল[illegible] চাই [illegible] ছিল। [illegible] একটা [illegible] তিন চার [illegible] জায়গা—বহু হাজার একর জমি গংগার ভাঙগনে কেটে গেছে। আমি শুনলাম যে, কেন্দ্র[illegible] সেচমন্ত্রী [illegible] ঠিক হয়েছে [illegible] তৈরি করে বন্যা পকল্পের [illegible] করার চেষ্টা করা হবে। এটা যাতে শীঘ্র হয় সে বিষয়ে মন্ত্রী মহাশয়কে দৃষ্টি আকর্ষণ করা[illegible]

আমি শুনলাম আমাদের চীফ ইঞ্জিনীয়ার মহাশয় সেখানে গিয়ে জনসাধারণের কাছে অত্যন্ত হতাশাব্যঞ্জক কথা বলে এসেছেন। তার ফলে জনসাধারণের মন ভেঙ্গে গেছে এবং তারা খুব আতঙ্কগ্রস্ত হয়ে পড়ছে। আমি বিশ্বাস করি যে এই প্রকল্প যেন যে কোন উপায় হয় তার জন্য মন্ত্রী মহাশয় চেষ্টা করবেন। তারপর, স্থানীয় জনসাধারণের পক্ষ থেকে কয়েকটা খাল কেটে নদী ডাইভারটেড করার কথা বলা হয়েছে। জানিনা সেটা সম্ভব কিনা? আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি সে বিষয়েও চিন্তা করে দেখতে। আর একটি কথা বলতে চাই যে, আমাদের সেচমন্ত্রী, ভূমিরাজস্ব মন্ত্রীও বটে। এ কয়েক বছরে যা জমি আমাদের কেটেছে তা সমস্ত বিহারে গিয়ে উঠেছে। অথচ বিহারের জমিতে আমাদের চাষীরা গিয়ে চাষ করতে পারে না। নদীর অপর পাড়ে গেলে বিহার দাবী করছে এবং আমাদের চাষীদের কাছে বহু হাজার টাকা তাঁরা সেলামী হিসাবে নিচ্ছেন বিনা কারণে। তারপর, বলতে চাই যে, আমাদের ফরাক্কা প্রকল্প কার্যকরী হবার পর অনেকের মনে আশঙ্কা হয়েছে যে মালদহ জেলার কালিয়াচক থানার কিয়দংশ বন্যায় ডুবে যাবে। সেই বন্যায় যাতে ডুবে না যায়—যদি ডুবে যায় তাহলে কি ব্যবস্থা করা হবে, আর সে জল কিভাবে আরও দূরে ক্যানেল কেটে সেচের কাজ করা যায় কিনা, সে বিষয়ে আমি তাঁদের এখন থেকেই বিবেচনা করতে বলি। যদি এটা করেন তাহলে জনসাধারণকে আমরা আশ্বাস দিতে পারি। এই কথা বলে আমি মন্ত্রী মহাশয়কে আমাদের মালদহ জেলায়—সেখানে এতদিন কোন পরিকল্পনা করা হয়নি এ বছরেও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২০ লক্ষ টাকা মালিও স্কীমে ধরা হয়েছিল, এ বছর উপরন্তু ৯ লক্ষ টাকা ধরেছেন বলে তাঁকে ধন্যবাদ দিয়ে এই বাজেট বরাদ্দের সমর্থন জানাচ্ছি।

[4-45—4-55 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় চেয়ারম্যান স্যার, দামোদর ভ্যালী কর্পোরেশন-এর সম্পর্কে যে ব্যয় বরাদ্দ মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন আমি তার বিরোধীতা করতে উঠে দুইচারটি কথা আপনার সামনে পেশ করতে চাই। স্যার, এই দামোদর ভ্যালী কর্পোরেশন গঠিত হয়েছে ১৯৪৮ সালে দামোদর ভ্যালী কর্পোরেশন-এর আইন অনুযায়ী। বিগত ১৫ বৎসরের মধ্যে প্রায় ২০০ কোটি টাকা এই খরচ করে দামোদর উপত্যকার মধ্যে বাঁধ করেছেন, ইলেকট্রিসিটি করেছেন, বন্যা নিবারণের কাজ করেছেন এবং সেচের বন্দোবস্ত করেছেন। তাতে আমাদের পশ্চিমবঙ্গকে প্রায় ১০০ কোটি টাকার মত দিতে হয়েছে, তাতে পশ্চিমবঙ্গের দায়-দায়িত্ব সবচেয়ে বেশী। বিগত কয়েক বছর ধরে আমরা এই দামোদর ভ্যালী প্রশাসনিক ব্যবস্থায় যে ত্রুটি বিচ্যুতি এই হাউসের সামনে তুলে ধরেছি। বিরোধী পক্ষের সদস্যরা ভারতবর্ষের পার্লামেণ্ট বা লোকসভায় এ কথা বলেছেন, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সে দিকে সরকারের কোন দৃষ্টি নেই, যার ফলে আজকে তারা এই দামোদর ভ্যালী কর্পোরেশনকে ভাগ করবার কথা চিন্তা করছেন অর্থাৎ ডিসমেম্বারমেণ্ট করার কথা তাঁরা চিন্তা করছেন। কেন করছেন, যে তাঁরা মনে করছেন যে আজকে বিদ্যুৎ, সেচ ব্যবস্থা এবং বন্যা নিয়ন্ত্রণের কাজ সরকারের হাতে ন্যস্ত করে দামোদর ভ্যালী কর্পোরেশন-কে উঠিয়ে দেবার কথা তাঁরা চিন্তা করছেন। এর একমাত্র কারণ হচ্ছে যে এই কর্পোরেশনের মাধ্যমে যে ভাবে খরচ করার কথা ছিল এবং খরচ করে যে বিদ্যুৎ ও সেচের ব্যবস্থা করার কথা ছিল ঠিক সেইমত তাঁরা কাজ করে উঠতে পারেন নি। কেন পারেন নি সে সম্পর্কে এখন পর্যন্ত কোন তদন্ত হয়নি এবং হবে বলেও মনে হয় না। তার কারণ, যে কথা শম্ভুবাবু বলে গেলেন যে এই প্রশাসনিক ব্যবস্থায় কত দুর্নীতি বাসা বেঁধেছে। আর এই দুর্নীতির সংগে বড় বড় অফিসাররা কিভাবে জড়িত সেটা আজকে দিনের আলোর মত স্পষ্ট হয়ে উঠেছে। এ কথা আজকে সকলেই জানেন। আজকে এ সম্পর্কে কোন তদন্ত হচ্ছে না। শুধু দামোদর ভ্যালী কর্পোরেশনকে ডিসমেনবারমেন্ট করে দিয়ে—অর্থাৎ এটাকে ভেঙ্গে দিয়ে—পশ্চিমবঙ্গ সরকারের হাতে সেচ ব্যবস্থা, বিহারের হাতে বিদ্যুৎ এবং সেন্ট্রাল গভর্নমেন্ট-এর হাতে বন্যা নিয়ন্ত্রণের ভার থাকবে এইরকম একটা কথাবার্তা উঠেছে। আমরা এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকারকে বারণ করেছিলাম, যে এইরকম ডিসমেনবারমেন্ট যেন না হয়। তার কারণ পশ্চিমবঙ্গ সরকার

এই দামোদর ভ্যালী কর্পোরেশন-এর মধ্যে মেজর পার্টিসিয়েন্ট, অর্থাৎ শতকরা ৫০ ভ বেশী এর দায়দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের এবং তারজন্য সরকারকে টাকা দিতে হয়েছে। সম্পূর্ণ সেচ এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য যে সুখ সুবিধা, যেটা পশ্চিমবঙ্গ সরকারের প কথা। যদিও আমরা মনে করি তাঁরা এটা পাননি, কিন্তু তা সত্ত্বেও দেখছি ডিসমেনবারমেন কথা চলেছে। ব্যারেজ এবং ইরিগেশন-এর দায়দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করলেন। মান অজয়বাবু যখন সেচমন্ত্রী ছিলেন, তখন আমরা তাঁকে স্মরণ করেছিলাম যে ব্যারেজ এবং গেশন-এর সাথে বাঁধগুলোও যেন পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্বে আসে। তখন অজয়বাবু ছিলেন যে, যদি বাঁধ না পাওয়া যায় তাহলে ব্যারেজ এবং ইরিগেশন আমরা নেবো না। আশ্চর্য্যের ব্যাপার, দেখা গেল সেই পশ্চিমবঙ্গ সরকার ব্যারেজ এবং ইরিগেশন নিয়ে নিল আর বাঁধের সমস্ত দায়িত্ব সেন্ট্রাল ওয়াটার পাওয়ার কমিশন-এর হাতে চলে গেল। তাতে য কি হল? এই বাজেটেই আমরা দেখতে পাচ্ছি যে এই ব্যারেজ এবং ইরিগেশন-এর জন্য বছরে লক্ষ টাকা পশ্চিমবঙ্গ সরকারকে খরচ করতে হবে। এ বছরে, গত বছর ৪৩ লক্ষ টাকা পাবেন। আর আগামি বছর আশা করেন যে ৪৩ লক্ষ টাকার মত তাঁদের রিসিপ্ট হবে। অ এখন থেকেই বছরে নেট ডেফিসিট শুধু রেভিনিউ এক্সপেনডিচার ৭ লক্ষ টাকা। অর্থাৎ থেকে বছরে নেট ডেফিসিট শুধু রেভিনিউ এক্সপেনডিচার এবং রেভিনিউ নেট ডেফিসিট তাদের ৭ লক্ষ টাকা। ঠিক এইরকমভাবে যদি ময়ূরাক্ষী প্রোজেক্ট দেখা যায় তাহলে দেখা ময়ূরাক্ষী রিজার্ভার রিসিপ্টস খাতে ৭২ লক্ষ ২৭ হাজার টাকা এবং তার এক্সপেণ্ডিচার ৩৭ লক্ষ ৩৫ হাজার টাকা অর্থাৎ প্রায় ৩৫ লক্ষ টাকার মত এই ময়ূরাক্ষী প্রোজেক্টে রেভে এক্সেস হয়েছে অর্থাৎ লাভ হয়েছে। এই ময়ূরাক্ষী প্রোজেক্ট আমাদের প্রদেশের সম্পূর্ণ এক্তিয়া মধ্যে আছে এবং সেখান থেকে জল বাঁধ কন্ট্রোল করে আমাদের সরকার এবং সেখান থেকে জ ডিস্ট্রিবিউসানের দায়িত্ব সম্পূর্ণ আমাদের। আমরা তখন বলেছিলাম দামোদর ভ্যালি কর্পোরেশা তরফ থেকে যেভাবে অন্যায়ভাবে টাকা পয়সা খরচ করে এই ব্যারেজ, ইরিগেশন [illegible] করা হচ্ছে তার দ্বারা লাভ হতে পারে না। তার কারণ, গুটিকয়েক দুর্নীতিপরায়ণ অফি মাথার উপর বসে আছে, কোটি কোটি টাকা নিয়ে তারা ছিনিমিনি খেলছে, নষ্ট করছে, লক্ষ টাকা তারা পকেটে পুরছে। একথা অনস্বীকার্য যে আজকে আমাদের এতবড় একটা রিজিওন প্ল্যানিং যার পিছনে ভারতবর্ষের সংহতি ছিল যার পিছনে ভারতবর্ষ বিশেষতঃ বিহার বাংলাদেশের সাধারণ মানুষের অনেক আশা ছিল সেই দামোদর ভ্যালি কর্পোরেশানকে এই সম গুটিকয়েক অসৎ অকর্মণ্য অফিসার বাণ্ডাল করে দিলেন। আজকে বেঙ্গল গভর্নমেন্টকে চি করতে হচ্ছে, ইণ্ডিয়া গভর্নমেন্টকে চিন্তা করতে হচ্ছে ডিসমেম্বারমেন্টের জন্য। এটা যদি তাহলে এর চেয়ে লজ্জার কথা কিছু নেই। এই সমস্ত অফিসার

why they are not brought to Book.

আমি এই কথা মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই? তাঁরা কি জানেন না এই সম অফিসারের জন্য আজকে এই পরিস্থিতি এসে গেছে? তা ছাড়া আর একটা কথা বলতে চাই হচ্ছে ইরিগেশন এবং ফ্লাড কন্ট্রোলের জন্য পশ্চিমবঙ্গ সরকার গতবার দিয়েছিলেন ৩ কে ৪৫ লক্ষ টাকা। এবারেও বোধ হয় সাড়ে তিন কোটি টাকার মত ডি, ভি, সি, আইনের ৩৭ অনুযায়ী তাঁদের দিতে হবে। কেন দিতে হবে? এই যে প্রত্যেক বছর ৩ কোটি ৩৷৷ কোটি টা মত দিতে হচ্ছে, তার মধ্যেই আমি দেখলাম মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জবাব চাই, এই টাক পশ্চিমবঙ্গ সরকারকে কেন দিতে হবে? ইলেকট্রিসিটিতে আজকে দামোদর ভ্যালি কর্পোরে লাভ দেখাচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার ঐ সেকসান ৩৭ অব দি ডি, ভি, সি এ্যাক্ট অনুয কত পাবেন? ১৯৬৩-৬৪ সালে আমার যতদূর মনে হয় ২৬ লক্ষ টাকা পেয়েছেন। ১৯৬৪- সালে [illegible] পেয়েছেন [illegible] লক্ষ টাকা এবং এবারে ১৯৬৫-৬৬ সালের বাজেটে আছে তাঁরা ৫৭ লক্ষ টাকা পাবেন, অন্ততঃ আমি যে ফিগার দেখলাম তাতে। কাজেই ৩৷৷ কোটি টা মত ঐ আইন অনুযায়ী ডেফিসিট কেন দিতে হবে এটা এবারের বাজেটের ভেতর দিয়ে বুঝ পারা গেল না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে এই সম্বন্ধে জবাব চাই। স্যার, পরে আমি শুধু আপনার কাছে এই দামোদর ভ্যালি কর্পোরেশানের অফিসারের বিরুদ্ধে বিভি অভিযোগ শম্ভুচরণ দাস মহাশয় করে গেছেন তার সাথে সাথে দু-একটা অভিযোগ করব ম

মহাশয়ের অবগতির জন্য যে এখনও কি ধরণের অসৎ কাজ এখানকার অফিসাররা করে চলেছেন। স্যার, ওখানকার ডেপুটি চীফ ইঞ্জিনীয়ার, এস, আর, ঘোষ, হরিসাধন ব্যানার্জী এবং শ্রীনিয়োগী এ'দের ব্যক্তিগত সম্পত্তির হিসাব যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে এ'দের প্রত্যেকের প্রায় ব্যাংক ব্যালেন্স রয়েছে ৩ লক্ষ টাকার মত এবং এই তিনজন অফিসার বর্ধমান শহর হাসপাতালের কাছে জি, টি, রোডের পাশে ২০ বিঘা জমি কিনেছেন। এ ছাড়া এস, আর, ঘোষ যাদবপুরে দোতলা বাড়ী করেছেন। হরিসাধন ব্যানার্জী বর্ধমান শহরে, দুর্গাপুরে এবং চন্দননগরে বড় বড় তিনটি বাড়ী কিনেছেন। শ্রীনিয়োগী হাজারিবাগে, কলকাতায় দুটো বাড়ী করেছেন। এত টাকা তাঁরা কোথা থেকে পেলেন? স্যার, অডিট রিপোর্টে বলা হয়েছে বর্ধমান, সোনামুখী, পানাগড় ইত্যাদি এলাকায় ডি, ভি, সি, নাকি অনেক রাস্তা করেছে বলে দেখান হয়েছে। কিন্তু অডিট রিপোর্টে দেখা গেল যে এই রকম রাস্তা কিছু হয়নি। আশ্চর্যের কথা হল ভূয়ো টেন্ডার দিয়ে এই সমস্ত অফিসার লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করেছে। অডিট রিপোর্ট অনুযায়ী এই ব্যাপারে কোন তদন্ত হয়েছে কিনা আমি জানতে চাই? যদি তদন্ত হয়ে থাকে তাহলে এই সমস্ত অফিসারের বিরুদ্ধে কোন চার্জ গঠন করা হয় নাই কেন?

[4-55—5-5 p.m.]

এ ছাড়া ডি, ভি, সি-র মধ্যে এমনভাবে প্রাদেশিক মনোভাব ঢুকিয়ে দেওয়া হচ্ছে যাতে ডিসমেমবারমেন্ট তাড়াতাড়ি করা যায়। সেইজন্য মন্ত্রী মহাশয়কে এ বিষয়ে অবহিত হতে বলছি এবং [illegible] রুখবার জন্য বলছি।

তারপর ডি, ভি, সি যে বাজেট এবার পেশ করেছে, তাতে ওঁরা দেখিয়েছেন ডেফিসিট বাজেট। এই ডেফিসিট বাজেট দেখাবার একমাত্র কারণ হচ্ছে এই- আমি যতদূর শুনেছি ডেফিসিট বাজেট এটা হয় না। কারণ ১৯৬৩-৬৪ এ্যাকচুয়লস-এ উদ্বৃত্ত দেখান হয়েছে। তাই ডি, ভি, সি, প্রায় এক কোটি ৩৫ লক্ষ টাকা লাভ করেছে, ফলে ২৬ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ সরকারকে দিয়েছে, ২৬ লক্ষ টাকা বিহার সরকারকে দিয়েছে এবং ২৬ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারকে দিয়েছে। কিন্তু এবার দেখছি ডেফিসিট বাজেট। সংগে সংগে এই যে আমাদের কাছে বাজেট পেশ করেছেন তাতে পশ্চিমবঙ্গ সরকার লিখেছেন যে ডি, ভি, সি-র যে নেট প্রফিট হবে তা থেকে এই বছরের বাজেটে ৫৪ লক্ষ ৯৮ হাজার টাকা ওঁরা পাবেন, এই যদি হয় তাহলে এর মধ্যে সামঞ্জস্য কোথায়? বিদ্যুৎ থেকে যে লাভ হবে, তা যদি তিনটি সরকারকে বন্টন করে দেওয়া যায়, তাহলে আমার মনে হয় এবারের বাজেটে ডি, ভি, সি, আরো বেশী লাভ করতে পারবে। এমতাবস্থায় আমার বক্তব্য হচ্ছে ডি, ভি, সি-র যে সমস্ত এমপ্লয়িজ রয়েছে তাঁদের কেন বোনাস দেওয়া হবে না? এই বোনাস সাধারণতঃ দেখা গেছে এন, সি, ডি, সি, ফার্টিলাইজার কর্পোরেশন, দুর্গাপুর প্রজেক্টস্ ইত্যাদির যারা এমপ্লয়িজ, তারা পাচ্ছে। আর ডি, ভি, সি, এমপ্লয়িজ তাঁরা ৪ পার্সেন্ট অফ দেয়ার ইয়ারলি ইনকাম বোনাস চেয়েছেন। তাতে দিতে হয় ৩ লক্ষ সাড়ে তিন লক্ষ টাকার মত বোনাস। অথচ সেই বোনাস দেওয়া হচ্ছে না, বোনাস কমিশনের রেকমেণ্ডেশন অনুযায়ী তা দেওয়া উচিত, [illegible] অফিসার, চন্দপুরা থার্মেল পাওয়ার স্টেশন-এর [illegible] অফিসারদের তাঁরা এক বছরে এক লক্ষ টাকা ওভারটাইম দিতে পারেন [illegible] যদি ডি, ভি, সি-র থাকে, তাহলে তাদের অফিসের স্টাফ যারা, তাদের ৪ পার্সেন্ট যেটা মিনিমাম রেকমেণ্ডেশন অফ দি বোনাস কমিশন ৩ লক্ষ কি চার লক্ষ টাকা, তা কেন দেওয়া হবে না? আমি জিজ্ঞাসা করতে চাই যদি তাদের ডেপুটি চীফ ইঞ্জিনীয়ার মিঃ গোখলিন, বা মিঃ দাস বললেন, যদি ৫৪ হাজার টাকা টি, এ, বিল করতে পারেন, তাহলে ডি, ভি, সি-র হাজার হাজার কর্মীকে তাদের ৩ লক্ষ থেকে সাড়ে তিন লক্ষ টাকা যেটা ৪ পার্সেন্ট বোনাস কমিশন রেকমেণ্ডেশন করেছেন সেই বোনাস দেওয়া হবে না কেন? কাজেই সেই জন্য [illegible] সরকার [illegible] ডি, ভি, সি কর্তৃপক্ষের গোচরে এটা আনা হোক যে যেভাবে তাদের লাভ হচ্ছে, তাতে তাদের কর্মীদের সন্তুষ্ট করবার জন্য আজকে তাদের বোনাস দেওয়া উচিত। এই কর্মীদের যদি তাঁরা সন্তুষ্ট করতে পারেন, তাহলে এই প্রতিষ্ঠানকে তাঁরা আরো এগিয়ে নিয়ে যেতে পারবেন। সেই

সংগে সংগে পশ্চিমবঙ্গ সরকারকে বলবো এই ডিসমেমবারমেন্ট প্রচেষ্টার বিরুদ্ধে তাদের রায় ঘোষণা করুন এবং সংগে সংগে ডি, ভি, সি-র এ্যাডমিনিস্ট্রেটিভ যাতে ক্লিয়ার ও ক্লিন হয়, এই ডি. ভি. সি, আমাদের যে রিজিওনাল প্ল্যানিং প্রথম আরম্ভ করেছে, সেই রিজিওন্যাল প্ল্যানিং যাতে সার্থক করতে পারেন, প্রচেষ্টা পশ্চিমবঙ্গ সরকার করুন।

Shri Khalil Sayeed:
মাননীয় চেয়ারম্যান মহাশয়, এটা সবাই জানেন যে সেচ কৃষিকার্যের একটা অপরিহার্য অংগ। বাংলা দেশে যখন স্বাধীনতার আন্দোলন হয়, সেই আন্দোলনে কৃষকরা ঝাঁপিয়ে পড়েছিল। কারণ স্বাধীনতা তারাও চেয়েছিল। কিন্তু কিসের আশায়? নিশ্চয়ই এই আশা করেনি যে স্বাধীনতার পরে তাদের দোতলা বাড়ী হবে, তাদের কৃষাণীদের জন্য দামী শাড়ি হবে। তারা আশা করেছিল পেট ভরে অন্ততঃ খেতে পাবে ভাল ভাবে। কিন্তু দেখছি দেশে যখন কঠোর অনাবৃষ্টি হয় তখন আমাদের মঠের কৃষকদের বলতে হয়, "আল্লা পানি দে, মেঘ দে"। জিজ্ঞাসা করি এটা কেন? আজকে এই বৈজ্ঞানিক যুগে কৃষকদের এই দুর্দশা হবে কেন, সেচের অভাবে কেন তাদের কৃষিকার্য ব্যাহত হবে সেটা আমি বুঝতে পারছি না। স্যার, আমাদের সরকার দামোদর, কংসাবতী প্রভৃতি বড় বড় পরিকল্পনা যা করছেন তাতে তাঁরা শুধু ব্যর্থতাকে ডেকে নিয়ে আসছেন। তাঁরা পরীক্ষা করুন, বড় বড় পরিকল্পনা করুন বা যাই করুন ছোট ছোট পরিকল্পানাগুলি অবহেলা করা কাজের কাজ হবেনা। আমি আপনাদের সামনে বলতে চাই সেই পরিকল্পনাগুলি কি। বাংলাদেশে এবং উত্তরবঙ্গে অনেক ছোট ছোট নদী এবং খারী আছে। সেই নদীতে এবং খারীতে যদি স্লুইস গেট করা যায় এবং দুদিকে বাঁধ বা এমব্যাংকমেণ্ট করা যায় তাহলে বর্ষার সময় সঞ্চিত জল থাকবে এবং বন্যার উদ্বৃত্ত জল বেরিয়ে গেলে যে বাকী জল থাকবে তা দিয়ে কৃষকরা সেচের কাজে উপকৃত হতে পারবে এবং রবি শস্য বাড়ান যেতে পারবে। তারপর, আমার উত্তরবঙ্গে পুকুর আছে এবং পশ্চিম দিনাজপুরকেও পুকুর বহুল দেশ বলা হয়। আপনারা শুনলে আশ্চর্য হবেন যে ৩০০।৫০০।১০০০ বিঘারও এক একটি পুকুর আছে। এককালে এগুলোতে কাকচক্ষু জল ছিল, কিন্তু আজকাল সেগুলো পানায়, পাঁকে মজে গেছে। আমাদের সরকার যখন গভীর সমুদ্রে মাছ ধরবার পরিকল্পনায় ব্যর্থ হয়েছেন তখন তাঁরা যদি এই পুকুরগুলোর সংস্কার করতেন তাহলে এগুলোতে আবার কাকচক্ষু জল ফিরে আসত এবং সেই জল দিয়ে চাষ করে বাংলাদেশের প্রভূত উপকার করা যেত। তারপর স্যার, যে সমস্ত ছোট ছোট সেচের স্কীম আছে সেখানে কৃষকদের পাম্পিং সেট দেবার জন্য লোন দেবার ব্যবস্থা আছে। কিন্তু আমরা দেখছি সেই ঋণ শুধু বড় বড় কৃষকরা নেয় ছোট ছোট কৃষকরা নিতে পারেনা বা যাদের জমিজমা কম তারা সেটা নেবার একেবারে অযোগ্য। এর কারণ হচ্ছে এই ঋণের কিস্তি হিসেবে বছরে প্রায় ৭০০ টাকা দিতে হয় এবং তার ফলে গরীব কৃষকের এটা নেবার ক্ষমতা থাকেনা। শুধু তাই নয় এই পাম্পিং সেটা নেবার জন্য কৃষককে জমি পর্যন্ত দিতে হয়। কাজেই এই কিস্তির টাকা কম যদি হয় তাহলে ছোট ছোট কৃষকরা এই পাম্পিং সেট নিয়ে আরও বেশী জমিতে জল দিতে পারে এবং পাম্পিং সেট ও কয়ার ফিল্টার দিয়ে জলসেচ প্রথা বাংলাদেশে চালু হতে পারে। কিন্তু দুঃখের বিষয় এটা অনেক জায়গায় এখনও চালু হোলনা। এবারে আমি আমার নিজের জেলার কথা একটু বলি। ১৯৪৪ সালে কাশিয়ারী পরিকল্পনা নেওয়া হোল এবং ডি এম তদানিন্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায় এবং সেকসনাল অফিসার গিয়ে এনকোয়ারী করলেন। কিন্তু তারপর তো আর সাড়া নেই। এই কাশিয়ারী খারির দুপাশে হাজার হাজার বিঘা জমি বন্যায় যখন নষ্ট হয় তখন এখানে একটা এমব্যাংকমেণ্ট করা দরকার। তারপর নারই খারির পরিকল্পনা নেওয়া হয়েছে এবং কৃষকের জমি নষ্ট করে খাল কাটা হচ্ছে। একথা ঠিক যে খাল কাটতে গেলে জমি নষ্ট হয় তানাহলে খালের কাজ কি করে হবে। কিন্তু কথা হোল খাল কাটার জন্য যেসব কৃষক ভূমিহীন হোল তাদের টাকা দেওয়া উচিত ছিল। কিন্তু পরিকল্পনা নেবার এতদিন পরেও সরকার তাদের টাকা দেবার পরিকল্পনা করেননি। তারপর, আমাদের জেলায় আত্রেয়ী, টাংগন, পুনর্ভবা এবং মহানন্দা নদী মজে গেছে। আমি মনে করি এগুলি কেটে দেওয়া দরকার এবং বন্যার জল যাতে নিষ্কাষণ হয় তারজন্য অচিরে ব্যবস্থা করা দরকার।

[5-5—5-15 p.m.]

আমি আর একটা কথা বলতে চাই। পুকুর সংস্কারের জন্য গভর্ণমেণ্ট গ্রামের লোককে টাকা দেন। সেই টাকা কিভাবে দেওয়া হয়, এই ভিত্তিতে দেওয়া হয় যে সেই সংস্কার পুকুর থেকে জমি যদি জলসেচ পায় তাহলে তারা টাকাটা দেবে। এই টাকা লোন পাবার জন্য পুকুরের আশে পাশের খতিয়ান নম্বর দাগ নম্বর তুলে দিতে হয়। কিন্তু পুকুরের যে মালিক সে আশে পাশের জমির মালিকদের না জানিয়েই সেই দাগ নম্বর তুলে দেয় এবং আশে পাশে কলা গাছ লাগিয়ে দেয় চার পাশ দিয়ে। কৃষকরা কোন দিন জল পায়না কিন্তু দুই এক বছর পরে দেখা গেল কৃষকের ঘাড়ে ট্যাক্স চেপে গেল। অথচ সে জল পায়নি।

যে সমস্ত ডিপ টিউবওয়েল জেলায় চালু হয়েছে সবই প্রায় অকেজো হয়ে আছে, কেন আছে, যে সমস্ত টিউবওয়েল করেন তার জন্য প্রচুর পাইপ দেওয়া দরকার, নইলে তারা জল পায়না। আমি অনুরোধ জানাচ্ছি এ বিষয়ে যাতে সরকারের নজর পড়ে। আমি আমার কনস্টিটিউয়েন্সীর সরাইহাটা বিলের কথা বলছি, সেখানে একটা ক্যানাল কেটে চাষাযোগ্য জমির যদি আবাদ করা যায় তাহলে প্রচুর জমি উদ্ধার হতে পারে, সেচের কাজ হতে পারে এবং চাষও তাতে হতে পারে।

Shri Jiban Krishna Dey:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের রাজ্য সরকারের দপ্তর বলতে হচ্ছে প্রধানতঃ চারটি। একটা হচ্ছে পুলিশ, একটা হচ্ছে খাদ্য, একটা হচ্ছে সেচ এবং আরেকটা হচ্ছে পি ডবলিউ ডি। তার মধ্যে পুলিশ আর খাদ্য যেটা সেটা মুখ্যমন্ত্রীর হাতে রয়েছে, বাকী পি ডবলিউ ডি এবং সেচ সম্বন্ধে বলার আগে আমি এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট সম্বন্ধে এটুকু বলতে চাই যে সেটা যদি মুখ্য ছেড়ে দেন তাহলে যেন ভাল হয়। এমনিতে তো বলে বলে কিছু হবেনা সেচ এবং কৃষি যদি অংগাগিভাবে থাকে তাহলে বরং কিছু ভাল কাজ টাজ হতে পারে। তা ছাড়া আর একটা কথা বলার আছে, হাজার ভাল কথা বলেও কোন ফল হবেনা ওঁরা শুনবেননা কিছুই হবেনা, তবে এটা অন্ততঃ করুন। যেমন ধরুন আজকে আলোচ্য বিষয় ইরিগেশন, সেখানে দেখছি কি? কি কৃষিভিত্তিক কি বন্যা ভিত্তিক প্রধানতঃ যে ব্যবস্থাটা হওয়া উচিত সেটা আমাদের মন্ত্রীর আলোচনার মধ্য দিয়ে ফুটে উঠেছে, তিনি এর ধারে কাছ দিয়েও যাননি। যে এক আধটু ইরিগেশন ব্যবস্থা ইণ্ডাষ্ট্রিয়েল এরিয়া বর্ধমান বীরভূমে হচ্ছে—যেমন ধরুন ময়না বলুন দাশপুর পটাশপুর বলুন ভূতপূর্ব সেচ মন্ত্রী এবং বর্তমান যিনি মন্ত্রী তাদের বাড়ী কাছ দিয়ে কিছু কিছু হচ্ছে কিন্তু আসল জায়গা যেটা ইরিগেশনের অভাবে সাফার করছে, সব চেয়ে ক্রিটিক্যাল যে এরিয়া ফ্লাড ষ্ট্রিকেন এরিয়া তার ধারে কাছ দিয়েও যেতে পারেননি। মন্ত্রী মহাশয়ের যে বক্তৃতা তাতে শুনলাম বড় বড় বন্যা নিয়ন্ত্রণ হবে, কিন্তু তার যে কবে দেশ পাবে, এই যে ক্ষতির হাত থেকে দেশ যে কবে বাঁচবে সেকথা তিনি বলতে পারেননি। আমার একটা প্রস্তাব আছে বিকল্প প্রস্তাব, আমরা দেখছি জাঁদরেল মন্ত্রী যারা আছেন এবং তারা যে ডিপার্টমেণ্টে আছেন, যেমন ধরুন খগেনবাবু তিনি আমরা যারা আছি তাদের জন্য কিছু নাও করে থাকেন, কুচবিহার এবং তার আশে পাশের জন্য না হলেও উত্তরবঙ্গের জন্য না হলেও তিনি নিজের জেলার জন্য ভালই করেছেন।

ব্রড গেজ, মিটার গেজ তার সংগে ন্যাশানাল হাইওয়েজ সব জায়গা দিয়ে নিয়ে ভালই করেছে তার ছিটেফোঁটা আমরা কিছু পেয়েছি। ন্যায় নীতির দিক দিয়ে মন্ত্রী মহাশয় বিচার করবেন না। সুতরাং সরকারের বিশেষ কিছু লাভ নেই। একটা কাজ করা যাকই আপনারা খগেনবাবুকে সেচমন্ত্রী করুন এবং এখনকার যিনি সেচমন্ত্রী তাকে পি ডবলিউ ডি মিনিষ্টার করুন তাহলে ভাল হবে। খগেনবাবুর দৌলতে জলপাইগুড়িতে ২।১টা বন্যা নিয়ন্ত্রণ এবং ২।১টা খাল বিলের পরিকল্পনা করা চলে তাহলে কুচবিহার, দিনাজপুর ইত্যাদি এলাকায় তার ছিটেফোঁটা আমরা পেতে পারি। তেমনি এই সমস্ত জায়গায় শ্যামাদাসবাবু নিজের নিজের স্বার্থে যদি ২।১টা রাস্তা করেন তাহলে আমাদের ভালই হবে। ন্যায় নীতির দিক দিয়ে কিছু হবে

না, বলেও কোন লাভ নেই। শ্যামাদাসবাবুর বিরুদ্ধে ব্যক্তিগত বলার কিছু নেই। এই ডি, ভি, সি-র খাল এটা একটা গভীর আড্ডায় পড়েছে, যেখানে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার চুরির ইতিহাস চলছে। আমি মনে করিনা তার বিরুদ্ধে অত্যন্ত শক্তভাবে দাঁড়িয়ে কিছু মন্ত্রী মহাশয় বলবেন বা করতে পারবেন। কোন মন্ত্রী করতে পারবেন বলে লাভ নেই এবং সেটা আশা করাও অন্যায়। আমরা সেই জায়গায় বলতে চাই এই কোটি কোটি টাকা স্কীমের মধ্যে যেমন আজকে দুর্গাপুরের যে নেভিগেশন ক্যানেল তার মধ্যে আমরা জানি কত হাজার বিঘা একর আবাদী জমি চলে গেল, কত কোটি টাকা ব্যয় হল, কিন্তু নেট গেন কি হল, সেটার হিসাব পেতে পেতে আমরা মরে যাব। আমাদের পরের পুরুষ পাবে কিনা সেটা গভীর সন্দেহের কারণ। কিন্তু দেশের সাধারণ মানুষ কি দেখে? ছোট খাট স্কীমের অভাবে আমাদের দেশের সমস্ত জায়গা থেকে মজে যাচ্ছে। সেই সমস্ত ছোট খাট স্কীম হলে সত্যিকারের কাজ হোত, সেগুলি যদি আমরা পেতাম তাহলে অনেক কাজ হোত। কিন্তু মন্ত্রী মহাশয়রা সেদিকে জোর দিতে চান না। এবার আমার জেলার কথা বলি। গত বছর কুচবিহার জেলায় আমার যে মহকুমা আছে তাতে স্মল ইরিগেশন স্কীম একটাও হয়নি। কিন্তু জেলার মধ্যে স্মল ইরিগেশন স্কীম হয়েছে একটা জায়গায় সেটা হচ্ছে মাথাভাঙ্গা এখানে ১১টা স্কীম হয়েছে। এটা হয়েছে মন্ত্রী মহাশয়ের নিজের দলের লোক মহেন্দ্রবাবুর এলাকায়। কিন্তু আমরা না পেলাম কোন বিগ, না পেলাম কোন স্মল। এই অবস্থায় আজ আমাদের সমস্ত কিছু হচ্ছে এবং হবে। আমাদের নর্থ বেঙ্গল-এর দুটো স্কীম-এর কথা জানি একটা মুজলাই, একটা জোরাট। কিন্তু দুটোই টোটালি ফেল করেছে—যা থেকে জল কৃষকরা পাচ্ছে না, অথচ টাকা প্রচুর ব্যয় হয়েছে। তিস্তা, রায়ডাক, কালজানি ইত্যাদি সমস্ত নদীগুলি যে কি দুরবস্থা সৃষ্টি করে, কি পরিমাণ ফসল হানি করে এবং প্রতি বছর বন্যায় যে কি দুরবস্থার সৃষ্টি হয় সেটা সকলেই জানেন। কিন্তু আমরা জানি তার ধার কাছ দিয়ে সেচদপ্তর যাননি এবং সেদিকে লক্ষ্যও নেই এবং কবে যে এই সমস্যার সমাধান হবে তা জানি না। আমাদের এলাকায় শালমারী স্কীম বলে একটা স্কীম ১৯৬২-তে গৃহীত হয় তার ব্লুপ্রিন্ট সমস্ত কিছু হয়ে যায় কিন্তু দেখা যায় ইরিগেশান দপ্তর থেকে চীফ ইঞ্জিনীয়ার আপত্তি দিলেন যে এভাবে হবে না কেননা এটা ডিফেকটিভ স্কিম। হাজার হাজার টাকা ব্যয় হল, সার্ভে হল, কিন্তু হল কিন্তু সবই ডিফেকটিভ স্কিম বলে রসাতলে গেল। স্কীম যদি ডিফেকটিভ হয় সেটা এ্যাকুইরেট করা চিফ ইঞ্জিনীয়ার-এর কাজ কিন্তু সেটা তিনি করেননি। অতএব ডিফেক্টিভ স্কীম বলে সেটা গেল। এই কথা আর কেউ বলেন না। অজয়বাবু যখন সেচমন্ত্রী ছিলেন তখন একটা জায়গায় টিলখানা বাজার, কালজানী নদী ভেঙ্গে দেওয়ায় হাজার হাজার বিঘা ধান জমি নষ্ট হয়ে গেল, বহু গৃহস্থের বাড়ী নষ্ট হয়ে গেল। এর জন্য বহু আবেদন নিবেদন হল, বহু কিছু করার পর একটা স্কীম তৈরী হল যে সেখানে একটা বাঁধ হবে, কাজ আরম্ভ হল, বহু লক্ষ টাকা ব্যয় হল—৩।৪ লক্ষ টাকা ব্যয় হল, কিন্তু যেটা নেট গেন তা পাওয়া যাবে না।

[5-15—5-25 p.m.]

এতে নেট গেন কিছু পাওয়া যাবে না। এইযে এত ব্যয় করে পাথর ইত্যাদি সব আনা হয়েছিল তা কালপানি সমস্ত ভাসিয়ে নিয়ে গেল। এই হচ্ছে ও'দের স্কীম-এর অবস্থা। এই যে এন এইচ-৩১ চলে গেছে সেটাকে খগেনবাবুর দপ্তর সেটাকে ৪ মাইল ডাইভারসন করে নিয়ে চলে গেলেন। ন্যাচারাল হাইওয়ে-এর ৪ মাইল ডাইভারসন করতে গিয়ে ১৫০ ফুট পরিমাণ জায়গা এবং নূতন করে যে আরো কত লক্ষ টাকা যাবে সেটা চিন্তা করে দেখুন। যারা ভ্যালুয়েসান করলেন সেখানকার ধানী জমির দাম কত বাজারে কটা ভাঙ্গা ঘর আছে তার ভ্যালুয়েসান ধরলেন কিন্তু যে বাঁধ হল না আজকে সমস্ত জায়গায় ৪ মাইল জায়গা সরিয়ে নিতে হবে এবং তার জন্য যে লক্ষ লক্ষ টাকা গভর্ণমেন্ট-এর ব্যয় হবে সেটা যোগ করা হয়নি। যদি যোগ করা হত আমি জোর করে বলতে পারি যে যে খরচ হয়েছে তার ৫ গুণ টাকা সেখানে লাভ হতো কিন্তু তা হল না। এই সমস্ত বাজার ভেঙ্গে নূতন করে হাজার হাজার বিঘা জমি নদীর গর্ভে গেছে এবং নূতন করে ডাইভারসানের জন্য কয়েক লক্ষ টাকা ব্যয় করে রাস্তা সরিয়ে নেওয়া হল, এমন কি রাস্তার ১০ হাত দূরে নদী সেখানে কনফিউশন করছে। একজন বললেন

১০ কোটি টাকা ব্যয় হল রাস্তার পেছনে কিন্তু যেখান দিয়ে গেল তার ১০ হাত দূরে কালজানী নদী যে কবে ভেঙ্গে ফেলবে তা ঠিক নেই। নদী ভেঙ্গে না ফেললেও খগেনবাবু ভেঙ্গে ফেলবেন। কারণ এখানে রাস্তা করা ওনার স্কীমে নেই। নূতন করে ডাইভারসান করা হবে সেই ডাইভারসান যেখানে করা হবে তার ভ্যালুয়েসান করার সময় এ সমস্ত দিকগুলো দেখা হয় না। দেখা হয় সুবিধামত যে সমস্ত ইঞ্জিনীয়ার যারা পরিচালনা করেন তাদেরই মত অনুসারে। সেজন্য আমি যে ফিগারগুলি দিলাম সেগুলি আপনারা দেখবেন। আপনার সেচ ডিপার্টমেন্ট এবং কৃষি ডিপার্টমেন্ট-এর সঙ্গে যদি কোন যোগ থাকতো তাহলে নূতন করে রাস্তা নেবার জন্য যে হাজার হাজার বিঘা আবাদী জমি নষ্ট হচ্ছে সেটা তাদের নজরে পড়তো তাঁরা আপত্তি করতেন, এবং তার দ্বারা ইঞ্জিনীয়াররা কিছুটা, প্রভাবিত হতেন। তার জন্য সেচ ডিপার্টমেন্ট এবং কৃষি ডিপার্টমেন্ট সঙ্গে একত্রিকরণ করা দরকার। আমাদের বাংলাদেশের সয়েল আবাদের পক্ষে খুবই চমৎকার, কিন্তু আজ ১৭।১৮ বৎসর হয়ে গেল গ্রামাঞ্চলে যেসব অনাবাদী জমি আছে সেখানে জল সেচের কোন লক্ষ্যণ আমরা দেখতে পাব না। কেবল অন্ধ্র কিম্বা ইউ পি-র যে জমি তার চেয়ে আমাদের জমি কোন অংশে খারাপ নয়। কিন্তু যে কোন লোক সেসব জায়গায় যদি যায় তাহলে দেখবে যে সেখানে প্রতিটা ষ্টেপে স্মল ইরিগেশানের কত রকমের চিহ্ন দেখা যায় এবং যেখানে আবাদ হবার কথা নয় সেখানেও প্রচুর পরিমানে আবাদ করার সুযোগ পাচ্ছে। স্মল ইরিগেশান এবং ইরিগেশান ক্যানেল স্পেশ'লি তার দিকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কোন নজর নেই। আমি আবার বলছি যে স্মল ইরিগেশানের দিকে আমাদের বেশী করে নজর দেওয়া দরকার কারণ বিগ ব্যাপার যত সেখানেই লক্ষ লক্ষ টাকা অপচয় এবং অপব্যয় হয় তার তদন্ত করার ক্ষমতা যখন সরকারের নেই তখন ছোট ছোট যদি স্কীম হয় তাহলে জনসাধারণের হস্তক্ষেপে বহু মানুষের দৃষ্টিতে যে সমস্ত জিনিষ ভাল ভাবে চলতে পারে। আমি সবশেষে বন্যা নিয়ন্ত্রণের জন্য গভর্ণমেন্ট-কে নূতন করে বিশেষ উদ্যোগী হতে অনুরোধ করি, তা যদি না হয় তাহলে উত্তরবঙ্গের সর্বনাশ হয়ে যাবে এবং তাকে রক্ষা করা যাবে না। এই জন্যই সর্বাঙ্গীনভাবে বন্যা নিয়ন্ত্রণের জন্য এবং সাধারণত হাজা মোজা নদী তার সঙ্গে সঙ্গে যাতে জল ধারণের ক্ষমতা হয় সেটা করার ব্যাপারে এই বাজেটে কোথাও কিছু নেই বলে আমি এর বিরোধীতা করছি।

Shri Anadi Mohan Tanti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন সেটা সমর্থন করতে উঠে আমি দু একটি কথা বলতে চাই। আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা সমস্বরে একথা বলে গেছেন যে আমাদের সেচ ব্যবস্থায় কিছু উন্নতি হয় নি। তবে তাঁদের মধ্যে একজন আবার এটা স্বীকার করে গেছেন আমি তার জন্য তাকে অভিনন্দন জানাই। তিনি বলে গেছেন যে বহু কিছু হয়েছে--কিন্তু যা হয়েছে সেটা কেবল মন্ত্রীদের এবং তাঁদের দলের এলাকায় হয়েছে। আমি একথাটা তাকে স্মরণ করিয়ে দিতে চাই—বেশী দূরে যাবার দরকার নেই। কলকাতার আশে পাশে অন্তত দেখে আসুন—সোনারপুর-আড়পাঁচ পরিকল্পনা যেটা আমার মনে হয় আমাদের কমিউনিস্ট বন্ধু শ্রীখগেন্দ্র রায়চৌধুরী মহাশয়ের এলাকা। সেখানে কোন মন্ত্রী আছে বলে তো আমার মনে হয় না। কাজেই যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার কতটা আমরা সফলতা লাভ করতে পেরেছি সেখানে দেখলেন সেটা বুঝতে পারা যাবে। সেখানে ৮০ স্কোয়ার মাইল পরিমাণ জায়গা সেচের আওতায় আনার ফলে ফসলের যে উন্নতি হয়েছে-তা আমরা বেশ খানিকটা অনুভব করতে পারি। আমি এই প্রসঙ্গে দু একটা কথা বলতে চাই সুন্দরবন অঞ্চলে আমরা আরও লক্ষ্য করতে পারি যে সেখানে সফলতার সঙ্গে কাজ এগিয়েছে কিনা-- বিগত কয়েক বৎসর আগে আমরা দেখেছি যে প্রায় বাঁধ ভেঙ্গে লোণা জলে আমাদের সুন্দরবন অঞ্চলে বিশেষ ক্ষতি করে ফেলতো। কিন্তু এখন দেখি সে রকম ধরণের ব্যাপক ক্ষতির সম্ভাবনা অনেক কমে গেছে এবং সেখানে এক রকম ক্ষতি হয় না বল্লে চলে। কাজেই আমরা সেটা অনুভব করতে পারি যে আমাদের বাঁধের যে ব্যবস্থা হয়েছে এবং তাতে আমাদের জনসাধারণের বিশেষ কল্যাণের কাজে লাগছে। আমি আরও দু একটা কথা বলতে চাই আমাদের যে অগ্রগতি হয়েছে এটা নিসন্দেহে স্বীকার করে নিতে পারি—কিন্তু সেই প্রসঙ্গে আমি বলবো

যে যেসমস্ত ব্যবস্থা আছে এবং তার মধ্যে যে সামান্য ত্রুটি বিচ্যুতি আছে সেগুলি যদি আমরা সরাতে পারি তাহলে আমার মনে হয় যে অগ্রগতি আরও ত্বরান্বিত হবে এবং তাতে আমরা বেশী সফলতা লাভ করতে পারবো। এই সঙ্গে সঙ্গে আমি বাঁধ সংরক্ষণের দু একটা কথা বলতে চাই। এই বাঁধ মেরামতের সাধারণত যে সময় ঠিক করা হয় যে ব্যবস্থা আছে তাতে কনট্রাক্টর দিয়ে ঠিক করা হয়—সেখানে দেখা যায় যে সর্বনিম্ন ডাকে কনট্রাক্টর যারা টেণ্ডার দেয় তাদেরই দেওয়া হয়। এবং তার ফলে দেখা যায় যে সেখানে প্রায় ৫০ টু ৬০ পারসেণ্ট পর্যন্ত বিলো রেট দিয়ে তারা সেখানে সেই সমস্ত কাজের দায়িত্ব নেন এবং যথা সময়ে কাজ করেন না। ফলে আমাদের সরকার থেকে প্রচুর অর্থ ব্যয় করা সত্বেও সেই সব জিনিসগুলি ঠিকমত হয় না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে এই বিষয়ে নজর দেওয়ার জন্য আমি বলবো এবং আমি অনুরোধ জানাবো—তিনি যদি লেবার কো-অপারেটিভ মাধ্যমে একটা নির্দিষ্ট রেটের ব্যবস্থা করেন—ঐ বাঁধ মেরামতের ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় যে এইগুলি টাকা এইভাবে অপচয় হতে পারে না। বিশেষ করে সেগুলি যদি নির্বাচিত অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে কার্যকরী করা হয় তাহলে আমার মনে হয় যে আরও ভাল কাজ আমরা পেতে পারবো। অবশ্য এখন আমি মনে করি যে সিলেক্টেড কতকগুলি অঞ্চলের হাতে এই রকম দায়িত্ব দিয়ে পরীক্ষামূলকভাবে এটার বিষয় চিন্তা করে দেখা দরকার। এ ছাড়া আর একটা কথা বলতে চাই, যে বাঁধ সারা বছর রক্ষণাবেক্ষণের জন্য যে সমস্ত বেলদার নিযুক্ত করা থাকে তাদের মধ্যে কতকগুলি সিজন্যাল বেলদার দেখা যায়—যে সময় কাজে নিযুক্ত থাকে—তার আগে মাটির অবস্থার জন্য সেগুলি ধসে যায় এবং এমন অবস্থা হতে থাকে যে বর্ষার পূর্বেই সেই সমস্ত জায়গা অশক্ত হয়ে পড়ে এবং প্রবল জোয়ারের জল এসে সেই সমস্ত জায়গা নষ্ট হয়ে যায়। তাই অনুরোধ তিনি যদি একজন করে বেলদার সারা বছরের জন্য নিযুক্ত করেন তাহলে বাঁধগুলি দেখাশুনা করার সুবিধা হয়। এবং অল্প মেরামত করে সেই সমস্ত জিনিসগুলি শক্ত রাখা সম্ভবপর নয়।

[5-25—5-35 p.m.]

এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে জনসাধারণের জন্য বাঁধ দেওয়া হয়েছে—কিন্তু দেখা যায় যে কোন কোন বৎসর প্রবল বৃষ্টির ফলে সেই সমস্ত জায়গায় যথাসময়ে জল নিকাশের ব্যবস্থা থাকে না। তার ফলে সেই সমস্ত অঞ্চলে শস্যগুলি প্রবল বৃষ্টির চাপে নষ্ট হয়ে যায়। সেই সব অঞ্চলে জল নিকাশের কাজ ত্বরান্বিত করার জন্য যে সমস্ত পানাকাটার ব্যবস্থা আছে তাতে জনসাধারণের উপর দায়িত্ব বেশী করে দেওয়া আছে, জনসাধারণের নিজেদের অর্থে সেই দায়িত্ব নিতে হয়; তার ফলে দেখা যায় যারা কাটছে তারা সমবেতভাবে সেগুলি ঠিকমত মেরামত করতে পারে না, ফলে দেখা যায় যে সেই অশক্ত জায়গা থেকে জোয়ারের চাপে ভেঙ্গে গিয়ে প্রচুর নোনা জল ঢুকে সেই সব জায়গায় ক্ষতি করে থাকে। আমি সেইজন্য বলতে চাই যে সেখানে যদি একটা নির্দিষ্ট বেলদার নিযুক্ত করে রাখা হয় এবং হিউম পাইপ দিয়ে যদি জল নিকাশের ব্যবস্থা করা যায় তাহলে জনসাধারণের পক্ষে সুবিধা হতে পারে। বিগত বৎসর এই রকম দেখা গেছে যে কুলতালের (?) অন্তর্গত নোমানিয়া নদীতে লোনা জল উঠার ফলে ৫০ হাজার বিঘা জমি লোনা জলে প্লাবিত হয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই জন্য মন্ত্রী মহাশয়কে আমি বিশেষ করে অনুরোধ করবো যে এদিকে যেন তিনি একটু বিশেষভাবে নজর দেন। এছাড়া আমি আর একটা কথা বলতে চাই যে সমস্ত সুন্দর বনে মজা নদী আছে, সেগুলির যদি পুনরুদ্ধার করা যায় এবং তাতে সারা বৎসরের জন্য জল সঞ্চয় করে রাখা যায় তাহলে আমাদের সেচ ব্যবস্থার সুবিধা হতে পারে। সঙ্গে সঙ্গে আমি বলবো যে লিফ্‌ট ইরিগেশানের যে ব্যবস্থা আছে—সুন্দরবন অঞ্চল খোলা জায়গায় সারা বছর প্রচুর হাওয়া পাওয়া যায়—আমি মনে করি সেখানে যদি উইণ্ড মিলের ব্যবস্থা করা যায় তাহলে সেই উইণ্ড মিলের মাধ্যমে আমাদের সেচের কাজ চালাতে পারবো। এই কয়টি কথা বলে আমি মাননীয় সেচমন্ত্রী মহোদয়কে ধন্যবাদ দিয়ে এবং তাঁর বাজেটকে সমর্থন করে আমার বক্তৃতা শেষ করছি।

Shri Kanai Pal :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যয় বরাদ্দের বিরোধীতা করে বলতে চাই যে আজকে দেশের অবস্থা পরিষ্কারভাবে প্রমাণ করে দিচ্ছে যে এই বিভাগের কাজ কতদূর এগিয়েছে—কি এগোে

নি। আজও দেশের লোককে দারুন গ্রীষ্মে জলের জন্য চাষীদের আবাদের জলের জন্য আকাশের দিকে তাকিয়ে থাকতে হয়, ভগবানের দরজায় ধরনাপাততে হয়। আবার ঠিক সেই সঙ্গে বন্যার প্রকোপ থেকে তাদের বাঁচাতে পরিত্রাহী রব ছোটে এবং দিকে দিকে কান্নার রোল উঠে। সেচের দিক থেকে ধরুন অথবা বন্যার দিক থেকে ধরুন—আমরা যে জিনিস দেখছি তাতে প্রমাণ হচ্ছে এ ব্যাপারে সরকারী ব্যর্থতা। এই বন্যার ব্যাপারে দেখেছি যে এই সমস্ত পরিকল্পনা গৃহীত হবার পরও সেই বন্যা আরও ব্যাপক হয়েছে—আরও ভীষণ আকার ধারণ করেছে। আমরা সেখানে দেখেছি আগে বন্যার জলে চাষীরা আশা করতো যে পলি পড়বে পড়ে যে ফসল নষ্ট হচ্ছে তার চেয়ে অধিক ফসল ফলবে—কিন্তু এখন অনেক জায়গায় এই বড় বড় পরিকল্পনার ফলে বছর ধরে যে জল ধরে রাখা হয় সেই ষ্ট্যাগন্যাণ্ট জল বিষাক্ত হয়ে বন্যার সময় যখন সেই জল ধরে রাখা যায় না তখন সেই জল ছেড়ে দিয়ে জমি ভাসিয়ে দেওয়া হয়, সেই বিষাক্ত জলে পলি পড়েই না—বরং অনেক জায়গায় ফসল ফলার সম্ভাবনা কয়েক বছরের জন্য নষ্ট হয়ে যায়। এবং এই সঙ্গে আমরা দেখছি যে বড় বড় পরিকল্পনা তা বড় লোকদের স্বার্থে—তাদের কলকারখানায় যাতে অল্প মূল্যে বিদ্যুৎ সরবরাহ করতে পারা যায় তার জন্য বিদ্যুৎ উৎপাদনের দিকে বেশী নজর দেওয়া হয়েছে। কিন্তু সেটা সত্যিকারের যতখানি সাকসেসফুল হওয়া উচিৎ ছিল, তাও তাঁরা করতে সক্ষম হয়নি। এই সঙ্গে সঙ্গে আমি একথাও বলব যে, এই কৃষি বিভাগ ও সেচ বিভাগ, এই দুটি বিভাগ এক হয়ে যাবার দরকার আছে। একথাটা প্রমাণ হচ্ছে মন্ত্রী মহাশয়ের নিজের কথা থেকেই। কারণ যখন সেচের ব্যাপারে—টিউবওয়েলের কথা উঠেছে, তখন মন্ত্রী মহাশয় বলেছেন যে, এ কথাটা আমাকে বলবেন না, এ ব্যাপারে আমি উত্তর দিতে পারবো না। অথচ, ডিপ টিউবওয়েলের ব্যাপারে আমরা দেখেছি, সেখানে যে পরিমাণ ডিপ টিউবওয়েল করার কথা ছিল ইরিগেশান-এর জন্য, তার ৩ হাজারের জায়গায় ১০০ কয়েকটি হয়েছে। শুধু তাই নয়, যেগুলি হয়েছে তার সবগুলি কার্যকরী করা সম্ভব হচ্ছেনা। তার কারণ, বিদ্যুৎ-এর অভাব ও নানা-রকম কারণ। তারপর, আমি নদীয়া জেলার কথা বলব। সেখানে কয়েকটি ডিপ টিউবওয়েল করার পর, তার অত্যন্ত মূল্যবান পার্টস সব চুরি হয়ে গেছে। কিন্তু আজ পর্যন্ত সরকারের তরফ থেকে তার প্রতিকারের চেষ্টা বা যারা চুরি করল, তাদের ধরার কোন ব্যবস্থা হয়নি। সরকার তাঁদেব চরম ব্যর্থতা জানিয়েছেন। তারপর, বড় বড় স্কীমের দিকে নজর না দিয়ে ছোট ছোট স্কীম—নদী, নালা, জলাশয় যেগুলি হেজে মজে যাচ্ছে সেগুলির দিকে নজর দেওয়া দরকার। সরকারের পক্ষ থেকে স্ট্যাটিসটিক্স দেওয়া হয়েছে যে তাঁরা কতখানি পরিমাণ জমিতে সেচের ব্যবস্থা করছেন। কিন্তু সেই সঙ্গে সঙ্গে তাঁরা এই স্ট্যাটিসটিক্স-টা দেননি যে, আসলে তাঁরা কতটা এগিয়েছেন বা পৌছিয়েছেন, এটা দিলে আমাদের পক্ষে বোঝা সম্ভব হত যে, এই সময়ের মধ্যে কত নদী, জলাশয় হেজে মজে গিয়ে সেচের অব্যবস্থা হয়েছে। সবশেষে আমি এই কথা বলব যে, সরকার যদি দেশের কল্যাণ করতে চান, দেশের অধিকাংশের কল্যাণ করতে চান, তাহলে বড় বড় পরিকল্পনার চেয়ে ছোটখাট পরিকল্পনার দিকে নজর দিতে হবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-35—5-45 p.m.]

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ এতক্ষণ পর্যন্ত অনেকগুলো গঠনমূলক অভিমত সহকারে আজকের বাজেট আলোচনা করেছেন। অবশ্য শ্রীকানাই পাল মহাশয় জোর করেই ডিপ টিউবওয়েল এবং অন্যান্য ছোটখাট সেচ পরিকল্পনার কথা বললেন। আমি এর আগে শ্রীযুক্ত গোলাম ইয়াজদানী মহাশয়কে বলেছি যে ডিপ টিউবওয়েলের ব্যাপারটা আমাদের হাতে নয়। তবুও আমি বলছি যে তাঁদের দৃষ্টিভঙ্গী গঠনমূলক এবং সেইজন্য আমি ধন্যবাদ দিচ্ছি। তারপর দেখছিলাম, শ্রীগিরিশ মাহাতো, শৈলেন অধিকারী, বৃন্দাবন গায়েন, দীনবন্ধু দাস, গোলাম ইয়াজদানী সকলেই এই কথা বলেছেন যে কৃষির উন্নতি না হলে খাদ্যের অবস্থার উন্নতি হবে না। আর ভাল কৃষি ব্যবস্থা করতে গেলে সেচের দরকার। তাঁদের কথা শুনে

আমার মনে হয় যে, তাঁরা কাট মোশান দিয়েছেন শুধু এই কথা বলবার জন্য যে সেচ বিভাগকে বেশী টাকা দেওয়া হোক। কারণ, সেচের উন্নতি না হলে কৃষির উন্নতি হবেনা, আর তা না হলে খাদ্যের অবস্থার উন্নতি হবে না। অতএব সেচ বিভাগকে যে টাকা দেওয়া হয়েছে সেটা অল্প প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম, এই খাতে আরও বেশী টাকা দেওয়া হোক। মোটামুটি ভাবে তাঁদের কাট মোশানের এই অর্থ দাঁড়াচ্ছে। যাইহোক, এইভাবে সেচের প্রয়োজনীয়তার কথা বারবার বলার জন্য আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। তবে শ্রীমনসুর হাবিবুল্লা মহাশয় বললেন যে, সেচের কাজ কিছুই হয়নি। কোন পরিবর্তন হয়নি, যা ছিল তাই আছে। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলব। গত কয়েক বছর ধরে আমাদের এখানে সেচের উন্নতি কিভাবে বাড়ছে সেটাই আমি দেখাবো। আমাদের এই সেচ বিভাগে ১৯৪৭-৪৮ সালে সেচ প্রাপ্ত এলাকা যা ছিল ১৯৬৫-৬৬ সালে সেটা প্রায় শতকরা ৬০০ ভাগ বেড়েছে। ১৯৪৭-৪৮ সালে একচুয়াল ইরিগেশান এরিয়া ছিল ২ লক্ষ ৭৭ হাজার ৩৬৩ একর আর এবারে অর্থাৎ ১৯৬৫-৬৬ সালের শেষে সেটা গিয়ে দাঁড়াবে ১৭ লক্ষ ৫৭ হাজার একর। এটা হল মিডিয়াম এ্যান্ড মেজর ইরিগেশান স্কীম-এর মারফৎ। এছাড়া অন্যান্য ভাবেও সেচের ব্যবস্থা করা হয়। মাননীয় সদস্যগণ জানেন এই মাত্র শ্রীকানাই পাল মহাশয় বলেছেন—ডিপ টিউবওয়েলের মারফৎ বা লিফ্‌ট ইরিগেশান-এর মারফৎ সেচের ব্যবস্থা করা হয়। এছাড়া ছোটখাট নদী নালা মারফৎ ও সেচের ব্যবস্থা করা হয়। এ সমস্ত জড়িয়ে যদি ধরা হয় তাহলে আমরা এ পর্যন্ত ৪০ লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা করতে পেরেছি। কিন্তু যতখানি আমরা চাই ততখানি হয়নি, একথা স্বীকার করবো। তবে কিছুই হয়নি, ১৯৪৭-৪৮ সালের বা ইংরাজ আমলের তুলনায় একথা বললে আমি বলব যে সত্যের অপলাপের মত শোনাচ্ছে। আমরা স্বীকার করি সেচের আরও দরকার, এরজন্য আরও বেশী অর্থ বরাদ্দ করা দরকার, আমাদের সকলের আরও বেশী তৎপর হওয়া দরকার। সরকার এরজন্য যথাসাধ্য চেষ্টা করছেন। তবে যতটুকু চেষ্টা করা হচ্ছে তাতে আমরা কেউ খুশী নই। তারপর, শ্রীদীনবন্ধু দাস, শ্রীঅনাদি তাঁতী, শ্রীবৃন্দাবন গায়েন, শ্রীঅনঙ্গমোহন দাস এঁরা সবাই একটা কথার উপর বারবার জোর দিয়েছেন সেটা হল, বাঁধ রক্ষার জন্য বা ছোটখাট সেচ পরিকল্পনার জন্য কনট্রাক্টর-এর মারফৎ কাজ না করিয়ে অঞ্চল পরিষদের সদস্য বা প্রধানদের মারফৎ বা অধক্ষ্যদের মারফৎ করানো হোক। যদি অঞ্চলের নির্বাচিত প্রতিনিধিদের মারফৎ কাজ করানো যায় তাহলে খুব ভালো হয়। আমি এখনি নীতিগতভাবে এটা মেনে নিচ্ছি। তবে, মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি বলতে পারি যে, সুন্দরবন সম্পর্কে আমরা ইতিমধ্যেই একটা সিদ্ধান্তে এসেছি। সেটা হচ্ছে, সুন্দরবনে যে ২২শো মাইল এমব্যাঙ্কমেন্ট রয়েছে সেগুলি রিপেয়ার এবং মেন্টেনান্স বাবদ প্রতি বছর আমরা অনেক টাকা খরচ করে থাকি। গেল বছর প্রায় ৭০ লক্ষ টাকা আমরা খরচ করেছি। কোন কোন সময় ১ কোটি টাকার মতও খরচ হয় বা তার বেশী হয়। এর অনেকখানি আমরা কনট্রাক্টর মারফৎ করে থাকি। কনট্রাক্টর-দের বদলে সেখানকার বেনিফিসিয়ারী দ্বারা যদি এই যেত তাহলে আমরা সবসময় খুশী হতাম। তবে আমি মনে করি, এ বছর থেকে যখন আমরা কাজ করা হয় তাহলে আমি মনে করি খুব ভালো হবে। যদি কনট্রাক্টরী সিস্টেম তুলে দেওয়া এ কাজ শুরু করতে যাচ্ছি তখন একসঙ্গে হয়ত বড় বড় কাজ বা জটীল কন্সট্রাকসান-এর কাজ বা স্লুইস নির্মাণের কাজ এসবগুলি হয়ত তাদের হাতে দেওয়া সম্ভ হবেনা। কিন্তু যেখানে মাটির কাজ বা সোজাসুজি কাজ আছে সেখানে নিশ্চয়ই কনট্রাক্টর-দের বদলে স্থানীয় অঞ্চল পরিষদের, প্রধান বা অধ্যক্ষদের মারফৎ করা সম্ভব হবে বা উচিৎ হবে বলে আমি মনে করি। এই সঙ্গে সঙ্গে আমি একথাও মনে করি যে শুধু অঞ্চল পরিষদের কেন, যেখানে লেবার কো-অপারেটিভ হবে—যে জিনিসটার উপর আমরা খুব গুরুত্ব দিয়ে থাকি এবং মাননীয় সদস্যদের মধ্যে অনেকেই গুরুত্ব দিয়ে থাকেন যে শ্রমিক সমবায় সমিতি যদি গঠিত হয়ে থাকে তবে তার মারফৎ ও আমাদের সেচ বিভাগের কাজগুলি করবার জন্য আমরা মোটামুটি স্থির করে করেছি। আর সেইভাবেই আমরা বিভিন্ন ইঞ্জিনীয়ার-কে এবং কর্মচারীকে নির্দেশ দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসুনীল দাশগুপ্ত মহাশয় বললেন যে তোর্সা নদীর বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে সরকার ব্যর্থ হয়েছেন। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে উত্তরবঙ্গে যেসব নদী আছে যেমন তোর্সা, তিস্তা, জলঢাকা, রায়ডাক, কালজানি, মেচী, চেল এই নদীগুলির উৎপত্তিস্থল কারো সিকিমে, কারো ভুটানে, কোথায় বা নেপালে আবার কোথায় বা তিব্বতে।

The Minister for Food and Supplies:

(ক) ৭,৩৮৬টি।

(খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(গ) যতক্ষণ মাল মজুদ থাকে ততক্ষণ কোন দোকান হইতে উহা বিক্রয় করা হয়।

(ঘ) সংশোধিত রেশন দোকানগুলির ক্ষেত্রে এ প্রশ্ন ওঠে না।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 454.

১৩-২-৬৫ তারিখের জেলাওয়াড়ী রেশন দোকানের হিসাব।

জেলার নাম।	রেশন দোকানের সংখ্যা।
১। ২৪-পরগনা	৮৬৯
২। নদীয়া	৭৬৩
৩। মুর্শিদাবাদ	৮২৩
৪। জলপাইগুড়ি	২০১
৫। মালদহ	৩০২
৬। পঃ দিনাজপুর	৩১০
৭। দার্জিলিং	৩০১
৮। কোচবিহার	৫৭
৯। বাঁকুড়া	৭২৯
১০। বর্ধমান	৫৬৬
১১। বীরভূম	৭৩৩
১২। হুগলী	৫১৮
১৩। হাওড়া	৪০৩
১৪। মেদিনীপুর	৪৮৩
১৫। পুরুলিয়া	৩২৯
মোট	৭,১৮৭

Jeeps for Block Offices in Midnapore district

455. (Admitted question No. 318.) **Shri Mrigendra Bhattacharyya:** কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কতগুলি ব্লক অফিসে জীপ গাড়ী রহিয়াছে;

(খ) ব্লকের কোন্ কোন্ অফিসার উক্ত জীপ ব্যবহার করিতে পারেন;

(গ) জীপ গাড়ী ব্যবহারের দৈনিক রিপোর্ট রাখা হয় কিনা; এবং

(ঘ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সাল উক্ত জীপ গাড়ীসমূহ রিপেয়ার বাবদ পেট্রোল বাবদ, এবং চালক (ড্রাইভার) বাবদ কত খরচ হইয়াছে এবং এ-সমস্ত গাড়ীর ক্রয়মূল্য কত?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলার ২৪টি ব্লকে জীপগাড়ী রহিয়াছে।

(খ) বি ডি ও মহাশয়ের অনুমতি লইয়া ব্লকের যে কোন অফিসার উক্ত জীপ ব্যবহার করিতে পারেন।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে উক্ত জীপগাড়ীসমূহের রিপেয়ার বাবদ ৪৮,২৯২ টাকা, পেট্রোল বাবদ ১,১৯,৫৮৪ টাকা এবং চালক (ড্রাইভার) বাবদ ৯৭,২৪৩ টাকা খরচ হইয়াছে। এই সমস্ত জীপগাড়ীর প্রত্যেকটির ক্রয়মূল্য প্রায় ১৫,০০০ টাকা।

T.A. and D.A. drawn by the officers of the Blocks in Murshidabad district

456. (Admitted question No. 578.) **Shri Birendra Narayan Ray:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিসার, (২) সাব ওভারসীয়ার, নবগ্রাম ব্লক, (৩) বি ডি ও, লালগোলা, (৪) বি ডি ও, মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ এবং (৫) বি ডি ও, নবগ্রাম ব্লক ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কোন্ বৎসর কত টাকা টি এ, ডি এ এবং অন্যান্য খরচ বাবদ সরকারী তহবিল হইতে গ্রহণ করিয়াছেন ;

(খ) বর্তমান-সাব-ওভারসীয়ার, নবগ্রাম ব্লক, কতদিন উক্ত স্থানে আছেন ; এবং

(গ) তাহার নাম এবং স্থায়ী ঠিকানা কি ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি বিবৃতি নিম্নে দেওয়া হইল :—

অফিসার	টি এ, ডি এ, এবং অন্যান্য খরচ বাবদ্ মোট টাকা		
	১৯৬৩	১৯৬৪	১৯৬৫ (ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি সময় পর্যন্ত)
	টাকা	টাকা	টাকা
(১) ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিসার	৩,৮৩৩.২০	২,৬৬৫.২৫	২৪৪.৬০
(২) সাব-ওভারসীয়ার, নবগ্রাম ব্লক	৬১১ ০০	২২৮.০০	১০.০০
(৩) বি, ডি, ও, লালগোলা	১,০০০.০০	৯১৪.৯৫	--
(৪) বি, ডি, ও, মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ . ..	৮৫৯.০০	৪৫০.০০	১৫.০০
(৫) বি, ডি, ও, নবগ্রাম	৮০৮.০০	৫০০ ০০	৫.০০

(খ) ১৯৫৮ সালের ১লা আগস্ট হইতে।

(গ) শ্রীরমণীমোহন সরকার, পাঁচগ্রাম, নবগ্রাম থানা, মুর্শিদাবাদ জেলা।

Surrender of sanctioned money in Bharatpur Block, Murshidabad

457. (Admitted question No. 580.) **Shri Birendra Narayan Ray:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত দুই বৎসরে মুর্শিদাবাদ জেলার ভরতপুর ব্লক হইতে বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা ফেরৎ আসিয়াছে ;

(খ) সত্য হইলে কোন্ কোন্ খাতে কোন্ বৎসর কত টাকা বিলি হয় নাই ; এবং

(গ) কোন্‌টি কি কারণে বিলি হয় নাই ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক), (খ) ও (গ) মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানায় ভরতপুর ১নং ও ২নং দুইটি ব্লক আছে। গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ (জানুয়ারি ১৯৬৫ পর্যন্ত) আর্থিক বৎসরের মধ্যে কেবলমাত্র ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে উক্ত ব্লক দ্বয় হইতে সমষ্টি উন্নয়ন খাতে মঞ্জুরীকৃত টাকার কতক অংশ প্রত্যপণ (সারেণ্ডার) করা হইয়াছ। উক্ত টাকার পরিমাণ, খাতের নাম ও প্রত্যর্পণের কারণসহ একটি বিবৃতি এতৎসহ প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 457

Statement showing the schemes, amount surrendered during the year 1963-64 and reasons for such surrender in Bharatpur I and II Blocks.

Scheme.	Amount surrendered during 1963-64.	Reasons for surrender
I. Bharatpur I Block		
Loan for Rural Housing	2,000	As all the applicants were found to be defaulters in respect of Govt. loans, the entire allotment of Rs. 2,000 was surrendered as per decision of the Block Development Committee.
II. Bharatpur II Block		
1. Miscellaneous Agricultural Schemes ..	5,026	Lack of response from the cultivators.
2. Irrigation Loan	2,650	Ditto.
3. Productive Scheme for promotion of agriculture.	2,000	Scheme not feasible in the area.
4. Health and Rural Sanitation ..	34,898	Due to non-availability of public contribution.
5. Rural Arts, Crafts and Industries ..	6,228	Due to savings in expenditure.
6. Housing	600	Due to want of participants.

Accommodation of prisoners in jails

458. (Admitted question No. 821.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলে কয়জন (১) পুরুষ এবং (২) নারী কয়েদী থাকিবার জন্য সরকারীভাবে স্থিরীকৃত; এবং

(খ) উক্ত কোন্ জেলে গত ১লা ফেব্রুয়ারি, ১৯৬৩, ১লা ফেব্রুয়ারি, ১৯৬৪ এবং ১লা ফেব্রুয়ারি, ১৯৬৫ সালে কয়জন পুরুষ এবং নারী কয়েদী ছিলেন?

The Minister for Home (Jails):

(ক) ও (খ) প্রয়োজনীয় তথ্যসম্বলিত একটি তালিকা নিম্নে প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 458

	অনুমোদিত স্থান সঙ্কুলান		জেলসমূহে কয়েদীদের মোট সংখ্যা					
			১লা ফেব্রুয়ারী ১৯৬৩		১লা ফেব্রুয়ারী ১৯৬৪		১লা ফেব্রুয়ারী ১৯৬৫	
	পুরুষ	নারী	পুরুষ	নারী	পুরুষ	নারী	পুরুষ	নারী
১। প্রেসিডেন্সী	২,০৯৫	৩০০	১,০৮৫	২৫৯	২,১৩০	১৪১	১,৫৩০	১২৭
২। আলিপুর সেণ্ট্রাল জেল ..	১,৪৫১	..	১,৯২৮	..	২,০০০	..	১,৮৩৬	..
৩। দমদম সেণ্ট্রাল জেল ..	২,৫০৯	..	২,৪৫৩	..	২,১৮৩	..	১,৯৬৭	..
৪। মির্নাপুর সেণ্ট্রাল জেল ..	১,৫৯২	৩০	১,৪৬১	৭৪	১,৩৭৯	১২৩	১,৪৮০	৩২
৫। বহরমপুর সেণ্ট্রাল জেল ..	১,৮৬৬	১৫৬	১,১১৮	৬৯	১,৭৮০	৬৮	১,৩৬৯	৭৬
৬। বর্ধমান জেল	৬০৯	১১	৪০৭	১৬	৫০৫	১৬	৪৫০	১০
৭। সিউড়ি জেল	৬৫৬	১৮	২৩২	৫	২১৬	৪	১৫৭	৬
৮। হুগলী জেল	৪৪৬	২৩	৪৯৬	১৮	৫০০	৪৪	৪৭৮	৩৩
৯। হাওড়া জেল	৪০০	১৬	১৪৬	১০	৩৫৩	৬	৩৮৬	১৬
১০। কৃষ্ণনগর জেল	৪৮৬	১২	৪৯১	১৩	৫৮২	২৮	৩২০	১৫
১১। জলপাইগুড়ি জেল ..	৫৪৪	৭	৩৩০	১৩	৩৮৭	১৪	৩৫৩	২৩
১২। দার্জিলিং জেল ..	১১৭	১০	৮৭	৭	৬৩	৯	৬৩	৪
১৩। কোচবিহার জেল ..	১৩৩	১১	১৯০	১	১৪৭	৩	২২৬	৮
১৪। পুরুলিয়া জেল	৫৯৮	১৮	৪৩২	১৩	৪০০	১৩	৫৮৫	২০
১৫। কাটোয়া সাব-জেল ..	১৯	৫	৬৩	..	৩৭	..	৬৯	..
১৬। চন্দননগর সাব-জেল ..	৯৪	১০	৯০	..	৯৮	..	৯৬	..
১৭। কালনা সাব-জেল ..	১৬	৪	৫৯	..	৫১	৫	৪৬	৩
১৮। রামপুরহাট সাব-জেল ..	১৫	৩	৪২	..	২৯	২	৬৩	১
১৯। বাঁকুড়া সাব-জেল ..	২০২	১৫	১১১	৪	১১৩	৪	৯৬	৪
২০। বিষ্ণুপুর সাব-জেল ..	৪৫	৫	৩১	৯	২৪	৩	৩২	..
২১। তমলুক সাব-জেল ..	৪৩	৭	৬২	৪	৫৮	৪	৭৫	২
২২। ঘাটাল সাব-জেল ..	২০	২	৬২	..	২২	১	৩২	৩
২৩। কণ্টাই সাব-জেল ..	৩৭	২	৪১	..	৩৯	..	১৭	৪
২৪। ঝাড়গ্রাম সাব-জেল ..	৩৬	৬	৫৯	৫	৪৬	১২	৫৯	৭
২৫। আরামবাগ সাব-জেল ..	১২	৩	৫৬	..	৬০	[illegible]	৩০	..

	অনুমোদিত স্থান সঙ্কুলান		জেলসমূহে কয়েদীদের মোট সংখ্যা					
			১লা ফেব্রুয়ারী ১৯৬৩		১লা ফেব্রুয়ারী ১৯৬৪		১লা ফেব্রুয়ারী ১৯৬৫	
	পুরুষ	নারী	পুরুষ	নারী	পুরুষ	নারী	পুরুষ	নারী
২৬ । শ্রীরামপুর সাব-জেল ..	৯৮	৮	১৬৯	৬	১৭০	৬	১২৬	৫
২৭ । উলুবেরিয়া সাব-জেল ..	৫৩	২	৮৮	৪	৭৩	..	৭০	..
২৮ । ডায়মণ্ডহারবার সাব-জেল ..	৬২	৩	১০৮	১	১০১	৫	১০০	৩
২৯ । বসিরহাট সাব-জেল .	৫৯	..	৯১	..	২৩৫	..	১৪০	..
৩০ । বারাসত সাব-জেল ..	১৮৬	২	১৩৩	৫	২৬৮	৩	১৩০	২
৩১ । বারাকপুর সাব-জেল ..	৯০	৩	২৩৫	৬	২২৩	৮	২০০	৩
৩২ । বনগাঁ সাব-জেল ..	৩৯	৩	১০০	৮	৪১১	৩	৬৭	৫
৩৩ । রানাঘাট সাব-জেল ..	৫৯	২	১৪০	৫	২১৬	৫	৯৯	৬
৩৪ । কান্দি সাব-জেল ..	১৭	২	২১	১	১৭	..	৬০	..
৩৫ । জঙ্গিপুর সাব-জেল ..	২০	৩	৩৯	১	৬০	১	৫২	..
৩৬ । লালবাগ সাব-জেল ..	৪২	৮	৫৯	১	৭৩	৩	৮০	১
৩৭ । শিলিগুড়ি সাব-জেল ..	১৯	..	..	..	১০৩	..	১১৩	..
৩৮ । কার্সিয়াং সাব-জেল ..	২২	২	২৭	১	৩০	২	১৩	..
৩৯ । কালিম্পং সাব-জেল ..	২৬	২	২২	১	২৫	১	২১	...
৪০ । রায়গঞ্জ সাব-জেল ..	৬২	৪	১৪৪	৫	৯৪	..	১১২	২
৪১ । বালুরঘাট সাব-জেল ..	৩১	৩	১৪৫	..	১১৮	৪	১১৫	৬
৪২ । আলিপুরদুয়ার সাব-জেল ..	৬৭	৭	২৩৭	৫	১৬৭	১১	১৫	৮
৪৩ । মালদহ সাব-জেল ..	১৪৯	৪	১৭০	৫	২১১	৫	২৫১	৬
৪৪ । তুফানগঞ্জ সাব-জেল ..	১৫	২	৩৭	১	২০	..	২১	..
৪৫ । মেকলীগঞ্জ সাব-জেল ..	২৬	৪	২৩	..	৪১	..	৬০	২
৪৬ । মাথাভাঙ্গা সাব-জেল ..	২০	৪	৫৭	১	৭৭	..	৪০	..
৪৭ । দিনহাটা সাব-জেল ..	২৪	৩	৩৯	২	৩৪	৩	২৭	১
৪৮ । ইস্লামপুর সাব-জেল ..	৪৬	৪	১২৬	১	৯৩	১	২৫৭	১
৪৯ । আলিপুর স্পেশাল জেল ..	৭৭৫	..	৩৬১	..	৩৮৭	..	৩৫৪	..
৫০ । আসানসোল স্পেশাল জেল ..	৫২২	২০	৪৮৫	৪	৫৫৪	২৪	৭৭১	১৮
৫১ । শিলিগুড়ি স্পেশাল জেল ..	৭০	৫	৩১৮	৪	১৯২	৩২	২০৬	৪৫
৫২ । লালগোলা স্পেশাল জেল ..	২০	১৮০	..	..	৯	১৩৯	১১	১৭২

Non-supply of food articles in Burdwan district

459. (Admitted question No. 688.) **Shri Subodh Chowdhury :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬৪ সালের নভেম্বর ও ডিসেম্বর মাসে বর্ধমান সহর ও গ্রামাঞ্চ রেশন দোকানগুলিতে কোন চাউল, আটা, চিনি সরবরাহ করা হয় নাই; এব

(খ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) এ সংবাদ সত্য নহে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

460. (Admitted question No. 692.) **Shri Subodh Chowdhury:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শিল্পাঞ্চলে কতগুলি কারখানা বা খনিতে শ্রমিকের নিত্যপ্রয়োজনী জিনিষ সরবরাহের জন্য মডিফায়েড রেশন দোকান খোলা হইয়াছে; এবং

(খ) এই দোকানগুলিতে উপযুক্ত পরিমাণ জিনিষপত্র সরবরাহ করা হয় কি না এব নিয়মিতভাবে এই দোকানগুলিকে রেশন সরবরাহের জন্য কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কি?

The Minister for Food and Supplies:

(ক) কারখানা বা খনির তরফ হইতে 'এম আর' দোকান (কর্মচারী সমবায় সমিতি ইত্যাদি)—৬৯; সাধারণ এম আর দোকান—১৭৬।

(খ) হ্যাঁ, সাধ্যমত ব্যবস্থা করা হয়।

Reconstruction of Malancha Road, Kharagpur

461. (Admitted question No. 1032.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) whether the reconstruction of the Malancha Road has recently been taken up by the Government in the present year;

(b) what is the estimate for the job; and

(c) when the actual work is scheduled to start and when the work will be completed?

The Minister for Local Self-Government: (a) Yes; the road is being improved by the Kharagpur Municipality through the agency of Government under the Municipal Development Scheme, 2/3rd of the cost being borne by Government and 1/3rd by the Municipality.

(b) Rs. 4,80,033.

(c) The work is scheduled to start soon during the current financial year and it will continue beyond the current financial year till its completion. It cannot be indicated now when the work will exactly be completed.

Per capita income in villages

462. (Admitted question No. 1074.) **Shri Shambhu Charan Ghosh :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলে মাথাপিছু দৈনিক গড় আয় কত ; এবং

(খ) বর্তমানে পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলে মাথাপিছু দৈনিক গড় ব্যয় কত ?

The Minister for Finance:

(ক) এবং (খ) এ বিষয় কোন সঠিক সরকারী পরিসংখ্যান নাই।

Percentage of literate people in West Bengal

463. (Admitted question No. 1079.) **Shri Shambhu Charan Ghosh :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্তমানে পশ্চিমবঙ্গে জনসংখ্যা অনুপাতে শিক্ষিতের হার কিরূপ ?

The Minister for Education:

১৯৬১ সালের আদমসুমারী অনুসারে পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যা ৩,৪৯,৬৭,৬৩৪। ইহাদের মধ্যে মোট ১,০১,৮০,৬৮৫ জন লিখিতে-পড়িতে জানে। মোট জনসংখ্যার অনুপাতে লেখাপড়া জানা লোকের শতকরা হার ২৯.৪।

Purchasing capacity of the people of West Bengal

464. (Admitted question No. 1080.) **Shri Shambhu Charan Ghosh :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয় সম্পর্কে কি কোন সরকারী পরিসংখ্যান আছে :

(১) ১৯৪৮ সালে পশ্চিমবঙ্গে মানুষের দৈনিক গড় ক্রয়ক্ষমতা যাহা ছিল, ১৯৬৪ সালে তাহা কমিয়াছে বা বাড়িয়াছে ;

(২) ১৯৪৮ সালে পশ্চিমবঙ্গে মানুষের দৈনিক গড় প্রকৃত আয় (রিয়েল ওয়েজেস) যাহা ছিল, ১৯৬৪ সালে তাহা বাড়িয়াছে বা কমিয়াছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে তাহা কি ?

The Minister for Finance:

(ক) এবং (খ) এ সম্পর্কে কোন সরকারী পরিসংখ্যান নাই। তবে নিম্নে বর্ণিত সরকারী তথ্য হইতে ক(২) সম্বন্ধে একটা ধারণা করা যাইতে পারে।

	১৯৪৭	১৯৬৩
(১) পশ্চিমবঙ্গে শ্রমিক কর্মচারীদের (মাসিক ২০০ টাকা বেতন পর্যন্ত) বাৎসরিক গড় আয়	৫৪৭.৭	১২৬৩.০
(২) কলিকাতার শ্রমিক শ্রেণীর ব্যয়ের মাপ (১৯৪৪—১০০ টাকা ধরিয়া)	১১৭	১৭০
(৩) ১৯৪৭ সালে দ্রব্যমূল্যের পরিবর্তনে আয়ের সমতা	৫৪৭.৭	৮৬৯.২
(৪) প্রকৃত আয়ের মান	১০০.০	১৫৮.৭

[Source : West Bengal Labour Year Book]

Establishment of a modern rice Mill in Barancha police-station, Murshidabad

465. (Admitted question No. 1101.) **Shri Abhoypada Saha :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বরঞা থানায় কুলী মৌজায় আধুনিক চাউলকল সংস্থাপনের সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(খ) পরিকল্পনা থাকিলে কোন বৎসর হইতে আরম্ভ হওয়া আশা করা যায়?

The Minister for Food and Supplies:

(ক) এইরূপ পরিকল্পনা নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

Final Compensation to the zamindars

466. (Admitted question No. 1113.) **Shri Mrigendra Bhattacharyya:**

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি নিম্নলিখিত জমিদারবর্গের চূড়ান্ত ক্ষতিপূরণের টাকার পরিমাণ কত ও ৩১-১২-৬৫ তারিখ পর্যন্ত উহারা কত টাকা পাইয়াছেন—

(ক) নাড়াজোল রাজা—মেদিনীপুর জেলা ;

(খ) মহিষাদল রাজা—মেদিনীপুর জেলা ;

(গ) ঝাড়গ্রাম—মেদিনীপুর জেলা ;

(ঘ) লালগড়—মেদিনীপুর জেলা ;

(ঙ) কাশিমবাজারের মহারাজা ; এবং

(চ) বর্ধমানের রাজা ?

The Minister for Land and Land Revenue:

উল্লিখিত জমিদারবর্গের কাহারও চূড়ান্ত ক্ষতিপূরণ নির্ধারণ তালিকা এখনও প্রস্তুত হয় নাই। সুতরাং চূড়ান্ত ক্ষতিপূরণের টাকার পরিমাণ এখন বলা সম্ভব নয়।

তাহারা নিম্নে প্রদত্ত তালিকানুরূপ অন্তবর্তীকালীন ক্ষতিপূরণ পাইয়াছেন :—

(ক) ১,২৫,৮১২.২২ টাকা।

(খ) ১৯,৯৩৯.২৪ টাকা।

(গ) ১,২৮,২৫৪.৪৩ টাকা।

(ঘ) ২৫,৩২৭.০০ টাকা।

(ঙ) ও (চ) কোন টাকা পান নাই।

Supply of Tin (C.I. Sheet) for Midnapore district

467. (Admitted question No. 1114.) **Shri Mrigendra Bhattacharyya :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে কোন্ বৎসর কত ব্যাণ্ডেল টীন মেদিনীপুর জেলার কোন্ কোন্ মহকুমায় দেওয়া হইয়াছে ;

(খ) ৩১-১২-৬৪ পর্যন্ত মেদিনীপুর জেলার কোন্ মহকুমায় কত ব্যাণ্ডেল টীনের পারমিট (রাইটিং লিস্ট) ভুক্ত রহিয়াছে ;

(গ) ইহা কি সত্য যে বর্তমানে "করোগেট সীটের" আবেদনপত্র গ্রহণ না করার জন্য মহকুমা কণ্ট্রোলারদের নির্দেশ দেওয়া হইয়াছে ; এবং

(ঘ) সত্য হইলে, এই নির্দেশ দেওয়ার কারণ কি ?

The Minister for Food and Supplies:

(ক)

১৯৬০-৬১—মেদিনীপুর সদর—৪,০৩০ ব্যাণ্ডেল ; ঝাড়গ্রাম—১,৪১০ ব্যাণ্ডেল ; তমলুক—৪০০ ব্যাণ্ডেল ; ঘাটাল—১,৪১০ ব্যাণ্ডেল ;
কণ্টাই—৩০১ মেঃ টন (যাহা স্টকিস্ট না থাকায় প্রত্যর্পণ করা হইয়াছিল)

১৯৬১-৬২—মেদিনীপুর সদর—২,০৪০ ব্যাণ্ডেল ; ঝাড়গ্রাম—১,৩২০ ব্যাণ্ডেল ; তমলুক-৬৪০ ব্যাণ্ডেল ; ঘাটাল—২,২০০ ব্যাণ্ডেল ; কণ্টাই— ;

১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪—

১৯৬২ সালের এপ্রিল মাস হইতে কেন্দ্রীয় সরকার কর্তৃক পশ্চিমবঙ্গের জন্য টীনের বরা বাতিল করিয়া দেওয়ায় ঐ দুই বৎসরে ঐ জেলায় কোন টীন দেওয়া সম্ভব হয় নাই।

(খ)

মেদিনীপুর সদর—১,৬২,৩৯০ ব্যাণ্ডেল ; ঝাড়গ্রাম—৩০,২৫০ ব্যাণ্ডেল; তমলুক—৬,৮৩০ ব্যাণ্ডেল, ঘাটাল—১,৮৮০ ব্যাণ্ডেল ; কণ্টাই—১,৭৩০ ব্যাণ্ডেল।

(গ) না।

(ঘ) এ প্রশ্ন ওঠে না।

Compensation for Lands in Burdwan district

468. (Admitted question No. 1197.) **Shri Monoranjan Baksi:**

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় জমিদারী উচ্ছেদের ক্ষতিপূরণ বাবদ এ পর্যন্ত অন্তবর্তীকালীন কত টাকা প্রদান করা হইয়াছে ; এবং

(খ) চূড়ান্তভাবে কখন ক্ষতিপূরণ বাবদ টাকা প্রদান করা সুরু হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Land and Land Revenue:

(ক) ১৯৬৪ সাল পর্যন্ত প্রদত্ত টাকার পরিমাণ মোট ১,১০,৮২,৫৬০ টাকা।

(খ) ১৯৬১-৬২ সাল হইতে সুরু হইয়া গিয়াছে।

Establishment of a charitable dispensary in Chatla Mouza, Midnapore

469. (Admitted question No. 1234.) **Shri Hrishikesh Chakraborty:**

ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার এগরা এলাকার চাটলা মৌজার একটি দাতব্য-চিকিৎসালয় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য মেদিনীপুর জেলার জমিদার স্বর্গত কালীচরণ চট্টোপাধ্যায়ের জমিদারী হইতে আয়ের কিয়দংশ অর্থ প্রতি বৎসর মেদিনীপুর জেলার কালেক্টারের হেফাজাতে জমা হইতেছে; এবং

(খ) সত্য হইলে উক্ত দাতব্য চিকিৎসালয়ের প্রতিষ্ঠা ও পরিচালনা কবে কার্যকরী হইবে?

The Minister for Land and Land Revenue:

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। এই সম্বন্ধে কোন সুস্পষ্ট তারিখ বলা নয়।

Sub-Inspectors and Inspectorate of Schools, Murshidabad

470. (Admitted question No. 1238.) **Shri Abhoypada Saha:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কয়টি প্রাইমারী স্কুল পরিদর্শকের জন্য সার্কেল আছে;

(খ) তাহাদের নাম কি; এবং

(গ) কতজন সাব-ইন্সপেক্টর আছেন?

The Minister for Education:

(ক) ১৬টি।

(খ) (১) বহরমপুর উত্তর, (২) বহরমপুর দক্ষিণ, (৩) বেলডাঙ্গা, (৪) নওদা (৫) সারগাছি ইণ্টেনসিভ এরিয়া, (৬) জলংগী, (৭) কান্দী, (৮) বড়ঞা, (৯) ভরতপুর, (১০) মুর্শিদাবাদ; (১১) নবগ্রাম, (১২) ভগবানগোলা, (১৩) রঘুনাথগঞ্জ, (১৪) সাগরদিঘী, (১৫) জংগীপুর, (১৬) ধুলিয়ান।

(গ) ১৮ জন। ইহাদের মধ্যে দুইজন জেলা বিদ্যালয় পরিদর্শকের জিলা সদর কার্যালয়ের সহিত যুক্ত আছেন।

Contai Agricultural Industrial Marketing Co-operative Society

471. (Admitted question No. 1277.) **Shri Sudhir Chandra Das:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কাঁথি কৃষি শিল্প সমবায় বিপনণ সমিতিকে লিকুইটেড করিবার নির্দেশ দেওয়া হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ নির্দেশ কোন তারিখে দেওয়া হইয়াছে এবং ঐ নির্দেশ কার্যকরী করিবার কি ব্যবস্থা হইয়াছে;

(২) ঐ সমিতির নিকট প্রাপ্য ঋণ টাকা আদায়ের কি ব্যবস্থা হইতেছে, এবং

(৩) অগ্রিম দাদন কাহাকে কাহাকে কি কি বাবদে কত টাকা দেওয়া হইয়াছে এবং ঐ ব্যক্তিগণের ঠিকানা কি?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) (১) লিকুইডেশনের নির্দেশ ২-২-৬২ তারিখে দেওয়া হইয়াছে। উক্ত নির্দেশের বিরুদ্ধে সমিতির পক্ষ হইতে আপিল করা হইয়াছিল কিন্তু ঐ আপিল সরকার কর্তৃক ১৯-৮-৬৩ তারিখে অগ্রাহ্য হয় এবং তদনুযায়ী লিকুইডেটর মহাশয়কে চার্জ লইবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(২) ঐ সমিতির নিকট প্রাপ্য ঋণ টাকা আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

(৩) প্রয়োজনীয় বিবরণ সংশ্লিষ্ট তালিকায় দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Kha)(3) of unstarred question No. 471.

অগ্রিম দাদনের বিবরণ

নাম	ঠিকানা	অগ্রিম দাদনের পরিমাণ.	দাদনের উদ্দেশ্য
(১) আর, কে, মজুমদার ..	কলিয়ারী এজেন্ট, বারিয়া ..	৪০০ টাকা ..	কয়লার বাবদ।
(২) সুধীর চাটার্জি ..	এগ্রিকালচারাল ইন্সপেক্টর, কাঁথি।	৩৬০ টাকা	আলুর বীজের জন্য।

Appointment of Primary Teachers from the Adibasi Community

472. (Admitted question No. 1310.) **Shri Nimaichand Murmu :**

আদিবাসি-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শতকরা পঞ্চাশ ভাগ আদিবাসী ছাত্রছাত্রী যে সমস্ত প্রাইমারী স্কুলে রহিয়াছে সে সমস্ত স্কুলে একটি করিয়া অষ্টমশ্রেণী উত্তীর্ণ আদিবাসীকে শিক্ষকতাকাজে নিযুক্ত করা হইবে এই নিয়মানুযায়ী ১৯৬৩ সাল হইতে বর্তমান সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় কত সংখ্যক শিক্ষক নিযুক্ত করিয়াছেন?

The Minister of State for Tribal Welfare:

১৯৬৩ হইতে ১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:—
নদীয়া—২, মুর্শিদাবাদ—১, পশ্চিম দিনাজপুর—২, দার্জিলিং—২, বাঁকুড়া—১০, মেদিনীপুর—৭।

এই সময়ের মধ্যে অন্য জেলায় এইরূপ শিক্ষক নিয়োগ করা হয় নাই।

Steps taken to promote tourism in North Bengal and in Darjeeling district

473. (Admitted question No. 1403.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Development (Tourism) Department be pleased to state in details the steps taken by the Government to promote tourism to attract large number of tourists in North Bengal in general and in the district of Darjeeling in particular?

The Minister for Development and Planning: Following steps have been taken so far to promote tourism in North Bengal and in the district of Darjeeling in particular:

(1) Regional Tourist Bureau, Darjeeling, are catering information to the tourists through its Information Counter. An Information Counter at Siliguri has also been opened for the same purpose. Negotiations are being made with Civil Aviation Authorities for opening an Information Counter at Bagdogra Air Port.

(2) A coloured folder on Darjeeling has been published for circulation to tourists. A guide map of Darjeeling has also been brought out.

(3) A tourist taxi has been provided for facilitating sight-seeing, etc., to various places of interest in and around Darjeeling.

(4) A Tourist Lodge with first class amenities will soon be commissioned at Darjeeling.

(5) Local personal have been trained up to work as guides for tourists.

(6) Construction of a Tourist Lodge at Malda will start soon.

(7) There are proposals for construction of a Motel each at Malda and Siliguri and steps for acquisition of land have been taken.

(8) Mrs. Morgan's House at Kalimpong has been acquired for conversion into a Tourist Lodge which will shortly be commissioned.

Book-sellers, Publishers, etc., affected by the last disturbances

474. (Admitted question No. 1406.) **Shri Aswini Roy:**

ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের জানুয়ারি ও ১৯৬৩ ডিসেম্বর সাম্প্রদায়িক হাঙ্গামায় কলিকাতা ও শহরতলীর পুস্তক ব্যবসায়ী, প্রকাশক ও দপ্তরীদের ক্ষয়-ক্ষতির কোন তথ্য আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁা, হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা,

(২) ক্ষয়-ক্ষতির পরিমাণ ও মূল্য, এবং

(৩) সরকারী কোনও ঋণ বা সাহায্য দেওয়া হইলে তাহার বিবরণ এবং সর্ত?

The Minister for Relief:

(ক) ১৯৬৩-র ডিসেম্বর কোন সাম্প্রদায়িক হাঙ্গামার বিষয় সরকার অবগত নহেন। ১৯৬৪-র জানুয়ারির হাঙ্গামায় পুস্তক ব্যবসায়ী, প্রকাশক ও দপ্তরীদের ক্ষয়-ক্ষতির কোন তথ্য ত্রাণ বিভাগে সংগৃহীত হয় নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

(৩) ত্রাণবিভাগ হইতে কোন ঋণ বা সাহায্য দেওয়া হয় নাই।

Financial assistance for rebuilding burnt houses in Egra police-station, Midnapore

475. (Admitted question No. 1435.) **Shri Hrishikesh Chakraborty:**

ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় ১নং ও ২নং ব্লকে ১৯৬৩ সালে ও ১৯৬৪ সালে গৃহদাহ বাবদ কোন ঋণ সাহায্য দেওয়া হইয়াছিল কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁা হয়, তবে—

(১) উক্ত ঋণ গ্রহীতা বা সরকারী সাহায্য প্রাপকদের মধ্যে কোথায় কে কে কত টাকা সরকারী সাহায্য বা ঋণ পাইয়াছেন;

(২) কতগুলি দরখাস্ত এখনও বিবেচনাধীন আছে; এবং

(৩) ঐ বিবেচনাধীন দরখাস্তগুলির উপর কতদিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Relief:

(ক) হ্যাঁ।

(খ) (১) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(২) ৪১টি।

(৩) বিবেচনাধীন দরখাস্তগুলির উপর দুই মাসের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবার জন্য জেলা শাসককে নির্দেশ দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (Kha) (1) of unstarred question No. 475

বিবরণী

এগরা থানার ১নং ও ২ নং ব্লকে ১৯৬৩ ও ১৯৬৪ সনে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত গৃহনির্মাণ বা মেরামতের জন্য সাহায্য ও ঋণ প্রাপকের তালিকা

সাহায্য প্রাপকের তালিকা।

বৎসর।	এলাকা।	সাহায্য প্রাপকের নাম।	গ্রাম অঞ্চল।	প্রাপ্ত সাহায্যের পরিমাণ।
১৯৬৩	এগরা ব্লক ১	(১) কনকলতা মহাপাত্র	পাঁচরোল	২০৲
		(২) স্বর্ণলতা মহাপাত্র	”	২০৲
		(৩) অম্বুবালা মহাপাত্র	”	২০৲
		(৪) মহেশ চন্দ্র মহাপাত্র	”	২০৲
		(৫) নিরূপমা মহাপাত্র	”	২০৲
		(৬) যোগেশ চন্দ্র মহাপাত্র	”	২০৲
		(৭) রাখাল চন্দ্র দোলই	”	২০৲
		(৮) গোপীনাথ কামিলা	”	২০৲
		(৯) গুণধর কামিলা	”	২০৲
		(১০) সেখ বাইনুদ্দিন	কসবাগোলা	২০৲
		(১১) সেখ মইনুদ্দিন	”	২০৲
		(১২) গোপাল চন্দ্র খাটুয়া	জগন্নাথপুর	২০৲
		(১৩) সুরেন্দ্র নাথ সিংহ	ব্রাহ্মণ নগর	২০৲
		(১৪) কুঞ্জবিহারী সিংহ	”	২০৲
		(১৫) গুরুপ্রসাদ সিংহ	”	২০৲
		(১৬) ভাস্কর চন্দ্র ত্রিপাঠী	ঘমর্কী	৫৫৲
		(১৭) শত্রুঘ্ন দাস	আলিংগিরি	৫০৲
১৯৬৩	এগরা ব্লক ২ ..	(১) দুঃশাসন মান্না	অঞ্চল ৭	৩৫৲
		(২) নগেন্দ্র নাথ মাইতি	অঞ্চল ৩	১৫৲
		(৩) নিতাই শীত	অঞ্চল ১	১৫৲
		(৪) রাম ভূঁইয়া	অঞ্চল ৪	২৫৲
		(৫) নগেন্দ্র মণ্ডল	অঞ্চল ৪	২৫৲

বৎসর।	এলাকা।	সাহায্য প্রাপকের নাম।	গ্রাম অঞ্চল।	প্রাপ্ত সাহায্যের পরিমাণ।
১৯৬৪	এগরা ব্লক ১ ..	(১) অনন্ত কুমার পাত্র ..	বেনাচকুক্রী ..	৮০৲
		(২) মুক্তরাম পাত্র ..	,, ..	৭০৲
		(৩) শ্রীকান্ত ভুঁইয়া ..	সাহারা ..	৫৫৲
		(৪) যোগেন্দ্র দাস ..	টাহালিয়া ..	৬০৲
		(৫) ক্ষীরোদা সাহু ..	জারথান ..	৪০৲
		(৬) ভানু দলই ..	সন্নিহারী ..	৫০৲
		(৭) সুচিত্রা নায়েক ..	পাঁচরোল ..	৪০৲
		(৮) চম্পা নায়েক ..	,, ..	৫০৲
		(৯) মহেন্দ্র সিং ..	বাহিয়া ..	৭৫৲
		(১০) মনোরমা গড়াই ..	খাসাএগরা ..	৫০৲
১৯৬৪	এগরা ব্লক ২ ..	(১) অমূল্য চরণ মাইতি ..	অঞ্চল ৪ ..	৫০৲
		(২) সর্বেশ্বর গিড়ি ..	দুবদা ..	১০০৲
		(৩) সাধুচরণ গিড়ি ..	অঞ্চল ৬ ..	১০০৲

ঋণ প্রাপকের তালিকা।

বৎসর।	এলাকা।	সাহায্য প্রাপকের নাম।	গ্রাম অঞ্চল।	প্রাপ্ত সাহায্যের পরিমাণ।
১৯৬৩	এগরা ব্লক ১ ..	...	...	...
১৯৬৩	এগরা ব্লক ২ .	...	...	...
১৯৬৪	এগরা ব্লক ১ .	(১) নীলকান্ত দাস অধিকারী ..	নেগুয়া ..	৩০০৲
		(২) বঙ্কিম দাস .	,, ..	৩০০৲
		(৩) গোকুল দাস ..	,, ..	৩০০৲
		(৪) জীবন দাস অধিকারী ..	,, ..	৩০০৲
		(৫) প্রাণকৃষ্ণ দাস অধিকারী ..	,, ..	৩০০৲
		(৬) অতুল দাস অধিকারী ..	,, ..	৩০০৲
		(৭) নন্দ কুমার দাস ..	,, ..	৩০০৲
		(৮) শ্রীকান্ত দাস ..	,, ..	৩০০৲
		(৯) অনন্ত কুমার দাস ..	,, ..	৩০৲
		(১০) পূর্ণচন্দ্র মহাপাত্র ..	পাঁচরোল ..	৩০০৲
		(১১) বংশীবদন দাস ..	নেগুয়া ..	৩০০৲
		(১২) নরেশ নন্দন মহাপাত্র ..	পাঁচরোল ..	৩০০৲
১৯৬৪	এগরা ব্লক ২ ..	...	...	...

Detection of illicit liquor, opium, etc., in Burdwan district

476. (Admitted question No. 1463.) **Shri Monoranjan Baksi:**

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলায় গত ১৯৬৪ সালের জানুয়ারি মাস হইতে এ পর্যন্ত কত পরিমাণ বেআইনী মদ, গাঁজা, আফিং, সিদ্ধি ধরা পড়িয়াছে এবং ইহাদের মূল্য কত?

The Minister for Excise:

ধৃত বেআইনী মদের পরিমাণ সংগ্রহ করিয়া জানান সময়সাপেক্ষ।

গত ১৯৬৪ সালের জানুয়ারি হইতে সেপ্টেম্বর পর্যন্ত ধৃত গাঁজা, আফিং ও সিদ্ধির আনুমানিক পরিমাণ ও মূল্য নিম্নে পেশ করা হইল:—

	গাঁজা কেজি	আফিং কেজি	সিদ্ধি কেজি
আনুমানিক পরিমাণ ..	২০,৬০০	২,০০০	১,৯৮০
	গাঁজা কেজি	আফিং কেজি	সিদ্ধি কেজি
আনুমানিক পরিমাণ ..	১০৩	২	৩৩

Husking Mills in Burdwan district

477. (Admitted question No. 373.) **Shri Monoranjan Baksi:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলার কোন্ থানা কোন্ গ্রামে ও কাহার কয়টি ধান ভানা কল (প্যাডি হাস্কিং মিল) লাইসেন্সপ্রাপ্ত অবস্থায় চালু আছে?

The Minister for Food and Supplies:

এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Particulars of licensed rice and paddy dealers in Murshidabad district

478. (Admitted question No. 507.) **Shri Debsaran Ghosh**:

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সমবায় সংস্থাগুলি ছাড়া অন্য কোন সংস্থাকে কিংবা কোন ব্যক্তি-বিশেষকে ধান-চাল ক্রয়-বিক্রয়ের অনুমতি দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহলে সেই সমস্ত সংস্থাগুলির ব্যক্তিদের নাম ও ঠিকানা কি?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় তথ্যাদি লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

M. R. shops in Murshidabad district

479. (Admitted question No. 906.) **Shri Birendra Narayan Ray:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জানুয়ারি (১৯৬৫) মাস হইতে মুর্শিদাবাদ জেলার অধিকাংশ আংশিক রেশনের দোকান হইতে আটা, গম, চিনি বা সুজী দেওয়া হইতেছে না? সত্য হইলে তাহার কারণ কি; এবং

(খ) উক্ত জেলার মহকুমাওয়ারী ডিসেম্বর ১৯৬৩ হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ সপ্তাহে কত (১) আটা, (২) গম, (৩) সুজী এবং (৪) চিনি সরবরাহ করা হইয়াছে এবং বিক্রয় হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ইহা অস্বীকার করা যায় না যে, সরবরাহের অসুবিধা ও মালের অপ্রাচুর্যবশতঃ জানুয়ারি মাস হইতে প্রতিটি আংশিক রেশন দোকান হইতে নিয়মিতভাবে আটা, গম বা সুজী সরবরাহ করা সম্ভব হয় নাই, তবে যখনই কোন মহকুমায় পর্যাপ্ত পরিমাণ মালের সরবরাহ পাওয়া গিয়াছে তখনই উহা ঐ অঞ্চলের প্রতিটি রেশন দোকান মারফত সুসমভাবে বণ্টন করা হইয়াছে। তবে পুর্বিতার (প্রায়রিটি) বিষয়গুলি যথাযথভাবে বিবেচিত হইয়াছে। চিনি সরবরাহের বিষয়ে ঐ অভিযোগ সত্য নহে।

(খ) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Land and Land Revenue Department will please make a statement on the subject of acquisition of a portion of Rohini Tea Estate in Darjeeling district, attention to which was called by Shri Deo Prakash Rai.

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দার্জিলিং-এর রোহিনী টি এস্টেট-এর অন্তর্ভূক্ত পরিমাণ মোট ৫ হাজার একর। এই অংশের মধ্যে কিছুটা ডি আই এ্যাক্ট-এ ডিফেন্স পার্পাস এ রিকুইজিসন করা হয়েছিল। যে অংশ রিকুইজিসন করা হয়েছিল তার পরিমাণ হোল ২ হাজার ৫৮৫ একর। এর মধ্যে ১ হাজার ৮৯ একর চা উৎপাদনের জন্য ব্যবহৃত হোত, ১১৭ একর ক্ষেতী জমি এবং কিছুটা জমিতে ৪০০ পরিবার বাস করত। যে সমস্ত পরিবার এই সমস্ত জমিতে বাস করত তার মধ্যে ২০টি বহিরাগত এবং বাকী ওখানকার শ্রমিক —এই জমি এখনও গ্রহণ করা হয়নি। এই চা বাগানটা আপাততঃ অকার্যকরী হয়ে পড়েছিল। যদিও চা বাগানের মোট জমির মধ্যে ১৪০০ একর জমি চা-এর জন্য ব্যবহৃত হোত বলে শোনা গেছে, তবুও সমস্ত ব্যাপার দেখলে বোঝা যায় তথ্য যা পাওয়া যাচ্ছে তাতে চা উৎপাদন খুব অল্পই হোত। সমস্ত ব্যাপার অনুসন্ধান করে আমরা যে খবর পেয়েছি তাতে দেখছি এই চা বাগান একেবারে অকেজো হয়ে পড়েছিল। ক্ষেতী জমি যেটা দখল করা হয়েছে তার পরিমাণ হোল ১১৭ একর। এই ক্ষেতী জমি অত্যন্ত অনুর্বর ছিল। এই জমি দখল করবার জন্য খাদ্যোৎপাদন ব্যবস্থা ব্যাহত হবে না। খবর পাওয়া গেছে শ্রমিকদের মধ্যে কিছু অংশ পার্শ্ববর্তী চা বাগানে কার্য্যের অনুসন্ধানে চলে গেছে এবং কুয়েকজন শ্রমিক ইতিমধ্যেই মিলিটারী কণ্ট্রাক্টর-এর কাজে নিযুক্ত হয়েছে। এ পর্যন্ত চা বাগানকে ক্ষতিপূরণ দরুণ ৩ লক্ষ ৫৭ হাজার টাকা দেওয়া হয়েছে।

Mr. Speaker: I have received two notices of Calling Attention—one from **Shri Kashi Manta Maitra on the order of arrest of seven flour mill owners**

and the other from Shri Bijoy Kumar Banerjee, Shri Lakshmi Ranjan Josse, Shri Monoranjan Baksi, Shri Adhar Chandra Halder and Shri Khalil Sayeed on irregular supply of water in Calcutta. I have selected the notice of Shri Bijoy Kumar Banerjee, Shri Lakshmi Ranjan Josse, Shri Monoranjan Baksi, Shri Adhar Chandra Halder and Shri Khalil Sayeed on irregular supply of water in Calcutta. The Hon'ble Minister-in-charge may make a statement today, if possble, or give a date for the same.

Shri Ardhendu Shekar Naskar: Tuesday next.

Point of privilege

Shri Deb Saran Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার বোধ হয় খেয়াল আছে আমার একটা প্রিভিলেজ মোশন ক্যান্সেল করে দিয়েছেন, সে সম্পর্কে একটা চিঠি আপনার সেক্রেটারীর কাছ থেকে পেলাম।

Mr. Speaker: I have refused consent, because no question of privilege involved in it.

Shri Deb Saran Ghosh:

এখন প্রশ্ন হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় যদি এভাবে অসত্য সংবাদ রাখেন তাহলে উপায়টা কি?

Mr. Speaker:

মিঃ ঘোষ, এই কোশ্চেন নিয়ে অনেক কথা হয়েছে, যদি ইনকারেক্ট কিছু দেন তাহলে আপনি মন্ত্রীকে জানাবেন।

Shri Deb Saran Ghosh:

জরুরী কোশ্চেনে যদি এই রকম করেন, কি ভাবে জানাবো?

Mr. Speaker: You can draw the attention of the Hon'ble Minister concerned through me or you can directly approach the Minister concerned and if he feels that the answer was wrong or incorrect, he is always at liberty to correct it or make a statement giving the correct reply, but, it can, under no circumstances, come under the purview of privilege. This is not only my ruling but it is the ruling of the Lok Sabha and everywhere else. I would add that it is not expected that the Ministers will give incorrect or wrong replies.

Shri Nikhil Das:

যদি প্রিভিলেজ না দেন তাহলে দয়া করে বলে দেন যাতে সত্য পরিবেশন করেন।

Shri Jagannath Kolay:

আমরা সত্য সংবাদ পরিবেশন করে থাকি।

Shri Deb Saran Ghosh:

যা সত্য সংবাদ পরিবেশন করেন না।

Shri Narayan Choubey: Is it the privilege of a Minister to give an information which is wrong? I think we are to get correct replies from Ministers. So, can it be the privilege of a Minister to give some false information to us?

Mr. Speaker: It is not a question of privilege. The point is this. He wanted an answer and, according to him, an incorrect answer was given. May be he is right, may be he is wrong. In such a case, the attention of the Hon'ble Minister should be drawn that such an answer is wrong and he should clarify the position. You can do this by drawing the attention of the Minister concerned through me or you can approach him direct for this.

Shortage of time in giving replies

Shri Tarapada Dey:

কোশ্চেনের উত্তর দেবার যে সময় নির্দিষ্ট আছে সেই সময় শর্ট, বিভিন্ন ডিপার্টমেণ্ট থেকে যে সব উত্তর দেওয়া যায় না, বিভিন্ন ডিস্ট্রিক ম্যাজিস্ট্রেটের সঙ্গে অফিসারের সঙ্গে কথা বলে দেখেছি, এত শর্ট সময়ে ভেগ উত্তর দিতে বাধ্য।

Mr. Speaker:

এতো রুলস কমিটিই করেছে।

Shri Tarapada Dey:

অনেক সময় মিনিস্টার বলে থাকেন সময় এত সর্ট যে এতে উত্তর দেওয়া যায় না। সেজন্য আমি আপনার মারফৎ চীফ মিনিস্টারকে জানাতে চাই যে এই সময়টা কিছু বাড়িয়ে দেওয়া উচিত।

Mr. Speaker:

এটাতো রুলস কমিটির ব্যাপার।

Halh-an-hour Discussion

Under rule 50 on starred question No. *222 answered on 2nd March, 1965.

[1-20—1-30 p.m.]

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ২রা মার্চ আমার ২২২নং প্রশ্ন উত্তরে মন্ত্রিমহাশয় যা বলে ছিলেন সে প্রশ্ন উত্তর থেকে যে প্রশ্ন দেখা গিয়েছিল যার উত্তর আমরা পায় নি এবং আমাদের হাউসে কাছে সে প্রশ্নের উত্তর আমরা ক্লারিফাইড হওয়া দরকার বলে আসিবে নোটিশ দিয়েছিলাম আপনি অনুগ্রহ করে পাবলিক ইমপরটেণ্ট গুরুত্বপূর্ণ জনস্বার্থ জড়িত বলে আপনি আমাকে আধ ঘণ্টা আলোচনা করবার জন্য সুযোগ এ হাউসে দিয়েছেন। আমি সেজন্য সে অধিকার নিয়ে এই হাউসের সামনে কয়েকটা কথা রাখতে চাই। যে প্রশ্ন আমি করেছিলাম সে প্রশ্নের মধ্যে পরিস্কার এটা ছিল যে ডি আই আর এবং আগেকার ডিফেন্স অফ ইণ্ডিয়ার রুলস ৩৯, ৬২ দুটা বিভিন্ন সেক্সন দেখলাম তাতে পরিস্কার এসব কথা লেখা আছে যে ডি আই

আর ৩০ যেটা সেটা হচ্ছে সেইম অ্যাজ ৩৯ সিমিলারলি পেজ ৩৫এ—কাজেই যুগে যুগে অবস্থা পরিবর্তন হবার সঙ্গে সঙ্গে ভারত রক্ষা আইন নূতন করে চালু করতে হলে বর্তমান নূতন অবস্থার জন্য কিছু আইন তৈরী হয় কিন্তু তার মূল্য বোধ একই থাকে। কাজেই ১৯৩৯ সাল থেকে আজ পর্যন্ত জেল কোডে অনেক বিধিবদ্ধ নিয়ম হয়েছে সে সব নিয়ম গুলো এই আইন হবার ফলে বাতিল হয়ে যায় নি। পরিবর্ত্তিত হ নি এবং অনেক ক্ষেত্রে নানা কারণে পরিবর্দ্ধিত হয়েছে। এই সব কারণে ২১১টা কথা উল্লেখ করতে চাই তার ভেতর দিয়ে বঝতে পারা যাবে যে বাস্তবিক যে প্রশ্ন আমরা করেছিলাম ডি আই আর ৩০ এবং রুল ৪১(৫) সে ভাবে ধরা হচ্ছে এসব বিচারাধীন বাদী এবং নিরাপত্তা বাদী যাদের জেলখানায় রাখা হয়েছে তাদের উপর জেল কোডের যে অনুশাসন ছিল সেটা বর্তায় কিনা এই প্রশ্নই মূখ্য মন্ত্রীর বা স্বরাষ্ট্র মন্ত্রীর কাছ থেকে জানতে চেয়েছিলাম। কি ভাবে গণতান্ত্রিক অধিকার দেশের যে সব রাজনৈতিক আন্দোলন করে, গণতান্ত্রিক আন্দোলনের মাধ্যমে বন্দী জেলখানার ভেতরে লড়াই করে আদায় করেছিল সে সব অধিকারের ফলে যে চুক্তি লিপিবদ্ধ হয়েছিল জেল কোডে সে সব স্থান পেয়েছিল। সেগুলি কি করে বাতিল হয়ে যায় সে প্রশ্ন আমাদের ছিল বলে এই প্রশ্ন আমি হাউসের সামনে রাখছি যে জেল কোডের যে নিয়ম বিধি সন্নিবিষ্ট হল সে সব বিধি সন্নিবিষ্ট হবার আগে ১৯৪৮, ৪৯, ৫০ সালে আমি জেলে ছিলাম এবং যে বিরাট আন্দোলনের মধ্য দিয়ে গণতান্ত্রিক অধিকার রাজবন্দীরা লাভ করেছিল সে সব অধিকারের ভিত্তিতে তৎকালীন বাংলা দেশের মুখ্য মন্ত্রী ডা: রায় আমাদের সামনে চুক্তি বদ্ধ আকারে তা স্বাক্ষর দিয়ে একটা চুক্তি নামা পাঠিয়ে দেন এবং তাতে যা দেখলাম এবং পরে জেলকোডেও দেখলাম যে সে সব চুক্তি নামা তাতে নিবদ্ধ হয়ে গেছে। আমি আপনার কাছে এই যে জন স্বার্থের গুরুত্বপূর্ণ যে দিক আছে সেটা আজকে জানাতে চাই। ১৯৪০ সালে রাজবন্দী যারা জেলে গিয়েছিল তখন দেখলাম সেই ব্রিটিশের যুগে আমরা সে অধিকার পেতাম ডিটেন সান ম্যানুয়ালে আমরা সে মর্যাদা পেলাম না। দ্বিতীয়তঃ আমাদের রাজনৈতিক আন্দোলনের যারা কর্মী যারা নেতৃস্থানীয় যারা কৃষক শ্রমিক আন্দোলন করছে সে আন্দোলনের মাধ্যমে যে সব কর্মীরা বিচারাধীন অবস্থায় জেলে গেলেন তারা সে সব মর্যাদা পেলেন না। ব্রিটিশ-এর আমলে এসব কংগ্রেস কর্মীরা এটা পেয়েছিলেন। আমরা ১৯৩০।৩২।৪২ সালে বিভিন্ন জেলে কাটিয়েছি এবং কংগ্রেসের সঙ্গে একই সঙ্গে থেকেছি, তখন আমরা একই সঙ্গে দাবী করেছি যে আমরা স্বদেশী রাজনৈতিক বন্দী হিসাবে কেন খ্যাতি হব না। তৎকালীন ব্রিটিশের যুগে সে সব দাবী স্বীকৃত হয়েছিল ডিটেসান ম্যানুয়ালে এ সব লিপিবদ্ধ আছে। তার পর স্বাধীনতা হবার পর ডাঃ রায় রায় যখন এলেন তখন দেখা গেল আমাদের যে সব অধিকার থেকে বিচ্যুৎ হচ্ছি এবং রাজনৈতিক বন্দীর মর্যাদা নেই। ফলে জেলখানার ভেতরে সংগ্রাম বহুদিন ধরে হাঙ্গামা অনশন হয়, শুধু অনশন নয়, সে সময় আমাদের দমদম এবং আলীপুর জেলে যে সব বিচারাধীন রাজনৈতিক বন্দী ছিলেন তাদের সংগ্রামের ফলে প্রমথ, সুমথ, মুকুল, আঘাত পেয়ে মারা যায়। আলিপুর সেন্ট্রাল জেলে ফোর্স ফিডিং করতে গিয়ে একজনের জীবন দিতে হয়, এসব লাঞ্ছনা ইত্যাদি সহ্য করেও জেলখানায় ভেতরে বন্দীরা তাদের দাবী আদায় করে ছিল, ডাঃ রায় সে সব দাবী স্বীকার করে নিয়ে বলেছিলেন যারা রাজনৈতিক আন্দোলন কৃষক মজদুর আন্দোলনের সঙ্গে জড়ীত সে সব রাজনৈতিক বন্দীদের যারা ক্লাসিফিকেসন পেয়েছে তারা ডিভিসন ১ এবং যদি কনভিকসন হয়ে যায় তাহলে ডিভিসন ২ ট্রিটমেণ্ট করতে হবে আমি আপনার সামনে এ সব লিপিবদ্ধ ধারায় জানাতে চাই রুল ৬১৭(৫)এ বলা হচ্ছে

"Pending the orders of Government on each case referred to them convicted prisoners whose previous standard of living has been declared to be superior to the ordinary or who have been convicted of offences in connection with political or democratic (including working class and peasant) movements or who, while undertrial, have been classed as Division I undertrial shall, if they are non-habituals of good character and are not disqualified from being so classified by the nature of their offences, be treated as Division I convicts."

এটা হচ্ছে ক্লাসিফিকেসন সম্পর্কে তারপর আণ্ডারট্রায়েল সম্পর্কে আজকে সিমিলারিটি বা একই

ধরণের কথা আছে একই ভাষা এক দিক দিয়ে যেটা রাখা হয়েছে ডাঃ রায় এর জেল কোড ৬১৭(৫) রুল এবং তার সঙ্গে ৯১০(১) রুল ২টা সন্নিবেশিত করলে একটা জেল কোডএ পরিবর্তিত আকারে গণতান্ত্রিক আন্দোলন করার ফলে একটা আইন পরিবর্ত্তিত হয়ে গেছে জেল কোড এ কি রাজনৈতিক কর্মীরা ব্যবহার পাবে এই স্বদেশী সরকার তা প্রথম স্বীকার করেছিলেন তবে বিদেশী সরকার ইংরাজ আমলে রাজনৈতিক বন্দীদের যে মর্য্যাদা ছিল সেটা এরা দিতে পারেন নি। আবার স্বদেশী সরকারকে যেটা স্বীকার করতে হল এই যে অধিকার পেয়েছিল সে অধিকার সম্পর্কে একটু বলতে চাই। আমাদের জেলে যে সব আন্দোলন করেছিলেন ১৯৪৮-১৯৪৯ সলে আন্দোলনের ফলে ডাঃ রায় যে সব চুক্তিবদ্ধ করে সে সব আইন ক্লারিফাই কর.লন, জেল কোডএ সন্নিবেষ্টিত করলেন তারপর ভারত রক্ষা আইন হল এই আইন যখন পাস হয় সে সময় ভেবে ছিলাম যে আইন পাস হচ্ছে এবং প্রয়োগ ও বিধিবদ্ধ সম্পর্কে আমাদের আশঙ্কা যথেষ্ট ছিল, যে ভারতরক্ষা আইন সেই সব প্রয়োগ করে হবে না। যার ফলে জরুরী অবস্থার সুযোগ নিয়ে ভারত রক্ষা আইনের অস্ত্র নিয়ে এই যে গণতান্ত্রিক কথার নামে ছদ্মবেশে আছেন, সে সরকার হয়ত বিরোধী দলকে সেটা ঘায়েল করবার চেষ্টা করবেন। ঠিক সেই আশঙ্কা আমার ফলবতী হয়েছে সে আশঙ্কা যে মূল্যহীন নয় যে অহেতুক নয়। যে ভিত্তি ছিল সে ভিত্তি আছে বলে এই কথা বলতে চাই আমার বক্তব্য হচ্ছে যে ডি আই আর এর অপপ্রয়োগ হয়েছে, প্রথম দিকে ডি আই আর যখন প্রয়োগ করা হয় তখন দেখলাম মূলতঃ সি আই আর এর বিরুদ্ধে এটা আক্রমণ করেছিলেন ট্রেড ইউনিয়ন মজুর কর্মী, সি পি আই এর বিরুদ্ধে আক্রমণ ছিল ১৯৬২ সালে ডি আই রুল চালু করা হল তখন আমাদের এক বাংলা দেশই কমুনিস্ট পার্টি কর্মীদের জেল খানায় আটক রাখা হল। বহু লোককে ডি আই রুল ৪১(৫) ধারায় ধরা হল তাদের আণ্ডার ট্রায়ল করা হল এই ভাবে দেখছি এ প্রয়োগমূলত ছিল সি পি আই এ ট্রেড ইউনিয়ন কৃষাণ কর্মীদের য়্যারেস্ট করার তাদের আটক করা। তাদের ধারায় ফলে যে সব নিরাপত্তাবন্দীর সিকিউরিটি য়্যাক্ট, পি ডি অ্যাক্ট এর সুযোগ পেতেন তা পেলেন না এবং আণ্ডারট্রায়েল প্রিজনারসদের ডাঃ রায় যে সুযোগ দিয়েছিলেন সেটা পেলেন না শুধু তাই নয় সি পি আই এর উপর আক্রমণ ছিল তাই নয় পরবর্তী আমলে ১৯৬২ জুন মাসে এই আইনে ফরওয়ার্ড ব্লকএর আর এস পি বিরুদ্ধে প্রয়োগ করা হল যখনই নূতন করে রিফিউজি আসতে শুরু করলো সে সময় আন্দোলন গণতান্ত্রিক আন্দোলন নেতা ও কর্মীদের বিরুদ্ধে এই ডি আই রুল চালু করা হয় এর ফলে বহু লোককে আটক, রাখা হয় বহু লোককে ৪১(৫) ও ৪১(১) বিচারাধীন করা হয় এর মামলা একটাও টেঁকেনি সব খালাস হয়ে গেছে। অথচ সরকার জানেন জরুরী অবস্থার মধ্য দিয়ে ভারত রক্ষা প্রয়োগে ফলে পুরাণ আইন বাতিল হয়ে গেছে.

[1-30—1-40 p.m.]

জানি না কোন বিধিবদ্ধ সরকার—কোন গণতান্ত্রিক সরকার, সত্যই যদি হয়—যদি জনসাধারণ আস্থার উপর সরকারকে নির্ভর করতে হয় তাহলে তারা বলতে পারেন কিনা—যে জেল কোর্ড ছিল—যেটা স্ট্যাটুটারী রুলস হয়ে গেছে—তা সব জরুরী অবস্থার ফলে বাতিল হয়ে যাবে। ১৯৪৯ সালে যে ভিত্তি ছিল—১৯৬২ সালে যে জেল কোর্ড এসেছে ১৯৪৯ সালে জেল কোর্ডের নূতন বিধি রচনা করা হোল সেই সব বিধি কি উঠে যাবে—শুধু তাই নয়—আমি আরও বলবো ১৯৪৬ সালের যখন মে এবং সেপ্টেম্বর মাসে খাদ্য আন্দোলন হোল—বিরাট আন্দোলন ভারতব্যাপী হোল—সেই সময় এই ডি আই রুল প্রয়োগ করা হয়েছে। আমরা দেখছি এই ডি আই রুল প্রয়োগ করা হচ্ছে একটা ভিনডিকটিভ মতলোভ নিয়ে—এটা বিরুদ্ধ মতবাদকে ক্রাস করবার জন্য, তাই জরুরী অবস্থার সুযোগ নিয়ে সরকার প্রস্তুত হয়ে গেলেন কি করে বিরোধীদলকে ঘায়েল করা যায়। প্রথমতঃ এটা প্রয়োগ করা হোল সি. পি. আই. এর উপর তার পর আর সি. পি. আই. ফরোয়ার্ড ব্লক পি. এস. পি.-র উপর প্রয়োগ করা হোল। একটার পর একটা করে এই ডি. আই. রুল জারী করলেন এবং এই জরুরী অবস্থার মধ্য দিয়ে লোকদের জেলখানায় গিয়ে গিয়ে তাদের নির্যাতনের মধ্যে ফেললেন। বহু সংগ্রাম করে আমরা যে গণতান্ত্রিক অধিকার পেয়েছিলাম—জেলখানার ভিতর ধরে নিয়ে গিয়ে জেল কোর্ডগুলিকে বদলে দিয়ে আমাদের সেই অব অধিকারকে

বরবাদ করে দিয়েছেন। কাপুরুষ সরকার তাদের ক্ষমতা সেই এটা বলার যে আমরা জেল, কোর্ড মানি না। তারা বলতে পারে না যে আমরা ফ্যাসিস্ট সরকার আমরা বামপন্থী মতবাদ বিরুদ্ধ মতবাদকে আমরা মানি না। এবং আমরা সংবিধানকে মানি না। তাই আমি এই টুকু বলতে চাই ছদ্মবেশ, সরকারকে একটা পেটি মাইণ্ডেড ক্লিক নিয়ে চলেছেন। আমরা দেখেছি এক দিকে সরকার বড় বড় কথা বলেন—আর এক দিকে তারা বহু দিন সংগ্রাম করে আমরা যে সম্পদ অর্জন করেছি যে অধিকারগুলি অর্জন করেছি সেই গুলিকে আজ কেড়ে নিতে চায়। তাদের ব্যাকডোর পলেসি ডি খিড়কীর দরজা দিয়ে আমাদের অধিকার-গুলিকে কেড়ে নিতে চায়। আমি তাই বলতে চাই যে বার বার এই ডি. আই. রুলস প্রয়োগ করেছেন এবং জরুরী অবস্থার নাম করে বহু জায়গায় ডি. আই রুলসের অপব্যবহার করেছেন এবং বিরোধী দলকে ঘায়েল করার যে পথ নিয়েছেন সেই পথ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এই ডি. আই. রুল জারী করার ফলে যে লোকদের জেল-খানায় পাঠানো হচ্ছে সে রাজবন্দী হোক, নিরাপত্তা বন্দীই, বিচারাধীন বন্দীই হোন জেলখানার ভিতর ঠিক মত ট্রিটমেণ্ট পাবার জন্য যে লিপিবদ্ধ আইন আছে সেই আইন ছেলের মধ্যে থাকবে কিনা। আমি কতকগুলি নাম বলতে চাই আমাদের বাংলা দেশে এমন এম. এল. এ বন্ধুরা আছেন নারায়ণ চোবে, অশ্বিনী রায়, হরিদাস চক্রবর্তী এরা সব এম. এল. এ অজিত বসু কৃষাণ নেতা মদুগোপাল সেই ট্রেড ইউনিয়ন নেতা—জহর ঘোষ ট্রেড ইউনিয়ন নেতা গোপী ট্রেড ইউনিয়ন নেতা, সত্য চন্দ্র কিষাণ নেতা—দেব নারায়ণআহির জে. কে. স্টীল—সুবোধ সরকার লক্ষ্মী নারায়ণ নুর মহম্মদ জয়শ্রী টেক্সটাইল। কার্তিক দাস হিন্দ মোটর এই যে বিভিন্ন শত শত নাম আছে—এদের মধ্যে ট্রেড ইউনিয়ন কিষাণএ পলেটিক্যাল ওয়ার্কার—লিডার তারা জরুরী অবস্থার তাদের উপর ডি আই. রুল প্রয়োগ করার ফলে তারা আজ চোর ডাকাতের মত ট্রিটমেণ্ট পাচ্ছে জেলখানার ভিতর। আমি জানতে চাই যে সরকার স্বাধীনতা উপলব্ধি করেছেন যে সরকার রাজনৈতিক মর্যাদা স্বীকার করে নিয়েছেন। যে সরকার ডিটেনসন ম্যানুয়েল অনুযায়ী রাজবন্দীদের মর্যাদা দেবার জন্য স্বীকৃত হয়ে আছেন—যে সরকার ডাক্তার রায়ের চুক্তিকে স্বীকার করে নিয়েছেন সেই সরকার এই জেল কোর্ড ঠিকভাবে পরিচালনা করবেন কিনা। যারা রাজনৈতিক বন্দী তাদের উপযুক্ত মর্য্যাদা দেবেন কিনা।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের কথাগুলি আমি মন দিয়ে শুনেছি—মাননীয় সদস্য একটা ভুল করছেন। ১৯৩৯ সালের সঙ্গে ১৯৬২ সালের অক্টোবর বা ১৯৬৫ সালের মার্চের কোন তলনা হতে পারে না—তখন ইংরাজ কি আইন করেছিল কি বিধি করেছিল কি নিষেধ আরোপ করেছিল তার সঙ্গে আজ স্বাধীনতা লাভ করবার পর এবং বিশেষ করে আমাদের দেশে প্রাপ্ত বয়স্ক প্রাপ্তবয়স্কা সবার ভোটের অধিকারে যে নির্বাচিত সরকার কি কেন্দ্রে কি বিভিন্ন রাজ্যে কোন তুলনাই চলে না। কাজেই আমি এই তুলনামূলক প্রশ্নের কোন উত্তর দিতে চাই না। আজকে আমাদের এটা বুঝতে হবে যে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসের রুল ৩০-তে আমরা কাদের ধরছি। আমরা কোন রাজনৈতিক দলভুক্ত বলে কাউকে ধরছি না। আমরা তো একথা বলছি না -তে আজকে কমিউনিস্ট পার্টি বেআইনী—তাদের আমরা বেআইনী ঘোষণাও করি নি। আমরা বলি নি যে যাঁরা পিকিংয়ের দিকে তাকিয়ে আছেন সেই কমিউনিস্ট পার্টি তাদের আমরা বেআইনী ঘোষণা করবো—আমরা করি নি বা একথা বলি নি যে যাঁরা পিকিংয়ের দিকে তাকিয়ে নেই তাদের আমরা বেআইনী ঘোষণা করবো। ডিফেন্স অব ইণ্ডিয়া রুল যখন আমরা প্রয়োগ করি ব্যক্তিবিশেষের উপর আমরা সেটা প্রয়োগ করি এবং তার সঙ্গে কোন রাজনৈতিক দলের কি রাজনৈতিক মতবাদের কোন রকম সম্পর্ক নেই। যখন তা নেই তখন এখানে পলেটিক্যাল প্রিজনার—কি নয়, সেই প্রশ্ন উঠে না। আর একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা হচ্ছে আমাদের যে জেল কোড আছে মাননীয় সদস্য ৬১৭, এবং ৯১০ যে বিধি তিনি উদ্ধার করে বললেন, তাতে পলেটিক্যাল প্রিজনার রাজনৈতিক বন্দী বলে কোন সংজ্ঞা নেই। আমাদের স্বর্গীয় মহান নেতা ডাঃ বিধান চন্দ্র রায় তিনি একটা জিনিস করেছিলেন—তিন বলেছিলেন যে

কোনও দল বা কোন ব্যক্তি বিশেষ যদি এমন কোন কাজ করে এবং এমন কোন আন্দোলন করে যেটার সঙ্গে জনসাধরণের কল্যাণ জড়িত ধরুন খাদ্যের বিষয় নিয়ে, জনসাধরণের কল্যাণের জন্য যদি কেউ আন্দোলন করেন বা অন্য কোন জনসাধারণের মঙ্গলদায়ক কাজের জন্য যদি আন্দোলন করেন—সেটা শ্রমিকদের জন্যও হতে পারে, সেটা কৃষকদের জন্যও হতে পারে সেটা শিক্ষকদের জন্যও হতে পারে—এই রকম যদি আন্দোলন হয় যার উদ্দেশ্য মহৎ তখন সে আন্দোলন কে আমাদের স্বর্গীয় মুখ্য মন্ত্রী বলেছিলেন যে গণতান্ত্রিক আন্দোলন বলা হবে এবং তার জন্য তাদের তিনি কিছু সুখ সুবিধার ব্যবস্থা করে গিয়ে ছিলেন।। ঐ যে ৬০৭, ৯১০ বিধির কথা যেটা বললেন মাননীয় সদস্য মহাশয়, আমি আপনাকে বলছি অধ্যক্ষ মহাশয়, আমরা যখন কোন ব্যক্তিকে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলে ধরি কোন রাজনৈতিক দলের লোক বলে ধরি না—ব্যক্তিবিশেষকে আমরা ধরি। কাজেই এই যে আইন প্রয়োগ করি, আমরা কেন করি আমি এটা ইংরাজীতে পড়ে শুনালে বুঝতে পারা যাবে।

"The Central Government or the State Government if it is satisfied with respect to any particular person that with a view to preventing him from acting in any manner prejudicial to the defence of India and civil defence, public safety and maintenance of public order in its relation with foreign powers, maintenance of peaceful condition in any part of India or efficient conduct of military operation or maintenance of supplies and services essential to the life of the community, it is necessary."

[1-40—1-50 p. m.]

কাজে কাজেই এর সঙ্গে গণতান্ত্রিক আন্দোলনের কোন সম্পর্ক নেই, ডেমোক্রাটিক মুভমেণ্টের কোন সম্পর্ক নেই, রাজনৈতিক দলের সঙ্গে কোন সম্পর্ক নেই। এটা হয়ত খারাপ শোনাবে তাই উদাহরণস্বরূপ আমি একটা কথা বলি যে যদি কোন রাজনৈতিক দলের কোন ব্যক্তি একটা অন্যায় কাজ করে, সে যদি কাউকে থাপপড় মারে তার জন্য তাকে যদি কোর্টে সোপর্দ করা হয় তাহলে তাকে পলিটিক্যাল প্রিজনার বলে গণ্য করা হবে না। আর এখানে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস এ বলে দিয়েছে যে ভারতবর্ষের নিরাপত্তার বিরুদ্ধে যে কাজ করেছে ভারতবর্ষে এমন কোন লোক যদি থাকে যে আমাদের যুদ্ধের কাজকে ব্যাহত করবার চেষ্টা করেছে, ভারতের শান্তি ব্যাহত করবার চেষ্টা করেছে দৈনন্দিন জীবনযাত্রা নির্বাহ করবার জন্য যেসমস্ত প্রয়োজনীয় দ্রব্য দরকার তা সরবরাহের যে ব্যাঘাত ঘটাচ্ছে তাকে এই আইনে ধরতে পারা যায় এবং এই আইনে আমরা যাদের ধরছি তার সঙ্গে ডেমোক্রাটিক মুভমেণ্টের যে সমস্ত কথা ছিল, আমাদের স্বর্গীয় নেতা যে সমস্ত ব্যবস্থা করেছিলেন তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই, এমন কি আমরা প্রিভেনটিভ ডিটেনসান অর্ডার এ ধরতাম তার সঙ্গেও এর কোন সম্পর্ক নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, সেটা হচ্ছে এই যে ১৯৬২ সাল থেকে যাদের ধরে রেখেছিলাম ১ বছর কি ক'বছর আমার মনে নেই তখন এই সমস্ত প্রশ্ন কেউ তোলেন নি এই কথা কেউ বলেন নি আজকে যে কথা আমরা বলছি এবং আপনি শুনলে আশ্চর্য্যান্বিত হয়ে যাবেন যে তখন তাদের ধরে যে সব ব্যবস্থা আমরা করেছিলাম এখন তার চেয়ে বেশী ব্যবস্থা করেছি। তখন আমরা অনেক জিনিষ দিতাম না, এখন আমরা সে সব জিনিষ দিচ্ছি। তখন আমরা মাসহারা দিতাম না, এখন আমরা মাসিক ৭।।০ টাকা মাসহারা দিচ্ছি। তাস খেলবার জন্য তাদের তাস দিয়েছি, পাশা খেলবার জন্য পাশা দিয়েছি, যেখানে জায়গা আছে সেখানে ভলি বল খেলবার ব্যবস্থা করেছি। অধ্যক্ষ মহাশয়, আপনি জেলে গেছেন কিনা জানি না, আপনার অভিজ্ঞতা নেই, আমাদের আছে, সেখানে নিয়ম আছে যে সন্ধ্যা হবার পর অর্থাৎ সানসেট হবার পর বন্দীদের বন্ধ করে রাখা হয়। এদের আমরা বলেছি সান সেট হবার সময় বন্ধ কর না ১ ঘণ্টা ১।।০ ঘণ্টা পরে বন্ধ করো। মাসিক ৭।।০ টাকা হাত খরচের জন্য আমরা দিচ্ছি। যাদের দরকার তাদের গরম চাদর দিচ্ছি, রুমাল দিচ্ছি, চিরুনী দিচ্ছি হয়ার অয়েল দিচ্ছি, টুথ ব্রাস দিচ্ছি, টয়লেট সোপ দিচ্ছি, রাইটিং প্যাড দিচ্ছি, পেন হোল্ডার দিচ্ছি, পেন্সিল

রচিছ, নিবন্ধ দিচিছ এবং এরা বাড়ীতে যেমন রোজগার করতেন হিসেব করে আমরা একটা ফর্মুলা করেছি এবং সেই ফর্মুলা অনুসারে মাসিক মাসহারা পর্যন্ত দিচিছ। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে সেই মাসহারার পরিমাণ যেমন ২৫।৩০, টাকা ও আছে আবার আমি সেদিন যেমন একটা সই করলাম ২৭০ টাকাও আছে। কাজে কাজেই এদের মাসহারা দেওয়া হচেছ। কাজেই যে সমস্ত মাননীয় সদস্য এ নিয়ে আন্দোলন করেছেন' আলোচনা করেছেন, তাঁরা যে সব দেশের দিকে তাকিয়ে থাকেন সে সব দেশের আদর্শ যাঁরা মানেন যে রুশ দেশই হোক আর চীন দেশই হোক, ওঁরা মনে মনে ভেবে দেখুন যে ওদের হাতে কোনগতিকে ভারতবর্ষে যে গণতন্ত্রকে মেনে নিয়েছে এবং যে গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে চলেছে. সেই ক্ষমতা যদি থাকে. অবশ্য তা হবে না, তাহলে ওঁরা কি তাস দেবেন না দাবা দেবেন? ওঁদের রাশিয়াতে কি দিত? ওঁদের চীন দেশে কি দেয়? ওঁরা তো রাশিয়ার দিকে তাকিয়ে আছেন এবং চীন দেশের দিকে তাকিয়ে আছেন। আমাদের মাননীয় কারামন্ত্রী মহাশয় অমৃত বাজার এবং আনন্দবাজার কাগজে বলেছেন যে প্রতি ১০ জনের জন্য ১ খানা করে দেওয়া হবে। কাজে কাজেই আমাদের এই গণতান্ত্রিক সম্মত দেশে গণতান্ত্রিক মতে যে আইন বিধিবদ্ধ হয়েছে, কোন ডিকটেটর আইন নয়, সেই আইন অনুসারে যারা বন্দী হয়েছেন এবং সেই বন্দীদের প্রতি এই সরকার যে সদয় ব্যবহার করছেন তার সম্বন্ধে কোন কথা বলা চলে না এবং আমি খুব আনন্দিত হয়েছি যে আধ ঘণ্টা ডিসকাসন করবার সুযোগ দিয়েছেন। কেন না এই রকম বিধিবদ্ধ ভাবে আলোচনা করলে পর কথা শোনাও যায় এবং তার জবাবও দেওয়া যায়। আমাদের এখানে অনেক সময় এমন ভাবে আলোচনা হয় যে কে কি বলছে আমরা শুনতেও পাইনা আর আমরা যদি কেউ কিছু বলি তাও কেউ শুনতে চায় না। সরকার কি করতে চান স কথা পরিষ্কার ভাবে বলবার যে সুযোগ আমি পেয়েছি, তার জন্য আপনাকে ধন্যবাদ দিচিছ।

Shri Narayan Choubey:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের প্রশ্ন ছিল......

Mr. Speaker:

মিঃ চৌবে, এই রুলটা আমাকে ফলো করতে দিন......

Shri Narayan Choubey:

আমাদের প্রশ্ন ছিল রিগার্ডিং ৪১ সম্বন্ধে............

Mr. Speaker:

৫ মিনিট সময় আছে আপনারা যদি ক্ল্যারিফিকেসন, এলিউসিডেসন চান, এক এক করে বলুন দেখতে দেখতে ৫ মিনিট শেষ হয়ে যাবে।

Shri Nikhil Das:

মিঃ স্পীকার স্যার, আমরা রাশিয়া এবং চীনের প্রশ্ন এখানে শুনতে চাই না। আমরা ভারতবর্ষে বাস করি এবং ভারতবর্ষে যে রুল ৪১(৫)-এ যে সব বিচারাধীন বন্দী আছেন তাঁদের অবস্থা সম্বন্ধে আমরা প্রশ্ন করেছি। আমরা সে দিন একটা প্রশ্ন করেছিলাম যে রাজনৈতিক বন্দী হিসাবে কারা পরিগণিত হবেন? বিধানবাবুর আমলে যাঁরা গণতান্ত্রিক আন্দোলনে ধৃত হতেন, তাঁদের যে মর্য্যাদা দিয়েছিলেন সেই মর্য্যাদা কি উঠে গেল? তাতে অর্দ্ধেন্দুবাবু আমাদের একটা জবাব দিয়েছিলেন যে এখন জরুরী অবস্থা চলছে, তাই বিধানবাবুর প্রতিশ্রুতি নাকি নেই। কিন্তু জেল কোর্ডে যে কথাগুলি আছে এবং আমাদের প্রশ্নটা অত্যন্ত সোজা ছিল যে খাদ্য আন্দোলন কি গণতান্ত্রিক আন্দোলন? জিনিষপত্রের দাম কমাবার আন্দোলন কি গণতান্ত্রিক আন্দোলন? মজুরদের মজুরি বাড়াবার আন্দোলন কি গণতান্ত্রিক আন্দোলন? আমি প্রশ্ন করছি সেই গণতান্ত্রিক

আন্দোলন, ১৯৬২ সালে অক্টোবরের পরের আন্দোলন পৃথক? আমরা যখনই আন্দোলন করেছি তখনই ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস আমাদের উপর প্রয়োগ করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এই যে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস যবে থেকে প্রয়োগ করা হয়েছে তখন কি কোন গণতান্ত্রিক আন্দোলন হয়নি, না বিধানবাবুর সাথে সাথে উঠে গেছে? উঠে গেলে এখন কোন কোন আন্দোলনগুলি গণতান্ত্রিক আন্দোলন বা রাজনৈতিক আন্দোলন?

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, প্রফুল্লবাবুর কাছে যে জবাব আমরা সেদিন চেয়েছিলাম উনি সে জবাবটা আজকে দিলেন না। খুব স্কিলফুলি এড়িয়ে গেলেন। সেটা হচ্ছে যে রাজনৈতিক বন্দী উনি কাদের মনে করেন? তারা কারা?

Shri Prafulla Chandra Sen:

রাজনৈতিক বন্দী বলে জেল কোডে কেউ নেই।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

উনি স্টেটমেণ্টে বলে গেলেন যে কোন রাজনৈতিক দল হিসাবে ধরছি না, ব্যক্তি বিশেষকে ধরছি। মিঃ স্পীকার স্যার যে কোন একটি আন্দোলন হোক, আইন ভাঙ্গার সময় যাদের ধরে তাদের সব ব্যক্তিগত ভাবেই ধরা হয় কোন সমষ্টিগত ভাবে ধরা হয় না। ব্যক্তিগতভাবে প্রত্যেকের বিরুদ্ধে অভিযোগ করা হয়। চীফ মিনিষ্টার হয়ে উনি যে এই একটা বেলতাবাছি কথা বললেন আমি এর কোন মানে বুঝতে পারছি না। দু নম্বর হচ্ছে যে আমরা এটা জানতে চাই যে আজকে কংগ্রেস ছাড়া কি কোন রাজনৈতিক দল আছে? যদি থাকে তাহলে সেই রাজনৈতিক দল কতৃক পরিচালিত যে আন্দোলন এবং সেই আন্দোলনে ধৃত কর্মীদের পলিটিক্যাল প্রিজনারস হিসাবে ধরবেন? আর ওনারা যদি বলেন যে ভারতবর্ষে একমাত্র কংগ্রেসই হচ্ছে রাজনৈতিক দল এছাড়া আর কোন রাজনৈতিক দল নেই তাহলে সেই ব্যাখ্যাটা দিন।

Mr. Speaker:

মিঃ রায় চৌধুরী এবার আপনি বসে পড়ুন।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

উনি বললেন যে এই যে তফাৎ হয়ে গেছে, বৃটিশ সাম্রাজ্যবাদের সময় গভর্নমেণ্ট ছিল, আর এদের সময় কে ছিল ? উনি জিজ্ঞাসা করেছেন যে জেলে থাকলে আমরা ওদের তাস, পাশা দেব কি না? এই সমস্ত কালতু কথাবার্তা তুলে জিনিষটাকে লাইট করবার জন্য বলেছেন। উনি বললেন ব্যক্তিগত ভাবে রাজনৈতিক দলের যদি কেউ অন্যায় করে, সে প্রশ্ন আসছে না। কিন্তু আমরা জানতে চাচ্ছি যে রাজনৈতিক বন্দী উনি কাদের বলেন এবং পলিটিক্যাল পার্টি কংগ্রেস ছাড়া আর কেউ আছে কিনা?

Mr. Speaker:

মিঃ রায় চৌধুরী আগে আপনি জবাবটা শুনুন।

[1-50—2 p.m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মহাশয় শোনেননি, আমি পরিষ্কারভাবে বলেছি আমরা কোন লোককে কোন দিনই রাজনৈতিক বন্দী বলে আখ্যা দিইনি। মাননীয় নিখিল দাস

মহাশয়ের কথা আলাদা আর খগেন রায় চৌধুরী মহাশয়ের কথা আলাদা। উনি বলেছেন আপনারা কাকে রাজনৈতিক বন্দী বলবেন। আমি বলছি কংগ্রেসই হোক, প্রজাসোসালিষ্ট পার্টিই হোক, কমিউনিস্ট পার্টি পিকিং পন্থীই হোক, কমিউনিস্ট পার্টি সোভিয়েত পন্থীই হোক, কাউকে রাজনৈতিক বন্দী বলব না।

Shri Jyoti Basu:

মিঃ স্পীকার, স্যার, আবার আমি বলছি মুখ্যমন্ত্রী এর আগে এই রকম করেছিলেন। এটা আড্ডা খানার জায়গা নয়। আপনি ওঁকে কল হিম টু অর্ডার তার কারণ হচ্ছে উনি মুখ্যমন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রী সব কিছু, লিডার অব দি হাউস, তিনি যদি এখানে **করে উত্তর দেন.........

[তুমুল হট্টগোল]

তার কারণ, এখানে আমরা যখন এসেছি তখন আপনি এটা জানেন যে এখানে আমাদের বিভিন্ন পার্টির বিভিন্ন নাম আছে এবং সরকারও সেটা জানেন। ইলেকসান কমিশান থেকে আমাদের যে সব নাম ঠিক হয় সেসব আপনারও জানা আছে এবং সরকারেরও জানা আছে।

[তুমুল হট্টগোল]

Shri Ananda Gopal Mukherjee: **.........

Shri Bijesh Chandra Sen:

উনি বলেছেন চীফ মিনিস্টার * * করছেন।

Shri Ananda Gopal Mukhopadhyay: On a point of order, Sir,...........

[Noise and interruptions]

Shri Jyoti Basu: Ask that man to sit down.

[Noise and interruptions]

Ask that ** to sit down.

[Noise and interruptions]

Ask that ** to sit down.

[Noise and interruptions]

Mr. Speaker: After all, he has taken a point of order. There may be something in it.

Shri Ananda Gopal Mukherjee:

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। মাই পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে অপোজিসান মেম্বার অপোজিসান লিডার এই হাউসের মাঝে দাঁড়িয়ে এখানকার কোন মেম্বারকে যদি * *বলে এবং লিডার অব দি হাউসকে * * বলে..........

**Expunged by order of the Speaker.

Mr. Speaker:

মিঃ মুখার্জী, আমি রুলিং দিয়ে দিই শুনুন

Though he has raised a point of privilege in the midst of a point of order I will give my ruling. Though "***" is not strictly unparliamentary, after all, it should not be used in the House.

Shri Saila Kumar Mukherjee: Two points were made: one is regarding using the word "***" and the other is regarding using the word "***" against the members.

Mr. Speaker: That word is unparliamentary.

[Noise and interruptions]

Shri Jyoti Basu:

আমি যেটা আপনাকে বলছিলাম সেটা হচ্ছে এখানে বিশেষ করে মুখ্যমন্ত্রীর পক্ষে এইরকম পার্টিকে পিকিং, মস্কো এই সব বলে অভিহিত করার অর্থ কি। আমাদের পার্টির এখানকার যে নাম আছে সেই নামে আমরা পরিচিত। আমরা কংগ্রেসকে আমেরিকান এজেণ্ট আমেরিকান পার্টি বলব এসব তো কোন কথা নয়। সেজন্য আমি বিশেষ করে এই কথা বলছি যে মুখ্য মন্ত্রিমহাশয় যিনি লিডার অব দি হাউস তিনি আর একদিন এইরকম কথা বলেছিলেন এটা অশোভন তো বটেই, এটা ডেনজারাসও বটে। কারণ, উনি যদি এই সব বলতে আরম্ভ করেন তাহলে আমরা কোথায় দাঁড়িয়ে আছি। তাহলে হাউসের বাইরে কি হবে। কোন শালীনতা থাকবে হাউসের? আমার বক্তব্য হচ্ছে আমি শুধু * * * নয় * * * বলেছি। কারণ, তিনি যদি আমাকে বলেন পিকিং এজেণ্ট তাহলে আই সে হি ইজ এ * * *। যে আমাদের পিকিং এজেণ্ট বলেছে তাকে আমি এই কথা বলেছি। আগে তিনি পিকিং এজেণ্ট উইথড্র করুন তবে আমি * * * * * * উইথড্র করব, তা না হলে আই শ্যাল নেভার উইথড্র ইট। কারণ, ঐ আনন্দ গোপাল মুখার্জী আমাকে বলেছে পিকিং এজেণ্ট। আমি বলছি সে যদি ঐ পিকিং এজেণ্ট কথাটা উইথড্র না করে তাহলে আই রিপিট সে হি ইজ এ * * * হি ইজ এ * * * *।

[তুমুল হট্টগোল]

Shri Ananda Gopal Mukherjee: He is the * * *

[হট্টগোল]

Shri Jyoti Basu: Your are the * * *

[হট্টগোল]

Mr. Speaker: Order, order, please. It is no use creating disturbances in this way.

Shri Somnath Lahiri:

মিঃ স্পীকার, স্যার, এখানে এপক্ষ এবং ওপক্ষ কে কত গালাগালি দিতে পারেন তার প্রতিযোগিতার দরকার নেই। কিন্তু জ্যোতিবাবু একটা ডেফিনিট পয়েণ্ট তুলেছেন এবং পার্লামেন্টারি চীফ মিনিস্টারের বক্তব্য সম্পর্কে। সুতরাং আনন্দ গোপাল মুখার্জী কিংবা মিসেস সেনের তুলনা

***Expunged by order of the Speaker.

তাঁর কথার গুরুত্ব অনেক বেশী। কাজেই ওরা যা বলেন তা আমরা ধর্তব্যের মধ্যে ধরি না। কিন্তু এখানে মুখ্যমন্ত্রী যখন কোন পার্টিকে পিকিং পার্টি বা সোভিয়েট পার্টি বলে বর্ণনা করেন...

Shri Prafulla Chandra Sen:

আমি বলেছি এক দল পিকিং-এর দিকে তাকিয়ে আছে, আর এক দল মস্কোর দিকে তাকিয়ে আছে।

Shri Somnath Lahiri:

তিনি এগজ্যাক্ট কমিউনিস্ট পিকিং কমিউনিস্ট রুশ এই কথা বলেছেন। সেজন্য পয়েণ্ট অব অর্ডার হচ্ছে সেটা যদি তিনি কোন পার্টিকে উদ্দেশ্য করে বলে থাকেন তাহলে আপনার কাছে জিজ্ঞাস্য, যেটা জ্যোতিবাবু জিজ্ঞাসা করেছেন, এই রকম কথা বলার তাঁর কোন অধিকার আছে কিনা ?

Mr. Speaker:

আমি এটা রেকর্ড দেখে বলব।

Shri Prafulla Chandra Sen:

আমি কোন ঠাট্টা করে কাউকে খাট করবার জন্য একথা বলিনি। তবে এটা সকলেই জানেন, সোমনাথবাবু জানেন কি কারণে কেন ওঁদের মধ্যে ডিফারেন্স হয়েছে। আমরা দেখছি সমগ্র দেশে কমিউনিস্ট পার্টি অব ইণ্ডিয়া দুটো ভাগে ভাগ হয়েছে। আবার কেউ কেউ বলছেন তিনটে ভাগে ভাগ হয়েছে। আমি যেটা বুঝেছি, আপনাদের মত উল্টোভাবে নয়, সহজ বুদ্ধিতে যেটা বুঝেছি সেটা হচ্ছে এই কমিউনিষ্ট পার্টি অব ইণ্ডিয়া দুটো ভাগে মোটামুটি ভাগ হয়েছে। আমি বলেছি তার একটা ভাগ তাকিয়ে আছে সোভিয়েট রাশিয়ার দিকে, আর একটা ভাগ তাকিয়ে আছে পিকিং-এর দিকে। ওরা অনেক সময় আমাদের বলেন আমেরিকান স্টুজেস, আমরা এপর্যন্ত তাতে আপত্তি করিনি। ইমপিরিয়ালিস্ট, ক্যাপিটালিস্টের দালালও বলা হয়। আমি যদি ওদের বলি বা অন্য লোকেরা যদি বলে ওদের চীনের দালাল তাহলে এতে ওদের এত গায়ের জ্বালা কেন আমি বুঝতে পারছি না।

Shri Somnath Lahiri:

মিঃ স্পীকার, স্যার, আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে আমরা অনেক সময় বক্তৃতা করি টিকা দিয়ে ওঁরপর বলি ইউ আর এ্যাকটিং অ্যাজ স্টুজেস অব সাচ অ্যাণ্ড সাচ।

Mr. Speaker:

এজেণ্ট এবং দালাল এই দুটোর মধ্যে অনেক তফাত আছে।

Shri Somnath Lahiri:

আমরা বক্তৃতা করে তারপর একটা ইনফারেন্স আনি—সাচ এ্যাণ্ড সাচ। এখানে রিগার্ডিং রেকগনাইজড যে পার্টি, যার নাম এখানে স্বীকৃত........

Shri Prafulla Chandra Sen:

আপনারা পার্টির নাম করলেন বলুন না।

Shri Somnath Lahiri:

ওঁদের পার্টির নাম কমিউনিস্ট ব্লক, আর আমাদের পার্টির নাম রেপ্রিজেন্টেটিভ গ্রুপ অব দি কমিউনিস্ট পার্টি অব ইণ্ডিয়া, তা আপনার কাছে আছে, আপনি জানেন। সেই হিসাবে আপনি নামগুলি স্বীকার করেছেন। এখন যদি উনি সেটা লক্ষ্য করে বলতেন তাহলে ভাল হত।

Mr. Speaker:

নিশ্চয়ই আই উইল গিভ মাই রুলিং দ্যাট ইজ মাই ডিসিশন অন দি পয়েণ্ট। কিন্তু কথা হচ্ছে মি: লাহিড়ী আপনি প্রসিডিংস খুলে দেখবেন যে রুশ পন্থী এবং চীন পন্থী কথাটা বড় বেশী বলা হয়েছে হাউসে, কিন্তু কখনো আপনাদের দুটি ব্লক থেকে অবজেকশন আসেনি। আই উইল গিভ এ ডেফিনিট রুলিং অন দিস, কিন্তু জেনারেল প্র্যাকটিস অব দি হাউ৷ হচ্ছে যেখানে এ্যানিমসিটি হবে সেটা এ্যাভয়েড করা দরকার হোয়েদার ইট ইজ পার্লামেণ্টারী অর আন্-পার্লামেণ্টারী। এবং ইন দি হাউস এই জিনিষটি নট ফর ওয়ান পার্টি টু ফলো বাট ফর অল পার্টিস্।

[2—2-10 p.m.]

Shri Somnath Lahiri:

স্যার, এতে একটু তফাত আছে। নেপাল রায় বা আনন্দ গোপাল মুখার্জী যদি বলেন তাহলে মনে করি "সুবুদ্ধি এড়িয়ে হাসে, পাগলে কি না বলে ছাগলে কি না খায়"। কিন্তু মুখ্যমন্ত্রী যখন বলেন তখন তার একটা সার্টেন ডিগনিটি আছে, ডেকোরাম মেনটেন করবার দায়িত্ব তাঁর আছে এবং তখনই আমাদের ফর্মাল রাইটের উপর দাঁড়াতে হয়।

Shri Hemanta Kumar Basu:

স্যার, এই আলোচনার সঙ্গে আমাদের কোন সম্পর্ক না থাকলেও আমি জিজ্ঞাসা করছি গণতান্ত্রিক আন্দোলন কাকে বলে, খাদ্য আন্দোলন গণতান্ত্রিক আন্দোলন কিনা, শ্রমিক আন্দোলন গণতান্ত্রিক আন্দোলন কি না?

Mr. Speaker:

এই জিনিস নিয়ে ডিসকাসন হয়ে গেছে এবং হাফ-অ্যান-আওয়ার ওভার হয়ে গেছে।

Shri Hemanta Kumar Basu:

খাদ্য আন্দোলন গণতান্ত্রিক আন্দোলন কি না?

Mr. Speaker:

আপনারা যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন আমি বলেছিলাম সময় চলে যাচ্ছে, সর্ট করুন এবং এমন কথাও বলেছিলাম যে জবাব দেবার সময় থাকবে না। কিন্তু আনফর্চুনেটলী আপনার আমার কথা কেউ শোনেন নি।

Shri Jiban Krishna De:

মুখ্যমন্ত্রী জবাব দান প্রসঙ্গে ক্যাটিগরিক্যাল বলেছিলেন খাদ্য আন্দোলন, শ্রমিক আন্দোলন, কৃষক আন্দোলন আন্দোলন উপলক্ষে যদি কাউকে গ্রেপ্তার করা হয় তাহলে আমরা সেটা বলব ডেমোক্রেটিক মুভমেণ্ট।

Mr. Speaker:

এ সম্বন্ধে আপনি বাজেট আলোচনায় বলতে পারবেন, পুলিশ বাজেটে বলতে পারবেন এবং অন্যান্য সময়ও বলতে পারবেন। এখন বসুন, সময় ওভার হয়ে গেছে। নাউ, মি: মৈত্র, আপনাকে যে বিষয় বলবার জন্য পার্মিশন দিয়েছিলাম সেটা বলুন।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ৩৫১ ধারা অনুযায়ী আপনাকে যে নোটিশ দিয়েছিলাম সেই নোটিশ অনুযায়ী আপনি আমাকে বিষয়টি হাউসে উত্থাপন করবার জন্য যে সুযোগ দিয়েছেন

তারজন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ দিচ্ছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনার হয়ত স্মরণ থাকতে পারে গত ১৭ই ফেব্রুয়ারী নন-অফিসিয়াল ডে-র আলোচনায় ফরওয়ার্ড ব্লক-এর মাননীয় সদস্য বিজয় রায় মহাশয় আলোচনার জন্য যে প্রস্তাব হাউসে তুলেছিলেন তার বিষয়বস্তু ছিল দুর্গাপুর কংগ্রেস সম্মেলনে পশ্চিমবঙ্গ সরকার যেহেতু অর্থ ব্যয় করেছেন সেহেতু সেটা অবৈধ আমি সেই আলোচনায় অংশ গ্রহণ করে সরকারের নথিপত্র থেকে কয়েকটি জিনিস উদ্ধৃত করে শুনিয়েছিলাম। স্যার, আমি আশা করেছিলাম মুখ্যমন্ত্রী যিনি হাউসের লিডার তিনি স্বভত: দাঁড়িয়ে আমার যুক্তি খণ্ডন করবেন এবং দেখাবেন যে, পশ্চিমবঙ্গ সরকার দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে সরকারীভাবে কোন ব্যয় অনুমোদন করেনি।

কিন্তু দু:খের বিষয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর স্বভাবসুলভ বক্তব্যে আসল বক্তব্য এড়িয়ে অন্যভাবে সেটার জবাব দেবার চেষ্টা করেছেন। আমি আপনার মাধ্যমে এ কথাটাই রাখতে চাই আমার মনে হয় এটা শুধু আজকের দিনেই নয়, আগামী দিনে যে কোন দল শাসনতন্ত্রে আসবে সেখানে তার কোড অব কণ্ডাক্ট কি হওয়া উচিত, দেশের শাসনতন্ত্র কিভাবে চলবে, পার্লামেণ্টারী গণতন্ত্র কিভাবে চলবে তার উপর আলোকপাত করবে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে স্টেটমেণ্ট করলেন সরকার ব্যয় করেনি এটা সম্পূর্ণ অসত্য, সেটা সম্পূর্ণ মিথ্যা কথা। আমি একটু পড়ে শোনাচ্ছি। এসিস্ট্যাণ্ট সেক্রেটারী লিখছেন,

"The undersigned is directed by order of the Governor to say that the Governor is pleased to sanction an expenditure not exceeding Rs. 54,500 only for temporary water-supply arrangements and construction of latrines and urinals, etc., construction of Hospital Buildings and residential accommodation for sweepers employed there as detailed in the margin for health, safety and welfare of the visitors who will assemble at Durgapur Congress in connection with the ensuing Congress session there in January, 1965

এই হল ২৬শে ডিসেম্বর তারিখের মেমোরেণ্ডাম, সেখানে প্যারাগ্রাফ ২-এর প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সেই অফিসার বলছেন

"The charge on account of temporary supply arrangements and construction of latrines and urinals will be debited to Head: 30—Public Health Development Schemes, Third Five-Year Plan—Rural Water-supply and Sanitation; and that on account of construction of hospital buildings, etc. will be debited to Head: 29—Medical—Development Schemes, Third Five-Year Plan—Health Schemes—Hospitals and Dispensaries—Improvements and Establishment of Hospitals other than Sadar and Subdivisional Hospitals in the current year's budget"

তারপর দেখছি এর সঙ্গে একটা এনেক্সচার করে অঙ্কের হিসাবে বলছেন ৪০ হাজার টাকা। কোন্ কোন্ খাতে ব্যয় করবেন এবং সঙ্গে আর একটা মেমোরেণ্ডাম-এ সেখানে বলা হয়েছে, এবং একই তারিখে, গভর্নরের অর্ডার

"The undersigned is directed by order of the Governor to say that the Governor is pleased to sanction an expenditure not exceeding Rs. 19,500 only for sanitation arrangements as well as construction of 6 public health and usual service stations—check posts-cum-public casualty at Durgapur as detailed under the margin for safety, health and welfare of the public who will assemble there in connection with the ensuing Congress Session in January, 1965. Sweepers will be recruited by him through the assistance of neighbouring municipalities. About 100 sweepers should be appointed for the first five days from 31st December, 1964, 200 sweepers for seven days and after that 100 sweepers for six days on daily consolidated pay of Rs. 5 each. Construction of 6 check posts will also be arranged by him in collaboration with the Police. The charge on account of employment of sweepers and contingent expenditure for them will be debited to Head:

30—Public Health—Development Scheme, Third Five-Year Plan—Rural Water-supply and Sanitation and that for Construction of 6 check-posts will be debited to Head: 29—Medical—Development Schemes, Third Five-Year Plan—Public Health Scheme—Hospitals and Dispensaries—Improvement and establishment of hospitals other than Sadar and Subdivisional Hospitals in the current year's budget."

এই গেল দুটো। এ থেকে একটা দেখা যাচ্ছে রাজ্যপাল অর্ডার দিয়েছেন এই টাকা ব্যয় করার জন্য, এবং তিনি নির্দেশ দিয়েছিলেন, অথচ মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসের কাছে একবারও বললেন না রাজ্যপালিকার মেমোরেণ্ডামের যে অংশ উল্লেখ করলেন। এই মর্মে কোন সার্কুলার রাজ্যপালের আসেনি এটা সম্পূর্ণ অসত্য। প্রশ্ন হচ্ছে আমি ধরে নিলাম গভর্নমেণ্ট খরচ করলেন কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই হাউসের সদস্য হিসাবে মুখ্যমন্ত্রীকে, গভর্নমেণ্ট অফিসার তিনি সেক্রেটারীই হউন আর ডেপুটি সেক্রেটারীই হউন কিংবা এ্যাসিস্ট্যাণ্ট সেক্রেটারীই হোন তাঁর এই ক্ষমতা আছে কিনা, জুরিশডিকশন আছে কিনা টাকা কিভাবে খরচ হবে, সেই টাকা আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার ডিভেলপমেণ্টের জন্য এটা বলতে পারেন কিনা। তাহলে তো যে কোন মন্ত্রীর বাড়ীতে টিউবওয়েল বসিয়ে তো বলতে পারেন এটা ডিভেলপমেণ্টের জন্য করেছি। সুতরাং ডিভেলপমেণ্ট এক্সপেনডিচার বলে দেখাতে পারেন না। যেখানে বলা হয়েছে দুর্গাপুর কংগ্রেস অধিবেশনে যে সমস্ত ভিজিটার আসবে তাদের জন্য এই টাকা ব্যয় করা সম্বন্ধে, সেই কংগ্রেস অধিবেশন শেষ হয়ে গেছে তাই ডেভেলপমেণ্ট এক্সপেণ্ডিচার বলে এটাকে গণ্য করতে পারি না। তৃতীয় আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের সঙ্গে জড়িত আছে।

[2-10—2-20 p.m.]

এটা আমি পড়ে দেখাব কারণ এটার সম্বন্ধে আপনার মন্তব্য শুনতে চাই, আমি দেখাছি আর একটা সার্কুলার আমার কাছে আছে সেটা পড়লে আশ্চর্য্য হবেন যে, রাজ্যসরকার আজ কোথায় চলেছে এই মেমোরেণ্ডামে তারিখ হল টুয়েণ্টিসিক্সথ ডিসেম্বর এটায় বলেছেন ঐ বাই অর্ডার অব দি গভর্নর

A fully equipped 20-bed hospital with 10 additional reserved beds will be run within the campus area.

Compus area মানে হচ্ছে দুর্গাপুরে যেখানে অধিবেশন হয়েছে—

A fully equipped outdoor clinic and blood bank on a miniature scale will be attached to the hospital. The equipment and stores for the hospital as well as two Medical Officers, one of whom will be superintendent, the nurses and the class IV staff will be supplied by the Government. The rest of the physicians, etc., will be supplied by the Congress organisation. The buildings of the hospital will be constructed by the Chief Engineer, Public Health Engineering, West Bengal. There would be altogether 14 Public Health Check-Posts-cum-Public Service Station. Of these 5 will be run and manned by the Congress organisation and the remaining 9 by the Government Health Service personnel. The accommodation for 5 of these Check Posts will be constructed by the District Magistrate of Burdwan at Government cost and that for others will be arranged by the Congress organisation and the District Magistrate of Burdwan.

তারপর আর এক জায়গায় বলা হয়েছে

The whole campus area will be sprayed with disinfectants twice during the whole session. The entire cost of the spraying operation will be borne by Government

এখন প্রশ্ন হচ্ছে এটাও কিন্তু রাজ্যপালের অর্ডার অনুযায়ী করা হয়েছে। আমি বলছি এটা কি পারিবারিক এক্সপেণ্ডিচার হয়

it was public duty to spend out of public fund

Mr. Speaker:

আপনি শেষ করুন।

Shri Kashi Kanta Maitra:

আমাকে বলতে হবে সংবিধানের কথা আমি বলছি কোন ইরিলেভেণ্ট কথায় যাচ্ছি না, আমি শুধু কোটেসানটা এতক্ষণ পড়লাম। আবার বলছি যদি গভর্ণমেণ্ট মনে করেন দুর্গাপুরে যে খরচ করেছেন সেটা পাবলিক এক্সপেণ্ডিচার

It was the sole duty of the Government to spend the money, but can the Government having treated this as public expenditure share part of the expenditure with the Congress party?

তাহলে কংগ্রেসের সঙ্গে টাকার বখরা করে গভর্ণমেণ্টের টাকা আর কংগ্রেসের টাকা এক সঙ্গে যদি এভাবে কাজ হয় তা হলে প্রশ্ন হচ্ছে এই দেশে কংগ্রেস এবং গভর্ণমেণ্ট ২টা সিনোনিমাস হয়ে যাবে, ইনটার চেঞ্জেবেল কনসেপটস হয়ে যাবে এবং গণতন্ত্র ব্যাহত হবে। আমি আপনার মাধ্যমে দেখতে চাই কেন না আমিও কিছু কিছু সংবিধান ঘেঁটেছি এবং আপনার য়্যাটেনসন ড্র করেছি। আমি দেখছি এই যে টাকা ব্যয় করা হয়েছে সেটা ১ লক্ষ ১ হাজার টাকা খরচ কংগ্রেসের স্যানিটেসনের ব্যাপারে হয়েছে। আমি জানতে চাই গত সালের বাজেট এসটিমেট-এ মুখ্যমন্ত্রী বললেন যে দুর্গাপুরে কংগ্রেসের পাবলিক হেলথ স্যানিটেসন রুর‍্যাল সাপ্লাই ডেভেলপমেণ্ট হেড ২৯ য়্যাণ্ড হেড ৩০ এই ১ লক্ষ টাকা ব্যয় করবার ব্যবস্থা গত বৎসর বাজেটে ছিল বা সাপ্লিমেণ্টারী বাজেট এই এই ভাবে ছিল যেটা দেখাতে হবে। সংবিধানে আপনি জানেন এই খরচ ২টা ভাবে হতে পারে আইদার আর্টিকেল ২৬৬ অনুসারে খরচ করতে হবে এবং সেখানে বলা হচ্ছে সাব-আর্টিকেল (৩)

No moneys out of the Consolidated Fund of India or the Consolidated Fund of a State shall be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in this Constitution.

আর একটা ফাণ্ড থেকে খরচ হতে পারে তা হচ্ছে

Contingency Fund, Sub-article (2) of Article 267.

তাতে বলা হচ্ছে

The Legislature of a State may by law establish a Contingency Fund in the nature of an imprest to be entitled 'The Contingency Fund of the State' into which shall be paid from time to time such sums as may be determined by such law and the said Fund shall be placed at the disposal of the Governor of the State to enable advances to be made by him out of such Fund for the purpose of meeting unforeseen expenditure pending authorisation of such expenditure by the Legislature of the State.

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যে সব কথা বলেছেন তার উত্তরে বলছি যে কোন খরচাই আমরা করে থাকি ১৯৬৪-৬৫ সালেতে অর্থাৎ ৩১ মার্চ ১৯৬৫ পর্যন্ত আমরা যে খাতে যে কোন ব্যয় করে থাকি না কেন আমাদের বাজেটে সেটা ধরা ছিল তার অতিরিক্ত যদি থাকে তা হলে সাপ্লিমেণ্টারী বাজেটে সেটা দিতে আমরা বাধ্য। আমাদের মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় যখন সাপ্লিমেণ্টারী বাজেট উপস্থিত করবেন তখন মাননীয় সদস্য অনেক সুযোগ পাবেন এই সমস্ত আলোচনা করবার।

Shri Kashi Kanta Maitra:

তা মোটেই নয় উনি যেটা বলেছেন আমি সেটা জানি সাপ্লিমেণ্টারী বাজেট করা হয়, তিনি যদি ইনটারাপ্ট করেন তা হলে এতে আমার খটের প্রসেসটা তিনি ভেঙ্গে দিলেন এবং এটা ওঁর করবার দরকার ছিল না আপনি ওকে রিপ্লাই দিতে কল করেন নি।

Mr. Speaker:

আপনি এবার শেষ করুন।

Shri Kashi Kanta Maitra:

আপনি যদি মনে করেন যে, এটা আলোচনা করা উচিত নয় তা হলে আলাদা, আপনি স্পীকার হিসাবে বলেছিলেন যে হাউস-এ আইন নিয়ে আলোচনা হয় না আমি সংবিধান পড়ে শোনাচ্ছি এবং যতদূর সম্ভব সর্ট করবার চেষ্টা করছি।

Mr. Speaker:

আপনার বক্তব্যটা বলুন।

Shri Kashi Kanta Maitra:

আমি দেখব সংবিধানকে কিরকম ভাবে পদদলন এবং মুখ্যমন্ত্রী কিরকম ভাবে ডাউন করেছেন।

Mr. Speaker:

আপনার বক্তব্যটা বলুন।

Shri Kashi Kanta Maitra:

আমাকে ১৮ মিনিট সময় দেওয়া হয়েছে আপনি যদি বলতেন ৫ মিনিটে শেষ করতে হবে তাহলে আমি তাই করতাম ইউ হ্যাভ কল্ড মি টু মেক এ স্টেটমেণ্ট।

Mr. Speaker:

নোটিশ দিয়েছেন পারমিসন পেয়েছেন কিন্তু আপনি বেশী সময় নিচ্ছেন কেন, পয়েণ্টএ বলুন।

Shri Kashi Kanta Maitra:

এখন সব বক্তব্য শেষ হয়ে যেত আমাদের সংবিধানে দেখছি রাজ্যপাল আর তার স্টেটাস হচ্ছে সম্পূর্ণ ইমপার্শিয়াল এবং সংবিধানে যে স্টেটাস দেওয়া হয় সে স্টেটাস অনুযায়ী দেখছি তিনি হাউস-এর মেম্বরদের . . . .

Mr. Speaker:

আপনি এগেন কংগ্রেসের খরচের ব্যাপার থেকে।

Shri Kashi Kanta Maitra:

আপনি যদি এভাবে রানিং কমেনটারি করেন যা করছেন তা হলে আই উইল অলসো বি মেকিং এ রানিং স্পীচ।

Mr. Speaker:

আমি রানিং কমেনট্রী করছি না আপনি আমাকে যে সমস্ত কাগজপত্র দিয়েছেন ঠিক সে টুকুনের মধ্যে বলতে বলছি।

Shri Kashi Kanta Maitra: Sir, this is not the rule. I take strong exceptio to it. I am not a child. I know what is the legal position.

Mr. Speaker:

আমি আপনাকে বলছি যে আপনি আফটার অল এই পয়েন্ট-এ বলে তাড়াতাড়ি শেষ করুন এবং যে কাগজগুলি দিয়েছেন আমি আপনাকে সে টুকুনের মধ্যে থাকতে বলছি।

Shri Kashi Kanta Maitra:

আমি আপনার কাছে জানতে চাই যে ভারতবর্ষের কোন রাজ্যপাল কোন অফিসারকে একথা বলতে পারেন কিনা। গভর্নর যেখানে ইমপারিয়াল কনসটিটিউএন্সী অনুযায়ী সেখানে সমস্ত এক্সিকিউটিভ একটা গভর্নরের হাতে হবে, সেখানে সংবিধান অনুযায়ী কি করে গভর্নর বলতে পারেন যে আমি এই টাকা স্যাংকশন করেছি এবং কংগ্রেসের অধিবেশনের জন্য এই টাকা ব্যয় করা হবে। এটাই হচ্ছে সংবিধানের প্রশ্ন। শুধু তাই নয় এখানে গভর্নর যেভাবে বেআইনী কাজ করছেন আনঅথরাইজড টাকা খরচ করেছেন তাও নয় এখানে দেখছি, গভর্নমেন্টের অর্ডার ছাড়াও এই টাকা খরচ হয়েছে। বি আর গুপ্ত, হেলথ ডিপার্টমেন্ট-এর অফিসার তাকে আমি রেসপেক্ট করি অফিসার হিসাবে কিন্তু অবাক হয়ে যাবেন এক্সিকিউটিভ হেড কি ভাবে কাজ করছেন, গভর্নমেন্ট অর্ডার দিলেন টয়েন্টিসিক্সথ ডিসেম্বর এবং সেইভাবে করছেন এই স্যাংকসান ডি ও লেটার নাম্বার পি এইচ।৫৩৩৭।২সি।৪২

Mr. Speaker:

আপনি ত দেখছি মূলকথা শেষ করতে গিয়ে আবার গোড়া থেকে ধরেছেন।

Shri Kashi Kanta Maitra:

আপনি স্যার, একটু ধৈর্য্য ধরে শুনুন, দিজ ইস দি লেটার এতে বলেছেন . . .

As you are aware, the Health Department will have to make necessary arrangements at Durgapur in connection with the ensuing Congress Session there in the month of January, 1965. It has been decided that 52 water points, 68 latrine seats and 104 urinal seats, as per plan submitted by you, will be constructed by you at an estimated cost of Rs. 39,495. The construction of hospital buildings and residential accommodation for sweepers and *methars* at an estimated cost of Rs. 15,000 will also be your responsibility. Formal orders sanctioning the above expenditure and allotting necessary funds at your disposal will yet take some time. But as the matter is very urgent, I would request you to go ahead with the above works pending issue of formal orders.

অর্ডার টায় আমি জানতে চাই পৃথিবীর কোন গণতান্ত্রিক দেশে একজন এক্স-ডিপার্টমেণ্ট অফিসার ডিপার্টমেণ্টাল সেক্রেটারী একটা ডি. ও. লেটার দিয়ে তিনি সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনীয়ারিংকে বলেছেন যদিও স্যাংকসানটা আসে এবং যদিও ফরমাল অর্ডারটা আসে তাতে আপনি কাজ করে যান কারণ দুর্গাপুর সেসন খুবই গুরুত্বপূর্ণ।

[2-20—2-30 p.m.]

আমি জানতে চাই অধ্যক্ষ মহাশয়, পৃথিবীর কোন গণতান্ত্রিক দেশে এরকম হয় কিনা যে এক্সিকিউটিভ ডিপার্টমেণ্টের একজন অফিসার বা ডিপার্টমেণ্টাল সেক্রেটারী তিনি একটা

ডি ও লেটার দিয়। সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনীয়ারকে বলছেন যদিও স্যাংকসন আসেনি, ফর্মাল অর্ডার আসেনি, যদিও টাকা আসেনি কিন্তু গো এ্যাহেড কেন না দুর্গাপুর কংগ্রেস সেশন খুব গুরুত্বপূর্ণ। স্যার, আপনাকে আমি বলছি যে এটা গ্রোস কনটেম্পট অব দি হাউস এটা গ্রোস ব্রীচ অব দি প্রিভিলেজেস অব দি মেম্বারস অব দি হাউস এবং এভাবে হাউসকে ইগনোর করে সে টাকা ব্যয় করছেন এবং মুখ্যমন্ত্রী যেভাবে মিথ্যা ভাষণ এবং অপভাষণ দিচ্ছেন এ সম্বন্ধে আমি বলতে চাই যে এটা সংবিধান বিরোধী এবং হোল এক্সপেণ্ডিচারটা আনঅথরাইজড এবং ইট য়্যামাউণ্টস টু চিটিং দি পাবলিক, পাব্লিকের মানি নিয়ে তাঁরা ছেলেখেলা করছেন। অবশ্য সেদিন পেছন থেকে একজন সদস্য বলছিলেন আমি মিথ্যা কথা বলছি কিন্তু আমি আপনাকে বলছি, এই ডকুমেণ্ট আপনার কাছে রাখতে চাচ্ছি এবং এই ডকুমেণ্টের ভিত্তিতে আমি আজ আপনাকে বলছি যে বাংলাদেশের মুখ্যমন্ত্রীকে আর একটা পদবী দেয়া উচিত, ডক্টরেট অব লাইজ, এই মিথ্যাভাষণ দেবার জন্য তাঁকে ডক্টরেট পদবী দেয়া উচিত।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করবো আমাকে উত্তর দিতে দেবার জন্য।

Mr. Speaker: I cannot create a precedent by allowing you to make a statement now in a matter under rule 357. Ministers have got right to make a statement at any moment. You can make a statement later.

Shri Jyoti Basu:

আপনি তো একটা রুলিং দেবেন, উনি হয়ত কিছু পয়েণ্ট চারজ করতে চান। এখানে একটা ব্রীচ অব প্রিভিলেজের প্রশ্ন তোলা হয়েছে। উনি হয়ত কিছু বলতে চাচ্ছেন উনি যদি বলেন তাহলে আমরাও একটু বলতে পারি। ওঁর কথাটা শুনি, কি জ্ঞান দেন আমাদের।

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর একটা জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের রাণাঘাট এ জি হাসপাতালে এবং রাণাঘাট সাব-জেলে কাচরাপাড়া টি বি হসপিটালের কতকগুলি রোগীকে ভর্তি করে দেয়া হয়েছে আপনি জানেন বোধ হয় যে এ জি হাসপাতালে টি বি রোগী রাখা হয় না এবং এবং রাণাঘাট সাব-জেল হাসপাতালেও টি বি রোগী রাখার নিয়ম নেই। তার কোন রকম পৃথক ব্যবস্থা কিছু নেই। আমি যতদূর খবর পেয়েছি গভীর রাত্রে পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট নিজে অনেক পুলিশ নিয়ে সেই টি বি রোগীগুলিকে টি বি হাসপিটালের বেড থেকে ধরে নিয়ে গিয়ে এ জি হসপিটালে আটক করে রেখে দিয়েছেন। তাদের অপরাধ হচ্ছে সেখানকার সেক্রেটারী অব দি হসপিটাল অর্থাৎ অফিসার তিনি সরকারের মাল রাত্রিবেলা পাচার করতে যাচ্ছিলেন রিক্সা করে। রোগীরা সেই মাল ধরেছিল এবং ধরার জন্য সেই অফিসারকে সাজা না দিয়ে এখানকার মন্ত্রীদপ্তর সেই সমস্ত রোগীদের ধরে ঐ হাপাতালে বন্ধ করে রেখে দিয়েছেন। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি। তারপরে একটা ব্যাপার হচ্ছে এ জি হসপিটালে আপনারা যাদের ধরে রেখেছেন তাঁরা মরণাপন্ন, তাঁদের চিকিৎসা হচ্ছে না, তাঁদের খাদ্য দেওয়া হচ্ছে না, খালি মেঝে তাদের ফেলে রেখে দিয়েছেন, তাঁদের মুখ দিয়া রক্ত উঠছে, যে কোন মুহূর্তে মারা যেতে পারে এবং রাণাঘাট সাব-জেলে যাদেব রেখেছেন সাব-জেলে যাঁরা কয়েদী আছেন, তাদেরও জীবন বিপন্ন। আমি বলবো যে তাদের টি বি হাসপাতালে পুনরায় ভর্তি করুন—এই আবেদন করছি, আর চুরির ব্যাপারে অনুসন্ধান করে সেই সেক্রেটারী অব দি হসপিট্যাল তাকে অ্যারেস্ট করার ব্যবস্থা করুন, এই দাবী রাখছি আপনার কাছে।

Shri Kanai Pal:

আমি এখনি ঐ হাসপাতাল এবং জেল থেকে আসছি। এই যে নয় জন বন্দীকে এ. জি. হাসপাতালে রাখা হয়েছে এর মধ্যে ৬ জনের মুখ দিয়ে রক্ত উঠছে এবং সেখানে খাট নেই।

দাবী কিছুই দেওয়া হয় নি। এই নয় জন বন্দীর মধ্যে কয়েকটি পজেটিভ রোগী রয়েছে—এখানে নেগেটিভ-পজেটিভ রোগীদের একই মশারীর মধ্যে রেখে দেওয়া হয়েছে। এই নয় জন রোগী যে এ. জি. হাসপাতালে রয়েছে সেখানে কোন পাইখানা নেই—এই নয় জনের নাম হচ্ছে হারাণ চন্দ্র মজুমদার, প্রশান্ত কুমার বসু, রাধিকাকৃষ্ণ পাল, নিতাই চন্দ্র পাল, যতীন ব্যানার্জি গোপাল মুখার্জি, বাবুল দাস, স্বপন কুমার দে, আর সুনীল কুমার দে—আর জেলের মধ্যে যাদের সঙ্গে দেখা করে এলাম তারা হচ্ছেন অনিল কুমার মজুমদার, বাসুদেব ঘোষ, অধীর কুমার দে, পাঁচুগোপাল চক্রবর্তী, নিরোধ রায়, নরেন্দ্রনাথ বসু, মন্টু চন্দ্র, শৈলেন দে, এরা রয়েছেন,—এদের মধ্যে একজনের মুখ দিয়ে এখনও রক্ত উঠছে তিনি হচেছন নিরোদ রায় এবং গত ২৪।২ তারিখে হাসপাতালে তার মুখ দিয়ে প্রচুর রক্ত বেরিয়েছে—আর যারা হাসপাতালে রয়েছেন তাদের মধ্যে হারাণ চন্দ্র মজুমদার, রাধা কৃষ্ণ পাল, গোপাল চন্দ্র মুখার্জি, স্বপন কুমার দে, সুনীল কুমার দে, এদের মুখ দিয়ে রক্ত উঠছে। শুধু তাই নয়, তাদের যেখানে রেখে দেওয়া হয়েছে সেখানে তারা যাবার আগে স্মল পক্স-এর রোগী ছিল, কলেরা রোগী, টিটেনাস রোগী ছিল। তাদের সম্প্রতি সেই একটা ঘরের মধ্যে ৯ জনকে ঐ হাসপাতালে রেখে দেওয়া হয়েছে এবং সেই ঘর কোন রকম ডিসইনফেক্ট করা হয় নি—সেখানে কোন পাইখানা নেই প্রস্রাবখানা নেই—তাদের থুকদানি দেওয়া হয় নি তারা নিজেদের দায়িত্বে পাতা পুড়িয়ে আগুন জালিয়ে সেই আগুনে থুথু ফেলছে—কারণ তাদের পাশে লোকজন রয়েছে। মি: ডেপুটি স্পীকার স্যার, আমি ঐ হাসপাতালের সুপারিণ্টেণ্ডেণ্টকে বলেছিলাম—তিনি বলেছিলেন যে আমি কোন চিকিৎসা করতে পারি না—আমি টি. বি. স্পেস্যালিষ্ট নই, এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়—আমার কথা হচেছ যে এখানে কোন ঔষধ আসছে না, কোন চিকিৎসা করতে পারছেন না। এই সঙ্গে আমি একটা রোগীর কথা বলছি—যাকে প্রতিদিন ইনজেকসন দিয়ে রাখা হয় অজ্ঞান করে—এখনও সে ঔষধ পায় নি—

[গোলমাল]

Shrimati Biva Mitra:

স্যার, এটা একটা সাবজুডিস কেস—কোর্ট থেকে কাকে কোনখানে রাখবে—এটা কি আলোচনা হতে পারে—এটা কোর্টের এক্তিয়ারভুক্ত তাদের এ্যারেষ্ট করা হয়েছে।

Shri Kanai Pal:

স্যার, ওখানে যে চুরি হয়, সেই চুরির খবর তারা সুপারিণ্টেণ্ডেণ্টকে জানিয়েছেন সরকারকে জানিয়েছেন এবং যখন তারা কোন স্টেপ নেন নি তখন তারা হেলথ ডিরেক্টারকে টেলিগ্রাম করেছেন—ডি. এম. কে টেলিগ্রাম করেছেন অথচ সেদিন রাত্রিবেলায় এই সমস্ত চুরির প্রতিকার না করে তাদের উপর লাঠিচার্জ করা হয়েছে এবং তাদের ধরে নিয়ে গিয়ে জেলে ঢুকিয়ে রেখে দেওয়া হয়েছে।

[গোলমাল]

Shri Hemanta Kumar Basu:

স্যার, এটা একটা এসেম্বলী, এখানে কাঁচড়াপাড়া টি. বি. রোগীদের উপর যেভাবে ব্যবহার করা হচেছ—কোর্ট থেকে কোথায় রাখছে কি না রাখছে সে প্রশ্ন আমি তুলছি না—কিন্তু তাদের যে স্থানে রাখা উচিত যে রকম চিকিৎসার ব্যবস্থা করা উচিত সে রকম কিছু করা হয় নি বলে অভিযোগ শুনলাম, এ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়া কিছু বলুন। আমরা এই এসেম্বলীতে আসি জনসাধারণের প্রতিনিধি হিসাবে। কাজেই জনসাধারণ জানতে চায় এ বিষয়ে কি ব্যবস্থা করছেন। কানাইবাবু যেটা তুলেছেন সে বিষয়ে সরকারের কি বক্তব্য আছে সেটা আমরা শুনতে চাই—সরকার বলুন।

Mr. Deputy Speaker:

হেমন্তবাবু, এই হাউসে বিধিবদ্ধভাবে যদি কোন আলোচনা হয় তাহলে তার একটা উত্তর দাবী করতে পারেন এবং ওঁরাও সে বিষয়ে জবাব দিতে পারেন। কিন্তু এটা তো তা নয়, এখন উনি কোন মৌখিক অনুমতি নিয়েছেন কিনা, তা আমাকে মি: স্পীকার কিছু বলে যান নি—

[এ ভয়েস—নিয়েছেন, নিয়েছেন]

যদি তা নিয়ে থাকেন এবং সেইভাবে যদি বিধিবদ্ধভাবে আলোচনা করেন তাহলে আশা করতে পারেন যে সংশ্লিষ্ট মন্ত্রী জবাব দেবেন—কিন্তু আপনারা যদি এইভাবে আলোচনা করেন—আমি এতকাল এই হাউস-এর মেম্বার আছি এইভাবে আলোচনা কখনও দেখি নি। আপনারা যে সে যা-তা এই সব কথা বলেন হেমন্তবাবু যে কথা বলছেন যে এটা এসেম্বলী এটা গুরুত্বপূর্ণ আলোচনার জায়গা ঠিকই—কিন্তু এটা সকলেরই মনে রাখা উচিত যে এইভাবে প্রশ্ন করা যায় না। আগে থেকে এইসব বললে পর মন্ত্রী মহাশয়রা সেই সব আলোচনা করে সেই সব প্রশ্নের জবাব দিতে পারেন। এখানে আপনারা ভাবছেন মাঠের মিটিংয়ের মত যা খুশী তাই বলবেন এটা হয় না। কাজেই আপনাদের আমি বলছি যে এ বিষয়ে আর প্রসিড করবেন না—এখন আমি ডিম্যাণ্ড অব গ্র্যাণ্ট বিষয়ে আলোচনা আরম্ভ করছি।

[2-30—2-40 p.m.]

Shri Hemanta Kumar Basu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গৌরবাবু যে বিষয়টা তুলেছেন, এটা বিধিবদ্ধ ভাবে হয়েছিল, এবং আগে যে কানাইবাবু বিধিবদ্ধ ভাবে তুলেছিলেন কিন্তু আমি মনে করেছিলাম যে সেদিন স্বাস্থ্য মন্ত্রী সেদিন উত্তর দিতে পারেন নি আজকে নিশ্চয়ই একটা সন্তোষজনক উত্তর দেবেন এটাই আমি দাবী করছি।

Shri Nikhil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি দুটো কথা বলতে চাই। দুটো কথা হচ্ছে আপনি একবার বললেন মাঠে গিয়ে আলোচনা করুন, আর একবার বললেন এ্যাসেম্বলীতে বিধিবদ্ধভাবে আলোচনা করুন, আপনার কাছ থেকে এই ধরণের কথা আশা করতে পারিনি।

Mr. Deputy Speaker:

নিখিলবাবু, আমি আপনাকে মাঠে গিয়ে আলোচনা করার কথা বলিনি, আমি বলেছি যে এটা মাঠের মিটিং নয় যে যখন তখন যা তা আলোচনা করবেন এই কথা বলেছি।

Shri Nikhil Das:

আপনি সেদিনও বলেছেন গড়ের মাঠে যান, আবার আজকেও বললেন, আপনার কাছ থেকে এই রকম আনকাইণ্ড রিমার্ক আশা করিনি। মদ্যপ কথা হচ্ছে কাচড়াপাড়া টি. বি. হসপিটাল-এ টি. বি. রোগীরা অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থায় রয়েছে।

Mr. Deputy Speaker:

আপনাদের এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু এই আলোচনা বিধি বহির্ভূত।

Shri Nikhil Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই অ্যাসেম্বলীকে মাঠে পরিণত করছে কারা? মাঠে পরিণত করছে মিনিস্টাররা। আমাদের এই ভাবে বলতে, এই ভাবে চেঁচাতে বাধ্য করাচ্ছে কে? বাধ্য করাচ্ছে ওরা, যারা বাধ্য করাচ্ছে মাঠে পরিণত করতে, তাদের কিছু বলবেন না আর

আমাদের বলছেন ? তাই বক্তব্য হচ্ছে, এই প্রশ্নটাকে গুরুত্ব দিয়ে আপনি ওঁদের জবাব দিতে বলুন।

Shri Somnath Lahiri:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অন এ পয়েণ্ট অব অর্ডার কথাটা হচ্ছে, এই যে উনি যখন এই কথা বলছিলেন তখন ওঁর কথা শেষ হলে স্বাস্থ্যমন্ত্রী উঠেছিলেন জবাব দিতে কিন্তু মুখ্যমন্ত্রী ওখান থেকে বললেন বস বস ইস ইট পারমিসিবেল্? যখন একজন মিনিস্টার উঠবেন জবাব দিতে তখন আর একজন মিনিস্টার পেছন থেকে তার শাড়ির আঁচল ধরে বসিয়ে দেবেন ? . .

Mr. Deputy Speaker:

আমি দেখিনি।

Shri Somnath Lahiri:

এটাই হচ্ছে আমার জিজ্ঞাস্য, আপনার কাছে যে কোনও মন্ত্রী যদি জবাব দিতে ওঠেন তাহলে কেন আর একজন মন্ত্রী তাকে বসিয়ে দেন কি অধিকার তার আছে। সুতরাং আমি ধরে নিতে পারি যে উনি জবাব দিতে প্রস্তুত, কাজে কাজেই আপনি উনাকে জিজ্ঞাসা করুন এবং জবাব দিতে বলুন।

Shri Jagannath Kolay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে আপনার কাছে আমাদের মেম্বারদের থেকে কিছু নিবেদন করবার আছে। এটা বাজেট সেসন হচ্ছে এবং গ্র্যাণ্টও হচ্ছে

[ইণ্টরাপসান]

না না আমার বলবার আছে, আমার কথাটা শুনুন আগে, আপনাকে আমার কথা শুনতে হবে কেন না আমি একটা পার্টির চীফ হুইপ এবং আজকে ওঁরা যদি কোনও জিনিষ জানতে চান তাহলে যদি কলিং য়্যাটেনসন দেন বা কোশ্চেন দেন, আমরা উত্তর দিতে পারবো কিন্তু আমরা ওঁদের রিকোয়েস্ট করছি যদি ওঁরা কোনও এ্যাটেনসান ড্র করতে চান।

[ইণ্টারাপসান]

Mr. Deputy Speaker:

এ্যাটেনসান ড্র আমাদের রুল-এ নেই।

Shri Jagannath Kolay:

আমাদের রুল-এ নেই, কিন্তু তাহলে দেখছি ওরা উঠে দাড়িয়ে এ্যাটেনসান ড্র করতে চাচ্ছে, কিন্তু তবুও দেখছি উঠে দাঁড়িয়ে এ্যাটেনসান ড্র করতে চাচ্ছেন। আমরা মন্ত্রীরা কোনও নোটিশ পাইনি। যে এই রকম এ্যাটেনসান ড্র ওঁরা করবেন এবং আমাদের উত্তর দিতে হবে। সেই জন্য আমাদের মন্ত্রীদের তরফ থেকে কোনও উত্তর দেবার প্রয়োজন মনে করি না।

Mr. Deputy Speaker:

যদি কোনও মিনিস্টার বলতে চান চীফ মিনিস্টার বন্ধ করতে পারেন কিনা ? তিনি বন্ধ করতে পারেন কারণ আলটিমেট রেসপনসিবিলিটি লাইজ উইথ হিম এই জন্য তিনি পারেন এবং আপনি যেটা বলেছেন, আমি দেখিনি। ও ওঁকে উনি বারণ করলেন, উনি ওঁকে কি বিষয়ে ডেকেছেন সেটা ডেফিনিট না জানলে এ বিষয়ে কিছু করা যায় না।

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যখন এই জিনিষটা হয় তখন আপনি হয়তো নিশ্চয়ই দেখেছেন যে আমাদের য়্যাসেম্বলীর যে বিধিবদ্ধ আইন কানুন তার মতে কলিং এ্যাটেনসান-এর জবাব দেন মন্ত্রীরা, তারপর অধ্যক্ষর কাছ থেকে অনুমতি দিয়ে আমিও দৃষ্টি আকর্ষণের মন্তব্য রোজই করেন উনারা স্পীকার এ্যালাউ করেন। বহুদিন স্পীকার বলেছেন, আমি দৃষ্টি আকর্ষণের অনুমতি দিচ্ছি কিন্তু মন্ত্রীরা প্রস্তুত নন এবং তাঁরা জবাব দিতে বাধ্য নন। আমিও তাঁকে বাধ্য করতে পারি না। আজকে যখন স্বাস্থ্য মন্ত্রী উঠে ছিলেন সত্যিকথা সঙ্গে সঙ্গে স্পীকার মহাশয় বললেন এখন উত্তর দেবার দরকার নেই, উত্তর দেবেন না এবং মুখ্যমন্ত্রী উভয়েই বললেন যে এই অকেসন আপনার নয়, তাই জন্য তিনি দেন নি। সুতরাং স্বাস্থ্য মন্ত্রী প্রস্তুত ছিলেন নিশ্চয়ই কিন্তু যেহেতু মুখ্যমন্ত্রী তাব সমস্ত ক্যাবিনেট মন্ত্রীদের উপর তার হুকুম করবার অধিকার আছে, তার একটা বিধিবদ্ধ নিয়ম কানুনের মধ্যে মন্ত্রী সভাকে চলতে হবে। কারণ তিনি জাতীয় নেতা লিডার অব দি হাউস তার কথা আমাদের মাথা পেতে নিতে হবে। উনি বললেন যে একজন মন্ত্রীকে মুখ্যমন্ত্রীর বলানোর অধিকার আছে কিনা? নিশ্চয়ই আছে। গণতন্ত্রে এই রকম চলতেই পাবে না যে লিডার অব দি হাউস এর হুকুম আমরা মানবো না। সুতরাং শুধু তাই নয়, মুখ্যমন্ত্রী ছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয় যখন উপস্থিত ছিলেন তিনি বলেছিলেন এখন তো আপনার জবাব দেবার প্রয়োজন নেই, তবে ওঁদেরকে অনুরোধ করছি এই বিষয়ে —আমরা আপনাদের অনুরোধ করছি মন্ত্রীমণ্ডলী কখনও কোনও বিষয় উত্তর দিতে কার্পণ্য করে না। দিনের পর দিন রেকর্ড দেখুন। আপনারা এই বিষয়ে যদি প্রশ্ন করেন—উনি যদি প্রশ্ন করেন বা কলিং এ্যাটেনসন দেন তাহলে আমরা আনন্দ সহকারে জানিয়ে দেবো। মন্ত্রীদে গোপন করবার কোনও ইচ্ছা নেই, এটা মুক্ত কণ্ঠে বলতে চাই।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি স্পীকারের অনুমতি নিয়ে রেখেছি, একটা বিষয় দৃষ্টি আক র্ষ করতে চাই। আমি এই আলোচনার মধ্যে যাচ্ছি না। তবে এই মাত্র জগন্নাথবাবু এবং শৈলবাবু যে কথা বললেন যে কোনও গুরুত্বপূর্ণ বিষয়ে যদি থাকে তাহলে কলিং এ্যাটেনসন বা প্রশ্ন আকারে দেওয়ার মধ্যে দিয়ে তার উত্তর দেওয়ার সুবিধা হয়। কিন্তু এমন কতকগুলি গুরুত্বপূর্ণ জিনিষ আসে যেগুলো কলিং এ্যাটেনসন বা প্রশ্ন আকারে দেওয়ার কোনও সুযোগ থাকে না। এমন একটা জিনিষের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন শিক্ষক আন্দোলনের ব্যাপার নিয়ে আমরা এবং ও পক্ষ উভয়েই চেষ্টা করছি যাতে একটা মিমাংসায় আসা যায়। আমরা চেষ্টা করছি দীর্ঘদিন ধরে, গতকালও বসেছিলাম আজকেও বসবার কথা আছে। এর একটা মীমাংসা আমরা চাই, শিক্ষকদের আন্দোলনটা মিটে যায় এটা আমরা চাই, কিন্তু সেই সঙ্গে সঙ্গে ডি. আই. অফিস থেকে হুগলী জেলার বিভিন্ন স্কুল-এ একটা সার্কুলার পাঠিয়েছেন। আমি হুগলী জেলার একটা স্কুল-এর কমিটির সাথে যুক্ত। সেই সার্কুলারটার মধ্যে আছে যে তোমাদের ৩,৪০০ টাকা গ্র্যাণ্ট এসেছে নিয়ে যাও, সঙ্গে সঙ্গে বলছেন এই ডিক্লারেশনটা দাও—ডি. আই. স্কুল থেকে বলছে, যে তোমরা এই ডিক্লারেশনটা দাও আই ডিক্লার

That the following teachers and non-teaching staff of my school participated in cease-work movement. Nome and designation of persons taking part in the cease-work movement.

ওঁরা বলছেন যে এই ডিক্লারেশনটা যদি পরিচালকমণ্ডলী থেকে না দেওয়া হয় ঐ তারিখে টাকা নেওয়ার কথা—আগামীকাল, আমি কলিং এ্যাটেনসান দিয়ে পরশু উত্তর পাবো। আমি জানাতে চাচ্ছি যে এখানে মীমাংসার কথা হচ্ছে, শিক্ষকদের আন্দোলন সম্বন্ধে তাঁরা সহানুভূতির কথা বলছেন, সেখানে পরিচালকমণ্ডলীর কাছে এই চিঠি পাঠানো হচ্ছে অর্থাৎ আমি সেই পরিচালকমণ্ডলীর সভ্য হিসাবে গোয়েন্দাগিরির কাজ করবো, এই কথা তাঁরা বলতে চান? কাজে কাজেই এটা অপেক্ষা করার প্রশ্ন নয়। আমি স্পষ্ট ভাবে জানাচ্ছি, এখানে মাননীয় শিক্ষা মন্ত্রী রবীন বাবু আছেন, যেখানে মীমাংসার কথা হচ্ছে, সেখানে এই সার্কুলার—টাকার সঙ্গে এই ডিক্লারেসন দেবো কেন? আমরা সেখানে একজন শিক্ষকের বিরুদ্ধে গোয়েন্দা-গিরির কাজ করবো, সেটা করবো কেন? আপনার মাধ্যমে এই জবাব চাইছি।

এটা কাল পরশুর কথা নয়, আগামী কাল টাকা নিতে হবে, আপনি বলুন এই রকম গোয়েন্দাগিরির কাজ করতে আমরা বাধ্য কিনা। অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি আপনাকে অনুরোধ করবো যে এখানে শিক্ষা দপ্তরের উপমন্ত্রী আছেন, রাষ্ট্রমন্ত্রী আছেন, তাঁকে অনুরোধ করবো যে এই সম্পর্কে যদি নির্দ্দেশ না দেন তাহলে হুগলি জেলার বহু স্কুল-এর ভবিষ্যৎ নির্ভর করছে।

[2-40—2-50 p.m.]

এখানে শিক্ষা দপ্তরের রাষ্ট্র মন্ত্রী আছেন তাঁকে অনুরোধ করব এর উপর হুগলী জেলার বহু স্কলের ভবিষ্যৎ নির্ভর করছে, এই রকম ডিক্লারেসান নিশ্চয়ই কোন ম্যানেজিং কমিটি দেবেন না, কোন পরিচালকমণ্ডলীর সভ্য এটা বরদাস্ত করবেন না। আমি বলতে চাই তাঁদের পুলিশ আছে, আই. বি. আছে, তাঁরা গোয়েন্দাগিরির কাজ করুন। কিন্তু আমরা যাঁরা পরিচালক মণ্ডলীর মধ্যে আছি তাঁরা স্কুলের গ্রাণ্টের টাকা নিতে যাব আর শিক্ষকদের বিরুদ্ধে গোয়েন্দা-গিরি করে রিপোর্ট দেব এ অত্যন্ত অপমানকর। সেজন্য এ সম্পর্কে আমি পরিস্কার বক্তব্য জানতে চাই এটা তাঁরা প্রত্যাহার করবেন কিনা ?

Shri Kanai Pal:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার পার্মিসান নিয়ে একটা বিষয়ে বলতে চাই সেটা হচ্ছে অনেকগুলি রোগী যাদের পজিটিভ কেস যে সমস্ত রোগী অপারেশানের জন্য অপারেশান হয়ে ছিল এই সমস্ত রোগীকে নিয়ে যাওয়া হয়েছে, ৩।৪ দিন ধরে তাঁদের ট্রিটমেণ্টের কোন বন্দোবস্ত হয়নি হাসপাতালে সুপারিণ্টেণ্ডেণ্ট বারে বারে লিখছেন যে আমাদের এখানে ট্রিটমেণ্টের ব্যবস্থা নেই, আমাদের এখানে টি. বি. রোগীকে রাখবার কোন ব্যবস্থা নেই। আজ পর্যন্ত সেখানে কোন ঔষধ গেল না। এমন রোগী আছে যাকে দু'বেলা মোরফিয়া দিয়ে অজ্ঞান করে রাখা হয়। সেখানে হাসপাতালে মোরফিয়া নেই, রোগীকে অজ্ঞান করে হাসপাতালে রাখা যাচ্ছে না। সেখানে নিজেদের জল পাম্প করে তুলতে হচ্ছে। অথচ তিনি এখানে কতকগুলি মিথ্যা ভাষণ দিলেন। আমি নিজে দেখে এসেছি যে সমস্ত লোক হাঙ্গারস্ট্রাইক করল, আর উনি বললেন ৩ বার করে খাচ্ছে। আমি জিজ্ঞাসা করতে চাই সেখানে কোন মন্ত্রী গিয়েছেন, কোন ডিপার্টমেণ্টের লোক গিয়েছে ? কেউ যাননি। অথচ এখানে দাঁড়িয়ে মিথ্যা ভাষণ দিচ্ছেন। এর প্রতিকার কি হচ্ছে ? এই সমস্ত সাধারণ রোগীদের ট্রিটমেণ্টের ব্যবস্থা করতে না পেরে, চুরি না ধরতে পেরে মিথ্যা অভিযোগে জেলে আটকে রেখে দিয়েছেন। আপনারা যদি মনে করেন যে পাঞ্জাবী চুরির সঙ্গে জড়িত যারা অন্যায় করে টাকা আত্মসাৎ করল তাদের জেলে আটকে রাখুন। কিন্তু তা করছেন না।

Shri Nikhil Das:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, রোজ ১৫ মিনিট সময় নষ্ট হচ্ছে। ওঁরা ঠিক করেছেন জবাব দেবেন না, আমরা ২ বার বার জবাব চাচ্ছি। হেলথ মিনিস্টার জবাব দিলেই তো হয়ে যায়।

Shri Narayan Choubey:

গতকাল কানাইবাবু বিধিবদ্ধভাবে নোটিশ দিয়েছিলেন।

Mr. Deputy Speaker:

কি নোটিশ দিয়েছিলেন ?

Shri Narayan Choubey:

হাসপাতালের রোগীদের কি করা হয়েছে এবং মাননীয় মন্ত্রী মহাশয় কালকে খানিকটা উত্তর দিতে পারেন নি এইজন্য যে কোর্টে কেসটা আছে বলে। আমাদের বক্তব্য হচ্ছে একটা প্রিপেয়ার্ড

স্টেটমেণ্ট তিনি দিন কোর্টটাকে বাঁচিয়ে যে কি অবস্থা দাঁড়িয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি সমস্ত বিষয় অনুসন্ধান করে একটা তথ্য রাখুন যাতে আমরা বুঝতে পারি এই ঘটনা ঘটেছে। এজন্য বলছি কালকে উনি যে বিধিবদ্ধভাবে নোটিশ দিয়েছিলেন তার উত্তর দিন।

Shri Kanai Pal:

উনি এড়িয়ে গেলেন সাবজুডিস কেস বলে। উনি মিথ্যা ভাষণ করলেন। এই হাসপাতালের ব্যাপারে একটা এনকোয়ারী কমিশনের দাবি করেছিলাম। তাতে উনি বলেছিলেন আমাদের হাউসে যে কমিটি আছে তাঁরা এটা এনকোয়ারী করবেন। কিন্তু আজ পর্যন্ত তিনি সেটা অনুমোদন করলেন না, সেটার তদন্তের কোন ব্যবস্থা করলেন না। এই টি. বি. হাসপাতাল গুলিকে যমের দক্ষিণ দুয়ার করে রেখেছেন। সেখানে অত্যাচার চালাচ্ছেন, নির্যাতন চালাচ্ছেন, চুরি করে সমস্ত জিনিস বিক্রি করে দিচ্ছে। তার কোন প্রতিকারের ব্যবস্থা করছেন না। মন্ত্রী মহাশয় কি তার সঙ্গে জড়িত? আমি এই কথা পরিষ্কার জানতে চাই। তা না হলে তদন্তের ব্যবস্থা করা হোক, এনকোয়ারী কমিশনের ব্যবস্থা করা হোক, করলে এই সমস্ত ঘটনা ধরা পড়বে। ওপর থেকে তাঁরা এই সমস্ত বুঝে দেখেছেন যে দুধে জল দেওয়া হয়, সেজন্য এখন ৪।৫ দিন থেকে সরাসরি হরিণঘাটা থেকে দুধ পাঠাচ্ছে। স্টেপটোমাইসিন ইনজেকসানের বদলে ডিসটিল্ড ওয়াটার দিয়ে দেওয়া হচ্ছে।

Mr. Deputy Speaker: Please take your seat.

Shri Nikhil Das:

রোজই আধ ঘণ্টা করে সময় নষ্ট হচ্ছে কেন সে কথা পরিষ্কার করে বলবেন?

DEMANDS FOR GRANTS

GRANT No. 43

Major Head: 71—Miscellaneous—Contributions

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় ফজলুর রহমান স্বায়ত্বশাসন মন্ত্রীর পক্ষে

Sir on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,10,81,000 be granted for expenditure under Grant No. 43, Major Head: "71-Miscellaneous—Contributions".

GRANT No. 35

Major Heads: 51—A—Greater Calcutta Development Scheme, 106—A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.

Shri Saila Kumar Mukherjee:

স্যার আমি আপনার অনুমতিক্রমে পরের গ্রাণ্টটাও মুভ করছি—

Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,19,86,000 be granted for expenditure under Grant No. 35, Major Heads: "51—A—Greater Calcutta Development Scheme and 106—A—Capital Outlay on Greater Calcutta Development Scheme".

এ বিষয়ে আমার দীর্ঘ বক্তৃতা দেবার প্রয়োজন নাই। তবে আমি মাননীয় সদস্যদের একথা বলবো গ্রাণ্ট নং ৪৩ যদিও স্বায়ত্বশাসন বিভাগের খাতের মধ্যে দেওয়া হয়েছে—স্বাবর প্রচলিত

নীতি অনুসারে আরো অনেক বিভাগের গ্র্যাণ্টের অনুমোদন এই খাতে বরাদ্দ হয়। তাই জন্য আমি মুভ করছি ২ কোটি ১০ লক্ষ ৮২ হাজার টাকার মধ্যে ১ লক্ষ ৪........

...গ্র্যাণ্টস টু মিউনিসিপ্যালিটি স্বায়ত্বশাসন বিভাগের মিউনিসিপ্যালিটিকে দেবার জন্য। আর বাকী সমস্ত টাকা হলো বিভিন্ন খাতে দেবার জন্য যেমন গ্র্যাণ্ট টু মংস্তান বেরিয়াল বোর্ড, গ্র্যাণ্টস টু রাইফেল ক্লাব, গ্র্যাণ্ট টু ভিক্টোরিয়া মেমোরিয়াল, জেলা পরিষদ প্রভৃতি সবই এর মধ্যে আছে। এবিষয়ে যখন আলোচনা করবেন ওঁরা তখন আমরা তার জবাব দেব।

দ্বিতীয়তঃ গ্র্যাণ্ট নং ৩৫—এটা হচ্ছে আমাদের গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেণ্ট—সি. এম. পি. ও. যে কাজ করেন সেই খাতে এই ৪ কোটি ১৯ লক্ষ ৮৬ হাজার টাকা এ বছর চাওয়া হয়েছে। সকলে জানেন তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই খাতে ২০ কোটি টাকা বরাদ্দ করা হয়। এর মধ্যে ১০ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকার আর বাকী ১০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার। সেই টাকাটা আমরা বহু স্কীমে ব্যয় করেছি—তার বিস্তৃত বিবরণ বাজেট বক্তৃতায় দিয়েছি এখানে আর হাউসের সময় নিতে চাই না। তার মধ্যে গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেণ্ট স্কীম করেছি এই টাকা খরচ করে। এই টাকায় আরো নানারকম কাজ আরম্ভ করা হয়েছে। প্ল্যানিং অরগানাইজেসন তা দিয়ে প্ল্যান করেছে ইনটেরিম মেজার হিসেবে অনেকগুলো প্রকল্প চারশো বর্গমাইল এলাকা জুড়ে কলকাতা ও হাওড়ার ৩১টি মিউনিসিপ্যালিটি নিয়ে তার মধ্যে আমরা গ্রহণ করেছি।

Mr. Deputy Speaker: All the cut motions on both the Grants are in order and they are taken as moved.

Demand for Grant No. 43

Major Head: 71—Miscellaneous—Contributions.

The following cut motions were taken as moved:—

Shri Sudhir Chandra Das: that the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: that the demand be reduced to Re. 1.

Shri Bejoy Pal: that the demand be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: that the demand be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal: that the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: that the demand be reduced by Rs. 100.

Shri Aswini Roy: that the demand be reduced by Rs. 100.

Shri Nikhil Das: that the demand be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta: that the demand be reduced by Rs. 100.

Shri Gopal Banerjee: that the demand be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: that the demand be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: that the demand be reduced by Rs. 100.

DEMAND FOR GRANT No. 35

Major Heads: 51—A—Greater Calcutta Development Scheme, 106—A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.

The following cut motions were taken as moved:—

Shri Jyoti Basu: that the demand be reduced to Re. 1.

Shri Hemanta Kumar Basu: that the demand be reduced to Re. 1.

Dr. Narayan Chandra Roy: that the demand be reduced to Re. 1.

Shrimati Ila Mitra: that the demand be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya: that the demand be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta: that the demand be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar: that the demand be reduced by Rs. 100.

Shri Nikhil Das: that the demand be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Basu: that the demand be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta: that the demand be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাদয়, আমি একটু বিবেচনা করছিলাম যে আমাদের অর্থ মন্ত্রী আসলে কি বক্তব্য রাখতে চাচ্ছেন। গুটিকয়েক ফিগার বাজেট বই থেকে দেখাচ্ছেন। তাছাড়া আসলে কোনটার জন্য কত চাইছেন, সেই সম্পর্কে একেবারে নীরব রইলেন।

Shri Saila Kumar Mukherjee:

বলেন তো সব আইটেম পড়ে দিতে পারি। তবে কেন নীরব থাকার কথা বলছেন?

Shri Rabindra Nath Mukhopadhyay:

ভিক্টোরিয়া মেমোরিয়াল হল-এর দরুণ গ্র্যাণ্ট কত? গ্র্যাণ্ট টু মহম্মাদান বেরিয়াল বোর্ড কত? গ্র্যাণ্ট টু দার্জিলিং মিউনিসিপ্যালিটি কত? এই সবগুলি যদি আপনার বক্তৃতার মধ্যে উল্লেখ করেন, তাহলে আমাদের আলোচনার পক্ষে সুবিধা হয়।

Shri Saila Kumar Mukherjee:

স্যার, ওঁদের আলোচনার সুবিধার জন্য আমি সব পড়ে দিচ্ছি বাজেট থেকে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

বাজেট থেকে ওগুলি পড়তে হবে না।

Shri Saila Kumar Mukherjee:

তবে কি চাচ্ছেন?

Shri Rabindra Nath Mukhopadhyay:

আপনি সি. এম. পি. ও.-র কথা বলছেন।

[2-50—3 p.m.]

Shri Saila Kumar Mukherjee:

কোন্ বিষয়ে আলোচনা করবো? যেটা বলবেন, সেটার জবাব দেব।

The progress of interim scheme during 1964-65 is as follows:—

Emergency Water Supply Scheme for Greater Calcutta estimated cost Rs. 7.54 crores. Underground Drainage Scheme for part of Cossipore-Dum Dum Area Rs. 50 lakhs. Work-cum-Living Centre Project at Maniktala

Rs. 132.58 lakhs. Arterial Sewerage Scheme at Howrah Rs. 7.33 crores. Patipukur Township Sewage Rs. 8.45 lakhs. Improvement of Traffic conditions in Howrah Station area Rs. 1.55 crores. Pedestrian subway in the north-east corner of Dalhousie Square Rs. 4.50 lakhs. Recommended Traffic operation Plan for Calcutta Corporation area Rs. 1.20 crores. Additional crossing of the Hooghly River 12 crores. Sonarpur Township Scheme Rs. 14.34 crores. Sealdah area traffic improvement scheme Rs. 33.53 lakhs. Bustee Acquisition and Improvement Scheme Rs. 7.5 crores. Tollygunge Sewerage Scheme Rs. 2.50 crores. Modernisation of Refuse Handling in Calcutta and Howrah Rs. 1.50 lakhs.

The progress towards preparation of the Master Plan is indicated below. A team of Engineering experts provided by the United Nations Special Fund (through the WHO.) with counterpart technical staff provided by the State Government have made fair progress towards preparation of the Master Plan for water supply, sewerage and drainage of the Calcutta Metropolitan District. They have already submitted a preliminary report. The final report is expected by March, 1966. In the meantime, preparation of detailed engineering plans has been taken up on a zonal basis for execution during the 4th Plan period. The draft Bill for setting up the Calcutta Metropolitan Water Supply and Sanitation Authority has been finalised in the light of comments received from the WHO. and other organisations. The draft Bill has been approved in principle by the Cabinet and is now being given final shape by the Legislative Department.

The existing land-use survey has been completed and an interim land-use plan has also been finalised. A Bill on interim land-use control has been approved by the State Cabinet and has been introduced before the Legislature during the current session.

The First Cycle Master Plan for the physical development of the Calcutta Metropolitan District in the fields of transport and communications, land development, establishment of satellite and suburban towns, housing, urban renewal and re-development etc. is expected to be ready by the end of December, 1965. I need not mention the different items. These are the various studies which are being made.

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তাঁরা টাকা ব্যয় করবার জন্য হাউসের কাছে যে স্যাংসন চাচ্ছেন সেই টাকা যদি আমাদের সকলের স্যাংসন করে দিতে হয় তাহলে ব্যাপারটা আমাদের তলিয়ে দেখা দরকার যে, তার মধ্যে কোন খাতে, কোন ব্যাপারে কতটা ব্যয় হয়েছে এবং তাঁদের স্কীম কি? স্যার, দুর্ভাগ্যক্রমে আমরা প্রথম থেকে শুনছি যে সি. এম. পি. ও. বলে একটা জিনিস আছে এবং তার জন্য স্কীম হচ্ছে। কিন্তু এখন আবার শুনছি ১৯৬৬ সালে একটা স্কীম উপস্থিত হতে পারে—অর্থাৎ ভবিষ্যতের কথা, কতকাল লাগবে জানি না। কিন্তু সামগ্রিক পিরিয়ডে হাউসকে কোথায়ও কনফিডেন্স-এ নেওয়া হচ্ছে না, যে, টাকা কোথা থেকে কিভাবে খরচ হবে এবং স্কীম সম্পর্কে তাঁদের প্রিপারেসন কোন স্তরে আছে। কাজেই এরপরও তাঁরা যে ক্রমাগত আমাদের কাছ থেকে টাকা চাচ্ছেন তাতে আমি নিশ্চয়ই মনে করি তাঁরা অগণতান্ত্রিক পদ্ধতি নিয়েছেন এবং এই টাকা খরচ করবার ব্যাপারে তাঁদের যে বিশ্বাস করতে এরও কোন কারণ নেই। এখানে শৈলবাবু বা অর্থমন্ত্রী বলে কোন কথা নেই, কংগ্রেসের মন্ত্রী হিসেবে টাকা-পয়সার ব্যাপারে তাঁদের ইতিহাস এই কয়েক বছরে এমন কোন ভাল ইতিহাস নয় যেটাকে গৌরবজনক বলা যেতে পারে। আমরা দেখছি টাকাকড়ি তছরূপ করবার ব্যাপারে তাঁরা খুব উদার এবং তাঁদের কোথাও লজ্জা বোধ হয়েছে বলে জানা নেই।

ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী সম্বন্ধে আমাদের ধারণা ছিল যে তিনি অন্তত কতকগুলি ব্যাপারে ঠেকা দিতে চান, তিনি সদাচার সমিতি করেছিলেন কিন্তু দেখা গেল সদাচার সমিতি নিয়োগ সর্বাপেক্ষা

কদাচারের ব্যাপার হয়েছে। পার্লামেণ্টে যে সব বিষয় উল্লেখ করা হল তাতে দেখা গেল অত্যন্ত গুরুতর ঘটনা গোপন করার চেষ্টা করেছেন এবং পাবলিক মানি তছরূপ করা পর্যন্ত পরিস্থিতিও আছে। এখানে শৈলবাবু চেয়েছেন আমাদের কাছে, ২৮ লক্ষই হোক আর ৫০ লক্ষই হোক—আমাদের দিয়ে দাও। কথা হচ্ছে আমাদের স্যাংশান করে দাও, এই টাকা নিয়ে স্কীম করবেন, কার কাছে যাবেন কোথায় কোন্ স্তরে, সেটা আলোচনার কোন স্কোপ নাই। আমি জিজ্ঞাসা করতে চাই একটা কমিটি হয়েছিল শুনেছিলাম জ্যোতিবাবু সেই কমিটির মধ্যে ছিলেন, সেই কমিটি জীবনে কেন ডাকা হয়নি। আমি কিছু কিছু শুনেছিলাম মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে কনফিডেন্সে নেবার চেষ্টা হচ্ছিল, কারও কোন সাজেশন আছে কিনা সেসব ব্যাপার নাই, টাকা শুধু দিয়ে দাও, তারপর কোথায় কোন টাকা নিয়ে গিয়ে জলে ফেলবে সে ব্যাপারে কারও কোন হস্তক্ষেপ করার উপায় নাই। আমি যেটা বলতে চাই কারও কোন আপত্তি নাই যদি মানুষ বুঝতে পারে কোন উন্নয়ন পরিকল্পনা তাদের চোখের সামনে আছে। তাদের যেটা কথা বিধানসভার বেড়াজাল যা চারিদিক থেকে তৈরী হয়েছে তাতে যে সমস্ত নর্মাল কাজ হত সেগুলি বন্ধ হয়ে গেছে, সি. এম. পি. ও-এর নাম করে বন্ধ হয়ে গেছে। আসলে কি জিনিষ এটা কি বায়বীয় পদার্থ কিনা না কি জিনিষ কোন্ টাকা কোথা থেকে আসবে কোন্ ব্যাপার সেটা কারও জানবার উপায় নাই, নিজের ইচ্ছামত কি করছে তা কারও বুঝবার উপায় নাই। এইরূপ পরিস্থিতিতে যদি হয় আমরা যারা ইলেকটেড রিপ্রেজেণ্টেটিভ তাদের কোন কনফিডেন্সে আসছি না, মিউনিসিপ্যালিটি বা অপোজিশন মেম্বার তার মধ্যে আসছেন না। তাঁরা বলছেন টাকা দিয়ে দাও আমরা ব্যয় করবো এই রকম পরিস্থিতি হয়ে আছে। দেশের মানুষ এখন পর্যন্ত জানে না, ২০ বছরের মধ্যে কতটা হবে, ২০ বছর লাগবে না কি ৫০ বছর লাগবে কেউ বলতে পারে না, এবং ২০ বছরের জন্য সমস্ত ডিভেলপমেণ্ট কাজ বন্ধ হয়ে গেছে। সাত মণ তেল পুড়বে এবং রাধা নাচবে এই সমস্ত কথা বা ব্যাপার কেউ জানবে না, এই রকম টাকা মঞ্জুর করা অসম্ভব ব্যাপার। আমি জানতে চাই অর্থমন্ত্রীর কাছ থেকে এই যে কমিটি করেছিলেন সে কমিটি বেঁচে আছে কিনা, থাকলে তার ফাংশন কি। আমি জানতে চাইছি বিরোধী দলের কাউকে সেখানে নেওয়া হয়েছে কিনা, নাহলে নেবার ব্যবস্থা হবে কিনা। এই যে টাকা কারও ঘরের টাকা নয়, আমরা জানতে চাই বড়—পরিকল্পনার সঙ্গে যুক্ত থাকতে চাই, আমরা সাজেসান দিতে চাই, আমরা দেশের উন্নতির পরিপূর্ণ পরিকল্পনা গ্রহণ করা হোক এটা চাই। আমরা জানতে চাই টাকা কোথা থেকে আসবে, সেই টাকা আমাদের দেশের মানুষের উপর কি পরিমাণ বোঝার আকারে চাপবে, কি পরিমাণ দানের আকারে বাইরে থেকে আসবে, ফোর্ড ফাউণ্ডেশন কিভাবে আসছে সেটাই আমরা জানতে চাই, তার উপর এটাকে দেওয়ার উপর কি পরিমাণ স্কীম আছে সেটা জানতে চাই। আমাদের কলকাতা সহর এমনি পশ্চিমবঙ্গ মানুষের হাত থেকে বেরিয়ে যেতে আরম্ভ করেছে, এসবের মধ্য দিয়ে আবার আমেরিকান ক্যাপিট্যাল ফোর্ড ফাউণ্ডেশনের টাকা, স্কীম কিভাবে আনা হচ্ছে তার কি পরিমাণ অধিকার থাকবে, কোন গণতান্ত্রিক প্রতিষ্ঠান তৈরী হবে কিনা যার মধ্যে দিয়ে আমাদের দেশের মানুষ যারা ব্যয় ভার বহন করবেন, তাদের বক্তব্য রাখবার ব্যবস্থা থাকবে কিনা এবং শাসন পরিচালন ব্যাপারেই বা কি পরিমাণ অধিকার থাকবে এই সমস্ত কোন ব্যাপার জানতে দেবেন না শুধু বলবেন অমুক পরিকল্পনার কথা ভাবছি এবং সেই পরিকল্পনার সঙ্গে আমাদের কোন যোগাযোগ নাই, দেশের মানুষ কোন কিছু জানছে না।

[3—3-10 p.m.]

এরূপ পরিস্থিতির মধ্য দিয়ে যে টাকা স্যাংসন করার জন্য উপস্থিত করা হয়েছে আমি স্বভাবতই তার বিরোধিতা করছি এবং তার সঙ্গে অন্য যে ২টা খাত আছে সেই প্রসঙ্গে আমি কয়েকটা কথা বলতে চাই। আপনি জানেন যে ক্যালকাটা করপোরেশন-এর অবস্থা কি। গত কয়েকদিন যাবং কলকাতার কাগজে প্রধান একটা জায়গা পাচেছ যে জল নেই। আমি কালকে আলিপুর সেণ্ট্রাল জেলে গিয়েছিলাম সেখানে দেখলাম জলের ক্রাইসিস জল কোথাও নেই। এমন একটা কেন? ক্যালক্যাটা কর্পোরেশন এ্যাডমিনিট্রেসন যে কংগ্রেস পক্ষ পরিচালনা করে থাকে সে এ্যাডমিনিস্ট্রেসন বহুদিন পূর্ব্বে কোলাপ্স করে গেছে। আমি এর মধ্য দিয়ে দেখছি ক্যালকাটা

কর্পোরেশনকে একটা টাকা ডি. এ. খাতে দিতেন। সে টাকা নাকি সরকার বন্ধ করতে চাইছেন। এবং এরূপ একটা চিঠি ক্যালকাটা কর্পোরেশন-এর কাছে গেছে। সেটা হচ্ছে ৮০ পারসেণ্ট অব দি ডি. এ.-র ব্যাপার যেটা দেব বলে স্বীকার করেছিলেন সেটা দেবেন না বলছেন। এটা যদি মিথ্যা হয় তাহলে খুশী হব। আমি এ খবর পেয়েছি ক্যালকাটা কর্পোরেশন থেকে সেজন্য আপনার কাছে উত্থাপন করছি। আপনাদের যে পরিমাণ ডি. এ. দেব বলে চুক্তি হয়েছে ক্যালকাটা কর্পোরেশনের সঙ্গে আপনারা সে চুক্তি অনুযায়ী কাজ করছেন কি না জানতে চাই। আরো একটা কথা আপনাদের সঙ্গে একটা চুক্তি আছে। গভর্নমেণ্ট এমপ্লয়ীদের যে ভাবে ডি. এ. বাড়বে আপনারা সে ভাবে দেবেন। এখন গভর্নমেণ্ট এমপ্লয়িস-এর ডি. এ. বেড়েছে আমি জানতে চাই যে এই ডি এ-র টাকাটা ক্যালকাটা কর্পোরেশনকে ঠিক গ্রাণ্ট আকারে দেবেন কি না। আজকে দেখা যাচেছ ক্যালকাটা কর্পোরেশন কোলাপ্স-এর মত অবস্থা। সাধারণ ভাবে যেখানে স্কাভেঞ্জিং-এর কাজ সে কাজ যদি ক্রমাগত এরূপ পরিস্থিতির মধ্যে গিয়ে পড়ে তাহলে কি হবে। অর্থাৎ ডি. এ. ও অন্যান্য সাধারণ ভাবে ক্যালকাটা কর্পোরেশন-এর কর্মচারীরা যা পেত তা পাওয়ায় তাদের বাধ্য হয়ে ধর্মঘটের পথে যেতে হয়। সরকার পক্ষ থেকে তাদের যে স্বীকৃতি ছিল যে এই পরিমান টাকা আমরা দেবো সে দেয় টাকা দেবেন কিনা এটা অত্যন্ত সিরিয়াস প্রশ্ন যার উপর কর্পোরেশন-এর সাধরণ কাজকর্ম নির্ভর করে। এটা খুব স্বাভাবিক ক্যালকাটা কর্পোরেশন বলেই নয় মিউনিসিপ্যালিটিতেও এরূপ অবস্থা। যেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকার থেকে কোথাও কোন জিনিস পত্রের দাম বাঁধতে পারলেন না এবং স্বভাবতই যেমন অন্যান্য ক্ষেত্রে ইণ্ডাস্ট্রিয়াল শ্রমিক কর্মচারী যেমন আছে তেমনি মিউনিসিপ্যালিটি কর্পোরেশন-এর বাজার থেকে কিনতে হয় সেখানে ক্রমবর্দ্ধমান দ্রব্যমূল্য বাড়ার জন্য তাদের ডি এ. প্রভৃতির দাবী অত্যন্ত জরুরী। বিবিধ উন্নয়ন মূলক কাজ ক্যালকাটা কর্পোরেশন করে না। কম ছেড়েই দিয়েছে। এবং সাধারণ যে কাজ করতে হয় তার জন্য যে পরিমাণ টাকা মিউনিসিপ্যাল এবং কর্পোরেশন দেয় সেটা গ্র্যাণ্ট করতে হবে। হয়ত ক্যালকাটা কর্পোরেশন এবং অন্যান্য স্বায়ত্ত শাসন মূলক প্রতিষ্ঠানগুলির মধ্যে দীর্ঘকাল যাবৎ আলোচিত হচ্ছে যে তাদের যে অর্থলাভ গ্র্যাণ্টের আকারে হোক কিম্বা অন্য যে কোন পদ্ধতির মধ্য দিয়ে হোক তা তাদের সুগম করতে হবে। তা না হলে কর্পোরেশন মিউনিসিপ্যালিটি ভাল ভাবে চলতে পারে না। আপনারা যেভাবে দেন তা এই ক্রমবর্দ্ধমান চাহিদা অনুসারে সিভিক এমেনিটিসের জন্য এবং সাধারণ কাজকর্ম বজায় রাখার যে চাহিদা সেটা তারা পূরণ করতে পাচেছ না।

এডাল্ট ফ্রাঞ্চিসএর মধ্য দিয়ে অধিকার নিশ্চয়ই বেড়েছে সে বিষয় সন্দেহ নেই আমাদের দেশে এ্যাডাল্ট ফ্রাঞ্চিস হয়েছে বিভিন্ন মিউনিসিপ্যালিটি এবং ক্যালকাটা কর্পোরেশনএ এ্যাডাল্ট ফ্রাঞ্চিস ভিত্তিতে ইলেকসন হচেছ কিন্তু এ্যাডাল্ট ফ্রাঞ্চিস ইলেকসন দায়িত্বভার নিশ্চয়ই বাড়ল অনেক ভোটারের ভিত্তিতে। যাঁরা রিপ্রেসেণ্টেটিভ হিসাবে ইলেকটেড হলেন তাদের হাতে কি সুবিধা আছে কারণ তাদের টাকার অঙ্ক সীমিত সে কারণে আমরা দেখছি ক্যালকাটা কর্পোরেশন-এর মতন জায়গায় যেখানে ইলেকসন হচেছ একটা প্রোবলেম, আমরা ইলেকসন-এর মধ্য দিয়ে ডেমোক্রেসি এক্সটেণ্ড করলাম। শাসন কার্যের মধ্য দিয়ে সে ডেমোক্রেসিকে কি ভাবে এক্সটেণ্ড করতে পারি পিপল-এর মধ্যে কি ভাবে যোগাযোগ করতে পারি তা দেখতে হবে। আমরা দেখতে পাচিছ আইনে হোক বা অন্য ভাবে হোক ক্রমাগত সেখানে বুরোক্রেসী জমা হচেছ এবং কর্পোরেশনকে আস্তে আস্তে গভর্নমেণ্টের একটা ডেভেলপমেণ্ট হয়ে উঠছে। সুতরাং আমাকে যদি এটা ঠিক করতে হয় ডেমোক্রেসিকে এক্সটেণ্ড করতে হবে, সেখানে যতবড় অভিযোগ থাক না কেন, কর্পোরেশন সম্পর্কে বলছি কারণ রুলিং পার্টি কংগ্রেস দ্বারা সেটা পরিচালিত হচেছ, সেখানে অনেক অভিযোগ আছে। আমাদের প্রধান অভিযোগ যেটা সেটা হচেছ যে অধিকার ডেমোক্রেসি-এর মধ্য দিয়ে ইলেকসন-এর মধ্য দিয়ে আনলে হবে না সে অধিকার এক্সটেণ্ড করতে হবে বিভিন্ন ডিপার্টমেণ্ট-এর কাজের মধ্য দিয়ে পিপল যাতে ডিমোক্রেসিতে হস্তক্ষেপ করতে পারে সে জলে হোক রাস্তাঘাটে হোক। স্যানিটারীতে হোক তার যে ডেমোক্রেসি বা অধিকার তা সে প্রয়োগ করতে পারে এ ব্যাপারে আগে দেখা দরকার। সেই ব্যাপার যদি তাকে প্রয়োগ করতে হয় তা হলে অনেক বেশী টাকা গ্র্যাণ্ট আদায় দিতে হবে এবং তা ছাড়া অন্যান্য অর্থাগমের পথ খুলে দিতে হবে। তারপর এ্যামিউজমেণ্ট ট্যাক্স ইত্যাদি থেকে অর্থাগমের পথ

দিতে হবে অবশ্য তা কবে হবে জানি না, মোটর ভিহিকেল ইত্যাদি থেকেও তাদের অর্থাগমের পথ করে দিতে হবে, কারণ বিভিন্ন ইলেকটেড রিপ্রেজেণ্টেটিভ যারা আসেন তারা যে ইচ্ছা প্রকাশ করে আসেন সেটা কি করে প্রয়োগ করবেন তার কোন এর মধ্যে বিধি নেই, কারণ সমস্ত অর্থের চাবিকাঠি আপনাদের সঙ্গে থেকে গেছে, মিউনিসিপ্যালগুলির ক্ষেত্রে এখনই কথা বলা যায়। এ্যাডাল্ট ফ্রাঞ্চাইস-এর বেনিফিট আমাদের দেশের লোক নেবে। কিন্তু সাউথ সুবার্বাণ মিউনিসিপ্যালিটি-এর ক্ষেত্রে আমি যা দেখতে পেলাম আগে সেখানে ১৪।১৫ হাজার টাকা ব্যয় করা হত ভোটার তালিকা করতে এবার সেখানে ৩৫।৪০ হাজার টাকা খরচ হবে। আর তারা পাচ্ছেন কি? ভোটার লিস্ট-এর জন্য অনেক টাকা ব্যয় হবে। কিন্তু আমরা জানতে চাই অধিকাংশ মানুষ যারা ভোটের মাধ্যমে এসে তারা যে নূতন কি অধিকার পেল বা নূতন কি অর্থাগমের সুযোগ পেল? আমি দেখেছি কয়েকটা মিউনিসিপ্যালিটিতে আস্তে আস্তে ধর্মঘটের সম্ভাবনা দেখা দিচ্ছে কিছু দিন আগে বেহালা মিউনিসিপ্যালিটিতে ধর্মঘট হয়ে গেল কারণ কয়েকটা টাকা ডি. এ. বেশী চায় সে জায়গায় ক্যালকাটা কর্পোরেশন ডি. এ. দেবার যে নিয়ম আছে বা গভর্ণমেণ্ট কর্মচারীদের যে ভাবে ডি. এ বাড়াচ্ছেন সে ভাবে যদি দেন তাদের অধিকতর পরিমাণে যে ব্যয় সেটায় মেটাতে পারেন। আপনারা মিউনিসিপ্যালগুলোকে আরও বেশী পরিমাণে অনুদান হিসাবে যদি না দেন এবং অর্থের চাবিকাঠি নিজেদের হাতে রাখেন তা হলে ক্রমবর্ধমান এই দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য শ্রমিকরা যে দাবী সে দাবী যদি মেটাতে না পারেন তা হলে মিউনিসিপ্যালিটি এই যে অচল অবস্থা এটা চেক করতে পারবেন না। কারণ প্রাইস লেবেল দিনের পর দিন বেড়ে যাচ্ছে যে কারণে মনে করি ক্যালকাটা কর্পোরেশনকে অনুদান ডি. এ. ইত্যাদি যা দেবার কথা ছিল সেটা শুধু দিতে হবে তা নয় সেটা আরও বাড়াতে হবে। ঠিক যে ভাবে অন্যান্য মিউনিসিপ্যালগুলিকে একই কারণে আরও অনেক বেশী অনুদান দিতে হবে। ডি. এ.-এর টাকা বাড়াতে হবে, অন্যান্য ইণ্ডাস্ট্রি যদি টাকা বাড়িয়ে দিয়ে থাকে এখানেও শ্রমিক কর্মচারীদের টাকা বাড়াতে হবে তা না হলে উন্নয়নমূলক কাজ সমস্ত সীমাবদ্ধ হয়ে যাবে। সুতরাং আমার দাবী অন্যান্য মিউনিসিপ্যালগুলির ক্ষেত্রে টাকা অনুদান আকারে দেওয়া হোক কিম্বা ডি. এ.-র ক্ষেত্রে দেওয়া হোক। এটা আরও বেশী বাড়াতে হবে যাতে মিউনিসিপ্যালগুলি অন্যান্য ক্ষেত্রে তাদের কাজ পরিচালনা করতে পারে। এগুলোর অভাবের জন্য এবং আমি যা জানতে চেয়েছিলাম সি. এম. পি. ও -এর অভাবের জন্য আমি এই ব্যয় বরাদ্দের মঞ্জুরী সমর্থন করতে পারছি না।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বৃহত্তর কলকাতার উন্নতির জন্য ১০১ কোটি টাকা খরচ হবে বলে বলেছেন। —তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় প্রায় ২৫ কোটি ৭৮ লক্ষ টাকা এই বৃহত্তর কলকাতার উন্নতির জন্য যা ধরা হয়েছিল তা খরচ করতে পারেন নি। আর বাংলা সরকার ফোর্থ ফাইব-ইয়ার প্ল্যানে ঐ ২৫ কোটি ৭৮ লক্ষ টাকা যেটা খরচ করতে পারে নি—সেই টাকা নিয়ে ৩১ কোটি টাকা খরচ করবেন। বাকী টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আনবেন। কিন্তু কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত বৃহত্তর কলকাতার পরিকল্পনায় বিশেষ সন্তোষজনক কোন সাড়া দেন নি। আজকে সংবাদপত্রে চক্রবেড় রেলের কথা দেখলাম। কলকাতা সহরের জনসাধারণের যাতায়াতের ব্যাপারে যে প্রস্তাব বাংলা সরকারের কাছ থেকে তাদের কাছে রয়েছে—পার্লামেণ্টের আলোচনায় দেখলাম তারা সেটাকে নস্যাৎ করে দিয়েছেন। কাজেই আজকে এই অবস্থা রয়েছে। প্রায় বছর পাঁচেক আগে ডাঃ রায় যখন বেঁচেছিলেন তখন এই বৃহত্তর কলকাতার উন্নতির জন্য এর জলের ব্যবস্থা ড্রেনের রাস্তাঘাটের ব্যবস্থা বস্তীবাসীদের উন্নতির ব্যবস্থা এবং গৃহ নির্মাণের ব্যবস্থা এই সমস্ত পরিকল্পনা তিনি আমাদের সামনে রেখেছিলেন এবং ক্যালকাটা মেট্রোপলিটন বোর্ড গঠনের একটা প্রস্তাব রেখেছিলেন—কিন্তু আজ পর্যন্ত ঠিক সি. এম. পি. ও কি কাজ করছে সে বিষয়ে এই যে গ্র্যাণ্ট আমাদের রয়েছে তাতে আমরা কিছু বুঝতে পারলাম না যে বাস্তবিকই তাদের কি কাজ কতখানি কাজ করছে। হয়তো সল্ট লেক ডেভেলপমেণ্ট হচ্ছে—শুনছি—কিছু কিছু দেখছি কিন্তু সামগ্রিক পরিকল্পনা যেটা আমাদের সামনে তাঁরা রেখেছিলেন সেটা আজ কি অবস্থায় আছে সেটা আমরা বুঝতে পারছি না—সেটা আমাদের বোঝা দরকার। আমাদের অর্থমন্ত্রী যদি

সে কথা এর সঙ্গে বলতেন তাহলে আমরা বুঝতে পারতাম যে ক্যালকাটা মেট্রোপলিটন বোর্ডে কলকাতার এবং বৃহত্তর কলকাতার সমস্যা বিভিন্ন সমস্যার, কতখানি সমাধান করতে অগ্রসর হয়েছেন। কলকাতা এবং বৃহত্তর কলকাতার যে উন্নয়নের যে বিশেষ প্রয়োজন সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে পরিকল্পনা মেট্রোপলিটান বোর্ড করেছেন সেই পরিকল্পনাকে কার্যকরী করবার জন্য কোথা থেকে টাকা আসবে কিভাবে আসবে কেন্দ্রীয় সরকার দেবেন কিনা সে বিষয়ে কোন রকম হদিশ এই বাজেট স্পীচে মন্ত্রী মহোদয়ের কাছে থেকে পেলাম না। সেটা আমরা জানতে চাই যে এই সি. এম. পি. ও. কলকাতা বৃহত্তর কলকাতার উন্নয়নের জন্য কতখানি কাজ করেছে এবং কতখানি কাজে তারা অগ্রসর হয়েছে। শিল্পাঞ্চলের সঙ্গে এই কলকাতা অঙ্গাঙ্গিভাবে জড়িত। যেহেতু কলকাতার আশে পাশে এবং নিকটবর্তী স্থানের লোককে কলকাতায় আসতে হয় রুজি রোজগারের জন্য সেজন্য কলকাতার আশে পাশে শিল্পাঞ্চলে সেখানে লোকের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। কিন্তু সে রকম ভাবে সেখানে গৃহের ব্যবস্থা জলের ব্যবস্থা রাস্তাঘাটের ব্যবস্থা নেই —এই জন্যই এই পরিকল্পনা। কাজেই এই পরিকল্পনাকে কার্য্যকরী করা খুব দরকার সে বিষয়ে কোন সন্দেহ নেই। কলকাতার আশে পাশে চারিদিকে যে সব কারখানা রয়েছে এবং অনেক কারখানা গড়ে উঠছে এবং কারখানাগুলি যেভাবে গড়ে উঠছে তাতে একটা প্ল্যাণ্ড ওয়েতে হচ্ছে না। কাজেই সে দিক দিয়ে বৃহত্তর কলকাতার পরিকল্পনার মধ্যে যাতে সেই প্ল্যানিং হয় সে দিকে দৃষ্টি দিতে হবে এবং সেই ভাবে পরিকল্পনাকে—রূপায়িত করবার জন্য চেষ্টা করতে হবে। কাজেই সে দিক থেকে আমরা কতখানি অগ্রসর হতে পেরেছি সেটা আমরা জানতে পারছি না। কলকাতার আশে পাশে এইসব কারখানাগুলি থাকাতে এবং বিভিন্ন বাড়ী থাকার জন্য সন্ধ্যার পর যেভাবে চতুর্দিকে আমরা ধোঁয়া দেখতে পাই—অন্ধকার হয়ে যায় তার কোন সমাধান আমরা দেখতে পাচ্ছি না। এই সমস্ত দিক থেকে চিন্তা করতে হবে যে কিভাবে এর উন্নয়ন করা যায়। কেন্দ্রীয় সরকার একদম আমলই দেয় না—কিন্তু যখন বিশ্ব ব্যাঙ্কের তরফ থেকে বিশ্ব ব্যাঙ্কের প্রতিনিধিরা বলেন এবং কলকাতা সহরের এবং তার আশেপাশের সব ব্যবস্থা দেখলেন এবং দেখে তারা যখন বললেন বাস্তবিকই কলকাতার ডেভেলপমেন্ট দরকার এবং বৃহত্তর কলিকাতার পরিকল্পনা করে তখনই কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষিত হোল কিন্তু আজ পর্যন্ত বৃহত্তর কলকাতার পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সরকার কতখানি সাহায্য করবেন এবং এটা কিভাবে তাঁরা নেবেন সে বিষয়ে তাঁদের কাছ থেকে কিছুই জানতে পারি নি। কলকাতা সহরের আর একটি সেতু বিশেষ দরকার। আমাদের তরফ থেকে ডাঃ কানাই ভট্টাচার্য্য দ্বিতীয় একটি সেতুর কথা বলেছেন কলকাতা সহরে—এখন হাওড়ায় যাবার যা সেতু আছে এতো বড় সেতু হওয়া সত্ত্বেও ট্রাফিক এতো বেড়েছে যে অনেক সময় কনজেসন হয় এবং ঘণ্টার পর ঘণ্টা গাড়ীগুলি ঐ পুলের ধারে এবং পুলের মধ্যে দাঁড়িয়ে থাকে এবং তাতে লোকের যাতায়াতের অনেক অসুবিধা হয়, যাঁরা ট্রেণ-যাত্রী অনেক সময় তাঁরা ট্রেণ ধরতে পারেন না। এই জন্য আর একটা দ্বিতীয় সেতুর প্রশ্ন ডাঃ কানাই ভট্টাচার্য মহাশয় তুলেছেন—ডাঃ রায় তখন সেটা গ্রহণ করেছিলেন এবং বলেছিলেন যে হাওড়ায় আমরা একটা দ্বিতীয় সেতু তৈরী করবো—সেও পাঁচ বছরের কথা—কিন্তু আজ পর্যন্ত দেখলাম না যে এ বিষয়ে বাংলা সরকারের খুব একটা চেষ্টা আছে বা কেন্দ্রীয় সরকার বাংলা সরকারকে এই বিষয়ে কতখানি সাহায্য করবেন তাও আমরা জানতে পারি নি। তারপর হাওড়া মিউনিসিপ্যালিটি আছে—ক্যালকাটা কর্পোরেশন আছে—অনেক জায়গায় মিউনিসিপ্যাল ইলেকসন হয়ে গেছে, বজবজে মিউনিসিপ্যাল ইলেকসন হয়ে গেছে অক্টোবর মাসে। কিন্তু আজ পর্যন্ত বজ বজ মিউনিসপ্যাল ইলেকসনে যাঁরা নতুন নির্বাচিত হয়েছেন তাঁরা যে বোর্ড করে কাজ করবেন সেই রকম সরকারের কোন এ্যাপ্রুভাল পাচেছন না। ক্যালকাটা কর্পোরেশনের অবস্থা অত্যন্ত শোচনীয় জলের অবস্থা যা দাঁড়িয়েছে তা অতি শোচনীয় এবং সেখানে একটা গুরুতর পরিস্থিতির সৃষ্টি হয়েছে কিন্তু এ বিষয়ে সরকার থেকেই হোক এবং কর্পোরেশন থেকেই হোক সমাধানের কোন চেষ্টা দেখতে পাচ্ছি না।

[3-20—3-30 p. m]

জলের অবস্থা যে ভাবে দাঁড়িয়েছে, অর্থাৎ আমরা কোলকাতা শহরে জল যে ভাবে পাচ্ছি — এমন একটা পরিস্থিতি দাঁড়িয়েছে যে জলের সাপ্লাই যে কোন সময় বন্ধ হয়ে যেতে পারে।

কোলকাতায় যখন এস বি রায় কমিশনার ছিলেন তখন কোলকাতা শহরে অনেক পরিস্কার পরিচ্ছন্ন ছিল। তার কারণ তিনি এ দিকে দৃষ্টি রাখতেন, কিন্তু, আজকে আবার দেখা যাচ্ছে যে শহরের চারিদিকে জঞ্জাল জমে যাচ্ছে। শহরটা অপরিস্কার হয়ে যাচ্ছে। কোলকাতা শহরকে যেভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখা উচিত, আমরা দেখতে পাচ্ছি, কোলকাতা কর্পোরেশনের য়্যাডমিনিস্ট্রেসন যে ভাবে চলছে, সেখানকার যে সমস্ত নির্বাচিত প্রতিনিধিরা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট পুনরায় যখন আলোচনা হয়, নূতন করে যে আইন হয়, তখন আমরা বলেছিলাম যে একটা প্রভিসন রাখতে যে কোলকাতা কর্পোরেশন সেখানে কোন রকম রাজনীতির ব্যাপার নয় সেটা জনসাধারণ, রেট পেয়ারস তাঁরা যাতে সুখ সুবিধা পায়, তাঁরা যাতে পায়, রাস্তা-ঘাট, ড্রেণ পরিস্কার থাকে। কাজেই সেদিকে দৃষ্টি রাখতে হবে। আর কোলকাতা কর্পোরেশন যাতে যেমন ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট গভর্নমেণ্ট করছে, সেই রকম খানিকটা জায়গা নিয়ে যদি গৃহনির্মাণ পরিকল্পনার দ্বারা ঘর তৈরি করেন তাহলে যে গুরুতর গৃহ সমস্যা রয়েছে সেটা খানিকটা লাঘব হতে পারে। কারণ, আজকে বাড়ীভাড়া নিতে গেলে যে ভাবে সেলামি নেওয়া হচ্ছে। বেশী ভাড়া চার্জ করা হচ্ছে সেখানে সরকার থেকে কোন ব্যবস্থা হচ্ছে না। কাজেই এই রকম নানা সমস্যা আমাদের সামনে রয়েছে। এই সমস্যাগুলি আপনার সামনে ধরে বাজেটের বিরোধীতা করছি।

Shri Somnath Lahiri:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেণ্ট স্কীম-এ এবারের বাজেটে যে সামান্য টাকা ধরা হয়েছে তার মধ্যে একটা রসা রোড-এ রেলের ওখানে পুলটার খরচ হিসাবে দেখলাম কয়েক লক্ষ টাকা ধরা হয়েছে। সেই অঞ্চলের অধিবাসীরা ১০।১৫ বছর ধরে আন্দোলন করে, অনেক কষ্টে রেল কোম্পানী তথা সরকারকে রাজী করাতে পেরেছেন, পুলটা উঁচু করাতে পারছেন এটা ভালো কথা। কিন্তু আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে সেটা লোকে করাতে চায় এই জন্যই যে বর্ষাকালে একটু বৃষ্টি হলেই ওখানে জল দাঁড়িয়ে যায়। এটা উঁচু হলে সেই জল দাঁড়ানো বন্ধ হবে কিনা? আমি এর আগে এই হাউসে একটা প্রশ্ন করেছিলাম, তখন ঈশ্বরদাস জালান মহাশয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী ছিলেন। সেই সময় তিনি জবাব দিয়েছিলেন যে রাস্তা উঁচু হলে জল দাঁড়ানো বন্ধ হবে কিনা জানি না। কারণ এ বিষয়ে বিশেষজ্ঞদের মতে পার্থক্য আছে। কর্পোরেশনের চীফ ইঞ্জিনীয়ার মহাশয় বলেছেন যে যদি না ওই অঞ্চলের ড্রেণগুলি পাকা ভূগর্ভস্থ করা হয় তাহলে পুল উঁচু করে রাস্তা করলেও জল দাঁড়ানো বন্ধ হবে না। এ বিষয়ে আমি ফাইন্যান্স-এর মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে অবস্থাটা আসলে কি? আর এই উন্নয়নের সঙ্গে সঙ্গে ড্রেণগুলো আণ্ডার গ্রাউণ্ড সিউয়ার করা হবে কিনা সেটাও আমি জানতে চাই।

তারপর আমি আসছি কলকাতার উন্নয়ন সম্পর্কে চতুর্থ পরিকল্পনায় যে সমস্ত কথা আমাদের অর্থমন্ত্রী মহাশয় তাঁর ভাষণে বলেছেন সে সম্পর্কে। তিনি যা বলেছেন তার থেকে আমরা দেখছি যে তাঁরা মূলধন খাতে ১০১ কোটি টাকা নিয়োগ করতে চান। বৃহত্তর কোলকাতার বিকাশের জন্য, যদি অবশ্য কেন্দ্রীয় সরকার তার সিংহভাগ অর্থাৎ ৭০ কোটি টাকা বহন করেন। প্রথম প্রথম এ সব কথা শুনতে বেশ লাগে। কিন্তু যখন থেকে—প্রায় ৮ বছর হল, এই সভার মেম্বার হয়ে এসেছি তখন থেকেই মন্ত্রীদের এসব দাপাদাপি শুনে আসছি যে, এবারে তাঁরা নাকি কোলকাতায় বহু মণ তেল পোড়াবেন। কিন্তু তেলও পোড়ে না রাধাও নাচে না। তারপর আমরা দেখেছি যে, বস্তী উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের বরাদ্দ ছিল ৬ কোটি টাকা সেই টাকা যখন এঁরা খরচ করতে পারেন নি তখন ১০১ কোটি টাকা পেয়ে যে কি করে খরচ করবেন তা বুঝতে পারছি না। কারণ, যাঁরা হেলে ধরতে পারেন না তাঁরা যে কি করে কেউটে ধরবেন সেটা আমার বোধগম্য হচ্ছে না।

আজকে ১০ বছর পরে, এত বিজ্ঞাপন, এত হৈ চৈ, এত প্ল্যান করার পর কোলকাতার শহরের অবস্থাটা কি হয়েছে দেখুন। শহরটা আরও নোংরা হয়েছে, জলের অভাব আরও প্রকট হয়েছে, বস্তীতে মানুষের ভীড় আরও বেড়েছে। আজকে এদের প্রতি লোকের যে মনোভাব কি রকম হয়েছে সেটার একটা নমুনা বলি। আমি এই হাউসে-এর আগেও বলেছি, আবার বলছি। আমি

একটা বস্তীতে গিয়েছিলাম। সেই বস্তীর অধিবাসীরা আমাকে বললে যে মহাশয়, আপনি বলতে পারেন যে কটা মানুষ কলেরায় মরলে এপিডেমিক হয়? আমি বললাম ১০।১২ হবে বোধ হয়, তারা বললে যে, তাহলে স্যার, আমাদের টিউবওয়েল পাবার চান্স আছে। কেন না, আমাদের এখানে এ পর্যন্ত ৮টা মরেছে আরও গোটা চারেক মরলেই এপিডেমিক আর সরকার বলেছেন যে এপিডেমিক ডিক্লেয়ার্ড হলেই ২টি টিউবওয়েল পাবো। এই হচ্ছে কোলকাতার অবস্থা।

প্রায় ৭ বছর আগে এই সভাতে দেখেছিলাম বিধানবাবু বস্তী উন্নয়ন ও পরিস্করণ বিল পাশ করিয়ে ছিলেন। তিনি বলেছিলেন যে এবারে আর কোন চিন্তা নেই সব বস্তী পরিস্কার করে দেবো। আমরা বললাম যে, আচ্ছা, হলে খুব ভালো কথা। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যে ৭ বছর হল আইন পাশ হল, অথচ একটা ক্ষেত্রেও আজ পর্যন্ত সেই আইন প্রয়োগ করা হল না কেন? আমি অর্থমন্ত্রী মহাশয়কে এ ব্যাপারটা একটু শোনবার জন্য অনুরোধ করছি। কেন না, এটার জবাব আমরা চাই। আমার মনে হয়, কারণটা বোধ হয় এই যে, সেই আইনের মধ্যে যে ক্ষতিপূরণের ব্যবস্থা ছিল জমিদারদের, সি. আই. টি. য়্যাক্ট-এ ক্ষতিপূরণের চেয়ে অনেক কম। আর বস্তীবাসীদের বলা হয়েছিল যে, তোমরা এখন যে ভাড়ায় বস্তীতে আছ যদি অপসারণ করা হয় তাহলে সেই ভাড়ায় বিকল্প বাসস্থান দেওয়া হবে। সম্ভবতঃ এই কারণেই আইনটা ধামাচাপা দেওয়া হয়েছে। ৭ বছরেও আইনটা চালু করে বস্তীর উন্নয়নের ব্যবস্থা করা হয়নি। তারপর, জলের হাহাকার। সেও ৭ বছর আগে থেকে আমরা বিধানবাবুকে বলে আসছি। তিনি বলেছিলেন যে এবারে আর কোন চিন্তার কারণ নেই, একটা প্ল্যান করেছি। যে সমস্ত অঞ্চলে স্কারসিটি আছে সেই সমস্ত অঞ্চলে ৩০০ বিগ ডায়ামেটার টিউবওয়েল আনবো। রিজার্ভার বসাবো। তারপর সেখান থেকে লাইন ইত্যাদি করে জল দেবার ব্যবস্থা করবো। বছরের পর বছর গেল, কিন্তু কি হল? আমরা জিজ্ঞাসা করাতে তাঁরা বললেন যে, সবই ঠিক ছিল, কিন্তু ৩০০ পাম্প আমরা বানিয়ে উঠতে পারিনি। সেই জন্য আমি জিজ্ঞাসা করি যে, ৪।৫।৬ বছরে যে সরকার ইলেকট্রিক পাম্প যোগাড় করতে পারে না সে ১০১ কোটি টাকার পরিকল্পনা কার্যে পরিণত করবে এ ভরসা আমরা কোথা থেকে পাবো?

তারপর শুনলাম যে এবারে ৭২ ইঞ্চি মেইন পাইপ বসবে। যত জলের দরকার সব পাওয়া যাবে। বাংলাদেশের কণ্ট্রাক্টর-এ কুলালো না, অতুল্য ঘোষ মহাশয়ের বন্ধু শ্রীমোরারজী দেশাই তাঁর এক নিকট আত্মীয়কে কণ্ট্রাক্ট দেওয়া হল। চুক্তির মেয়াদের চেয়ে অনেক বেশী বছর খরচ করে ৭২ ইঞ্চি মেইন বসলো। ভীমদর্শন অতুল্যবাবু ভীম রবে তার উদ্বোধনও করলেন, কিন্তু জল আর এল না। শুনলাম, পাইপের ব্যবস্থা করা হয়েছে বটে, কিন্তু সেই পাইপ দিয়ে বেশী জল যাবার জন্য বেশী জলের ব্যবস্থা করার কথা মনে ছিল না।

তারপর, ১৯৫৮-৫৯ সাল থেকে শুনে আসছি যে, এবারে আর ভয় নেই, এবারে আমেরিকান কেষ্টরা বাঁশী বাজাচ্ছেন সুতরাং রাধা না নেচে যাবে কোথায়? এখন ওঁরা আমেরিকান কেষ্টর বাঁশী শুনছেন, কাজেই ১০১ কোটি টাকা দিয়ে রাধাকে নাচিয়ে তবে ছাড়বেন। এলেন ওয়ার্ল্ড ব্যাঙ্ক, ওয়ার্ল্ড হেলথ অরগানাইসেশন, ফোর্ড ফাউণ্ডেশন ইত্যাদি যত আমেরিকান মাষ্টার মহাশয়ের দল। তাঁরা বললেন, এবারে আর রক্ষা নেই, একবারে মাষ্টার প্ল্যান। তাঁদের নির্দেশে ১৯৬০ সালে সি. এম. পি. ও. গঠিত হল। ১৯৬০ সাল থেকে ১৯৬৫ সাল, এই ৫ বছরে সি. এম. পি. ও. কি করেছেন। কয়েকটা ইণ্টারিম আর কয়েকটা লং রেঞ্জ প্ল্যান তৈরি করেছেন কিন্তু ৫ বছরে তাঁরা একটা প্ল্যানকেও ইণ্টারিম কি লংরেঞ্জ-এ ইমপ্লিমেণ্টেশন পর্য্যায়ে পৌঁছুতে পারেন নি। এই হচ্ছে আমেরিকার মাষ্টার মহাশয়েরদের মাষ্টারি। তার সঙ্গে তুলনা করুন এই সল্ট লেক রিক্লেমেশন স্কীম-এর। একটা সোসালিস্ট দেশের প্রতিনিধি যুগশ্লাভরা এসে স্কীমে হাত দিলেন। কোলকাতার লোক জানে যে, এই একটি মাত্র স্কীম যার কাজ শেষ হয়েছে। আর অন্য সমস্ত স্কীম, যেগুলি খবরের কাগজের পাতায় বা মন্ত্রীদের বক্তৃতা ছাড়া তারা চোখের সামনে আজ পর্যন্ত দেখতে পায়নি। আর সরকার কি করছেন? সে সোসালিস্ট দেশ যা করে গেল তার সুযোগ নিয়ে সেখানকার জমির দাম বাড়িয়ে লোয়ার ইনকাম গ্রুপ-এর বদলে কি করে হাইয়ার গ্রুপ-এর লোককে দেওয়া যায় তার জন্য তলে তলে ফন্দি আটছেন। আমরা জিজ্ঞাসা

জানাতে তাঁরা বলছেন যে আমরা এ সম্বন্ধে এখনও কিছু পাবার জানিনি। আর আমেরিকান মাষ্টার প্লানের ডিটেলস পর্যন্ত—ইমপ্লিমেন্টেশন কথা দূরে থাক, শুধু ডিটেলস পর্যন্ত এখন পর্যন্ত প্রকাশিত হল না। যেটুকু জানা গেছে, তার থেকে একটা প্ল্যান-এর নমুনা দিচ্ছি। প্লানটার নাম হচ্ছে আরবান রিনিউয়াল প্লান। একে আপনারা "প্রেম সরণি" পরিকল্পনাও বলতে পারেন। কারণ, সেই পরিকল্পনায় একটা স্কীম হল, গঙ্গার দু পার থেকে সমস্ত কারখানা আর গুদাম অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হবে। উন্মুক্ত প্রশস্ত ছায়াবীথি চলবে নদীর দু ধার দিয়ে। মাঝে মাঝে কুঞ্জবন থেকে কোকিল গান করবে। আর চাঁদনি রাতে বজরার উপর থেকে প্রেমবিহ্বল প্রলাপ, শৈবালিনিকে বলবেন—শৈবালিনী, সই। ভাবতে গায়ে কাঁটা দিয়ে উঠে। ভারতে তো মহম্মদ তুঘলক একজনই ছিল। কিন্তু আমেরিকায় দেখছি ডজন ডজন। তাঁরা নাম বদলে—সম্রাট থেকে এখন হয়েছেন এক্সপার্ট বা কনসালটাণ্ট এঁদের একটা মাত্র প্লান হয়ত কিছু কাজে লাগতে পারে। সেটা হচ্ছে খিদিরপুর ডকের গঙ্গার কাছে যে নতুন পুল করার প্রস্তাব করেছেন সেটা। তার অনুসন্ধান কার্য্যে দেশী ইঞ্জিনীয়ারদের উপর ভার দেওয়া সম্ভব হল না। এলেন বিদেশী সাহেবী কোম্পানি। আর গোটা পুল তৈরির ভার সম্ভবতঃ সাহেবরা পাবেন। সেইজন্য বলছি, এই মাষ্টার প্লানের উদ্দেশ্য হল, এই দেশের ইঞ্জিনীয়ারদের বঞ্চিত করে, কি করে আমেরিকান, বৃটিশ প্রভৃতি বিদেশী ইঞ্জিনীয়ারদের আনা যায়, তাঁদের অর্থাগম করে দেওয়া যায়। যাই হোক এই গঙ্গার পুলের বিস্তৃত বিবরণ এখন আমরা পাইনি। কাজেই বিশেষ কিছু বলতে পারি না।

[3-30—3-40 p.m.]

আগেই বলেছি, বিধানবাবু বলেছিলেন যে কোলকাতায় সমস্ত বস্তী ভেঙ্গে বস্তীবাসীদের পাকা বাড়ীতে বসাবেন। সেটাও প্রায় মহম্মদ তুঘলকের মত পরিকল্পনা । তাতে কোন সন্দেহ নেই। কিন্তু বর্তমান অবস্থায় বাস্তবিক কিছু করতে হলে বস্তির বেশীর ভাগ অংশের সংস্কার দরকার, তার কিছু জল, কিছু হাওয়া, তার পায়খানা ইত্যাদির ব্যবস্থা করা দরকার। কিছু অল্প-স্বল্প অংশ ভেঙ্গে পরিস্কার করে দেওয়া দরকার, একটা স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করাই হবে বাস্তব পরিকল্পনা। সি. এম. পি. ও.র ফার্স্ট রিপোর্ট যা ১৯৬২ সালে বেরিয়ে ছিল তা দেখে আমি একটু আশ্বস্ত হয়েছিলাম। কারণ, তাতেও তাই বলা হয়েছিল। তাঁরা জানিয়েছিলেন যে

Institution of basic sewerage, water line and provision of water pipes of sanitary latrines and baths

এই নিয়ে অগ্রসর হলে ১ কোটি টাকায় ৭৩ হাজার বস্তিবাসীর অবস্থা উন্নত করা সম্ভব। শুনে একটা আশা হয়েছিল। কিন্তু তাঁরা ধরে ফেললেন যে তাতে বস্তিবাসীদের উপকার হয়ে যাবে, আমেরিকানদের কোন উপকার হবে না। সুতরাং এখন বলছেন প্রথমে বস্তির সমস্ত জমি এ্যাকুয়ার করে নিতে হবে তারপর কিছু সংস্কার আর কিছু অপসারণ এই প্ল্যান নিয়ে চলতে হবে। তার মানে দুটোর একটাও হবে না। বস্তির সমস্ত জমি এ্যাকুয়ার করতে ওদের টাকের দায়ে মনসা বিকিয়ে যাবে। সুতরাং কিছুই এ্যাকুয়ার করতে পারবেন না, কিছুই উন্নতি হবে না বস্তির, এই হচ্ছে অবস্থা।

তারপর তাঁদের আর একটা পরিকল্পনা হল স্যাটিলাইট টাউনের। স্যাটিলাইট টাউন স্কীমগুলিতে ইণ্ডাস্ট্রি করার বিশেষ কোন পরিকল্পনা নেই। সুতরাং সেখানকার লোকগুলির উপার্জনের জন্য কলকাতায় ভীড় বাড়াতে হবে। কাজেই ওটাও মহম্মদ তুঘলকের মত উন্মাদ পরিকল্পনায় পর্যবসিত হবে যদিও সেই উন্মত্ততা ম্যাডনেসের মধ্যে একটা মেথড আছে। সেই মেথড কি? ওঁদের পরিকল্পনাগুলি পাবলিকে না জানলেও মুনাফা শিকারীরা ঠিক জানতে পারে। তলে তলে যে তাঁদের যোগাযোগ আছে শুধু তাই নয়, মুনাফা শিকারীদের প্রতিনিধিদের ডেকে নিয়ে এসে ঐ বোর্ডে বসিয়ে দিয়েছেন। সুতরাং তারা আগে থেকেই জানতে পারে যে কোথায় স্যাটিলাইট টাউন হবে। হিন্দ মোটরের কাছে স্যাটিলাইট টাউন হবে জেনে বিড়লা এখনই প্রায় সমস্ত জমি কিনে রেখেছেন। সেই রকম বাঙ্গুর, হিরালাল

সাহা ইত্যাদিরা সেইভাবে অগ্রসর হচ্ছেন। কাজেই স্যাটেলাইট টাউন স্কীম পরিকল্পনার প্রধান সার্থকতা এখানে গিয়ে দাঁড়াচ্ছে যে কিছু মুনাফা শিকারী প্রচুর লাভ করার ব্যবস্থা করে নিচ্ছে ওঁদের যোগসাজসে। এই হচ্ছে তার একমাত্র প্র্যাকটিক্যাল পরিণতি। অথচ দেখুন পূর্ব কলকাতার যে সমস্ত জন বিরল অঞ্চল সেগুলি খুব ভাল ভাবে সার্ভে করে ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট একটা পরিকল্পনা রচনা করে ছিলেন, তাতে ১০ লক্ষ বস্তিবাসীর বাসস্থানের ব্যবস্থা করে দেওয়া সম্ভব হত। কিন্তু সরকার এখন আমেরিকান সি. এম. পি. ও.-র মালিকদের সঙ্গে গা ঘেঁষাঘেঁষি করে চলেছেন। সুতরাং সি. আই. টি.-র যে অবস্থা হল সেটা সুয়ো রাণীর মত কুড়ে ঘরে বিসর্জন। তার পরিকল্পনা এখন আর ধর্তব্যের মধ্যে নয়, তা বাঞ্চাল ওঁরা করে স্যাটেলাইট টাউন করবেন—তখন রামরাজ হবে আমরা নিমন্ত্রণ খেতে যাব এই হচ্ছে অবস্থা।

সার্কুলার রেলওয়ে প্লানের কথা কয়েকজন উল্লেখ করেছেন। তবে তাতে সি. এম. পি. ও.-এর কোন উৎসাহ নাই। কারণ কী? তার কারণ তাতে আমেরিকান ফার্ম এবং আমেরিকান এক্সপার্টদের কোন উপকার হবে না। কারণ সার্কুলার রেলওয়ে হলে আমাদের দেশে যারা ইঞ্জিনিয়ারিং ফার্ম যাঁরা ইঞ্জিনীয়ার তাঁরা অনায়াসে এর ব্যবস্থা করে দিতে পারবেন। সেইজন্যই সি. এম. পি. ও.-এর পরিকল্পনার মধ্যে এই সার্কুলার রেলওয়ের কোন উল্লেখ নাই। তাঁরা কী পরিকল্পনা রচনা করেছেন? এরিয়াল রেলওয়ে। মাটি ছেড়ে তাঁরা আকাশে উড়ছেন। এরিয়াল রেলওয়ে, হ্যানো রেলওয়ে, ত্যানো রেলওয়ে। যদি তাই হয় তার মালমশলা নিয়ে আসতে হবে আমেরিকা বা বৃটেন থেকে। সুতরাং সি. এম. পি. ও.-এর মস্ত সুবিধা। তাঁরা নিজেরা বোধ হয় জানেন আমেরিকার অনেক শহর এরিয়াতে বড় বড় সহরে এই এরিয়াল রেলওয়ে আছে। সেখানে হাসপাতালের রোগীদের শতকরা ৫০ ভাগ রোগের কারণ হচ্ছে এই এরিয়াল রেলওয়ে। যাহোক—এখন আমাদের এরিয়াল রেলওয়ে আকাশকুসুম কল্পনা ছাড়া আর কিছু নয়। অবশ্য সার্কুলার রেলওয়ে কথাটা ভাবা এমন কিছু কঠিন নয়। ১৯৫৫ সালে সারঙ্গপানি যিনি এ বিষয়ে অনুসন্ধান করবার জন্য সরকার কর্তৃক নিযুক্ত হয়েছিলেন, তিনি দেখিয়ে দিয়ে ছিলেন যে মাত্র ৭ কোটি টাকা খরচ করলে সার্কুলার রেলওয়ে হতে পারে। কিন্তু আমরা শুনছি সি. এম. পি. ও. বলছেন এবং আমাদের অর্থমন্ত্রী বলছেন যে তাতে ৫০ কোটি টাকা খরচ হবে এবং সেই জন্য ভারত সরকার বলছেন ওটা করা আমাদের পক্ষে সম্ভব নয়। আমি অর্থমন্ত্রীকে বলবো যে এটা করা নিশ্চয়ই সম্ভব। কেন না সাধারণ বুদ্ধিতেও বলা হয় এটার জন্য তাঁরা যদি লাগেন, তাহলে অন্ততঃ সল্ট লেক রেকলাইমেশন স্কীম-এর মত আর একটা কনক্রিট জিনিষ ৫।৭টি বছরের মধ্যে আমরা নিশ্চয়ই পেতে পারবো। আর কিছু পাওয়ার আশা আমরা করি না। এই হলো আমি সংক্ষেপ সময়ের মধ্যে যতগুলি সম্ভব নমুনা দিলাম যে সি. এম. পি. ও. যা করছেন তা নমুনা, অর্থাৎ তারা করছেন না কিছু বলা যায় কিছু কিছু করছেন। কী করছেন? একটা পরিকল্পনাও তাঁদের এই দীর্ঘ চার বছরেও কার্য্যে পরিণত হয়নি। কিন্তু তা বলে যে তাঁরা কিছু করেন নাই—তা নয়। কি করেছেন দেখুন। এক নম্বর হচ্ছে তিন বছরে জন কুড়ি আমেরিক্যান এক্সপার্টদের জন্য ৮০ লক্ষ টাকা তারা খরচ করেছেন। একটা দারুণ কৃতিত্ব সন্দেহ নাই।

[এ ভয়েস: আমরা এক পয়সাও খরচ করি নাই।]

আপনারা অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকার করেন নাই বটে, তবে আপনাদের সি. এম. পি. ও.-এর জন্য ফোর্ড ফাউণ্ডেশান থেকে যে ফাণ্ড এসেছে তার থেকে খরচ করেছেন। বাজে কথা বলবেন না।

দুনম্বর হচ্ছে বাড়ীভাড়া ও গৃহসজ্জার ৩০ লক্ষ টাকা খরচ হয়েছে।

তিন নম্বর হচ্ছে শুধু পেট্রলের জন্য তিন বছরে ৩ লক্ষ টাকা খরচ হয়েছে।

আর ভারতীয় কর্মচারীদের জন্য পশ্চিমবঙ্গ সরকার যেটা খরচ করেছেন, তার আনমানিক পরিমাণ বোধ হয় ৩০ লক্ষ টাকার মত হবে। ভারতীয় কর্মচারী আছেন পাঁচশো জন।

অভারতীয় এক্সপার্ট আছেন মাত্র ২০ জন থেকে ২৫ জন। এই হলো তাদের কৃতিত্বের নমুনা।

এখন ভেবে দেখা দরকার—যে আমেরিকানরা সি. এম. পি. ও.-র ব্যাপারে হাত দিয়েছেন কেন? ১৯৬১ সালে যখন এই ব্যাপারে দরবার করবার জন্য ডাঃ রায় আমেরিকায় যান, তখন নিউ ইয়র্ক টাইমস খোলাখুলি লিখেছিলেন ৩১শে জুলাই।

Communism has fed on the discontent of refugees, 900,000 other persons who sleep on side walks or are jammed in hovels, 100,000 farmers who move to Calcutta yearly from over-crowded agricultural lands and tens of thousands of educated unemployed.

[3-40—3-50 p.m.]

সুতরাং এই যে কমিউনিজম সেই কমিউনিজম-এর বিরুদ্ধে বিধানবাবুর কংগ্রেস পার্টিকে সাহায্য করবার জন্য সি. এম. পি. ও.-র সাহায্যের হস্ত বিস্তার করা উচিত একথা নিউ ইয়র্ক টাইমস, আমেরিকান কাগজ লিখেছিল। তারা খুব আতঙ্কিত হয়েছে কি করে কমিউনিজম এবং কমিউনিস্ট পার্টির বিরুদ্ধে লড়াই করা যায় এবং সেই কারণে আমেরিকানরা এসে টাকা-পয়সা দিয়ে সাহায্য করবার ব্যবস্থা করেছে। তা সত্ত্বেও তাঁরা যদি এখানে এসে আমাদের উন্নয়ন পরিকল্পনায় বিন্দুমাত্র কাজ করতেন তাহলে আমরা আপত্তি করতাম না। কিন্তু আমরা দেখছি তাদের অন্য উদ্দেশ্য আছে এবং তাদের সাহায্যের হস্ত হয়ে দাঁড়িয়েছে বিদেশী অনুপ্রবেশের হাত। স্যার, তারা যে শুধু কমিউনিজমকে আঘাত করবার জন্য এসেছে তা নয়, স্বাধীন ভারতের গলা টিপে মারবার জন্য চেষ্টা করছে এবং আমি তার উদাহরণ দিচ্ছি। তাঁরা প্রথমে এরিয়াল সার্ভে করবার ব্যবস্থা করেন এবং তার ম্যাপ আমেরিকায় পৌঁছে যায়। যদি দুর্ভাগ্যক্রমে কোন দিন ভারতবর্ষের সঙ্গে আমেরিকার লড়াই বাধে তাহলে কোলকাতার ইণ্ডাস্ট্রিয়াল এরিয়ায় বোমা ফেলতে তাদের অসুবিধা হবে না কারণ আমাদের অর্থমন্ত্রী এবং সরকার তাদের হাতে সেই এরিয়াল সার্ভের ম্যাপ তুলে দিয়েছেন। স্যার, আবার শুনছি আর একটা এরিয়াল সার্ভে করা হচ্ছে। এই সমস্ত আমেরিকান এক্সপার্টরা রাউডন স্ট্রীট-এ একটা বাড়ী ভাড়া করে সেখানে আড্ডা জমিয়েছে এবং সে জায়গাটা গুপ্তচরের কেন্দ্র হয়েছে। জাপান, হংকং এবং বিভিন্ন জায়গা থেকে আমেরিকান, জাপানী লোকেরা এসে সেখানে জমা হয়, ২।৩।৪ দিন থাকে, যথেচ্ছ ফটো তোলে, ফুস-ফুস, খুস-খুস হয় তারপর চলে যায়। আমি জিজ্ঞাসা করি আমেরিকার সাহায্য না নিলে কেন আমাদের প্ল্যান হতে পারে না? বোম্বে, নিউদিল্লী যে মাস্টার প্ল্যান করেছে তারজন্য তো তাঁদের অ্যামেরিকান এক্সপার্টস কন্সালট্যাণ্ট আনার দরকার হয়নি? বোম্বে তাদের ইণ্ডাস্ট্রিয়ালিস্ট এবং ফাইনানসিয়ারদের বাধ্য করেছিল সাহায্যের ভাগ নিতে। কিন্তু আমাদের এখানে ক্লাইভ ষ্ট্রীট-এর সাহেবদের ইওরোপিয়ান বস্‌দের কোলকাতার উন্নতি করাতে বাধ্য করাবেন, সাহায্যের ভাগ নিতে বাধ্য করাবেন সেই ক্ষমতা পশ্চিমবঙ্গ সরকারের নেই বলে তাঁরা টাকার জন্য আমেরিকান সাহেবদের কাছে মাথা বিক্রি করলেন। আপনি দেখবেন সেই সাহেবদের সঙ্গে শৈলবাবুর খুব খাতির এবং খানাপিনা করে, হাত ধরাধরি করে হৃষ্ট চিত্তে হোটেল থেকে বেরিয়ে আসছেন তার ফটোও দেখতে পাবেন। কিন্তু কি মূল্যে সেই খানাপিনা সেটা একবার ভেবে দেখবেন—"বণিকের মানদণ্ড, পোহালে শর্বরী দেখা দিল রাজদণ্ড রূপে"। যারা এখানে এসেছে শুধু এ্যাডভাসরই হিসেবে, কনসালটাণ্ট হিসেবে, তারাই আজকে আপনাদের নপুংশকতার ফলে পলিসি মেকার হয়ে দাঁড়িয়েছে। তাঁরা আপনাদের সি. আই. টি.-কে ওভার রাইড করছে, ডিরেক্টর-জেনারেলকে ওভার রাইড করছে, ডিফেন্স ডিপার্টমেণ্টকে ওভার রাইড করছে এবং আগামী দিনে আপনাকেও ওভার রাইড করবে। কাজেই আপনি যদি এঁদের পুনর্মুষিক ভবঃ বলে হুকুম দিতে পারেন তাহলে আপনি বাঁচবেন এবং কোলকাতা শহরের পরিকল্পনা বাঁচবে। আর তা না হলে ঐ অবস্থাই হবে।

Shri Deb Saran Ghosh:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, অর্থমন্ত্রী এই খাতে মঞ্জুর করার জন্য এই সভায় যা পেশ করেছেন, তার মধ্যে আমি দেখছি যে এবার সর্বপ্রথম বলা হচ্ছে অনুদান হিসাবে কিছু টাকা জেলা পরিষদকে দেবার জন্য তাঁরা স্থির করেছেন। এই টাকা ল্যাণ্ড রেভিনিউ থেকে জেলা পরিষদকে দেওয়া হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ডিস্ট্রিক্ট বোর্ড ছিল, তা অবলুপ্তির পর গোটা জেলার গ্রামাঞ্চলে এবং পল্লী অঞ্চলের উন্নতির জন্য, সর্বাঙ্গীন উন্নতির জন্য এই জেলা পরিষদ গঠিত হয়েছে এবং তাদের হাতে সরকারের তরফ থেকে অনুদান হিসাবে কিছু অর্থ তুলে দেওয়া হচ্ছে যে গ্রামাঞ্চলে বহু সমস্যা জড়িত সেই গ্রামাঞ্চলে সমস্যা দূর করতে গেলে যে পরিমাণ অর্থের প্রয়োজন, এটা ঠিক সরকার সেই পরিমাণ অর্থ দিতে পাচ্ছেন না। গ্রামাঞ্চলে বিশেষ করে প্রথম সমস্যা হচ্ছে রাস্তাঘাটের সমস্যা, যদিও দেশের বিভিন্ন অঞ্চল দিয়ে কিছু বড় রাস্তা তৈরী হয়েছে, কিন্তু গ্রামাঞ্চলের সঙ্গে সহরের যে যোগাযোগ রাস্তা সে বিষয়ে আজও অবহেলিত হয়ে আছে। গ্রাম থেকে গ্রামান্তরে যাবার যে রাস্তা এবং সহরের সঙ্গে যে যোগাযোগ রাস্তা সেটা আজ আগের মতই আছে। আগে দেখতাম এই সমস্ত রাস্তা দেখাশুনা এবং পরিবর্তনের জন্য ডিস্ট্রিক্ট বোর্ড ছিল কিন্তু সুদীর্ঘকালের মধ্যে এই সমস্ত রাস্তার সামান্যতমও কাজও ডিস্ট্রিক্ট বোর্ডের মাধ্যমে সম্পন্ন হয়েছে কিনা সন্দেহ। এই ডিস্ট্রিক্ট বোর্ডের স্থলে যে নব গঠিত জেলা পরিষদ হয়েছে তা দ্বারা গ্রাম এবং সহরের মধ্যে যোগাযোগের জন্য পাকা রাস্তা হবে এটা প্রত্যাশা করতে পাচ্ছি না। গ্রামাঞ্চলের আর একটা অসুবিধা পানীয় জল। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন বর্তমানে পানীয় জলের ব্যাপারে ভীষণ একটা অসুবিধার স্থষ্টি হয়েছে। সরকারের স্বাস্থ্য দপ্তরের অধীনে আর ডবলিউ এস বলে একটা ডিপার্টমেণ্ট আছে। গ্রামাঞ্চলে টিউবওয়েল বসানো এবং মেরামতের কাজ এর আগে পর্যন্ত ডিস্ট্রিক্ট বোর্ডের মাধ্যমে চলত। সেখানে আমরা যথেষ্ট অব্যবস্থা দেখেছি। একটা থানায় বহু গ্রাম থাকে কিন্তু একটা থানায় টিউবওয়েল মেরামত করার জন্য ২।৩টি মিস্ত্রী থাকত এবং তাদের দায়িত্বে প্রায় ৩।৪ শত টিউবওয়েল থাকত। তার ফলে এই সমস্ত মেরামত সম্ভব হত না। এখনও দেখি গ্রামাঞ্চলে বহু টিউবওয়েল অব্যবহার্য হয়ে পড়ে আছে। কিছুদিন পূর্বে আর ডবলিউ এস ডিপার্টমেণ্টকে স্বাস্থ্য দপ্তরের ব্লক ডিভেলপমেণ্টের অধীনস্ত করা হয়েছে, সেখানে দেখতে পাচ্ছি আরও জটিল অবস্থার স্থষ্টি হয়েছে। এখন একটা টিউবওয়েল খারাপ হলে প্রথমে বি. ডি. ও.-এর কাছে দরখাস্ত করতে হয়, তারপর সেটা তিনি কল্যাণী না কোথায় পাঠিয়ে দেন স্যাংশন করার জন্য। স্যাংশন করার পর টিউবওয়েল মেরামতের ব্যবস্থা হয়। কিন্তু মিস্ত্রীর অভাব এবং কর্মচারীর অভাবের জন্য সেই সমস্ত টিউব-ওয়েল মেরামত হয় না। সেজন্য যেহেতু মন্ত্রী মহাশয় জেলা পরিষদের জন্য অর্থ বরাদ্দ করছেন এবং ল্যাণ্ড রেভিনিউ থেকে আদায়ীকৃত অর্থ থেকে ৫ ভাগ অর্থ জেলা পরিষদকে দেবেন স্থির করেছেন আমি প্রস্তাব করছি গ্রামাঞ্চলে পানীয় জলের যে দূরবস্থা তাতে জেলা পরিষদের হাতে এই টিউবওয়েল বসানের এবং মেরামতের দায়িত্ব দেওয়া উচিত এবং এজন্য পরিষদের যে অর্থের প্রয়োজন তা বরাদ্দ করা উচিত এটাই আমি যুক্তি সঙ্গত বলে মনে করি। আমি আগেই বলেছি যে যদিও জেলা পরিষদ প্রাপ্তবয়স্কের ভিত্তিতে নির্বাচন হয়েছে কিন্তু এটা আমরা কোন সময় প্রত্যাশা করতে পারি না যে জেলা পরিষদের শাসন ক্ষমতায় যারা অধিষ্ঠিত হবেন তাঁরা দলের স্বার্থের বাইরে কোন কাজ করতে পারবেন। তাদের পক্ষে সে রকম কাজ করা সম্ভবপর হবে না।

[3-50—4 p.m.]

জেলা পরিষদে সরকারী নমিনী আছে সেখানে আমরা দেখছি সরকারের উপর তলার কর্মচারী আছে এবং জেলা পরিষদের শাসন শক্তিতে সংখ্যা গরিষ্ঠ লোকেরা সেখানে পরোক্ষ এবং প্রত্যক্ষ ভাবে ঢুকে পড়েছে ডিস্ট্রিক্ট বোর্ড-এর অব্যবস্থার ফলে গ্রামের কোন সমস্যার সমাধান হয়নি আমরা মনে করছি জেলা পরিষদের মাধ্যমে এই অসুবিধাগুলি দূর করা সম্ভব হবে না। তবে নবগঠিত জেলা পরিষদ বৃহত্তর জেলা গ্রামাঞ্চলে বিভিন্ন সমস্যা দূর করবার জন্য যে দায়িত্ব নূতন করে এসেছে সে দায়িত্ব সম্পন্ন করা জেলা পরিষদের পক্ষে সম্ভবপর হবে না

যদি না তাদের আরো অর্থ বরাদ্দ করা হয়। সুতরাং জেলা পরিষদের মাধ্যমে যে সামান্য অর্থ বরাদ্দ করা হয়েছে এর মাধ্যমে গ্রামাঞ্চলে সমস্ত অসুবিধা দূর করা সম্ভব হবে না। সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং যেহেতু জেলা পরিষদের উপরে গোটা জেলার উন্নতি নির্ভর করছে কিন্তু তাদের সেজন্য রাখা উপযুক্ত অর্থ বরাদ্দ করা হয়নি যেজন্য নীতিগতভাবে এই বাজেটের বিরোধিতা করছি।

Shri Sailendra Nath Adhikary:

ডেপুটি স্পীকার স্যার, এর আগে সোমনাথবাবু যে গ্রেটার ক্যালকাটা স্কীম উপর যে কথা বলে গেলেন সে কথা বলবার জন্য আমি আর অগ্রসর না হয়ে শুধু তার মধ্যে যে কথা বলা হয়নি সে দুএকটা কথা বলব। গ্রেটার ক্যালকাটা স্কীম-এর ব্যাপারে আমার মনে আছে যখন থেকে এই হাউস এসেছে তবে থেকে বিভিন্ন ভাবে মন্ত্রী মহাশয়রা সি. এম. পি. ও র এই কথা শুনিয়েছেন। ক্যালকাটা-এর বস্তি সমস্যা এবং বিভিন্ন সমস্যা সম্বন্ধে যখন এই হাউস-এ কথা উঠেছে তখন একটা মাত্র কবিরাজী বড়ি নিয়ে বলার যে মত সর্বযোগে হরিতকী মহৌষধের মত সি. এম. পি. ও. আছে, আপনাদের কোন ভয় নেই. আজকে ৩ বৎসর হলো সে বড়ি দেখেছি কিন্তু তার কাজ দেখিনি কাজের মধ্যে কি দেখা গেছে? উপস্থিত সে কাজ আরম্ভ হয়েছে কিন্তু সেটা হচ্ছে এরূপ একটা সংস্থা তাকে কাজে লাগাবার জন্য একটুকু আগ্রহ মন্ত্রী মহাশয়ের আছে কিনা সন্দেহ। আপনি জানেন। যে সি. এম. পি. ও. স্কীম তা আজ প্রায় ভাঙ্গা ভাঙ্গা অবস্থায় চলে এসেছিল। এরা একটা আইন পর্যন্ত আনতে পারেন নি যার জন্য তাড়াহুড়া করে একটা আইন আনছেন কারণ যখন বলা হয়েছিল যে এটা যদি নিবিবদ্ধ ভাবে না হয় তা হলে কোন টাকা পয়সা দেওয়া হবে না সেজন্য তাড়াতাড়ি একটা আইন আনলেন। অবশ্য এটা এখন হাউস-এ পাস হয়নি। এটাই হচ্ছে সি. এম. পি. ও. এবং এ সম্বন্ধে আগ্রহ খুব বেশী কারণ গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্ট স্কীমএর নামে সহরে যারা ল্যাণ্ড স্পেকুলেসান আছে তাদেরই তারা কি ভাবে সুবিধা করে দিচ্ছেন তার একটা নমুনা দেব। গত বৎসর মাননীয় সদস্য কাশীকান্ত মৈত্র-এর একটা প্রস্তাব ছিল বেহালা সখেরবাজারে স্কীম-এর উপর যে স্কীম-এর জন্য আপনারা ২ ২০ কোটি টাকা ধরেছেন। এই স্কীম হচ্ছে রাম না হতে রামায়ণ গান। সে স্কীম কি হবে সে স্কীমকে ভাল ভাবে ইমপ্লিমেণ্ট হবে তা কেউ জানে না। এসব না জেনে নোটিফিকেশন করে বলবেন যে উচ্ছেদ করা হল কিন্তু পরে ঐ নোটিফিকেশন-এ পরে কাশীবাবুর একটা প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় খগেনবাবু বললেন এটা থেমে গেছে বটে তবে এটা হচ্ছে এই কারণে যে সি. এম. পি, ও,-র কাছ থেকে আমরা ফাইন্যাল রিপোর্ট পায়নি কোশ্চেনটা হচ্ছে এই যে সি. এম. পি. ও. রিপোর্ট-এর উপর যদি স্কীম নির্ভর করে থাকলে তা হলে তাদের কাছ থেকে রিপোর্ট না পেয়ে এই ভাবে কেন তাড়াতাড়ি নোটিফিকেশন করা হয়েছিল? উত্তর হচ্ছে খুব স্পষ্ট, এই কারণে যে, যে সময় আমরা ইলেকশন অধিবেশনে যারা ওঁদের চাঁদাপত্র দেন তাদের সুবিধা করবার জন্য এই স্কীম অনুযায়ী নোটিফিকেশন করে আশে পাশের জমিগুলির ল্যাণ্ড ভেলু বাড়াতে হবে। ৫00 টাকা করে জমি কিনে যেটা তারা ৫ হাজারে বিক্রী করবে এই হচ্ছে সি. এম. পি. ও.-এর দৃষ্টি ভঙ্গী, এই দৃষ্টি ভঙ্গীতে দেখতে পাই কতগুলি বাড়ী ইমারত উঠবে সেই ইমারতে বহু মটরগাড়ী এসে জুটবে কিন্তু এই যে কলকাতা শহর যেটা বাংলা দেশের অথনীতি ও সমাজনীতির ক্ষেত্রস্থল সেখানে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত কোন বাড়ী আবাস থাকবে না এবং সে সম্বন্ধে বিশেষ কোন ইঙ্গিত নেই আজকে কলকাতার অবস্থা হচ্ছে বাঙ্গালী পরিবারের হাত থেকে সমস্ত বাড়ী মাড়োয়ারী ভাটিয়াদের হাতে চলে গেছে এবং সি. এম. পি. ও. হবার পর দেখা যাবে যে ল্যাণ্ড ভেলুয়েশন এখন হবে যে বাঙ্গালী মধ্যবিত্তদের বাড়ী করবার ক্ষমতা থাকবে না। সেজন্য মন্ত্রী মহাশয়কে বলব যে গ্রেটার ক্যালকাটা স্কীম-এর লক্ষ্য কি সেটা দেখুন, সেন্স অব ফিলিং বাঙ্গালীদের মধ্যে নিয়ে আসবার জন্য এটা করবেন কিনা যাতে করে বাঙ্গালী মধ্যবিত্ত এখানে থাকতে পারে এবং কলকাতায় ফুটপাথের লোকগুলোকে এখানে একটা আবাস দিতে পারেন। আপনারা সি. এম. পি. ও. সম্বন্ধে ইত্যাদির কথা বলেন কিন্তু সঠিক থেকে চিন্তা করেন এবং এদের একটা থাকবার

জায়গা দিতে পারবেন কিনা কিন্তু আমি জানি আপনাদের এসব করবার কোন উপায় নেই। এবার আমি মিউনিসিপ্যালিটি সম্বন্ধে বলবো, আমি একজন মিউনিসিপ্যাল কাউন্সিলর বহুদিন থেকে আছি। ৮৭ মিউনিসিপ্যালিটি-এর মধ্যে গ্রেটার ক্যালকাটা এবং সি. এম. পি. ও আওতা-এ ৩৭টা গেছে কলকাতার আশে পাশের মিউনিসিপ্যালিটিগুলো বাকি সব ছড়িয়ে আছে সে মিউনিসিপ্যালিটি-এ গুলির অবস্থা কি: আমি কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির কথা বলছি আমার নিজের খরচ হচ্ছে ৪৬ হাজার টাকা তাদের মাসে ব্যয় কিন্তু আয় ৩৬ হাজার টাকা। জিয়াগঞ্জ, আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটি কমিশনার জানি সেখানেও একই অবস্থা। অধিকাংশ মিউনিসিপ্যালিটি-এর ঘাটতি বাজেট তারা কোন স্কীম নিতে পারে না তার কারণ হোল্ডিং-এর যে রেট সে রেট-এর উপর কতটা এক্সপ্যানসন করবেন যেন সে দিক থেকে ওরা মাঝে মাঝে অনুদান দেন, এটা দেখে মনে হয় এটা একটা চ্যারিটি বয়কে যেমন করে লোক ভিক্ষা দেয় মিউনিসিপ্যালিটিগুলোকে সেরূপ ভাবে দেওয়া হচ্ছে।

[4—4-30 p.m.]

এবং কিভাবে দেন তার রিপোর্টই আমি দিচ্ছি। ইমপ্রুভমেণ্ট অব কমিউনিকেশন, আরবান ওয়াটার সাপ্লাই ইমপ্রুভমেণ্ট অব কনজারভেন্সি, ষ্ট্রীট লাইটিং অ্যাণ্ড এস্টাবলিসমেণ্ট অব মার্কেটস ইত্যাদির জন্য ডেভেলপমেণ্ট অব মিউনিসিপ্যাল এরিয়াজ এই হেডে তারা টাকা ধরেছেন। থার্ড ফাইভ-ইয়ার প্ল্যানে ধরেছিলেন ২৫৩ লক্ষ টাকা—এবং ১৯৬১-৬২ সালে খরচ হয়েছিল ২৭ লক্ষ টাকার কি উপর। তারপর ইমারজেন্সী এলো—সেই সময় মন্ত্রী মহোদয়দের এয়ার কণ্ডিশানিং করা দরকার হয়ে পড়েছিল—কিন্তু স্যানিটেসন সিউআরেজ এগুলি ছাটকাট করা যেতে পারে—ইমপ্রুভমেণ্টে ছাটকাট করা যেতে পারে অথচ মন্ত্রী মহোদয়দের এবং তাঁদের মাথা ঠাণ্ডা করার জন্য লক্ষ লক্ষ টাকা এয়ার কণ্ডিশানিং-এর জন্য সে সময় ব্যয় হয়েছে। কিন্তু সেখানে খরচ হোল কি—সেখানে অনেক ছাটকাট করা হোল এবং ১৯৬৪-৬৫ সালে অবশ্য ৮৩ লক্ষ টাকা হয়েছিল—কাজেই ২৫৩ লক্ষ টাকার মধ্যে ১০৩ লক্ষ খরচের পরিকল্পনা হয়েছে—তাহলে দেখা যাচ্ছে যে ৫০ পারসেণ্ট-এর নীচে হবে গেছে। এবং সেকেণ্ড প্ল্যানে দেখিয়ে দিতে পারি ১০৭ লক্ষ টাকা ধরা হয়েছিল এবং সেখানে ৫৭ লক্ষ টাকা খরচ হয়েছে। তার মানে বেশী তারা খরচ করেন নি। মিউনিসিপ্যালিটিগুলিকে বলা হবে যে ২১৩ আমরা দিচ্ছি—ওয়ান-থার্ড দিতে পার না কেন? ওয়ান-থার্ড দেবে কেন? আজকে সেই জন্য আমার বক্তব্য ডেপুটি স্পীকার মহাশয়, যে মিউনিসিপ্যালিটিগুলি সম্বন্ধে নূতন দৃষ্টিভঙ্গী নিন। মিউনিসিপ্যালিটিগুলিকে এ্যামিউসমেণ্ট ট্যাক্স দিন। তারা অন্যান্য অনেক ব্যাপারে গভর্নমেণ্টের কাছে বলেছে যে আমাদের এ্যামিউসমেণ্ট ট্যাক্সের শেয়ার দাও—সেল ট্যাক্সের শেয়ার দাও—তারা দেন নি। অথচ মিউনিসিপ্যালিটিগুলি থেকে এ্যামিউজমেণ্ট ট্যাক্স বেশী উঠে। মোটর ভিহিকলস ট্যাক্স মাঝে মাঝে দেওয়া হয়—কাজেই তার উপর মিউনিসিপ্যালিটিগুলি বাজেট করতে পারে না। সেই আমার বক্তব্য হচ্ছে যে আজকে মিউনিসিপ্যালিটিগুলিকে যদি ঠিক মত চালাতে চান তাহলে একটা নূতন দৃষ্টিভঙ্গী নিতে হবে। আপনারা সোস্যালিজমের কথা বলেন—আজ মিউনিসিপ্যালিজেসন অব সিনেমা এ্যাক্ট নিয়ে আসেন না কেন—মিউনিসিপ্যালিটির উপর সিনেমা দিয়ে দেন না কেন? মিউনিসিপ্যালিটিগুলিকে ট্রান্সপোর্ট রাণ করাবার ব্যবস্থা করে দেন না কেন? এইভাবে যদি মিউনিসিপ্যালিজেসন নিয়ে না আসেন তাহলে আপনারা সোস্যালিজমের কথা বলেন বটে কিন্তু মিউনিসিপ্যালিজেসন না হলে—সোস্যালিজম অন্তত সহরের দিকে সুরু হবে বলে আমার মনে হয় না। এই সব কারণের জন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি।

Shrimati Biva Mitra:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের মন্ত্রী মহোদয় যে সি. এম. পি. ও. স্কীমের জন্য বরাদ্দের দাবী করেছেন সেটাকে সমর্থন করার জন্য আমি আজকে এখানে দাঁড়িয়েছি। আজকে একথা কয়দিন ধরে বাজেট স্পীচে আমাদের দলের এবং বিপক্ষ দলের প্রত্যেকে যা শুনিয়ে এসেছেন তাতে দেখা যাচ্ছে বিপক্ষ দলের বক্তৃতায় তারা যে কোন কাজেই হোক না সেই কাজে একটা বাধা সৃষ্টি করেন। কারণ গতকালই ইরিগেসন হেডে যখন মন্ত্রী

মহাশয় ব্যয় বরাদ্দের দাবী করলেন যেখানে চাষীদের টাকার দরকার---চাষের জন্য টাকা দরকার—খাদ্যের টাকা দরকার—সেই সময় তারা তাতে টাকার বাধা সৃষ্টি করেছিলেন আজকে আমরা দেখলাম কলকাতা সহরের নানা রকম সমস্যা আছে, এই জনবহুল সহরের মাঝখানে দেখা গেছে কত রকম সমস্যা, ড্রেণের সমস্যা, থাকার সমস্যা, জায়গার সমস্যা জলের সমস্যা, সেই সব সমস্যা নিয়ে কলকাতার সহরবাসীরা আজকে সমস্যা সঙ্কুল দেশে বাস করছে এবং কেমন করে সেই সমস্যা থেকে তারা উদ্ধার পাবে সেই চিন্তা করে। সেই সময় সি. এম. পি. ও.-র টাকা তারা দিতে চাচ্ছেন না যেখানে ড্রেনের কথা আছে যেখানে কলকাতা সহরে একটু বৃষ্টি হবার পর কলকাতার রাস্তায় মানুষ চলতে পারে না যেখানে কলকাতা সহরের সমস্ত রাস্তায় জল হয়ে যায় ট্রাম বাস বন্ধ হয়ে যায় সমস্ত কর্ম বন্ধ হয়ে যায় এবং লোকে অফিস যেতে পারে না ছেলেপিলেরা স্কুলে যেতে পারে না, রাস্তাঘাটে গাড়ীঘোড়া চলে না সেই কলকাতার ড্রেণেজ স্কীম এই প্ল্যানিং-এর মধ্যে আছে এবং দেখা গেছে যে এই সি. এম. পি. ও.-তে সার্কুলার রেলের কথা আছে, যখন যাত্রীরা রাস্তা দিয়ে যায় তখন দেখা যায় বাসে ট্রামে ঝুলতে ঝুলতে লোকে যায়—সেই বাসে ট্রামে যে নাগরিকরা যাবে তাদের নানা অসুবিধার মধ্যে দিয়ে যেতে হয়—সেই অসুবিধা দূর করার জন্য এই স্কীমের মধ্যে লেখা আছে যে সার্কুলার রেল হবে। আজকে এই সমস্ত পরিকল্পনা নিয়ে সরকার এগিয়ে চলেছেন—আজকে দেশবাসী কলকাতার অধিবাসীরা, নাগরিকরা সি. এম. পি. ও. স্কীমেকে অভিনন্দন জানাচ্ছে—তারা এই যে সমস্যা সঙ্কুল দেশে বাস করছে, কেমন করে তা থেকে তারা উদ্ধার পাবে সে কথা চিন্তা করছে। আমাদের একজন ইলেকটেড রিপ্রেজেণ্টেটিভ যিনি বিধান সভায় এসেছেন যিনি নিজেকে নেতা বলে বিবেচনা করেন—শ্রীসোমনাথ লাহিড়ী তিনি কিনা বললেন যে—এটা আমেরিকান টাকায় হচ্ছে এবং এই স্কিমকে তাঁরা সমর্থন করবেন না। এবং যে টাকা বরাদ্দ হয়েছে এই হাউসের সামনে যে দাবী করা হয়েছে তাকে কেমন করে বাহত করবেন সেকথা তাঁরা আজকে ভাবছেন। আমি এই কথা বলবো কলকাতা সহরে যাঁরা বাস করেন—কলকাতার নাগরিকরা তাঁরা আজকে এই স্কীমকে অভিনন্দন জানাচ্ছেন তাঁরা বলবেন যে আমরা গ্রেটার ক্যালকাটা স্কীমর দিকে তাকিয়ে প্ল্যানিং-এর দিকে তাকিয়ে—প্ল্যানিং বডির দিকে তাকিয়ে আছি—প্ল্যান না করলে কোনকাজই হয় না। আজকে কলকাতা কর্পোরেশনের কথা যখন আমরা ভাবি যে আমরা কেমন করে করপোরেসন চালিয়ে নিয়ে গিয়েছিলাম করপোরেসনের লোকদের যতই গালিগালাজ দেওয়া হোক—করপোরেসনের কত টাকা আয় আছে? করপোরেসনের আয় অত্যন্ত কম। কিন্তু আজকে সরকার নূতন আইন করার ফলে করপোরেসনের আয় বহু বেড়ে গেছে। যেমন মোটর ভিহিকলস থেকে তারা কিছু টাকা পাবেন, সিনেমা থেকে তারা টাকা পাবেন এবং তারা নানা রকম কাজ কর্ম করতে পারবেন এবং এক কোটি টাকা সরকার দিয়েছেন—সেই সমস্ত কর্মচারীবৃন্দ তাদের মাইনে দেবার জন্য এবং বাড়াবার জন্য। এই সব কথা যখন জনসাধারণ শুনবেন যে এই তাঁদের পরিকল্পনা হয়েছে তখন তাঁরা এই স্কীমকে অভিনন্দন জানাবেন। আজকে এই হাউসের সামনে হয়তো সোমনাথবাবু বলতে পারেন যে এই স্কীম কিছু নয় আমেরিকান স্কীম কিন্তু আমি বলবো কলকাতার বাসীরা তাঁরা জানেন যে প্রকৃত পক্ষে কি হচ্ছে। আজকে করপোরেশনের ইলেকসনে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজের অধিকার দেওয়া হয়েছে—কলকাতাবাসীরা জানেন যে সরকারের বিশ্বাস আছে কলকাতাবাসীদের উপর এবং তারা জানেন যে কলকাতাবাসীরা পলেটিক্যালি কনসাস—কোন পার্টিকে ভোট দিতে হয় এবং কোন পার্টি তাঁদের কাজ করে সে পার্টিকে তাঁরা মন থেকে ভুলে যান না, তাই জন্য আজকে ৪৮টি মিউনিসিপ্যালিটিতে যে ইলেকসন হয়ে গেছে আরবেন এরিয়ায় সেখানে দেখা গেছে ৩৮টিতে কংগ্রেস জিতে চলে এসেছে। তাই জন্য আমি বলবো যে এই প্ল্যানকে আজকে লোকে অভিনন্দন জানাবেন কারণ এর মধ্যে ড্রেনেজ স্কীম আছে আর এই সমস্ত ন্যাচর‍্যাল ড্রেনগুলি যাতে ঠিকভাবে চলতে পারে তার জন্য তাঁরা নিশ্চয়ই চেষ্টা করবেন। সোমনাথবাবু একটা কথা বলেছেন—আমিও বলবো যে ওখানে আমাদের পুলটি করা দরকার। কিন্তু ঐ পুলটা আমি শুনেছি ইরিগেসন মিনিস্টারের সঙ্গে কথা বলে যে কয়েকটি পুল তৈরী হচ্ছে যাতে কলকাতার রাস্তায় ভিড় কমে এবং তার মধ্যে ঐ পুলের স্কীম আছে। আর একটা কথা বলবো যে জল হলে রাস্তার উপর যে জল জমে যাচ্ছে সেই জল যাবার জন্য ন্যাচারাল ড্রেনগুলি যেন বন্ধ করা না হয় কারণ তাহলে সাবসয়েল ওয়াটার

কোথা দিয়ে যাবে এই সাব-সয়েলে ওয়াটার যাবার চ্যানেল রাখা দরকার। এই ন্যাচর্যাল ড্রেন-গুলি যদি বন্ধ করে দিই তাহলে দেখা যাবে যে এই সাব-সয়েল যাবার কোন জায়গা নেই। আর একটা কথা সোমনাথবাবু বলেছেন আমেরিকার টাকা—তিনি কি ভিলাইয়ে দেখেন নি? যখন রাশিয়ার টাকা এসেছে তখন আমেরিকার টাকা আসবে না কেন—সব জায়গার টাকা এনে আজ ভারতবর্ষকে তথা বাংলা দেশকে উন্নত করে তুলতে হবে এবং কলকাতা সহরে যাতে মানুষ ভালভাবে বাস করতে পারে তার ব্যবস্থা করতে হবে। রাশিয়ার টাকা যদি আসতে পারে নিশ্চয়ই আমেরিকার টাকাও আসবে। এই বলে আজকে মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দ নিয়ে এসেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

(After Adjournment]

[4-30—4-40 p.m.]

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই গ্রেটার ক্যালকাটা স্কীম সম্পর্কে ২।১টি কথা বলব, সেটা আশা করি শৈলবাবু একটু খানি শুনবেন। সেটা হচ্ছে এই যে গ্রেটার ক্যালকাটা স্কীম-এ আশেপাশের যে সমস্ত এলাকা অন্তর্ভুক্ত করা হয়েছে সেই সব এলাকায় সমস্ত ডেভেলপমেণ্ট-এর কাজ একবারে বন্ধ করে দেওয়া হয়েছে। যখনই কোন দপ্তরে রাস্তাঘাট, টিউবওয়েল এই সমস্ত কিছুর জন্য যাওয়া হয় তখনই তাদের ঐ একই বক্তব্য যে গ্রেটার ক্যালকাটা স্কীম-এর মধ্যে যখন ঐ এলাকা অন্তর্ভুক্ত হয়েছে তখন আমরা আর এই সব কাজে হাত দেব না। আমার বক্তব্য শৈলবাবুর কাছে যে কলকাতার সাধারণ মানুষ তাদের জীবন যাত্রার জন্য ন্যূনতম যে সমস্ত প্রয়োজন সে সমস্ত প্রয়োজন কিছুটা পেয়েছে, সেটা আরও তাড়াতাড়ি হলে ভাল হয়। কিন্তু আজকে কলকাতার লোককে অপেক্ষা করতে বলা আর যেখানে একটা রাস্তাঘাট নেই, পথ নেই, পাইখানা নেই, যেখানে জল হলে ডুবে যায় ঘর নেই ইত্যাদি কিছু নেই সেখানকার লোককে কলকাতার লোকের মত অপেক্ষা করতে বলা সেটা বোধ হয় খব অবিবেচনার মত কাজ হবে। আমি জানি না সি. এম. পি. ও.-র এই কাজ কতদিনে আরম্ভ হবে এবং এ্যাডযাসেণ্ট এলাকা যেটা সি. এম. পি. ও.-র মধ্যে ইনক্লুডেড হয়েছে সেই সব এলাকায় কাজ কত দিনে আরম্ভ হবে। কিন্তু এই অজুহাতে সি. এম. পি. ও.-র মধ্যে এটা অন্তর্ভুক্ত করা হয়েছে, সমস্ত ডেভেলপমেণ্ট-এর কাজ বন্ধ করে দেওয়া হয়েছে যেহেতু এই এলাকায় নাকি উদ্বাস্তু থাকে। এই ব্যাপারে আমি ত্রাণমন্ত্রীর কাছে গিয়েছিলাম, তিনি তাঁর অক্ষমতা জানালেন। যে আমরা করতে পারব না। আর একদিকে সি. এম. পি. ও.-র কাজ কবে হবে জানি না। সেই জন্য এই সব এলাকায় গ্রেটার ক্যালকাটা স্কীম-এ ভাল কাজ হোক তাতে কারোর আপত্তি নেই, কিন্তু এই সমস্ত পার্শ্ব-বর্তী এলাকায় যেখানে ন্যূনতম জিনিসের প্রয়োজন সেই এলাকায় কি হবে সেটা আমাদের শৈলবাবু একটু ভেবে দেখবেন। দ্বিতীয়তঃ যেটা আমার প্রধান বক্তব্য, আমি পঞ্চায়েতী রাজ সম্বন্ধে কিছু বলব। আমি ঠিক এখন বুঝতে পারছি না যে পঞ্চায়েতী রাজটা কি করে কায়েম হল। পঞ্চায়েতে ঠিক বি. ডি. ও. থাকাকালীন অর্থাৎ এই ব্লক ডেভেলপমেণ্ট অফিসার, ইউনিয়ন বোর্ড থাকায় যে রকম কাজ হচ্ছিল এখন পঞ্চায়েতে বি. ডি. ও. আসায় ঠিক সেই রকম কাজ হচ্ছে না। আমি এখন পঞ্চায়েতী এলাকার বাসিন্দা হয়েও উন্নতি কিছু বুঝতে পারছি না। কেন না তখন তারা ঠিক যে ভাবে সমস্ত পরিকল্পনা থেকে আরম্ভ করে স্থানীয় স্বায়ত্বশাসনমূলক সংগঠন—তাদের উপর যেমন অন্য এলাকাকে নির্ভর করতে হত এখন ঠিক সেই ভাবে নির্ভর করতে হচ্ছে। একটা টিউবওয়েল করবার ক্ষমতা পঞ্চায়েতের নেই এবং আমাদের যদি সৌরেনবাবু থাকতেন তাহলে তিনি জানতেন যে গ্রামের বহু এলাকায় সাধারণ মানুষের জলকষ্ট তীব্র, বিশেষ করে উদ্বাস্তু স্কোয়াটারস কলোনী এলাকায় সেখানে ২।১টি টিউবওয়েল করবার ক্ষমতা পর্যন্ত নেই এই পঞ্চায়েতের। ঠিক আগে যে পজিসন ছিল এখনও ঠিক সেই পজিসন আছে, আর কোন চেষ্টা হয়নি। কিন্তু এঁদের তরফ থেকে রোজ

পঞ্চায়েতীরাজ, গণভোট ইত্যাদির স্বার্থে আমরা ক্ষমতা বিকেন্দ্রীকরণ করলাম এই কথা বলা হয় ক্ষমতা যে কি বিকেন্দ্রীকরণ হল, তা কিন্তু এখন বাস্তব অভিজ্ঞতা দিয়ে বিকেন্দ্রীকরণের নীতিটা ঠিক বুঝতে পারছি না এবং বিকেন্দ্রীকরণের ক্ষমতাটা যে নূতন কি হল তাও বুঝতে পারছি না। দ্বিতীয়তঃ এই পঞ্চায়েতের হাতে ঠিক ইউনিয়ন বোর্ডের হাতে যেমন ট্যাক্স কালেকসান ইত্যাদি আরও ২১টি অন্যান্য কর আদায় করার অধিকার ছিল তাই আছে। তার হাতে কোন ফাণ্ড নেই এবং সেই ফাণ্ড দিয়ে তাদের এলাকার যদি উন্নয়নের কোন কাজ করার ইচ্ছা থাকে তাহলে সে কাজ করা তাদের পক্ষে সম্ভব হবে না। কতদিন আর এই অবস্থা চলবে? আর এরই নাম যদি পঞ্চায়েতী রাজ হয় তাহলে সে পঞ্চায়েতী রাজ সম্বন্ধে জনসাধারণের যে কি ধারণা হবে সেটা ঠিক আমার জানা নেই। পঞ্চায়েতী রাজের যেটা গোড়ার কথা সেটা আমার বলবার এতদিন সুযোগ হয়নি। যাহোক, আজকে যখন বলবার সুযোগ হয়েছে তখন সে বিষয়ে একটুখানি বলতে চাই। এই পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠিত হল, বিশেষ করে সমস্ত বাংলাদেশে গণভোটের ভিত্তিতে নির্বাচন হল। সমস্ত জায়গায় অঞ্চল পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত গঠিত হল। আমার বক্তব্য হচ্ছে এই যে পঞ্চায়েতীরাজ গঠিত হয়েছে, কিন্তু সত্যিকারের যে ইলেকসন হয় সেই ইলেকসন, ফেয়ার ইলেকসন হয়নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে বহু জায়গায় যে সমস্ত ডিলিমিটেসন হয়েছে সেই ডিলিমিটেসন-এর কায়দাতে যে পার্টির কিম্বা যে দলের যে পরিমাণ প্রভাব কিম্বা ক্ষমতা ছিল আনুপাতিক ভাবে এই নির্বাচন হওয়ার মধ্য দিয়ে সেই রকম ভাবে তাদের প্রতিনিধিত্ব তারা পায়নি। তার কারণ হচ্ছে এই প্রত্যেকটি জায়গায় নির্বাচন এমন অসাধু উপায়ে করা হয়েছে এবং সেই নির্বাচনে প্রত্যেক জায়গায় ব্লক ডেভেলপমেণ্ট অফিসার, পঞ্চায়েতে অফিসাররা এমন কি অনেক জায়গায় জেলা পঞ্চায়েতের যিনি কর্তা তাঁরাও এই অসাধুতার ব্যাপারে অংশ গ্রহণ করেছেন। আমরা জানি ডিলিমিটেসন করার কতকগুলি নীতি আছে। হয় কোন রাস্তা কিম্বা কোন একটা মৌজার শেষ এই ভাবে একটা জিওগ্রাফিক্যাল ডিলিমিটেসন করার কথা ছিল। কিন্তু বহু জায়গায় ডিলিমিটেসন এমন ভাবে করা হয়েছে যে ডিলিমিটেসন বিশেষ করে কংগ্রেস দলের পক্ষে যাবে এবং সেই ভাবে ডিলিমিটেসন করা হয়েছে। আমি জানি আমার এলাকায় এমন ভাবে ডিলিমিটেসন ভোটার তালিকা করা হয়েছিল যে আমি গতবছরে **ঠিক** ডিসেম্বর সেসন-এর সময় জেল থেকে মুক্তি পেয়ে এসে এখানে একটি কলিং এ্যাটেনসন নোটিশ দিই। তারপরে ইলেকসন ৬ মাস হেল্ডআপ হয়ে যায়। কিন্তু তা সত্ত্বেও ত্রুটী এবং গলদ করে রাখা হয়েছিল এবং কতকগুলি কথা বারবার বলা সত্ত্বেও সেই সব জিনিসের কোন প্রতিকার হল না এবং প্রত্যেকটি জায়গায় এই ভাবে ডিলিমিটেসন করা হয়েছে। তৃতীয়তঃ উনি বারবার বলে থাকেন বিধান সভার নির্বাচিত যে ভোটার তালিকা সেই তালিকার ভিত্তিতেই নির্বাচন হয়েছে। সুতরাং কারচুপি করা... নেই, এর মধ্যে কারচুপি করার কোন প্রশ্নই আসে না। কিন্তু আমি এই কথা বলব যে এর মধ্যে সাংঘাতিকভাবে কারচুপি হয়েছে। প্রথমতঃ বিধান সভার ভোটার তালিকায় যে সমস্ত ব্যক্তির বা ভোটারের নাম ছিল তালিকা যখন হয় তখন এইরকম বহু লোকের নাম বাদ দেওয়া হয়েছে। অনেক চেষ্টা করে কোন কোন জায়গায় হয়ত যে সমস্ত লোকের নাম বাদ দেওয়া হয়েছে তাদের কতকগুলিকে আবার ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। সব চেয়ে মজার হচ্ছে এই ডিলিমিটেসন-এর কায়দাতে ভোটার তালিকা এমনভাবে করা হল সব জায়গার জনসংখ্যা অনুপাতে আসন খানিকটা নির্দিষ্ট ছিল, কিন্তু দেখা গেল যে বহু জায়গায় যারা অন্য এলাকার ভোটার তাদের এমন একটি এলাকার ভোটার হিসাবে তালিকাভুক্ত করা হল যে সেই এলাকার বাসিন্দা হচ্ছে ৩ জন আর বাহিরের ভোটার হল ৫২ জন।

[4-40—4-50 p.m.]

আর বাইরে থেকে ভোটার হল ৫২ জন। এই ৫২ আর ৩ মিলে ৫৫ করে সেখানে ন্যূনতম আসন দেওয়া হল। আমি নিজে প্রমাণ করে দিতে পারব বহু জায়গায় এই রকম করা হয়েছে। যেখানে ওঁরা মনে করেছেন যে বামপন্থী দল সংখ্যাগরিষ্ঠ হবে এবং জিতবেই সেখানে তাঁরা এই রকমভাবে অন্য এলাকার ভোটার এনে আর একটা এলাকায় তালিকাভুক্ত করে

নির্বাচনে জিতেছে। আমি এই অভিযোগ করব যে প্রতিটি জায়গায় কংগ্রেসের বড় বড় নেতাদের এবং কর্মীদের চাপে পড়ে ব্লক ডেভেলপমেণ্ট অফিসাররা ভোটার তালিকা এঁদের মত অনুযায়ী করেছে। তা না হলে আমরা দেখতাম বাংলাদেশে যত পঞ্চায়েত নির্বাচন হল সেই নির্বাচনে যে সমস্ত প্রতিনিধিদের নির্বাচিত হবার কথা সেই সব প্রতিনিধি নির্বাচিত হত. এদের অনেক প্রতিনিধি নির্বাচিত হতে পারতেন না, অন্ততঃ আমার—এলাকায় যেভাবে ভোটার তালিকা করা হয়েছে তার ভেতর দিয়ে আমার এই অভিজ্ঞতা হয়েছে। ওঁরা হয়ত বলতে পারেন আমাদের বি. ডি. ও.-রা প্রত্যেকটি জায়গায় গ্রামবাসীদের মতামত নিয়ে ইলেকশান করেছে, পোলিং বুথ করেছে, ভোটার তালিকা করছে এবং ডিলিমিটেশান করেছে। এ যদি তাঁরা বলেন তাহলে তার জবাবে আমি এই কথা বলব [illegible] -এর [illegible] জনমত না এবং কংগ্রেসের কর্মীরা চুপিচুপি বি. ডি. ও.-র সঙ্গে [illegible] ডিলিমিটেশান-এর সমস্ত ব্যবস্থা করেছে। দ্বিতীয় হচ্ছে পোলিং বুথ সম্বন্ধে। পোলিং বুথ যে [illegible] সেই সমস্ত এলাকায় না [illegible] করে ভোটার [illegible] অসুবিধা হয়, ভোটদাতা যাতে পোলিং বুথে না যায় সেজন্য দূরে দূরে পোলিং বুথ [illegible] বিশেষ করে যেখানে [illegible]পন্থী প্রার্থীদের নির্বাচিত হয়ে যাবার সম্ভাবনা [illegible] এই যে সমস্ত কারচুপি—ভোটার তালিকা প্রণয়ন, ডিলিমিটেশান ইত্যাদির যে ব্যবস্থা হয়েছে এবং যেভাবে [illegible] হয়েছে তাতে এই সমস্ত জিনিস করার ব্যাপারে কংগ্রেসের অদৃশ্য হস্ত পিছন থেকে কাজ করেছে, যার জন্য সমস্ত জায়গায় এইভাবে নির্বাচন হয়েছে। সুতরাং পঞ্চায়েত রাজের যে কথাই তাঁরা বলুন, গণভোটের যে কথাই বলুন, গণভোট কিভাবে হয়েছে, কি ভাবে এরা পঞ্চায়েতে নির্বাচিত হয়ে এসেছে তা আর বলার দরকার নেই। জেলা পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েত-এর ফাংসান সম্বন্ধে বলতে গিয়ে আমি ২৪-পরগণা জেলা পরিষদের কথা বলব। আমাদের জেলা পরিষদের সভাপতি এই হাউসে আছেন। ২৪-পরগণা জেলা পরিষদে ৭ জন এম. এল. এ. বিরোধী দলের মধ্য থেকে আছেন, তার মধ্যে বিভিন্ন যে কমিটি সেই কমিটিতে মাত্র ৭ জনের মধ্যে ১ জনকে নেওয়া হয়েছে এবং সেই একজন হচ্ছে আমি নিজে। (এ ভয়েস: দু'জন) তিনি এম. এল. এ. নন, তিনি এম. পি.। এই নিয়ে যখন তাঁদের সঙ্গে আলোচনা করেছিলাম তখন তাঁরা বললেন যে আমরা যথেষ্ট উদারতা দেখিয়েছি অন্যান্য জেলায় আপনাদের একজনকেও নেয়নি, তবুও আমরা এখানে একজনকে নিয়েছি। তারপর জেলা পরিষদ যেভাবে ফাংকসান করছে সে এক অদ্ভুত ব্যাপার। জেলা পরিষদের কোন একটা মিটিং-এ গিয়ে আমরা দেখলাম—আমরা সমস্ত ক্ষমতা সভাপতি এবং সহ-সভাপতির হাতে দিয়ে দিলাম এবং কতকগুলি স্ট্যাণ্ডিং কমিটি হয়, তার ফিগার ঠিক [illegible] সেই সব স্ট্যাণ্ডিং কমিটিতে নেওয়া হল কিন্তু সেই স্ট্যাণ্ডিং কমিটিতে [illegible] বিরোধী দলের একজনকেও দেখলাম না। তারপর দেখলাম যে কংগ্রেসের [illegible] চলে এল কোথা থেকে চলে এল জানি না সেই সমস্ত [illegible] নিয়ে স্ট্যাণ্ডিং কমিটি করা হল। এখন মোটামুটি জেলা পরিষদের পজিসান [illegible] ওরা যে প্রস্তাব করবেন সেই প্রস্তাবের পক্ষে হাত তুলে ভোট দেওয়া ছাড়া [illegible] কোন ফাংকশান তাদের নেই। ওদের দলের শীর্ষস্থানীয় চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ছাড়া [illegible] কারো কোন ফাংশান রইল না। আমি জানি না ওরা এত সংসদীয় গণতন্ত্রে ভক্ত হয়েও সমস্ত জেলা পরিষদের সভ্যদের যে উদ্যোগ এবং কর্মক্ষমতা কিভাবে নষ্ট করলেন এটা ওদের ফাংকশান দেখে বোঝা যায়। এটা একপক্ষে ভাল। কারণ, জেলা পরিষদের হাতে এখন যথেষ্ট ক্ষমতা নেই, টাকা নেই, অঞ্চলের হাতে টাকা নেই, এইসব টাকা নেই বলে কোন কাজ হবে না। যদি এদের হাতে আরো বেশী ক্ষমতা দেওয়া [illegible] তাহলে [illegible] যে কি করতেন, গণতান্ত্রিক চেতনা বোধ যে কতখানি বাড়বে সে সম্বন্ধে যথেষ্ট সন্দেহ [illegible] আছে।

আমি আগেই বলেছি যে সেখানে আমাদের বিরোধীদের কাউকে নেননি। দ্বিতীয় হচ্ছে জেলা পরিষদের একটা মিটিং-এ আমি গিয়েছিলাম, পরে আর মিটিং-এ যাইনি, এইসব দেখে যাবার আর উৎসাহ হয়নি। অবশ্য মিনিট পেয়েছিলাম, মিনিট পেয়ে দেখলাম জেলা পরিষদের যে অল্প টাকা আছে সেই টাকার যে বিলি ব্যবস্থা তা স্ট্যাণ্ডিং কমিটির ইলেকশানের মত। স্ট্যাণ্ডিং কমিটিতে যেমন ওদের দলভুক্ত লোকদের নিয়েছেন তেমনি ওরা এই সমস্ত টাকার

বিলি ব্যবস্থা করেছেন যে অমুক স্কুলে গ্র্যাণ্ট দেওয়া হবে, অমুক জায়গার অমুক রাস্তার মেরামত করা হবে। আমি হিসাব করে তালিকায় দেখলাম যে বিরোধী সদস্য যেসব এলাকা থেকে নির্বাচিত হয়েছেন তার কোন একটা থানাতে ওরা কোন একটা স্কীমে হাত দেন নি। চমৎকার জেলা পরিষদ—সকলের প্রতিনিধিত্ব করবেন। তারা সমস্ত জেলার স্বার্থ দেখবেন। চক্ষু লজ্জার মাথা খেয়ে ওরা যে টাকা এ্যালট করা হয় সেই এ্যালটমেণ্টের টাকা কংগ্রেসী সভ্য যেসব জায়গা থেকে বিধান সভায় নির্বাচিত হয়েছেন সেইসব জায়গায় খরচ করেন। সেজন্য আমি বলি আপনারা পঞ্চায়েত রাজ করে কি করলেন তাও জানি না, গণভোট করে কি করলেন তাও জানি না। সুতরাং স্ট্যাণ্ডিং কমিটিগুলি জেলা পরিষদে ফাংকসান করছে যেভাবে তাতে সেই ফাংকসান আপনাদের পঞ্চায়েত রাজের সঙ্গে কোন দিন সামঞ্জস্যপূর্ণ হয়নি, সঙ্গতিপূর্ণ হয়নি।

Shri Apurba Lal Majumdar:

মি: স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে প্রথমেই হাওড়া মিউনিসিপ্যালিটিতে কিভাবে আত্মীয়স্বজন এবং দলীয় লোকের স্বার্থে স্ট্যাটুটরি রুলস এণ্ড রেগুলেসান্স কিভাবে প্রতিদিন অত্যন্ত নিকৃষ্টভাবে পদদলিত করে দলের লোককে নিয়োগ করা হয়েছে তার কতকগুলি দৃষ্টান্ত তুলে ধরতে চাই। প্রথমে আমি শ্রীশৈল কুমার মুখার্জীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের হাওড়া মিউনিসিপ্যালিটির সেক্রেটারীর পোস্ট নিয়ে কি ধরণের কারবার সেখানে চলছে। মাননীয় স্পীকার মহাশয়, শ্রীশৈল কুমার মুখার্জী যখন হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন সেই সময় তিনি কোন পোস্টের কতটুকু মিনিমাম কোয়ালিফিকেশান হবে সে সম্পর্কে প্রস্তাব গ্রহণ করে তা নির্দিষ্ট করে দিয়ে ছিলেন। আমার কাছে সেই সময়কার চেয়ারম্যানস নোটের এবং সেই রেজলিউসানের কপি আছে। তাতে দেখা যায় সেক্রেটারী পোস্টের মিনিমাম কোয়ালিফিকেসান মাস্ট বি ল' গ্র্যাজুয়েট উইথ এক্সপিরিয়ান্স এবং এই পদটা পূরণ করার জন্য কাগজে এ্যাডভার্টাইজমেণ্ট দেওয়া হল—আনন্দবাজার এবং অন্যান্য কাগজে এ্যাডভাটাইজমেণ্ট দেওয়া হল। ৩৬ জন লোক দরখাস্ত পেশ করলেন, তার মধ্যে ২ জন ল' গ্র্যাজুয়েটস হ্যাভিং সাফিসিয়েণ্ট এক্সপিরিয়েন্স ইন ডিফারেণ্ট অফিসেস। কিন্তু দুঃখের সঙ্গে বলতে চাই যে তাঁদের কাউকে নিয়োগ না করে তখনকার বর্তমান যিনি চেয়ারম্যান, যিনি শৈলবাবুর ভাইপো, তিনি ঠিক করলেন চেয়ারম্যানের যে পি. এ., যিনি অর্ডিনারি ম্যাট্রিকুলেট, তাঁকে সেখানে সেক্রেটারী পোস্টে নিয়োগ করলেন। মাননীয় স্পীকার মহাশয়, শৈলবাবু যখন চেয়ারম্যান ছিলেন সেই সময় তিনি তাঁর নোটে বলেছেন যে

qualification must be laid down so that no executive or any person in future can violate that principle.

[4-50—5 p. m.]

এবং সেই হিসেবে তিনি যে চার্ট করে দিলেন তাতে লেখা আছে ল' গ্র্যাজুয়েট উইথ এক্সপেরিয়ান্স অব এ্যাডমিনিস্ট্রেসন অফ এ বিগ অফিস। আনন্দবাজার কাগজে যে এ্যাডভার্টাইজমেণ্ট হয়েছে তাতে লেখা আছে প্রার্থীকে অবশ্যই ল' গ্র্যাজুয়েট হইতে হইবে এতে ৯০ জনের মত দরখাস্ত করেছিলেন এ্যাডভোকেটস হ্যাভিং সাফিসিয়াণ্ট এক্সপেরিয়ান্স। কিন্তু এসব থাকা সত্ত্বেও যিনি বর্তমানে পি. এ.-র কাজ করছেন, যিনি একজন অর্ডিন্যারি ম্যাট্রিকুলেট তাঁকেই সেক্রেটারীর পোস্ট-এ নিয়োগ করা হোল এবং তিনি কনফার্মড হলেন—ভাওলেটিং দি স্ট্যাটুটরি প্রভিসন্স অফ ল'। মাননীয় স্পীকার মহাশয়, হাওড়া মিউনিসিপ্যালিটির কাজকর্ম আজকাল যেভাবে চলছে তাতে বলতে হয় শৈলবাবু এবং আমাদের অন্যতম এডুকেসন মিনিস্টার রবীন্দ্র সিংহ-র অশুভ ছায়া পেছন থেকে কলকাঠি নাড়ায় বর্তমান চেয়ারম্যান শৈলবাবুর আত্মীয় শ্রীনির্মল মুখার্জী এই ভাবে দিনের পর দিন নাগরিক জীবন দুর্বিসহ করে তুলেছেন। তাঁর প্রস্তাব অনুসারে ঐ ভদ্রলোক সেই পোস্ট-এ যেতে পারে না কারণ সে ম্যাট্রিকুলেট—সেখানে দরকার মিনিমাম ল' গ্র্যাজুয়েট। কিন্তু এগুলি ভাওলেট করবার সাহস তিনি রাখেন কারণ তাঁর পেছনে রয়েছেন শৈলবাবু। শুধু তাই নয়, সেই কনফার্মেশন

নিয়ে গভর্নমেন্ট-এর কাছে তাদের এ্যাপ্রুভালের জন্য পাঠিয়েছে এবং বলেছে যে, তাঁকে কনফার্ম করা হোক। অবশ্য গভর্নমেন্ট সেটাকে কনফার্ম না করে রিকনডিস্রসন-এর জন্য ফেরৎ পাঠিয়েছে কিন্তু মিউনিসিপ্যালিটি আবার সেটাকে রিকোয়েস্ট করে গভর্নমেন্টের কাছে পাঠিয়েছে এবং শৈলবাবু ও রবীন্দ্রলাল সিংহ মহাশয় এটা যাতে কনফার্ম করে দেয় তার জন্য গভর্নমেন্ট-এর উপর প্রেসার দিচ্ছে, ব্যক্তিগত ইনফুয়েন্স খাটাতে চেষ্টা করছে। মাননীয় স্পীকার মহাশয়, এবারে আমি আপনার কাছে এ্যাসেসর এবং ডেপুটি এ্যাসেসর সম্বন্ধে কিছু বলতে চাই। শৈলবাবু যখন চেয়ারম্যান ছিলেন তখন তিনি ডেপুটি এ্যাসেসর এবং এ্যাসেসরদের মিনিমাম কোয়ালিফিকেসন বেঁধে দিয়েছিলেন, মাস্ট বি. বি. ই.—অর্থাৎ ব্যাচিলর অব ইঞ্জিনিয়ারিং উইথ নলেজ অব ভ্যালুয়েসন অব প্রপারটিস। কিন্তু তাঁদের দলীয় স্বার্থ পুষ্ট করবার জন্য সেখানে এমন লোককে নিয়ে আসা হোল যাঁর সেই মিনিমাম কোয়ালিফিকেসন নেই। তারপর, অচলেন্দু সরকার হচ্ছে এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার। আগে তিনি সার্ভে সুপারিণ্টেণ্ডেণ্ট ছিলেন এবং সেই সার্ভে সুপারিণ্টেণ্ডেণ্ট-এর পোস্ট থেকে প্রমোসন দিয়ে তাঁকে এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার করা হোল। এই ভদ্রলোককে যে এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার করা হোল তাতে আমি শৈলবাবুকে জিজ্ঞাসা করছি এই রিজলিউসন তিনি নিয়েছিলেন কিনা যে, মিনিমাম কোয়ালিফিকেসন মাস্ট বি. বি. ই. স্যাট লিস্ট? কিন্তু এই এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ারের কোয়ালিফিকেসন হোল ওনলি ম্যাট্রিকুলেট। তিনি একটি সাব ওভারসিয়ার-এর সার্টিফিকেট জোগাড় করেছেন এবং তাঁকে এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার করে দেওয়া হোল। শুধু তাই নয়, তিনি আবার তাঁর জায়গায় এবং আর একটি পোস্ট হোল্ড করবেন। অর্থাৎ তিনি এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার-এর পোস্ট-এ থাকবেন এবং আর একটি যে পোস্ট হোল্ড করতেন, সার্ভে সুপারিণ্টেণ্ডেণ্ট সেই পোস্ট-এর জন্য অতিরিক্ত ৭৫ টাকা দিয়ে তাঁকে রাখা হোল। অথচ তাঁর মিনিমাম কোয়ালিফিকেসন ফর দি পোস্ট যা থাকা দরকার তা নেই। শুধু তাই নয়, এই ভদ্রলোককে এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার করার সময় তিনি যে সিনিয়র লোককে ডিঙ্গিয়ে গিয়ে এ্যাসিস্ট্যাণ্ট ইঞ্জিনিয়ার হলেন তিনি তখন বায়না ধরলেন আমার কি হবে? তখন একটা নূতন পোস্ট ক্রিয়েট করা হোল এবং তাঁকে ওয়াটার ওয়ার্কস সুপারিণ্টেণ্ডেণ্ট করা হোল। অর্থাৎ যে পোস্ট সেখানে ছিল না সেই পোস্ট একটি সৃষ্টি করা হোল। তারপর স্যার, যেখানে মিনিমাম কোয়ালিফিকেসান ল' গ্র্যাজুয়েট হওয়া দরকার সেখানে যাতে ম্যাট্রিকুলেটকে পরে সেক্রেটারী করা যায় সেই জন্য তখনকার মত সাময়িকভাবে এ্যাসিস্ট্যাণ্ট সেক্রেটারীর পোস্ট ক্রিয়েট করা হোল এবং শৈলবাবু একটা লম্বা সার্টিফিকেট দিয়ে বললেন যে, তাঁর মত লোক আর হয় না এবং রবীনবাবু সার্টিফিকেট দিয়ে বললেন যে, যদিও তিনি ম্যাট্রিকুলেট, কিন্তু অনেক আইনজ্ঞের চেয়ে তাঁর বেশী জ্ঞান আছে। অর্থাৎ তিনি বলতে চান যে, অনেক লইয়ার, এ্যাডভোকেটের চেয়ে তাঁর বেশী জ্ঞান আছে। স্যার, সেই সার্টিফিকেটের কপি আমার কাছে আছে এবং আমরা দেখছি সেই সার্টিফিকেটের বলে তাঁদের দলীয় স্বার্থের লোক এ্যাডমিনিস্ট্রেসন চালাচ্ছে এবং তার ফলে সেখানকার এ্যাডমিনিস্ট্রেসন রসাতলে যেতে বাধ্য। তারপর দেখা গেল অংশু বসু-র নেসেসারি কোয়ালিফিকেসন না থাকা সত্ত্বেও হঠাৎ তাকে প্রমোশন দেওয়া হোল এবং তারপরই দেখা গেল তারই আমলে ওয়াটার মিটারগুলো চুরী হয়ে গেছে। ডেপুটি ইঞ্জিনিয়ার, যিনি এটা ধরলেন, ধরে তার বিরুদ্ধে ফাইল স্টার্ট করলেন। কিন্তু তখন কি করা যায়? শৈলবাবু রেসকিউতে এলেন, যখন দেখা গেল প্রোসিডিংস স্টার্ট হয়ে গেছে, এর ফাইল স্টার্ট হয়ে গেছে, তখন সঙ্গে সঙ্গে সেই ডিপার্টমেণ্ট থেকে তাকে সরিয়ে সার্ভে ডিপার্টমেণ্ট-এ নিয়ে গেলেন, তাতে অতিরিক্ত মাইনেও দিলেন কিছু। সেই ফাইল নম্বর আমার কাছে আছে, আমি বলে দিচ্ছি ফাইল নম্বর হল ই-১১১।৫৬।৫৭/৫৮, এই ফাইল চাপা দেওয়া আছে বর্তমানে। কিন্তু ৪০ হাজার টাকার সেই মিটারগুলি আজও খুঁজে পাওয়া গেল না এবং জল চুরি হল। হাওড়া মিউনিসিপ্যালিটিতে মিটার সিস্টেমে জল সাপ্লাই দেওয়া হয়। সেই মিটারগুলি যখন পাওয়া গেল না—সেই চুরির অপরাধে ফাইল যখন তার বিরুদ্ধে স্টার্ট করল তখন তাকে সরিয়ে আনা হল আর এক ডিপার্টমেণ্ট-এ। মাইনেও এ সঙ্গে কিছু বাড়িয়ে দেওয়া হল।

তারপর আরেক রঞ্জিত মুখার্জী। তার বিরুদ্ধে কিছু বলা চলে না কেন না তিনি সেক্রেটারীর ভাই। সেক্রেটারীর কোয়ালিফিকেশন মেট্রিকুলেশন কিন্তু তাঁর ভাইয়ের কোন কোয়ালিফিকেশন দরকার নাই। এবং করলেন কি? তিনি ছিলেন পাম্প ড্রাইভার সেখান থেকে ওয়ার্ক সরকার তারপর সাব-ওভারসিয়ার হয়ে গেলেন, মিনিমাম কোয়ালিফিকেশন যা দরকার, তাও নাই, একাডেমিক কোয়ালিফিকেশন তো নেইই এমন কি টেকনিক্যাল কোয়ালিফিকেশনও নাই। তিনি পাম্প ড্রাইভার থেকে সাব-ওভারসিয়ার পর্যন্ত উঠে গেলেন যেহেতু তিনি তাঁর নিজস্ব লোক।

তারপর বলাই চাটুজ্যে, তাঁর সম্বন্ধে কিছু না বলাই ভাল কারণ তিনি হচ্ছে অতুল ঘোষ মহাশয়ের পুরোহিত ফ্যামিলির লোক। তিনি গর্ব করে বেড়ান, আমি অতুল্যবাবুর পুরোহিত ফ্যামিলির লোক। আমার গায়ে হাত কে দেয়? তিনি প্র্যাকটিক্যালি ইংরেজী লিখতে পড়তে পারেন না, কি করা যায়, তাকে তো একটা উপরের পোস্ট-এ নিতে হবে। নূতন মেশিন এলো এবং তাকে ওভারটাইম দেওয়া হল পর পর দুবছর কনটিনিউয়াসলি এবং তাকে ... মেশিন-এ বসিয়ে দেওয়া হল। তার এই দুবছর ওভারটাইম-এর জন্য যারা এখন হিসাব নিকাশ দেখছেন কোয়েশ্চন করেছেন—তাকে দু'বছর কেন কনটিনিউয়াসলী ওভারটাইম দেওয়া হল তাকেই এখন ড্রামা অপারেটর হিসাবে সেকেণ্ড গ্রেড ক্লার্ক হিসাবে প্রোমোশন-এর ব্যবস্থা হয়েছে যদিও তিনি ভাল করে লিখতে পড়তে পর্যন্ত জানেন না তারই জন্য এই ব্যবস্থা হয়েছে তাছাড়া মিউনিসিপ্যালিটির মধ্যে দুর্নীতি যে কত রকমে বাসা বেঁধেছে এদের ব্যক্তিগত জীবনের কতকগুলি লোককে পোষণ করার জন্য পাবলিক-এর অর্থ কিভাবে অপব্যয় করতে পারে তারই আর একটি দৃষ্টান্ত দিচ্ছি। যেমন সেখানে ড্রেণ পরিষ্কার করার জন্য যারা সুইপার-এর ধরণের লোককে নিয়োগ করা হয়। উনি করলেন কি? কিছু কংগ্রেসের লোক যাদের দিয়ে বিভিন্ন সময়ে অপকর্ম করান হয়, শৈলবাবুর এবং মণীবাবুর কিছু লোককে অ্যাপয়েণ্ট করলেন এ্যাজ ড্রেণ মজদুর, তারা ভদ্রলোকের ছেলে, পুরো নাম দেওয়া হল না, গোপাল নিতাই বলে লেখা হল, কেন না সুইপারদের কোন টাইটেল থাকে না এবং তাদের যাতে বুঝতে না পারে কোন শ্রেণীর লোক সেজন্য এই চীটিং করার চেষ্টা। এরা ভদ্রলোকের ছেলে, দলীয় রাজনীতি করে এবং এদেরই কথামত অকাজ কুকাজ করে। সেজন্য শুধু ঐভাবে নাম দিয়ে প্রত্যেকটি ওয়ার্ড-এ কিছু লোক প্রোভাইড করলেন, এরা কোন ড্রেণ পরিষ্কার করে না এবং তাঁদের নিজস্ব লোক। এরা যখন মাইনে নিতে আসে যেহেতু সুইপার শ্রেণীর লোক নাম সই করে না এবং টাইটেল এদের নামে থাকে না সুইপারদের মতই টিপসই দিয়ে টাকা নেয়। এর চেয়ে লোক ঠকানোর আর কোন নিকৃষ্ট উপায় আছে কিনা জানি না, ভাবলেও অবাক লাগে।

[5—5-10 p.m.]

এইভাবে হাওড়া মিউনিসিপ্যালিটিতে দেখা যায় এক ভদ্রলোক যারা সরকারের ... দৃষ্টি ... তাঁর কি রকম অবস্থা হয় দেখুন। বাবিদ ভট্টাচার্য বলে এক ভদ্রলোক ১৯৬... সালের ... মাসের ছুটি নিয়েছিলেন তারপর যখন জয়েন করতে এলেন তখন তাঁকে আর জয়েন করতে দেওয়া হল না এবং ২ বৎসর হতে চললো তাকে জয়েন করতে দেওয়া হচ্ছে না। কিন্তু তার চাকরী আছে কি নেই তা এখনও পর্যন্ত বলা যায় না। তারপর হাওড়া মিউনিসিপ্যালিটিতে হাওড়া ট্রেডিং এণ্ড কোম্পানীর যে সমস্ত বাড়ীগুলি আছে তাঁদের কাছে ২ লক্ষ টাকার মত পাওনা আছে মিউনিসিপ্যালিটির। ঐ ২ লক্ষ টাকা পাওনা থাকা সত্ত্বেও সে টাকা আদায় করার কোন চেষ্টা মিউনিসিপ্যালিটি থেকে করা হয়েছে? সুরজমল নাগরমল এর মালিক কিন্তু তার কাছে যদি দাসখত লিখে দিয়ে থাকেন ২ লক্ষ টাকা পাওনা থাকা সত্ত্বেও মিউনিসিপ্যালিটি সেখানে চুপ। সেখানে আণ্ডার ভেলুয়েশন, লেট এ্যাসেসমেণ্ট কেসগুলো কনভার্ট অফ রেভিউ কেসেস, নন্ এ্যাসেসমেণ্ট ইত্যাদি হয়। যেমন এখানে যে সমস্ত রেলওয়ে প্রপার্টি, পোর্ট কমিশনার্সের নূতন বিল্ডিং, সুরজমল নাগরমলের বাড়ী, ইত্যাদি ওদের ক্ষেত্রে কোন সময় এ্যাসেসমেণ্টের ক্ষেত্রে ঠিক ভাবে হাওড়া মিউনিসিপ্যালিটি করছে না। সালকিয়া ট্রান্সপোর্ট এজেন্সী আমাদের ওখানে একটা ট্রান্সপোর্ট এজেন্সী আছে। এই ট্রান্সপোর্ট এজেন্সী প্রতি বৎসর প্রচুর টাকা মুনাফা করে। এখানে দেখলাম ১২ শত টাকা এই ট্রান্সপোর্ট

এজেন্সীর মকুব করে দেওয়া হল যেখানে সাধারণ গরীব মধ্যবিত্ত শ্রমিক লোকেরা ১ পয়সাও রেমিশন পান না সেখানে ঐ রকম ব্যাপার ঘটছে। আপনার মাধ্যমে তাঁদের কাছে জিজ্ঞাসা করছি হাওড়া মিউনিসিপ্যালিটিকে যে পর্য্যায়ে আপনারা টেনে নামিয়েছেন তাতে এ্যাডমিনিস্ট্রেসন-এর—ক্ষেত্রে প্রশাসনিক ব্যবস্থাকে যেভাবে কলঙ্কিত করেছেন এবং বিভিন্ন দলীয় স্বার্থে এবং নিজেদের আত্মীয়স্বজন পোষার নাম করে মিনিমাম ষ্টাটুটরি রুলস-এ যে প্রভিসন আছে মিনিমাম কোয়ালিফিকেশানের সে সবও আপনারা মানছেন না। এভাবে স্বৈরাচারী শাসন ব্যবস্থা আপনি এবং আপনার অন্যতম বন্ধু বরীন্দ্র নাথ সিংহ মহাশয় একটা কোটারী ফর্ম করে চালিয়ে যাচ্ছেন। নির্মলবাবু একজন ভাল লোক, তাঁর কিছু করবার উপায় নেই। তাঁকে যে ভাবে নাচান সেভাবে নাচেন, হাওড়া পৌরজীবনকে যেভাবে তৈরী করছেন এবং যেভাবে কলঙ্কিত করছেন তার তুলনা কোন মিউনিসিপ্যালিটির ইতিহাসে পাওয়া যাবে না। এর পর আমি সি. এম পি. ও.-র ব্যাপারে কয়েকটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। সল্ট লেক রিক্লামেশন সম্বন্ধে যে ফার্মকে ল্যাণ্ড রিক্লামেশান করার জন্য কনট্রাক্ট দেওয়া হয়েছে সেই ইনভেস্ট ইমপোর্টে যে ফার্ম সে সম্বন্ধে কিছু বলতে চাই। এই ফার্মের সঙ্গে আমাদের ২০ কোটি টাকার একটা চুক্তি আছে ৩.১৫ কোটি মিটার এবং সারকুলার ক্যানেলটা এরা ভরাট করে দিয়ে যাবে। এখন এই কোম্পানী কি ভাবে কাজ করছে এবং একাট্রা প্রফিট করছে সেটার দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কোম্পানীর যা ষ্টাফ বর্তমানে মেনটেন করছে তাতে ১ লক্ষ টাকা বছরে স্যালারি পে করতে হচ্ছে এবং হিসাব করে দেখেছি যে ১০ বৎসরের যে কনট্রাক্ট তারা তা ৭ বৎসরের মধ্যে ফিনিশ করে ফেলবে।

Shri Saila Kumar Mukherjee: Sir, I may point out that I cannot give my reply to this. This was included in yesterday's budget and debated yesterday.

Mr. Speaker:

আপনি যা রেলেভেন্ট তাই বলুন।

Shri Apurba Lal Majumdar:

এটার ষ্ট্রেটার ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট স্কীম-এর সঙ্গে জড়িত বলে বলছি। আপনি জিনিষটা দেখুন যে ২০ কোটি টাকা তাদের ইয়ারলী প্রফিট হবে বা ৭০ লক্ষ যা খরচ হবে হিসাব করে দেখা যায় যে ৩ কোটি ৭৫০ লক্ষ টাকা তাদের খরচ হয় তাহলে প্রফিট-এর এ্যামাউণ্ট হয় ১৬ কোটি টাকা। এবং এই যে তারা প্রফিট করছে এটা কি হিসাবে আসছে না। সে সমস্ত জাহাজ তার গার্ড হিসাবে যে লোক বা পার্সোনেল এ্যাপয়েণ্ট করার প্রশ্ন ছিল সেখানে পার্সোনেল এ্যাপয়েণ্ট করেন নি। যেমন দেখছি ইনল্যাণ্ড স্টীম ভেসেল এ্যাক্ট অব ১৯১৭ অনুসারে যতগুলি লোককে সেখানে এমপ্লয় করা উচিত যেমন ৫টা বার্জ আছে সেখানে প্রতি বার্জে এ্যাপয়েণ্ট এর সার্ভে অনুসারে গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া ইনল্যাণ্ড ভেসেল এ্যাক্ট অনুসারে আমরা দেখছি নিয়োগ করা উচিত ছিল প্রত্যেকটা বার্জে ৬৫ জনকে এবং ৫টা যে বার্জ আছে তাতে একটি টু ইনল্যাণ্ড ভেসেল এ্যাক্ট ১০৫ জন লোককে নিয়োগ করা উচিত সেখানে নিয়োগ করা হয়েছে মাত্র ৩০ জন। অর্থাৎ ৭৫ জন মিনিমাম রিকোয়ারমেণ্ট এ্যাকর্ডিং টু রুলস থেকে কম নিয়োগ করেছেন। অর্থাৎ মিনিমাম রিকোয়ারমেণ্ট হিসাবে যেগুলি দরকার সেগুলো করা হচ্ছে না। ড্রেজারগুলো দেখুন ২টা ড্রেজার তাদের কাজ করছেন। একটা ড্রেজার হচ্ছে পীন সেই পীনে সেখানে মোট কাজ করা উচিত ৫৪ জন পার ডে পারসিফ্ট কিন্তু সেখানে আছে মাত্র ২১ জন। আবার ড্রীম-এ সেখানে পারডে পার সিফ্ট কাজ করা উচিত ১৮ জন কিন্তু সেখানেও এ্যাকর্ডিং টু সারভে কম কাজ হচ্ছে অর্থাৎ ২৭ জন লোক কম কাজ করছে। ঠিক তেমনি পারডে জ্যাভাবনিক যেখানে কাজ করা উচিত সেখানে তার চেয়ে কম লোক কাজ করছে আবার ৪৫ জন ভাবলা-এ কাজ করা উচিত পার ডে সেখানে ৯ জন করে কম কাজ করছে, অর্থাৎ বার্জ, ড্রেজার ইত্যাদিতে যে কটা কাজ করছে তাতে ১৪১ জন কম লোক নিয়ে

কাজ চলছে অর্থাৎ ইনটেনসিভ এক্সপ্লয়টেসান অফ লেবার এ সব জায়গায় হচ্ছে এবং তা থেকে মোটা টাকা তারা প্রফিট করছে এগুলো দেখা দরকার। তারপর সেখানে পুসার বলে যারা কাজ করছে সেখানেও সংখ্যা কম। আবার আমরা দেখছি সেখানে যে সমস্ত পাইপ লাইন ছিল তিনটা পাইপ লাইনে কাজ হচ্ছে সেখানেও ব্যাঙ্ক অব ওয়ারকার্স কাজ করা দরকার সেখানে ১টা ব্যাচ নিয়ে পুরা কাজ চালান হচ্ছে এর ফলে দেখা যাচ্ছে এই ক বৎসর কাজ করার মধ্যেই সেখানে ১২ জনের টি.বি. হয়ে ছাটাই হতে বাধ্য হয়েছে। তাছাড়া যে সমস্ত ফার্স্ট ক্লাস সার্টিফিকেট টেকনিসিনানস ছিল তাদের এমপ্লয় করা হয়েছে। ফার্স্ট ক্লাস সার্টিফিকেট হোল্ডার যারা আছেন সেই সব ড্রেসার চালাবার জন্য আছেন তাদের প্রত্যেককে ছাঁটাই করা হয়েছে এবং ছাটাই করে বাইরে থেকে লোক এনে নেওয়া হয়েছে। যদিও আমাদের এগ্রিমেণ্ট ছিল তাদের দিয়ে কাজ করাতে হবে তবে তারা কোন এগ্রিমেণ্ট মানলেন না। ঠিক সে ভাবে আমরা দেখছি এখানে জাহাজ চালাবার জন্য আমাদের ইনল্যাণ্ড ভেসল এ্যাক্ট অনুসারে যে পারমিট লাইসেন্স দরকার যে এগ্রিমেণ্ট দরকার সে এগ্রিমেণ্ট কারুর নেই। মনস্থন এরিয়াতে যদি জাহাজ চালাতে হয় ইনল্যাণ্ড ভিসেলস এ্যাক্ট অনুসারে সার্টিফিকেট ছাড়া কেউ চালাতে পারে না এভাবে। মনস্থন এরিয়া সম্বন্ধে এক্সপিরিয়ান্স না থাকার জন্য বহু এক্সিডেণ্ট দিনের পর দিন হচ্ছে এবং এক্সিডেণ্ট হলে একরডিং টু ইণ্ডিয়ান ভেসোল য়্যাক্ট অনুসারে রিপোর্ট করা উচিত নিয়ারেস্ট থানায়।

[5-10—5-20 p.m.]

কিন্তু এক একটা এ্যাক্সিডেণ্টে ১৮ জন লোক মারা গেছে। তার উপর ষ্টীমার চালিযে দিয়েছে কিন্তু তা সত্বেও নিয়ারেষ্ট পুলিশ স্টেসন ইনফরমেশন লজ করেন নি—তাদের ইনফরমেশন লজ করা সত্বেও দেখা গেছে যে পুলিশ কোন এ্যাক্সন নেন নি। কাজেই এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে অন্তত একবার দেখবার চেষ্টা করুন এবং সেখানে যে বাঙ্গালী বা অন্যান্য যারা টেকনিসিয়ান আছে আমাদের এখানকার বহ ছেলে আছে তাদের সব কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হয়েছে এই ভাবে এক্সপ্লয়টেসন হচ্ছে ইনণ্ডিয়ান লেবারদের উপর। এবং যারা ফাস্ট ক্লাস সার্টিফিকেট হোল্ডারস তারা কোন কাজ পাচ্ছে না। তারা ছাটাই হয়ে যাচ্ছে। এই কথা বলে এই ব্যয় বরাদ্দের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার স্যার, আমি অমার বক্তব্য গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেণ্টে যে ব্যয় বরাদ্দ চেয়েছে আমি প্রথমে তার সম্পর্কে কিছু বলবো। এই যে ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেস এটা ১৯৬০ সালে গঠিত হয়েছে। মূখ্যত ফোর্ড ফাউণ্ডেসনের টাকা—সেই প্ল্যানকে কার্য্যকরী করার ব্যাপারে প্রাথমিক পর্য্যায়ে যে কাজগুলি আমরা দেখেছি তাতে একটা আশঙ্কা জাগে যে সময় সরকার কিছু কিছু আঁচ করছেন যে এর মধ্যে মেট্রোপলিটন স্কীমের কাজগুলি সমাপ্ত হবে হয়তো তা সম্ভব হবে না। কারণ খুব শ্লথ গতিতে সেই কাজগুলি চলছে। আমি এ সম্পর্কে বৃহত্তর কলকাতার যেটা জটিল সমস্যা সে সম্বন্ধে বিরোধী দলের সদস্য হিসাবে সরকারকে সমালোচনা করে বেকায়দায় ফেলার মন থেকে এই কথা বলছি না। আমরা কলকাতার সর্বাঙ্গীন উন্নয়ন চাই—এবং এটা করতে গিয়ে আমরা বার বার যে কথাটা বলবার চেষ্টা করেছি—সেখানে আমাদের আশঙ্কা জাগছে যে হয়তো সরকার আমাদের কথাগুলিকে নজর না দিয়ে সেদিকে এগোচ্ছেন। কলকাতায় মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে মূখ্যত কলকাতায় যাঁরা থাকেন যাঁরা খেটে খান তাঁরা হচ্ছে বাংলা দেশের মধ্যবিত্ত সমাজ। আজ কলকাতায় যে অবস্থা এসেছে—ঘরবাড়ী? থাকার সমস্যা, তাতে কলকাতা থেকে মধ্যবিত্ত বাঙ্গালীরা শহরতলী থেকে বাইরে চলে যাচ্ছেন। আপনি জানেন যে কলকাতায় ঘরবাড়ীর অভাব ভাড়া অত্যন্ত বেশী দিতে হচ্ছে—বা জায়গায় যে রকম বেড়েছে—তার জন্য মধ্যবিত্ত সমাজ আজ কলকাতা থেকে দূরে সরে যাচ্ছে অথচ জীবিকার জন্য তাদের কলকাতাতেই থাকতে হবে—কিছু দিন আগে বসুমতী পত্রিকায় কলকাতার জমির দাম যেটা বেরিয়েছিল—যেটা ব্ল্যাকমার্কেটে বিক্রি হয় তার দাম হচ্ছে ১ কাঠা ৭০ হাজার টাকা, সেটা

ফাটাকাবাজীতে বিক্রি হচ্ছে। কাজেই প্ল্যান করতে গিয়ে যেন সরকার এদিকটার দিকে একটু দৃষ্টি রাখেন। এখানে ৪০।৫০ তলার দালান উঠলো কিনা—ভাল ভাল ট্রাক হয়েছে কিনা সুরঙ্গ পথে রেলগাড়ী চলছে কিনা—সেটার দিকে যত বেশী নজর দিতে হবে তার চেয়ে বেশী নজর দিতে হবে যাতে কলকাতায় যারা সাধারণ খেটে খাওয়া মানুষ তারা থাকতে পারে। কিন্তু সে বিষয়ে আমরা অন্ধকারে আছি। বস্তী উন্নয়নের নাম করে আমরা সন্দেহ করছি যে বস্তীবাসীদের উৎখাত করার ষড়যন্ত্র হচ্ছে। অথচ এই প্ল্যানে যদি বস্তী উচ্ছেদ না করে বস্তী-গুলির সুষ্ঠ উন্নয়নের জন্য একটা আউট প্ল্যান সরকার যদি করতে পারতেন তাহলে লোকে আশ্বস্ত হোত।

আমাদের মাননীয়া সদস্যা শ্রীমতী বিভা মিত্র বললেন যে সরকার এগুলি করছেন বলে লোকে যখন জানবেন তখন লোকে সরকারকে সমর্থন করবেন এবং বাহবা দেবেন। আমরাও তাই মনে করি—কিন্তু ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেসন সম্বন্ধে পাঁচ বছর পরেও আমরা অন্ধকারে আছি—মাঝে মধ্যে শুনি—পুল হবে চক্রবেড় রেল হবে—কিন্তু সাধারণ মানুষ যাঁরা কলকাতা ছেড়ে পালাচ্ছেন তাঁদের থাকার ব্যাপারে কি ব্যবস্থা করা হচ্ছে। সেদিকে আমি সরকারকে নজর দেওয়ার জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি। শুধু তাই নয় আমার মনে হচ্ছে সরকারী অব্যবস্থার জন্য মন্ত্রী মহাশয়দের আত্মীয়পোষণের জন্য এখানে এই রকম দুর্নীতি বাসা বেধেছে বলে আমাদের ধারণা। মিঃ স্পীকার স্যার, আমি একটা ছেড়া কাগজ এই হাউসকে উপহার দিতে চাই—এটা ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেসনের ট্রাফিক সেন্সার্স ফর্ম এই ফর্মগুলি ছাপানো হয়েছে কলকাতার গাড়ীঘোড়া এইগুলির হিসাব নেবার জন্য। কিন্তু আমি হপ্তা দুই আগে এণ্টালী মার্কেটের কাছে ঐ রাস্তা যেখানে লোকেরা মুড়ি বাদাম ভাজা বিক্রি করে তাদের মধ্যে এই কাগজের প্রচুর ঠোঙ্গা আছে দেখেছি—এটা আমি ঘুরে ঘুরে দেখেছি—এবং তার ফলে দেখেছি যে প্ল্যানিং অর্গানাইজেসনে যেসব কাগজগুলি ছাপানো হয়েছে সেগুলি সের দরে সেখানে বিক্রি করা হচ্ছে—এই সমস্ত কাগজ দিয়ে মুড়ি বিক্রি করা হচ্ছে। এই রকম দুর্নীতি যে কিছু আছে—সেখানে আমার আশঙ্কা জাগছে এই রকম অন্যান্য যে আয়োজন ফোর্ড ফাউণ্ডেশনের টাকায় করা হয়েছে সেগুলি এইভাবে দুর্নীতর পঙ্কে নিমজ্জিত হতে চলেছে। কলকাতা প্ল্যানিং অর্গানাইজেসন সম্বন্ধে এই বিধান সভার সদস্যরা একট ওয়াকিবহাল থাকছেন। কারণ কলকাতার ভবিষ্যতের উপর বাংলা দেশ এবং ভারতের পূর্বাঞ্চলের ভবিষ্যৎ নির্ভর করে। এই জন্য আমি মনে করি যে এই প্ল্যানিং অর্গানাইজেসনকে দেখার জন্য তদ্বির করার জন্য উপদেশ দেবার জন্য বা কোন কোন ক্ষেত্রে সরকারের যে দায়িত্ব রয়েছে সেগুলি ঠিকভাবে চালু করার জন্য একটা এসেম্বলী কমিটি একবার সীমাবদ্ধভাবে এই প্ল্যানিং অর্গানাইজেসনকে তদ্বির করার জন্য এসেম্বলী থেকে একটা কমিটি করা দরকার। আমরা জানি এস্টিমেট কমিটি রয়েছে—এস্টিমেট কমিটি এটা দেখেছেন—কিন্তু এই কমিটির সামনে এতো বেশী কাজ থাকে যে তাঁরা এক্ষেত্রে তাঁদের দৃষ্টি নিশ্চয় নিবদ্ধ রাখতে পারেন না। আমি তাই আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে অনুরোধ জানাবো এস্টিমেট কমিটির বাইরেও এই প্ল্যানিংটাকে সার্থক করে তোলার জন্য তদ্বির তদারক করার জন্য এসেম্বলী থেকে একটা কমিটি করা হোক। মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করবো—সেটা হচ্ছে বহু বিঘোষিত সার্কুলার রেলের ব্যাপার। কিছু দিন আগে লোকসভায় বাংলা দেশের জনপ্রতিনিধি ত্রিদিব চৌধুরী যে কথা বলেছেন এবং আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী দুজনেই দিল্লীর দরবার থেকে এটাকে টেনে বার করার চেষ্টা করছেন। এটা সম্পর্কে আমরা বাংলা দেশের বিরোধী দলের তরফ থেকে অনুরোধ করি যে আজকে দিল্লীর দরবারে বিরোধী দলের একজন সদস্য ত্রিদিব চৌধুরী যে কথাটা বলছেন সেটা বাংলা দেশের কংগ্রেস দলের যেসব সদস্যরা রয়েছেন তাঁরা সেখানে নির্বাক কেন থাকবেন—এতে আমাদের সংশয় হয় যে আমাদের অর্থমন্ত্রী যতই তিনি সেখানে লড়াই করুন না কেন সেখানে যে বুরোক্রাসি বাসা বেঁধেছে সেখানে ফাইন্যান্স কমিশনের ঘরে যে তালাটা ঝুলছে সেটাকে ভাঙ্গার জন্য তাঁরা সঙ্ঘবদ্ধভাবে এগিয়ে আসছেন। আমি মনে করি চক্রবেড় রেল তৈরী করার ব্যাপারে এখানে সকল দলের একই চাপ কেন্দ্রীয় সরকারের উপর সৃষ্টি করা দরকার। এবং আমি আশা করি যে এই অর্গানাইজেসনে যাঁরা রয়েছেন যে পরিকল্পনাগুলি আজকে তাঁরা পেশ করছেন সবচেয়ে আগে যানবাহনের যে সমস্যাগুলি

রয়েছে সেই সমস্যা সমাধানের জন্য একটা খসড়া তাঁরা যেন জনসাধারণের মধ্যে রাখেন আজকে চক্রবেড় রেল সার্ভের কোন রিপোর্ট আমরা জানি না—খবরের কাগজে মাঝে মধ্যে বের হয় আমরা আশ্বস্ত হই—দিল্লী গিয়ে পাঁঞ্জার লড়াই হয়—মন্ত্রী মহোদয় যা কিন্তু কোথায় কোন দিক দিয়ে স্কীম কার্যকরী হবে এবং কবে নাগাদ হতে পারে একথাট আমরা শুনতে চাচ্ছি। আমি আমার শেষ বক্তব্য রাখতে গিয়ে সরকারকে এটা অনুরোধ করবো যে কলকাতার অনেক সমস্যা এর আগে আলোচিত হয়েছে যে কলকাতা বন্দরের অবস্থার সঙ্গে এখানকার নাগরিকদের যে সমস্যা এই দুটো সমস্যাকে খুব তাড়াতাড়ি সমাধানের জন্য সরকারকে এগিয়ে আসতে হবে। এই যে শ্লথগতি সরকারের এই যে দুর্নীতির কথা উল্লেখ করলাম যা মেট্রোপলিটন প্ল্যানিং অর্গানাইজেসনের মধ্যে ঢুকছে—এগুলি থাকার জন্য এই যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে উপস্থিত করা হয়েছে আমি তার বিরোধীতা করছি।

[5-20—5-30 p.m.]

Shri Bhadra Bahadur Hamal:

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে এই যে, আমাদের মাননীয় সদস্যা শ্রীমতী বিভা মিত্র মহাশয়া বললেন যে, এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ—কর্পোরেশনে বা মিউনিসিপ্যালিটিতে যেটা হচ্ছে সেটা কংগ্রেস করেছে। এ বিষয়ে আমি তার সঙ্গে একমত হতে পারলাম না। কেন না, এটা বাংলাদেশের মানুষ সংগ্রাম করে আদায় করেছে। আমার দ্বিতীয় বক্তব্য দার্জিলিং মিউনিসিপ্যালিটি সম্পর্কে। দার্জিলিং মিউনিসিপ্যালিটির একটা বড় ইনকাম হচ্ছে ইলেকট্রিসিটি। এই ডিপার্টমেণ্টটা মিউনিসিপ্যালিটির হাতে আছে। কিন্তু, এই ডিপার্টমেণ্টটা ধীরে ধীরে নষ্ট হয়ে গিয়েছে। নূতন ইলেকট্রিক লাইন দিতে পারছে না। আলোগুলো মিট মিট করে জ্বলছে। ভোলটেজ নেই। এটা ইমপ্রুভ করার কি [illegible] হয়েছে সেটা জানতে চাই। কেন না, বাজেটটা ভালভাবে পড়েও আমি কিছুই দেখলাম না। আমরা জানি, দার্জিলিং হল বড়লোকের জায়গা। আপনারা সেখানে যাবেন, অর্থাৎ সেই চৌরাস্তার মোড়, বর্দ্ধমানের বাড়ী এসব রাস্তাগুলোই আলো ঠিক আছে, কিন্তু আমরা যেখানে থাকি—বর্দ্ধমানের বাড়ীর একট নীচে সেখানে আলো নেই। মাননীয় স্পীকার মহাশয়, আপনি যদি ওখানে যান তাহলে আপনাকে দেখাবো, রহমান সাহেব যদি যান তাহলেও দেখাবো যে, সেখানে প্রতি রাত্রে ৩।৪ জন করে লোক পড়ে যায়। আপনারা ৪টি লাইট পোষ্ট সেখানে দিতে পারলেন না। আপনাদের জিজ্ঞাসা করলে আপনারা বলেন যে ভোলটেজ নেই। আমরা অবশ্য জানি যে আমাদের মতন লোক আলো পাবে না। কিন্তু রাস্তায় তো আলো চাই। কারণ, লোকে ট্যাক্স দিচ্ছে। আপনারা যদি রাস্তায় আলো না দেন তাহলে অবস্থাটা ভালো থাকবে না। তারপর—আমি ওখানে যারা কাজ করে তাদের সম্পর্কে কিছু বলব। ওখানে মিউনিসিপ্যালিটিতে যারা কাজ করে তারা কি বাংলা দেশের লোক নয়? দার্জিলিং হিলে যত গভর্নমেণ্ট এমপ্লয়ী আছে তারা সবাই উইনটার এ্যালাওয়েন্স পায়। কিন্তু মিউনিসিপ্যালিটিতে যারা কাজ করে তারা পায় না। আজকে, ১৯৪৭-এর পরে মিউনিসিপ্যালিটিতে কি রকম কাজ বেড়েছে সেটা আপনারা জানেন। তার উপর সেখানকার মিউনিসিপ্যালিটির খাতাটা দেখলে দেখবেন যে জমাদার ১০২ জন কম। ফলে কাজের চাপ বেড়ে যাচ্ছে। অথচ তারা ভালোভাবে খেতে পাচ্ছে না। হরিজন ভাইরা মরে যাচ্ছে। সেখানকার ওভারসীয়ার, সাব-ওভারসীয়াররা আমাকে বলেছে যে তারা সকাল থেকে রাত্রী ৮টা পর্যন্ত বাড়ী বাড়ী কাজ করে যায় কিন্তু খগেনবাবুর দপ্তরের ওভারসীয়ার, সাব-ওভারসীয়াররা যা মাহিনা পায় তারা তাও পায় না। যখন ইংরাজ আমল ছিল তখন এখানে হিল এ্যালাওয়েন্স ছিল। আর হিল এ্যালাওয়েন্স-এর বদলে মিউনিসিপ্যালিটির কর্মচারীদের একটা মোটা টাকা ও বাড়ীভাড়া বাবদ দেওয়া হত। কিন্তু আজকে আপনারা তাও দিচ্ছেন না। আপনারা একটার পর একটা তাদের অধিকার কেড়ে নিচ্ছেন সেইজন্য আমার ডিম্যাণ্ড ওদের কথা একটু ভাবুন। আপনারা অন্যান্য কর্মচারীদের উইনটার এ্যালাওয়েন্স দিচ্ছেন আর ওদের দিচ্ছেন না কেন তা বুঝতে পারছি না। ওদের গায়ে কি শীত লাগে না? আমার মনে হয় ওরা গরীব বলে আপনারা ভাবছেন যে ওদের শীত লাগে না। আমি কাট মোসান দিয়েছি আপনি দেখবেন ফ্রী মেডিকেল বেনিফিট কত পায়, বেশী পায়

না তা পায় না। হাউস এ্যালাওয়েন্স-নাম মাত্র। পে স্কেল-এর ব্যাপারে ওরা বার বার বলছে যে, আমাদের গমভর্নমেণ্টের পে স্কেল অনুযায়ি দেওয়া হোক। আপনারা তাও দিচেছন না। তারা স্ট্রাইক করার নামে কিছুটা আদায় করেছে। আপনারা কি আবার ওই রাস্তায় তাদের ঠেলে দিতে চান। যে মাস আসছে, আপনি জানেন যে ওখানে বড় বড় লোক যাবে। সেই সময় আপনারা তাদের ওই পথে ঠেলে দেবেন না। আজকে সরকার কর্মচারীদের ৫ টাকা করে দিচেছন, ওদের কেন দেবেন না সেটা একটু বলুন। আপনি বলছেন দিয়ে দেবেন। যদি দেন তাহলে খুব ভালো হয়। আমি গিয়ে ওদের বলে দেব যে শৈলবাবু বলেছেন যে, উইন্টার এ্যালাওয়েন্স দেওয়া হবে। তারপর আমি দার্জিলিং-এর ওয়াটার সাপ্লাই সম্পর্কে কিছু বলব। সেখানকার জলের পাইপগুলো অত্যন্ত ছোট এবং পুরানো। যখন এই মিউনিসিপ্যালিটিতে ১৫ হাজার লোক ছিল তখনও সে অবস্থায় ছিল আজ সেখান ৮০ হাজার লোক হওয়া সত্বেও পাইপগুলো সেই অবস্থায় আছে। ফলে লোকে জল পাচেছ না, কবে নতুন পাইপ বসানো হবে জানি না, কিন্তু দার্জিলিং-এর মানুষ জল পাচেছ না। আজকে সেখানে জল নেই, ইলেকট্রিসিটি নেই, রাস্তাঘাটে আলো পর্যন্ত নেই বারবার বলা সত্বেও মিউনিসিপ্যালিটির একটা বড় ইনকাম চলে যাবে বলে আপনারা কিছুই করছেন না। তার উপর এদের আবার জমিদাবী আছে। অবশ্য আমরা জানি যে, গভর্ণমেণ্টের কাছে সেই সব সম্পত্তি মর্টগেজ হয়ে আছে। আজকে আমি এখানে দাঁড়িয়ে বলে যাচিছ যে, যদি ইলেকট্রিসিটি বাড়াতে না পারেন তাহলে এ সিজনে লোকে আর ওখানে যাবে না আমি দেখেছি—জানি না মন্ত্রীমহাশয় কত ভোলটেজ পান, কিন্তু সিভিলিয়ানরা রাত্রিবেলা আলোর অভাবে খবরের আগাড় পর্যন্ত পড়তে পারে না। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এ দিকে একটা চিন্তা করবেন। তারপর, মিউনিসিপ্যালিটির কর্মচারীদের আর একটা ডিম্যাণ্ড-এর কথা বলছি। ওখানে যে সমস্ত ওভারসীয়ার আছেন তাদের অন্তত: গণেনবাবুর ডিপার্টমেণ্ট-এর মতন মাহিনা দেওয়া হোক। আর উইনটার এ্যালাওয়েন্সটা তাড়াতাড়ি দিয়ে দিন। তাছাড়া ফিল্ড এ্যালাওয়েন্স যদি না দেন তাহলে বাড়ীর জন্য তারা যে এ্যালাওয়েন্স ছিল সেটা বাড়িয়ে দিন। আজকে সকলেই জানেন যে দার্জিলিং-এ সবচেয়ে বেশী খরচ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনে অবাক হয়ে যাবেন যে, সেখানে ৭ টাকা পার কে. জি. বাদাম তেল বিক্রী হয়েছে। আপনারা যখন এখানে পঞ্চায়েত রাজ সম্পর্কে বড় বড় কথা বলছেন, পঞ্চায়েতরাজ ভোগ করছেন সেই সময় ওখানে আমরা তিমির তেল খেয়ে দিন কাটিয়েছি। তাছাড়া দার্জিলিং-এ ৪০ টাকার নীচে কোন চাল নেই। চারকোলের দাম কি রকম বেড়েছে তার একটা হিসাব শুনন। শীতকালে পার ফেমিলি অন্তত: ৫ ব্যাগ করে চারকোল লাগে। সেই প্রতিব্যাগ চারকোল-এর দাম হয়েছে ৭॥টাকা থেকে ৮ টাকা। এইরকম একটা অবস্থায় মিউনিসিপ্যালিটির কর্মচারীরা কিভাবে জীবন কাটাবে সেটা আমি ভেবে পাচিছ না। আজকে আমার অনুরোধ ওদের ডিম্যাণ্ড-এর কথাটা একট চিন্তা করুন। যদি না করেন, তাহলে ওরা আর চুপ করে থাকবে না সংগ্রাম করে আদায় করে নেবে। তারা যদি কাজ বন্ধ করে, তাহলে ইলেকট্রিক, জল, পরিস্কারের কাজ কিভাবে চলবে সেটা আমি ভেবে পাচিছ না। আজকে ওখানে জিনিষপত্রের দাম যেভাবে বেড়ে গেছে সেটা আপনারা সকলই জানেন আটার দাম বেড়ে যাওয়ার ফলে হরিজন ভাইরা খেতে পাচেছ না। হরিজন ভাইদের টাকা বাড়াবার ব্যবস্থা হয়নি। আর এটাও লক্ষ্য করার বিষয় যে, মিউনিসিপ্যালিটির কর্মচারীদের দেখার মত কেউ নেই। একদিকে মিউনিসিপ্যালিটির কমিশনারস বলছেন যে আমাদের হাতে টাকা নেই। অন্য দিকে গভর্ণমেণ্ট চুপ করে বসে আছেন। সেই জন্যই আমি বলব, ওদের ডিম্যাণ্ড সম্পর্কে একটু চিন্তা করুন। আমার অনুরোধ আবার ওদের মুভমেণ্ট-এর দিকে ঠেলবেন না। রহমান সাহেব তো এখানে নেই, তাই ফাইন্যান্স মিনিস্টারকে বলে যাবো যে ওদের যদি না দেন তাহলে ওরা সংগ্রাম করে আদায় করে নেবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Saila Kumar Mukherjee: Mr. Speaker,, Sir, I have been listening to this debate though the amounts of Grants I have asked for are not big ones and should not have raised any controversy

Now, Sir, some of my friends have raised the question of C.M.P.O. I welcome it because it gives me an opportunity to disabuse the public mind—at least my friends of the Opposition—about their colossal ignorance about what it stands for, why it was constituted and what it intends to do. It is necessary that my friends and the public should know more about it instead of making vague accusations.

[A voice from the Opposition: Speaker in Bengali—why in English?]

My friends have raised international questions and we are going to international friends. So, I have purposely chosen today to speak in English.

Sir, Shri Somnath Lahiri has repeated what he has been repeating *ad nauseam* that we are taking help from America as their stooges. I want to remind my friend that India's policy is a policy which has attracted admiration from every country in the world and we are getting aid from friendly countries all over the world, from countries of all ideologies. We are getting aid from U.S.A., we are getting aid from U.K., we are getting aid from Russia, we are getting aid from Yugoslavia, we are getting aid from Czechoslovakia, we are getting aid from Poland and other totalitarian countries. They are not fools. They come to help us because of our sound economy. Now, my friend has spoken about C.M.P.O. and American influence. Dr. Bidhan Chandra Roy thought the Calcutta's problems should be raised above the Provincial level not only to all-India level but to international level. Improvement of Calcutta is required not merely for the development of West Bengal but in the interest of India as a whole and in the interest of the world. Therefore, Dr. Roy went to America and wanted their help. Who are the people who are helping? They are not the Americans but the World Health Organisation, Ford Foundation—they are not political organisations; they are international humanitarian organisations and the World Bank—World Bank is a Bank to which India is a contributor; to which Japan is a contributor; and practically the whole world is a contributor. World Bank is helping us; it is not American help at all. Now, what is the help America is giving? In the Third Five-Year Plan for development of Greater Calcutta for this first time Rs. 20 crores was provided outside the Plan; Rs. 10 crores to be payable by the State and Rs. 10 crores by the Centre. What help are we getting from America? Compared to Rs. 20 crores, they have given us 20 foreign consultants, experts of the highest international level—and they are not all Americans—some of them are Dutch, Canadian, New Zealands—some of them are United Kingdom people—they are from practically all countries of the world. The ultimate selection of the foreigners rests with us. The Government of India can select them after we approve of it. If we do not approve of it. Americans cannot thrust world consultants upon us. For these 20 consultants and for equipment, their contribution—out of the Rs. 20 crores— is only 90,000 dollars which amounts to Rs. 4,50,000. We are grateful to them for giving us the assistance. Every undeveloped country in the world is getting foreign assistance.

[5-30—5-40 p.m.]

We are taking foreign assistance from all countries in the world. They have also given us equipment. They are bearing the expense for training young Bengalees. Nine of our Bengalee trainees have been sent to foreign countries to get training. They are bearing their expenses. Three more Bengalee trainees will be still going. From the United Nations Special Fund 2,70,000 dollars has been given for preparation of the Master Plan and water supply and drainage. They have given us technical help. It

s nothing compared to the money we spend. I want the people of West Bengal, particularly my friends of the Communist Party to disabuse their mind of the wrong idea that we are getting so much help from America. The World Bank is giving us 87,000 dollars, and World Bank is not an American concern. For the second Howrah bridge experts from the World Bank came; they were satisfied with the scheme and they said that it needs help. Therefore, they gave us 87,000 dollars. I want to disabuse the mind of the people of the wrong idea. Calcutta's problem is an international problem. We have had the leadership of Dr. Bidhan Chandra Roy to convince the people that Calcutta's problem is not merely the problem of West Bengal but of the world. The question is what has C.M.P.O. done during these ten years? I will give you an idea. I must tell you that C.M.P.O. is not an executive body, C.M.P.O. is not an implementation body, C.M.P.O. is primarily and mainly a planning body of experts. The city of Calcutta, this Job Charnock's city, which has grown in the last so many years unplanned with all its problems thrust upon the future generations, needs a scientific and technical approach for their solution. Therefore, we are seeking the help of world experts to prepare a master plan not for Calcutta but for Greater Calcutta and its industrial area.

With regard to the point raised regarding land speculation, I can tell the honourable members that we have initiated a legislation. The legislation is before you so that there may be stoppage of land speculation. We want to stop it. A Bill is there. It was introduced the other day. We have actually stopped land speculation. C.M.P.O. has prepared a plan which could not be published because there is no legal authority under which C.M.P.O. can publish it.

Sir, there is another legislation pending. There are Metropolitan sewerage Authorities and Transport Authorities who would execute this vast sewerage of 400 sq. miles. The legislation is pending. It is being worked out by legislators. C.M.P.O. has prepared a plan already. Everybody knows about that. So, I would not go into details These schemes have been completed not by C.M.P.O. but under their plan it has been done by tht West Bengal Development Corporation. What are they? They are—Dum Dum Water Supply, North Dum Dum Water Supply, South Dum Dum Water Supply and Hooghly-Chinsurah Water Supply. These have been completed. Then under implementation there is Emergency Water Supply Scheme of Calcutta Metropolitan Districts costing Rs. 7 crores 55 lakhs, comprising twelve municipalities and 14 non-municipal areas. If my friends care to look into the matter, they will find that the work has been started. In some places Improvement Trust have already undertaken the responsibility of improving the water supply. They have schemes for the development of the gas distribution system. Everybody knows that from Durgapur we have brought gas to Calcutta. We are distributing gas every month. There are 100 to 200 connections. Calcutta is now having gas from the gas grid at Durgapur. This is one of our achievements and that is under C.M.P.O.'s plan. Cossipore Dum Dum Sewer Service has started and there are various other schemes of which plans are awaiting sanction before the Planning Commission. Sir, one of my friends says we do not know anything about what C.M.P.O. is doing. Here are three books which have been published. They will be available to the public. So I would will not trouble you with all that. Sir, I shall, with your permission, present to this Assembly these voluminous books of C.M.P.O.'s published report so that honourable members may make use of them and augment their knowledge. They will be available in the library and they will be able to know what

C.M.P.O. has done. These 20 voluminous reports are complete. If they care to read them, they will be able to know something about Calcutta.

My friend has made a pertinent enquiry as to the C.M.P.O. Authorities? Sir, they do not read the Calcutta Gazette. The Gazette was published and the names of 37 members are there.

[5-40—5-54 p.m.]

Shri Rabindra Nath Mukhopadhyay:

সেই কমিটিতে কে কে আছেন?

Shri Saila Kumar Mukherjee:

এর মধ্যে মাননীয় জ্যোতিবাবু আছেন, পি সি. ঘোষ আছেন—তাঁদের সেন্ট্রাল কো-অর্ডিনেসন কমিটিতে ইনভিটেশন দেওয়া হয়।

Shri Rabindra Nath Mukhopadhyay:

কি কি কাজ হয়েছে এই ১ বছরের মধ্যে?

Shri Saila Kumar Mukherjee:

খবর নিলে দেখতে পাবেন নিশ্চয়ই হয়েছে। মাননীয় জ্যোতিবাবু যদি না আসেন, তাঁর কর্তব্য যদি তিনি পালন না করেন তাহলে তারজন্য আমরা দায়ী নই। তবে শুধু তাঁরাই আছেন তা নয়, এর মধ্যে বিভিন্ন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, সংবাদপত্রের লোক, তুষারবাবু, অশোকবাবু আছেন, এক্সপার্টসরা আছেন, চেয়ারম্যান সি. আই. টি. আছেন চেয়ারম্যান বরাহনগর মিউনিসিপ্যালিটি আছেন, চেয়ারম্যান ভাটপাড়া মিউনিসিপ্যালিটি আছেন, চেয়ারম্যান শ্রীরামপুর মিউনিসিপ্যালিটি আছেন। এঁরা জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি, সরকারের লোক নন। এর মধ্যে আবার ১৬ জন সদস্য বিশিষ্ট একটি স্টিয়ারিং কমিটি আছে যাঁরা মাসে মাসে মিট করেন। কাজেই কোন কমিটি নেই একথা সত্য নয়। সি. এম. পি. ও. একটি এক্সিকিউটিভ বডি, এখানে লেজিসলেশন নাই, আইন হবে। তবে যতদিন না হচ্ছে ততদিন আমরা ঘুমিয়ে নেই বা একে কুক্ষিগত করে রাখিনি—৩৭ জনকে নিয়ে কমিটি করেছি। কাজেই যখন এসব জানেন না তখন স্বীকার করুন যে আমরা জানি না। আর যদি প্রয়োজন মনে করেন তাহলে আসবেন, দেখিয়ে দেব। এর মধ্যে ৩৮টি মিউনিসিপ্যালিটি আছে, পোর্ট কমিশনার্স এর লোক আছে। নাউ আই কাম টু দি কোশ্চেন অব দি ক্যালকাটা কর্পোরেশন। কর্পোরেশন সম্বন্ধে উল্লেখ করেছেন যে, তাকে আরও অর্থ সাহায্য দিতে হবে। আমি আপনাদের কাছে শুধু এটুকু প্রার্থনা করব যে, আগামী ১লা এপ্রিল কর্পোরেশন তার ১০০ বছরের রূপ পরিবর্তন করতে চলেছে। এতদিন ধরে বিধান সভায় শুনতাম কংগ্রেস পক্ষ নাকি এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ আইন আনতে চান না কারণ সব মিউনিসিপ্যালিটিতে হেরে যাবে এই ভয়ে তাঁরা ভীত কিন্তু যখন সেটা আনলাম তখন শুনছি উল্টো কথা—কিছুই হচ্ছে না। তবে জেনে রাখুন ৩৮টি মিউনিসিপ্যালিটিতে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ-এর মাধ্যমে ইলেকসন হয়ে গেছে এবং সেই ৩৮টির মধ্যে ৩২টিতে কংগ্রেস জিতেছে। এখন দেখতে চাই কোলকাতা কর্পোরেশনের ১০০ জনের ইলেকসনে জনসাধারণ কি রূপ পরিগ্রহ করান। নূতন আইন সিলেক্ট কমিটির মাধ্যমে যেটা আমরা বিধানসভায় পাশ করেছি তাতে অধিক ক্ষমতা দেওয়া হয়েছে, অধিক প্রশাসনিক ব্যবস্থার চেষ্টা করা হয়েছে এবং অধিক অর্থ সংগতির ব্যবস্থা করা হয়েছে। সুতরাং কর্পোরেশন সম্বন্ধে অপেক্ষা করতে হবে। অর্থ সংগতির কথা যা বলেছেন তাতে জেনে রাখুন সরকার কত টাকা দিয়েছে। বিগত বছরে তাদের ক্লিনিং হয়না বলে ৭৫টি লরির জন্য ১ লক্ষ টাকা দিয়েছি, রাস্তা পরিস্কার করার জন্য মোটর ভাড়া ১ লক্ষ টাকা দিয়েছি, মোটর ভেহিকেল ট্যাক্স তাঁরা এতদিন যা পাচ্ছিলেন সেটা বার্ষিক বাড়িয়েছি ১০ লক্ষ টাকা এবং কর্মচারীদের জন্য প্রায় বছরে ৮৭ লক্ষ টাকা সাহায্য করা হচ্ছে। আমি আশা করি কর্পোরেশন এবং

অন্যান্য মিউনিসিপ্যালিটি তাঁদের কর্তব্য করবেন। বোম্বে কর্পোরেশন সম্বন্ধে আপনাদের জানিয়ে দিতে চাই যে, তাঁদের রাজস্ব ১২ কোটি টাকা। যাহোক, আমি আশা করব কর্পোরেশন নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করবে, কারণ তাদের কাঠামো রূপরেখা এবং কর্তব্য বদলে গেছে। তারপর, বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে অর্থ সাহায্য সম্বন্ধে যা বলেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে এঁরা বোধ হয় জানেন না যে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে অনুদান হিসেবে মিউনিসিপ্যালিটিতে যদি মিনিমাম ওয়েজ কম পড়ে, ডি. এ. যদি কম পড়ে তাহলে সেটা পূরণ করে দেওয়া হয় এবং সেইজন্যই আমি সেই টাকা দাবীর মধ্যে দিয়েছি। তাছাড়া নূতন দৃষ্টিভঙ্গীতে সমস্ত মিউনিসিপ্যালিটি তাদের স্কীম অনুসারে রাস্তার উন্নয়ন করতে পারেন, স্যাটারনিটি হোম করতে পারেন, বাজার করতে পারেন, ড্রেনেজ সিসটেম করতে পারেন এবং এইসব ব্যাপারে আমরা হস্তক্ষেপ করি না। তারপর, টু-থার্ড গ্রান্ট এবং ওয়ান-থার্ড ৩০ বছরে পরিশোধনীয় ঋণে ২ কোটি ৫৩ লক্ষ টাকা এবং চতুর্থ পরিকল্পনায় সাড়ে তিনকোটি টাকার উপর করা হয়েছে। কাজেই নবীনবাবু যে কথা বলেছেন এই সরকার কিছুই দেখে না তাতে আমার বক্তব্য হচ্ছে আপনি যদি অনুসন্ধান করেন তাহলে দেখবেন সরকারের সাহায্যের কোন কার্পণ্য নেই, সরকার তাদের সাহায্যের হস্ত চিরকাল বিস্তার করছে এবং যতই অর্থ প্রগতি বাড়বে ততই করবে। তারপর, অপূর্ববাবু যা বলেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে I consider it beneath my dignity to reply to him because he repeats the annual *tamasha* in the Budget Session, this mud-slinging which has not an iota of truth. With regard to the question of Secretary's appointment, he must be in the know of it. He is always a past master in the art of mud-slinging. So far as Secretary's appointment is concerned, this Government has not sanctioned it. This Government has only said to the Corporation that it is a temporary appointment. You cannot make it permanent unless the Corporation gives approval. We have not given our seal of approval. With regard to other charges I do not think fit to reply because I am not responsible for the administration of the Municipality.

Shri Apurba Lal Majumdar:

জবাব দেবার কিছু নেই তাই অ্যাভয়েড করলেন। ছি, ছি, লজ্জার কথা—ইট ইজ শেম, ইট ইজ শেম।

DEMAND FOR GRANT No. 43

Major Head: 71-Miscellaneous-Contributions.

Mr. Speaker: Honourable members, I put to vote all the Cut Motions together except Cut Motions Nos. 6 and 17 on which division has been claimed.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bejoy Pal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motions of Shri Bhadra Bahadur Hamal and Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES—77

Abdul Hashem, Shri
Abdul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Barman, Shri Shyama Prosad
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmick, Shri Barendra Krishna
Biswas, Shri Manindra Bhusan
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Chakravartty, Shri Jnanatosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanailal
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanailall
Dhar, Shrimati Charushila
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra

Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Subodh Chandra
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Mandal, Shri Krishna Prasad
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mohammad Hayat Ali, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pramanik, Shri Puranjoy
Ray, Dr. Anath Bandhu
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Prafulla Chandra
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

AYES—28

Abul Mansur Habibullah, Shri Syed
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Das, Shri Sambhu Gopal
Das Gupta, Shri Sunil
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Choudhury, Shri Khagendra Kumar

Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Prodhan, Shri Amarendra Nath
Sen Gupta, Shri Niranjan

The Ayes being 28 and Noes 77, the motions were lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 2,10,81,000 be granted for expenditure under Grant No. 43, Major Head: "71—Miscellaneous—Contributions" was then put and agreed to.

DEMAND FOR GRANT NO. 35

Major Heads: 51-A—Greater Calcutta Development Scheme, 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.

The motion of Shri Jyoti Basu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Roy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shrimati Ila Mittra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Niranjan Sen Gupta that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarun Kanti Sen Gupta that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that a sum of Rs. 4,19,86,000 be granted for expenditure under Grant No. 35, Major Heads: "51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme" was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-54 p.m. till 1 p.m. on Monday, the 8th March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 8th March, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 8 Ministers, 3 Ministers of State and 161 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Rabindra Bhawan at Hooghly-Chinsurah

***243.** (Admitted question No. *1051.) **Shri Sambhu Charan Ghosh:**

শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলি-চুঁচুড়া 'রবীন্দ্র ভবন' নির্মাণ ব্যাপারে—

(ক) কত টাকা সংগৃহীত হইয়াছে;

(খ) কত টাকা সরকারী সাহায্য পাওয়া গিয়াছে;

(গ) সংগৃহীত টাকা আজ পর্যন্ত অডিট করা হইয়াছে কি না;

(ঘ) নির্মাণকার্য শুরু হইয়াছে কি না; এবং

(ঙ) নির্মাণকার্য কবে শেষ হইবে?

Shri Rabindralal Sinha:

(ক) জেলা রবীন্দ্র শতবার্ষিকী সমিতি মোট ৩৯,৪৫৩·০৫ টাকা সংগ্রহ করিয়াছিলেন। উৎসবের ব্যয় বাবদ ৪,১১৬·২৫ টাকা এবং পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় রবীন্দ্র শতবার্ষিকী কমিটিকে কুপন বিক্রয় বাবদ প্রদত্ত ১১,১৩৭·৫০ টাকা বাদে বক্রী ২৪,১৯৯·৩০ টাকা ভবন নির্মাণের জন্য রহিয়াছে।

(খ) ১৫,৮৭৫ টাকা কেন্দ্রীয় সরকারের অনুদান হিসাবে পাওয়া গিয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ।

(ঙ) প্রয়োজনীয় গৃহ নির্মাণের সরঞ্জাম পাওয়া গেলে আশা করা যায় যে, ছয় মাসের মধ্যে নির্মাণকার্য শেষ হইবে।

Shri Sambhu Charan Ghosh:

আপনি উত্তরে বলেছেন অডিট করা হয়েছে। অডিট কবে করা হয়েছে?

Shri Rabindralal Sinha:

Shri Kashi Kanta Maitra: I am not a school child that I have come here to be admonished by you. I am not a fool.

Mr. Speaker: I do not take you as a fool. I take all my honourable members as most intelligent; but I have to ask you to take your seat, and I have to warn you that I cannot tolerate this type of interruption when I ask honourable members to please take their seats.

Shri Kashi Kanta Maitra: I am on a Point of Order.

Mr. Speaker: I have asked you to take your seat; on that there cannot be any Point of Order. Point of order......arises......

Shri Kashi Kanta Maitra: Please allow me to formulate my Point of Order. You are prejudging the wholething.

Mr. Speaker:

পয়েন্ট অফ অর্ডার রেইজ করে যে পয়েন্ট-এ কথাবার্তা হচ্ছে সেই পয়েন্ট-এ আপনি পয়েন্ট অফ অর্ডারটা বলুন।

Shri Kashi Kanta Maitra: The Point of Order arises in this way: I gave notice to you the other day purported to be prima facie a notice under rule 351. In that said notice I distinctly remember I had written to you

asking you to permit me not only to raise it as a point under rule 351 but also as a question involving breach of privilege of the financial rights of the members of the House firstly, and secondly by way of contempt of the House by the Hon'ble Chief Minister. That is there, and the other day, on last Friday, when you were graciously pleased to permit me to make this point on the floor of the House, you may remember, if your memory does not betray you, that I had asked you to permit me to raise it as a question of privilege. My point arises in this way that Mr. Speaker, Sir, you not having written to me one way or the other to wether you are allowng me to raise it as a question under rule 351 or a question involving breach it privilege or contempt of the House, I am asking your leave to kindly consider if the Hon'ble Minister of the Health Department has any right, any locus standing, any competence, or any jurisdiction to stand up on the protected floor of the House, take advantage of her position as a Minister in charge of the Department and reply to the allegation which I had made here. This is the Point of Order that has got to be decided. Till that point is decided, till you have intimated to me that "I have not allowed you, Mr. Maitra, to raise the question relating to Durgapur affairs as a question of breach of privilege", Mrs. Mukherjee cannot reply.

Mr. Speaker:

পয়েন্ট অফ অর্ডার-এর জবাবটা আপনার দিয়ে দিই. আপনাকে সেদিন আমি যে পারমিশন দিয়েছিলাম

on the floor of the House, Mr. Maitra, I gave you permission to take up the matter under rule 351. Rule 351 and Point of Privilege, are two subjects far apart. When you come for leave under rule 351 it has no connection with privilege. You can take any point of privilege any time and if there is a breach of privilege I am always here to support you.

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্গাপুর সেসন উপলক্ষে স্বাস্থ্যদপ্তর থেকে টাকা খরচের ব্যাপারে কয়েকটি প্রশ্ন উঠেছে। আমি কোন মাননীয় সদস্যের কথার উত্তর দিতে চাইনা কারণ আপনি ডিসএ্যালাউ করেছেন—তবে কয়েকটি ফ্যাক্ট এখানে রাখতে চাই।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, উনি কোন্ পয়েন্টের উপর বলছেন? কোন মিনিষ্টার ইচ্ছা করলেই কি বলতে পারেন?

Mr. Speaker: Rule 346 clearly shows that any Hon'ble Minister can make a statement at any time on any subject, of course, with the permission of the Chair and she has already taken my permission here.

Dr. Kanai Lal Bhattacharya:

আমি অবশ্য জানিনা কোন সদস্য কখন বলেছেন। কিন্তু যদি কোন খাতে কেউ বলে থাকেন তাহলে সেই খাতের মিনিষ্টার তার জবাব দেবেন। এখানে হেল্‌থ মিনিষ্টার ফস করে উঠে কি করে বলছেন? আমরা তো বলার রাইট পাচ্ছি না। আর আপনি যে তাঁকে বলবার জন্য পার্মিসন দিচ্ছেন এটা কি ঠিক হচ্ছে—ইজ ইট ফেয়ার?

Mr. Speaker:

আপনি স্টেটমেন্ট করুন, তবে কোন কোশ্চেন-এর রেফারেন্স-এ কিছু বলবেন না।

Dr. Kanai Lal Bhattacharya:

সি হ্যাজ অলরেডি সেড ইট। কিন্তু তিনি কি করে করবেন? ওনাকে চেয়ার থেকে শিখিয়ে দেবেন আর উনি বলবেন এটা তো হতে পারে না। আমার মনে হয় ওনার এরকম স্টেটমেন্ট করা উচিত নয় এবং উই আর নট গোয়িং টু হিয়ার হার।

Mr. Speaker:

চেয়ার থেকে শিখিয়ে দেবার কোন প্রশ্ন নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

সি হ্যাজ সেড দ্যাট ফার্স্ট। কিন্তু প্রশ্ন হচ্ছে তিনি কি করে বললেন?

Shri Jyoti Basu:

উনি দেখছি হঠাৎ ৩৪৬-এ বললেন। আমার ঠিক ভাষাটা মনে নেই, কারণ বই আমার কাছে নেই। যাহোক, আমার বক্তব্য হচ্ছে আমি হাউসে এমন কখনও শুনিনি যে কোন একটা বিষয় যদি ম্যাটার অব পাবলিক ইমপর্ট্যান্স না হয় বা বাইরে একটা ঘটনা ঘটেছে বা একটা প্রশ্ন উঠেছে বা একটা কলিং এ্যাটেনসন হয়েছে তখন মন্ত্রীরা নিজে থেকে উঠে আমাদের মত বিবৃতি দিতে পারেন। কিন্তু এখানে কি হোল? এখানে একজন সদস্য বোধহয় দুবার প্রশ্ন তুলে বলেছিলেন যে, দুর্গাপুর সেসন-এ কংগ্রেস সরকার কংগ্রেস পার্টির জন্য কিভাবে খরচ করেছেন। আমি কমনসেন্স-এ ধরে নিচ্ছি আপনি বলে দিচ্ছেন কিভাবে শুরু করতে হবে এবং সেই সংক্রান্ত বিষয় উঠেছিল বলে উনি ভাবছেন আমি সুযোগ পাচ্ছি না। কেন সুযোগ পাচ্ছেন না আমি জানি না, তবে উনি ভাবছেন একটা জবাব দেওয়া উচিত। কিন্তু কোন কলিং এ্যাটেনসন নেই, বাইরে যদি কোন ইনসিডেন্স হয়ে থাকে তাহলে সেটাও বলা হোত। কাজেই এখানে মাননীয় সদস্য যে কথা বলেছেন তার উত্তরে এটা বলতে পারেন না, কারণ এটা সেকসন ৩৪৬-এর আণ্ডারে আসে না। তাহলে কি হোল? আমরা অবশ্য বরাবরই দেখেছি আপনি অনেক সময় একটা জিনিসকে ম্যাটার অব পাবলিক ইমপরট্যান্স বলে মনে করেছেন এবং আমাদের অনুমতি দিয়েছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে আপনি এটাকে কি মনে করেছেন?

এখন এই যে ৩৪৬ এসে গেছে, আমি এটা পড়ে দিচ্ছি, কতকগুলি ঘটনা ঘটেছে, তখন স্টেটমেন্ট মেড বাই এ মিনিষ্টার এই হেডিং রয়েছে, একথা আগেই আমি বলেছি যে পাবলিক ইমপরট্যান্স হওয়া দরকার, এ স্টেটমেন্ট মে বি মেড বাই এ মিনিষ্টার অন এ ম্যাটার অফ পাব-লিক ইমপরট্যান্স। তাহলে কথা হচ্ছে এই, আমি যেটা বলেছিলাম এটা ঠিকই যে পাবলিক ইমপরট্যান্স হওয়ার দরকার। তাহলে সেই পাবলিক ইমপরট্যান্স দুর্গাপুর সেসন হয়ে গেছে, আপনাকে আমি দোষ দিচ্ছি না, মিনিষ্টার শ্রীমতী মুখার্জি আপনাকে নিশ্চয়ই বুঝিয়েছেন একটা পাবলিক ইমপরট্যান্স হয়েছে, তিনি আপনাকে কি বুঝিয়েছেন আমি জানিনা, আপনার ঘরে কি হয়েছে জানিনা।

[2—2-10 p.m.]

Mr. Speaker:

আমার ঘরে উনি আসেননি।

Shri Jyoti Basu:

তাহলে তো আরও গোলমালে নিশ্চয়ই পড়ছি, আপনাকে বুঝাননি অথচ আপনি বুঝে গেছেন, আরও গোলমাল হল। আমাদের এখানে ইতিহাসটা কি? আমি আবার বলবো। এখানে দুবার শ্রীমৈত্র তুলেছেন, হয়ত তিনি রুলটা কোট করেননি, কিন্তু রুল ৩৫১ এর সঙ্গে প্রিভিলেজের প্রশ্নটা তুলেছেন, আমি তাই বুঝেছিলাম, সেখানে কি চিঠি লিখেছেন আমি জানিনা। কিন্তু

আজকে কি ঘটনা ঘটল যার জন্য একজন মন্ত্রী এসে বললেন ৩৪৬-এর আণ্ডারে বলে যাবেন স্টেটমেন্ট দেবেন? কি ব্যাপার সেটা আপনাকে সঙ্গে সঙ্গে জিজ্ঞাসা করতে হবে।
Is it a matter of urgent public importance? That is the most important thing of this rule.
তা না হলে একজন মিনিষ্টার যে কোন সময় তার খুসীমত বিবৃতি দিতে পারেন না। এটা তো শ্রীমতী মুখার্জির জানবার কথা, উনি জানেননা এটাই দুঃখের সঙ্গে আমি দেখছি। সেজন্য তিনি বলতে পারেন না, পাবলিক ইমপরট্যান্স যদি বলুন যে কিছু একটা হয়েছে। দুর্গাপুর সেসন তো অনেকদিন আগেই হয়ে গেছে, এখন কি ঘটনা ঘটল যার জন্য পাবলিক ইমপরট্যান্স আবার এরাইজ করছে, সেই রকম যদি হয় তাহলে শ্রীমতী মুখার্জী বলুন, আমার কোন আপত্তি নাই, কিন্তু রুল ভাঙ্গবেন না, একজন মন্ত্রী বলতে চাচ্ছেন বলেই রুল ভাঙ্গবেন না, সর্বনাশ হয়ে যাবে হাউসের। এমনিতেই তো বারটা বেজে গেছে গণতন্ত্রের, এটা করলে সর্বনাশ হয়ে যাবে। আমাদের হাউসে কোন ব্যাপারে অধিকারগত প্রশ্ন হলে আমাদের আপনাকে গার্ড করতে হবে, এটা যদি না করেন তাহলে আমরা কোথায় যাচ্ছি। আপনি এ বিষয়ে সুচিন্তিত অভিমত দেবেন। আমি বলি না হয় এখন দেবেন না, না হয় পরে বলবেন। দুর্গাপুরে সেসন হয়ে গেছে, ষ্টেটসম্যানে ছবি দেখেছি, ষ্টেশন হয়েছিল, ভেঙ্গে ফেলেছেন, অতুল্য ঘোষের ষ্টেটমেন্ট দেখেছি, কিন্তু উনি সেভাবে তুলেননি, মন্ত্রীমহোদয়া বোধ হয় কিছু বলতে চান এজন্য যে ঘটনা মিলছে না, পাবলিক ইমপরট্যান্স কবে ফুরিয়ে গেছে, কাজেই এখন কিসের উপর বলছেন,
What is the matter which has suddenly arisen.

Dr. Kanai Lal Bhattacharya:

দুর্গাপুরের ব্যাপারে এর আগেও কতকগুলি প্রশ্ন তোলা হয়েছিল বাজেট ডিসকাশনে এবং গভর্নরস্ স্পীচের ডিবেটে তার জবাব কিছু কিছু মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী দিয়েছেন, এ ছাড়া প্রশ্ন হিসাবে আমরা গোটা কতক জানতে চেয়েছিলাম তার জবাব পেয়েছি। কিছুদিন আগে শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন এই বলে মুখ্যমন্ত্রী যে বলেছেন খরচ কিছু হয়নি, অথচ তাঁরা বাজেট বহির্ভূত টাকা তাঁরা খরচ করেছেন, তার উত্তর ও'রা বলেছেন যদি খরচ করে থাকেন তাহলে সাপ্লিমেন্টারী বাজেটে সেটা আনতে পারবেন, বেশ তো সাপ্লিমেন্টারী বাজেটে যদি আনেন এবং আমরা তার সমালোচনা করি তাহলে ফের মুখ্যমন্ত্রী মহাশয় সুযোগ পাবেন জবাব দেবার। আমার বক্তব্য হচ্ছে দুর্গাপুর সংক্রান্ত কোন বক্তব্য কাটমোশন মুভ করার সময় যদি প্রশ্ন তুলে থাকেন তখনই মন্ত্রীর উচিত ছিল জবাব দেবার।

স্বাস্থ্যদপ্তরের মন্ত্রীমহাশয় তার দপ্তরের কাটমোশন আছে তা ডিসকাসন হবে আগামী পরশু দিন ১০ই মার্চ তিনি তার জবাব দিতে পারবেন যদি আমরা সে সম্বন্ধে কোন প্রশ্ন করি, কিন্তু আজকে যদি এইভাবে ৩৪৬-এর সুযোগ নেন তাহলে আমি বলছি আমাদের রুলস-কে ভায়লেট করা হবে। এর মধ্যে কোন রুলস ইমপরট্যান্স নেই একজন মিনিষ্টার-এর খুশী হয়েছে কিছু একটা বক্তব্য ভেনটিলেট করবার জন্য তা করে তিনি হাউস-এর সময় নষ্ট করছেন। শুধু তাই নয় আপনি কোন মিনিষ্টার-এর ভ্যানিটি স্যাটিসফায়েড করতে পারেন না।

Shri Kashi Kanta Maitra:

আমি আপনাকে রুলস্ ৩৫১টা পড়ে শোনাচ্ছি—সেখানে বলেছে
A member who wishes to bring to the notice of the House any matter which is not a point of order shall give notice to the Secretary in writing stating briefly the point which he wishes to raise in the House together with reasons for wishing to raise it, and he shall be permitted to raise it only after the Speaker has given his consent and at such time and date as the Speaker may fix.
এই যে প্রশ্নটা সেদিন তুলেছিলেন তা তোলবার পর আপনার মনে থাকতে পারে যে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় খুব উৎসাহের সঙ্গে হাউস-এ দাঁড়িয়ে হি ওয়ানটেড টু মেক এ পয়েন্ট এবং তখন জ্যোতিবাবু সেদিন দাঁড়িয়ে বলছিলেন আপনি অনুমতি করলে যখন মন্ত্রী একটা স্টেটমেন্ট

করতে যাচ্ছেন তাকে স্টেটমেন্ট করতে দিন এবং তিনি দাবী করেছিলেন যে তার স্টেটমেন্ট-এ পর বিরোধী দলের বক্তব্য যেন রাখতে সুযোগ দেওয়া হয়, শ্রীমতী পূরবী মুখার্জী চেয়েছিলে কিন্তু আপনি তাকে অনুমতি দেননি তাঁর স্টেটমেন্ট করতে এটা খুব পার্টিনেন্ট হয়েছে রুলস্ ৩ অনুযায়ী পার্টিনেন্ট হত ও রেলিভেন্ট হত। স্বাস্থ্যমন্ত্রী মহাশয়া যদি জবাব দিতেন তাহে আজকে ম্যাটার অব পাবলিক ইমপরট্যান্স থাকত না আজকে আর এটাকে আপনি ম্যাটার অ পাবলিক ইমপরট্যান্স বলবেন না সেদিন স্যার একটা গুরুত্বপূর্ণ কথা মন্ত্রীমহাশয়া বলেছে আপনার টেপ রেকর্ড মেশিন ঘরে নিয়ে গিয়ে শুনতে পাবেন। মুখ্যমন্ত্রী আমাকে ইন্টারাপ্ট ক বলেছিলেন যে এর আগেকার বাজেটের টাকা খরচ করা হয়নি। আমাকে সমর্থন করেছিলে করে বলেছিলেন যে আমাদের সাপ্লিমেন্টারী বাজেট-এ ফিনান্স মিনিষ্টার এটা দেবেন। আমা মনে হয় না যে ফিনান্স মিনিস্টার-এর এত বড় হিম্মত হবে।

Mr. Speaker:

রুল ৩৫১ গোড়াতেই বলছে

which is not a point of order in asking for leave. You can only draw th attention of the House. Had it been a point of order some ruling woul have been given. Had it been a point of privilege some order would hav come from me. It says—which is not a point of order. It is something different from that. In this case you can draw the attention of the Hous and that is my reading. I am correct as I say it now. It clearly says— which is not a point of order.

[2-10—2-20 p.m.]

Shri Nikhil Das:

জ্যোতিবাবু যেটা বলেছিলেন—তিনি নিশ্চয়ই বলেছেন যে কোন সাবজেক্ট বলবেন। দুর্গাপুর সাবজেক্ট পাবলিক ইমপরট্যান্স-এর মধ্যে পড়ছে কি না সেটা রুলিং দিন।

Mr. Speaker:

জ্যোতিবাবু বলেছেন এবং যখন পাবলিক ইমপরট্যান্স-এর কথা বলেছেন নিশ্চয়ই আপনারা পাবলিক ইমপরট্যান্স-এ বলেছেন ও আমি তার জবাবে বলেছি আপনারা আজকে ৪ জন এলেন এবং আমার কাছে বলে গেলেন, ১ জন বললেন ময়নাগুড়ীর ব্যাপার। ১ জন জলের ব্যাপার...।

Shri Jyoti Basu:

ময়নাগুড়ীতে যে ফায়ারিং হয়েছে এটা কি পাবলিক ইমপরট্যান্স নয়?

Mr. Speaker:

আমি কিভাবে পারমিশান দিই? ইফ দিস রুল প্রোভাইড আই ক্যান গিভ। ৪ জন বললেন, কেউ বললেন যে জল পাওয়া যাচ্ছে না বলবো, হেল্থ ডিপার্টমেন্ট দুর্গাপুরে কতকগুলি জিনিষ হয়েছে তার জন্য

Before making the statement she asked for my permission and I allowed her.

Shri Jyoti Basu:

ঐজন্য আমি আপনাকে মনে করিয়ে দিচ্ছি যে হেল্থ ডিপার্টমেন্ট-এর বাজেট আছে সেটা তখন আলোচনার বিষয়বস্তু হতে পারে এবং আমাদের রুলস-এ আছে ইউ ক্যান নট এ্যান্টিসিপেট এ ডিসকাসন। দুবার করে একই বিষয়ে আলোচনা হতে পারে না। এই কথা যদি বলে থাকে। ইট ইজ এ্যাবসলিউটলি ক্লিয়ার এ্যাজ ডে লাইট এটা তিনি কোনরকমেই বলতে পারেন না এটা তিনি বলতে পারেন না যে এটা এখন আলোচনা হতে পারে।

Mr. Speaker:

যখন আপনারা বললেন তখন ও'র তো একটা উত্তর দেবার অধিকার আছে।

Shri Jyoti Basu:

আর দুদিন বাদে হেল্‌থ ডিপার্টমেন্ট-এর বাজেট নিয়ে আলোচনা হবে সেখানে তিনি তার অভিমত এক্‌সপ্রেস করতে পারেন যে কি ব্যাপার হয়েছিল। যদিও সাপ্লিমেন্টারী বাজেটে এসব খরচ আসবে না কিন্তু তিনি সেখানে এই সুযোগে বলতে দেবেন, না সাপ্লিমেন্টারী বাজেট যখন আসবে আর একবার তখন বলতে পারবেন, কিন্তু আজকে কোন পাবলিক ইমপরট্যান্স হয়েছে? ময়নাগুড়ীর ইমপরট্যান্স নিশ্চয়ই এর চেয়ে বেশী, এবং এ্যাসেম্বলী হবার সময় ফায়ারিং হয়েছে, সেখানে খাদ্য নেই, রেশন নেই, এর ফলে ৩।৪ জন মারা গেছে এর সংগে দুর্গাপুরেরটা মিলিয়ে দেবেন না। দুটা এক হয়না তা হলে পাবলিক ইমপরট্যান্স-এর মানে হয় না। আর আপনি যদি বলতে দেন তাহলে এখানে আইনকানুন কিছু থাকবে না।

Mr. Speaker:

মিনিষ্টার-এর স্টেটমেন্ট একটু বেশী করার রাইট আছে to let the members know certain things তিনি সে বিষয়ে বলতে চাচ্ছেন। she can make it. But I cannot and should not, as a Speaker, stop any Hon'ble Minister from making certain statement for the information of the Hon'ble members and for the people outside the House.

Shri Monoranjan Roy:

বাজেট জেনারেল ডিসকাসন-এর সময় জবাব দিতে পারবেন, পরশুদিন হেল্‌থ ডিপার্ট-এর বাজেট।

Mr. Speaker:

কি সাবজেক্ট-এ এখন আপনি বলতে চান?

Shri Jyoti Basu:

আমার অন্য কোন বক্তব্য নেই। আমার খালি বক্তব্য হচ্ছে—রুল মানা কি না মানা আপনি তার কি ইনটরপিটেসান দেবেন তা আপনি জানেন। আপনি যদি বলেন যে আমি এই রুলিং দিচ্ছি —তিনি বলুন তাহলে আলাদা কথা কিন্তু ম্যাটার অফ গ্রেট পাবলিক ইমপরট্যান্স যদি বলেন আপনাকে পরে ভুগতে হবে।

Mr. Speaker:

আপনি গ্রেট কথাটা এ্যাড করলেন কেন?

Shri Jyoti Basu:

আপনি পাবলিক ইমপরট্যান্স বলে আরবিটারী সুযোগ গ্রহণ করবেন না এবং এটা যদি করেন তাহলে আপনাকে পরে ভুগতে হবে।

Mr. Speaker:

আমি তো ভুগছি।

Shri Jyoti Basu:

তা যদি হয় আপনি পারমিশন দিন আমরা তার পূর্ণ সুযোগ গ্রহণ করবো।

Shri Kamal Kanti Guha:

ময়নাগুড়ির খাদ্যের ব্যাপার নিয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু তার কোন উত্তর দিলেন না এটা ভীষণ গুরুত্বপূর্ণ ব্যাপার। সরকারের খাদ্যনীতি ব্যর্থ হয়ে যাচ্ছে। ফাল্গুন চৈত্র মাসেই চাল পাওয়া যাচ্ছে না এখানে স্বাস্থ্যমন্ত্রী যদি এভাবে জবাব দেন তাহলে আমরা চাই মনোরঞ্জনবাবু এবং ননীবাবু যে দৃষ্টি আকর্ষণ করেছেন তার উত্তর মুখ্যমন্ত্রী মহাশয় দিন তাহলে তারপর তার এর উত্তর শুনবো।

Mr. Speaker:

আমি উত্তর দিতে দেব না।

Shri Nikhil Das:

স্যার, এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, পয়েন্ট অব প্রিভিলেজ তোলা আছে।

Mr. Speaker:

পয়েন্ট অব প্রিভিলেজ উঠেনি।

Shri Nikhil Das:

কাশীবাবু আজো তুলেছেন, পয়েন্ট অব প্রিভিলেজ তোলা আছে। সুতরাং এই ব্যাপারে এই ধরণের একটা স্টেটমেন্ট করতে দেবেন না। ও'নার যদি বলার থাকে পরশু দিন বলতে পারেন। কারণ, দুর্গাপুর নিয়ে অনেক হয়ে গেছে এইভাবে দুর্গাপুর সম্বন্ধে আর বলতে দেবেন না।

Mr. Speaker:

দুর্গাপুরের আগে কি বলছেন সেটা শুনুন।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে আজকে এখন যে আলোচনা হল এর পরে আমি মনে করিনা যে আমার স্টেটমেন্ট দেবার কিছুমাত্র প্রয়োজন আছে। একটামাত্র কথা আমি বলব শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় সেদিন ৩৫১ ধারা অনুযায়ী নিজেই স্ট্যান্ড নিয়েছিলেন এবং রুল ৩৫১-এর উপর স্ট্যান্ড নেওয়ার জন্য সেদিন আমি রাইট অব রিপ্লাই-এর অধিকার হারিয়েছিলাম অধিকার নেই বলে। আজকে তিনি স্ট্যান্ড নিয়েছেন under rule 351 he has again raised a point of privilege. If that is the point of privilege, I would have the right to reply to the point of privilege. So he cannot have both ways. That is my submission.

Mr. Speaker:

যখন প্রিভিলেজ এ্যালাও করব আমার কাছে আসবে তখন ওটা হবে।

DEMAND FOR GRANT

GRANT NO. 19

Major Head: 28—Education

Shri Rabindralal Sinha: Sir, On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 30,47,69,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education".

Shri Rabindralal Sinha:

মাননীয় সভাপাল মহাশয়, যদিও আমি ৩০ কোটি ৪৭ লক্ষ ৬৯ হাজার টাকার ১৯ নম্বর গ্রান্ট এখানে উপস্থাপিত করছি তবুও এটাই শিক্ষার সম্পূর্ণ দাবি নয়। আরো ৩টি গ্রান্টে শিক্ষার দাবি ছড়ান আছে—সেই তিনটি গ্রান্ট হচ্ছে গ্রান্ট নাম্বার ১৮, গ্রান্ট নাম্বার ৩৪, গ্রান্ট নাম্বার ৫০। এই তিনটি ধরলে সাধারণভাবে শিক্ষার জন্য দাবি হবে ৩০ কোটি ৯২ লক্ষ ৮ হাজার টাকা। এছাড়াও চিকিৎসা বিদ্যা মেডিক্যাল এডুকেশান-এর একটা বিরাট অংক আছে। তাছাড়া কারিগরি শিক্ষার জন্য ইন্ডাষ্ট্রিজ এ্যান্ড কমার্স ডিপার্টমেন্ট যে সমস্ত খরচ করে টেক্সটাইল, সিরামিক, লেদার টেকনোলজি, এবং ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট এই সবগুলিই শিক্ষার মধ্যে পড়ে। এ ধরলে ৩০ কোটি ৯২ লক্ষ এর চেয়েও অনেক বেশী শিক্ষার জন্য বরাদ্দ হয়ে যায়। আজকে খালি আমি ১৯ নম্বর গ্রান্টের কথা বলি। শিক্ষার জন্য আমরা ৩০ কোটি ৪৭ লক্ষ টাকার বরাদ্দ প্রার্থনা করেছি। এতে দেখা যাচ্ছে যে আমাদের ক্রমশঃ ক্রমশঃ বরাদ্দ বেড়ে চলেছে। ১৯৬৩-৬৪ সালে রিভাইজড এস্টিমেট ছিল ২৪ কোটি ৪০ লক্ষ টাকা। কিন্তু গত বছর ১৯৬৪-৬৫ সালে বাজেট আনবার সময় এমারজেন্সির দরুণ কিছু কম টাকা দাবি করা হয়, দাবি কমাতে বাধ্য হতে হয় সরকারকে। তখন দাঁড়িয়ে ছিল ২৩·৯১ কোটিতে। কিন্তু অত্যন্ত আনন্দের কথা, সুখের কথা পশ্চিমবঙ্গ সরকার শিক্ষা সম্বন্ধে যে অত্যন্ত সজাগ তার প্রমাণ স্বরূপ ১৯৬৪-৬৫ সালে রিভাইজড এস্টিমেটে সেই টাকা ২৮·১১ কোটিতে এসে দাঁড়িয়েছে।

[2-20—2-30 p.m.]

তাছাড়া আগামী বছরের জন্য যে বরাদ্দ আমি প্রার্থনা করছি, তাতে আরো ২·৩৭ কোটি টাকা গত বছরের রিভাইজড এস্টিমেট-এর চেয়ে বেড়ে যাচ্ছে। অর্থাৎ ৩০ কোটি ৪৭ লক্ষ টাকা। অতএব আমরা যে বর্তমানে ইমারজেন্সীর মধ্যে সংকট কালের মধ্যে আছি, তা সত্ত্বেও আমরা শিক্ষার জন্য ক্রমশঃ বরাদ্দ বাড়িয়ে যাচ্ছি, অধিকতর ব্যয় করবার প্রচেষ্টা করছি এ বিষয়ে কোন সন্দেহ নাই।

তাছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি আমরা একটু পিছিয়ে যাই, তাহলে দেখবেন যে প্রতি বছর শিক্ষার জন্য খরচে ক্রমবৃদ্ধি ঘটেছে। বাংলাদেশ বিভক্ত হবার ঠিক আগের বছর সমগ্র অবিভক্ত বাংলায় শিক্ষার জন্য ৩·০৩ কোটি টাকা খরচ হয়েছিল। তারপরে ১৯৪৮-৪৯ সালে বাংলাদেশ বিভক্ত হবার পরে প্রথমটা খরচ কমে এলো। কারণ সমগ্র বাংলার ⅓ অংশ নিয়ে আমাদের পশ্চিমবাংলা হলো, তখন সেখানে খরচ দাড়ালো ১·৯৭ কোটি টাকা। তারপরে ১৯৫০-৫১ সাল থেকে আমাদের শিক্ষার জন্য খরচ ক্রমশঃ বাড়তে লাগলো। ১৯৫০-৫১ সালেতে হলো ৩·০৬ কোটি টাকা ১৯৫৫-৫৬ সালে হলো ৯·২১ কোটি টাকা। অনেকটা বেড়ে গেল। তারপর ১৯৬০-৬১ সালে হলো ১৬·৭৬ কোটি টাকা। তারপর ১৯৬১-৬২ সালে হলো ২১·৩০ কোটি টাকা। ১৯৬২-৬৩ সালে হলো ২৫·৮১ কোটি টাকা। আর এই বছরে রিভাইজড হয়েছে ২৮·১১ কোটি টাকা। আর আগামী বছরের জন্য হলো ৩০ কোটি ৪৮ লক্ষ টাকা। সুতরাং দেখা যাচ্ছে স্বাধীনতা অর্জনের পর থেকে শিক্ষার জন্য ব্যয় আমরা ক্রমশঃ বৃদ্ধি করে চলেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবিভক্ত বাংলার শেষ বছরে ৩·০৩ কোটি টাকা খরচ হয়েছিল। তখন মোট রেভিনিউ রিসিট্ ছিল ৪২ কোটি টাকা, অর্থাৎ মোট রেভিনিউ রিসিট্-এর ৭ ভাগ শিক্ষাখাতে খরচ হয়েছিল। আর আজকে রেভিনিউ রিসিট্ যেখানে ১৫২ কোটি টাকা, সেখানে তারমধ্যে ৩১ কোটি টাকা শুধু ১৯ নম্বর শিক্ষা খাতে, ডাইরেক্ট গ্রান্টগুলিতে খরচ হচ্ছে, মেডিক্যাল এডুকেশান, টেকনিক্যাল এডুকেশান থ্রু কমার্স এ্যান্ড ইন্ডাষ্ট্রিজ ডিপার্টমেন্ট বাদ দিয়েও সেটা ২০ পার্সেন্টের চেয়ে বেশী; খের কমিটি ২০ পার্সেন্টের কথা বলেছিলেন, আমার মাননীয় বন্ধুরাও কুড়ি পার্সেন্টের কথা বলেছেন। আগামী বছর রেভিনিউ রিসিট-এর ২০ পারসেন্ট-এর বেশী টাকা শিক্ষাখাতে খরচ করা হবে। একটি প্রশ্ন আসবে এর পরে যে শিক্ষার জন্য আমরা অধিক অর্থ বিনিয়োগ করছি এটা অনস্বীকার্য কিন্তু শিক্ষার ফিসিক্যাল বিচারে বেশী করে প্রসার ঘটছে কি না—একথাও বিবেচনা করতে হবে।

আজকে প্রাথমিক শিক্ষা দিয়ে সুরু করা যাক। প্রাথমিক শিক্ষা বিচার করলে দেখা যাবে ১৯৪৭-৪৮ সালে যেখানে ১৩,৯৫০টি প্রাথমিক বিদ্যালয় ছিল, সেখানে ১৯৬৩-৬৪ সালে সেই প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়িয়েছিল ৩৪৪১৩টি এবং ছাত্র যেখানে ১৯৪৭-৪৮ সালে ছিল ১০·৪৪ লক্ষ, সেখানে ১৯৬৩-৬৪ সালের শেষে হচ্ছে ৩৬·২৬ লক্ষ। শিক্ষকদের সংখ্যা যেখানে ছিল, ৩৫,৪৩০ জন, সেখানে ১৯৬৩-৬৪ সালের শেষে দাঁড়িয়েছে ৯৮,৩০৬ জন। সুতরাং প্রাথমিক শিক্ষা প্রসার হচ্ছেনা—একথা বললে ঠিক বলা হবে আমি মনে করি না। তাছাড়া এটা দেখা যাবে যে প্ল্যানিং কমিশনের টারগেট হচ্ছে তৃতীয় পরিকল্পনায় ঐ বয়স্ক ছেলেমেয়েদের শতকরা ৮০ ভাগ যেন প্রাথমিক শিক্ষা ব্যবস্থার মধ্যে আনা হয়। এষ্টিমেট করে দেখা যাচ্ছে যে তৃতীয় পরিকল্পনার শেষে বাংলাদেশে ঐ বয়েসের চাইল্ড পপুলেসন দাঁড়াবে ৪৮·৯৮ লক্ষ এবং তার শতকরা ৮০ ভাগ এসে দাঁড়াচ্ছে ৩৯·১৮ লক্ষ। কিন্তু ১৯৬৩-৬৪ সালের শেষে এই ৩৬·২৬ লক্ষ অবশ্য এটাতে প্রাথমিক বিদ্যালয় এবং উচ্চ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক বিভাগগুলি পড়ে—তাদের সকলকে নিয়ে হয়েছে ৩৬·২৬ লক্ষ। তাহলে দেখা যাচ্ছে যে ১৯৬৩-৬৪ সালের মধ্যে এই ৭৯ পারসেন্ট ছাত্রছাত্রী (অবশ্য কিছু বেশী—৭৯·৯) কে আমরা প্রাথমিক শিক্ষায় নিয়ে আসতে পেরেছি। তখনও তৃতীয় পরিকল্পনার দু বছর বাকী। সুতরাং ৮০ পারসেন্ট-এ পেঁছোতে পারবো বা অতিক্রম করতে পারবো এ ভরসা আমরা সহজেই করতে পারি। তাছাড়া কিভাবে বেড়েছে যদি দেখি তাহলে দেখা যাবে যে ১৯৫০-৫১ সালে যেখানে ১৪·১৭ লক্ষ ছিল সেখানে ১৯৬০-৬১ সালে গিয়ে দাঁড়াচ্ছে ২৯·০২ লক্ষ। অর্থাৎ এ্যাভারেজ এ্যানুয়েল ইনক্রিজ দাঁড়িয়েছে বছরে বাড়ছে গড়ে ১·৪ লক্ষ। এ গেল ১০ বছরের কেস—১৯৫১ সাল থেকে ১৯৬১ সাল। কিন্তু তার পর তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বছর কি হয়েছে? ২৯·০২ লক্ষ থেকে ৩৬·২৬ বেড়েছে। অর্থাৎ এই তিন বছরে ৬·২৪ লক্ষ ছাত্রছাত্রী বেড়েছে এ্যানুয়েল এ্যাভারেজ দাঁড়িয়েছে ২·৪১। আগের ১০ বছরে যেখানে বৃদ্ধির এ্যানুয়েল এ্যাভারেজ ছিল ১·৪ লক্ষ—এখন সেটা দাঁড়াচ্ছে ২·৪১ লক্ষ। সুতরাং প্রাথমিক শিক্ষা প্রসার হচ্ছে না একথা বল্লে ঠিক হবে না। আজকে আমাদের যেটা অসুবিধা হচ্ছে সেটা হচ্ছে যে বালিকাদের আমরা ঠিক পুরোপুরি নিয়ে আসতে পারছি না। এর জন্য এই বাজেটে বিশেষ বরাদ্দ—প্রাথমিক শিক্ষালয়ে বালিকাদের জন্য—যদিও বালক বালিকারা এক সঙ্গে পড়াশুনা করে তবুও বালিকাদের যাতে আরও নিয়ে আসা যায় এ জন্য বিশেষ বরাদ্দ করা হয়েছে সাড়ে দশ লক্ষ। কিন্তু আজকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। এখানে প্রশ্ন উঠে অনেক সময় যে কেন যারা ছাত্রছাত্রী পাঠান না তাদের শাস্তি দেওয়া হয় না, আদালতে সোপার্দ কেন করা হয় না। আমি মনে করি যে আমরা যদি প্রাইমারী এডুকেসনের ফেসিলিটিজ ইউনিভারস্যাল করতে দিতে পারি তাহলে ছাত্রছাত্রীরা প্রচুর সংখ্যায় আসবেন এবং দেশের যারা নেতৃস্থানীয় মানুষ তারা যদি সহায়তা করেন—আমাদের মাননীয় বিরোধী পক্ষের বন্ধু এবং কংগ্রেস পক্ষ সকলেই যদি সহায়তা করেন জনসাধারণকে বুঝিয়ে মেয়েদেরকে বিদ্যালয়ে পাঠাবার প্রচেষ্টা করেন তাহলে তা নিশ্চয় সার্থক হবে। আজকে এখানে যদি প্রসিকিউসন করতে যাই তাহলে কাদের প্রসিকিউসন করবো? সমাজের মধ্যে যারা সবচেয়ে পশ্চাৎপদ সিডিউলড কাষ্টস ইত্যাদি যাদের বাড়ীতে লেখাপড়া হয় না এবং যারা দরিদ্র তাদের তাহলে প্রসিকিউসন করতে হবে- তাই নিতান্ত দায়ে না পড়লে এটা করা উচিত নয়। আগে বুঝিয়ে সুঝিয়ে নিয়ে আসবার চেষ্টা করা উচিত। সহর এলাকায় প্রাথমিক শিক্ষার অসুবিধা আছে। ১৯১৯ সালে যে আইন ছিল তাতে পৌরপ্রতিষ্ঠানগুলির উপর সম্পূর্ণ দায়িত্ব ছিল। কিন্তু ১৯৬৩ সালে নূতন আরবান প্রাইমারী এডুকেসন অ্যাক্ট, আমরা বিধিবদ্ধ করেছি এই বিধানমন্ডলীতে। তার ফলে এখন পৌরপ্রতিষ্ঠানগুলির উপর দায়িত্ব থাকলেও সরকার যে সক্রিয় সহযোগিতায় এগিয়ে যাবেন অর্থ সম্ভার নিয়ে এ কথা সেখানে পরিষ্কার লেখা আছে। এই আইন পাশ হবার পর অনবরত মিউনিসিপ্যালিটীগুলিকে জানাচ্ছি যে আইন অনুযায়ী যে বিধান আছে যে তারা স্কীম দেবেন—সরকার সেই স্কীম বিবেচনা করে কিভাবে অর্থ সাহায্য—এই দুয়ের মধ্যে ভাগ করে নেওয়া যাবে এটা বিবেচনা করবেন। আমি বিভিন্ন পৌরপ্রতিষ্ঠানকে লিখে পাঠিয়েছি। তিনটি পৌরপ্রতিষ্ঠানে এখনই প্রাথমিক শিক্ষা অবৈতনিক আছে। বাকী নয়টি পৌর প্রতিষ্ঠান স্কীম পাঠিয়েছে এবং আশা করি আরও তাড়াতাড়ি স্কীম এসে যাবে

এবং আমরা সেখানে বিলম্ব না করে অনতিবিলম্বে এই প্রাথমিক শিক্ষা পৌর এলাকায় চালাতে পারবো। কলকাতা করপোরেসনের জন্য করপোরেসন কর্তৃপক্ষের সঙ্গে কথাবার্তা চলছে।

[2-30—2-40 p m.]

ইতিপূর্বে প্রাইমারী এডুকেসন স্ট্যাণ্ডিং কমিটি আমার পূর্বাধীকারীর সঙ্গে একবার দেখা করেছিলেন, ঠিক আমার মন্ত্রীত্বভার গ্রহণ করবার পূর্বে। তখন কথা হয়েছিল যে মাদ্রাজে এলিমেন্টারী এডুকেসন অ্যাক্ট অনুযায়ী খরচ ৫০ পারসেন্ট বহন করতে হয় স্থানীয় প্রতিষ্ঠানকে, সেটা তারা বহন করতে পারলে সরকার এগিয়ে আসবেন। কিন্তু যাহোক, সেটা ফাইনালাইজ হয়নি। আমরা এখন চেষ্টা করছি এবং আশা করি পৌরকর্তৃপক্ষ এবং পৌরপ্রতিষ্ঠানের সঙ্গে এক সঙ্গে বসে এটাকে চূড়ান্ত করতে পারবো বিলম্ব না করে। নূতন আরবান প্রাইমারী এডুকেসন অ্যাক্ট অনুযায়ী এডুকেসন সেস ধার্য্য করার ব্যবস্থা করা হচ্ছে প্রাইমারী এডুকেসন কম্পালসারী এন্ড ফ্রি করতে হলে আজকে অধিক অর্থের প্রয়োজন। সেস থেকে যে টাকা আসবে তাতে সম্পূর্ণ খরচের সংকুলান হবে না, তাসত্বেও সরকারকে অনেক টাকা দিতে হবে। আজকে শহর এলাকায় প্রাথমিক শিক্ষা প্রসারে বড় অসুবিধা হচ্ছে পৌরপ্রতিষ্ঠানগুলির অর্থের অভাব, তাদের যে জিনিসটা দিতে হবে সেটার জন্য অর্থের অভাব এবং একমডেসান-এর অভাব এবং স্থানাভাব। আজকে শহরাঞ্চলে বিদ্যালয়ের জন্য নূতন গৃহ আরম্ভ করে তৈরী করতে গেলে অনেক বিলম্ব হবে, অর্থের ব্যয় হবে এবং ভাড়াবাড়ী অত্যন্ত দুরূহ। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমি বলতে পারি হাওড়া পৌরপ্রতিষ্ঠান পরিচালনা করার দায়িত্ব কিছুদিন আমার হাতে ন্যস্ত ছিল। আমাদের কয়েকটি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় আছে' একটি বিদ্যালয় ভাঙ্গা ভাড়াবাড়ীতে ছিল। ভাড়া অন্যায় হারে বাড়ানো হলে তবে তারা সারাবেন আমিও চেষ্টা করে হাওড়া শহরে সেই রকম বাড়ী পেলাম না, বাধ্য হয়ে ল্যান্ড একুজিসান-এ সেটাকে দিতে হল একুইজিসান করবার জন্য এবং সে জন্য মোটা টাকা দরকার। আজকে বিশেষ অসুবিধাজনক অবস্থা হচ্ছে শহর এলাকার জন্য এই অসুবিধা দূর করতেই হবে। এই অসুবিধা অতিক্রম করতে হবে এবং সকলকার স্বক্রিয় সহযোগিতায় সেটা করতে পারব বলে আমার সুদৃঢ় বিশ্বাস এবং আরবান প্রাইমারী এডুকেসন অ্যাক্ট-এ, সরকারী সাহায্যে, পৌরপ্রতিষ্ঠানের তহবিলের সাহায্য নিয়ে নিশ্চয়ই আমরা এর একটা সঙ্গতির সমাধানে আসতে সম্ভব বলে আশা করি। প্রাথমিক শিক্ষা ছাড়া মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে আমাদের স্টেট-এর দ্রুত এবং সুদৃঢ় অগ্রগতি ঘটেছে। ১৯৪৭-৪৮ সালে সেকেন্ডারী এডুকেসন-এর ক্ষেত্রে যেখানে স্কুল ছিল ১,৯০৩টি সেখানে ১৯৬৩-৬৪ সালের শেষে গিয়ে দাঁড়িয়েছে ৪ হাজার ৯৮৫টি। ১৯৪৭-৪৮ সালে যেখানে ৫·২২ লক্ষ ছাত্রছাত্রী অধ্যয়ন করত সেখানে ১৯৬৩-৬৪ সালের শেষে ১২·০৯ লক্ষ ছাত্রছাত্রী অধ্যয়ন করে এবং এই ১২·০৯ লক্ষের মধ্যে ৮·৭৭ লক্ষ ছাত্র এবং ৩·৩২ লক্ষ ছাত্রী। এই ছাত্রী সংখ্যা ছিল ১৯৪৭-৪৮ সালে মাত্র ৬৫ হাজার। সেই ৬৫ হাজার ১৯৪৭-৪৮ সাল থেকে ১৯৬৩-৬৪ সালে ৩·৩২ লক্ষে এসে দাঁড়িয়েছে। তাহলে ৫ গুনের বেশী বৃদ্ধি পেয়েছে ছাত্রী সংখ্যা এই কয়েক বছরে। এর একটা বড় কারণ হচ্ছে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে বালিকা শিক্ষা ব্যবস্থা অষ্টম শ্রেণী পর্যন্ত সরকার তার বেতনভার বহন করেন এবং তারজন্য সরকারকে যথেষ্ট ব্যয় করতে হয়। এই বেতনভার বহন করার ফলে ছাত্রীদের পড়ার সুযোগ সুবিধা বেড়েছে এবং সামনের বছর আমরা বালিকা শিক্ষার জন্য, স্ত্রী শিক্ষার জন্য সেকেন্ডারী ষ্টেজ-এ আরো ১৫·০৮ লক্ষ টাকা বরাদ্দ প্রার্থনা করেছি যাতে এটাকে আমরা দ্রুত এগিয়ে নিয়ে যেতে পারি। আজকে যদি আমরা পশ্চিমবাংলার গড় হার দেখি তাহলে আমরা দেখবো যে পশ্চিমবাংলার জনসংখ্যার মধ্যে ৩২·২ জন মাধ্যমিক শিক্ষা গ্রহণ করেন, যেখানে সর্বভারতীয় গড় মাত্র ২৫ জন। সুতরাং সর্বভারতীয় গড়ের অনুপাতে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে আমরা অনেক উপরে আছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে রাধাকৃষ্ণণ কমিশন, মুদালিয়ার কমিশন, দে কমিটি প্রভৃতি বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ করে ছাত্রদের শিক্ষা ব্যবস্থার পুনর্বিন্যাস হয়েছে এবং তাদের জন্য উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে
With diversified course
এর সৃষ্টি হয়েছে। কিন্তু আজ সকল উচ্চ বিদ্যালয়কে আমরা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে

পরিবর্তিত করতে পারিনি, এই কথা আমি অস্বীকার করিনা। তবুও আমি সুদৃঢ়ভাবে চেষ্টা করছি এই উচ্চ-বিদ্যালয়গুলিকে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে পরিবর্তিত করতে এবং এ বিষয়ে আমরা যা সার্থকতা অর্জন করেছি, সারা ভারতবর্ষে সেই সার্থকতা কেউ অর্জন করতে পারেনি। সমগ্র ভারতবর্ষে ২২ হাজার ৩৮৫টি উচ্চ বিদ্যালয়ের মধ্যে ৫ হাজার ৩১৫টিকে তারা তৃতীয় পরিকল্পনার শেষে উচ্চতর বিদ্যালয়ে পরিবর্তন করবেন, এ হচ্ছে প্ল্যানিং কমিসন-এর কথা। অর্থাৎ শতকরা ২৪ ভাগকে তাঁরা উচ্চতর বিদ্যালয়ে উন্নীত করবেন তৃতীয় পরিকল্পনার শেষে সর্বভারতীয় ক্ষেত্রে। কিন্তু পশ্চিমবাংলায় ২ হাজার ৫০২টি বিদ্যালয়ের মধ্যে এখনো পর্যন্ত আমরা ১,২৯৬টি বিদ্যালয়কে উচ্চতর পর্যায়ে নিয়ে যেতে পেরেছি। অর্থাৎ যে সর্বভারতীয় গড় ২৩ পারসেন্ট সেখানে আমাদের ৫০ পারসেন্ট আপ টু দি এন্ড অব ১৯৬৩-৬৪। সর্বভারতীয় গড় ২৪ পারসেন্ট হলেও আমাদের গড় হচ্ছে ৫০ পারসেন্ট কনভারসন সুতরাং তার জন্য কিছু কৃতিত্ব আমরা নিশ্চয়ই দাবি করতে পারি। আজকে আমাদের শিক্ষকদের শিক্ষণ শিক্ষা ব্যবস্থা প্রসার করা দরকার। আমরা এ কথা স্বীকার করি যে পশ্চিমবাংলায় ৩২টি ট্রেনিং কলেজ আছে এবং তাতে ৩ হাজার ৬০২ জন ট্রেনি শিক্ষা লাভ করেন। আগামী বছর অর্থাৎ ১৯৬৫-৬৬ সালে আমরা এই সমস্ত কলেজগুলিতে আরো ৫০০টি আসন বৃদ্ধি করতে পারবো এই সংকল্প নিয়ে এগোচ্ছি এবং চতুর্থ পরিকল্পনায় কলেজের সংখ্যা বৃদ্ধি করতে পারবো এই বিশ্বাস আছে। আজকে বিজ্ঞান শিক্ষার দিকে শিক্ষকদের শিক্ষণ জ্ঞান থাকা উচিত এবং তাঁদের শিক্ষা থাকলে বিজ্ঞান শিক্ষা যে সুচারুরূপে হয় সেটা আমরা জানি। সেইজন্য কনডেন্স কোর্স-এর সৃষ্টি করা হয়েছে এবং সেখানে যারা ৬ মাসের ট্রেনিং নেন বিভিন্ন উচ্চতর বিদ্যালয়ের বিজ্ঞান স্নাতক শিক্ষকরা এই শিক্ষার সময়কে ৬ মাস থেকে ৯ মাস বৃদ্ধি করবার সংকল্প করেছে এবং এখন সেখানে বছরে ৩৫০ জন শিক্ষা নেন। সেটাকে আমরা আরো বৃদ্ধি করবার সংকল্প নিয়েছি এবং আমরা ভরসা করি যে তৃতীয় পরিকল্পনার শেষ পর্যন্ত সমস্ত বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষকরা এই শিক্ষার সুযোগ নিতে পারবেন। ইংরাজী শিক্ষাব্যবস্থারও উন্নতি হওয়া উচিত। সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে সেকথা বাংলাদেশের প্রতিযোগিরা বার বার অনুভব করেন।

[2-40—2-50 p.m.]

সেইজন্য ইংরেজীতে শিক্ষণ শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। বৃটিশ কাউন্সিল-এর সহযোগিতায় আমরা স্টেট ইনস্টিটিউট অব ইংলিশ স্থাপন করেছি এবং সেখানে যাঁরা বিদ্যালয়ে ইংরেজী পাঠ দেবেন তাঁদের বিশেষ শিক্ষার ব্যবস্থা আছে এবং এটা সম্প্রসারণ করবার প্রচেষ্টা চলছে। এবারে আমি কলেজ এবং উচ্চ শিক্ষার স্তরে যাচ্ছি। এক্ষেত্রে কয়েক বছরে আমাদের অগ্রগতি সত্যই আনন্দ করবার মত। ১৯৪৭-৪৮ সালে যেখানে আমাদের ৫০টি কলেজ ছিল সেখানে ১৯৬৪-৬৫ সালে ১৬৬টি হয়েছে এবং বিশ্ববিদ্যালয় ১টির ক্ষেত্রে ৭টি হয়েছে। তাছাড়া ইউনিভার্সিটি ইনস্টিটিউট আছে যাঁরা ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এ্যাক্ট অনুযায়ী ডিগ্রি, ডিপ্লোমা দিয়ে থাকেন—যেমন খড়গপুর আই আই টি, স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট, বরাহনগর। আপনারা জানেন বিশ্ববিদ্যালয়ে কলেজে যে ছাত্ররা পড়তেন তাঁদের সংখ্যা ছিল যেখানে ১৯৪৭-৪৮ সালে মাত্র ৩৮ হাজার ১৪০ সেখানে ১৯৬৩-৬৪ সালে হয়েছে ১ লক্ষ ৫৮ হাজার ৪৪০ জন। স্যার, জনসংখ্যার হিসেবে পশ্চিমবাংলা হচ্ছে ভারতবর্ষের মধ্যে ৫ম প্রদেশ। আমাদের চেয়ে অধিক জনসংখ্যা সম্পন্ন রাজ্য থাকলেও আমি গর্বের সঙ্গে একথা বলতে পারি যে, পশ্চিমবাংলা উচ্চশিক্ষার ক্ষেত্রে এনরোলমেন্ট সর্বাধিক করেছে এবং এমন কি সেটা ইউ পি, মহারাষ্ট্র এবং বিহার থেকেও বেশী। (জনৈক সদস্যঃ—আগেও ছিল) সেটাই বলেছি। এবারে আমি পারসেনটেজ-এর কথা বলি। ওয়েস্ট বেঙ্গল যেখানে পার থাউজ্যান্ড ৪ পয়েন্ট ৫ জন ছাত্রছাত্রী উচ্চ শিক্ষা গ্রহণ করে থাকেন সেখানে সর্বভারতীয় গড় হচ্ছে ২ পয়েন্ট ৭ এবং কেরালার মত শিক্ষার অগ্রসর রাজ্যের গড় হচ্ছে ৩ পয়েন্ট ৯। কাজেই এদিক থেকে দেখা যাচ্ছে উচ্চ শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবাংলা সর্বাগ্রে আছে এবং একথা বাঙ্গালীরা গর্বের সঙ্গে স্মরণ করতে পারে। অবশ্য আত্মগ্লানী বা আত্ম অবমাননা যাঁরা করেন তাঁদের কথা আলাদা। তারপর, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আমরা স্নাতকোত্তর শিক্ষা ব্যবস্থা আরও সম্প্রসারণ করবার জন্য প্রচেষ্টা করে চলেছি। উত্তরবঙ্গে, বর্ধমানে সম্প্রসারিত হয়েছে এবং মনে করি সামনের বছরে আরও

সম্প্রসারিত হবে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে আজকে কৃষি বিদ্যাশিক্ষা এবং গবেষণার সমস্ত কাজ কেন্দ্রীভূত করা হচ্ছে এবং সমস্ত রকম ব্যাপক প্রয়োগের দিকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপর ভার অর্পণ করা হয়েছে। শুধু এই সবই নয়, টেকনিক্যাল এডুকেসন, স্যোসাল এডুকেসন এবং ফিজিক্যাল এডুকেসন প্রভৃতি সর্বদিকেই পশ্চিমবাংলার অগ্রগতি অব্যাহত আছে। তারপর টেকনিক্যাল এডুকেসনের ক্ষেত্রে আমরা দেখছি ১৯৪৭-৪৮ সালে যেখানে মাত্র ১টি ডিগ্রি কলেজ ছিল এবং ১৬০ জন ছাত্র যেখানে পড়বার সুযোগ পেত সেখানে এখন ৭টি ডিগ্রি কলেজ হয়েছে এবং আমরা যদি খরগপুরকে বাদ দেই কেন্দ্র পরিচালিত বলে তাহলে বাকী যে ৫টি ইঞ্জিনিয়ারিং কলেজ আছে তাতে ১ হাজার ৩৬৫টি ছাত্র পড়বার সুযোগ লাভ করছে। সুতরাং অগ্রগতি হয়নি একথা বলা ঠিক হবে না। আন্ডার গ্রাজুয়েট কোর্স নূতন নূতন সৃষ্টি করা হয়েছে এবং পোস্ট গ্রাজুয়েট ইঞ্জিনিয়ারিং কোর্স নানা বিভাগে সৃষ্টি করা হয়েছে যেমন মেটালার্জিক্যাল, টেলি-কমিউনিকেসন, ইঞ্জিনিয়ারিং প্রভৃতি। তারপর পলিটেকনিক ২৩টি কাজ করছে এবং বিশ্বাস করি অতিশীঘ্র আরও কয়েকটি করতে পারব। পলিটেকনিক-এ আসন বৃদ্ধি করা হয়েছে এবং আরও যাতে তাড়াতাড়ি শিক্ষালাভ করতে পারে, সর্বপ্রকার ছাত্র যাতে সুযোগ নিতে পারে সেইজন্য ২ বছরের একটি কোর্স ইনট্রোডিউসড হয়েছে। তাছাড়া বাংলাদেশে বেশীদূর যারা পড়তে পারে না তাদের জন্য জুনিয়ার টেকনিক্যাল স্কুল স্থাপন করেছি। ১৫টি টেকনিক্যাল স্কুল স্থাপিত হয়েছে এবং অন্যান্য টেকনিক্যাল এডুকেশন ক্ষেত্রে কেন্দ্রের সংগে ভাগাভাগি করে যা করতাম বা ডাইরেক্ট সেন্ট্রাল গ্রান্টে করতাম এখানে কিন্তু আমাদের সমুদয় ব্যয় বহন করতে হয়। এ ছাড়া আরও কয়েকটি আমরা শীঘ্র স্থাপন করতে পারব বলে মনে করছি। তারপর স্নাতকোত্তর গবেষণার জন্য বাজেট দেখলে দেখতে পাবেন অর্থ বরাদ্দ প্রার্থনা করা হয়েছে। এ ছাড়া কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট কারিগরী শিক্ষার প্রসারের জন্য ব্যয় করছেন, এটা কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট বাজেটে দেখেছেন এবং তার অংকও যথেষ্ট। আজকে বাংলাদেশে ৫০০টি এডাল্ট এডুকেশন সেন্টার চালু আছে এবং কয়েকটি এডাল্ট স্কুল রয়েছে। সাধারণভাবে যারা শিক্ষার সুযোগ পান না তাঁরা যাতে পরে স্কুল ফাইনাল অবধি পড়তে পারে অবসর সময়ে তারও ব্যবস্থাও করা হয়েছে। লাইব্রেরীর সংখ্যাও আমরা বাড়াতে পেরেছি। একথাও স্বীকার করি যে কমিউনিটি সেন্টারে, রবীন্দ্র মেমোরিয়েল হলে বিভিন্ন স্থানে অর্থ অনুদান দিয়েছি, এটা সবাই জানেন। তবে এ বিষয়ে অসুবিধার কথা হচ্ছে এই তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় পরিকল্পনা কমিশন ইমার্জেন্সীর জন্য জরুরী অবস্থার জন্য এই বিভাগে ব্যয় সংকোচ করার ফলে আমরা অনেক অসুবিধার মধ্যে কাজ করছি। তারপর শারীর শিক্ষণ সম্বন্ধে আমরা সর্বতোভাবে দৃষ্টি রেখেছি কি করে উন্নতি হয়। আপনারা শুনলে আনন্দিত হবেন ১৯৬১-৬২ সালে যেখানে ২৯ হাজার এন সি সি ছিল আজকে তার সংখ্যা লক্ষাধিক হয়েছে, এবং আমরা সম্প্রতি কংসাবতী ড্যাম সাইটে আর একটা ইয়ুথ হোস্টেল তৈরী করেছি। আপনারা জানেন আমরা বিভিন্ন জেলা সহরে স্টেডিয়াম এ্যান্ড প্লেগ্রাউন্ড-এর জন্য সরকার এগিয়ে যাচ্ছেন অর্থ সাহায্য নিয়ে। ফিজিক্যাল এফিসিয়েন্সী ড্রাইভ সমগ্র দেশব্যাপী হয়েছে। তারপর আজকে আমরা একথাও বলি ফিজিক্যাল এডুকেশন-এর ট্রেনিং কলেজ বাণীপুরে আসন বৃদ্ধি করে ১২০টি করতে পেয়েছি। ক্যালকাটা স্টেডিয়াম সম্বন্ধে অনেক প্রশ্ন এসেছে এবং এটা আশ্বাস দিতে পারি কলকাতায় স্টেডিয়াম সম্বন্ধে সরকারও অত্যন্ত আগ্রহশীল, এবং এ বিষয়ে সরকারের আগ্রহ কারও চেয়ে কম নয় কিন্তু একথা সকলেই জানেন এই যে জমি প্রতিরক্ষা বিভাগের জমি, প্রতিরক্ষা বিভাগের কাছে বার বার লেখা হয়েছে এবং প্রতিরক্ষা মন্ত্রী শেষে আমাকে যে পত্র দিয়েছেন তাতে লিখেছেন শীঘ্রই এ সম্বন্ধে সিদ্ধান্ত হবে।

[2-50—3 p.m.]

পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী লিখেছেন আমি ব্যক্তিগতভাবে লিখেছি এবং বেসরকারী স্তরে পশ্চিম বাংলার স্পোর্টস্ কাউন্সিলের সভাপতি অতুল্যবাবুও এ সম্বন্ধে চেষ্টা করছেন অতএব আজকে নিঃসংশয়ে বলতে পারি সরকার একান্ত আগ্রহশীল স্টেডিয়াম করার জন্য এবং জমি দখল পাওয়া গেলেই তাড়াতাড়ি স্টেডিয়াম যাতে নির্মাণ করা যায় সেদিক থেকে কোন ত্রুটি হবে না। পরিশেষে এই কথা বলি যে বার বার বলা হয় বা বলবার চেষ্টা করা হয় যে পশ্চিমবঙ্গ

সরকার শিক্ষকদের প্রতি সহানুভূতিশীল নয়। এই কথা সম্পূর্ণ অলীক এবং অসত্য আমাদের পরিপূর্ণ শ্রদ্ধা ও সহানুভূতি বাংলার শিক্ষক কুলের প্রতি আছে। সেজন্য স্বাধীনতা পাবার পর থেকে সহানুভূতির সঙ্গে কি করে শিক্ষকদের বৈষয়িক ব্যবস্থার উন্নতি করা যায় তার জন্য চেষ্টা করছি। ১৯৪৮ সালের আগে তাদের কোন স্কেল ছিলনা ফিক্‌স্‌ড্‌ পে ছিল। স্কেল তৈরী হল তার পর ১৯৫১ সালে রিভাইজড্‌ হল, ১৯৫৪ সালে ও ১৯৬১ সালে আবার হয়েছিল এত তাড়াতাড়ি কোন চাকরীতে স্কেল রিভাইজড্‌ হয় না। স্বাধীনতার সঙ্গে সঙ্গে অত্যন্ত অল্প বেতন ভোগী যে শিক্ষক সমাজ ছিলেন তাদের অবস্থার উন্নতি করবার চেষ্টা করছি এবং যখনই আমাদের সঙ্গতি হয়েছে তখনই আমরা সেই ভাবে করেছি এবং এর ফলে ৩য় পরিকল্পনায় শিক্ষাখাতে ব্যয় প্রায় ৩৬ কোটি থেকে ৫১ কোটিতে দাঁড়িয়েছে এবং আমি মনে করি ৫৩ কোটির আগে থামতে পারব না সুতরাং আমরা এটা করি না এ কথা বলা সম্পূর্ণ অবাস্তব। ৩য় পরিকল্পনায় মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষকদের কণ্ডিসন অব সার্ভিস ইম্প্রুভ করার জন্য আমরা ১৮·৩১ কোটী টাকা অতিরিক্ত ব্যয় করছি। সুতরাং একথা তাদের বোঝা উচিত যে আমরা সম্পূর্ণ সহানুভূতিশীল, তাছাড়া সম্প্রতি যে মহার্ঘ ভাতার কথা ঘোষণা করা হয়েছে সেই মহার্ঘ ভাতা শিক্ষক এবং বিদ্যায়তনের কর্মচারীদের দেবার জন্য বাৎসরিক ২ কোটী ১৬ লক্ষ টাকা ব্যয় হবে। কিন্তু সফল লক্ষই সরকারের সঙ্গতি সাপেক্ষ। বিচার করতে হবে দরিদ্র দেশ, দরিদ্র দেশের সাধারণ মানুষের সঙ্গতি কম, সরকারেরও সঙ্গতি সেখানে কম হতে বাধ্য। সুতরাং এই সঙ্গতির সুষ্ট বন্টন সেটাই হবে আমাদের প্রচেষ্টা। অতএব পরিপূর্ণ সহানুভূতি নিয়ে শিক্ষকদের কথা আমরা বিবেচনা করছি। আপনি জানেন যে কলেজ এবং কলেজ শিক্ষকদের ক্ষেত্রে যেখানে নূতন কলেজ স্থাপিত হয়েছে যেখানে নূতন পোষ্ট ক্রিয়েটেড হয়েছে। এই প্ল্যান-এর শেষে অর্থ কৃচ্ছতা থাকা সত্ত্বেও ইউ জি সি স্কেল অনুযায়ী তাদের কলেজকে ইউ জি সির পে-এর জন্য ডিফারেন্স অব পে দিতে সরকার সম্মত হয়েছে ডিফারেন্স অব পে-র উপর কোন প্রভিডেন্ট ফাণ্ড কাটা হত না কিন্তু সেটা যখন পে-র ভেতরের একটা অংশ তখন প্রভিডেন্ট ফাণ্ড কাটা হোক সেজন্য সরকার এই ডিফারেন্স অব পে-র উপর সম্পূর্ণ প্রভিডেন্ট ফাণ্ড-এর টাকা দিতে প্রস্তুত। তাছাড়া ইউ জি সি, গ্রান্ট ছিল ৫ বৎসরের জন্য। অধিকাংশ কলেজের ক্ষেত্রে ৫ বৎসর অতিক্রান্ত হবার ফলে আজকে সরকারকে তাদের পরিপূর্ণ দায়িত্ব বহন করতে হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের শিক্ষা আদর্শ অবস্থায় আছে এমন বাতুল নই যে এই কথা বলবো? আপনি জানেন পশ্চিমের সঙ্গতিশীল দেশের সঙ্গে তুলনা করলে আমরা অনেক পিছিয়ে আছি, কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলি যে একান্ত সীমীত সীমাবদ্ধ সঙ্গতির আমরা সার্থক ব্যবহার করছি এবং আদর্শ অবস্থার দিকে এগিয়ে যাচ্ছি সেজন্য ৪র্থ পরিকল্পনায় নানা দিকে উন্নয়নের প্রয়োজন আছে। শিক্ষায় নানান ক্ষেত্রে এবং প্রাথমিক শিক্ষা ও কারিগরী শিক্ষার উপর অধিকতর গুরুত্ব দেবার যে প্রয়োজন আছে একথা নিশ্চয়ই সকলে স্বীকার করবেন, এবং সেই গুরুত্ব বিবেচনা করে বিশেষ অভিনিবেশ সহকারে অগ্রাধিকার ধার্য্য করতে হবে এই কথা সকলকেই একবার স্মরণ করা উচিত। আমি পরিশেষে এই কথা বলতে চাই যে প্রতিটি প্ল্যান-এ আমাদের শিক্ষাখাতে খরচ বেড়েছে। এখন প্ল্যান-এ যেখানে ১১ কোটী ৭৯ লক্ষ টাকা খরচ করেছি, দ্বিতীয় প্ল্যান-এ ৩০ কোটী ৩৩ লক্ষ টাকা খরচ করেছি, তৃতীয় প্ল্যান-এ ৫১ কোটি করেছি এবং পরে ৫৩ কোটী করতে বাধ্য হবো। সুতরাং এই কথা বলতে চাই বাংলা দেশের শিক্ষা ব্যবস্থার সর্বাঙ্গীন উন্নয়ন এবং প্রসারের জন্য সকলের সক্রিয় সহযোগিতা কামনা করি এবং আমার বিরোধী পক্ষের বন্ধুরা যতই ব্যাঙ্গ করুননা কেন আমি বিশ্বাস করি পশ্চিম বাংলার মানুষ স্বভাবতই শিক্ষা অনুরাগী। তারা উদ্বুদ্ধ করবে পশ্চিম বাংলার শিক্ষাকে এগিয়ে নিয়ে যেতে এই প্রার্থনা জানিয়ে এই বরাদ্দ মঞ্জুর করবার জন্য আবেদন জানাচ্ছি।

Mr. Speaker: Except cut motion No. 70, all other cut motions are in order and they are taken as moved.

The following cut motions were taken as moved:—

Shri Jyoti Basu: That the demand be reduced by Re. 1.
Shri Hemanta Kumar Basu: That the demand be reduced by Re. 1

Shri Aswini Roy that the demand be reduced by Re. 1.
Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand be reduced by Re. 1.
Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Re. 1.
Shri Bhakti Bhushan Mandal that the demand be reduced by Re. 1.
Shri Amarendra Nath Roy Prodhan that the demand be reduced by Re. 1
Shri Girija Bhusan Mukherjee that the demand be reduced by Re. 1.
Shri Kandru Majhi that the demand be reduced by Re. 1.
Shri Mononranjan Roy that the demand be reduced by Re. 1.
Shrimati Ila Mittra that the demand be reduced by Re. 1.
Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Re. 1.
Shri Mahananda Haldar that the demand be reduced by Re. 1.
Shri A. H. Besterwitch that the demand be reduced by Re. 1.
Shri Nathaniel Murmu that the demand be reduced by Re. 1.
Shri Nani Bhattacharjee that the demand be reduced by Re. 1.
Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Re. 1.
Shri Amarendra Nath Basu that the demand be reduced by Re. 1.
Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Re. 1.
Shri Nikhil Das that the demand be reduced by Re. 1.
Shri Dulal Chandra Mondal that the demand be reduced by Re. 1.
Shri Gopal Banerjee that the demand be reduced by Re. 1.
Shri Jiban Krishna Dey that the demand be reduced by Rs. 100.
Shri Bhabani Mukhopadhyay that the demand be reduced by Rs. 100.
Shri Monoranjan Hazra that the demand be reduced by Rs. 100.
Shri Mrigendra Bhattacharyya that the demand be reduced by Rs. 100.
Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Rs. 100.
Shri Bejoy Pal that the demand be reduced by Rs. 100.
Shri Amarendra Nath Basu that the demand be reduced by Rs. 100.
Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Rs. 100.
Shri Sudhir Chandra Das that the demand be reduced by Rs. 100.
Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100.
Shri Nimai Chand Murmu that the demand be reduced by Rs. 100.
Shri Dulal Chandra Mondal that the demand be reduced by Rs. 100.
Shri Nathaniel Murmu that the demand be reduced by Rs. 100.
Shri Nani Bhattacharjee that the demand be reduced by Rs. 100.
Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Rs. 100.
Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced by Rs. 100.
Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100.
Shri Benoy Krishna Chowdhury that the demand be reduced by Rs. 100.
Shri Hare Krishna Konar that the demand be reduced by Rs. 100.
Shri Nagen Dolai that the demand be reduced by Rs. 100.
Shri Panchu Gopal Bhaduri that the demand be reduced by Rs. 100.
Shri Gopal Banerjee that the demand be reduced by Rs. 100.
Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100.
Shri Tarun Kumar Sen Gupta that the demand be reduced by Rs. 100.
Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100.
Shri Abhoy Pada Saha that the demand be reduced by Rs. 100.
Shri Anadi Das that the demand be reduced by Rs. 100.
Shri Tarapada Dey that the demand be reduced by Rs. 100.
Shri Rahika Dhibar that the demand be reduced by Rs. 100.
Shri Deo Prakash Rai that the demand be reduced by Rs. 100.
Shri Girija Bhusan Mukherjee that the demand be reduced by Rs. 100.
Shri Gour Chandra Kundu that the demand be reduced by Rs. 100.
Shri Bhakti Bhusan Mandal that the demand be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan that the demand be reduced by Rs. 100.
Shri Kamal Kanti Guha that the demand be reduced by Rs. 100.
Shri Rabindra Nath Mukhopadhyay that the demand be reduced by Rs. 100.
Shri Apurba Lal Majumdar that the demand be reduced by Rs. 100.
Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Rs. 100.

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার স্যার, আজকে শিক্ষাখাতে ব্যয়বরাদ্দের উপর মাননীয় শিক্ষা মন্ত্রীর বক্তৃতা শ‍ুনলাম, কিন্তু জানিনা এত আস্ফালন এবং বাগাড়ম্বর কি করে করলেন এটা শ‍ুনে মনে হচ্ছে এমটি ভেসেল সাউন্ড মাচ এবং তিনি নিজে ব‍ুঝেছেন যে য‍ুক্তি নেই। বাস্তব যে অবস্থা তার সঙ্গে মিল নেই। এই জন্য য‍ুক্তির কোন অবতারনা করেন নি। কেবল গায়ের জোরে চলবো একটা কিছ‍ু প্রতিষ্ঠা করবার চেষ্টা করছেন। অনেক জোরে অঙ্কের হিসাব দিয়েছেন। গলা ছেড়ে চীৎকার করলেই য‍ুক্তি হয়না কিছ‍ুও প্রমানও হয়না, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে তিনি একটা বক্তৃতা দিলেন কিন্তু কোথাও একথা বললেন না যে আজকে এটা কি ঠিক ভুল ব‍ুঝে না অন্যায় করে না কি কারণে সমস্ত শিক্ষা জগতকে বিক্ষ‍ুব্ধ করে তুলেছেন, এই ১৭ বৎসর কংগ্রেসী রাজত্বে এটার কারণ কি অন‍ুসন্ধান করলেন না? সবাই কি ভুল ব‍ুঝেছে বা সবাই কি সরকার বিরোধী? তাঁরা বলেছেন নেতৃত্বের কথা। আমরা এত বড়াই করে বলতে পারিনা যে সমস্ত শিক্ষক সমাজকে আমরা নেতৃত্ব দিতে পেরেছি—অবশ্য তা পারলে খ‍ুবই খ‍ুশী হতাম গৌরবান্বিত হতাম এ বিষয়ে সন্দেহ নেই। আমি সেজন্য বলছি যে ১৭ বৎসর রাজত্বের পর এবং তৃতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনার যখন শেষ হতে যাচ্ছে তখন কেন এমন হল। এত অঙ্কের হিসাব শ‍ুনলাম কিন্তু কেন এমন হল যে তারা বিক্ষ‍ুব্ধ বিচলিত এবং সর্বক্ষেত্রে তাদের প্রতিবাদ ধ্বনিত হচ্ছে বাংলা দেশে এক কোনা থেকে আর এক কোনা পর্যন্ত কেন এরকম হল? দিনের পর দিন স্কুল কলেজ বন্ধ হয়ে থাকছে মন্ত্রি মহাশয় নিজে ব্যবস্থা করা উচিত ছিল এবং তিনি তার জবাবও জানেন কিন্তু উত্তর দেবার সাহস নেই।

[3—3-10 p.m.]

আমি শ‍ুধ‍ু সেজন্য এটুকু বলব যেভাবে তিনি বক্তৃতা করলেন যে য‍ুক্তি আনলেন এটাও মারাত্মক য‍ুক্তি। বারে বারে আমরা দেখছি যে বরাদ্দ বিশেষ কিছ‍ু এগোয়নি। ও'রা আন‍ুষ্ঠানিকভাবে কিছ‍ু পরিকল্পনা করেছেন, তার চেয়ে আমরা কিছ‍ু দেখিনি। সমস্যা সমাধানের পথে এজন্য তাঁরা পা বাড়াননি। দ‍ৃষ্টিভঙ্গিটাই ভুল। কেন? ধর‍ুন উনি অঙ্কের হিসাব দিয়ে বলছেন এবং প্রশ্ন করছেন নিজেকে অগ্রগতি কি আমাদের হয়নি বিভিন্ন স্তরের শিক্ষার? এটা কে বলবে যে ইংরাজ আমলে যা ছিল তাই-ই থেকে গেছে বা তার থেকে পিছনে আমরা চলে গেছি? এইভাবে কি আমরা বিচার করব? আজকে বিচার্য বিষয় ও পদ্ধতি এটাও ভুল। উনি অঙ্কের হিসাব দিলেন আগে এত টাকা খরচ হত এখন এত টাকা খরচ হচ্ছে। হিসাব দেওয়া উচিত ছিল আমাদের প্রয়োজন কি, আমাদের আদর্শ কি, আমাদের লক্ষ্য কি, সংবিধানে কি লেখা ছিল, আমাদের কি করণীয়। ১০ বছরের মধ্যে বাধ্যতাম‍ূলক অবৈতনিক শিক্ষা ব্যবস্থা তাঁরা করতে পেরেছেন? ১৪ বছরের বালক-বালিকাদের শিক্ষা ব্যবস্থা করেছেন? করতে পারেননি এই হবে আপনাদের উত্তর। কেন পারিনি, কতটা পেরেছি, কবে বাকিটা আমরা পারব এইভাবে বিচার করা উচিত ছিল। তা তিনি করেননি। তিনি কতকগ‍ুলি অঙ্কের হিসাব দিয়ে মনে করলেন যে মাথা ঘ‍ুরিয়ে দিলাম, ৩০ কোটি টাকার বাজেট পেশ করে মনে করলেন মাথা ঘ‍ুরিয়ে দেব। সেই রকম আপনি বলতে পারতেন অবিভক্ত বাংলায় প‍ুলিসের জন্য কত খরচ হত এবং ½ বাংলার জন্য প‍ুলিসের খাতে কত খরচ হচ্ছে, প্রশাসনিক ব্যবস্থায় আগে কত খরচ হত এখন কত খরচ হচ্ছে। এগ‍ুলি একট‍ু মিলিয়ে দেখ‍ুন। তা না হলে ঐভাবে বিচার করে তো লাভ নেই। প‍ুলিসের জন্য এত খরচ করবার কোন কথা ছিল না। ½ বাংলার জন্য কেন খরচ বাড়ছে? ইংরাজ আমলে যা কখনও কোনদিন হয়নি, ১৯৪২ সালে যা কখনও খরচ হয়নি সেই রকম

খরচ বছরের পর বছর করছেন কেন? করছেন এই কারণে যে সমস্যার তো কোন সমাধান করতে পারেন নি। খরচ হচ্ছে এই কারণে যে মানুষ বিক্ষুব্ধ, প্রতিবাদ জানাতে চায়, সক্রিয় আন্দোলন করতে চায়, সুতরাং তাকে দমাতে হবে, অতএব আপনাদের পুলিসের ব্যবস্থা করতে হবে, টাকা খরচ করতে হবে। সেজন্য আমি বলছিলাম এদিকে মন্ত্রিমহাশয় একটু দৃষ্টি কেন দিলেন না বা এখনও কেন দিচ্ছেন না? আমাদের শিক্ষা জগতে ক'জন ছাত্র ভর্তি হয়েছে, ক'টা স্কুল কলেজ হয়েছে, ক'টা ঘরবাড়ী হয়েছে এছাড়াও একটা বড় কথা আছে এবং যেটা চারিদিক থেকে উঠেছে এবং আমাদের নিজেদের অভিজ্ঞতায় দেখছি শিক্ষা ব্যাপারে সেটা হচ্ছে একটা অরাজকতার সৃষ্টি হয়েছে সমস্ত ক্ষেত্রে। একটা অনিশ্চিয়তা আনসার্টেনটি যে কি পদ্ধতিতে আমাদের লেখাপড়া হবে সে প্রাথমিক স্কুল থেকে আরম্ভ করে উচ্চ বিশ্ববিদ্যালয় শিক্ষা অবধি, তার সিলেবাস কি হবে, কোন্ ভাষায় হবে, একটা স্তর থেকে আর একটা স্তরে কিভাবে আমরা যাব তার সমন্বয় আছে কি না এগুলির কোন বিচার তো উনি করলেন না এবং সমস্ত কিছু দেখে আমাদের ধারণা হচ্ছে যে আমরা ব্যাফ্‌ল্ড। যে অবস্থা চলেছে এই ১৮ বছর ধরে তাতে জানি না মন্ত্রিমহাশয় ব্যাফ্‌ল্ড কিনা কিন্তু আমরা ব্যাফ্‌ল্ড। কারণ, আমরা দেখছি সমস্ত দিকে যে কোন সুবিচার কিছু হচ্ছে না, কোন সায়েণ্টিফিক দৃষ্টিভঙ্গী নিয়ে তাঁরা কার্যক্রম কিছু গ্রহণ করছেন না এবং তার থেকে বড় কথা হচ্ছে শিক্ষা জগতে, দুর্ভাগ্যবশতঃ এটা বলতে হচ্ছে, দুর্নীতি সেখানে ঢোকাতে ও'রা বাধ্য করছেন। কারণ, বহু মাষ্টার মহাশয়দের কাছ থেকে শুনেছি যে তাঁদের একরকম লিখতে হয় এত মাইনে পাচ্ছি বলে কিন্তু অত মাইনে তাঁরা পান না। সরকার এমন কতকগুলি ব্যবস্থা করেছেন যার ফলে সেইরকম না লিখলে তাঁরা সরকারী সাহায্য পান না। শিক্ষা বিভাগে যদি দুর্নীতি এইভাবে প্রবেশ করে এবং এইভাবে ব্যাপক থেকে ব্যাপকতর হয় তাহলে সমাজকে কোন্ দিকে নিয়ে যাবে এটা মনে করলে শিউরে উঠি। দু'একটা উদাহরণ যদি দিই তাহলে দেখতে পাবেন করাপসান কেন বলছি, অরাজকতা কেন বলছি, সমন্বয় নেই এই কথা কেন বলছি। সব বোঝাবার সময় নেই। কিন্তু প্রাথমিক শিক্ষার স্তর থেকে আমরা দেখছি, কয়েকটি ছেলেমেয়ে যেখানে যায় তারপর মাধ্যমিক শিক্ষায় যারা গেল, খুব অল্প সংখ্যক গেল, সেখানে গিয়ে দেখলাম অনেক রকম স্কুল হয়েছে Junior High Schools, High Schools, Higher Secondary Schools, Multi-purpose Schools, Senior Basic Schools and Junior and Senior Madrassah—এই সমস্ত সেখানে আছে। এই যে নানা রকম নাম করণ করা হয়েছে, এগুলির ভার কি সরকার নিয়েছেন? সরকার নেন নাই। লাম্প সাম কিছু হাজার বারোশো করে কিছু কিছু টাকা এখানে সেখানে তাঁরা ছড়িয়ে দিচ্ছেন মাত্র। এই নিয়ে বিরোধ শিক্ষক সমাজের সঙ্গে। শিক্ষক সমিতি বলছেন কেন সরকার এগুলির ভার নিচ্ছেন না? সরকার নিক। যদি অবৈতনিক বাধ্যতামূলক করতে হয়, তাহলে ১৪ বছরের, ছাত্র ছাত্রীদের শিক্ষার জন্য এই সমস্ত স্কুলগুলি কি প্রয়োজনীয় ও অপরিহার্য্য? কিন্তু তার কোন ব্যবস্থা আজ অবধি ব'জেটে দেখছি না। আমরা কোনদিন কোন পরিকল্পনায় এই সব জিনিষ দেখছি না দীর্ঘকালের জন্য। তেমনি উচ্চতর বিদ্যালয়ের সিলেবাস, তার পাঠ্যক্রম যেভাবে করা হয়েছে তাতে হিসেব করে একজন দেখছিলেন সেখানে ১৩।১৪ বছরের ছেলেমেয়েকে ১১টা বিষয়ে শিখতে হবে সেখানে, এগারটা বিভিন্ন বিষয়ের জন্য প্রস্তুত হতে হবে। এটা কি বৈজ্ঞানিক হয়েছে? এমনভাবে তাকে ভারাক্রান্ত করা হয়েছে ঐ বিভিন্ন রকম ভাষায়, বিভিন্ন রকম বিষয়ে শেষ অবধি তার কিছুই শিখতে পারলো না। আমার মনে হয় অভিজ্ঞতা যতটুকু কেউ কি এ ভাবতে পারে? সেকথা ভাববার কারো সময় নাই—সবাই একই পথে এগিয়ে চলেছে। মন্ত্রীমহাশয়ের সময় নেই ভাববার তিনি ভাববেন না। কেউ সে সম্বন্ধে পরামর্শও তাঁকে দেন নাই। সেই জন্য তিনি কিছুই বললেন না। ঠিক সেইভাবে উচ্চতর মাধ্যমিক শিক্ষা শেষ করে যখন কলেজী শিক্ষায় যাবে, তখন সেখানে শিক্ষক সমিতি বলেছেন সেখানে কোন রকম কো-অর্ডিনেশন নাই। কোন রকম সমন্বয় নাই একটা থেকে আর একটায় যাবার জন্য।

তারপর ভাষার ব্যাপারে। স্কুলে শিক্ষা হচ্ছে মাতৃভাষায়। তারপর অনার্স নিলে ইংরেজীতে পড়তে হবে বিভিন্ন বিষয়। তাহলে কি করে সে পড়বে? সেইজন্য একাদশ ক্লাশের ছাত্রদের কি অসুবিধা হবে সেখানে। অনার্স কোর্স তারা পড়তে পারবে না। এগুলো বিচারের সময়

কি এখনো আসেনি? কিভাবে সামঞ্জস্য করা যায় একটা স্তর থেকে আর এক স্তরে নিয়ে যাবার জন্য?

তারপর অভিভাবকদের কথা কি চিন্তা করেছেন? আমরা দেখছি সেখানে ফিস বাড়ছে। ছাত্রদের সেই ফিস দেওয়ার উপর শিক্ষা নির্ভরশীল। এ ও আমরা স্কুলে দেখছি সরকারের সেদিকে ভ্রূক্ষেপ নাই। সরকার সমস্ত জড়িয়ে কত স্কুল হয়েছে? কত প্রাইভেট স্কুল হয়েছে সরকার তাদের পয়সা দেননা, ফীজ্ ইত্যাদি নিয়ে চলছে। তারপর ডেভলপমেন্ট ফিজ্ স্কুলের একটি বাড়ী তৈরী করতে হবে। ছাত্রদের মাইনে একটাকা, দুটাকা করে সেখানে বেশী দিতে হচ্ছে। এই রকম নানা উপায়। তা না হলে সে সব স্কুল চলবেনা তারা স্কুল ডেভলপ করতে পারবেনা। এই অবস্থার মধ্যে তাঁরা আছেন। অথচ সরকারের নাকি কৃতিত্ব? এই সব জিনিষ সরকার কি করে নিতে পারেন? সেইজন্য একটা হিসেব দেখছি শতকরা ৪০টী বিদ্যালয় সরকার থেকে সাহায্য পায় না, তারা বঞ্চিত এবং সামান্যতম সরকারী সাহায্য যেটুকু আসে, তা ও অনিয়মিতভাবে আসে। তারজন্য মাষ্টার মহাশয়দের আন্দোলন করতে হয়। অনিয়মিত সাহায্য আসার জন্য, তাঁরা সময়মত সেটা পান না; তারজন্য তাদের আন্দোলনের পথে যেতে হয়। এ সম্বন্ধেও কোন ব্যবস্থা অবলম্বন করতে পারেন না স্কুলের কর্তৃপক্ষ।

শিক্ষক সমিতি থেকে আর একটি বড় কথা বারে বারে বলা হচ্ছে একটা শিক্ষা সমন্বয় কমিটি আপনারা গঠন করুন। আমার মনে হয় ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, তখন তাঁর সঙ্গে বিভিন্ন আলোচনা হয়েছে। কথায় কথায় উঠেছে সেখানে একটা সমন্বয় কি করে করা যায় প্রাথমিক শিক্ষা থেকে শেষ অবধি শিক্ষা জগতের জন্য একটা কিছু করা হোক্। উনি বলেছিলেন যে হ্যাঁ, এ সম্বন্ধে একটা বিবেচনা করা যেতে পারে। কিন্তু আজ অবধি দেখছি সেটা বিবেচনার বাইরে। আজকে কেউ চিন্তা করছেন না যে এই শিক্ষানীতি আজকে সুষ্ঠুভাবে কিভাবে নিয়ন্ত্রণ করা যায়। তারজন্য শিক্ষক সমিতি থেকে তাঁরা বলেছিলেন আমরাও এখানে একমত হয়ে বলেছিলাম যে স্বয়ং সম্পূর্ণ গণতান্ত্রিক মাধ্যমিক শিক্ষা পর্ষৎ বা সেকেন্ডারী এডুকেশন বোর্ড একটী করা হোক কিন্তু সরকার আমাদের কথা মানলেন না। সরকার কি করলেন? সরকার সেখানে তাদের নমিনেটেড প্রতিনিধি বেশী রেখেছেন। অর্থাৎ তাঁরা চাচ্ছেন যে যেটা তাদের সরকারী লেজুড়ে পরিণত হবে এই রকম একটা সংগঠন তাই তাঁরা চান এবং সেইভাবে তাঁরা চলবেন।

[3-10—3-20 p.m.]

এবং তার উপর যখন সরকার বলেন—যেমন সেদিন মুখ্যমন্ত্রী বলেছেন এই সংগঠনের বিষয়ে যে আমরা আস্তে আস্তে জাতীয়করণ করবো—এগুলি গভর্নমেন্টের আওতায় আমরা নিয়ে আসবো। অবশ্য এটা অন্য কথা—আমি তাতে পরে আসবো। কিন্তু আমাদের ভয় হয় যে এইভাবে যদি একটা রাইটার্স বিলডিংস-এর লেজুড়ে পরিণত হয়—সমস্ত স্কুলগুলি যদি এইভাবে দখল করেন তাহলে এতে কেউ রাজী হবে না যদি না এটা গণতন্ত্রসম্মত হয় এবং সেইভাবে শিক্ষকদের প্রতিনিধিরা যদি না থাকেন বা তাঁদের সংখ্যা গরিষ্ঠতা না থাকে। প্রত্যেকেই একথা বলেন যে সরকারকে ব্যয় বহন করতে হবে—তাদের বেশী ভার নিতে হবে রেসপনসিবিলিটি। দায়িত্ব নিতে হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু দায়িত্ব নেওয়া মানে রাইটার্স বিলডিংস-এর লেজুড়ে পরিণত হবে—এটাতে কেউ রাজী হবেন না। সরকারের প্রতিনিধি নিশ্চয় থাকবেন এবং তাদের কর্তৃত্ব খানিকটা নিশ্চয় থাকবে—তাঁরা শেয়ার করবেন। কিন্তু শিক্ষা জগতের যে রকম অবস্থা তাতে আমি বলি যে ঐ রকম একটা গণতান্ত্রিক ব্যবস্থা না করলে এটা কেউ মেনে নিতে পারবে না এবং সবাই আশঙ্কা প্রকাশ করছে যে তাহলে আমরা কোথায় গিয়ে দাঁড়াবো। এই ধারণাই সকলের—কিন্তু দেখা যাচ্ছে এখানে যে এগুলি তাঁদের চিন্তার মধ্যে নেই। তারপর মন্ত্রিমহাশয় বল্লেন ওভারক্রাউডিং—আমরা বাড়ী পাচ্ছি না, ঘর পাচ্ছি না, জায়গা পাচ্ছি না এই রকম নানা কথা তিনি বল্লেন। তিনি একটা উদাহরণও দিলেন যে হাওড়ায় বাড়ী পেলাম না।

কিন্তু এটা কি একটা অজুহাত হোল। এই ১৮ বছরের মধ্যে কয়টি এই রকম কেস হয়েছে যে তাঁরা বাড়ী পাননি বা তার অভাবে সেগুলি করতে পারেননি। তিনি ব্যয় বরাদ্দ করেছেন কিন্তু সেটা মিউনিসিপ্যালিটির ব্যাপার—কিন্তু এটা হচ্ছে ঘটনা—এটা তাদের মনের মধ্যে—খাতায় পত্রে এই রকম কথা নেই। কার্যক্ষেত্রে তো দূরের কথা ওভার ক্রাউডিং কি করে কমানো যায় সেদিন দেখলাম মুখ্য মন্ত্রী বিবৃতি দিলেন কিন্তু একথা তিনি বলেন নি তিনি বোনাস দেবেন ইত্যাদি অনেক কথা বলেছেন। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষকদের এই কর্ম বিরতির পর হটাৎ একটা বিবৃতি দিলেন কিন্তু একথা তিনি তাতে বলেন নি যে আজকে ৩০।৩৫ জন ছাত্রছাত্রী জায়গায় ৪০।৫০ জন হয়ে গেছে এজন্য ভালভাবে কাজ করতে পারছে না বা পড়াশুনা করাতে পারছে না। এই সমস্যাটা তাদের কাছে নাই—যদি থাকতো তাহলে নিশ্চয় ঐ বিবৃতির মধ্যে সেটা প্রকাশ পেতো—কিন্তু তা পায় নি। আপনারা লক্ষ্য করে দেখবেন ঠিক সেইভাবে এই সমস্যাটা দেখছেন না—অন্তত বললেনও না। আমি একটা অঙ্কের হিসাব দেখছিলাম কাউন্সিলে না আমাদের এখানে হয়তো দিয়েছিলেন যে শতকরা ৩৮ জন প্রাইমারী শিক্ষক যারা শিক্ষণপ্রাপ্ত নয়—ট্রেন্ড টিচার যারা নন তাদের কি ব্যবস্থা হয়েছে? তাদের ট্রেনিং দেবার কোন ব্যবস্থা অন্তত আমি এই বাজেটে কিছু দেখতে পাচ্ছি না। মাধ্যমিক শিক্ষকদের বেলায়ও সেই একই কথা বিশেষ সায়েন্স শিক্ষক ইত্যাদি তো পাওয়াই যাচ্ছে না—অন্তত শিক্ষণপ্রাপ্ত শিক্ষক। উনি বল্লেন পরবর্তী কালে ৫ শত ট্রেনিংয়ের সিট-এর ব্যবস্থা করবেন। কিন্তু তার কোন সঠিক ব্যবস্থা কংক্রীট ব্যবস্থা এই বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি না। সেইজন্য এই দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই—কারণ এটা না হলে শিক্ষা বিস্তার লাভ করতে পারে না ভাল শিক্ষা হতে পারে না ছাত্রদের। এইভাবে শিক্ষা হতে পারে না ছাত্রদের। তারপর আর একটা বড় কথা হচ্ছে যেটা মুখ্য মন্ত্রী সেদিন তাঁর বিবৃতিতেও সেটা বলেন নি। সেটা হচ্ছে যে শুধু স্কুলে ওভার ক্রাউডিং নয়—বাকী-ঘর যেখানে মানুষ থাকে সেখানে কি লেখাপড়া করবার মত জায়গা আছে কি? এটা ওঁর জানা দরকার—এমন অবস্থা আজকে হয়েছে যে স্কুল কলেজে তাদের পড়বার জায়গা নেই। অথচ তাদের জন্য সেখানে কি ব্যবস্থা করা যায় সারা পাড়ায় পাড়ায় এলাকায় এলাকায় যাতে সেখানে ঐ রকম ঘরবাড়ী করা যায় কিনা যেখানে এক সঙ্গে বসে পড়তে পারে ঘর থেকে বেরিয়ে গিয়ে—তা নাহলে ঐ ফ্যামিলি ক্রাউডিংয়ের মধ্যে অসম্ভব হয়ে পড়ে কারও পক্ষে লেখাপড়া করা—একটুও চিন্তা করলেন না—উনি শুধু বলে দিলেন ছাত্ররা ফেল করে মাষ্টাররা পড়ান না বলে—তারা প্রাইভেট টিউসনি করে বলে। কিন্তু এটা গুরুতর সমস্যা সমাজের, এটা শুধু শিক্ষা খাতে হবে না, আমি জানি এটা সমস্ত কেবিনেট, সমস্ত সরকার, সমস্ত আমাদের প্রয়োজন আছে এই কথা চিন্তা করার। কিন্তু এটা চিন্তার মধ্যে এঁরা আনলেন না এটাই হচ্ছে আশ্চর্যের বিষয়। তারপর ধরুন একটা মস্ত বড় কথা, গুরুত্বপূর্ণ কথা, সেটা নিয়ে এতো আন্দোলন দেখা দিয়েছে, এতো সমস্যা দেখা দিয়েছে আমাদের শিক্ষা জগতে, সেটা হচ্ছে শিক্ষকদের বেতন নিয়ে। শিক্ষকরা কি রোজগার করেন না করেন, এই ব্যপার নিয়ে—আমরা দেখলাম এটা খুব অন্যায় বলে আমি মনে করি, এটা খুব লজ্জার কথা যে বারে বারে মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী এখানে বললেন, এঁরা একথা প্রমাণ করবার চেষ্টা করলেন যে এঁরা অনেক টাকা রোজগার করেন। বিশেষ করে মাধ্যমিক শিক্ষকরা অনেক রোজগার করেন ৫০০ টাকা ৬০০ টাকা রোজগার করেন প্রাইভেট টিউসন করে। কিন্তু এত পরিসংখ্যান দিলেন, এটাতো বললেন না যে কজন ৫০০—৬০০ টাকা রোজগার করেন প্রাইভেট টিউসন করে, যার জন্য স্কুল-এ তাঁরা কম পড়ান? এই সব তাঁরা বলতে চাচ্ছেন। কিন্তু এটাতো বললেন না যে শিক্ষক সমাজে এটা কত বড় আদর্শের কথা, তাঁরা নিশ্চয়ই কিছু মাগ্গিভাতা বাড়ানোর কথা বলছেন কিন্তু সঙ্গে সঙ্গে তাঁরা এঁদের মধ্যে যে অশিক্ষক কর্মচারী আছেন, যাঁরা ৪৫ থেকে ৬০ টাকা মাইনে পান বা অন্য যাঁরা তৃতীয় শ্রেণীর কর্মচারী তাঁদের মাগ্গিভাতা বাড়ান, এই কথা বারে বারে তাঁরা দাবী করছেন, একটা কথাও তো শিক্ষামন্ত্রীর কাছে শুনতে পেলাম না? স্কুল কি শুধু চলবে শিক্ষক আর শিক্ষিকা দিয়ে, স্কুল-এর সঙ্গে কি এরা অঙ্গাঙ্গিভাবে জড়িত নয়, শিক্ষা জগতের সঙ্গে? এঁদের ছাড়া কি স্কুল, কলেজ চলতে পারে? এঁদের সম্বন্ধে একটু কিছু দেখতে পেলাম না। তারপর শিক্ষকদের কথা যদি বলেন, ১ লক্ষ প্রায় প্রাথমিক শিক্ষক আছেন, তার মধ্যে ৯৩ হাজার ৪৬৬ জন প্রাথমিক শিক্ষক, সরকারী হিসাবে ১০০ টাকারও কম পান গড়পড়তা হিসাবে মাইনে। গড়পড়তা হিসাব

ধরলে, ভুল বললাম ১০০ টাকার কম গড়পড়তা মাইনে ৯৩ হাজার এ্যাভারেজ ধরলে ৭৫ টাকা এ'রা মাইনে পান। এর পরে এই পরিসংখ্যান, হিসাব কি আমাদের দেবেন? আর চালের দামটাও আগে যা ছিল, এখন কি হয়েছে, এটাতো হিসাব করে দেখলেন না একবারও, যে ১৯৪৭, ১৯৪৮ সালে চালের দামটা কত ছিল এবং বাড়ীভাড়া কত ছিল, ওষুধের দাম কত ছিল, যাতায়াতের খরচ কত ছিল, নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম কত ছিল, ট্যাক্স কত ছিল, আর এখন কত হয়েছে, এইগুলো তো তুললেন না? তাই এই হিসাবের তো কোনও মানেই হয় না। এই সব হিসাবের অর্থটা কি? লোককে ফাঁকি দেওয়া, ভাঁওতা দেওয়া ছাড়া আর কোনও উদ্দেশ্য আছে বলে আমি মনে করি না। সেজন্য আমি বলেছিলাম এমন একটা প্রিন্সিপ্‌ল আজ অবধি ঘোষণা করলেন না—যদি জিনিষের দামটা আমরা ঠিক না রাখতে পারি তাহলে কষ্ট অব লিভিং যে ভাবে বাড়বে আমরা সেই ভাবে মহার্ঘ ভাতা দেব, এই কথা তো তাঁরা বললেন না? এই ভাবে যদি জিনিষের দাম বাড়ে, এতে মাষ্টার মশাইদের কোনও দোষ নেই; জনসাধারণের কোনও দোষ নেই, সে দোষতো সরকারের, সম্পূর্ণ ভাবে সরকারের দোষ; অথচ একথা সেখানে নেই. যে সেখানে কত মাইনে ছিল এবং কত বেড়েছে, এটা মেলাতে হবে যে তখন জিনিষের দাম কত ছিল এবং এখন কত হয়েছে, তবে আমরা বুঝবো সত্যের প্রতি নিষ্ঠা আপনাদের আছে, না হলে আমরা বুঝবো জনসাধারণের প্রতি একটা ফাঁকি বা ভাঁওতা দেবার জন্য আপনারা হিসাব দিচ্ছেন। এবং এই সব অবস্থার সঙ্গে যদি আমরা মিলিয়ে দেখি, তাহলে এটা ঠিক যে ছাত্ররা যে পাশ করবে, পাশ করে তারা করবে কি? চাকরী কোথায় পাবে? যেখানে আমরা আন-এমপ্লয়েড্ রেজিস্টার-এ দেখছি ইঞ্জিনিয়ার পর্যন্ত আনএমপ্লয়েড্ থাকে, শিক্ষিত সমাজ থেকে কত সংখ্যক মানুষ ম্যাট্রিক পাশ, পোষ্ট গ্র্যাজুয়েট পাশ, তাঁরা আনএমপ্লয়েড্ থেকে যাচ্ছে দিনের পর দিন, লাইন তাদের বাড়ছে আপনারা সেখানে ব্যবস্থা করতে পারছেন না। দ্বিতীয় পরিকল্পনায় যত বেকার ছিল এখন সেখানে আরও বেশী বেকার, শিক্ষিত বেকার, অর্ধ শিক্ষিত বেকার, অশিক্ষিত বেকার এবং নিরক্ষর বেকার রয়েছে। এই সব কথা একবার তো বললেন না। কাজেই কোন্ অনুপ্রেরণা নিয়ে ছাত্ররা যুবক সমাজ আজকে লেখাপড়া করবেন, কি করবেন, তাদের কাছে কোনও আদর্শ বা অনুপ্রেরণা রাখছেন না এবং এটাই কি আমরা দেখছি যে আমরা চাকরী করবো লেখাপড়া শিখে, তারপর কার জন্য কি ব্যবস্থার জন্য। কংগ্রেসী-মার্কা সমাজতান্ত্রিক ব্যবস্থায় কিছু মুষ্টিমেয় ধনীলোক আরও ধনী হবে, বস্তীর লোক আরও গরীব হবে, শতকরা ৫ জন কোটিপতি হবে। ১২টা পরিবার এক চেটিয়া পুঁজিপতি, তারা পুঁজির পর পুঁজি জমাবে কোটি কোটি টাকা জমাবে, মুনাফা করবে আর কোটি কোটি মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিষ কেনবার উপায় থাকবে না। এই অবস্থার মধ্যে ১০০ টাকার কম পাবে ঐ ৯৩ হাজার প্রাইমারী শিক্ষক আর যারা কাজ করে বিভিন্ন অফিস-এ, আদালতে, বিভিন্ন জায়গায়; আজকে এই অবস্থার মধ্যে যদি আমরা দেশকে রাখি তাহলে একে কি দেশকে গড়ে তোলা বলে? এই আমি ৫০০ টাকার চাকরী পেলাম, কার চাকরী পেলাম? টাটা, বিড়লা; সিংঘানীয়া; এই সমস্ত কলকারখানার মালিকদের কাছে চাকরী পেলাম। হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ কাজ করবে, কিছু কিছু উৎপাদন বাড়বে, টাকা দেশের স্ফীত হবে, আমাদের ধন দৌলত কিন্তু তার ভাগ আমি পাবোনা, ন্যায্য ভাগ। সেখানে তারা সেটা নিয়ে যাবে। এই ভাবে কল্যাণকর রাষ্ট্র গড়ে তুলছেন আর সেই কারণেই মানুষ অনুপ্রানিত হয় না। সেইজন্য দুর্নীতি আমাদের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে যাচ্ছে। এইভাবে তারা আজকে দেশকে পরিচালিত করছেন, আর এইগুলো সমস্তই জড়িত আমাদের এই শিক্ষা ব্যবস্থার সঙ্গে, এটাই মনে রাখতে হবে। প্রাথমিক শিক্ষকদের বিষয় নিয়ে উনি অনেক কথাই বললেন, উনি বলেছেন এটা কি প্রসার লাভ করেনি প্রাথমিক শিক্ষা? নিশ্চয়ই করেছে, প্রসার লাভ করেনি কে বলবে কিন্তু উনি অনেক অঙ্কের মধ্যে এই অঙ্কটা কি দিয়েছেন? আমি শুনলাম, বোধ হয় শুনতে পাই নি বা ভুলেও গেছি, উনি ঠিক করে দেবেন, সেটা হচ্ছে যে আমাদের এখানে নিরক্ষরতা দূরীকরণ কি ভাবে হচ্ছে? শতকরা ৫ ভাগ ১৯৫১ থেকে ১৯৬১ সাল এই হচ্ছে তার রেট, শতকরা ৫ ভাগ, এটাই কি কথা ছিল?

[3-20—3-30 p.m.]

আমরা স্বাধীন হওয়ার আগে এই রকম ভাবে কচ্ছপ গতিতে এগোবে, এই রকম তো কথা ছিল না, তার মানে কি হয়েছে? শতকরা ২৪ জনের যেখানে ছিল অক্ষর জ্ঞান যেখানে হয়েছে শতকরা

১ জন এটাকে কি বলতে হবে অগ্রগতি? এত লম্প ঝম্প তার জন্য, এত জোর করে এত র পরিসংখ্যান দেওয়া? এটা তো বললেন না? এই যেমন অন্য অংকগুলি বললেন ৩৩ াটি টাকা খরচ করেছি, এটা তো বললেন না ২৪ থেকে ২৯ মোটে আমরা করেছি? তার কর্ম ালে বলতাম যে এর একটু সামঞ্জস্য আছে সেইজন্য আমি বলি গভর্নমেণ্টকে ফাঁকি দিতে চ্ছেন, গভর্নমেন্টকে ট্যাকেল করতে চাচ্ছেন না, এটাই হচ্ছে অসুবিধা। ঠিক সেই ভাবে : অংকটা বললেন না যে পশ্চিম বাংলার ৩৮ হাজার ৪৭১টি গ্রাম এবং ১২০টি সহর এর ধ্য ৩২ হাজার প্রাথমিক স্কুল আছে ঠিক কথা কিন্তু এটাতো বললেন না যে ১৪ হাজার ৬টি গ্রামে কোনও প্রইমারী বিদ্যালয় নেই। এটা আপনাদের অংক থেকেই আমরা নিয়েছি, পনাদের প্রশ্নোত্তরে এই অংক দিয়েছেন যে ১৪ হাজার ৫২৬টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। অংকগুলোয় তুলতাম কেন নেই, কি অসুবিধা, কি করতে হবে, ভবিষ্যতে ঠিক সেইভাবে পনারা বলছেন, যে অবৈতনিক শিক্ষা ব্যবস্থা আমরা করেছি, প্রাথমিক শিক্ষা ব্যবস্থা করছেন ব বাধ্য করতে পারছেন না, প্রসিকিউট করতে পারছেন না, সেটা ঠিকই যে প্রসিকিউট করে চ নেই, শিক্ষিত করতে হবে মানুষকে যাতে তারা ছেলেদের পাঠায় সেটা আমি বুঝি, নকটা কমপালসান, খানিকটা শিক্ষা দিয়ে এই ব্যবস্থা করতে হবে। কিন্তু যেটা বলছেন । সত্য নয়। এটা কাগজে কলমে সত্য যে হ্যাঁ, আমরা করেছি এই রকম করে দিয়েছেন তাই রসংখ্যানের হিসাবটা আমি দিলাম। এবং ৯৮টি মিউনিসিপ্যালিটিতে অংকের হিসাবটা লন না তার মধ্যে এটা ঠিক যে ৩টে তাঁরা করেছেন বা করছেন ইতিমধ্যে। অবৈতনিক প্রাথমিক ক্ষা ব্যবস্থা বাধ্যতামূলক তাঁরা করেছেন। আর একটা উদ্ধৃতি আপনার দেওয়া উচিৎ ছিল। মহাশয় দিলেন না, আমি দিয়ে দিচ্ছি। সেটা হচ্ছে কত লজ্জার কথা সি এম পি ও যে পার্ট তৈরী করেছেন তার মধ্যে তাঁরা বলেছেন

centage of coverage of primary education in the city is 60, comparatively as compared to Madras which has already achieved 96 per cent. erage in respect of primary education.

আজ আমাদের এখানে এত সব অংকের হিসাব যে কত জায়গা থেকে আমাদের ভাল, বোধ আমরা যে হিসাব শুনলাম, উনি বললেন শতকরা ৬৭বা ৬৮ ভাগ আমরা সেখানে করতে রছি কিন্তু ম্যাড্রাসে এতো করে ফেললেন কি করে? এটা তো উনি বললেন না? সি এম ওর রিপোর্ট থেকে এটা দেখছি, সি এম পি ও আরও বলেছেন রিপোর্ট-এর মধ্যে

re are a considerable number of unrecognised schools in the city. ne of them are private undertakings catering to the wealthy, and these not seek aid or recognition, others function as charitable undertakings. ther, a considerable number of schools supply distinctly sub-standard cation, wilfully or not, defrauding the guardians who, in good faith, the fees.

াং দেখছি গার্জিয়ান-দের ডিফ্রড করছে, চিট করছে ফিস্ নিচ্ছে এবং পড়াশুনা হচ্ছেনা। এম পি ও খানিকটা সার্ভে করে একথা বলেছে। কিন্তু আশ্চর্য হলাম যে এগুলির একটা াও আপনাদের কাছ থেকে আমরা শুনলাম না। তারপর, প্রাইমারী স্কুল-এর কথা বললেন রা যা করেছি সেটা গুরুত্বপূর্ণ। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যেটা করেননি বা করতে হবে আরও গুরুত্বপূর্ণ এই দৃষ্টিভঙ্গী যদি না থাকে তাহলে শত শত টাকা পেলে ভাল কল্পনা করব সেদিকে দৃষ্টি থাকবেনা এবং যেটা আমরা বিগত দিনে দেখেছি। তারপর বলতে চাই এই অবস্থায় যদি আমরা এসে থাকি তাহলে আমাদের দেখতে হবে শুধু -এর কথা নয়, কলেজের যাঁরা শিক্ষক তাঁরা কেন এত বিক্ষুব্ধ হোল, তাঁদের কথা কেন া চিন্তা করলেন না, কেন তাঁদের বলতে হোল আমরা এক্সামিনেসন বয়কট করব যদি আমাদের র চিন্তা না করা হয়? আমি মনে করি এটা গর্বের কথা নয়, এটা জাতির পক্ষে কলংক এবং ার কথা। শিক্ষক সমাজকে যদি তাঁদের দাবী-দাওয়া আদায় করবার জন্য এইভাবে এগিয়ে হয় তাহলে সেটা লজ্জার কথা। তাঁরা বছরের পর বছর ধরে যে ধৈর্য দেখিয়েছেন তা কেউ তে পারেনা। কিন্তু কৈ, কংগ্রেস সরকারের তরফ থেকে মন্ত্রীদের তো এগুতে দেখিনি।

এখন না হয় নূতন মন্ত্রী হয়েছে, কিন্তু আগে যিনি ছিলেন তাঁকেও তো কখনও দেখিনি তিনি বিভিন্ন স্তরের শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে আলাপ করে একথা বলেছেন যে, আমরা বিপদে পড়েছি, আমাদের কি করতে বলেন। যতক্ষণ পর্যন্ত না তাঁরা আন্দোলন, প্রতি এবং বিক্ষোভ করে রাস্তায় নেমেছে ততক্ষণ পর্যন্ত তাঁদের একটা পয়সা দেবার জন্য আপ এগিয়ে আসেননি। যাঁরা ৪৫ থেকে ৬০ টাকা মাইনে পান তাঁদের মাইনে বাড়াতে হবে এ কেন বলে দিতে হবে? যাঁরা ১০০ টাকার নীচে রোজগার করেন তাঁদের বাড়াতে হবে এ কেন বলে দিতে হবে? সরকার যদি জিনিসপত্রের দাম ঠিকমত রাখতে না পারেন, কস্ট লিভিং যদি ঠিকভাবে রাখতে না পারেন তাহলে তারজন্য দায়ী কে? কিন্তু আমরা অভিজ্ঞ থেকে বুঝেছি এই সরকার তা বোঝেন না এবং সেইজন্যই আমাদের তাঁদের আন্দোলন গড়ে তু প্রস্তুত হতে হয়। কলেজ এবং মাধ্যমিক স্তরের ব্যাপারটা এখন সাময়িকভাবে স্থগিত আ কিন্তু প্রাথমিকদের মার্চমাস থেকে আবার কর্ম বিরতি করতে হবে যদি তাঁদের কথা বিবেচনা ব না হয়। কিন্তু তাঁদের কথা যে চিন্তা করছেন সেটা তো আমরা বুঝতে পারছিনা। উ দেবার সময় আশাকরি বলবেন তাঁদের মাইনে কত বাড়াবেন বা তাঁদের সম্বন্ধে কিছু ভাবে কি না। তারপর, আমার বক্তব্য হচ্ছে স্কুল বোর্ড যেগুলো আছে সেগুলোকে কেন রাখা হয়েছে আমার মনে হয় এগুলি রাজনীতির আড্ডাখানা ছাড়া আর কিছু নয়। আমরা প্রত্যেকেই বলে এবং ঐ পক্ষের লোকের এটা বোঝা উচিত যে, স্কুল বোর্ডগুলি কংগ্রেসীরা এবং কংগ্রেস পা রাজনীতির জন্য ব্যবহার করে, শিক্ষার জন্য নয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনি হ জানেন এই যে অনেকগুলো স্কুল করা হয়েছে এগুলি শিক্ষা বিস্তার করুক এই জন্য করা হয়নি তাঁরা প্রথমে বলেছিলেন এর দ্বারা আনএমপ্লয়মেন্ট প্রবলেম সল্‌ভ করব— অর্থাৎ ছেলেমেয়ে চাকুরী পাচ্ছেনা, কাজেই কতগুলি স্কুল করে দাও। কিন্তু পরবর্তীকালে আমরা নির্বাচনে সময় দেখলাম তাঁদের ওঁরা নিজেদের কাছে ব্যবহার করছেন। অবশ্য সকলকে ব্যবহার কর পারছেন না, কিন্তু সেই প্রচেষ্টা চলছে এবং স্কুল বোর্ডগুলিও সেইভাবে চলছে। বিলেতে রকম কমিটি আছে সেই রকম কমিটি এখানে কেন হয়না—অর্থাৎ শিক্ষা সম্পর্কে সরকারের সঙ্গে সহযোগিতা করবে এরকম কোন কমিটি এখানে কেন হয়না? সরকার ইচ্ছা করলে ওভাররু করতে পারেন, কিন্তু সচরাচর আমরা শুনিনি যে বিলেতে সেই রকম ওভাররুল করা হয়েছে টাকা-পয়সা কিভাবে ব্যয় হবে সেটা সেখানে তাঁদের প্ল্যান এবং সাজেসন অনুসারে ঠিক হ আর আমাদের এখানে শিক্ষকদের বারে বারে হয়রাণ হতে হয়, তাঁদের জন্য কোন ব্যবস্থা হয়না তারপর, এখানে জোরগলায় বলা হয়েছে আমরা ফিজিক্যাল ট্রেনিং দিচ্ছি, বাংগালীর ছেলে ফিজিক্যাল ট্রেনিং পাচ্ছে। কিন্তু চেহারা দেখে তো মনে হয়না ছেলেরা তা পাচ্ছে। যারা খে পায়না তাদের ফিজিক্যাল ট্রেনিং দিলে তো টি বি হবে। তারপর, স্টেডিয়াম সম্বন্ধে যা মন্ত্রিমহাশয় প্রসিডিংস্ খুলে দেখেন তাহলে দেখবেন গত ১০ বছর ধরে ঐ একই কথা ব হয়েছে। আমি জিজ্ঞাসা করি একই কথা আর কতদিন শুনব? হাজার লোক খেলাধুলা দেখা চায় কিন্তু তারা তা দেখতে পারছে না। জাতির কল্যাণ, জাতির অগ্রগতি শুধু লেখাপড়া দ্বারা হয়না, লেখাপড়া ছাড়াও ফিজিক্যাল একসারসাইজ, স্পোর্টস্, গেমস্ ইত্যাদির দরকার।

[3-30—3-40 p.m.]

একথা শুনি ষ্টেডিয়াম ফর গেমস দেওয়া উচিত। আমাদের দুটো রেস কোর্স আছে, কে এসবের কথা বলছেন না, রেস কোর্স একটা কেন নেওয়া হচ্ছেনা? দুটো ঘোড় দৌড়ের মা রাখবার কি প্রয়োজন আছে? হাজার হাজার লোক যায় টালিগঞ্জের মাঠে, এবং গড়ের মাঠে চোখের সামনে সেখানে তারা জুয়া খেলছে, হাজার হাজার গাড়ী সেখানে যায়, কার প্রয়োজন আছে এদিকটা চিন্তা করেননা কেন। টালীগঞ্জের যেটা সেটা বন্ধ করে সেখানে পার্ক তৈরী করুন যাতে ছেলে মেয়েরা রাস্তায় রাস্তায় আড্ডা না মেরে স্পোর্টস করতে পারে সেই ব্যবস্থা করুন। এসব ব্যবস্থাতো কোন স্কুলে নেই, কলেজে নেই, কোন জায়গায় নেই। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আর একটা কথা বলছি। আমার ছেলে বোর্ডিং-এ আছে, আজকে রেশন ব্যবস্থা হয়েছে কিন্তু তারা সেখানে ঠিকমত রেশন পায়না, তেল পায়না, আলু পায়না, মাছ পায়না, এমন কি দুধও পায়না। সরকারী দুগ্ধ কেন্দ্র থেকে এই ব্যবস্থা করে রেখেছেন

আমি একটার কথা জানি, এই রকম আরও কত আছে, কত জায়গা আছে যেখানে এই রকম অব্যবস্থা আছে। ছেলে মেয়েদের জন্য এগুলির ঠিক ব্যবস্থা করা হয়না এটাই আমি দেখছি। সেজন্য আমি বলবো এই বাজেট ৩০ কোটি টাকা এইসব বলে আমি সমর্থন করতে পারিনা। উনি যে বক্তৃতা দিলেন তাতে আস্ফালন দেখিয়ে বাগাড়ম্বর দেখিয়ে অনেক কথা শুনলাম। এতে আশ্বস্ত হতে পাচ্ছিনা, আতঙ্কিত হচ্ছি। এই রকম যদি হয়ে হেড অব এফেয়ার্সের ৪র্থ পরিকল্পনায় কি হবে, না কি আবার শিক্ষকদের রাস্তায় নামতে হবে, জানিনা, কাজেই এখনও সময় আছে, শিক্ষক প্রতিনিধিদের ডাকবেন, নিজেরা রাইটার্স বিল্ডিংসে চারটে সেক্রেটারীকে নিয়ে মিলে কিছু করতে পারবেননা তাঁদের ডাকবেন, ডেকে ব্যবস্থা করুন, আপনাদের কিছু জানা নাই, ওঁদের জানা আছে, এই বলে বাজেটে যে কাট মোশন দিয়েছি তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আজ শিক্ষা মন্ত্রীমহাশয় শিক্ষা খাতে ব্যয় বরাদ্দ উত্থাপন প্রসঙ্গে যে বক্তৃতা এখানে রেখেছেন, তার মাধ্যমে তিনি মূল বক্তব্য এড়িয়ে যাবার চেষ্টা করেছেন। কিছুদিন আগে আমাদের হাউসের সামনে মুখ্যমন্ত্রী মহাশয় এক বিবৃতি দিয়েছিলেন, সেই বিবৃতির মধ্যে তিনি কতকগুলি প্রশ্ন উত্থাপন করেছিলেন। তিনি প্রসঙ্গক্রমে সেই বিবৃতিতে বলেছিলেন আজকে পশ্চিম বাংলায় শিক্ষার মান অবনতির দিকে। তিনি প্রশ্নোত্তরের সময় উত্তর দিতে গিয়ে বলেছিলেন যে আজকে শিক্ষার মান অবনতির হওয়ার কারণ হল শিক্ষক সমাজের অবহেলা, তাদের অবহেলার জন্যই আজকে শিক্ষা জগতে মান ক্রমশঃ অবনতির দিকে চলেছে। আমি আজকে আপনার মাধ্যমে যে কথাটা শিক্ষা মন্ত্রীর কাছে রাখতে চাই সেটা হচ্ছে, আজকে এটা পরিষ্কার যে শিক্ষার প্রতি সরকারের বিরাগসুলভ মনোভাবই শিক্ষার মান অবনতির জন্য দায়ী। আমাদের সামনে শিক্ষামন্ত্রী মহাশয় বহু পরিসংখ্যান উদ্ধৃত করে বুঝাবার চেষ্টা করেছিলেন যে স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত পশ্চিম বাংলার শিক্ষার দিকে অগ্রগতি হয়েছে, শিক্ষার দিকে পশ্চিম বাংলা সমৃদ্ধ হয়েছে, একথাই তিনি বুঝাবার চেষ্টা করেছেন। কিন্তু আমরা যদি সরকারের নীতির দিকে তাকিয়ে দেখি তাহলে দেখবো প্রথম পাঁচশালা পরিকল্পনায় মোট পরিকল্পনার ৭ ভাগ নির্ধারণ করেছিলেন শিক্ষার জন্য, দ্বিতীয় পরিকল্পনায় ব্যয় কমিয়ে এনে মোট পরিকল্পনার ৬ ভাগ শিক্ষায় ব্যয় করেছিলেন এবং তৃতীয় পরিকল্পনায় দেখা গেছে, শতকরা ৪·৮ ভাগ শিক্ষার জন্য ব্যয় করছেন। অর্থাৎ প্রথম পরিকল্পনায় তাঁরা যে পরিমাণ শিক্ষা খাতে ব্যয় করেছিলেন তৃতীয় পরিকল্পনায় দেখা গেল প্রায় অর্দ্ধেক পরিমাণ শিক্ষার জন্য ব্যয় করবার জন্য ধরেছেন এবং তার মধ্য দিয়ে শিক্ষার অগ্রগতির কথা ঘোষণা করছেন। আমাদের সামনে যে ফিগার দিয়েছেন তাতে দেখছি যে ১৯৬৩-৬৪ সালে পশ্চিম বাংলায় তাঁরা শিক্ষার জন্য ২৪ কোটী টাকা খরচ করেছেন, ১৯৬৪-৬৫ সালে ২৮ কোটী টাকা ও ১৯৬৫-৬৬ সালে ৩০ কোটী টাকা ধরা হয়েছে। এই হিসাব যদি ধরা হয় তাহলে দেখা যাচ্ছে ১৯৬৩-৬৪ সালের চেয়ে ১৯৬৪-৬৫ সালে তাঁরা ৪ কোটী টাকা শিক্ষার খাতে মঞ্জুর করেছেন সেখানে ১৯৬৫-৬৬ সালে মাত্র ২ কোটী টাকা মঞ্জুর করেছেন অথচ তাঁরা বলছেন শিক্ষার জন্য অধিক অর্থ বরাদ্দ করেছেন। শিক্ষাকে অধিক অগ্রগতির পথে কি যে নিয়ে যাচ্ছেন এবং শিক্ষাকে কি যে সমৃদ্ধশালী করছেন জানিনা, কাজেই যেখানে শিক্ষার প্রতি বিমাতৃসুলভ মনোভাব সেখানে শিক্ষার মান উন্নত হতে পারেনা। দ্বিতীয়তঃ শিক্ষক সমাজকে দায়ী করা হচ্ছে যে তারা শিক্ষার মানকে অবনতির দিকে নিয়ে যাচ্ছেন কিন্তু তাঁরা ছাত্র সমাজের প্রতি যে মনোভাব পোষণ করেন সেখানে বলা যায় তাহারাই শিক্ষার মানকে অবনতির দিকে নিয়ে যাচ্ছে—একথা অস্বীকার করবার উপায় নেই। আজ অধিকাংশ ছাত্র বইয়ের অভাবে পড়তে পারে না, তাদের স্বাস্থ্যের কোন মান নেই। কিন্তু আজ কেরালা, অন্ধ্র, মাদ্রাজ যেখানে ছাত্রদের মিড-ডে মিল-এর ব্যবস্থা করা হয়েছে আজ আমাদের এখানে তাদের স্বাস্থ্যের মানকে উন্নত করবার সম্বন্ধে কোন চিন্তা তারা করছেন বলে মনে হয় না বৎসরের পর বৎসর সিলেবাস-এর বোঝা বাড়ছে এই সিলেবাস বা বোঝা ছাত্ররা বহন করতে পারছেনা যার জন্য শিক্ষার মান ক্রমাগত অবনতির দিকে যাচ্ছে এবং সরকারের যা

শিক্ষানীতি সেই শিক্ষানীতির জন্য শিক্ষা ধীরে ধীরে অবনতির দিকে যাচ্ছে তারপর সব চেয়ে যেটা ভীষণ ব্যাপার সেটা হচ্ছে সরকারের প্রশ্রয়ে আজ দুর্নীতির পাপচক্র বিভিন্ন জায়গায় গড়ে উঠেছে সরকার থেকে উৎসাহ দেবার ফলে বাংলা দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে আমরা দেখছি নানারকম পাপচক্র গড়ে উঠে শিক্ষার মানকে সেখানে ধুলোয় লুটিয়ে দিচ্ছে। এই প্রসঙ্গে আমি কৃষ্ণনগর কলেজের কথা বলছি, এই কলেজে কিছুদিন আগে শতবর্ষ উৎসব হল। ঐ কলেজকে কেন্দ্র করে কুৎসা রটেছে তাতে সেখানকার সাধারণ মানুষের বিক্ষোভ পুঞ্জীভূত হচ্ছে। এই কথা সেখানকার মানুষ সরকারের কাছে বারবার বলেছেন সেখানে দুর্নীতির একটা কলঙ্কজনক পাপচক্র গড়ে উঠছে, এবং এই পাপচক্র গড়ে উঠছে সেখানকার অধ্যক্ষ অমিয় মজুমদার এবং অধ্যাপক পাঠককে কেন্দ্র করে। এর পেছনে মন্ত্রীসভার জনৈক সদস্যও আছেন। একথা প্রমাণ দিয়ে বলতে পারি যে এখানকার মন্ত্রীসভার অন্যতম সদস্য ফজলুর রহমান সাহেব ঐ কলেজের দুর্নীতির পাপচক্রে প্রশ্রয় দিচ্ছেন। আজকে বলা হচ্ছে যে ছাত্রসমাজের নৈতিক মানের অবনতি ঘটেছে। শিক্ষক সমাজের জন্য শিক্ষার মান নেবে গেছে। মন্ত্রীমহাশয় একজন সদস্য কৃষ্ণনগর কলেজের। একজন ছাত্রকে বি এস সি সেণ্ট আপ করার ব্যাপার নিয়ে যে জঘন্যতম ভূমিকা তিনি গ্রহণ করেছিলেন সে কথার কি জবাব আছে সেই ছাত্র কাজী মইন ফিজিক্স, কেমিস্ট্রীতে ফেল করেছে, ম্যাথামেটিক্স-এ ১০, পেয়েছে।

[3-40—3-50 p.m.]

ফিজিক্স-এ অপরের খাতা বাড়ী থেকে চুরি করেছিল, তার বিরুদ্ধে এ্যাকসান নেওয়ার জন্য স্টাফ কাউন্সিল বলেছে যে সে খাতা বাইরে থেকে চুরি করে এনেছে তাকে কোন মতে সেণ্ট আপ করা যায় না, স্টাফ কাউন্সিলের সর্ববাদী সম্মত যে সিদ্ধান্ত তাকে নাকচ করে দিয়ে ফজলুর রহমান সাহেব নিজের ব্যক্তিগত প্রচেষ্টা নিয়ে কাজী মৈইন-কে বি এস সি পার্ট ওয়ান-এ সেণ্ট আপ করার জন্য ব্যবস্থা করলেন। আজকে ছাত্র শিক্ষক সমাজকে দায়ী করা হয় কিন্তু সরকারের নীতি পরিচালনা করার জন্য যারা কর্ণধার হিসাবে বসে আছেন তাঁরাই দুর্নীতির প্রশ্রয় দিচ্ছেন। কাজেই শিক্ষার মান উন্নত হচ্ছে না এই বলে চিৎকার করে কোন লাভ নেই। আজকে আমি মনে করি সরকারের এই দুর্নীতিপরায়ণতা শিক্ষাজগতে মান অবনতির মূল কারণ। এদিকে নজর দিতে হবে। তারপর আমরা দেখছি বাংলাদেশে শিক্ষা ক্ষেত্রে রাজনীতির আমদানী করেছেন এই সরকার। বাংলাদেশে গ্রামাঞ্চলে দেখবো যে সোস্যাল ক্যাডার নামে যে শিক্ষক শ্রেণী করা হয়েছে তারা কংগ্রেসের রাজনীতি করার জন্য যে নিযুক্ত হয়ে থাকেন একথা কি তাঁরা অস্বীকার করতে পারেন? আমরা দেখেছি যে দলের সঙ্গে এই সরকারের যোগ আছে সেই কংগ্রেস দল তাঁরা এইভাবে শিক্ষাকে নীচের দিকে নামিয়ে নিয়ে যাচ্ছেন। এবিষয়ে আমি হাওড়ার বেঁটরার শিক্ষা নিকেতনের সম্বন্ধে কয়েকটা কথা বলি। শিক্ষা মন্ত্রীমহাশয় অবশ্য থাকলে ভাল হত। হাওড়া বেঁটরা শিক্ষা নিকেতনে এমন ঘটনা হয়েছে যে সেখানে পুজা ভেকেশনের সময় যখন স্কুল বন্ধ ছিল সে সময় তাদের মাহিনা দেওয়া হয়নি। তার কারণ যে বিদ্যালয় পরিচালনার মাথায় যিনি বসে আছেন সেই অলোক মল্লিক কংগ্রেসের একজন হাওড়া মিউনিসিপ্যালিটির কাউন্সিলার। অতএব সেখানে রাজনীতি চালাতে গিয়ে শিক্ষার মান এবং ঐতিহ্যকে সম্পূর্ণভাবে নষ্ট করে দেওয়া হচ্ছে এর বিরুদ্ধে যদি ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে শিক্ষার মান উন্নত হবে না। আজকে সরকার আমাদের কাছে বলছেন বাংলাদেশের শিক্ষার মান কমে যাচ্ছে এবং এর জন্য শিক্ষক ও ছাত্রসমাজ দায়ী। আমি জানতে চাই বাংলাদেশের শিক্ষা ও সংস্কৃতিকে নিয়মিত ভাবে নীচের দিকে নামাচ্ছেন কে? আমার মনে হয় এবিষয়ে সরকারই দায়ী। বাংলাদেশে শিক্ষা ও সংস্কৃতির প্রতি অনুরাগ বহু লোকের আছে, কিন্তু রবীন্দ্র স্মরণীর দিক থেকে আমি একটা কথা বলি যে শিক্ষা সংস্কৃতির প্রতি আপনাদের এতই আন্তরিকতার অভাব বা শ্রদ্ধার অভাব যার ফলে সেটা আজও পর্যন্ত হয়ে উঠলো না। এবিষয়ে শিক্ষামন্ত্রীর কোন ধারণা আছে কিনা সন্দেহ। আমার মনে হয় আমাদের যিনি শিক্ষামন্ত্রী তাঁকে জগন্নাথ মন্ত্রী বললেই হয়। তাঁর কোন হাত নেই তাঁকে চালাচ্ছেন ডি এম সেন কাজেই তাঁর কাছ থেকে শিক্ষার মান সম্বন্ধে কোন কথা শুনতে রাজী নই। এদের হাত থেকে যতদিন না শিক্ষা দপ্তরকে মুক্ত করা যায় ততদিন কিছুই হবে না। কিছুদিন আগে মুখ্যমন্ত্রী শিক্ষকদের

সংগে সরকারী কর্মচারীদের তুলনা করেছেন এই রকম তুলনামূলক ভাষণ কোন সরকার বা তাঁর মন্ত্রীরা দিতে সাহস রাখেন এটা আমরা আশা করিনা। যদি মুখ্যমন্ত্রীর সৎসাহস থাকতো তাহলে বাংলাদেশে যেখানে একজন প্রাথমিক শিক্ষক ৭৫ টাকা মাহিনা পান সেখানে আমরা দেখেছি বাংলাদেশের বিভিন্ন সহরে সুইপার ঝাড়ুদার আছে তারা সেখানে ৭০ টাকা বেতন পান। একজন মাধ্যমিক শিক্ষক যেখানে ১৫০ টাকা বেতন পান সেখানে একজন ব্যাঙক-এর পিওন ১৮০ টাকা বেতন পান। এই ভাবে একজন সরকারী কর্মচারীর সংগে তুলনা করে ঝাড়ুদার যেখানে ৭০ টাকা মাহিনা পায় প্রাথমিক শিক্ষক ৭৫ টাকা ব্যাঙক-এর পিওন ১৮০ টাকা বেতন পান, সেখানে মাধ্যমিক শিক্ষক পান ১৫০ টাকা এই ভাবে সরকারী কর্মচারীদের কাজের সংগে শিক্ষক সমাজের কাজের আকাশ পাতাল পার্থক্য এবং এই ভাবে একটা ব্যাড এনোলজী দেখাবার চেষ্টা যেন তাঁরা না করেন। মুখ্যমন্ত্রী সেদিন বললেন যে শিক্ষক সমাজ নোট লিখে প্রচুর উপায় করেন এবং এভাবে তাঁরা এডুকেসান-এর যে ইনটারেষ্ট তাকে অপচয় করেন আমি শিক্ষা মন্ত্রীকে জিজ্ঞাসা করছি তিনি তাঁর বক্তৃতা দেবার সময় মুদালিয়ার কমিশনের রিপোর্ট, দে কমিশনের রিপোর্ট ইত্যাদি সমস্ত কমিশনের রিপোর্ট থেকে আমাদের কাছে বলবার চেষ্টা করেছেন। আমি তাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে ১৯৫৩ সালে মুদালিয়ার কমিশন যে ট্রিপল বেনিফিটের কথা বলেছিলেন সে সম্বন্ধে আপনারা তো কিছুই করলেন না। অর্থাৎ পেনসান, গ্রাচুয়িটি, প্রভিডেণ্ট ফাণ্ড ইত্যাদির সুযোগ করে দিতে হবে। কিন্তু এই কথা কি আপনার জানা আছে যে দক্ষিণ ভারতের ৭টি রাজ্যে এই ট্রিপল বেনিফিট স্কীম চালু আছে? অর্থাৎ সেখানে শিক্ষকরা পেনসান প্রভিডেণ্ট ফাণ্ড এবং গ্রাচুয়িটির সুযোগ পাচ্ছেন। উত্তর প্রদেশ এবং বিহারে এবৎসর থেকে ঐ ট্রিপল বেনিফিট স্কীম চালু করবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কিন্তু এ বিষয় পশ্চিমবাংলা সরকার নীরব। যদি পশ্চিমবঙ্গ সরকার বাংলাদেশের শিক্ষকদের জন্য ট্রিপল বেনিফিটের স্কীম চালু করতে এগিয়ে আসতেন তাহলে বাংলাদেশের শিক্ষক সমাজ নোট বই লেখার ঐ ঘৃণ্য পথে যেতেন না, শক্তি অপচয় করে সময় অপচয় করে তাঁরা যে নোট লিখছেন এই পথে এগিয়ে যেতেন না। কিন্তু ভবিষ্যৎ তাঁদের নেই। যতদিন যে চাকরি করবে তারপর তার ভবিষ্যৎ অন্ধকার। সেজন্য তাঁরা নোট বই লেখার পথে এগিয়ে গেছেন। যেদিন এই ট্রিপল বেনিফিটস স্কীম চালু করবেন সেদিন দেখবেন বাংলাদেশের এই শিক্ষক সমাজ নোট বই লেখাকে ঘৃণ্য বলে গণ্য করবেন। মাননীয় মন্ত্রীমহাশয় আরো বলেছেন যে টিউসানি করে বাংলাদেশের শিক্ষকরা প্রচুর টাকা অর্জন করেন, শিক্ষকরা ৪/৫ শো টাকা অর্জন করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই বাংলাদেশে ৪০ হাজার প্রাথমিক শিক্ষক আছেন তাঁদের মধ্যে কতজন প্রাথমিক শিক্ষক এই প্রাইভেট টিউসানের সুযোগ পান? আমি জানতে চাই বাংলাদেশে যে ৯৫ হাজার মাধ্যমিক শিক্ষক আছেন তাঁদের মধ্যে কতজন মাধ্যমিক শিক্ষক প্রাইভেট টিউসানের সুযোগ পান? হয়ত কিছু কিছু সৌভাগ্যবান শিক্ষক প্রাইভেট টিউসানের সুযোগ পান কিন্তু তার মানে এই নয় যে ৪।৫ শো টাকা তাঁরা প্রাইভেট টিউসন করে উপায় করেন। রাইটার্স বিল্ডিংসের কোন্ সেক্রেটারী তাঁকে পরামর্শ দিয়েছেন জানি না, আমি হলফ করে বলতে পারি বাংলাদেশের শিক্ষকদের প্রতি যে কটুক্তি যে অপমানজনক উক্তি করেছেন তাতে তাঁর লজ্জা হওয়া উচিত, শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়েরও লজ্জা হওয়া উচিত। আজকে যদি বাংলাদেশের সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেন যে প্রাথমিক শিক্ষকদের বেতন ১৫০ টাকা বেঁধে দেওয়া হবে মাধ্যমিক শিক্ষকদের বেতন ২৫০ টাকা বেঁধে দেওয়া হবে এবং কলেজীয় অধ্যাপকদের বেতন ৩৫০ টাকা বেঁধে দেওয়া হবে এবং তারপর যদি আইন রচনা করতেন প্রাইভেট টিউসান ব্যান করবার জন্য তাহলে আমি অন্ততঃ শিক্ষক সমাজের পক্ষ থেকে বলতে পারি এই বিলকে আমি প্রথমে সমর্থন করব এই প্রতিশ্রুতি আপনাকে দিতে চাই। মিঃ স্পীকার, স্যার, মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছিলেন সেই বিবৃতির মধ্যে তিনি একটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন যে মাধ্যমিক সমস্ত শিক্ষা ব্যবস্থাকে ধীরে ধীরে জাতীয়করণ করবার জন্য তিনি চেষ্টা করবেন। আমি আপনার মাধ্যমে শিক্ষা বিভাগের রাষ্ট্র মন্ত্রীর কাছে এই কথা রাখতে চাই যে যেখানে আমাদের সরকার প্রাথমিক শিক্ষা অবৈতনিক হিসাবে চালু করতে ব্যর্থ হয়েছেন, যেখানে আজকে শিক্ষামন্ত্রী নাটকীয় ভঙ্গীতে বলবার চেষ্টা করেছেন যে তিনটি মিউনিসিপ্যালিটিতে আমাদের প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক-

ভাবে চালু করতে হয়েছিল—সেটা ছিল, ১৯৬৩ সালের আগে সেই তিনটি মিউনিসিপ্যালিটিতে অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ছিল, ১৯৬৩ সালের পরে আপনারা কি করেছেন? আপনারা পি-এল ৪৮০-তে আমেরিকার কাছ থেকে ২০ কোটি ৮০ লক্ষ টাকা পেয়েছেন ভারতবর্ষের শিক্ষা ব্যবস্থাকে প্রসারিত করবার জন্য। কিন্তু আমেরিকার কাছ থেকে ২০ কোটি ৮০ লক্ষ টাকা পাওয়া সত্বেও আজকে আপনারা এই শিক্ষা ব্যবস্থাকে প্রসারিত করতে পারলেন না। মন্ত্রীমহাশয় একটা তথ্য দিলেন বাংলাদেশের নাকি থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে যে টার্গেটে পেঁছাবার কথা সেখানে আমরা পেঁছে গেছি। একথা সত্য নয়। কারণ একমাত্র কলকাতার বুকে প্রায় ৩ লক্ষ শিশু আছে, তার মধ্যে ১ লক্ষ ৯৮ হাজার শিশু স্কুলে যাবার সুযোগ পায় না, প্রাথমিক শিক্ষার সুযোগ পায় না। কেরালা বলছে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শিক্ষা খাতে যে লক্ষ্য সেই লক্ষ্যে শতকরা ১ শো ভাগ তারা পেঁছে গেছে। আর সেখানে পশ্চিম বাংলার চেহারা দেখুন একমাত্র কলকাতার বুকে যেখানে ৩ লক্ষ শিশু আছে সেখানে মাত্র ১ লক্ষ ৯৮ হাজার শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ পায়। আজকে আপনারা বলছেন জাতীয়-করণ করবেন। কিন্তু জাতীয়করণ করবার আগে আমি বলতে চাই এতদিন ধরে তাঁরা শিক্ষা দপ্তর চালাচ্ছেন অযোগ্য নীতির মধ্য দিয়ে। প্রিমার্জার যুগে কুচবিহারের যে সমস্ত শিক্ষকরা অসহায় অবস্থার মধ্যে পড়েছিল আজও আপনারা তাঁদের একই স্কেলের মধ্যে আনবার চেষ্টা করলেন না। কুচবিহারের শিক্ষকরা অসহায় অবস্থার মধ্যে রয়েছে, বাংলাদেশের শিক্ষকদের যে স্কেল সেই স্কেলের সুযোগ তাঁরা পাননি।

[3-50—4-15 p.m.]

এইভাবে আপনারা প্রিমার্জার ও পোষ্টমার্জার যুগের শিক্ষকদের মধ্যে একটা ভীষণ বিভেদের প্রাচীর তুলে রেখেছেন। আপনারা যেখানে এই সমস্ত সমস্যার সমাধান করতে পারেন নাই, সেখানে প্রিমার্জার ও পোষ্টমার্জার দিনের শিক্ষকরা অসহায় অবস্থার মধ্যে পড়ে রয়েছেন, তাদের কথা বিবেচনা করতে পারছেন, সেখানে আপনারা সোসালাইজেশন করবেন, স্কুলগুলি ন্যাশানালাইজেসান করবেন। যখন আমরা দেখছি বাংলাদেশের বুকে হাজার হাজার জুনিয়ার হাইস্কুল পড়ে আছে আপগ্রেড করতে পারলেন না। টাকার অভাবের অজুহাত দিয়ে সেগুলি কনভার্ট না করে আপনারা তার পরিবর্তে স্কুলগুলি জাতীয়করণের প্রস্তাব গ্রহণ করেছেন। একথা সত্য যে কেরালায় যখন শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণের জন্য সরকার আগ্রহী হয়ে ওঠেন, তখন সেখানে ক্যাথলিক সম্প্রদায় তার বিরুদ্ধে আন্দোলন করেছিল এবং এই প্রস্তাবে কংগ্রেসীরা সেদিন কেরালার সেই শিক্ষা নীতির বিরুদ্ধে আন্দোলন করেছে। শুধু তাই নয়—তাঁরা সেদিন এই জাতীয়করণ প্রস্তাবের বিরোধিতা করেছিল। এখানে আপনারা সকল স্কুলকে জাতীয়করণ না করে বেছে বেছে ভাল ভাল স্কুলকে জাতীয়করণ করবেন। এই জাতীয়করণে আপনাদের যদি আন্তরিকতা থাকতো, তাহলে নিশ্চয়ই এ বিষয়ে উদ্যোগী হয়ে সমস্ত স্কুলকে ধীরে ধীরে জাতীয়করণ করতেন। আর আপনারা যেভাবে অগ্রসর হতে চাচ্ছেন জাতীয়করণের প্রস্তাব নিয়ে, তাতে দেখা যাবে সাধারণ বুদ্ধির সমস্ত ছাত্রদের আর লেখাপড়া শিখবার অবকাশ থাকবে না। ফলে তাদের সেইসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেরিয়ে আসতে হবে ও তাদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের দ্বার চিরতরে বন্ধ হয়ে যাবে। এই জাতীয়করণ প্রস্তাব যদি গৃহীত হয়, তাহলে সামগ্রিকভাবে সার্বজনীনভাবে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয়করণ করার কথা চিন্তা করতে হবে। এই বলে এই শিক্ষা খাতের ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

4-15—4-25 p.m.

Shrimati Ila Mittra:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, সরকার পক্ষ থেকে তাদের শিক্ষা সম্পর্কে বাংলাদেশের যে সাফল্যের কথা বললেন সেগুলি খুব মন দিয়ে আমি শুনলাম। কিন্তু এত সাফল্য সত্বেও একটা প্রশ্ন

ানে জিজ্ঞাসা করি। যদি বাংলাদেশের এত সাফল্য ঘটে থাকে, যদি সরকারের এত কৃতিত্ব ী করার অবস্থা হয়ে থাকে, তাহলে শিক্ষা জগতের প্রতিটি স্তরে শিক্ষকরা আজকে এত ন্তুষ্ট কেন? গত ১৯এ জানুয়ারী দশ সহস্রাধিক সর্বস্তরের শিক্ষক কলকাতা সহরের বুকে ছিল করেছিলেন, সেই মিছিলের মধ্য দিয়ে শুধু তাঁরা জীবন ধারণের মানোন্নয়নের কথা ননি, আজ পশ্চিমবাংলায় শিক্ষা সংকট কি পর্যায়ে গিয়ে পেঁাচেছে, সেই সম্পর্কে সরকার দেশবাসীর দৃষ্টি তাঁরা আকর্ষণ করেছিলেন। মিছিলের উদ্যোক্তাগণ অত্যন্ত সক্ষোভে াছিলেন বাংলাদেশে স্বাক্ষরে সংখ্যানুপাত যেখানে দ্বিতীয় ছিল; আজ সে ষষ্ঠ স্থানে এসে ড়য়েছে। শুধু তাই নয়—কৃতিত্ব তাঁরা দাবী করেছেন অথচ সরকারের লেখা বই রিভিউ এডুকেশান ইন ইণ্ডিয়া, তার তথ্য থেকে দেখছি যে সারা পশ্চিমবাংলায় প্রতি ১০ জনের ্য ৭ জনের বেশী নিরক্ষর। শুধু পশ্চিমবাংলায় মেয়েদের প্রতি পাঁচ জনের মধ্যে চার জন নিরক্ষর ; গ্রামবাসীদের মধ্যে প্রতি পাঁচ জনের মধ্যে প্রায় শতকরা ৪ জন নিরক্ষর। পশ্চিমবাংলার ক্ষত বাঙ্গালী বাংলার শিক্ষা এবং সাহিত্য নিয়ে গর্ব করেন কিন্তু শতকরা ৭০ জন মানুষ অশিক্ষিত রয়েছে একথা ভুললে চলবে না। তাই সরকারকে প্রশ্ন করি যে এই বিরাট ব্যবধান ারণের কথা কি ভাবছেন? এটা শুধু সাহিত্য এবং সংস্কৃতির কথা নয়—এর সঙ্গে জড়িয়ে হ রাজনীতি এবং অর্থনীতিও বটে। এবং এই অশিক্ষার পাহাড় আছে বলে আজকে ারের কোন প্ল্যান যে সাকসেসফুল হবে না একথা তাঁরা নিশ্চয়ই বুঝতে পারছেন। একথা বুঝতে পারছেন না যে গ্রামাঞ্চলে শতকরা ৭৮·৪ ভাগ নিরক্ষর থেকে যাচ্ছে। যারা কে কৃষি কার্যে লাগছে তারা কি করে কৃষির উন্নতি করতে পারবে নিরক্ষর হয়ে একথা কি ার বুঝতে পারছেন না। কাজেই আমার সরকারের কাছে প্রধান প্রশ্ন হচ্ছে যে আজকে ত স্তরের শিক্ষকেরা বিক্ষুব্ধ কেন? অসন্তুষ্ট কেন? আমার নিজের কথা বলছি না— াদের কথা দিয়ে বলছি যে তাঁরা বলছেন যে শিক্ষকরা যে সমস্ত দাবী করেছেন তা অত্যন্ত ্য—কিন্তু টাকা নেই। তাহলে দেখা যাচ্ছে যে শিক্ষা জগতের আওতায় পেঁাছোতে গেলে র জগতে পেঁাছোতে হচ্ছে। আমাদের শিক্ষা নীতি আলোচনা করার কোন সুযোগ নেই' া যখন আমরা যা কিছু বলবো তা আটকে যাচ্ছে টাকাতে। কাজেই দেখা যাচ্ছে আপনাদের যে শিক্ষা ব্যবস্থা এই ব্যবস্থার মধ্য দিয়ে আপনারা ছাত্রদের ডুবাচ্ছেন জাতকে ডুবাচ্ছেন, কে ডুবাচ্ছেন—কি ব্যবস্থা এই ১৮ বছর স্বাধীনতা লাভের পর আপনারা করেছেন? আমি জন শিক্ষক—আমার নিজের অভিজ্ঞতা দিয়ে বলতে পারি যে দু ঘণ্টা ধরে বাসে যাতায়াত কলেজে যাই—সেখানে আড়াই ঘণ্টারও কম ছাত্রদের সঙ্গে আমার সম্পর্ক এবং সেই সম্পর্ক একটা ক্রাউডের সঙ্গে। যেখানে আমাদের প্রয়োজন জাতীয় শিক্ষা গড়ে তোলার যেখানে ক ছাত্রের একসঙ্গে বহুক্ষণ থাকা দরকার—এবং যার মধ্য দিয়ে ছাত্র শিক্ষকের ঘনিষ্ট যোগা- থাকবে এবং শিক্ষক নিত্য নূতন গবেষণার সুযোগ পাবে এবং ছাত্রদের আরও বেশী তাদের র দ্বারা সমৃদ্ধ করবে সেখানে আমি বলতে পারি যে আমি এম-এ পর্যন্ত যেটুকু শিখেছিলাম কে এই ব্যবস্থার মধ্য দিয়ে সেটুকুও ভুলে যাচ্ছি—আমি ছাত্রদের পড়াতে পারি না। রকম পর্যায়ে আপনারা নিয়ে এসেছেন এটা অত্যন্ত জোরের সঙ্গে—অত্যন্ত দুঃখের আমি স্বীকার করছি। আজকে জাতীয় শিক্ষা গড়ে তোলার প্রশ্ন। যখন বৃটিশ ছিল তাদের উদ্দেশ্য ছিল মুষ্টিমেয় কিছু লোককে তারা কেরানী করবে। কিন্তু যেখানে য় শিক্ষা গড়ে তোলার প্রশ্ন যেখানে আমরা বলছি ন্যাশানাল ইনট্রিগ্রিটির কথা যেখানে া বলছি বেসিক এডুকেশানের কথা যেখানে আমরা বলছি থ্রি ল্যাংগোয়েজ ফরমুলা, যেখানে া বলছি বিজ্ঞান শিক্ষা এবং তার প্রয়োজনের কথা যেখানে আমরা বলছি কৃষিতে ন প্রয়োগের কথা সেখানে কি করে সম্ভব হবে এটা যেখানে ছাত্রদের সঙ্গে শিক্ষকের সম্পর্ক আড়াই ঘন্টা—তিন ঘন্টা। আজকে যেখানে আমাদের জাতীয় শিক্ষা—অর্থাৎ সকলকে ত করে তোলার প্রশ্ন সেখানে আজকে আমি দেখতে পাচ্ছি সমস্ত দিক দিয়ে আমরা ব্যর্থ যাচ্ছি এবং সেইখানে সরকারের ব্যর্থতা—এবং সরকারের এই ব্যর্থতা ঢাকবার জন্য তাঁরা বলছেন?—বলছেন যে আজকে বাংলাদেশে শিক্ষা এমন স্তরে নেমে যাচ্ছে এবং শিক্ষার যে তি ঘটছে তার জন্য এই মাষ্টাররাই দায়ী। সম্প্রতি কেরালায়, কেরালা ইউনিভার্সিটি কসান ডিপার্টমেণ্ট। তাঁরা বিদ্যালয়ের এডুকেসন সম্বন্ধে একটা সার্ভে করেছেন—সেই রিপোর্টে এই কথা বেরিয়েছে যে যারা কলেজে ফেল করছে তাদের অধিকাংশই আসছে

সমাজের সবচেয়ে পশ্চাৎপদ অংশ থেকে এবং শুধু তাই নয়, যাদের পারিবারিক পিতা ম আয় ৫০ টাকা মাত্র তাদের ছেলেমেয়ে ফেল করছে। এবং তার পর স্ট্যাটিসটিক্স দিয়ে দেখ হয়েছে যাদের আয় এক শত টাকা তাদের মধ্যে শতকরা ২৮ জন পাশ করছে—যাদের আয় : টাকার উপর তাদের মধ্যে শতকরা ৩০ জন পাশ করছে এবং এটা দেখা যাচ্ছে যেখানে পিতা প্রাইমারী শিক্ষাও পান নি তাদেরই ছেলেমেয়েরা ফেল করছে এই হচ্ছে অবস্থা। এবং শি দের যে সার্ভে হয়েছে সেই সার্ভে রিপোর্টে দেখা যাচ্ছে যে শিক্ষকরা সুযোগ পাচ্ছে হ্যাণ্ডিক্রাফ্ট হচ্ছে—কারণ তাদের পড়াশুনা করবার কোন ব্যবস্থা নেই। লাইব্রেরী নে ছাত্রদের লাইব্রেরী নেই—ল্যাবরেটারী নেই বসবার যায়গা নেই, বোর্ড নেই—নানা রকম অব মধ্য দিয়ে তাদের চলতে হচ্ছে। অর্থনৈতিক সাংস্কৃতিক এবং শিক্ষার—এই সব দিক যারা বঞ্চিত হয়ে আছে তাদের ছেলেরাই বেশী ফেল করছে।

[4-25—4-35 p.m.]

সে দিকটা কি আপনারা কোনরকম শোধরাবার চেষ্টা করেছেন? তা নয়, উল্টো দিক আপনারা দায়ী করছেন মাষ্টারদের যে, তাঁরাই এরজন্য দায়ী। তারপর, আপনারা উচ্চ মাধ্য বিদ্যালয়গুলিকে জাতীয়করণ করবার কথা ঘোষণা করেছেন। এটা খুবই আনন্দের কথ কিন্তু আপনারা যে স্কীমের কথা ঘোষণা করেছেন আমি মনে করি সেটা ফাঁকির কথা। এই ভাবে চললে পরে ১০০ বছরে কেন, হাজার বছরেও আপনারা এগুলোকে জাতীয়করণ কর পারবেন না। আজকে বিহার রাজ্য যেখানে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে জাতীয়ক করেছেন, সেখানে আপনারা করতে পারবেন না কেন? তাছাড়া শিক্ষায় যে দুর্নীতি চলে ব্যক্তিগত মালিকানাধীনে বা পরিচালনাধীনে যে সমস্ত স্কুল রয়েছে সেখানকার অনাচার, দুর্নী শিক্ষা এবং শিক্ষক সংহারের ঘটনা আমরা রোজই খবরের কাগজের পাতায় দেখি। আমার প্র হল সরকার এদিকে দৃষ্টিপাত করেন না কেন? সম্প্রতি সাউথ পয়েন্ট গার্লস স্কুল-এ বছর আগে, স্কুল প্রতিষ্ঠা থেকে যে সমস্ত শিক্ষিকারা সুনামের সঙ্গে চাকরি করে আস এবং স্থায়ী শিক্ষিকা রূপে নিযুক্ত হয়েছেন, সেখানকার মালিকের কেবলমাত্র খেয়ালের ব সেই সমস্ত শিক্ষিকাদের চাকরি চলে যায়। তারপর সেই সমস্ত শিক্ষিকারা যখন সরকা কাছে এ্যাপিল করেন, বোর্ড-এর কাছে যান তখন তাঁরা বলেন যে ঐ স্কুল আমাদের কা এড নেয়না, অতএব আমাদের কিছু করার নেই। এই প্রাইভেট স্কুলের বিরুদ্ধে শ্রীচাগলা বিশিষ্ট শিক্ষাবিদরা বলেছেন কিন্তু সরকার এদিকে কোনরকম দৃষ্টি দেন না। তারপর মানন শিক্ষামন্ত্রী মহাশয় বারবার বলেছেন যে উচ্চ শিক্ষায় আমরা এগিয়েছি। এ বিষয়ে আমি ত সঙ্গে একমত যে, আজকে বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষায় বাংলাদেশ এগিয়ে আছে। কি তাতে কি আসে যায়? তলার লোকদের শিক্ষা না দিয়ে উপরের কিছু লোককে শিক্ষিত ক আমাদের লাভ কি? আপনারা কথা দিয়েছিলেন ১৯৬০ সালের মধ্যে সমস্ত ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত করে তুলবেন। কিন্তু আজকে স্বাধীনতার ১৭ বছর পরেও শতক ২৬·৩ ভাগ অর্থাৎ ⅓ অংশ ছেলেমেয়ে অশিক্ষিত থেকে যাচ্ছে। মাধ্যমিক স্কুলে ⅓ অং অশিক্ষিত থেকে যাচ্ছে। আপনারা এতদিন বলতেন যে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি তা পাল করবার চেষ্টা করবো। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে আপনারা তা পালন কর পারছেন না। যেখানে ১৯৬০ সালের মধ্যে ১০০ পারসেণ্ট ছেলেমেয়েকে প্রাথমিক শি দেবার কথা ছিল সেখানে ৮০ পারসেণ্ট ছেলেমেয়েকেও আপনারা তা দিতে পারছেন না। আ শিক্ষার ক্ষেত্রে যেখানে ছাত্র, শিক্ষক অভিভাবক, সরকার একসঙ্গে চিন্তা করবেন কি ক জাতীয় শিক্ষা গোড়ে তোলা যায়, সেখানে আপনারা উল্টো কথা বলছেন যে, মাষ্টার মহাশয় প্রাইভেট টিউশান করে। তার ফলে শিক্ষার অবনতি ঘটছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাস করি যে, মোটা মোটা টাকা পেয়েও যে সমস্ত ডাক্তার প্র্যাক্টিস করেন তাঁদের প্রাইভেট প্র্যাক্টি কি করে আপনারা এ্যালাউ করেন? এগুলো কি করে ঘটতে পারে? আজকে আপনাদে ব্যর্থতা ঢাকতে গিয়ে বলছেন যে, স্কুল মাষ্টররা প্রাইভেট টিউশান করে, অতএব সমস্ত জগৎ

গোল্লায় গেল। কাজেই এই যে আপনাদের কথা এর মধ্যে কি কোন সিনসিয়ারিটি আছে? ডাক্তারদের কথাই ধরুন, এই সমস্ত ডাক্তার যাঁরা বেশী বেশী শিক্ষা পাচ্ছেন তাঁদের আপনারা দেশে রাখতে পারছেন না। প্রতি বছর ১,৫০০ ডাক্তার এ দেশ থেকে বিদেশে চলে যাচ্ছেন। শুধু তাই নয়, স্টেটসম্যান কাগজ দেখলে দেখা যাবে যে প্রিভেণ্টিভ সাইড-এ ৩০০ ডাক্তারের পোষ্ট খালি আছে সেখানে একটাও ডাক্তার পাওয়া যাচ্ছে না। তার কারণ টাকা কম। তাহলে এ থেকেই দেখা যাচ্ছে যে, আমরা এমন একটা জগতে এসে পেঁৗচেছি যেটা হচ্ছে টাকার জগৎ লোভের জগৎ. এছাড়া কোন কিছু ঘটবে না। কিন্তু মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি যে. শিক্ষা এবং স্বাস্থ্যের প্রশ্ন সেটা কি শুধু টাকা দিয়ে হয়? না তা হয় না। এখানে দেশসেবার মনোভাব জাগাতে হয়। আর তা করলেই মাষ্টাররাও থাকে. ডাক্তাররাও থাকে। কিন্তু সেই মনোভাব ঢোকাবেন কারা? ঢোকাবেন আপনারা! আপনাদের মতন দুর্নীতিপরায়ণ লোক যাঁরা লক্ষ লক্ষ টাকা চুরি করছেন—ওই বিজু পট্টনায়ক, বীরেন মিত্রের মত লোক, যাঁরা কোটি কোটি টাকা চুরি করে ছারখার করে দিয়েছেন--যে তথ্য গোপন রাখার জন্য কেন্দ্রীয় সরকার পর্যন্ত আপ্রাণ চেষ্টা করেছেন আর তাঁদের স্বপক্ষে আমাদের বাংলাদেশের অতুল্য ঘোষ সাফাই গেয়ে বলেছেন যে. "না. না ওঁরা খুব ভাল" তাঁরা জাগাবেন দেশ প্রেমের মনোভাব? তাঁরা জাগাবেন মাষ্টারদের. ডাক্তারদের মধ্যে দেশসেবার স্পিরিট? লজ্জা করেনা একথা বলতে যে. মাষ্টাররা প্রাইভেট টিউশান করে বলেই শিক্ষার মান নেমে যাচ্ছে। যদি সামান্যতম লজ্জা এই সরকারের থাকতো তাহলে কখনও সরকার একথা বলতে পারতেন না। আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে. ক্ষোভের সঙ্গে আমাকে একথাটা বলতে হচ্ছে। কারণ, শিক্ষাটা ছেলে খেলার ব্যাপার নয়। ১৮ বছরে আপনাদের অবস্থাটা দেখা গেছে। আপনারা পারবেন না, বলে দিন না যে পারবেন না। আপনারা শিক্ষা ক্ষেত্রেও পুঁজিবাদের নিয়মটা চালু করছেন। শিক্ষা খাতের টাকা নিয়ে বড় বড় বাড়ী উঠছে. গাড়ি হচ্ছে। যেখানে আমাদের আবাসিক বিশ্ববিদ্যালয় গড়ে তোলা দরকার, যেখানে মিড-ডে মিল পর্যন্ত দিতে পারছেন না যাদের জন্য শান্তিনিকেতনের ব্যবস্থা করা দরকার তাদের জন্য কিছুই করা হচ্ছেনা. উপরন্তু দেখা যাচ্ছে কি, না যাঁদের হাজার হাজার টাকা আছে তাঁরা গিয়ে এই শান্তিনিকেতনে স্থান পাচ্ছেন, আর যাঁরা গরীব লোক তাঁরা ওখানে স্থান পাচ্ছেনা। কুঞ্জে ভরা শান্তিনিকেতনে আজ বিড়লা, গোয়েঙ্কার বড় বড় বাড়ী উঠছে। তাই বলছিলাম. আজকে ক্যাপিটালিজম-এর ল' চালু হয়ে গিয়েছে। এই অবস্থায় আজকে বাংলাদশের শিক্ষার উন্নতি কি করে হবে। তা কিছুতেই হতে পারেনা। কারণ. আজকে পুঁজিবাদের অনুপ্রবেশ ঘটছে পাঠ্য পুস্তকের ও বিদ্যালয়ের বাড়ী নির্মাণের মধ্যে। পাঠ্যপুস্তক একটা ব্যবসায় পরিণত হয়েছে। এই পুঁজিবাদী ব্যবস্থায় কখনও বেতন জীবনযাত্রার মানের ব্যয়ের সঙ্গে যুক্তকরে বেঁধে দিতে পারে না। তাই শিক্ষা ব্যবস্থায় পুঁজিবাদের নিয়মকে চালু করছেন। এই সরকারের কোন ক্ষমতা নেই শিক্ষকরা যে ডিমাণ্ড উপস্থিত করেছেন সেই ডিমাণ্ডকে পূর্ণ না করার। ফলে. শিক্ষকরা অনাহারে থাকার ফলে নূতন নূতন সৃষ্টি সব বিফল হয়ে যাচ্ছে। অত্যন্ত জোরের সঙ্গে একথা বলতে চাই যে. যে সরকার শিক্ষকদের দাবি পূর্ণ করতে পারে না সেই সরকারের কোন ক্ষমতা নেই শিক্ষা ব্যবস্থায় কোনরকম পরিবর্তন আনার। আজকে শিক্ষা না হলে সকলের জন্য প্রাইমারি শিক্ষা না হওয়ার ফলে দেশ ডুবে যাচ্ছে জাতি ডুবছে. ছাত্র. শিক্ষক সকলে একসঙ্গে রসাতলে যাচ্ছে। যদি প্রকৃতিতে বিজ্ঞানের প্রয়োগ না করা হয়, কৃষকদের নিরক্ষরতা দূর না করা হয় তাহলে পি এল ৪৮০-তে বছরের পর বছর আমেরিকা থেকে খাদ্য আনতে হবে, দেশে কোনদিন খাদ্য উঠবে না। যদি নিরক্ষরকে স্বাক্ষর জ্ঞান শেখানো হয় তাহলে এদেশে আর কংগ্রেসের রাজত্ব টিকবে না। সেইজন্য কিছুতেই এঁরা প্রাইমারি ষ্টেজ-এ শিক্ষা দেবেন না। সেদিন বক্তৃতা প্রসঙ্গে মাননীয় শিক্ষা মন্ত্রীমহাশয় বলেছিলেন যে. চতুর্থ পরিকল্পনায় একটিও প্রাইমারি স্কুল আমরা বাড়াতে পারবো না। কারণ. চতুর্থ পরিকল্পনায় যে টাকা আমাদের আছে, সেই টাকা যদি আমরা শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য লাগাই তাহলে আর প্রাথমিক স্কুল খোলা সম্ভব নয়। শুধু তাই নয়. দিল্লীতে যে কোঠারী কমিশন বসেছে, সেই কোঠারী কমিশনের যে রিপোর্ট তাতে এই কথা আছে যে, ৫০ পারসেণ্ট যে প্রাইমারি শিক্ষা দেওয়া হয়েছে, তার উপরে আরও ছাত্র ছাত্রীকে শিক্ষা দেবার জন্য যদি চতুর্থ পরিকল্পনায় আর একটিও প্রাথমিক বিদ্যালয় খোলা যায়, তাহলে টীচার-দের মান উন্নয়নের জন্য যে টাকা দেওয়া দরকার তা দিতে পারা যাবেনা। অথচ আজও হাজার হাজার গ্রাম রয়েছে

যেখানে প্রাথমিক শিক্ষা চালু হয়নি। সেইজন্য ক্ষোভে দুঃখে বেদনায় সরকারকে বলছি যে ১৮ বছর তো দেখেছেন শিক্ষা নিয়ে আর ছিনিমিনি খেলবেন না। ছেড়ে দিন, আপনাদের কোন ক্ষমতা নেই, এটা প্রমাণ হয়ে গেছে। যাঁরা পারেন তাঁরা এসে দায়িত্ব নিক। যে সরকার একটা প্ল্যান-কে সাকেসফুল করতে পারে না, সেই সরকার আবার মাষ্টারদের শিক্ষা দিতে চায় উপদেশ দেয়, আজকে যখন শিক্ষকরা পথে বসে আছেন, তখন আপনারা হেসে গড়াগড়ি যাচ্ছেন যদি বিন্দুমাত্র লজ্জা আপনাদের থাকতো তাহলে আপনারা এরকম করতেন না। তবুও আপনারা অত্যন্ত দুর্বল বলেই শিক্ষকদের দাবী ন্যায়সঙ্গত বলেই মুখ্যমন্ত্রী তিনি এসপ্ল্যানেড-এ গিয়ে দেখে এসেছেন যে শিক্ষকরা বসে আছেন। কেন? শিক্ষকরা অত্যন্ত উদারতার পরিচয় দিয়েছেন। আজকে তাঁরা ছাত্রদের দিকে তাকিয়ে সাময়িকভাবে আন্দোলন স্থগিত রেখেছেন। আজকে যদি অধ্যাপকরা খাতা না দেখতেন, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা সাময়িকভাবে তাঁদের আন্দোলন তুলে না নিতেন তাহলে বাংলাদেশে যে ঝড় বইত তার সামনে আপনারা দাঁড়াতে পারতেন না। কাজেই আজ যখন প্রমাণ হয়ে গেল আপনারা পারছেন না তখন আপনাদের শুভবুদ্ধির কাছে অনুরোধ করছি আপনারা সরাসরি স্বীকার করুন, আস্ফালন করবেন না এবং যারা পারে তাদের হাতে দায়িত্ব দিন। সর্বশেষে আপনাদের কাছে আবার অনুরোধ করছি আপনার, আমার ছেলে, বাংলাদেশের হাজার হাজার ছেলের দিকে তাকিয়ে, জাতির দিকে তাকিয়ে আসুন আমরা অন্য একটা পথ বার করি যে পথের মধ্য দিয়ে বাংলাদেশের সত্যিকারের শিক্ষা ব্যবস্থা হতে পারে। একথা বলে আমার কাট মোশন সমর্থন করে এবং এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Shri Bejoy Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, এইমাত্র যে ভাবাবেগপূর্ণ বক্তৃতা শুনলাম তারপর আমার পক্ষে বক্তৃতা দেওয়া দুরূহ ব্যাপার কারণ ভাবের আধিক্য আমার মধ্যে যে কম আছে সে কথা অস্বীকার করি না। আজকে বিরোধীদলের পক্ষ থেকে যে বক্তৃতা করা হোল তাতে স্পষ্ট বোঝা গেল তাঁরা একথা অস্বীকার করছেন না যে, এই কয়েক বছরে শিক্ষার যথেষ্ট অগ্রগতি হয়েছে। অবশ্য এক স্তরের মানুষ আছে যারা নিজের গ্লানীকে সহজে সহ্য করতে পারে এবং নিজেকে ছোট করবার ব্যগ্রতা খুব বেশী। যা হোক, আমার বিশ্বাস বিরোধীদল একথা স্বীকার করেছেন যে, যথেষ্ট উন্নতি হয়েছে এবং অবনতির একটা দৃষ্টান্তও তাঁরা দেখাতে পারেননি তবে একটা জিনিস যা তাঁরা দেখিয়েছেন সেটা হচ্ছে শিক্ষা বাবদ যে ব্যয় করা উচিত ছিল সেই ব্যয় সরকার করতে পারেননি। গভর্নমেন্টের পক্ষে শিক্ষামন্ত্রী মহাশয় যা বললেন তার সঙ্গে বিরোধী দলের কোন পার্থক্য দেখছি না। তিনি প্রাথমিক স্তর থেকে সুরু করে বিভিন্ন স্তরে যে অগ্রগতি হয়েছে সেটা দেখিয়েছেন এবং এই যে দেখিয়েছেন সেটা আস্ফালনের ভাষা নয়, বাস্তবে আমাদের কিভাবে অগ্রসর হয়েছে সেটাই দেখিয়েছেন। তবে সঙ্গে সঙ্গে একথা বলেছেন যে, যতটা অগ্রসর আমাদের হওয়া উচিত ছিল ততটা অগ্রসর হতে পারিনি এবং তার একমাত্র কারণ হচ্ছে অর্থাভাব। ৩০ কোটি টাকার বদলে যদি ৬০ কোটি টাকা বরাদ্দ করা যেত তাহলে শিক্ষাক্ষেত্রে আরও যে কাজ করা যেত সে বিষয়ে কোন সন্দেহ নেই। স্যার যদি বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট দেখতে হয় তাহলে এই ৩০ কোটির মধ্যে যে ব্যয়ের ব্যবস্থা হয়েছে সেটা সমীচীন হয়েছে কিনা সেটা দেখতে হবে। তারপর, আমাদের বিরোধী দলের নেতা মাননীয় জ্যোতিবাবু বলেছেন বিভিন্ন শিক্ষা পদ্ধতির মধ্যে সমন্বয়ের ভীষণ অভাব। তাঁর একথা বলার উদ্দেশ্য কি আমি তা জানি না। প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং উচ্চশিক্ষা এই যে শিক্ষার ৩টি পদ্ধতি তার অবতারণা পশ্চিমবঙ্গ সরকার করেননি, বড় বড় কমিশন, শিক্ষাবিদরা যে নীতি প্রয়োগ করেছেন, যে রেকমেন্ডেসন করেছেন, যে প্রথায় শিক্ষা ব্যবস্থা করা উচিত বলে তাঁরা বলেছেন সেটাই হয়েছে। তবে একথা ঠিক এবং শিক্ষা মন্ত্রী মহাশয় নিজেও তা বলেছেন যে, সেকেন্ডারী কমিশন, মুদালিয়র কমিশন যখন যে ব্যবস্থা করেছেন তখনই সেই ব্যবস্থা অনুযায়ী আমরা কাজ সম্পন্ন করতে পারিনি। তবে এটা লজ্জার কথা নয়।

35—4-45 p.m.]

পৃথিবীর সর্বত্র যা করা দরকার কোন জাতির পক্ষে দেশের পক্ষে সম্ভব হয়নি। আজ থা জানেন আমেরিকা তাদের সায়ান্স শিক্ষা সম্বন্ধে এটা বুঝতে পেরেছে যেভাবে বিজ্ঞান ক্ষা, হচ্ছিল তা বহু ত্রুটিপূর্ণ, রাশিয়ার বিজ্ঞান শিক্ষার তুলনায় তাদের বিজ্ঞান শিক্ষা ত্রুটি- র্ণ, তাই তাঁরা যাতে আরও ভাল ব্যবস্থা হয় তারই ব্যবস্থা করেছেন। শিক্ষা জগতের প্রাথ- ক স্তরে প্রত্যেক জাতিই প্রথম ৫।৭ বছর অন্তর বাধ্য হয় শিক্ষা ব্যবস্থাকে সুচারুরূপে ন করবার জন্য এবং সেইভাবে তাদের ব্যবস্থাকে বদল করতে বাধ্য হয়। মানুষ অগ্রগতির ক চলেছে, মানুষের সমাজ এগিয়ে চলেছে, এবং শিক্ষা ব্যবস্থাকে সেই সমাজের সংগে ঞ্জস্য রেখে গড়তে গেলে মাঝে মাঝে পরিবর্তন দরকার হয়। সুতরাং সমন্বয়ের অভাব । অভাব যেটা হচ্ছে ধীরে ধীরে প্রগতি করছি না তাড়াতাড়ি এগিয়ে যাচ্ছি প্রচুর এবং যে প্রগতি আমাদের হচ্ছে তার সংগে শিক্ষার সামঞ্জস্য রাখতে পাচ্ছি না। এইটাই সবচেয়ে অসুবিধা। আমাদের মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন, অবশ্য এই হাউসে নয়, আমাদের বর্ত- শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে তিনি বলেছিলেন যে আমাদের শিক্ষকরা টিউশানি করছে, তাঁরা ীতে বাড়ীতে গিয়ে ছেলেমেয়েদের পড়ান কিংবা নিজেদের বাড়ীতে কোচিং ক্লাস করেন ং তাতে যথেষ্ট আয় করেন। তিনি হয়ত ভাবছেন এই কারণে শিক্ষা ব্যবস্থা খুব খারাপ গেছে। আমি খুব বিনীতভাবে বলবো ১৯১৭ সালে আমি যখন এম এ পাশ করি তখন সিডেন্সী কলেজের আই ই এস অফিসার মহারাজা মণীন্দ্রচন্দ্র নন্দীর বাড়ীতে যেতেন তে, তিনি ৫০০ টাকা করে নিতেন। আমাদের সময়ও শিক্ষকরা টিউশনী করতেন বাড়ীতে য় ছেলে পড়াতেন। এই টিউশানি করা এটা শিক্ষাজগতে বহু পুরাতনী ব্যবস্থা। তাঁরা শানি করেন বলে তাদের পক্ষে শিক্ষা দেবার ব্যবস্থা করা সম্ভবপর নয় একথা সত্য নয়। ম তাঁকে একথা জানাবো, তিনি এটা একটু ভেবে দেখবেন মানুষ বাধ্য হয়ে টিউশানি করে া স্বেচ্ছায় টিউশানি করতে যান না। যখন অর্থাভাবে ক্লান্ত হয়ে পড়েন তখনই টিউশানি তে যান এবং টিউশানি করে তাঁরা তাদের অর্থাভাব দূর করেন। আমাদের সর্বদা মনে তে হবে আমরা এখন যে অবস্থায় এসে পড়েছি, আমাদের দেশ যে অবস্থায় পড়েছে এখন ক্ষকদের সম্বন্ধে তাদের বেতন সম্বন্ধে আমাদের মনোভাব বদলাতে হবে। এমন এক সময় ন শিক্ষকরা যখন শিক্ষকতাকে মিশন বলে মনে করতো, সেই সময় ছিল আলাদা। সেই সময় ুষ অল্পেতেই সন্তুষ্ট থাকত। বড় বড় শিক্ষকদের ছেলেরা হয়ত কেউ রাজনীতিতে বলুন উ অন, কোন বড় স্থানে বলুন অধিকার করতেন কিন্তু সেই যে শিক্ষকরা তাঁরা শিক্ষকই তেন। এখন মানুষের যে পারিপার্শ্বিক অবস্থা ছিল আজকে সেই অবস্থা অত্যন্ত বেড়ে ছে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে আজকে এই যে শিক্ষকরা ইউনিয়নসুলভ মনোভাব নিচ্ছেন, এক সংঘের মনোভাব নিচ্ছেন বাধ্য হয়েই তাঁরা সেই মনোভাব নিচ্ছেন এবং তাঁরা বাধ্য ছেন এই মনোভাব নেবার তাঁদের আর্থিক অবস্থার জন্য। আমার মনে হয় সৌরেনবাবুই ুন রবীনবাবুই বলুন সকলেই জানেন যে শিক্ষকদের বেতনের যে হার তা যথেষ্ট নয়। কবার দুবার নয় তাঁরা বার বার একথা বলেছেন এখানে, আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে যে মন্ত্রী মহাশয়রা কুবেরের ধনভাণ্ডার নিয়ে আসে না। দেশ থেকে তাঁরা ট্যাক্স তুলেন বং সেই টাকা জনগণের শিক্ষার জন্য ব্যয় করেন। আজকে আপনারা একথা প্রমাণ করতে রেন যে ৩০ কোটির চেয়ে যদি বেশী টাকা থাকত তাহলে শিক্ষা ব্যবস্থার এর চেয়ে বেশী তি হত, যদি ৬০ কোটি টাকা কি ১২০ কোটি টাকা শিক্ষা খাতে ব্যয় হত তাহলে শিক্ষা বস্থা আরও ভাল হত সে বিষয়ে কোন সন্দেহ নাই। এটা এত টাকার যদি ব্যবস্থা করা যেত হলে শিক্ষাকে একটা আরো নূতন পর্যায়ে নিয়ে আসা যেত এবং শিক্ষাকে সর্বাঙ্গীন ন্দর করা যেত এ বিষয়ে সন্দেহ নেই।

Shri Sambhu Gopal Das:

ননীয় চেয়ারম্যান স্যার, আমি বিজয় ভট্টাচার্যকে ধন্যবাদ দিচ্ছি যে তিনি শিক্ষক আন্দোলনকে কারান্তরে সমর্থন করেছেন এবং তাদের যে আরও কিছু বেতনের দরকার একথা বলেছেন এবং ঙ্গে সংগে এই কথা বললেন যে পশ্চিমবঙ্গ সরকার কুবেরের মত ধনভাণ্ডার নিয়ে বসেন নি, ই কথা বলা হয়নি। কিন্তু এই কথা ঠিক যে পশ্চিমবঙ্গ সরকার যে উন্নতিমূলক যে কাজ—যার

জন্য অর্থব্যয় করা হয়ে থাকে আমার বক্তব্য হল সরকারী দৃষ্টিভঙ্গীর কথা সমস্ত অর্থ পশ্চি বঙ্গের জন্য যা ব্যয় করা হয় তার ৪·২ অংশ শিক্ষার ক্ষেত্রে ব্যয় করা হয়। ভারতবর্ষে ২২ ভ করা হয় আপনার মাধ্যমে জানাতে চাই একটা ডার্ক কনটিনেন্ট এবং আফ্রিকার সংযুক্ত আ রাজ্য এবং সদ্য স্বাধীনতাপ্রাপ্ত আলজেরিয়ায় শতকরা ২৫ ভাগ শিক্ষার জন্য ব্যয় হয় এ বিশেষ করে প্রাইমারী এডুকেশন-এর জন্য কিন্তু দেখছি এই যে শতকরা ২৫ ভাগ আজ ঐ সম দেশ ব্যয় করছে সেখানে তারা শিক্ষার দিকে বিভীষিকা সৃষ্টি করেনি কিন্তু তিনি এখানে করেছেন তাতে আশ্চর্য্য হবার কিছু নেই কারণ একজন ৩য় শ্রেণীর উকিল হিসাবে তার খ্যা আছে, কিন্তু ঘটনাক্রমে শিক্ষামন্ত্রী হয়ে বসেছেন কাজেই তাঁর কাছ থেকে বিশেষ কিছু আ করতে পারি না। কিন্তু আমরা জানি যে প্রফুল্ল সেন একদিন শিক্ষক ছিলেন তার কাছ থে ভদ্রব্যবহার আমরা আশা করি কিন্তু যে প্রকৃতির পরিচয় দিয়েছেন শিক্ষকদের অর্থ পিশাচ ব যে তারা টিউশনী করে খায় আমি একটা কথা বলতে চাই যে শিক্ষকদের অধস্তন কর্মচারী সঙ্গে বেতনের হার তুলনা করেন তখন মনে হয় মন্ত্রী মহাশয়দের মাথায় একটা খাটাল আ এবং পেটের মধ্যে ধাপার কপির ক্ষেত আছে। আজ ১০ বৎসর আগে শিক্ষকরা গড়ে ৬০ টা বেতন পেতেন তখন দিল্লীর শিক্ষকরা ২৫০ টাকা পেতেন ইংরাজ আমলে ১৯৩৮-৩৯ সা চালের মন ছিল ২·৫০ টাকা, তেলের দর ছিল চার আনা। গ্রাজুয়েট তাঁরা ৩৫।৪০ টা মাহিনা পেতেন কিন্তু বাজারের দাম আজ যা বেড়েছে তার তুলনায় বেতন বৃদ্ধি হয়েছে মাত্র গুণ, কিন্তু সব কিছুর জন্যই আজকে দাবী করা হচ্ছে শিক্ষক সমাজকে কিন্তু আমি ব দিচ্ছি যে শিক্ষক সমাজের পেট বলে একটা জিনিষ আছে। সেই পেটে যখন আগুন জ্বলে তখ তাদের এসপ্ল্যানেড ইস্ট-এ গিয়ে হাজির হতে হয়। এই হাউসের ট্র্যাডিসান হচ্ছে যে শিক্ষ সমাজকে দায়ী করা এবং সব সময়ই করেন ও পক্ষের সদস্যরা। ১৯৫৫ সালে সরকারের শিক্ষ মন্ত্রী যিনি ছিলেন তিনি শরৎচন্দ্রের 'বউঠাকুরাণীর হাট' থেকে তুলনা করে বলেছিলেন মাষ্টার মহাশয়রা পিওনের চাকরীর জন্য দরখাস্ত করলেই পারেন। এই রকম অমর্যাদাসূ কথা হাউসেই বলা হচ্ছে যা নিয়ে স্টেটসম্যান ব্যঙ্গ করে তখন লিখেছিলেন

Drumming dull things into a dullard skul is perhaps a menial occupation.

সেই রকম ধরণের অমর্য্যাদা আমাদের শিক্ষা দপ্তর থেকে শিক্ষামন্ত্রী দিয়েছিলেন।

[4-45—4-55 p.m.]

আমি জানি আমার হাতে বহু উদাহরণ আছে যে ১৫ বৎসর শিক্ষকতা করার পর বি. এম, এ, পাশ করার পর আজ পর্যন্ত তাদের বি, টি পড়ার সিট মেলে না। অথচ নিয়ম ক হয়েছে বি. টি পাশ না করলে ইনক্রিমেন্ট হবে না। অথচ অন্য দিকে চাইবামাত্র তাদের সুযোগ তা দিচ্ছেন না। ২৫।৩০ বৎসর চাকরী করার পর একজন শিক্ষক কত টাকা ইনক্রিমে পেতে পারে সেটা দেখতে হবে। এই কথা বলার পর অন্য আর একটা কথা বলতে চাই, প্র সার ঘোষ শিক্ষার দুর্নীতির কথা বলেছেন আমি অরাজকতার কথা বলছি যে চুরি ভীষণ ভা শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে চলছে। আপনি জানেন কলকাতায় যে গভর্নমেন্ট আর্ট কলেজ আ সেই আর্ট কলেজে একটি বিভাগ আছে অশোকা গ্যালারী যে অশোকা গ্যালারীর টাকা শত শ কলাবণিকের দানে এবং সরকারী দানে পুষ্ট। আজকে দীর্ঘ দিন ধরে অশোকা গ্যালার জিনিষপত্র চুরি হচ্ছে, এবং দেখা যাচ্ছে কয়েক লক্ষ টাকার সম্পত্তি সেখান থেকে চুরি হয়ে চুরির জিনিষপত্রের মধ্যে হচ্ছে দেবদেবীর পট, অলঙ্কার, জরীর শাড়ী, ইত্যাদি অনেক পৌর ণিক নিদর্শন সেখান থেকে চুরি হয়েছে। আমরা জানি অশোকা গ্যালারীর এই সম্পত্তি জাত সম্পত্তি এবং এটা পশ্চিমবাংলা সরকারের জাতীয় সম্পত্তি। এটা দেখা যাচ্ছে এই গ্যালারীর যা ট্রাস্টি আছেন তাঁরা পশ্চিমবঙ্গ সরকারকে কোন খবর দিচ্ছেন না। এই জাতীয় সম্পত্তি ভার বর্ষের গৌরব সেখানে দুর্নীতি চলছে সে দুর্নীতির কথা ডাঃ নীহাররঞ্জন রায় চিঠি লেখ পরও জবাব দেননি। আমি জানতে চাই অশোকা গ্যালারী থেকে যে শিল্প নিদর্শন চুরি হ তা রোধ করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের ঐ বিভাস কি করছেন এবং অপরাধীকে ধরার করেছেন এই কথা বলে বাজেটের বিরোধীতা করছি।

Shri Jaharlal Banerjee:

মাননীয় সভাপতি মহাশয় আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ চেয়েছেন
কে সমর্থন করছি। অনেকে নানা সমালোচনা করেছেন এবং দেখাতে চেয়েছেন যে শিক্ষার
ত আমাদের সরকারের কোন দৃষ্টি নেই। আমি বেশী না বলে একটা কথা বলবো যে, ৭
রসেন্ট থেকে বাজেটে ২০ পার্সেন্ট ওঠা এটাতে শিক্ষার প্রতি দরদের পরিচয় আছে। আমি
জ্ঞ শিক্ষাবিদ নই তবে একজন সামান্য শিক্ষাব্রতী মাত্র। বহুদিন থেকে মাধ্যমিক শিক্ষার
ঙ্গ সংশ্লিষ্ট থাকায় মাধ্যমিক শিক্ষা যে কতকগুলি সমস্যার সম্মুখীন হয়েছে তা আপনার
্যমে বলে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো। আজকে এই কথা অস্বীকার করবার উপায়
ই যে বাংলা দেশের শিক্ষার মান ক্রমশঃ অবনতির দিকে যাচ্ছে এবং মাধ্যমিক শিক্ষা সে অব-
তর হাত থেকে রেহাই পাই নি। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে আজকে শিক্ষার সমস্যা একটা উৎকট
স্যা হিসাবে দেখা দিয়েছে। যাঁদের মাধ্যমিক শিক্ষার সঙ্গে সম্পর্ক আছে তাঁরাই জানেন যে
; মাধ্যমিক বিদ্যালয়-এ শিক্ষকদের একটা সমস্যা দেখা দিয়েছে। কারণ, বর্তমানে শিক্ষা
ঙ্গের মতে কেবলমাত্র যাঁরা অনার্স, এম, এ, পাশ করেন তাঁরাই উচ্চ শ্রেণীতে পড়াবার
গ্য বলে বিবেচিত হন। কিন্তু এই ধরণের শিক্ষকের সংখ্যা অত্যন্ত কম যার ফলে গ্রামের
লের কথা ছেড়ে দিলাম শহরের বহু স্কুলে বিশেষতঃ বিজ্ঞান বিভাগে শিক্ষকের অত্যন্ত
াব, ফলে কোন রকমে ক্লাসগুলি সারা হয়, সত্যিকারের শিক্ষা সেখানে কিছু হয় না। আমি
জন্য শিক্ষামন্ত্রী মহাশয়ের কছে নিবেদন করব এটা বিবেচনা করবার জন্য যে বর্তমানে যে
ন্ত অভিজ্ঞ শিক্ষক আছেন তাঁদের জন্য একটা সর্ট কোর্স ট্রেনিং-এর যেন ব্যবস্থা করা হয়,
ন তাঁরা বিজ্ঞান বিভাগের ব্যবস্থা করেছেন এবং বি, টি, মেথডস সাবজেক্ট আছে, সেগুলি
তৈরি করে দেন তাহলে যিনি যে মেথড নিয়ে পাশ করবেন তিনি সেই সমস্ত বিষয়ে
াবার উপযুক্ত বলে বিবেচিত হবেন। তাহলে শিক্ষার অনেক উন্নতি করা সম্ভব হবে। এই
ংগে আর একটা কথা না বলে পারছি না সেটা হচ্ছে বর্তমানে বি, টি, সিলেবাস যেটা রয়েছে
া মান্ধাতা আমলের। এটা একটা বাজে সিলেবাস, এই সিলেবাস অনেক অপ্রয়োজনীয় জিনিসে
রাক্রান্ত হয়ে রয়েছে। অবিলম্বে বি, টি, সিলেবাস সংস্কার করে আধুনিক পদ্ধতি করবার
্য আমি আবেদন জানাচ্ছি। শিক্ষক সম্বন্ধে আর একটি কথা বলব—স্পনসর্ড কলেজগুলিতে
মন করে প্যানেল প্রথা প্রবর্তন করা হয়েছে সেই রকম এডেড স্কুলগুলির জন্য যদি প্যানেল
া প্রবর্তন করা হয় তাহলে উপযুক্ত শিক্ষক এখানে আসবেন এবং বর্তমানে পরিচালকগণের
রা যেভাবে উপযুক্ত শিক্ষকরা বঞ্চিত হন তার হাত থেকে তাঁরা পরিত্রাণ পাবেন। এবারে আমি
ঠ্য পুস্তক নির্বাচনের দিকে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। অনেকে হয়ত জানেন না
এই পাঠ্য পুস্তকের মধ্যে নানা দুর্নীতি চলে আসছে—একটা হচ্ছে ব্যবসায়ীদের স্বার্থে অনেক
দ্যালয়ে প্রতি বছর নতুন পাঠ্য পুস্তকের তালিকা প্রণয়ন করা হয়। এতে অভিভাবকদের নানা
সুবিধা হয়। আমি এজন্য আবেদন করব অবিলম্বে পাঠ্যপুস্তকগুলি জাতীয় করণ করা হোক
বং নোট বুক, হেল্প বুক নামে যে সমস্ত বইগুলি আছে সেগুলি আইন করে বন্ধ করে দেওয়া
াক। আমাদের এই যে মাধ্যমিক শিক্ষা এই মাধ্যমিক শিক্ষার অবনতির জন্য আমাদের যে
ভিজ্ঞতা তাতে মনে হয় সিলেবাস অনেকাংশে দায়ী। কিন্তু এই সিলেবাসের মধ্যে আমরা
খছি ক্লাস ৯ম ছেলেদের কম করে ১০টি বিষয় পড়তে হয়। এতে কোন একটা শিক্ষা প্রতি-
ানের পক্ষে সুষ্ঠুভাবে ক্লাস বন্টন করা মুস্কিল হয়ে পড়ে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি
য়ত জানেন যে ক্লাস ৭ থেকে ক্লাস ১১-র মধ্যে বরং ক্লাস ১০ পর্যন্ত বললে ভাল হয়,
হিন্দি, সংস্কৃত, ইংরাজী এবং বাংলা এই ৪টি ভাষা শিক্ষা দেবার জন্য ব্যবস্থা করা হয়েছে।
র ফলে কোন ভাষাই ভাল করে শিক্ষা দেওয়া হয় না। এদিকে আমি বিশেষভাবে দৃষ্টি
আকর্ষণ করছি। ইংরাজীতে আজকে যে মানের অবনতি হয়েছে এ সম্বন্ধে আমাদের মনে
য় হায়ার সেকেণ্ডারীতে ইংরাজী টেক্সট বই উঠিয়ে দিয়ে আজকে যে সংস্কার করতে যাওয়া
হয়েছে এর ফলে অবস্থা অত্যন্ত শোচনীয় দাঁড়িয়েছে। অবিলম্বে টেক্সট বুক প্রবর্তন করা
প্রয়োজন বলে আমি মনে করি। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে আজকে হায়ার
সেকেণ্ডারীতে তিনটি বিষয়ের মধ্যে সংস্কৃতকে কম্পালসারী করা হয়েছে।

[4-55—5-5 p.m.]

কিন্তু ম্যাথামেটিকস্-এর সেখানে কোন স্থান দেওয়া হয়নি, ইচ্ছা করলে নিতেও পারে, না পারে। এদিকে গুরুত্ব দেবার জন্য ও অনুরূপভাবে অংককে নেগলেক্ট করবার জন্য আমাদে ছাত্রদের রিজনিং পাওয়ার কমে যাচ্ছে এবং আমাদের ভাল ছাত্র বেরুচ্ছে না। যাতে এ্যাপটিচু অনুসারে ছাত্রদের শিক্ষা দেবার ব্যবস্থা করা হয়, এজন্য বহুমুখী বিদ্যালয় স্থাপিত কর হয়েছে। এটা একটি সুপ্রচেষ্টা একথা মানতে হবে। কিন্তু এই এ্যাপটিচুড অনুসারে ক্লা সেভেন থেকে বিষয়বস্তু বেছে নেওয়া প্রয়োজন এবং তারজন্য কেরিয়ার মাস্টারস্ ট্রেনি দরকার। সেটা অত্যন্ত অভাব আমাদের দেশে। এইজন্য সত্যিকার বহুমুখী বিদ্যালয়ের যে প্রয়োজনীয়তা তা সিদ্ধ হচ্ছে না। অনেক সময় অভিভাবকদের চাপে পড়ে তাদের এমনিভাবে ইচ্ছামত কোর্স দিতে হয়। এই জন্য কেরিয়ার মাষ্টারস্ ট্রেনিং প্রথা প্রবর্তন করা প্রয়োজন। আর পরীক্ষা প্রথারও আমূল পরিবর্তন করা প্রয়োজন। যদি দৈনন্দিন স্কুলের কাজের উপর ছাত্রদের গুরুত্ব দেওয়া না হয় তাহলে এই অবস্থাই চলবে। এই যে একটি মাত্র বোর্ডকে ১ লক্ষ ৫৭ হাজার পরীক্ষার্থীর পরীক্ষা নেবার ভার দেওয়া হয়েছে, এতে নানারকম অসুবিধা সৃষ্টি করছে। আমি অনুরোধ করবো যত শীঘ্র সম্ভব বাংলাদেশে যতগুলি ইউনিভার্সিটি আছে, ততগুলি রিজিওনাল বোর্ড তৈরী করবার ব্যবস্থা করতে হবে।

আর একটা কথা বলেই শেষ করছি। আজকে স্বাস্থ্যদপ্তর যে প্রতি জেলায় একটি করে স্টেডিয়াম করবার ব্যবস্থা করেছেন, তারজন্য নিশ্চয়ই তারা ধন্যবাদার্হ। আর কলকাতায় স্টেডিয়াম যত শীঘ্র সম্ভব স্থাপিত হয়, সে দিকে দৃষ্টি দেবার জন্য সরকারকে অনুরোধ করছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী বাজেটে শিক্ষা খাতে যে বরাদ্দের প্রস্তাব রেখেছেন আমি তার বিরোধিতা করছি।

মাননীয় সভাপতি মহাশয়, আমরা দেখছি এবং শুনছি যে পৃথিবী ন্যুক্লিয়ার এজ-এর মধ্য দিয়ে এগিয়ে চলেছে। আর আমাদের দেশ বিশেষ করে পশ্চিমবাংলা চলেছে কাউডাংগ এজ-এর মধ্য দিয়ে। এটা স্বাভাবিক, যে রাজনৈতিক দলের জোড়াবলদ হচ্ছে সিমবল, তারা কাউডাংগ এজ-এর মধ্যে পড়ে থাকবার প্রয়োজন মনে করবে তাতে আশ্চর্য্যের কিছুই নাই। এই হাউসের বিরোধী দলের নেতা মাননীয় জ্যোতি বসু, অধ্যাপক ঘোষ, শ্রীমতী ইলা মিত্র ও মাননীয় শম্ভু-গোপাল দাস—এ'রা শিক্ষা খাতের আলোচনা করতে গিয়ে কয়েকটি সমস্যা নিয়ে আলোচনা করেছেন। আমি আর সেগুলির পুনরাবৃত্তি করবো না। তবে আমি একথা বলতে চাই যে জাতির চেতনার স্ফুরণ, তার আত্মমর্যাদা বোধ, শালীনতা বোধের সচেতন উপলব্ধি, সমস্ত ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির যে প্রয়োজনীয়তা, সে সম্বন্ধে সুস্পষ্ট ধারণা—এর সব কিছুর মূলে রয়েছে শিক্ষা ব্যবস্থা এবং বিশেষ করে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা। কিন্তু খুব দুঃখের কথা আমাদের দেশে প্রাথমিক শিক্ষা খুব অবহেলিত হয়ে আসছে এবং প্রাথমিক শিক্ষকরা যে আমাদের এখানে সবচেয়ে বেশী অবহেলিত তা একটু বিবেচনা করে দেখা প্রয়োজন। সভাপতি মহাশয়, যিনি ম্যাট্রিক পাস করে প্রাথমিক শিক্ষার কাজে শিক্ষকরূপে জীবন শুরু করলেন, তিনি সরকারী কর্মচারীর চতুর্থ শ্রেণীর যাঁরা কর্মচারী এবং যাঁদের অর্ডারলি বা অন্যান্য নিম্নস্তরের কর্মচারী বলে তাঁরা বিবেচনা করেন, তাঁদেরও যে বেতন তাঁরা দেন, একজন প্রাথমিক শিক্ষককে সেই বেতন তাঁরা দেন না। অথচ আমরা মুখে শুনছি—শিক্ষাই জাতির মেরুদণ্ড। আর এক্ষণে দেখছি শিক্ষক এবং শিক্ষাব্রতীদের জন্য সর্বদা উদ্যত রয়েছে লৌহদণ্ড, কোন সুযোগ সুবিধা এই শিক্ষকদের জন্য নাই। আর সরকারেরও কোন সহানুভূতি শিক্ষকদের প্রতি নাই। আমি বিবেচনা করে দেখছিলাম অন্যান্য এই শিক্ষকদের অবস্থা কী! এইমাত্র একজন বললেন—অধ্যাপক ভট্টাচার্য যে কুবেরের ভাণ্ডার আমাদের হাতে নাই। কিন্তু উড়িষ্যার মত একটা এফ্লুয়েন্ট ষ্টেট, সেখানে প্রাথমিক শিক্ষকদের ন্যূনতম যে বেতন, আমাদের এখানে তা নাই। উড়িষ্যার একজন ম্যাট্রিক ট্রেন্ড টীচারের স্কেল হচ্ছে ১০০—৪—১২০—৫—ই বি ৫—১৫০ টাকা, আনট্রেন্ড ম্যাট্রিক ৭০—১—৭৯- ২—৮৫ টাকা। পাঞ্জাবের শিক্ষকদের

একটা স্পেশাল ভাতা দেওয়া হয়, ১২০ টাকা বেতন যাঁরা পান, তাঁরা আবার মহার্ঘভাতাও পাচ্ছেন। আর আমাদের এখানে দেখুন একজন ক-শ্রেণীর প্রাথমিক শিক্ষককে ১০০ টাকায় পোঁছুতে পনের বছর কাটাতে হবে। আর খ ও গ শ্রেণীর শিক্ষকরা কোনদিন একশো টাকার মুখ দেখবে না। এই কি শিক্ষা ব্যবস্থা? এখানে সেদিন মাননীয় বিজয়বাবু বললেন যে শ্রমিকরা যাতে ১০০ টাকা মিনিমাম পায় তা আমি দেখবো। আমি বলি শিক্ষকদের বেলায় কি সেটা প্রকাশ্যভাবে বলা হবে না যে তারা যাতে ১০০ টাকা পায়। এই বঞ্চনার বোঝা তারা ঘাড়ে নিয়ে সেই ক্যামেল ম্যানের সারা জীবন তারা চলবেন? এবং রাজ্য সরকারের কি কোন দায়িত্ব নেই? শুধু তাই নয়, এদের বঞ্চনা কি অদ্ভুদ এবং এঁদের নিয়ম দেখুন যে প্রাথমিক শিক্ষকরা প্রাথমিক শিক্ষা শেষে খাতা দেখবার সুযোগ থেকেও তারা বঞ্চিত। সহরাঞ্চলে রিফিউজী স্কুল, গভর্নমেন্ট স্পনসর্ড স্কুল-এর বেলায় হোল যে তারা প্রভিডেন্ড ফান্ড বেনিফিট পাবেন। কিন্তু আপনারা দেখবেন তারা প্রভিডেন্ড ফান্ড পাচ্ছে না—গ্র্যাচুইটি কাগজে কলমে রয়েছে ইমপ্লিমেন্টেড হচ্ছে না। এখানে বলা হচ্ছে প্রভিডেন্ড কাটা হচ্ছে কিন্তু তাদের কি পরিমাণ কোন মাস থেকে কাটা হোল এ্যাকমুলেসন হোল প্রভিডেন্ট ফান্ড কত তা তাদের দেখানো হোল না। শুধু তাই নয় আমি দেখছি একজন আইনজীবী হিসাবে—সভাপাল মহাশয়, আপনারও আইনজীবী হিসাবে যথেষ্ট অভিজ্ঞতা আছে আপনি দেখেছেন যে স্কুল বোর্ডে প্রাথমিক শিক্ষক যারা তাদের উপর ডেমলিস' সোড্-এর মত ঝুলিয়ে রেখেছেন স্কুল বোর্ডের অথরিটিকে। হাইকোর্টে আমি নিজে এর একাধিক কেস করেছি—হাইকোর্টের রায়ে জিতেছে কিন্তু হাইকোর্টের রায়কে এঁরা সম্মান দেখান না, ওঁরা মর্যাদা দেন না। এঁরা ক্ষমতার জোরে প্রত্যেক নিরিহ শিক্ষকদের এক গ্রাম থেকে আর এক গ্রামে নিয়ে যাচ্ছেন। আবার বলা হচ্ছে বিদ্যালয়—কিন্তু বিদ্যালয়ের আলয়টুকু কোথায়? অপুর পাঠশালায় পড়েছিলাম যে শিক্ষকদের সেখানে একমাত্র সম্বল বেত—অপুর পাঠশালার যে বিবরণ সেই অমর কথাশিল্পী বিভূতি ব্যানার্জি মহাশয় দিয়ে গিয়েছিলেন যে ভিভিড পোট্রেচার দিয়েছিলেন এখনও তার কি কোন তারতম্য আছে। আপনি দেখবেন প্রাথমিক স্কুলে মাষ্টারদের জন্য রয়েছে একটি পিঁড়ি এবং ছাত্রদের জন্য রয়েছে দুর্গন্ধযুক্ত চট। সহরে ছাত্রদের জন্য বড় বড় বাড়ী উঠতে পারে কিন্তু গ্রামের স্কুলে যারা পড়বে তাদের একটা বেঞ্চ জুটবে না—সেখানে ব্ল্যাক বোর্ড পান না এই যে অবস্থা তারা করেছেন সেখানে তারা তার প্রতিকার দাবী করলে সেখানে কোন প্রতিকার হবে না। ইন্সপেকসনের যে ব্যবস্থা আছে সেখানে দেখবেন প্রত্যেক বছর ডিসেম্বর জানুয়ারী মাসে প্রাইমারী স্কুলগুলি ইন্সপেকটেড হয়—প্রফুল্লবাবু বলেছেন টিটকারী করে যে স্কুলের মাষ্টাররা বই লেখেন—নোট লেখেন প্রাইভেট টিউশানি করেন কিন্তু লজ্জা করে না একথা বলতে। ওঁর শিক্ষা দপ্তর থেকে একথা কি স্বীকার করে না ডি, আই অফ স্কুলস্ প্রত্যেক জেলায় আমি বলতে পারি এবং সাব ইন্সপেক্টার অব স্কুলস্ তারা বেনামে বই লেখেন এবং তাঁরা ডিসেম্বর জানুয়ারী মাসে ইন্সপেকসনে যান ক্যানভাস করবার জন্য তাদের বইগুলি। ডিসেম্বর জানুয়ারী স্ল্যাক সেসন তখন ইন্সপেকসনের দরকার হয় না—যে সময় দরকার সে সময় ইন্সপেকসন হয় না। আমি আপনাকে বলতে পারি যদি শিক্ষামন্ত্রী পরিদর্শন করে দেখেন তাহলে দেখবেন যে থ্রি ফোর্থ মেম্বার্স অফ স্কুলস প্রাইমারী স্কুল ইন্সপেকসন হয় না—কোন ডেভেলপমেন্ট হয় না। সেদিন আনন্দবাজার কাগজে দেখলাম ছবি বেরিয়েছে কাগজে ওয়ার্স দ্যান ক্যাটল্ সেডস্। গোয়ালঘর তার থেকে ভাল যেখানে প্রাথমিক স্কুল করেছে। আমি বলছি যে আপনারা প্রাথমিক শিক্ষা সম্বন্ধে একটু গুরুত্ব দিন তাদের বাঁচাবার চেষ্টা করুন। প্রফুল্লবাবু একটি কমিশনের কথা বলেছেন। ওঁরা ডিবেটটা যদি একটু উলটেপালটে দেখেন তাহলে দেখবেন ১৯৬২ সালে আমার মনে আছে শিক্ষা খাতে বলবার সময় একটা উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি কমিশন বসাবার জন্য বলেছিলাম যে সর্বভারতে শিক্ষা সম্বন্ধে তদন্ত হোক—তাতে তিনি হেসে উড়িয়ে দিয়েছিলেন। আজকে যখন শিক্ষকরা গণতান্ত্রিক আন্দোলনের পথে নামলেন তখন তাদের বেইজ্জত করবার জন্য প্রফুল্লবাবু একজন সুদক্ষ পলেটিসিয়ান-এর মত একজন রোপড্যানসারের মত পকেট থেকে একটা প্রস্তাব ছুড়ে দিলেন। আমি বলছি বলুন ক্ষমতা যদি থাকে যে

I appoint this Commission and this Commission would be submitting its report within 6 months and that would be binding upon the Government.

শুধু তাই নয় এখানে শিক্ষা সম্বন্ধে যে অলোচনা হোল তাতে দেখতে পাচ্ছি যে শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে এদের কি হীন মনোভাব। আপনি কাগজ খুললেই দেখবেন সভাপাল মহাশয়, যে উচ্চ শিক্ষার্থে বিদেশ যাত্রা। আমাদের এখানের এম, এস, মাষ্টার অফ সার্ভে এম, ও, এখানে যে সব হায়েষ্ট ডিপ্লোমা পাশ খড়্গপুরের খড়্গপুর ইন্সটিটিউট অফ টেকনোলজি-র হায়েষ্ট ডিপ্লোমা পাশ—বিলেতে থার্ড ক্লাস প্লাসগো তার সমান হয় না। বিলেতে স্যানিটারী এবং ল্যাট্রিনের উপর থিসিস লিখে ডকটরেট মর্যাদা পায় আর আজকে এ দেশের কোন ছাত্র বলতে পারে বুকে হাত দিয়ে যে আমার শিক্ষাতে এ দেশ আমাকে সম্মান দিয়েছে।

[5-5—5-15 p.m.]

তাই আমি জানি, অধ্যাপক ভট্টাচার্য যে কথা বলেছিলেন, যে আজকে মাষ্টারদের মর্যাদা নেই। আমরা অধ্যাপক নীদেন বন্দ্যোপাধ্যায়কে চিরদিন যেমন ভাবে শ্রদ্ধা করে এসেছি আজও ঠিক তেমনি ভাবেই শ্রদ্ধা করি। আমি একদিন তাঁকে স্বাধীনতা আন্দোলনে একজন বিশিষ্ট রাজনীতিবিদ হিসাবে দেখেছিলাম। মাননীয় সভাপাল মহাশয়, আপনিও একদিন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। আমরা জানি আগেকার দিনে সংস্কৃত পণ্ডিত মহাশয়রা হাঁটু পর্যন্ত ধুতি নিয়ে আসতেন আমরা তাঁদের পায়ের ধুলো নিতাম সম্মান তাদের আমরা দিয়েছি সেটাকে কমপেনসেট করেছি। আজকে সেটা কোথায়? আজকে দেখুন প্রফুল্লবাবু বলছেন মাধ্যমিক শিক্ষার সবচেয়ে যে ভাল ফল দেখাবে তাদের আমি বোনাস দেব। একথা বলতে তাঁর লজ্জা করে না? একটু দেখুন যে বুর্জোয়াস স্ট্যাণ্ডারড যারা বেস্ট রেজাল্ট করছে,—কোন ছেলে এম, এ, ফার্ষ্ট ক্লাস হবার পর, বেস্ট ইউনিভার্সিটি এ্যাকাডেমিক রেজাল্ট-এর পর সেকেণ্ডারী স্কুল-এ মাষ্টারী করবার জন্য যাচ্ছে, প্রাথমিক মাষ্টারী করবার জন্য যাচ্ছে বা এডুকেশনাল ইন্সটিটিউশন-এ পড়াবার জন্য যাচ্ছে? তারা সব যাচ্ছে আই. এ, এস পরীক্ষার জন্য কেন যাচ্ছে? তারা জানে যে আই, এ, এস, পরীক্ষায় যারা পাশ করবে তারা মন্ত্রীদের কর্নাকর্ষণ করে ওঠাতে পারবেন আর বসাতে পারবেন। যেমন করে ঐ প্রফুল্লবাবুকে দেখছি যে যারা গ্যালারীর পিছনে বসে থাকেন তাদের জুতো লিক করছেন, তাদের জুতো পালিশ করছেন তারা যেমন করে বোঝাচ্ছেন তেমনি করে বুঝছেন। কই আজকে শিক্ষকদের বেলায় বলেন না? আজ তাঁরা দাঁড়িয়ে মার খাবেন, আজ তাঁরা হিউমিলিয়েটেড হচ্ছেন, আজ তাঁরা অভিভাবকদের কাছে দাঁড়িয়ে অপমাণিত হচ্ছেন, ছাত্রদের কাছে লাঞ্ছিত হবেন, রাজনীতিবিদদের কাছে লাঞ্ছিত হবেন, সরকারের কাছে লাঞ্ছিত হবেন। এই বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে, এই ভাবে ট্রিট করবেন না। আজকে তাই বলছি আপনাকে যে এই হাউসের ক'জন কংগ্রেসী নেতা বুকে হাত দিয়ে বলতে পারবেন যে আমার ছেলেকে ইংলিস কনভেন্ট-এ পড়াই না? কজন বলতে পারেন আমি ছেলেকে পাঠশালায় পড়াই? কজন বলতে পারেন আমি ঐ তীর্থপাত ইন্সটিটিউশন-এ পড়াই বা বাংলার সাধারণ স্কুলে পড়াই? সমস্ত সাউথ পয়েন্ট, লোরেটো, সেন্ট লরেন্স প্রভৃতি স্কুলে পড়ান। আমি সেখানে আপত্তি করছি না, পড়ান। কিন্তু এইভাবে একটি ডিকটেটরি ক্রিয়েট করে দুটি ক্লাস ক্রিয়েট করছেন, একটি প্রিভিলেজ্ড ক্লাস আর একটি আন-প্রিভিলেজড ক্লাস, এতে শিক্ষা হয় না। সেইজন্য আজকে আমি বলছি ইন্দিরা গান্ধীকে আমি ব্যক্তিগত আক্রমণ করছি না, আমি কাগজে দেখছিলাম যে পরলোকগত প্রধানমন্ত্রীর মৃত্যুর পর তিনি প্রথম ভারতবর্ষকে যে কাজের জন্য বিলেতে গেলেন, সেটা কি জন্য, তাঁর ছেলের উচ্চ শিক্ষার ব্যবস্থার জন্য। ভাবলাম বোধ হয় সার্জারিতে কিছু শিখতে যাচ্ছে। ওমা দেখলাম লণ্ডন এর একটি মটরের কারখানায় মিস্ত্রীর কাজ শিখবার জন্য যাচ্ছে। ধিক্কার এই শাসন ব্যবস্থাকে যে প্রধানমন্ত্রীর কন্যা তাঁর ছেলেকে পড়াবার জন্য ভারতবর্ষের কোথাও একটা টেকনিক্যাল স্কুল পেলেন না, বিলেতে মটর কারখানায় তাকে শ্রমিক শিক্ষা দেওয়ার জন্য গেলেন। এর পরেও আপনারা বলবেন যে আমাদের দেশকে বড় কর। কোথায়? আজকে তাই শিক্ষার ক্ষেত্রে এই যে অচল অবস্থা এটাকে বদলাতে হবে। এটা দলের কথা নয়, ক্ষোভের কথা নয়। আমি দেখছি যে আমরা হীনমন্যতার মধ্য দিয়ে চলেছি। কাগজ খুললে দেখতে পাই যে উচ্চ শিক্ষার্থে বিদেশ যাত্রা, এটাকে বন্ধ করতে হবে। এদেশের যাঁরা শিক্ষক এদেশে যাঁরা পাশ করেছেন তাঁদের আগে অগ্রাধিকার দিতে হবে। বিলেত থেকে খেতাব নিয়ে এলে, এ্যামেরিকা থেকে খেতাব নিয়ে এলে, রাশিয়া থেকে খেতাব নিয়ে এলে, দেব না। আজকে চীনা নিউক্লিয়ার

বোম্ব ফাটিয়েছে তার রাজনৈতিক কথা ছেড়েই দিন, কিন্তু আজকে চীনা-র এগ্রিড ফর্ম এ্যাটমিক এক্সপ্লোসন কিসের জন্য? তার মাতৃভাষার মাধ্যমে বিজ্ঞান শিক্ষার জন্য। এই যে অল হোয়াইট নিউক্লিয়ার ক্লাব তাদের মধ্যে প্রথম, এসিয়াটিক নেশন বুঝতে পেরেছে এটা করছে কেন? তাদের মধ্যে যে স্ফুরণ করতে পেরেছে, আজ আমরা সেটা করতে পারবো না কেন? আজকে এখানে দাঁড়িয়ে শিক্ষামন্ত্রী বলতে পারবেন যে বাংলাদেশে যত টেকনিক্যাল সাবজেক্ট আছে তার উপর আমার স্ট্যান্ডার্ড বাংলা বই আছে? একটিও বাংলা বই নেই, ইংরাজী ছাড়া কোন বই এখানে নেই। শুধু তাই নয়, টেকনিক্যাল এডুকেশন সম্বন্ধে আমি বলছি যে যেমন ওরা বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন করেছেন তেমনি বোর্ড অফ টেকনিক্যাল এডুকেশন দরকার। এখানে দেখুন বাইফারকেশন—একটি ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট আন্ডার দি ডিপার্টমেন্ট অফ ইন্ডাস্ট্রিজ। এখানে মজা হচ্ছে এই ৩টি পলিটেকনিক স্কুলের নাম করছি। তার মধ্যে একটি হচ্ছে বিড়লা পলিটেকনিক, তার চেয়ারম্যান হচ্ছেন কে, কে, বিড়লা। আর একটি যাদবপুর পলিটেকনিক, তার চেয়ারম্যান হচ্ছেন মুখ্যমন্ত্রী। আর একটি বেলুড় পলিটেকনিক, তার চেয়ারম্যান হচ্ছেন অর্থমন্ত্রী শ্রীশৈলবাবু। এঁরা বুকে হাত দিয়ে একবারও বলতে পারেন যে আমরা ঐ পলিটেকনিক ইন্সটিটিউশন গুলিতে গেছি? মাননীয় সভাপাল মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে কোথায় আমরা বাস করছি। বিড়লা পলিটেকনিক তাদের নিয়ম হচ্ছে যে বছরে দু' ক্ষেপে বাই চেক এ্যাডভান্স পেমেন্ট করতে হবে। বছরে টোটাল টিউশন ফি আইনে বাই ইউ হ্যাভ টু মেক দিস ডিপোজিট। কার জন্য? সন্স অফ দি সয়েল খেটে খাওয়া মানুষের জন্য, গরীবের জন্য, মধ্যবিত্তের জন্য, বা বাংলাদেশের সাধারণ লোকের জন্য? বড় লোকের জন্য যারা প্রোভারবিয়ালি রিচ তাদের জন্য। আজকে এই টেকনিক্যাল স্কুলগুলিকে গভর্নমেন্টের হাতে এনে তদন্তের দরকার। শুধু তাই নয়, কাগজে রাস্তা বেরুলে দেখবেন যে যেমন টিউটোরিয়াল হোম তেমনি আপনি দেখবেন টেকনিক্যাল স্কুলস্ ছড়িয়ে পড়েছে। এই টেকনিক্যাল স্কুলসগুলিতে স্ট্যান্ডার্ড অফ এডুকেশন, তার উপর কোন কন্ট্রোল নেই। এগুলিকে সব ১৮ রেজিস্টার্ড আন্ডার দি রেজিস্টেশন অফ সোসাইটিজ এ্যাক্ট অফ ১৮৬১। গভর্নমেন্টের আওতার মধ্যে আসতে হবে এবং স্ট্যান্ডার্ড অফ এডুকেশন ভাউচসেফ করতে হবে। এ যদি আমরা করতে না পারি তাহলে আমরা টেকনিক্যাল এডুকেশন-এর ক্ষেত্রে মার খেয়ে যাবো সুতরাং সমস্ত দিক থেকে আজকে নূতন করে চিন্তা করবার দরকার হচ্ছে। আজ যদি উনি এডুকেশন কমিশন বসান, আমি বলব মুখ্যমন্ত্রীকে টার্মস অফ রেফারেন্স শুধু মাধ্যমিক নয়, প্রাথমিক শিক্ষাকেও ঐ হাই পাওয়ার কমিশন-এর মধ্যে আনতে হবে এবং সেকেন্ডারী বোর্ড-কে স্পিলিট করতে হবে, অটোনমাস ৩/৪টি এলাকার জন্য রিজিওনাল বোর্ড করতে হবে। তা না হলে সেখানে চালানো অসম্ভব এবং থার্ডলি বোর্ড অফ টেকনিক্যাল এডুকেশন সেখানে একটা করা দরকার। ফোর্থলি আমি আপনাকে বলছি প্রাইমারী স্কুলস্ এ্যান্ড সেকেন্ডারী স্কুল্স সম্বন্ধে যে আইন করে গভর্নমেন্টকে বলতে হবে যে ৫ বছরের মধ্যে কোন স্কুলের টেক্সট বুক, চেঞ্জ করব না। এই ভাবে একটা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে শিক্ষার ক্ষেত্রে এগিয়ে আসতে হবে। আজকে ঐ পুরানো মান্ধাতা আমলের ইংরাজী ঘেঁষা নীতি বর্জন করতে হবে। টিউটোরিয়াল হোম সম্বন্ধে মাননীয় সভাপাল মহাশয় আমি কয়েকটি কথা বলতে চাই। মুখ্যমন্ত্রী বলছেন কোন প্রাইভেট টিউশন করবার দরকার নেই। ভেরি ওয়েল, পে ক্লিনিক কর আমি আছি। কলকাতা শহরের মহল্লায় মহল্লায় পে ক্লিনিক-এর মত গভর্নমেন্ট টিউটোরিয়াল হোম করবে, প্রত্যেকটি ছেলে ৫ টাকা করে দিয়ে পড়তে পারবে এবং সেখানে যাঁরা প্রাথমিক শিক্ষক পড়াবেন তাঁরা ১০০ টাকা করে অতিরিক্ত বেতন পাবেন এবং বাকি যে টোটাল এ্যামাউন্ট কলেকটেড ফান্ডে যাবে। আর ৫ টাকা করে টিকিট দিয়ে বড় বড় ডাক্তার বেনিফিট দিতে পারবেন। প্রত্যেকটি মহল্লায় মহল্লায় সেই রকম টিউটোরিয়াল হোম উনি করুন এবং সেখানে ৫ টাকার বেশী কোন ছেলের কাছ থেকে আদায় করা হবে না এবং যাবতীয় টাকা যা আদায় হবে গভর্নমেন্ট এডুকেশন ফান্ড-এ যাবে। সেই টাকা দিয়ে প্রাথমিক, মাধ্যমিক, কলেজের শিক্ষকদের উন্নতি করুন, গভর্নমেন্টের সার্ভিস কন্ডিশন্স ইমপ্রুভ করুন এবং একটি ডাক্তারকে যেমন ১০০ টাকা বেতন দিচ্ছেন, তেমনি প্রত্যেকটি শিক্ষক যারা ঐ সমস্ত ইন্সটিটিউসন-এ পড়াবেন তাদের ন্যূনতম বেতন ১০০ টাকা দেবেন। এই হিসাবে আপনি এই যে শিক্ষা বাজেট এখানে রেখেছেন এটা সম্পূর্ণ হীনমন্যতার বাজেট, এতে দেশের কল্যাণ হবে না। সেইজন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি।

Shri Kamiru Majhi:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে শিক্ষা খাতে ব্যয় বরাদ্দের আলোচনা প্রসঙ্গে সংক্ষিপ্তভাবে দু একটা কথা আমাদের মনে পড়ে গেল। শিক্ষার ব্যাপারে সরকারের বর্তমান শিক্ষা ধারা কি অবস্থায় যে পর্যায়ে পৌঁছেছে তা চিন্তা করলে দেখা যাবে যে নূতন পুরাতন শিক্ষার ধারা বুনিয়াদী-বুনিয়াদী, উচ্চশিক্ষা, গণশিক্ষা প্রভৃতি এমন ভাবে শিক্ষা ব্যবস্থা করা হয়েছে যাতে মনে হয় যেন এর জন্য খিচুড়ীর সৃষ্টি হয়েছে। কাজেই এই ব্যবস্থার মাধ্যমে সর্বশিক্ষা কিভাবে হবে এখন পর্যন্ত তারা কোন ঠিক সিদ্ধান্তে পৌঁছুতে পারে নি। গান্ধীজীর বুনিয়াদী শিক্ষা রূপে এর শিক্ষা আছে, বর্তমানে দেখতে গেলে সেটা হচ্ছে কংগ্রেসী ভোটের জন্য। তার ভবিষ্যৎ যে সে ব্যাপারে কোন সুনির্দিষ্ট চিন্তা ধারা নেই। ভোটের জন্য এই বুনিয়াদী শিক্ষা রাখা হয়েছে বর্তমানে এই গণশিক্ষা সমাজ জীবনে একটি প্রয়োজনীয় জিনিস। কাজেই এই গণ-শিক্ষার ব্যাপারে সরকারের যে কোন ব্যবস্থা বা ধারণা নেই তা আমরা সম্পূর্ণরূপে দেখতে পাচ্ছি। আমরা দেখেছি এমন বহু প্রাইমারী স্কুল আছে যেখানে মাত্র ২ পারসেন্ট লোক আছে সেখানে ২/৩ জন শিক্ষক রাখা হয়েছে। আবার যেখানে ৪০/৫০ জন লোক আছে সেখানে ১ জন শিক্ষক রাখা হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থার কোন আইনসঙ্গত ভাবে কাজ করা হচ্ছে না। উপরন্তু শিক্ষকদের ট্রান্সফার-এর ব্যাপারে এমন ব্যবস্থা করা হবে যেখানে শিক্ষকদের অসুবিধা হবে এবং শিক্ষা ব্যবস্থা ব্যাহত হবে এমন অবস্থায় তাদের ট্রান্সফার করা হয়। তাদের মাইনে ২/৩ মাস পরে পরে দেওয়া হয়। কাজেই তাদের দৈনন্দিন পরিচালনা তারা কি করে চালাতে পারে? এই অবস্থার মধ্যে শিক্ষার ধারা চলেছে।

[5-15—5-25 p.m.]

শিক্ষা বিভাগে আমরা দুর্নীতি দেখছি এবং শিক্ষা বিভাগে কাজ করেন এমন অনেক অফিসার আছেন যাঁরা বেশ ভালভাবে ঘুস নিচ্ছেন এবং আমরা সে সম্বন্ধে অনেক অভিযোগ করেও তার প্রতিকার পাইনি। স্যার, আমাদের মানভূম জেলায় আমরা দেখেছি যারা বিহার আমলে কেবল গুণ্ডামী করত হিন্দীর ব্যাপার নিয়ে তাদের শিক্ষকের পদে নিয়োগ করা হয়েছে। তারা না জানে হিন্দী, না জানে বাংলা, না জানে ইংরাজী—অথচ তাদের রাখা হয়েছে এবং তার ফলে শিক্ষা ব্যবস্থা ব্যাহত হচ্ছে। এই ব্যাপারে তাঁরা মধুচক্রে খোঁচা দিতে চান না কারণ ভবিষ্যতে ভোটের ব্যাপার আছে এবং সেই কারণেই তাদের রাখা হয়েছে। তারপর আমরা শুনেছিলাম সমস্ত মিড্‌ল স্কুল-কে জুনিয়র হাইস্কুল-এ পরিণত করা হবে—কিন্তু তা করা হয়নি। মিড্‌ল স্কুল-এর শিক্ষকের বেতনের হার প্রাথমিক শিক্ষকদের বেতনের চেয়ে কম এবং মহার্ঘ ভাতা থেকেও তারা বঞ্চিত। তারপর আমাদের পুরুলিয়া জেলায় বুনিয়াদী প্রশিক্ষণ কেন্দ্র খুলেছিল সেখানকার সৈনিক স্কুলের পরিবর্তে। কিন্তু পুরুলিয়ার প্রশিক্ষণ কেন্দ্র বর্ধমান জেলায় পাঠান হয়েছে বলে পুরুলিয়ার যাঁরা প্রশিক্ষণ গ্রহণ করেন তাঁদের আসা যাওয়ার ব্যাপারে ভয়ানক হয়রাণি হতে হচ্ছে। অধ্যাপকরা তাঁদের ন্যায্য দাবী নিয়ে যে সংগ্রাম করছেন তাতে তাঁদের বিষয়টা নিয়ে বিবেচনা করা উচিত ছিল। কিন্তু বিবেচনা করার যে মনোবৃত্তি সরকারের আদৌ নেই কারণ তাঁরা ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে আছেন। শিক্ষা বিভাগে রাজনীতি না ঢুকালে গদীতে বসা কঠিন হবে তাই শিক্ষাক্ষেত্রে রাজনীতি ঢুকানো হয়েছে কংগ্রেসের নির্বাচনে কাজের জন্য বা দালাল সৃষ্টি করবার জন্য বহু অবাঞ্ছিত ব্যক্তিকে স্কুল বিভাগে ঢুকান হয়েছে এবং যারা হচ্ছে কংগ্রেস সরকারের এজেন্ট। এ ছাড়া অনেক কতগুলো স্কুল রয়েছে যেগুলো হচ্ছে কংগ্রেসের প্রচারের আড্ডা এবং তার জ্বলন্ত প্রমাণ আমার কাছে রয়েছে। আমরা শিক্ষক নেবার জন্য প্রস্তাব দিয়েছি, কিন্তু নেবে না—যখন ভোট আরম্ভ হবে তখন নেবে। গত নির্বাচনে এরকম অবস্থা আমরা দেখেছি। পরিশেষে আমি বলব শিক্ষাক্ষেত্রে পরিচালনার ব্যাপারে আজকে জ্ঞানী, গুণীর স্থান নেই, মস্তিষ্কহীন ব্যক্তির অধীনে আজকে শিক্ষা ব্যবস্থা পরিচালিত হচ্ছে এবং তার ফলে আমরা দেখছি বাংলার সাংস্কৃতিক জীবনে, শিক্ষা জীবনে গর্ব করার কিছু নেই।

Shri Abanti Kumar Das:

স্যার, শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করি। শিক্ষামন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দের দাবী উত্থাপন করবার সময় বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে

সামগ্রিকভাবে যে উন্নতি হয়েছে সেই উন্নতির একটা বিশেষ অবতারণা আমাদের সামনে করেছেন। আমাদের দেশের শিক্ষা সম্পর্কে আলোচনা করতে গিয়ে বিরোধীপক্ষের অনেক মাননীয় সদস্য এবং সদস্যা তারগম্ভীর স্বরে এবং অনেকে তারস্বরে চীৎকার করে বলেছেন যে, আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ বিশৃঙ্খল অবস্থায় আছে এবং কোনরূপ উন্নতি হয়নি। কিন্তু বাস্তব ক্ষেত্রে বিচার বিশ্লেষণ করলে দেখা যাবে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় প্রভূত পরিমাণ উন্নতি হয়েছে এবং সেই উন্নতির কথা বিরোধী পক্ষের বন্ধুরা স্বীকার করেছেন। তবে এসব স্বীকার করেও একটি কথা তাঁরা রেখেছেন এবং সেটা হচ্ছে "তবে"। অর্থাৎ সমস্ত জিনিসের সমাধান না করে সমস্ত জিনিসের যাতে জের টেনে রাখা যায় তারই চেষ্টা করেছেন। তাঁদের মধ্যে অনেকে বলেছেন শিক্ষকদের এই যে অসন্তোষ তাকে কেন্দ্র করেই দীর্ঘদিন ধরে এসপ্ল্যানেড-এ স্কোয়াটিং হয়েছে।

অনেকে বলেছেন আমাদের সরকার শিক্ষকদের প্রতি সহানুভূতিশীল নন, কিন্তু আমি বলি একথা ঠিক নয়। যিনি মন্ত্রী আছেন, তাঁর যতখানি লিমিট ততদূর গেছেন, তিনি বিচার বিবেচনা করে দেখেছেন, তাঁর এর বেশী অর্থ সংগতি নেই, শুধু চীৎকার করলে শ্রীবীরেন রায়ের মত চীৎকার করলেই সমস্যার সমাধান হয় না। শিক্ষকদের কথা বলতে গিয়ে মন্ত্রী মহাশয় বলেছেন—আমরা শিক্ষকদের কথা সহানুভূতির সঙ্গে বিচার বিবেচনা করেছি এবং তিনি আরও বলেছেন শিক্ষকদের আরও বেশী দিতে পারলে আমরা খুসী হতাম। আমরাও এটা স্বীকার করি শিক্ষকদের মর্যাদা আরও বেশী হওয়া উচিত, শিক্ষকদের আরও বেশী বেতন পাওয়া উচিত। একথা আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন। শিক্ষকরা দীর্ঘদিন যাবৎ যে স্কোয়াটিং করছেন তাতে তাদের উপর যে দায়িত্ব ন্যস্ত করা আছে তাতে তাঁরা অবহেলা করেছেন, কিন্তু এই অবহেলাতে ক্ষতি হয়েছে কার? ক্ষতি হয়েছে ছাত্রদের। আমাদের বন্ধুরা বলতে পারেন আমাদের যে সমস্ত ছাত্রের নৈতিক অবনতি হয়েছে তার জন্য সরকারই দায়ী। আমরা যদি বলি শিক্ষক মহাশয়রা তাদের দাবী দাওয়া ন্যায্যমত যুক্তিসংগত হলেও তাঁরা যে পন্থা অবলম্বন করেছেন তাদের দাবী-দাওয়া আদায়ের জন্য, সেই পন্থা যদি ছাত্ররা অবলম্বন করে তাহলে শিক্ষকরা কি করবেন? শিক্ষকরা যে বিদ্যালয়ে ষ্ট্রাইক করেছেন সেখানে আমরা দেখেছি সেই বিদ্যালয়ের ছাত্ররা শিক্ষকদের প্রতি সহানুভূতিশীল হয়ে ষ্ট্রাইক করেছে। এদের ভবিষ্যৎ কোথায় গিয়ে দাঁড়াবে। আজকে এই যে শিক্ষকদের রাজনৈতিক চক্রান্তের মধ্য দিয়ে পথে বসানো হয়েছে এতে ক্ষতি কার হচ্ছে? আজকে যে সমস্ত গার্জিয়ানরা শিক্ষকদের প্রতি সহানুভূতিসম্পন্ন আছেন তারা যদি শিক্ষকদের ষ্ট্রাইকে ক্ষুব্ধ হন, তাঁরা যদি বলেন ছাত্রদের যে নৈতিক দায়িত্ব তাঁরা নিয়েছিলেন সেই দায়িত্ব তাঁরা পালন করেন নি, ফলে আজকে ছাত্ররা পথে পথে ঘুরে বেড়াচ্ছে, তাহলে বাংলাদেশের শিক্ষকদের কি হবে? আমাদের জাতীয় জীবনের কি হবে? নৈতিক জীবন এসে কোথায় দাঁড়াবে? এটা আজকে চিন্তা করা প্রয়োজন। আমাদের শিক্ষক বন্ধুরা ভাবছেন তাঁরা এই সমস্ত ছেলেদের লেখাপড়ার ব্যবস্থা করবেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনাকে একটা কথা বলতে চাই, আমাদের দেশে মেশিনকেও সময় দিতে হয় তার কার্যকারিতা রাখবার জন্য। এই যে ছোট ছোট ছেলেমেয়ে এদের সব চেয়ে পড়ার ভাল সময় হচ্ছে ফেব্রুয়ারী-মার্চ মাস। কিন্তু এই সময় তাদের দূরে সরিয়ে রেখে যদি তাদের উপর শিক্ষার মেশিন ঢোকান হয় তাহলে আপনি তা ঢুকবে বলে মনে করেন? আজকে তাদের কি অবস্থা দাঁড়াবে? এদের মধ্যে যাঁরা দূতওয়ারী করতে গেছলেন তার মধ্যে বিরোধীদলের নেতা জ্যোতিবাবু ছিলেন, এতেই প্রমাণ হয় শিক্ষকদের কোন্ পথে নামাবার চেষ্টা করছেন, সেজন্য সরকারী তরফ থেকে অত্যন্ত সতর্ক হওয়া উচিত বলে মনে করি। আজকে শিক্ষকদের যে অবস্থা, তাদের নিয়মিত বেতন দেবার ব্যবস্থা করা উচিত। আমাদের ডি পি আই থেকে যে গ্রান্ট ইন্ এইড দেওয়া হয় তার অর্ধেকটা যদি লোক্যালী ব্যবস্থা করে শিক্ষকদের মাসে মাসে বেতন দিতে পারেন তাহলে আমার মনে হয়, শিক্ষকদের মধ্যে অসন্তোষ যা পুঞ্জীভূত হয়েছে তা কিঞ্চিৎ প্রশমিত হতে পারে এবং শিক্ষকদের যে মেরুদন্ডহীন অবস্থায় দাঁড় করান হয়েছিল সেটাও দূর হতে পারে। রাজনৈতিক প্রভাব যদি শিক্ষকদের মেরুদণ্ডকে চুরমার করে দেয় তাহলে সেই মেরুদণ্ডহীন শিক্ষকদের দ্বারা ছাত্রদের আমরা গড়ে তুলতে পারব না বলে আমার বিশ্বাস। আমি শিক্ষা বিভাগকে অভিনন্দন জানাবো এজন্য যে আজ পর্যন্ত যেখানে এগ্রিকালচারাল গ্র্যাজুয়েটদের পড়বার বিশেষ ব্যবস্থা ছিল না সেখানে তারা

সরকার থেকে কল্যাণীতে একটা বিশেষ ব্যবস্থা করেছেন। এগ্রিকালচারাল পোস্ট গ্র্যাজুয়ে ট্রেনিং-এর জন্য এতদিন তাঁরা এলাউন্সটা পেতেন না, সেটা পেলে পর এবং হাউসরেন্টটা পেলে পর তাঁরা কাজে অনেকখানি ইনসেন্টিভ পাবেন বলে আমি মনে করি। এই কথা বলে আমি শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দের উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি

[5-25—5-35 p.m.]

Shri Nagen Dolai:

মাননীয় সভাপাল মহাশয়, আমি আমার কাট মোসান যে সম্পর্কে রেখেছি তার মধ্যে ঘাটালে রবীন্দ্র শতবার্ষিকী মহাবিদ্যালয়ে যা আছে সেটা সম্পর্কে বক্তব্য রাখবো। ঘাটাল মহকুমা প্রায় ১ লক্ষ লোকের বাস সেখানে ১টা মাত্র কলেজ আছে। এই কলেজ ৫।৬ বৎসর হল জন সাধারণের সহযোগিতায় এই কলেজ স্থাপিত হয়েছে। মন্ত্রী মহাশয় অনেক বাগাড়ম্বর করলেন কিন্তু আমার অভিজ্ঞতা দিয়ে দেখাতে পারি যে এই কলেজটি দেখতে মুখ্যমন্ত্রী প্রায় ৩।৪ বার গিয়েছিলেন কিন্তু যাওয়া সম্বন্ধে এই কলেজটির গৃহ নির্মাণের জন্য একটি পয়সাও সাহায্য করেন নি। এর গৃহ একতলা তৈরী হয়েছে এবং সেখানে টিনের ছাদ রয়েছে। গ্রীষ্মকাল হলে সেখানে যে কি অবস্থা হয় সেটা ছাত্ররা জানে। মন্ত্রীমহাশয় নিজেও দেখে এসেছেন কিন্তু তা সত্ত্বেও গৃহ নির্মাণের জন্য সরকার থেকে একটা পয়সাও সাহায্য করে না। এর কোন কারণ আমি বুঝতে পারছি না। তারপর ঐ কলেজে একমাত্র কলা বিভাগ ছাড়া আর কোন বিভাগ নেই এখানে আরো বিভাগ করা দরকার কিন্তু সে সম্পর্কে সরকারের দৃষ্টি নেই। এখানে বিজ্ঞান বিভাগ খোলা দরকার কিন্তু তাও করা হচ্ছে না। সেজন্য সরকারকে অনুরোধ করছি যাতে এই কলা বিভাগ ছাড়া অন্যান্য বিভাগ তাড়াতাড়ি খোলা হয় তার ব্যবস্থা করা। দ্বিতীয় হচ্ছে কলেজের ছাত্রাবাস নেই, এটা তাড়াতাড়ি প্রয়োজন এবং এই ছাত্রাবাস যাতে তাড়াতাড়ি হয় সে সম্বন্ধে সরকারের কাছে অনুরোধ করছি। কলেজে ঠিক মত শিক্ষকরা মাইনা পাচ্ছে না। সরকার তাদের সাহায্য দিচ্ছে না এর ফলে এই অর্থনৈতিক শংকা এবং মুদ্রাস্ফীতির দিনে তাদের সাহায্য করা দরকার, কিন্তু সে দিকে সরকারের দৃষ্টি নেই। আরো কলেজ বাড়ানোর দিকে সরকারের দৃষ্টি রাখা দরকার। এখানে লাইব্রেরী ঠিকমত হচ্ছে না। লাইব্রেরী যাতে সাহায্য পায় সেদিকে দৃষ্টি রাখা দরকার। তারপর আমি ঘাটাল মহকুমার হাইস্কুল সম্পর্কে বলতে চাই। সেখানে যা হাইস্কুল আছে তা অত্যন্ত কম সেজন্য আরো হাইস্কুল বেশী করা প্রয়োজন এই হাইস্কুল করার জন্য জনসাধারণ সাধ্যমত চেষ্টা করছে কিন্তু সরকারের দৃষ্টি তাতে নেই। যেমন মহারাজপুর বার বার বলছে সেদিকে সরকারের দৃষ্টি নেই। পোলবা ধনী খল, চৌখাড়ে হাইস্কুল করবার কথা মন্ত্রী মহাশয়দের বলছে কিন্তু সেদিকে তাদের দৃষ্টি নেই সেজন্য আমি দেখতে পাচ্ছি এই বাজেটের টাকা তাঁরা বেশী খরচ করেন নিজেদের দলীয় স্বার্থ যেখানে আছে সেখানে কিন্তু যেখানে স্বার্থ নেই সেখানে খরচ করতে চান না। তারপর মাধ্যমিক স্কুলের শিক্ষকরা ৬।৭ মাস বেতন পান না। এই অর্থনৈতিক সংকটের দিনে যাতে তারা তাড়াতাড়ি মাহিনা পান সেদিকে সরকারকে দৃষ্টি দিতে বলছি। আমি আবার বলছি রবীন্দ্র শতবার্ষিকী বিদ্যালয় যাতে সাহায্য পায় সেদিকে দৃষ্টি দিন।

Shri Mahananda Haldar:

মাননীয় চেয়ারম্যান স্যার, শিক্ষাখাতে ব্যয়বরাদ্দের উপর বলতে গিয়ে ও পক্ষের মাননীয় সদস্যগণ যা বলেছেন তা শুনে মনে হল মাননীয় সদস্যগণ আত্মতুষ্টির ও আড়ম্বরপূর্ণ বক্তৃতা দিয়ে সভাকে যা বোঝাতে চেয়েছেন তাতে শিক্ষা সম্বন্ধে তাঁদের কথার স্বরূপ হচ্ছে অল দ্যাট গ্লিটার্স ইজ নট গোল্ড। এখানে মাধ্যমিক শিক্ষা এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা ও উচ্চ শিক্ষা সম্বন্ধে মাননীয় সদস্যগণ অনেক বলেছেন আমি সে সম্বন্ধে এই সীমায়িত সময়ের মধ্যে কিছু বলবো না। আমি শিক্ষার আদি ভিত্তি যা সেই প্রাথমিক শিক্ষা সম্বন্ধেই বলবো। প্রাথমিক শিক্ষা আজকে ঠিকভাবে নিয়ন্ত্রিত হচ্ছে না ১৯৩০ সালের যে আইন ছিল তার অধীনেই এটা নিয়ন্ত্রিত হচ্ছে। এটা অত্যন্ত পুরান আইন এবং এই আইনের মতেই ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড গুলি গঠিত হয়েছে এর গঠন প্রণালীগুলি যদি দেখা যায় তা হলে দেখবেন যে এটা সম্পূর্ণ অ-গণতান্ত্রিক পন্থায় চলেছে। সেখানে নির্বাচিত সদস্যের চেয়ে মনোনীত সদস্য সংখ্যা বেশী।

১৯৩০ সালে শিক্ষক প্রতিনিধির নির্বাচনের যে ব্যবস্থা ছিল, যে সংখ্যা ছিল ১৯৬৫ সালে তাই আছে। আমার মনে হয় কোন গণতান্ত্রিক দেশে এরূপ অগণতান্ত্রিক অবস্থা সমর্থনযোগ্য নয়। বর্তমানে যে জেলাপরিষদ আইন পাশ হয়েছে তার মাধ্যমে পশ্চিমবাংলায় পঞ্চায়েত গঠিত হয়েছে তার সঙ্গে স্কুল বোর্ডকে জেলা পরিষদে স্ট্যান্ডিং কমিটি পর্যায়ে বলে বলা হচ্ছে অথচ জেলা পরিষদের স্কুল বোর্ড এর উপর কোন কর্তৃত্ব নেই। সেখানে জেলা পরিষদ থেকে প্রতিনিধি পাঠান ছাড়া কার্যকরী কোন ব্যবস্থা বা কন্ট্রোল জেলা পরিষদের নেই। আমার মনে হয় এই ব্যবস্থা সমর্থনযোগ্য নয়। ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড যা গঠিত হয়েছে, তা আমূল পরিবর্তন করা প্রয়োজন এবং যাতে গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত সদস্য দ্বারা উহা গঠিত হয় তার ব্যবস্থা করা উচিত। প্রাথমিক শিক্ষা নিয়ন্ত্রণ বর্তমানে যে সব ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড রয়েছে তারা কি ভাবে সেই নিয়ন্ত্রণ করছেন তা দেখলে দেখবেন যে পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষকগণের অবস্থা শোচনীয় শুধু তাই নয় অনেক স্কুলের ঘর নেই, গাছতলায় বসে শিক্ষা দিতে হয়। এই সমস্ত জায়গায় ঘর করবার জন্য যে টাকা দেওয়া হয়েছে সে টাকা কোথায় গেল তার হিসাব পত্তর পাওয়া যায় না যদি বা সূত্র ধরতে পারা গেল তা হলে কি হবে? দেখা গেল শাসকদলের অনুগৃহীত হলে সূত্র সন্ধানে তারা আগ্রহশীল হন না। আমাদের থানায় মুগুই হোসেন বলে একজন শিক্ষকের সিমেন্ট চুরির দায়ে সাজা হয়। সিমেন্ট চুরির দায়ে তিনি কোর্ট থেকে সাজা পেলেন অথচ তাকেই আবার বি, টি, ট্রেনিং দিয়ে স্কুল-এ নেবার ব্যবস্থা হচ্ছে এইভাবে যদি আমরা দুর্নীতিকে প্রশ্রয় দিই তাহলে শিক্ষা ব্যবস্থা কোথায় যাবে? প্রাথমিক শিক্ষকদের বেতনের কথা অনেক সদস্যই বলেছেন। শিক্ষার যারা উন্নতি করবেন সেখানে যারা দায়িত্বে আছেন তাদের যদি সব সময় স্টারভেশন-এ থাকতে হয় তাহলে তাদের দিয়ে কি করে ভাল কাজ আশা করতে পারেন?

[5-35—5-45 p.m.]

শুধু প্রাথমিক পর্যায়ে নয়, উচ্চ মাধ্যমিক পর্যায়ে, মাধ্যমিক পর্যায়ে সব জায়গায় এই রকম প্রশ্ন উঠেছে। যদি সরকার পক্ষ বলেন যে এটা অন্যায় করে তাঁরা করছেন। আন্দোলন বা যা কিছু সবই যদি বোঝা গেল ভুল তাহলে আন্দোলন হয় কেন? কয়েকটা লোকই কি আন্দোলন করে এমন কি ক্রিয়েটস সেনসেসান ইন দি কান্ট্রি? এই আন্দোলনের কি কোন মূল্য নেই? এটা কি অর্থহীন? এটা যদি অর্থহীন হবে তবে কেন দেশবাসী একে সমর্থন করবে? এই শিক্ষকদের আপনারা যোগ্য বেতন দেবেন তাঁদের সুযোগ-সুবিধা যাতে আরো বেশী হয় সেজন্য সরকার সজাগ হবেন বলে আমি আশা করি এবং এই সঙ্গে আরো বলতে চাই যে শুধু বেতনের ভার নয় তার সঙ্গে শিক্ষকদের নিজেদের যেসব ছেলেমেয়ে আছে তাদের পড়বার জন্য কিছু কিছু যাতে ব্যাপকভাবে দেওয়া যায় আমি আশা করি শিক্ষা বিভাগ সেটা দেখবেন। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কম্পালসারী এডুকেশান করবার পথে বাধা সৃষ্টির সংশয় প্রকাশ করেছেন এবং তিনি সহানুভূতিসূচক ভাব দেখাতে গিয়ে বলেছেন অনেক তপশীল জাতি আছে তাদের ছেলেমেয়েরা যদি স্কুলে না যায় তাহলে যে দণ্ড বা সাজার ব্যবস্থা আছে তা কম করা হবে। আমি এজন্য ধন্যবাদ দিচ্ছি। কিন্তু প্রশ্ন হচ্ছে তপশীলী আদিবাসী যারা তারা শিক্ষায় অনগ্রসর। আমার মনে হয় তাদের শিক্ষার ব্যাপারে বাধ্য করা উচিত। তা না করে যদি এইভাবে লাইসেন্স দেওয়া হয় তাহলে তাদের অবস্থা কি আরো অবনত হবে না? তপশীলী আদিবাসী যারা আছে তাদের ছেলেমেয়েরা যাতে অধিক সংখ্যায় স্কুলে যোগ দিতে পারে তার ব্যবস্থা আছে বটে কিন্তু সেগুলি সব স্কুলে পালন করা হয় না। দেখা যায় তপশীলীরা হাইস্কুল করতে চাইছে, কিন্তু তাঁদের রেকগনিসান পেতে অনেক দেরী হয়। সেগুলি যাতে সহানুভূতির সঙ্গে দেখেন সেজন্য আমি সরকারকে আবেদন করব। আর একটা কথা হচ্ছে বেসিক স্কুল সম্বন্ধে। এগুলি চলবে কিনা? পরে আরো কিছু ব্যবস্থা আছে কিনা সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় কিছু বলেননি। আশা করি এই বিষয়ে উপসংহারে তিনি কিছু বলবেন।

Shri Amarendra Nath Basu:

মাননীয় সভাপতি মহাশয়, শিক্ষামন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তাতে প্রথমেই তিনি দেখিয়েছেন টাকার অঙ্ক, ৩০ কোটি কিংবা তারও বেশী। সে সম্বন্ধে আমি একটা কথা বলতে

চাই যে জিনিসপত্রের দর যেভাবে বেড়েছে তাতে তখনকার সেই ৮ কোটি টাকা এখনকার ৩০ কোটি টাকার সমান। আমি সেদিক থেকে কিছু বলছি না, কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে নীতিতে যে পদ্ধতিতে তাঁরা শিক্ষা চালাচ্ছেন তাতে সত্যিকারে দেশ গড়ার কাজে সাহায্য হচ্ছে কি হচ্ছে না। এই ভারতবর্ষে যে নীতি যে পদ্ধতি ছিল সেটা হচ্ছে সেই গুরুকুল কিংবা তপোবন। সেই যুগের সেই আদর্শ সেই নীতি হয়ত আজকের ভারতবর্ষে অচল। কাজেই আমি সরকারকে এই কথা বলব না যে একেবারে ফিরে যান সেই যুগে। ভারতবর্ষ যখন বিদেশী এসে আক্রমণ করল যখন আমাদের স্বাধীনতা নিয়ে নিল তখন যে শিক্ষা পদ্ধতি তারা চালাল, যে নীতি তারা চালাল মূলতঃ সেই নীতি জাতির পক্ষে কল্যাণের ছিল না। সেই শিক্ষা লাভ করে নিশ্চয়ই ভারতবর্ষে অনেক বড় বড় পন্ডিত মনিষী গুণী জ্ঞানি জন্মগ্রহণ করেছেন, কিন্তু মোটামুটি সেই শিক্ষা ছিল বিদেশী শাসন এবং শোষণকে কায়েম রাখবার জন্য হাতিয়ার তৈরি করা। আর একটা কথা সেদিন সাধারণভাবে চলতি ছিল লেখাপড়া করে যে গাড়ী ঘোড়া চড়ে সে"। এই যে নীতি এই নীতি আমাদের জাতির মেরুদন্ডকে ভেঙেগ দিয়েছিল, আমাদের দেশের মানুষকে সত্যিকারে মানুষ করতে পারেনি। আজকে আমাদের নতুন করে চিন্তা করতে হবে, বিজ্ঞানের যুগে পৃথিবীর দিকে চেয়ে আমাদের নতুনভাবে চিন্তা করতে হবে কি করে জাতির সত্যিকারে শিক্ষা হবে জ্ঞান হবে। আমরা যদি সত্যিকারে মানুষ গড়তে চাই—শরীর, মন, বিদ্যা, বুদ্ধি, সব নিয়ে একটা পূর্ণাঙ্গ মানুষ হবে তাহলে আমাদের নতুনভাবে চিন্তা করতে হবে। পৃথিবীতে সমাজতান্ত্রিক দেশ যতগুলি আছে তারা মানুষ-এর শিক্ষা, স্বাস্থ্যের দায়িত্ব গ্রহণ করেছে এবং এটা করা সরকারের কর্তব্য। কারণ যে শিক্ষায় হোক সক্ষমতায় হোক, শক্তিশালী হয়ে তার দেশকে গড়বে। সেই দেশ গড়ার অর্থ হলো এই দেশের যেমন স্বাধীনতা রক্ষা করবো তেমন দেশের সম্পদ বাড়াবো। মানুষ যে সমস্ত সম্পদ সৃষ্টি করেছে, মানুষকে যত পরিপূর্ণ মানুষ করতে পারবো, ততই আমাদের দেশের সম্পদকে ব্যবহার করতে পারবো। সঙ্গে সঙ্গে তার এটাও চিন্তা করতে হবে সেটা একেবারে অভাব আমাদের দেশে, শিক্ষার মধ্য দিয়ে যে সম্পদ আমরা বাড়াবো, সে নিজের জন্য নয়, নিজের সুখের জন্য নয়, সমস্ত জাতির জন্য, সমস্ত মানুষের জন্য। যে সম্পদ যারা বাড়াবে, তারা চেষ্টা করবে সেই সম্পদ যাতে সমভাবে বণ্টন করা যায়। জ্যোতিবাবু একটা কথা বলেছেন তা আর একবার বলতে চাই যে আমাদের দেশের শিক্ষিত ছেলেরা তাদের হাড়ভাঙ্গা পরিশ্রম করে এখনো ধনিকদের ঘরে সম্পদ বাড়িয়ে দেবে সেই শিক্ষা আমরা দেব—তা নয়। শিক্ষা দেওয়ার সঙ্গে সঙ্গে তাদের একথা বলবো—তোমরা অন্যায় করো না, তোমরা অন্যায় সহ্য করো না, তোমাদের শ্রম যদি কেউ চুরি করে নেয়, খাটিয়ে পয়সা না দেয়, তোমরা তা কখনো সহ্য করবে না। তোমাদের যা ন্যায্য দাবী, তা তোমরা আদায় করে নেবে। এই মনোভাব নিয়ে যদি শিক্ষাকে একেবারে ঢেলে সাজতে পারি, তাহলে আমরা যে সমাজতন্ত্রের কথা বলি, যে সমাজতান্ত্রিক দেশ গড়বো বলে ঠিক করে নিয়েছি, সেই দেশের উপযুক্ত নাগরিক আমরা তাদের করতে পারবো। এই বর্তমান অবস্থায় কতটুকু তা করা যায়, সেই কথা চিন্তা করতে বলবো। আজকে আমাদের শিক্ষা মন্ত্রীমহাশয় তাঁর বিবৃতির মধ্য দিয়ে জানিয়েছেন যে স্কুল কত বেড়েছে, ছাত্র কত বেড়েছে, শিক্ষকদের সংখ্যা কত বেড়েছে, মাইনে ধীরে ধীরে কত বেড়েছে। কিন্তু আমি এই কথা বলবো যে যারা বাংলা দেশের প্রত্যেকটা গ্রামে কি বিদ্যালয় আছে? নেই। আর যে সংখ্যা আপনি দিয়েছেন যে স্কুল আছে তার অবস্থা কী? কোন বিদ্যালয়ের হয়ত ঘর ভেঙেগ পড়ে গেছে, কোথাও হয়ত ছাত্র নাই; কোথাও হয়ত শিক্ষক অনুপস্থিত। যদি হিসেব করে দেখি তাহলে দেখবো এই ধরণের বিদ্যালয়ের সংখ্যা সবচেয়ে বেশী। কাজেই কেবল সংখ্যা দেখলেই হবে না। প্রকৃত বিদ্যালয় থাকে বলে সেইরকম বিদ্যালয় বাংলাদেশে কয়টী আছে তার হিসেব দেওয়া উচিত বলে আমি মনে করি। সেই হিসেব দিতে গেলে আপনি উভয় পক্ষকে সন্তুষ্ট করতে পারবেন না।

[5-45—5-55 p.m.]

সেইজন্য আপনার বক্তব্যের মধ্য দিয়ে আপনি ভাল ছবিটি আমাদের দেখিয়ে দিলেন। আমার কথা হচ্ছে যে অন্তত কলকাতা সহরে যে বিদ্যালয় ভবনগুলি আছে—সেখানে আলয় নেই—বিদ্যা নেই—ছেলেদের একটা খেলবার জায়গা নেই। তারা সেখানে আটকে থাকবে পড়াশুনা

রবে এবং জ্যোতিবাবু যে কথা বলেছেন সেটা অত্যন্ত সত্য কথা যে অন্য যে বাড়ী গিয়ে ড়াশুনা করবে তারও কোন উপায় নেই। তাহলে কি করে শিক্ষা হবে? কি করে ছেলেরা ন দিয়ে পড়বে। বিদ্যা ভবনগুলিকে একটা আদর্শ ভবন করে গড়ে তুলুন এবং প্রত্যেক কুলকে বলুন কিস্তি বন্দীতে খেপে খেপে টাকা দিতে। এগুলি সব আপনারা নিয়ে বন এবং তাদের পাঠ্য পুস্তক প্রত্যেক বছর বছর বদলানো উচিত নয়। এই সভায় শ্রদ্ধের ধানচন্দ্র রায় মহাশয় বলেছিলেন যে আমি চেষ্টা করবো এবং তিনি একথাও বলেছিলেন যে াথমিক স্কুলের ছাত্রদের জন্য সরকার থেকে অমনি বই দেবার ব্যবস্থা করবো। তারপর তিনি লেছিলেন জলযোগের ব্যবস্থা করবেন। আপনারা তা এখনও করতে পারেন নি। প্রত্যেক াত্রদের জন্য সরকার থেকে একটা জলযোগের ব্যবস্থা করে দেওয়া উচিত। স্কুলে খেলাধুলার াল ব্যবস্থা নেই—জায়গা নেই তাহলে কোথায় খেলবে? স্কুলের ছাত্রদের সঙ্গে খেলাধুলার ন্য কিছু অর্থ দেওয়া উচিত। কিন্তু সে অর্থ আপনারা খরচ করতে পারেন নি। সেজন্য থমে আদর্শ স্কুল আপনাদের করা উচিত এবং প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক এবং বাধ্যতামূলক রা উচিত। আমি বলি না—জোর করে আইন করে তাকে সাজা দেওয়া উচিত। কিন্তু এমন বস্থা করুন—আমার ধারণা—কাউকে ডাকতে হবে—যদি পয়সা না দিয়ে পড়ার সুযোগ পায় াহলে বাংলা দেশের প্রত্যেক ছেলেমেয়ে সেই সুযোগ গ্রহণ করবে। কারণ আজকে নিশ্চয় াপনারা ৩০ কোটি টাকা খরচ করছেন—কিন্তু সাধারণ গৃহস্থ মানুষ কি শিক্ষার জন্য কম রচ করেন? তা নয়, আজকে যে কোন স্কুলের মাইনে ৬ টাকার কম কোন জায়গাতেই নেই কেবারে নিম্ন শ্রেণীতে যারা পড়ে এবং আমি জানি কলকাতা সহরে ২৫ টাকা পর্যন্ত মাইনে াছে ৪।৫টি স্কুলে। এটা খুবই অন্যায়—এর একটা সমতা করা উচিত যে সব স্কুলেই সমান ইনে সব স্কুলের ছেলেরাই সমান মাইনে দিয়ে যাতে সমান পড়বার সুযোগ পায়। যে মাইনে বেশী নেবে সে ভাল শিক্ষক রাখবে ভাল পড়াবে আর যে মাইনে কম নেবে সে উপযুক্ত শিক্ষক খতে পারে না সেখানে লেখাপড়া হয় না—এদিকে সরকারের দেখা উচিত। এই ব্যবস্থা তিল করে দেওয়া উচিত। শিক্ষকরা সব জায়গায় সমান হবে এবং মাইনেও সব জায়গায় মান হবে। আর একটা কথা—নিরক্ষরতার কথা—আমরা ভোটের অধিকার দিয়েছি কিন্তু যারা খনও খবরের কাগজ পড়তে পারে না তারা খবরের কাগজের যে জ্ঞান সেই জ্ঞান তারা লাভ রতে পারছে না। আমার নিজের ধারণা যে কিছুই আপনারা করেন নি তাদের জন্য। এর ন্য যে সামান্য খরচ করেন তাও বিধিবদ্ধভাবে করেন না—সুষ্ঠুভাবে করেন না—যার ফলে াকাগুলি বরবাদ হয়ে যায় এবং যারা লেখাপড়া শিখতে চায় বয়স হয়েছে তারা কোন সুযোগ ান না। সেজন্য আমি এই বরাদ্দ মঞ্জুরীতে সমর্থন জানাতে পারছি না।

Shri Siddheswar Mandal:

ান্নীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমি এই শিক্ষা খাতে শিক্ষামন্ত্রী যে ব্যয় বরাদ্দের প্রস্তাব নেছেন আমি তাকে সমর্থন করতে পারছিনা, সমর্থন করতে পারছিনা এই কারণে নয় আমরা বরোধীপক্ষের সদস্য বলে, আমি মনে করি এই শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দ দিয়েছেন, এই য় বরাদ্দ তাঁর চাইবার কোনও সঙ্গত কারণ দেখতে পাচ্ছি না। প্রথমতঃ আমি বলবো এই ৭ বছর ধরে শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দ করা হয়েছিল তার অধিকাংশ অর্থই কেবলমাত্র ভগুলো কনট্রাক্টর পোষা হয়েছে। এইসব কনট্রাক্টররা দলগত লোক এবং এদের কনট্রাক্ট েওয়া হয়েছে এবং বিশেষকরে মাধ্যমিক শিক্ষার পর্যায়ে যে খরচ করা হয়েছে তার অধিকাংশ রচ বিল্ডিং এবং ইমারৎ এবং এই সমস্ত বড় বড় ঘর তৈরী করার খাতে খরচ করা হয়েছে, বং সেখানে সব ক্ষেত্রে দলের লোককে কনট্রাক্ট দেওয়া হয়েছে, সুবিধা দেওয়া হয়েছে, এইভাবে ারা নিজেদের দল রক্ষা করেছেন। প্রথম কথা হচ্ছে এই, আর দ্বিতীয় কথা হচ্ছে শিক্ষার ন্যান্য দিক দিয়ে যদি বিচার করি তাহলে দেখবো সবস্তরেই ব্যর্থতায় পর্যবসিত হয়েছে শিক্ষা বিস্তারে। তাছাড়া বিশেষকরে তপশিলী শিক্ষার কথা বলবো, যে তপশিলীদের জন্য য শিক্ষা ব্যবস্থা করা হয়েছিল তার অধিকাংশ অর্থ ঠিকমত ব্যয় করা হয়নি। এবং সেক্ষেত্রে ানারকম ভাবে তারা ব্যর্থ হয়েছেন। তপশিলী আমাদের দেশে যে আছে, তার মধ্যে আবার টো ভাগ করা হয়েছে, একটা সাধারণ তপশিলী এবং আর একটা হচ্ছে অধিকতর অনুন্নত ম্প্রদায়, এবং এই করার জন্য হচ্ছে কি? বেশীর ভাগ ছাত্রই স্টাইপেন্ড পেত এবং তাদের

সুযোগ দেওয়া হত, তার থেকে তারা আজকে বঞ্চিত হয়েছে, এবং অধিকতর অনুন্নত সম্প্র বলে কতকগুলিকে দেওয়া হয়েছে, কতকগুলি বাদ দিয়ে দেওয়া হয়েছে, এই ভাবে ছাঁটাই ব তপশিলী সম্প্রদায়ের মধ্যে যেটুকু শিক্ষা বিস্তার লাভ করছিল, সেটাকে বন্ধ করে দিয়েছে তাই দেখছি যে শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে যে তাঁরা চেষ্টা করেছেন যে পরিকল্পনা করেছেন স গুলোই ব্যর্থ হয়ে গেছে। সেইজন্য আজকে তাঁরা যে ব্যয় বরাদ্দ চেয়েছেন এটাকে সমর্থ করার কোনও সংগত কারণ দেখতে পাচ্ছি না। আর একটা কথা বলছি, সেটা হচ্ছে পরিসংখ্যা আমাদের মুখ্যমন্ত্রী তো পরিসংখ্যান বিশারদ আর শিক্ষামন্ত্রী তো তথৈবচ, উনি সবসময় কথ কথায় পরিসংখ্যান দেখান, স্ট্যাটিস্টিক্স দেখান। স্ট্যাটিস্টিক্স সম্বন্ধে আমি একটা গল্প আপন কাছে বলছি। আগের দিনে এক নারদ দিলেন প্রায় ২০০ বছর আগে, সেই সময় সেখানে খ বেকার সমস্যা বেড়ে গেল একজন বেকার লোক এসে নবাবকে বললেন আমাকে একটা লক টিকড়ির ব্যবস্থা করে দিতে পারেন? নবাব বললেন হ্যাঁ ঠিক আছে, তুমি পড়াশুনা কি করেছো? না স্যার, আমি তো পড়াশুনা কিছু জানিনা। কিছু গুণতে টুনতে শিখেছো, ত সেই লোকটা বললে হ্যাঁ স্যার, আমি ২০ পর্যন্ত গুণতে জানি। তখন নবাব বললেন এতে যথেষ্ট আর কিছু দরকার নেই। তুমি এক কাজ করো, নদীর ধারে গিয়ে এই নদীতে কতগুলে দিনে ঢেউ আসে আর যায় সেটা গোণ দেখি? সেটা গুণে আমাকে বলে দেবে, তোমাকে বেত দেওয়া হবে। পরিসংখ্যানের ব্যাপারটাও ঠিক সেইরকম। আজকে একরকম মুখ্যমন্ত্র পরিসংখ্যান দেবেন, কালকে শিক্ষামন্ত্রী আর এক পরিসংখ্যান দেবেন, এই রকম পরিসংখ্যানে গোঁজামিল আমাদের সামনে তুলে ধরেছেন, আমাদের কান ভোঁতা করে দিয়েছেন। পরিসংখ্যানে উপর আমাদের কোনও বিশ্বাস নেই। শিক্ষার যে কত উন্নতি হয়েছে, শিক্ষকদের যে ক উন্নতি হচ্ছে তা আমরা হাড়ে হাড়ে বুঝতে পারছি। আমি নিজে একজন মাধ্যমিক শিক্ষক সেক্ষেত্রে আমি নিজে ভালভাবে জানি যে শিক্ষার যে কত উন্নতি হয়েছে এবং শিক্ষকদের আমরা এটা সহজেই জানি যে শিক্ষার উন্নতি করতে গেলে প্রথমে কি করা দরকার মাধ্যমিক স্তরে আর প্রাইমারী স্তরে। আমার আগের বক্তারা বিশেষকরে শম্ভুবাবু বলেছেন যে আমাদে এখানে যারা ৭০ টাকা বেতন পায়, সেই বেতন নিম্নস্তরের ঝাড়ুদার বা যারা সুইপার-এর কা করে তারা বোধহয় ৭০ টাকার বেশী মাইনে পায়। সে ক্ষেত্রে একজন প্রাইমারী স্কুল-এ [illegible] ৭০ টাকা বেতন পান, এই সম্বন্ধে আর কিছু বলতে চাই না। কবিগুরুর ভাষায় বলি

এই সব মূঢ় ম্লান মুখে দিতে হবে ভাষা
ধ্বনিয়া তুলিতে হবে আশা।

এরা কোনও রকম আশা বা ভাষা দিতে পারেন নি, সেইজন্য এই ব্যয় বরাদ্দ সমর্থন করছি না

[5-55—6-5 p.m.]

Shri Sankardas Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমার সুযোগ হয়েছে এখানকার হাউস-এর অন্যান্য মেম্বারসদের শুনতে, শ্রীমতী ইলা মিত্র বললেন, আমি যখন এই হাউস-এ এলাম, যে কিছু করা হয়নি এবং আমি ভাবছিলাম সত্যিই কিছু করা হয়েছে কিনা দেখা উচিৎ। আমি দেখলাম ১৯৪৭-৪৮ সালে ৫৭ লক্ষ টাকা খরচ হত প্রাইমারী এডুকেশান-এ, আজকে সেটা ৮ কোটি ১৮ লক্ষ টাকা খরচ হচ্ছে, এবং হায়ার সেকেণ্ডারী-তে ৪০ লক্ষ টাকা খরচ হত এখন ৬ কোটি টাকা খরচ হচ্ছে, সুতরাং খরচ হয়নি এইকথা বললে ভুল হবে এবং খরচ কমানোও হচ্ছে বাড়ানোও হচ্ছে। আমি অনেকের বক্তৃতা শুনলাম এবং শিক্ষকদের বেতন বাড়ানো উচিত সকলে বললেন, আমি যতদূর জানি আমাদের মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে বলেছেন, তাঁরা নাকি ৪র্থ পরিকল্পনায় চেষ্টা করবেন, তাঁদের খুব ইচ্ছা আছে। কিন্তু আমি যখন অর্থমন্ত্রী দিন কয়েকের জন্য ছিলাম—কিছু জানি ফিগার-এর কথা, পাবার কোনও আশা তো আমি দেখতে পাচ্ছিনা, কেননা সোজা হিসাব, আমি দেখছিলাম যে নূতন যে ২০ হাজার প্রাইমারী টীচার ৪র্থ পরিকল্পনার সময় ওঁরা লাগাবেন, ধরুন আমরা তাদের ১০০ টাকা করে মাইনে দেবো তাহলে টাকা লাগবে ২ কোটি ৪০ লক্ষ টাকা তারপর যারা উপস্থিত ৮৫ টাকা বেতনে প্রাইমারী

শিক্ষকরা কাজ করছেন, তাদের ১৫ টাকা দিলে তবে ১০০ টাকা মাইনে হবে, তারজন্য লাগবে ১ কোটি ৮০ লক্ষ টাকা মোট কথা ৩ কোটি ২০ লক্ষ টাকা প্রাইমারী টীচারদের জন্য লাগবে, আমি একথা আমার শিক্ষামন্ত্রী রবীবাবুকে বলবো, আমার অর্থমন্ত্রী শৈলবাবুকে বলবো যে সব টাকা কোথা থেকে আসবে? বাজেট বক্তৃতায় শুনেছিলাম যে এই বছর আর কোনও ট্যাক্স বাড়ানো হবেনা সকলেই ভাবলেন যে খুব কিস্তি মাৎ করলাম, কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই টাকা যা দরকার প্রাইমারী শিক্ষকদের দেবার জন্য নতুন যে ৪র্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় নূতন শিক্ষকদের হায়ার সেকেন্ডারী-তে ২২ হাজার, আমি জিজ্ঞাসা করতে চাই সরকারকে যে বার বার বলা হচ্ছে যে আমরা খুব তোমাদের জন্য ভাবি, পারলে নিশ্চয়ই দেবো, পাবেন কোথা থেকে? আমি এই প্রশ্নটা সরকারকে জিজ্ঞাসা করতে চাই। আমি জানি যে, যখন ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ওঁরা একটা মোটামুটি ঠিক করেছেন, এত টাকা খরচ করবো শিক্ষা খাতে। যে টাকা চেয়েছিলেন তার চেয়ে ঢের কাটতে কাটতে অনেক নামানো হয়েছে, সেই টাকাও পাওয়া যাবে কিনা, দিল্লী অনুমোদন করবে কিনা তার ঠিক নেই, সুতরাং দেবো, এই কথাতো বলা সম্ভব নয় এবং কোথা থেকে দেবেন তার তিলার্দ্ধ ইনডিকেশন এখনই পেলাম না কারও বক্তৃতার মধ্যে, অনেকেই বললেন, ভালই বললেন। দেওয়া উচিৎ। আমিও বলি দেওয়া উচিত। একটা ভদ্রলোক এম-এ, এম-এস-সি, বি-এ, বি-এস-সি, অনার্স নিয়ে আসেন তাদের টাকা দেওয়া উচিৎ, কিন্তু টাকা কোথায় কোন সোর্স থেকে ও'রা জোগাড় করবেন, আমি তো এটা খুঁজে পাচ্ছিনা, আমি ব্যবস্থা করিয়ে আরও যাঁরা সভা এখানে আছেন, তাঁরা সরকারকে দেখিয়ে দেবেন কি ভাবে টাকা জোগাড় করা হবে? কেন না আমি জানি আমি অর্থমন্ত্রী ছিলাম ট্যাক্স বসবে বললেই গালাগালি চিৎকার শুরু হয়ে যাবে যে আমার মত কসাই ফাইন্যান্স মিনিষ্টার এই হাউস-এ আসেনি। আমি বাড়িয়ে ছিলাম টাকা কারণ আমি বুঝেছিলাম যে টাকার দরকার আছে, কিন্তু এটাও সত্যিকথা ইনকাম ট্যাক্স বাড়িয়ে ইনকাম ট্যাক্স-এর এভেসান কমিয়ে এক পয়সাও পাবে না পশ্চিমবঙ্গ সরকার। সেণ্ট্রাল সেলস ট্যাক্স তার থেকে কি বাড়াতে পারে? সেলস ট্যাক্স এমনিই আমরা আদায় করছি তার থেকে কত বাড়বে? সুতরাং টাকা কোন সোর্স থেকে গভর্ণমেণ্ট তুলবেন? যা দিয়ে আমাদের সেকেণ্ডারী এডুকেসান-এর শিক্ষকরা যা দাবী করছেন এই টাকা পাবেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে।

এখন তৃতীয় পরিকল্পনা চলছে এবং দ্বিতীয় বার দাবী আবার উঠেছে। কিন্তু প্রশ্ন হচ্ছে মধ্য মাধ্যমিক শিক্ষকদের যদি এই টাকা দিতে হয় তাহলে প্রাথমিক শিক্ষকরা কি ভেসে যাবে? আমরা জানি বাংলাদেশের কতগুলি জেলায় কম্পালসারি প্রাইমারী এডুকেসন চালু হয়েছে। কিন্তু তাদের টাকা কোথায়, ঘর কোথায়, তাদের শিক্ষক কোথায়, তাদের ব্যবস্থা কোথায় এবং কিভাবে সেই ব্যবস্থা হবে সেটা আমি জানতে চাই। শুধু বললেই হবেনা "নাই"। আমিও তা বলছি "নাই"। আমি স্বীকার করি কম্পালসারি প্রাইমারী এডুকেসন হওয়া উচিত, কিন্তু টাকা কোথায়? যদি আপনারা হাউসে সকলে মিলে বলতেন, টাকা তুলুন, টাকা তোলা দরকার তাহলে বোঝা যেত। আমি জানি কোন সোর্স থেকে টাকা তোলা যায়। আমি যখন মন্ত্রী ছিলাম তখন বলেছিলাম রুরাল ট্যাক্সেসন দরকার। ১০০ বছর আগে জমির খাজনা ধার্য করা হয়েছে এবং তখন যে জমির দাম ২ টাকা বিঘা ছিল এখন তার দাম হয়েছে হাজার টাকা বিঘা। তাতেই রুরাল ট্যাক্সেসন সম্ভব এবং সেখান থেকে টাকা তোলা হোক। মিঃ পালিকওয়ালা ট্যাক্সেসন সম্বন্ধে যে বই লিখেছেন তাতে দেখবেন তিনি অক্ষরে অক্ষরে প্রমাণ করেছেন যে ইন্ডাস্ট্রিয়ালিস্ট-দের কাছ থেকে আর ট্যাক্স করে টাকা নেওয়া যাবেনা। ইভেডর থাকতে পারে, ইভেসান সব জায়গাতেই আছে- সেলস ট্যাক্স-এ ইভেসন আছে, ইনকাম ট্যাক্সে ইভেসন আছে। কিন্তু সেই ইভেডর-দের ধরে ধরে আমাদের যে টাকা আবশ্যক সেটা যে তোলা যাবেনা এ বিষয়ে আমি নিঃসন্দেহ। আমাদের দেশের ইভেডর-দের ধরে রাজকোষ পূর্ণ করে শিক্ষা খাতের খরচ তুলতে পারবেন একথা আমি স্বীকার করিনা। তারপর, শিক্ষকরা এই যে এসে স্ট্রাইক করলেন, রাস্তায় বসে থাকলেন সে সম্বন্ধে আমার কিছু বলার নেই, কারণ তাঁরা যেটা ভাল বুঝেছেন সেটাই করেছেন। কিন্তু আমি ভাবছিলাম এটা যদি ইন্ডাস্ট্রিয়াল ফিল্ড হোত তাহলে নিশ্চয়ই একটা ডিসপিউট হোত এবং সেই ডিসপিউট রেফার করত ইনন্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনাল-এর কাছে এবং ইনডাস্ট্রিয়াল ট্রাইব্যুনাল যে এ্যাওয়ার্ড দিতেন দ্যাট উড হ্যাড বিন বাইণ্ডিং।

এই এ্যাপ্লাই শুধু যে রাস্তার কুলির উপর করে তা নয়, ব্যাঙ্কের উপর করে, ইনডাস্ট্রির উপর করে। কিন্তু এক্ষেত্রে আমরা দেখছি তাঁরা দিনের পর দিন রাস্তায় বসে থাকলেন এবং বিরোধী-দলের বন্ধুরা বললেন, দাদা, একটা কিছু করে ফেলুন। শিক্ষকরা বললেন আমরা কিছু করবনা এবং একথা বলে রাস্তায় বসে থাকলেন। অর্থাৎ আমরা দেখলাম কোন ফয়সালা বা প্রতিবিধান হোলনা। আমি স্যার, সরকারকে বলব এরকম ক্ষেত্রে একটা কিছু করা উচিত যার ডিসিশন উড বি বাইণ্ডিং বোথ অন দি গভর্ণমেণ্ট এ্যাণ্ড অন দি টিচার্স। আমি মনে করি এই জিনিস চলতে দেওয়া উচিত নয়, কারণ এটা শিক্ষকদের পক্ষেও সম্মানের বিষয় নয়, সরকারের পক্ষেও সম্মানের বিষয় নয়। শিক্ষকরা আজ রাস্তার ধারে তাঁদের দাবী নিয়ে বসে আছেন অথচ কোন ফয়সালা হচ্ছেনা। কিন্তু এটা যদি একটা ইনডাস্ট্রিয়াল ফিল্ড হোত তাহলে নিশ্চয়ই একটা এ্যাডজুডিকেসন হোত এবং সেই এ্যাডজুডিকেসন উড হ্যাভ বিন বাইণ্ডিং অন দোজ হু আর পার্টিস টু দি ডিসপিউট। তারপর আমি একটা জিনিস জানতে পেরেছি যে, কতগুলি শিক্ষা প্রতিষ্ঠান আছে, মাধ্যমিক স্কুল আছে যাঁরা এইড নেননা এবং তাঁরা যে বেতন দেন সেটা সরকারী স্কুল বা এইডেড স্কুল থেকে কম। এই সমস্ত স্কুল যাদের এ্যাফিলিয়েসন দেওয়া হয়েছে তাদের ক্ষেত্রে আইন করা উচিত যে মাইনে বাড়াতে হবে এবং সেটা অন্য স্কুল-এর সমান হতে হবে। শুনছি এটা নাকি ১০।১২ বছর ধরে চলছে, অথচ তার প্রতিকার হয়নি। তারপর, অনেকে বলেছেন যে শিক্ষকরা টিউশানী করেন। তাঁরা যে এটা করেন তা সত্যি কথা। কিন্তু বিবেচ্য বিষয় হচ্ছে এটা করা উচিত কিনা? স্যার, আমি অনেকদিন ধরে কয়েকটি ছোট ছোট স্কুল চালাতে চেষ্টা করছি এবং ৯টি স্কুলের সংগে আমি যুক্ত আছি। কাশীবাবু নিশ্চয়ই জানেন আমি জীবনের মধ্যে যদি কোন ভাল কাজ করে থাকি তাহলে সেটা হচ্ছে অন্ততঃ কয়েকটা স্কুল আমি করেছি।

[6-5—6-15 p.m.]

কিন্তু কি দেখলাম স্কুলে? আজকে শিক্ষকরা সকলেই প্রাইভেট টিউশানী করে—সকালে করে সন্ধ্যাবেলাও করে। মানুষের কাজ করবার একটা ক্ষমতা আছে, সেটা বিরোধীপক্ষের প্রত্যেক বন্ধুই স্বীকার করবেন। আমি ব্যারিষ্টারী করি বলে সমস্ত দিন সকাল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত ভালভাবে করতে পারিনা। আমার যদি ভালভাবে কাজ করতে হয় তাহলে ৫।৬ ঘণ্টা ভালভাবে করতে পারি। তারপর যদি করতে হয়, সেই কাজের কোয়ালিটি নিশ্চয়ই খারাপ হবে সে বিষয়ে সন্দেহ নাই। আজকে টীচাররা অনেকেই টিউশানী করেন, আমার গ্রামের স্কুলেও করেন, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, সে বিষয়ে কোন ভুল নাই। একজন বললেন ৫ পারসেন্ট টিউশানী আদায় হলনা, এটা কোন কাজের কথা নয়। ৫ পারসেন্ট আদায় হয়না, তারা কি দয়া করে ছেলেদের পড়াচ্ছে? অন্য রকম খবর তাঁর মুখে পেয়েছিলাম, আজকে তিনি অন্য কথা ঘুরিয়ে বললেন হবেনা। শিক্ষা সম্বন্ধে আমি জানতে পেরেছি প্রাইভেট টিউশানী একমাত্র ভারতবর্ষেই নয়, প্রাইভেট টিউশানী অন্য কোন দেশে হয়না; আমাদের দেশে হয় ঐ বিষয়ে আমি নিঃসন্দেহ। তাদের মাইনের কত অংশ সরকারী তহবিলে জমা দেবে তার সংগে আমার কোন সম্পর্ক নাই। আমি জানি যদি ছেলেকে ভালভাবে পড়াতে হয় তাহলে সত্যি-কারের মন দিয়েই পড়াতে হবে। টিউশানীর নাম নিয়ে স্কুলে একটা দল রাখা এ জিনিস কিছুতেই সমর্থন করতে পারা যায় না। আমি জানি বিরোধীদলে যাঁরা বসে আছেন তাঁরাও এ বিষয়ে একমত হবেন।

আর একটা জিনিস আমি ভাবছি। পাবলিক সার্ভিস কণ্ডাক্ট রুলস বলে একটা জিনিস আছে যা চীফ সেক্রেটারী থেকে আরম্ভ করে কনষ্টেবল পর্যন্ত বাদ যাননা। কিন্তু যেখানে ৬০ পারসেন্ট এইড নিচ্ছে গভর্ণমেণ্ট থেকে এবং সেই এইড না হলে একদিনও চলেনা স্কুলের, যেখানে ২০ হাজার টাকা স্কুল আদায় করে এবং ৪০ হাজার টাকা এইড দেন গভর্ণমেণ্ট সেখানে কিসের প্রাইভেট টিউশানী, এতো গভর্ণমেণ্টের টাকায় চলছে, শিক্ষকরা যা ইচ্ছে তাই করে কোন কণ্ডাক্ট রুল নাই। ফলে অনেক সময় ম্যানেজিং কমিটি অন্যায় কাজ করে আবার অনেক সময় টীচাররা অন্যায় করেন, আমি এফিলিয়েশন কমিটির চেয়ারম্যান সেকেণ্ডারী বোর্ডের প্রায় ৪

বছর ধরে, আমি দেখছি অনেক ম্যানেজিং কমিটি অন্যায় কাজ করে, টীচাররা নানারকম অন্যায় কাজ করেন, কেন আপনারা একটা আইন প্রণয়ন করবেন না টু গভার্ণ the conduct of teachers of aided schools আমি শিক্ষামন্ত্রীকে বলছি আপনি এটা যদি না করতে পারেন তাহলে দুর্বলতার পরিচয় দেবেন, নিশ্চয়ই একটা রুল থাকা উচিত প্রত্যেক এইডেড স্কুলের মাষ্টাররা অট টু বি governed by those rules সেই রুল নিশ্চয় পাশ করুন হাউসের অনুমোদন নিয়ে, যেমন অনেক সময় হাউসের অনুমোদন নিয়ে করেছেন। কিন্তু যার যা ইচ্ছে করছে এ জিনিস কখনো করতে দেওয়া ঠিক নয়। আজকে শিক্ষাক্ষেত্রে এত বড় বিষয়, এ সম্বন্ধে অনেক কিছু বলতে পারা যায় এত বলবার আমার সময় নেই, কেননা ১২ ঘন্টা সময় দেওয়া হয়েছে, আজকে কোন্ দিকে বাংলাদেশের শিক্ষা যাচ্ছে। ৮ হাজার গ্রাজুয়েট হচ্ছে প্রতি বছর, চাকুরির ঠিকানা নাই, তারা পাশ করে বেরোয়, চাকুরি চায়, কে চাকুরি দিতে পারে, পশ্চিমবঙ্গ সরকার দিতে পারেনা, কাজেই এই শিক্ষার দাম কোথায়? আমি স্বীকার করছি—গ্রাজুয়েট হচ্ছে, এম-এ পাশ করছে, উচ্চশিক্ষিত হচ্ছে, এই শিক্ষার কি দাম। সকলেই বলছে আমি বেকার, এই বেকারী নিশ্চয়ই অস্বীকার করতে পারা যায় না। মুখ্যমন্ত্রী অস্বীকার করলেও আমি মানবো না, শিক্ষামন্ত্রী অস্বীকার করলেও আমি মানবো না বেকারীর সংখ্যা প্রতি বছর বাড়ছে, প্রতিকারের ব্যবস্থা কি, খালি গালাগালি আর চীৎকার, সরকার কিছুই করছেনা, শ্রীমতী ইলা মিত্র, শ্রীকানাইবাবু ওঁরা বলছেন কিছুই হলনা, ওদিকে ও'রা গলাবাজী করছেন কিছুই হলনা, বি-এ পাশ করে একটা চাকুরি হবে না? কি করবো সব লোক এসে ধরে বলে আর কিছু নাহোক আমাকে একটা প্রাথমিক শিক্ষক করে দিন। আমার মনে হয় এটা সবচেয়ে শক্ত কাজ শিশুদের লেখাপড়া শেখানো। যারা থার্ড ক্লাস হলে তদের হাতে শিশুদের শিক্ষার ভার অর্পণ করে আমরা চুপচাপ বসে আছি এর চেয়ে খারাপ আর কিছু হতে পারে না। আমি সরকারকে বলবো আপনারা এদিকে তাকান যে কি ভাবে ভালভাবে স্কুল চালান যায় এবং সেখানে উপযুক্ত পাত্র দিন। মিছামিছি স্কুলের সংখ্যা বাড়ালে চলবে না। টাকা খরচ করলে চলবে না, উপযুক্ত মাষ্টার চাই এবং সাধারণের কো-অপারেশান চাই। কানাইবাবু নিশ্চই এটা অস্বীকার করবেন না যে গ্রামে যে সমস্ত প্রাইমারি স্কুল আছে তার দিকে কেউ আমরা ফিরে তাকাই না যে কি বাঁশ ভেঙ্গে যাচ্ছে কি কি হচ্ছে। যা শিক্ষকরা দরদীগিরি করে বাড়ী ফিরলেন এ সব কিছুই দেখি না। সেজন্য আমি বলবো জিনিসটা ভাল ভাবে চালাতে গেলে সবচেয়ে বেশী দরকার টাকার সে টাকার ব্যবস্থা করান। আমি ভাবি যে কোথা থেকে টাকা আসবে শিক্ষকদের ভাতা মাইনা, বাড়ানো হোক এটা যেমন চিন্তা করতে হবে সে সঙ্গে সঙ্গে টাকার ব্যবস্থার কথাও চিন্তা করতে হবে এবং সে টাকার ব্যবস্থার একমাত্র উপায় হচ্ছে ট্যাক্স করে তোলা, যেটা আপনারা অনুমোদন করলেই হয়?

Shri Nani Bhattacharjee:

স্যার, মাননীয় শঙ্করদাস বাবু টাকার কথা বলেছেন। এটা একটা দৃষ্টিভঙ্গীর ব্যাপার? প্রশাসনিক ব্যবস্থার জন্য যে পাহাড় প্রমাণ খরচ হয় সেটা কমিয়ে যদি শিক্ষা ব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করতে হয় তাহলে সেইভাবে খরচ করা চলতে পারত। পুলিশ খাতে বাজেট বাদ্দ ক্রমাগত বেড়েই চলেছে। এটা কমিয়ে যদি শিক্ষার উপর গুরুত্ব দেওয়া হোত তাহলে শিক্ষার জন্য টাকার যোগাড় করা যেতে পারত। এখানে এ্যাসেম্বলী মেম্বার-দের বেতন বাড়ানোর কোন দরকার ছিল না—৫০ টাকা করে বাঁচিয়ে সেই টাকা দেওয়া যেতে পারত এবং তা থেকে কয়েক লক্ষ টাকা জমে যেত। এটা সম্পূর্ণ দৃষ্টিভঙ্গীর ব্যাপার। এই সমস্ত টাকা থেকে শিক্ষকদের—প্রাথমিক শিক্ষকদের বা শিক্ষার মান উন্নতির বলুন, শিক্ষকদের জীবনযাত্রার উন্নতি বলুন সে ভাবে টাকার ব্যবস্থা করা যেত—এ টাকার ব্যবস্থা করার কথা তিনি বললেন যে ইণ্ডাস্ট্রিয়ালিস্ট-এর উপর আর নাকি খাজনা বসান চলতে পারে না তারা যে ট্যাক্স ফাঁকি দিচ্ছে সেগুলো ধরার যদি ঠিক বন্দোবস্ত থাকতো এবং বহু শিল্পকে জাতীয় শিল্পে পরিণত করে টাকার ব্যবস্থা করা যায়। শিক্ষার উপর যদি এই সরকার গুরুত্ব দিতেন তবে আরো অনেক শিক্ষা তাঁরা নিতে পারতেন। বহু ব্যবসাকে সরকারী আওতায় নিয়ে এসে তার যে টাকা সে

টাকা তাঁরা শিক্ষা খাতে দিতে পারতেন এবং সেখানে বাজেটের সামান্য মাত্র অংশ শিক্ষা খাতে খরচ করে এরকম ধরণের বক্তৃতা শিক্ষা মন্ত্রীকে দিতে হত না। টাকা আছে এখানে সবকিছু দৃষ্টিভঙ্গীর ব্যাপার। এই দৃষ্টিভঙ্গী রবীনবাবু বা তাঁর কেবিনেট-এর নেই যার ফলে অন্য সব ব্যাপারে খরচ হতে পারে, টাকার অভাব হয়না, বিলাসিতার ব্যাপারে টাকা খরচ হতে পারে কিন্তু শিক্ষকদের ব্যাপারে টাকা নেই—এই কথা বলা হয়। এই ব্যাপারে ওঁদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর প্রভেদ আছে। এবং এ সম্বন্ধে কিছু বলতে চাই। তারপর আমাদের উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় সম্বন্ধে শিক্ষামন্ত্রী একটা কথাও বলেন নি এবং সেখানে দেখতে পাচ্ছি যে হিউম্যানিটিস সাবজেক্ট নর্থবেঙ্গল ইউনির্ভার্সিটি পোষ্ট গ্রাজুয়েট ক্লাশ-এ আছে। সেখানে আর্টস আছে কিন্তু বিভিন্ন কলেজে সেখানে অনার্স পড়াবার মত কোন সুযোগ সুবিধা বা সে ধরণের কোন ব্যবস্থা এখনও পর্যন্ত হল না।

[6-15—6-25 p.m.]

শোনা যাচ্ছে ইদানীং হবে। সাইন্সের বৎসরেও সেখানে পোষ্ট গ্রাজুয়েট ক্লাশ খোলা হয়েছে. সেখানে ইউনির্ভার্সিটি খোলা হয়েছে কিন্তু আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, উত্তরবঙ্গের ইউনির্ভার্সিটি-র মধে যে, সমস্ত কলেজ আছে সেখানে সাইন্সের ব্যাপারে অনার্স পড়ার কোন ব্যবস্থা এখনও হয় নি। শুধুমাত্র দার্জিলিং কলেজকে কনষ্টিটুয়েন্ট কলেজ হিসাবে ব্যবহার করার কথা তাঁরা ভাবছেন। অন্যদিকে উত্তরবঙ্গে আরো যে অনেকগুলো কলেজ আছে তাদের কনষ্টিটুয়েন্ট কলেজ হিসাবে করার কথা তাঁরা ভাবছেন না। এই অবস্থায় শিক্ষার প্রসার কিছুতে হতে পারে না। শুধু প্রাথমিক শিক্ষাই নয় এ সম্বন্ধে বহু আলোচনা হয়েছে। এবার আমি সেনসাস রিপোর্টে আসছি মাত্র ২৯·৩ ভাগ অক্ষরজ্ঞান সম্পন্ন লোক ১৮ বৎসর পর আমাদের দেশে হয়েছে। শিক্ষার অগ্রগতির দিকে যদি সেই আউটলুক সরকারের থাকতো তাহলে প্রথম থেকেই তারা নিরক্ষরতার বিরুদ্ধে অভিযানের উপর জোর দিতেন। আজকে ১৮ বৎসর ধরে আমরা দেখছি যে ২৯·৩ ভাগ যেটা লাস্ট সেনসাস রিপোর্ট থেকে আমি কোট করছি ঐ অক্ষরজ্ঞান সম্পন্ন লোক সারা ভারতবর্ষে তারা করতে পেরেছেন। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক অবৈতনিক করার কথা কতবার এখানে বলা হয়েছে। সংবিধানে কত কথা বলা হয়েছে কিন্তু দেখা গেল যে টারগেটে তারা পৌছাতে পারেন নি। এখনও পর্যন্ত কিসের উপর জোর দেবো। আজকে জোর দেবার ব্যাপারে কোন প্ল্যান নেই কিভাবে কি করতে হবে সেদিকে কোন দৃষ্টি নেই। সুতরাং শঙ্করদাসবাবু যা বললেন যে গ্রাজুয়েটরা কি করবে চাকরী পাচ্ছে না সেটা ঠিক কথাই। টেকনিক্যাল এডুকেসান-এর উপর যে পরিমাণ জোর দেওয়া উচিত ছিল টেকনিক্যাল এডুকেসানের দিকে তা সে পরিমাণ জোর নেই। এগুলি পরিষ্কার হয়ে যাচ্ছে। কেবলমাত্র কিছু কনট্রাক্টারের পকেট ভরছে বড় বড় বিল্ডিং হচ্ছে এবং দেখতে পাচ্ছি যে উপযুক্ত শিক্ষক পাওয়া যাচ্ছে না। সাধারণ ভাবে যে কোন কমিশনের রিপোর্ট আলোচনা করে বলতে পারা যায় যে ভাল ছাত্র সব বিদেশে চলে যাচ্ছে সরকারের ক্ষমতা নেই দেশ গঠনের কাজে তাদের নিযুক্ত করা তাছাড়া আমাদের দেশের বড় বড় যারা শিল্পপতি তারা সে সমস্ত বেস্ট ব্রেণকে কিনে নিচ্ছে এবং তাদের নিজেদের হাতে রাখছে। সরকার সেই বেস্ট ব্রেণদের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত কচ্ছেন। দেশ বঞ্চিত হচ্ছে এবং বেস্ট ব্রেণ অফ দি কান্ট্রি আজকে ধনীদের স্লেভ হয়ে পড়েছেন। এই ভাবে গভর্ণমেণ্ট যে জায়গায় শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাকে নামিয়েছেন তা থেকে যদি উন্নতি করতে হয় তাহলে নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে এগোতে হবে। কিন্তু সেটা তাঁরা করবেন না বরং সে ক্ষেত্রে তাঁরা ধনীদের পদসেবা করে চলেছেন। এছাড়া ছাত্রদের ক্ষেত্রে তাঁরা একটা নূতন ক্লাশ গড়বার চেণ্টা করছেন। মাধ্যমিক শিক্ষাপর্ষদের অধীনে সে সব স্কুল পড়ে না। এই সমস্ত স্কুল হচ্ছে লরেটো স্কুলের মত। সে সমস্ত স্কুলে অফিসার-দের ছেলেরা পড়বে এবং তারা ভাল ছাত্র হিসাবে পরিগণিত হবে এবং ঐভাবে অল ইণ্ডিয়া সায়েন্স-এ দাঁড়াতে পারবে। এইভাবে ভারতবর্ষে আমলাতান্ত্রিক একটা সমাজ গড়ে উঠছে এবং তাদের সঙ্গে প্রতিযোগিতায় হাজার হাজার লক্ষ লক্ষ ছাত্র যারা মাধ্যমিক শিক্ষাপর্ষদের অধীনে পড়ছে তাদের কাছে অযোগ্য প্রমাণিত হচ্ছে এবং প্রশাসনিক ব্যবস্থায় চালাবার মত কোন জায়গায় তারা যেতে পারছে না। এই ধরণের একটা ছাত্রশ্রেণী যারা ভারতবর্ষে অফিসারতন্ত্রকে বাঁচিয়ে রাখবে এইভাবেই আমাদের শিক্ষানীতি নিয়ন্ত্রিত হচ্ছে এসবের দিকে

তাকিয়ে আমি আমার কাট মোসান সমর্থন করে মন্ত্রীমহাশয় যে বাজেট বরাদ্দ এনেছেন তাকে নীতিগত কারণে বিরোধীতা করছি।

Shri Rabindralal Sinha:

মাননীয় সভাপাল মহাশয়, আমি প্রথমেই আপনার মাধ্যমে যে সমস্ত সদস্য এই বিতর্কে অংশ গ্রহণ করেছেন যাঁরা এই বাজেট বরাদ্দ সমর্থন করেছেন কিংবা বাজেট বরাদ্দের কঠোর সমালোচনা করেছেন তাঁদের সকলকেই আমার ধন্যবাদ জ্ঞাপন করছি। কারণ, আমি জানি যে দুরূহ অবস্থার মধ্য দিয়ে সুকঠোর অর্থকৃচ্ছতার মধ্য দিয়ে আমরা অগ্রসর হচ্ছি একান্ত সীমিত সংগতিতে আমরা সাধ্যমত প্রচেষ্টা করে চলেছি যাতে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা উন্নত হয় এবং প্রসারিত হয়। সুতরাং সেই রকম জায়গায় সমর্থন যখন শুনি তখন কিছুটা আশ্বস্ত হই এবং কিছুটা উৎসাহ বৃদ্ধি ঘটে। কিন্তু যাঁরা সমালোচনা করেন যাঁরা আমাদের সম্ভাব্য ত্রুটির দিকে দৃষ্টি আকর্ষণ করেন কিংবা যে দিকে দৃষ্টি এড়িয়ে গেছে সে দিকে দৃষ্টি আকর্ষণ করেন তাঁরা নিশ্চয়ই আমাদের উপকার করেন একথা আমি অস্বীকার করি না। তবে ব্যক্তিগত পর্যায়ে গালাগালির জবাব আমি দেব না, গালাগালি দেওয়ার অভ্যাস আমার নেই এবং যে স্তরে নেমে এলে গালাগালি দেওয়া যায় আমার আশৈশব শিক্ষা সেই স্তরের বিরুদ্ধে। আজকে অনেক বন্ধু আমাকে ঠুঁটো জগন্নাথ বলেছেন। ঠুঁটো জগন্নাথ হলে আমি গাল শুনতাম না কারণ, ঠুঁটো জগন্নাথকে কেউ গাল দেয় না। তবে আমি ধরে নিচ্ছি এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁরা সকলেই সংসদীয় গণতন্ত্রে বিশ্বাসী—অবশ্য সকলকে বুকে হাত দিয়ে একবার বিবেচনা করতে হবে সত্যই বিশ্বাসী কিনা। যদি সংসদীয় গণতন্ত্রে বিশ্বাসী হন তাহলে আমরা জানি সরকারী নীতির জন্য মন্ত্রীমণ্ডলী সামগ্রিকভাবে বিধানসভার কাছে দায়ী এবং প্রতিটি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী তাঁর বিভাগের কার্য পরিচালনার জন্য বিধানসভার কাছে দায়ি, কোন ত্রুটি হলে কোন ত্রুটি থাকলে তা নিশ্চয়ই সুকঠোর সমালোচনা করবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু মন্ত্রীমণ্ডলীকে বাদ দিয়ে যে কর্মচারী সভাকক্ষে এসে জবাব দিতে পারে না তাদের আক্রমণ করা সুরুচিসংগত কিনা সেটা বিবেচনা করে দেখবেন এবং বিশেষ করে আমি দৃপ্ত কণ্ঠে ঘোষণা করছি শিক্ষা বিভাগের যদি কোন দোষ থাকে তাহলে তার সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করছি এবং কোন গুণ থাকলে তারও সম্পূর্ণ কৃতিত্ব আমি গ্রহণ করছি। আজকে বন্ধুরা বলেছেন যে শিক্ষা ক্ষেত্রে অরাজকতা এসেছে। আজকে বিভিন্ন স্তরের শিক্ষার ক্ষেত্রে বিন্যাস যথাযথ নেই। আমি একথা বলব স্বাধীনতা অর্জিত হবার সঙ্গে সঙ্গে ভারতবর্ষে নব ধারায় শিক্ষাপ্রথা প্রবর্তিত করার কথা চিন্তা করা হলে বিশ্ববিদ্যালয় শিক্ষার জন্য কমিশান বসল, মাধ্যমিক শিক্ষার জন্য কমিশান বসল, আমরাও এখানে কমিটি গঠন করেছিলাম এবং বিশেষজ্ঞদের নিয়ে বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে এই কমিটি হল শিক্ষানীতি নির্ধারণের জন্য। সুতরাং আমার বিরোধীপক্ষের বন্ধুরা কেবল বিরোধিতা করবেন এটা ঠিক নয়, বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে শিক্ষানীতি নির্ধারণ করা হয়েছে। থ্রি ইয়ার্স ডিগ্রী কোর্স, পাঁচ বছরের জন্য প্রাইমারী নিয়ে মোট ১১ বছরের সেকেণ্ডারী—এরমধ্যে অরাজকতার কোন প্রশ্ন নেই। তবে নব বিন্যাসে প্রথম দিকে কোন কোন জায়গায় কিছু কিছু অসুবিধা হতে পারে না একথা আমি বলি না। তারপর আর একটা কথা আমি সম্পূর্ণভাবে স্বীকার করে নিচ্ছি আমাদের সংবিধানে নির্দেশাত্মক যে বিধি প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার তা আমরা করতে পারিনি। সারা ভারতবর্ষে কোথাও কেউ করতে পারেননি। যখন এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তখন আমরা আশা করেছিলাম যে কয়েক বছরের মধ্যে এটা করতে পারব। কিন্তু আমাদের সংগতি যথেষ্ট হল না—যাতে আমরা এটা কার্যকরী করতে পারি। তাই প্ল্যানিং কমিশান তৃতীয় পরিকল্পনার শেষে ১১ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের মধ্যে শতকরা ৮০ ভাগ যাতে প্রাথমিক শিক্ষা পায় তার ব্যবস্থা করেছেন, সেটাই তাঁদের টার্গেট বা লক্ষ্য। আমাদের পশ্চিমবঙ্গ সেই লক্ষ্যের পিছনে পড়ে থাকবে না এই আশ্বাস আমি তাঁদের দিতে পারি।

[6-25—6-35 p.m.]

আর একটা কথা মাননীয় জ্যোতিবাবু মশায় বলেছেন, তা হচ্ছে এই যে সব গ্রামে বিদ্যালয় নাই

আনুমানিক ভিলেজ, তার সংখ্যা প্রায় ১৪ হাজার এবং এটা তিনি সরকারী উত্তর থেকে পেয়েছেন হ্যাঁ, এটা ঠিক যে ঐ ১৪ হাজার গ্রাম জন অধ্যুষিত গ্রাম নয়, রেভিনিউ ভিলেজ মাত্র। যার অধিকাংশই খালি মাঠ, মানুষের বাস নাই। এই ১৪ হাজার গ্রাম কি নিয়ে হয়েছে? এক নম্বর হচ্ছে—আনইনহ্যাবিটেড ভিলেজেস, দুই হচ্ছে

small villages where the number of children in the age-group 6-11 is less than 15 and the villages

যেখানে স্কুল নাই বা এক মাইল রেডিয়াসের মধ্যে, পাশের গ্রামে স্কুল নাই। আমাদের গ্রাম্য প্রাথমিক শিক্ষা আইনের বিধি অনুযায়ী এক মাইল রেডিয়াসের মধ্যে আমরা স্কুল করবো। সেই রকম সেই নীতি অনুযায়ী বা বিচ্ছিন্ন এলাকায় যেখানে ১৫টি শিক্ষা নেবার মত ছাত্র-ছাত্রী আছে সেখানে আমরা স্কুল করবো বা সেখানে স্কুল করবো যেখানে দু হাজার পপুলেশান আছে। সেই নীতি বিচার করলে দেখা যাবে ২৭৪টী গ্রামে স্কুল নাই এবং ২৭৪টী গ্রামে যে স্কুল নাই—আমরা সেখানে অনতিবিলম্বে স্কুল করে তুলতে পারবো—এই ভরসা করছি।

তারপর আর এক বন্ধু বলেছেন টেক্‌নিক্যাল এডুকেশানের জন্য বোর্ড হওয়া উচিত। আমি তাকে এইটুকু বলবো পলিটেকনিক ইত্যাদি টেকনিক্যাল এডুকেশানের জন্য যে সিলেবাস হয়, ন্যাশানাল কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশান সেই সিলেবাস নির্দিষ্ট করেন এবং এখানে যে পরীক্ষা হয়, তার জন্য বোর্ড আছে। স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশান সেটা করে থাকেন।

তারপর সিলেবাস সম্বন্ধে আর একজন বন্ধু বলেছেন মাধ্যমিক শিক্ষার সিলেবাস নির্ধারণ করেন বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেশান তার একটা সিলেবাস কমিটী আছে। বিশিষ্ট শিক্ষা-বিদদের নিয়ে সেই সিলেবাস কমিটি গঠিত হয়েছে। তাঁরা আপনাদের মতামত নিশ্চয়ই বিবেচনা করবেন।

একজন বন্ধু বলেছেন হিন্দী হোক, সংস্কৃত হোক—শেষ অবধি বাধ্যতামূলক রাখা অসুবিধা হয়। কিন্তু হিন্দী আর ক্লাশ সেভেন-এর উপর বাধ্যতামূলক নয়—একথা তাঁদের আমি জানিয়ে দিতে পারি।

তারপর ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড সম্বন্ধেও তাঁরা বলেছেন। কিন্তু দুঃখের বিষয় বাংলাদেশের কোন জেলাতেই স্কুল বোর্ডে বিরোধীদলের বন্ধুদের সংখ্যাগরিষ্ঠতা নাই এবং কোন আসন পেয়েছেন কিনা সন্দেহ আছে। তাঁরা বলেছেন আমরা নাকি প্রাথমিক শিক্ষকদের ইলেকসান-এ এজেণ্ট খাটাবার জন্য নিযুক্ত করেছি। এই যে উক্তি তাঁরা করেছেন প্রাথমিক শিক্ষকদের মোয়ার ইলেকশান এজেণ্ট বলে অপমান করবার কতটুকু অধিকার তাঁদের আছে—তা আমি জানি না। তাঁরা সবই কংগ্রেস পক্ষের হলে না হয় বলতে পারতেন। কিন্তু আমি হাওড়া জেলা স্কুল বোর্ডের কথা বলতে পারি। সেখানে কংগ্রেসের অনন্য সংখ্যা গরিষ্ঠতা আছে, সেখানে বোর্ডের অধীনস্থ প্রাথমিক স্কুলের শিক্ষকরা কম্যুনিস্ট টিকিটে বিধানসভায় নির্বাচিত হন। কাজেই একথাও ঠিক নয়।

তারপর ন্যাশানালাইজেশান অফ স্কুলস নাকি বিহারে হয়ে গেছে আমাদের ও-পক্ষের মাননীয়া ইলা মিত্র বলেছেন, সেকথা ঠিক নয়।

(এ ভয়েসঃ সিদ্ধান্ত নিয়েছে।)

কয়েকদিন আগে মাননীয়া মিনিষ্টার অফ স্টেট ফর এডুকেশান বিহারের, তিনি এসেছিলেন কলকাতায়। আমি তাঁকে এই প্রশ্ন করলে তিনি বললেন যে এটা এখনো সম্পূর্ণ বিবেচনার স্তরে আছে। কোন সিদ্ধান্ত এখনো গৃহীত হয় নাই এবং সেই সিদ্ধান্ত গৃহীত করার আগে—টাকা কোথা থেকে আসবে সেটা আমাদের চিন্তা করতে হবে, ব্যবস্থা করতে হবে। সুতরাং ওটাও ঠিক নয়।

মাননীয় কাশীকান্ত মৈত্র বলেছেন গভর্নমেণ্ট স্পনসর্ড ফ্রি প্রাইমারী স্কুল অর্থাৎ যে-গুলিকে রিফিউজী স্কুল বলা হয়, সেই স্কুলের শিক্ষকরা প্রভিডেণ্ট ফান্ড পাননা। একথা-ও ঠিক নয়। তাঁরা প্রভিডেণ্ট ফাণ্ড পান।

আর একটা কথা জ্যোতির্ময়বাবু বলেছেন যে এ্যাভারেজ এ্যামোলিউমেন্টস অফ এ প্রাইমারী টীচার ৭৫ টাকা। আমি এটুকু বলতে পারি—এটাও ঠিক নয়। আগামী পয়লা এপ্রিল থেকে সর্বনিম্ন বেতন প্রাথমিক শিক্ষকদের হবে ৭৯ টাকা।

(এ ভয়েসঃ আজকে কত?)

তার থেকে পাঁচ টাকা কম করুন এবং এ্যাভারেজ ৮৫ টাকা সেটা প্রায় ৯০ টাকা দাঁড়াবে—একথাই আমি বলতে চাচ্ছি।

(এ ভয়েসঃ কি হিসেবে হল?)

আজকেও ৮৫ আছে এবং আগামী এপ্রিল-মে-তে ৯০-এর কাছে দাঁড়াবে। আর একটা কথা বলি আমি একথা বলি নি কোনকালে যে আমরা তাদের যথেষ্ট দিতে পেরেছি। কিন্তু যে সত্যকথাটা উনি বলেছেন এটা ঠিক নয় এটাই আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি কথা বলি লিটারেসী সম্বন্ধে কথা উঠেছে।

(গোলমাল)

এটা ঠিক যে পশ্চিমবাংলাতে জনগণনা অনুযায়ী সেন্সাস্ ফিগার অনুযায়ী আমাদের ২৯·৪ হচ্ছে লিটারেসীর ফিগার। আমাদের নিশ্চয় আপ্রাণ চেষ্টা করতে হবে এই সংখ্যা বাড়াতে। কিন্তু সকলের অবগতির জন্য একথা জানাচ্ছি যে ওয়েষ্ট বেঙ্গল-এ আগে ১৯৫১ সালে জনসংখ্যা ছিল ২ কোটি ৪৮ লক্ষ।

(গোলমাল)

তার ২৪·৫ পারসেন্ট ছিল ১৯৫১ সালে লিটারেসী ফিগার। তাহলে দাঁড়াচ্ছে ১৯৫১ সালে ৬০ লক্ষ ৭৫ হাজার লোক লিটারেট ছিল। কিন্তু ১৯৬১ সালে ৩ কোটি ৫০ লক্ষ; তার ২৯ ৪ দাঁড়াচ্ছে ১ কোটি ২ লক্ষ। তার মানে হচ্ছে ৪২ লক্ষ লিটারেট বেড়েছে ১০ বছরে। আমি স্বীকার করি আরও বাড়ান উচিৎ। জনসংখ্যা যখন বৃদ্ধি পাচ্ছে তখন আরও বাড়া উচিত কিন্তু এর ফিগার ছিল ১৯৫১ সালে যা তার উপর প্রায় ৭০ শতাংশ বেড়েছে। আজ মোট জনসংখ্যার মধ্যে স্বাক্ষরের মোট হার যে কম সেটা জনসংখ্যার অস্বাভাবিক বৃদ্ধিরই অবশ্যম্ভাবী ফল। তাছাড়া পুরুলিয়া এবং কিষানগঞ্জ বাংলায় যোগ হয়েছে; সেখানে লিটারেসীর হার বাংলা অন্যান্য অংশের তুলনায় কম ছিল। এটা একটা কারণ ঐ লিটারেসীর হারটা কমে আমরা পরিশেষে সভাপাল মহাশয় একটা কথা উঠেছে—যেটা আমি গোড়াতেই বলেছিলাম শিক্ষকদের সম্বন্ধে আমরা সহানুভূতিশীল নই একথা ঠিক নয়। আমরা কিভাবে প্রতি পরিকল্পনায় তাঁদের সাহায্য করার চেষ্টা করেছি তা পূর্বে বলেছি। কোন এক বন্ধু বল্লেন যে শিক্ষকরা পথে নেমে আন্দোলন না করলে আমাদের চেতনা হয় না—একথা সম্পূর্ণ অমূলক। আমি এই বিধানসভায় যে বিবৃতি প্রদান করেছিলাম তা থেকে পরিষ্কার দেখা যাবে যে সেখানে আমি সম্পূর্ণ সহানুভূতির সঙ্গে বলেছিলাম তৃতীয় পরিকল্পনায় পারবো না। চতুর্থ পরিকল্পনায় নিশ্চয় সহানুভূতির সঙ্গে বিবেচনা করবো। সুতরাং একথা বলার কোন আবশ্যকতা ছিল না। একজন বলেছেন কলেজ শিক্ষকরা পরীক্ষা বয়কটের হুমকী দেখাবার পর আজ বা তাঁদের কথা মেনেছি একথা ভুল। শিক্ষকরা অন্ততঃ আমি শিক্ষামন্ত্রী হবার পর যখন আমার সঙ্গে দেখা করতে চেয়েছেন আমি সানন্দে তাদের সঙ্গে দেখা করেছি। কলেজ শিক্ষকরা পরীক্ষা বয়কটের সিদ্ধান্তের আগে আমার সঙ্গে দেখা করেছিলেন, বিস্তারিত আলোচনা হয়েছিল। আমি তাদের বলেছিলাম তৃতীয় পরিকল্পনায় পারবো না, চতুর্থ পরিকল্পনায় সাধ্যমত চেষ্টা করবো। তাদের যেটুকু পেরেছিলাম অর্থাৎ কিনা প্রভিডেণ্ট ফাণ্ড on the difference of pay between U.G.C. scale and college scale যেটা দিতে সম্মত হয়েছিলাম। নূতন কলেজে ইউ-জি-সি বেতন হার দিতে সম্মত হয়েছিলাম এবং বলেছিলাম যে আমি বলরেডি প্ল্যানিং কমিশন, গভর্নমেন্ট অব ইণ্ডিয়া, এদের ইউ-জি-সি,

এদের সকলকে জানিয়েছি যে চতুর্থ পরিকল্পনায় কলেজ শিক্ষকদের বেতন হার বৃদ্ধি করা উচিত এবং একথা বলেছিলাম যে সর্বভারতীয় ক্ষেত্রে এই বেতন হার নির্ধারিত হয়েছিল। সুতরাং তারা এটা রিভাইস করুন এবং আমি যখন দিল্লী যাই দেখা করেও বলে এসেছিলাম। তারপরে তাঁরা তাঁদের নিজের বুদ্ধিতেই কমিটি করেছেন, বিভিন্ন প্রদেশ থেকে হয়তো আমার মত অভাগা এডুকেশান মিনিষ্টাররা গিয়ে বলে থাকতে পারেন।

তার ফলে আমরা এই কথাই বলতে পারি যে আমরা কখনও এমন কিছু করিনি যার জন আমাদের বলতেই হবে যে, আমরা এর আগে শিক্ষকদের সঙ্গে আলাপ আলোচনা করিনি বা তাঁদের সম্মান দিইনি। তবে এটা আমাদের সকলকেই স্বীকার করতে হবে যে, আমাদের সরকার বা নির্বাচন দুটাই রাজনৈতিক দল হিসাবেই পরিচালিত হয়। প্রতিপক্ষ রাজনৈতিক দল শিক্ষকদের কল্যাণে নিজে থেকেই চেষ্টা করে দিয়েছেন এই কথা আজ বললে সুবিধা হবে না—বোধহয় কানমুলে আদায় করে নিয়েছেন বললেই সুবিধা হয়! আমরা অত্যন্ত দুঃখিত যে আমরা ঐ ধরণের একশ্রেণীর রাজনীতিককে এবারে ওয়াইজ করতে পারি নি। মাননীয় সভাপাল মহাশয়, আমার আর কিছু বলার নেই, আমি আশা করবো যে আমার এই বাজেটের ব্যয় বরাদ্দ গৃহীত হবে।

[6-35—6-41 p.m.]

Mr. Speaker: Honourable Members, I put to vote all the cut motions together except cut motions Nos. 17, 29 and 47 on which division has been claimed.

The motion of Shri Jyoti Basu that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Girija Bhusan Mukherjee that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Kandru Majhi that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Monoranjan Roy that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand be reduced by Re. 1 was then put and lost.

Tht motion of Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Dulal Chandra Mondal that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand be reduced by Re. 1 was then put and lost.

The motion of Shri Jiban Krishna Dey that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhabani Mukhopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mrigendra Bhattacharyya that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr Radhanath Chattoraj that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bejoy Pal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dulal Chandra Mondal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nagen Dolai that demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gopal Banerjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Anadi Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Radhika Dhibar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Deo Prakash Rai that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Girija Bhusan Mukherjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gour Chandra Kundu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Pradhan that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrimati Ila Mittra that the demand be reduced by Re. 1 was then put and a division taken with the following result:—

Noes—95

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, Shri Syamadas
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Dr. Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Háldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty Shri Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Mandal, Shri Krishna Prasad

Misra, Shri Sowrindra Mohan
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Ganesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda

Ayes—37

Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas

Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Sidheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Singha, Dr. Radhakrishna

The Ayes being 37 and the Noes 95, the motion was lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand be reduced by Re. 1 was then put and a division taken with the following result:—

Noes—95

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashaduila Choudhury, Shri
Baidya, Shri Anan'a Kumar
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, Shri Syamadas
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abani Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan

Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Dr. Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Mandal, Shri Krishna Prasad
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad

Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarkar, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Shri Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohan
Tarkatirtha, Shri Bimalananda

Ayes—37

Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Sidheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Singha, Dr. Radhakrishna

The Ayes being 37 and the Noes 95, the motion was lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

Noes—95

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, Shri Syamadas
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abani Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Dr. Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Debendra Nath
Maity, Shri Bijoy Krishna
Majumdar, Shrimati Niharika
Mandal, Shri Krishna Prasad
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Dr. Gopikaranjan

Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Poddar, Shri Badri Prasad
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarkar, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Shri Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohan
Tarkatirtha, Shri Bimalananda

Ayes—37

Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Das, Shri Shambhu Gopal
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan

Guha, Shri Kamal Kanti
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bhakti Bhushan
Mandal, Shri Sidheswar
Mitra, Shrimati Ila
Mondal, Shri Bijoy Bhusan
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Singha, Dr. Radhakrishna

The Ayes being 37 and the Noes 95, the motion was lost.

The motion of Shri Rabindralal Sinha that a sum of Rs. 30,47,69,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: "28—Education" was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-41 p.m. till 1 p.m. on Tuesday, the 9th March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The 'Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the h March, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 8 Ministers, 3 inisters of State and 160 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

—1-10 p.m.]

Sadachar Samity

*146. (Admitted question No. *675.) **Shri Birendra Narayan Ray:**

াষ্ট্র (দুর্নীতি দমন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে "সদাচার সমিতি" গঠিত হইয়াছে কি;

(খ) গঠিত হইয়া থাকিলে, উক্ত সমিতির সভ্যদের নাম ও পরিচয় কি; এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকারের সহিত উক্ত সমিতির সম্বন্ধ কি?

hri Ardhendu Shekhar Naskar:

(ক) হ্যাঁ।

(খ) দেবব্রত মুখোপাধ্যায় হাইকোর্টের প্রাক্তন বিচারপতি পশ্চিম বাংলা শাখার চেয়ারম্যান। স্টেট কাউন্সিল এখনও গঠিত হয়নি।

(গ) সদাচার সমিতি একটি বেসরকারী সংস্থা। জনসাধারণের নিকট হইতে কোন ব্যক্তি বিশেষ বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে দুর্নীতিমূলক অভিযোগ পাবার পর আপাতদৃষ্টিতে তদন্তযোগ্য হলে মুখ্যমন্ত্রীর নিকট পাঠাইয়া থাকেন। পশ্চিমবঙ্গ সরকারের অধুনা নিযুক্ত ভিজিলেন্স কমিশনার-এর বিভাগ এই সমস্ত অভিযোগের যথাযথ তদন্ত এবং খোঁজখবর করবার ব্যবস্থা করবেন।

Shri Birendra Narayan Ray:

মহাশয় জানালেন সদাচার সমিতি একটি বে-সরকারী সংস্থা। আমার প্রশ্ন হচ্ছে কে বা া এর চেয়ারম্যান অ্যাপয়েণ্ট করেছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

ট্রাল কমিটির চেয়ারম্যান হচ্ছেন আমাদের হোম মিনিস্টার গুলজারিলাল নন্দ এবং বাংলাদেশে ট কাউন্সিল-এর চেয়ারম্যান হচ্ছেন দেবব্রত মুখোপাধ্যায়।

Shri Birendra Narayan Ray :

আপনি "গ" প্রশ্নের উত্তরে বললেন সদাচার সমিতি হচ্ছে একটি বে-সরকারী সংস্থা। আমা প্রশ্ন হচ্ছে এই বে-সরকারী সংস্থাকে কে বা কারা নমিনেট বা এ্যাপয়েণ্ট করল?

Shri Ardhendu Shekhar Naskar :

সংস্থা নিজেরা গঠন করেছে এবং সেণ্ট্রাল কমিটির চেয়ারম্যান হচ্ছে গুলজারিলাল নন্দ।

Shri Birendra Narayan Ray :

কে গঠন করেছে জানাবেন কি?

Shri Ardhendu Shekhar Naskar :

তাঁরা আপনাদের কাছে—অর্থাৎ এ্যাসেম্বলী এবং পার্লামেণ্ট-এর সদস্যদের কাছে কাগজ পাঠিয়েছেন।

Shri Kamal Kanti Guha :

মন্ত্রীমহাশয় জানাবেন কি, পশ্চিম বাংলায় যে সদাচার সমিতি গঠিত হয়েছে তার প্রথম বৈ রাইটার্স বিল্ডিংস-এ হয়েছিল কিনা?

Mr. Deputy Speaker :

কোথায় বৈঠক হয়েছে সেই প্রশ্ন এ থেকে আসে না।

Shri Kamal Kanti Guha :

উনি বললেন এটা বে-সরকারীভাবে গঠিত হয়েছে। আমরা কাগজে দেখলাম বেসরকারী এর কমিটি রাইটার্স বিল্ডিংস-এ বসে তাঁদের কাজ করছে—তাই জানতে চাইছিলাম ব্যাপারটা কি?

Shri Prafulla Chandra Sen :

এই সমিতি গঠিত হবার সময় আমাদের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী গুলজারিলাল নন্দ এখানে এ একটা সভা ডেকেছিলেন এবং সেই সভা রাইটার্স বিল্ডিংস-এ হয়েছিল।

Shri Bijesh Chandra Sen :

মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই সদাচার সমিতি এবং গভর্নমেণ্ট থেকে যে ভিজিলেন্স কমি করেছেন তাদের মধ্যে সম্পর্ক কি?

Shri Prafulla Chandra Sen :

আমরা যে ভিজিলেন্স কমিশন নিয়োগ করেছি তার সঙ্গে সদাচার সমিতির সরকারীভাবে কো সম্পর্ক নেই।

Shri Anadi Das :

মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে সদাচার সমিতি করা হয়েছে তাতে কাকে কাকে ডাকা হয়েছিল

Shri Prafulla Chandra Sen :

বহু লোককে ডাকা হয়েছিল। তবে কাকে কাকে ডাকা হয়েছিল তা যদি জানতে চান তার নোটিশ চাই।

Shri Anadi Das :

যে ৭০।৮০ জনকে ডাকা হোল সেই নামগুলো কিভাবে স্থির করা হোল জানাবেন কি ?

Shri Prafulla Chandra Sen :

াদের ভূতপূর্ব জাস্টিস দেবব্রত মুখোপাধ্যায়ের সঙ্গে পরামর্শ করে গুলজারিলাল নন্দ নামগুলো ঃ করেছেন।

Shri Sanat Kumar Raha :

চার সমিতি বাংলাদেশে এসেছে কিন্তু কাউন্সিল ফর্ম হয়নি বললেন। আমাদের প্রশ্ন হচ্ছে ট কাউন্সিল ফর্ম করবার ব্যাপারে কোন সংবাদ আছে কিনা ?

Shri Prafulla Chandra Sen :

। ভারপ্রাপ্ত হয়েছেন সেই জাস্টিস দেবব্রত মুখোপাধ্যায়ের সঙ্গে আমাদের সরকারীভাবে ন সম্পর্ক নেই।

Shri Sanat Kumar Raha :

ার জেলায় কোন সংস্থা বা শাখা হবে কিনা ?

Shri Prafulla Chandra Sen :

। হবে কিনা তিনি বলতে পারেন।

Shri Birendra Narayan Ray :

ীয় স্বরাষ্ট্র মন্ত্রী গুলজারিলাল নন্দ এটা করেছেন, তাহলে কি করে বলছেন যে এটা রকারী সংস্থা ?

Shri Prafulla Chandra Sen :

জারিলাল নন্দ করেছেন কিন্তু সরকারী ভাবে করেননি, যেমন আমাদের এখানে সাম্প্রদায়িক ামার সময় তিনি বেসরকারী কমিটি করেছিলেন।

Shri Sanat Kumar Raha :

ন্সিলের চেয়ারম্যান শ্রীদেবব্রত মুখোপাধ্যায়ের কাছে আজ পর্যন্ত বাংলা দেশের থেকে কোন ভযোগ আছে কিনা জানেন কি ?

Shri Prafulla Chandra Sen :

অভিযোগ তিনি পেয়েছেন, সেই সমস্ত অভিযোগ তিনি আমার কাছে পাঠিয়ে দেন, আমি গুলি সংশ্লিষ্ট বিভাগে পাঠিয়ে দিচ্ছি।

Shri Panchu Gopal Bhaduri :

চার সমিতি সম্পর্কে সরকারের মনোভাব কি ?

Shri Prafulla Chandra Sen :

মনোভাব হচ্ছে যথোপযুক্তভাবে যথাযথভাবে সাহায্য করা।

Shri Panchu Gopal Bhaduri :

সদাচার সমিতির একটা কোয়াসী অফিশিয়াল স্ট্যাটাস আছে কি?

Shri Prafulla Chandra Sen :

এটা ম্যাটার অব ওপিনিয়ন।

Shri Kamal Kanti Guha :

সদাচার সমিতি যে কেসগুলি পাঠাচ্ছেন সেগুলির অবস্থা কি হচ্ছে?

Shri Prafulla Chandra Sen :

তদন্ত করার জন্য পাঠিয়ে দিই সংশ্লিষ্ট বিভাগে।

Shri Birendra Narayan Ray :

মুখ্যমন্ত্রী মহাশয় বললেন স্টেট কাউন্সিল এখনও গঠিত হয়নি, শুধুমাত্র চেয়ারম্যান দেবব্র মুখোপাধ্যায়কে করা হয়েছে, তা হলে এই অভিযোগ কার কাছে যাচ্ছে, এগুলি কি চেয়া ম্যানের কাছে যাচ্ছে?

Shri Prafulla Chandra Sen :

সরাসরি ভূতপূর্ব জজ্ দেবব্রত মুখোপাধ্যায়ের কাছে আসছে তিনি বোধ হয় তাঁর অফিসে ৪।৫ ঘ বসেন এবং কাজ করেন।

Shri Bijesh Chandra Sen :

যে সমস্ত কমপ্লেন আসছে সেগুলি কি ডিপার্টমেণ্টাল ইনকুইয়ারী হবে না ভিজিলেন্স কমিশনারে থ্রুতে ইনকুইয়ারী হবে?

Shri Prafulla Chandra Sen :

যে সমস্ত অভিযোগ পাওয়া গেছে সেগুলি বিভিন্ন বিভাগে পাঠিয়ে দেওয়া হয়েছে, ভিজিলে কমিশনার অবশ্য তখনও যোগ দেন নি, এখন অবশ্য যোগ দিয়েছেন, কি ব্যবস্থা হবে পা বিবেচনা করা হবে।

Shri Anadi Das :

অভিযোগ পাবার জন্য পোস্ট অফিসের মত কাজ করছেন নাকি?

Shri Prafulla Chandra Sen :

তাঁদের কর্তব্য তাঁরা করছেন, তাঁরা যে সমস্ত অভিযোগ পাচ্ছেন সেই সদাচার সমিতি তো আ নিজেরা এনকুইয়ারী করতে পারেন না, সরকারী কর্মচারীর বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে তাঁরা তা আমাদের কাছে পাঠিয়ে দিচ্ছেন।

Shri Narayan Choubey:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি এই অভিযোগ প্রত্যক্ষভাবে আপনাকে জানানো আর মাননীয় দেবব্রত মুখোপাধ্যায়কে জানানোর পার্থক্য কোথায়?

Shri Prafulla Chandra Sen:

পার্থক্য কি আমি জানি না, সদাচার সমিতি করে স্বরাষ্ট্র মন্ত্রী গুলজারীলাল নন্দ মনে করেছেন এরূপভাবে যদি সমিতি গঠন করা যায় তাহলে আমাদের দেশ থেকে বহুল পরিমাণে দুর্নীতি দমন করতে পারব। এই সৎ উদ্দেশ্য নিয়ে তিনি প্রত্যেক প্রদেশে সদাচার সমিতি গঠন করেছেন আমাদের পশ্চিমবঙ্গেও গঠিত হয়েছে, কাজে কাজেই সদাচার সমিতি নিজেরা যে জিনিষ দেখছেন সেটা নিশ্চয়ই সরকারের কাছে পাঠিয়ে দেবেন, সরকারী কর্মচারীর বিরুদ্ধে যদি অভিযোগ থাকে সরকার সে সম্বন্ধে অনুসন্ধান করতে পারেন, তিনি এগুলি নিখুত ভাবে দেখছেন, দেখে মন্তব্য করে পাঠাচ্ছেন, তাতে আমাদের কাজ অনেক লাঘব হয়েছে, সে বিষয়ে সন্দেহ নাই।

Shri Hemanta Kumar Basu:

সদাচার সমিতি শুধু অভিযোগ গ্রহণ করেন, তাদের করণীয় কিছু নাই? তাহলে তো সরকারই ইচ্ছা করলে সরাসরি তা গ্রহণ করতে পারেন।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য ভালভাবেই জানেন সরকারী কর্মচারীদের বিরুদ্ধে কোন অভিযোগ-এর তদন্ত কোন বে-সরকারী প্রতিষ্ঠান করতে পারেন না, কাজে কাজেই, তিনি এখানে পাঠিয়ে দিচ্ছেন এবং আমাদের কাজ অনেকটা লাঘব করছেন, এ বিষয়ে কোন সন্দেহ নেই যে এতে সহায়তা হচ্ছে।

[1-10—1-20 p.m.]

Dr. Abu Asad Mohammed Obaidul Ghani:

এই সদাচার সমিতি কি আপনাদের কাছে কেস পাঠিয়ে দেন?

Shri Prafulla Chandra Sen:

প্রায় ২০০-এর মত কেস এরা পাঠিয়েছেন।

Shri Narayan Choubey:

সদাচার সমিতিকে যখন কেস পাঠান তখন তার তদন্ত কি ভাবে হয় এবং তার ফলাফল কি হল তা তারা জানান?

Shri Prafulla Chandra Sen:

যে সমস্ত অভিযোগ পাঠান হয় সেই সমস্ত অভিযোগ আমি নিজে পড়ি এবং তারপর সেগুলি চীফ সেক্রেটারী-এর নিকট পাঠিয়ে দি তিনি সেগুলি সংশ্লিষ্ট বিভাগকে পাঠান। যাতে কাজ তাড়াতাড়ি হয়। আমার এ পর্যন্ত যতদূর মনে আছে এ পর্যন্ত ১টা অভিযোগের রিপোর্ট পেয়েছি এবং সে রিপোর্ট যে দিনই পেয়েছি সেই দিনই সদাচার সমিতির কাছে পাঠিয়ে দিয়েছি।

Shri Prafulla Chandra Sen :

না এরূপ আলোচনা হয়নি।

Prevention of Corruption

***254.** (Admitted question No. *1280.) **Shri Sudhir Chandra Das :**

স্বরাষ্ট্র (দুর্নীতি দমন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তনম কমিটির রিপোর্ট অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার দুর্নীতি দমনের জন্য কোনও কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা ; এবং

(খ) উত্তর 'হাঁ' হইলে, প্রাদেশিক, জেলা ও মহকুমা স্তরে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

Shri Ardhendu Shekhar Naskar :

(ক) সম্প্রতি একজন ভিজিলেন্স কমিশনার নিয়োগ করা হইয়াছে। শান্তনম্‌ কমিটির রিপোর্ট অনুযায়ী কেন্দ্রীয় ভিজিলেন্স কমিশনারকে যে প্রকার দায়িত্ব ও কার্য্যক্ষমতা দেওয়া হইয়াছে, পশ্চিমবঙ্গের ভিজিলেন্স কমিশনারকেও ঐ প্রকার ক্ষমতা দেওয়ার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) জেলা ও মহকুমা স্তরে এখনও কোনও নূতন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। পূর্বের ব্যবস্থানুযায়ীই প্রয়োজনীয় ক্ষেত্রে তদন্ত করা হইতেছে এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। নতন কমিশনারের পরামর্শ অনুযায়ী বর্তমান ব্যবস্থার প্রসার বা পরিবর্তন সরকার বিবেচনা করিবেন।

Shri Sudhir Chandra Das :

কোন্‌ তারিখ থেকে ভিজিলেন্স কমিশনার নিয়োগ করা হয়েছে, তার নামই বা কি ?

Shri Ardhendu Shekhar Naskar :

নাম হচ্ছে এস দত্ত, আই. সি. এস (রিটায়ার্ড) একটু আগেই মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে গত ১৮ই ফেব্রুয়ারী তারিখ থেকে তিনি নূতন কাজে জয়েন করেছেন।

Shri Sudhir Chandra Das :

এই দায়িত্ব ক্ষমতা দেবার ব্যাপারে এখনও যেটা বিবেচনাধীন রেখেছেন এটা কতদিনে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন ?

Shri Ardhendu Shekhar Naskar :

যত শীঘ্র সম্ভব ক্ষমতা দেব।

Shri Prafulla Chandra Sen :

আমাদের এন্টি করাপসান এবং এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট একজন সেক্রেটারী-এর হাতে ছিল। সেই সেক্রেটারী-এর ক্ষমতা তিনি পাবেন, আর কি কি ক্ষমতা তিনি পাবেন সেটা বিবেচনা করা হবে।

Shri Sudhir Chandra Das :

আপনি "খ"তে বলেছেন পূর্ব ব্যবস্থা অনুযায়ী তদন্ত করা হচ্ছে এ বিষয়ে পূর্বে কি ব্যবস্থা ছিল সেটা পরিষ্কার করে বলুন।

Shri Prafulla Chandra Sen :

প্রথমেই ব্যবস্থা ছিল সেক্রেটারী এনফোর্সমেণ্ট এবং এণ্টি করাপসান ডিপার্টমেণ্ট-এর কাছে অভিযোগ এলে তিনি জেলায় যে এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ আছে তার কাছে এটা পাঠাতেন অনুসন্ধান করবার জন্য---সে ব্যবস্থা চালু আছে তবে শ্রীদে নূতন কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা সেটা পরে জানতে পারবেন। তিনি সমস্ত জিনিষটা ভাল করে দেখছেন এবং যাতে আরও কার্যকরী করা যায় তাই করছেন।

Shri Hemanta Kumar Basu :

এণ্টি করাপসান এবং এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্ট-এর সঙ্গে ভিজিলেন্স কমিশনার-এর কি সম্পর্ক?

Shri Prafulla Chandra Sen :

আমাদের এণ্টি করাপসান এবং এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্টে একজন সেক্রেটারীর হাতে ছিল। এখানে যিনি সেক্রেটারী ছিলেন তাঁর যে ক্ষমতা সে সম্পূর্ণ ক্ষমতাই ভিজিলেন্স কমিশনার এসে দত্ত পেলেন এবং যিনি সেক্রেটারী ছিলেন তার আর কোন কাজ রইল না অর্থাৎ ঐ সেক্রেটারী-এর জায়গায়ই ভিজিলেন্স কমিশনার হলেন।

[1-20—1-30 p.m.]

Shri Balai Lal Das Mahapatra :

আপনি বললেন ৮ই ফেব্রুয়ারী থেকে মিঃ দত্ত কার্যভার গ্রহণ করেছেন। এটা কি সত্য যে আগে সেখানে যিনি সেক্রেটারী বসতেন সেই ঘরটা এখনও এয়ার কণ্ডিসান করা হয়নি এবং সমস্ত ফার্নিচার ইত্যাদি বদল করা হয়নি এবং সেখানে পেণ্টিং ইত্যাদি হয়নি বলে কমিশনার এখন পর্যন্ত অফিসে যাচ্ছেন না?

Shri Prafulla Chandra Sen :

এ প্রশ্ন থেকে ওটা আসে না। ভিজিল্যান্স কমিশনারকে এয়ার কণ্ডিসান ঘর ইত্যাদি সুযোগ সুবিধা দিতে হবে এটা বলা যেতে পারে।

Shri Nani Bhattacharjee :

এই মাত্র শুনলাম যে ভিজিল্যান্স কমিশনার নিয়োগ করা হয়েছে। এই ভিজিল্যান্স কমিশনার নিয়োগ ছাড়া ঐ শান্তনম কমিটির রিপোর্টে যে সমস্ত ব্যবস্থা অবলম্বনের কথা বলা হয়েছে সেই রকম ধরণের আর কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা?

Shri Prafulla Chandra Sen :

আমরা আর কোন ব্যবস্থা এখনও করিনি।

Shri Sudhir Chandra Das :

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন জেলা এবং মহকুমা স্তরে এই রকম কমিশান গঠন করার বিষয় বিবেচনাধীন আছে কিনা?

Shri Prafulla Chandra Sen :

সেটা আমরা এখনও বিবেচনা করছি, কিছু বলতে পারব না।

Shri Bhakti Bhusan Mandal :

ভিজিল্যান্স কমিশান সম্বন্ধে বললেন, এঁরা যদি কোন কাজ করতে রিফিউজ করেন যেমন আমাদের আইনে না রাজী করার প্রভিশান থাকে তেমনি এটা সম্বন্ধে কি কোন প্রভিসান রাখা হয়েছে? ভিজিল্যান্স কমিশান ইচ্ছা করলে আপনাদের লোক হলে একটা জিনিস বললাম যে করাপসন হয়েছে তা করলেন না, তার বিরুদ্ধে আমরা যদি কেস ফাইল করি তাহলে সেই রকম প্রভিসান রেখেছেন কিনা?

Shri Prafulla Chandra Sen :

এত "যদি" দিয়ে প্রশ্ন করলে উত্তর দেওয়া যায় না।

Detenus under D. I. Rule 30

***255.** (Admitted question No. *1324.) **Shri Rabindra Nath Mukhopadhyay :**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডি, আই রুলস (৩০)-এ আটক রাজবন্দীদের বিচারাধীন বন্দী হিসাবে গণ্য করা হয় এবং উপরি-উক্ত কারণে, পরিমাণে কম ও নিম্নমানের খাদ্য সরবরাহ করা হইয়া থাকে; এবং

(খ) সত্য হইলে, উল্লিখিত অবস্থা দূরীকরণের জন্য কোন ব্যবস্থা সরকার করিতেছেন কিনা?

(Held over)

Second bridge over the Hooghly

***256.** (Admitted question No. *1358.) **Shri Haridas Chakravarty :**

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা, হাওড়া সংযোগকল্পে গঙ্গা নদীর উপর দ্বিতীয় সেতু নির্মাণ পরিকল্পনা কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) এই নির্মাণকার্য কবে নাগাদ শুরু হইবে এবং কবে নাগাদ শেষ হইবে?

Shri Saila Kumar Mukherjee :

(ক) পরীক্ষাকারী উপদেষ্টা বাস্তুকার সংস্থার রিপোর্ট বিবেচনা করিয়া সরকার রিপোর্টের সুপারিশ অনুযায়ী সেতু নির্মাণের স্থান এবং সেতুর নমুনা অনুমোদন করিয়াছেন। সেতু নির্মাণের জন্য বিস্তারিত কার্যকরী নক্সা ও প্রাক্কলন প্রস্তুতের জন্য এবং এই প্রকল্পের ব্যয় ভারের আংশিক দায়িত্ব গ্রহণের জন্য ভারত সরকারের সহিত আলোচনা চলিতেছে।

(খ) এখন বলা সম্ভব নয়।

Shri Haridas Chakravarty :

এ সম্পর্কে যে রিপোর্ট আপনারা পেয়েছেন সেই রিপোর্ট সম্পর্কে বিস্তৃত আপনি কিছু বলতে পারেন কিনা ?

Shri Saila Kumar Mukherjee :

সেই রিপোর্ট ১শো পাতার রিপোর্ট ইঞ্জিনীয়ারিং প্রবলেম সম্বন্ধে। বিস্তারিত কি চান আপনি এক একটা পয়েন্টে জিজ্ঞেস করলে আমি উত্তর দেব তা না হলে বিস্তারিত রিপোর্ট বলতে পারব না। এটা বিবেচনাধীন আছে, নানা রকম পরীক্ষা নিরীক্ষা চলছে।

Shri Haridas Chakravarty :

ব্রিজ সংক্রান্ত [illegible] পরীক্ষা করার জন্য অর্থাৎ ব্রিজের বেড থেকে মাটি [illegible] কোন কোম্পানীর সঙ্গে চুক্তি হয়েছে কিনা ?

Shri Saila Kumar Mukherjee :

চুক্তি যাঁরা করেছেন তাঁরা হচ্ছেন পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ ব্রীজ নির্মাতা। তারা বড় বড় কাজ এখানে করেছেন। রেণ্ডেল, পামার এণ্ড ট্রিটন তারা যখন কাজ করেন তখন গভেল সার্ভে এবং অন্যান্য বহু বিশেষজ্ঞদের দিয়ে পরীক্ষা করিয়েছেন।

Shri Somnath Lahiri :

উনি কি করে জানলেন যে রেণ্ডেল, পামার এণ্ড ট্রিটন পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ ব্রীজ নির্মাতা ?

Shri Saila Kumar Mukherjee :

That is a matter of opinion. C.M.P.O. report says that they are one of the bigest bridge builders of the world.

Shri Somnath Lahiri :

এই যে সার্ভের কাজ করা হলো, এটা দেশী কোম্পানীকে না দিয়ে বিদেশী কোম্পানীকে দেওয়া হল কেন ?

Shri Saila Kumar Mukherjee :

তার কারণ হচ্ছে এতবড় ব্রীজ নির্মাণ এদেশে কখনো হয়নি, এবিষয়ে অর্থ অপব্যয় করতে চাই না। এটা দেশী বিদেশীর প্রশ্ন নয়। একটা গ্লোবল টেণ্ডার দিয়ে পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ ব্রীজ নির্মাতাকে ডাকা হয়েছে। এই রেণ্ডেল, পামার এণ্ড ট্রিটন কোম্পানী পূর্বে অন্যান্য ব্রীজ নির্মাণে দক্ষতার পরিচয় দিয়েছে। সুতরাং আমরা একটা অনিশ্চয়তার পশ্চাতে যেতে চাইনি।

Shri Haridas Chakravarty :

অর্থমন্ত্রী বললেন কোন দেশী কোম্পানীকে দিয়ে অর্থের অপব্যয় করতে চাই না। তার অর্থ কি এই যে দেশী কোম্পানীকে দিলে অর্থের অপব্যয় হবে এটাই কি তিনি বিশ্বাস করেন ?

Shri Saila Kumar Mukherjee :

আমি তা বলিনি। সেটা আপনার অনুমান।

Shri Bhakti Bhusan Mandal :

এটার জন্য কি গ্লোবল টেণ্ডার কল করা হয়েছিল ?

Shri Saila Kumar Mukherjee :

এই গ্লোবল টেণ্ডার কল করবার জন্যই তো রিপোর্ট। ওয়ার্ল্ড ব্যাঙ্ক এই গ্লোবল টেণ্ডার কল করবার আগে বিরাট একটি রিপোর্ট ডিটেল প্রোজেক্ট সার্ভে করতে হয়, তা না হলে পৃথিবীর কোন লোক টেণ্ডার দিতে পারে না। ডিটেল প্রোজেক্ট সার্ভে করবার জন্য 'ওয়ার্ল্ড ব্যাঙ্ক অনুমোদন করে গেছেন, তারা এর সমস্ত ব্যয়ভার গ্রহণ করেছেন। সুতরাং একমাস আগে প্রোজেক্ট রিপোর্ট-এর পরে যাতে গ্লোবল টেণ্ডার কল করতে পারি, আর এক ধাপ এগিয়ে যেতে পারি, তার জন্য ডিটেল প্রোজেক্ট রিপোর্ট করতে বলা হয়েছে—যাতে তার ভিত্তিতে গ্লোবল টেণ্ডার কল করা যেতে পারে।

Shri Somnath Lahiri :

উনি যে প্রশ্ন করেছিলেন, তার জবাব আপনি দেন নাই। ঐ সার্ভে করতে রেণ্ডেল, পালমার এণ্ড ট্রিটন কোম্পানীকে য়্যাপয়েণ্ট করবার জন্য কি কোন গ্লোবল টেণ্ডার কল করা হয়েছিল ?

Shri Saila Kumar Mukherjee :

সেটা ঐ 'ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর সঙ্গে পরামর্শ করে করতে হবে। তারা টাকা দেবেন। সুতরাং সেটা করা হয়েছে, আমি মনে করি, তা ন্যায্য ব্যবস্থা হয়েছে।

Shri Somnath Lahiri :

এর অর্থ কি এই যে আপনারা 'ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর ডিক্টেশন বা ডিরেকশন অনুসারে পরিচালিত হন ?

Shri Prafulla Chandra Sen :

পৃথিবীর সব দেশই এই 'ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর মেম্বার আমরাও মেম্বার আছি। এতে খারাপ কী হয়েছে ?

Shri Somnath Lahiri :

চীফ মিনিষ্টার যে জবাব দিলেন, আমি সে প্রশ্ন করি নাই ওঁরা 'ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর মেম্বার কিনা। 'ওয়ার্ল্ড ব্যাঙ্ক তথা মার্কিণী কর্তৃত্বের মধ্য দিয়ে ওঁদের হাত জোড় করে দাঁড়িয়ে থাকবার অধিকার আছে কিনা—আমি সে প্রশ্ন জিজ্ঞাসা করি নাই। আমি জিজ্ঞাসা করেছি এই সার্ভে সংক্রান্ত কনট্রাক্ট-এর ব্যাপারে আপনারা 'ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর নির্দেশ অনুসারে পরিচালিত হয়েছেন কিনা ?

Shri Saila Kumar Mukherjee :

।

Shri Somnath Lahiri :

যদি না হয়ে থাকেন ভাল কথা। অথচ তিনি গ্লোবল টেণ্ডার কল করলেন না, তাহলে কেন তিনি এ ব্যাপারে একটি বিদেশী কোম্পানীকে ভার দিলেন ?

Shri Saila Kumar Mukherjee :

প্রশ্নটা ঠিক বুঝলাম না।

Shri Somnath Lahiri :

প্রশ্নটা আপনি একটু ভেবে নিন। মিথ্যা কথা বললে এই রকমই হয়।

Shri Saila Kumar Mukherjee :
Sir. I protest against this.

Shri Somnath Lahiri :

উনি চীফ্ মিনিস্টার বলে কি সবাকে সরা দেখবেন? যা খুসী বলবেন?

Shri Saila Kumar Mukherjee : Your shouting cannot make truth false or false truth.

Shri Somnath Lahiri :

আমি "মিথ্যা" কথার বদলে অসত্য কথা ব্যবহার করছি—উনি কেন মাঝখানে লাফিয়ে উঠে বাজে কথা বললেন?

Shri Saila Kumar Mukherjee :
Sir. I seek your protection.

Mr. Deputy Speaker : Mr. Lahiri, You will have to withdraw it.

Shri Somnath Lahiri :

মিথ্যা কথার বদলে অসত্য ব্যবহার করছি।

Mr. Deputy Speaker : I ask you to withdraw it.

Shri Somnath Lahiri :

আমার প্রশ্ন হলো....

Mr. Deputy Speaker :

আই আস্ক ইউ টু উইথড্র ইট—আপনি যে "মিথ্যা কথা" শব্দ ব্যবহার করেছেন, সেটা উইথড্র করুন।

[1-30—1-40 p.m.]

Shri Somnath Lahiri :

স্যার, চিফমিনিস্টার উত্তরটা ঘুরিয়ে দিয়ে বললেন আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের ডাইরেকসন অনুসারে পরিচালিত হইনা। আপনি লক্ষ্য করুন এখানে অধিকারের প্রশ্ন এসে যাচ্ছে কারণ উনি এখন

উত্তর বদলালেন। প্রথমে বলেছিলেন আমরা কি করব, 'ওয়ার্ল্ড ব্যাঙ্কের মত অনুসারে চলি—কিন্তু এখন বলছেন না, চলি না। অর্থাৎ যখন যেমন সুবিধাজনক মনে করছেন তখন সেই রকম উত্তর দিচ্ছেন। হোয়াটেভার বে দি ট্রুথ আমার প্রশ্ন হচ্ছে 'ওঁরা যদি 'ওয়ার্ল্ড ব্যাঙ্কের দ্বারা পরিচালিত না হন তাহলে এই সার্ভের ব্যাপারে কাকে কাকে কণ্ট্রাক্ট দেওয়া হবে সেইজন্য গ্লোবল টেণ্ডার কেন কল করা হোল না ?

Shri Saila Kumar Mukherjee :

জনসাধারণের উপকারের জন্য আমি বিশদ বিবৃতি দেব যাতে কোন রকম সন্দেহ না থাকে। আপনাদের থাকতে পারে, কিন্তু আমার কোন কারণে কোন অভিসন্ধি নেই। আমি জিনিসটা বলে দিচ্ছি,

Elec. Com. Engg.	.. L.C.Com.		
Radio Com. Engg.	.. L. R. Com.	*Certificate Course* (2-year duration).	
Mining Engg.	.. L. Min.		
Metallurgy ..	.. L.Met.	Draughtsmanship ..	D'man.
Structural Fabrication Engg.	.. L.S.F.E.	Architectural	
Printing and Graph c Art	L.P.G.A.	Draughtsmanship ..	D'man (Arch.).

Establishment of a Hospital at Bakhirapara in Nabagram police-station, Murshidabad

537. (Admitted question No. 1484.) **Shri Birendra Narayan Ray:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার বাখিরাপাড়ায় একটি হাসপাতাল প্রতিষ্ঠার যে পরিকল্পনা সরকারের ছিল, বর্তমানে ইহা কি পর্যায়ে আছে?

The Minister for Health:

বর্তমানে বাখিরাপাড়ায় জেলা পরিষদের (প্রাক্তন ডিস্ট্রিক্ট বোর্ড) চিকিৎসালয়টি সরকারী কর্তৃত্বাধীনে উপ-স্বাস্থ্যকেন্দ্ররূপে পরিচালিত হইতেছে। উক্ত চিকিৎসালয়ের নিকটবর্তী স্থানে উপযুক্ত জমি না পাওয়ায় গৃহাদি নির্মাণ করিয়া পূর্ণাঙ্গ উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু করিতে বিলম্ব হইতেছে।

Kumarsha Sishu Mandir

538. (Admitted question No. 1502.) **Shri Adhar Chandra Haldar:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কুমারসা শিশু মন্দিরটি (অনাথ আশ্রম) বন্ধ করা হইয়াছে;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি;

(গ) পুনরায় উহা চালু করিবার সরকারের কোন পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) বর্তমানে উক্ত প্রতিষ্ঠানের গৃহ ও অন্যান্য সম্পত্তির তত্ত্বাবধানের কি ব্যবস্থা আছে?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) আশ্রমের পরিচালনায় এবং রক্ষণাবেক্ষণের গুরুতর অব্যবস্থা।

(গ) কতকগুলি শর্তাধীনে আশ্রমটি পুনরায় চালু করিবার প্রস্তাব বিবেচনাধীন রহিয়াছে।

(ঘ) আশ্রমের সম্পাদক আশ্রমের গৃহ ও সম্পত্তি ইত্যাদি তত্ত্বাবধান করেন।

Reclamation of Matla river

539. (Admitted question No. 1515.) **Shri Adhar Chandra Halder:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাতলা নদীর সংস্কারের কোন ব্যবস্থা অদ্যাবধি করা হইয়াছে কি না; এবং

(খ) ব্যবস্থা হইয়া থাকিলে, তাহা কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

Acquisition of land for the Subdivisional Hospital at Ghatal

540. (Admitted question No. 1521.) **Shri Mrigendra Bhattacharyya:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমা সদর হাসপাতাল নির্মাণের জন্য কত পরিমাণ জমি দখল করা হইয়াছে;

(খ) কত পরিমাণ জমি দখল লইতে বাকী আছে; এবং

(গ) কত দিনে উক্ত জমি দখলের কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Health:

(ক) ও (খ) কোন জমি এখনও স্বাস্থ্য বিভাগের দখলে আসে নাই।

(গ) সঠিক বলা সম্ভব নহে।

Lands of Durgapur Congress Session

541. (Admitted question No. 1531.) **Shri Birendra Narayan Roy, Shri Radha Krishna Singha and Shri Bijoy Kumar Banerjee:** .. ...

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুরে যে স্থানে সম্প্রতি কংগ্রেসের অধিবেশন হইয়া গেল এবং যে স্থানে স্টল ইত্যাদি নির্মিত হইয়াছিল, সেই সকল সংস্থানের (ভূমির) মালিক সরকার; এবং

(খ) সত্য হইলে, কত পরিমাণ জমি কংগ্রেস অধিবেশনের জন্য সরকার দিয়াছিলেন?

The Minister for Development and Planning:

(ক) হ্যাঁ।

(খ) ১৪৭.০৮ একর।

Penion-holder political sufferers in West Bengal

542. (Admitted question No. 1533.) **Shri Bhabani Mukhopadhyay:**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে নির্যাতীত রাজনৈতিক কর্মী হিসাবে মাসিক পেনসনপ্রাপ্ত ব্যক্তিগণের তালিকা কি?

The Minister for Finance:

১৯৫৭-৫৮ সাল হইতে ১৯৬৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত যেসকল নির্যাতীত রাজনৈতিক ব্যক্তিগণকে মাসিক পেনসন দেওয়া হইয়াছে তাহার তালিকা সংযোজিত হইল।

Statement referred to in reply to unstarred question No. 542

Name of the political sufferers who have been drawing political pension :—

1957-58

1. Sm. Kiron Bala Banerjee.
2. Sm. Sushama Rani Majumdar.
3. Shri Satish Chandra De.

1958-59

1. Shri Satish Chandra Chakraborty.
2. Dr. Indranarayan Sengupta.
3. Sm. Prafulla Bala Dutta Roy.
4. Sm. Khirode Basini Raha.
5. Shri Samendra Nath Adikary.
6. Sm. Surabala Basu.
7. Shri Kaliprosad Banerjee.

1959-60

1. Shri Srish Ch. Das Gupta.
2. Shri Jyotis Ch. Nandy.
3. Shri Gourhari Biswas.
4. Shri Indranath Nandy.

1960-61

1. Sm. Anjali Guha.
2. Sm. Rama Guha.
3. Sm. Sarojini Ghosh.
4. Shri Abalakanta Gupta..
5. Shri Jyotish Ghosh.
6. Shri Rasiklal Das.
7. Swami Mokhyananda Giri.
8. Swami Jibananda Giri.
9. Shri Samiresh Ch. Ghosh.
10. Shri Sachinandan Adhikary.
11. Shri Batul Ch. Mitra.

1961-62

1. Sm. Sushama Burman.
2. Sm. Jyotismati Debi.
3. Shri Sachinandan Adhikari.

1962-63

1. Shri Shyamal Kr. Mandal.
2. Shri Kalipada Banerjee.
3. Shri Ashoke Kr. Guha Roy.
4. Family of late Nishapati Majhi.
5. Shri Y. M. Dutt.
6. Shri Profulla K. Kuila.
7. Shri Atul Krishna Ghosh.
8. Shri Khudiram Maity.

1963-64

1. Shri Jamini Kanta Sinha.
2. Shri Himangshu Bhusan Mukherjee.
3. Shri Bhupesh Chandra Sen.
4. Shri Bhabotosh Das.
5. Shri Surendra Mohan Saha.
6. Shri Kaliprosad Banerjee.
7. Shri Kanailal Das.

1964-65

1. Shrimati Bijoya Sen.
2. Shrimati Lila Mitra.
3. Shri Sasadhar Kar.
4. Shri Nagendra K. Guha Roy.
5. Shri Swaroj Sen Gupta.
6. Shrimati Nani Bala Kar.
7. Shri Bipin Ch. Goswami.
8. Shri Chittaranjan Roy Choudhury.
9. Shri Manindra Chandra Deb.
10. Shri Adhir Kr. Mukherjee.
11. Shri Rathindra Nath Guha.
12. Shri Surendra Nath Guha.
13. Shri Brojosundar Goswami.
14. Shri Ramanath Maity.
15. Shri Harikanta Das.
16. Shri Ganesh Ch. Vidyarthi.
17. Shri Ramesh Ch. Choudhury.
18. Shri Bejoy Kr. Chatterjee.
19. Shri Surendra Nath Bag.
20. Shri Rangalal Ganguly.
21. Shrimati Giribala Sarkar.
22. Shri Anil Samajdar.
23. Shri Brojen Roy.
24. Shrimati Durga Biswas.
25. Shri Pratul Gobinda Deb.
26. Shrimati Sudha Rani Chakraborty.
27. Shri Surendra Narayan Kali.
28. Shri Ramesh Chandra Ghosh.
29. Shri Kasiswar Banerjee.
30. Shri Satish Chandra Majumdar.
31. Shri Adhir Chandra Sinha.

32. Shri Brahammachari Lokesh Chaitanya.
33. Shri Probodh Kr. Guhathakurta.
34. Shri Nirmalendu Bhattacharyya
35. Shri Ansu Prakash Banerjee.
36. Shrimati Kusum Kumari Bal.
37. Shri Pramatha Nath Guha.

Polluted water of Birbhum Rice Mill Industries

543. (Admitted question No. 1544.) **Shri Gobardhan Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলার সৌড়েশ্বর থানার অন্তগত মল্লারপুর অঞ্চলে বীরভূম রাইস মিল ইণ্ডাস্ট্রিজের পচা জল গ্রামের মধ্যে অন্য লোকের জমিতে ফেলা হইতেছে, এবং বর্তমানে উক্ত মিলের দুর্গন্ধযুক্ত পচা জল ও মিলের উড়ন্ত ছাইয়ের গুড়ায় মল্লারপুর গ্রামের মধ্যে সংক্রামক ব্যাধির সৃষ্টি হইতেছে; এবং

(খ) সত্য হইলে, ইহার প্রতিবিধানকল্পে সরকার এ পর্যন্ত কি করিয়াছেন?

The Minister for Health:

(ক) ও (খ) বীরভূম জেলার সৌড়েশ্বর থানার অন্তগত মল্লারপুর গ্রামে তিনটি রাইস মিল আছে। উক্ত মিলগুলির কোনটি হইতে পচা জল অন্য লোকের জমিতে ফেলা হইতেছে না। তাহাদের নিজেদের জমিতে ফেলা হয়।

গত জুন মাসে স্থানীয় স্বাস্থ্যাধিকর্তার নির্দেশ অনুসারে ঐ মিলগুলির একটি মিল ধূম-নিগমের নলের উচ্চতা যথোপযুক্তভাবে বৃদ্ধি করিয়াছেন এবং পচা জল সোকপিট-এর মাধ্যমে নিষ্কাশনের বন্দোবস্ত করিয়াছেন। অন্য দুইটি সম্পর্কেও অনুরূপ ব্যবস্থা করিবার নির্দেশ দেওয়া হইতেছে।

মিলগুলির পচা জল ও উড়ন্ত ছাইয়ের গুড়া মল্লারপুর গ্রামে কোনরূপ সংক্রামক ব্যাধি সৃষ্টি করিয়াছে, ইহা মনে করিবার কোন কারণ নাই।

Reclamation of Purusha, Sreekantha and Sreedharpur Khals in Moyna police-station, Midnapore

544. (Admitted question No. 1350.) **Shri Ananga Mohan Das:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার ময়না থানার পুরুষাখাল, শ্রীকণ্ঠ খাল এবং শ্রীধরপুর খাল পলি দ্বারা আবদ্ধ হইয়াছে, এবং তজ্জন্য এখনও গভীর মাঠে জল রহিয়াছে;

(খ) অবগত থাকিলে এ বৎসর ঐসকল খালগুলির কোন্ কোন্‌টির সংস্কার করা হইতেছে; এবং

(গ) যদি সংস্কার করা না হয়, তবে তাহার কারণ কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) হাঁ। বর্তমানে পলী দ্বারা আবদ্ধ হওয়ার, খালগুলির জল নিষ্কাশন ক্ষমতা বহুলাংশে হ্রাস পাইয়াছে।

(খ) এ বৎসর কোনওটির সংস্কার সাধন করা হইবে না।

(গ) খালগুলির পলি অপসারণের কার্য ময়না বেসিন জলনিষ্কাশন পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে। খালগুলির পলি অপসারণ ময়না বেসিন প্রকল্প রূপায়ণ সাপেক্ষ। ঐ প্রকল্প প্রস্তুত হইয়াছে এবং বর্তমানে পরীক্ষাধীন আছে।

School Health Programme in Burdwan District.

545. (Admitted question No. 1256.) **Shri Manoranjan Bakshi:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলায় জেলা স্কুল হেলথ ইউনিট গত ১৯৬৪ সালের এপ্রিল মাস হইতে এ পর্যন্ত কোন্ কোন্ থানার কোন্ বিদ্যালয়গুলিতে কি কার্যক্রম গ্রহণ করিয়াছেন, তাহার বিবরণ?

The Minister for Health:

সমস্ত স্বাস্থ্যকেন্দ্র হইতেই স্কুল হেলথ সংক্রান্ত কার্যক্রম গ্রহণের ব্যবস্থা আছে। ১৯৬৪ সালে বর্ধমান জেলার যে সমস্ত বিদ্যালয়ে ঐ কার্যক্রম গ্রহণ করা হইয়াছে তাহার একটি থানাভিত্তিক বিবরণ, লাইব্রেরী টেবিলে রাখা হইয়াছে।

Shops of Ganja, liquor, etc., in Midnapore district

546. (Admitted question No. 1508.) **Shri Ananga Mohan Das:**

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ থানায় কয়টি করিয়া (১) তাড়ি, (২) গাঁজা, (৩) দেশী মদ এবং (৪) বিলাতী মদের দোকান আছে; এবং

(খ) ঐ সকল দোকানে গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কি পরিমাণ উক্ত দ্রব্য বিক্রয় হইয়াছিল?

The Minister for Excise:

১,৫০৮ (ক) ও (খ) লাইব্রেরী টেবিলে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Calling Attention to Matters of Urgent Public Importance

[2—2-10 p.m.]

Shri Prafulla Chandra Sen:

অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রীসুধীর চন্দ্র দাশ মহাশয় ছোট ছোট ধান ভানা কলগুলির উপর ২৫ ভাগ লেভী প্রথা চালু করা সম্পর্কে সরকারের মনোযোগ আকর্ষণ ক'রে যে প্রস্তাব উত্থাপন করেছেন সে সম্পর্কে আমার বক্তব্য হ'ল নিম্নরূপ:—

কলিকাতা শিল্পাঞ্চলে বিধিবদ্ধ রেশনিং প্রবর্তনের প্রয়োজনে রাজ্যের বড় বড় চাল কলগুলির উপর তাদের উৎপাদনের ৫০ ভাগ লেভী প্রথায় সংগ্রহের সরকারী আদেশ বর্তমানে

বলবৎ আছে। এই উপায়ে সংগৃহীত প্রায় ৪ লক্ষ টন চাল কলিকাতা শিল্পাঞ্চল এলাকায় বিধিবদ্ধ রেশনিং-এর মাধ্যমে বণ্টন করা হবে বলে আশা করা যায়। কিন্তু বড় বড় চাষী উৎপাদকগণ চালের বড় কলগুলিতে ধান না ভেঙ্গে, গ্রামাঞ্চলের হাস্কিং মেশিনে ধান ছাঁটাইয়ের ব্যবস্থা ক'রে উল্লিখিত লেভী প্রথায় সংগ্রহের ব্যবস্থাকে বানচাল করার চেষ্টা করছেন ব'লে অভিযোগ পেয়ে সরকার গত ২২শে ফেব্রুয়ারী থেকে ২৪ পরগণা, হাওড়া হুগলী, বর্ধমান এবং মেদিনীপুর জেলার হাস্কিং মেশিনে চাল উৎপাদনের শতকরা ২৫ ভাগ সংগ্রহের আদেশ জারী করেন।

এই ব্যবস্থায় ছোট ছোট উৎপাদকদের নিজেদের খাওয়ার জন্য ধান ছাঁটাই করায় অসুবিধা বিবেচনা ক'রে সরকার গত ৮ই মার্চ একটি সংশোধিত আদেশ জারী করেছেন। এই নূতন আদেশ অনুসারে নিম্নলিখিত ব্যবস্থা করা হয়েছে:—

(ক) ৫ একর বা তার কম যে সমস্ত উৎপাদকের জমি, অথবা যেসব উৎপাদক ৫ একর বা তার কম জমির অংশীদার, তারা যদি গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ অথবা অঞ্চল পঞ্চায়েতের প্রধানের নিকট থেকে সুপারিশ দেখাতে পারেন যে, উক্ত ধান তারা নিজের বা নিজের পরিবারের ব্যবহারের জন্য হাস্কিং মেশিনে ছাঁটাইয়ের ব্যবস্থা করছেন তাহলে তাদের ক্ষেত্রে এই লেভী প্রথা প্রযোজ্য হবে না।

(খ) যে সমস্ত চাষী একরের বেশী জমির মালিক বা অংশীদার হিসেবে ধান হাস্কিং মেশিনে ছাঁটাই করবার জন্য আনবেন তাঁরাও যদি গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ অথবা অঞ্চল পঞ্চায়েতের প্রধানের কাছ থেকে সুপারিশ আনতে পারেন যে, তাঁদের ধান ছাঁটাইকরা চাল নিজের বা নিজেদের পরিবারের জন্য ব্যবহৃত হবে, তাহলে খাদ্য বিভাগের ইন্সপেক্টর অথবা তার উপরের পর্যায়ের কোন কর্মচারী সংশ্লিষ্ট চাষীকে শতকরা ২৫ ভাগ লেভী থেকে অব্যাহতি দিতে পারেন।

আশা করা যায় এই নতুন আদেশের ফলে গ্রামাঞ্চলে ছোট ছোট উৎপাদকদের হাস্কিং মেশিনের উপর লেভী প্রথায় যে অসুবিধা সৃষ্টি হওয়ার আশঙ্কা ছিল তা দূরীভূত হবে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, এটা সব মেম্বারকে একটা করে কপি দিলে ভাল হয়।

Shri Prafulla Chandra Sen:

আচ্ছা দেওয়া হবে।

Mr. Deputy Speaker: The Hon'ble Minister-in-Charge will please make a statement on the crisis in water supply in Calcutta, attention to which was called by Shri Birendra Narayan Ray and others.

Shri Jagannath Kolay: I am glad to have this opportunity of making a statement before this House on these crisis in the supply of filtered water to the city of Calcutta which started towards the end of the second week of this month.

At the outset I would like to inform the members that the Government have not received any report either from the authorities of the Corporation or from any other responsible quarter that the crisis in water supply is due to any act of sabotage on the part of any one and unless and until there is any

definite or even prima facie evidence on this point any such assumption *would be unjustified.*

As soon as he reports of acute shortage of this city's water supply came to the notice of Government, they obtained a report from a Commissioner of the Calcutta Corporation on the situation. According to this report the present crisis developed mainly as a result of supply of coal of a lower grade than that required for maintaining proper pressure of steam in the boilers for running the steam engines which operate the pumps at the Palta Pumping Station. This had for some time been causing a severe strain on the boilers resulting in the failure of supply of superheated steam at the required pressure of 180 to 200 lbs. per sq. inch. The coal supplied formed clinkers inside the boilers and even after these were cleaned by engaging extra men the steam pressure could not be raised to more than 140 lbs. to 145 lbs. per sq. inch. Even this pressure could not be maintained at all times and varied between 120 lbs. to 145 lbs. per sq. inch. As a result of this the steam engines had to run on saturated steam instead of superheated steam and this greatly reduced their capacity to run the pumps. Moreover the feeding of saturated steam into the old steam engines which operate the pumps for lifting water from the river at its lowest ebb caused serious curtailment of the supply of water to the settling tanks and the level of water in these tanks dropped down. The position was suddenly aggravated and the present crisis developed when two of the steam engines went out of commission at the same time on the 12th February last. The Talla Pumping Station could not be supplied with sufficient quantity of filtered water from Palta. In place of 82 million gallons per day, the rate of supply fell down to 72 million gallons per day on the average.

The situation was further aggravated when another steam engine started giving trouble on the 14th February. Again on the morning of the following day one of the big boilers had to be put out of commission as its flue got choked due to the formation of clinkers and the steam pressure went down. Previously 5 boilers were found sufficient to run 3 steam engines and one turbine ; but due to the bad quality of coal 7 boilers have to be used constantly Even so, the steam pressure is so low that the turbine has to be shut out for running the 3 steam engines any how.

In order to meet the shortage of water-supply, 22 big diameter tube-wells in the city are being run continuously day and night, and 37 such tube-wells are being run for 14 hours daily. This has resulted in an increased supply of 10 million gallons of water per day which just makes up the shortage of the supply from Palta. The Corporation has also hired 4 lorries in addition to its existing fleet of 10 lorries for supply of water to the most affected areas.

[2-10—2-20 p.m.]

A new electric pump has also been recently installed at Palta and brought into commission. By this, the pumping capacity of the Palta Pumping Station has been definitely increased.

At the intervention of the Government, the Director-General of Movement held a conference with the representatives of the Corporation and the Coal Controller at which an agreement was reached for allotment of 340 wagons of better quality coal amounting to about 7,500 tons to the Corporation for its Water-supply Pumping Station. The Corporation has already placed orders for the supply of this quantity of coal with selected parties and the situation regarding coal supply is expected to improve definitely. It has also been reported that the Corporation has decided to replace the existing Steam-driven

Pumps at the water-supply intake Station at Palta by electrically driven pumps and as soon as this is done, the pumping capacity will not only be very much improved, but the Corporation will not also be dependent on the supply of coal for running the pumps.

I can assure the members that the Government are keeping a very close watch on the whole situation and have already obtained a detailed report from the Commissioner of the Corporation regarding the supply of coal of low quality which is reported to be the main cause of the recent crisis in water-supply. The report is under consideration.

Mr. Deputy Speaker: There are five notices of Calling Attention today.

Secretary (Shri P. Roy): The following five notices of Calling Attention have been received:—

(1) Non-supply of wheat to Modified Rationing Shops in Murshidabad district by Shri Sanat Kumar Raha;

(2) Kidnapping and raid by East Pakistan Rifle Force in Cooch Behar district on the 4th March, 1965, by Shri Bijoy Kumar Roy:

(3) and (4) Firing by Food Inspector at Moynaguri P.S. on the 6th March, 1965, by Shri Nani Bhattacharjee and Shri Monoranjan Roy and Shri Amarendra Nath Roy Prodhan, Shri Sunil Basunia and Shri Siddheswar Mandal: and

(5) Recent fire at Shyamnagar village of Murshidabad district by Shri Mohammad Israil.

Mr. Deputy Speaker: I select Nos. 3 and 4—Firing by Food Inspector at Moynaguri P. S. on the 6th March, 1965, by Shri Nani Bhattacharjee and Shri Monoranjan Roy and Shri Amarendra Nath Roy Prodhan, Shri Sunil Basunia and Shri Siddheswar Mandal. The Hon'ble Minister concerned may make a statement today.

Shri Ardhendu Shekhar Naskar:

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ৬ই মার্চ সকাল ৯-৩৫ মিনিটে ময়নাগুড়ী খাদ্য সরবরাহ বিভাগের ইনস্পেক্টার শ্রীসুশীল বন্দ্যোপাধ্যায় স্থানীয় অধিবাসীদের মধ্যে আংশিক রেশনিং বরাদ্দ অনুসারে বয়স্কদের জন্য সপ্তাহে মাথা পিছু ১ কে. জি. এবং শিশুদের জন্য মাথাপিছু আধ কে. জি. চাল বিক্রয়ের ব্যবস্থা করেছিলেন। ময়নাগুড়ী অঞ্চলে বিধিবদ্ধ রেশনিং প্রচলিত নেই। সুতরাং ঐ অঞ্চলে প্রয়োজন অনুসারে আংশিক রেশন চালু করা হয়। সাধারণতঃ ফসল তোলার পর ঐ জেলার কারো রেশন-এর প্রয়োজন অনুভব করা হয়নি। কিন্তু কয়েকদিন পূর্বে ঐ এলাকায় খোলা বাজারে চাল পর্য্যাপ্ত পরিমাণে সরবরাহ না হওয়ায় ইনস্পেক্টার আংশিক রেশন বরাদ্দ অনুযায়ী স্থানীয় মিল হইতে সংগৃহত চাউল খোলা বাজারে ন্যায্য মূল্যে বিক্রয় করবার ব্যবস্থা করেছিলেন এবং ঘটনার দিন ময়নাগুড়ী বাজারে চাল সরবরাহে যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হয়েছিল। তথাপি স্থানীয় অধিবাসীদের মধ্যে এক শ্রেণীর লোক ঐ বিলি ব্যবস্থায় সন্তুষ্ট না হওয়ায় দলবদ্ধভাবে প্রায় ৬০০ লোক একসঙ্গে ফুড ইনস্পেক্টারকে ঘেরাও করে এবং তাঁকে আক্রমণ করে মারপিট করা হয়েছে বলে রিপোর্ট পাওয়া গেছে। এই সময় শ্রীসুশীল বন্দ্যোপাধ্যায় তার পিস্তলের আওয়াজ করেন। কোন লোক হতাহত হয়নি। অতঃপর পুলিশ ঘটনা স্থলে উপস্থিত হন এবং অবস্থা শান্ত হয়ে যায়। সংশ্লিষ্ট খাদ্য ইনস্পেক্টারকে তদন্ত সাপেক্ষে সাময়িক ভাবে জলপাইগুড়ীতে বদলি করা হয়েছে এবং মহকুমা শাসক তদন্ত করছেন। সংশ্লিষ্ট ইনস্পেক্টার তাঁকে মারপিট করা হয়েছে বলে একটা

মামলা দায়ের করেছিলেন। অপর পক্ষের শ্রীকল্যাণ ভট্টাচার্য্য নামে এক ব্যক্তি সেই ইনস্পেক্টার-এর নামে পেন্যাল কোডে একটি মামলা দায়ের করেছেন। সমগ্র বিষয়টা এখন বিচারাধীন আছে। ময়নাগুড়ী অঞ্চলে খোলা বাজারে চালের যথোপযুক্ত ব্যবস্থা করা হয়েছে এবং ইহা ব্যতীত সরকারী ভাণ্ডার হইতে আংশিক রেশন-এ চাল বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে।

Shri Nani Bhattacharjee :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি আপনাকে পরিস্কার জানাতে চাই ময়নাগুড়ীতে ৬ই মার্চের আগে পর্যন্ত মডিফাইড রেশন-এর কোন দোকান চালু ছিল না এবং মডিফাইড রেশনিং মারফত রেশন দেবার ব্যবস্থাও ছিল না—দ্যাট ইজ নাম্বার ওয়ান। আমার মনে হয় তাঁর স্টেটমেণ্ট এবিষয়ে আলোকপাত করা উচিত ছিল এবং চাল ও গম কি পরিমাণ গেছে সেটা বলা উচিত ছিল। যাহোক, এখন আমি আপনার মারফৎ মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি সাব-জুডিস বলে বেশী না হয় না গেলেন, কিন্তু যেটাকে কেন্দ্র করে নির্ধারিত দরে চাল পাওয়া যাচ্ছে না সে বিষয়ে কিছু বলুন। তারপর দ্বিতীয় নম্বর পয়েণ্ট ছিল সেখানে যেন অবিলম্বে রেশনের দোকান খোলা হয় এবং এটা জনসাধারণের দাবী ছিল। সুতরাং সেই দাবীর ভিত্তিতে সেখানে রেশন ব্যবস্থা চালু করলেন কিনা, চাল যাচ্ছে কিনা এবং শুধু ময়নাগুড়ীর ব্যাপার নয়, গোটা ডিস্ট্রিক্ট-এ কিভাবে যাবে সে সম্বন্ধে আলোকপাত করুন।

Shri Prafulla Chandra Sen :

মন্ত্রিমহাশয় এইমাত্র শোনালেন যে মডিফাইড রেশনিং-এর ব্যবস্থা অবিলম্বে করা হয়েছে এবং সেই ব্যবস্থা অবলম্বন করবার জন্য ইনস্পেক্টর সেখানে গিয়েছিলেন এবং ইতিমধ্যে সেখানে সরবরাহ পর্যাপ্ত পরিমাণে বাড়ান হয়েছে।

Incidents in Dum Dum Central Jail

Shri Hemanta Kumar Basu :

স্যার, আমি একটা গুরুতর ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সংবাদপত্রে দেখলাম দমদম সেণ্ট্রাল জেলে অপ্রত্যাশিত মৃত্যু এবং তার স্ত্রী খবর পাননি। কাজেই আমি বিভাগীয় মন্ত্রীর কাছে ব্যাপারটা জানতে চাই। তবে এব্যাপারে আরও সংবাদ আছে যে গত ২৪শে নভেম্বর নারায়ণ পাল নামে গভর্নমেণ্ট প্রেস-এর একজন এ্যাসিস্ট্যাণ্ট মেকানিক নিখোজ হন এবং তার স্ত্রী খাড ডিসেম্বর তারিখে লোকাল থানায় গিয়ে রিপোর্ট করেন। কিন্তু তারপর ১৭ই জানুয়ারী ইংরেজী কাগজে দেখা গেল দমদম জেলে তাকে মৃত অবস্থায় দেখা গেছে। এই সমস্ত ঘটনা হয়ে গেছে তার খবর তার স্ত্রী এখন পর্যন্ত পায়নি। কাজেই মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি তার পরিবারকে এই খবরটা দেবার ব্যবস্থা করুন।

Scarcity of Rice in Nadia

Shri Gour Chandra Kundu :

মাননীয় স্পীকার, মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটি বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীর এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলায় বিশেষ করে রানাঘাটে চাল পাওয়া যাচ্ছে না এবং মডিফাইড রেশনিং-এ চালের সরবরাহ অত্যন্ত কম বলে মানুষ অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়েছে। আমি খবর নিয়ে দেখলাম হাস্কিং মেশিন বন্ধ হবার জন্য এবং বর্ধমান থেকে চাল আসা বন্ধ হবার জন্য বাজার থেকে চাল উধাও হয়ে গেছে। এদিকে আবার সরকারের

তরফ থেকে সেই অঞ্চলে চাল সরবরাহ করা হয় না। কম সংখ্যক লোক ২১৫ কে. জি. চাল পাচ্ছে—বেশী সংখ্যক লোকই পাচ্ছে না। কাজেই অবিলম্বে চাল সরবরাহ ব্যবস্থার যাতে উন্নতি হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য এবং সকল লোক যাতে মডিফাইড রেশনিং-এর মারফত চাল পায় সেদিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

Appointment of H. E. the Governor

Shri Kashi Kanta Maitra :

স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ সংবাদ পরিবেশন করছি। আজকে হাইকোর্টে ডিভিসন বেঞ্চ-এ ডি. আই. রুল খারিজ রায় দেবার কথা ছিল এবং সেই কারণে ক্রিমিনাল ডিভিসন বেঞ্চ রায় দিয়েছে। এতে প্রিসাইড করেছিলেন মিঃ জাস্টিস কে. সি. সেন এবং মিঃ জাস্টিস এ. কে. দাস। এই জাজমেণ্ট-এ মিঃ জাস্টিস কে. সি. সেন বলেছেন, ১৯৬১ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত বাংলার যিনি রাজ্যপাল সি ওয়াজ নট ভ্যালিডলী এ্যাপয়েনটেড অ্যাস গভর্নর। অপর পক্ষে ডিসেণ্টিং জাজমেণ্ট-এ মিঃ জাস্টিস এ. কে. দাস সেই ভিউ এগ্রি করেন নি। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, কারণ এই যদি হয় তাহলে এই গভর্নর আমলে ১৯৬১ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত হোলাটেভার অ্যাক্ট হ্যাজ বিন ডান অর পাৰ্পোরেটেড টু বি ডান ওয়াজ ডিমড টু বি ইনভ্যালিড এ্যাণ্ড ভয়েড। তবে যেহেতু ২ জন জাজ ডিফারেণ্ট ভিউ দিয়েছেন সেহেতু এটা থার্ড জাজ-এর কাছে রেফার করা হবে। আপনাকে এই খবরটা জানিয়ে রাখলাম।

[2-20—2-30 p.m.]

Shri Kamal Kanti Guha :

মাননীয় স্পীকার মহাশয়, আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে যে সমস্ত উত্তর বঙ্গে ৪ঠা মার্চ একই দিনে এবং একই রাত্রে পাকিস্তান থেকে পরিকল্পনা করে হানা দেওয়া হয়েছিল আমাদের ভারতীয় গ্রামে। এই যে রাইফল বাহিনী হানা দিয়েছে তাতে দুর্বৃত্ত দল এক শতের উপর গরুচুরি করে নিয়ে গেছে, মেখলিগঞ্জে দুজন লোককে নিয়ে গেছে, কুচবিহার থানার একজন লোককে নিয়ে গেছে, ফলে আগে যেটা বিক্ষিপ্তভাবে মাঝে মাঝে হত, সেটা এখন এইভাবে একই দিনে, একই রাত্রে ৪।৫টি মহকুমায় পরিকল্পনা করে হানা দিচ্ছে। ফলে সেখানকার অধিবাসীদের মনে ভীষণ দুশ্চিন্তা দেখা দিয়েছে, রাত্রে মানুষ ঘুমুতে পাচ্ছে না, সেখানে মানুষের মনে আতঙ্ক সৃষ্টি হয়েছে। এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন, আমি সেটা জানতে চাই।

DEMAND FOR GRANT

Grant No 2

Major Heads : 9-Land Revenue, 76-Other Miscellaneous Compensations and Assignments and 92-Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindari System.

Shri Syamadas Bhattacharyya : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 9,06,71,000 be granted for expenditure under Grant No.2, Major Heads: "9-Land Revenue, 76-Other Miscellaneous Compensation and assinments and 92—payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System."

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯৬৪-৬৫ সালে বাজেটে আয় হিসাবে ধরা হয়েছিল ৮ কোটি ৬৩ লক্ষ ৬৫ হাজার টাকা, সংশোধিত হিসাবে ৬ কোটি ৭৬ লক্ষ ৫৫ হাজার টাকা ধরা হয়েছিল, হ্রাস হয়েছিল দেখতে পাচ্ছি ১ কোটি ৮৭ লক্ষ ১০ হাজার টাকা। এর কারণ হচ্ছে যে পরিমাণ খাজনা আদায় হবে ভেবেছিলাম সেই পরিমাণ খাজনা আদায় হয়নি। ব্যয়ের ভিতর দেখতে পাচ্ছি ১৯৬৪-৬৫ সালের সংশোধিত হিসাবে মেজর হেড ৯-ল্যাণ্ড রেভিনিউতে ২৭ লক্ষ ৬৭ হাজার টাকা বেশী ধরা হয়েছিল। কারণ হচ্ছে ডি এ ছিল, মেডিক্যাল বেনিফিটের জন্য বেশী টাকা ধরা হয়েছিল। সংশোধিত হিসাব, মেজর হেড ৯২-পেমেণ্ট অব কমপেনসেশন, ইত্যাদি এই খাতে ১ কোটি হ্রাস ধরা হয়েছিল। এইকারণে ক্ষতিপূরণের কাজ যেভাবে দ্রুত করা হবে বলে মনে করা হয়েছিল, সেইভাবে দ্রুত হারে করা সম্ভব হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯৬৫-৬৬ সালের বাজেটে আয় ধরা আছে ৬ কোটি ৭৬ লক্ষ ৭৩ হাজার টাকা, আর ১৯৬৫-৬৬ সালে বাজেটে ব্যয় ধরা হয়েছে মেজর হেড ৯-ল্যাণ্ড রেভিনিউ ৫ কোটি ৬ লক্ষ ৫৪ হাজার টাকা। মেজর হেড ৯২ পেমেণ্ট অব কমপেনসেশন টু ল্যাণ্ড হোল্ডারস্ এই খাতে ৪ কোটি টাকা ধরা হয়েছিল, সংশোধিত বাজেটের চেয়ে ১ কোটি বেশী ক্ষতিপূরণ হিসাবে দেওয়া যাবে আশা করা যায়। ভূমিরাজস্ব দপ্তরের কাজের সংক্ষিপ্ত বিবরণ এবারে আমি নিবেদন করতে চাই। আমরা ১৯৬৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কৃষি জমি দখল নিতে পেরেছি ৩ লক্ষ ৪১ হাজার ৭৮৬ একর, আর অকৃষি জমি ১ লক্ষ ৯১ হাজার ৫০ একর।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় এই দখলের কাজে আমরা সবচেয়ে বেশী বাধা পেয়েছি মহামান্য হাই কোর্টের কাছে। এবং অন্যান্য আদালতের কাছে মামলা মকর্দ্দমার জন্য। এর জন্য আমরা অনেক জমি দখল নিতে সমর্থ হয়নি। বিভিন্ন জেলার হিসাব থেকে দেখা যাচ্ছে যে প্রায় ১ লক্ষ জমি মামলা মকর্দ্দমার জন্য আটকে আছে এবং বিভিন্ন জেলা থেকে এই সম্পর্কে ১০ হাজারটি দেওয়ানী মামলা রুজু হয়েছে এবং চলছে ৫(ক) ধারা সম্পর্কে, এবং ঐ ৫(ক) ধারা সম্পর্কে যে সমস্ত এনকোয়ারী হয় তাতে আমরা এ পর্যন্ত ১ লক্ষ ৭৪ হাজার ৬৫৩টি কেস-এর অনুসন্ধান কার্য্য শেষ করেছি এবং ৫০ হাজার জমি মালাফাইড হস্তান্তর বলে গণ্য হওয়ায় সরকার দখল নিতে সক্ষম হয়েছেন। হাই কোর্টে সম্প্রতি ৫(ক) উপর একটা রায় দেওয়া হয়েছে এবং এ সম্পর্কে অনেকের মনে একটা ভ্রান্ত ধারণা আছে যে ৫(ক) ধারা সংবিধান বহিভূত বলে ঘোষণা হয়েছে এবং এই সম্পর্কে সংবাদ পত্রে এবং অন্যান্য জায়গায় কিছু ভ্রান্ত আলোচনা ও হয়েছে। হাই কোর্ট শুধু এই কথাই বলেছেন যে এনকোয়ারিং অফিসার অথবা এ্যাপেলেট ট্রাইবুনাল কোন হস্তান্তর বোনাফাইডি বা মেলাফাইডি এটুকুন মাত্র ঘোষণা করতে পারবেন. এই আদেশের পর ৫এ(৩) ধারা মতে যে ফলাফল দাঁড়াবে সে অনুসারে ৪১, ৪২(এ), ৪৫, ৪৭ ধারা মতে ভারপ্রাপ্ত রেভিনিউ অফিসার কার্য্যকরী করতে পারবেন অর্থাৎ এটুকুন বলা আছে ৫এ হ্যাজ বিন হেল্ড টু বি ইনট্রা ভায়ারস অব দি কনস্টিটিউশন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় ভূমি বণ্টনের কাজ চলছে, আমরা যে সমস্ত বাড়তি জমি দখল করতে সক্ষম হয়েছি সে সমস্ত জমি ল্যাণ্ড রিফর্মস এডভাইসরি কমিটি গঠন করে তার মাধ্যমে বণ্টনের কাজে হাত দিয়েছি, ল্যাণ্ড রিফর্মস সার্কেল এডভাইসারি কমিটি গঠিত হয় স্থানীয় প্রধানদের নিয়ে, স্থানীয় পঞ্চায়েৎদের বা প্রেসিডেন্টদের নিয়ে এবং কিছু সরকারী কর্মচারীও থাকেন, কিন্তু স্থানীয় প্রধান বা রেসিডেণ্ট-এর সংখ্যা সরকারী কর্মচারীর চেয়ে বেশী এবং স্থানীয় রেসিডেণ্ট প্রধান যে সুপারিশ করেন আমরা সে সুপারিশ সাধারণত মেনে নিয়ে থাকি। যে জমি বণ্টন করা হয় তারজন্য লাইসেন্স ফি আদায় করা হয়, নিরিখ যে আছে সে নিরিখের দেড় গুণ লাইসেন্স ফি আমরা আদায় করে থাকি। যদি সমবায় সমিতি গঠন করে তাহলে আমরা স্থানীয় নিরিখ অনুযায়ী লাইসেন্স ফি আদায় করি। তারপর বনভূমি-গুলি গ্রহণ করবার পর বনবিভাগে হস্তান্তর করা হয়েছে। যে সব সরকারী জমিতে চাষ করা সম্ভব নয় সে সমস্ত জমিতে বন সৃজন করবার জন্য বন বিভাগের হাতে আমরা ক্রমশ প্রয়োজন অনুযায়ী তুলে দিচ্ছি। অকৃষি জমি গুলি গভর্নমেণ্ট স্টেট ম্যানুয়াল অনুসারে

বিলি করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় 'ওয়েস্ট বেঙ্গল পাবলিক ল্যাণ্ড (এভিকসন অব আনঅথরাইজড অকুপেশন) এ্যাক্ট, ১৯৬২, বিধান, মণ্ডলী থেকে পাশ করা হয়েছিল সে অনুযায়ী কাজ আরম্ভ হয়েছে। স্থানীয় কর্মচারীদের বিশেষ ভাবে নির্দেশ দেওয়া হয়েছে তারা যেন বেআইনী দখল কারীদের উচ্ছেদ করবার জন্য বিশেষ ভাবে কাজ করেন, এবং সরকারী জমিতে যাতে বেআইনী ভাবে দখল না হতে পারে তার জন্য তারা যেন সজাগ থাকেন। এ পর্যন্ত আমরা ৯টা জেলায় যে হিসাব পেলাম তাতে দেখলাম। ১০০৭টা মামলা রুজু করা হয়েছে এবং যেখানে যে আইনী দখলকারী উচ্ছেদের আদেশ দেওয়া হচ্ছে সেখানে এরকমের সংখ্যা হল ২৪৩টি। এরপর প্রতিরক্ষার কাজে নিযুক্ত সামরিক ব্যক্তিদের জন্য পৃথকভাবে ৫ হাজার একর কৃষি জমি এবং এক হাজার একর বাস্তু জমি তাদের জন্য রাখা হয়েছিল এবং সেগুলি বণ্টন করা হয়েছে। খাজনা প্রদানের জন্য সামরিক ব্যক্তিদের বিশেষ সুবিধা দেওয়া হয়, জরুরী অবস্থা যতদিন চলবে ততদিন পর্যন্ত সিমান্তে নিযুক্ত সামরিক ব্যক্তিদের খাজনা দেবার দায় থেকে অব্যাহতি রাখা হয়েছে এবং অন্য কোন স্থানে নিযুক্ত সামরিক ব্যক্তিরা যদি অসুবিধায় পড়েন তাহলে তাদের কাজ থেকে খাজনা আদায় করা হবে না—তাদের খাজনা স্থগিত থাকবে। অনেকের একটা ভ্রান্ত ধারণা হয়ত আছে যে আদায় খরচ আমাদের দপ্তরের খুব বেশী। দি ওয়েস্ট বেঙ্গল স্টেট রুপি এই পুস্তিকা বিলি হয়েছে, তাতে সংশোধিত বাজেটে মোট আদায়ের তুলনায় আদায়ী খরচ পড়বে শতকরা ১৪.৩। এখন যা খরচ পড়ছে তার ৯-ল্যাণ্ড রেভিনিউ এক্সপেনডিচার ইন কানেকশন উইথ এক্স-জমিদারী এস্টেট কলেকশন অব রেভিনিউ এই খাতে শুধু খাজনা আদায় খরচ ধরা হয়েছে তা নয় ম্যানেজমেণ্ট-এর খরচও ধরা হয়েছে, তহশীলদারের খাজনা আদায় করার খরচা ধরা হয়েছে, তাকে সাহায্য করবার জন্য যে পিওন তার খরচা'ও ধরা হয়েছে।

[2-30—2-40 p.m.]

জে এল আর ও বা এস এল আর ও এদের খরচ এর সঙ্গে ধরা আছে এরা খাজনা আদায় ছাড়া ম্যানেজমেণ্ট কাজে সাহায্য করেন। মাননীয় সদস্যরা যদি স্বীর করেন খাজনা তুলে দেবেন তাহলে জে এল আর ও ও এস এল আর ও এর অফিস 'ও এস্টাবলিসমেণ্ট সেটা অনেক পরিমাণে রাখতে হবে। সুতরাং সুপারভাইসরি স্টাফ-এর যে খরচ সে সমস্ত আদায় খরচ ধরা হলে ঠিক হিসাব পাওয়া যাবে না। আমার মনে হয় সুপারভাইসরি স্টাফ-এর যে খরচ হয় তার ৫০ ভাগ খরচ হয় তহশীলদারদের জন্য যে খরচ হয় তার সঙ্গে যোগ দিলে ধারণা হবে আদায় খরচ কত হয়। সেইভাবে আমরা দেখতে পাচ্ছি ১৯৬৩-৬৪ সালে শতকরা ১৬.৪ খরচ হয়েছিল তবে সুপারভাইসরি স্টাফ-এর জন্য যে খরচ হয়েছে তার ৫০ পারসেণ্ট তহশীলদারের খরচ তার সঙ্গে যোগ করলেই হিসাব পাওয়া যায় ১৯৬৪-৬৫ রিভাইজড বাজেটে ঐ ভাবে ধরা হয়েছে সুপারভাইসরি স্টাফ এর জন্য ১৮.৮ আর শুধু যদি তহশীলদারদের খরচ ধরা হয় মোহরার এবং পিওনদের খরচ সহ তাহলে আদায় খরচ পড়ে ১৯৬৩-৬৪ তে ১১.৩ এবং ১৯৬৪-৬৫ সালে ১০.৬ শতকরা এবং ১৯৬৫-৬৬ ঐ ১০.৬। তাছাড়া আমরা যা আদায় করি এডুকেশন সেস সেই এডুকেশন সেস খাতে আমরা প্রায় ৪৪ লক্ষ টাকা আদায় করি সে আদায়ী টাকা এর মধ্যে ধরা হয় নি। সেটাকা যদি ধরা যায় তাহলে তহশীলদারদের যে খরচ হয় সে খরচের পরিমাণ অনেক কম দাঁড়াবে। মাননীয় সদস্যদের ক্ষতিপূরণের কাজ সম্পর্কে নিশ্চয়ই খুব আগ্রহ আছে। আমরা নীতি হিসাবে মধ্য সত্ত্বদের ক্ষতিপূরণের কাজে হাত দিয়েছি, সেজন্য আমরা ১৯৬৪ সালের শেষ পযন্ত ১৭ লক্ষ ৪৪ হাজার ৭৮২ টাকা ক্ষতিপূরণের তালিকা চূড়ান্ত ভাবে প্রকাশ করেছি এখনও প্রায় ৭ লক্ষ ক্ষতিপূরণের তালিকা প্রকাশ করতে বাকি আছে। যেগুলি বাকি আছে সেগুলি সাধারণত বড় বড় মালিকদের সর্ম্পকিত সম্পত্তি। এ সব বড় বড় মালিকদের সম্পত্তি ২১১টা থানায় ছিল না সেগুলি কয়েকটা থানায় বিক্ষিপ্ত ছিল। আমাদের খুব জটীল অবস্থার মধ্যে পড়তে হয়েছে বলে আমাদের একটু বিশেষ ভাবে বিলম্ব হচ্ছে বড় বড় জমিদার মধ্যসত্তাধিকারীদের ক্ষতি পূরণের তালিকা প্রস্তুত করতে যদিও তাঁরা কম টাকা ক্ষতিপূরণ পাবেন কিন্তু তাদের ক্ষতিপূরণ দেবার কাজ এবং তাদের ক্ষতিপূরণ তৈরী করবার তালিকা প্রণয়নের কাজ আগেই নিয়েছি এবং সঙ্গে সঙ্গে এটা ঠিক করেছি যে তাদের টাকা পাঠাবার জন্য যাতে তাদের সদরে আসতে না হয় তার জন্য লোকাল পেমেণ্ট থানার সামনে ৩, ৪, ৫ জায়গায় ক্যাম্প করে স্পেশাল

পেমেণ্টের ব্যবস্থা করেছি। এ পর্যন্ত আমরা ১ লক্ষ ৮০টি ক্ষেত্রে দিয়েছি অ্যানুইটি ৪ হাজার ৪৯৩টা ক্ষেত্রে ভূমি বণ্টনের জন্য যে সমস্ত কর্মসূচী গ্রহণ করা বিশেষ ভাবে প্রয়োজন তার মধ্যে একটা প্রধান জিনিষ হল কনসোলিডেসান। আমাদের কৃষকদের জমি ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে বিক্ষিপ্ত হয়ে থাকার দরুণ ভাল চাষের পক্ষে অসুবিধা হচ্ছে। এই সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড জমিগুলিকে একত্রিত করে যদি উন্নত ধরণের চাষের ব্যবস্থা করা যায় তাহলে আমাদের ভূমি সংস্কারের প্রধান উদ্দেশ্য সফল করা সম্ভব হবে। এবিষয়ে আমরা বিশেষ কাজ করতে পারিনি তবে কিছু দিন হল একজন কনসোলিডেসান অফিসার এবং কানুনগোকে এই সর্ম্পকে তথ্য সংগ্রহ করবার জন্য বিশেষ ভাবে নির্দেশ দিয়েছি। তাঁরা কিছু কিছু তদন্ত করছেন এবং তথ্য সংগ্রহ করছেন। আমার মনে হয় কনসলিডেসান নীতিকে কার্যকরী করবার জন্য একটা কনসলিডেসান বিল বা যে কোন নাম দেন না কেন এ সর্ম্পকে একটা পুরাপুরি আইন রচনা করবার প্রয়োজন হবে এই বিষয়ে আমার দৃঢ় অভিমত এই রকম। তবে আমার মনে হয় কোন আইন দ্বারা কনসলিডেসান করার কাজ সফল হবে না। সেজন্য প্রথম কাজ হবে জনমত গঠন করা যাতে জনসাধারণ ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডিত বিভক্ত জমিগুলিকে একত্রিত করে ভালভাবে উন্নত প্রথায় চাষ করার জন্য উৎসাহ বোধ করতে পারেন। তাই প্রথম আমাদের যে কাজ করা দরকার সেটা হচ্ছে প্রচার দ্বারা ব্যাপকভাবে উপযুক্ত ক্ষেত্র প্রস্তুত করা। এই কনসলিডেসান অব হোলডিংস-এর কাজে সব সাধারণের সহযোগিতা চাই বিশেষ করে মাননীয় সদস্যদের সহযোগিতা এবং সমর্থন প্রয়োজন হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অধিবেশনে দুটো গুরুত্বপূর্ণ বিল আনতে হবে, ইতিমধ্যে সে সর্ম্পকে প্রচার করা হয়েছে, তার মধ্যে একটা হল 'ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস্ (অ্যামেণ্ডমেণ্ট) বিল। এ সর্ম্পকে জয়েণ্ট কমিটি থেকে রিপোর্ট দাখিল করা হয়েছে। আইনটার উদ্দেশ্য হচ্ছে, নতুন বিধেয়কটির উদ্দেশ্য হচ্ছে ভূমি সংস্কার আইনটাকে কার্যকরী করবার জন্য মূল উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে যেসব ত্রুটি পাওয়া গেছে সেই ত্রুটিগুলি দুর করা। আর একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ফিসারিজ (রিকুইজিসান এ্যাণ্ড একুইজিসান) বিল। কতকগুলি ক্ষেত্রে ফিসারি অধিগ্রহণ করা এবং পরে দখল করা এই হল এই বিলের উদ্দেশ্য। বর্তমানে মৎস্য সঙ্কটে আমরা সবাই ভুগছি। আমার আশা আছে এই বিলটা কার্যকরী করতে পারলে আমাদের মৎস্য সঙ্কটের কিছুটা সুরাহা হতে পারবে। আর একটা বিল আমাদের বিবেচনাধীন আছে সেটা হচ্ছে 'ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেনসি (অ্যামেণ্ডমেণ্টস্) বিল। ভাড়াটিয়াদের কিছু সুযোগ সুবিধা দেওয়া নিশ্চয়ই প্রয়োজন বিশেষ করে যেখানে ভাড়াটিয়ারা নিপীড়িত, উৎপীড়িত এবং অত্যাচারিত হন এবং অনেক সময় নানারকম কৌশলের মধ্য দিয়ে তাঁদের উচ্ছেদ হয়ে যেতে হয় সেখানে সেইসব কথা বিবেচনা করে কিছু সংশোধনের কথা আমরা বিবেচনা করেছি। হয়ত সম্ভব হলে এই অধিবেশনের মধ্যে এই বিল আপনাদের কাছে উপস্থাপিত করতে সক্ষম হব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য আমাদের বিপল পরিমাণ ভূমি দখল করতে হয়। আগেও হত, এখন বেশী পরিমাণে হচ্ছে যেমন, হলদিয়া-ফারাক্কা প্রোজেক্ট, জলঢাকা হাইড্রো ইলেট্রিক প্রোজেক্ট, কংশাবতী প্রোজেক্ট হাউসিং স্কীম, এই রকম নানা রকম প্রকল্পের জন্য আমাদের অনেক জমি দখল করতে হয়। গত বছর এই জমি দখলের কাজে আমাদের মোট টাকা যা দিতে হয়েছিল তার পরিমাণ ৭ কোটি ১ লক্ষ টাকা। এ বছর ডিসেম্বর মাসের শেষ পর্যন্ত এই জমি দখলের জন্য মোট টাকা যেটা দিতে হয়েছে তার পরিমাণ হচ্ছে ৩ কোটি ২১ লক্ষ ৪ হাজার ৩৩১ টাকা। মাননীয় উপাধ্যক্ষ মাশয়, চা বাগানগুলি সর্ম্পকে আমাদের সকলের ঔৎসুক্য আছে। আমাদের পশ্চিমবঙ্গে মোট চা-বাগানের সংখ্যা ৩৩১। ৬(৩) ধারা মতে বাড়তি জমিগুলিকে দখল করবার জন্য আমাদের কাজ চলছে। এ পর্যন্ত আমরা ২৬৫টি চা বাগান সর্ম্পকে চূড়ান্ত আদেশ দিতে সক্ষম হয়েছি। ১২৯টি চা-বাগানের বেলাতে সমস্ত জমি রাখতে দেওয়া হয়েছে। ১৩৬টি চা-বাগানের ক্ষেত্রে আমরা কিছু কিছু জমি যেগুলি বাড়তি জমি বলে বিবেচনা করা গেছে সেই বাড়তি জমিগুলি দখল করার জন্য আদেশ দিয়েছি এবং তার ফলে ২৭ হাজার ৬ একর জমি গ্রহণের জন্য আমাদের আদেশ প্রচারিত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কয়েকটি কথা বলে আমার এই ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য উপস্থিত করছি

Mr. Deputy Speaker: All the cut motions are in order, and they are taken s moved.

The following cut motions were taken as moved:—

Shri Jyoti Basu: That the demand be reduced to Re. 1
Shri Nikhil Das: That the demand be reduced to Re. 1
Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced to Re. 1
Shri Sudhir Chandra Das: That the demand be reduced to Re. 1
Shri Aswani Roy: That the demand be reduced to Re. 1
Shri Nani Bhattacharjee: That the demand be reduced to Re. 1
Shri A. H. Besterwitch: That the demand be reduced to Re. 1
Shri Shreemohan Thakur: That the demand be reduced to Re. 1

Shri Nimai Chand Murmu: That the demand be reduced by Rs. 100
Shri Tarun Kumar Sen Gupta: That the demand be reduced by Rs. 100
Shri Sunil Das Gupta: That the demand be reduced by Rs. 100
Shri Sambhu Charan Ghosh: That the demand be reduced by Rs. 100
Shri Monoranjan Hazra: That the demand be reduced by Rs. 100
Shri Girish Mahato: That the demand be reduced by Rs. 100
Shri Abhoy Pada Saha: That the demand be reduced by Rs. 100
Shri Jiban Krishna Dey: That the demand be reduced by Rs. 100
Shri Hare Krishna Konar: That the demand be reduced by Rs. 100
Shri Benoy Krishna Chowdhury: That the demand be reduced by Rs. 100
Shri Nagen Dolai: That the demand be reduced by Rs. 100
Shri Bhadra Bahadur Hamal: That the demand be reduced by Rs. 100
Shri Panchu Gopal Bhaduri: That the demand be reduced by Rs. 100
Shri Deo Prakash Rai: That the demand be reduced by Rs. 100
Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced by Rs. 100
Dr. Kanai Lal Bhattacharya: That the demand be reduced by Rs. 100
Shri Bhakti Bhusan Mandal: That the demand be reduced by Rs. 100
Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100
Shri Mahananda Halder: That the demand be reduced by Rs. 100
Shri Nathaniel Murmu: That the demand be reduced by Rs. 100
Shri Dulal Chandra Mandal: That the demand be reduced by Rs. 100
Shri Sudhir Chandra Das: That the demand be reduced by Rs. 100
Dr. Golam Yazdani: That the demand be reduced by Rs. 100

Shri Syed Abul Mansur Habibullah:

ননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ভূমি রাজস্ব সংক্রান্ত ব্যয় বরাদ্দের বিরোধিতা করতে উঠে আমি ধানে আপনার কাছে যে কথাটা বলব সেটা কিছু অপ্রাসঙ্গিক এবং ধান ভাঙ্গতে শিবের তের মত হতে পারে তবে কথাটা না বলে আমি পারছি না। স্যার, আপনি হয়ত নেন গত বছর বাজেট সেসানের সময় মাননীয় রাজস্ব মন্ত্রীর কাছে আমি একটা প্রশ্ন উত্থাপন রেছিলাম বর্ধমান জেলার মেমারি স্টেশান থেকে গ্র্যাণ্ড ট্রাঙ্ক রোড পর্যন্ত খাস মহলের যে রাস্তা াছে সেই রাস্তা সম্বন্ধে। মাননীয় রাজস্ব মন্ত্রী আমাকে সেদিন প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সেই

রাস্তা শীঘ্রই মেরামত করা হবে এবং পরবর্তী যে সেসান হয়েছিল সেখানেও আমি এই রক প্রতিশ্রুতি পেয়েছিলাম। কিন্তু আজ পর্যন্ত যখনই পূর্ত বিভাগে যাওয়া যায় তখনই তাঁ বলেন যে রাজস্ব মন্ত্রী আমাদের এখন পর্যন্ত এই রাস্তা হস্তান্তর না করায় আমরা করতে পার্া না।

[2-40—2-50 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে কথা বলছিলাম আপনার কাছে এর সঙ্গে প্রাসঙ্গিক হবে এখানে আমাদের এই বিভাগের কাজের একটা সামঞ্জস্য আছে, আমি যে প্রশ্ন রাখলাম তা সঙ্গে। এই বিভাগের যে শ্লথগতি তা আপনি জানেন। আমরা ১৯৫৩ সালে জমিদারী ক্র আইন পাশ করেছি। আর আজকে হলো ১৯৬৫ সাল, এখন পর্যন্ত আমরা সাধারণ গরী খুব কম আয়ের লোক যারা ইনটারমিডিয়ারী যা মধ্যস্বত্বভোগী ছিলেন, তাঁদের সকলকে আ পর্যন্ত আমরা ক্ষতিপূরণ দিতে পারিনি এবং কবে যে শোধ দিতে পারবো সে সম্পর্কে মন্ত্রী মহাশয়ের বক্তৃতা থেকে কোন আভাষ বা প্রতিশ্রুতি আমরা পাইনি। ১৯৫৩ সালে যে লোকে আপনারা বলেছিলেন পাঁচশো টাকা, হাজার টাকা দেবেন, আজ সেই গরীব মধ্যস্বত্বাধিকারী জমির সেই দর হয়েছে দু হাজার টাকা। সে আজও জানে না কোথায় যাবে এবং কিভাবে তা পাবে। এক বছর দু বছর ধরে চ্যাঁচালেও টাকা পাওয়া যাবে না। তাদের কাজে গতিটা এমন যে মানুষের দুঃখকষ্টের সুরাহা করার ব্যবস্থা কত দেরীতে হতে পারে— তার জন্য যেন ভেবেচিন্তে এই বিভাগের কাজকর্ম হতে লাগছে।

এই প্রসঙ্গে একটা ছোট জিনিষ আপনার কাছে তুলে ধরতে চাই। আগে জমিদারী সেরেস্তায় একজন লোক যদি মিউটেশন করতে যেত, তার অংশের জমির জন্য অন্য নাম খারিজ করে নিজের নাম জারী করতে যেত, তাহলে তার জন্য তাকে সেরেস্তায় কিছু খরচা দিতে হতো। কিন্তু এখন আমাদের রাজস্ব মন্ত্রীর অধীনে যে তহশীলদার আছে, আই. এল. আর. ও. আছে, কারো কারোর মধ্যে নাই নাম খারিজ করতে পারবে তাদের ঘুষ না দিয়ে। যে ঘুষ দেবে, তার হবে। তা না হলে হবার উপায় নাই। তহশীলদার বলে দিচ্ছে এক টাকার কমে চার আনা আট আনা খাজনা নেবে না। তাতে নাকি অসুবিধা হয়। তা বাড়ীতে গিয়ে যদি বসতে পরেন, তবে হবে। এই হচ্ছে অবস্থা। এই রকম ক্ষুদ্র ক্ষুদ্র জিনিষ থেকে আরম্ভ করে আমি দেখাতে পারবো এই বিভাগের কাজের এমন গতি রয়েছে যে কাজকে ব্যাহত করছে প্রতিনিয়ত কাজকে প্রতিদিন এগিয়ে নিয়ে যাবার বদলে পিছিয়ে নিয়ে যাচ্ছে। অথচ আপনি যদি দেখেন আমাদের থার্ড ফাইভ ইয়ার প্লান-এ এই কথা বড় করে বলা ছিল যে—

'While removing such shortcomings in the legislation or the rules as they come to notice, it is important that the land reforms programme should be completed with the least delay so as to eliminate any feeling of uncertainty arising from delays in implementation.'

আমাদের কাছে এই কথা বলা হয়েছিল এই জিনিষ আমরা তাড়াতাড়ি করতে চাই, সে জিনিষ দ্রুত না করতে পারলে মানুষের মধ্যে অসুবিধা বেড়ে যাচ্ছে। অসন্তোষ বেড়ে যাচ্ছে। মানুষ একটা জায়গায় স্থিতি হতে চাচ্ছে এই জমি সংক্রান্ত ব্যাপারে কিন্তু সেই স্থিতি হচ্ছে না। হাইকোর্টে মামলা দায়ের করে ১ লক্ষ একর জমি বন্ধ করা হয়েছে বাকী সমস্ত জমি, যে জমি আপনি নিয়েছেন যা আপনারা এখনো নিয়ে উঠতে পারেন নি, সমস্ত জায়গায় ল্যাণ্ড রিফর্মের মধ্যে আমাদের ভূমি সংস্কারের মধ্যে বিলিব্যবস্থা ক্ষতিপূরণ দেওয়া থেকে আরম্ভ করে প্রত্যেক লোকের রেকর্ড ঠিকমত জায়গায় এসে পৌঁছুতে এই ব্যবস্থায় বর্তমানে বারো বছর হয়ে গেছে, এখনো কমপ্লিট ঠিক হয় নাই। ঠিক জায়গায় আসতে পারছে না। আর এক শ্রেণীর লোকের কথা আমি উত্থাপন করছি। আমাদের রাজস্ব বিভাগের মধ্যে একটা অবস্থা, আপনি জানেন উপাধ্যক্ষ মহাশয়—যারা অকৃষি

জমির মালিক বিশেষ করে আপনি জানেন গত কয়েক বছর ধরে বাংলা দেশের মফঃস্বল সহরগুলিতে ব্যাপক আকারে অনেক লোক সহর এলাকায় আসছে। তারা জমি নিচ্ছে এবং বসবাস করছে। এই অকৃষি জমির খাজনা কে নেবে? প্রথমে এক দফা নিয়েছিল গভর্নমেণ্ট—রায়তদের পর্যন্ত নিয়েছিলেন। রায়তী জমি যেগুলি সেগুলি জমিদারী ক্রয়ের আওতারে চলে গেছে এবং গভর্নমেণ্ট তার রাজস্ব নিচ্ছে। কিন্তু কোর্ফা রায়ত আণ্ডার টেনেণ্ট বা আণ্ডার রায়ত সেখানে যে সমস্ত জায়গা কোন মফঃস্বল এলাকায় এমনকি এই কলকাতার আসেপাশে যে সমস্ত এলাকা রয়েছে যেমন বেহালা এলাকা—এই রকম এলাকায় যে সমস্ত লোক অকৃষি জমিতে বসবাস করছে তাদের অনেক জায়গা অনেক বেশী পরিমাণ খাজনা দিতে হচ্ছে এবং অনেক জায়গায় এমন একটা অসুবিধার মধ্যে পড়েছে—সেই সমস্ত পুরানো জমিদাররা খাজনা নিতে চান না অনেক জায়গায় সামান্য খাজনা—সেই খাজনা নেবার বা আদায়ের ব্যবস্থা নেই তারা একটা অনিশ্চিত অবস্থার মধ্যে রয়েছে। অথচ রাজস্ব বিভাগ থেকে তাদের সম্বন্ধে চিন্তা করা হচ্ছে না। কারণ সম্ভব একটা চিন্তা রয়েছে যে এই সমস্ত কোর্ফা রায়ত বা আণ্ডার টেনেণ্ট—এই সমস্ত রায়তদের যদি জমি অধিকার করে নেওয়া যায় তাহলে ক্ষতিপূরণের পরিমাণ বেশী হয়ে যাবে—কিংবা যে কোন কারণেই হোক—একটা অনিশ্চত অবস্থায় রেখে দেওয়া হয়েছে—মধ্যবর্তী অবস্থায় তারা রেখে দিয়েছেন। তারা না জমিতে না আসমানে মাঝের একটা অবস্থার মধ্যে রয়েছে—তাদের সম্বন্ধে একটা বিধি ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না এটা আমরা দেখতে পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই রকম ধরণের আরও অনেক ছোটখাট কথা এ সম্বন্ধে বলার আছে যা সময়ের জন্য বলা সম্ভব হবে না। একটা জিনিস—কৃষকরা কে কতটা জমি পেলো তা আমরা হিসাব করে পেলাম না—এখনও সব জায়গায় আমরা বণ্টন করতে পারি নি। একটা কথা—সিলানের একটা বই পড়েছিলাম—তাতে তিনি বলেছিলেন কৃষকদের সম্বন্ধে যে ইটালীতে যখন ফ্যাসিস্টরা আসেন তারা তখন বলেছিলেন যারা জমি চাষ করে তারা জমির মালিক হবেন—তাতে কৃষকদের মধ্যে উৎসাহ দেখা দিয়েছিল যে জমি যারা চাষ করে তারাই জমির মালিক হবে। তারপর যখন ভূমি বণ্টন আরম্ভ হোল তখন দেখা গেল যে জমির মালিক তারাই যাদের ট্রাক্টর আছে যারা জমি চাষ করতে পারেন পুঁজি লাগাতে পারেন সার কিনতে পারেন এই রকম লোক সেখানে জমির মালিক হোল। কারণ শুধু মাত্র দুটি হাল আছে যারা সার কিনতে পারে না যাদের ট্রাক্টর কেনবার ক্ষমতা নেই তারা তো জমি চাষ করতে পারবে না ভাল করে—অতএব তাদের জমি দেওয়া সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জলপাইগুড়ি গিয়েছিলাম আমাদের ল্যাণ্ড রেভিনিউ কমিশনারের কাছে—সেখানে গিয়ে শুনলাম চ্যাংমারী বলে একটা বাগান—সেখান থেকে আমরা ৩১৪ হাজার একর জমি পেয়েছি যেটা চা বাগানের হাতে ছিল—সেই জমি হাতে আসার পর সেখানে দেখা গেল যে সেখানে জমি বিলি হয়ে গেছে—যাকে বিলি করা হোল তিনি কংগ্রেস সমর্থক—কেন দেওয়া হোল? কেন না তিনি সেখানে চা বাগান করতে পারবেন। অন্য লোক তো সেখানে চা বাগান করতে পারবে না—অন্য লোকের এত টাকাও নেই—অন্য লোক তো ট্রাক্টর কিনতে পারবে না—চায়ের বাগান বসাতে পারবে না। তারপর শুনা গেল যে সেই ভদ্রলোকেরও টাকা নেই—তখন গভর্নমেণ্ট ঠিক করলেন যে তাকে টাকা দেওয়া হোক। এমন ভাগ্যবান যে তাকে টাকা দিয়ে জমি দিয়ে ব্যবস্থা করে দেওয়া হোল—কিন্তু চাষীদের যদি এই রকম ব্যবস্থা করে দেওয়া হতো তাহলে চাষীরা নিশ্চয় খুব ধন্য হোত। কিন্তু আমাদের চাষীদের ভাগ্যে এটা ঘটেনি কারণ চাষীরা তো খুব গরীব মানুষ সে হাল নিয়ে চাষ করে—কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এটা বুঝতে পারলাম না যে যদি টাকা দিয়েই চা বাগান করাতে হয় তাহলে কেন সেটা সমবায় ভিত্তিতে বা আমাদের সরকার নিজেই করতে পারলেন না? কেন সেখানে আর একজনকে বসানো হোল তা আমরা বুঝতে পারছি না। কিন্তু এই ব্যাপারে আমাদের রাজস্ব বিভাগের তৎপরতা আমি খুবই দেখেছি কারণ জমি যেমন নেওয়া হয়েছে চ্যাংমারী বাগান থেকে তেমনি আবার ধীরেন বাবুকে খুব তাড়াতাড়ি সেটা দিয়ে দেওয়া হয়েছে।

[2-50—3 p.m.]

এটা আমি শুনে এসেছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা চা বাগানের এই রকম জমি রাখেন, যারা আগে পুরানো জোতদার ছিলেন, চা বাগানের জোত জমি রেখে দিয়েছেন চা বাগানের নাম করে এবং চা বাগানের নাম করে এই সব জোত জমি রাখা হয়েছে এই রকম জমি আমরা সেখানে দেখে এসেছি, নাম শুনে এসেছি, এই রকম বহু জমি সেখানে রয়েছে। আমাদের এনকোয়ারী অফিসার এই বিষয়ে তদন্ত করেছেন, আমি অস্বীকার করি না যে তদন্ত করেন নি, কিন্তু তদন্ত করা সত্বেও চা বাগানওয়ালারা বিরাট বিরাট জোত জমি তাঁরা রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন দিক দিয়ে কতকগুলি দৃষ্টি আপনার দিকে আনলাম। আর একটা জিনিষের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের এই সুন্দরবন এলাকার জমি সংক্রান্ত। এখানকার জমি সংক্রান্ত ব্যাপার নিয়ে অনেকবার অনেক গবেষণা হয়েছে, এ খানে বিশেষজ্ঞরা এসেছেন, তাঁরা অনেক কথা বলে গেছেন যে সব আমরা শুনেছি কিন্তু সুন্দরবন এলাকায় চাষের জমির যে অবস্থা চলেছে তার কোনও পরিবর্তন হয়েছে বলে আমরা শুনতে পাই নি। এবং ওখানকার লাটদাররা অনেক জমিকে কিসারীতে পরিণত করলেন। প্রয়োগ ব্যবস্থার যে পরিবর্তন হয়েছে তা শুনা যাচেছ না এবং তারা কিসারীকে নূতন করে পরিণত করার চেষ্টা করেছে এটা সৌভাগ্যের কথা। আজকে এই যে কিসারীকে ধরবার চেষ্টা করা হচেছ তাতে হয়তো চাষীরা কিছুটা বাঁচতে পারে তা না হলে যে অবস্থা চলেছে দ্রুতগতিতে কিসারীর উন্নতি করে জমিদাররা বা লাটদাররা যে সুযোগ নেবার চেষ্টা করছে, তার থেকে পরিত্রাণ পাবার উপায় থাকবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলো বলার পর আমি আপনার কাছে আমাদের এই জমি সংক্রান্ত ব্যাপারে মূলগত কতকগুলি প্রশ্ন রাখতে চাই। আমাদের এই বিষয়ে বিশ্লেষণ করার দরকার আছে, প্রয়োজন আছে বলে আমি মনে করি। আজকে এই কথা আমি মনে করি না যে ভূমি রাজস্ব আইনের দ্বারা ভূমি সংস্কার আইনের বা স্টেট এ্যাকুইজিশন আইনের দ্বারা আমরা কোনও কোনও পরিবর্তন সৃষ্টি করিনি। বাংলাদেশে জমি সংক্রান্ত ব্যাপারে আমরা পরিবর্তন করেছি, সর্বত্র একটা পরিবর্তন সূচিত হয়েছে, এই কথা বললে ভুল বলা হবে। পুরানো যাঁরা সমস্ত তান্ত্রিক ব্যবস্থায় ছিলেন, তাঁরাই আজকে বাংলা দেশে পুরোন ভাবেই চলেছেন, কিন্তু তা নয় অবস্থার পরিবর্তন হয়েছে, সেই অবস্থার পরিবর্তন হয়ে কার কাছে গেছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি লক্ষ্য করে থাকেন, তাহলে আমি মনে করি যে আজকে আমরা যে পরিবর্তন সৃষ্টি করেছি, তার দ্বারা একটা মাঝখানের নূতন শ্রেণীকে বিশেষ করে শক্তিশালী করবার চেষ্টা করছেন। যাদের আপনি ধনী কৃষক বলতে পারেন, যাদের আপনি মধ্যবিত্ত বুদ্ধিজীবিরই একটা অংশ বলতে পারেন। এই রকম ধরণের লোক যারা তাঁরাই আমাদের ভূমি সংস্কারের মূল ফল পেয়েছেন। পুরানো জমিদারী ব্যবস্থা থেকে মুক্ত হয়েছেন এবং আজকে এঁরাই হচেছন মাঝখানের যে অবস্থা তারাই ভূমির উপর সবচেয়ে শক্তিশালী হয়ে বসে আছে, আজকে আমাদের ভূমিসংস্কারের যে ব্যবস্থা তার পূর্ণ সুযোগ এই শ্রেণী নিচেছ, ধনী কৃষক শ্রেণী তারা নিচেছ এবং গ্রাম্য মধ্যবিত্ত শ্রেণীর তারা নিচেছ। এরা আজকে নূতন করে ভারতের অর্থনীতিতে যে ইনফ্লেশন বা মুদ্রাস্ফীতি চালাতে পারছে যে মূল্যবৃদ্ধির ব্যবস্থা চলছে তার সুযোগ নিয়ে এই শ্রেণী জমির উপর বিশেষ করে ঝাপিয়ে পড়েছে। শুধু জমির উপরই নয়, ফসলের উপর এবং খাদ্যের উপরও। এই অবস্থায় আমাদের সরকার ভূমিসংস্কার আইনের মধ্য দিয়ে তার মূল সুযোগ এই শ্রেণীর হাতে তুলে দিয়েছে। খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মাঝে মাঝে বলে থাকেন যে চাষীরা ধান ধরে রাখে। আমি জানি যে গ্রামের যারা ক্ষুদ্র চাষী, মধ্য চাষী, তাদের পক্ষে ধান বেঁধে রাখা সম্ভব নয়। তাদের ফাল্গুন, চৈত্র মাসের মধ্যে ধান বিক্রি করতে হয়, ফসল বিক্রি করতে হয়, আলু ওঠার সঙ্গে সঙ্গে আলু বিক্রি করতে হয়। কিন্তু ধরে রাখার লোক আছে, তাদের আমরাই সৃষ্টি করছি। বর্তমান আমাদের শাসক মন্ত্রীরা সেই শক্তিকে আরও শক্তিশালী করছে, কারণ শাসক শ্রেণী আজকে ওদের উপর, নির্ভরশীল। এই শ্রেণীর উপর তাঁদের ভোট নির্ভর করে সেই জন্যই তাদের সরকার তৈরী করেছেন কিন্তু একটা ভয়াবহ অবস্থা তাঁরা নিজেরাই সৃষ্টি করে আজকে নিজেরাই আতঙ্কিত হচেছন। যখন মুখ্যমন্ত্রী ধান ধরার জন্য গ্রামে যান, লেভী করেন কিম্বা আজকে যখন প্যাডি কনট্রোল অর্ডার দেন তখনই সেই আতঙ্কের পরিচয়টা পাওয়া যায়। তারা সেখানে এখন যথেষ্ট

শক্তি সঞ্চয় করেছে, করে তারা খাদ্য ধরে রেখেছে, মুখ্যমন্ত্রী তাদের প্যাডি কণ্ট্রোল অর্ডার দিয়ে ধরবার চেষ্টা করছেন না। আমাদের জমি সংক্রান্ত, ভূমি সংক্রান্ত সব ব্যবস্থা, আমাদের সমবায় নীতি আমাদের পঞ্চায়েৎ নীতি সব নীতিই সামগ্রিকভাবে এই শ্রেণীকে শক্তিশালী করছে। এই শ্রেণীগুলি গ্রামের গরীবকে উৎপীড়ন করছে, ফসল ধরে রাখছে, নিজেরা ডিক্টেট করছে। সত্যিকথা আগের যুগে এদের এত ক্ষমতা ছিল না। আগের যুগে শহরের মিডলম্যানদের উপর তারা সম্পূর্ণভাবে নির্ভরশীল ছিল। আগের দিনে সম্পূর্ণভাবে ঐ ফসলের উপর, বাজারের উপর নির্ভরশীল ছিল, কিন্তু আজকে তারা বুঝেছে যে অবস্থাটা তাদের অনুকূলে গেছে এবং তারা কণ্ট্রোল করতে পারছে, তারা ডিক্টেট করতে পারছে তারা খানিকটা দর তুলতে পারছে কিন্তু আসলে মজুর যারা, যারা প্রকৃত উৎপাদক সব দিক থেকে বঞ্চিত হচ্ছে। তারা মূল্যের সুবিধাটা সবদিক থেকে পেতে পারছে না। এর ফলে তাদের অবস্থা আজকে আরও সঙ্গিন হয়ে দাঁড়িয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামের গরীব মানুষেরা ক্ষেত মজুর বলুন, মধ্যচাষী বলুন, তারা অনেক জিনিষে উপস্বত্ব ভোগ করছে গ্রামে জমিদারী আমলেও যেমন ধরুন গ্রামের ডিপ্রেসড ক্লাস-এর মেয়েরা, ফাল্গুন, চৈত্র মাসে কোনো জমিতে বা পুকুরে গিয়ে মাছ ধরে মাছ বিক্রি করতো, এতে তাদের কিছু উপার্জন হতো। কিন্তু আজকে তাদের সে উপায়ও নেই। আজকে তাদের কেউ আর মাছ ধরতে দেয় না। ইকনমিক ডেভলপমেণ্ট-এর ফলে, অর্থনীতি প্রয়োগের ফলে যে অবস্থা দেখা দিয়েছে, যেটুকু মাছ বিক্রি করলে পয়সা পায় বলে, কেউ আর মাছ ধরতে দেয় না। এই রকম ভাবে গ্রামের ফল পাকুড় গ্রামের মানুষের সাধারণ ভাবে একটা অধিকার থাকতো, তাল গাছে খেজুর বা তালের পাতা বিক্রি করতো, এই ভাবে তারা একটা আয়ের পথ করে নিত কিন্তু আজকে তাও হবার উপায় নেই। গ্রামের লোকেরা আর বুঝতে পেরে সেটা নিতে দেয় না নিজেরাই বিক্রি করে। আগে সাধারণ মানুষ সাধারণ কৃষকরা চেয়ে থাকতো তাদের জীবনের দিকে, তার থেকেও তারা আজকে বঞ্চিত হচ্ছে। এদিকে আমাদের দৃষ্টি দিতে হয়, রাজস্ব বিভাগে দৃষ্টি দিতে হয়, কৃষি বিভাগকে দৃষ্টি দিতে হয়। কারণ নূতন অবস্থার সৃষ্টি হয়েছে, সে অবস্থা আমরাই তৈরী করেছি, ইনফ্লেশন মানি ইকনমির মধ্য দিয়ে, জমির নতুন বণ্টনের মধ্য দিয়ে তাদের এই অবস্থার মধ্যে আমরা নিয়ে গেছি। আজকে তাদের গোচারণভূমি নেই, কবরস্থান নেই, শ্মশান নেই, আজকে গরুর খাদ্যের ব্যবস্থা নেই এইরকম একটা অবস্থা চলছে। বাংলাদেশের এক একটি গ্রামে—যেমন ধরুন মেমারী ষ্টেশন থেকে মন্তেশ্বরের অজ পল্লীগ্রামে চলে যান, ১৮ মাইল থেকে ২২ মাইল দূরে গ্রামের মধ্যে হাজার দেড় হাজার টাকা কাঠা জমি বিক্রি হচ্ছে। সাধারণ গরীব মানুষ তাদের যদি একটা জমি কিনতে হয় গৃহ নির্ম্মাণ করবার জন্য, তা তারা ইচ্ছা থাকলেও করতে পারছে না। শুধু যে শহরের মানুষের গৃহ সমস্যা দেখা দিয়েছে, তা নয়, গ্রামের গরীব মানুষ বিশেষ করে ডিপ্রেসড ক্লাস-এর মধ্যে গৃহ সমস্যা দেখা দিয়েছে, মাটির সমস্যা দেখা দিয়েছে, মাটি পায় না, এই রকম অবস্থা আপনারা তৈরী করছেন এদিকে দৃষ্টি দেওয়া দরকার। আজকে জমি সমস্যার সমাধান হতে পারে না, কৃষিসমস্যার সমাধান হতে পারে না যদি নাকি আপনি সমবেতভাবে কমিউন সিস্টেম বা সংঘবদ্ধ ভাবে কৃষকদের জমিতে নিয়ে যেতে না পারেন তাহলে হবে না। আজকে যা আপনি করছেন, ল্যাণ্ড রিফরমস এর মধ্য দিয়ে যা করছেন, তা আপনি ধনী কৃষকদের শক্তিশালী করছেন। আপনি সেই বিত্ত শ্রেণীকে শক্তিশালী করছেন যাদের অর্থ আছে জমির উপর ক্যাপচার আছে, ফসলের উপর ক্যাপচার করতে পারবে ফসলকে দামে ডিক্টেট করতে পারবে তাদেরকে শক্তিশালী করছেন। কিন্তু আজকে সমবেতভাবে কিছু না করতে পারলে, সমবায়ের ভেতর দিয়ে ব্যবস্থা করতে না পারলে আপনি যে সমবায় করেছেন, সেই সমবায়ের কথা বলছি না, কারণ সেই সমবায়ের ভিত্তি হচ্ছে ধনী কৃষকদের ভিত্তি করে। প্রকৃত পক্ষে দরিদ্র কৃষককে ভিত্তি করে যদি সমবায় ব্যবস্থার মধ্যে যেতে না পারি, আমাদের সমাজ যদি যেতে না পারে, তাহলে আজকে দেশের অবস্থা দ্রুতগতিতে এমন একটা জায়গায় এসে যাবে এমন একটা সংকট তীব্র আকার ধারণ করছে—যখন প্যাডি কণ্ট্রোল অর্ডার-এ ধান ধরবার চেষ্টা করছেন তখন বুঝতে পারছি যে শহরের গরীবকে এই দিয়ে খাওয়ানো যাবে না। তার হাতে রয়েছে ফসল তাকে আক্রমণ করতে হবে, আমি আর একদিকে দেখতে পাচ্ছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামের গরীব নিপীড়িত হচ্ছে, বঞ্চিত হচ্ছে তাদের এইরকম অবস্থা

চলছে। বর্দ্ধমান জেলায় ভাগচাষের অবস্থা আগে ভালই ছিল, এমন নিপীড়নমূলক—দক্ষি ২৪ পরগনা মেদিনীপুর বা অন্যান্য জায়গায় অপেক্ষাকৃত ভাল ছিল, সেখানে আজকাল নিয়ম হচে কি? তুমি আজকে যদি ১২ মণ ফসল দিতে পার, ৬ মণ ফসল দিতে পার, ৯ মণ ফস দিতে পার—উৎবন্দী বা সাঁজা প্রথা প্রচলিত হচেছ। আগে বর্দ্ধমান জেলা প্রচলিত ছিল।

[3—3-10 p.m.]

এদিকে যদি ভূমি বিভাগ দৃষ্টি না দেয় তাহলে আমি বলব ভূমি রাজস্বের মূল নীতি ব্য হয়ে যাচেছ। সাধারণ গরীব কৃষক মুক্তি বা রিলিফ চাচেছ, কিন্তু আপনারা তা দিতে পারছেন না। একদিকে ইনফ্ল্যাটেড ইকনমি এবং অন্য দিকে জিনিসপত্রের দর তাদে ধাক্কা দিচেছ এবং তার ফলে বড় বড় কৃষকের কাছে গিয়ে তারা কম দরে তাদে শ্রম বিক্রি করছে। এই হোল আজকের বাস্তব অবস্থা। স্যার, আজকের সমস্যা এই নয় যে সেই সামন্ত শ্রেণী আজও বেঁচে রয়েছে কিনা বা পুরাণ জমিদার শ্রেণী বেঁচে রয়েছে কিনা। আজকে সমস্যা হচেছ অনেকে বেনামীতে জমি রেখে দিয়েছে এবং ৫-এর "ক" ধারায় তা ধরতে পারছেন না। তবে এটাই বড় সমস্যা তা নয়, এর চেয়েও গুরুত আকারে নূতন সমস্যা যেটা দেখা দিয়েছে সেটা হচেছ চলতি বাজার দরের সুযোগ নিয়ে যাদের হাতে জমি তুলে দিয়েছেন, নূতন ব্যবস্থা করেছেন সেটা উৎপীড়নমূলক ব্যবস্থা হিসেবে দেখা যাচেছ। এই অবস্থায় সাধারণ কৃষক, গরীব কৃষক এবং বিশেষকরে যার ডিপ্রেসড ক্লাশ তারা আরও অসহায় নিপীড়িত হচেছ এবং কঠিনভাবে অনুভব করছে যে, তাদে ব্যারিয়াল গ্রাউণ্ডের জন্য ১ ছটাক জমি পাবার উপায় নেই বা একটি বড় পরিবার যদি আলাদ হয় তাহলে তাদের একটু আশ্রয় পাবার উপায় নেই। এই যখন বাস্তব অবস্থা তখন নূত দৃষ্টিভঙ্গী যদি না নেন তাহলে দেশের এই সমস্যার সমাধান হবে না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhakti Bhusan Mandal :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভূমি রাজস্ব এবং ভূমি সম্বন্ধে বলতে গিয়ে আমি শু এটকুই বলতে চাই যে, তিনি যে দাবী করেছেন বা চেয়েছেন সেটা আমি কোনরকমেই সমর্থ করতে পারি না এবং কেন যে পারি না তার কারণ হিসেবে কিছু বলতে চাই। আমরা এখানে বহুবার মন্ত্রী মহাশয়কে জানিয়েছি উনি যে জিনিস করতে চাচেছন সেটা সম্পূর্ণ ভুল এবং তারজন্য লোকের অত্যন্ত কষ্ট হচেছ। আমরা বারে বারে বলেছি ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস্ এ্যা এবং ওয়েস্ট বেঙ্গল এস্টেটস এ্যাকুইজিসন এ্যাক্ট-এর মাঝে মাঝে বা ২।৩ মাস অন্তর এইভাবে এ্যামেণ্ডমেণ্ট করলে হবে না। যদি কনসোলিডেটেড এ্যাক্ট না করেন তাহলে যে কাজে জন্য এই আইন প্রণয়ন করা হয়েছে সেটা সম্পূর্ণ ব্যর্থ হবে এবং তার ফল কংগ্রেস সরকারকে ভোগ করতে হবে। স্যার, আমরা জানি এই পৃথিবীতে যত কিছু বিপ্লব হয়েছে তার মূ ছিল ভূমির ক্ষুধা। যারা চাষ করে তারা যদি জমি না পায় তাহলে এমন একদিন আসবে যেদিন তারা এই শাসকশ্রেণী যারা এতদিন তাদের ধাপ্পা দিয়ে আটকে রেখেছে তাদে ধাক্কা দিয়ে গদিচ্যুত করতে পশ্চাৎপদ হবে না। আমি দেখাব কনসোলিডেটেড এ্যাক্ট ন করে যেসব জিনিস করেছেন তার ফল কি বিষময় হয়েছে। আপনারা যদি মানুষের অবস্থা ভাল করতে চান তাহলে আপনাদের কনসোলিডেটেড এ্যাক্ট করতে হবে, কারণ কতগুলি সমস্যা রয়েছে। যদিও আইনে বিবিবদ্ধ করা হয়েছে কিন্তু প্রত্যেক আইনে একটা ক লুপহোল রয়েছে। সিলিং কনসোলিডেসন অব হোল্ডিং, রেণ্ট, এভিকসন প্রভৃতি এই যে কতগুলি জিনিস আছে তাতে আমরা দেখছি প্রত্যেকটা জিনিষ তাঁরা একরূপ দেবার চেষ্টা করেছে কিন্তু অন্যরূপ হয়ে গেছে।

যেমন আমি সিলিং-এর কথা বলছি, সারা ভারতবর্ষে সিলিং-এর পরিপূরক হেড হিসা ব্যবহার করা হয়েছে, কিন্তু আমাদের বাংলাদেশে দেখা গেছে পার্সনাল ক্যাপাসিটি করে সি

করা হয়েছে, ফলে কি হচ্ছে? বেআইনী ট্রান্সফার মাসতুতো ভাই বোন, পিসতুতো ভাই বোন দুনিয়ার সমস্ত লোকের নামে বেআইনী ট্রান্সফার হয়ে গেছে, যার এক হাজার বিঘা জমি আছে, দু হাজার বিঘা জমি আছে তার ঠিক ঠিকই সে জমি থাকছে। এ বিষয়ে স্পেসিফিক ইনস্ট্যান্স বীরভূম জেলা থেকে দিয়েছি নাম করে দিয়েছি। তার মধ্যে যতদূর জানি মাত্র দুটি লোকের তদন্ত হয়েছে এবং তাদের কাছ থেকে একজনের কাছ থেকে পাওয়া গেছে ১০০ একর এবং আর একজনের কাছ থেকে পাওয়া গেছে ২০০ একর। আর ১২।১৪ জনের নাম দিয়ে ছিলাম কিন্তু যেহেতু তারা কংগ্রেসের সঙ্গে সংশ্লিষ্ট সেজন্য তাদের তদন্ত করা হয়নি উনি যদি জানতে চান তাহলে নামগুলি সব আমি দিয়ে দেব। তারপর দেখা যাচ্ছে সিলিং করেও জমি তাঁরা পাচ্ছেন না, ৬ লক্ষ একর জমি পাবার কথা ছিল, সেখানে মাত্র ২।৩ লক্ষ একর জমি পেয়েছেন। বাকী জমি নিশ্চয়ই বেনামী ট্রান্সফার হয়ে গেছে এবং তার সুযোগ দিচ্ছেন তাঁরা। একটা কথা—আমলনামা বেঙ্গল টেনান্সী এ্যাক্ট অনুযায়ী স্যাংশন নাই। যদি এটাকে ইল্লিগাল ডিক্লেরেশন করা হত এবং রেজিস্টার্ড ডকুমেণ্ট ছাড়া পাশ করতে পারবে না এরূপ হত তাহলে মেলাফাইডি ট্রান্সফার হতনা। এবং সে সম্বন্ধে মহলানবীশ কমিটি বলে গেছেন শুধু তাই নয়, এমেরিকা স্টাডি টিম এসেছিল তাঁরা বলে গেছেন মেলাফাইডি ট্রান্সফার ভারতবর্ষে এবং বাংলাদেশে বিশেষ করে অনেক আছে। আমি তাই বলতে চাই সিলিং-এর ব্যাপারটা চিন্তা করে দেখুন এবং দুখানা বই এক করে আইন প্রণয়ন করার চেষ্টা করুন, এজন্য বলছি ওয়েস্ট বেঙ্গল এস্টেটস্ অ্যাকুইজিসন এ্যাক্ট এণ্ড ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস য়্যাক্ট এই দুটি বই কনসোলিডেট করতে হবে। আমি বলছি ২০ একর জমি পার ফ্যামিলি করে দেওয়া হোক, আমি এটাই বলতে চাই যে পার ফ্যামিলি সিস্টেম সারা ভারতবর্ষের বহু জায়গায় আছে আপনি জানেন। ইউ পিতে আছে, বোম্বেতে আছ, আরও বহু জায়গায় আছে এবং আরও বহু জায়গায় সিলিং সিস্টেম পার ফ্যামিলি এডপ্ট করা হয়েছে, উড়িষ্যাতে আছে, এবং সেখানে স্ট্যাণ্ডার্ড একরের কথা আছে। এই স্ট্যাণ্ডার্ড একর যেখানে ইরিগেটেড জায়গা সেখানে স্ট্যাণ্ডার্ড একর কম এবং যেখানে ইরিগেটেড নয় সেখানে স্ট্যাণ্ডার্ড একর বেশী হবে, তারপর যেখানে ফার্টিলিটি থাকবে সেখানে স্ট্যাণ্ডার্ড একর কম হবে এবং যেখানে ফার্টিলিটি কম থাকবে সেখানে বেশী হবে। আমি বলছি সিলিং পার ফ্যামিলি করা হোক যেখানে সিলিং পার ক্যাপিটা চিন্তা করা হয় যেমন আর একটা জিনিষ করা হয়েছে, আমাদের বাংলাদেশে রাজস্বমন্ত্রী ব্যর্থ হয়েছেন আমারা আগে জানতাম বাংলাদেশ যা করে সারা ভারতবর্ষ সেটা গ্রহণ করে তার পরের দিন, কিন্তু আজকে সে জিনিষ উল্টো দাঁড়াচ্ছে কন্সলিডেশন অব হোল্ডিং সম্বন্ধে আপনারা নিশ্চয়ই জানেন বোম্বেতে এই কন্সলিডেশন অব হোল্ডিং প্রথম করা হয়েছে, ইউ পি-তে বিহারে ও অন্যান্য দেশে—কনসলিডেশন অব হোল্ডিং আইন পাশ হয়েছে কিন্তু বাংলাদেশে সেই আইন কেন পাশ হয়নি? ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টের সেকশন ৮-এ কনসলিডেশন অব হোল্ডিং হয়নি, তার কারণ বলছেন যদি কো-শেয়ার থাকে তাহলে আগে প্রেফারেন্স পাবে।

Shri A. K. M. Isahaque :

Sir, the Honourable Member is using the term consolidation of holding. We do not follow it, if he would kindly explain it we will be able to follow his lecture.

[3-10—3-20 p.m.]

Shri Bhakti Bhusan Mandal :

কন্সলিডেশনের মানে বুঝতে পাচ্ছেন না? ফ্রাগমেণ্টেশন যেন না হয় ভাঙ্গা যেন না হয়। সেক্সন ৮এ যে প্রবিশন রেখেছেন সে প্রবিশানে প্রেফারেন্স দেওয়া হয়েছে কো-শেয়ারারকে কাজেই কনসোলিডেশন অব হোল্ডিং-এর যে কাজ সে কাজ আসবেনা। শুধু তাই নয় ঐ আইনে আর একটা ডিফেক্ট হয়েছে সেটা প্রত্যেকেই যারা ওকালতি করেন তারা জানেন।

পজেসান একাবার ডেলির্ভাড হয়ে গেছে তার প্রিএমসান করবে তার প্রভিসান এটাতে লেখা নেই। এটা না থাকার জন্য রেভিনিউ অফিস পজেসান দিতে পারছে না। আপনি দয়া করে এই ক্ষমতাটা রেভিনিউ অফিস কে না দিয়ে মুনসিফকে দিন। মুনসিফ এ্যাপিলেট অথরিটি না করে রেভিনিউ অফিসার জজ সাহেবকে করুন কারণ রেভিনিউ অফিস-এ সব কিছু বোঝে না। বীরভূম জেলার কথা জানি এস ডি ও-র কাছে যতগুলি প্রিএমসন কেস ফাইল হয়েছে তার একটা কেসও এস ডি ও টাচ করেন নি এ সম্বন্ধে আশা করি বিবেচনা করবেন। আপনাদের প্রত্যেকটা জিনিষ সম্বন্ধে একই কথা। যেমন রেণ্ট-এর ব্যপারে আপনারা বার বার বলেছেন যে রেণ্টটা আমরা ইকুইটেবল বেসিসে করবো, কিন্তু এখনও পর্যন্ত দেখতে পাচ্ছি না কি ইকুইটেবিল বেসিসে করেছেন। আমাদের কমপ্লিট সাজেসান্স হচ্ছে যেটা এক-ফসলা জমি তার ১৫ বিঘা পর্যন্ত একজেমসান করুন এবং যেটা দো-ফসলা জমি তার ২ বিঘা পর্যন্ত একজেমসান করুন এবং সেগুলি আন ইকনমিক হোল্ডিং তার সবটা একজেমসান করুন। এই একজেমসান করার পর ইনকাম ট্যাক্সে যেমন গ্রেডেড সিস্টেম অব ট্যাক্সেসন আছে সেই গ্রেডেড সিস্টেম অব ট্যাক্সেসন অনুযায়ী আপনারা রেণ্টকে ট্যাক্স করুন তাহলেই গরীব চাষীরা এর সুবিধা পাবে। কিন্তু এখানে দেখছি আপনারা ফ্লাট সিস্টেমে করেছেন। এই ফ্লাট সিস্টেমে করার জন্য গরীব এবং বড়লোক ইকোয়ালী পেনালাইজড হচ্ছে এবং বেশীর ভাগ ক্ষেত্রে গরীবরা পেনালাইজড হচ্ছে, আর একটা হচ্ছে এভিকশন সম্পর্কে বলব আপনি ১৯৫১ সালে যখন মন্ত্রী ছিলেন না তখন এভিকশন-এর ব্যাপারে একটা গ্রাউণ্ড এভিকশনকে সম্পর্ণভাবে স্টপ করতে হবে কেবল একটা গ্রাউণ্ড-এ হবে সেটা হচ্ছে পারসোন্যাল কালটিভেশন-এ তখন বিমলবাবু মন্ত্রী ছিলেন আপনি নিজে এই কথা বলেছিলেন রেকর্ড আছে যে এত লোকের হার্ডসিপ যে এভিকশন হচ্ছে তা স্টপ করতে হবে এবং সমস্ত বর্গাদারদের এভিকশন স্টপ করতে হবে, তা না হলে লোকের কষ্ট হবে তখন একথা বলেছি যে লোক অনলি পারসোনাল গ্রাউণ্ডে পারসোনাল বোনাফাইড কালটিভেশন যদি হয় তা হলে তখন এভিকশন হতে পারবে না। আপনি ১৯৫১ সালের প্রোসিডিংস দেখুন তাতে এসব কথা আছে কিন্তু এখন হবে আরো কতকগুলি ধারা দিয়ে দিচ্ছেন যাতে তারা এভিকশন হয়ে যায় সেজন্য আমার বক্তব্য হচ্ছে যাতে কোন লোক এভিকটেড না হয় এটার দিকে লক্ষ্য রেখে একটু সেট করে রাখুন, এটা বর্গাদারদের তরফ থেকে এই বাজেটে কিছু নেই বলে আমি এই বাজেট সমর্থন করতে পারছি না।

Shri Sanat Kumar Raha :

মাননীয় অধ্যক্ষ মহাশয় ভূমি রাজস্বের যে আলোচনা হচ্ছে আমি তার বিরোধীতা করছি। কারণ ভূমিরাজস্ব বিভাগের ব্যর্থতাই যে শুধু ঘটেছে তা নয় বিরোধীতা করছি যে নীতি ভূমি রাজস্ব ক্ষেত্রে চালু করেছেন সে নীতি আমরা সমর্থন করতে পারি না। আমার মনে হয় বাংলাদেশে ভূমি রাজস্ব বিভাগ সামন্ততন্ত্র এবং পূঁজিবাদের সঙ্গে আপোষ করে সংমিশ্রণ নীতি হিসাবে মিশ্র নীতি চালু করেছেন যার ফলে আমাদের বাংলা দেশে সমস্ত ভূমি ব্যবস্থার মধ্যে সামন্ততন্ত্রকে বাঁচিয়ে রাখার চেষ্টা হচ্ছে। সঙ্গে সঙ্গে সে ভূমি ব্যবস্থার পাশাপাশি পুঁজি ব্যবস্থা কিভাবে কায়েম করা যায় তার ১৬ আনা ব্যবস্থাই আছে। এই অবস্থার মধ্যে আমরা মনে করি বাংলা দেশের ভূমি সংস্কার হওয়া যে ভাবে উচিত ছিল সেভাবে সংস্কার হয়নি বা সংস্কার হবার সম্ভাবনা নেই। আমরা কি ভাবে ভূমি সংস্কার চাই আমরা চাই কৃষকের সঙ্গে কৃষক বিপ্লব, জমি বিপ্লব এটা একটা ইতিহাসের চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ বাংলা দেশের সরকার গ্রহণ করতে রাজী নন। সারা ভারতবর্ষে নয় সারা পৃথিবীতে ইউ এন ও থার্ড রিপোর্ট-এ আমরা দেখেছি সারা বিশ্বে নব জাগরণ এসেছে, কৃষক বিপ্লব সংস্কারের দিকে, তার দিকে তাঁরা যেতে চান না। সারা ভারতবর্ষে বা বাংলা দেশে যে ভূমি সংস্কার নীতি চালু করেছেন সেটা মূলতঃ ভূমি সামন্ততন্ত্রবাদকে কিছুটা খর্ব করে। সেই সামন্ততন্ত্রবাদকে খর্ব করার জন্য পুজিবাদীর স্বার্থে ভূমি নীতি পরিচালনা করা হচ্ছে ভূমি সামন্তবাদ এবং পুজিবাদ পাশাপাশি বেড়ে চলেছে। কৃষকদের স্বার্থ রক্ষা হচ্ছে না এবং গ্রামে পল্লীজীবনে মানুষকে প্রায় অন্ধকারে রাখা হয়েছে। আমি কয়েকটা দৃষ্টান্ত দিতে চাই আমরা দেখেছি মহালনবীশ কমিটির যে রিপোর্ট তাতে তিনি বলেছেন ইট ইজ বোগাস ক্যারেকটার অব ল্যাণ্ড রিফর্ম। মন্ত্রি মহাশয় বলেছেন ১৯৫৩-৫৪ সালে ১০ পারসেণ্ট যেখানে ৫৮ পারসেণ্ট জমির মালিক ছিল সেখানে ১৯৬০-৬১, তে ১০

পারসেণ্ট—৫৬ পারসেণ্ট জমির মালিক। তাহলে তফাৎ কোথায়? শতকরা ১০ জন জমির মালিক ছিল শতকরা ১৮ ভাগ সেই শতকরা ১০ জন তার শতকরা ৫৬ ভাগ মালিক যাতে ভূমি সংস্কার হয়ে লক্ষ লক্ষ একর জমি যে আপনারা পেলেন সে জমিগুলি কোথায় গেল। এখানে মন্ত্রি মহাশয় বললেন কত অকৃষি জমি দখল করতে পেরেছেন কত কৃষি জমি দখল করেছেন কিন্তু কত বণ্টন করেছেন সে রিপোর্ট নেই। বণ্টন যা করা হয়েছে ক্ষেত মজুরদের সাথে কতটুকুন করা হয়েছে সে রিপোর্ট ও নেই। বড় বড় ধনী চাষীরা কতটা পেয়েছে সে রিপোর্ট নেই। কাজেই ভূমি রাজস্ব বিভাগের কোন তথ্যই আমরা বাইরে থেকে পাই না। যার ফলে রাজস্ব বিভাগের সমালোচনা সুযোগ সুষ্ঠুভাবে হয় না। আমি বলতে চাই এই যে ভূমি সংস্কার আইন পাশ হল ল্যাণ্ড রিফর্মস আইন পাশ হল তার ফলে আমরা দেখছি ফোথ মেমোরেণ্ডাম-এ আপনারা লিখেছেন একটা হাই লেবেল কমিটি তৈরী হবে ভূমি সংস্কারকে আরো ভাল ভাবে চালাবার জন্য। সেকেণ্ড ফাইভ-ইয়ারস প্লান শেষ হবার পর প্লানিং কমিশন বলছেন, কৃষি জোতের সর্বোচ্চ সীমা নির্দ্ধারণ একথা বলা অন্যায় হবে না সম্প্রতি কয়েক বৎসর ধরে জমি হস্তান্তরের ফলে সর্বোচ্চ সীমা নির্দ্ধারণ আইনে উদ্দেশ্য ব্যর্থ হতে চলেছে। এসব বহু কথা ঐ ১৩।১৪ দুই পাতাই রয়েছে। তারা পরিষ্কার নির্দেশ দিয়েছেন যে অনেক জমি ফাঁকি রেখে জোতদারেরা চলে যাচ্ছে। বাংলাদেশে এরূপ যেখানে ৪০ হাজার আছে সেই ৪০ হাজার যেখানে না না দেশের পল্লী জীবনে সংস্কার হতো সেখানে জোতদার যাদের পক্ষে কংগ্রেস পার্টি এবং সরকার আছেন তাদের দ্বারা কিছু করা সম্ভব নয়, তাদেরই হাতে জে এল আর ও অফিস তাদেরই হাতে তহশীলদার এবং তাদেরই হাতে পিওন, অর্থাৎ তাদেরই হাতে ভূমি রাজস্ব বিভাগের প্রশাসনিক দপ্তর নির্ভর করছে। এসব জোতদার যে কতজমি ফাঁকি দিয়ে রেখেছে তার মোটামুটি হিসেব নিলে দেখছি যে পরিবার পিছু যদি সিলিং বাঁধা না যায় তাহলে এক একটা পরিবার গড়ে ১ হাজার বিঘা জমির মালিক থেকে পল্লী বাংলাকে শোষন করে যাচ্ছে এই শক্তিকে যদি ভাঙ্গতে পারা না যায় তাহলে খাদ্য সমস্যার সমাধান চোরা কারবারী ও জিনিষপত্রের দাম বাঁধা হোর্ডিং, ব্ল্যাক মার্কেটিং এসব কিছু আটকাতে পারবেন না। ভূমি সংস্কারের সঙ্গে কৃষি। কৃষির সঙ্গে উন্নয়ন, উন্নয়নের সঙ্গে জমির ফলন তার সংগে সম্পর্ক হচ্ছে মানুষের জীবনের সম্পর্ক বলে আমি বিশ্বাস করি। বাংলা দেশ এবং ভারতবর্ষ কৃষি প্রধান দেশ এই দেশ পশ্চাৎপদ দেশ। এদেশের উন্নতি সর্বতোভাবে নির্ভর করে যদি ভূমি সংস্কার ঠিক ঠিক ভাবে হয়। আমি এক্ষেত্রে কয়েকটা দৃষ্টান্ত দিতে চাই যেমন ধরুণ পোলাণ্ড, যুগোশ্লোভাকিয়া ইত্যাদি সমস্ত সামন্ততান্ত্রিক রাষ্ট্রে সেখানে যে কারাদায় ভূমি সংস্কার হয়েছে তা আমি আশা করি না, সিংহল উত্তর ভিয়েৎনাম ইত্যাদি জায়গায় যে ভাবে ভূমি সংস্কার হয়েছে, সমগ্র আরব রাজ্যে দ্বিতীয় পর্য্যায়ের শেষে ও তৃতীয় পর্য্যায়ে যেভাবে ভূমি সংস্কার হয়েছে এবং ইরাক, ইরাণ ঘানা ইত্যাদি জায়গায় যেভাবে ভূমি সংস্কার হয়েছে আমাদের ভূমি রাজস্ব দপ্তর সে ভাবে করতে পারবেন বলে আমরা আশা করি না।

[3-20—3-30 p.m.]

এস্টেটস এ্যাকুইজিসান এ্যাক্ট, ১৯৫৩ সালে পাশ হয়ে গেল। সেই এ্যাক্টকে ফাঁকি দিয়ে যেভাবে সিলিং বজায় রাখা হয়েছে তাতে কনসেণ্ট্রেসান অব ল্যাণ্ড হচ্ছে। আমার মনে হয় মাথাপিছু সিলিং করার ব্যবস্থা হওয়ার ফলে যেমন পরিবার পিছু ১ হাজার ১।। হাজার বিঘা জমি লুকান আছে ঠিক তেমনি দেখা যাবে যদি পরিবার পিছু সিলিং না করা যায় তাহলে কনসেনট্রেসান অব ল্যাণ্ডকে ঠেকান যাবে না। সেজন্য প্রশান্ত মহলানবীশ রিপোর্টে দেখা যায় যে ১০ পারসেণ্ট হোল্ডিং ছিল এককালে ৫৮ ভাগ জমির মালিক তারাই আজকে ৫৬ ভাগ জমির মালিক। মহাত্মা গান্ধী ১৯৩০ সালে ১১ দফা কর্মসূচিতে বলেছিলেন যে দেশ স্বাধীন হবার পর সর্বপ্রথম আমাদের কাজ হবে কৃষকদের ঋণ থেকে মুক্ত করা, তাদের খাজনা শতকরা ৫০ ভাগ হ্রাস করা। সামন্তবাদ উচ্ছেদ মানে আমরা এটা বুঝি খাজনা প্রথা রোধ করতে হবে, বর্গাচাষ প্রথা চলে যাবে। প্রত্যেক চাষী স্বত্ববান হবে এবং ভূমি কৃষকদের মধ্যে বিলি হবে। তার ফলে সামন্তবাদ বিলুপ্ত হবার সম্ভাবনা থাকবে। কিন্তু সামন্তবাদকে বাঁচিয়ে রাখা তো হলই, মহাত্মা গান্ধী তৎকালীন যুগে যে কর্মসূচি দিয়ে ছিলেন তার পরবর্তী কালে করাচী কংগ্রেসে যে প্রস্তাব গৃহীত হয় কংগ্রেস সরকার তার ধারে কাছেও যান নি। কৃষকের খাজনা শতকরা

৫০ ভাগ হ্রাস করা দূরের কথা যারা গরীব কৃষক খেতে পায় না তাদের ১ বিঘা জমির যে হারে খাজনা দিতে হবে একজন লোক যার হাজার বিঘা জমি তাকেও সেই একই হারে খাজনা দিতে হবে। এ কোন নীতি? কাজেই কংগ্রেসের যে আদর্শ ছিল সেই আদর্শ থেকে সরকার বিচ্যুত হয়ে গিয়ে যে অবস্থায় ভূমি সংস্কার করছেন সেটা কৃষকের স্বার্থে নয়, ক্ষেত মজুরের স্বার্থে নয়, সেটা মূলতঃ জোতদার এবং ধনী চাষীর স্বার্থে। আমাদের দেশে বর্গাচাষীর কয়েকটা দৃষ্টান্ত দেই। জলপাইগুড়ি জেলার ৪৬ ভাগ চাষী এখনও বর্গাচাষী, মেদিনীপুরের ৩৬ ভাগ চাষী বর্গাচাষী, মুর্শিদাবাদের ৩১ ভাগ চাষী বর্গাচাষী। এই যে ৩৫ লক্ষ বর্গাচাষী বর্গাচাষ করে আসছে এদের কোন ভবিষ্যত নেই, তাদের স্বত্ব নেই, বর্গা থেকে উচ্ছেদ যত্র তত্র যেন তেন প্রকারেণ হচ্ছে। এর বিরুদ্ধে কোন আইন নেই। বর্গাচাষীকে উচ্ছেদ করার জন্য যেসব কথা আমরা বলি সেইসব কথা তাঁরা আজ পর্যন্ত চালু করেননি—যেমন নিজের খামারে ধান তোলা, বর্গা মামলা নিষ্পত্তি করা, রসিদ দিয়ে জমিদারদের ধান নিতে হবে তার ব্যবস্থা করা, বর্গা চাষীকে স্বত্ব দেওয়া বড় বড় খামারে যে বর্গাচাষী হাজার হাজার বিঘা জমি চাষ করে বর্গা প্রথায় তাদের স্বত্ব হবে না কেন? চিরকাল অস্থায়ী জমিদার যারা আছে, যারা জমিতে চাষের উদ্যোগ নেয় না, চিরকাল বিদেশে পড়ে থাকে, সেইসব জমিতে যারা বর্গা চাষ করে থাকে তাদের কেন স্বত্ব দেওয়া হবে না? এই সব কথা আমরা নানা বার বলেছি; কিন্তু শোনা হবে না। সার্কেল কমিটি করেছেন ভূমি সংস্কারের জন্য। সার্কেল কমিটি মানে যারা অঞ্চল প্রধান অর্থাৎ সেখানকার স্থানীয় ধনী চাষী, জোতদার যারা তারা এবং এর সঙ্গে সঙ্গে জে. এল. আর. ও. এবং এস. এল. আর. ও. এরা সবাই মিলে ভূমি সংস্কার করবেন। তার মানে যারা আমাদের দেশের ভক্ষক যারা খাবার জন্য প্রস্তুত হয়ে আছে কৃষকের জমি তাদের হাতে কৃষককে জমি দেওয়ার ভার দেওয়া হয়েছে। স্বভাবতঃই সরকার এই যে সার্কেল কমিটি করেছেন এই কমিটি ব্যর্থ হয়েছে। শুধু ব্যর্থ নয়, এমন ব্যবস্থা করা হয়েছে যাতে কৃষক জমি না পায়। আমরা জানি ১ লক্ষ ৭৮ হাজার ৬৪৩টি মেলাফাইডি কেস আছে। যেভাবে ভূমি সংস্কার করা হচ্ছে তাতে একদিকে সিলিং ফাঁকি দেওয়ার ফলে ব্যক্তিগতভাবে ৭৫ বিঘা করে জমি রাখার ফলে যেমন কনসেণ্ট্রেসান অব ল্যাণ্ড হচ্ছে তেমনি আইনের জটিলতার সুযোগ নিয়ে মেলাফাইডি কেস বেশী হচ্ছে। এই মেলাফাইডি কেসের বিরুদ্ধে সরকার লড়ে না। আমি দৃষ্টান্ত দিয়েছি এবং ফল কিছুটা পাওয়া গেছে। এইভাবে তাঁরা মেলাফাইডি কেসের বিরুদ্ধে লড়তে গিয়ে জে. এল. আর. ও. অফিস যেভাবে জোতদারদের সঙ্গে কনাইভ্যান্স করে তাতে গভর্নমেণ্ট মামলায় হেরে যায়, মামলা লড়াই হয় না, জোতদাররা মামলায় জেতে। এর অনেক দৃষ্টান্ত আমার কাছে আছে। তাই এই প্রসঙ্গে আমি বলতে চাই সরকারের ভূমি সংস্কারের নীতি হচ্ছে এই—চোরকে বলবেন চুরি কর আর গৃহস্থকে বলবেন সাবধান হও। শ্যামাদাসবাবু সেদিন বললেন যে সিলিং ফাঁকি দেওয়া, দুর্নীতি ধরবার জন্য আমাদের কোন সংস্থা নেই, আপনারা দেখিয়ে দিন আমরা ধরব। আবার তিনি জমিদারদের, জোতদারদের, ধনী চাষীদের বলবেন যে তোমারা চাষীকে মেরে ঠকিয়ে জমির মালিক হও, কনসেণ্ট্রেসান অব ল্যাণ্ড হোক অর্থাৎ চোরকে বলবে চুরি করতে আর গৃহস্থকে বলবেন সাবধান হতে। সরকার আছে কেন?

ঠুঁটো জগন্নাথ সরকার ভূমি রাজস্ব দপ্তর নিয়ে বসে আছেন। এই দপ্তরের টপ টু বটম প্রত্যেক জায়গায় ঘুন ধরেছে, প্রত্যেক জায়গায় দুর্নীতিতে ভরা। এক কোয়েশ্চেন-এর দশ বারো দিনেও অ্যানসার আসে না। আজও তার উত্তর পেলাম না। আমি শ্যামাদাসবাবুকে জিজ্ঞাসা করেছিলাম আপনি কত বিঘা জমি বণ্টন করেছেন তার রিপোর্ট দিন। তার উত্তর এল না, তাঁরা উত্তর দেন নাই। চমৎকার দপ্তর। এই দপ্তর নিয়ে সতের বছর ধরে আমরা ভুগছি। এই দপ্তরের—দুর্নীতির সীমা নাই। আমি বলবো গায়ের তহশীলদার থেকে আরম্ভ করে পিওন পর্যন্ত সবাই এরা দুর্নীতিপরায়ণ হয়ে আছে। আমি জানি মুর্শিদাবাদ স্টেট রাষ্ট্রায়ত্ত গভর্নমেণ্টের নিয়ন্ত্রণাধীনে এসেছে। সেই স্টেট মাসের পর মাস ভাড়া নেওয়া হচ্ছে না। ঐ রায়তদের উচ্ছেদ করবার জন্য প্রিন্স কাজেমালী মির্জার এলাকাতে লালবাগে ব্যবস্থা করা হচ্ছে। ঠিক তেমনি ১২ লক্ষ একর জমি আমাদের দেশে পতিত হয়ে পড়ে আছে। অথচ বাংলাদেশে শুনি জমি এত কম, লোক-সংখ্যা এত বেশী যে চাষ করবার জায়গা নাই। তৎসত্ত্বেও বার লক্ষ একর জমি পতিত পড়ে

আছে লালবাগ এলাকায়। আমি দেখিয়ে দেব—ভগবানগোলায়, লালগোলায় ও আরো অন্যান্য এলাকায় বহরমপুর তেমনি, রাজীবপুর কত জমি পতিত পড়ে আছে, সংস্কার করা হয় নাই। আমি মুখ্যমন্ত্রীকে বলেছিলাম এত জমি পতিত পড়ে আছে, তা নিয়ে এসে ট্রাক্টর দিয়ে চাষ করাচ্ছেন না কেন? উনি নিরুপায়, কৃষি বিভাগ নিরুপায় স্মরজিৎবাবুও নিরুপায় ভূমি রাজস্ব বিভাগ, ভূমি সংস্কার বিভাগ নিরুপায় তাঁরা বলেন ট্রাক্টরের বাজনা যদি পাকিস্তান শোনে, তাহলে হয়ত আক্রমণ করে বসবে। কাজেই ও জমি খাক পড়ে, আমরা চাষ করবো না, আবাদ করবো না। লজ্জার কথা। এই অপদার্থ সরকার, ব্যর্থ সরকার, পঙ্গু সরকার, মাজাভাঙ্গা এই সরকারের দ্বারা বাংলা দেশের ভূমি সংস্কার হতে পারে না—এ আমরা বারবার দেখছি। তাই আমি বলি—সরকার শুধু ভূমি সংস্কারে ব্যর্থ হয়েছে তা নয়, এদের ইচ্ছা নাই করবার, এরা জোতদারদের চর-অনুচর, গ্রামের বড় বড় ধনিক চাষীদের দালাল এই সরকারের ওপর তলায় বসে আছে—এমন নীতি চালু করে যে কখনো ভূমি সংস্কার হবে না। গ্রামের ঐ বড় বড় মোটামোটা লোক কংগ্রেস পার্টির সাথে থাকবে গ্রামের হোর্ডায় চিরকাল তাদের হাতে থাকবে। এই দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের সরকারের ভূমি রাজস্ব বিভাগ চলছে। আমাদের বাংলাদেশে ৬ কোটি ৭ কোটি টাকা তুলছে এই ভূমি রাজস্ব বিভাগ। তহশীলদার পিওন মহাশয়রা প্রায় ৯ হাজার সেটেলমেণ্ট কর্মচারী পরিশ্রম করে এটা তৈরী করেছে। এই দপ্তরে দুর্নীতি আছে আমরা জানি। কিন্তু দুর্নীতি সবচেয়ে বেশি কঠিন বোঝা হয়েও দুর্নীতির সুযোগ পায় না যারা, জীবনে তারা বঞ্চিত আর—দুর্নীতির সুযোগ যারা পায় তারা বড় বড় রাঘব বোয়ালদের সঙ্গে তাদের যোগ থাকে। আর তলাকার যারা, দুর্নীতি করার সুযোগ কেউ পায়, কেউ পায় না এই রকম বঞ্চিত সর্বহারা লোক যারা আছে, সেই তহশীলদার, পিওনদের বেলায় হয়েছে কী? তোমাদের ২৭৲ টাকা মাইনে, যেমন করে পারো লুটে পুটে খাও গিয়ে। তোমরা চার মাসের মোহরার পিওন, তোমরা বারোমাস চাকরী পাবে না। তোমরা এর মধ্যে যত পারো লুট পাট করে নাও। এই নির্দেশের ফলে যারা ৬ কোটি টাকা তুলে দেয় তহশীলদাররা,—৬ হাজার তহশীলদার,—যে ৯ হাজার সেটেলমেণ্ট কর্মচারী সেই দপ্তরে টাকা গুলি বহন করে নিয়ে এসে দপ্তরকে তৈরী করে রেখেছে তাদের ভাগ্যের আজকে বিড়ম্বনা। তারা আজ ছাটাই-এর সম্মুখীন। তাদের চাকরীর নিরাপত্তা নাই। সতের টাকা মাইনে, সামান্য কমিশন। তোমরা যে রকম করে পার খাও, দুর্নীতি কর। আর অন্য কোন ব্যবস্থা নাই। একটা তহশীলদার টাকা তুলবে টাকা রাখবার জায়গার ব্যবস্থা নাই। একটা অফিস নাই। একটা চৌকি নাই, বাক্স নাই, সেই টাকা গার্ড দেবার কোন লোক নাই। টাকা বয়ে নেবার কোন লোক নাই।

আর দু-একটা কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। সেটা হচ্ছে এই ভূমিরাজস্ব বিভাগের আইনে লেখা আছে ৬ বিঘা জমির মালিক যদি কেউ হয়, আমরা তাকে আর নূতন করে কোন ভূমি দেব না। আমি একটা দৃষ্টান্ত দিয়ে বলছি যে আমার জেলায় ৬ বিঘার উপর জমির মালিককে সরকারের ন্যস্ত জমি দেওয়া হয় এবং ৬ বিঘার নীচের লোককে দেওয়া হয় না—এটাই রেওয়াজ। আইন যা বলে, তার উল্টোটা করা হয়। প্ল্যানিং কমিশন যা বলেছেন তার উল্টোটা করা হচ্ছে। সিলিং ফাঁকি দেওয়ার বিরুদ্ধে প্লানিং কমিশন যে নির্দেশ দিয়েছেন, তা করা হয়নি। এমন কি কেরালায় যেটুকু করা হয়েছিল, তাও হয় নাই। শুধু তাই নয় আরো বলতে চাই অ্যাডমিনিস্ট্রেশনে দেখছি ১৯৬১-৬২ সালে খরচ হচ্ছে ৪৪ লক্ষ টাকা, আর ১৯৬৫-৬৬ সালে খরচ হয়েছে ৬৭.৬২ লক্ষ টাকা অর্থাৎ ৫০ পারসেণ্ট অ্যাডমিনিস্ট্রেশন-এ খরচ বেড়েছে বেশী। অর্থাৎ ৫ বছরে ৫০ ভাগ খরচ বেড়ে গেল। আর দুর্নীতির ফলে কতটাকা দেশের লোকের মারা হয়েছে তার ঠিক নাই। তথাপি সার্ভে সেটেলমেণ্ট রেকর্ড কমপ্লিট হয় না, ক্ষুদ্র ক্ষুদ্র জমিদাররা তাদের কমপেনসেশন পায় না ১০ টাকা ৫০ টাকা কমপেনসেশন পেতে তিন চার দিন হয়রানি হতে হয়। একথা আমরা বহুবার বলেছি। অ্যানুইটি যা প্রাপ্য তা লোকে পায় না এবং ছোট ছোট জমিদাররা এই ক্ষতি পুরণ না পাওয়ার দরুণ তাদের জীবনে যে ভীষণ দুর্বিসহ বেদনা নেমে এসেছে একথা চিন্তা করবার সুযোগ সরকারের আছে কিনা আমি জানি না। লক্ষ বড় বড় জমিদারদের আপনারা এখনো রেকর্ড করতে পারেন নি। কিন্তু যে ১৭ লক্ষ জমিদারদের রেকর্ড করেছেন, তাদের ক্ষতিপূরণের টাকা কি নাগাদ পাবেন সেটা আমি জানতে চাই।

[3-30—3-40 p.m.]

সর্বশেষ আমার দাবী হচ্ছে ভূমি সংস্কারের নীতি আনইকনমিক হোল্ডিং অর্থাৎ ৬ বিঘা জ
মালিক কি ১৫ বিঘা জমির মালিক একটা নিম্নতম ধার্য খাজনা রেহাই দেওয়া হোক এইদ
অনেক দিনের ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে থেকে চলে আসছে। এই দাবী আপনারা মা
এবং রাজস্ব উপর তলার লোকদের কিছু বাড়িয়ে নিচের তলার লোকদের কমিয়ে দেওয়া যে
পারে। আর পারিবারিকভাবে শিলিং বাঁধা হোক—ব্যক্তিগত সিলিং না তাতে কনসোলিডে
অব ল্যাণ্ড ব্যহত হবে এটা আমি মনে করি।

Shri Ananga Mohan Das :

মাননীয় সভাপাল মহাশয়, আমি আজকে মাননীয় রাজস্ব মন্ত্রী যে বাজেট উৎথাপন করেে
তাকে সমর্থন করতে উঠে দু একটা কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই যে, ‹
বিভাগ হচ্ছে একটা আয়ের বিভাগ। গভর্ণমেণ্টে যে সকল বিভাগে আয় হচ্ছে ল্যাণ্ড রি
তাহাদের একটি, এর দ্বারা এই যে খরচ বরাদ্দ হয়েছে সেখানেও এটা আয় করার জন্য ব্যব
করা হয়েছে। এখানে আমি দেখতে পাচ্ছি খাজনা আদায় সংক্রান্ত ব্যাপারে একটু অসুবি
আছে। এই বিষয়ে আমি কয়েকটি জিনিসের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি
গত ১৯৬২-৬৩ সালে প্রায় ৭ কোটি টাকার মত খাজনা আদায় হোল আর তার পরের ব
এক কোটি টাকা কম আদায় হোল—এটা কি করে কম হোল তা আমি বুঝতে পা
না। যদি জানতাম যে বন্যা হওয়ার জন্য চাষীদের খাজনা ছাড় দেবার জন্য আদায় ব
হয়েছে তাহলে না হয় বুঝতাম। কিন্তু সে কথা মন্ত্রী মহাশয় আমাদের বলেন নি। আম
জানতে চাই প্রতি বছর আমাদের ডিমাণ্ড কত এবং আমাদের রাজস্ব ঠিক যদি পুরো আদ
হোত তাহলে কতটা আদায় হোত অর্থাৎ কতটা আদায় হোল কতটা পরিমাণ রেহাই দেওয়া হো
এবং তারপর আমাদের যেটা বাকী রয়ে গেল সেটা কত জানতে চাই। এই ধরণের হিসা
আমরা বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি না। আমি এটুকু অনুরোধ করতে পারি মন্ত্রী মহাশয়ে
কাছে যে যখন তিনি বাজেট ফিগার দিলেন তখন তিনি এই সব উল্লেখ করেন নি কেন
তার পর খাজনা আদায়ের জন্য বলা হচ্ছে যে বহু টাকা খরচ হচ্ছে। কিন্তু খাজনা আদায়ে
কাজে ফিল্ড ওয়ার্কার যারা সেই তহশিলদার বা তার পিওন তাদের বেতনের কেন উন্নি
হয়নি? একটি তহশীলদার মাসে মাত্র ২৭ টাকা ভাতা পান অবশ্য তাকে আমাদের আদায়ে
উপর কমিশন দেওয়া হয় সত্য এবং তাকে সাহায্য করার জন্য যে পিওন আছে—সে মা
মাত্র ১৮ টাকা বেতন পায়। অর্থাৎ যে গ্রামে গ্রামে ঘুরে ঘুরে খাজনা আদায় ক
গভর্ণমেণ্টের রাজস্ব পুষ্ট করছে এবং সেই রাজস্ব দ্বারা অন্যান্য অফিসাররা বেতন পাচে
তাদের বেলায় ফাঁকি পড়ে যাচ্ছে। কাজেই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে তি
যেন তহশীলদারদের বেতন অন্তত ৫০ টাকা করেন এবং তার পিওন যে কাজ করছে ত
বেতন অন্তত ৩০ টাকা করেন। অর্থাৎ একটি লোক যেন খেতে পায়—তার নিজের জীব
কাটাতে পারে এই ধরণের বেতনের ব্যবস্থা করে দিন—তা না করলে দুর্নীতি আপ
আপনিই আসবে। দুর্নীতি রোধ করতে গেলে, যারা কাজ করছে তাদের একটা সুযো
সুবিধা দিতে হবে। এই দিকে মন্ত্রী মহোদয় দৃষ্টি আকর্ষণ করছি। তার পর কথা হচে
কৃষকগণ বা জমির স্বত্বাধিকারী যখন খাজনা দিচ্ছে—সেখানে খাজনা সংক্রান্ত ব্যাপারে একা
ত্রুটি আছে সে কথা মন্ত্রী মহাশয়ের সামনে রাখছি। সেটা হচ্ছে যাদের অল্প জমি আে
তাদের বাস্তু জমির খাজনা রেহাই দেবার কথা, এ পর্যন্ত বহু দরখাস্ত করেছেন—কিন্তু তা
কোনই নিষ্পত্তি হয় নি। কাজেই এবিষয়ে তাড়াতাড়ি দুটি জিনিস করতে হবে—যাে
তাড়াতাড়ি বাস্তু জমির খাজনা রেহাই পায় সে ব্যবস্থা শীঘ্রই নিষ্পত্তি করতে হবে তার প
মনে করুন একজন লোক খাজনা দিল গ্রামে তার বাস তার দু তিন একর জমি আছে এব
জমিগুলি বিভিন্ন দফায় আছে—তার অকৃষি জমি কৃষি জমি বাস্তু জমি নানা রকম ভাে
একজন লোককে ৫/৭, ১০টা চেক দিতে হয় এবং এই চেকগুলি গুছিয়ে রাখা মুস্কি
বা মনে রাখা মুস্কিল। এই চেকগুলি পৃথক পৃথক না করে তার যে জমি আে
সেগুলিকে একটা হোল্ডিংয়ের মধ্যে এনে যদি খাজনা আদায় করা যেতো তাহলে ‹

বুঝতে পারতো যে তাকে কত খাজনা দিতে হবে এবং তহশীলদার যে খাজনা আদায় করছে তাকে একজন লোকের কাছের থেকে খাজনা আদায় করতে গেলে ৫।৬টা চেক লিখতে হয় তাতে সময় বেশী যাচেছ খরচ বেশী হচেছ, সেখানে খরচ কমিয়ে সময় কমিয়ে এটা করতে পারেন। এই দিকে নজর রাখুন। তার পর গ্রামের মধ্যে যাদের জমি আছে সেই জমিগুলি বিভিন্ন প্লটে ছড়িয়ে ছড়িয়ে আছে।

আমাদের যে উত্তরাধিকার আইন আছে—বর্তমানে সেটা সংশোধন হয়েছে, তার ফলে একটা লোক মারা গেলে তার জমি যে ভাবে ভাগ হবে তাতে এমনও হয়ে যতে পারে যে ২।১ কাঠায় এক একটা হোল্ডিং হয়ে যাবে। ২।১ কাটায় যদি এক একটা হোল্ডিং হয় তাহলে চাষ করার মুশকিল হবে। কাজেই হোল্ডিং-এর পরিমাণ মিনিমাম একটা কিছু করে দেওয়া দরকার এবং বলে দেওয়া দরকার যে এরকম হোল্ডিং হতে পারবে না। অবশ্য আইনের দিক দিয়ে এ করার মুশকিল আছে। সেজন্য আমি অনুরোধ করবো যে, পাঞ্জাব যেমন করেছে, ইরিগেটেড এরিয়াতে তাঁরা হোল্ডিং গুলো যেমন কনসোলিডেট করেছে, এবং এক একজনের জমি এক জায়গা য় জড় করবার চেষ্টা করছে, আপনারাও সেরকম ভাবে করাবার চেষ্টা করুন তবে একথা সত্য যে, আইনের মাধ্যমে করতে না পারলে লোককে বলে এ কাজ করা যায় না। মন্ত্রী মহাশয় তাঁর উদ্বোধনী ভাষণে বলেছিলেন যে, জনসাধারণের সহযোগিতা এবং সদস্যগণ যদি সাহায্য করেন তাহলে ওঁরা এটা করতে পারেন। কিন্তু এটা সব সময় হয় না। কারণ হচেছ এই, কোন জায়গায় জমি থাকলে—একটা গ্রামের কথাই ধরা যাক। সেখানে ৩ রকমের জমি আছে। ভাল, মাঝারি, নিরস। এখন এই জমিগুলো ভাগ করা নিয়ে—প্রত্যেক লোকের যেখানে যে ধরনের জমি আছে সেগুলোকে যদি এক সঙ্গে করা যায় তাহলে চাষের যেমন সুবিধা হয় তেমনি সীমানা রক্ষা করারও সুবিধা হয়। আর এরকম ভাবে করলেই চাষের উন্নতি করা সম্ভব। তা না হলে এই সব জমি ঘেরা, সার দেওয়া বা লাঙ্গল দেওয়ার অসুবিধা হয়। আমি এদিক দিয়ে বিবেচনা করবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করি। কনসোলিডেশন অব ল্যাণ্ডস-এর কথা আমাদের একজন বন্ধু যা বললেন সেটা সত্য কথাই বললেন। কিন্তু তার মধ্যে এ কথাটাও ভাববার আছে যে, জমির স্বরূপ বা টাইপ দেখে জমির বিচার করতে হয়। তারপর জমিগুলি যে ভাবে সিলিং করা হয়েছে সে সম্বন্ধে কথা উঠেছে। আমি এ সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। সিলিং সম্বন্ধে বর্তমানে যে আইন আছে তাতে ২৫ একর পর্যন্ত হাইয়েস্ট সিলিং আছে—এক্সেপ্ট ডিস্ট্রিক্ট অব দার্জিলিং। দার্জিলিং জেলাকে বাদ দিয়ে, অন্যান্য সব জায়গায় এটা করেছেন। কিন্তু পুরুলিয়া জেলার কয়েকটা অংশ এবং মেদিনীপুর জেলায় কয়েক জায়গায় এমন জমি আছে যেখানে প্রতি একরে ২।৩।৪ মণ মাত্র ফসল হয়। যতদিন ইরিগেশন-এর সুবিধা না হচেছ ততদিন এই রকমই হবে। আর অদূর ভবিষ্যতে সেখানে যে ইরিগেশন সুবিধা হবে ঐ আশাও নেই। সেইজন্য বলছি, যখন ইরিগেশন-এর সুবিধা হবে তখন আপনারা সিলিং সম্বন্ধে যাই করুন আমাদের আপত্তি নেই, কিন্তু যাঁরা ভালো জমি চাষ করেন তাঁদের বেলায় ২৫ একর আর যাঁরা নিরস জমি চাষ করেন, সেখানে একর প্রতি ২।৩।৪ মণ ধান হয় তাঁদেরও যদি এই একই শিলিং-এর মধ্যে রাখা হয় তাহলে ঠিক হয় না। দার্জিলিংকে যেরকম রেহাই দিয়েছেন, সেইরকম এই সিলিং-এর আওতা থেকে পুরুলিয়াও মেদিনীপুরের কিছু অংশকেও বাদ দেওয়া উচিত ছিল। তারপর ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট সম্বন্ধে আমার বন্ধুরা কয়েকটি কথা বলেছেন। তাঁরা বলেছেন যে, আজকে ধনীরা সব কিছু ভোগ করছে। তা ছাড়া এই জমি বিলি সম্বন্ধে যে আইন করা হয়েছে, সেখানে অঞ্চল প্রধানের যুক্তি নিয়েই সাহায্য করতে হবে। আর যেহেতু অঞ্চল প্রধানরা ধনীলোক সেই হেতু তাঁরাই সব কিছু ভোগ করছে। কিন্তু আসলে তা নয়। কেন না, গ্রামের প্রত্যেকটি অ্যাডাল্ট লোকের ভোটের দ্বারাই গ্রাম্য পঞ্চায়েত নির্বাচিত হয়, আর গ্রাম্য পঞ্চায়েতের ভোটের দ্বারাই অঞ্চল পঞ্চায়েত বা মেম্বার হয়। কাজেই অঞ্চল পঞ্চায়েতরা ধনী লোক একথা যাঁরা বলেন আমার মনে হয় তাঁরা আইনটা ভাল ভাবে পড়েন নি। যার জন্য এসব কথা বলেন। আজকে গ্রামের মধ্যে গরীবের সংখ্যা বেশী, ধনীর সংখ্যা কম। ধনীর সংখ্যা যদি বেশী হত তাহলে নিশ্চয়ই ধনীরা ভোট পেত। ধনীরা যদি সর্বক্ষেত্রে ভোট পেয়ে থাকত তাহলে গ্রামাঞ্চল থেকে আমার বন্ধুরা এখানে কি করে এসেছেন সেটা আমি বুঝতে পারছি না। কারণ, নিশ্চয়ই তাঁরা ধনীর প্রতিনিধি নন, তাঁরা গরীবের সহানুভূতি

নিয়েই এখানে এসেছেন। অবশ্য তাঁরা যদি ধনীর প্রতিনিধি হন তাহলেও আমাদের কোন আপত্তি নেই। কিন্তু অঞ্চল পঞ্চায়েতরা ধনী লোক, তাঁরা ধনীর দ্বারা নির্বাচিত হয়ে এসেছেন একথা না বলাই ভাল। আমি মনে করি একথা বলে তাঁরা নিজেরা নিজেদের পায়ে কুড়ুল মারছেন। তারপর ভাগচাষীদের সম্পর্কে বলা হয়েছে যে, তাঁদের জন্য কোন ব্যবস্থা করা হয়নি। আইনে নিশ্চয়ই বহু বাধা নিষেধ আছে। তা ছাড়া যে কোন সময় ভাগচাষীদের উচ্ছেদও করা যেতে পারে এ ব্যবস্থাও আছে। কিন্তু ভাগচাষী যাঁরা ভালোভাবে চাষ করেন তাঁদের কেউ কখনও উচ্ছেদ করতে চায় না। বরং আমরা দেখেছি, ভাগচাষীদের সঙ্গে যাঁদের জমি আছে, তাঁরা ভাগচাষীদের সঙ্গে সম্প্রীতি বজায় রাখছে। আর যেখানে গোলমাল হচ্ছে সেখানে আমাদের এই ভাগচাষীদের বন্ধুরাই গোলমাল করছেন। তাঁরা লোককে উস্কানি দিচ্ছেন, মাতিয়ে তুলছেন। এ সমস্ত গোলমাল যা কিছু ঘটছে এই ভাবেই ঘটছে। এছাড়া অন্য কোন গোলমাল দেখি না। আর যাঁদের জমি নেই, তারাই ভাগচাষীদের গোলমাল মাতাইয়া বোধ হয় তাদের স্বার্থের হানি ঘটাচ্ছে একথা বলব। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40—3-50 p.m.]

Shri Nathaniel Murmu :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী আজকে যে ব্যয় বরাদ্দ এনেছেন আমি তার বিরোধীতা করতে গিয়ে কয়েকটা কথা বলতে চাই। গত ৩ বছর ধরে আমরা দেখে আসছি যে, আমাদের মন্ত্রীমহাশয় তার একই বক্তব্য বিভিন্নভাবে রাখবার চেষ্টা করছেন। তার কারণ, ভূমি রাজস্ব দপ্তরের কাজের যে শ্লথ গতি, সেখানে যে অপদার্থতা সেটা একই রকম রয়েছে। উনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন—আমি ক্যাটাগোরিক্যালি যে কয়েকটা প্রতিশ্রুতির কথা বলব সেগুলি আজকেও আমাদের সামনে তিনি রাখতে পারেন নি। ১৯৬২ সালে আমি এই বিধান সভায় বলেছিলাম যে, ভূমি সংস্কার আইন এবং এস্টেটস য়্যাকুইজিশন আইন চালু হবার পর জমির স্বত্ব স্বামিত্ব নির্ধারণ করার জন্য যে সেটেলমেণ্ট বাংলা দেশে চলেছে, সেটা আজও শেষ হল না। রেকর্ডস অব রাইটস আজও তৈরি হল না। প্রতি বছর এর পরিবর্তন আমরা করছি। তারপর উনি অসুবিধার কথা বলেছেন এবং পরবর্তী বছরে এটা সমাপ্ত হবে বলে আমাদের জানিয়েছেন। আজ ৩ বছর ধরে একই কথা শুনছি কিন্তু রেকর্ডস অব রাইটস সম্পর্কে কোন কথা শুনলাম না। আর রেকর্ডস অব রাইটস আজও তৈরি না হবার দরুণ এবং সেটেলমেণ্ট বন্ধ বা তার কাজ তাড়াতাড়ি সমাপ্ত করার দিকে না নিয়ে যাবার ফলে ভূমি স্বত্ব স্বামিত্বের ব্যাপারে গোলমাল দেখা দিচ্ছে। আজকে যে জমির স্বত্ব একজনের কালকে সে জমির আর এক জনের হয়ে যাচ্ছে। বিশেষ করে সরকারের দখলে যে জমিগুলি এসেছে—সেটেলমেণ্ট-এর দুর্নীতির চোরাপথে সেগুলি হারিয়ে যাচ্ছে। এটা বার বার আমরা বলেছি। কিন্তু আজ পর্যন্ত তিনি বলতে পারলেন না যে রেকর্ডস অব রাইটস্ কবে আমরা পাবো। দ্বিতীয় কথা মিউটেশন সম্পর্কে। এই খাজনার যে নামখারিজা—একই জমার মধ্যে অনেক জমি থাকে, শরিক যখন বহু হয়ে যায় তখন সেই নামখারিজার ব্যাপারে একটা সুষ্ঠু নীতি নির্ধারণ আজ পর্যন্ত করতে পারলেন না। এর ফাঁকে তিনি যে বক্তৃতা করলেন সেটা শুধু ব্যয় বরাদ্দ সম্পর্কে। কোন খাতে কত যাবে, কোন খাতে কত আসবে। কিন্তু ভূমি সংস্কারের ক্ষেত্রে মৌলিক পরিবর্তন কোন দিকে যাচ্ছে বা মোট লাভ কি হবে তার ধার দিয়েও তিনি যাননি। এমন কি বাংলাদেশে যে কয়েক লক্ষ ভাগচাষী আছে তাঁদের বিষয়ে তিনি একবার উল্লেখ পর্যন্ত করেননি। তাঁর এতবড় বক্তৃতার মধ্যে ভাগচাষীদের অবস্থাটা কি সেটা জানাননি। তাদের উচ্ছেদের ব্যাপারে যেখানে আমরা বারবার আশঙ্কা প্রকাশ করেছি এবং দু তরফ থেকেই এই উচ্ছেদ বন্ধ করার দাবী জানানো হয়েছে সেখানে ভাগচাষীদের সম্পর্কে কিছু বলা তাঁর নৈতিক কর্তব্য ছিল। কিন্তু সে সম্পর্কে তিনি কিছুই বলেন নি। কাজেই যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে এই যে, ভূমি সংস্কারের কাজটা দীর্ঘদিন ঝুলিয়ে রাখা যায় না। সরকারের যে সব সুপারিশগুলো রয়েছে—মনসুর হাবিবুল্লা সাহেব যে কথাটা তুললেন সেটা হচ্ছে এই যে এটা তাড়াতাড়ি করতে হবে। খুব র‍্যাপিড চেঞ্জ-এর মধ্যে দিয়ে

যদি না করা যায় তাহলে একটার পর একটা অসুবিধা সৃষ্টি হবে। আর তারফলে ভূমি সংস্কারের সম্ভাবনাটাও কমে যাবে। আপনাদের সামনে তো বহু সুপারিশ ছিল। স্বাধীনতার আগের কথা না হয় ছেড়েই দিলাম, কিন্তু স্বাধীনতার পর আপনাদের দলের তরফ থেকে ডা: জে সি কুমারাপ্পার নেতৃত্বে যে ভূমি উপদেষ্টা কমিটি গঠন করেছিলেন এবং ডাক্তার কুমারাপ্পা সারা ভারতবর্ষের ভূমি সংস্কারের যে আউটলাইন দিয়েছলেন সেটাও তো আপনারা গ্রহণ করতে পারতেন। কিন্তু তার ধার কাছ দিয়েও আপনারা গেলেন না। তারপর সিলিং সম্পর্কে অনেক কথা উঠেছে। ডাক্তার কুমারাপ্পাকে যদি বিশেষজ্ঞ বলে মেনে নেন তাহলে তিনি যে সুপারিশগুলো করেছিলেন সেটা আপনারা মেনে নিতেন। কারণ, নিশ্চয়ই তিনি অনেক তথ্য দেখেই এটা করেছিলেন। তাতে তিনি পরিষ্কার ভাবে বলেছিলেন যে ভারতবর্ষে অ্যাভারেজ সিলিং কোন ক্ষেত্রেই ১৫ একরের বেশী হওয়া উচিত নয়। এই মাত্র অনঙ্গবাবু যে কথাটা বললেন সে রকম ব্যতিক্রম নিশ্চয় হবে। কিন্তু সাধারণভাবে একটা পরিবারের জমির সিলিং ১৫ একরের অধিক হওয়া উচিত নয়। তারপর তার প্রগতি সম্পর্কে যেটা বলছি সেটা হচ্ছে এই যে, ১৫ একর জমি একটা পরিবারকে দেবার সঙ্গে সঙ্গে সেই জমির উৎপাদন যাতে বাড়ানো যায়, সেটাকে যাতে দো-ফসলা বা তিন-ফসলা করা যায় সেই রকম একটা কমপ্রিহেনসিভ অ্যাটেমপ্ট সরকারের তরফ থেকে করা উচিত ছিল। তাহলে সারপ্লাস জমি অনেক আসত এবং ভূমিহীন চাষীদের ভূমির ক্ষুধা মেটানো যেত। কিন্তু এসবের ধার দিয়েও সরকার যাচ্ছেন না। অন্য দিকে, আজকে গ্রামের অবস্থার কথা যখন বলি—গত বছর যে প্রতিশ্রুতির কথা তাঁরা বলেছিলেন যে, ভূমি সংস্কার এবং খাদ্যোৎপাদন অঙ্গাঙ্গি-ভাবে জড়িয়ে থাকার ফলে তাঁরা সর্বস্তরের ৪টি বিভাগের কোরিলেশন করবেন। সেটা হচ্ছে রাজস্ব বিভাগ, কৃষি বিভাগ, জলসেচ বিভাগ এবং কমিউনিটি ডেভেলপমেণ্ট বিভাগ। কয়েকদিন আগে আমি প্রশ্ন করেছিলাম তার উত্তরে স্মরজিৎবাবু বলেছিলেন যে একটা কো-অরডিনেশন হয়েছে।

সেই কো-অর্ডিনেশন কোথায় হয়েছে আমরা তা জানি না। রাইটার্স বিল্ডিংস-এ হতে পারে, কিন্তু গ্রামের নীচু স্তরে ৪টি বিভাগ একসঙ্গে কাজ করলে যে ভাল রেজাল্ট পাওয়া যেত সেই কাজ তাঁরা করতে পারেন নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ইকনমিক হোল্ডিং বলতে অন্তত আমরা বুঝি ৫ একর জমি। এই ৫ একর জমি যাদের নাই—তার চেয়ে কম জমি আছে—তাদের খাজনা মাপের কথা দেশ স্বাধীন হবার আগে এখন যাঁরা মন্ত্রী হিসেবে রয়েছেন তাঁরা বলেছিলেন যে, আনইকনমিক হোল্ডিং-এ খাজনা পুরাপুরি মকুব করতে হবে। তবে স্যার, আজকে সেই তথ্য মেনে না নিয়েও কিছুটা কাজ করা যায়। তারপর, কতটা নিষ্কর হবে সেখানে একবার বলেছেন ১০ বিঘা যার আছে তার এত হবে, আবার বললেন যার ১৫ বিঘা আছে তার এত হবে। আমি বলি যা কিছু করুন একটু তাড়াতাড়ি করুন, এরকম হচপচ ওয়েতে করবেন না। তারপর মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই খাজনা সম্বন্ধে আমরা বহুবার বলেছি যে, জমির উপর খাজনা বোধ হয় ভারতবর্ষ ছাড়া আর কোথাও নেই। খাজনা ফসলের উৎপাদনের উপর এবং ইকনমিক হোল্ডিং-এর ফসলের উপর বসাবার কথা জে. সি. কুমারাপ্পা বলেছিলেন। কিন্তু তারা সেটা করেন নি। জমি দখলের ক্ষেত্রে সবচেয়ে বড় দুর্বলতার পরিচয় যেটা দিয়েছেন সেটা হচ্ছে জমি দখল আইন কোলকাতায় চালু করেন নি, চা বাগানে করেন নি। বিরোধীদলের চাপে অবশ্য এবারে চা বাগানের কিছু উদ্বৃত্ত জমি আনার চেষ্টা করেছেন, কিন্তু কোলকাতায় মোকররী, মৌরসী জমি যেগুলি জমিদারদের হাতে রয়েছে, যার উপর বাড়ী করে তারা কোটি কোটি টাকা কামাচ্ছে তাদের সেই কোলকাতার সম্পত্তি আপনারা দখল করছেন না। আমি জিজ্ঞাসা করি এক জায়গায় এক রকম আইন এবং অন্য জায়গায় অন্য রকম আইন এটা কেন চলছে? আমার আর একটা বক্তব্য হচ্ছে ভূমি সংস্কারের ক্ষেত্রে যেভাবে জগাখিচুরী চলছে সেটা যদি চলে তাহলে বাংলাদেশের গ্রামীন অর্থনীতি সম্পূর্ণ ভেঙ্গে পড়বে এবং সেদিক থেকে চিন্তার কারণ হোল সরকারের কাছ থেকে আমরা কোন আশ্বাসবাণী পাচ্ছি না। চতুর্থ পরিকল্পনার খসরাতে তাঁরা অবশ্য বলেছেন একটা হাইপাওয়ার্ড কমিটি নিয়োগ করবেন। কমিশন এবং অমিসন যা হয় করবেন, কিন্তু বারেবারে এটা আমরা দেখেছি যে,

শ্যামাদাসবাবু মুখে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা তিনি ভাঙছেন। এইসব কারণে আমরা তাঁর প্রারম্ভিক বক্তৃতায় এবং ব্যয়বরাদ্দের দাবীতে আশ্বস্ত হতে পারছি না এবং সেই জন্যই নীতিগতভাবে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি।

[3-50—4-20 p.m.]

Kumar Jagadish Chandra Sinha :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে ব্যায় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন, তা সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলবো মাননীয় সদস্য শ্রীভক্তিভূষণ মণ্ডল আমাদের এই সভায় জমির খাজনার গ্রাজুয়েটেড সিস্টেম সম্পর্কে প্রস্তাব করেছেন। কিন্তু আমি সরকারের কাছে অনুরোধ করবো যে চাষের জমির খাজনা সম্পূর্ণরূপে মুকুব করতে হবে যেকথা একটু আগে মাননীয় সদস্য শ্রীনাথনিয়েল মুর্মু এই সভায় রেখেছেন। স্যার, এই প্রস্তাব বিশেষভাবে বিবেচনা করার জন্য অনুরোধ করবো। স্যার, আর একটা কথা, আজকে এই হাউসে জমির সিলিং সম্বন্ধে অনেক সদস্য অনেক কথা বলেছেন এবং আমি মনে করি আজকে জমির সিলিং সম্বন্ধে সত্যি বিবেচনা করার সময় এসেছে। আমি সরকারকে ২৫ একর সিলিং কমিয়ে ১৫ একর করতে অনুরোধ করবো।

(শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : আপনার কত জমি বেনামী আছে?)

মাননীয় সদস্য শ্রীবীরেন রায়ের মত আমার কোন জমি নাই।

Shri Birendra Narayan Ray :

অন এ পয়েণ্ট অব অর্ডার মাননীয় সদস্য বললেন যে আমার নাকি বেনামী আছে, এটা সম্পূর্ণ অসত্য কথা। আমি জিজ্ঞাসা করছি এই রকম অসত্য ভাষণ উনি করতে পারেন কিনা?

Mr. Deputy Speaker :

দ্যাট ইজ নট এ পয়েণ্ট অব অর্ডার।

Kumar Jagadish Chandra Sinha :

২৫ একর থেকে ১৫ একর সিলিং করলে যে জমি এর ভিতর দিয়ে পাওয়া যাবে, আমি অনুরোধ করবো সরকারকে যে এই জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বণ্টন করা হোক। কারণ আজকে এখানে যে সমস্ত আলোচনা হয়েছে আমাদের এ পক্ষের সদস্য এবং বিরোধী পক্ষের সদস্য সকলেই একথা বলেছেন, এটা সরকারও ধরে নিতে পারেন যে এটা হচ্ছে হাউসের ইউনানিমাস ওপিনিয়ন যে সিলিং মাথা পিছু না করে পরিবার পিছু করুন। আর একটা কথা আমি আপনার মাধ্যমে জানাতে চাইছি। আজকে সহরাঞ্চলেই হোক আর গ্রামাঞ্চলেই হোক, সমস্ত জমির একটা আর্টিফিশিয়েল দাম বেড়ে গেছে, বুস্টিং আপ প্রাইস হয়েছে। এই সম্পর্কে সত্যি সত্যি আলোচনার কথা হচ্ছে ভূমি সম্পর্কে রাজস্ব বিভাগ যদি কোন ব্যবস্থা না করে তাহলে আজকে সহরাঞ্চলে বিশেষ করে এই সমস্ত জমি অবাঙ্গালীর হাতে চলে যাবে। তার কারণ তাদের হাতে বেশী টাকা আছে, কালটাকার কথা যা শুনছি তার অধিকাংশই অবাঙ্গালীর হাতে রয়েছে। সহরাঞ্চলের জমি যদি অবাঙ্গালীর হাতে থেকে বাঁচাতে হয় তালে সরকারের জমির দাম বেঁধে দেওয়া একান্ত কর্তব্য, এটাই আমি মনে করি

আর একটা কথা, ১৯৫৩ সালে স্টেট একুইজিশন আইন পাশ হয়েছে, তারপরে ভমি রাজস্ব বিভাগে অনেক নূতন সরকারী কর্মচারী হয়েছে, এস. এল. আর. ও, জে. এল. আর. ও ইত্যাদি নিযুক্ত হয়েছেন কিন্তু আজ পর্যন্ত পারমানেণ্ট স্টাফ করার ব্যবস্থা হল না, আজও তারা টেম্পোরারী স্টাফ বলে গণ্য হচ্ছে। তাদের যদি পারমানেণ্ট করা না হয় এবং তা দ্বারা তাদের কাজে ইন্সেন্টিভ দেওয়া না হয়, তাহলে ভাল কাজ পাওয়া যাবে বলে মনে হয় না। এ বিষয়ে আমি সরকারকে বিশেষভাবে অনুরোধ করবো।

ডেপুটি স্পীকার মহাশয়, তহশীলদারদের সম্পর্কে এই হাউসে আলোচনা হয়েছে। একথার আমি পুনরাবৃত্তি করছি। তাঁরা মাত্র ২৭ টাকা বেতন পান, কমিশন নিয়ে মাসে ৫০ টাকার মত হয়। কিন্তু এই টাকায় আজকের দিনে যেরূপ জিনিষপত্রের দাম বেড়েছে তাতে একটা লোকের চলতে পারে কিনা সেটা বিবেচনা করে দেখবার জন্য আমি মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আর আজকে খাজনা আদায়ের সুবিধার জন্য মোহরার দিচ্ছেন, পিওন দিচ্ছেন, যদি একটা কাছারী দেন তাহলে ভাল ব্যবস্থা হতে পারে কারণ আমরা দেখেছি গ্রামে তহশীলদাররা যখন কারও দাওয়ায় গিয়ে বসে তখন তাঁকে বলে এখানে নয় ওখানে বসুন ওখানে নয় এখানে বসুন, এই অবস্থা হয়।

সেখানে বললেন যে এখানে হবে না আর একজায়গায় যাও। শেষ পর্যন্ত তাদের গিয়ে গাছ তলায় বসে আদায় করতে হয়। গভর্নমেণ্টের আদায়ের টাকার যদি একটা সিকিউরিটি থাকে তবে তাদের একটা কাছারী দেওয়া উচিত যাতে তারা সেখানে বসে ভালভাবে আদায় করতে পারেন এবং ভালভাবে রাখতে পারেন। আর একটা কথা বলে আমি শেষ করছি সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেনসী অ্যাক্ট সম্বন্ধে এটা টেম্পোরারী প্রোভিসন হিসাবে এতদিন চলে আসছে এটা সম্পর্কে সরকারকে বিবেচনা করতে অনুরোধ করবো যে, এটা পার্মানেণ্ট অ্যাক্ট করা যায় কি না। আমাদের বর্তমানে যে প্রেমিসেস টেনেন্সী অ্যাক্ট পশ্চিম বাংলায় চালু আছে সে অ্যাক্ট-এ আমরা ভাড়াটেদের অনেক সুযোগ সুবিধা করবার চেষ্টা করেছি কিন্তু সেটা সম্পূর্ণভাবে করতে পারি নি আজকে দেখছি যদি কোন ভাড়াটে ৪ মাস বাড়ী ভাড়া বাকি রাখেন তাহলে তাকে উচ্ছেদ করা যেতে পারে এতে অনেকের অনেক হার্ডসীপ হচ্ছে সেজন্য আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে দিল্লীতে যেমন আছে যে প্রথমবার যদি কোন ভাড়াটের টাকা বাকি পড়ে এবং তার জন্য যদি ইজেকমেণ্ট কেশ হয় এবং তিনি যদি এককালীন সমস্ত টাকা রেণ্ট কণ্ট্রোলারের কাছে জমা দেন তাহলে তাঁকে প্রথম বারের মত উচ্ছেদের হাত থেকে রক্ষা করা যেতে পারে এবং তার হার্ডসীপ কম হয়। ভূমি রাজস্ব মন্ত্রী যখন বললেন যে আমরা ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস্ টেনান্সী অ্যাক্ট বিবেচনা করছি তখন এটা করা যায় কিনা সেটা দেখতে অনুরোধ করবো, এই কটা কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাকে সমর্থন করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[4-20—4-30 p.m.]

Shri Khalil Sayeed:

মাননীয় স্পীকার স্যার, জমি জমার ব্যাপারে যে ভাবে আলোচনা হয়েছে তাতে জমিদারী উচ্ছেদের কথাটা শুনে মনে হয়েছে এটা ভুল কথা বলা হয়েছে। জমিদারী হয়ত গ্রহণ করা হয়েছে বা কেনা হয়েছে কিন্তু আসলে জমিদারী যায় নি। একথা গ্রামের লোককে জিজ্ঞাসা করলেই বুঝতে পারা যায় যে তারা কি বলে। তারা বলে জমিদারী যায় নি বরং ১০ জন

জমিদারের জায়গায় ১ জন হয়েছে। জমিদারদের আগে যে নিয়ম কানুন ছিল তা আজও আছে বরং বর্তমানে নূতন কতকগুলি আইন বেড়েছে এবং তার ফলে কৃষকদের অসুবিধার কারণ হয়েছে এই বিভাগের ব্যয় বরাদ্দ দেখা যাচ্ছে গত বৎসর এই বিভাগের কর্মীদের ভাড়া এবং চিকিৎসার সুবিধার জন্য ২৭ লক্ষ টাকা ব্যয় বাড়ান হয়েছে। ব্যয় যে বাড়ান হয়েছে তাতে কর্মীদের দায়িত্ব বা কর্মক্ষমতা বেড়েছে? কিন্তু অন্য দিকে দেখতে পাচ্ছি ক্ষতিপূরণের যে টাকা তাহার ১ কোটি টাকা ব্যয় করা সম্ভব হয়নি। একদিকে যেমন কর্মীদের কর্মক্ষমতা বাড়ানোর জন্য টাকা বাড়ান হল অন্য দিকে দেখা যাচ্ছে জমিদারদের ক্ষতিপূরণের জন্য যে টাকা দেওয়া হল সেই টাকা দেওয়া হয়নি সম্ভবতঃ বোধ হয় লিস্ট তৈরী হয়নি এদিকে এ বিভাগের কর্মচারীদের কর্মদক্ষতা বাড়েনি এই যে রেকর্ড তৈরী হচ্ছে সেটেলমেণ্ট তৈরী করবার সময় তা হল রেকর্ড কিভাবে যে রেকর্ড তৈরী হল ফিল্ড জরীপ হয়েছে তা এক রকমের তৈরী হয়েছে, কিন্তু আসলে প্রতিটি ক্ষেত্রে দেখা যাচ্ছে যে রেকর্ড-এর মধ্যে গোলমাল হচ্ছে। অর্থাৎ কিনা অন্য লোক অবৈধ উপায়ে রেকর্ড করেছে। এই যে জমির রেকর্ডগুলি কৃষকদের হাতে দেবার ব্যবস্থা হয়নি। টাকা খরচ করে অফিসএ গিয়ে রেকর্ড বার করে মাধ্যম দিয়ে এবং সে মুহুরীকে কিছু টাকা বেশী দিতে হয় এবং এই ভাবে তারা ফাইন এর নাম করে কিছু ঘুস নেয় অবশ্য সেটা আফিসে যায় কিনা জানি না। এই রেকর্ড বার করতে একটা কৃষকের ৮।১০ টাকা খরচ হয় এরূপ নজীর আছে। এই রেকর্ড যাতে সুবিধা মত খরচে পাওয়া যায় সেদিকে নজর দিন এবং এটা যে ভুল হয়েছে এটা সংশোধন করবার জন্য দৃষ্টি দেওয়া উচিত। তারপর জোরদারদের ক্ষতিপূরণ সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই, জমিদারদের ক্ষতিপূরণ দেওয়া হয়েছে সত্য, আমার কথা হচ্ছে ছোট ছোট জমিদারদের যারা অল্প টাকা পাবে তাদের ক্ষতিপূরণ গভর্নমেণ্ট এককালীন দিতে পারেন তা হলে উপকার হয়। বড় বড় জমিদারদের কিস্তিতে দিন কারণ তাদের অনেক ব্যাঙ্ক ব্যালেন্স আছে, বাড়ী আছে, চা বাগান আছে কিন্তু যারা ছোট জমিদার তাদের কিছুই নেই এবং যারা জোতদার তাদের সম্পর্কে আমাদের সরকার কোন কথা বলেন নি যে এই হারে ক্ষতিপূরণ দেওয়া হবে এবং সেই ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা সরকার থেকে আজ পর্যন্ত করা সম্ভব হয় নি। জমিদারদের প্রতি দয়া দাক্ষিণ্য যতটা দেখান হয়েছে ঠিক ততটা সরকার আমাদের জোতদারদের প্রতি দেখাচ্ছেন না কেন দেখাচ্ছেন না বুঝতে পারছি না এই যে ২৫ একর জমি ব্যবস্থা হয়েছে এটা অসমাঞ্জস্যপূর্ণ। ওপক্ষের একজন বললেন যে সিলিং কমিয়ে ১৫ একর করলে ভাল হয়, কিন্তু এই রকম অসামঞ্জস্যপূর্ণ করলে ফল ভাল হবে না। যেখানে ২৫ একরে যা ফলন হবে তার চেয়ে কম করলেও এটা ঠিকমত ন হবে না। একটা পরিবার পিছু না করে মাথা পিছু করা ভাল এবং একটা উচ্চতম সীমা বাঁধা উচিত তা না হলে কতক ফ্যামিলী পৃথক পৃথক ভাবে ২৫ একর রাখতে পারবে। যে জমিগুলি ভেস্টেড হয়ে গেছে সে ভেস্টেড জমি বন্দোবস্ত করার ব্যাপারে তহশীলদারদের হাতে ক্ষমতা রয়েছে বার আনা কোর্ট ফিস দিয়ে দরখাস্ত করতে হয় তারপর একটা অর্ডার দেন। তহশীলদারদের মাইনা বাড়ানো উচিত বলে যে দাবী উঠেছে সেটা আমি সমর্থন করছি কিন্তু সঙ্গে সঙ্গে আমি এই কথা বলতে চাই যে তহশীলদার ও জে এল আর ও-এর মধ্যে দুর্নীতি দেখা দিয়েছে, স্বনামধন্য এক মহারাজ তিনি আমায় বলেছিলেন তাঁকে জিজ্ঞাসা করায় যে তহশীলদার মাইনা ৩ টাকা দেন কেন? তাতে তিনি উত্তর দিয়েছিলেন যে ৩ টাকা দিলেও চুরী করবে আর ১৪ টাকা দিলেও চুরী করবে অতএব ৩ টাকা দেওয়াই ভাল। এইভাবে তহশীলদার এবং জে এল আর ও এর ভূমিবণ্টনের নামে নানান রকমের দুর্নীতি দেখা দিয়েছে দেখা যায় সেখানে কৃষককে এক বৎসর যে জমি রাখতে দিয়েছেন পর বৎসর নজরানা নিয়ে অন্য কৃষককে দিচ্ছেন এবং তার ফলে ঝগড়া, মারামারি হচ্ছে, পদ্মার চরে এবং দামোদরের চরে জমিদাররা নিজেদের এবং আত্মীয়স্বজনের নামে বে আইনী ভাবে জমি রেখে দিয়েছে। এবং বন্দোবস্ত নিয়েছে, নিয়ে তাঁরা যে জোতদার সেই জোতদার আজ পর্যন্ত থেকে গেছে। এখন জমির খাজনা বাড়েনি বলে কথা বলা হচ্ছে, সব জিনিসপত্রের দাম বেড়েছে জমির খাজনা বাড়ান হবে। ঐ যুক্তি দেখলে মনে হয় অকাট্য যুক্তি। কিন্তু চিন্তা করলে দেখবেন এক খণ্ড জমির খাজনা যদি পুর্বে এক টাকা থেকে থাকত তাহলে সত্যই সেটা বেড়েছে। কারণ, শিক্ষা কর বেড়েছে, এক বছর খাজনা বাকি থাকলে সুদ দিতে হয়, এইভাবে বেড়েছে। কিন্তু সেই সঙ্গে

আর একটা কথা বলতে চাই সেই যে এক খণ্ড জমি যা কৃষক আবাদ করত যার জন্য সে এক টাকা খাজনা দিত সেই জমির রিটার্ন কি বেড়েছে? সেই জমি রিটার্ন যদি না বেড়ে থাকে তাহলে খাজনা বাড়াবার কোন যুক্তি নেই, খাজনা বাড়ান উচিত নয়। এই সঙ্গে আমি এই কথা বলতে চাই ল্যাণ্ড ডিস্ট্রিবিউসানের যে ব্যবস্থা হচ্ছে পঞ্চায়েত কমিটির মারফত সেই পঞ্চায়েত কমিটিগুলিতে এখানকার এম-এল-এ এদের থাকা উচিত। এক এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী যে বরাদ্দ আমাদের সামনে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। এই ভূমি সংস্কার সম্পর্কে এর পূর্বে আমি বার বার আমার অভিমত প্রকাশ করেছি। কিন্তু দুঃখের বিষয় মাননীয় মন্ত্রী মহাশয় তার কোন পরিবর্তন করতে পারেন নি। ভূমি সংস্কারের যে আইন এনেছেন তাতে একটু আধটু ছিটে-ফোঁটা করেছেন বটে, কিন্তু প্রকৃত প্রস্তাবে যে উদ্দেশ্য নিয়ে ভূমি সংস্কারের প্রস্তাব ছিল সে দিক থেকে মাননীয় মন্ত্রিমহাশয় কিছুই করতে পারেন নি। আমি এখানে উল্লেখ করব যে যখন জমিদারী দখল আইন আনা হয় অথবা ভূমি সংস্কার আইন আনা হয় তখন কংগ্রেস পক্ষ থেকে স্বগত ডাঃ বিধান চন্দ্র রায় বলেছিলেন যে ভূমি সংস্কারের ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনবেন কিন্তু কি বৈপ্লবিক পরিবর্তন এনেছেন তা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বুঝতে পারছেন এবং সকল সদস্যও বুঝতে পরাছেন। স্যার, কংগ্রেস পক্ষ থেকে জগদিশ সিংহ মহাশয় কয়েকটা প্রস্তাব-আনলেন, তাতে নিশ্চয়ই বৈপ্লবিক পরিবর্তনের কথা আছে। কিন্তু কংগ্রেস পক্ষ তার বিরোধিত করবেন কিনা জানি না, সে বিষয়ে সন্দেহ আছে। তিনি বলেছেন জমির সিলিং কমিয়ে দেওয়া দরকার—১৫ একর করা দরকার এবং খাজনা কমিয়ে দেওয়া দরকার। এই দাবি তিনি-করেছেন। জানি না তিনি কেন এই দাবি করেছেন, এর উদ্দেশ্য কি বুঝতে পারছি না নাগপুর কংগ্রেসে ভূমি সংস্কারের ব্যাপারে বৈপ্লবিক পরিবর্তন আনার প্রস্তাব এসে ছিল, সেই প্রস্তাব ছিল যে জমি মুষ্টিমেয় লোকের হাতে থাকবে না, প্রত্যেক চাষীর হাতে জমি দিয়ে খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং প্ল্যানিং কমিশান দাবি করেছিলেন যে জমির খাজনা কমিয়ে দাও, চাষীর স্বত্ব সম্পর্কে নিরাপত্তার ব্যবস্থা কর এবং প্রত্যেক চাষীর হাতে জমি দাও। কিন্তু ১২ বছর হয়ে গেল জমিদারী আইন পাশ করার পর, কিছুই করতে পারেন নি। মাননীয় মন্ত্রিমহাশয় এখন যে স্টেটমেণ্ট পড়লেন তাতে বোঝা গেল যে তিনি কিছুই করতে পারেন নি। কারণ, যে সমস্ত জমি বেআইনীভাবে হস্তান্তরিত হয়েছে তা তিনি উদ্ধার করতে পারেন নি। তিনি দুঃখ প্রকাশ করে বললেন যে আমাদের একমাত্র প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে হাইকোর্ট। যদি সৎ উদ্দেশ্য থাকত তাহলে আদালতে কেস হত না। আপনারা সেই ভাবে আইন করতে পারেন নি। ১ লক্ষ একর জমি আদালতে আটক রয়েছে। আমি শুধু কাঁথির কথা বলব, সেখানে ৫ হাজার একর জমি সরকারে ন্যাস্ত হয়েছে, তার মধ্যে ৪ হাজার একর জমি আদালতের অধীনে রয়েছে এবং আমি আপনাকে বলি আদালত যেটা রায় দিচ্ছে হাই কোর্ট যেটা রায় দিচ্ছে আপনারা সেটাকেও উদ্ধার করে কাজে লাগাতে পারছেন না। হাইকোর্টে ১৯৬৪ সালের জুন মাসে কেস হয়ে গেছে, এক দিনে ৯৯টা কেস ডিসচার্জ হয়েছে। কাঁথির অধিকাংশ কেস ৫।৭ হাজার একর জমি পড়ে আছে, আজ পর্যন্ত সেই কেসগুলি জে, এল, আর, ও, অফিস থেকে যেতে পারেনি। এঁদের উদ্দেশ্য যদি সৎ থাকত তাহলে যেগুণ ডিসচার্জ হয়ে যাচ্ছে যেগুলি যাচ্ছে না কেন? আমরা বার বার এ সম্বন্ধে একটা তদন্ত কমিটি করার জন্য বলেছি, অথচ আপনারা বলছেন ধরিয়ে দিন আমরা ব্যবস্থা অবলম্বন করব। ল্যাণ্ড এ্যাডভাইসারি কমিটি করেছেন তাদের উপর সেই দায়িত্ব দিয়ে দিন, তারা ল্যাণ্ড বের করে আনবে। জমি বিতরণ একটা ফার্স হয়ে দাঁড়িয়েছে। আপনারা কৃষকের কাছে থেকে ১৷৷ টাকা খাজনা লাইসেন্স নিয়ে ২।১ বছরের জন্য বন্দোবস্ত দিচ্ছেন।

[4-30—4-40 p.m.]

তার ফলে হচ্ছে কী? যে চাষী সেই জমি পেল, সে নিশ্চিন্ত হতে পারলো না। তার কান নিরাপত্তা নাই। কারণ দু বছর পরে তার কাছে সে জমি থাকবে কিনা—তার কোন

নিশ্চয়তা নাই। সেই জন্য সে জমির উন্নতি করতে পারছে না। যেটুকু জমি আপনাদের হাতে এলো, তাও সুষ্ঠুভাবে আপনারা বিতরণ করতে পারছেন না। এখন যে জমি জনসাধারণের হাতে আছে, তাও আপনারা চান না, সেটা কারও হাতে থাক। দিনের পর দিন ঋণের বোঝা বেড়ে যাচ্ছে, দিনের পর দিন খাদ্য দ্রব্যের মূল্য বেড়ে যাচ্ছে। তার ফলে জমি তাদের হাত থেকে চলে যাচ্ছে। আমি একটি উদাহরণ দিয়ে বলবো মেদিনীপুরে যে রেজিস্ট্রী অফিসে বিক্রি কোবলা ডীড—রেজিস্ট্রীই হয়েছে জেলার ২৬টি রেজিস্ট্রী অফিসে ১৯৬২ সালে ১ ১,৯১,৭৫৬টি কোবলা রেজিস্ট্রী হয়েছে আর ১৯৬৩ সলে সেটা গিয়ে দাড়ালো ২,১০,০৭৭টি একটি জেলায় যদি এক বছরে ২,১০,০৭৭টি কোবলা রেজিস্ট্রী হয়, সেখানে সমগ্র বাংল দেশে এই ভাবে কত জমি বিক্রি হচ্ছে তা সহজে অনুমেয়। এই যে দশ বিঘা, পাঁচ বিঘা করে জমি চাষীরা বিক্রী করছে, এটা তারা কেন করছে? মেয়ের বিয়ের জন্য শুধু নয়, দিনের পর দিন — ঋণের বোঝা যেটা বেড়ে যাচ্ছে তা শোধ করবার জন্য, খাদ্য কিনতে হয়, প্রয়াজনীয় জিনিষপত্র কিনতে হয়—ইত্যাদি কারণে এই জমি তারা বিক্রী করতে বাধ্য হচ্ছে। প্রকৃত চাষী যারা তাদের হাত থেকে চাষের জমি চলে যাচ্ছে। আপনারা তা রোধ করতে পারছেন না। কোন ব্যবস্থা আপনারা করতে পারছেন না কি করে চাষীরা ঋণ মুক্ত হতে পারে, কম দামে খাদ্য পেতে পারে খাদ্য ফলাবে কে—যদি চাষীর হাতে জমি না থাকে, যদি প্রকৃত চাষীর হাতে জমি দিতে না পারেন। আপনারা আইন করেছিলেন দু একরের কম যাদের জমি তাদের জমি দেবেন। কিন্তু তা আপনারা দিতে পারেন নি। ভাগচাষীর হাত থেকে জমি নিয়ে মালিকরা কৃত্রিম ভাগচাষী সৃষ্টি করে তাদের হাতে জমি রেখে দিচ্ছে।

আর কমপেনসেশন সম্বন্ধে পূর্বেও অনেক বলেছি, আজও বলছি। মন্ত্রিমহাশয় বলছেন কমপেনসেশন কিছু দিতে চেষ্টা করছি তবে তার ফাইন্যাল রোল এখনো তৈরী হয় নাই। দশ বছরের মধ্যে আপনারা ফাইন্যাল রোল তৈরী করতে পারলেন না। ক্ষুদ্র ক্ষুদ্র মধ্যস্বত্ব ভোগীদের আজও কমপেনসেশন দিতে পারলেন না। অবশ্য আমরা কমপেনসেশন দেবার বিরুদ্ধে ছিলাম। যাদের লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ব্যাঙ্ক ব্যালান্স যারা বহুদিন ধরে শোষণ করে খাচ্ছে। যাদের কমপেনসেশন দেওয়ার কোন প্রয়োজন নাই। কিন্তু যারা ক্ষুদ্র ক্ষুদ্র মধ্যস্বত্বভোগী তাদের এককালীন টাকাটা যদি দেন, তাহলে তারা ব্যবসায় করে খেতে পারে, বা অন্য কোন উপায়ে জীবিকার্জনের পথ বেছে নিতে পারে। তাও তারা পায়নি। সমগ্র বাংলাদেশের কমপেনসেশন-এর ইতিহাস বলবার প্রয়োজন নাই। আমি মেদিনীপুর জেলার কাঁথি মহাকুমার কথা একটু বলি। আপনারা স্ট্যাটিসটিক্স দিয়েছেন ১৯৬৪-৬৫ সালের ডিসেম্বর পর্যন্ত বড় লোকদের কমপেনসেশন কি ভাবে দিয়েছেন দেখুন। নাড়াজোলের জমিদারকে দিয়েছেন ১ লক্ষ ২৫ হাজার ৮১২ টাকা ঝাড়গ্রামের মহারাজাকে দিয়েছেন ১,২৮,২৫০র টাকা। লালগোলার মহারাজাকে দিয়েছেন ২৫,৩২৭৲ টাকা। মহিষাদলের রাজাকে দিয়েছেন ১৯,৯৩৯৲ টাকা। এই ভাবে বড় বড় জমিদারদের আপনারা ক্ষতিপূরণ দিচ্ছেন। আমি যদি বলি পুঁজিপতিদের স্বার্থে আপনারা আপনাদের ভূমিনীতি পরিচালনা করছেন, তাহলে কী অন্যায় বলা হবে? কাঁথিতে চার হাজার কেস রয়েছে যারা চার আনা থেকে আরম্ভ করে হাজার টাকা পর্যন্ত কমপেনসেশন পাবেন। অথচ আজ দ বছর ধরে সেই সব কেসগুলি ঝুলছে। আপনার কাছে একবার কমপ্রেন করেছিলাম আপনি তার কোন ব্যবস্থা করতে পারেন নি। আপনি বলেছিলেন ক্ষুদ্র ক্ষুদ্র ধমস্বত্তভোগীরা আগে কমপেনসেশন পাবেন আমি স্থানীয় বি ডি ও মারফৎ তাদের নাম দিয়ে দেব। আপনি ৩।৪ জায়গায় এই রকম ব্যবস্থা করছেন। কিন্তু একটা জায়গায় দিতে পারেন নি। আমি কাঁথির কথা বলছি। সেখানে চার হাজার কেস রয়েছে, তা আজ পর্যন্ত দিতে পারেন নি। অথচ, আমি তথ্য দিয়েছি, সেখানকার কোন একজন জমিদারকে লক্ষ লক্ষ টাকা দিতে আপনি দ্বিধা করেন নাই। যারা সামান্য টাকা পাবে, যার উপর তাদের গ্রাসাচ্ছাদন নির্ভর করছে, সেখানে তাদের দিতে পারিলেন না—এক হাজার টাকা পর্যন্ত যারা কমপেনসেশন পাবে। অধিকন্ত চার হাজার কেসের মধ্যে সাড়ে তিন হাজার হচ্ছে ছোট কেস; যাদের পাঁচশো টাকা থেকে এক হাজার টাকা কমপেনসেশন হচ্ছে তাদের আপনি দিতে পারেন নি।

সেগুলির জন্য কি হচ্ছে মেদিনীপুরে গেলে হয় কি না সেখানে তোজি রিপোর্ট আসেনি, অর্থাৎ সেখানে ঘুষের ব্যাপার চলছে। আবার কি যখন এখানে এল

ওর সব জড়িয়ে দিয়েছেন, তাদের পৃথক করেন নি, তারপরে হল কি, আবার যখন খাসমহল এলো, যে এল আর ও অফিসে এলো তিনি বলেন যে আমরা দখল দিই নি জমি ভেষ্ট হল, জমির দখল ২।৩।৪ বছর হল দিচ্ছেন না। নানা অজুহাতে মানুষকে হয়রান করছেন। আমি দেখছি আজকে কোনরকমে জনসাধারণের জমির উপর কি অধিকার আছে সেটা আজও সাব্যস্ত করতে পারলেন না ১৬।১৭ বছরের মধ্যে। তাই আজকে জমির উৎপাদন কমে যাচ্ছে। তাই আমরা দেখতে পাচ্ছি বাংলাদেশ প্রতি বছর দুর্ভিক্ষের সম্মুখীন হচ্ছে। আপনাদের হিসাব মত ২২ লক্ষ টন বাইরে থেকে খাদ্য আনতে হচ্ছে। যদি চাষীর হাতে জমি দেয়া হত এবং সমবায় প্রথায় যদি চাষ করা হত যদি পতিত জমির উদ্ধার করা হত হাজার হাজার একর যে জমি পড়ে আছে তাহলে এরকম হত না। আজকে আমরা দেখতে পাচ্ছি যে আপনারা জমি উদ্ধার করতে পারছেন না এবং চাষীদের হাতেও জমি দিতে পারছেন না। আমি আপনাকে সেদিন বলেছিলাম রামনদে সমুদ্রপুকুরে লবণের নামে আপনারা ৫ হাজার একর জমিকে দীর্ঘদিন ফেলে রেখে দিয়েছেন—না লবণ উৎপাদন করছেন, না মৎস্য চাষ করছেন, না জমি চাষ করছেন। উল্টে আপনারা করছেন কি ৩।। হাজার একর জমি সেখানে চাষ করছেন সেগুলো আপনারা নিয়ে রেখে দিয়েছেন। আমি দীঘাতে দেখছি দীঘা ডেভেলপমেণ্টর নামে সেখানে শত শত একর জমি কেড়েনেবার চেষ্টা করছেন অথচ ৫০ বছরের মধ্যেও দীঘা ডেভেলপমেণ্টের দরকার হবে না। সেখানে ১০।১২ মণ করে ফসল ফলছে। আমি ওখানে আর একটা কথা বলতে চাই—এখানে সিলিং সম্বন্ধে উঠলো—এটা অত্যন্ত কনট্রোভার্সিয়াল পয়েণ্ট। ইকনমিক হোল্ডিং-র উপর এটা নিশ্চয়ই ধার্য্য হওয়া দরকার। আমি বলেছি সমস্ত জমির উপর থেকে খাজনা উঠে যাবে আমি সেটা সমর্থন করি না। আমরা বলি আন-ইকনমিক হোল্ডিং-এর উপর কোন খাজনা থাকবে না কিন্তু যারা বেশী জমি রাখবে আয়ের ভিত্তিতে তার খাজনা বা আয়কর ধার্য্য হোক। যেমন ইনকাম ট্যাক্সের ব্যাপারে আছে সেই ভাবে করা হোক। এটাই আমার বক্তব্য।

[At this stage the member having reached time limit resumed his seat]

Shri Puranjoy Pramanik:

মি: স্পীকার স্যার, আজ ভূমি রাজস্ব খাতে রাজস্ব মন্ত্রী শ্যামাদাসবাবু যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তাঁকে সমর্থন করতে উঠে ২।১টা কথা বলবো। জমিদারী দখল আইন কার্য্যকরী হবার পর একদিকে যেমন ভূমি রাজস্ব খাতে আয় বৃদ্ধি হয়েছে তেমনি জমিদারের খাস অনাবাদী জমি আবাদ হওয়ায় ফসল উৎপাদনের পরিমাণ বৃদ্ধি হয়েছে। যাঁরা জমিদারী দখল আইনের ব্যর্থতার কথা বলেন আমি বলবো যে তাঁরা বাস্তব সত্যকে উপেক্ষা করছেন। কারণ বর্তমান কর্ষণযোগ্য জমির জমিদারী প্রথা চালুর সময় কষণযোগ্য জমির সঙ্গে তুলনা করলে আমার বক্তব্যের যথার্থতা প্রমাণ হবে। এই জমিদারী দখল আইন চালু হওয়ায় সেখানে বহু লোক নিয়োগ হয়েছে এবং জমিদারের প্রতাপের তাপ থেকে প্রজাগণ নিষ্কৃতি পেয়েছে। জমিদারকে ব্যাগার দেয়া বন্ধ হয়েছে। জমিদারকে যে খাজনা দিতে হত সেই খাজনার সঙ্গে তহুরি, মুহুরি ইত্যাদি খরচ গোমস্তা তথা জমিদারকে দিতে হত তা বন্ধ হয়েছে। এটা প্রজাগণের পক্ষে কম সান্ত্বনার কথা নয়। আমি আজকে বলবো জমিদারী প্রথা উচ্ছেদ দেশে কল্যাণ এনেছে এবং জল সরবরাহের নিশ্চয়তার ফলে ফসলের উৎপাদন বৃদ্ধি হয়েছে এবং ফসলের মূল্য বৃদ্ধি চাষীকে উৎপাদন বৃদ্ধির প্রেরণা যোগায়। সেই রকম ভাবে বর্দ্ধমান জেলায় এক বিরাট অংশ ক্যানেলের জল পেয়ে থাকে এবং সেই ক্যানেলের জল দেবার পর যে খাজনা পাওয়া যায় রাজস্ব আদায়ের সঙ্গে ক্যানেল কর যোগ করলে ভূমি রাজস্ব খাতে আরো আয় বৃদ্ধি পাবে।

আমি এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই এবং আশা করি রাজস্ব বিভাগ আমার কথা অনুধাবণ করবেন এবং সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন। আমি বলতে চাই যাঁরা রাজস্ব বৃদ্ধির সহায়ক সেই ক্যানেল কর যাঁরা আদায় করেন তাঁদের উপর যে কাজ ন্যাস্ত আছে

সেই তুলনায় তাঁরা যে বেতন পান তা খুবই নগণ্য। বর্তমান দুর্মূল্যের বাজারে তাঁদের বেত মোটেই সন্তোষজনক নয়। তাঁদের যে যোগ্যতা নিয়ে নিয়োগ করা হয় সেই যোগ্যতাসম্প লোক লোয়ার ডিভিসান ক্লাক এবং অ্যাসিস্ট্যাণ্ট রেভিনিউ অফিসারকে এদের চেয়ে অনেক বেশ বেতন পান এবং তাঁদের স্কেল আরো অনেক বেশী। কিন্তু এঁদের গ্রামে ঘুরে খাজনা আদা করতে হয়, কোন ভ্রমণ ভাতা নাই এবং এঁদের অ্যাসেসমেণ্ট লিস্ট তৈরী করতে হয় এব বকেয়া খাজনা আদায় করবার ওয়ারাণ্ট সার্টিফিকেট ইত্যাদি করতে হয়।

[4-40—4-50 p.m.]

কিন্তু তাদের স্কেল মাত্র ১০০ টাকা থেকে ১৪০ টাকা। এখানে অনেকেই তহশীলদারদে বেতনের কথা বলেছেন। আমি নিশ্চয়ই স্বীকার করি তহশীলদারদের বেতন কম, তাদে বেতন বৃদ্ধি হওয়া উচিত। কিন্তু তহশীলদারা মাসিক ২৭ টাকা বেতন পায় এবং তার সঙ্গে তারা কমিশন পায়। তাতে দেখা যায় যে তারা মাসিক গড়ে ১২০ টাকা থেকে ১২৫ টাক রোজগার করে। কিন্তু এই ক্যানাল কর যারা আদায় করে তারা তাদের চেয়ে কম পায় সেই জন্য আমি তাদের বিষয়ে বিবেচনা করবার জন্য নিবেদন করবো এবং জমিদারী দখল বিভাগ মহরার বলে এক শ্রেণীর কর্মচারী আছে, তারা অধিকাংশই নন-মেট্রিক। কিন্তু তাদের প্রমোশন দেওয়া হয় লোয়ার ডিভিসন ক্লার্কে। যারা ক্যানাল কর আদায় করেন তাদের প্রমোশন লোয়ার ডিভিসন ক্লার্কে দেবার কোন বিধান নেই। তারা বহুদিন ধরে বেতন বৃদ্ধির জন্য আবেদন নিবেদন করেছে। পূর্বে তাহারা বিভাগের অন্তর্গত ছিল এবং ১৯৪৫ সালে তদানীন্তন ইঞ্জিনিয়ার মিঃ মেকি তাদের বেতন বৃদ্ধির জন্য সুপারিশ করেছিলেন কিন্তু তার কোন ফল হয়নি। দেশ স্বাধীন হবার পর তারা আবেদন নিবেদন করেছে। তাদের আবেদন নিবেদন করার পর এবং তাদের স্মারক লিপির যথার্থতা স্বীকার করে বর্ধমান বিভাগের কয়েকজন অতিরিক্ত জেলা শাসক (জমিদারী দখল বিভাগ বিভাগীয়) কমিশনারের কাছে সুপারিশ করে পাঠিয়েছেন। বিভাগীয় কমিশনার সুপারিশ করে বোর্ড অব রেভিনিউর কাছে পাঠিয়েছেন কিন্তু বোর্ড অব রেভিনু-এর কাছ থেকে আজ পর্যন্ত কোন সাড়া পাওয়া যায়নি। সেই জন্য আমি বোর্ড অব রেভিনিউ-এর কাছে নিবেদন করবো যে তাঁরা এগুলির বিচার বিবেচনা করুন এমনি তাদের দুর্ভাগ্য যে এই ১৪৫ জন তহশীলদারের পে কমিশন রিপোর্টে কোন স্থান নেই। তবে সরকার তাদের বেতন গেজেটে প্রকাশ করেছেন। এতে তারা নিরাশ হয়েছে এবং এটা রাজস্ব আদায়ের পক্ষে ক্ষতিকারক।

এর পরে আমি আর একটি কথা বলব সেটা নীতিগত প্রশ্ন সেটা হচ্ছে এই যে বর্তমান গণতান্ত্রিক যুগে দেশের সকলের সমান অধিকার স্বীকৃত হয়েছে এবং এই সমান অধিকার যাতে সর্বস্তররূপে পরিলক্ষিত হয় সেদিকে আমাদের নজর দিতে হবে। সেই জন্য আমি বলছি যে এই সিলিং প্রথায় সর্বোচচ জমি ২৫ একর ধরা হয়েছে। আমি বলব যে এতে ঠিক সুবিচার করা যায় না। তার কারণ, হয়ত কোন পরিবারের লোক সংখ্যা ২ থেকে ৫ জন তাদের পক্ষে ২৫ একর জমি একটি ছোট জমিদারীর মতন। আর যাদের পরিবারের লোক সংখ্যা ১৫ থেকে ২০ জন তাদের ঐ ২৫ একর জমির ধান লাগবে খোরাকির জন্য। সেই জন্য আমি নিবেদন করবো যে প্রত্যেক পরিবারের মাথা পিছু হিসাব করে সিলিং প্রথার ব্যবস্থা করা হোক। নিখিল ভারত কংগ্রেস কমিটি এ ব্যাপারে যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, আমি তাঁদের বলব যে এটা যেন অবিলম্বে ব্যবস্থা করা হয়। এই কথা বলে রাজস্ব মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উথাপন করেছেন আমি তাকে সমথন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Kandru Majhi :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই ভূমি রাজস্ব বিভাগের যে ব্যয় বরাদ্দ মন্ত্রিমহাশয় এনেছেন আমি তার বিরোধিতা করে জমি জরিপ বিষয়ে ২।৪টি কথা বলব। জমি জরিপ বিষয়ে আমাদের অভিজ্ঞতা থেকে আমি বলতে পার যে এই ভূমি জরিপ বিষয়ে একটি সম্পূর্ণ

অব্যবস্থা এবং চিন্তা হীন ব্যবস্থার মধ্য দিয়ে পরিচালনা করা হয়েছে। এর পূর্বে জনসাধারণের সঙ্গে যোগাযোগ করা উচিত ছিল। তাদের সুবিধা অসুবিধা বুঝে জমি জরিপ করা উচিত ছিল। অধিকাংশ কৃষকদের ডকুমেণ্ট দলিল পত্র ঠিক থাকে না, তাদের সংগ্রহ করবার জন্য সময় দেওয়া উচিত ছিল। তাদের তা সংগ্রহ না করাতে অনেক অসুবিধায় পড়তে হয়েছে এবং জরিপ কোন সময় করা উচিত না উচিত তারা ঠিক করতো। কিন্তু দেখা যায় ঠিক যারা চাষী তারা চাষের সময় বসে থাকে। ইত্যবসরে তারা জরিপ কাজ আরম্ভ করে এবং এক একটি মৌজাতে অনেক লোককে নোটিশ দিয়ে আটেসটেসন ক্যাম্পে আসতে বাধ্য করে। ফলে ২।১ জনের বিচার হয়, বাকি সকলের হয় না। এতে করে তাদের হয়রানি হয় এবং চাষের বহু ক্ষতি হয়। জরিপ কার্য্য একটি অদ্ভুত ব্যাপার। জমির নিশ্চয়ই একটা সত্ব আছে। সেই সত্বের ভিত্তিতে জরিপ কাজ হয়। কিন্তু জমিতে সত্যিকার সত্ব থাক বা না থাক অধিকার করতে দখল সত্বের উপর গুরুত্ব দেওয়া হয়। জরিপ ব্যাপারে ব্যাপক চুরি করবার ব্যবস্থা করা হয়েছে জমি জরিপ-এর সময় অবাধে ঘুষ এবং লুটের রাজত্ব চলেছে। এই ব্যাপক ঘুষ এবং চুরির ব্যাপারে সারা দেশের লোক আজ বিস্ময় প্রকাশ করেছে। এতেই প্রমাণিত হচেছ যে একটা দেশের সরকার কতটা দুর্নীতিপরায়ণ হতে পারে। আমরা দেখেছি যে এক একটি গ্রামে হাজার হাজার টাকা সরকারী কর্মচারীরা লুট করে নিয়েছে। আমরা এর বহু অভিযোগ করেছি, কিন্তু তার কোন প্রাতকার হয়নি। বিচার বিভাগ, তদন্ত বিভাগ, ইত্যাদি বিভিন্ন বিভাগ বসিয়ে পর্যায়ে পর্য্যায়ে টাকা লুট কর--- হয়েছে। ব্যাপক দুর্নীতির ব্যাপারে সরকারের তদন্ত করবার সাহস নেই। এ বিষয়ে আমরা বহু অভিযোগ করেছি, কিন্তু তদন্তের নাম করে প্রহসন মাত্র দেখতে পেয়েছি। সরকার যদি উপযক্ত তদন্ত করতে চান তাহলে আমরা প্রমাণ করবো এবং জনসাধারণের হাজার হাজার সাক্ষ্যে প্রমাণিত হবে যে সরকারী কর্মচারীরা শতকরা ৯৯ জন ঘুষ গ্রহণ করে। এর থেকেই সম্পূর্ণরূপে প্রমাণিত হবে যে একটি অসাধুসরকার অজস্র অসাধু কর্মচাররী পুষে রেখেছেন এবং এদের দমনের কোন সদিচ্ছা সরকারের নেই। কিন্তু জনসাধারণের উপর জুলুম করবার অধিকার নিশ্চয়ই সরকারের নেই। জনসাধারণের জমি আছে তা বললে তারা নিশ্চয়ই অপরাধী নয়। সরকারের কর্তব্য তাদের রেকর্ড করে রাখা। কিন্তু তার জন্য জনসাধারণ যে চুরির দায়ে নিশ্চয়ই ধরা পড়েনি——সরকারের কর্তব্য ছিল ভদ্রভাবে জনসাধারণের অসুবিধা না করে জরিপ করা উচিত ছিল। কিন্তু তা করা হয়নি। কেবল অজস্র উপদ্রুত কর্মচারী নিয়োগ করে উপদ্রব করবার জন্য একটা ছাড়পত্র দেওয়া হয়েছে। সদস্যদের কথা বলতে গেলে আমি বলতে বাধ্য হচিছ যে একটা সরকারের কাজকর্মে কতটা দখল আছে তা এই কাজ কর্মে কতটা নোংরামী গুন্ডামী হতে পারে, এটাতে প্রমাণিত হচেছ। কাজেই আমি আজকে মন্ত্রীসভা ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, জমি সম্পর্কে বলার আগে আমি খাজনা সম্পর্কে কিছু বলতে চাই একটু আগে মাননীয় সদস্য নারায়ণ চোবে মহাশয় বললেন খরগপুরে কিছু বস্তি আছে যেখানে জমির মালিক ফাকা জমি দেখিয়ে দিয়ে বললেন ঘর বানাও, খাজনা ৮ আনা——অর্থাৎ বিঘায় ১২০ টাকা। শ্যামাদাসবাবুও সেই রকম ঘর বানাও বলে ১২০ টাকা নিচেছন। অর্থাৎ জমিদার ১২০ টাকা নিচেছন এবং এঁরাও ১২০ টাকা নিচেছন। দ্বিতীয় কথা হচেছ এতদিন চলে যাওয়া সত্বেও এঁরা খাজনা কমালেন না——জমিদারের খাজনা যেটা ছিল সেটাই চালিয়ে যাচেছন এবং আনইকনমিক হোল্ডিং-এর খাজনা কমাবার ব্যবস্থা করে কৃষকদের রিলিফ দিলেন না। তবে এখন আমাদের প্রশ্ন হচেছ যেসব কৃষকের আনইকনমিক হোল্ডিং আছে তাদের খাজনা কমাবার কোন পরিকল্পনা আছে কি? তারপর এই ভূমি সংস্কার আইন সম্বন্ধে অনেকে বলেছেন যে নিঃশব্দ বিপ্লব হয়ে গেছে। স্যার, এই নিঃশব্দ বিপ্লব-এর ব্যাপারে আমি যে জিনিস বুঝেছি সেটা হচেছ ভূমি সংস্কার আইনের মারফৎ মজুতকারীর সংখ্যা একটু বাড়িয়ে দিয়েছেন--

অর্থাৎ এঁরা একদল মজুত করতে সাহায্য করছেন এবং অন্যদিকে পি. সি. সেন সেই মজু উদ্ধার করছেন। ভাল চোর, চোর খেলা আরম্ভ হয়েছে। একদল মজুত করছে এবং আর একদ সেটা উদ্ধার করছে— নি না এই চোর, চোর খেলা কতদিন আর চলবে। স্যার, আ ভূমি সংস্কার আইনের ভাল-মন্দের দিকে যাচ্ছি না এবং ওঁরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন কি জমি কৃষককে দেবেন সে কথার মধ্যেও যাচ্ছি না। আমার বক্তব্য হচ্ছে শ্যামাদাসবাবুর তথ হচ্ছে সাড়ে ছয় লক্ষ একর জমি পেয়েছেন এবং সাড়ে তিন লক্ষ একর হচ্ছে আবাদ যোগ্য জমি। সাড়ে তিন লক্ষ একর আবাদ যোগ্য জমি যদি পেয়ে থাকেন তাহলে ১৯৫ সালের গণনা অনুযায়ী তখন ছিল ৭ লক্ষ ভাগচাষী পরিবার এবং সাড়ে ছয় লক্ষ ক্ষেতমজু পরিবার। আমার প্রশ্ন হচ্ছে ল্যাণ্ড টু দি টিলার্স অব দি সয়েল আইন যেটা আনতে পারলেন ন সেই রকম আইন আনবেন কিনা এবং কতদিন পর আনবেন? আর একটা কথা জিজ্ঞাস করতে চাই, এই ভাগচাষীরা আর কতদিন ভাগচাষী হয়ে থাকবে? এঁরা কি সারা জীব থাকবে, না তাদের জমি দেবার বন্দোবস্ত করবেন? তাদের যদি জমি দিয়ে পুনর্বাসন কর তাহলে সেটা কোথা থেকে পাবেন? সাড়ে ছয় লক্ষ এবং ৭ লক্ষ এই মোট ১৩ লক্ষ পরিবারকে কোথাথেকে আপনারা জমি দেবেন? তা যদি না পারেন তাহলে এই ভাগচাষী এবং ক্ষেত মজুরদের সম্বন্ধে আপনাদের পরিকল্পনা কি? তাদের যদি জমির উপর পুনর্বাসন না হয় তাহলে কোথায় পুনর্বাসন হবে? এদিকে তো নানা রকম সুখ্যাতির কথা বলছেন, আমরা যেটা করেছি তাতে গর্ব অনুভব করতে পারি। কাজেই বলুন এঁদের কি অবস্থা হবে। তারপর, এঁদের সমাজতান্ত্রিক ব্যবস্থায় ভাগচাষী এবং ক্ষেতমজুরদের সম্বন্ধে কোন প্রভিসন আছে কিনা এবং যদি প্রভিসন থাকে তাহলে সেটা কি এবং কতদিন পরে কার্যকরী হবে সেটা জানালে খুসী হব ভাগচাষীকে তো জমি দিলেন না, কিন্তু তাদের ভাগচাষী হিসেবে চাষ করবার যে অধিকার সেটা বজায় রাখতে পারছেন কি? শ্যামাদাসবাবু বললেন এই বিল আনার পর ভাগচাষী-উচ্ছেদ কমাতে পেরেছি। আমার তথ্যের সঙ্গে ওঁদের তথ্য না মিলতে পারে, কিন্তু যদি সত্যকে স্বীকার করেন তাহলে নিশ্চয়ই একথা বলবেন যে, ভাগচাষী উচ্ছেদ কমেনি। তাহলে আমরা দেখছি কি? আমরা দেখছি তাদের জমি দিতে পারছেন না, তাদের উচ্ছেদ কমাতে পারছেন না। শুধু তাই নয়, এমন কোন প্রভিসন নেই যার মধ্য দিয়ে বলা যেতে পারে যে এবছর চাষ করলে পরের বছরও চাষ করবে তার নিশ্চয়তা আছে। স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয় বাংলাদেশে সবচেয়ে দুর্নীতিপরায়ণ যে দুটি দপ্তর আছে তার মধ্যে একটি হচ্ছে খাদ্য দপ্তর এবং আর একটি হচ্ছে শ্যামাদাসবাবুর বিভাগ। এরকম দুর্নীতিপরায়ণ বিভাগ আপনি আর কোথাও খুঁজে পাবেন না। সেটেলমেণ্ট-এ যে সমস্ত জমি জরিফ হয়েছে, রেকর্ড হয়েছে সেখানে উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে ফেলা হয়েছে। আমি অন্যোর কথা না বলে আমার নিজের বসত বাটির কথাই বলছি—তার এক অংশ অন্য অংশের মধ্যে চলে গেছে, এর নাম অন্যোর নামের মধ্যে চালিয়ে দিয়েছে। কিন্তু যদি একটা কাগজ বের করতে যান তাহলে আপনাকে টাকা দিতে হবে। সেটেলমেণ্ট রেকর্ডে কার জমি কার অধীনে আছে, কার দখলে আছে সেটা এঁদের ডিপার্টমেণ্ট একেবারে গণ্ডগোল করে রেখেছে এবং এঁরা থাকতে সেই গণ্ডগোল কোন দিন দূর হবে না এবং এমন কি মামলা মোকদ্দমা করে যে জট ছাড়াবেন তারও সীমার বাইরে। তাহলে দেখা যাচ্ছে রেকর্ড ঠিক করতে পারলেন না, ভাগচাষীকে জমি দিতে পারলেন না, তাদের উচ্ছেদ ঠেকাতে পারলেন না—তবে পারলেনটা কি? তারপর, আপনারা বলছেন গ্রামের দিকে নাকি বিপ্লব সুরু হয়েছে। বিপ্লব যেটা দেখছি সেটা হচ্ছে দেশে যে খাদ্য উৎপাদন হচ্ছে সেটা যাতে আরও মজুত হতে পারে সেই বিপ্লবের দিকে আপনারা এগিয়ে যাচ্ছেন।

তারপর খাজনা সম্পর্কে বহু এলেকা আছে যা আনইকনমিক হোল্ডিং। বহু এলাকা আছে যেখানে কোনবারে চাষ হল না, বেশী বৃষ্টির জন্য কিংবা অনাবৃষ্টির জন্য কোন চাষ হল না। কিন্তু ব্যবস্থা করেছেন আবেদন করতে হবে নিবেদন করতে হবে, কোন ফসল হল না অথচ খাজানার জন্য সার্টিফিকেট জারী করেছেন এই রকম বহু এলেকা আছে। কিন্তু এই যে ফসল কম হল অতিবৃষ্টির জন্য কি অনাবৃষ্টির জন্য কিংবা সেচ ব্যবস্থার জন্য, তার জন্য খাজনা মুকবের কোন ব্যবস্থা নাই। ভাগচাষীদের জন্য কি করলেন? সরকার আইন করেছেন,

সমস্ত বাংলাদেশের ভাগচাষী সম্বন্ধে এখন পর্যন্ত কি করেছেন ক্ষেত মজুর সম্বন্ধে বাংলাদেশের মানুষ জানতে পারে নি।

তৃতীয় কথা হচ্ছে সিলিং সম্বন্ধে একটা কথা বলবো এঁরা যতদিন থাকবেন কোন সিলিং কার্য্যকরী করা হবে না। একটু আগে আমাদের এক বন্ধু বললেন ২৫ একরে হচ্ছে না, ১৫ একর যদি করেন তাহলে ভাল হয়। এমনিতেই তো বেনামী যা করবে তা ধরে কার বাপের সাধ্যি, ছেলে মেয়ে ভাগ্না ভাগ্নী, পুত্র পুত্রবধূ, অনাগত পত্র, পত্রবধূ, মাসতুতো ভাই, ভগ্নী, তার পুত্র কন্যা সমস্ত আত্মীয় স্বজনের নামে বেনামী করলে কার বাপের ক্ষমতা সেটা ধরে? সুতরাং কোন সিলিং ঠেকাবেন না, যদি বেনামী বন্ধ করার সিত্যকারের সংউদ্দেশ্য থাকে তাহলে সেভাবে চলুন। আপনারা একদিকে বড় কথা বলছেন অন্য দিকে টিপে দিচ্ছেন, এমন ফাঁকি রেখে দিচ্ছেন যা ধরতে পারবেন না। তারপর আমাদের বন্ধু বান্ধব যারা আইন ব্যবসা করেন তাদেরতো সুবিধাই হয়। যাই হোক এখন আমার বক্তব্য হচ্ছে, এমন একটা বিল আনুন যে বিলের মধ্য দিয়ে সমগ্র কৃষক সমাজের সত্যিকারের যারা চাষ করে তাদের জমি দিতে পারেন এবং জমি যারা পেল না তাদের জন্য ব্যবস্থা করতে পারেন। যতক্ষণ পর্যন্ত না আপনারা সেই কাজ করছেন ততক্ষণ পর্যন্ত ভাগচাষীরা যাতে উচ্ছেদ না হয় তার ব্যবস্থা করুন। এই সব বাজে কথা বলে ফল হবে না। ভাগচাষী উচ্ছেদ হচ্ছে এটা যদি স্বীকার না করেন তাহলে কার বাপের সাধ্যি সেটা স্বীকার করায়।

তারপর আনইকনমিক হোল্ডিং যাদের তাদের খাজনা যাতে কম হয়, তাদের যাতে একবারে ছাড় করিয়ে দিতে পারেন তার চেষ্টা করুন। ৪র্থ হচ্ছে আপনারা যে রেকর্ড ঠিক করার কথা বলেছেন সেই রেকর্ড ঠিক করার ব্যবস্থা করুন। তারপর যে সমস্ত জায়গায় ভীষণ অনাবাদী চাষ হচ্ছে না, সেই সব এলেকার নাম করে, আগে থেকে যাতে কৃষক বুঝতে পারে যে খাজনা আদায় করা হবে না, তাদের খাজনা মুকুব হবে, সেই বন্দোবস্ত করুন।

[5—5-10 p.m.]

এ বন্দোবস্ত যদি করেন এবং পরে যে জমির উপর পুনর্বাসন করা সম্ভব নয় সেটা পরের কথা তারা কি বন্দোবস্ত করবেন। দেশে কিরূপ শিল্পের বিকাশ হলে তাদের শিল্পে নিয়োজিত করতে পারবেন কিনা সে কথা এখন বলে লাভ নেই। কিন্তু এ পর্যন্ত কি ব্যবস্থা করেছেন সেটাই জানতে চাই এবং আশা করি তিনি সেটা জানাবেন। কি দিন আগে কৃষি খাতে ঐ সমস্যা এসেছিল যে কত টন খাদ্য বেড়েছে সরকারী হিসাব অনুযায়ী যে তথ্য উপস্থিত করা হল সে তথ্য যদি ওঁদের বিরুদ্ধে যায় তাহলে তাঁর কোন উত্তর দেন না। উত্তর এড়িয়ে গিয়ে এ এমন কিছু উত্তর দেন যাতে করে কিছু গর্বই করা যায় সে জন্য সবিনয়ে নিবেদন করছি আগামী দিনে যারা বাংলা দেশের সত্যকারের কৃষক তাদের পুনর্বাসনের জন্য এমন কোন আইন আনছেন কিনা যাতে করে ক্ষেতমজুর ভাগচাষীরা কিছু লাভবান হতে পারে।

Shri Joynal Abedin:

মাননীয় স্পীকার স্যার, আজকে ভূমি এবং ভূমিরাজস্ব খাতে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তা সমর্থন করছি এবং এই দাবীর বিতর্কে আমি কতকগুলি কথার দিকে তার দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের কল্যাণ রাষ্ট্র বনিয়াদ হিসাবে জমিদারী দখল মধ্যস্বত্বাধিকারীদের স্বার্থ খর্ব এবং কোন কোন ক্ষেত্রে লোপ করা হয়েছে এবং এই কল্যাণ রাষ্ট্রের প্রকৃত কৃষক গণের যে অপরিসীম দুর্গতি এত দিন ছিল তা ক্রমশ দূর হয়ে যাবে। এই আইন প্রণয়ন করার সময় একথা আশা করা হয় নি যে লক্ষ লক্ষ ছোট ছোট কৃষক রয়েছে যাদের অভাব অনটনে একান্ত বাধ্য হয়ে পার্শ্ববর্তী কোন ধনীর কাছে সাময়িক ভাবে

জমি বন্ধক রেখে রেজিষ্ট্রী যোগে জমি হস্তান্তর করেছে। এই বিধান যদি প্রণয়ন করা না হয় তাহলে ছোট ছোট কৃষকদের জমি ধনীদের হাতে গিয়ে কেন্দ্রীভূত হবে এবং তাহলে জমিদারী উচ্ছেদ এবং মধ্যসত্ত্বাধীকারী লোপের যে প্রকৃত উদ্দেশ্য তা অনেকখানি ব্যর্থ হবে বলে মনে করি। পল্লীগ্রামের সাধারণ মানুষের বুকে যে আশা উদ্দীপনা জেগেছে তার কথা না বলাই ভাল। কিন্তু সহরাঞ্চলে আমাদের যাদের সাময়িক ভাবে বাস করতে হয় তাদের সম্বন্ধে কয়েকটা কথা আপনার মাধ্যমে বলবো। আপনি হয়ত ভাড়া বাড়ীতে থাকেন না বেঙ্গল টেনেন্সী অ্যাক্ট একটা আয়তন এবং বিধানে আরো কিছু ব্যাপক করে প্রকৃত সমস্যার অনুধারণ করুন। কলকাতায় এককালে আমাকে বাসা বদল করতে হয়েছিল তাতে দেখেছি কলকাতার ল্যাণ্ড লর্ডরা বাসা ভাড়া দেবার নামে এবং ফ্লাট ভাড়া দেবার নামে সেলামী ইত্যাদি বাবদ প্রচুর অর্থ দাবী করে থাকেন। দালালীর ব্যবস্থা আছে। ভাড়ার চেয়ে সেলামী ব্যবস্থা বেশী এবং অনেক ছোট ছোট কারণে সাধারণ মানুষ যারা বাড়ী ভাড়া দিয়ে থাকে তাদের বাড়ীওলারা উচ্ছেদ করে।

তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো প্রকৃত সমস্যা অনুধাবন করে উপযুক্ত আইন প্রণয়নের দ্বারা এই ললুপ এবং লালসা পূর্ণ বাড়ীওলাদের লোপ খানিকটা খর্ব করা হবে। মাননীয় জগদীশবাবু একটা বিষয়ে ভুল ধারণার বশবর্ত্তী হয়ে এই হাউসের একটা ডিক্লরেসান রেখেছেন যে সিলিং-এর প্রশ্নে নাকি তার সঙ্গে আমরা একমত। ল্যাণ্ড হোল্ডিং কে কতটা জমি রাখতে পারবে এর বিচারে সর্বভারতীয় ভিত্তিতে হওয়া উচিত। ভারতের অন্যান্য রাজ্যে ল্যাণ্ড সিলিং পরিবর্তনের কি বিধান করেছেন এবং পশ্চিম বাংলার বিভিন্ন জায়গায় যে যে বিভিন্ন ব্যবস্থা আছে এর পরিপেক্ষিতে ল্যাণ্ড সিলিং-এর পরিবতন করতে হবে এবং সে সময় স্থানীয় সুযোগ সুবিধা বিচার করে সিলিং-এর পুনর্বিবেচনা করা প্রয়োজন। কিন্তু আমি একথা বিশ্বাস করি না যে মাননীয় জগদীশবাবু যে ঘোষণা করেছেন ১৫ একর সিলিং এক মত না হয়ে এর ঘোরতর বিরোধীতা করছি। একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। জমিদার যখন ছিল এবং ভূমি রাজস্ব আদায়ের ব্যবস্থা ছিল সে ভূমি রাজস্ব আদায় জমিদারদের কর্মচারী অর্থাৎ তহশীলদাররা যা করতেন তাঁদের একটা সাধারণ নিরাপত্তা ছিল, আমি মনে করি সে অবস্থা এখন বিশেষ পরিবর্তন সম্ভব হয় নি, আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আদায়কারী তহশীলদারদের বৃত্তি পরিবর্তন করান, এদের যাতায়াতের বন্দোবস্ত করান এবং এদের জন্য একটা অফিস তৈরি করা যায় কিনা সে সম্বন্ধে চিন্তা করে দেখুন। আমাদের তহশীলদাদের বিত্তি খানিকটা বাড়িয়ে দেওয়া প্রয়োজন আছে বলে মনে করি। খাজনা সম্বন্ধে বারবার বলা হচ্ছে ইকনমিক হোন্ডিং ছোট ছোট মালিকদের খাজনা মুকুব করার প্রশ্নে না গিয়ে আমি একটা প্রশ্ন আপনার মাধ্যমে রাখতে চাই যে জমির খাজনা এবং যে কর দিতে হবে সে করের মাত্রা ঠিক করা উচিত জমির উর্বরতা জমিতে জল পাওয়া যায় কিনা, জমির সেখানে স্থানীয় মূল্যমান এ সব দেখে বিচার করে মূল্য ঠিক করা উচিত। জমিদারদের অনেক জমি রাখার অধিকার আছে কিন্তু তাদের এগ্রিকালচার ইনকাম ট্যাক্স দিতে হয়। আমি আর একটা কথা বলে মনে করিয়ে দিতে চাই, যেটা আগে বলেছি যে কলকাতায় টেনেন্সী এ্যাক্ট কিম্বা অন্যান্য সহরে এ আইন সর্বভারতীয় দৃষ্টিভঙ্গী এবং সহরের অবস্থা পর্যবেক্ষণ না করে গ্রামে যেমন পরিবর্তন আনা হয়েছে সহরে সে রকম আনা উচিত বলে মনে করি। এই কটা কথা বলে আমি এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Birendra Narayan Ray:

মাননীয় শ্যামাদাস ভট্টাচার্য্য মহাশয় যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে উপস্থিত করেছেন তার বিরোধীতা করতে উঠে আমি কয়েকটা কথা বলতে চাই। স্যার, গত বৎসর আমি মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করেছিলাম গত ৫ই এপ্রিল ১৯৬৩তে আনস্টার্ড কোশ্চেন ৬৫৭ অ্যাডমিটেড ১০৮১ তাতে দেখিয়েছেন যে কতজন বড় বড় জমিদার যারা ক্ষতিপূরণ পেয়েছেন। তাদের নেট ইনকাম সরকার জানেন না এটা একটা অদ্ভুত ব্যাপার। জমিদারী উচ্ছেদের পর প্রাক্তন জমিদারদের কাছ থেকে বহুরকম কাগজপত্র নেওয়া হয়েছে তাতে রেকর্ড অফ

রাইটস দেখা হয়েছে কিন্তু আশ্চর্য্য হয়ে যাচ্ছি যে ওঁরা বলছেন জলপাইগুড়ীর নগেন্দ্রনাথ সেনগুপ্ত নেট ইনকাম অথচ তাকে তা ৩১ হাজার ৬৬৬ তাকে দেওয়া হয়েছে।

[5-10—5-20 p.m.]

কি বেসিসে দেওয়া হয়েছে? আপনি তাদের নেট ইনকাম জানেন না উত্তর দিয়েছেন। তারপর দেখুন স্যার, হুগলী ডিস্ট্রিক্ট-এর টি. এন. মুখার্জী, শ্রীমতী গীতা রাণী দেবী, সমরেন্দ্র নাথ মুখার্জী, শ্রীবলাই চাঁদ গোস্বামী এই চার জনের নেট ইনকাম নট রিপোর্টেড অথচ টি. এন. মুখার্জীকে দেওয়া হয়েছে ৬১ হাজার ৮ শো ৫৬ টাকা, গীতা রাণী দেবীকে দেওয়া হয়েছে ২৯ হাজার ৪৫৬ টাকা সমরেন্দ্রনাথ মুখার্জীকে দেওয়া হয়েছে ৩৭ হাজার ৮৪ টাকা, আর বলাই চাঁদ গোস্বামীকে দেওয়া হয়েছে যিনি ওঁদের পেয়ারের লোক ১ লক্ষ ২ হাজার ৫ শো টাকা, অথচ নেট ইনকাম নট রিপোর্টেড। ১ টাকা ইনকাম ছিল কি লক্ষ টাকা ইনকাম ছিল সরকার জানেন না, কিন্তু সরকার তাকে টাকা দিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তরের বাঁ পকেটে কিছু না পড়লে এই রকম দেওয়া হয় কি করে সেটা তিনি দয়া করে জানাবেন। আর একটা জিনিস দেখছি বীরভূম ডিস্ট্রিক্টের শ্রীরেবতী রঞ্জন চক্রবর্ত্তী তার নেট ইনকাম দেখান হচ্ছে ২৮ হাজার ৪৭০ টাকা ৫৪ নয়া পয়সা অথচ তাঁকে ক্যাশ দেওয়া হয়েছে ২ লক্ষ ৯ হাজার ২৭০ টাকা। আমি কিছু কিছু সিলিং-এর ব্যাপারে জানি, যার ২৮ হাজার টাকা নেট ইনকাম সে ২ লক্ষ টাকা ক্যাশ কোন রকমে পেতে পারে না। এই পাওয়ার ব্যাপারে বাঁ পকেটের ব্যাপার আছে নিশ্চয়ই। এই যদি অবস্থা হয় তাহলে মন্ত্রী মহাশয় কি করে বলছেন যে আমরা ছোট ছোট জমিদারদের দিচ্ছি বড় জমিদারদের দিচ্ছি না? বড় জমিদারদের তো দিচ্ছেনই এমন কি যাদের নেট ইনকাম জানেন না তাদেরও আপনারা দিচ্ছেন। দ্বিতীয়তঃ আমরা দেখছি যে কোন ব্যক্তির ক্ষেত্রে সিলিং বেঁধে দেওয়া যায় কিন্তু ওয়াকফের ক্ষেত্রে বা দেবত্বরের ক্ষেত্রে কোন সিলিং নেই। আমরা বিধান সভায় একটা নন-অফিসিয়াল রেজলিউসান এনেছিলাম, তাতে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে আমরা শীঘ্র বিল আনব। ওয়াকফের বিল আছে দেখছি, কিন্তু দেবত্বরের কোন বিল মন্ত্রী মহাশয় আজ পর্যন্ত আনেন নি। কেন আনেন নি তিনিই জানেন। এই ওয়াকফ বা দেবত্বরের নামে যদি হাজার হাজার বিঘা জমি কৃষি বা অকৃষি রাখতে পারেন তাহলে পুরুষানুক্রমে তার ভোগ করতে পারবেন এবং দেবত্বরের নাম করে স্বরা স্বীকার খেলা খেলতে পারবেন এবং তাই তাঁরা করছেন এবং সরকার সেটা জানেন। কিন্তু সরকারের হাত-পা বাঁধা, সেজন্য সরকার এদিকে এগুতে চান না। আর একটা জিনিস দেখছি সেটা হচ্ছে অর্চাড মেছোঘেরি সম্বন্ধে কোন লিমিট নেই। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলতে পারি যে, জমিদারী উচ্ছেদের—পূর্বে বড় বড় জমিদাররা কিছু কিছু আজে-বাজে গাছ, আমের আঁটি ফেলে দিয়ে কিছু গাছ হবার পর তার নাম দিয়েছেন অর্চাড। এইভাবে বড় জমিদাররা বহু জমি অর্চাডের নাম করে রেখে দিয়েছেন। ভূমি ব্যবস্থার যখন সংস্কার করতে যাচ্ছেন তখন ওয়াকফ দেবত্বর, মেছোঘেরি বা অর্চাডের কোন সিলিং করেন নি কেন বা কলকাতায় জমিদারী উচ্ছেদ করেন নি কেন? তার কারণ আমরা জানি ওঁদের মধ্যে এখনও অনেক লোক আছেন বা অতীতে ছিলেন যাঁরা মেছোঘেরি বা আর্চাড সম্বন্ধে ইনটারেসটেড। সেজন্য করেন নি। আমার বক্তব্য হচ্ছে বড় বড় জমিদার যাদের আপনারা নাম করেছেন। তাদের ক্ষতি-পূরণ দেবেন না যতদিন পর্যন্ত ছোট জমিদারদের ক্ষতিপূরণ না দেওয়া হয়। কারণ, বড় জমিদাররা বিশেষ করে যারা আপনাদের অনুগ্রহের প্রার্থী তারা কিছু রেখেছেন, যেমন জগদীশ সিংহ, যিনি বড় গলায় বলে গেলেন, তিনি মেদিনীপুরের সেবাইত রূপে টাকা নিচ্ছেন। আবার দেখুন ওয়েস্ট দীনাজপুরে তিনি সেবাইত হিসাবে এ্যানুইটি নিচ্ছেন। এই ভাবে কংগ্রেস পক্ষের লোক আগে থেকে ব্যবস্থা করে দেবত্বর বা অন্য উপায়ে জমি রেখেছেন, আর মারা পড়ছে ছোট জমিদাররা। আমি একটা কেস আপনাকে দেখাচ্ছি ই কেসটা হচ্ছে উত্তর পাড়ার একটা ভদ্রলোকের, তাঁর নাম হচ্ছে সত্য চরণ মুন্সেদার, তাঁর কিছু জমি ভেস্ট করে গেছে।

তিনি বলেছেন উত্তরপাড়ার সেই জমিতে মাত্র একশো টাকা ইনকাম হয় মাসে অর্থাৎ বছরে বারোশো টাকা। জমির পরিমাণ ২৭ বিঘা, ১৪, টাকা খাজনা দিচ্ছেন কি করে? নিশ্চয়ই তিনি ঘরের টাকা দিয়ে ঐ সম্পত্তি রাখেন নি।

আর একটি জিনিষ আপনার দৃষ্টিগোচর করতে চাই। আপনারা জমিদারী উচ্ছেদের নাম করে বড় জমিদার হয়ে আগেকার কুখ্যাত অত্যাচারী বড় জমিদারদের চেয়েও বেশী অত্যাচারী হয়ে দাড়িয়েছেন। আগে লোকে জমিদারের কাছ থেকে অনেকরকম সুযোগ সুবিধা পেত, আজকে আপনারা সেই সব সুযোগসুবিধা তাদের দিতে পারছেন না। যেমন ধরুণ খাজনা আদায়ের ব্যাপারে আপনারা কি করছেন? আগে খাজনা আদায় না হলে জমিদাররা কোর্টে কেস করতেন। আর আপনারা জমিদারী নিয়ে কী করলেন? না, বাকি খাজনার দায়ে সার্টিফিকেট নিয়ে গিয়ে হাজির হলেন, এই ভাবে আপনারা চাষীকে একেবার নিঃস্ব করে দিচ্ছেন। অথচ বড় বড় জমিদাররা অর্চাডের নাম করে দেবোত্তরের নাম করে কত জমি তাঁরা রেখে দিচ্ছেন। তাঁদের আপনারা পষছেন। জমিদারী উচ্ছেদের নাম করে এই সব কাণ্ড আপনারা করছেন। আমি তার বিরোধিতা করতে গিয়ে শেষ কথা এই বলতে চাই যে তহশীলদারদের আপনারা ২৭৲ টাকা মাইনে দিচ্ছেন। তাদের মাইনে আরো বাড়ান এবং জে. এল. আর. ও. ও এস. এল. আর. ও এই সব বড় বড় অফিসারদের ছাটকাট করে দেন, তাদের অত মাইনে দিয়ে পুষে রাখবার কোন যৌক্তিকতা নাই। কারণ তহশীলদারদের উপরই তো সমস্ত ভার আছে। সেই জন্য বলবো ঐ জে. এল. আর. ও. ও এস. এল আর. ও. এদের ডিরেক্ট প্রভিনসিয়াল লেভেল-এ বাদ দিয়ে দিন। কারণ এই টপ হেভি অ্যাডমিনিস্ট্রেশন-এর জন্য খরচও বেশী হচ্ছে। অথচ গরীব তহশীলদারদের মাইনা অত্যন্ত কম, নেই বললেই চলে, আর উপরতলার মাইনে বেশী সেইজন্য আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, গত ১৯৬০-৬১ সালে রাজস্ব মন্ত্রী যখন বাজেট পেশ করেছিলেন, তখন যে বক্তৃতা তিনি দিয়েছিলেন, সেটা আজকে আমি দেখছিলাম এবং সেই বক্তৃতার সঙ্গে যদি আজকের বক্তৃতা মিলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে আজকে অন্তত: ভূমি রাজস্ব মন্ত্রীর একথা বলার কোন মুখ থাকবে না যে অগ্রগতি ঘটেছে একথা তিনি বলতে পারবেন না। অবশ্য পরিষ্কার হয়ে যাবে পশ্চাদ্‌গতি ঘটেছে। আমি সে সম্বন্ধে দৃষ্টান্ত দিচ্ছি। ১৯৬০-৬১ সালে তিনি বলে ছিলেন যে ২০ হাজার একর জমি তাঁরা পেয়েছেন এবং

we have started that work of distribution. Already about 10 thousand acres have been distributed.

দশ হাজার একর জমির বিলি ব্যবস্থা করা হয়ে গেছে জলপাইগুড়িতে। কিন্তু ভূমিরাজস্ব মন্ত্রী এমন কোন রিপোর্ট দিতে পারলেন না তাঁদের অ্যাডভাইসরি কমিটি যেটা স্থানীয় ভিত্তিতে তৈরী হয়েছে—তার মারফৎ কি পরিমাণ জমি বণ্টন করা হয়েছে। জলপাইগুড়ি জেলাতে কত এবং অন্যান্য জেলাতেই বা কত? সেই সময় তিনি বলেছিলেন জলপাইগুড়ি থেকে সুরু করলাম এবং অন্যান্য জেলাতেও খুব তাড়াতাড়ি এই ভূমি বণ্টনের কাজ আরম্ভ করে দেব। কিন্তু সেই সম্পর্কে আমরা কোন রিপোর্ট পেলাম না। আশা করি রাজস্ব মন্ত্রী জবাব দেবার সময় সেই রিপোর্টের কথা বলবেন।

আর ২ নম্বর হচ্ছে কি পরিমাণ জমি আজ পর্যন্ত সরকার বাহাদুরে ভেস্ট করেছে এই ভেস্ট করা সম্পর্কে ১৯৬০-৬১ সালের বক্তৃতায় বলা হয়েছিল ২ লক্ষ ৭০ হাজার একর জমি সরকারে ভেস্টেড হয়েছে এবং তাঁরা দখল নিয়েছেন। সে কথা ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় তখন বলেছিলেন। আর আজকে তিনি যে উদ্বোধনী ভাষণ দিলেন। তাতে বলেছেন ২ লক্ষ ৪১ হাজার ৭৮৬ একর কৃষি জমি ভেস্টেড এবং তার দখল নিতে চলেছেন। তাহলে এই ৩০ হাজার একরের মত জমি কি করে কমে গেল?

[5-20—5-30 p.m.]

কি করে কমে গেল। আমরা এখনও পর্যন্ত তার কোন রিপোর্ট জানিনা যে কি করে ২ লক্ষ ৭০ হাজার একর জমি ২ লক্ষ ৪১ হাজার একর জমিতে পরিণত হল। সুতরাং সে ব্যাপারটা তাঁরা বলবেন। এরপর ৫(এ) ধারা বা বেনামী জমিগুলো পুনরুদ্ধারের ব্যাপারের ক্ষেত্রে আমরা সেখানে লক্ষ্য করেছি যে রাজস্বমন্ত্রী বলছেন যে ১৯৬১ সালে ৪১ হাজার ৮ শো একর জমি তারা উদ্ধার করেছেন ৫(এ) ধারা মতে মামলা করে কিন্তু এখানে আমরা শুধুমাত্র রাজস্বমন্ত্রীর কাছে শুনলাম যে হাইকোর্টে মামলা হয়েছে, বিভিন্ন জেলায় ৯টি ডিস্ট্রিক্টে কত শত মামলা ঝুলছে ১০ হাজারের মত মামলা নাকি বিভিন্ন জেলায় ঝুলছে এবং জমি উদ্ধার করা যাচ্ছে না। কি পরিমাণ জমি ৫(এ) ধারামতে মামলা করে সরকার উদ্ধার করেছেন সে সম্বন্ধে তারা যেন জানান এবং মজার কথা হচ্ছে এই, এর আগেও আমরা একটা প্রশ্নে বলেছিলাম যে দেখা যাচ্ছে যে যারা বড় বড় জমির মালিক, এমন কি সরকারের যে সমস্ত জমি ভেস্ট হয়ে গেছে সেই সমস্ত জমি পুনরুদ্ধার করবার জন্যই তারা সিভিল প্রসিডিওর কোর্ডের বিভিন্ন ধারামতে মামলা করেছেন মুনসেফের আদালতে, জজের আদালতে এবং সেই মামলাগুলি জলপাইগুড়ির রিপোর্ট থেকে ধরা পড়েছে যে শতকরা ৮৭টি মামলা একতরফা হয়েগেছে এবং সেই একতরফা হয়েছে ঐ জে এল আর ও, এস এল আর ও, ভূমি রাজস্ব বিভাগের দপ্তরের যাঁরা কর্তাদের গাফিলতি শুধু নয়, তাঁদের ইচ্ছাকৃত ষড়যন্ত্রের দরুণ এই একতরফা হয়ে গেছে। এবং সরকারী প্যানেলের উকীল নয়। যাঁরা বড় বড় জোৎদার তাঁদের নন্দন অনেকেই, তাঁরা সেই প্যানেলের উকিলের লোক এবং তাঁরা পর্যন্ত সেই মামলা তদ্বির করা বা মামলা পরিচালনা করার দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন যার ফলে মামলা একতরফা হয়ে গেছে। জোৎদাররা এবং বড় বড় জমির মালিকরা তাঁরা সেই সমস্ত জমি পনরুদ্ধার করতে পেরেছেন এই আবাদী হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি বেশী সময় নেবনা, এ পর্যন্ত অগ্রগতিটা কোথায়, যে ১৬ লক্ষ কেন রাজস্ব মন্ত্রী ১৯৬১ সালে জানিয়েছিলেন যে ১৬ লক্ষ কেসের যে রেন্ট রোল ১৬ লক্ষের ক্ষেত্রে তৈরী হয়েছে। আর এখন আমরা দেখতে পাচ্ছি একটু অগ্রগতি হয়েছে—১৬ লক্ষ গড়ে—১৭ লক্ষ ৪৪ হাজার ৭৮৩ যে কমপেনসেসন রোল যা তৈরী হয়ে গেছে ফাইনালাইজ হয়ে গেছে বলে যা বল্লেন এবং ৭ লক্ষ বড় বড়দের ক্ষেত্রে বাকী আছে একথা বল্লেন অর্থাৎ আগে যেখানে ১৬ লক্ষের কথা আমরা পেয়েছিলাম। এখানে তার থেকে বেড়ে কমপেনসেশন রোলের পরিমাণ দাঁড়াচ্ছে প্রায় ২৪ লক্ষ এই অবস্থা দাঁড়াচ্ছে। অন্যদিকে দেখতে পাচ্ছি যে ভূমি রাজস্ব নীতি, এমন কি ভূমি সংস্কার নীতি এমন একটা জায়গায় চলছে সেখানে গ্রামে ধনীদের প্রাধান্য রয়েছে সেখানে এক অর্থনীতি গড়ে তুলবার চেষ্টা করেছে। ভাগচাষীরা জমি পাচ্ছে না, তাঁদের ভবিষ্যৎ জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। আজকে জমি থাকবে কি থাকবে না তা তারা বুঝতে পারছে না—উচ্ছেদ সেখানে হচ্ছে, অন্য দিকে ভূমিহীন কৃষকরা জমি পাচ্ছে না, আর জমির উপর যারা পরগাছা তারা জমির মালিক হয়ে বসে আছে। তারাই সবকিছু নীতি নিয়ন্ত্রণ করছে। এই যদি অবস্থা চলে তাহলে শুধু ভূমির ব্যাপার নয়, খাদ্যের ফলনও আপনারা বাড়াতে পারবেন না। যে মানুষ জমি চাষ করে তাকে মেরে জমির উন্নতি করা যায় না—একথাটা লেখা উচিত তাদের।

Shri Apurba Lal Majumder:

স্পীকার মহাশয়, মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী যে বাজেট উথাপন করছেন আমি তার বিরোধিতা করছি। ভূমি সংস্কারের ব্যাপারে যে ব্যর্থতা তা অনস্বীকার্য্য, তার কারণ আমরা দেখে আসছি বিগত প্রতি বছরই এবং এবছরও যে কৃষি খাদ্য উৎপাদনে গভর্নমেন্টের যে ব্যর্থতা সেই ব্যর্থতার কারণই হল ভূমি সংস্কার আমরা ঠিকভাবে করতে পারিনি যার জন্য গ্রামাঞ্চলে আজ বিপর্যয় দেখা দিয়েছে। আমি মহলানবীশ বা অন্যান্য যাঁরা বিশেষজ্ঞ অর্থনীতি বিদ তাঁদের বিভিন্ন তথ্য উথাপন করে আপনাদের কাছে বিস্তৃতভাবে একথা বলতে পারি কিন্তু আমার মনে হয় তার প্রয়োজন নেই। তার কারণ আমরা প্রতিদিন যে সমস্যার সম্মুখীন হচ্ছি সেচ জল অন্যান্য জিনিস দিয়ে আমরা চেয়েছি কৃষির উৎপাদনকে বাড়িয়ে দেবার জন্য কিন্তু প্রধানত

যেটা হিউম্যান ফ্যাক্টর সেই হিউম্যান ফ্যাক্টর যারা কৃষিজীবী তাদের জীবনের দিকে তাদের আর্থিক উন্নয়নের দিকে ভূমিতে তাদের অধিকারের দিকে আমরা তেমন নজর দিইনি, যার জন্য আজকে কিছু কিছু জল সরবরাহ করে দিয়ে, সেচের ব্যবস্থা করে দিয়ে কিছু ম্যানিওরের ব্যবস্থা করে দিয়ে বাংলাদেশ আমরা মাথাপিছু একর পিছু আমাদের ফসল বাড়াতে পারিনি।

ভারতবর্ষ পশ্চাৎপদ দেশ হিসাবে সারা পৃথিবীর মধ্যে কৃষি উন্নতির পথে আমরা সবচেয়ে বেশী পিছিয়ে আছি এবং বাংলাদেশ অন্যান্য অঙ্গ রাজ্যের তুলনায় সবচেয়ে বেশী পিছিয়ে আছে। তার কারণ আমি পরে দেখাবো যে সিকিউরিটি অব টেনার এবং জমিতে কৃষকের যে সিকিউরিটি অন্যান্য অঙ্গ রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে কম এবং তার জন্য মূলতঃ ভারতবর্ষের অন্যান্য স্টেট-এর সঙ্গে তুলনামূলক ভাবে বিচার করি তাহলে আমরা দেখতে পাবো যে একর পিছু উৎপাদন পশ্চিমবঙ্গে সবচেয়ে কম। ভারতবর্ষের মধ্যে আমরাই সব থেকে বেশী পিছিয়ে আছি একর প্রতি উৎপানের ক্ষেত্রে। এটা মনে রাখতে হবে যে পশ্চাৎপদ দেশসমূহ যদি ভূমিসংস্কারকে ঠিক ভাবে পরিচালিত করতে না পারে তাহলে আমাদের শিল্পোন্নয়নের যে পথ সেই পথ রুদ্ধ হয়ে যাবে। সমস্ত পৃথিবীর পশ্চাৎপদ দেশগুলিকে যদি উন্নয়নের পথে নেওয়া যায় তাহলে যে কোনও অর্থনীতিবিদ একথা বলবেন, আগে ভূমি সংস্কার করে এবং এই ভূমি সংস্কার করে যদি আমাদা যে যদি অতিরিক্ত লেবার বা কৃষক সেখানে আছেন আনএমপ্লয়েড লেবার আছেন, ভূমিতে কৃষিজাত উৎপাদন যথেষ্ট বৃদ্ধি করে যদি সারপ্লাস করতে না পারি তাহলে একদিকে যেমন বিভিন্ন শিল্পজাত দ্রব্য যা উৎপাদন হবে তার বাজার আমাদের নষ্ট হয়ে যায় সে বাজারে যথেষ্ট পরিমাণে বাংলাদেশে বা ভারতবর্ষের শতকরা ৭০ ভাগ কৃষিজীবি যারা, যারা গ্রামীন অর্থনীতির উপর নির্ভরশীল, কৃষি উৎপাদনের উপর নির্ভরশীল। শতকরা ৭০ জন মানুষ তাদের ক্রয়ক্ষমতাকে আমরা বাড়াতে পারি না তা একদিকে যেমন সত্য, ঠিক অন্যদিকে আমরা দেখলে যে কাঁচামালের সরবরাহ করার জন্য যে প্রয়োজনীয়তা আছে, সেই কাচামাল প্রচুর পরিমাণে আমরা কৃষি থেকে উৎপাদন করতে পারছি না। তাই আমরা দেখছি যে আমাদের দেশের কৃষি উন্নতির এবং দেশকে এগিয়ে নেবার জন্য যদি প্রথম প্রয়োজন কিছু হয়ে থাকে, সেই প্রয়োজন হল আমাদের দেশকে ভূমিসংস্কারকে ঠিকভাবে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাওয়া, কিন্তু আমরা সেটায় সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছি। আজকে আত্মপ্রসাদ যদি শ্যামাদাসবাবু লাভ করে থাকেন এবং কংগ্রেসের তরফ থেকে অন্যান্য বক্তারা যারা বক্তৃতা করেছেন কেউ কেউ এবং অধিকাংশ কংগ্রেস সদস্য যদি এই আত্মপ্রবঞ্চনার পথে চলে যায় যে বাংলাদেশের ভূমি সংস্কারের মধ্যে দিয়ে কৃষকদের আমরা জমির অধিকার দিয়েছি এবং এই আত্ম প্রবঞ্চনার মধ্যে যদি যান তাহলে ইতিহাস আমাদের শিক্ষা দেবে, যে শিক্ষা বিভিন্ন দেশে দিয়েছে। আমরা সারা দেশকে বিপ্লবের মধ্যে ঠেলে নিয়ে যাবো ভূমি সংস্কার আইনের মধ্যে দিয়ে যদি ফিউডাল এক্সপ্লয়টেশন আছে, তার পরিপূর্ণ সমাধি যদি আজকে আমরা না করতে পারি, যতই স্বপ্ন আমরা দেখি না কেন, দেশকে উন্নতির পথে নিয়ে যাবো, এই স্বপ্ন কখনও স্বার্থক হয়ে উঠতে পারবে না। কাজেই ভূমিসংস্কার আইনের মধ্য দিয়ে আমাদের শিল্পায়নের পথকে পরিস্কার করে তুলতে হবে। কাজেই আমাদের এই ভূমি সংস্কার ঠিক ভাবে আমরা পরিচালনা করতে পারছি কিনা, সেদিকে আমাদের লক্ষ্য করে এগোতে হবে। এটা আজকে স্বীকার করা হয়েছে যে প্রথম, দ্বিতীয় বা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রতিটির দিকে যদি তাকান, তাহলে দেখতে পাবেন সেখানে যে নির্দেশ দিয়েছে প্রতিটি পরিকল্পনার মাধ্যমে, সেই নির্দেশ হলো ল্যাণ্ড-এর সিকিউরিটি দাও। টেনারকে সিকিউরিটি দাও, ভাগচাষীদের সিকিউরিটি দাও। যারা জমি চাষ করে তাদের মালিকানা সত্ব তাদের হাতে তুলে দাও, এই স্বীকৃতি সেখানে আছে, মূল নীতি সেখানে দিয়েছে সিকিউরিটি থাকা সত্বেও আমরা দেখছি যে পশ্চিমবাংলার সেই প্লানিং কমিশন-এর যে মূল নীতি সেই নীতি কে কার্যকরী করার কোনও প্রচেষ্টা এখানে হয়নি। যার জন্য প্রশান্ত মহালনবীশ এবং অন্যান্য বিশেষজ্ঞরা শেষকালে বলতে বাধ্য হয়েছেন যে ডেসপাইট অল দি ল্যাণ্ড রিফরম

[5-30—5-40 p.m.]

আমরা দেখছি যে ভারতবর্ষের বা বাংলাদেশের ভূমিসংস্কার ঠিক রাস্তায় যায় নি এবং এখানে আমরা জমির যে কৃষিজাত উৎপন্ন দ্রব্য তাঁকে আমরা বাঁধতে পারি নি. স্ট্যাগনাণ্ট বা স্ট্যাগনেশন আজকে আমরা কৃষি উৎপাদনের এবং কৃষকদের জীবনে দেশের কৃষি উৎপাদনের ক্ষেত্রে যে স্ট্যাগনেশন দেখা দিয়েছে, সেই স্ট্যাগনেশন-এর কারণই হল আমাদের দেশের ভূমি সংস্কারকে আমরা ঠিক ভাবে পরিচালনা করতে পারি না। আমরা দেখছি যে ইদানিং কালে আমাদের দেশের গ্রামীন অর্থনীতির সঙ্গে যদি শহরের অর্থনীতির তুলনা করি তাহলে দেখতে পাবেন যে গ্রামের এক দিকে যেমন একশ্রেণীর মধ্যে সমস্ত কেন্দ্রীভূত ক্ষমতা নিয়ে চলেছে এবং সেখানে কেন্দ্রীভূত হচ্ছে, দারিদ্র্য এক পাশে, পাশাপাশি ধনী এবং জোতদার শ্রেণী, তাদের অধিকাংশ ক্ষমতাকে কেন্দ্রীভূত করে বসে আছে গ্রামে। এই যে কেন্দ্রীভূত ক্ষমতা সেই কেন্দ্রীভূত ক্ষমতার একটা মূল কারণ হিসাবে যদি দেখেন যে গ্রামীন অর্থনীতির উপর তার বিপর্যায় কতখানি দেখা দিয়েছে, আমরা হিসাব করলে দেখতে পাবো যে গ্রামের এগ্রিকালচারাল লেবারার-এর সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে। শহরাঞ্চলে যখন নন-এগ্রিকালচারাল লেবারার-এর দিকে তাকাই তখন দেখতে পাই যে সেখানে নন-এগ্রিকালচারাল লেবারার পশ্চিমবঙ্গে ক্রমশঃ কমে যাচ্ছে কিন্তু এগ্রিকালচারাল লেবারার যারা তাদের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলছে, এর অর্থ কি?

অর্থাৎ যে ক্ষেতমজুরের যে পার্সেণ্টেজ এবং ক্ষেতমজুরের যে সংখ্যা পশ্চিমবঙ্গে ক্রমাগত অগ্রগতির দিকে, সেই সংখ্যা চলেছে, তার অর্থ বেসিক্যালি এই তথাকথিত ভূমি সংস্কার আইনের পূর্বে এই বাংলাদেশের অর্থনীতির মূল নীতি সেই মূল বেসিসকে ভাঙ্গতে পারেন নি। সেখানে ক্রমাগত ক্ষেতমজুরের সংখ্যা বেড়ে চলেছে। কিছু দিন আগে আমাদের একটা সার্ভে হয়েছে তাতে দেখছি যে রিজার্ভ ব্যাঙ্ক এর তরফ থেকে অল ইণ্ডিয়া রুরাল ডেট য়্যাণ্ড ইনভেষ্টমেণ্ট সার্ভে, এটা কনডাক্ট করেছিলেন রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া। সেই রিপোর্ট থেকে আমরা দেখছি যে গ্রামের ইনডেটেডনেস কি ভাবে বেড়ে চলেছে। আমরা দেখতে পাচ্ছি ৫২ পারসেণ্ট আজকে গ্রামের মানুষ চরমভাবে ঋণগ্রস্ত, ঋণগ্রস্ত বললে ঠিক হবে না যদি আমরা হিসাব নিই, প্রতি পরিবার পিছু ঋণের পরিমাণ কত বেড়েছে, এগ্রিকালচারাল ফ্যামিলি পিছু তাহলে দেখবো যে ৭১৯ টাকা পর্যন্ত অ্যাভারেজএ যা মাথাপিছু ঋণ চেপে আছে। তাহলে আপনারা কি করে আশা করতে পারেন সেই সমস্ত ঋণগ্রস্ত চাষী, মহাজনের কাছে যাদের জীবন বাঁধা পড়েছে, সেই সমস্ত চাষীরা আমাদের না খেতে পেয়ে শুকিয়ে আপনাদের জন্য কৃষি উৎপাদন করে দেশকে স্বয়ংসম্পূর্ণ করবে, মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের ভাগচাষীদের সঙ্গে অন্যান্য অঙ্গরাজ্যের ভাগচাষীদের সঙ্গে তুলনামূলকভাবে হিসাব করি, তালে আমরা দেখবো আমরা কত পিছিয়ে আছি। পশ্চিমবঙ্গের যে ভাগচাষী সেই ভাগচাষী ওয়ান থার্ড অব দি ল্যাণ্ড পশ্চিমবঙ্গে আছে ক্ষেত জমি চাষ করে থাকে অথচ আমরা ১৯৫৫ সালে যে ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট পাশ করেছিলাম, সেই ল্যাণ্ড রিফর্ম অ্যাক্টএ এতটুকু সিকিউরিটির বন্দোবস্ত করলাম না। গতবারও আমি শ্যামাদাস বাবুর দৃষ্টি আকর্ষণ করেছিলাম এই বিষয়ে এবং এবারও আমি বলছি যে ল্যাণ্ড রিজাম্পশান কেন আপনারা বন্ধ করছেন না এখনও পর্যন্ত? প্লানিং কমিশন বার বার বলে দিয়েছে যে এটুকু বন্ধ করতে হবে। যদি সিকিউরিটি আমরা না দিতে পারি তাহলে আমাদের দেশের কৃষি উৎপাদন বাড়তে পারে না। আমার কাছে বই ছিল। আমার পড়ে দেখানার মত সময় নেই, সংক্ষেপে বলছি, যে ফার্স্ট য়্যাণ্ড সেকেণ্ড ফাইভ ইয়ার প্লানএর স্পেসিফিক ডিরেক্সন, ইন ইচ য়্যাণ্ড এভরি স্টেট, এই যে পারসনাল কালটিভেসনএর নাম করে জমি রিজাম্পসন হচ্ছে বিভিন্ন জায়গায়, চাষী উচ্ছেদ হচ্ছে, সেটাকে বন্ধ করে দেওয়া হোক। ভারতের এবং বিভিন্ন রাজ্যে দেখছি যে সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। যেমন আসামে ৮ই ফেব্রুয়ারী ১৯৬৩ সালে ল্যাণ্ড রিজাম্পসন অন দি গ্রাউণ্ড অব পারসনাল কালটিভেসন হ্যাজ বিন টোটালি স্টপ্‌ড্‌ আমরা লক্ষ্য করেছি ১২ই অক্টোবর, ১৯৬৩ সালে ল্যাণ্ড রিজাম্পসন বন্ধ হয়েছে ইউ. পি তে। ল্যাণ্ড রিজাম্পসন এর কোনও প্রভিসন রাখা হয়নি য়্যাজ পার ডিরেক্সন অব দি প্লানিং কমিশন।

১৯৬৩ সালের ১২ই অক্টোবর থেকে মধ্যপ্রদেশে ল্যাণ্ড রিজামসন বন্ধ হয়েছে, ইউ, পিতে ল্যাণ্ড রিজামসন-এর প্রভিসন রাখা হয়নি অ্যাজ্ পার ডাইরেকসন অব দি প্ল্যানিং কমিশন গুজরাটে বন্ধ হয়েছে, কাশ্মীর জম্মুতে ১৯৫৬ সাল থেকে ল্যাণ্ড রিজামসন বন্ধ হয়েছে। আমি শ্যামাদাসবাবুকে জিজ্ঞাসা করছি প্ল্যানিং কমিশনের স্পেসিফিক ডাইরেকসন থাকা সত্বেও দ্বিতীয় এবং তৃতীয় পরিকল্পনার ডাইরেকসনকে ফ্লাউট করে পশ্চিমবাংলায় ভাগচাষি উচ্ছেদের বন্দোবস্ত আইনের মধ্যে কেন রেখেছেন? আমি শ্যামাদাসবাবুকে চার্জ করছি। আমরা জানি কংগ্রেস সংগঠন শ্রেণী স্বার্থের নামে জোতদারের স্বার্থকে বাঁচিয়ে রাখবার জন্য তাদের স্বার্থের প্রতিনিধিত্ব করেন এবং তাদের স্বার্থেই আজ পর্যন্ত বাংলাদেশে ল্যাণ্ড রিজামসনকে বন্ধ করেনি। স্যার, আমরা জানি পার্সোনাল কালটিভেশনের নামে হাজার হাজার মানুষকে উচ্ছেদের চক্রান্তে শ্যামাদাসবাবুও একজন অংশীদার। তা যদি না হবে তাহলে ল্যাণ্ড রিজামসন যখন কেরালায়, ইউ. পি-তে বন্ধ হোল তখন পশ্চিমবাংলায় কেন বন্ধ হোল না? তারপর, শ্যামাদাসবাবুর দৃষ্টি আকর্ষণ করে আমি জিজ্ঞাসা করি বিভিন্ন জায়গায় ভাগচাষীদের উপর অন্যায় ভাবে জুলুম করে, চাপ সৃষ্টি করে তাদের কাছ থেকে এই যে ইস্তফা লিখিয়ে নেওয়া হচ্ছে আপনারা এটা বন্ধ করেন নি কেন? স্যার, এইরকমভাবে জোর করে যাতে ইস্তফা লিখিয়ে নিতে না পারে তার জন্য আইন করে প্রভিসন রাখ এরকম ডাইরেকসন প্ল্যানিং কমিশন দিয়েছে এবং সেই অনুসারে হায়দ্রাবাদ, বোম্বে, বিহার এবং মধ্যপ্রদেশে ভলাণ্টারী সারেনডারকে রেগুলেট করবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু বাংলাদেশে আপনারা শ্রেণী স্বার্থের, জোতদারের স্বার্থের বাহক হিসেবে সেই ভলাণ্টারী সারেণ্ডারকে রেগুলেট করবার ব্যবস্থা করেন নি। শেয়ারক্রপার যারা ভাগচাষ করে তাদের আপনারা কি দিয়ে থাকেন? এ্যাকর্ডিং টু এ্যাক্ট নাইনটিন ফিফ্‌টিফাইভ তাদের ফিফ্‌টিপারসেণ্ট দিতে হয় জোতদার এবং জমিদারকে এবং যেখানে ক্যাপিটাল ইনভেস্ট করতে হয় সেখানে এক রকম সিক্সটি টু ফিফ্‌টি পারসেণ্ট, এই হোল নিয়ম। কিন্তু প্ল্যানিং কমিশন-এর কি ডাইরেকসন আছে? তাঁরা বলেছেন যে এই সংখ্যাকে আরও কমাতে পারে—অর্থাৎ তাঁদের ডাইরেকসন হোল ওয়ান ফোর্থ অব দি গ্রস প্রডিউস-এর বেশী তার কখনও নিতে পারবে না। কিন্তু আমরা দেখছি এখানে কখনও তাকে কার্যকরী করা হয়নি। প্ল্যানিং কমিশন-এর নির্দেশ অনুসারে আসামে আমরা দেখছি ওয়ান ফোর্থ, ওয়ান ফিফ্‌থ যারা ল্যাণ্ড-এর মালিক তারা পাবে। অর্থাৎ যেখানে ক্যাপিটাল এবং অন্য খরচ দেবে সেখানে আসামে ওয়ান ফোর্থ পাবে এবং যেখানে তা না দেবে সেখানে ওয়ান ফিফ্‌থ পাবে। কিন্তু বাংলাদেশে কোথাও কিছু করা হয়নি—অর্থাৎ প্ল্যানিং কমিশন-এর ডাইরেকসন এবং শেয়ারক্রপারদের ব্যাপারটা কার্যকরী করা হয়নি। তাই আমি রিসার্চ প্রোগ্রাম রিপোর্ট অব দি প্ল্যানিং কমিশন-এর প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেই রিপোর্ট তিনি যদি খুলে দেখেন তাহলে দেখবেন ভলানটারী সারেনডার কিভাবে মানুষকে এক্সপ্লয়েট করে। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি দাণ্ডেকার কমিটির রিপোর্ট বা রিসার্চ প্রোগ্রাম রিপোর্ট অব দি প্ল্যানিং কমিশন প্রভৃতি দেখে জমিদাররা যে সব ক্ষেত্রে উচ্ছেদ করেছে, জমি বেআইনীভাবে লুকিয়ে রেখেছে সেগুলো তদন্ত করবার জন্য কমিশন নিযুক্ত করতে পারবেন কি? দাণ্ডেকার কমিটির রিপোর্টের দ্বারা পাঞ্জাবে যা হয়েছে সেই রকম করতে পারলে আমরা বুঝব আপনারা সত সাহসের পরিচয় দিয়েছেন। এবারে আমি তহশীলদারদের কথা কিছু বলব। স্যার, অন্যান্য বক্তারা বলেছেন যে, তহশীলদারদের মাত্র ২৭ টাকা ভাতা দেওয়া হয়। আমি হাওড়া জেলার একটা ইনস্ট্যান্স তুলে ধরতে চাই। ১৩৬৭ সালে অর্থাৎ আজ থেকে ৫ বছর আগে তহশীলদাররা যে টাকা কমিশন হিসেবে পাবে তাতে আমরা দেখছি ৫ বছর অতিক্রান্ত হবার পরও সেখানকার জে. এল. আর. ও, বা এ, ডি এম. তাদের হাতে সেই টাকা তুলে দেননি। শুধু তাই নয়, ১৩৭১ সালে এই চতুর্থ কিস্তি আসা সত্বেও ১ বছরের মধ্যে তাদের হাতে একটি পয়সাও দেওয়া হয়নি এবং তাদের যে টি. এ. বিল আছে সেটাও ৬ মাসের মধ্যে পেমেণ্ট করা হয়নি। কিন্তু স্যার, রাজস্থানে আমরা জানি তহশীলদারদের ১০০ মাইনে দেওয়া হয়। সেপটেম্বর মাসের ২৬ তারিখে মন্ত্রীমহাশয় বিধান সভার ফ্লোর-এ দাঁড়িয়ে আশ্বাস দিয়েছিলেন যে এ বিষয়ে তিনি ব্যবস্থা করবেন। তাই আজকে আমি জানতে চাই এই কয়েকমাসের মধ্যে তিনি কি ব্যবস্থা করেছেন বা তাঁদের সম্বন্ধে কি চিন্তা করেছেন?

[5-40—5-50 p.m.]

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যরা এতক্ষণ ধরে বিতর্ক আলোচনায় যোগদান করে যে সমস্ত কথা বলেছেন খুব মনোযোগ সহকারে আমি সমস্ত কথা শুনেছি। অবশ্য এই বক্তব্যের মধ্যে দুটি ধারা পাশাপাশি সুস্পষ্ট ছিল। একজন বলেছেন যে ভূমি সংস্কারের ফলে অনেকখানি লাভ হয়েছে। কেউ কেউ অন্ততঃ একথাও স্বীকার করেছেন ভূমি সংস্কারের ফলে কিছু লাভ হয়েছে। আবার কেউ কেউ বলেছেন ভূমি সংস্কারের ফলে কিছু হয়নি, আগে কৃষকরা যে সুযোগ সুবিধা পেত জমিদারদের আমলে তা থেকে বঞ্চিত হয়েছে। যেমন মনসুর হবিবুল্লা বললেন, তিনি স্বীকার করেছেন যে একথা বলি না যে জমিদার উচ্ছেদ আইন এবং ভূমি সংস্কারের ফলে কি পরিবর্তন হয়নি, হয়েছে। পুরানো সামন্ত শ্রেণী বিদায় নিয়েছে। মাননীয় বন্ধু শ্রীসনৎ কুমার রাহা মহাশয় বললেন সামন্ত পুঁজিবাদের সঙ্গে রফা করে তাকে জীইয়ে রাখার জন্য সংকল্প করে ভূমি সংস্কার-এর ব্যবস্থা যা কিছু করেছি তাই হয়েছে। এখন এই দুটি প্রায় পরস্পর পরস্পর বিরোধী কথা এত বিরোধী কথা যে এর মধ্যে মিল কিছু খুঁজে পাওয়া কঠিন। এ সম্পর্কে আবার শ্রীখলিল সৈয়দ সাহেব বললেন জমিদারী উঠে যায়নি, জমিদারী এখনও রয়েছে। আগে একজন জমিদার ছিলেন তার বদলে ১০ জন জমিদার হয়েছে, কৃষকদের সুখ সুবিধাতো গেলই, আজ অনেক অসুবিধা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গ্রামের সঙ্গে পরিচয় আমার নিবিড়। শুধু উপন্যাসের কথা নয়, যা হয়েছে চোখ চেয়ে দেখবেন, গ্রামে যারা বাস করেন তারাই জানেন, আগে জমিদারী আমলে চাষীদের অবস্থা কৃষকদের অবস্থা তাদের বাঁচার যে ব্যবস্থা ছিল তা অনেকখানি উন্নত হয়েছে। আমরা অন্ততঃ মাথা উচু করতে শিখেছি, জমিদারেরই হোক বা অন্য কারও হোক বিচারের দাবী জানাতে শিখেছে এবং তারা অনেকগুলি অধিকারও পেয়েছে যে অধিকারগুলি আগে কোনদিন তারা ভোগ করেনি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এটা সম্বন্ধে সংক্ষেপে বলবো—আমাদের ভূমি সংস্কারের মূল দুটি লক্ষ্য ছিল, আমি মাননীয় শ্রীঅপূর্বলাল মজুমদারের সঙ্গে একমত হচ্ছি এইটুকুতে যে ভূমি সংস্কারের কাজ যদি পুরোপুরি করতে পারতাম, যত দ্রুত করা দরকার তত দ্রুত করতে পারতাম তাহলে কৃষি সমস্যা সমাধানের অনেকখানি সাহায্য করতে পারতাম। আমাদের ভূমি সংস্কারের যে মূল দুটি লক্ষ্য ছিল তার মধ্যে একটা হল ভূমি বণ্টন ব্যবস্থা, এর ফলে কৃষি উন্নয়নের পথে যে সমস্ত বাধা আছে সেই সমস্ত দূর করা এবং সঙ্গে সঙ্গে এই ভূমি বণ্টনের মধ্য দিয়ে গ্রামীন কৃষিজীবনের মধ্যে যে সমস্ত অসাম্য রয়েছে, অবিচার রয়েছে সেগুলি দূর করা। এই দুটি উদ্দেশ্য সাধনের জন্য জমিদারী এবং মধ্যস্বত্ব প্রথা লোপ করা হয়েছে। আজকে শ্রীখলিল সাহেব যদি বিগত দিনের প্রথার জন্য অশ্রু বিসর্জন করেন তাহলে তিনি লোকের কাছে হাস্যাস্পদ হয়ে দাঁড়াবেন।

জমিদারী ও মধ্যস্বত্বাধিকারী প্রথা বিলোপ করার সঙ্গে সঙ্গে সমস্ত রাতে সরকারের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগের মধ্যে আনতে পেরেছি। ভূমি বণ্টন বৈষম্য দূর করবার জন্য ব্যক্তিগত জমির উর্দ্ধ সীমা বেঁধে দিয়ে তার অতিরিক্ত বাড়তি জমি সেটুকুন আমরা গ্রহণ করেছি। যোগেনবাবু তার ২৪ পরগণা জেলার মধ্যে গিয়ে দেখতে পাবেন যে অনেক জায়গায় যেখানে ভূমি বণ্টন আরম্ভ হয়েছে এবং স্থানীয় জনপ্রতিনিধি মারফত সেই কাজ চলছে, একথা ঠিক যে আমাদের দেশে মাথাপিছু জমির পরিমাণ এত কম, আমাদের দেশে ক্ষুদ্র ক্ষুদ্র জমির পরিমাণ এত বেশী যে যতই আমরা উর্দ্ধসীমা বেঁধে দিই না কেন সিলিং-এর যাই করি না কেন খুব বেশী যে জমি আমরা পাব সেটা আশা করি না। মাননীয় সদস্য অনেকেই সেকেণ্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এর রিপোর্ট পড়েছিলেন তাতে একথা বলা আছে এটাতে বিশেষ সামাজিক দৃষ্টিভঙ্গীর জন্য ব্যক্তিগত অভিজ্ঞতার ফলে যে কেউ বুঝতে পারবেন যে এটা সম্ভব নয়, ২৫ একর সিলিং থাকবে কি থাকবে না তার চেয়ে কম সিলিং থাকবে কি থাকবে না, কি কোন রকম সিলিং হবে এ সম্বন্ধে আজকে বলেছেন। জগদীশবাবু ১৫ একর সিলিং এবং অনঙ্গবাবু ২০ একর সিলিং-এর কথা বলেছেন এবং সঙ্গে সঙ্গে তাঁরা বলেছেন জমির রকম। জমির শ্রেণী এবং জমির উৎপাদিকা শক্তি বিবেচনা করা উচিত। এই প্রসঙ্গে অনঙ্গবাবু বলেছেন পুরুলিয়া ও মেদিনীপুর জেলায় অনে জমি আছে যেগুলি অনুর্বর সে সব জায়গায় দার্জিলিং হিল এরিয়াতে

যে রকম একজামসান-এর ব্যবস্থা করা উচিত। আমি এ সম্বন্ধে কিছু বলতে চাই যে, কারণ এটা গুরুত্বপূর্ণ ব্যাপার সিলিং সম্পর্কে কোন কিছু ঘোষণা করার আগে মাননীয় সদস্যদের সঙ্গে পরামর্শ করা দরকার এই বিষয়টি অর্থনৈতিক, সামাজিক, দৃষ্টিভঙ্গী দিয়ে ভালভাবে বিবেচনা করার দরকার তবে আমি একথা বলতে পারি যে আমাদের কোন কিছু চূড়ান্তভাবে স্থির হয়নি কেবল একজন মাননীয় সদস্য ভক্তিভূষণ বসু বললেন যে এ ব্যাপারে চূড়ান্ত স্থির করে দিন তারপর আর কিছু করবেন না, একথা তিনি মিন করেন নি, আজকে মিন করেন নি আজকে যে সিলিং পরিবর্তনের কথা বলেছেন, বলেছেন যে ফ্যামিলি ব্যাসিস করুন। অর্থাৎ সিলিং-এর একটা কিছু কিছু পরিবর্তন করার আগে মাননীয় সদস্যরা অনেক পরামর্শ দিয়েছেন। তবে একটা কথা মাননীয় ভক্তিভূষণবাবু বললেন যে ফ্যামিলি বেসিস-এ সিলিং ভারতবর্ষের সব জায়গায় আছে এখানে আপনারা কেন করবেন না ? আমি শুধু থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এর বই থেকে এই সেণ্টেন্স পড়ছি এই রিপোর্ট বলা আছে দি প্র্যাকটিসেস তার মানে হচ্ছে এই যে একটা বাঁধা ধরা ছকের মধ্যে ফেলা যায় না। মাননীয় সদস্য বললেন যে ভারতবর্ষের সমস্ত রাজ্যে রয়েছে কেবল বাংলা দেশে বাকী আছে। আমার মনে হয় তিনি বোধ হয় ঠিক তথ্য পরিবেশন করেন নি। আমরা যখন ভূমি সংস্কারের মূল নীতিগুলি আলোচনা করি অন্য ক্ষেত্রে তখন আমরা বৃহত্তর সামাজিক এবং অর্থনৈতিক দৃষ্টিনিয়ে সমস্ত বিষয় বিবেচনা করি এবং ভূমি সংস্কারের ক্ষেত্রে সে মূল নীতিগুলি প্রয়োগ করতে আমরা চেয়েছি আমাদের সকলের নিশ্চয়ই ধারণা আছে যে, সেগুলি অন্য ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হবে।

[5-50—6 p.m.]

আমরা যে ভূমি সংস্কার ঠিক ঠিক ভাবে প্রয়োগ করার জন্য খুব আগ্রহশীল সে সম্পর্কে একটা কথা এই প্রসঙ্গে বলব। আমরা প্ল্যানিং কমিশন-এর অভিমত অনুসারে একটা হাই লেভেল কমিটি অন ল্যাণ্ড রিফর্মস করেছি তাতে ক্যাবিনেট মিনিস্টার আছেন, এম এল এ আছেন এবং কয়েকটা স্থানীয় সংবাদপত্রের সম্পাদক আছেন, এই কমিটির যিনি সেক্রেটারী নিযুক্ত হয়েছেন তিনি একজন আই. এ. এস. অফিসার এবং এই কমিটি শীঘ্রই কাজ আরম্ভ করবেন। বর্গাদার সমস্যা নিয়ে নিশ্চয়ই আমাদের সকলের মধ্যে উৎকণ্ঠা আছে, বর্গাদাররা যাতে অধিকতর অধিকার পান, তাঁরা যাতে স্বকীয় মর্যাদায় প্রতিষ্ঠিত হতে পারেন, সামাজিক ও অর্থনৈতিক মর্যাদা লাভ করতে পারেন সেজন্য আমরা পরে পরে আইন করছি। গত বছর মনসুর সাহেব তাঁর বাজেট বক্তৃতার প্রসঙ্গে বলেছিলেন বর্গাদার সমস্যা বড় কঠিন সমস্যা। অনেক বর্গাদার আছেন তাঁরা যাঁদের জমি চাষ করেন তার চেয়ে তাঁদের অবস্থা ভাল, অনেক সাধারণ শিক্ষক প্রাইমারী শিক্ষক কর্মচারী আছেন যাঁদের জমি বর্গায় চাষ হয় আজ বর্গাদারকে যদি সম্পূর্ণ রায়তী স্বত্ব দেন সিকিউরিটি টেনারও দেন, সম্পূর্ণভাবে তাদের কাছ থেকে জমি নেবার অধিকার— মানবের কাছ থেকে কেড়ে নিতে চান তা হলে নিশ্চয়ই সেটা বিবেচনা করার কথা। যিনি কৃষির কাজ করেন তাঁকেই কৃষিক্ষেত্রে সম্পূর্ণ অধিকার দেওয়া উচিত। মূলতঃ আমার এই নীতি আমরা জানি যে বর্গাদারদের আরও নিশ্চয়ই অধিকার দেওয়া উচিত। কিন্তু ভাবতে হবে যার জমি দিচ্ছি তাঁর ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে এ সম্পর্কে আমি আর কিছু না বলে এটুকুন বলব যে কয়েকবছর ধরে বর্গাদারদের উচ্ছেদের সংখ্যা যদি দেখা যায় তা হলে দেখা যাবে মাননীয় অপূর্ববাবু যে কথা বলেছেন যে হাজার হাজার বর্গাদার উচ্ছেদ করতে গেলে কতগুলি আইনের মধ্যে দিয়ে করতে হবে। সেকশন ১৭তে কতকগুলি বিধান রয়েছে সেই বিধানের বলে কোন বর্গাদারকে উচ্ছেদ করা যেতে পারে। একথা ঠিক যে সম্প্রতি ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস (অ্যামেণ্ডমেণ্ট) বিল মাননীয় সদস্যরা পেয়েছেন জয়েণ্ট সিলেক্ট কমিটি কর্তৃক রচিত সেই বিলের মধ্যে বর্গাদারদের অধিকার আরও বেশী দেবার কথা আছে। বর্গাদারদের অধিকার আমরা মনে করি না একটা জায়গায় স্থির হয়ে গেছে, আমরা মনে করি বর্গাদারদের অধিকার আরও সম্প্রসারিত হবে এবং তিনি আরও দৃঢ় অধিকার প্রতিষ্ঠিত করতে পারবেন, জমিদাররা যে খাজনা নিতেন তার চেয়ে খাজনা বাড়ান হয়েছে বলে কেউ কেউ বলেছেন খাজনা কমান হয়নি, আমি বলছি যে কোন একটি ক্ষেত্রে খাজনা বাড়ানো

কোথাও হয়নি, যেখানে সে কৃষি প্রজা খাজনা দিতেন ঠিক সেই পরিমাণ খাজনা এখানেও দিচ্ছেন, যিনি নিষ্কর রায়ত ছিলেন তিনি এখন নিষ্কর রায়ত আছেন, অবশ্য আইনের বিধানে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস-এ পরিবর্তন করতে পারেন, কিন্তু যিনি খাজনায় যোগ্য ছিলেন খাজনায় যোগ্য যে সমস্ত জোত ছিল সেখানে খাজনা বসেছে। খাজনায় যোগ্য মানে খাজনা দিয়ে তিনি ইণ্টারমিডিয়েট ইণ্টারেস্ট-এ ছিলেন কিন্তু দিতেন না সেখানে খাজনা হয়েছে ইণ্টারমিডিয়েটরী বা তাঁরা জমি যেখানে রেখেছেন নিজের খাস দখলে সেখানে তাঁদের খাজনা দিতে হবে। এখানে যদি বলেন খাজনা বেড়েছে তা হলে আমি বলব একথা ঠিক নয়, বিশেষ করে সাজা চাষী যাঁরা তাঁরা এক একর জমির জন্য যে পরিমাণ ধান বা অন্যান্য ফসল দিতেন তার মূল্য কোন কোন জায়গায় ৭০।৮০ টাকা পর্যন্ত হোত। আজ সেখানে এক একরের জন্য ৯ টাকা খাজনা দিচ্ছেন, অতএব এটা খাজনা বৃদ্ধির জন্য নয়, খাজনা হ্রাসের কথা।

বর্তমানে যে হারে আমরা খাজনা আদায় করি সেটাকে যদি আমরা সমস্ত এ্যাভারেজ রেট ধরি, বায়তী খাজনা, আণ্ডার রায়তী খাজনা এবং অন্যান্য খাজনা সমস্ত যদি খড় করে নিই তাহলে দাঁড়ায় ৫ টাকা ১২ আনা একর প্রতি। তারপর ফসল যদি হিসাব করে দেখেন, একটা ফসল যদি ফলে, এক একরে গড়ে ১৫ মণ ফললে, অন্যান্য ফসল যদি নাও ফলে তাহলে মোট পরিমাণ ফসলের মূল্যের সঙ্গে তুলনা করলে—তারপর খড় আছে, দেখা যাবে ৪০ ভাগের ১ ভাগ হবে। এই অবস্থায় যদি মাননীয় সদস্যগণ বলেন যে খাজনার হার একরে যা ছিল এখনও তাই এবং সেই করভার এখনও সমান আছে তাহলে একথা ঠিক হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খগেনবাবু বললেন যে খড়গপুরে এবং অন্যান্য জায়গাতে নন-এগ্রিকালচারাল টেনাণ্ট যাঁরা আছেন তাঁরা এখন বড় উচ্চ হারে খাজনা দিচ্ছেন। কিন্তু এটা মনে রাখা দরকার যে তাঁরা যদি জমিদারকে উচ্চ হারে খাজনা দিতে পারতেন তাহলে এখন সরকারকে কেন খাজনা দিতে পারবেন না তা আমি বুঝতে পারছি না। যদি জমিদারকে আগে থেকে দিতে পারতেন তাহলে সরকারের বেলায় দেবেন না এই রকম অভিমতের অর্থ আমি বুঝি না। মাননীয় সদস্য শ্রীজগদীশ সিংহ মহাশয়, অনঙ্গ মোহন দাস মহাশয়, পুরঞ্জয় পরামানিক মহাশয় বলেছেন এবং বেশ জোরের সঙ্গে বলেছেন এবং বলার মধ্যে যুক্তি আছে বলে আমি মেনে নিচ্ছি, যে তহশীলদারদের পারিশ্রমিক বৃদ্ধি করা উচিত। এ সম্বন্ধে সত্য সত্যই আমরা অনেকগুলি পরিকল্পনা করেছিলাম, একটা পরিকল্পনা আমরা ইতিমধ্যে চালু করেছি সেটা হচ্ছে ক্যানেল এরিয়ায় কোন কোন জায়গায় আমরা তহশীলদারদের ক্যানেল কর আদায় করবার ভার দিয়েছি। ক্যানেল কর মোট আদায়ের পরিমাণ যদি বেশী হয় তাহলে তার সমস্ত কমিশান সহ এ্যালাওয়েন্স বেড়ে যাবে এবং বেড়ে যাওয়ার জন্য তিনি অনেক কিছু বেশী পাবেন। কিন্তু আরো কতকগুলি পরিকল্পনা আছে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের করেসপণ্ডেন্স চলছে, এখনও শেষ হয়নি, কিন্তু তা সত্ত্বেও স্বীকার করি যে খুব দেরি হয়ে গেছে এবং মাননীয় সদস্যগণ যদি বলেন যে আর দেরি করা উচিত নয় তাদের জন্য কিছু করুন তাহলে আমার মনে হয় তাঁদের দাবি যথার্থ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জমি বন্দোবস্তের ব্যাপারে শ্রীখলিল সৈয়দ মহাশয় বললেন যে তহশীলদারদের দুর্নীতি বড় বেড়ে গেছে, জে. এল. আর. ও-দের নজরানা দিতে হয় ডিস্ট্রিবিউসানের ব্যাপারে। আমি বরাবর বলেছি যে খুব কম জায়গা ছাড়া বেশীর ভাগ জায়গায় যেখানে বেশী জমি আছে সেখানে ল্যাণ্ড ডিস্ট্রি-বিউসান এ্যাডভাইসরি কমিটি করেছি, সেই কমিটিতে প্রধান আছেন, প্রেসিডেণ্ট আছেন, তাঁরা নির্বাচিত প্রতিনিধি। আমাদের অফিসার যাঁরা থাকেন তাঁরা পরামর্শ দেন মাত্র। তাঁরা সেই সদস্যদের মধ্যে যদি কোন জায়গায় মতবিরোধ হয় তাহলে ভোটাভুটিতে অংশ গ্রহণ করেন না, বেসরকারী সদস্যদের বেশীর ভাগ লোকের মত নিয়ে তবে ল্যাণ্ড ডিস্ট্রিবিউসানের ব্যবস্থা করেন। এখানে দুর্নীতি কি করে আসছে, তিনি যে বারবার বলেছেন কিছু নজরানা দিতে হয় একথা কি করে আসে তা আমি বুঝতে পারছি না। আমার মনে হয় এ সম্বন্ধে তিনি খোঁজ খবর খুব কম রাখেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীজয়নুল আবেদিন এবং শ্রীজগদীশ সিংহ মহাশয় প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট-এর পরিবর্তন সম্বন্ধে বলেছেন। আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি যে প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্টের

এ্যামেণ্ডমেণ্ট করাবার জন্য আমাদের অভিপ্রায় আছে। আশা করছি এই অধিবেশনর মধ্যে আমরা এ্যামেণ্ডমেণ্ট বিলটা উপস্থাপিত করতে পারব। মাননীয় সদস্য জয়নুল আবেদিন নিজেই বাড়ী খুঁজতে গিয়ে খুব বিপদে পড়েছিলেন, তিনি আমার সঙ্গে সে সম্বন্ধে গল্প করছিলেন এবং আমিও মাননীয় সদস্যের সঙ্গে একমত যে প্রেমিসেস টেন্যান্সী এ্যামেণ্ডমেণ্ট করবার কাল উপস্থিত হয়েছে। এটাকে একটা কমপ্রিহেন্সিভ এ্যামেণ্ডমেণ্ট বিলের মধ্যে আনতে পারলে ভাল হত সেকথা মাননীয় সদস্যগণ বলবেন। কিন্তু আমার মনে হয় কিছু কিছু অংশের বোধ হয় এ্যামেণ্ডমেণ্ট করবার উপযুক্ত সময় হয়েছে, আর দেরী না করে আমি ওটা মাননীয় সদস্যদের কাছে উপস্থাপিত করবার জন্য চেষ্টা করতে পারি।

I hope the Hon'ble Minister will take note of these solemn words of a noted connoisseur of our society and its ailments.

With these words I conclude my comments on the Health budget of the Government.

Shri A. H. Besterwitch: Sir, this Government has stated many a time on the floor of the House that they are running short of nurses. The reason for running short of nurses is very simple to see. We are aware that as students after passing the School Final, has to study for four years to complete the graduate course, similarly a nurse after she passes her School Final, has to undergo four years training to get her Diploma. But unfortunately, a graduating after four years, and a nurse having four years training—they are miles apart so far as their salary is concerned. Whereas the moment a nurse gets diploma after four years she goes direct to the field and works, a graduate after getting his degree goes to take a service after at least six months probation or two years of probation. He has no practical knowledge as the nurses have. But Government is treating these nurses like their under dogs. Unless you give them some incentive to work, it will be difficult for Government to fill up the posts.

Now, about Doctors. The Hon'ble Minister in her very big flash has said that from the 1st April House Surgeons will be getting Rs. 130, Rs. 150 and Rs. 200. Can a Doctor live on Rs. 200? It is a peculiar thing. A house Surgeon is, after all, a Doctor, and as a House Surgeon he has got in fact 24 hours duty. But what is he getting? Rs. 200 maximum. My suggestion is this: let there be an option given for practising and non-practising. If Government really wants to appoint them the practising Doctors may be started on salary of Rs. 350 rising up to 1,200, and for non-Practising Doctors it should be Rs. 750 rising upto Rs. 2,000 or Rs. 2,200. So, there will be incentive. In the villages, they say they cant't get Doctors: They will certainly get Doctors in the villages if some extra money is given to them as an incentive to go there. Again, the Hon'ble Minister has stated that 400 doctors are needed by the Government. If you really want 400 doctors, give them more money and you will get them; every village will have a doctors.

Apart from this, there are some un-registered doctors in Calcutta and and in the villages. They are doing a lot of humanitarian service to the country. I think they are filling the vacuum in the rural areas. The Benyal Medical Union have repeatedly approached the Government for registration of these un-registered doctors. Even the Government of India have made a Draft Model Bill—Medical Practitioners Act. If the Hon'ble Minister will just see Page 2, Part II, it is clearly stated there that if they have got a certain amount of experience they should be registered as a medical practitioner.

[4-10—4-20 p.m.]

In fact, in other States, they have framed laws of this kind. But what about West Bengal? Have they done it? No.

Now, if we turn to the Third Report of our Estimates Committee fc 1964-65, we find that at page 29, it clearly states that these unregistere medical practitioners should have some scope for getting themselves regi: tered. Inspite of this recommendation of the Estimates Committee, w find that the Government is doing nothing in this respect. They are onl crying that there are no doctors, there are no nurses when there are plei ty of them roaming about in the country.

Then, Sir, the Bengal Medical Union have sent a resolution incorpo rating their demands to the Government. I think the Medical Departmen has got this resolution. I think it is no use for me to go through it be cause it will be simply wastage of time. The Government say that the are going to pay Rs. 130, Rs. 150 or Rs. 200, but still there is dearth of doctors and nurses. I say that you must give them incentives and the you will find whether doctors come in or not. They will gladly come i: you give them more money.

Now, I want to make a suggestion. With regard to Government doctors and nurses, there should be some sort of discipline, some sort of convention that they should not be allowed to stay in one institution for less than three years or for more than five years. If you follow this rule, you will find that the medical profession will be moving in a better way and there will be less scope for complaints regarding beds or treatment.

Then, I would to speak about another very important matter, viz, the utensils that are used in hospitals. I would request the Hon'ble Minister to pay a surprise visit to any of these hospitals and see for herself what sort of utensils are being used by the patients there. It is most unhygienic to use such utensils, specially by the patients. I am saying this from my own experience of ten days' stay in the Calcutta Medical College Hospital. These utensils should be immediately replaced by new stocks —even the beggars would not such utensils. I think Government should spend money for getting new stocks. Government want that the hospitals should somehow carry on with the old utensils and keep the administration going. It is due to all these things that I cannot approve of this budget.

Dr. Gopikaranjan Mitra:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী আজ স্বাস্থ্য দপ্তরের যে বাজেট এনেছেন আমি তাকে সমর্থন করছি। স্যার, কিছুদিন ধরে দফাওয়ারি বাজেটের ব্যয় বরাদ্দের আলোচনা চলছে। আজ স্বাস্থ্যদপ্তরের উদ্বোধনী বক্তৃতায় মাননীয় মন্ত্রিমহাশয়া বাংলাদেশের যে স্বাস্থ্যের চিত্র রেখেছেন, তা থেকে বোঝা যায় যে আমাদের দেশ কিভাবে এগিয়ে চলেছে। আপনি নিশ্চয়ই শুনেছেন ১৯৪৮ সালে যেখানে হাজার করা ১৮ পয়েন্ট ৩ জন লোক মারা যেত আজকে ১৯৬৪ সালে মৃত্যুর হার কমে এসে দাঁড়িয়েছে ৬-এতে—অর্থাৎ সিক্সটিওয়ান পারসেন্ট ডিডাকসন অব ডেথ। শুধু তাই নয়, এর সঙ্গে সঙ্গে স্প্যান অব লাইফ মানুষের বেড়েছে। ১৯৩১ সালে যেখানে মানুষের এ্যাভারেজ এক্সপেকটেসন অব লাইফ ছিল ২৪ পয়েন্ট ৮৬ আজকে সেখানে এক্সপেকটেসন অব লাইফ হয়েছে ৪৮ পয়েন্ট ৩। এসব কারণে আমরা মানি বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে মানুষের মৃত্যুর হার কমেছে এবং বিজ্ঞান আছে বলেই এটা কমেছে। আগে যেখানে নিমোনিয়ায় নাইনটি পারসেন্ট লোক মারা যেত আজকে পেনিসিলিন-এর সাহায্যে অধিকাংশ লোকই বেঁচে যাচ্ছে। তবে আমরা যে পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ দিচ্ছি তার কারণ হচ্ছে মানুষের দ্বারে দ্বারে এই জিনিস পেঁৗছে দেবার দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকার নিয়েছেন এবং এগুলো মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে এনে দিয়ে তাদের জীবনে কাজে

লাগাতে পেরেছেন। এই সঙ্গে আমি আর একটা চিত্র যা তুলে ধরতে চাই সেটা হচ্ছে এককালে বাংলাদেশে ভয়ানক ম্যালেরিয়া ছিল। এই ম্যালেরিয়া কিভাবে মানুষের মধ্যে ছড়াত সেটা বিজ্ঞান বার করেছিল এবং সঙ্গে সঙ্গে ম্যালেরিয়ায় বিজ্ঞান সম্মত ঔষধ কুইনাইন এনে হাজির করে-ছিল। সেদিন যে বিদেশী সরকার ছিল তারা চেষ্টা করেছিল পোস্ট অফিসের মাধ্যমে লোকরা যাতে কুইনাইন কিনতে পারে। কিন্তু স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন ঐ পোস্ট অফিসে ২ পয়সা দামে বড়ি পাওয়া সত্ত্বেও বাংলাদেশে লক্ষ লক্ষ লোক ম্যালেরিয়ায় ভুগতো এবং হাজার করা ১৮ পয়েন্ট ৩ জন যা মারা যেত তার মধ্যে ম্যালেরিয়াতেই সাড়ে তিন পারসেন্ট লোক মারা যেত। কিন্তু আজকে সেই ম্যালেরিয়া রোগ এবং তার বিভীষিকা আমাদের জীবন থেকে দূরে সরে গেছে। তারপর, আমাদের মাননীয় সদস্য গণী সাহেব যে জিনিসটা স্বাস্থ্যমন্ত্রীর নজরে এনেছেন সেটা আমিও তাঁর নজরে আনতে চাই। এই বিষয়টি হচ্ছে ভারতবর্ষের কিছু ডাক্তার বিদেশে চলে যাচ্ছে এবং সেকথা কাগজে কাগজে লিখেছে। আমাদের এখানে ডাক্তারের সর্টেজ থাকা সত্ত্বেও তাঁরা যে বাইরে চলে যাচ্ছেন একথা ২৬শে ফেব্রুয়ারী স্টেটসম্যান কাগজে বেরিয়েছে, কাজেই সেকথা আমি আর রিপিট করছিনা। এর মধ্যে কিছু ডাক্তার নিশ্চয়ই আছেন যারা আরও রোজগার করবেন এই মনোবৃত্তি নিয়ে যাচ্ছেন। কিন্তু কিছু ডাক্তার আছেন এবং বিশেষ করে আমার পরিচিত একজন ডাক্তারের কথা বলতে পারি যে, যে সমস্ত রিসার্চ ফ্যাসিলিটির প্রয়োজন, যে বৃহৎ সুযোগ সুবিধার প্রয়োজন, বিজ্ঞানকে সর্বাত্মকভাবে কাজে লাগাবার জন্য যে সুযোগ সুবিধা পাওয়া প্রয়োজন তার অভাবের জন্যই এখান থেকে বিদেশে চলে যাচ্ছে। স্যার, আমি আমার এক সহপাঠীর কথা জানি যিনি ১৭।১৮ বছর লণ্ডনে ইয়ার, নোস্, থ্রোট-এর কাজ করেছেন এবং তারপর দেশে ফিরে এসে মেডিকল কলেজে রেসিডেন্ট সার্জেন হিসেবে এ্যাটাসমেন্ট পেয়েছিলেন। কিন্তু দুঃখের কথা যে অপারেসন তিনি সেখানে শিখে এসেছিলেন—অর্থাৎ মাইক্রোসকোপ-এর আণ্ডারে কিকরে কানের পর্দার উপর অপারেসন করা যায়—সেই ধরনের অপারেসন-এর সুযোগ আজ পর্যন্ত তিনি মেডিকেল কলেজে পাচ্ছেন না। তারপর আমার বক্তব্য হচ্ছে যেহেতু মেডিসিন সস্তা সেহেতু কিছু লোকের জন্য বিশেষ বরাদ্দ থাকবে এবং কিছু লোকের জন্য থাকবেনা এটা হতে পারেনা। আমি বিশ্বাস করি স্বাস্থ্য বিজ্ঞানে যে উন্নতি হয়েছে তার অধিকারী সমস্ত দেশ হবে।

[4-20—4-30 p.m.]

একথা যদি আমরা মানতে চাই, সে জিনিষ যদি আমরা চালু করতে চাই, তাহলে রিসার্চ ফ্যাসিলিটিজ এবং সে সুযোগ সুবিধা যাতে তাঁরা পান সেদিকে আমাদের নিশ্চয়ই নজর দেওয়া উচিত। কোয়াকারী সম্বন্ধে আমাদের বন্ধু মিঃ বেন্টারবীচ্ বলেছেন। একথা আমরা জানি যে বহু গরীবলোক আছে, যাদের কেস কোয়াকদের করতে হয়, এবং তাদের জীবনে যতটুকু দরকার ততটুকু সুযোগ সুবিধা তাঁরা দিতে পারেন। কিন্তু তাছাড়া এই কোয়াকদের জন্য কত জীবন যে অকালে নষ্ট হয়ে যাচ্ছে এবং সুষ্ঠু চিকিৎসা না পাবার জন্য কত লোকের জীবনে অসুবিধা হয়েছে সেই সমস্ত আমাদের ভুলে গেলে চলবেনা। কিছুদিন আগে বঙ্গীয় ইউনিয়ন মেডিকেল এসোসিয়েশন, বোলপুর শাখার যে অধিবেশন হয়ে গেছে, সেই অধিবেশনের এদিকে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে কোয়াকার এ্যাক্ট পাশ করার চেষ্টা চলেছে। কোয়াকারদের রেজিস্ট্রেশন করে ডাক্তারদের সঙ্গে সমান করে দিতে যেয়ে এন্সিলারী পার্সনাল হিসাবে তাদের ট্রেনিং দেন অন্যান্য জিনিষে কাজে লাগান, কিন্তু যেহেতু দেশের মধ্যে কিছু বড় লোক আছে সেজন্য গরীব লোকের জন্য এক ধরণের ব্যবস্থা আর বড় লোকদের জন্য অন্য ব্যবস্থা এই মনোবৃত্তি সরকারের পক্ষে শোভা পায়না। সেজন্য কোয়কারদের রেজিস্ট্রেশনের জন্য যে বিল আসছে তা চিন্তা করে পাশ করা হোক। তাদের এ্যানাটমী ফিজিওলজি ইত্যাদিতে কি রকম জ্ঞান আছে সেসব দেখে যেন তাদের রেজিস্ট্রেশনের ব্যবস্থা করেন, তা নাহলে যেহেতু তারা প্র্যাকটিস করছে অনেকদিন ধরে এবং তারই জন্য তাদের রেজিস্ট্রেশন করা উচিত হবেনা।

সবশেষে একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করবো। আনন্দবাজার কাগজে বেরিয়েছে, ধানবাদে একজন ছাত্রের মৃত্যু হওয়াতে সেখানে ডাক্তারের গাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে, সিভিল সার্জেনকে আটকে রাখা হয়েছে এবং হাসপাতালের উপর নানা রকমের

অত্যাচার এবং আক্রমণ সুরু হয়ে গেছে। দুঃখের সংগে বলতে পারি কলকাতায়ও দেখেছি ডাক্তারী সম্বন্ধে যাঁদের কোন রকম জ্ঞান নেই, তারা অনেক সময় এমন অনেক মন্তব্য করেন, এমনভাবে মানুষকে ক্ষিপ্ত করেন যাতে ডাক্তারদের অনেক সময় সন্ত্রস্থ হয়ে কাজ করতে হয় হাসপাতালে। আমি জানি ইর্মাজেন্সীতে কেস এলে যে ডাক্তার থাকেন তিনি প্রথমে চিকিৎসার চাইতে একটা ইঞ্জেকশন করার চাইতে বেশী মন দেন কি করে খাতপত্র ঠিক রাখা যায়। এইভাবে হাসপাতালগুলিকে নষ্ট করা চেষ্টা হচ্ছে। ডাক্তারদের ভুল হয়না এটা আমি বলিনা। কিন্তু জেনে শুনে কোন লোককে মৃত্যুর পথে যেতে দেবে এটা আমার বিশ্বাস হয়না। ব্যক্তিগত লোককে যেমন পিওনকে নন-পার্সন্যাল হিসাবে চিন্তা করে না তেমনি ডাক্তার জানে কোন্ রোগীকে বাঁচাবার জন্য সর্বপ্রথম কাকে কি চিকিৎসা করলে বাঁচাতে পারবে, সেই প্রচেষ্টা নিয়েই তারা ইনিশিয়েটিভ কাজ করছেন এবং যেভাবে চলছে তাতে হাসপাতালগুলিকে ডিস্ক্রাই করার জন্য প্রচেষ্টা হচ্ছে আমি এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ার বাজেট বক্তৃতা সমর্থন করছি।

Dr. Radhakrishna Singha:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয় মেডিক্যাল এণ্ড পাবলিক হেল্থ যে বাজেট এনেছেন, সে সম্বন্ধে বলতে গিয়ে প্রথমে আমি ফুড এন্ড এডাল্টারেশন সম্বন্ধে বলবো। আমি শুনলাম তাঁর উদ্বোধনী বক্তৃতায় তিনি বললেন যে আমাদের দেশে নাকি ফুডে এডাল্টারেশন অনেক কমে এসেছে। আমি তাঁর এই সেল্ফ কমপ্লেসেন্ট এটিসিউড এর বিরোধিতা করি। আমি মনে করি, যতদিন আমাদের দেশে খাদ্যে ভেজাল সম্পূর্ণ বন্ধ না করবেন ততদিন কিছু হবেনা। এই ভেজাল যদি না থাকে আমরা খুবই আনন্দিত হব। আপনি জানেন আজকে খাদ্যে ভেজাল, মেডিসিনে পর্যন্ত ভেজাল, এবং এই ভেজাল দেওয়া আমাদের দেশে একটা কোয়ালিফিকেশন হয়ে দাঁড়িয়েছে। আমাদের ভারতবর্ষের অবস্থা হচ্ছে যে এখানে হাফ অব দি পপুলেসন হল হাংগরী তারপর এই অবস্থায় ন্যাশনাল হেল্থ, ভেজাল খেয়ে শেষ পর্যায়ে এসে দাঁড়িয়েছে। মন্ত্রিমহাশয়কে বলবো তিনি এ সম্বন্ধে একটু বিশেষভাবে নজর দিয়ে একটা অ্যামেণ্ডমেন্ট করে ভেজালদারদের কঠোর শাস্তি যাতে হয় সেদিকে নজর রাখুন। আমি খবরের কাগজে দেখলাম সেন্ট্রাল গভর্নমেন্ট-এর এ্যাগেনস্টে তিনি প্রতিবাদ জানিয়েছিলেন যে আমাদের অ্যাডালটারেসন এ্যাক্ট এ্যামেন্ডমেন্ট করে কঠোর শাস্তি প্রয়োগ করা উচিত। নেক্সট রুরাল হেল্থ সেন্টার সম্বন্ধে বলবো, আমরা জানি, স্বাধীনোত্তর যে হেল্থ স্কীম নিয়েছিলেন সে হেল্থ স্কীম কলকাতার পক্ষে পর্যাপ্ত নয় এবং পাড়াগাঁয়ের পক্ষেও নয়। সেইজন্য এ বিষয়ে স্বর্গতঃ ডাঃ রায় একটা প্রচেষ্টা নিয়েছিলেন আমি বলবো গ্রামে যদি ডিসেন্ট্রালাইজেসন করতে হয় তাহলে পাড়াগাঁয়ে হেল্থ সেন্টার বা প্রত্যেকটি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার বিশেষতঃ ঔষধপত্র দিয়ে সেখানে যাতে প্রত্যেকটি রুগীর ভাল ভাবে চিকিৎসা হয় সেরকম ব্যবস্থার দিকে দৃষ্টি রাখবার জন্য অনুরোধ করছি। কারণ সেখানে চিকিৎসা না করে যদি সামান্য একটা রোগকে রিপেয়ার করতে হয় তাহলে হেল্থ সেন্টারগুলি কোন কাজে লাগে না। সেজন্য মন্ত্রী মহাশয়কে বলবো হেল্থ সেন্টারগুলিতে সেভাবে নূতনভাবে ব্যবস্থা করা। আমি জানি আমাদের এস্টিমেট কমিটি গিয়েছিলেন বোলপুর হেল্থ সেন্টার-এ। সেখানে ৩।৪ মাস হল কোন মেডিসিন সাপ্লাই পায় না। মেডিসিন সাপ্লাই যেটা এসেনসিয়াল সেটা হেল্থ সেন্টারে আসে না, সুতরাং কি করে তারা চিকিৎসা করবেন। তাছাড়া লাস্ট ইয়ার ওয়ার্ল্ড হেল্থ অ্যাসোসিয়েসন একটা রেজলিউসন করেছিলেন যাতে তারা দ্বিধাহীন ভাষায় বলেছিলেন

rural population are entitled to the same medical care as people live in urban area.

আমাদের সংবিধান বলছে যে সকলে সমান অধিকার পাবে। অথচ গ্রামের লোকেরা টি এ বি সি ভ্যাকসিন, এন্টি-টিটেনাস্ ডিপ্থেরিয়া সিরাম ইত্যাদি পায়না। আমি বোলপুরের কথা বলছি অন্য জায়গায় কথা বলতে পাচ্ছি না। আমি ডাক্তার সেখানকার খবর রাখি বলে মন্ত্রী মহাশয়কে এ সম্বন্ধে স্মরণ করিয়ে দিচ্ছি যে এগুলোর দিকে নজর রাখা দরকার। এখানে হেল্থ সেন্টার গুলিতে ওয়েল ইকুইপড্ অপারেসন এবং বিভিন্ন উইংস্ গুলো এস্টাবলিস করার দিকে নজর

দেবেন। হেল্‌থ সেন্টার সম্বন্ধে কালকে একটা উত্তর দিয়েছিলেন যে মুর্শিদাবাদ জেলায় কোন জায়গায় জমি পাওয়া যাচ্ছেনা বলে সেখানে হেল্‌থ সেন্টার খোলা হচ্ছেনা। অথচ সেখানে জমি লিজ নেওয়ার জন্য অফিসাররা তা দেখে এসেছেন। এটা একটা এসেনসিয়্যাল সারভিস এ বিষয়ে কোন রকম দ্বিধা না করে সংগে সংগে করা উচিত। তারপর বি ডি-ও। ইঞ্জিনিয়ারীং ডিপার্টমেন্ট হেল্‌থ ডিপার্টমেন্টকে একটা প্রাইমারী স্কুল দিল সেখানে একটা হেল্‌থ সেন্টার করবার জন্য জায়গা দিয়েছে কিন্তু তা স্থাপিত হয় নি। এই হেল্‌থ সেন্টার স্থাপন না করবার মূলে রাজনৈতিক চাল বাধা হয়ে দাঁড়িয়েছে। বহু হেল্‌থ সেন্টার করার জন্য অফিসাররা ভাল জায়গা ঠিক করেন কিন্তু শেষ পর্যায়ে রাজনৈতিক লোকেরা ইনফ্লুয়েন্স করে বলেন এখানে হবে না এতে জনসাধারণের অসুবিধা হয়। সেজন্য মন্ত্রী মহাশয়কে বলবো চিকিৎসার ব্যাপারটাকে যেন রাজনীতির উর্ধ্বে রাখা হয়। তারপর কথা হচ্ছে ফেমিলি প্ল্যানিং সম্বন্ধে তিনি বললেন এটাকে হাইয়েষ্ট প্রাওরিটি দেওয়া হয়েছে। আমি এ বিষয়ে তার সংগে একমত। কারণ আপনারা যতই প্ল্যান করুন ফাষ্ট প্ল্যান, সেকেন্ড প্ল্যান, থার্ড প্ল্যান, ফোর্থ প্ল্যান, ফিফ্‌থ প্ল্যান; কোন প্ল্যানই সাকসেসফুল হবে না যতদিন না আপনার পপুলেসান কন্ট্রোল করতে পারছেন। প্রত্যেকেই বলেন ভারতবর্ষে ১০ কোটী করে লোক বাড়ছে ১৯৬১ সালে ৪৪ কোটী লোক ছিল সেখানে বিশেষজ্ঞদের মতে ১৯৭১ সালে ৫৬ কোটী লোক হবে ইন্ডিয়ার পপুলেসন যেভাবে বাড়ছে সে রকম কোন জিনিষ অগ্রসর হচ্ছে না। আজকে গ্রামে জায়গা পাওয়া যাচ্ছেনা। ট্রান্সপোর্টেসন সমস্যা, গৃহ সমস্যা, শিক্ষা সমস্যা, সমস্ত সমস্যাই সমাধান হবে যদি আমরা ফ্যামিলি প্ল্যানিং করতে পারি। গভর্নমেন্ট-এর যে সমস্ত নজীর দেখছি সেগুলি সম্বন্ধে ২।১টা পড়ে শোনাতে চাই।

48 new rural family planning centres were established during the Second Plan period, the Third Plan has achieved till 1963 only 23 more. Thirdly this slowing of tempo does not correspond to our vocal enthusiasm.

এতে তারা বলেছেন—

In Calcutta and some other parts of West Bengal I find, according to the Statesman, quoting a figure from the finding of C.M.P.O., 54 per cent. disapproved family planning, 13 per cent. considered it unnecessary, 81 per cent. lacked knowledge about it, and 10 per cent. placed their reliance on Providence. In short 94 per cent. of the women are still beyond the fold of family planning endeavour."

[4-30—4-40 p.m.]

এইজন্য আমি বলছি যে ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে আমাদের ভাইস-প্রেসিডেন্ট ডাঃ জাকির হোসেন বলেছেন

The State cannot introduce legislation to limit the number of children in each family. It is intimate private sector in which education will help.

যদি লেজিজলেসন না করতে পারি এবং লেজিজলেসন করার নিশ্চয় কোন একটা বাধা আছে তা হলে আমাদের এডুকেসন দিতে হবে, আমার বক্তব্য হচ্ছে যে টিচার্স এসোসিয়েশন প্রাইভেট প্রাকটিসনার যারা আছেন তাদের কোন কথা এসম্বন্ধে বলা হয় না তাদের এসব বলা উচিত। ইন্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন লাষ্ট টুয়্যান্টি ফোর্থ মেডিক্যাল কনফারেন্স হয়ে গেল তাদের সংগে খুব এ্যাকটিভ কো-অপারেসন এই ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে এখনও না করলে মানুষের কাছে যদি এটা না পৌঁছিয়ে দেওয়া যায় তাহলে ফ্যামিলি প্ল্যানিং স্কিম হবেনা। তারপর আর একটা কথা মন্ত্রীমহাশয়কে বলবো যে সপ এন্ড এস্টাবলিসমেন্ট এ্যাক্ট যেটা করেছেন তার সম্বন্ধে বলছি ডাক্তারদের ডিস্পেনসারী এর মধ্যে পড়ে গেছে। আপনারা জানেন এরূপ একটা এসেনসিয়েল সারভিস যদি ১½ থেকে ২ দিন বন্ধ করা হয় তাহলে ক্ষতি হয় আপনারা যদি একটা এমারজেন্সী হয় আপনি কলকাতায় থাকেন আপনার অসুবিধা হবেনা কিন্তু মফস্বলে ট্রাবলসএ পড়তে হবে, সেজন্য বলছি সপ এন্ড এস্টাবলিসমেন্ট এ্যাক্ট থেকে এটাকে কমপ্লিটলি এক্সজেমসন করা দরকার।

মেডিক্যাল প্রাকটিসনার তার চেম্বার-এ সব আছে মেডিকেল সপ আছে। এগুলিকে এ আইনের আওতা থেকে বাদ দেওয়া উচিত। আর একটা কথা আপনার মাধ্যমে বলবো আই ব্যাঙ্ক পাশ্চাত্য সমস্ত দেশে এটা আছে। আপনি জানেন অপথ্যালমলোজিক্যাল-এ একটা কনফারেন্স মাদ্রাজে হয়েছিল লাষ্ট ডিসেম্বর '৬৪ তাতে দেখা যাচ্ছে যে আপনাদের দেশে কর্নিয়াল আলসার—উড়িয়া, আসাম এবং বাংলাদেশে আমাদের চোখ নষ্ট হয় সেজন্য মন্ত্রী মহাশয়কে বলছি তিনি একটা নূতন জিনিষ করতে পারেন। বাংলাদেশ থেকে সেটা আরম্ভ করুন। আগে বলতো

what Bengal thinks today India thinks tomorrow.

এক্ষেত্রে আপনারা একটা আই ব্যাঙ্ক যদি তৈরী করেন তারজন্য আমি তাকে অনুরোধ করছি। আর একটা শেষ কথা আছে হেল্থ এডুকেসন ইনট্রোডাকসান আমরা শুনেছি। আমাদের হেল্থ মিনিষ্টার আমাদের হেল্থ এডুকেসন তিনি কারিকুলাম থেকে বাদ দিয়েছেন। আমি বলবো যদি হেল্থ এডুকেসন ছোট বেলা থেকে না আরম্ভ করেন এবং হাইজিন তাহলে বড় হলে ছেলেদের পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে পারবেন না সেজন্য আমার প্রস্তাব হচ্ছে

Health education must be compulsory from the nursery secton to the upper higher secondary,

এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Biva Mitra:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় যে বজেট এই হাউসের সামনে রেখেছেন সেই বাজেট সমর্থন করবার জন্য আমি এখানে দাঁড়িয়েছি। আজকে একটা লক্ষ্যনীয় জিনিস হচ্ছে বিরোধী দলের বক্তারা যে বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতার মধ্যে মানবিকতার একটা সুর রয়েছে। কারণ, মানুষের স্বাস্থ্যই হচ্ছে সবচেয়ে বড় জিনিস। এই স্বাস্থ্য না থাকলে মানুষ কখনও কোন কাজ করতে পারে না। আজকে কলকাতা শহরের দিকে আমরা যখন তাকিয়ে দেখি কিংবা হাসপাতালগুলিতে যখন ভিজিটে যাই তখন আউট-ডোরগুলি দেখে আমাদের মনে ভীষণ কষ্ট হয়। এখানে হাসপাতাল ভিজিটের অনেকে আছেন, তাঁরাও দেখেছেন কিভাবে সেই আউট-ডোরএ সকাল থেকে রাত অবধি লোকে বসে রয়েছে। এতে জনসাধারণের যেমন কষ্ট হচ্ছে সেইরকম ডাক্তারদেরও কষ্ট হচ্ছে। কারণ, সেখানে এত বেশী কেস যায় যে ডাক্তাররা সেগুলি দেখে পেরে উঠেন না। ডাক্তররা কেমন করে ম্যানেজ করবেন সেজন্য আপ্রাণ চেষ্টা করেন, যাঁরা সোসাল ওয়ার্কার আছেন তাঁরা চেষ্টা করেন কি রকম করে তাঁদের একটু রিলিফ দেবেন এবং যাঁরা কমপাউন্ডার এবং ডাক্তার আছেন তাঁরা চেষ্টা করেন কেমন করে তাড়াতাড়ি কেসগুলি দেখে তাদের সন্তুষ্ট করে বের করে দেবেন। কিন্তু আমাদের উপায় নেই। কারণ, লোক সংখ্যা ক্রমশঃ বাড়ছে, হাসপাতালের উপর ক্রমাগত চপ এসে যাচ্ছে। বাইরে যখন কারোর অসুখ করে তখন রোগীকে সাব-ডিভিসান থেকে ডিষ্ট্রিক্ট থেকে কলকাতায় নিয়ে এসে ফেলে, কারণ, কলকতায় বড় বড় ডাক্তার আছে এবং সেই ডাক্তার রোগীদের দেখলে হয়ত রোগী সেরে যাবে। রোগীদের বাঁচাবার আশায় প্রত্যেকে কলকাতার দিকে তাকিয়ে থাকে। কিন্তু আজকে য সামগ্রিক চিত্র মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় এখানে দিয়েছেন তার মধ্য দিয়ে আমি একটা জিনিস দেখতে পেয়েছি সেটা হচ্ছে কতকগুলি সাব-ডিভিসন্যাল হসপিট্যাল এবং কতকগুলি ডিষ্ট্রিক্ট হসপিট্যাল তৈরি হচ্ছে এবং সেখানে বিশেষজ্ঞদের পাঠান হচ্ছে এবং সেখানে ইলেকট্রিক্যাল কুইপমেন্ট এবং অন্যান্য জিনিসের বন্দোবস্ত করা হচ্ছে। স্পেশ্যাল ট্রেনিং যাদের আছে সেই মস্ত লোকদের সেখানে পাঠিয়ে দেওয়া হচ্ছে। এই চিত্র দেখে একটু আশার সঞ্চার হয়েছে. মানুষের কষ্টের লাঘব হবে বলে সেদিক থেকে আমার মনে হয়েছে। আজকে আমাদের দেশে যভাবে লোকে হসপিট্যাল মাইনডেড হয়ে গেছে তাতে দেখা যায় আগে যখন অসুখ করত তখন হাসপাতালে পাঠালে বাড়ীতে কান্নাকাটি পড়ে যেত, কিন্তু আজকাল মানুষের যদি এতটুকু অসুখ করে তাহলে কি মধ্যবিত্ত পরিবার কি গরীব মধ্যবিত্ত পরিবার সকলেই হাসপাতালে চলে যায়। কারণ, তারা জানে যে সেখানে গেলে চিকিৎসা হবে এবং চিকিৎসার উপর তাদের বিশ্বাস আছে। বিরোধী দলের লোকেরা সবাই বললেন যে ডাক্তাররা নেগ্লেক্ট করেন, হাসপাতালে রোগীদের দেখেন না। কিন্তু রোগীরা হাসপাতালে তাদের চিকিৎসা হবে এই বিশ্বাস করে

। স্বাস্থ্য দপ্তর থেকে শুধু যে সরকার হাসপাতালগুলিতে সাহায্য দেওয়া হয় তা নয়, রকারী হাসপাতাল কলকাতা শহরে অনেকগুলি আছে যার সংখ্যা অনেকে জানেন, সেইসব রকারী হাসপাতাল গভর্নমেন্ট কিছু গ্রান্ট দেন এবং সেখানে চিকিৎসার বন্দোবস্ত করা হয়েছে, র আউট-ডোরগুলিতে বেশ রোগীপত্র হয় আজকে আমরা সামগ্রিকভাবে দেখতে পাচ্ছি স্থ্যর উন্নতির দিকে দেশ এগিয়ে চলেছে। তাছাড়া স্বাস্থ্য মন্ত্রিমহাশয় গতবারে যে বাজেট করেছিলেন তার উপর বেশী টাকা খরচ হয়েছে, সেদিক থেকে দেখা যায় যে স্বাস্থ্য দপ্তর-এর এগিয়ে চলেছে, পিছনে নেই। এই দপ্তর থেকে যে স্কীম করা হয় সেই স্কীম অনুযায়ী কাজ ন অর্থের দরকার হয়, সেই প্রয়োজনীয় অর্থ তিনি ব্যয় করেছেন। আর একটা কথা বলি দের এই কলকাতায় আগে যখন একটা মহামারি হত কলেরা হত, বসন্ত হত তখন কত লোক যেত। কিন্তু আজকে দেখা গেছে স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে বস্তিতে বস্তিতে গিয়ে ইনজেকশান দেওয়া হচ্ছে রোগীকে বাঁচাবার জন্য যেখানে দরকার হয়েছে সেখানে বেসরকারী ষ্ঠানগুলি এসে তাদের এ্যাম্বুলেন্স করে রোগীদের নিয়ে গিয়ে আই ডি হাসপাতাল বা যে হাসপাতালে তাদের চিকিৎসার ব্যবস্থা করেছে।

0—4-50 p.m.]

জন্য দেখা যাচ্ছে মানুষ আজকে সচেতন হয়েছে স্বাস্থ্য সম্বন্ধে। তারপর কতগুলি বেডের বলা হয়েছে শুনেছি। আমাদের মন্ত্রিমহাশয় সে সম্বন্ধে উত্তর দেবেন তাঁর জবাব দেবার । যেমন শুনেছি কল্যানীতে পাঁচশো এবং নীলরতনে পাঁচশো বেডের একটা ওয়ার্ড তৈরী । আমরা টি-বি সম্বন্ধে বলি এই টি বি রোগ সহরের মাঝখানে এমন ব্যাপকভাবে দেখা ছে যে ঘরে ঘরে টি বি-তে লোক ভুগছে।

(এ ভয়েস ঃ টি, বি, হয় কেন ?)

থা পরে বলবো। আজকে টি-বি রোগকে যদি দূর করতে হয়, তাহলে এর বিরুদ্ধে ব্যাপক যান চালাতে হবে। আমাদের ডাঃ নারায়ণ রায় যে সাজেশন দিয়েছেন ভাল সাজেশন দিয়েছেন। রায় একজন অভিজ্ঞ ভাল ডাক্তার। একজন অভিজ্ঞ সুদক্ষ লোকের যেমন ইচ্ছা সাজেশান ৮ পারেন। আজকে টি বি রোগীকে হাসপাতালে ভর্তি করবার দাবীটা যেভাবে দিনের দিন তীব্রতর হয়ে উঠেছে। তাতে কত লোককে আমরা হাসপাতালে ভর্তি করতে পারবো। জন্য আমি বলবো টি বি চিকিৎসার জন্য জায়গায় জায়গায় ক্লোন করে আউট-ডোর করতে র যাতে শ্রমিক গিয়েও সেখানে চিকিৎসা করতে পারেন তার ব্যবস্থা করা দরকার। টি বি বেডের া ১৯৪৮ সালে যা ছিল, তার থেকে এখন অনেক বেড়ে গেছে, ১৯৪৮ সালে এই বেডের া ছিল ৯৮১টা, আর ১৯৬৪ সালে দেখা যাচ্ছে সেই সঙ্গে বেড়ে হয়েছে ৪,৬৩১টী, লিয়াতে এক হাজার বেড হয়েছে। আরো অন্যান্য হাসপাতালে বেড বাড়ানোর ব্যবস্থা বলে শোনা গেছে।

তারপর টি বি হাসপাতালে যেসব পেসেন্ট ভর্তি হয় সে সম্বন্ধে একটু বলার আছে। তারা বছর, দু বছর চিকিৎসার পরে যখন তারা ভাল হয়ে যায়, তখন তাদের একটী পেসেন্টও ছেড়ে বেরিয়ে আসতে চায় না। তার কারণ বাড়ীর লোকেরা তাদের নেয় না। এটা একটা াজিক সমস্যা। কিন্তু হাসপাতাল তাদের নিয়ে কি করবে ? তার ফলে নূতন টি বি রোগী া চিকিৎসা করতে পারছে না। তাই আমি মন্ত্রিমহোদয়াকে বলবো এই রকম একটী বোর্ড ী করুন এবং সেই বোর্ডের মাধ্যমে যদি রিলিজ অর্ডার দেন তাহলে খুব ভাল হয়।

আর একটী কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। যাদবপুর টি বি হাসপাতালে দেখা ছ অনেকগুলি নার্স ঐখানে টি বি রোগীদের শুশ্রূষা করেন। তাঁরা ওখানে ট্রেনিং নেবার র এতদিন কাজ করে আসছে আজ তারা চাকরী থেকে বরখাস্ত হয়ে যাবে। তাদের আপনারা কগনাইজ করছেন না নার্স হিসেবে। আমি মন্ত্রিমহোদয়াকে বলবো তাদের যখন একটা বি হাসপাতালের ট্রেনিং প্রাপ্ত অভিজ্ঞ নার্সদের রেকগনাইজ করে নিন। কারণ এই ধরনের বি-র নার্স পাওয়া আজকাল কঠিন। এই কথা কয়টী বলে আমি এই বাজেটকে সমর্থন ছি।

Shri Sudhir Chandra Das:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, স্বাস্থ্য সম্পর্কে আমাদের মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী যে উজ্জ্বল কতকটা দেখাবার চেষ্টা করেছেন, আমি সে সমর্থন করতে পাচ্ছিনা। আমি বরং নৈরা চিত্র দেখছি।

(এ ভয়েস : সে তো বরাবরই।)

একথা তিনি অস্বীকার করতে পারবেন না যদি গ্রামাঞ্চলে যান, তাহলে দেখা যাবে জনসাধার স্বাস্থ্যের কতখানি অবনতি হয়েছে। সেটা যদি সত্যিকারে ভাল রকম পরীক্ষা করে এক এ বিশেষ বিশেষ অঞ্চলের রিপোর্ট প্রকাশ করতেন তাহলে দেখতে পেতেন আমাদের দে জনসাধারণের স্বাস্থ্যের কতখানি অবনতি হয়েছে। গ্রামাঞ্চলে গেলে দেখা যাবে সেই কংকাল দেহ, রুগ্ন-দেহ সব তাদের ছেলে মেয়ে নিয়ে অর্দ্ধমৃতের মত কাটাচ্ছে। এই হচ্ছে সত্যিকা স্বাস্থ্যের অবস্থা। আমরা যতখানি কাগজের রিপোর্ট দেখছি, তাকে চুনকাম করবার যতই করুন না কেন, কোন ফল লাভ হবে না। আমরা বৃটিশ আমলে যেভাবে খেতে প পেতাম, জনসাধারণের স্বাস্থ্য যেরকম দেখেছি, এখন এই কংগ্রেস রাজত্বের আমলে, সেরক আমরা দেখতে পাচ্ছি না। তার কারণ কী? কোথায় আমাদের সেই খাদ্য? সেই খাদ্য নিে কে? স্বাস্থ্যের এত অবনতি কেন? সেই অবনতির রিপোর্ট আমি পড়ে শুনাচ্ছি। স্বা মন্ত্রী কর্তৃক প্রদত্ত রিপোর্ট-এ প্রকাশ হয়েছে ছাত্রদের অবস্থা কি। ১৯৫৫ সালে ডিফে ষ্টুডেন্টসদের জন্য যে পরীক্ষা হয়েছে তার মধ্যে কতজন ডিফেক্টিভ ছিল সেটা প্রকাশ হয়ে ১৯৫৫ সালে ২৫·৪ ছিল, ১৯৬৩ সালে ৩০, ১৯৬৪ সালে ২৯--অর্থাৎ বেড়ে যাচ্ছে। ডিফে টুডেন্টস মানে তাদের বাপেদের অবস্থা কি? যদি ডিফেক্টিভ ষ্টুডেন্টসদের সংখ্যা ১৯ সাল থেকে ১৯৬৪ সালে বেড়ে থাকে তাহলে তাদের অভিভাবকদের সত্যিকারের স্বাস্থ্য এবং কি পরিমাণে ডিফেকটিভ তা বুঝতে পারা যাচ্ছে। অন্তত এটুকু অনুমান করতে প যাবে যে সাধারণ স্বাস্থ্যের কত অবনতি পশ্চিমবাংলায় ঘটেছে। দেখতে পাচ্ছি মন্ত্রীস ওজন বেড়েছে—তাঁদের স্বাস্থ্য ঠিক আছে, কিন্তু জনসাধারণের অবস্থা কি? একজন ডেপু মিনিষ্টার হাসছেন। এখনও তিনি অবগত নন যে জনগণ দুর্দশার মধ্যে দিয়ে কাটা কলকাতায় যখন থাকি দেখি সকালবেলা জল পাবার উপায় নেই। কেন্দ্রীয় সরকার কলিক করপোরেশনকে টাকা এজন্য দিয়েছিল। কিন্তু সেই টাকা দেওয়া সত্বেও তাঁরা পিউরিফিকে ট্যাঙ্ক করতে পারেন নি এবং তাঁরা অত্যাবশ্যকীয় পাইপ, নল টানতে পারেন নি বলে তাঁরা এখ পর্যন্ত কলকাতা, শিল্পাঞ্চলে যে পরিমাণ জল দেবার কথা তা তাঁরা দিতে পারেননি। কলক করপোরেসন কংগ্রেসের হাতে—তাঁদের সেই অক্ষমতা পশ্চিমবাংলা সরকারের ঘাড়ে যে আ একথা অস্বীকার করার উপায় নেই। কলকাতা করপোরেসন কংগ্রেস দলের হাতে, টাকা দিে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন বলে বলছি যে এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কিছু কি করণ নেই, না তাঁদের বক্তব্য কি সেইটাই আমি জানতে চাই। অর্থাৎ কলকাতায় জল সরবরাহের দুর্ভিক্ষ চলছে তা নিবারণ করা যাবে কি করে সেইটাই পশ্চিমবাংলার বিধানসভা জানতে চা আজ পল্লী অঞ্চলের বহু জায়গায় দুঃসহ জল কষ্ট আছে। এর একটা চিত্র—অর্থাৎ কত অ নলকূপ আছে তা গত ৮ই তারিখের বিধানসভার প্রশ্নোত্তরের রিপোর্টে পাওয়া যায়—সে আমি পড়ে শুনাচ্ছি। হাওড়ার বালি অঞ্চলে, ডোমজুড় থানা সম্বন্ধে বলেছেন যে এত নলক আপনারা বসিয়েছেন—কিন্তু তাতে আমরা দেখতে পাচ্ছি যে ৬৩৬টি বসিয়েছেন তার ম ২৬০টি অচল। সরকারী রিপোর্টে পল্লী অঞ্চলে যে নলকূপ দিয়েছেন তার মধ্যে একের তি ভাগ অচল। দুঃসহ জল কষ্ট থাকা সত্বেও নূতন নলকূপ বসিয়েছিলেন ৬,০০১টি, রিসিং করেছেন ১,০৩৮টি এবং ১৯৬৪ সালে বসিয়েছেন ১,৯৪৬টি, রিসিংকিং করেছেন মাত্র ৮৫৮ সুতরাং পানীয় জলের অভাব আছে। স্বাস্থ্যমন্ত্রীকে বলছি পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে দেখবে যে একের তিন ভাগ নলকূপ অচল হয়ে আছে এবং তাকে তুলে বসাবার কোন ব্যবস্থা নে আরবান ওয়াটার সাপ্লাইতে এবং স্যানিটেসন-এ ২৬ লক্ষ টাকার ১৯৬৪-৬৫ সালে বরা করেছিলেন, এই বছর রেখেছেন মাত্র সেই ওয়াটার সাপ্লাইতে ১২ লক্ষ টাকা থার্ড ফাইভ ইয় প্ল্যানের কথাই বলছি এবং ৪০ লক্ষ টাকা রেখেছিলেন রুর‍্যাল ওয়াটার সাপ্লাই এবং গ্রামে ওয়াটার সাপ্লাই-এ ১৯৬৪ সালে, গত বছর এই বছর রেখেছেন মাত্র ২৬ লক্ষ টাকা। সুতরা

এই যে বহু বিচ্ছিন্ন গ্রাম পড়ে আছে, সেখানে ৪০০ করে লোকের বাস। এই যে নীতি একে বদলে দিয়ে বিচ্ছিন্ন গ্রামগুলোতে যাতে নলকূপ বেশী হয় এবং এর জন্য যে টাকার বরাদ্দ অন্যায়ভাবে কমিয়েছেন, সেই টাকা বাড়িয়ে দেবার দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

Shri Padak Mahata:

মাননীয় চেয়ারম্যান সাহেব, জনগণের চিকিৎসার দায়িত্ব আজ সরকার আদৌ গ্রহণ করেন নি। এই দীর্ঘ ১৭ বছর রাজ্য শাসনের পরেও সরকারের যে দৈন্য অবস্থা তার রূপ আমি আপনাদের সামনে যৎকিঞ্চিৎ বলছি। জটিল রোগের ভাল চিকিৎসা আজ মানুষের স্বপ্নের জিনিস। সাধারণ লোকের চিকিৎসার সুযোগ নেই। যদিও বা আছে তাতে নানা হয়রানি হয় এবং সামান্য কিছু সংখ্যক লোক চিকিৎসার সুযোগ পাচ্ছে, তারা আবার ঔষধ পুরো পাচ্ছে না। চিকিৎসার ক্ষেত্রে দুর্নীতিতে ভর্তি এবং এ বিষয়ে বহু অভিযোগ করা হয়েছে, সরকার আদৌ তা তদন্ত করতে সাহস পান নি। কারণ, চাকরীতে সরকারের বহু অনুগ্রহ ভাজন ব্যক্তি আছে। তদন্ত করলে দেখা যাবে যে চিকিৎসকরা দিন দুপুরে ডাকাতি করছে। আর দাতব্য চিকিৎসালয়-গুলিতে সুযোগ নিয়ে চিকিৎসকরা বেআইনীভাবে ফি আদায় করছে—হাজার হাজার লোক তারা সাক্ষ্য দেবে। টাকা আদায় করার জন্য রোগীদের প্রতি নানা যন্ত্রনার অবস্থা সৃষ্টি করা হচ্ছে এবং মানবতার ক্ষেত্র আজ গুণ্ডামীর ক্ষেত্রে পরিণত হয়েছে। মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনি জানেন যে আমাদের পুরুলিয়া জেলায় সারা ভারতবর্ষের মধ্যে কুষ্ঠ রোগীর সংখ্যা বেশী। কাজেই আমাদের কুষ্ঠরোগ নিবারণের জন্য সরকার পক্ষ থেকে এইরকম কোন ব্যবস্থা করার প্রয়োজন তাঁরা বোধ করেন নি। দীন, দরিদ্র, আর্ত মানুষ প্রকাশ্য রাস্তার মাঝে চীৎকার করে বেড়াচ্ছে এবং আশ্রয় পাবার জন্য লোকসেবকসংঘের কাছে গেছে। কিন্তু লোকসেবকসংঘের নেতারা নিরুপায়। তারা তাদের কাছে কিছু আশা পাবার ভরসায় যাচ্ছে, কিন্তু লোকসেবকসংঘের নেতারা নিরুপায়। নব কুষ্ঠ আশ্রম যদিও পুরুলিয়ায় আছে, কিন্তু সরকারের তরফ থেকে তাকে বাড়াবার কোন পরিকল্পনা নেই। মাননীয় চেয়ারম্যান সাহেব, আমাদের জনস্বাস্থ্য বিভাগ থেকে পুরুলিয়া জেলায় নলকূপের ব্যবস্থা নেই। সেখানে পানীয় জলের জন্য কুয়ার ব্যবস্থা আছে। কিন্তু আজ পর্যন্ত সরকার সর্বত্রই কুয়ার ব্যবস্থা করতে পারেন নাই। মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনি জানেন যে পুরুলিয়া জেলায় ১ মাইল থেকে দেড় মাইল দূরে পর্যন্ত গ্রীষ্মকালে মানুষ পুকুর থেকে কর্দমাক্ত জল এনে পানীয় জল হিসাবে ব্যবহার করে। সেই সমস্ত পানীয় জলে গরু গা ধোয়া থেকে আরম্ভ করে কাপড় কাচা, বাসন মাজা, সাবান দেওয়া ইত্যাদি হওয়ার সেই সমস্ত পানীয় জলে নানা রকম সংক্রামক রোগের বীজানু থাকে। সেই জল সেখানকার লোকেরা ব্যবহার করার জন্য পুরুলিয়ায় সাধারণতঃ সব সময় কলেরা, বসন্ত, টাইফয়েড ইত্যাদি নানা রকম সংক্রামক রোগ দেখা দেয়। আপনার মারফৎ আমি স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে এই অনুরোধ জানাবো যে তাঁরা এইগুলির প্রতিকারের জন্য চেষ্টা করুন এবং লক্ষ্য রাখুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Niharika Majumdar:

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য খাতের যে বাজেট এই সভায় উপস্থিত করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি ২।১টি কথা বলতে চাই। আমি দেখতে পাচ্ছি আমাদের জাতীয় স্বাস্থ্য ক্রমেই উন্নতির দিকে এগিয়ে চলেছে। আজকে আমাদের দেশে ম্যালেরিয়া, টাইফয়েড, কলেরা, বসন্ত, যক্ষ্মার প্রতিশোধক ব্যবস্থা সরকারের তরফ থেকে ব্যাপক ভাবে চলেছে। আমরা দেখতে পাচ্ছি প্রসূতি মৃত্যুর হার এবং শিশু মৃত্যুর হার আমাদের দেশ থেকে দূরে সরে গেছে। আমরা দেখতে পাচ্ছি সদর হাসপাতাল এবং মহকুমা হাসপাতাল আমাদের তৈরী হয়েছে এখন মৃত্যুর হার যে কমে গেছে এটা আমরা বেশ বুঝতে পারছি। এবং জনসংখ্যা আমাদের ক্রমেই বেড়ে চলেছে। কিন্তু আমি কয়েকটি কথা এখানে রাখবো সেটা হচ্ছে গ্রামাঞ্চলের কথা। আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রামাঞ্চলের প্রত্যেকটি ব্লকএ ৩টি করে হাসপাতালের কথা ছিল। আমি জানি যে রামপুর হাট থানা, ময়ূরেশ্বর হাটের ২।৪টি ব্লকে

এ পর্যন্ত কোন হাসপাতাল হয়নি এবং সেখানকার গ্রামাঞ্চলের লোকেরা নিজেদেরই সদিচ্ছায় ঐ জায়গা দেবার জন্য আগ্রহসহকারে বার বার এগিয়ে এসেছেন এবং স্বাস্থ্য দপ্তরের কাছে তাদের জায়গা দেবার জন্য দরখাস্ত করেছেন। কিন্তু সরকার এ পর্যন্ত তা গ্রহণ করেন নি। আজকে গ্রামাঞ্চলে স্বাস্থ্যের দিক দিয়ে দেখতে গেলে দেখা যায় যে তারা কোন সুযোগ সুবিধা পাচ্ছে না, তারা পিছনে পড়ে আছে। আজকে আমাদের দেশের অগনিত দরিদ্র চাষী, কৃষক, মজুর যারা আমাদের অন্ন জুগিয়ে বাঁচিয়ে রেখেছে, তাদের অসুখ থেকে বাঁচাবার জন্য একটিও চিকিৎসালয় এবং ঔষধ পত্রাদির কোন ব্যবস্থা করে তাদের আমরা বাঁচিয়ে রাখতে পারছি না। এই ১৭ বছর ধরে আজ অবধি আমি দেখতে পাচ্ছি যে গ্রামগুলি অবহেলিত হয়ে পড়ে আছে। গ্রামে লোকসংখ্যা বেড়ে চলেছে এবং আমি এখানে টি বি সম্বন্ধে ২।১টি কথা বলছি। আমরা দেখতে পাচ্ছি যে সেখানকার প্রতি ঘরে ঘরে টি বি রোগ বিস্তার করেছে। কিন্তু দারিদ্র্যের জন্য খাবারের অভাব অনটনের মধ্যে তাদের থাকতে হয় এবং সে জন্য পৃথক থাকার ব্যবস্থা দরকার। অভাব অনটন দূরে থাকুক খাদ্য দিতে পারেনা, এই অবস্থায় তাদের সেখানে থেকে সংক্রামক ব্যাধি আরো ছড়িয়ে পড়ে। আমাদের রামপুর হাট হাসপাতালে টি বি রোগের বেড নেই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো যে সেখানে যেন টি বি রোগের জন্য বেড দেওয়া হয়। আমাদের শহরে হাসপাতাল থাকা সত্বেও শহর গ্রাম থেকে সেগুলি ৫।৬ মাইল দূরে অবস্থিত। বর্ষাকালে সেখানে কোন ডাক্তার যেতে পারেনা, কোন রোগী আসতে পারেনা—এই অসুবিধার মধ্যে তাদের কাটাতে হয়। আজকে গ্রামের লোকেরা এই সুযোগ সুবিধা গ্রহণ করতে পারছে না। আমাদের এখানে যে ভ্রাম্যমান জন স্বাস্থ্য কেন্দ্র ছিল, যে পর্যন্ত না গ্রামে হাসপাতাল হয় সে পর্যন্ত সেগুলি যদি গ্রামে ব্যবহার করতে দেওয়া যায় তাহলে গ্রামবাসীরা অনেক সুযোগ সুবিধা পাবে।

রামপুরহাট হাসপাতালে লেডি ডাক্তার না থাকার ফলে মেয়েদের খুব অসুবিধা হচ্ছে। তারপর আর একটা জিনিস যা দেখছি সেটা হচ্ছে আমাদের গ্রামাঞ্চলে যেখানে ডাক্তার পাইনা সেখানে আমরা দেখছি আমাদের দেশের বহু ডাক্তার এখান থেকে সুযোগ সুবিধা নিয়ে উচ্চ শিক্ষার জন্য বিদেশে গিয়ে সেখান থেকে আর ফিরছেন না। আমি মনে করি এটা অতি সত্বর বন্ধ করে দেওয়া উচিত। তারপর, জনসংখ্যা সীমিত করবার জন্য পরিবার পরিকল্পনা যেটা করা হচ্ছে সেক্ষেত্রে দেখছি এবং আমি যতদূর জানি তাতে বলতে পারি তার সুযোগ সুবিধা আমাদের দেশের দরিদ্র শ্রেণীর লোকেরা পায়না। তারা বিরাট হাসপাতালের ভেতরে গিয়ে এধার—সেধার ঘুরে চলে আসছে। তারা অনেকে আমাকে বলেছেন, দিদি, আমাদের একটু ব্যবস্থা করে দিন। কিন্তু আমি দেখছি তারা সেখান থেকে কোন সহায়তা পায়না। তাই আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তাঁর কাছে অনুরোধ রাখছি যে দরিদ্র দেশবাসীদের ক্ষেত্রে সহৃদয়তা দেখাবেন। একথা বলে আমি বাজেট সম্পূর্ণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[5—5-10 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় সভাপতি মহাশয়, অচিকিৎসক স্বাস্থ্যমন্ত্রীর বাজেট বরাদ্দের বিরোধিতা করতে উঠে অচিকিৎসক সদস্য হিসেবে আমি কিছু বলতে চাই। আমি আমার বক্তব্য টি বি রোগের চিকিৎসা এবং টি বি হাসপাতালের অব্যবস্থা, দুর্নীতির মধ্যে সীমাবদ্ধ রাখব কারণ আমার সময় স্বল্প। আমি প্রথমে বলতে চাই যে, গত অধিবেশনে টি বি হাসপাতালের প্রশাসনিক ব্যবস্থায় দুর্নীতি এবং সেখানকার অব্যবস্থা সম্বন্ধে বলেছিলাম এবং গত ৩ দিন ধরে—অর্থাৎ ৩।৪।৫ তারিখে সম্প্রতি কাঁচড়াপাড়া টি বি হাসপাতালে যে ঘটনা ঘটছে সে সম্বন্ধে আমার বক্তব্য রেখেছি। কিন্তু আশ্চর্যের কথা হচ্ছে বিরোধীপক্ষ থেকে কোন কথা রাখলেই সঙ্গে সঙ্গে সরকার পক্ষ থেকে মন্ত্রীরা সেগুলি ছাপ অস্বীকার করে বসে থাকেন। স্যার, কয়েকটা ব্যাপার দেখে যেসব অভিযোগ উত্থাপন করেছি সেগুলি যে সত্য তার প্রমান রাখছি। টি বি রোগী যাদের পজেটিভ কেস, যাদের অপারেসন করা দরকার তাদের ডিসচার্জ করা হচ্ছিল। পরবর্তীকালে অবশ্য স্বাস্থ্য-মন্ত্রীর স্বীকৃতিতে প্রমাণিত হয়েছে যে, বিকল্প ব্যবস্থা না করে এরকম কোন রোগীকে আর

ডিসচার্জ করা হবেনা। অর্থাৎ প্রথমে ডিসচার্জ নোটিশ লিখে বলেছিল যে, অমুক দিন, অমুক সময় বেড ছেড়ে দিতে হবে—এখন তাঁরা ভাষাটা পরিবর্তন করেছেন। তবে শুধু তাই নয়, হরিণঘাটা থেকে সরাসরি সিল করে দুধের নামে যে জল বিলি করা হোত কাঁচড়াপাড়া হাসপাতালে সেটাও তাঁর স্বীকৃতিতে রয়েছে এবং সেই সংগে সংগে স্ট্রেপটোমাইসিন ইনজেকসন-এর নামে যে ডিসটিল্‌ড ওয়াটার পুস করা হোত তারও স্বীকৃতি মিলেছে। আজকে অন্য জায়গা থেকে ইনজেকসন না এনে রোগীর সামনেই ইনজেকসন তৈরী করে দেওয়া হচ্ছে। স্যার, আমরা এটা বুঝি যে সকল টি বি রোগীকে হাসপাতালে রেখে চিকিৎসা করা সম্ভব নয়। কিন্তু যে সমস্ত রোগীর অপারেসন দরকার, যাদের হাসপাতালে পাঠান দরকার তাদের তো পাঠান উচিত। আমরা দেখছি এ'দের হাসপাতালে পাঠাবার ক্ষমতা নেই এবং যে নীতি নিয়ে চলেছেন তাতে সমস্যাকে আরও জটিল করে তুলেছেন এবং জনসাধারণের সর্বনাশ ডেকে নিয়ে আসছেন। আমি বলতে চাই যারা সত্যিকারের সেরে গেছে তাদের আস্তে আস্তে বের করে দিন এবং যে সমস্ত অসুবিধা রয়েছে সেগুলি দূর করে বাস্তব ক্ষেত্রে কিকরে সিটগুলো খালি করা যায় তার ব্যবস্থা করুন। কিন্তু এখন সেখানে চুরী চলছে, দুর্নীতি চলছে এবং অপারেসনের রোগী হোক, মুখ দিয়ে অনবরত রক্তপাত হচ্ছে এরকম রোগী হোক বা পজেটিভ কেস হোক তাদের বিরুদ্ধে পুলিশ লেলিয়ে দিয়ে, তাদের লাঠিপেটা করে, নির্যাতন করে কিকরে সিট খালি করা যায় সেই অপচেষ্টা চলছে। আমি এর তীব্র নিন্দা করছি। আমি এখানে উল্লেখ করতে চাচ্ছি যে এই সমস্ত অভিযোগ বার বার এসেছে সরকারের বিরুদ্ধে, স্বাস্থ্য দপ্তরের বিরুদ্ধে বিভিন্ন সংবাদপত্রে গুরুতর অভিযোগ লেখা হয়েছে, আনন্দবাজারের ষ্টাফ রিপোর্টার লিখেছে ৫ই এপ্রিল, এক বছর ধরে এ্যজিনিস চলছে, কাঁচড়াপাড়া টি বি হাসপাতালের বিরুদ্ধে গুরুতর অভিযোগ করে লিখেছে। আমি আমার বক্তব্য গত বছর ৫ই ৪ঠা সেপ্টেম্বর বসুমতীতে বিস্তারিতভবে লিখেছি এবং তার প্রতিকারের জন্য নির্দেশও দিয়েছি। যখন বললেন কাঁচড়াপাড়া হাসপাতালে যে চুরি হয় হাতে নাতে ধরিয়ে দাও, তখন ২৭শে ফেব্রুয়ারী ১৯৬৫ তারিখে রাত্রে সাড়ে নটার সময় যখন হাসপাতাল থেকে দু রিক্সা বোঝাই মাল বেরিয়ে যাচ্ছিল তখন সেই মাল ধরে কর্তৃপক্ষকে বার বার করে জানান হল, দুদিন ধরে তাঁরা সেখানে আসলেন না। তখন বাধ্য হয়ে ১লা মার্চ ১৯৬৫ তারিখে হেল্থ ডিরেক্টারকে এক্সপ্রেস টেলিগ্রাম করল, কোন প্রতিকার হলনা। তারপর রাত্রে তিনটার সময় পুলিশ এসে তাদের উপর অযথা নির্যাতন লাঠিপেটা ইত্যাদি করে তাদের ধরে নিয়ে গেল, তার উত্তরে উনি বলেছেন তারা কেউ সাংঘাতিক অসুস্থ লোক নয়। হয় তাদের ডিসচার্জ করে দেওয়া হয়েছে অথবা অসুখ সারবেনা, এই সমস্ত লোকদের মধ্যে ৯ জনকে রাখা হয়েছে যাদের মুখ দিয়ে রক্ত উঠছে, ৪ জনের সম্বন্ধে অপারেশনের প্রস্তুতি রাখা হয়েছে, তাদের ওখান থেকে টেনে নিয়ে গেলেন, এবং তাদের ৩ জনের বেড ছেড়ে যাবার নির্দেশ ছিলনা এই রকম ধরণের দুজন পেশেন্টকে দেখলাম ১০৭, ১১৭ (সি)তে মিথ্যা অজুহাতে আটক করে রেখে অসম্ভব নির্যাতন করা হয়েছে, এমন কি একটা ঘরে নিয়ে গিয়ে এ জি হাসপাতালের আইসোলেটেড ওয়ার্ডে ১২ হাত বাই ৬ হাত ঘরে ৯ জন রোগীকে রাখা হয়েছে। সেই ঘরে খাট নেই স্যাঁতসোতে ঘর, তাঁদের কোন গদি দেওয়া হয়নি, পানীয় জলের ব্যবস্থা হয়নি, পাম্প করে জল নিয়ে আসতে হয়েছে এইভাবে নানারকমভাবে তাদের নির্যাতন চলেছে।

(এখানে লাল আলো জ্বলিয়া উঠিল)

আমি এক্ষুনি শেষ করছি। এ সম্বন্ধে একটা ইনকুইয়ারী কমিশন বসানো হোক হাউস থেকে বিশেষ প্রতিনিধি পাঠিয়ে দেওয়া হোক, সেই অঞ্চলের প্রত্যেক দলের লোক পাঠিয়ে সেখানে এ বিষয়ে তদন্ত করার ব্যবস্থা হোক।

[5-10—5-20 p.m.]

Shri Sushil Kumar Das Gupta:

চেয়ারম্যান স্যার, আমি স্বাস্থ্য মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দ চেয়েছেন তাকে সমর্থন করতে উঠে আমি প্রথমে স্বাস্থ্য দপ্তরকে অভিনন্দন জানাই যে একটা কল্যাণ রাষ্ট্র যেভাবে এগোতে হয় আমাদের স্বাস্থ্য দপ্তর তার সংগে তাল রেখে এগিয়ে চলেছেন। আমি বিশেষ করে তাকে ধন্যবাদ

জানাই এজন্য যে গত ১৯৬৪ সালে আমি একটা প্রশ্ন রেখেছিলাম যে আমাদের দেশে হুপিন কাপ, ডিপথেরিয়া এবং ঐ ধরনের অসুখের জন্য এই ট্রিপল এন্টিজেন দিয়ে করা যায় কিনা তিনি একটা দীর্ঘ বিবৃতি দিয়ে বলেছিলেন যে আমাদের সরকার এবিষয়ে ব্যবস্থা করবে। আমি এবার খুব আনন্দিত যে আমাদের সরকার চেষ্টা করছেন এবং তারা সে অনুসারে কাজও আরম্ভ করেছেন। আজ কি আমাদের পশ্চিম বাংলায় লোক সংখ্যা ৩ কোটি ৭০ লক্ষ আমাদের পার কেপিটা ইনকাম এবং এক্সপেণ্ডিচার স্বাস্থ্য দপ্তর বলেছেন ৪·৬, আমাদের বেডের সংখ্যা টি বি-র অন্যান্য স্পেসাল হেড বাদ দিয়ে ৭ হাজার ১৬২, আমাদের স্বাস্থ্য মন্ত্রী তার উদ্বোধনী বক্তৃতায় বলেছেন আউট ডোর-এ ভীড় ডবল হয়েছে এবং ইনডোরেও ভীড় বেড়েছে এটা কি করে প্রতিবিধান করা যায় সেটা আমি বলতে পারি। ইনডোর বেড এ সম্বন্ধে আমরা দেখেছি মেডিক্যাল কলেজ এ্যাভারেজএ একটা পেসেন্ট থাকে ১১—৬ দিন আর জি করএ থাকে ২১ দিন এই একটা বিরাট তারতম্য রয়েছে খরচের দিকেও আমরা দেখেছি মেডিক্যাল কলেজ-এ একটা বেড-এর জন্য খরচ হচ্ছে ১৯·৬ আর জি কর-এ সেখানে ৯·৪ তার চেয়ে সাবডিভিসন্যাল একটা হাসপাতালে বেশী খরচ হচ্ছে, কেন টাকা খরচ করে আমরা আশা করতে পারিনা কোন হাসপাতালে বেড অকুপাই কমিয়ে দেওয়া যায় এদিকে একটু দৃষ্টি দিতে হবে যে হাসপাতালে যদি বেড অকুপাই কমিয়ে না দিতে পারি তাহলে ভীড় বাড়বে না, আউট ডোর-এ ভীড় কমাতে হলে এ্যাডমিসন-এর একটা প্যানেল করতে হবে আমি বলব আউট ডোর-এ যে রুগী ভর্ত্তি হতে যাবে তার একটা প্যানেল তৈরী করুন এবং প্যানেল করে ভর্তি হবার পর চিকিৎসা করার জন্য যে সমস্ত পরীক্ষার দরকার আউট ডোর-এ সেটা করা উচিত। যদি দরকার হয় এক্সরে করার জন্য তাহা হলে তাকে স্পেসাল বেড ২।১ দিন দরকার হলে বলুন যে প্যানেল থাকলে প্রাওরিটি অনুসারে ভর্তি হবে এবং এতে দুর্নীতি অনেক কমে যাবে এছাড়া ভীড় কমাবার অনেকগুলি জিনিষ আছে যেমন রুরাল আরবান হসপিট্যাল মোবাইল ইউনিট করে সেখানে স্পেসালিষ্ট পাঠান যায়। আমি ব্লাড ব্যাঙ্ক সম্বন্ধে বলতে চাই। আমাদের দেশে রক্ত দেবার লোকের সংখ্যা কমে আসছে আমাদের দেশে পয়সা দিয়ে রক্ত বিক্রী হয় আমি দেখেছি। একটা রোগী ব্লড ট্রান্সফিউশন রক্তের অভাবে সে মারা যাচ্ছে। আমি বৃটিশ স্বাস্থ্য দপ্তরের রিপোর্ট পড়ে দেখলাম তারা এই ন্যাশনাল ব্লাড ট্রান্সফিউসন সার্ভিস তারা এটাকে ন্যাশনাল এওয়ার্ড হিসাবে নিয়েছে এবং তারা বলেছেন ন্যাশন্যাল সার্ভিসে-এর নিয়ম করে এটাক একটা ন্যাসন্যাল এওয়ার্ডের মত দেখতে হবে। এর জন্য এ্যাপিল করতে হবে না শিক্ষণ ছাত্রদের ন্যাশন্যাল এ্যাওয়ার্ড এর মধ্যে নিন যে যারা রক্ত দেবেন তারা সত্যকার রাষ্ট্রীয় কল্যাণ করছেন তাদের লরেন্স মেডেল, সিডনার মেডেল এই সব দিন। আমি জানি পশ্চিমবঙ্গ সরকারের এই এ্যাওয়ার্ডের ভেতরে নেবার হাত নেই পশ্চিমবঙ্গ সরকার যদি এই সোস্যাল ষ্ট্যাটাস যারা রক্ত দিবেন তাদের সংখ্যা বাড়িয়ে দিতে পারেন তাহলে লোক এদিকে থাকবে এবং যেখানে ব্লাড ট্রান্সমিশন করবেন তার চারিদিকে পোস্টার লিফলেটস মারতে হবে এবং যদি সম্ভব হয় ঘরে ঘরে রিপ্লাই কার্ড পাঠিয়ে দিন যে হিউম্যানিটারিয়ান ওয়ার্ক —যার জন্য ব্লাড দিতে ব্লাড ব্যাঙ্ক 'সন্টার করবে ব্লাড দিতে কে রাজী আছে। ইংল্যান্ড যেখানে সন্টার করেছে সেখানে ১২।১৩ হাজার লোক রক্ত দিয়েছে। এদিকে নজর দেওয়া হোক তারপর আমি টিস্যু ব্যাঙ্ক সম্বন্ধে বলবো। আই ব্যাঙ্ক সম্বন্ধে আমার একজন বন্ধু বলেছেন যে অন্ধত্বের অনেকেই শেষ হয়ে যাচ্ছে, আই ব্যাঙ্ক আমরা নিশ্চয়ই করবো। তার সঙ্গে টিস্যু ব্যাঙ্ক যেমন ব্রোন এর ব্যাপারে এর খানিকটা বোন আমরা রেখে দিতে পারি, আর্টারি গ্রাফটিং আর্টারি কিছুটা কেটে রাখতে পারি। স্কিন গ্রাফটিং-এর স্কিন কেটে রাখতে পারি কিন্তু এর জন্য লেজিসলেসন দরকার। হাসপাতালে যে রুগী মারা যাবে ডাক্তাররা যদি মনে করেন যে পোস্ট মর্টেম করে এই টিস্যু রিমুভ করবার অধিকার তারা পেতে পারেন তা হলে এর উন্নতি করা যাবে তা না হলে হবে না। আমি আর একটা কথা বলতে চাই যে গভর্নমেন্ট সারভেন্টদের ব্যাপার আমি আমার গত বৎসর প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছিলাম যে আপনারা তাদের ৭৫ টাকা করে স্বাস্থ্য বাবদ দিচ্ছেন তার কথা। আমি বলছি যে তাদের স্বাস্থ্য ভাতা বাবদ এটা একবারে দিয়ে দিন কারণ এতে অনেক দুর্নীতি দূর হবে। এর সঙ্গে ডাক্তাররাও আজকে দুর্নীতিতে জড়িয়ে পড়েছে এই বিল সই করতে গিয়ে কাজেই ৭৫ টাকা ভাতা হিসেবে দিচ্ছেন সেটা একবারেই দিন। তারপর আমি আরও বলছি রিসার্চকে তার স্বাস্থ্য দপ্তর করুন। আজকে অনেক ডাক্তাররা চলে যাচ্ছেন। এটা শুধু অর্থের জন্য নয়,

আমি জানি বাংলাদেশে ডাক্তারদের ঐতিহ্য আছে। ত'রা অর্থ পিশাচ নয়। অনেকে উচ্চ শিক্ষার জন্য বাহিরে যাচ্ছেন, তাদের যদি দেশে রাখতে চান তাহলে রিসার্চ কেডার করতে হবে যতদিন না আপনারা ক্যালকাটা ইউনিভার্সিটির এম ও এম ডি-দের পূর্ণ মর্য্যাদা না দেন। ফেলোসিপ যেমন আছে বিলাতে সেইরূপ কেডারকে যদি উন্নত কেডার না করেন তাহলে এরা বাহিরে যাবেই এবং হাজার চেষ্টা করেও বন্ধ করা সম্ভব হবে না। শেষে আমি আর জি কর মেডিক্যাল এর কথা বলবো। এই আর জি কর-এর মস্তবড় ঐতিহ্য রয়েছে, এটা আর জি কর স্থাপন করেছিলেন তারপর থেকে এই কলেজ লেট ডাঃ কেদার নাথ দাস, বীরেন্দ্র নাথ মিত্র, এম এন বাসু অনেক বড় বড় ডাক্তার ছিলেন এবং আজকের যুগে জে সি বসু আমাদের ডাঃ এ কে সাহা যিনি হান্টারিং-এ হান্টারিয়ান প্রফেসর এরা সকলে একটা ভারতবর্ষের গৌরব কারণ এ'রা সকলে আর জি কর-এর ছাত্র। এ যাবৎ কাল এম ডি এম ও হায়ার এডুকেসন যত পোষ্ট গ্রাজুয়েট হয়েছে তারা আর জি কর-এর ছাত্র। এই হাঁসপাতাল আপনারা ১০ বৎসর হল নিয়েছিলেন আমি বলবো একে ভাল করে নিন এটা এশিয়ার মধ্যে একটা বড় বেসরকারী হাঁসপাতাল এখানে দেখছি ঐ ৯ টাকা ৬ আনা যদি আপনারা খরচ করেন। যদি পেসেন্টদের না রাখতে পারেন তা হলে এই হাসপাতালের মান নেমে যাবে। আমরা দেখেছি আগে আর জি কর-এর স্থান ছিল দ্বিতীয় আজকে সেই জায়গায় তা তৃতীয় চতুর্থ স্থানে নেমে গেছে। সেইজন্য আমি এই হাঁসপাতালের উন্নতির জন্য বা এদিকে বিশেষ লক্ষ্য রাখবার জন্য আবেদন জানাই এবং এই কথাই বাজেটকে আমি সমর্থন করছি।

[5-20—5-30 p.m.]

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি প্রথমেই দৃষ্টি আকর্ষণ করবো পি জি হাসপাতাল সম্বন্ধে।

Post Graduate Institute for Medical Research and Education.

এই সম্বন্ধে এখানে বলা হয়েছে সেখানে একটা পরীক্ষা চলেছে পোষ্ট গ্রাজুয়েট মেডিক্যাল ইনষ্টিটিউট-এর ব্যাপার নিয়ে তাই আমি এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে এই ব্যাপারে এক্সপেরিমেন্ট ১৯৫৮ সালে ডাঃ রায় যে প্রস্তাব করেছিলেন তার ভিত্তিতে বাহিরে থেকে বহু কোয়ালিফাইড ডাক্তার সেখানে এসেছিল এবং ডাঃ রায় এর জন্য ডাঃ রায় করকেও মধ্য প্রদেশ থেকে এনেছিলেন এ ছাড়া অন্যান্য ডাক্তারকে এনেছিলেন এবং এ ব্যাপারে নিযুক্ত করেছিলেন ও আজও বেশ কিছু সংখ্যক ডাক্তার নিযুক্ত আছেন। এরূপ বহু ডাক্তার নিযুক্ত আছেন যারা নাকি এম-এস, এম-ডি, পোষ্ট-গ্রাজুয়েট ইত্যাদি হায়ার পোষ্ট-এর জন্য পড়ছেন। এখন স্বভাবতই বোঝা যাচ্ছে যে এই যে এম-এস, এম-ডি পড়ে যারা উচ্চ-শিক্ষিত হচ্ছেন এদের জন্য প্রয়োজন বেশ কয়েক জন ডাক্তার যারা এই উচ্চ-শিক্ষার দেবার কার্যে নিযুক্ত আছেন কিন্তু আমরা দেখতে পাই যে সেখানে ১৩টি ডিপার্টমেন্ট-এ প্রফেসরস, ডাইরেক্টর আছেন তারা সকলেই ফরেন কোয়ালিফায়েড। ১৩ জন ডাক্তারের ডেজিগনেসান দেওয়া হয়েছে প্রফেসার, ডিরেক্টর ইত্যাদি। কিন্তু বাকি ডাক্তাদের কোন ডেজিগনেসান নেই, কোন স্ট্যাটাস নেই, তাঁরা সব সুপারানিউমারারী অফিসার। তিনি বলেছেন প্র্যাক্টিসের ক্ষেত্রে যদি দেখি যে ভাল ফল হচ্ছে না তাহলে যেকোন জায়গায় বদলি করে দিতে পারি। সেজন্য হয়ত সমস্ত ডাক্তারদের সুপারানিউমারারী করে রেখে নিয়েছেন। মিঃ চেয়ারম্যান, স্যার, যাঁরা সুপারানিউমারারী ডিউটি ওখানে করছেন তাঁরা এই রকম একটা উচ্চ শিক্ষার চার্জে কি করে মনোযোগ দিয়ে এই সমস্ত এম-ডি, এম-এস ইত্যাদি ছেলেদের শিক্ষা দিতে পারেন? তাঁরা সব সময় মনে করছেন যে আমরা সুপারানিউমারারী এবং তাঁদের টিচিং এ্যালাওয়েন্স কিছু দেওয়া হচ্ছে না এবং তাঁদের কোন ডিজিগনেসান নেই। এজন্য তাঁদের নিশ্চয়ই ডেজিগনেসান দেওয়া উচিত। ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল রেকমেন্ডেসান করেছিলেন যে ৩ বছর লেকচারার থাকবে, ৩ বছর পরে তাঁরা এ্যাসিস্ট্যান্ট প্রফেসর হবেন, আরও ৩ বছর পরে এ্যাসোসিয়েট প্রফেসর হবে। অথচ এইসব ডেজিগনেসান তাঁদের নেই। এইসব উচ্চ শিক্ষিত ডাক্তাররা আজকে বেতন পান কত, না, ডব্লু, বি, এম, এস,-'র যে গ্রেড ৩ শো থেকে ৮ শো টাকা করে। কি করে তাঁরা মনোযোগ দিতে পারবেন উচ্চ শিক্ষার জন্য? অথচ আজকে বলা হচ্ছে যে আমরা ছেলেদের বিলাতে যেতে দেব না বা অন্য কোথাও যেতে দেব না। ওপক্ষ থেকে

বলেছেন-যে অর্থের জন্য যাচ্ছে। অর্থের জন্য তো বটেই, যাঁরা বিলাত থেকে পাশ করে কো কোয়ালিফিকেশান নিয়ে আসেন তাঁদের যদি ঐ ৩ শো থেকে ৮ শো টাকার গ্রেড দিয়ে বলেন তোমরা এম ডি, এম বি, এম এস ইত্যাদি উচ্চ শিক্ষা ছেলেদের শেখাও তাহলে তাঁরা কি ক শেখাবে? তাঁরা কোন উৎসাহ পাচ্ছেন না। কোথা থেকে উৎসাহ পাবেন তাঁরা? তাঁরা য দেখেন অন্যান্য দেশে, দিল্লীতে, ঐ চণ্ডীগড়ে পোষ্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল কলেজ করা হয়ে সেখানকার ডাক্তারদের কি মর্য্যাদা দেওয়া হচ্ছে, কি বেতন দেওয়া হচ্ছে এবং তাঁদের ঠিক যে কাজের জন্য সেখানে রাখা হয়েছে এবং সেজন্য তাঁরা মনোযোগ দিয়ে শেখাতে পারছেন, ত তাঁরা কি করে উৎসাহ পাবেন? আমাদের এখানে সেরকম কোন প্রভিসান নেই। তাই আ বলি যে এ'দের প্রতি একটু দৃষ্টি দিন। ১৩ জন প্রফেসর ডিরেক্টর ছাড়া আরো ১৭ জনে আপনারা প্রাইভেট প্যাক্টিসের অনুমতি দিয়েছেন। কিন্তু ৩০ জন প্রাইভেট প্র্যাক্টিস করছে না। নিশ্চয়ই এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দেখা উচিত যাঁদের প্রাইভেট প্র্যাক্টিস করে দিচ্ছেন না তাঁদের মধ্যে রিএ্যাক্সান কি হচ্ছে। সুতরাং আপনাকে অনুরোধ করব আপনি সেখানে গিয়ে দেখুন ডাক্তারদের মধ্যে কি রিএ্যাক্সান হচ্ছে। আমি এটুকু আপনাকে বলতে পারি তাঁদে মধ্যে দরুন অসন্তোষ রয়েছে। এমন কি আমরা দেখেছি যাঁর যে ডিপার্টমেন্টে থাকা উচি নয় তাঁকে সেই ডিপার্টমেন্টে রাখা হয়েছে। সুতরাং এই অব্যবস্থাগুলি দূর হওয়ার প্রয়োজ রয়েছে। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি মেডিক্যাল কলেজে যেখানে অনরারী ভিজিটিং সার্জেন, ফিজিসিয়ান সার্জেনগুলি রয়েছেন আমি নীলরতন হাসপাতালের উদাহরণ দিয়ে বলতে পারি যে সেখানে ১৯৪৮ সাল থেকে এম আর সি পি, এফ আর সি এস যে সমস্ত ডাক্তার রয়েছেন তাঁরা এখনও জুনিয়ার ভিজিটি ফিজিসিয়ান। এখন বর্তমানে যে শিক্ষা পদ্ধতি তাতে প্রত্যেকটা হেড অব দি ডিপার্টমেন্টে আন্ডারে রিডার্স, প্রফেসর, ক্লিনিক্যাল টিউটর রয়েছেন, কিন্তু এই সমস্ত জুনিয়ার ভিজিটি সার্জেন কিম্বা প্রফেসর তাঁরা ১৯৪৭-৪৮ সাল থেকে জুনিয়ার ভিজিটিং সার্জেন বা প্রফেস রয়ে গেছেন। আমি তাঁকে উদাহরণ দিচ্ছি- -যেমন জ্যোৎস্না চ্যাটার্জী, এম আর সি পি, তিনি ১৯৪৮ সাল থেকে সেখানে আছেন, তিনি ১ শো টাকা কার এ্যালাওয়েন্স পান। তখন পেট্রোল খরচ তাঁকে ১শো টাকা দেওয়া হত, এখনও পর্যন্ত তিনি সেই ১শো টাকাই পান। তাঁর কোন ডেজিগনেসান নেই। অথচ তিনি একজন যোগ্য ডাক্তার, ক্যালকাটা ইউনিভার্সিটি রেকগনাইজ করে তাঁকে এম ডি কোর্সের টিচার করেছেন। তিনি মেডিসিনের এগ্‌জামিনার, ক্যালকাটা ইউনিভার্সিটি তাঁকে রেকগনাইজ করেছেন, কিন্তু গভর্নমেন্ট তাঁর পজিসানের কোন উন্নতি করেন নি। তিনি এখন পর্যন্ত জুনিয়ার ভিজিটিং ফিজিসিয়ান রয়েছেন। এই রকম একজন ডি কে সেন রয়েছেন এফ আর সি এস, জুনিয়ার ভিজিটিং সার্জেন, তিনি এম এস ছাত্রদের পড়ান এবং সার্জারির পরীক্ষক। তারপর লাবণ্য কুমার গাঙ্গুলী, এম আর সি পি, তিনিও ১৯৪৮ সাল থেকে জুনিয়ার ভিজিটিং ফিজিসিয়ান। মেডিক্যাল কলেজে ই এন টি ডিপার্টমেন্টে ডাঃ আর এন ব্যানার্জী আছেন, আপনারা জানেন তিনি একজন প্রসিদ্ধ ডাক্তার, ই এন টি স্পেশালিস্ট, তার কোন স্ট্যাটাস নেই। তিনি এখনও জুনিয়ার ভিজিটিং হিসাবে রয়েছেন। ডাঃ ভুপেন সেন গুপ্ত, ডি এল ও, তিনি ১৯৪৬ সাল থেকে আজ পর্যন্ত জুনিয়ার ভিজিটিং সার্জেন। তারপর স্কীন ডিপার্টমেন্টে আমরা দেখতে পাই ডাঃ বি এন ব্যানার্জী আছেন, একজন স্কীন স্পেশালিস্ট, তিনি ইউনিভার্সিটি কলেজ অব মেডিসিন-এর তরফ থেকে সেখানে আছেন এবং পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেদের তিনি পড়ান এবং তাঁর আন্ডারে ছেলেরা সেখানে রিসার্চ করতে আসেন। অথচ সেখানে স্কীনের কোন ল্যাবরেটরী নেই। আবার আমি বলছি যে যাঁরা জুনিয়ার ভিজিটিং সার্জেন বা ফিজিসিয়ান হিসাবে রয়েছেন এম আর সি পি, এফ আর সি এস তাঁরা মনোবল হারিয়ে ফেলেছেন। কারণ, তাঁরা দেখছেন হাউস স্টাফ যাঁরা তাঁরা আন্দোলন করে কিছু কিছু টাকা বাড়িয়েছেন, যেমন হাউস সার্জেনদের ১৩০ টাকা থেকে ২ শো টাকা বাড়ান হয়েছে। কিন্তু তাঁরা ভাবছেন যে তাঁদের বয়স বেড়েছে, তাঁদের এমন পজিসান যে তাঁরা আন্দোলনের পথে নেমে আসিতে পারেন না। তাদের স্ট্যাটাস নাই। একশো টাকা কার এ্যালাউন্স বাড়িয়ে দিয়েছেন বটে, কিন্তু এদিকে যে পেট্রোলের দাম ঢের বেড়ে গেছে। এটাও দেখা দরকার। আমি দু-একটা উদাহরণ দিলাম মাত্র। আরো বহু রয়েছে। ওদের প্রতি একটু দৃষ্টি দেবেন বলে আমি মনে করি।

তারপর প্রফেসর বি এন ব্যানার্জী স্কিন স্পেস্যালিষ্ট তাঁর কথা বলছিলাম, মেডিকেল কলেজের সেখানে কোন স্কিন ল্যাবরেটারী নাই। অথচ সেখানে রিসার্চ করতে হয়। সেখানে কলকাতা ইউনিভার্সিটির রিসার্চ স্টুডেন্ট-দের পাঠান হয়, সেখানে দুশো টাকা পার মান্থ দেওয়া হয় প্রফেসরকে। তাদের সেখানে নিজস্ব কোন রিসার্চ ডিপার্টমেণ্ট নাই। অথচ পুণায়, ভেলোরে প্রত্যেকটা ইউনিভার্সিটি মেডিকেল কলেজে রিসার্চ ইউনিট রয়েছে, মেডিকেল কলেজে রিসার্চ করছে, সেখানে এম ডি, এম এস পড়ছে। এইভাবে সেখানে রিসার্চের মনোভাব গড়ে উঠছে। আমাদের এখানে তার কোন ব্যবস্থা নাই। অথচ আমরা বলছি এখানে ছেলেদের উচ্চ শিক্ষিত করে তুলবো। তাদের আমরা বাইরে যেতে দেবনা, যারা আমাদের দেশে এম ডি পড়ছে বা এম এস পড়ছে বা রিসার্চ করছে। অন্যান্য প্রভিন্সে যে সব ছেলেরা এম ডি, এম এস পড়ছে তাঁরা আণ্ডার গ্রাজুয়েট ছেলেদের পড়াবার ভার পান। এক বছর দু-বছর এই কোর্স পড়ানোর ফলে তাদের একটি টীচিং এক্সপিরিয়েন্স হয়। এম এস, এম ডি যাই হোক না কেন দু-বছর পরে যখন তাঁরা পড়া শেষ করে যান, তখন তাঁরা টীচিং সার্টিফিকেট পেয়ে থাকেন। আমাদের এখানে তেমন কোন ব্যবস্থা নাই। মন্ত্রী মহোদয়াকে এদিকে দৃষ্টি দিতে অনুরোধ করি।

আর এই যে জুনিয়ার ভিজিটিং ফিজিশিয়ান এবং সার্জেন রয়েছেন, এদের মধ্যে আবার ডিসক্রিমিনেশন রয়েছে জুনিয়ার ও সিনিয়ার বলে। এটা অত্যন্ত খারাপ জিনিষ। যেমন ডাঃ যোগেশচন্দ্র ব্যানার্জী, ডাঃ ভূপেন সিংহ জুনিয়ার ভিজিটিং ফিজিশিয়ান করে রাখা হয়েছে। এদের কোন ডেজিগনেশান কিছু দেওয়া হচ্ছে না। তাঁরা কি চিরকাল জুনিয়ার অবস্থায় থাকবেন? আশা করি এই সম্পর্কে সত্বর একটা সিদ্ধান্ত মন্ত্রীমহোদয় নেবেন।

আর একটি কথা বলতে চাই ডাঃ অমর দত্তগুপ্ত এন আর এস হাসপাতাল থেকে বদলী হয়ে চলে গেছেন মেডিকেল কলেজে ডাঃ কে কে ঘোষ রিটায়ার করার জন্য। তাঁর জায়গায় আজ পর্যন্ত কোন ডাক্তার দেওয়া হল না। ডাঃ নন্দী চলে গেছেন। তাঁর জায়গায়ও কাউকে দেওয়া হল না। এগুলি কেন হচ্ছে? আমি মনে করি আমাদের মেডিকেল এ্যাডমিনিস্ট্রেসন-এর ছেড়ে প্রত্যেকটি লোক মেডিকেল ম্যান থাকা দরকার। আমার মনে হয় আমাদের এখানে যে সেক্রেটারী রয়েছে, সেখানেও একটি মেডিকেল ম্যান থাকা দরকার। এই সমস্ত না থাকার জন্য—এই সমস্ত অরাজকতা চলছে এই মেডিকেল বিভাগে। ওয়ার্লড হেল্থ অর্গানাইজেশান-এর একটি কনফারেন্স হয়েছিল ইউরোপে লাস্ট ইয়ার। সেখানে সমস্ত দেশ মিলে একটা এগ্রিড্ ডিসিসন নেওয়া হয় তাতে বলা হয় যে মেডিকেল এ্যাডমিনিস্ট্রেসন-এ যত লোক থাকবে, তারা সবাই মেডিকেল ম্যান থাকবে, একমাত্র মন্ত্রী ছাড়া। আমাদের এখানে কি সেই ব্যবস্থা হয়েছে? যদি ওয়ার্লড হেল্থ অর্গানাইজেশন-এর রিকমাণ্ডেশান এখানে গ্রহণ না করা হয়ে থাকে, তাহলে সেই ব্যবস্থা গ্রহণ করতে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো।

তারপর হেল্থ সেণ্টারে ডাক্তাররা কেন যাচ্ছেন না—তার বহুবিধ কারণ আছে। প্রথমতঃ সেখানে ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা নাই, অন্যান্য সুযোগ সুবিধা নাই, ইলেকট্রিসিটি নাই, ইলেকট্রিক এ্যাপারাটাস নাই, স্ট্যাডি লিভ নাই। সেই স্ট্যাডি লিভ বন্ধ করে দেওয়া হয়েছে। আর মাইক্রোসকোপ পরীক্ষার জন্য কোন ল্যাবরেটরী নাই, কোন টেকনিসিয়ান নাই। আপনারা চারশো ডাক্তার চেয়েছেন, অথচ একজন ডাক্তারও পাচ্ছেন না। নিশ্চয়ই তা পারেন না। যেভাবে ডাক্তারদের রিক্রুট করা হচ্ছে, তাতে কেউ আসবে না, কারণ ইনিসিয়াল পে খুব কম। তাতে কোন ডাক্তার পাবেন না। কেউ যাবে না। তাঁরা জানেন যে একবার গভর্ণমেণ্ট সার্ভিসে ঢুকলে আর কোন প্রসপেক্ট তাদের নাই। এই দিকে দৃষ্টি দিয়ে ডাক্তারদের অবস্থা ভাল করবার চেষ্টা করুন। আর সঙ্গে সঙ্গে যাতে আমাদের ডাক্তারদের উচ্চ শিক্ষার মান বাড়ে ও অন্যান্য প্রদেশের তুলনায় আমরা পিছিয়ে না পড়ি—সেদিকে দৃষ্টি দেবেন। এই বলে আমি বাজেট বরাদ্দের বিরোধীতা করছি।

[5-30—5-40 p.m.]

Shri Bhakti Bhushan Mandal:

মিঃ চেয়ারম্যান স্যার, এই যে ব্যয় বরাদ্দ আনা হয়েছে তার বিরোধীতা করতে গিয়ে আমি আপনার কাছে কতকগুলি কারণ দিচ্ছি। প্রথমতঃ Non-registered allopathic medical practitioners দের সম্বন্ধে আমাদের জানা দরকার। গরীব বাংলা দেশের পক্ষে বিশেষ করে এই Non-registered medical practitioners দের প্রয়োজন আছে। এ'রা প্রায় ২৫ হাজার জন আছেন। এ'দের একটা কিছু ব্যবস্থা করা প্রয়োজন বলে আমি মনে করি। এদের মধ্যে অনেক শিক্ষিত আছেন। এ'রা অনেকে নন-এ্যাফিলিয়েটেড কলেজ থেকে পাশ করেছিলেন বলে তাঁরা কোন সার্টিফিকেট পান নি। অথবা কেউ কেউ পাশ করেন নি বলে সার্টিফিকেট পান নি। সেজন্য এ'দের আমরা কোয়াক বলি কিন্তু গ্রামে অনেক কোয়াক ডাক্তার আছেন যাঁরা পাশ করা ডাক্তারদের চেয়ে বেশী উপায় করেন এ'দের জন্য একটা স্ট্যান্ডপয়েন্ট অব সোস্যালিষ্টিক আউটলুক নেওয়া দরকার। তাঁদের জন্য একটা শিক্ষার ব্যবস্থা করা দরকার, একটা অপারচুনিটি দেওয়া দরকার একটা ট্রেনিং কোর্স করা উচিত। কিন্তু এ সব না করে তাঁদের চিরকালের জন্য আনএমপ্লয়েড করা হচ্ছে। সেজন্য আমি বলতে চাই এনটি-কোয়াক বিল বলে যে বিল আসছে সেই বিল রদ করা দরকার এবং এই মর্মে বেঙ্গল মেডিকেল এ্যাক্ট অব ১৯৬৮, ইন্ডিয়ান মেডিকেল এ্যাক্ট অব ১৯৫৬-কে এ্যামেন্ড করে যাতে এই সব লোকেদের প্রভিসন হয় তার একটা ব্যবস্থা করা দরকার বলে আমি মনে করি। দ্বিতীয়ত আমি বলছি নার্সদের সম্বন্ধে। নার্সদের শ্রেণী বিন্যাস এমনভাবে করা হয়েছে যে নার্সদের আজকে বলা হচ্ছে এ্যাসিসটেন্ট নার্স এদের যদিও তিনটি গ্রেড ছিল, এখন ৪টা করা হচ্ছে—ফলে হয়েছে যে বেতন যাদের বেশী ছিল তাদের সেই বেতন কমে যাচ্ছে। এই বিষয়ে আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। ১৯৫৭ সালে এদের গ্রেড ৪ নার্স করা হয়েছে—তাদের গ্রেড ছিল ৬০ টাকা থেকে ৯০ টাকা। কিন্তু এই শ্রেণী বিন্যাসের ফলে ১৯৫৭ সালের পর সেটা হয়েছে ৪০—১—৬০ টাকা। এই জায়গায় দেখতে হবে উপর ওয়ালাদের কি আছে—যাঁরা বেতন পেতেন ৬০০ টাকা সেটা হয়েছে ১,২০০ টাকা এবং ৮০০ টাকাটা হয়েছে ১,০০০ টাকা। কিন্তু ঐ গরীব যারা ফোর্থ গ্রেড নার্স তাদের বেতন কমে গেছে এবং তাদের অনেক সুযোগ সুবিধা নষ্ট হয়ে গেছে। বিশেষ করে তাদের হাউস এ্যালাউন্স বলে যেটা কেটে নেওয়া হয় সেটার ফলে অবস্থা আরও শোচনীয়। অনেক জায়গায় নার্সদের কোয়াটার আছে, কিন্তু সেটা ফ্যামেলি কোয়াটার না হবার জন্য তাদের থাকতে হয় অন্য জায়গায় বাসা ভাড়া করে। অথচ তাদের কোয়াটার তারা না থাকলেও তাদের হাউস এ্যালাউন্স কেটে নেওয়া হয়। এটা সম্বন্ধে ব্যবস্থা করা দরকার এবং এদের যে পে-স্কেল—সেই পে-স্কেল সম্বন্ধে চিন্তা করা দরকার বলে মনে করি। এর পর আমি ডিপার্টমেন্টের কর্তাদের সম্বন্ধে কয়েকটি কথা বলছি। একটা কংক্রীট কেস হচ্ছে বেলেঘাটায় আই ডি হসপিট্যালে মীরা মজুমদার বলে এক ভদ্রমহিলা গ্রেড থ্রি হিসাবে প্রায় ২০ বছর কাজ করছিলেন। কিন্তু আজ তাঁকে গ্রেড ফোর করা হোল এবং তিনি যেখানে ৫৫ থেকে ১৩০ টাকা বেতন পেতেন সেখানে এখন সেটা হোল কমে গিয়ে ৪০ থেকে ৬০ টাকা। এগুলি বিশেষভাবে দেখা উচিত। তিনি এক বছর কাজ করে যাচ্ছেন বিনা বেতনে। এটা নিয়ে প্রোটেষ্ট হোল, কিন্তু ডিপার্টমেন্ট থেকে এখনও কিছু করা হয় নি। আর একটা কথা আমি বলছি নার্স-এর সম্বন্ধে, তিনি ডেপুটি নার্সিং সুপারিণ্টেণ্ডেণ্ট, মিস এস ডেভিড তিনি বর্তমানে রামপুরহাটে মেট্রন হয়ে আছেন। ইনিও ছিলেন ঐ আই ডি হসপিটাল, বেলেঘাটায় এবং তিনিও ঐ শ্রীযুক্তা উমা মিত্রের নেকনজরে পড়ায় তার অবস্থা হয়েছে, শুধু তাই নয় তার এগেনেষ্ট-এ যে চার্জগুলো, সেগুলো উইথড্র করে নেওয়া হয়েছে। গভর্ণমেন্ট সাবস্টানশিয়েট করতে পারেননি কিন্তু ভিনডিকটিভলি করা হয়েছে কি? তার ৪ বছরের বেতন আটকে দেওয়া হয়েছে, এখনও কোন বেতন সে পায়নি। সর্বশেষে আমি আর একটা কথা বলতে চাই যেটা হচ্ছে যে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে যদি কোন রোগী চিঠি লিখে জানায় তাব কোনও রকম এনকোয়ারী করেন না। কাজেই তার দপ্তরের অবস্থা তো সেইরকম হবে। এটা আমি বিশেষকরে বলছি কারণ একজন—আমার বীরভুমের শিউড়ি সদর হাসপাতালের একজন

সেন্ট আগে ছিলেন এবং তার স্ত্রী ২ জনে তাঁকে লিখেছে। তারমধ্যে অজিতকুমার ঘোষ ৬।১।৬৫ তারিখে, তাঁকে একটি চিঠি দিয়েছে হাসপাতালের ব্যবস্থা সম্পর্কে এবং তার কপি টি আমাকে দিয়েছেন এ্যাজ এ্যান এম এল এ কিন্তু সে সম্বন্ধে কাল পর্যন্ত খবর নিয়ে নলাম যে কোনও কিছু হয় নি। মোটামুটি অভিযোগটা আমি এখানে বলছি সর্ট টাইম-এর তর যে তার স্ত্রীকে এ্যাডমিশন দেওয়া হয়েছিল প্রসব হওয়ার জন্য, তারপর তার নর্মাল কোর্স-প্রসব হয়ে যায়, কিন্তু সে একটি পুত্র সন্তান প্রসব করে কিন্তু প্রসব হওয়ার পর তার ছেলের বস্থা খারাপ দেখে সে ডাক্তারকে বলে কিন্তু ডাক্তার বলেন যে ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু র পরের দিনও দেখা গেল যে কোন ব্যবস্থা করা হয়নি। একদিন পরে তারপর ছেলেটা লটিমেটলি মারা গেল। সবচেয়ে ফ্যানি ব্যাপার হচ্ছে যে ছেলেটা মারা যাবার পর যখন র বাবা দেখতে যায়, তার ডেথ সার্টিফিকেট চাইলে তারা জানায় ছেলে তো নয় মেয়ে। তখন মকে ডাকা হল এবং দেখা যায় সত্যিই সেটা ছেলে। এই তো এই দপ্তরের অবস্থা। সেই ্য আমি বলতে চাই এই মঞ্জুরীর সৎ ব্যবহার হলে ভাল. কিন্তু তা হবার উপায় নেই। ইজন্য আমি এর বিরোধীতা করছি।

Dr. Ranjit Kumar Ghosh Chowdhury:

ননীয় অধ্যক্ষ মহাশয়, যে ব্যয় বরাদ্দের দাবী আজ উপস্থাপিত হয়েছে আমি মাননীয় স্বাস্থ্য ন্ত্রীকে এইজন্য ধন্যবাদ জানাচ্ছি। আমরা যে লক্ষ্য করছি যে গত ২।১ বছর ধরে যে দপ্তরের মশঃ দৃষ্টিভঙ্গি পরিবর্তন হচ্ছে। আমরা লক্ষ্য করছি যে আমাদের সমস্যার সঙ্গে এরা কাত্ম হয়ে সেই সমস্যার সমাধানের চেষ্টা করছেন। সব থেকে বড় কথা উনি বলেছেন যেটা । আমরা মাথা পিছু ৪ টাকা খরচ করি যদিও অনেক বেশী খরচ করা উচিত। আমাদের কে আর্থিক অবস্থা সেইরকম হবে, সেটা আমরা জানি। ইউ কে-তে ১৮০ টাকার বেশী থাপিছু ১৮৪ টাকা খরচ হয়, সেইজন্য তুলনামূলক ভাবে বিচারে বোঝা যাবে যে আমাদের ই সমস্যার সমাধান তা হয়তো হবেনা। প্রশ্ন হচ্ছে এই অর্থকে এমনভাবে ব্যয় করতে হবে তে কোথাও একটা পয়সারও অপচয় না হয়। মাননীয় সদস্যরা যে সমস্যার আলোচনা করলেন টা হচ্ছে যক্ষ্মা সমস্যা বা টি-বি সমস্যা। তবে একথা ঠিক আজকে যেখানে ৪৷৷ হাজার বেড ছে, সেখানে ৬ লক্ষ রোগীর চিকিৎসা করা হসপিটাল-এ ভর্ত্তি করে সম্ভব হয় না। বর্তমানে মাঞ্চলে যে বন্দোবস্ত আছে, এই বিধানসভায় অনেকেই বহুবার বলেছেন এবং আমিও বলেছি এই ব্যবস্থার পরিবর্তন করা দরকার। আজকে গ্রামাঞ্চলে যে ব্যবস্থা আছে তা অতি সামান্য। মাঞ্চলে কোনও একজনের যক্ষ্মা হলে তাকে সদর হাসপাতালে এসে চিকিৎসার বন্দোবস্ত রতে হয়। এবং কমপক্ষে ৪।৫ বার আসতে হয় এবং ১৷৷ মাস সময় লাগে তার চিকিৎসা রু হতে, এক্স-রে ইত্যাদি করতে।

-40—5-50 p.m.]

তরাং এই ব্যবস্থার পরিবর্তন যদি আমরা না আনি, তাহলে আমরা কোনদিনই এই ডোমিসিলি-রী ট্রিটমেণ্ট সফল করতে পারবো না। আমি সেইজন্য স্বাস্থ্য দপ্তরকে বলছি যে এক্স-রে ড়াও অন্যান্য উপায়ে এই টি বি ধরা যায়, যেমন টিউবারকুলেসন টেষ্ট। হেল্থ সেণ্টার-এর ধ্যমে এই টিউবারকুলোসিস টেস্ট এর মাধ্যমে চিকিৎসা ব্যবস্থা করতে পারেন কিনা চিন্তা রুন। এই এক্স-রে-তে ১, ১৷৷ মাস সময় নষ্ট না করে বর্তমানে এই ব্যবস্থা চালু করা যায় না, গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে এইরূপ চিকিৎসা এবং ঔষধ পত্রাদি বিতরণ করা যায় কিনা, র্থাৎ স্বাস্থ্য চিকিৎসায় পঞ্চায়েতের মাধ্যমে সাহায্য নেওয়া যায় কিনা। স্যার, দিনের প্রায় ষ, আজকে আলোচনাও প্রায় শেষ এবং ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার এটা শেষ বছর তাই লের সঙ্গে সুর মিলিয়ে আমি বলবো যে সকলেই যেমন বয়সের শেষে রাধাগোবিন্দের নাম তে চায়, আমিও তেমনি আমার আলোচনার শেষে একটু রাধাগোবিন্দের নাম করতে চাই, র্থাৎ আমার প্রসঙ্গ যেটা আমি তুলছি, সেটা হল রাধাগোবিন্দ কর হাসপাতাল। এই প্রসঙ্গে র, একটু বলি গত কিছুদিন যাবৎ আলোচনা চলছে এবং নীতিগতভাবে সরকার কিছুটা

মেনে নিয়েছে। এখন প্রশ্ন হচ্ছে ইউনির্ভাসিটি কলেজ অফ মেডিসিন এখন কোথায় হ
পারে? আমরা দেখছি বর্তমানে একমাত্র আর জি কর হসপিটাল উপযুক্ত জায়গা, যেখানে
করা সম্ভব। এইজন্য গত ১৯৫৮ সালে আর জি কর-এর ম্যানেজমেণ্ট এবং দায়িত্ব সর
নিজের হাতে নিয়েছেন। এখন তার ভবিষ্যৎ অনিশ্চিতের মধ্যে রয়েছে, সরকার পুরোপ
না নিতে পারেন এবং জনসাধারণের হাতে বা ইউনির্ভাসিটির হাতেও দিয়ে দিতে পারে
অন্যান্য প্রায় হাসপাতালগুলি পুরোপুরি সরকারের পরিচালিত কিন্তু এখনও পর্যন্ত আর
কর হসপিটাল সম্পূর্ণ স্থায়ীভাবে সরকারের পরিচালিত বলে গণ্য হয়নি। আর জি কর
নিয়ে নেওয়া যেতে পারে এবং নিয়ে নিলে বিকেন্দ্রীকরণ থাকে না। আমি একথা ব
বিকেন্দ্রীকরণ ব্যাপারে-- আমি প্রায় সমস্ত ব্যাপারেই বলে থাকি যে এস এস কে এম, এন
এস এই দুই সরকার পরিচালিত ও অপর দুটি প্রাইভেট পরিচালিত ন্যাশনাল মেডি
হসপিটাল ও আর জি কর হসপিটাল আর একটা ইউনির্ভাসিটি পরিচালিত। এটা বিকে
করণ এবং এতে সরকারের খরচ অনেক কমে যাবে। খরচ ৩৩ লক্ষ টাকা তাতে সরকার দি
২৪ লক্ষ টাকা। এখন যদি এটা বিশ্ববিদ্যালয়ের চলে যায় তাহলে ইউ জি সি-র মাধ্যমে আ
টাকা পেতে পারি। যেখানে টীচার্স স্যালারী দিচ্ছেন ৫০ পারসেণ্ট, ই অংশ ওয়ান থার্ড
দি টোটাল ইউ জি সি দিচ্ছে, আমি বলছি শুধু ক্যাপিটেল সম্পর্কে নয় রেকারিং সম্পর্কেও ব
২য় কথা হচ্ছে ফিলানথ্রপিক অর্গানাইজেশন যেমন রক ফেলো লখনৌ কিং জর্জ মেডি
কলেজ, আমরা জানি ১ বছরে সেখানে দিয়েছে ৭॥ লক্ষ টাকা করপোরেশান গ্র্যাণ্ট, এই ধর
সাহায্য আমরা নিশ্চয়ই আশা করতে পারি। তৃতীয় কথা হচ্ছে আমরা এই ধরনের এনডাও
ফাণ্ড আমরা পেতে পারি। বিশ্ববিদ্যালয়ে গেলে সেখানে করপোরেশান গ্র্যাণ্ট পাওয়া
পারে এবং এইরকম করা হলে, বহু ডিপার্টমেণ্ট মার্জ করলে অনেক পয়সার সাশ্রয় হতে পা
অবশ্য করা হচ্ছে ক্ষণজন্মা বৈজ্ঞানিক যারা তারা যদি ১,৫০০ টাকায় কাজ করতে পারেন তা
সরকারী খরচ অনেক কম হবে। আমি এই কথা বলছি যে আর জি কর এই পোষ্ট-গ্র্যাজু
স্ট্যাডি-তে আই ইনফারমারী বা চোখের বিভাগ যেটা ভারতবর্ষে নেই, সেখানে করা যেতে পা
যেমন ধরুন সেখানে গায়নাকলোজী এ্যাণ্ড অবস্ট্যাট্রিস ইত্যাদিও সেখানে করা যেতে পা
কিন্তু ইউনির্ভাসিটি নিশ্চয়ই তা ইউনির্ভাসিটি কলেজ অফ মেডিসিন, আর জি কর-এ কর
না। করেন সেখানে স্বাস্থ্য দপ্তর ব্যতীত ইউনির্ভাসিটি করা সব চাইতে অসুবিধা বেশী

এ সম্পর্কে আমি আপনার মাধ্যমে জনসাধারণের যে মতামত, তার যে মাপকাঠি যেটা সংব
পত্রে বেরিয়েছে সেটা ক্রোনোলজিক্যাল অর্ডারে স্বাস্থ্য মন্ত্রীর কাছে বলতে পারি। "যুগান্ত
২১-১১-৬৪ তারিখে নিউজ বেরিয়েছে এবং ১০-১২-৬৪ তারিখে এডিটোরিয়াল বেরিয়ে
স্টেটসম্যান কাগজে ৪-১২-৬৪ তারিখে খবর বেরিয়েছে। আনন্দবাজার পত্রিকায় ১২-১২-
তারিখে এবং ২১-১২-৬৪ তারিখে নিউজ এবং ১০-১-৬৪ তারিখে এডিটোরিয়াল বেরিয়ে
হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড-এ ২৩-১২-৬৪ এবং ১-১-৬৫ তারিখে নিউজ এবং ১৮-১-৬৫ তারি
এডিটোরিয়াল বেরিয়েছে। দৈনিক বসুমতীতে ২৮-১২-৬৪ এবং ২৯-১২-৬৪ তারিখে এ
টোরিয়াল বেরিয়েছে। অমৃত বাজার পত্রিকায় ৪-২-৬৫ তারিখে নিউজ এবং ২২-১-৬৫ তারি
এডিটোরিয়াল বেরিয়েছে। এ থেকেই দেখা যাচ্ছে বিভিন্ন সংবাদপত্র এই প্রস্তাবকে সম
করেছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে স্বাস্থ্য দপ্তর যেভাবে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে চ
তাতে তাঁরা আর জি কর মেডিকেল কলেজ-কে ইউনির্ভাসিটি কলেজ অব মেডিসি
রূপান্তরিত করুন এবং এটা যদি করেন তাহলে তাঁদের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী যথার্থই প্রমা
হবে। একথা বলে এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় চেয়ারম্যান স্যার, স্বাস্থ্য মন্ত্রীর বাজেটের যে বিরোধীতা করছি তার কারণ হচ্ছে এ
পশ্চিমবঙ্গ সরকার জনস্বাস্থ্য রক্ষাকল্পে ভেজাল নিরোধ করতে ব্যর্থ হয়েছেন। স্যার, আপ
নিশ্চয়ই জানেন আমাদের দেশের বেশীরভাগ লোকই পুষ্টিকর এবং পরিমাণমত খাদ্য পায়
এবং যেটুকুও বা পায় সেটাও ভেজালে ছেয়ে গেছে। আপনি শুনলে অবাক হবেন এই কলক
শহরে ভেজাল মেশানোর যে কেস হয় তার সংখ্যা সারা পৃথিবীকে অতিক্রম করে গেছে। অ

আশ্চর্যের বিষয় হচ্ছে আমাদের দেশে ভেজাল নিরোধের জন্য আইন আছে এবং তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবার জন্যও আইন আছে। কিন্তু স্যার, দুঃখ এবং পরিতাপের বিষয় হচ্ছে যারা বিভিন্ন জিনিসে ভেজাল দেয়, যারা ঔষধে ভেজাল দেয় সেই সমস্ত রাঘববোয়ালদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা এই সরকারের পক্ষে সম্ভব হয়না। আমাদের দিকে আমরা দেখেছি ষ্টিমের কয়েকটি চুনোপুঁঠি ব্যবসায়ী, তেলের ব্যবসায়ীকে ধরে কিছু সাজা দেওয়া হয়েছে; কিন্তু এই সংবাদ ভালভাবেই জানি যে, বড় বড় যে সমস্ত ভেজালকারী আছে, যারা ঔষধে, সর্ষে তেলে এবং বিভিন্ন রকম খাদ্যে ভেজাল মিশায় তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে এই সরকার সক্ষম হননা। যে খাদ্যের উপর জনস্বাস্থ্য নির্ভর করে সেই খাদ্য নিয়ে কি চলছে সেটা আপনারা লক্ষ্য করেছেন। কিন্তু আশ্চর্যের বিষয় এই বাজেট বা মন্ত্রী মহাশয় সেই ভেজাল বন্ধ করবার জন্য কোন বক্তব্য রাখতে পারেননি। তারপর স্যার, পশ্চিমবঙ্গ সরকারের যতগুলি বিভাগ আছে তার মধ্যে সবচেয়ে দুর্নীতিপরায়ণ ডিপার্টমেন্ট হচ্ছে এই স্বাস্থ্য দপ্তর। ইতিপূর্বে আমি এই ডিপার্টমেন্ট-এর বিরুদ্ধে বহু অভিযোগ করেও তার প্রতিকার পাইনি। আমি আজকে আবার একটা অভিযোগ করছি এবং আশাকরি এর বিহিত ব্যবস্থা করবেন। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন তাঁর দপ্তরে পুলিন বসু নামে এক ভদ্রলোক এ্যাড-মিনিস্ট্রেটর হিসেবে আছেন। তিনি তাঁর ডিপার্টমেন্ট-এ নিজের ক্ষমতাকে কেন্দ্র করে একটা পাপচক্র গড়ে তুলেছেন। কোলকাতায় যে সমস্ত ভাল ভাল ডাক্তার আছেন তাঁদের কাছে দালাল পাঠিয়ে তাঁদের ভয় দেখান হচ্ছে যে তোমাকে মফঃস্বলে পাঠিয়ে দেওয়া হবে, বদলী করা হবে এবং এই বদলী যদি রদ করতে চাও তাহলে টাকা পয়সা নিয়ে এস। শুধু তাই নয়, মফঃস্বল জেলায় যে সমস্ত সিভিল সার্জন এবং ডাক্তার আছেন তাঁদের বদলীর ব্যাপারেও এই একই কথা বলা হচ্ছে। এই অভিযোগ আপনার মাধ্যমে আমি এই ডিপার্টমেন্ট-এর বিরুদ্ধে করলাম। তারপর, আমার জেলায় বেলডাঙ্গা হাসপাতাল সম্বন্ধে আমি যে অভিযোগ করে-ছিলাম তাতে মন্ত্রী মহাশয় বলেছিলেন তদন্ত করবেন। কিন্তু দুঃখের বিষয় তদন্ত করবার আর কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। মুর্শিদাবাদের জিয়াগঞ্জ হাসপাতালে একজন এম-বি এবং একজন এল এম এফ ডাক্তার ছিলেন, কিন্তু আশ্চর্যের বিষয় সেই এম বি ডাক্তার চলে যাবার পর সেখানে কোন ডাক্তার এই পর্যন্ত দেওয়া হয়নি। আমি এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য শেষ করছি।

[5-50—6 p.m.]

Shri Adhar Chandra Halder:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বাংলাদেশে প্রাচ্য এবং পাশ্চাত্য প্রথায় চিকিৎসা ব্যবস্থা আছে। বৈদ্যশাস্ত্রপীঠ অষ্টাঙ্গ আয়ুর্বেদ কলেজ এবং গোবিন্দসুন্দরী আয়ুর্বেদ প্রভৃতি ভাল আয়ুর্বেদ কলেজ আছে। এবং পাশ্চাত্য চিকিৎসার ব্যবস্থার জন্য নীলরতন সরকার হাসপাতাল এবং মেডিকেল কলেজ ইত্যাদি ভাল কলেজ আছে। কিন্তু এই আয়ুর্বেদের প্রতি বাজেটে যে অবিচার করা হয়েছে তার প্রতিবাদ করে আমি কয়েকটি কথা বলতে চাই। আমি বলতে চাই এই বাংলাদেশ ছিল একদিন আয়ুর্বেদের পীঠস্থান, এখানে জন্মেছিলেন শ্যামাদাস বাচস্পতি, গঙ্গাধর কবিরাজ এবং চক্রদত্ত প্রভৃতি লব্ধ চিকিৎসক। আমরা ভেবেছিলাম স্বাধীনতার পর এই আয়ুর্বেদের উন্নতি হবে, কিন্ত দুঃখের বিষয় আমাদের আয়ুর্বেদের কোন উন্নতি হচ্ছে না। আমাদের অর্থমন্ত্রী একাধিক আয়ুর্বেদ কলেজের, যেমন অষ্টাঙ্গ আয়ুর্বেদ কলেজের প্রেসিডেন্ট ছিলেন, আমরা আশা করেছিলাম এবারে হয়ত আয়ুর্বেদের কিছু উন্নতি হবে কিছু বেশী টাকা বরাদ্দ হবে, কিন্তু তা তাঁরা করেননি। এন আর সরকার মহাশয় যেভাবে বাজেট করে এসেছেন আজ দেখতে পাচ্ছি, সেই ধারাতে বাজেট হচ্ছে এর পরিবর্তন করছেন না। যাতে আয়ুর্বেদের অগ্রগমন হয় তার জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কলকাতায় অষ্টাঙ্গ কলেজে আয়ুর্বেদ মতে শিক্ষা দেবার ব্যবস্থা করতে হবে, শ্যামাদাস বৈদ্যপীঠ কবিরাজ ইনষ্টিটিউটরূপে পরিগণিত করা হবে। একটু আগে শুনলাম যে অষ্টাঙ্গ আয়ুর্বেদ কলেজের জন্য লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে, কিন্তু শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের জন্য কোন কিছু মঞ্জুর করা হয়েছে কিনা জানতে পারলাম না। শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠে ৭৫টি বেড আছে, মাত্র ৪০ হাজার টাকা বছরে বরাদ্দ

আছে কিন্তু সেই ৪০ হাজার টাকা কি ৭৫টি বেডের জন্য যথেষ্ট? পাশ্চাত্য চিকিৎসালয়ে কবিরাজী তুলনায় অনেক বেশী টাকা বরাদ্দ করা হয়, যে সমস্ত বিল্ডিংস আছে তা ভেঙে পড়ছে তার সংস্কার করার জন্য কোন ব্যবস্থা হচ্ছে না। অন্য দিকে দেখতে পাচ্ছি নীলরতন সরকার হাসপাতালে এবং মেডিকেল কলেজে বিরাট বিরাট বিল্ডিংস তৈরি হচ্ছে, এতে কি দুঃখ হয়না। একদিন ছিল আমাদের আয়ুর্বেদ শাস্ত্র উন্নতির চ শিখরে উঠেছিল, আজকেও শল্য চিকিৎসা এবং শালোক চিকিৎসা সে রকম দেখা যাচ্ছে না সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন দয়া করে আয়ুর্বেদের দিকে একটু লক্ষ্য রাখেন এবং যে সমস্ত কলেজ যেমন নীলরতন সরকার হাসপাতালে একটা চিত্র দেখেছি যে সেখানে রুগীদের বিশেষ চিকিৎসার ব্যবস্থা নেই। সেখানে শিশু চিকিৎসার যে ব্যবস্থা আছে তাতে দেখেছি যে সেখানে মশারীর কোন ব্যবস্থা নেই। সেখানে যে সমস্ত নার্স আছে তারা ছেলেমেয়েদের দিকে বিশেষ লক্ষ্য করে না। ক্যানিং হাসপাতালের কথা বলছি যে সে হাসপাতালে প্রায় ৫।৬ মাস ধরে রুগীদের টিউবওয়েলের জলের পরিবর্তে পুকুরের জল খেতে দেওয়া হচ্ছে। আমি সেই হাসপাতালে গিয়ে দেখেছি রুগীরা পুকুরের জল খাচ্ছে। আমি আশ্চর্য হয়ে গেলাম যেখানে টিউবওয়েলের জল প্রতি গ্রামে গ্রামে পাওয়া যায় সেখানে ১টি হাসপাতালে কি করে কলের জল না দিয়ে পুকুরের জল মাসের পর মাস খেতে দেওয়া হচ্ছে, আমি সেজন্য কয়েকজন কর্মীকে নিযুক্ত করে প্রায় ১½ মাস যাবৎ কলের জল খাবার ব্যবস্থা করেছিলাম এখন সেখানে অবশ্য টিউবওয়েল হয়েছে। দুপুরের রান্না ভাত রাত্রে খেতে দেওয়া হয়। ঔষধগুলি বাজারে বিক্রি হয়। এদিকে বিশেষ লক্ষ্য রাখবার জন্য অনুরোধ ক এবং এই বাজেটের বিরোধীতা করে আমি শেষ করছি।

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ স্বাস্থ্য মন্ত্রী মহাশয় তাঁর বাজেটের উদ্বোধনী বক্তৃতার মনো তিনি প্রকাশ করলেন যে আমাদের পশ্চিমবাংলায় স্বাস্থ্যের সমস্যা নেই এবং একটা উজ্জ চিত্র তিনি তুলে ধরার চেষ্টা করেছেন। কিন্তু আমরা যারা মফঃস্বলে থাকি আমরা উপলব্ধি করতে পারিনি। আমি শুধু একটা দিকে তাঁর মনোযোগ আকর্ষণ করছি। বি হাসপাতালে তিনি যদি যান তাহলে দেখতে পাবেন যে সেখানে ওষুধ পাওয়া যায় না। ডাক্ত বাবুদের কাছে যদি বলা যায় যে ওষুধ কেন পাওয়া যায় না তিনি বলেন আমরা কোলকা থেকে ওষুধ পাইনা, স্বাস্থ্য দপ্তর থেকে ওষুধপত্র আসে না। রুগীরা পয়সার অভাবে সরকা ডাক্তারখানায় যেতে বাধ্য হয়। সেখানে গিয়ে দেখেন ৫।৬ রকম মিক্সচার আছে। সেখা আমাশা হলে যে মিক্সচার দেওয়া হয়, কলেরা হলেও সে মিক্সচার দেওয়া হয়, সর্দি কা হলেও সেই মিক্সচার দেওয়া হয়। অর্থাৎ হোমিওপ্যাথিতে যাকে বাইয়োকেমিক ব হয় সেই ওষুধই সমস্ত ডাক্তারখানায় চালান হচ্ছে। ডাক্তাররা নিজেদের অসহায় বে করেন। সেজন্য এদিকে একটু লক্ষ্য দিলে ভাল হয়। আউটডোর-এ যে চিকিৎস সুযোগ আছে, সেই সুযোগের সদ্ব্যবহার হচ্ছে না। নদীয়া জেলায় কোন হাসপাতা ওষুধ নেই--একথা ডাক্তার ও কম্পাউন্ডার-রা আমাদের অভিযোগ করেন। দ্বিতীয় ক টি বি পেসেন্টস সম্পর্কে বলতে চাই। টি বি পেসেন্টস ভর্ত্তি হওয়া এক অসম্ভব ব্যাপার। ৫।৬।৭ মাস এ্যাপ্লিকেশান-এর কোন জবাব পাওয়া যায় না। কংগ্রেসী এম এল-এ'রা লিখে দিলে ২।৩ মাসের ভেতর হয়, কিন্তু তা যার নেই তার কিছুই হয় না। এদে হয়নি আমরা শুনেছি সেখানে একটা জমি দখল করা হয়েছে কিন্তু সেটার কি অবস্থা তা জা এ'রা লিখে দিলে ২।৩ মাসের ভেতর হয়, কিন্তু তা যার নেই তার কিছুই হয় না। এদে একটা সাহায্য পর্যন্ত গভর্ণমেণ্ট থেকে করা হয় না, তাদের বলা হয় সরকারী হাসপাতাে স্ট্রেপ্টোমাইসিন আছে কিন্তু তাও অনিয়মিত ভাবে থাকে বেশীর ভাগ সময় পাওয়া যায় না। টি বি পেসেন্ট-দের জন্য যে অর্থ সাহায্যের ব্যবস্থা করা হয়েছিল সেটা এখন সম্পূর্ণ ভার বন্ধ করে দেওয়া হয়েছে। চীফ মিনিষ্টার ফাণ্ড থেকে বছরে ৫০ টাকা পাওয়া যায় কিন্তু তাও বেশীর ভাগ সময় পাওয়া যায় না যার ফলে টি বি রুগীদের চিকিৎসা হচ্ছে না তাদের খাদ্য পাওয়া যাচ্ছে না, যার ফলে গ্রামাঞ্চলে ব্যাপকভাবে টি বি রোগ ছড়িয়ে পড়েছে। অথচ তিনি বললেন যে আমরা তাদের চিকিৎসার সুব্যবস্থা করেছি। কিন্তু ব্যাপকভবে যে টি বি ছড়িয়ে পড়েছে

এর কারণ হচ্ছে চিকিৎসা হয় না এবং টি বি-র মূল কারণ যেটা সেটা হচ্ছে খাদ্যের অভাব। এই জিনিষটার দিকে স্বাস্থ্য ডিপার্টমেন্ট এবং মন্ত্রী মহাশয়দের দৃষ্টি দেওয়া দরকার তারপর কলকাতার হাসপাতালে সীট পাওয়া একটা ভীষণ ব্যাপার।

[6—6-10 p.m.]

ডাক্তারদের প্রাইভেট ফি না দিলে ৬৪ টাকা ফি না দিলে ভর্তি হওয়া যায় না। তা না হলে দিনের পর দিন আউটডোর-এ টিকিট করে ঘুরতে হয়। দিনের পর দিন ১০।১২ টাকা খরচ করে ঘুরে যাচ্ছে সীট আর পাওয়া যায় না। এই যে গলদ হাসপাতালে হাসপাতালে চলছে, এবিষয়ে স্বাস্থ্য দপ্তর দৃষ্টি দেন না। আমি বলবো এ বিষয়ে লক্ষ্য রাখা দরকার। তারপর মন্ত্রী মহাশয় বললেন এই বাজেটে আমরা ১ কোটী টাকা খরচ করেছি সার্বডিভিসান হাসপাতাল স্থাপন করবার জন্য এবং এত সব উন্নতি করেছি মহকুমা হাসপাতাল স্থাপন করার ব্যাপারে। আমি আপনাকে একটা উদাহরণ দেবো যে নদীয়া জেলার রাণাঘাট মহকুমায় প্রায় ৬।৭ লক্ষ লোক বাস করে কিন্তু সেখানে আজ পর্যন্ত মহকুমা হাসপাতাল করা হল না। ১৯৫২ সালে ৯ লক্ষ টাকা স্বাস্থ্য ডিপার্টমেন্ট থেকে মঞ্জুর করা আছে কিন্তু আজ পর্যন্ত সেখানে হাসপাতাল হয়নি। আমরা শুনেছি সেখানে একটা জমি দখল করা হয়েছে কিন্তু সেটার কি অবস্থা তা জানিনা। কোন বিষয়ে আমাদের কিছু জানানো হয়না অথচ এটা হচ্ছে একটা রেলওয়ে জাংসান–সব সময় এ্যাক্সিডেন্ট হচ্ছে ৬।৭ লক্ষ লোক বসবাস করছে এবং বেশীর ভাগ লোক রিফিউজি অথচ তাদের কোন চিকিৎসার ব্যবস্থা নেই। সেখানে হাসপাতাল করার কোন চেষ্টা আজ পর্যন্ত হল না। ৯ লক্ষ টাকা যে মঞ্জুর আছে সে টাকা কোথায় গেল তা জানি না। ৬।৭ লক্ষ লোক যে আছে তারা সবাই কম্যুনিষ্ট পার্টি-র লোক নয় আপনাদের সাপোটারও আছেন আপনাদের এম-এল-সি-ও আছেন। এ বিষয় নিয়ে আবেদন নিবেদন করা সত্ত্বেও আপনারা দৃষ্টি দিচ্ছেন না। এদিকে লক্ষ্য রাখবার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি। এখানে একটা ১২ বেডের হসপিটাল বৃটিশ আমল থেকে চলে আসছে কিন্তু এই ১২টা বেড-এ কি ভাবে চলতে পারে সেটা আপনারা বিবেচনা করে দেখুন। অথচ এটা একটা রেলওয়ে জংশন। এখানে একজন আইজ্ স্পেসালিষ্ট আছেন। কিন্তু এই আইজ্ স্পেসালিষ্ট-কে কাজ করতে হচ্ছে উইদাউট এনি ডার্করুম। তার কোন ডার্করুমের ব্যবস্থা নেই অথচ আইজ্ স্পেসালিস্ট বসে আছেন এবং মাহিনা পাচ্ছেন। সেখানে কোন রুগী চিকিৎসা হতে পারে না যদি কোন রুগীকে চিকিৎসা করতে হয় তাহলে তাকে ৪ টাকা ভিজিট দিয়ে বাড়ী গিয়ে দেখাতে হবে। এ অবস্থা সেখানে চলছে, অথচ তিনি বললেন যে সমস্যার সমাধান হয়ে গেছে এবং সাবডিভিসনাল হসপিটাল সব জায়গায় হচ্ছে। রানাঘাট এ জি হসপিটাল সম্বন্ধে আমি কাট মোসান দিয়েছি। আমি এ বিষয়ে সেক্রেটারীর দৃষ্টি আকর্ষণ করেছি। সেখানে যে ১০০টা বেড আছে কিন্তু ১০০টা কম্বল তোষক নেই, খালি খাটে এবং মেঝেতে শুয়ে থাকতে হয়। সেখানে নার্স নেই, ডাক্তার নেই, রাত্রে রুগীকে এ্যাটেন্ড করবার কোন লোক নেই, সেখানে ফোন নেই, ইলেকট্রিসিটি পাশের মিশনারী হাসপাতালে আছে। কিন্তু এখানে সে ইলেকট্রিকের কোন ব্যবস্থা নেই। সেখানে ইলেকট্রিকের তার ঝুলছে অথচ ইলেকট্রিক ক্যানেকশান নেই। এখানে কেরোসিনের জন্য যে খরচ হচ্ছে সে সম্বন্ধে ডাক্তারকে জিজ্ঞাসা করায় তিনি বললেন যে ইলেকট্রিকের চেয়ে কেরোসিনের খরচ বেশী হয়। সেখানের সুপারিন-টেন্ডেন্ট ইলেকট্রিকের জন্য রিকুইজিসান করেছিলেন কিন্তু ইলেকট্রিক পান নি বা ফোনও হয় নি। সেখানে একটা মাত্র পায়খানা আছে সেটাও বন্ধ হয়ে গেছে। সেখানে আজ পায়খানা করা যায় না। এ সম্বন্ধে বার বার বলা সত্ত্বেও স্বাস্থ্য দপ্তর চুপ। সেজন্য বলছি যে আপনারা এ জি হাসপাতাল সম্বন্ধে একটা তদন্ত করুন। সেখানে প্রসূতি নিয়ে যান তার চিকিৎসার কোন ব্যবস্থা নেই এই ভাবে এই হাসপাতালে খাদ্যের, ঔষধের, আলো, জল, নার্স ইত্যাদির কোন ব্যবস্থা নেই। সেখানে ঘরে কুকুর বেড়াল সব সময় ঢুকছে। এই রকম নরক কাণ্ড সেখানে চলছে। এটার প্রতি একটু দৃষ্টি দিন। তারপর আমি বলতে চাই টি বি রোগী সম্বন্ধে যেটা কানাইবাবু বলেছেন। আমি অনুরোধ করছি যে এই টি বি রোগীদের এ জি হাসপাতালে কিছুতেই রাখবেন না এবং রানাঘাট সাব-জেলে রাখা অন্যায়। সেখানে রাখবার আলাদা জায়গা নেই। এতে করে শুধু যে তাদের জীবন বিপন্ন করছে তা

মর, এ জ হাসপাতালে অন্যান্য যে রোগী রয়েছে তাদের জীবনও বিপন্ন করে তুলছে। তারা মেঝেয় পড়ে আছে, মুখ দিয়ে রক্ত উঠছে অথচ সেই রোগীদের ফেলে রেখে দিয়েছেন। আমি রানাঘাট মহকুমা শাসকের কাছে গিয়েছিলাম, তাঁরা বললেন যে স্বাস্থ্য দপ্তরের নির্দেশে তাঁদের সেখানে রাখা হয়েছে। আমি জিজ্ঞাসা করতে চাই কোন অধিকারে স্বাস্থ্য দপ্তর এই অন্যায় বে-আইনী কাজ করছেন? এ জি হাসপাতাল সেখানে টি বি রোগীদের ভর্তি করবে না, তাদের জায়গা হবে না অথচ সেই টি বি রোগীদের স্বাস্থ্য দপ্তর সেখানে রেখে দিয়েছেন। আমি এর প্রতিবাদ করছি এবং এটার দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, পানীয় জল সম্বন্ধে কিছু বলতে চাই। গ্রামাঞ্চলে পানীয় জলের ভীষণ অব্যবস্থা চলছে, টিউবওয়েল আজ পর্যন্ত বহু জায়গায় হয়নি। মন্ত্রী মহাশয় এই বিষয়ে দৃষ্টি দিন।

পরিশেষে মন্ত্রী মহাশয় পরিবার পরিকল্পনার কথা বলেছেন। আমি বলব আমাদের দেশে শিশুদের জন্ম নিয়ন্ত্রণ করে নয়, নবাগত শিশু যারা আসছে সেই সুন্দর স্বাস্থ্যবান শিশুদের নিয়ে যাতে দেশের ও জাতির উন্নতি করা যায় মঙ্গল করা যায় সেইভাবে দেশ গড়বার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্য দপ্তরের ব্যয় বরাদ্দের বিরোধিতা করতে উঠে প্রথমে আমি এই কথা বলব সরকার পক্ষ থেকে যে দাবি করা হয় আমাদের দেশে মৃত্যু হার কমান হয়েছে এটা তাঁদের কৃতিত্ব নয়। আজকে সমস্ত পৃথিবীতে মৃত্যু হার কমেছে একথা সকলেই জানে এবং তারজন্য একমাত্র দায়ী হচ্ছে এ্যান্টি বায়োটিক ড্রাগস যে সমস্ত আবিষ্কৃত হয়েছে তার ফলে বীজানু সংক্রান্ত সমস্ত অসুখ নিবারিত হওয়ার জন্য মৃত্যু হার কমেছে। মৃত্যু হার কমার জন্য সরকার যদি কৃতিত্ব নিতে চান তাহলে আমি বলব তাঁরা বাতুল ছাড়া আর কিছু নন। একটা জিনিস আমাদের দেশে লক্ষ্য রাখা উচিত সেটা হচ্ছে মৃত্যু হার কমার সঙ্গে সঙ্গে জন্ম নিয়ন্ত্রণ যদি করতে না পারা যায় তাহলে দেশে জনসংখ্যা ক্রমশঃ ক্রমশঃ বেড়ে যাবে। দেশে জনসংখ্যা যদি বেড়ে যায় তাহলে আমাদের সমস্ত পরিকল্পনা বানচাল হয়ে যাবে, আজকে ভারতবর্ষের সমৃদ্ধির পথ রুদ্ধ হয়ে যাবে। সেদিক থেকে চিন্তা করে আজকে স্বাস্থ্য দপ্তরের এই বিষয়ে অবহিত থাকা উচিত। যদি তাঁরা জন্ম নিয়ন্ত্রণ না করতে পারেন তাহলে সামগ্রিক উন্নতি বিশেষভাবে ব্যাহত হবে। তাই জন্ম নিয়ন্ত্রণের যে নীতি নিয়েছেন পরিবার পরিকল্পনার মাধ্যমে আমি মনে করি তা যথেষ্ট নয়। যদিও কিছু কিছু পয়সা খরচ করেছেন তবুও গ্রামে ঠিকমত এই পরিবার পরিকল্পনাকে জনপ্রিয় করে তুলতে পারেন নি। ভারতবর্ষে যেভাবে জনসংখ্যা বেড়ে চলেছে তাতে তাকে নিয়ন্ত্রণ করবার জন্য পৃথিবীর অন্যান্য দেশে যেভাবে আজকে এ্যাবরসানকে লিগালাইজ করেছে সেই কথা আজকে আমাদের চিন্তা করতে হবে। তারজন্য যদি জনমতের প্রয়োজন হয় তাহলে জনমত নিতে হবে এবং আমাদের দেশে সমাজের উপর কি রিএ্যাকসান হয় সেটাও দেখতে হবে। কাজেই আমি স্বাস্থ্য দপ্তরকে বলব তাঁরা এই বিষয়ে যেন অবহিত হন। এই বিষয়ে কাজ আরো বেশী বাড়িয়ে দিন যাতে আমাদের দেশের জনসংখ্যাকে নিয়ন্ত্রণ করা যায়। এরপরে আর একটা সবচেয়ে বড় প্রশ্ন দেখা দিয়েছে সেটা হচ্ছে আমাদের বাংলা দেশে টি বি রোগীর সংখ্যা স্বাস্থ্য দপ্তরের পরিসংখ্যান থেকে জানতে পেরেছি প্রায় ১ শো জন লোকের মধ্যে ২ জন লোক টি বি রোগে আক্রান্ত। ৮ লক্ষের মত লোক আজকে আমাদের বাংলা দেশে টি বি রোগে আক্রান্ত হয়েছে। অথচ স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে আজ পর্যন্ত ৮ হাজারের বেশী বেডের ব্যবস্থা করা যায় নি এবং ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্টের যে বন্দোবস্ত আজকে করা হয়েছে তার কোন পরিসংখ্যান না থাকলেও এটুকু অনুমাণ করা যেতে পারে যে তার দ্বারা খুব বেশী যদি হয় তাহলে সেই ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্টের থ্রু দিয়ে ছোট ছোট ক্লিনিকের মাধ্যমে, ডিস্ট্রিক্ট এণ্ড সাব-ডিভিসন্যাল হসপিটালের মাধ্যমে ১ লক্ষের বেশী লোক ওষুধ পায় বলে আমার মনে হয় না।

[6-10—6-20 p.m.]

কাজেই যেখানে মাত্র শতকরা ১৬ ভাগ লোক এই রোগে চিকিৎসিত হচ্ছে, সেখানে চিকিৎসা আরো কিভাবে সম্প্রসারণ করা যায়, সেদিকে স্বাস্থ্য দপ্তরকে নজর দিতে হবে। এটাকে যুদ্ধ-কালীন জরুরী পরিস্থিতির মত গণ্য করতে হবে। তারজন্য যদি প্রয়োজন হয় আরো বেশী

অর্থ বরাদ্দ করতে হবে। দেশকে যদি সেই অবস্থা থেকে বাঁচাতে হয়, এবিষয়ে স্বাস্থ্য দপ্তরের বিশেষভাবে দৃষ্টি দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। আপনারা স্বাস্থ্য দপ্তরকে যেভাবে একটা দলীয় রাজনীতির পঙ্কিল আবর্তে জড়িয়ে ফেলেছেন, তার সম্বন্ধে দু-একটা উদাহরণ আপনাদের সামনে তুলে ধরবো "হাওড়ার টি বি হাসপাতাল সম্বন্ধে ডাঃ গণি সাহেব কিছু কিছু বলেছেন। আমি আরো কিছু তথ্য এখানে পেশ করবো"।

হাওড়ার এই টি বি হাসপাতালটা ১৯৫৫ সালে হাওড়ার জনসাধারণের দ্বারা স্বর্গীয় কার্তিক চন্দ্র দত্তের নেতৃত্বে একটা টি বি ক্লিনিক প্রতিষ্ঠিত হয় আন্দুল রোডে বোটানিক্যাল গার্ডেন্সের সামনে এটা গড়ে ওঠে। এটা আমার কন্সষ্টিটিউয়েন্সী-র মধ্যে পড়ে। তারপর সরকার ও হাওড়া মিউনিসিপ্যালিটির অর্থানুকুল্যে এর ব্যয়ভার পরিচালিত হয় এবং একটা গভর্নিং বডি মারফৎ এর কাজ চলে। এই হাসপাতালের অবৈতনিক সম্পাদক শ্রীদত্ত মহাশয় আমাদের শিক্ষা মন্ত্রী রবীন্দ্রলাল সিংহ মহাশয়ের ঘনিষ্ঠ সহযোগী ও সহকর্মী। তাঁর বিরুদ্ধে বহু অভিযোগ উত্থাপিত হয়েছে -সিমেণ্টের ব্ল্যাক মার্কেটিং ইত্যাদি। সেই সমস্ত অভিযোগ আমরা জানি, লোকে জানে। আমরা খবর পেয়েছি যে রবীন্দ্রবাবু তাঁর মন্ত্রীপদের সুযোগ নিয়ে তিনি এই সমস্ত অভিযোগ তদন্ত করে সব চেপে দিয়েছিলেন। পুলিসী তদন্ত এনফোর্সমেণ্ট ব্রাঞ্চকে দিয়ে তদন্ত করবার প্রচেষ্টা হয়েছিল। কিন্তু রবীন্দ্রবাবু সেটা চেপে দেন, দিতে বাধ্য। এর গভর্নিং বডির একজন মেম্বার আনন্দ দত্ত মহাশয় তার বিরুদ্ধে কোর্টে সিভিল সুট করেন, ক্রিমিন্যাল সুট করেন। আমি তার মধ্যে যাব না দি কেস ইজ সাবজুডিস।

আমি একথা বলতে চাই যে এই হাসপাতালের প্রতি স্বাস্থ্য দপ্তরের বিমাতৃসুলভ মনোভাব রয়েছে। যেহেতু আনন্দ দত্ত মশায় কোর্ট থেকে ইনজাকসন দিয়ে গভর্নিং বডির সেক্রেটারীর ফাংসান বন্ধ করে দিলেন, সেইহেতু আমরা সঙ্গে সঙ্গে দেখলাম যে ১৯৬৯ সালে অক্টোবর মাসে স্বাস্থ্য দপ্তর এই হাওড়ার হাসপাতালকে যে এ্যাণ্টি টি বি ড্রাগস দিত, সেটা বন্ধ হয়ে গেল। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী আমার প্রশ্নের জবাবে এই এ্যাণ্টি টি বি বন্ধে হেতু হিসেবে বলেছিলেন -

The authorities have failed, inspite of repeated reminders to furnish proper accounts.

স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে প্রায় ৬০ হাজার টাকা এই হাসপাতালে দেওয়া হতো। সম্পাদক মহাশয় সেই টাকার কোন এ্যাকাউণ্ট দিতে পারেন নি। যতদিন আনন্দ দত্ত মশায় সম্পাদক ছিলেন ততদিন টি বি ড্রাগস দেওয়া হতো ঐ হাসপাতালে। যেই তাকে কোর্ট থেকে নাকচ করে দিলে, হাসপাতালটি রিসিভারের হাতে চলে গেল, অমনি সঙ্গে সঙ্গে এ্যাণ্টি টি বি ড্রাগস দেওয়া বন্ধ হয়ে গেল। যেহেতু হাসপাতালটি রিসিভারের হাতে দেওয়া হয়েছে গভর্নিং বডির সম্পাদককে নাকচ করে দিয়ে, সেইজন্য আবার সেই ওষুধ দেবার বিষয় তারা বিবেচনা করেছেন। কিন্তু বিগত ছ-মাস এই হাসপাতালে এ্যাণ্টি টি বি ড্রাগস দেওয়া হচ্ছে না। যার ফলে সপ্তাহে যেখানে তিন দিন এই হাসপাতাল খোলা থাকতো ও একশোজন লোকে এই এ্যাণ্টি টি বি ড্রাগস নিতো, সেখানে গত ছ-মাস ধরে লোকে সেই ওষুধ পাচ্ছে না। এই যে কয়েক শত লোক এই ড্রাগস থেকে বঞ্চিত হলো এরজন্য স্বাস্থ্য দপ্তরের বাজনীতিই দায়ী, যেহেতু কংগ্রেস দলের লোকের উপর এই ইনজাংসন জারী করা হয়েছে, সেইজন্য শত শত নিরপরাধ রোগী ওষুধ থেকে বঞ্চিত করা হলো। এটা অত্যন্ত জঘন্য অপরাধ বলে আমি মনে করি।

আর একটা উদাহরণ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করবো যে এই স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে কিভাবে দলীয় রাজনীতি করা হয়। গ্রামে যে সমস্ত কেন্দ্র স্থাপিত হয়েছে, সেখানে কংগ্রেস সরকার মানুষের জীবন নিয়ে রাজনীতি করছে। আমি উদাহরণ স্বরূপ কুচবিহার জেলার হলদিবাড়ী থানার ১০ নম্বর বক্সিগঞ্জের ইউনিয়নের নরহরির ছেলে বসন্ত রোগে মারা গেল। স্বাস্থ্য কেন্দ্রের ডায়েরীতে দেখা গেল এই রোগে মৃত্যু সংখ্যা অত্যন্ত বেশী হচ্ছে এবং তার ফলে সেখানে মহামারী হিসেবে দেখা দিলে সেখানকার অধিবাসীরা ডিষ্ট্রিক্ট হেল্থ অফিসার এবং স্যানিটারী ইন্সপেক্টর-এর কাছে টাকা দেবার জন্য গেল, তখন স্যানিটারী ইন্সপেক্টার স্পষ্ট ভাষায় বলে দিলেন তোমরা ফরওয়ার্ড ব্লককে ভোট দিয়েছ, সেইজন্য তোমাদের টাকা দেওয়া হবে

না, তার ফল হল কী? মন্ত্রী মহাশয়কে আমি বলতে পারি ১৫ই আগস্ট পর্যন্ত ওখানকার রেকর্ড আছে তাতে দেখতে পারেন—কোন স্যানিটারী ইন্সপেক্টার বা কোন টাকা দেওয়ার বন্দোবস্ত সেখানে করা হয় নাই। অর্থাৎ বিগত ১৫ দিন ধরে তাকে ভোগান হয়েছে—বসন্ত রোগে আক্রান্ত হয়ে মারা গেছে। এই কারণে এই বরাদ্দ সমর্থন করতে পারছি না।

Shri Jiban Krishna Dey:

মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্য খাতে মাননীয় মন্ত্রী মহাশয় যে টাকা বরাদ্দ করেছেন তার আমি সম্পূর্ণ বিরোধীতা করছি। তার কারণ স্বাস্থ্য খাতে যে টাকা দেওয়া হয়েছে তা অত্যন্ত সামান্য—যার দ্বারা সামান্য হাসপাতালগুলির যে দুরবস্থা চলছে তার কোনই সমাধান হবে না। দ্বিতীয়তঃ কলকাতায় যে কলেজগুলি রয়েছে তাতে সারা কলকাতারই চাহিদা মেটাতে পারে না—তার উপর মফঃস্বলের রোগীরা এসে এখানে ভীড় করছে। তাই সেখানে ঘুষ দুর্নীতি একেবারে রন্ধ্রে রন্ধ্রে বাসা বেঁধে বসে আছে। আপনারা হয়তো জানেন যে বহু দিন ধরে সে ঘুরছে বেড পাচ্ছে না—কিন্তু সেখানে ঐ সার্জেন বা ডাক্তারকে একটি কি দুটি ফি দিলেই সে বেড পেয়ে গেল। এটা কি রকম সেটা আপনারা বিচার করুন। তার পর আমি একটা ব্যাপার সম্বন্ধে বলি—এই কমলা লেবু—সেখানে রেট করে দেওয়া হয়েছে ৮ টাকা করে এক শত লেবু। আমরা জানি এবং আপনিও জানেন যে ৮ টাকায় বাংলা দেশে বিশেষ করে কলকাতার বাজারে কি কমলা লেবু পাওয়া যায়? সমস্ত ফল ইত্যাদির ব্যাপারে এমনই সেখানে রেট ঠিক হয়েছে যে সেই টাকায় সে ফল পাওয়া যায় না। এটা আপনারা সহজেই অনুমান করতে পারেন যে যে স্কেল করা হয়েছে তা বহু দিন আগে এবং এখন যেটা আগে ৮০ টাকায় পাওয়া যেতো আজকে সেখানে ১৮০ টাকা দিলেও পাওয়া যায় না। আগে প্রত্যেক রোগীর জন্য ২ টাকা করে ডায়েট ছিল—অবশ্য মফঃস্বলে সেই রেট আরও কম ছিল—জানি না সহরের রোগীরা বেশী খায় কি না—যাহোক, এই দুই টাকা এখনও আছে—কিন্তু এটা কি ঠিক? এর সঙ্গে আরও বিভিন্ন অব্যবস্থার পরিবর্তন হয় নি—যে অবস্থায় ছিল সেই অবস্থার মধ্যেই রয়েছে—অনেকের অনেক কিছু পরিবর্তন হয়েছে—কিন্তু তাঁরা যে তিমিরে ছিলেন সেই তিমিরেই পড়ে আছেন। তাই তাদের কাজের কোন স্পৃহা আসে না—তাই সেখানে ঘুষ চলছে—বিভিন্ন দিক থেকে অবশ্য ঘুষ এবং দুর্নীতির কথা হয়েছে—আমি আর সে দিকে যাবো না। বিভিন্ন ডিস্ট্রিক্টে যে সব সিভিল সার্জেন রয়েছেন তাঁরা সমস্ত জেলার স্বাস্থ্য কেন্দ্রগুলি তত্বাবধান করেন। কিন্তু তাঁরা কি করে এই সব হেল্থ সেণ্টারগুলিকে উন্নত করতে হয় তা বলতে গেলে তাদের নানা রকম অপমান ভোগ করতে হয়। তাই তারা আজ নির্বাক। তারপর আসুন কুচবিহার টি বি হাসপাতালের ব্যাপারে। সেখানে ভর্তি হবার জন্য যে ফর্ম পাওয়া যায় তা কিছু দিন যাবৎ বেশ কড়াকড়ি করা হয়েছে। সেখানে এম-এল-এ এবং এম-পি সুপারিশ ছাড়া কোন রকম ঢোকবার উপায় নেই—তাও আবার সরকারী রাজনৈতিক দলের হওয়া চাই। এখানে আমি দেখতে পাচ্ছি যে সমস্ত ব্যাপারেই সেই চাটুকারিতার আশ্রয় না নিলে জনসাধারণের কোন উপায় নেই। সব কিছুতেই সেই কংগ্রেস দলের প্রাধান্য এবং জনসাধারণকে ভয় দেখিয়ে ভোট কি করে সংগ্রহ করা যায় সেই রকম অবস্থা আপনারা জিইয়ে রাখছেন। তৃতীয় হচ্ছে এখানে নার্সদের সম্বন্ধে কিছু নেই। তাদের ডিউটি কখনও ১২ ঘণ্টা বা কোথায়ও কোথায়ও ২৪ ঘণ্টাই ডিউটি দিতে হয়—এটা বহুবার জানানো হয়েছে এবং অনেকেই জানিয়েছেন তার কোনই প্রতিকার আমরা পাই নি। ঐ কুচবিহার টি বি হাস-পাতালের যে কনট্রাক্টার গুপ্ত টি হাউস তাকেই সমস্ত জিনিস সাপ্লাই করবার কনট্রাক্ট দেওয়া হয়েছে যার শুধু চা সাপ্লাই করার কথা—কিন্তু কংগ্রেস পক্ষীয় লোককে ভোটে অর্থ সাহায্য করেছে—তার সাত খুন মাপ—তাই সে যা খুশী সাপ্লাই দিচ্ছে কেউ কিছু বলবার নেই। সেখানে ঘুষ দুর্নীতির বন্যা বয়ে যাচ্ছে। তারপর আসুন মেডিক্যাল কলেজ বোর্ড ব্যাপারে। এটা নাম মাত্র জনসাধারণকে ধোঁকা দেবার জন্য। এর পিছন দিয়ে রোগীর নাম করে ইনজেকসন নিয়ে বাজারে বিক্রি হচ্ছে, অপরের নামে রক্ত ইনডেণ্ট করে পাচার হয়ে যাচ্ছে সেখানে কোন মেম্বার বা কোন রোগী তার প্রতিবাদ করলে তার প্রপার ট্রিটমেণ্ট হয় না।

এই যে সব দুর্নীতি হয় তার প্রধান কারণ আমার মনে হয় ঐ যে চতুর্থ শ্রেণীর কর্মচারী যারা তারা যে মাইনে পায় তাতে তাদের ষ্ট্যাণ্ডার্ড মেনটেন করা তো দূরের কথা সাধারণভাবে একজন যে খেয়ে বাঁচবে তারও উপায় নাই। দ্রব্যমূল্য উত্তরোত্তর বৃদ্ধি তার উপর চাল তো বাজারে এখন থেকে উধাও তাহলে দুর্নীতি হবে না তো কি? নার্স প্রফেসার থেকে আরম্ভ করে সবাই আজ অসন্তুষ্ট আমাদের এই অকর্মণ্য সরকারের নীতির ফলে। স্বাস্থ্য সম্বন্ধে তাদের যে এতো মাথাব্যাথা তা দেখে এতো আনন্দ হোল তা বলা যায় না।

[6-20—6-30 p.m.]

কিন্তু আমরা বার বার দেখেছি যে স্বাস্থ্য দপ্তরকে যতই বলা যাকনা কেন তাঁরা যে মন্থর গতিতে চলেছে ঠিক সেই নীতি তারা বজায় করে আছে। আমরা দেখলাম গভর্নরের বক্তৃতার মধ্যে যে তাঁর সরকারের দ্বারা নাকি দেশের জনস্বাস্থ্যের বহুল পরিমাণে উন্নতি লাভ হয়েছে। কিন্তু সত্যিই কি তাই? দেশের যে মৃত্যুর হার কমেছে তা বিজ্ঞানের অনুগ্রহে। এখানে সরকারের কোন কৃতিত্ব নাই। আজ লক্ষ লক্ষ মানুষ চিকিৎসার অভাবে মারা যায় হাসপাতালের সীটের জন্য ডিরেক্টার-এর কাছে গিয়ে ধর্না দিতে হয় তিনি আবার হয়ত ডেপুটি ডিরেক্টারের কাছে পাঠিয়ে দিলেন তারপর অনেক ধরা-করার পর হাসপাতালের বেড যদিও পাওয়া গেল তখন সমস্যা এল ট্রিটমেণ্ট-এর ব্যাপারে। আজকে রুগীকে হাসপাতালে যেতে হয় প্রপার টিট্রমেণ্ট পাবেনা আশা করে। সরকারের আজ রুগীদের জন্য যে অর্থের বাজেট করেন, যে ঔষধের ব্যবস্থা করেন তার কিছু অংশই রুগীদের ভাগ্যে মেলে, বাকী কম্পাউণ্ডার থেকে আরম্ভ করে সকলেই সেই ঔষধের অংশ ভোগ করেন। এতে সাধারণ মানুষ কোন দিনই বাঁচতে পারেনা। আজকে ওয়েষ্ট বেঙ্গলের মধ্যে কুচবিহারকে মার্জ করা হয়েছে এবং এই মার্জের ফলে হসপিটালের সংখ্যা বৃদ্ধি হয়েছে বটে কিন্তু বাজেট-এ সেই অনুপাতে অর্থ বৃদ্ধির কথা আমরা দেখতে পাচ্ছি না। তারপর আমি বলব জেলের কয়েদী-দের চিকিৎসার সম্বন্ধে। সেখানে একটা চিকিৎসার নামে প্রহসন চলছে। সেখানে যতকিছু ফ্রি ঔষধপত্র দেওয়া হয় তা স্টাফদের অনুগ্রহ ব্যতীত কারুরই পাবার উপায় নাই। তারপর এই কলকাতার খাটাল অপসারণ ব্যাপারে আপনাদের কি নীতি সেটা আমরা এখনো বুঝে উঠতে পারছি না। কোন কোন জায়গায় দেখছি খাটাল তুলে দেওয়া হচ্ছে আবার কোন কোন জায়গায় দেখছি খাটাল নুতন করে সৃষ্টি হচ্ছে। চলুন আমি দেখিয়ে দেব যে কলকাতার অলিতে গলিতে এখনো কত খাটাল রয়েছে এবং যদি আপনারা সমস্ত খাটালগুলি তুলে দেন তাহলে দুধ সরবরাহের ব্যাপারে আপনারা কি করছেন এবং হরিণঘাটার সমস্ত দুধ সাপ্লাই করতে পারবে কি না এবং পারা তার পক্ষে সম্ভব কি না সেটা জানাবেন। এই সমস্ত কিছু যে দুর্নীতি এবং অব্যবস্থা চলছে তা দূর করার চেষ্টা করুন। তাহলে আমরা আপনাকে সমর্থন করতে পারি।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভীর মনোযোগ সহকারে দীর্ঘ ৩ ঘন্টা ব্যাপী সমস্ত আলো-চনা শুনলাম। আমি সংক্ষেপে তার কয়েকটির জবাব দেব। ডাক্তার নারায়ণ রায় টি, বি, পেসেন্ট সম্পর্কে কয়েকটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন। আমি এ সম্পর্কে শুধু এই মন্তব্য করবো যে এক্সপার্টস কমিটি সম্পর্কে তাঁর অভিমত কি আমি সেটা ঠিক বুঝে উঠতে পারিনি। যদি মেডিক্যাল বোর্ড হয় তাহলে টি, বি, স্পেশ্যালিস্ট-এর মধ্যে হবে। তবে আমি নিশ্চিৎ করে বলতে পারি যে এখানকার মাননীয় সদস্যদের মধ্যে যদি কেউ কাঁচড়াপাড়া হাসপাতালে যাবার আগ্রহ প্রকাশ করেন তাহলে যাবার ব্যবস্থা করবো। কিন্তু আমি মনে করি কাঁচড়াপাড়া হাসপাতালে যে রকম অচল অবস্থা সৃষ্টি করা হচ্ছে, সেখানে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে কোন রোগী বেড ছেড়ে যাচ্ছে না। সুতরাং তারা যদি সেখানে গিয়ে এই পরিস্থিতি দেখতে চান তাহলে আমার তরফ থেকে কোন আপত্তি নই। আপাততঃ টি, বি, স্পেশালিস্ট ও এক্সপার্ট কমিটি-র অনুমোদনের কথা চিন্তা করতে পারছি না এবং ডাক্তার নারায়ণ রায়ের সঙ্গে এ বিষয়ে আলো-চনা করবার ইচ্ছা আছে। শ্রীরঞ্জীত ঘোষ চৌধুরী মহাশয় বলেছেন আর, জি, কর মেডিক্যাল

কলেজ সম্পর্কে যে আমরা কেন এটা ইউনিভার্সিটির হাতে দিচ্ছি না এই বলে তিনি ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি সাজেশন দিয়েছেন এখন আমাদের পক্ষ থেকে শ্রীরঞ্জিৎ ঘোষ মহাশয় নিজে তাঁর মতে—অর্থাৎ নিজেকে আইডেনটিফাই করে বলেছেন যে এটা আমাদের হাতে দিয়ে দিন। আমি এ সম্পর্কে শুধু একটি কথা বলবো যে আর, জি, কর হাসপাতাল আমরা নিয়েছিলাম ১২ই মে, ১৯৫৮ সালে। অতএব ১৯৬৮ সালের ১২ই মে এলে এর মেয়াদ শেষ হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই আইন পাশ করেছিলাম ১০ বছরের জন্য। তারপর আমরা বুঝতে পারলাম যে এর মধ্যে প্রেস ক্যাম্পেন—জনমত গঠনের দরকারের কথা যেটা রঞ্জিৎবাবু বলেছেন। তালিকা দিয়ে কিন্তু আমি বলি তার কি দরকার আছে? খবরের কাগজে কয়েকটি ঘটনা এবং বিবৃতি বেরিয়েছে। কিন্তু অপরপক্ষের কোন কথা এখন পর্যন্ত খবরের কাগজে বের হয়নি. তাকে কি আমরা একপক্ষ ধরে নেবো? এর মধ্যে জনমতের প্রশ্ন আছে কি? তাহলে এমন কোন কিছু বাধা দেব না, যাতে পশ্চিমবঙ্গের উচ্চতর মেডিক্যাল এডুকেশনের পক্ষে বাধা স্বরূপ হয়। তারপর এটা সরকারের হাত থেকে ইউনিভার্সিটির হাতে দিয়ে দেবার ব্যাপারে যে কথা বলেছেন সে সম্বন্ধে আমরা প্রি-কনসিভ্ড্ নোশান শুনে চলছি না। সুতরাং জনমতের মর্যাদা দিয়ে আর, জি, কর-কে ইউনিভার্সিটির মধ্যে নিয়ে যেতে হবে এটা আমি প্রিম্যাচিওর বলে মনে করি। তবে একথা ঠিক, যদি ইউ, জি, সি-র এই আগ্রহ থাকে তবে কেন ক্যালকাটা ন্যাশনাল মেডিকেল কলেজকে আজ দিয়ে দিতে চাইছেন সরকারের কাছে, সেটা তাঁরা নিয়ে নিক। আমি জিজ্ঞাসা করি ন্যাশানাল মেডিকেল কলেজ-কে ইউনিভার্সিটির আন্ডার-এ নেবার কথা চিন্তা করছেন না কেন? ডাক্তার রঞ্জিত ঘোষ চৌধুরী মহাশয় বলেছেন ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল-এর কথা। সেটা তো আছেই। তারপর তিনি ডিসেন্ট্রালাইজেশন-এর যে ব্যাখ্যা করেছেন সেখানে প্রাইভেট কোন হাসপাতাল থাকলে. যেমন রয়েছে ন্যাশনাল মেডিক্যাল কলেজ; তাহলে সেখানে সেন্ট্রালাইজ হয় কি করে? সরকার এখন পর্যন্ত এমন কোন কথা কোন জায়গায় লিখিত ভাবেই হোক বা মৌখিকই হোক আর, জি, কর সম্পর্কে বলেননি যে সরকার শুধু রেখেই দেবেন। এখন ১০ বছরের মেয়াদ উত্তীর্ণ হতে ঢের দেরী আছে। সব দিক থেকে আমরা মতামত বহু পূর্বেই গ্রহণ করবো, এবং সেই সঙ্গে সঙ্গে ক্যালকাটা ইউনিভার্সিটি-কে অনুরোধ করবো বেসিক মেডিক্যাল এডুকেশন-এর জন্য এখন পর্যন্ত এস, এস, কে, এম, ন্যাশনাল মেডিক্যাল কলেজ, ইউনিভার্সিটি কলেজ অফ মেডিসিন ইত্যাদিগুলো চলছে। ন্যাশনাল মেডিক্যাল কলেজ যেটা সরকারী নয়, এবং যার জন্য কেন্দ্রীয় সরকার আমাদের উপর চাপ দিচ্ছেন—ও'রা বলছেন তোমরা এর দায়িত্বভার গ্রহণ কর। আর ইউ, জি, সি-র যে লোভনীয় দানের কথা শোনালেন ডাঃ নারায়ণ রায় ও ডাঃ রঞ্জিৎ ঘোষ চৌধুরী মহাশয়, সেটা নিয়ে ন্যাশনাল মেডিকেল কলেজ গড়ে তুলুন, এ বিষয়ে একথাই আমি বলব সরকারী সিদ্ধান্ত এখন চূড়ান্তভাবে না হওয়ায় আপাততঃ কিছু বলতে পারছি না। আর, জি, কর-এর পিছনে কি কি টাকা খরচ করেছি তার একটা লম্বা ফিরিস্তি আমি দিতে পারি। আমি এখানে দেখাবো ওল্ড ম্যানেজমেন্ট যেখানে খরচ করত ৩ লক্ষ টাকা, আমরা সেখানে খরচ করছি ৮ লক্ষ টাকা। হসপিটাল ম্যানেজিং কমিটি যেখানে খরচ করত ১২ লক্ষ টাকা আমরা সেখানে ৩৮ লক্ষ টাকা ক্যাপিটাল কস্ট ধরেছি। ইতিমধ্যে আমরা ১৯৬৩-৬৪ সালে ১১ লক্ষ টাকা—এ পর্যন্ত ১২ লক্ষ টাকা মঞ্জুর করে খরচ করতে শুরু করেছি। এই-ভাবে কয়েক লক্ষ টাকা আর, জি, কর-এর পেছনে আমরা বছরে বছরে খরচ করে ফেলেছি। খবরের কাগজে একটা বিবৃতিতে দেখেছিলাম, এক উজ্জ্বল চিত্র কিভাবে নূতন আলোর দিকে তাঁরা তাকিয়ে আছেন। এটা গভর্নমেন্টের হাত থেকে চলে গেলে—অর্থাৎ আর, জি, কর, ইউনিভার্সিটির হাতে গেলে পর সেখানে কি তাঁদের পরম পরিতৃপ্তি হবে? বা পরম সিদ্ধি লাভ করবে? তাহলে ন্যাশনাল মেডিক্যাল কলেজ-কে নিয়ে ইউনিভার্সিটির হাতে দিয়ে দেখিয়ে দিন। তাঁরা কি তা করতে পারবেন? দে আর ক্যাপেবল অফ ডুয়িং দ্যাট? তারপর আর, জি, কর-কে দেবার প্রশ্ন আসবে। এর ভবিষ্যত সম্পর্কে আপনারা যতখানি সজাগ, তার চেয়ে আমরা বেশী-বই কম নয়। সেদিক থেকে আজকে আমি এমন কোন কথা এখানে দাঁড়িয়ে বলব না বা আর, জি, কর-এর ঐতিহ্যের প্রতি অপমানকর হবে। আজকে সমস্ত দিক বিবেচনা করে, ছাত্রদের কল্যাণ, পশ্চিমবঙ্গের কল্যাণ, উচ্চতর মেডিক্যাল এডুকেশন-এর জন্য যা করা দরকার পশ্চিমবঙ্গ সরকার তা করবে। তারপর, ডাঃ নারায়ণ রায় ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে বলেছেন। আমি সকল সদস্যদের অবগতির জন্য জানাতে পারি—বিশেষ করে শ্রীকানাই ভট্টাচার্যকে আমি জানাতে পারি যে কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে একটা ক্যাডার তৈরী করেছেন। টারমিনেশন অফ

প্রেগনেন্সি সেই প্রশ্নটা বিবেচনা করে দেখছেন। আমাদের কাছে মতামত তাঁরা এখনও পর্যন্ত পাঠাননি। তবে এটার বহুদিক ভাববার আছে। এখানে আমাদের মেডিক্যাল গ্রাউন্ডস-এর দিকটাও চিন্তা করতে হবে। মায়েদের স্বাস্থ্যের প্রিম্যাচিওর কেস-এ প্রতিক্রিয়ার দিকটা অর্থাৎ আমি বলতে চাই ইনসেনিটি—মানসিক ক্ষতি কি হতে পারে না পারে সেসব দেখতে হবে। সে বিষয়ে এখানে দাঁড়িয়ে বলা সম্ভব নয়। তবে একথা ঠিক কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে বিবেচনা করছেন। তার ফলাফল আমরা নিশ্চয়ই আগ্রহ সহকারে লক্ষ্য করবো। আমি সেই সঙ্গে বলব, জাপান যখন এই কাজ করতে গিয়েছিলেন, তখন তার পরোক্ষ ফলটা, যেটা ঘটেছিল সেটা খুব উৎসাহ বর্ধন করার ফল নয়। তারা হঠাৎ ফিগার কমিয়ে আনবার জন্য এটা ইন্ট্রোডিউস করেছিলেন এবং ড্রাস্টিক্যালী পপুলেশন-এর ফিগারটা কমিয়ে আনবার পর তাঁরা আবার লিগ্যালাইজ করেছিলেন এবং সেটাকে উইথড্র করে নিয়েছিলেন।

[6-30—6-40 p.m.]

আমার মনে হয় ফ্যামিলি প্ল্যানিং-এর মেথড-এর মধ্যে এমন কোন মেথড আবিস্কৃত হয়েছে এবং হতে যাচ্ছে যেটা মেয়েদের স্বাস্থ্য ক্ষতি করে। এ্যাবোর্সন করে, টার্মিনেসন করিয়ে ফ্যামিলি প্ল্যানিং-এর প্রয়োজন হবে না। মাননীয় গনি সাহেব আই. ইউ. ডি. অর্থাৎ ইনট্রা ইউটিরাইন ডিভাইস-এর কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে পৃথিবীর মধ্যে এক্সপার্টস-রা এই আই. ইউ. ডি সম্বন্ধে একটা সুস্পষ্ট অভিমত দিয়েছেন এবং বলতে গেলে এটা একটা ফুল প্রুফ্ মেথড। তারপর, ডাঃ নারায়ণ রায় এবং তাঁর সঙ্গে গলা মিলিয়ে ডাঃ ইয়াজদানী ইন্সটিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিকেল রিসার্চ সম্বন্ধে যেকথা বলেছেন আমি তার জবাব দিচ্ছি। ইন্সটিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিকেল রিসার্চ সম্বন্ধে উনি বলেছেন ক্যালকাটা ইউনিভার্সিটিতে পোস্ট-গ্র্যাজুয়েট কেন হচ্ছে না? আমি কি ক্যালকাটা ইউনিভার্সিটির অথরিটি যে তাঁদের জবাব আমি দেব? আমি আমার যেটা তার জবাব দিচ্ছি। ইন্সটিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিকেল রিসার্চ ক্যালকাটা ইউনিভার্সিটির রিকগনাইজড ইউনিট। তাঁরা এখন পর্যন্ত এই রিকগনিসন উইথড্র করেননি এবং এই ইন্সটিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিকেল রিসার্চ ক্যালকাটা ইউনিভার্সিটির সঙ্গে সম্পূর্ণ যুক্ত। তাঁরা বলেছেন এখানে দুরকম ব্যবস্থা হোল কেন? এতে তো হার্ট বার্নিং হবে? আম বলব এখানে হার্ট বার্নিং-এর প্রশ্ন আসেনা কারণ ওয়েস্ট বেঙ্গল হেল্থ সার্ভিসে কোন পোস্ট ধরে কারুর এ্যাপয়েন্টমেন্ট হয়না। আমাদের এ্যাপয়েন্টমেন্ট হয় ইন দি ক্যাডার এবং তারপর বিভিন্ন পোস্ট-এ তাঁদের পোস্টিং দেই। আজকে যাঁরা ইন্সটিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট-এ আছেন, এস্. এস্, স্কীম-এ আছেন আগামীকাল তাঁরা মেডিকেল কলেজ বা রুরাল হেল্থ সেন্টারে যেতে পারেন। আমরা যদি একটা সেকসন-কে চিরকালের মত প্র্যাকটিসিং স্কীম-এর বাইরে রাখতাম তাহলে কোন পার্টিকুলার পিরিয়ডে, পার্টিকুলার টাইম-এ ডিসক্রিমিনেসন হচ্ছে এই প্রশ্ন উঠত। কিন্তু যেহেতু এই পোস্টগুলোর কোন ফিক্সড পার্টিকুলার পোস্ট-এ এ্যাপয়েন্টমেন্ট নয় এবং যে কোন জায়গায় যে কোন লোককে প্র্যাকটিসিং থেকে নন-প্র্যাকটিসিং পোস্ট-এ ট্রান্সফার করা যায় সেহেতু হার্ট বার্নিং-এর প্রশ্ন আসে না। তারপর. আমরা যে প্র্যাকটিস্ এ্যালাউ করেছি তার বিনিময়ে তাঁদের ফিফটিন পারসেন্ট কম বেতন নিতে হচ্ছে। অর্থাৎ তাঁদের স্পেশাল এ্যালাউন্স, টিচিং এ্যালাউন্স লস্ করতে হচ্ছে এবং হরেগড়ে এমন কিছু থাকছে না। তাছাড়া এই যে প্র্যাকটিস্ মঞ্জুর করেছি তাতে ইফস্ এ্যান্ড বাটস্ এ্যান্ড কলেজেস এমনভাবে দিয়ে দেওয়া হয়েছে যাতে এখন পর্যন্ত যাঁরা ইন্সটিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট ক্যাডার-এ কোন পোস্ট-এ, কোন বেতনে রয়েছেন তাঁরা নন-প্র্যাকটিসিং পোস্ট ছেড়ে প্র্যাকটিসিং পোস্ট-এ এলে তাঁদের মাইনের দিক থেকে এমন কিছু বাড়বে বা কমবে যাতে যাঁরা প্র্যাকটিস করেছিলেন তাঁরা কমপেনসেটেড ফুল্লী হয়ে যাবেন সেকথা আমি মনে করিনা। স্যার, ডাঃ ইয়াজদানী কতগুলি ব্যক্তিগত ব্রিফ নিয়ে হাউসে ঢুকেছেন এবং সেই ব্যক্তিগত ব্রিফ নিয়ে ওকালতি ভালভাবেই করেছেন। পলিসির দিকে না গিয়ে কেন যে তিনি ব্যক্তিগত নাম ধরে বললেন সেটা আমি বুঝলাম না। যাঁরা জুনিয়র ভিজিটিং, সিনিয়র ভিজিটিং বা অনারারি হিসেবে ঢুকেছিলেন তাঁদের নূতন করে টিচিং ডেজিগনেসন দেবনা এবং প্রমোশনও সেই হিসেবে কখনও দেব না। আমি সুস্পষ্ট ভাষায় বলতে পারি যাঁরা জুনিয়র ভিজিটিং বা সিনিয়র ভিজিটিং

রয়েছেন তাঁদের নূতন করে কোন টিচিং ডেজিগনেসন দেবনা তাতে তাঁদের হায়েস্ট কোয়ালি ফিকেসন-ই থাক আর তাঁরা এম, আর, সি, পি-ই হোন। আমাদের একটা সুস্পষ্ট নীতি নিে চলতে হবে এবং সেটা হচ্ছে যাঁদের হোল টাইম ডেপুট করতে পারব না তাঁদের পক্ষে নূতন ডেজিগনেসন-এ যাওয়া শক্ত হবে। ইভেন যাঁদের প্র্যাকটিস্ এ্যালাউ করছি টেম্পোরারী পিরিয়ড এর জন্য তাঁদের আমরা প্র্যাকটিস্ এ্যালাউ করবার সময় স্টিপুলেটেড পিরিয়ড বলে দিচ্ছি যে এই টাইম-এর বাইরে যেতে পারবেন না।

অর্থাৎ এক কথায় জবাব হচ্ছে সিনিয়ার ভিজিটিং এবং জুনিয়ার ভিজিটিংকে টিচিং ডেজিগনেশন দিতে পারি না। ডঃ ইয়াজদানী সুপারনিউমারারী অফিসারদের কথা বলেছেন, উনি হয় ব্রিফটা পড়তে ভুল করেছেন না হয় যারা তাঁকে ব্রিফ দিয়েছে, তাদের কথা তিনি বুঝতে ভুল করেছেন। এখানে কেবলমাত্র ১৩টি পোষ্টে প্রফেসার ডিরেকটার আছে আর বাদবাকী সুপার-নিউমারারী ডিউটি অফিসার, এটা সম্পূর্ণ ভুল কথা। টিচিং সেট আপ হবার পরে অনেকগুলি ডিপার্টমেন্ট নূতন করে গড়ে তুলেছি। যেহেতু এখানকার রিসার্চ এক্সপেরিমেন্ট ধরাবাঁধা রাস্তায় চলতে পারে না, নিত্য নূতন এক্সপেরিমেন্টের স্কোপ থাকা উচিত, সেদিক থেকে হার্ড এণ্ড ফার্স্ট রুল করে, টিচিং সেট আপ-এ ৩ জন থাকবে কি ২ জন থাকবে, এমনি করে পোষ্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউটে থাকবে, নিশ্চয়ই এই রকম বাঁধাধরা নিয়ম করতে চাইনা। ইন্সটিটিউট অফ পোস্ট গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেসন এ্যান্ড রিসার্চ পশ্চিমবঙ্গে যেটা তৈরী হয়েছে, আমরা দেখতে চাই সারা ভারতবর্ষে একদিন তা শীর্ষস্থান অধিকার করবে। আমাদের এখানে যে সমস্ত শিক্ষক ছিল, শিক্ষায় যারা এ্যাটাচড্ রয়েছে, তাঁরা শুধু পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষে নয়, সারা পৃথিবীতে এক্সপার্ট হিসাবে স্বীকৃত, তাদের এমন কোন রুলের মাধ্যমে, টিচিং সেট আপে ৩ জন রয়েছে অতএব ফোর্থ লোকের জায়গা দিতে পারি না, এমন কোন হার্ড এণ্ড ফার্স্ট রুল রাখতে পারি না। তাঁরা সকলেই টীচিং ডেজিগনেশনসহ ইউটিলাইজ্ড হচ্ছেন। তাছাড়া সুপারনিউমারারী ডিউটি অফিসার যারা এখানে রয়েছে তাঁদের বেশীরভাগকে বাইরে নিয়ে গিয়ে ট্রেনিং রিজার্ভ হিসাবে নূতন করে কোয়ালিফিকেশন একুয়ার করার সুযোগ দিয়েছি এবং কেউ কেউ নিজের পয়সায়ও করেছেন। সুপারনিউমারারী অফিসার যারা রয়েছেন, তাঁরা টিচিং স্ট্রেংথে ছিলেন না বলে রেজিস্টার্ড ক্যাপাসিটিতে ছিলেন না বলে তাদের সুপার-নিউমারারী ডিউটি অফিসার হিসাবে পোষ্ট করেছি, তাদের মধ্যে অনেকে টীচীং-এ ইউটি-লাইজড হচ্ছে। পোষ্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউটে আপনারা গিয়ে দেখে আসুন, আমাকে যেতে হবে না, আমি নিজে গিয়ে তাদের সঙ্গে বসেছি, সমস্ত শুনবার পরে আমি অর্ডার দিয়েছি, সুপারনিউমারারী ডিউটি অফিসার যারা যারা টিচিং-এ ইউটিলাইজড হচ্ছে, তাদের আমরা টিচিং ডিজিগনেশন দেব, এবং যতদিন তারা এই টিচিং-এ ইউটিলাইজড হচ্ছে, তাদের আমরা ক্যালকুলেট করে ডেজিগনেশন দেব। ডঃ কানাইলাল ভট্টাচার্য মহাশয় বলেছেন এবং আরও অনেকে বলেছেন ৩/৪ বছর ধরে ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল যদি টিচিং এক্সপেরিয়েন্স বাড়িয়ে দিয়ে থাকে এবং আমরা যদি সেই ব্যাক পিরিয়ড ক্যালকুলেট না করি তাহলে পর ভবিষ্যতে এই ডেজিগনেশন পাবে না, অর্থাৎ সুপারনিউমারারী অফিসারদের টিচিং সেট আপে নিচ্ছি, টিচিং ডেজিগনেশন দিচ্ছি তখন ব্যাক পিরিয়ড ক্যালকুলেট করে তাদের সেই জায়গায় নিয়ে গিয়ে রীডার পোষ্টই হোক আর এ্যাসিস্ট্যান্ট লেকচারার পোষ্টই হোক যার যেমন কোয়ালিফিকেশন এবং এক্সপেরিয়েন্স আছে সেই অনুযায়ী তাদের পোষ্টিং দিচ্ছি।

তৃতীয় কথা হচ্ছে ডঃ নারায়ণ রায় বলেছেন আমাদের এখানকার পে-স্কেল সম্পর্কে, এ সম্পর্কে বলতে গেলে অনেক সময় লাগবে। স্থানীয় মেয়েদের নার্সিং ট্রেনিং-এ নিতে বলেছেন, আমরা প্রত্যেক জেলায় নার্সিং ট্রেনিং খুলেছি, সেখানে আমরা স্থানীয় মেয়েদের ফার্স্ট প্রেফা-রেন্স দিয়ে তবে অন্য মেয়েদের দিচ্ছি। শ্রীঅমর রায় প্রধান বলেছেন মৃত্যু স্বাভাবিক ভাবে আসবে, আপনাদের কৃতিত্ব কোথায়? মৃত্যু আমাদের আসছে কিন্তু হার অনেক কমে গেছে। একথা সকলেই স্বীকার করেছেন, ডঃ কানাইলাল ভট্টাচার্য পর্যন্ত বলেছেন যে আমাদের স্বাভাবিক মৃত্যুহার না কমলেও এ্যান্টি-বাইওটিকের কল্যাণে মৃত্যু হার কমেছে। আমি কানাইবাবুকে জিজ্ঞাসা করি এই এ্যান্টি-বাইওটিক কি আকাশ থেকে পড়ল না কি এখানকার ডাক্তাররা এ্যান্টি-বাইওটিকের সাহায্যে অসুখ ভাল করে মৃত্যু হার কমিয়েছে? উনি বললেন সরকারের কৃতিত্ব নাই, তাহলে এ্যান্টি-বাইওটিক গিয়ে কি করে রোগীর ঘরে গিয়ে পৌঁছায়?

[6-40—6-50 p.m.]

বৈজ্ঞানিকরা ল্যাবরেটরিতে বসে আবিষ্কার করেন এবং তার জন্য প্র্যাকটিক্যাল এ্যাপ্লিকেসন হয়। এইভাবে সমস্ত জিনিষের প্রোগ্রেস চলে। শ্রীঅমর রায় প্রধান বলেছেন ডাক্তারদের ভিজিট-এর সিলিং কেন করা হচ্ছে না—আমরা শুনেছি মাদ্রাজে করেছে। কিন্তু খবর নিয়ে বলতে পারলেন না কারণ সেবারও বলেছিলেন বম্বে করেছে, কিন্তু আমি খবর নিয়ে দেখেছি যে সিলিং হিসাবে কিছু করেনি, এখানে সিলিং-এর প্রশ্নে আমি বলেছি যে, সিলিং করা হবে কি হবে না সেক্ষেত্রে আমার ব্যক্তিগত মতামত বলে লাভ নেই কারণ আপনারা পলিসি হিসাবে শুনতে চান, ব্যক্তিগত মতামত নয়। এ বিষয় আমাদের কোন ডিসিসন এখনও কিছু হয়নি ও পরিকল্পনাও নেই, ডাঃ গনি বলেছেন প্রিভেন্টিভ এ্যান্ড কিউরালিভাইজড-এ কখনও ব্যালেন্সড হয়নি—ভ্যাকান্সি থেকে যাচ্ছে প্রিভেন্টিভ সাইড-এ। এটা সম্পূর্ণ ভুল কথা। এজন্য আমাদের যে পাবলিক হেল্থ কিম্বা কিউরেটিভ-এর কোন পোস্ট-এ আমরা লোক নিয়োগ করিনা। আমি পূর্বেই বলেছি আমরা লোক নিয়োগ করি সরাসরি ওয়েষ্ট বেঙ্গল হেল্থ সার্ভিস সেটা ইউনিফাইড হয়েছিল। অর্থাৎ এখানে জয়েন করবার পর যারা যেমন যোগ্যতা আছে সেটা দেখে আমরা কাউকে প্রিভেন্টিভ-এ এর কাউকে কিউরেটিভ-এ পোস্ট করি। প্রিভেন্টিভ-এ এ্যাডভারটাইজড হয়েছে এবং তারপর যদি লোক না পাওয়া যায় তাহলে আমরা বলতাম প্রিভেন্টিভ-এ ভ্যাকান্সি থেকে যাচ্ছে। আজ কেন ভ্যাকান্সী থেকে যাচ্ছে সেটা সব ক্যাডার-এ যেটা যাচ্ছে ইট ইজ ট্রু ইকোয়ালি বোথ ফর কিউরেটিভ এ্যান্ড ফর প্রিভেন্টিভ। তিনি হোম স্টাফদের সম্বন্ধে বলেছেন বেতন যেটা বেড়েছে সেটা খুব কম এবং বলেছেন পি. আর. সি. এ-কে কিছু দেওয়া হয়নি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমি স্পষ্ট ভাষায় ওখানে জানাতে চাই পি. আর. সি. এ কোর্স থাকবে কি থাকবে না সেটা সরকারী আওতায় নয়, এটা সম্পূর্ণ ইউনিভার্সিটি-এর আওতায়। ইউনিভার্সিটি তাদের সিলেবাস ঠিক করেন। এই ব্যাপারে ইউনিভার্সিটি জানিয়েছেন এখন যারা ভর্তি হবে তারা যখন প্রি-মেডিক্যাল-এ যাবে যেন সেই সময় পি. আর, সি. এ থাকবে না অর্থাৎ সেই ১৯৭০-তে গিয়ে যখন তারা কোয়ালিফাই করবে তখন পি. আর, সি, এ থাকবে না ইন্ডিয়ান ডক্টর কেন বিদেশে চলে যাচ্ছেন এটা আজকে জিজ্ঞাসা করেছেন। আমি বলব অর্থের লোভে যাচ্ছেন; নামের ক্ষুধায় যাচ্ছেন এটাই হচ্ছে এ্যানালিসিস তবে এটা ঠিক আমাদের কিছু কিছু ডাক্তারকে স্পেশাল সাবজেক্ট-এ অভিজ্ঞতা অর্জনের জন্য বিদেশে যাবার জন্য আমাদের সরকারী খরচে পাঠাচ্ছি। যারা নিজেরা যাচ্ছেন এক্সোডোস তাদের আমরা কি করে বন্ধ করবো। কেন্দ্রীয় সরকার তার পরিকল্পনা করছেন। পশ্চিমবঙ্গ সরকারের এমন ক্ষমতা কোনদিন হবে না। প্রাইভেট প্র্যাকটিস করে যারা ২০ হাজার টাকা রোজগার করেন কিম্বা বিদেশে গিয়ে ৪০ হাজার রোজগার করছেন তাঁদের কমপেনসেট করা। অর্থাৎ তাদের প্যারালাল পে-স্কেল ঠিক ঐভাবে বাড়াবার ক্ষমতা কোনদিন স্বাস্থ্য দপ্তরের হবে না তবে তাদের পে-স্কেল কিভাবে রিভাইস করা যায় সেটা পরীক্ষা করে দেখতে হবে। এমন একটা কিছু করতে হবে যাতে কোন রিপারকসন না হয়। ডাঃ গনি বলেছেন প্রাইভেট প্র্যাকটিস সম্পূর্ণ বন্ধ হওয়া উচিত এবং চিত্তরঞ্জন ক্যানসার হসপিটাল সম্পর্কে বলেছেন অনেক কথা সেখানকার কর্তৃপক্ষের সঙ্গে আমি এবং স্বাস্থ্য দপ্তরের কর্তৃপক্ষরা বসেছিলাম এবং কিভাবে কি করা যায় সে সম্বন্ধে চিন্তা করছি। অর্থাৎ চিত্তরঞ্জন ক্যানসার হসপিটাল-এর সর্ববিধ ইমপ্রুভমেন্ট-এর আমরা চিন্তা করছি। শ্রীমতী বিভা মিত্র এখানে যাদবপুর টি. বি. হসপিটাল সম্বন্ধে বলেছেন। ওখানকার টি. বি. হসপিটাল-এর মেম্বারদের রেকগনাইজেসন সম্বন্ধে তিনি বলেছেন। নার্সিং কাউন্সিল তাঁদের জানিয়ে দিয়েছেন যে কিছু করতে পারবেন না। আমি কিছুদিন আগে যাদবপুর যক্ষা হাসপাতালে গিয়েছিলাম এবং সেখানকার নার্সদের সঙ্গে দেখা করে আসার পর ডাঃ সুশীলা নায়ারকে চিঠি লিখেছি যে প্রয়োজন হলে নার্সিং কাউন্সিল যদি মত না দেন তাহলে নার্সদের যা কোয়ালিফিকেসন আছে তা দেখে নার্সিং কাউন্সিল এ্যাক্ট এর বিধি পরিবর্তন করে যাতে তাদের যাতে এ্যাকমডেট করে সে সম্পর্কে চিঠি দিয়েছি। ডাঃ গোপিকারঞ্জন মিত্র বলেছেন বাহিরে ডাক্তার যারা যাচ্ছেন তারা পয়সার জন্য যান না—রিসার্চ ফেসিলিটিজ-এর জন্য যান। অবশ্য যে সমস্ত ফেসিলিটিজ-এর কাজের কথা বলেছেন সেই সব ফেসিলিটিজ ক্যালকাটা

মাননীয় মন্ত্রী মহাশয় এক্ষুণি বললেন যে ইলেকট্রিক সাপ্লাই বাড়িয়েছেন আমাদের যে রেসট্রিকসন ছিল কলকাতা এবং তার আশেপাশের অঞ্চলের সেটা উঠিয়ে নেওয়া হয়েছে কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে সমগ্র ব্যারাকপুর অঞ্চলের এখনও পর্যন্ত ইলেকট্রিক সাপ্লাই ঠিক মত হচ্ছে না যার জন্য সেখানে মিলগুলো কোনটা সোমবার কোনটা মঙ্গলবার, কোনটা বুধবার বা কোনটা শনিবার কি শুক্রবার ছুটি দিচ্ছে—অর্থাৎ ঐ এলাকাগুলিতে আগে যেমন রবিবার দিন কমপালসরি অ্যাক্ট অনুসারে সব বন্ধ হত বর্তমানে আজ সে অবস্থা নেই, সেই জন্য ইলেকট্রিক সাপ্লাই ব্যারাকপুরে ঠিকমত হচ্ছে কিনা সেটা আপনি জানাবেন কি ?

Shri Bijoy Singh Nahar : সাপ্লাই বেড়েছে এবং গত ২৭শে জানুয়ারী ১৯৬৫ আমরা যেগুলি স্প্রেড ওভার-এর পারমিসন দিয়েছিলাম তা তুলে নিয়েছি।

Shri Monoranjan Roy :

ছুটিটা এদের এক এক দিন এক এক রকম দেওয়া হচ্চে সেজন্য আমি জিজ্ঞাসা করছি আগে যেমন রবিবার দেওয়া হত সেটা দেওয়া হবে কি যদিও এটা ফ্যাক্টরী ইনস্পেক্টর-এর উপ নির্ভর করে তা হলেও আমি জিজ্ঞাসা করছি আগেকার মত চালু করা হবে কিনা ?

Shri Bijoy Singh Nahar :

এ প্রশ্ন থেকে এটা আসে না।

Admission of students to the pre-medical course

***278.** (Admitted question No. *1540.) **Shri Ramendranath Dutta :**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৪ সনে কলিকাতা মেডিক্যাল কলেজে, নীলরতন সরকার মেডিক্যাল কলেজে এবং আর জি কর মেডিক্যাল কলেজে প্রি-মেডিক্যাল কো দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্র ভর্তি করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে কোন্ কলেজে কতগুলি এইরূপ ছাত্র ভর্তি করা হইয়াছে?

Shrimati Purabi Mukhopadhyay :

(ক) কলিকাতা মেডিক্যাল কলেজ ব্যতীত অপর দুইটি কলেজে প্রি-মেডিক্যাল কো দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ কিছু সংখ্যক ছাত্র ভর্তি করা হইয়াছে;

(খ) নীলরতন সরকার মেডিক্যাল কলেজে ১৭ জন এবং আর. জি. কর মেডিকা কলেজে ৪৮ জন।

Shri Birendra Kumar Maitra.:

এই যে ছাত্রভর্তি হচ্ছে এদের মধ্যে কোন জোয় কত ছাত্র এবং দ্বিতীয় বিভাগে কত জন চান্স পেয়েছে সেটা বলবেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay :

কোন জায়গার কোন ছাত্র ডিস্ট্রিক্টওয়াইজ থেকে ছাত্র ভর্তি হয়নি। প্রথম বিভাগে উত্তীর্ণ ছাত্ররাই শুধু জেলাভিত্তিক ভর্তি হতে পেরেছে।

Shri Birendra Kumar Maitra.:

দ্বিতীয় বিভাগে যে ছাত্র ভর্তি হয়েছে তাকে কি ভাবে বিবেচনা করে ভর্তি করা হয়েছে ?

Shrimati Purabi Mukhopadhyay :

মরিট অনুসারে অর্থাৎ প্রত্যেক ডিস্ট্রিক্ট-এ যে কোটা ছিল তাতে ফার্স্ট ডিভিসন ছাত্র যে কজন াওয়া গেছে তারাই শুধু ভর্তি হয়নি। অর্থাৎ আমি পরিষ্কার করে আর একটু বলছি তা লে মাননীয় সদস্যগণ বুঝতে পারবেন এটা শুধু ফার্স্ট ডিভিসন হলেই হবেনা ৫০ ারসেণ্ট মার্কস ইন সাইন্স সাবজেক্ট এ্যাণ্ড ৪০ পারসেণ্ট মার্কস ইন ইংলিশ যে ছাত্র পেয়েছে তাকে ওয়া হয়েছে, এ ধরণের কোটা থেকে যা পাওয়া গেছে তা নেওয়া হয়েছে। যে জেলার কোটা ূর্ণ না হয়েছে সে সিটগুলো জেনারেল পুল এ চলে গেছে এই ভাবে প্রথম থেকে শেষ পর্যন্ত বি যত মার্ক বেশী হয়েছে সে সেইমত ভর্তি হয়েছে ।

Shri Joynal Abedin :

ই যে ডিস্ট্রিক্টওয়াইজ-এ ছাত্র ভর্তি হয়েছে এবং যে ১৭ জনের কথা বলা হয়েছে সেটা কত নের মধ্যে ১৭ জন অর্থাৎ এই যে ডিস্ট্রিক্টওয়াইজ কোটা যে কোটায় ফার্স্ট ডিভিসন ছিল কোটায় ফার্স্ট ডিভিসন না পাওয়া গেলে অন্য জেলার ফার্স্ট ডিভিসন ভর্তি হয়ে গেছে সে ক্ষেত্রে আর জায়গা থাকে না যখন তখন সেকেণ্ড ডিভিসন-এর ছেলে ভর্তি হয় কিরূপে।

Shrimati Purabi Mukhopadhyay :

মাদের বাংলা দেশে যে ৪টি মেডিক্যাল কলেজ সরকারের আয়ত্তাধীনে আছে তাদের সব সমেত টের সংখ্যা ৪২৫ এর মধ্যে। অ্যাপ্লিকেসন যা পেয়েছি সে অ্যাপ্লিকেসন মত দেখেছি ডিস্ট্রিক্ট-এ সীট ছিল সে সীটে মিনিমাম মার্কস ফার্স্ট ডিভিসন-এতেই অনেকে এসে যায়। আমাদের নিয়ম চ্ছ ৫০ পারসেণ্ট মার্কস ইন সাইন্স সাবজেক্ট এবং ৪০ পারসেণ্ট মার্কস ইন ইংলিশ এই ভাবে বার পর যে সীট উদ্বৃত্ত হয় সেগুলি জেনারেল পুল-এ চলে যায় ঐ ডিস্ট্রিক্ট-এর ছাত্র যদি ী হয়ে থাকে এবং যদি ডিস্ট্রিক্ট-এর সীট না থাকে তা হলে জেনারেল পুল থেকে আগে র্ট ডিভিসন সব ছাত্র শুধু ঐ ফার্স্ট ডিভিসন হলেই চলবে না তার মার্কস-এর কথা আগে লছি সেই মার্কস সহ তাকে ভর্তি করা হয়। সেকেণ্ড ডিভিসন এখানে বড় কথা নয়, আমরা কম দেখেছি যে অনেক ছাত্র ফার্স্ট ডিভিসন-এ পাশ করেছে কিন্তু তাদের সাইন্স সাবজেক্ট ং ইংলিশ-এ অত্যন্ত কম মার্কস পেয়েছে বলে ভর্তি হতে পারেনি, আমাদের নিয়ম হল ঐ পারসেণ্ট ইন ইলিংশ এবং ৫০ পারসেণ্ট ইন সাইন্স-এর গুণাগুণ অনুসারেই ভর্তি করি।

Shri Birendra Kumar Maitra.:

যে ভর্তি করা হয়েছে কোন্ কোন্ জেলা থেকে ফার্স্ট ডিভিসন ছেলে পাওয়া যায় নি বলবেন কি ?

Shrimati Purabi Mukhopadhyay :

ত্যক জেলার পুরা ফিগার বলতে পারব না তবে নর্থ বেঙ্গলের ফার্স্ট ডিভিসন-এ এই ধরণের স পাওয়া যায় নি সেখানে সেকেণ্ড ডিভিসন পাওয়া গেছে কিন্তু তাহা হলেও ৫০ পারসেণ্ট ৪০ পারসেণ্ট মার্কস সাইন্স এবং ইলিংশ-এ রেখেছেন এবং তাদেরই নেওয়া হয়েছে।

[1-20—1-30 p.m.]

Application of D. I. Rules to factories

***279.** (Admitted question No. *1686.) **Shri Monoranjan Roy:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state in how many factories and industries D. I. Rules have been applied banning all strikes ?

Shri Bijoy Singh Nahar: Upto the end of February, 1965 this Government have issued twenty-seven separate orders under Rule 126 of the Defence of India Rules prohibiting both strikes and lockouts. Twenty-six of them cover a total number of twenty-six separate industrial undertakings including factories. The other order covers the undertakings engaged in the erection of the Durgapur Thermal Power Station (3rd Unit) at Waria, Durgapur, District Burdwan.

Shri Monoranjan Roy:

ডি. আই. রুলস এই সমস্ত কারখানার উপর কেন এ্যাপলাই করা হল যাতে করে স্ট্রাইক ব্যান করে দেওয়ার অবস্থা এল এই ২৭টি ফ্যাক্টরীর নাম কি ?

Shri Bijoy Singh Nahar:

এসেনসিয়াল সাপ্লাইজ মেনটেন করবার জন্য এই অর্ডার দিতে হয়েছে। এই ২৭টি ফ্যাক্টরির নামের লিস্ট আছে, আমি পড়ে দিচ্ছি—

1. Messrs. The Jay Engineering Works Ltd.,
   183|A, Prince Anwar Shah Road, Dhakuria, Calcutta-31.
2. Messrs. The Jay Engineering Works Ltd.,
   Raynagar, Bansdroni, P.O. Naktola, Dist. 24-Parganas.
3. Messrs. Indian Oxygen Ltd.,
   48|1, Diamond Harbour Road, Calcutta-27.
4. Messrs. Paharpur Timber (P) Ltd.,
   Ramnagar, Calcutta.
5. Messrs. India Foils Ltd.,
   P.O. Kamarhati, 24-Parganas.
6. Messrs. American Refrigerator Ltd.,
   B-A, Hyde Road, Calcutta.
7. Messrs. Bata Shoe Co. (P) Ltd.,
   Batanagar, 24-Parganas.
8. Messrs. Calcutta State Transport Corporation,
   5, Nilganj Road, P. S. Belghoria, 24-Parganas.
9. Messrs. National Instrument Factory,
   2, Raja Subodh Chandra Mullick Road, P. S. Jadavpur, 24-Parganas.
10. Messrs. Hindusthan Aeronautics Ltd.,
    Top Khana Road, Barrackpore, 24-Parganas.
11. Messrs. Rajabagan Dockyard,
    44, Garden Reach Road, Calcutta-24.

12. Messrs. Hydro Electric Power House,
    Singtam Sadar, P. S. Sadar, Darjeeling.
13. Messrs. Hydro Electric Power House,
    Sidrabond. P. S. Sadar, Darjeeling.
14. Messrs. Diesel Power House,
    Lebong, Darjeeling.
15. Messrs. Hydro Electric Power House,
    Phaji, Kurseong, Darjeeling.
16. Messrs. Hydro Electric Power House,
    Bijanbari, P. S. Phulbagan, Darjeeling.
17. Messrs. Jaldhaka Hydro Electric Project, Jaldhaka,
    Darjeeling.
18. Messrs. Diesel Power House, Kalimpong, Darjeeling.
19. Messrs. Durgapur Projects Ltd., Durgapur, Burdwan.
20. Hindusthan Cables (P) Ltd.,
    Rupnarayanpur, Burdwan.
21. Messrs. Indian Iron Steel Co. Ltd.,
    Burnpur Works, Burdwan.
22. Messrs. Indian Iron & Steel Co. Ltd.,
    Kulti Works, Burdwan.
23. Messrs. Indian Standard Wagon,
    Burnpur, Burdwan.
24. Messrs. Dunlop Rubber Factory,
    Sahaganj, Hooghly.
25. Messrs. Hindusthan Motors Ltd.,
    Uttarpara, Hooghly.
26. Kharagpur Sub-station of the D.V.C.,
    Jalbagicha, Kharagpur Town, Midnapore.
27. Undertakings engaged in the erection of the Durgapur Thermal
    Power Station (3rd Unit) at Waria, Durgapur, Burdwan.

Shri Monoranjan Roy:

লেবার ডিপার্টমেণ্টের একজন ডেপুটি সেক্রেটারি এ কে. ভট্টাচার্য একটা নোটিফিকেশানে তিনি বলছেন ইন ভিউ অব দি ন্যাশনাল ইমারজেন্সী পাবলিক ইনটারেস্ট সো রিকোয়ারিং বলে ৬২টা গেঞ্জী তৈরি করার যে কারখানা যেখানে ১০।১৫।২০ জন ওয়ার্কার কাজ করে সেই ৬২টি কারখানাকে বিশেষ পাবলিক ইউটিলিটি সার্ভিস বলে ঘোষণা করে অর্থাৎ ওখানে যাতে ধর্মঘট না হতে পারে সেই ব্যবস্থা গ্রহণ করেছিলেন এটাই মানে। দ্বিতীয়তঃ বাটা কারখানা সম্বন্ধে জিজ্ঞাসা করতে চাই—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি ১৯৪৫-৪৬-৪৭ সালের পর থেকে আজ পর্যন্ত বাটা কারখানায় ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট নিয়ে কোন ধর্মঘট হয়নি? হঠাৎ কি এমন অবস্থা হল যাতে জানুয়ারী ১৯৬৫ সালে বাটা কারখানার উপর ডি. আই রুলের ১২৬ ধারা এ্যাপ্লাই করে তাদের ধর্মঘটকে বেআইনী বলে ঘোষণা করতে হল এটা জানাবেন কি?

Shri Bijoy Singh Nahar:

কি ঘটনা ঘটল সেটা বলতে পারি না, বলা উচিত মনে করি না। তবে দরকার হয়েছিল সেজন্য সরকারকে করতে হয়েছিল।

Shri Monoranjan Roy :

১৯৬২ সালে এমারজেন্সী এসেছে। এই ১৯৬২ সাল থেকে ১৯৬৫ সালের মধ্যে কোন ঘটনা ঘটল না, অথচ জানুয়ারী মাসে এটার কি প্রয়োজন হল? এটা কি সত্য যে বাটা কারখানার মালিকদের সঙ্গে তাদের রেকগনাইজড ইউনিয়নের আলোচনার মাধ্যমে যখন একটা ডিসপিউটের মীমাংসা হচ্ছিল সেই সময় মালিক আপনাদের কাছে আসে এবং বলে যে ওরা হয়ত ধর্মঘট করতে পারে। কাজেই ডি. আই. আর. চাপিয়ে দাও একথা কি সত্য?

Shri Bijoy Singh Nahar :

এটা সম্পূর্ণ অসত্য। কেবল স্ট্রাইক, লক-আউট ব্যান করা হয়েছে।

Shri Narayan Choubey :

পাহাড়পুর টিম্বার এটা কি এসেনসিয়াল কমোডিটিজ সাপ্লাই করে, দয়া করে বলবেন কি?

Shri Bijoy Singh Nahar :

এটা পাবলিক ইনটারেস্টে আমি বলতে পারব না।

Shri Nani Bhattacharjee :

মাননীয় মহোদয় কি বলবেন যে ডি. আই. রুলস অনুসারে যখন ধর্মঘট ও লক-আউট বেআইনী করে দেওয়া হয়েছে, ঐ ২৭টি কনসার্ন-এ, তখন শ্রমিক এবং কর্মচারীদের যে সমস্ত অভাব অভিযোগ আছে তা দূর করবার জন্য কোন স্পেসিয়াল গ্রিভেন্স প্রোসিডিওর এই সমস্ত কারখানাগুলিতে অবলম্বন করা হয়েছে কী?

Shri Bijoy Singh Nahar :

এ সম্বন্ধে যখন কোন গ্রিভেন্স আসে আমাদের ডিপার্টমেণ্ট সেগুলি খুব তৎপরতার সঙ্গে মিটাবার চেষ্টা করেন।

Shri Nani Bhattacharjee :

আমি আপনার কাছে ডিপার্টমেণ্টের গ্রিভেন্স প্রসিডিওরএর কথা বলছি ইণ্ডাস্ট্রিয়াল কোড অব ডিসিপ্লিন কথা বলছি। এই যে ২৭টি কনসার্নএ ডি. আই. রুলস অনুসারে ধর্মঘট ও লকআউট বেআইনী করে দিলেন সে ক্ষেত্রে আপনি ঐ গ্রিভেন্স প্রসিডিওর বা ইণ্ডাস্ট্রিয়াল কোড অব ডিসিপ্লিনের যে সমস্ত কাঠামো সেই স্পেসিয়াল প্রোসিডিওর-এ যে অভাব অভিযোগ দেখা দেয় সেগুলি তাড়াতাড়ি দূর করবার ব্যবস্থা কিছু করেছেন কিনা ঐ ২৭টি কারখানায়?

Shri Bijoy Singh Nahar :

তাড়াতাড়ি করবার ব্যবস্থা করা হয়েছে, কাঠামো ভেঙ্গে যায়নি।

Shri Narayan Choubey :

এই যে ২৭টি কারখানায় ধর্মঘট বা লক-আউট হয়েছে বলেছেন এর মধ্যে ধর্মঘট ক'টা এবং লক আউট ক'টা?

Shri Bijoy Singh Nahar :

স্ট্রাইক দুটো, আর স্ট্রাইক অ্যাণ্ড লক-আউট ২৫টি।

Shri Monoranjan Roy :

তিনি বললেন ডি. আই. রুলস এমার্জেন্সী ডিক্লেয়ার হবার পর থেকে এসেছে, কিন্তু ফিফ্থ ফেব্রুয়ারী ১৯৬৫, একটা নোটিফিকেশন নং ৫২২—১১২/১এ১এম/৬৫ দেখছি, তাতে গেঞ্জিকলকে এসেনসিয়াল পাবলিক সার্ভিস বলে ডিক্লেয়ার করা হয়েছে অর্থাৎ ধর্মঘটকে বেআইনী করে দেবার ব্যবস্থা করা হলো। সেটার সম্বন্ধে তো কিছু বললেন না ?

Shri Bijoy Singh Nahar :

মাননীয় সদস্য যে প্রশ্ন দিয়েছেন, তা স্ট্রাইক ব্যানিং সম্বন্ধে।

Shri Monoranjan Roy :

হ্যাঁ, স্ট্রাইক সম্বন্ধে। এই এমার্জেন্সী ডিক্লেয়ার করবার পর ইন ভিউ অব ন্যাশনাল এমার্জেন্সী এইগুলিকে এসেনসিয়াল পাবলিক সার্ভিস বলে ডিক্লেয়ার করা হলো তার মানে এরা ইচ্ছা করলে ধর্মঘট করতে পারবে না। অন্যান্য কারখানার শ্রমিকদের যে অধিকার আছে, তা এখানে নাই। হঠাৎ আপনাদের গেঞ্জিকলের উপর দৃষ্টি পড়লো কেন ? এটা জানতে চাই।

Shri Bijoy Singh Nahar :

আপনার প্রশ্ন ছিল গেঞ্জিকলের স্ট্রাইক ব্যানিং সম্বন্ধে, তার মধ্যে কোন ডি. আই. রুল বলে করা হয় নাই।

Shri Haridas Chakraborty :

যে ২৭টি কারখানায় ডি. আই. রুল প্রয়োগ করেছেন তার মধ্যে একটি প্রশ্নোত্তরে বললেন দুটিতে স্ট্রাইক করেছে ২৫টিতে স্ট্রাইক এ্যাণ্ড লক-আউট। যে দুটি লক-আউট করে নাই তার নাম বলবেন কী ?

Shri Bijoy Singh Nahar :

জয় ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস এতে কেবল আমরা স্ট্রাইক ব্যান করেছি।

Kharagpur Health Centre

***280.** (Admitted question No. *1740.) **Shri Narayan Choubey :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government have started a Health Centre at Kharagpur Town;

(b) whether the Government have any proposal to start a Chest Clinic attached to the said Health Centre; and

(c) if so, when it will be started ?

Shrimati Purabi Mukhopadhyay :

(a) Yes, a Health Unit has been started.
(b) Yes.
(c) No. date has been fixed.

Shri Narayan Choubey :

এই যে হেলথ ইউনিট সুরু করা হয়েছে এর রিজিওনাল প্ল্যান কি ছিল ? অর্থাৎ ওখানে কি কি করার কথা ছিল ?

Shrimati Purabi Mukhopadhyay :

ওখানে আউটডোর ডিসপেনসারী, মেটারনিটি সেণ্টার, চাইল্ড ওয়েলফেয়ার, চেস্ট ক্লিনিক এবং ক্লিনিক্যাল লেবরেটরী ইত্যাদি হবার কথা ছিল।

Shri Narayan Choubey :

এর মধ্যে কোনটা ফাংসান করছে আর কোনগুলি ফাংসান করছে না ?

Shrimati Purabi Mukhopadhyay :

শুধু চেস্ট ক্লিনিক ফাংসান করছে না।

Shri Narayan Choubey :

আর বাকিগুলি ফাংসান করছে ?

Shrimati Purabi Mukhopadhyay :

হ্যাঁ।

Shri Narayan Choubey :

ওখানে সব শুদ্ধ কয়জন ডাক্তার রাখবার কথা ছিল ?

Shrimati Purabi Mukhopadhyay :

তিনজনের কথা ছিল ; কিন্তু একজন আছে।

Shri Narayan Choubey :

তিনজনের মধ্যে একজন ডাক্তার দিয়ে কি মেটারনিটি সেণ্টার, ফ্যামিলি প্ল্যানিং, আউট ডোর ইত্যাদি ভাল চলছে ?

Shrimati Purabi Mukhopadhyay :

একজন ডাক্তার দিয়ে আপাততঃ চলছে, আর একজনের পোস্টিং অর্ডার দেওয়া হয়েছে। তিনি এখনো জয়েন করেন নাই।

Jalpaiguri Pharmacy Training Centre

***281** (Admitted question No. *1615.) **Shri Ramendra Nath Dutta :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি ফার্মেসী ট্রেনিং সেণ্টারে বর্তমানে কোন্ ক্লাশে কতগুলি ছাত্র পড়ে ;

(খ) উক্ত সেণ্টারের আসন সংখ্যা কত ; এবং

(গ) উক্ত ট্রেনিং সেণ্টার হইতে পাশ করার পর তাহাদের সরকারী চাকুরীতে নিয়োগ করার কোন ব্যবস্থা আছে কি না ?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) প্রথম বার্ষিক শ্রেণীতে ২১ জন ও দ্বিতীয় বার্ষিক শ্রেণীতে ২১ জন।

(খ) প্রতি শ্রেণীতে ৫০টি করিয়া মোট ১০০টি।

(গ) উক্ত ট্রেনিং সেণ্টার হইতে পাশ করা ছাত্রদের অন্যান্য যোগ্যতা থাকিলে সরকারী পদে নিয়োগ করার ব্যবস্থা আছে।

Shri Birendra Kumar Maitra:

এই যে ফার্মেসী সেণ্টার আছে, তাতে ছাত্রদের থাকবার কোন সরকারী ব্যবস্থা আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

৫০ জন ছাত্র থাকাবার মত হোস্টেল আছে।

Shri Amarendra Nath Roy Prodhan:

এই যে "অন্যান্য যোগ্যতার" কথা বললেন সেই অন্যান্য যোগ্যতা বলতে কি বোঝাচ্ছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

চাকরীর জন্য যে যোগ্যতা প্রয়োজন।

[1-30—1-40 p.m.]

Shrimati Purabi Mukhopadhyay:

ফার্মাসিউটিক্যাল সার্টিফিকেট থাকলেই যোগ্যতা অর্জন করা হয় না। চাকুরীর যোগ্যতা অর্জনের ক্ষেত্রে প্রয়োজন মিনিমাম স্ট্যাণ্ডার্ড অব এডুকেসন এবং শারীরিক যোগ্যতা এবং সেই কারণেই অন্যান্য যোগ্যতার কথা বলা হয়েছে।

Shri Narayan Choubey:

পুলিশ রিপোর্ট লাগবে না?

Shrimati Purabi Mukhopadhyay:

প্রয়োজন হলে লাগবে।

Shri Sanat Kumar Raha:

এখানে ৫০টি ছাত্রের জন্য ছাত্রাবাস আছে বললেন। আমার প্রশ্ন হচ্ছে এত কম সংখ্যক কেন?

Shrimati Purabi Mukhopadhyay:

এখন ওখানে বেশী লোক পড়তে আসছে না। ৫০টি করে ইউনিট নেবার কথা, কিন্তু আমরা এ্যাপলিকেসন পাই না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Murder Cases in West Bengal

557. (Admitted question No. 352.) **Shri Mrigendra Bhattacharyay :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ সালে পশ্চিমবঙ্গের কোন জেলায় কত জন পুরুষ, নারী এবং শিশু খুন হইয়াছিল ;

(খ) "খুন করার সাধারণতঃ কারণ কি কি" এবং "শিশু খুনের" বিশেষ কি কারণ পাইয়াছেন ; এবং

(গ) উক্ত অপরাধের জন্য কতজনকে গ্রেপ্তার করা হয় এবং কতজনের সাজা হয় ?

The Minister for Home (Police) :

(ক) ও (গ) এতদ্‌সম্পর্কে একটি বিবরণী নিম্নে উপস্থাপিত করা হইল।

(খ) সাধারণতঃ লাভের আশা, পূর্ব আক্রোশ, নারী ঘটিত চক্রান্ত, বৈষয়িক বিবাদ, পানোন্মত্ত অবস্থায় কলহ, মস্তিষ্ক বিকৃতি প্রভৃতি খুনের কারণ। শিশু খুনের বিশেষ কারণ অবৈধ জন্ম গোপন করার প্রবৃত্তি।

জেলা	খুনের সংখ্যা ১৯৬০-৬১			খুনের সংখ্যা ১৯৬১-৬২			খুনের সংখ্যা ১৯৬২-৬৩			তিন বৎসরে মোট গ্রেপ্তারের সংখ্যা	তিন বৎসরে মোট সাজাপ্রাপ্তির সংখ্যা
	পুরুষ	নারী	শিশু	পুরুষ	নারী	শিশু	পুরুষ	নারী	শিশু		
বাঁকুড়া ..	৩	৩	১	২১	৭	..	২২	৩	২	২১১	১৩
বীরভূম ..	৬	৬	..	১০	৩	২	৭	৮	২	২৪৪	৮৮
বর্দ্ধমান ..	৪২	৮	১	৩৮	১১	১	৩৫	১১	২	৩২৭	৭৭
হুগলী ..	১৯	১০	..	১৪	৯	..	২৪	১০	..	২০৩	৬০
মেদিনীপুর ..	৫৩	১২	..	২৪	১৬	..	৩১	১৪	..	২৯৬	৬৭
পুরুলিয়া ..	২৫	৭	১	২১	৮	..	১২	১১	৪	৩২৫	৫১
২৪-পরগণা ..	৭০	১০	..	৫৭	১০	৬	৬০	১৬	..	..	৬০
মুর্শিদাবাদ ..	৩৭	৯	..	৩১	১	১	৩৩	২	১	২৮৯	১০০
নদীয়া ..	১৩	১০	৩	১৬	১	..	১৯	৩	..	২৩৪	৮২
হাওড়া ..	২১	১	..	২৩	২	..	২৪	২	..	১১৭	৪৪
হাওড়া রেল পুলিশ ..	২	..	১	৩	১	২	১	১	..	..	..
শিয়ালদহ রেল পুলিশ ..	১	..	..	১	১	..	৩	১	..	২৮	৮
শিলিগুড়ি রেল পুলিশ ..	১	..	..	..	..	..	..	..	..	৬	..
পশ্চিম দিনাজপুর ..	১৪	৪	..	১৪	৩	..	১৪	৪	..	১৪৫	৪
জলপাইগুড়ি ..	৫১	১০	..	৫৯	৭	..	২৭	৯	..	১৬৩	৪৭
মালদহ ..	১৭	৭	..	৮	৫	..	২১	৬	..	২২৮	৭
কুচবিহার ..	৮	২	..	৪	২	..	১৫	১	..	৯৯	১৯
দার্জিলিং ..	১৪	১	১	১৩	৩	২	১৪	১	২	৭১	১২
কলিকাতা ..	৪২	৮	..	২৪	৬	..	২৬	১০	..	১৯০	৭৮

Upgrading of High Schools in West Bengal

558. (Admitted question No. 884.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে এই বৎসর (১৯৬৪-৬৫) বর্তমান সময় পর্যন্ত কতগুলি উচ্চ বিদ্যালয়— উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত হইয়াছে; এবং

(খ) মেদিনীপুর জেলার ঐ প্রকারের কোন্ কোন্ বিদ্যালয় কি কি বিষয়ে ঐ ভাবে উন্নীত হইয়াছে?

The Minister for Education:

(ক) ১৯৬৪ সালে ১২২টি উচ্চ বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হইয়াছে। ১৯৬৫ সালে অনুমোদন দানের কার্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ এখনও পর্যন্ত শেষ করেন নাই।

(খ) এই সম্বন্ধে একটি তালিকা উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 558.

List of Class XI Schools recognised with effect from Ist January, 1964.

Name and address of the School and Stream.

Midnapore (Boys)

(1) Anandapur High School, P.O. Anandapur—Hum.

(2) Chaipat High School, P.O. Chaipat—Hum.

(3) Chandri Chandra Sekhar High School, P.O. Chandri—Hum.

(4) Chanserpur High School, P.O. Chanserpur—Hum. and Sc.

(5) Dhanyasree K. C. High School, P.O. Srikrishnapur—Hum. and Sc.

(6) Khajra S. C. Memorial High School, P.O. Kushumgram—Hum. and Sc.

(7) Khalisabhanga High School, P.O. Contai—Hum. and Sc.

(8) Lalgarh Ramkrishna Vidyalaya, P.O. Lalgarh—Hum.

(9) Majilapur Birendra Vidyapith, P.O. Dakshin Dauki—Hum.

(10) Narayanbar High School, P.O. Narayanbar—Hum.

(11) Purba Chilka Lal Chand High School, P.O. Mahadol—Hum. and Sc.

(12) Shyamsundarpur Patra High School, P.O. Shyamsundarprur—Hum. and Sc.

(13) Subhaspalli Janakalyan Vidyapith, P.O. Kharagpur—Hum.

Midnapore (Girls)

(1) Amartala Gatimadhab Balika Vidyalaya, P.O. Bar-Basudevpur—um. and Sc.

(2) Bajitpur Saradamoni Balika Vidyalaya, P.O. Bar-Basudevpur—Hum.

(3) Jhargram Shri Ramkrishna Sarada Peeth for Girls, P.O. Jhargram—um.

(4) Nandigram B. M. Girls' High School, P.O. Nandigram—Hum.

(5) Palpara Yogoda Satsanga Balika Vidyalaya, P.O. Palpara—Hum. ıd Sc.

(6) Reapara Sri Sidyanath Balika Vidyamandir, P.O. Reapara—Hum.

(7) Indu Balika Vidyalaya, P.O. Kharagpur—Hum. and Sc.

Forest Guards of West Bengal

559. (Admitted question No. 1254.) **Shri Monoranjan Bakshi:**

বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কোন জেলায় কত সংখ্যক ফরেষ্ট গার্ড আছেন;

(খ) ইহাদিগকে দিবা ও রাত্রি ভাগে কতক্ষণ ডিউটি করিতে হয়; এবং

(গ) কত পরিমাণ বন জঙ্গল একজন গার্ডকে রক্ষণাবেক্ষণ করিতে হয়?

The Minister for Forests:

(ক)

২৪-পরগণা জেলা	৩৯
নদীয়া	১২
মুর্শিদাবাদ	১০
বর্ধমান	৭২
হুগলী	৫
বাঁকুড়া	২৪২
বীরভূম	৭১
মালদহ	১২
পশ্চিম দিনাজপুর	১০
দার্জিলিং	২৮৩
জলপাইগুড়ি	২৬৪
কুচবিহার	৭৩
মেদিনীপুর	৩১৯
পুরুলিয়া	১৩৩
মোট	১৫৪৫

(খ) বনরক্ষীদের ডিউটির সময় ধার্য নেই। পুলিশ কনস্টেবলদের মতই তাঁদের ডিউটি দিতে হয়। ২৪ ঘণ্টাই তাঁদের কাজের জন্য সতর্ক থাকতে হয়, প্রয়োজন পড়লে ডিউটি করতে যাবার জন্য।

(গ) এককভাবে বনরক্ষীর কোন কর্মভার নেই। তারা ২ থেকে ৪ জন যৌথভাবে প্রা ৫ থেকে ১০ বর্গ মাইল পরিমাণ বন পাহারা দিয়ে থাকে।

Health Centre at Mohabani, Midnapore

560. (Admitted question No. 1293.) **Shri Bankimchandra Roy:**

গত ২০-৮-৬৪ তারিখে প্রদত্ত অতারকিত প্রশ্ন নং ৪১০ (এ্যাডমিটেড প্রশ্ন নং ১০৪১) প্রশ্নের উল্লেখ করিয়া স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কেশপুর থানার শহীদ ক্ষুদিরাম বসুর জন্মভূমি মোহবনি গ্রামে যে স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন ছিল সে বিষয়ে সরকার বর্তমানে কি ব্যবস্থা অবলম্বন করিতেছে?

The Minister for Health:

পরিকল্পনাটি সরকারের বিবেচনাধীন আছে।

Rate of fuel sold from Government Forests in Burdwan District

561. (Admitted question No. 1464.) **Shri Monoranjan Bakshi:**

বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলায় কোন ফরেস্ট রেঞ্জের অধীনস্থ বন হইতে গত ১৯৬৪ সালের জানুয়ারি মাস হইতে এ পর্যন্ত শাল ইত্যাদি গাছের জ্বালানী কাঠ কত দরে বিক্রয় হয়?

The Minister of State for Forests:

জ্বালানী দু'ভাবে বিক্রয় হয়, নিলামে এবং নির্ধারিত মূল্যে।

(১) নিলামে বিক্রয় দ্বারা প্রাপ্ত দর নিম্নরূপ—
দুর্গাপুর রেঞ্জের প্রতি একর পরিমিত জঙ্গলের মিশ্রিত কাঠ—১০১ টাকা।
পানাগড় রেঞ্জে প্রতি একর পরিমিত জঙ্গলের মিশ্রিত কাঠ—৮৩ টাকা।
গুস্করা রেঞ্জে এক গরুর গাড়ী বোঝাই মিশ্রিত কাঠ—৫ টাকা ৩১ পয়সা।

(২) নির্ধারিত মূল্যে বিক্রয় জ্বালানী কাঠের দর—

শুকনা কাঠ

(দৈনিক) বোঝা পিছু—২ পয়সা।
(মাসিক) বোঝা পিছু—২৫ পয়সা।
(দৈনিক) গরুর গাড়ী পিছু—২ টাকা ৫০ পয়সা।

শালতালি ঝোর

(দৈনিক) বোঝা পিছু—৪ পয়সা।
(মাসিক) বোঝা পিছু—৪০ পয়সা।
(দৈনিক) গরুর গাড়ী পিছু—১ টাকা ৫০ পয়সা।

কাঠ ঝাটি ও কাঁটাগাছ

(দৈনিক) বোঝা পিছু—২ পয়সা।
(মাসিক) বোঝা পিছু—২৫ পয়সা।
(দৈনিক) গরুর গাড়ী পিছু—১৯৬৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত ২৫ পয়সা ছিল, অক্টোবর হইতে বৃদ্ধি পাইয়া এখন ১ টাকা হইয়াছে।

রচি ঝাটি

(দৈনিক) বোঝা পিছু—২ পয়সা।
(মাসিক) বোঝা পিছু—২৫ পয়সা।
(দৈনিক) গরুর গাড়ী পিছু—১ টাকা।

Permanent and Budli hands in the Jute Mills

562. (Admitted question No. 1477.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state —

(a) the actual number of Permanent and Budli hands in the Jute Mills in West Bengal; and

(b) total number of Jute Mills in West Bengal?

The Minister for Labour:

(ক) স্থায়ী শ্রমিক ১৩৭,৮০০ জন। বদলী শ্রমিক (স্পেশাল ও রেজিস্টার্ড) ৫৯,৩০০ জন।
(খ) পাটকল কোম্পানীর সংখ্যা ৬৪। মোট মিল ইউনিটের সংখ্যা ৭৬।

Wakf Estate lands in Raiganj

563. (Admitted question No. 1538.) **Shri Ramendranath Dutt:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জ থানায় ওয়াকফ স্টেটের ১৯৪৭ সনে কত জমি ছিল;

(খ) রায়গঞ্জ মিউনিসিপ্যাল এলাকার মধ্যে উক্ত স্টেটের ১৯৪৭ সনে কত জমি ছিল;

(গ) বর্তমানে উক্ত স্টেটের উক্ত স্থানগুলিতে কত জমি রহিয়াছে; এবং

(ঘ) উক্ত স্টেট হইতে কোন্ কোন্ ব্যক্তিকে কোন্ কোন্ স্থানে সনে কত পরিমাণ জমি উক্ত অঞ্চল হইতে বিক্রয় অথবা বিলি করা হইয়াছে?

The Minister for Judicial:

(ক) ১৯৪৫ সালে তালিকাভুক্ত ১০৬১৯ নং ওয়াকফ স্টেটের জমির পরিমাণ ১২৯.৩২ একর। অতঃপর ১৫-৫-৪৭ তারিখে কৃত ওয়াকফ দলিল বিশিষ্ট আর একটি ওয়াকফ স্টেট ১৯৫৫ সালে তালিকাভুক্ত হয়। ইহার নং ১২৬৭১ এবং জমির পরিমাণ .০৫৭৬ দশমিক।

উক্ত দুইটি ওয়াকফ স্টেটের মোট জমির পরিমাণ (১২৯.৩২+.০৫৭৬)=১২৯.৩৭৭৬ একর।

(খ) দেখা যায় যে ১০৬১৯নং তালিকাভুক্ত ওয়াকফ স্টেটের মিউনিসিপ্যাল এলাকায় অবস্থিত জমির পরিমাণ .১৩০০ দশমিক এবং ১২৬৭১ নং তালিকাভুক্ত ওয়াকফ স্টেটের মিউনিসিপ্যাল এলাকায় জমির পরিমাণ .০৫৭৬ দশমিক।

উক্ত দুইটি ওয়াকফ স্টেটের মিউনিসিপ্যাল এলাকায় অবস্থিত জমির পরিমাণ সর্বমো (.১৩০০+.০৫৭৬)=.১৮৭৬ দশমিক।

(গ) প্রয়োজনীয় তথ্যাদি বর্তমানে জানা নাই। তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

(ঘ) প্রয়োজনীয় তথ্যাদি বর্তমানে জানা নাই। তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

Relief in Manteswar and Purbasthali Police-stations

564. (Admitted question No. 1542.) **Shri Syed Abdul Monsur Habibulla:**

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মন্তেশ্বর থানা এলাকায় ১৯৬৪-৬৫ সনে বর্তমান সময় পর্যন্ত রিলিফ বাবদ কত টাকা খরচা হয়েছে ও পার্শ্ববর্তী পূর্বস্থলী থানাতেই বা কত খরচ হয়েছে?

The Minister for Relief:

মন্তেশ্বর থানা এলাকায় ১,০৬,২২১ টাকা এবং পূর্বস্থলী থানা এলাকায় ৩,৩০,৯২৪ টাকা।

Government help to the Scheduled Caste students in Bankura district

565. (Admitted question No. 1559.) **Shri Radhika Dhibor:**

আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার তফসিলী ছাত্রগণ যাহারা সরকার হইতে সাহায্য লাভ করিয়া তাহাদের নাম ও ঠিকানা; এবং

(খ) ঐ ছাত্রগণ কি কি বাবদে কত সাহায্য পাইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) প্রশ্নকর্তা কোন্ বৎসরের তথ্য চাহেন তাহা প্রশ্নটিতে উল্লেখ নাই। যদি ধরিয়া লওয়া যায় যে তিনি ১৯৬৪-৬৫ সাল সম্বন্ধে তথ্য চাহিয়াছেন তবে উহা এখন সরবরাহ করা সম্ভব নয়, কারণ চলতি বৎসরের জন্য অর্থ মঞ্জুরী এখনও চলিতেছে এবং ৩১এ মার্চ, ১৯৬৫ তারিখ পর্যন্ত চলিবে।

(খ) উপরোক্ত কারণে এই প্রশ্ন উঠে না।

Daily wages for Agricultural Labourers in Midnapore district

566. (Admitted question No. 1562.) **Shri Ananga Mohan Das:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিভিন্ন থানায় কৃষি শ্রমিকদের দৈনিক মজুরী সরকার হই নির্দিষ্ট করা হইয়াছে কিনা;

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে উহা কত; এবং

(গ) কি পদ্ধতিতে উক্ত মজুরী নির্ধারণ করা হয়?

The Minister for Labour:

(ক) হ্যাঁ। ন্যূনতম মজুরী আইনানুসারে প্রত্যেক মহকুমার কৃষি শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরী নির্ধারণ করা হইয়াছে।

(খ)

দৈনিক হার	আহার ও বাসস্থান সহ মাসিক হার
তমলুক ও ঘাটাল মহকুমা	তমলুক ও ঘাটাল মহকুমা
প্রাপ্তবয়স্ক পুরুষ	প্রাপ্তবয়স্ক
টা ১.৭৫ হইতে টা ২.০০।	২৩ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী	
টা ১.৬২ হইতে টা ১.৮৭।	
অপ্রাপ্তবয়স্ক	অপ্রাপ্তবয়স্ক
১টাকা।	১৩ টাকা।
মেদিনীপুর সদর, কাঁথি ও ঝাড়গ্রাম মহকুমা	মেদিনীপুর সদর, কাঁথি ও ঝাড়গ্রাম মহকুমা
প্রাপ্তবয়স্ক পুরুষ	প্রাপ্তবয়স্ক
টা ১.৬২ হইতে টা ১.৮৭।	২০ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী	
টা ১.৫০ হইতে টা ১.৭৫।	
অপ্রাপ্তবয়স্ক	অপ্রাপ্তবয়স্ক
৯৪ পয়সা।	১১ টাকা।

(গ) ন্যূনতম মজুরী নির্ধারণের জন্য কমিটি গঠন করিয়া উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী। থবা ন্যূনতম মজুরী নির্ধারণ সংক্রান্ত সরকারী প্রস্তাব প্রজ্ঞাপনের পর সংশ্লিষ্ট ব্যক্তি ও স্থাসমূহের মতামত বিবেচনার পর। উপরোক্ত ক্ষেত্রে দ্বিতীয় পদ্ধতি অনুসরণ করা হইয়াছে।

Rural allowance to the Medical officers

567. (Admitted question No. 1569.) **Shri Radhanath Das Adhikary:**

স্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মফঃস্বল হাসপাতালগুলিতে যে সমস্ত ডাক্তার থাকিবেন, তাঁহাদিগকে গ্রাম্য ভাতা হিসাবে মাসিক ৭৫ টাকা দেওয়া হইবে;

(খ) সত্য হইলে, উক্ত টাকা দেওয়া হইতেছে কি না; এবং

(গ) না দেওয়া হইলে কবে হইতে দেওয়া হইবে?

The Minister for Health:

(ক) (খ) ও (গ) এই রকম একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

Homestead land loan to Scheduled Castes and Tribes in Hooghly district

568. (Admitted question No. 1486.) **Shri Monoranjan Hazra :**

আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালের মধ্যে হুগলি জেলায় মহকুমাগতভাবে তফসীলভুক্ত উপজাতি ও কর্মরত তফসীল জাতিকে বাস্তু জমি ক্রয়ের উদ্দেশ্যে কত জনকে অর্থ সাহায্য করা হয়েছে; এবং

(খ) উক্ত সাহায্য প্রাপ্ত ব্যক্তিদের নাম ও ঠিকানা কি?

The Minister of State for Tribal Welfare :

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরীর টেবিলে রাখা হইল।

Extension of the Boundary and reconstitution of the Asansol Municipality

569. (Admitted questions No. 1528.) **Shri Bejoy Pal :**

স্বায়ত্তশাসন ও পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি আসানসোল পৌরসভার সীমানা বর্ধিত করা হইয়াছে;

(খ) সত্য হইলে কোন্ কোন্ গ্রাম ও মৌজা এই বর্ধিত সীমানার অন্তর্ভুক্ত করা হইয়াছে;

(গ) পূর্বে পৌরসভার সীমানা কত বর্গমাইল ছিল এবং বর্ধিত হইয়া বর্তমানে কত হইল;

(ঘ) কবে পৌরসভার নির্বাচিত বোর্ডকে খারিজ করা হইয়াছিল;

(ঙ) খারিজ (সুপারসেসন) করার কারণগুলি কি;

(চ) সুপারসেসন রদ করিয়া নির্বাচন করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা;

(ছ) পৌরসভা খারিজ করিবার পূর্বে কতগুলি নির্বাচন কেন্দ্র ছিল এবং কত জন কমিশনার নির্বাচিত হইত;

(জ) বর্তমান নির্বাচন কেন্দ্রকে বৃদ্ধি করা হইয়াছে কিনা; এবং

(ঝ) বৃদ্ধি হইয়া থাকিলে কতগুলি নির্বাচন কেন্দ্র বৃদ্ধি করা হইয়াছে এবং মোট কত জন কমিশনার নির্বাচিত হইবে?

The Minister for Local Self-Government :

(ক) হ্যাঁ।

(খ) গোপালপুর, কুমারপুর, নরসামুদা, শান্তা, নরসিংবাঁধ, ইসমাইল, আসানসোল, মহিশিলা, কালিপাহাড়ী ও দক্ষিণধাদকা মৌজাগুলির উন্নত এলাকাসকল বর্ধিত সীমানার অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(গ) পূর্বে আসানসোল পৌরসভার আয়তন ছিল ৪.২৫ বর্গমাইল। সম্প্রসারণের পর আসানসোল পৌরসভার আয়তন ৭.৭৩ বর্গমাইল হইয়াছে।

(ঘ) ১৯৫৭ সালের ৭ই মে।

(ঙ) আসানসোল পৌরসভার খারিজ (সুপারসেসন) করার কারণগুলি ১৯৫৭ সালের ৭ই মে তারিখে কলিকাতা গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সরকারের ২৯৯৩।এম ১এম-৪১।৫৫ নং তারিখ ৬ই মে ১৯৫৭ সংকল্পে (রিজিলিউশন) লিপিবদ্ধ করা হইয়াছিল। ঐ সংকল্পের একটি প্রতিলিপি লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

(চ) সীমানা সম্প্রসারণের পর পৌরসভার নির্বাচন কেন্দ্রের সীমানা পুনরায় নির্ধারণের (রিডেলিমিটেশান) প্রয়োজন হইয়াছে। ঐ সম্বন্ধে বিভাগীয় কমিশনারকে নির্দেশও দেওয়া হইয়াছে। নির্বাচন কেন্দ্রের সীমানা নির্ধারণের পর ভোটার তালিকা প্রণয়নের কাজ নির্বাচন প্রস্তুতির জন্য শুরু হইবে।

(ছ) আসানসোল পৌরসভা খারিজ করিবার পূর্বে ৭টি ওয়ার্ড নির্বাচন কেন্দ্র ছিল এবং উক্ত নির্বাচন কেন্দ্রগুলি হইতে মোট ২০ জন কমিশনার নির্বাচিত হইত।

(জ) হ্যাঁ।

(ঝ) ২৫টি (ওয়ার্ড) নির্বাচন কেন্দ্র এবং মোট ২৫ জন কমিশনার নির্বাচিত হইবেন।

Calling Attention to Matter of Urgent Public Importance

Mr. Speaker: I have received one notice of Calling Attention from Shri Girish Mahato on the death of a person following riot in an opera at Bishnupur, in the district of Bankura. The Hon'ble Minister-in-charge may make a statement today, if possible, or give a date for making the statement.

Shri Prafulla Chandra Sen: On Wednesday:

Leave of absence

Mr. Speaker: Applications have been received from Shri Gakul Behari Das, Shri Suchand Soren, Shri Lakhan Bagdi and Shri Jaleswar Hansda for permission of the Assembly to absent themselves from its meetings. I take it that the leave is granted to them.

Non-availability of school text books in Darjeeling district

Shri Bhadra Bahadur Hamal:

াননীয় স্পীকার মহাশয়, এডুকেসন মিনিস্টার এখানে নেই বলে আমি চিফ মিনিস্টার-এর দৃষ্টি াকর্ষণ করছি। দার্জিলিং থেকে চিঠি পেয়েছি যে সেখানে ছেলেরা পড়বার বই পায় না এবং াই কারণে আমি এনকোয়ারি করতে গিয়ে দার্জিলিং-এ ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর-এর অফিসে র্যন্ত গিয়েছিলাম। মার্চমাস থেকে স্কুল খুলেছে কিন্তু দার্জিলিং-এ গার্জিয়ানরা ঘুরে ঘুরে ইংলিশ ডার প্রাইমারী বইখানা পাচ্চে না। ওখানে তাঁরা বলছেন আমরা কিছু বলতে পারি না—১৫ ন বা ১ মাস পর পাওয়া যেতে পারে। কাজেই আমি জানতে চাই বই পাঠাতে পারবেন কিনা কি ব্যবস্থা হবে?

Repair of G.T. Road in Howrah

Shri Anadi Das:

ননীয় স্পীকার মহাশয়, হাওড়ায় জি. টি. রোড দিনের বেলায় সারান হচ্চে এবং তার ফলে তিদিন শত শত গাড়ী ঘণ্টার পর ঘণ্টা আটকে থাকছে রাস্তা জাম থাকার জন্য হাজার হাজার াসেঞ্জারের অসুবিধা হচ্ছে। কাজেই আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, াগে যেমন কোলকাতা শহরে রাত্রে রাস্তা সারান হোত সেই রকম যদি রাত্রে সারান হয় ং সারাবার পরস্থা এরকম ব্যবস্থা করা হয় যাতে গাড়ীগুলো জাম হয় না তাহলে অনেক াকের উপকার হয়। এই জাম হবার দরুন ৫৪ নম্বর বাস-এর দুজন ড্রাইভার আমাকে

বলল জাম হবার দরুণ আমরা যেতে পারছি না, অথচ গুমটিতে আমাদের টাইম দিতে হ এবং দেরী হলে ফাইন দিতে হয়—কাজেই আমরা গাড়ী চালাব না। এই কারণে তাদে ডি. আই. রুল-এ ধরা হয়েছে, পরে অবশ্য কোর্টে জামিন পেয়েছে। কাজেই এই ব্যাপা আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

DEMANDS FOR GRANTS

GRANT NO. 38

Major Head : 64—Famine Relief

Shrimati Abha Maiti: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,23,75,000 be granted for expenditure under Grant No. 38, Major Head : "64—Famine Relief".

Shrimati Abha Maiti:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কয়েক বৎসর ধ'রে এই সভার বাজেট অধিবেশনে ত্রাণ দপ্তরের ব্যয় বরাদ্দ প্রস্তাব উত্থাপন করার সময় এই দপ্তরের কার্য্যাবলী সম্পর্কে আলোচনা ক'রে এসেছি। এই অধিবেশনেও আজ ত্রাণ খাতে আগামী বৎসরের ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপনের সুযোগে আমি ত্রাণ দপ্তরের ১৯৬৪-৬৫ সালের কার্য্যাবলী এবং আগামী বৎসরের কার্য্যসূচী সম্পর্কে আলোচনা করতে চাই।

১৯৬৪-৬৫ সালের কার্য্যাবলী মোটামুটি দুই শ্রেণীতে ভাগ করা যায়, যথা—(১) সাধারণ ত্রাণ ব্যবস্থা,

(২) সমকালীন বিশেষ কোন জরুরী অবস্থা হ'তে উদ্ভূত পরিস্থিতিতে আপৎকালীন ত্রাণ ব্যবস্থা, যথা (ক) ১৯৬৪ সালের জানুয়ারী মাসের দাঙ্গায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্য পুনর্বাসনের ব্যবস্থা, (খ) পূর্ব পাকিস্তান হ'তে নবাগত উদ্বাস্তদের জন্য প্রাথমিক সাহায্যে ব্যবস্থা এবং (গ) ব্রহ্মদেশ প্রত্যাগত উদ্বাস্তদের সাহায্য ও পুনর্বাসন ব্যবস্থা।

এই রাজ্যের বিভিন্ন জেলায় স্থানে স্থানে অন্যান্য বৎসরের ন্যায় বর্তমানে আর্থিক বৎসর নানাবিধ প্রাকৃতিক বিপর্যয় দেখা দেয়। কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিম দিনাজপু ও মালদহ জেলার কোন কোন অংশে বন্যা, নদীয়া, কোচবিহার, মালদহ, পশ্চিম দিনাজপু জলপাইগুড়ি, মেদিনীপুর প্রভৃতি জেলায় ঝড়, ঝঞ্ঝা বা ঘূর্ণিবাত্যা এবং মালদহ জেলায় গ ও কালিন্দী নদীর ভাঙ্গন প্রভৃতির ফলে এই সকল ক্ষতিগ্রস্ত এলাকায় দুর্গতি অধিক বৃদ্ধি পায়।

বিভিন্ন কারণে উদ্ভূত দুর্দশা লাঘবের জন্য সাধারণ ত্রাণ ব্যবস্থা খাতে গত এপ্রি মাস থেকে ২১-২-৬৫ তাং পর্য্যন্ত রাজ্য সরকার খয়রাতি সাহায্য হিসাবে নগদে খাদ্যশস্যে মোট ২ কোটি ৯১ লক্ষ টাকা বিতরণ করেছেন। প্রতি মাসে গ ১৮,৩২,৪২৯ ইউনিটকে বা প্রায় সাড়ে ৪ লক্ষ ব্যক্তিকে এই সাহায্য দেওয়া হয়েছে। খয়রা সাহায্যের উপর সম্পূর্ণরূপে নির্ভর না করে বেকার অথচ কর্মক্ষম মজুররা যাতে নিজেদে শ্রমের বিনিময়ে জীবিকা অর্জন করতে পারে সেই জন্য নানাবিধ সহায়ক কার্য্যের মাধ্য তাদের কাজের সংস্থান করা হয়েছে। গত এপ্রিল মাস থেকে ডিসেম্বর মাস পর্য্যন্ত বিভি প্রকার সহায়ক কার্য্যের মাধ্যমে ৫১,৫০,২৯১ ম্যানডেজ অব এমপ্লয়মেণ্ট সৃষ্টি হয়ে এবং এই সকল কাজে নিযুক্ত শ্রমিকদের মজুরী দেওয়ার জন্য নগদে এবং খাদ্যশস্যে ব হয়েছে ৯২ লক্ষ ১৮ হাজার টাকা। এই সকল কাজের দ্বারা ১৯১৯ মাইল রাস্তা মেরাম ১৮৪ মাইল নূতন রাস্তা তৈয়ারী, ১০৬টি পুষ্করিণী সংস্কার, ৫২ মাইল সেচের খাল খনন, ৫ মাইল বাঁধ মেরামত, ইত্যাদি করা হয়েছে।

গরীব চাষীদের কৃষিকাজের সুবিধার জন্য বা তাদের দুর্দশা লাঘবের উদ্দেশ্যে ৬১ লক্ষ ৭৪ হাজার টাকা কৃষিঋণ হিসাবে মঞ্জুর করা হয়েছে। এছাড়া বন্যা, ঝড়, ঝঞ্ঝা ঘূর্ণি-বাত্যা প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ বা আকস্মিক অগ্নিকাণ্ডের ফলে বহু গরীব পরিবারের বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত গৃহ মেরামতের জন্য রাজ্য সরকার ৫ লক্ষ ২৮ হাজার টাকা অনুদান হিসাবে বিতরণের জন্য মঞ্জুর করেছেন। মালদহ জেলায় গঙ্গা ও কালিন্দী নদীর ভাঙ্গনের সময় নদীর পাড়ের ঘরবাড়ী নদীগর্ভে বিলীন হয়ে যাবার পূর্বেই যাতে নিরাপদ জায়গায় স্থানান্তরিত করা যায়, তজ্জন্য আনুসাঙ্গিক খরচ হিসাবে বিতরণের জন্য রাজ্য সরকার ৩১,৫০০ টাকা মঞ্জুর করেছেন।

দুঃস্থ কারিগরগণ যাতে তাদের অভ্যস্ত পেশা চালু রেখে নিজেদের জীবিকা অর্জন করে যেতে পারেন সেই উদ্দেশ্যে সাহায্যকারী ঋণ হিসাবে ১৪,৮৭০ টাকা এবং অনুদান হিসাবে বিতরণের জন্য ৪৯,৬৯৮ টাকা মঞ্জুর করেছেন। এ ছাড়া দুঃস্থ পরিবারদের মধ্যে বিতরণের জন্য জামাকাপড়, কম্বল প্রভৃতি বাবদ রাজ্যসরকার ১,৫৯,০০০ টাকা ব্যয় করেছেন।

কলিকাতার দুঃস্থ পরিবারদের আর্থিক পুনর্বাসনের জন্য ১৯৬১ সালের শেষের দিকে যে প্রকল্প গ্রহণ করা হয়েছিল তাহা বর্তমান বৎসরেও চালু রাখা হয়েছে।

এই প্রকল্পের অনুরূপ একটি প্রকল্প গ্রামাঞ্চলেও চালু করার জন্য সরকার সম্প্রতি স্থির করেছেন, যার উদ্দেশ্য হল পল্লী অঞ্চলের দুঃস্থ পরিবারগণ যাতে চিরকাল অসহায় ভাবে সরকারের খয়রাতি সাহায্যের মুখাপেক্ষী না থেকে কোন না কোন প্রকার কার্যকরী পেশা বা ব্যবসায়ের দ্বারা নিজেদের জীবিকার সংস্থান করতে পারে তার জন্য প্রয়োজন মত সাহায্য করা। এই সাহায্যে সর্বোচ্চ পরিমাণ পরিবার পিছু ২৫০ টাকা এবং যথাসম্ভব নগদ টাকা না দিয়ে প্রয়োজনীয় জিনিষপত্র ক্রয় করে দেওয়া হবে। এই সাহায্য লাভের ছমাস পর্যন্ত পরিবারটি খয়রাতি সাহায্য পেতে পারবে এবং এ সময়ের মধ্যে নিজ পরিশ্রমে জীবিকা অর্জনে সমর্থ হবে। পরীক্ষামূলকভাবে প্রথমতঃ তিনটি জেলায় এক একটি গ্রামে এই প্রকল্পের কাজ চালু করা হচ্ছে।

আমি এতক্ষণ বর্তমান বৎসরে সরকার কর্তৃক আয়োজিত সাধারণ ত্রাণ ব্যবস্থা সম্পর্কে আলোচনা করলাম। এখন স্বাভাবিক প্রশ্ন উঠে আগামী বৎসরের কার্যসূচী সম্পর্কে। ত্রাণ ব্যবস্থার গুরুত্ব বা বিস্তৃতি নির্ভর করে প্রাকৃতিক বা অন্য কোন দুর্যোগে ক্ষতিগ্রস্ত দেশের জনসাধারণের অবস্থার উপর। তাছাড়া আবহাওয়া বৈষম্য সম্পর্কে কোন ভবিষ্যদ্বাণী করা নিরাপদ নয়। ফলে বাঁধা নিয়মে ত্রাণ দপ্তরের ভবিষ্যৎ কার্যসূচী প্রণয়ন করা যায় না; অতীতের অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে ভবিষ্যতের জন্য প্রস্তুত থাকতে হয়। তাই আমি আশা করি মাননীয় সভ্যগণ আমার প্রস্তাব সমর্থন করবেন এবং আমি যে বরাদ্দের জন্য অনুরোধ করেছি তা মঞ্জুর করবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আমি সংক্ষেপে আলোচনা করব ১৯৬৪ সালের দাঙ্গায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ত্রাণ ও পুনর্বাসন সম্বন্ধে। বর্তমান বৎসরে এই সকল পরিবারের আর্থিক পুনর্বাসনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। কলিকাতায় ৬৫টি ক্ষতিগ্রস্ত বস্তীর মধ্যে ৫২টি বস্তীর গৃহ নির্মাণ বা মেরামতের জন্য প্রতি ভাড়াটে পরিবার পিছু ৪০০ টাকা পর্যন্ত বস্তীর মালিকগণকে এককালীন সাহায্য দেওয়া হয়েছে। ৭৬০ জন বস্তী গৃহের মালিক ও ৭৬০০টি ভাড়াটে পরিবার এতদ্বারা উপকৃত হয়েছেন। বাকি ১৩টি ক্ষতিগ্রস্ত বস্তীতে বস্তী সংস্কার প্রকল্পের আওতায় এনে রাজ্য সরকারের আবাসন দপ্তর (Housing Deptt.) ও কলিকাতা উন্নয়ন সংস্থা (C. Imp. Trust.) ঐ সব এলাকায় বহুতল বিশিষ্ট গৃহ নির্মাণ করবেন এবং নির্মাণকার্য সম্পূর্ণ হবার পর এই সকল গৃহে বস্তীর পূর্বতন বাসিন্দাদিগকে বাসবাসের অগ্রাধিকার দেওয়া হবে স্থির হয়। অন্তর্বর্তীকালে সংশ্লিষ্ট বস্তীবাসীগণের জন্য সরকার বিকল্প বাসস্থানেরও ব্যবস্থা করেন। সরকার কর্তৃক এই সকল বস্তী দখল ও উন্নয়নের বিরুদ্ধে বস্তীর মালিকগণ হাইকোর্টে যে আবেদন করেন তন্মূলে হাইকোর্ট ইনজাংসন জারী করেন। বিষয়টি এখনও আদালতের বিবেচনাধীন আছে। নদীয়াতেও দাঙ্গায় ক্ষতিগ্রস্ত ঘরবাড়ী মেরামতের জন্য ৯৯৫৬টি পরিবারকে পরিবার পিছু

৪০০ টাকা পর্যন্ত সাহায্য দেওয়া হয়েছে, এই বাবদ রাজ্যসরকার গত ডিসেম্বর মাস পর্যন্ত কলিকাতা ও জেলায় ২৭,৩৯,৩১৮ টাকা বিতরণ করেছেন।

[1-40—1-50 p.m.]

এছাড়া গ্রামাঞ্চলে দাঙ্গায় ক্ষতিগ্রস্ত কৃষি পরিবারদের ও কারীগরগণের আর্থিক পুনর্বাসনের সাহায্যকল্পে প্রচুর পরিমাণে কৃষি ঋণ, কারিগরী ঋণ, গবাদিপশু ক্রয়, কৃষিসার ক্রয়ের জন্য ঋণ এবং বীজ, সার, গবাদি পশুর খাদ্য ও কৃষির যন্ত্রপাতি বিনামূল্যে বিতরণের জন্য ৫,০৭,৭৮৩ টাকা ব্যয় করা হয়েছে। দাঙ্গার সময় যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়ীর দোকানের জিনিষপত্র নষ্ট হয়ে গিয়েছে এবং যারা টাকার অভাবে তাদের ব্যবসায় পুনরায় চালু করতে অসমর্থ হয় রাজ্য সরকার তাহাদের সাহায্যের জন্য গ্রামাঞ্চলে প্রতি পরিবারকে অনধিক ২৫০ টাকা অনুদান হিসাবে এবং সহরাঞ্চলে প্রতি পরিবারকে অনধিক ৫০০ টাকা ঋণ হিসাবে দেওয়ার ব্যবস্থা করেন। এছাড়া মাননীয়া রাজ্যপালের ত্রাণ ভাণ্ডার থেকে ত্রাণ দপ্তরের মাধ্যমে ৯৬২ জন ক্ষুদ্র ব্যবসায়ীকে মোট ১,৬৫,৮৬৫ টাকা অদ্যাবধি বিতরণ করা হয়েছে। দাঙ্গার সময় যে সকল গরীব ছাত্র পাঠ্যপুস্তক হারিয়ে ফেলে তাদের পাঠ্যপুস্তক পুনরায় ক্রয় করার জন্য আর্থিক সাহায্য দেওয়ার ব্যবস্থা করা হয়। দাঙ্গার ফলে ক্ষতিগ্রস্ত মসজিদ, মন্দির, শিক্ষায়তন-গুলি মেরামতের জন্যও প্রয়োজনীয় ব্যবস্থা হয়েছে।

ক্ষতিগ্রস্ত কারিগরগণ যাহাতে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করে তাদের পেশা পুনরায় চালু করতে পারে তজ্জন্য পরিবার পিছু অনধিক ২৫০ টাকার আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। ইহা ছাড়া দাঙ্গায় ক্ষতিগ্রস্ত কারাখানা ওয়ার্কসপগুলির পুনর্বাসনের জন্য রাজ্যসরকারের কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তর বিভিন্নভাবে সাহায্যের ব্যবস্থাও করেছেন।

দাঙ্গায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্য ও পুনর্বাসনের জন্য রাজ্য সরকারের ত্রাণ দপ্তর ডিসেম্বর মাস পর্যন্ত বিভিন্ন খাতে ৯২,৬৮,১৯২ টাকা ব্যয় করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ব পাকিস্তান হ'তে নবাগত উদ্বাস্তু শরণার্থীর জন্য ত্রাণ দপ্তর যে সকল প্রাথমিক সাহায্যের ব্যবস্থা করেছেন আমি এখন সে সম্পর্কে কিছু বলতে চাই, যদিও আগামী ১৬ই মার্চ তারিখে আমি এ বিষয়ে বিস্তৃত আলোচনা করবো। পূর্ব পাকিস্তানে ভয়াবহ দাঙ্গাহাঙ্গামার ফলে ১৯৬৪ সালের জানুয়ারী মাস হ'তে লক্ষ লক্ষ নরনারী তাঁহাদের ভিটামাটি, সহায় সম্বল সব কিছু পরিত্যাগ ক'রে শুধুমাত্র নিরাপদ আশ্রয়ের জন্য পশ্চিমবঙ্গে চলে আসেন। এই আগমণের স্রোত এখনও শেষ হয়নি। এই সকল রিক্ত, অভাবগ্রস্ত, ভয়ার্ত নরনারীর আশ্রয়, খাদ্য, পুনর্বাসনের ব্যবস্থা করা একটি বৃহৎ জাতীয় সমস্যা। ত্রাণ দপ্তরের উপর ন্যস্ত হয় ইহাদের প্রাথমিক সাহায্যের ব্যবস্থা করা। পশ্চিমাবঙ্গে পদার্পণের মুহূর্তে ইহাদের আশ্রয় ও আহারের ব্যবস্থার জন্য সীমান্তবর্তী জেলাগুলিতে আশ্রয় শিবির খোলা হয়েছিল। এই শিবিরগুলিতে এবং শিয়ালদহ ও হাওড়া ষ্টেশনে সরকারী কর্মচারীদের মাধ্যমে এবং রামকৃষ্ণ মিশন, ভারতীয় রেডক্রশ, ভারত সেবক সমাজ, ভারত সেবাশ্রম সংঘ প্রভৃতি উওমেনস কো-অর্ডিনেসন কাউন্সিল প্রভৃতি বেসরকারী জনকল্যাণ প্রতিষ্ঠানের সহায়তায় নবাগত উদ্বাস্তুদের রান্না করা খাদ্য, চিড়া, গুড়, দুধ, জামাকাপড় প্রভৃতি অত্যাবশ্যকীয় দ্রব্যাদি বিতরণ করা হয়। এদের মধ্যে যাঁরা পুনর্বাসনের জন্য সরকারের সহায়তায় রাজ্যের বাহিরে দণ্ডকারণ্য বা অপর কোথাও যেতে চান আশ্রয়শিবিরে তাঁদের আহারের ব্যবস্থা করা হয় এবং পরে হাওড়া বা শিয়ালদহ ষ্টেশনে নিয়ে যাওয়া হয়। যাঁরা পশ্চিমবঙ্গের বাহিরে না গিয়ে রাজ্যের মধ্যেই তাঁদের কোন আত্মীয়স্বজনের আশ্রয়ে যেতে ইচ্ছা প্রকাশ করেছিলেন তাঁদের কেহ সম্বলহীন ও যাওয়ার ব্যয় বহনে অসমর্থ হ'লে তাঁদের রাহা খরচ বাবদ আর্থিক সাহায্য করার ব্যবস্থা আছে। অন্যান্য ক্ষেত্রে যদি দেখা যায় এদের মধ্যে কেহ অতীব দুঃস্থ ও অনাহারের সম্মুখীন হয়ে পড়েছে তবে তাঁহাদের জন্য খয়রাতি সাহায্যেরও নির্দেশ দেওয়া হয়েছে। এই সকল নবাগত উদ্বাস্তুদের প্রাথমিক সাহায্যের জন্য ত্রাণ দপ্তর গত ডিসেম্বর মাস পর্যন্ত ১৬,৪৪,৭০৯ টাকা ব্যয় করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্রহ্মদেশ হ'তে এই রাজ্যে প্রত্যাগতব্যক্তিদের সাহায্যের জন্য ত্রাণ দপ্তর যে সকল ব্যবস্থা অবলম্বন করেছেন তাহার উল্লেখ আমি এস্থলে করতে চাই ব্রহ্মদেশ থেকে যে সকল উদ্বাস্তু এই রাজ্যে অসহায় ও নিঃস্ব অবস্থায় এসেছেন, তাহাদের সাময়িক আশ্রয়ের জন্য হাসনাবাদে একটি ক্যাম্প খোলা হয়েছে। ঐ ক্যাম্পে এই সকল পরিবারকে ১ মাস পর্যন্ত রাখতে পারা যায় এবং সেই সময়ে ভারত সরকার কর্তৃক নির্দেশিত হারে তাঁদের সাহায্য দেওয়া হয়। এ পর্যন্ত এই খাতে রাজ্য সরকার ১০,০০০ টাকা মঞ্জুর করেছেন। এই সকল উদ্বাস্তুদের আর্থিক পুনর্বাসনের জন্য পরিবার পিছু ২০০০ টাকা পর্য্যন্ত ঋণ দেওয়ার ব্যবস্থা হয়েছে এবং এ পর্য্যন্ত ৯২,০০০ টাকা এই খাতে মঞ্জুর করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি আর একটি বিষয় মাননীয় সভ্যদের গোচরে আনতে চাই। এতদিন ত্রাণ দপ্তর উহার নির্দিষ্ট কর্মপন্থা অনুযায়ী ত্রাণ কার্য ক'রে যাচ্ছিলেন এবং স্বরাষ্ট্র দপ্তরের সমাজকল্যাণ শাখাও এই রাজ্যে বিবিধ প্রকার সমাজকল্যাণমূলক কাজের ব্যবস্থা করছিলেন। বৃহত্তর দৃষ্টিভঙ্গীতে দেখতে গেলে ত্রাণ ব্যবস্থাও সমাজকল্যাণমূলক কাজের অন্তর্গত। ত্রাণ ব্যবস্থা এবং সমাজকল্যাণমূলক কাজ একটি নির্দিষ্ট এবং সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে যুক্তভাবে পরিচালনার উদ্দেশ্যে ত্রাণ দপ্তর এবং স্বরাষ্ট্র দপ্তরের সমাজকল্যাণ শাখাকে এক করে "ত্রাণ ও সমাজ কল্যাণ দপ্তর" নামে একটি নূতন এবং স্বয়ংসম্পূর্ণ দপ্তর সম্প্রতি সৃষ্টি করা হয়েছে।

আমি এখন সমাজকল্যাণ শাখার কাজের একটু আভাষ দিতে চাই, যদিও আগামী ২৩এ মার্চ তারিখে "৭১ মিস" খাতে ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপন কালে এ সম্পর্কে আলোচনা করা হবে। সমাজের মধ্যে যারা দুর্বল, অসহায় এবং প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠতে অসমর্থ তারা যাতে সমাজের মহত্তর কাজে অংশ নিতে পারে, সেজন্য তাদেরকে সাহায্য করাই এই শাখার উদ্দেশ্য। এদের নানা শ্রেণীতে ভাগ করা যায়, যথা অনাথ শিশু, অবহেলিত শিশু, বিপথগামী শিশু, সহায়হীনা নারী, বৃদ্ধ ও অক্ষম, বিকলাঙ্গ, জড়বুদ্ধি, বিকৃত মস্তিষ্ক, পতিতা নারী, ভিক্ষাবৃত্তিজীবি, ভবঘুরে ইত্যাদি। 'ওয়েস্ট বেঙ্গল চিলড্রেন অ্যাক্ট ১৯৫৯ অনুযায়ী একটি শিশু আদালত, দুটি রিফরমেটরী স্কুল, একটি বোরস্টল স্কুল, একটি ইণ্ডাস্ট্রিয়াল স্কুল ও আফটার কেয়ার হোম স্থাপন করা হয়েছে। একটি ক্লাসিফিকেসন ইউনিটও স্থাপন করা হয়েছে। সেখানে সাধারণ শিক্ষা ছাড়াও, শিল্প ও বৃত্তিশিক্ষার বন্দোবস্ত করা হয়েছে। আবাসিক বিদ্যালয়গুলো থেকে ফিরে গিয়ে সমাজের মধ্যে যাতে তারা সুষ্ঠুভাবে জীবন যাপন করতে সহায়তা পায় সেজন্য প্রোবেশন সেণ্টার-এর ব্যবস্থা করা হয়েছে। অনাথা বালিকাদের জন্য একটি আবাস খোলা হয়েছে। সেখানে সাধারণ শিক্ষা, শিল্প শিক্ষা ও বৃত্তি শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। তা ছাড়া ভিন্ন ভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে অনাথ শিশুদেরকে পাঠিয়ে তাদের শিক্ষা এবং ভরণপোষণের ব্যয় সরকার থেকে দেয়া হচ্ছে। মূকবধির শিশুদের আবাসিক শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে। রায়গঞ্জে বিকলাঙ্গ শিশুদের চিকিৎসা এবং পুনর্বাসনের ব্যবস্থা করেছেন সোসাইটি অব এক্সপেরিমেণ্টাল মেডিক্যাল সাইন্স সমাজকল্যাণ শাখার আর্থিক সাহায্য নিয়ে।

দুঃস্থা অনাথা মহিলাদর জন্য একটি আবাস আছে। যে সব মহিলার উপর অবাঞ্ছিত প্রভাব পড়ার আশঙ্কা আছে কিম্বা যারা পতিতাবৃত্তি নিরোধ আইন অনুসারে ধরা পড়েন কিম্বা চিলড্রেনস অ্যাক্ট অনুযায়ী যে সকল বালিকা সরকারের হেফাজতে আসে, কিম্বা কোন মোকদ্দমার সঙ্গে সংশ্লিষ্ট থাকায় যে সব মহিলা বা বালিকার সাময়িক রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হয় তাদের জন্য লিলুয়াতে একটি আবাসও আছে। কৃষ্ণনগরে এবং বর্দ্ধমানেও শেষোক্ত শ্রেণীর মহিলাদের রক্ষণাবেক্ষণের জন্য আবাস খোলা হয়েছে। ভিক্ষাবৃত্তি নিয়ন্ত্রণের জন্য এই দপ্তরের অধীনে ছয়টি ভবঘুরে নিয়মন অধিকার আছে। যে সমস্ত এলাকায় ভিক্ষাবৃত্তি নিয়ন্ত্রণ আইন বলবৎ আছে সে সমস্ত এলাকা থেকে ভিক্ষুকদের অপসারিত ক'রে ৮টি বিভিন্ন আবাসে (ভ্যাগ্রাণ্ট হোম) রাখা হয়। এইসব ভবঘুরে আবাসে রাস্তা থেকে কুড়িয়ে পাওয়া নিরাশ্রয় ভিখারীদের সুস্থ ও স্বাভাবিক জীবন যাপন করতে অভ্যস্ত

করানো হয় এবং যারা কোন প্রকারে সমর্থ তাদের নানা রকম হাতের কাজ যথা, তাঁত, দর্জি, ছুতার, কামার, বই বাঁধাই, মৃৎশিল্প, নারিকেল দড়ি তৈরি, কৃষি ও উদ্যান রচনা ইত্যাদি শিখিয়ে সমাজ জীবনে পুনর্বাসনের সুযোগ দেওয়া হয়। এই সকল শিক্ষাপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে অনেককেই বাইরের কারখানায় বা অন্যত্র কাজের সংস্থান করে দেওয়া হয়েছে। কয়েকটি বালিকা নার্সিং শিক্ষাধীন আছে, নারী ও শিশু ভিক্ষুকাবাসে আবাসিকদের বাইরের বিদ্যালয়, এমনকি বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রয়োজন হ'লে উচ্চতর শিক্ষারও ব্যবস্থা করা হয়। তাছাড়া এই অধিকারের অধীনে একটি দুঃস্থা নারী আবাস ও কিশোর বালকদের প্রশিক্ষণের জন্য একটি শিক্ষা কেন্দ্র আছে। এ বৎসর মেদিনীপুরে একটি উৎপাদন সহ-প্রশিক্ষণ কেন্দ্র বা প্রোডাক্সন-কাম ট্রেনিং সেণ্টার খোলা হয়েছে। আগামী বৎসরে ভবঘুরেদের জন্য আরও কতগুলি নূতন আবাস, বিশেষ করে লিলুয়ায় বৃদ্ধ এবং বিকলাঙ্গ স্ত্রীলোক ভবঘুরেদের জন্য একটি ভবঘুরে আবাস স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে।

সমাজকল্যাণ শাখায় বৃদ্ধ বয়সের ভাতার প্রকল্পটি (ওল্ড এজ পেনসন স্কীম) ১৯৬৪ সালের ১লা জানুয়ারী থেকে কার্য্যকরী করা হয়েছে। ৭০ বৎসরের উর্দ্ধ বয়স্ক দুঃস্থ ও অসহায় বৃদ্ধ ব্যক্তি যাঁদের অপর কোন সঙ্গতি বা আয় নাই, তাঁরা সহরাঞ্চলে মাসিক ১৫ টাকা হিসাবে ও গ্রামাঞ্চলে ১২ টাকা হিসাবে ভাতা পেতে পারেন। সম্প্রতি এই নিয়মের কিঞ্চিত পরিবর্তন করে সরকার স্থির করেছেন যে এখন থেকে ৬৫ বৎসর ও তদুর্দ্ধ বয়সের নিঃসহায় দুঃস্থ এবং নিঃসম্বল বৃদ্ধ ব্যক্তিদের মাসিক ২০ টাকা হারে বার্দ্ধক্য ভাতা দেওয়া হবে। বিকলাঙ্গ দুঃস্থ ব্যক্তিদের ক্ষেত্রে এই বয়ঃসীমা ৬০ বৎসর এবং তদুর্দ্ধ। আমি আশা করি আমরা আগামী বৎসর আরও অধিকসংখ্যক ব্যক্তিকে এই বার্দ্ধক্য ভাতা প্রকল্পের সুযোগ দিতে পারব।

প্রতি বৎসর সমাজকল্যাণ শাখা থেকে উপযুক্ত বেসরকারী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানগুলিকে তাদের কার্য্যসূচী অব্যাহত রাখার জন্য অনুদান দেওয়া হয়ে থাকে। ১৯৬৪-৬৫ সালে বর্তমান সময় পর্যন্ত ১,২০,০০০ টাকা এই খাতে মঞ্জুর করা হয়েছে। আগামী বৎসর এই খাতে ২,৬৪,০০০ টাকা সংস্থানের প্রস্তাব করা হয়েছে।

পশ্চিমবঙ্গে সমাজকল্যাণ উপদেষ্টা পর্ষদ প্রতি বৎসর সমাজকল্যাণ শাখা থেকে পল্লী অঞ্চলে শিশু এবং মহিলাদের জন্য তাদের বিভিন্ন সমাজকল্যাণ প্রকল্প চালু রাখবার জন্য অনুদান পেয়ে থাকেন। ১৯৬৫-৬৬ সালে এইজন্য তিন লক্ষ টাকার বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী বৎসর নানাভাবে সমাজকল্যাণ প্রচেষ্টাকে প্রসারিত করার পরিকল্পনা করা হয়েছে, যথা চিলড্রেনস্ অ্যাক্ট আরও কয়েকটি জেলায় বলবৎ করা, সাপ্রেসন অব ইমমোরাল ট্রাফিক অ্যাক্ট অনুযায়ী অন্ততঃ একটি প্রোটেকটিভ হোম খোলা, কুচবিহারে অন্ধ শিশুদের জন্য একটি বিদ্যালয় খোলা, জলপাইগুড়ি জিলা শাখাটিতে প্রাপ্ত বয়স্ক মূক বধির এবং বিকলাঙ্গদের বৃত্তিশিক্ষার জন্য আবাসিক কেন্দ্র খোলা, প্রাপ্তবয়স্ক অন্ধ মূক বধিরদের শিল্পশিক্ষা ও বৃত্তিশিক্ষার জন্য কলিকাতার উপকণ্ঠে একটি কেন্দ্র খোলা, যক্ষ্মা এবং কুষ্ঠরোগ থেকে মুক্তির পর স্বাভাবিক সামাজিক জীবনে ফিরে যেতে যারা অক্ষম তাদের সাহায্যের এবং পুনর্বাসনের ব্যবস্থা করা, উপযুক্ত ক্ষেত্রে বৃদ্ধ এবং বৃদ্ধাদের জন্য আবাসের ব্যবস্থা করা, ভ্যাগ্রান্সী অ্যাক্ট আরও কয়েকটি জেলায় বলবৎ করা, ভিক্ষাবৃত্তি জীবিদের পুনর্বাসনের আরও ভাল ব্যবস্থা করা, পল্লী অঞ্চলে অর্থনৈতিক পুনর্বাসন ব্যবস্থায় আরও সুপরিকল্পিত এবং ব্যাপক প্রচলন করা ইত্যাদি।

আর একটি বিষয় উল্লেখ করে আমি আমার বক্তব্য শেষ করবো। পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইনে পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠার যে নীতি সরকার গ্রহণ করেছেন তার রূপায়ণের অন্যতম কার্যসূচী হিসাবে আগামী বৎসর হতেই জিলা পরিষদ, আঞ্চলিক পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েতের সক্রিয় সহযোগিতায় ত্রাণ কার্য্য এবং সমাজকল্যাণের বিবিধ কার্য্যকরী প্রকল্প পরিচালিত হবে।

[1-50—2 p.m.]

Mr. Speaker: All cut motions excepting cut motion No. 31 are in order and they are taken as moved.

The following cut motions were taken as moved.—

Shri Jyoti Basu: That the demand be reduced to Re. 1

Shri Gour Chandra Kundu: That the demand be reduced to Re. 1

Shri Apurba Lal Majumdar: That the demand be reduced Re. 1

Dr. Kanai Lal Bhattacharya: That the demand be reduced to Re. 1

Shri Abhoy Pada Saha: That the demand be reduced to Re. 1

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced to Re. 1

Shri Sudhir Chandra Das: That the demand be reduced to Re. 1

Shri Nikhil Das: That the demand be reduced to Re. 1

Shri Bhadra Bahadur Hamal: That the demand be reduced to Re. 1

Shri Sanat Kumar Raha: That the demand be reduced to Re. 1

Shri Nathaniel Murmu: That the demand be reduced to Re. 1

Shri Nani Bhattacharjee: That the demand be reduced to Re. 1

Shri Hemanta Kumar Basu: That the demand be reduced to Re. 1

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: That the demand be reduced by Rs. 100

Shri Sambhu Charan Ghosh: That the demand be reduced by Rs. 100

Shri Girish Mahato: That the demand be reduced by Rs. 100

Shri Tarapada Dey: That the demand be reduced by Rs. 100

Dr. Golam Yazdani: That the demand be reduced by Rs. 100

Shri Nagen Dolai: That the demand be reduced by Rs. 100

Shri Hare Krishna Konar: That the demand be reduced by Rs. 100

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100

Shri Sudhir Chandra Das: That the demand be reduced by Rs. 100

Dr. Radhanath Chattoraj: That the demand be reduced by Rs. 100.

Shri Jiban Krishna Dey:

মিঃ স্পীকার স্যার, মাননীয় রিলিফ মন্ত্রী যে বক্তৃতা দিয়েছেন আমি তা খুব মনোযোগ দিয়ে শুনলাম। তাঁর বাজেট বক্তৃতায় তিনি একটি নূতন কথা বলেছেন, যে অংশটা ভাল এ বিষয়ে কোন সন্দেহ নেই! অসুস্থ, পঙ্গু, অসহায় যে সমস্ত বৃদ্ধ ৭০ বছর হলে পর সরকরের অনুদান পেতেন এখন থেকে সেটা ৬৫ বছর হলে পরে তারা টাকাটা পাবার যোগ্য হবেন, এ বিষয়ে তিনি ঠিকই ভাল করেছেন। কিন্তু এই সঙ্গে তিনি যদি আর একটি কথা পরিবেশন করতেন যে আইনটা ছিল ৭০ বছরের লোকের জন্য পাওয়ার কথা, আমরা জানি সেই খাতে টাকা পড়ে রয়েছে। কিন্তু বহু মানুষ দরখাস্ত করে টাকা পায়নি এবং প্র্যাকটিক্যালি সেটা বন্ধ হয়ে পড়ে ছিল, বরাদ্দ টাকা ফিরে এসেছে এবং সেই রকম বৃদ্ধ অনাহারে

থাকছে। আজ পর্যন্ত তাদের কোন ব্যবস্থা হয়নি। আজকে অবশ্য ৬৫ বছরে একটা ব্যবস্থ হল। কিন্তু যদি বিভিন্ন মহলে সরকারী তৎপরতা না বৃদ্ধি পায় তাহলে ৫০ বছর হলেও লোকে পাবে না। পাবার কোন নিশ্চয়তা নেই। সুতরাং প্রথমে তৎপরতা হওয়া দরকার যার নাকি পাওয়ার যোগ্যতা আছে সে টাকা যাতে বিলি করা যায়। বিলি করার দিক থেকে ঐ ধরণের কোন মনোভাব বা বন্ধ করার দিকে যেন নজর না থাকে যেটা আমরা গত বছর লক্ষ্য করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি সরকার যে হারে খয়রাতি দিয়ে এসেছেন তার বিরুদ্ধে আমাদের বহু অভিযোগ ছিল এবং আমারও আছে। এই চলতি অধিবেশনে আমরা অনেক প্রশ্ন করেছি, তখন রিলিফ মন্ত্রী বলেছেন যে সরকারের এমন কোন নির্দেশ নেই জি. আর. যারা পেতেন তাদের জি. আর. দেওয়া কোন একটা হুকুম তিনি দেন নি। আমি আপনার কাছে এখানে তার কয়েকটি তথ্য উপস্থিত করছি তাহলে দেখা যাবে যে তিনি সঠিক কথা বলেন নি, অ্যাসেম্বলীতে তিনি ভুল কথা বলছেন এবং অ্যাসেম্বলীকে আজকে তিনি বিভ্রান্ত করেছেন। আমার মনে হয় এটা আমাদের ত্রাণ মন্ত্রী তাঁর জবাবে নিশ্চয়ই পাওয়া যাবে। এটা হচ্ছে একটা নোটিশ সাবডিভিসন্যাল অফিসার তুফানগঞ্জ তিনি বলছেন আজকে চেয়ারম্যান রিলিফ কমিটি তাকে অর্ডার দিচ্ছেন যে

"It is requested to prepare a list of extremely deserving cases from the existing G.R. list for distribution of G.R. only for preservation of life and submit the same immediately to the undersigned through the Block Development Officer, Tufanganj."

এখানে এই কথা নেই যে একটা নূতন লিস্ট তৈরী কর এবং তোমার এলাকায় কে কে না খেয়ে মরছে তার একটা লিস্ট দাও বা গভর্নমেণ্ট-এর লিস্ট-এ কেউ বাদ পড়ে থাকলে তাকে যুক্ত করে দাও। কিন্তু কি বলেছেন? এক্সিস্টিং জি. আর. রুলস তার মধ্যে কোন লোক একবারে না খেয়ে মরে যাচ্ছে তার নাম আলাদা করে দাও তা দিলে তাকে আমরা জি. আর. দেব। অর্থাৎ রিলিফ কমিটি যেটা গভর্নমেণ্ট গঠন করেছেন তার কোনো সুপারিশের মূল্য নেই রিলিফ কমিটির সুপারিশ কেউ মানতে চান না, রিলিফি কমিটিগুলির গুরুত্ব কেউ মানতে চান না। এস. ডি. ও. বা ভারপ্রাপ্ত সরকারী কর্মচারী তার ইচ্ছা এবং খুসী হল একমাত্র ব্যবস্থা যখন ইচ্ছা অর্ডার দেওয়া হয়। এস. ডি. ও. এর একটা অর্ডার ২২।১।৬৫ তারিখে সেই রিলিফ কমিটি সেই অর্ডার পাবার পর একটা প্রস্তাব দিল যে তার এলাকায় ৫০।৬০ টাকায় যখন চাল হয় যখন নাকি মানুষের অবস্থা ভয়াবহ এবং বিরাট একটা অংশের লোক যারা সমাজের নীচু স্তরের লোক, যাদের কোনরকম আয় নেই, বৃত্তি নেই, কোন খাবার সেই অসুস্থ, দুর্বল, পঙ্গু এরূপ লোক যারা বহু রয়ে গেছে, যেখানে নাকি নূতন লোক এনলিস্টেড হওয়া দরকার যখন বলা হয় আমরা কিছুই বলতে পারবো না আমাদের আরও এত লোককে দেওয়া দরকার তখন তার কোন কিছু হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয় সেই অঞ্চলের রিলিফ কমিটির সুপারিশের পরে এস. ডি. ও. কি করলে তিনি আর একটা চিঠি দিলেন টু দি চেয়ারম্যান, অঞ্চল রিলিফ কমিটি তার অর্ডার নং হ ৪৫৩,১৮.২.৬৫ এই তারিখে তারা দিচ্ছেন দি নেমস এগেনস্ট সিরিয়াল নাম্বার অ্যাজ সো ইন দি লিস্ট মে বী স্ট্রাক অফ ফ্রম দি পারমেনেণ্ট জি. আর. লিস্ট—রিলিফ কমিটি : করলেন না এস. ডি. ও. তারপর জি. আর. লিস্ট কেটে দেবার হুকুম দিলেন, তিনি f করলেন না ওয়ার্ড নং ১এতে এতগুলো ওয়ার্ড নং ২তে এত এবং ওয়ার্ড নং ৩, ৪, ৫, এ ৬এ এই এত এত করে কেটে দিলেন। চিল ধাজা ক্যাম্প যেখানে আসাম থেকে আগ বহু দুঃস্থ রিফিউজী পড়ে আছে তার যে লিস্ট সেখান থেকেও কেটে দেওয়া হল। এই হ একটা অর্ডার তা হলে দেখুন কি মূল্য এসবের আছে এবং মাননীয় মন্ত্রী মহাশয় : বলেন ও বাস্তব ক্ষেত্রে যা হয় তা হল সম্পূর্ণ বিপরীত। এই অর্ডার হল ১৮।২।৬৫ তারিে যেটা আগে কেটে দিতে বললেন, এস. ডি. ও. ২০।১।৬৫ এবং তারপর তিনি তা কে দিলেন। এই হচ্ছে অবস্থা যা আমরা বিভিন্ন মহকুমায় দেখছি। আমরা দেখছি সম্প্রতি আমাদে মহকুমায় এ জিনিষ ঘটেছে, ১২৬টি যেখানে গ্রাম আছে সেখানে শীতের সময় দুঃস্থদের মে কম্বল বিলি করা হয়েছে। আপনারা হয়ত লক্ষ্য করে থাকবেন এবার যে ,কোশ্চেনে উত্তর বিলি করা হয়েছিল তাতে হয়ত দেখে থাকবেন যে সেখানে ১২৬টি কম্বল বি

করা হয়েছে সেখানে নাকি ১২৬টি গ্রাম ছিল অর্থাৎ ১টা করে কম্বল ১টি করে গ্রামে বিলি করা হয়েছে এবং গ্রামে একটি করেই দুঃস্থ লোক রিলিফ দপ্তর খুঁজে পেয়েছেন তাকে শীতের সময় বাঁচাবার জন্য কম্বল দিতে। বাংলাদেশের অবস্থা সত্যিকারের এরূপ হত তা হলে আমরা আরও অনেক বেশী আনন্দ প্রকাশ করতে পারতাম।

[2—2-10 p.m.]

কিন্তু এরূপ কথা বলার মত কোন মুর্খ নেই যে বলতে পারে যে একটা গ্রামে একটা মাত্র গরীব লোক আছে যাকে নাকি সরকার থেকে অনুদান হিসাবে শীতবস্ত্র দেওয়া যেতে পারে। যেখানে আমরা জানি বহু রিলিফ কমিটি হয়ে গেছে কিন্তু তাদের কোন মত নেওয়া হয় না। সেখানে শিশু, বেকার, বৃদ্ধ ও নারী এবং বিকলাঙ্গ শিশু বা লোকের অন্ত নেই। সেখানে সেই সমস্ত জেলাতে বা সেই গ্রামে মাথা পিছু একটা করে কম্বল দেওয়া হচ্ছে, যদি বাড়ী পুড়ে যায় সেখানে আমরা জানি তার কি দুরবস্থা ঘটে। তার কোন কিছু থাকে না, কিন্তু সরকারী ব্যবস্থায় সাহায্য পেতে পেতে বৎসর চলে যায় বৎসরের পরেও যে টাকা দেওয়া হয় তা অতি সামান্য টাকা তা না দেওয়ারই মত যা নাকি আমাদের দপ্তর এই অল্প টাকা দেন। ত্রাণ মন্ত্রীর বক্তব্য থেকে আমরা এই কথা বুঝতে পারলুম না যে এদের মধ্যে নূতন কি ভাল ব্যবস্থা আগামী বৎসর তিনি করতে পারবেন, কি করতে পারবেন না? তৃতীয় হচ্ছে যখন ঝড় হয়, যখন বন্যা হয় আমরা জানি মানুষের তখন কি ভয়াবহ অবস্থা হয়, আমাদের যে অভিজ্ঞতা আছে, কিন্তু আমরা দেখি সেখানে বিভিন্ন বেসরকারী রিলিফ প্রতিষ্ঠান যারা রিলিফ-এর কাজ করতে যান তারা রিলিফ করতে সে ক্যাশ-এ হোক বা কাইণ্ডে-এ হোক যা তারা পারেন তা তারা দেন। কিন্তু গভর্ণমেণ্ট কি করেন তা আমরা সকলে জানি। সামান্য দুধ, কাপড় চোপড় তারা এরূপ কিছু পাইকারী ব্যবস্থা করে দেন তারপরেই তারা সেখানে লোন দেওয়া স্ুরু করে দেন, সেখানে যে এগ্রিকালচারাল লোন সেই এগ্রিকালচারাল লোন ৮।১০ খণ্ডে ভাগ করেন এবং এই ভাবে করে ২৫০ টাকার লোনকে ১০ ভাগে ভাগ করেন, করে হয়ত ২৫ টাকা করে বরাদ্দ করে ঐ রকম ১০ টা লোককে দেওয়া হয়, এই ভাবে ১ টাকা ভেঙ্গে ঐ এগ্রিকালচারাল লোনকে ভেঙ্গে ৮।১০ ভাগ করে গ্রুপ আকারে দিয়ে গভর্ন-মেণ্ট তার দায়িত্ব শেষ করে দিলেন। ২৫ টাকায় সে বন্যায় ভাসা লোক, কি ঝড়ের মধ্যে বিধ্বস্ত লোক তাকে ঐ কটা টাকার রিলিফ দিয়ে কাজ শেষ করে দিলেন। তারপর বৎসর ঘুরতে না ঘুরতেই ঐ ২৫ টাকার জন্য সুদে আসলে তাগিদ স্রুরু হয়ে গেল। ঐ ঝড়ে বিধ্বস্ত এলাকায় আমরা দেখেছি যে ১০০ টাকা যা নাকি গভর্ণমেণ্ট-এর টিন কেনবার জন্য গ্র্যাণ্ট আকারে দিয়ে যা দেওয়া উচিত ছিল তা না দিয়ে তাদের লোন হিসাবে দিচ্ছেন এবং এক বৎসর ঘুরতে না ঘুরতেই নূতন ফসল পাবার আগেই আবার আর একটা ডিপার্টমেণ্ট সেখানে গিয়ে ঐ লোন সুদে আসলে আদায় করবার জন্য ক্রোক সার্টিফিকেট জারী স্রুরু করে দিয়ে এলেন। সুতরাং বিপদের সময়ে মানুষকে টাকা পয়সা না দিয়ে গ্র্যাণ্ট হিসাবে সাহায্য না দিয়ে লোন দিয়ে সেখানে ব্যবসা স্রুরু করা হচ্ছে এবং কাবুলীওয়ালার মত সুদ সমেত টাকা নেবার এই যে নীতি, এই নীতিটা অত্যন্ত জঘন্য নীতি এর পরিবর্তন করা দরকার, বিপদে মানুষ যখন পড়ে তখন সরকার তাদের ধন প্রাণ বাঁচাবার জন্য টাকা পয়সা যা কিছু দেওয়া উচিত তা দেওয়া দরকার। কিন্তু এ দেওয়া দরকার না তাকে ঋণে আবদ্ধ করে গভর্ণমেণ্ট-এর কাছে নূতন সমস্যার মধ্যে ফেলে দেওয়া। তৃতীয়তঃ আমরা দেখছি গ্রামাঞ্চলে বেকার এক বিরাট আকার ধারণ করেছে। এই বেকার বাহিনীকে কি মেয়ে কি ছেলে আজ অন্ত হীন অবস্থায় দিনের পর দিন বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে, সরকারী হিসাব যা তাতে আমরা দেখতে পাচ্ছি যে সরকার এদের কর্মসংস্থান করতে পারেন না। সরকার যদি এদের কর্মসংস্থান না করতে পারেন তা হলে সরকার বাধ্য এই সমস্ত লোককে বেকার ভাতা দিতে যাতে নাকি তারা অন্ততঃ প্রাণে বেঁচে থাকতে পারে। কিন্তু এ গ্র্যাণ্ট-এ আমরা সে সব কিছু দেখতে পাচ্ছি না। আমরা আজকে কি দেখছি যে এই বেকার অবস্থা এমন ভয়াবহ আকার ধারণ করেছে যার ফলে কি গ্রামঞ্চলে কি সহরাঞ্চলে বহু লোক গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করছে; এখন তার বাড়ীর গঞ্জনা সে সহ্য

করতে পারে না যখন সে দেখে যে পরের দয়ার সামগ্রী হিসাবে বেঁচে থাকতে হয় বা সরকারের দুয়ারে দুয়ারে ঘুরেও কাজ পায় না তখন সে আত্মহত্যা করে। যে তা না করে তাদের মধ্যে হয়ত অনেককে দেখা যায় চোর ডাকাত হয়ে গেছে এবং তারপর আমাদের পুলিশ মন্ত্রিমহাশয় তাকে চোর ডাকাত বলে জেলে পুরে আটক করে রেখেছেন। যে মানুষ কাজ পেলে হয়ত বড় হতে পারত কিন্তু সে তা না পেয়ে আজকে এই অবস্থায় যেতে বাধ্য হচেছ, এই হচেছ আমাদের সমাজের ব্যবস্থা যেখানে তাদের কোন কাজের ব্যবস্থা নেই। আজকে হাজার হাজার লোক বেকার হয়ে যাচেছ। কাজ যদি না দেন তা হলে তাদের অন্ততঃ কিছু দেন যাতে তারা বেঁচে থাকতে পারে, কিন্তু সে ব্যবস্থা এ বাজেটে নেই। আমার কথা হচেছ সে দিক থেকে এটা একান্তই দরকার বলে আমি মনে করি, তারপর আমি যে কথা বলছিলাম বৃদ্ধদের যে ভাতা সে সম্বন্ধে আমার বক্তব্য হচেছ এই যারা পঙ্গু যারা খেটে খেতে পারে না সেই সমস্ত লোককে আজ রিলিফ দেওয়া হোক, এই সম্বন্ধে সরকার যদি অঞ্চল রিলিফ কমিটিগুলিকে অধিক প্রাধান্য দেন তা হলে ভাল হয়, কিন্তু তাদের সুপারিশ যদি না মানেন তা হলে কোন কাজ চলতে পারে না। তারপর বিকল্প একটা কাজ আছে—আমরা জানি যে সমস্ত দুর্গত এলাকা সে সব জায়গায় আপনারা যদি ঘুরতে যান তা হলে আপনারা দেখবেন যে কয়েকটা সমাজ সেবা কমিটি রয়ে গেছে তারা কাজ করছেন। এভাবে ভারত সেবক সমাজ সেই ভারত সেবক সমাজের তুফানগঞ্জে একটা শাখা আছে। সেই তুফানগঞ্জে যে কমিটি আছে সে কমিটির নামে যেখানে কংগ্রেস অফিস নেই সেখানে সেই ভারত সেবক সমাজের নামে চাঁদা আদায় করে দেশের লোকেদের এভাবে ভুল বুঝিয়ে চালান হচেছ। ঐ সমাজ সেবার নামে গভর্নমেণ্ট-এর কাছ থেকে যে টাকা পাওয়া যায় তাতে কংগ্রেসের কাজ চলে। এই ভাবে মহকুমার কংগ্রেস অফিস না থাকায় ঐ ভারত সেবক সমাজের অফিসকেই কংগ্রেসের অফিসে পরিণত করা হয়েছে এবং তার টাকাতেই চলছে। অপর দিকে আপনারা যদি কুচবিহার টাউনে যান তা হলে দেখবেন যে ডিস্ট্রিক্ট ফিসারী কো-অপারেটিভ-এর যে অফিস, সেখানেই ভারত সেবক সমাজের যে আখড়া এবং কংগ্রেসের অফিসিয়াল কার্য্যকলাপ সেখানে চলেছে। এইভাবে রিলিফ-এর টাকা কংগ্রেসকে রাখবার সুযোগ করে দেন যেটা নাকি দেবার কথা নয়। তাই আমার বক্তব্য হচেছ রিলিফ যে অঞ্চলে দেওয়া হয় যে অঞ্চলে দুর্গত লোক বেশী বাস করে সেই দুর্গত অঞ্চলে সাহায্যের পরিমাণ বাড়ান হোক। ১৯৬৩ সালে যখন বিরাট সাইক্লোন তুফানগঞ্জে হয়ে গেল তখন আমরা দেখেছি যে, যে সমস্ত লণ্ঠন সেখানে দেওয়া হয়েছিল কংগ্রেস অফিসে বসে লণ্ঠনের তলায় লাল কালিতে নাম লিখে দিয়ে সেই লণ্ঠন বিলি করা হয়েছে এবং এই ভাবেই গভর্নমেণ্ট-এর টাকায় দলীয় কাজ চালান হচেছ। আমার বক্তব্য হচেছ এই অপব্যয় সম্বন্ধে সজাগ এবং সচেতন থাকার দরকার এবং তারপর আমরা দেখি যে গ্রামাঞ্চলের দুঃস্থ লোক যারা বিভিন্ন কারণে অন্ধ হয়ে গেছে, পঙ্গু হয়ে গেছে, যারা এখুনি মরবে না তাদের খয়রাতী দেবার কোন বিধি নিষেধ এখানে নেই। এক্সট্রিমলী ডিজারভিং কেসেস—যারা তাদের কোন ব্যবস্থাও আমরা দেখতে পাই না। এস. ডি. ও. এক একটা কেস-এ এক এক রকম করে থাকেন। হয়ত দেখা গেল একটা লোকের উপরে পোরসান যে নাড়াতে পারে কিন্তু যে কথা বলতে পারে না কিম্বা চলতে পারে হয়ত একজন কিন্তু তার উপরের অঙ্গ প্রত্যঙ্গ এমন নয় যাতে সে কিছু করে তার জীবিকা অর্জন করতে পারে। কিন্তু আমরা দেখেছি এই সমস্ত লোককেও জি. আর. দেওয়া হয় না যেটা নাকি এই বাজেটে থাকা উচিত ছিল। আমরা এ ধরণের কোন লক্ষণ দেখলাম না যাতে এই সমস্ত দুঃস্থ অসহায়দের কল্যাণ হতে পারে। সেজন্য আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয় তাঁর বিভাগের ব্যয়বরাদ্দ উপস্থাপিত করতে গিয়ে আমাদের সামনে যে বক্তৃতা এবং তাঁর বিভাগের বিভিন্ন কর্মচারীদের যে সংক্ষিপ্ত রিপোর্ট রাখলেন তা আমরা সকলেই শুনলাম। বাংলাদেশে এই সমস্যা একটা বিরাট সমস্যা যদিও বাংলাদেশে বর্তমানে কোথাও দুর্ভিক্ষের অবস্থা নেই। কিন্তু এটা ঠিক যে যাকে ডিস্ট্রেস বলে সেই ডিস্ট্রেস যথেষ্ট পরিমাণে জনসাধারণের মধ্যে রয়েছে। কাজেই তার

নার এই যে বরাদ্দ এটা যথেষ্ট নয়। অবশ্য মন্ত্রী মহাশয় বলেছেন যে এ বছরে কি স্থা ঘটবে তা এখন থেকে বলা যায় না। এটা ঠিক যে আমাদের দেশে খাদ্য যথেষ্ট মাণে উৎপন্ন হলেও সেই খাদ্যের উপর আমাদের কোন হাত থাকে না সরকারের কোন ; থাকে না এবং যাদের হাতে গিয়ে খাদ্য পড়ে তারা স্ক্যারসিটি তৈরি করে দেশে ক্ষের সৃষ্টি করে। কাজেই আমি সরকারকে বিশেষভাবে সাবধান করে দিচ্ছি যে এবারে ষ্ট পরিমাণে খাদ্য উৎপন্ন হলেও যাতে ম্যান মেড স্ক্যারসিটি তৈরি না হয় তারজন্য দেশে ক্ষ সৃষ্টি না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। এই খাতে ৫ কোটি ৪০ লক্ষ ৪৩ হাজার া বরাদ্দ হয়েছে। তিনি বলেছেন যে আমাদের গত বছরে প্রায় ৫১ লক্ষ ৫ হাজার শা লোককে জি. আর. দিতে হয়েছে। কাজেই জি. আর.-এর সংখ্যা দিনের পর বেড়ে চলেছে। বাংলাদেশের যে জন সংখ্যা তার অনুপাতে এই ৫১ লক্ষ লোক কম । কাজেই দেশে বাস্তবিক দুর্ভিক্ষ না থাকলেও লোকের যে ডিস্ট্রেস আছে এর দ্বারা াই প্রমাণ হচ্ছে। আমাদের ফেমিন কোড যেভাবে রয়েছে তাতে আমি সেই ফেমিন ড পরিবর্তনের কথা গত বছর বলেছিলাম এবং আমাদের ত্রাণ মন্ত্রী বলেছিলেন যে মিন কোড পরিবর্তনের চেষ্টা তিনি করবেন। কিন্তু এক বছর হয়ে গেল সেই ফেমিন কোড রবর্তনের কোন চেষ্টা হচ্ছে বলে আমি দেখছি না। ফেমিন কোডে একটা ভাল ক্লজ আছে, ই ক্লজটা হচ্ছে

omen of respectable birth are debarred by national custom from appearing public and are in danger of starvation.

যে ভদ্র গৃহস্থের মেয়েরা তারা অনেক সময় সাধারণ মানুষের কাছে আসতে পাবে না। ই সমস্ত ঘরের মেয়েদের সাহায্য দেবার কোন ব্যবস্থা এই সরকার থেকে দেখতে চ্ছি না। আর যে সমস্ত দুস্থ মহিলাদের সাহায্য দেওয়া হয়, অবশ্য ১৫।২০ টাকা যে ড এজ পেনসানের ব্যবস্থা হয়েছে তা যথেষ্ট নয়। কারণ, আমি জানি যে আমার সুপারিশে য়কজন মহিলা সাহায্য পাচ্ছেন। কিন্তু তাঁদের সেই ১৫।২০ টাকায় চলে না, আরও পাঁচটা য়গা থেকে সাহায্য সংগ্রহ করতে হয় এবং তার জন্য আমাকে চেষ্টা করতে হয়। তারপর বো কতকগুলি মহিলাকে বা পুরুষকে মাসে ৪ টাকা সাহায্য দেওয়া হয় এবং এই ৪ টাকা হায্যের জন্য তাদের ১ টাকা ১৷৷ টাকা খরচ হয়ে যায় ঐ লোয়ার সার্কুলার রোডে য়াত করতে এবং সেখানে একবার গেলে পাওয়া যায় না। একবার দরখাস্ত করলে যে ত্যেক মাসে তা পাওয়া যাবে তা নয়, হয়ত এক মাস দিলেন আবার ৪ মাস দিলেন না। ন্য বার বার তাদের দরখাস্ত করতে হয়, চিঠি লিখতে হয়। সেজন্য ঐ ৪ টাকার দের ১৷৷ টাকা ২ টাকা এইভাবে খরচ হয়ে যায়। কাজেই এই ৪ টাকায় তাদের কিছু কার হয় না। তবুও দুস্থ মেয়েরা ঐ ৪ টাকা সাহায্যে জন্য ছুটে যায়। কাজেই সে দিক ক আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তারা একবার দরখাস্ত করলে এবং সেই দরখাস্ত কোয়ারী হলে যাতে প্রতি মাসে সাহায্য পায় তার ব্যবস্থা করা উচিত, এবং এই সাহায্যের মাণ বাড়ান উচিত।

10—2-20 p.m.]

তারপর যেভাবে বাংলাদেশে বন্যা হয়, কোথাও ঝড়-ঝাপটা হয় বা কোথাও আগুন লেগে বা দাঙ্গা হাঙ্গামা হয়—এই সব ব্যাপারে যে সাহায্যের ব্যবস্থা আছে, তা যথেষ্ট নয়। জানি নারকেলডাঙ্গায় ওখানে কতকগুলি লোক দাঙ্গা বিধ্বস্ত হয়, তারা আজও সাহায্য চ্ছ না। আজ পর্যন্ত তারা কোনরকম সাহায্যই পায়নি। কাজেই সেদিক থেকে বলা যায় র সকলকার উপযুক্ত সাহায্যের কোন ব্যবস্থা আজও হয়নি।

তারপর কুচবিহারে প্রত্যেক বছর বন্যা হয় এবং সেই বন্যার সময় যে সাহায্য দেওয়া সেই সাহায্য অত্যধিক অপ্রচুর। তাদের গম দেওয়া হয় ক্যাম্পের মধ্যে। কিন্তু সেখানে করা খাবার দেওয়ার কোন ব্যবস্থা হয় না। কাজেই খুবই তাদের অসুবিধা হয়। এই রকম হায্য তা এক মাসের বেশী হয় নাই। সেই গমের বদলে যদি চাল দেওয়া হয়, তাহলে

তাদের উপকার হতে পারে। ছিটমহল থেকে যাঁরা এসে ক্যাম্পে ছিলেন তাদের এক মা বেশী সাহায্য দেওয়া হয়নি। শিশুর জন্য বিশেষ কোন কাপড়ের ব্যবস্থা হয়নি। গত কুচবিহারে যে বন্যা হয়েছিল, তাতে বন্যা বিধ্বস্ত লোকদের এই অবস্থার সম্মুখীন হয়েছিল।

তারপর স্যার, আপনি জানেন আমাদের দেশে যে ভাবে আনএমপ্লয়মেণ্ট বেড়ে চলে সেই আনএমপ্লয়েড লোক যাদের চাকরীবাকরী নাই, তাদের ডিসট্রেসড বলে ধরা উচিত তাদেরও রিলিফ পাওয়ার উপযুক্ত বলে ধরা উচিত। তাদের জন্য আনএমপ্লয়মেণ্ট ডোল-ব্যবস্থা করলে ভাল হয়। মন্ত্রিমহাশয়ের সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি বিশেষভাবে কাছে আবেদন করছি।

আর আমাদের দেশ বর্তমানে যে অবস্থার মধ্যে এসে পড়েছে এই অবস্থা থেকে বাস্তবিক এই মন্ত্রিমহাশয় বিভিন্ন বিভাগের লোকদের কিছু কিছু সাহায্য দিয়ে, নয় কে কাজের মধ্য দিয়ে বা কোন শিক্ষার মধ্য দিয়ে তাদের জীবিকা নির্বাহের ব্যবস্থা করা উচি এটা ঠিক কেবল বসিয়ে বসিয়ে তাদের বেশী ডোল খাওয়ান উচিত নয়। তাদের কাজে ব্যবস্থা করে দেওয়া নিশ্চয়ই সমর্থন যোগ্য এবং এটা করা উচিত। তাদের কাজের ব্যবস্থ মধ্য দিয়ে যেভাবে শিক্ষা দেওয়া হয়, সেই শিক্ষা সমাপ্তে তাদের যদি কোন কাজের মা লাগিয়ে দেওয়া যায় তাহলে উপকার হতে পারে। অনেক সময় হয়ত তাদের শিক্ষা দি ট্রেনিং দিয়ে ছেড়ে দেওয়া হলো, তাদের কোন কাজ দেওয়া হল না। তাতে বিশেষ ল হয় না, বিশেষ কোন উপকার হয় না। কাজেই শিক্ষার মধ্য দিয়ে যদি তারা এমপ্লয়মে পায়, তার ব্যবস্থা যদি আপনারা করেন, তাহলে নিশ্চয়ই তাদের কল্যাণ হবে। কাজেই দিকে দৃষ্টি রেখে এই বাজেটের মধ্যে আমার বক্তব্য রাখলাম।

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে ফ্যামিন রিলিফ খাতে যে বাজেট উত্থাপন করা হয়ে সে সম্বন্ধে আমার প্রথম বক্তব্য হচ্ছে এই ফ্যামিন রিলিফ খাত আদৌ যদি না থাকত তাহ আমি খুব খুসী হতাম। আমরা এই যে ফ্যামিনের উত্তরাধিকারী হয়েছি এটা প্র স্বাধীনতা যুগের বৃটিশ শাসকদের কাছ থেকে পাওয়া। তারা এই ফ্যামিনকে দুর্ভিক্ষের অবস্থা ভবিষ্যতের স্থায়ী ব্যাপার হিসেবে মনে করেছিল এবং তারজন্য একটা ফ্যামিন কোড রা করেছিল। স্যার, এই স্থায়ী দুর্ভিক্ষের অবস্থার মধ্যে প্রধানতঃ যে দুই শ্রেণীর লোক শি হয়েছে তার মধ্যে একটা হচ্ছে ভূমি ব্যবস্থায় আধা সামন্ত প্রথা সৃষ্টির ফলে কৃষির অবনতি হোল এবং কৃষকের একটা ব্যাপক অংশ ক্রমশঃ ক্রমশঃ নিঃস্বতার দিকে নেমে গে এবং ২।৩ বছরে একবার করে দুর্ভিক্ষের শিকার হতে লাগল। তবে শুধু এঁরাই নয়, কু শিল্পের ধ্বংসের সঙ্গে সঙ্গে কুটির শিল্পীরাও দুর্ভিক্ষের শিকার হতে লাগল। স্যার, আমাদে দেশে যখন স্বাধীনতা আন্দোলন সুরু হয়, মহাত্মা গান্ধী যখন আন্দোলন সুরু করেন তখন ত দাবীর মধ্যে একটা মূল দাবী প্রতীক হিসেবে ছিল যে, কুটির শিল্পকে রক্ষা করতে হবে এ চরকা তাঁর প্রতিক ছিল। কিন্তু আমরা দেখছি সেই কুটির শিল্প ধ্বংস হতে চলে স্যার, স্বাধীনতার পর ১৯৪৯ সালে সম্ভবতঃ কংগ্রেসের মধ্যে শেষ গান্ধীবাদী কুমারাপ্পা নিয়ে একটা কমিটি হয়েছিল এবং বলা হয়েছিল ভূমি ব্যবস্থার আমূল সংস্কার করতে হ তিনি বলেছিলেন মধ্যস্বত্ব ব্যবস্থা এবং তারজন্য যে শোষণ সেটা বন্ধ করতে হবে, অল স্বল্প ক্ষতিপূরণ দিয়ে ছোট এবং মাঝারী জোৎ সৃষ্টি করতে হবে এবং এই ছোট ও মাঝা নিয়ে কৃষি ব্যবস্থা করতে হবে। জমিদার, পুঁজিপতি এবং বড় বড় জোৎ নিয়ে কৃষি চল এটা, তিনি ডিসকারেজ করেছিলেন। কিন্তু তাঁর সুপারিশের বিরুদ্ধে লক্ষ লক্ষ কৃষক উচে হয়েছে এবং এই যে লক্ষ লক্ষ কৃষক উচ্ছেদ হয়েছে তারা সহজেই দুর্ভিক্ষের শিকার হ পড়ল। অবশ্য একথা স্বীকার্য্য বৃটিশ আমলে দুর্ভিক্ষের মানে ছিল ব্যাপক জনমৃত্যু এ আমরা দেখেছি ৭৬-এর মন্বন্তরে বাংলাদেশে কমপক্ষে এক তৃতীয়াংশ মানুষ মারা গিয়েছি ১৯ শতকের শেষে ২৫ বছরে ৩ কোটি লোক মারা গিয়েছিল এবং ১৯৪৩ সালে ৩৫ ল লোক মারা গিয়েছিল ক্ষিতীশ প্রসাদ চট্টোপাধ্যায়ের হিসেবে। স্যার, পুষ্টির অভাবে এ

ব্যাপক অর্থাভাবের মধ্যে দিয়ে বিরাট দুস্থতায় সৃষ্টি হয় একথা আজ হাউসের সকলেই বলেছেন। বিরাট একটা বেকার-এর সংখ্যা পশ্চিমবাংলায় রয়েছে এবং পশ্চিমবঙ্গ সরকারের হিসেবে সাড়ে তেইশ লক্ষ বেকার এখানে রয়েছে। স্যার, এই বেকাররা দুর্ভিক্ষের শিকার। তারপর দুর্ভিক্ষের সম্বন্ধে যে ব্যবস্থা করা হয়েছে তার দুটি দিক আছে এবং তারমধ্যে একটি হচ্ছে শুধুমাত্র কিছু কিছু সমাজ কল্যাণের ব্যবস্থা। স্যার, এটা যদি দুর্ভিক্ষ খাত না হয়ে সমাজ কল্যাণ খাত হোত তাহলে বৃদ্ধদের যে পেনসন দেওয়ার ব্যবস্থা আছে তাতে বলতাম আরও বেশী দিন এবং দাঙ্গা দুর্গতদের দুর্গতি মোচনের ক্ষেত্রে যে গাফিলতি তার সমালোচনা করতাম। কিন্তু এই যে ফ্যামিন রিলিফ খাত তার মূল কথা হচ্ছে তাঁরা দিচ্ছেন ৩ কোটি টাকার ডোল এবং তার মূল কথা হচ্ছে গরীব কৃষক, ভূমিহীন কৃষক এবং কুটির শিল্পীদের রিলিফ। আমার বক্তব্য হচ্ছে তাদের যদি রিলিফ দিতে চান তাহলে এই রিলিফ এইভাবে দেওয়া যাবে না, ভূমি সংস্কার ছাড়া কৃষকদের বাঁচান যাবে না। সেজন্যই অনুরোধ তাদের বাঁচাবার জন্য ব্যাপক চেষ্টা করুন। তারপর, টেস্ট রিলিফ যেভাবে করা হয় তাতে কৃষক বাঁচে না এবং গ্রামের উন্নয়নে গ্রামীন রাস্তা এবং অন্যান্য যে সব ব্যবস্থা সেটাও হয় না। আমার মতে এই ভূমিহীন কৃষকদের সমবায় সমিতির মধ্যে সংঘবদ্ধ করে, তার সঙ্গে যুক্ত করে যে সময়ে কৃষিকার্য হয় না তখন তাদের যদি ন্যায্য এবং ন্যূনতম মজুরী দিয়ে ব্যাপকভাবে অঞ্চল ভিত্তিক এবং জেলা ভিত্তিক প্ল্যান করে গ্রামের উন্নতির কাজে লাগান যায় তাহলে একটা ব্যবস্থা হতে পারে।

2-20—2-30 p.m.]

তেমনি কুটির শিল্পীদের নিয়ে দুঃস্থদের নিয়ে ওয়ার্ক হাউস করা হয়েছে এবং আর্টিসানদের নিয়ে ৬০ হাজার টাকা খরচ করা হয়েছে। এটা একটা পরিহাস মাত্র। এ যেন খুনীর হাতে গান্ধীজী নিহত হয়ে গান্ধীঘাট করে দেওয়া হয়েছে এবং তাতে মালা দেওয়া হচ্ছে এটা হচ্ছে তাই। এটা প্রতীক হিসাবে রিলিফ দেওয়া হচ্ছে। কুটির শিল্পীদের বিরাট সমস্যাকে স্কোয়ারলী ফেস না করে যেভাবে নেওয়া হচ্ছে তাতে ৬০ হাজার টাকায় রিহ্যাবিলিটেশন অব আর্টিসনস ইত্যাদির কি হবে? আমাদের ভারতবর্ষে আজকে আধুনিক কলকারখানা যদি ৬০।৭০ লক্ষ থাকে তাহলে কুটির শিল্পে নিযুক্ত ৪ কোটি থেকে ৫ কোটি লোক আছে। তাদের মধ্যে ক্রমাগত কর্মচ্যুত হচ্ছে, কর্মহীন হচ্ছে, যারা দুঃস্থ হয়ে পড়ছে তাদের রক্ষা করার জন্য ৬০ হাজার টাকা নয় তাদের জন্য একটা পরিকল্পিত ব্যবস্থা দরকার, তাছাড়া হয় না। এর পর আমি যেটা জোরের সঙ্গে সমালোচনা করতে চাই যেকথা বিরোধী পক্ষের প্রত্যেকের মনের কথা এবং প্রত্যেকের তিক্ত অভিজ্ঞতা যেটা হচ্ছে এই যে জি. আর. এবং ডোল দেওয়া হয় তাহারা এই গরীব নিঃস্ব দেশে দলগত সুবিধা সৃষ্টি করে নেবার চেষ্টা থাকা উচিত নয়। আমি জানি, বিশেষ করে আমি যে এলেকা থেকে এসেছি, সেখানে আমার অভিজ্ঞতা আছে জি. আর. দেওয়া হয় ইলেকশনকে লক্ষ্য করে দলগত সমর্থকদের হিসাব করে দেওয়া হয়। তাতে আমি দেখেছি বিশ আয়ওলা লোককে ৫০০ টাকা আয় করে এমন লোককে জি. আর.-এর গম দেওয়া হয়েছে আটা দেওয়া হয়েছে লুচি করে খাবে কিন্তু যারা খেতে পায় না অন্য দলের সমর্থক তারা জি. আর. পায় না। এই যে লজ্জাজনক ব্যাপার জি. আর-এর নামে হচ্ছে এবং ডোল দেওয়ার ব্যাপারে হচ্ছে তা বদলান টেস্ট রিলিফ ব্যাপারে যা হচ্ছে তা বদলান, এটাই আমি ত্রাণ মন্ত্রীকে বলবো তিনি এ সম্পর্কে কোন পরিকল্পিত ব্যবস্থা করুন। টেস্ট রিলিফ-এ যেভাবে মজুরী দেওয়া হয় সেইভাবে মজুরী না দিয়ে এই সমস্ত ভূমিহীন কৃষক, যারা টেস্ট রিলিফ-এর ভিতর আসে যখন কৃষির কাজ থাকে না—তাদের ন্যূনতম মজুরী দিন এবং স্কোয়াড হিসাবে নিন আগে থেকে পরিকল্পনা করে গ্রামের বাঁধ, রাস্তার উন্নতি, ব্রীজ এসব করুন। সরকারের যে পরিকল্পনা তাতে যে বিরাট বিরাট রাস্তা পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট-এ হচ্ছে তাতে গ্রামের মানুষের রাস্তার উন্নতি, পথঘাটের উন্নতির কাজ হচ্ছে না। গ্রামের মধ্যে পথঘাটের উন্নতির জন্য বিরাট প্রয়োজন রয়েছে তাদের সেখানে নিয়োগ করতে পারেন এবং তা করতে হলে সমবায় সমিতি করে ন্যূনতম মজুরী দিয়ে সেই

কাজ তাদের দিয়ে করান উচিত। তাতে হিউম্যান ডিগনিটি থাকবে তাতে মানু আত্মসম্মান বোধ থাকবে রীতিমত কাজ করে ৮ ঘণ্টা কাজ করে মজুরী নেবে এবং মধ্য দিয়ে তারা বৃহত্তর কাজের শিক্ষা পাবে। কুটির শিল্পীদের জন্য শুধু মাত্র গ্রা মধ্যে এই রকম ওয়ার্ক হাউস না করে বা শুধু মাত্র এই রকম প্রতীক হিসাবে রিলিফ পাঠা চেষ্টা না করে এই সমস্ত কাজগুলোকে কোন একটা বিশেষ খাতের সঙ্গে না জুড়ে কু শিল্পীদের জন্য একটা স্পেশাল খাত করা হোক। বাংলাদেশ যেখানে শিল্পে কিছুটা অগ্র সেখানেও কুটির শিল্পে নিয়োজিত শ্রমিকদের সংখ্যা অনেকগুণ বেশী। কাজে কাজেই এর জ উচিত এদের সমবায়বদ্ধ করা এবং কনজুমার্স ষ্টোর করে দিয়ে তাদের ঠিকমত জিনিষ পাইয়ে দিয়ে এদের জিনিষ পত্র বিক্রী করতে যদি শিক্ষা দেন এবং কু শিল্পকে আধুনিকীকরণ করা যায় তাহলে এই খাত থাকবে না এবং সঙ্গে ঐ যে বিরাট পরিমাণ বেকার যেটা তাঁরা কিছুতেই অস্বীকার করতে পারবে না। শুধু ৬৫ বছরের বৃদ্ধ ভাতা দিয়ে আজকে যে খুব কাজ করা হচ্ছে একথা বল পারবেন না। আজকে ৪০।৩৫ বছরের ছেলেরা সেখানে বেকার হয়ে রয়েছে সেখানে ৬৫ বছরের বৃদ্ধকে ভাতা দিলে অভাব দূর হবে না। কাজে কাজেই সরকারের উপর কমপালসন আনা যায় যদি যে তোমরা কাজ দাও—কাজ সৃষ্টি কর, না হয় বেকার ভা দাও। সরকারী হিসাবেই পাওয়া যাচ্ছে শুধু ২৩ লক্ষ নাকি বাংলা দেশে বেকারদের ভা বা কাজ বা কোন ব্যবস্থা না করে একে থামিয়ে রাখার কোন যুক্তি আজ দেখ পাচিছ না। এর সঙ্গে একটি মাত্র কথা বলতে চাই—সেটা হচ্ছে যে এই যে ফেমিনে পেছনে যে শোষণ সেটা বৃটিশ আমলে ছিল—আর এখনও হিসাব করে দেখা গিয়েছি যে বৃটিশ শোষণ করে নিয়ে যাচ্ছে ২১৯ কোটি টাকা। তার ভিতর পলেটিক্যাল ডিপেণ্ডে এর ৭ কোটি টাকা—আর বাকী অর্থনৈতিক পরাধীনতার জন্য এবং এখন তা বেড়ে কৃষ্ণমাচারীর যে বাজেট সেই সঙ্গে তিনি যে একটি অর্থনৈথিক সমীক্ষার বই দিয়েছিলেন তা তিনি বলেছেন যে এখন যেখানে মাত্র বিদেশী প্রাইভেট কোম্পানীদের ডিভিডেণ্ট ত নিয়ে যায় ১১০ কোটি টাকার উপর। তার উপর নানা রকম শোষণ আছে। সর্বসাকু আমাদের দেশ থেকে বিদেশে বছরে বছরে ৫ শত কোটি টাকা চলে যায়। সেই বি পরিমাণের যে শোষণ তা যদি বন্ধ করতে না পারেন তাহলে স্থায়ী দুর্ভিক্ষ হবে আমাদের দেশে অর্থনৈতিক ভিত্তি স্থাপন করা মুস্কিল হয়ে পড়বে।

Shri Shambhu Gopal Das:

মাননীয় স্পীকার মহাশয়, ফেমিন রিলিফ খাতে আমাদের মন্ত্রী মহোদয় যে ব্যয় বরাদ্দ দ করেছেন নীতিগত কারণে সেই ব্যয় বরাদ্দের আমি বিরোধীতা করি। তিনটি পঞ্চ বার্ষি পরিকল্পনা প্রায় শেষ হয়েছে, ফেমিন রিলিফ খাতে এই যে বিরাট অঙ্কের দাবী এই জিনিষ প্রমাণ করে দেয় আমাদের যে আমরা যেসব অর্থনৈতিক পরিকল্পনা গ্রহণ করেছিলাম ফল কি হয়েছে। অর্থাৎ স্বাধীনতার ১৬ বছর পরে এই খাতে প্রায় ৫ কোটি টাকা দা করছেন। আমাদের ত্রাণ মন্ত্রী একটু আগে শুনলাম তাঁর আলোচনায় এবং—সেই প্রথমে বলতে চাই যে ৬৫ বছরের উর্দ্ধে যে সব বৃদ্ধ লোক আছেন তাঁদের ভাতা সম্ব ব্যবস্থা করা হয়েছে। এটা শুনে অনেকের ভুল মনে হতে পারে যে যাক বৃদ্ধদের জ একটা ভাতার ব্যবস্থা হয়েছে। কিন্তু আমার মনে হয় যে বৃদ্ধদের ভাতা নামক যে ক প্রচার করা হচ্ছে তা একটা বিরাট ধাপ্পা মাত্র, তামাসা মাত্র। স্পীকার স্যার, আপ একটু আমার কথা মন দিয়ে শুনবেন, বৃদ্ধদের ভাতা দেবার ব্যবস্থা এমনই সর্ত কণ্টকি যার ফলে এই সব বৃদ্ধরা ভাতা পাবেন না। বৃদ্ধরা যদি ভাতা পেতে হয় তাহলে নিজ বাড়ী থাকা চাই—কিন্তু কোন ইনকাম থাকা চলবে না—আবার যদি ইনকাম না থা তাহলেও ভাতা পাবেন না যদি না তার বাড়ী থাকে। বৃদ্ধরা যদি কোন আত্মীয় স্বজনে বাড়ী থাকে সেই আত্মীয়স্বজন যদি কিছু রোজগার করে তাহলে সেই বৃদ্ধরা ভাতা পাচ্ছে না। কাজে কাজেই কোন দিক দিয়ে গেলে বৃদ্ধরা ভাতা পেতে পারেন তা আমরা বুঝ পারছি না। এবং দয়ার শরীর আমাদের ত্রাণ মন্ত্রীর এবং তাঁর এই যে বিরাট এক

৩পা যেটা বৃদ্ধদের ভাতার মারফৎ জানিয়েছেন। আমার এলাকা থেকে বহু দরখাস্ত করেছে—ান ব্যবস্থাই হয়নি—ভাতা পাচ্ছে না। গ্রামাঞ্চলে রিলিফ বণ্টন সম্বন্ধে দু-একটা কথা াতে চাই। আমি জানি সেটা হোল নিয়ম যে গ্রামাঞ্চলে ইউনিয়ন রিলিফ কমিটি যেগুলি ল সেগুলি এখন অঞ্চল রিলিফ কমিটি হয়েছে। এই সমস্ত কমিটি মারফৎ রিলিফ বণ্টন বোর কথা। কিন্তু আমার জানা আছে যেখানে চারটি থানা আমার এলাকায় সেখানে জন-াধারণের আমার যে সংযোগ তার উপর নির্ভর করে বলতে পারি এই সমস্ত রিলিফ মিটিগুলি আদৌ ফাংসান করছে না।

2-30—2-40 p.m.]

মন কি সাবডিভিসনাল রিলিফ কমিটি যেগুলো আছে, সেই রিলিফ কমিটি মিটিং ডাকা হয় নি। স. ডি. ও.দের ইচ্ছা বা অনিচ্ছার উপর নির্ভর করে ৬ মাস ৮ মাস, ১ বছর পার হয়ে গেলেও এই সাবডিভিসনাল রিলিফ কমিটির কোনও মিটিং ডাকা হয় না। সাবডিভিসনাল রিলিফ মিটির কথা এই গেল। অঞ্চল রিলিফ কমিটির মিটিং ডাকার মালিক হলেন, সেই অঞ্চলের সক্রেটারী যিনি আছেন তিনি পঞ্চায়েতের প্রধানকে বলে দেবেন তারপর মিটিং ডাকবেন। ামি এমন কথাও জানি যে গত ৩ বছরের মাঝখানে, গত দেড় বছরেও কোন মিটিং অঞ্চল রিলিফ কমিটির ডাকা হয়নি। আমি উদাহরণ দিয়ে দেব এবং সেই সঙ্গে আর একটা কথা হচ্ছে, এই অঞ্চল রিলিফ কমিটি গুলোকে দলীয় স্বার্থে ব্যবহার করার জন্য সেখানে গভর্নমেণ্ট নামিনির কথা আছে। প্রতিটি অঞ্চল রিলিফ কমিটিতে ২ জন করে গভর্নমেণ্ট নমিনি আছে এবং মস্ত দায়িত্ব নিজের কাঁধে নিয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে পারি যে মুর্শিদাবাদ জেলার কাঁদি মহকুমায় গত বৎসর ধরে শতকরা ৯০ ভাগেরও বেশী গভর্নমেণ্ট নমিনি এই সমস্ত মিটিং-এ অ্যাটেণ্ড করেন না। অ্যাটেণ্ড না করাটাই নাকি তাদের বৈশিষ্ট্য। আমি বহুবার অভিযোগ করেছিলাম ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে কিন্তু কোনও ফল হয়নি। অঞ্চল রিলিফ কমিটি এই ভাবে চলছে। লোন বিলি হবে, একথা ঠিক, তার আগে রিলিফ কমিটির মিটিং হওয়া প্রয়োজন, আমরা এম. এল. এ. আছি আমাদের জানা প্রয়োজন, আমরা জানতে পারলাম না, লোন বিলি হয়ে গেল। ব্লক থেকে বীজ দেওয়া হবে, চাষীদের বীজ দেওয়া হয়ে গেল রিলিফ কমিটি জানতে পারল না কি ভাবে হয়ে গেল, যা করলো এস. ডি. ও. করলেন, বি. ডি. ও. করলেন। এই সমস্ত ঘটনা ঘটছে। কাজে কাজেই সেই ব রিলিফ কমিটি গুলো ফাংসান করছে না, অথচ তাদের নামে সমস্ত কিছু হয়ে যাচ্ছে। আমি নে করি যে অবস্থা এই অবস্থার একটা পরিবর্তন হওয়া প্রয়োজন নতুবা দেশের নাকের সামনে একটা বিরাট ভাঁওতা দিয়ে কোনও লাভ নেই। কিছুদিন আগে বিভিন্ন ায়গায় যারা এস. ডি. ও. সাহেব আছেন তারা বিভিন্ন পঞ্চায়েতে সার্কুলার দিয়েছেন যে জি. আর.-এর পরিমাণ যা কমিয়ে দাও, রিলিফ এখন কমিয়ে দিতে হবে কারণ এখন ফসল উঠেছে। বাংলাদেশের কোন কোন জায়গায় ফসল ভাল হয়েছে কিন্তু স্পীকার মহাশয়, আপনি জানেন যে একটা নির্দিষ্ট এলাকায় যদি একটু ভাল ফসল হয়ে থাকে তার জন্য যারা শুধু জি. আর. এর উপর নির্ভর করতো তাদের কতটা লাভ হয়েছে? তাদের এতটুকু লাভ হয়নি। কিন্তু জি. আর. রিলিফ কমিয়ে দেয়ার জন্য যারা এতদিন কোন রকমে ভিক্ষার দান নিয়ে আধবেলা খেয়ে বাঁচবার চেষ্টা করছিল, খেতে পাচ্ছিল না ঠিকই, সেটুকুও বন্ধ করার চেষ্টা হচ্ছে। মাঝে মাঝে যখন মিটিং হয় ডি. এম., এস. ডি. ও. সাহেব এরা বলেন পারসেণ্টেজ-এর কথা ২ পারসেণ্ট লোককে রিলিফ দেওয়া হবে, ৩ পারসেণ্ট লোককে রিলিফ দেওয়া হবে অথবা হাফ পারসেণ্ট লোককে দেওয়া হবে। পার্সেণ্টেজ-এর ব্যাখ্যা তো আমি খুঁজে পাই না। রিলিফ ম্যানুয়াল-এর মধ্যে যা আছে, সেই সব স্বর্ত পূরণ করলে পর রিলিফ পাওয়া যেতে পারে। সেই সব পূরণ করার পরেও রিলিফ পাওয়া যায় না। অন্ধ, খঞ্জ, রোগগ্রস্ত কাজ বাদ পরন্ত যারা ব, এই সমস্ত লোক রিলিফ পায় না, এই পার্সেণ্টেজ-এর জন্য। আমরা এর ব্যাখ্যা ই না। আমি এই সব ইরেগুলারিটিস-এর কথা বিবেচনা করে, এই খাতে যে ব্যয় বরাদ্দ হয়েছে র বিরোধিতা করছি নীতিগত কারণে।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভীর দুঃখের সঙ্গে জনকল্যাণমূলক খাতে যে অর্থ ব হয়েছে, তার তীব্র বিরোধিতা করছি। কারণ এই দপ্তরটি পঙ্ককুণ্ডে নিমজ্জিত হয়েছে। কথা বারবার আমরা দীর্ঘদিন ধরে আপত্তি করে এসেছি এবং আমি মনে করি এই দপ্ত স্বজনপোষণ, পক্ষপাতিত্ব, তারপর দুর্নীতি একেবারে যেন একে গ্রাস করে রেখেছে। তাই নয় মন্ত্রী থেকে আরম্ভ করে এর বহু কর্মচারী পর্যন্ত এর সঙ্গে জড়িত। এই ক বারবার দাবি করেছি এবং আমি এখনও বিধানসভায় প্রমাণ দিয়ে দাবি করেছি কিন্তু আজ প কোনও প্রতিকার হয়নি। আমি মনে করি এটা কংগ্রেস সরকারের খাস দপ্তরের চে বলা উচিত কংগ্রেস দলের খাস দপ্তর। অর্থাৎ এই দপ্তরের যে টাকা কড়ি প্রধানতঃ কংগ্রে দলের সংগঠনের জন্য, কংগ্রেস দলের নির্বাচনের জন্য এবং স্বজন পোষণের জন আত্মীয়স্বজন পোষণের জন্য বিশেষভাবে খরচ করা হয়। তবে একটা কথা অবশ্যই সাধারণ গ্রামের কথা আছে যে আখের ক্ষেতে জল দিলেও কুকসীমা জল পায়। কিছু কিছু লো যে জল পায় না তা নয়, নিশ্চয়ই কিছু পাচ্ছে, সাধারণ লোক কিছু পাচ্ছে, কিন্তু এটা বিশেষভা খরচ করা হয় এই কংগ্রেসের স্বার্থের জন্য। এই দপ্তরটি এমন ধরণের যে কোটি কোটি টাক রাখলেও হিসাব দিতে হয় না কারণ আমি দেখেছি এই বিধান সভায় শিল্প বিভাগ, তা স্টেটমেণ্ট দিয়েছে, কত টাকা পেলেন, কি কি খরচ করলেন, সেচ বিভাগ দিয়েছে, স্বাস্থ্য বিভা দিয়েছে, তাদের কাজ কর্মের হিসাব কিন্তু এই দপ্তর থেকে কোনও কিছু দেখানো হয় নি কারণ এতো পরিষ্কার হাত ফেরের ব্যাপার, কাজেই এদের কিছু দেখাবার দরকার হয় ন চলতি বছরে যেখানে আমাদের বরাদ্দ ছিল ২ কোটি ৩৮ লক্ষ ৪৪ হাজার টাকা হঠ্য লাফিয়ে উঠলো ৩ কোটি টাকায়। আরও কেন বাড়লো তা আমরা বুঝতে পারলাম না কোথায় ২ কোটি আড়াই কোটি তার থেকে ৫ কোটি করে দেওয়া হল। যদি জানতাম এই বছ প্রাকৃতিক বিপর্যয় ভূমিকম্প হয়েছে, ভয়ানক বন্যা হয়েছে অথবা অন্য কিছু? আমরা জা একটা জিনিষ ছিল, দ্রব্য মূল্যের বৃদ্ধি হয়েছিল। আমরা জানি তেলের দাম ৭ টাকা উঠেছি কি কোথায় রিলিফ মিনিস্টার গিয়ে তার ব্যবস্থা করেছেন আমরা জানি না। কিন্তু আমি জা যুগান্তর, আনন্দবাজারের খবর কালকে বারাসতে ডি. এস. পি.-র উদ্যোগে হাজার হাজার শি নারী, বৃদ্ধ তরুণকান্তি ঘোষ মহাশয়কে ঘেরাও করে, তাঁর কাছে দাবি করেছে কি? আমাদে রিলিফ বাড়াও। রিলিফ বাড়ানোর কথা জীবন দে মহাশয় একটা সার্কুলার-এর কথা বলছিলে আমিও সেদিন প্রশ্নোত্তরকালে মাননীয় রিলিফ মিনিস্টারকে বলেছিলাম। আমি বলছি আমাদে এই বিধান সভায় তিনি আমাদের বিভ্রান্ত করেছেন, তিনি বলেছেন যে এই রকম ভা তিনি কোনও নির্দেশ দেন নি। তিনি একটা নির্দেশ পড়লেন, আমিও একটা নির্দে পড়ে শোনাচ্ছি, সেটা বি. ডি.-ও দের কাছে দেওয়া হয়েছে, তাতে বলা হচ্ছে

As per latest Government orders, persons whose annual income is less tha Rs. 300, a list of such persons, the number of whom is not likely to excee 30 to 40 per union.

অর্থাৎ বলেছেন প্রত্যেকটি ইউনিট ৩০ থেকে ৪০-এর বেশী হবে না। আপনি জানেন এক এক ইউনিয়ণএ ১০ হাজার লোকের বাস অন্ততপক্ষে এক একটা ইউনিয়নএ ২৫ থেকে ৩০ গ্রাম এবং ৩০ থেকে ৪০ যদি ইউনিট হয় তাহলে প্রতি গ্রাম একটি করে ইউনিট হবে গড়ে এক একটা গ্রাম এমন আছে যেখানে ২ হাজার লোক বাস করে। এই যদি ত আদেশ না হয় এটা কার আদেশ? দ্বিতীয় কথা হচ্ছে ৩০০ টাকা বাৎসরিক অর্থাৎ ২৫ টাক একটা ভিক্ষুকও সেখানে ২৫ টাকার বেশী আয় করে। এই হচ্ছে তার আদেশ কিন্তু তব ৫ কোটি টাকা বরাদ্দ হয়েছে। এই টাকা কিসের জন্য? তার প্রধানতঃ কারণ হচ্ছে গত বছ যে পঞ্চায়েৎ নির্বাচন, জেলা পরিষদের নির্বাচন, এই সবের জন্য বিশেষ ভাবে খরচ ক হয়েছে। আপনি জানবেন ১৯৬২ সালে ইলেকশন বছরে ৫ কোটি টাকা খরচ হয়েছিল ইলেকশন-এর বছর হলেই টাকা বেড়ে যায়, এই বছরও তাই হয়েছে। আমি জানি এ বছর বহু জায়গায় রিলিফ কমিয়ে দিয়েছেন ২ পারসেন্ট-এর বেশী দেয়নি। এই বছর তি ৫ কোটি টাকা হাতে দিলেন কিন্তু রিলিফ-এর সংখ্যা তিনি কি করলেন? তিনি করলে সেখানে ২ পারসেন্ট গত বছর সেখানে ৬.৭ পারসেন্ট ছিল জনসংখ্যার ভিত্তিতে, সেখানে

রেসেন্ট করেছিলেন। স্টেট রিলিফ-এর কাজ বিভিন্ন জায়গায় হয়নি, আমি বলছি কাঁথি কুমায় ১০ হাজার টাকার বেশী কাজ হয়নি। যেখানে ২ লক্ষ, ৪ লক্ষ, ১০ লক্ষ পর্যন্ত কাজ য়েছে। কাজ হয়নি, কিন্তু তিনি কি করে দেখিয়ে দিলেন তার যে ভগবানপুর এলাকা, ই এলাকার জন্য তিনি করলেন কি? বোরোজ এবংঅর্জুনপুর অঞ্চলের জন্য তিনি সেখানে পেড় বিতরণ করলেন আর কোথাও করলেন না কারণ সেখানে নাকি তপশীলরা বেশী স করে, বাংলাদেশে বহু জায়গায় বহু তপশিলী বাস করে কিন্তু তিনি তা বরলেন না। কারণ খানকার অঞ্চল পঞ্চায়েৎকে দখল করার দরকার ছিল। বরোজ এবং অর্জুনপুর অঞ্চলটিকে, খানে তিনি করলেন কি?সেখানে ২৫টি ধুতি, ২৫টি শাড়ি, ৫০ খানা পোষাক আর ৫০ খানা বল বিতরণ করলেন। তারপর আমি জানি, আমি তাঁকে অবিশ্বাস করতাম না।

[-40—2-50 p.m.]

আমি আরো উদাহরণ দিচ্ছি যে কি ভাবে পক্ষপাতিত্ব চলছে। মন্ত্রেশ্বরী থানায় রিলিফের ন্য খরচ করলেন ১ লক্ষ ৬ হাজার ২২১ টাকা কিন্তু পূর্বস্থলীতে যেটা বিমলানন্দ বাবুর লাকা সেখানে দেখছি ৩ লক্ষ ৩০ হাজার ৯২৪ টাকা খরচ করলেন। তার পর আমি নীতি সম্বন্ধে কিছু বলবো। আজ পর্যন্ত সেই খাগড়ার কথা যা বলেছিলাম তাও প্রতিকার ল না, এ্যাসেম্বলীর টেবিলএ একটা তালিকা হাজির করা হয়েছে যে খাগড়া কেন্দ্রে সুতো টের নামে ৮২ হাজার টাকা দেওয়া হয়েনছ গভর্নমেন্ট অফিসার সরাসরি এই টাকা লোকের তে দিয়েছেন এটা তার নির্বাচন কেন্দ্র কিন্তু আজ পর্যন্ত তার কোন হিসাব পাওয়া গেল না। ৫ হাজার টাকা তিনি নিজে আত্মসাৎ করেছেন। আমরা এই খরচ এস, ডি, ও-র ছে দিয়েছি, তিনি তার একটা কনফিডেনসিয়াল রিপোর্ট দিয়েছেন। তাঁর যদি সত্যকারের হস থাকে তাহলে এটা ভিজিলেন্স কমিশনারের কাছে পাঠিয়ে দিন এবং সেখানে সব ত্যাসত্য প্রমাণ হয়ে যাবে। আমি মনে করি এই বিভাগ কেবল দুর্নীতির জন্যই আছে বং সমস্ত জিনিষকে প্রশ্রয় দিচ্ছেন। সত্যকারের যারা দুস্থ তারা টাকা পাচ্ছে না টেস্ট রলিফের কাজ হচ্ছে না। শেষে একটা কথা বিবেচনা করার জন্য বলছি যে দীঘায় যে কংগ্রেসের রাজনৈতিক কনফারেন্স হল সেখানে যে করগেটের টিন সরবরাহ বিভাগ থেকে সরবরাহ করা হয়েছিল সেই করগেটের টিন তার কি হল এবং তা দিয়ে কাকে রিলিফ দেওয়া হল? অজয় মুখার্জিকে যিনি কাবু করবার জন্য হাজার হাজার টাকা ব্যয় করছেন তার হাতে রিলিফ দওয়া হবে কিনা সেটা চিন্তা করে দেখা দরকার।

Shri Girish Mahato :

অধ্যক্ষ মহাশয় এই রিলিফ বিভাগ অমানুষিকভাবে পরিচয় দিচ্ছে। এই রিলিফ বিভাগে সব চেয়ে বেশী মিথ্যাচারী আছে অন্য বিভাতে যা দুর্নীতি আছে তার চেয়ে বেশী দুর্নীতি আছে রিলিফ বিভাগে। আমি পূর্ব্ব অভিজ্ঞতা থেকে জানাচ্ছি যে আমাদের পুরুলিয়া জেলায় অনাহারে মানুষ তিলে তিলে না খেয়ে মারা গেছে। এখানে মানুষের অন্ন নিয়ে কংগ্রেসের দলীয় রাজনীতি চলছে। এই যে মানুষ তিলে তিলে না খেয়ে মরেছে তার সাক্ষি হাজার হাজার জনসাধারণ। এত বড় একটা সত্যকথাকে রিলিফ বিভাগ মিথ্যাবলে উড়িয়ে চলে গেছে। আমরা অনাহারক্লিষ্ট মানুষের মুখে অন্ন দেবার জন্য আন্দোলন করে যেটুকু আদায় করেছি যে আদায় করা থেকেও সরকারী দালাল অফিসার এবং কংগ্রেসীরা লুট পাট করয়ে এর প্রমাণ আমরা লিখিত ভাবে দিয়েছি আমি নিজে তদন্তের জন্য ডি. আই. জিকে দিয়েছি, গত বার আমি বিধান সভায় বলেছি কিন্তু তার তদন্ত হয়নি টি আর এর রাস্তা মন্ত্রিমহাশয় বলছেন এরজন্য হাজার হাজার টাকা খরচ হয়েছে কিন্তু এই সমস্ত টাকা সরকারী অফিসাররা আত্মসাৎ করেছে। আমি প্রশ্ন করেছি এই টি আর রাস্তা কোন কোন দলপতির নামে টোকন কার্টা হয়েছে। ঐ প্রশ্নের উত্তর মন্ত্রিমহাশিয়া খুঁজে পান ন। কারণ যদি প্রতিনিধিদের নাম জানিয়ে দেন তাহলে হয়ত দেখা যাবে যে সমস্ত টাকা অফিসাররা আত্মসাৎ করেছে। আজকে আবার বলছি যে রিলিফএর টাকা পুরুলিয়া অঞ্চলে বাজার থানার লটাপাতা অঞ্চলে এই বৎসরে রোগে শস্যহানী হয়েছে তার ফলে ববুগ্রামে শতকরা

৫ কি ১০ ভাগ শষ্য হয়নি আমরা এসব অফিসারকে দেখিয়েছি কিন্তু মন্ত্রী মহাশয় উত্ত দিয়েছেন যে পুরুলিয়া জেলায় বড় বাজার থানায় লটাপাতা অঞ্চলে শষ্যহানীর সংবাদ পাও যায়নি। এই রকম অসত্য কথা আর শোনা যায় না। শুধু তাই নয় সেখানকার অবস্থ খুব খারাপ আজকে আমাকে চিঠি লিখে জানিয়েছে যে মন্ত্রীদের সঙ্গে দেখা করে একট কিছু ব্যবস্থা করতে। সেখানের সাহায্যের জন্য আরো টাকা দরকার কিন্তু তারা কি করছে না তারা সাহায্য প্রাপ্তের টাকা বন্ধ করে দিয়েছেন, আমি আরো বলতে চাই ঐ বড়বাজার থানায় এ বৎসরে লোকে সেখানে না খেতে পেয়ে মারা গেছে এ কথা আমি ডি সিকেও জানিয়েছি কিন্তু তার কোন তদন্ত হয়নি। জেলা কর্তৃপক্ষ সরকারকে জানিয়েছে কিন্তু সরকার সেটাকে চেপে রেখে দিয়েছেন ; এই ভাবে এই দপ্তর চলছে। মন্ত্রী মহাশয়ে রিপোর্ট এ দেখলাম না পুরুলিয়া জেলার কথা । আমি আপনার সামনে বলতে চাই যে সেখানে লোক না খেতে পেয়ে মারা গেছে বড়বাজার থানার ঐ লোকের নাম আমি প্রকাশ করছি বুগী সর্দারী, নরু কর্মকার না খেয়ে মারা গেছে ; একথা আমরা ডি. সি.কে জানিয়েছি কিন্তু জানি এর কোন তদন্ত হবে না। সেজন্য বলছি যে এই হাউসের সমস্ত পার্টি থেকে ৫।৭ জন সদস্য নিয়ে একটা তদন্ত কমিটি করা হোক তাহলে দেখবেন শষ্যহানী হবে কি না লোক মারা গেছে কিনা ? শুধু তাই নয়, গত বৎসর দুর্ভিক্ষ বিষয়ে যে দুর্নীতি হয়েছি তার তদন্ত করা হোক তাহলেই দেখবেন যে সত্য প্রকাশ হয়ে যাবে। এবং হাজার হাজা টাকা যে নষ্ট হচ্ছে তার প্রমাণ পাওয়া যাবে।

Shri Mono Ranjan Baksi :

মা· ‍ীয় অধ্যক্ষ মহাশয় আজকে অত্যন্ত দুঃখের বিষয় হচ্ছে যে সারা পশ্চিম বাংলা আজ ভিক্ষুকে প‍া ‍ণত হয়েছে, আমরা দেখছি ক্রমাগত ভিক্ষুকের সংখ্যা বেড়ে যাচ্ছে। আমরা দেখতে পা ‍চ্ছ দীর্ঘ ১৭ বৎসর পরও এই ত্রাণ বিভাগের অস্তিত্ব বজায় রয়েছে। কাজেই এর দ্বারা প্র ‍ণিত হচ্ছে যে সরকারের সমস্ত নীতি ব্যর্থ হয়েছে আজকে বাংলা দেশের লোককে ডো‍.‍লের উপর বাঁচিয়ে রাখা হয়েছে। আজকে বাংলা দেশের চারিদিকে হাহাকার রয়েছে এটা আমার কথা না পরিকল্পনা কমিশন পরিষ্কারভাবে বলেছেন তৃতীয় পরিকল্পনার প্রথম ৩ বৎসরে তারা দেখতে পাচ্ছে যে ভারতবর্ষের মাথা পিছু আয় ব্যয়ের মাত্রা মোটেই বাড়েনি তার ফলে জন অবস্থা শোচনীয়। তারা যে স্তরে ছিল সে স্তরেই আছে আজকে দেশের উন্নয়নের কথা বলুন কিন্তু তা হলে দেখতে পাই যে ডোলের সংখ্যা মোটেই কমেনি বরং দিনের পর দিন ভিক্ষায় ঝুলি হাতে নিয়ে লোককে ঘুরতে দেখা যাচ্ছে কাজেই আজকে বর্তমানে কংগ্রেসী শাসনে দেশের এই যে অবস্থা তার জন্য দায়ী এবং নীতি যে ব্যর্থতার পরিণত হয়েছে সেটা দেখতে পাচ্ছি। এই যে ত্রাণ বিভাগ, এই ত্রাণ বিভাগে দুর্নীতি চলছে আপনি আশ্চর্য্য হবেন ১৯৬০ সালে আসামে যে দাঙ্গা হয় তাতে বাঙ্গালীদের সাহায্য করবার জন্য আসাম রিলিফ ফাণ্ড তৈরী হয় সেই ফাণ্ডএ ২০ লক্ষ টাকা উঠলে ১০ লক্ষ টাকার মধ্যে মাত্র ১৫ হাজার টাকা খরচ করা হয় বাকি টাকার হিসাব নেই এবং এই টাকা আয়কর হতে মুক্ত। ১৯৫৯ সালে বন্যা ত্রাণ কমিটি সে ত্রাণ কমিটি প্রায় ২৫ লক্ষ টাকা উঠিয়ে ছিল এবং সে টাকা থেকে ১৫ লক্ষ টাকা খরচ হয় সেটা হুগলীর আরামবাগ মহকুমায় বেশী খরচের কথা ছিল সে টাকা থেকে ১০টা জেলায় দেজ স্টুডেণ্ট হোম লাইব্রেরী আজ পর্যন্ত করা হয়নি।

[2-50—3 p.m.]

আজ পর্যন্ত সেই সমস্ত করা হয়নি। মিঃ স্পীকার, স্যার, ডাঃ বিধান চন্দ্র রায়ের স্মৃতি তহবিলে ৩৬ লক্ষ টাকা উঠেছে, কথা ছিল তাঁর স্মৃতি রক্ষার জন্য হাসপাতাল নির্মাণ করা হবে। আমি জানি না সেই হাসপাতাল কার্যকরী হয়েছে কিনা। মিঃ স্পীকার, স্যার, আমরা দেখতে পাচ্ছি যে এই ত্রাণ বিভাগ দিনের পর দিন আত্মীয় স্বজন পোষণ এবং দুর্নীতির একটা চরম আড্ডাখানা হয়ে দাঁড়িয়েছে। এইভাবে যদি দেশ শাসন চলে তাহলে যতই দেশের উন্নতির কথা বলা হোক না কেন আমি বলব দেশের উন্নতির নামে সমস্ত ভাঁওতা

দেওয়া হচ্ছে এবং দেশকে ক্রমাগত দিনের পর দিন একটা অন্যায়ের পথে নিয়ে যাওয়া হচ্ছে। আজকে গ্রামাঞ্চলে দেখছি যে রিলিফ কমিটি আছে সে রিলিফ কমিটির কি কার্যাবলী তা জানতে পারা যায় না। সরকারের আইন হচ্ছে এম. এল. এ.রা সেই কমিটির মিটিংএ থাকবেন। কিন্তু আমি জানি বহু রিলিফ কমিটির কোন মিটিং আজ পর্যন্ত ডাকা হয়নি। শুধু তাই নয়, তাঁদের যে সুপারিশ সেই সুপারিশ বাদ দিয়ে এস. ডি. ও., বি. ডি. ও. যা মনে করেন সেগুলি করেন। রিলিফের ক্ষেত্রে কোন বাদ বিচার করা হয় না—যারা কংগ্রেস দল পুষ্ট তাদের রিলিফ দেওয়া হয়। শুধু তাই নয়, আমরা দেখেছি যারা রিলিফ পাবার যোগ্য নয়, যারা ধনীক শ্রেণীর লোক তারা মাঝে মাঝে রিলিফ পায়। এই রকম অব্যবস্থা যদি চলতে থাকে তাহলে ওঁরা যতই বলুন না কেন যে ওয়েলফেয়ার স্টেট জনকল্যাণ রাষ্ট্র তৈরি করবেন, তা তৈরি করতে পারবেন না। আমার মনে হয় এই সমস্ত ধোঁকাবাজি ছাড়া আর কিছু নয়। সেজন্য মিঃ স্পীকার, স্যার, রিলিফ খাতে যে টাকা বরাদ্দ চেয়েছেন আমি তার বিরোধিতা করছি। কিন্তু তবুও বলব যে যতদিন পর্যন্ত তাঁরা এই সিংহাসনে সমারুঢ় থাকবেন ততদিন পর্যন্ত এই রিলিফ খাতে টাকা বাড়াত বাধ্য। তা না হলে আজকে দেশের কোটি কোটি লোক অন্নাভাবে মারা যাবে। এটা সরকারের চরম ব্যর্থতা বলে আমি মনে করি। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন একদিন ছিল যখন ঐ আওরংগজেব ছলনা করে বলেছিলেন—পিতঃ, আমি আর শাসন ব্যবস্থা চালাব না, রইল আমার ধড়াচুঁড়া, রইল আমার রাজমুকুট, মক্কা আমায় ডাক দিয়েছে, আমি চললাম। আমি মন্ত্রী সভাকে বলব তাঁরা সেই ছলনা পরিত্যাগ করুন, পরিত্যাগ করে দেশের গরীব মানুষকে বাঁচিয়ে রাখুন এই বলে আমি শেষ করছি।

Shrimati Abha Maiti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি যে ব্যয় বরাদ্দ এই সভার সামনে রেখেছিলাম সে সম্পর্কে আমাদের কয়েকজন মাননীয় সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন। আমাদের কয়েকজন মাননীয় সদস্য আমার প্রারম্ভিক বক্তৃতায় ওল্ড এজ পেনসান সম্পর্কে আমি যেসব কথা বলেছিলাম তার সম্পর্কে বলেছেন এবং গত বছর এই ওল্ড এজ পেনসানের আওতাতে খুব বেশী খরচ হয়নি একথাও বলেছেন। ইতিপূর্বে প্রশ্নোত্তর কালে আমি এই কথা বলেছিলাম এই হাউসে এবং অন্য হাউসেও যে আমাদের ওল্ড এজ পেনসানের যেসব নিয়ম কানুন ছিল যেকথা শম্ভু গোপাল দাস মহাশয় বলেছেন তার কিছু রদ বদল করেছি যাতে করে এর সুযোগ আরো বেশী লোক নিতে পারে। এই ধরণের প্রকল্প আমাদের বাংলাদেশে ছিল না এবং এ সম্বন্ধে আমাদের অভিজ্ঞতাও ছিল না। যখন দেখেছি যে এর নিয়ম কানুনের মধ্যে বেশী লোক এর সুযোগ নিতে পারেনি তখন এই নিয়ম কানুন অনেক শিথিল করা হয়েছে। যেসব নিয়ম কানুনের কথা শম্ভু গোপাল দাস মহাশয় বললেন সেই সব নিয়ম কানুনের বদলে অনেক সহজ করা হয়েছে এবং আমি আমার প্রারম্ভিক বক্তৃতাতে এই আশা প্রকাশ করেছি যে দুস্থ ব্যক্তিরা এর আওতায় এখন অনেক বেশী আসতে পারবে এবং অনেক বেশী সুযোগ গ্রহণ করতে পারবে। গতবারে যে অসুবিধা ছিল সেই অসুবিধা আর থাকবে না। এটা ঠিক যে আগে ১২।১৫ টাকা ছিল, সেটা বদলে ২০ টাকা করেছি। এটাও ঠিক যে এই ২০ টাকা যথেষ্ট নয়। কিন্তু আর্থিক সঙ্গতি যদি ভবিষ্যতে ভাল হয় তাহলে নিশ্চয়ই এটাকে আরো বাড়বার চেষ্টা করব।

আনএমপ্লয়মেণ্ট ভাতা সম্পর্কে আমাদের কয়েকজন মাননীয় সদস্য বলেছেন। তাঁরা নিশ্চয়ই একটা ভাল কথা বলেছেন এবং আমি মনে করি দেশের যদি কখনো সেই রকম আর্থিক সঙ্গতি আসে তাহলে সেই রকম আনএমপ্লয়মেণ্ট ভাতা দেওয়া যেতে পারে। তবে এই জিনিষটা আমার বিভাগের অন্তর্গত নয়, এটা শ্রমবিভাগের অন্তর্গত। এটা তাঁরা হয়ত বিবেচনা করবেন।

তারপর রিলিফ সম্পর্কে কিছু কিছু আলোচনা হয়েছে। কয়েকটি সার্কুলারের কথা আমাদের মাননীয় সদস্যরা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের ত্রাণ বিভাগের কাজ যে বারোমাস সমান ভাবে চালাতে হবে ; এমন কোন কথা নাই।

আমাদের ত্রাণ বিভাগের কাজ কী? না, যখন দেশে এমন অবস্থা দেখা যায় যে লোককে সাহায্য করতে হবে, তখনই ত্রাণ বিভাগের তৎপরতা বৃদ্ধি পায় এবং সারা বছর ধরে তার জন্য কাজ করা হয়। যার কোন আয় রোজগার থাকে না বা তার কোন পথ থাকে না—এমন যদি থাকে, তখন তার জন্য সাহায্য দিয়ে থাকি। তবে আমি আগেই বলেছি এই ত্রাণ বিভাগের কাজ তখনই বাড়ে যখন দেখা যায় দেশে অনাবৃষ্টি হয়েছে, লোকে কাজ কর্ম পাচ্ছে না, খাদ্যের বেশী ফলন হয়নি এই রকম অবস্থা হলে এবং বিশেষ করে আমাদের আবার ভাদ্র আশ্বিন কার্তিক মাসে সবচেয়ে বেশী অভাব সকল গৃহস্ত বাড়ীতে দেখা যায় এবং এই সময় কাজ বাড়ে এবং তারপর চাষের পরে যখন ভাল সময় আসে ফসল ইত্যাদি ওঠে, তখন তার সংখ্যা কমে যায়। আমি একটা বিবরণ তৈরী করেছিলাম তাতে আমি বলতে পারি আমাদের জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ, এপ্রিল, মে, জুন পর্যন্ত আমাদর সংখ্যা বেশী থাকে না এবং আমাদের রিলিফ প্রাপকদের যে তালিকা তৈরী হয়, যেটা মাঝে মাঝে চেক করা হয় এবং চেক করে নূতন করে তালিকা তৈরী করা হয়। সুতরাং যদি কোন সার্কুলার এস ডি ও বা ডি বি ডি ও দিয়ে থাকেন সমস্ত তালিকা চেক করবার জন্য, তখন তাঁরা কিছু অন্যায় করেছেন বলে আমি মনে করি না। বরং তাঁরা ঠিকই করেছেন। কারণ চেক না করলে ভুল ত্রুটি অনেক সময় ধরা পড়ে না। অনেক সময় দেখা যায় যে অনেক ব্যক্তি মারা গেছে, তখন তাদের নাম বাদ যায় এবং অবাঞ্ছিত লোকের নাম যদি থাকে, তা'ও বাদ যায়। সুতরাং সে রকম যদি সার্কুলার দে'ওয়া হয়ে থাকে তা রাইটার্স বিল্ডিংস থেকেই যাক বা বি ডি 'ওর কাছ থেকেই যাক—বা এস. ডি. 'ও.র কাছ থেকেই যাক তখন তা অন্যায় হয়েছে বলে আমি মনে করি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন আমি যদি ধরি ২৪ পরগণার কথা তাহলে দেখবেন ফেব্রুয়ারী, মার্চ, এপ্রিল, মে, জুন মাসে হয়েছে ঐ '৫, '৫, '৬, '৬, '৮ পর্যন্ত করে রিলিফ দিতে হয়েছে। তারপর আবার আস্তে আস্তে বেড়েছে। কি ভাবে? ১'৩, ১'৪, ২'১, ২'২—এই রকম ভাবে ক্রমাগত বেড়ে গেছে আমি বলতে চাচ্চি যে সময় অভাব বেশী হয়, সংখ্যা সেই সময় বাড়ে এবং যে সময় অভাব কমা হয় সংখ্যা তখন কমে। এটা প্রতি বছর হয়। কাজেই এ সম্বন্ধে সমালোচনা করবার বেশী কিছু আছে বলে আমি মনে করি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম যে আমাদের সমস্ত স্তরে স্তরে জনগণের দ্বারা নির্বাচিত প্রতিষ্ঠান তৈরী হয়েছে, অঞ্চল পরিষদ, জেলা পরিষদ ইত্যাদি স্থাপিত হয়েছে। আমরা ত্রাণ বিভাগ থেকে ঠিক করেছি যে ত্রাণ বিভাগের সমাজ কল্যাণ বিভাগের যে সমস্ত কাজকর্ম ছিল তা এখন জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েৎ—এর মাধ্যমে করবো, এদের উপর সমস্ত দায়িত্ব আমরা দিয়ে দেব। তখন সেই রিলিফ কমিটি রাখার আর কোন প্রশ্ন আসবে না।

[3—3-10 p.m.]

আর একটা কথা বলা হয়েছে যে, আমরা রিলিফ নিয়ে রাজনীতি করছি। এটা তাঁরা অনেকবার বলেছেন এবং এটা অত্যন্ত পুরান, পচা যুক্তি। আমি এর তীব্র প্রতিবাদ করে বলতে চাই মানুষের দুস্থতার সুযোগ নিয়ে পশ্চিমবঙ্গ সরকার কোন প্রকার রাজনীতি করে না। তারপর, জীবন কৃষ্ণ দে মহাশয় অতি অসত্য কথা মাননীয় সদস্যদের সামনে বলেছেন। তিনি বলেছেন পশ্চিমবঙ্গ সরকার কুচবিহারের কংগ্রেস কমিটিকে সরকারী তহবিল থেকে অর্থ দিয়েছে এবং তাঁরা নাকি লণ্ঠন কিনে তাতে কংগ্রেসের নাম লিখে বিতরণ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লণ্ঠনে কংগ্রেসের নাম লিখতে পারে যদি সেগুলি কংগ্রেস কমিটি নিজেরা চাঁদা তুলে জনগণের সেবার জন্য দেয় এবং এই অধিকার শুধু কংগ্রেসের একার নয়, কমিউনিস্ট পার্টি, ফরওয়ার্ড ব্লক সকলেই তা করতে পারে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবঙ্গ সরকার তাদের তহবিল থেকে ১টি পয়সাও কুচবিহারের কংগ্রেস কমিটিকে দেয়নি। একজন মাননীয় সদস্য এরকম অসত্য কথা কি করে এখানে বললেন আমি ভেবে পাই না।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার অবগতির জন্য আবার আপনাকে বলছি পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগ থেকে কোন অর্থ কোন কংগ্রেস কমিটিকে আজ পর্যন্ত দেওয়া হয়নি। আর একটা কথা বলেছেন মাননীয় সদস্য বলাই দাস মহাপাত্র। তিনি বলেছেন.........

Shri Jiban Krishna Dey :

পয়েণ্ট অব অর্ডার স্যার। ১৯৬৩ সালে তুফানগঞ্জ মহকুমায় যে সাইক্লোন হয়েছিল তখন কংগ্রেসকে টাকা দিয়েছিল সেটা আমার বক্তব্য নয়। আমার বক্তব্য হচ্ছে সরকারী টাকায় যে রিলিফ দেওয়া হয়, সরকারী টাকায় লণ্ঠন যেটা বিলির জন্য দেওয়া হয়েছে তাতে কংগ্রেসের সিল মেরে বিলি করা হয়েছে—লাল কালিতে লিখেছে ''কংগ্রেস''।

Shrimati Abha Maiti :

স্যার, আমি আগেই বলেছি পশ্চিমবাংলার ত্রাণ দপ্তর থেকে কুচবিহার জেলাসহ কোন কংগ্রেস কমিটিকে কোন রকম অর্থ দেওয়া হয়নি, লণ্ঠনও দেওয়া হয়নি। তারপর বলাই দাস মহাপাত্র বলেছেন আমার নির্বাচনী এলাকায় বরজ এবং অর্জুন নগর নামে যে দুটি জায়গা আছে সেখানে অঞ্চল প্রধানদের কাপড়চোপড় দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে জানাতে চাই যে, আমার নির্বাচনী এলাকায় বরজ এবং অর্জুন নগর বলে কোন অঞ্চল নেই।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন..........

Mr. Speaker :

আপনি এখন বসুন, দরকার হলে পরে এক্সপ্লেন করবেন, মিনিস্টার-এর জবাবের পর।

Shrimati Abha Maiti :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে কথা বলছিলাম আপনার কাছে, আমার নির্বাচনী এলেকায় বোরজ এবং অর্জুন নগর বলে কোন এলেকা নেই। মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশে অনেক এলেকা আছে যেখানে ত্রাণ দপ্তর কাজ করে থাকে।

কাঁকড়া টেস্ট রিলিফ নিয়ে এই হাউস-এ অনেক সময় অনেকে বলেছেন, আজকেও মাননীয় সদস্য বলাইবাবু বললেন, তবে তিনি আজকে তত জোর দিয়ে বলতে পারেন নি। ভিজিলেন্স কমিশন অমুক তমুক ইত্যাদি বলেছেন। আমি তাঁকে বলবো তাঁর যদি সাহস থাকে তবে ভিজিলেন্স কমিশন কেন তিনি যে কোন কমিশনে পাঠাতে পারেন। তাঁর যদি সাহস থাকে যে চার্জ এনেছেন বাইরে গিয়ে যদি সেকথা বলেন তাহলে দেখবো তাঁর বুকের পাটা কত দূর।

Shri Kamal Kanti Guha :

আপনি কি বাইরের মন্ত্রী ?

Shrimati Abha Maiti :

পাবলিক মিটিং-এ বললে আমি লিগ্যাল এ্যাকশন নেব। আমরা যে উদ্দেশ্যে খাদির কাজ করেছিলাম, গরীবদের সাহায্য হবে বলে, সেই সাহায্য পরিপূর্ণ আমরা দিচ্ছি। আমাকে তিনি যে অন্যায়ভাবে আক্রমণ করেছেন এখানে, তাতে আমি আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারি না। তাঁর যদি সাহস থাকে তাহলে একথা মাঠে গিয়ে বললে আমি আইনগত ব্যবস্থা গ্রহণ করবো।

(Noise)

পাবলিক মিটিং করে বলুন, আমি জবাবদেব।

Point of Order

Shri Sailendra Nath Adhikary :

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, আমার একটু বলার আছে স্যার,...........

Shri Jagannath Kolay :

বসুন আপনি।

Shri Sailendra Nath Adhikary : You cannot dictate me.

Shri Jagannath Kolay :

মিনিস্টার যখন রিপ্লাই দিচ্ছেন, আপনি পয়েণ্ট অব অর্ডার তুলছেন কি করে ?

Shri Sailendra Nath Adhikary :

স্পীকার মহাশয়, আমাকে এ্যালাউ করুন বলতে, আমি পয়েণ্ট অব অর্ডার তুলছি।

Mr. Speaker :

পয়েণ্ট অব অর্ডার-এ রিয়্যালি একটা পয়েণ্ট নেবেন,
Don't take it as an opportunity to make some statement.

Shri Sailendra Nath Adhikary :

মাননীয় মন্ত্রিমহোদয়া, বলাইবাবু যে কথা তুলেছেন, তার উত্তর দিতে গিয়ে একটা জায়গায় বললেন এখানে বললে হবে না, বাইরে গিয়ে বলুন, এখানে আমরা যখন বাজেট ডিসকাশান করছি
It is the property of the House and anything emanating from that discussion should be answered by the Hon'ble Minister in this House.
সেখানে মন্ত্রিমহোদয়া যদি এভাবে বলেন
Is it not showing neglect to the House and thereby flouting the authority of the House....
এটাই হচ্ছে আমার পয়েণ্ট অব অর্ডার।

Mr. Speaker :

আমার রুলিংটা শুনে নিন ; এই যে কথাটা বললেন এটা এই হাউস নয়, সব জায়গায় এটা শোনা যায়—বাইরে গিয়ে বলতে পারেন। ফার্স্ট অব অল এতে কোন পয়েণ্ট অব অর্ডার কিছু নেই আর দ্বিতীয় কথা হচ্ছে আই উড রিকোয়েস্ট অল দি অনারেবল মেম্বারস যখন এই রকম কোন টাইপএর স্টেটমেণ্ট করা হবে তখন যদি পার্টিকুলারস দিয়ে বলা হয় তাহলে কারও কোন অপরচুনিটি হবে না একথা বলার যে এটা বাইরে বলা হোক কি ভিতরে বলা হোক।

[3-10—3-20 p.m.]

Shri Balai Lal Das Mahapatra :

স্যার, তিনি বার বার দেখাতে চাচ্ছেন যে........

Mr. Speaker : Mr. Mahapatra, please do not interrupt. I have told you that if you require any personal explanation to be given, I will give you that opportunity after the Minister has finished her reply.

Shrimati Abha Maiti :

মাননীয় স্পীকার মহাশয়, আমি মোটামুটি যেসব কথা উঠেছিল তার জবাব দিয়েছি। শুধু একটা কথা—দুর্নীতির কথা। আমার ডিপার্টমেণ্টে নাকি অনেক দুর্নীতি আছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি গত বছর ১২টি অভিযোগ পেয়েছিলাম এই ডিপার্টমেণ্টের—এগুলি প্রতিটি জেলা ম্যাজিস্ট্রেট-এর কাছে ও নানা জায়গায় অনুসন্ধানের জন্য পাঠাই—তার মধ্যে ৫টি কেসের একটি বাঁকুড়ায়, আর একটি বীরভূম এবং সেখানে দেখা যাচ্ছে এই কেসগুলি সবই মিথ্যা। তিনটি কেস এখনও পেণ্ডিং রয়েছে। একটি কেসে দেখা গেছে গণ্ডগোল ছিল। এবং এই বিভাগ থেকে তার বিরুদ্ধে মামলা করা হয়েছে। সুতরাং এই কথা বলতে চাচ্ছি যে মাননীয় সদস্য যেকথা বলেছিলেন যে বিভাগে অনেক দুর্নীতি আছে সেটা সম্পূর্ণ অসত্য। আমি এই কথা বলবো যে আমি যেসব ব্যয় বরাদ্দ স্থাপন করেছি এগুলি গ্রহণ করার জন্য বলছি এবং সমস্ত কাট মোসনের বিরোধীতা করছি।

Shri Girija Bhusan Mukherjee :

মন্ত্রিমহোদয়া বললেন দুর্নীতির ব্যাপারে যেটা আলোচনা করা হয়েছে সেটা সম্পূর্ণ অসত্য—কিন্তু তার আগে উনি আবার বললেন যে ১২টি অভিযোগ এসেছিল এবং একজন দোষী সাব্যস্ত হয়েছে—তাহলে একজনও যদি দোষী সাব্যস্ত হয় তাহলে এখানে অসত্যের কথা উঠে না।

Mr. Speaker :

মিঃ মুখার্জি, আমি আশা করি এখানে আমাদের যেসব অনারেবল মেম্বাররা আছেন তাঁদের এনার স্টেটমেণ্টের উপর ইমপ্লিকেসন করবার অধিকার এবং ক্ষমতা আছে এই যে কথাগুলি বলা হয়েছে এই বাদে সেগুলি যা বলেছেন Save an except what has been dealt with by her, the rest is অসত্য।

Now I put all cut motions to vote, except Nos. 6, 11, 16, 17 and 21,

(The motions were then put and lost)

The motion of Shri Jyoti Basu that the demand be reduced to Re. 1, was then put and dost.

The motion of Shri Gour Chandra Kundu that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand be reduced t Re. 1, was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand be reduced t Re. 1, was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand be reduced tc Re. 1, was then put and lost.

The motion of Dr. Abu Asad Mohammad Obaidal Ghani that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand be reduced to Re. 1, was then put and a division taken with the following result:—

NOES—99

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikkesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan

Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Joyanl Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Maity, Shri Subodh Chandra
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Platel, Shri R. E.
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Ray, Shri Kamal Krishna
Ray,. Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Dr. Indrajit
কিন্তু এই অস্থায়ীত্বের কোন লক্ষণ এই সমস্ত বরাদ্দের মধ্যে ধরা পড়ছে না। এমার্জেন্সী আলিপুর দুয়ারে একটা দমকল ইউনিট হল সেগুলি তুলে দেওয়া হল। এগুলি যদি স্থায়ী ধরা ধরা হোত তা হলে উঠিয়ে দেওয়ার প্রশ্ন ছিল না, সুতরাং যে ভাবে এই বরাদ্দগুলি ধরা হয়েছে সেই বরাদ্দের ভিতর দিয়ে যদি বিচার করা হয় তাহলে ইমার্জেন্সী খাতে ধরার মত কোন জিনিষ ওর মধ্যে নেই, সুতরাং এদিকে থেকে দেখছি তেমনি অন্যান্য ব্যাপারে দেখতে পাচ্ছি যে মন্ত্রীদের বা কংগ্রেসে যারা শাসন চালাচ্ছেন তাঁদের চলাফেরা যে রকম একটা জাতীয় সঙ্কট কালীন আচরণ হওয়া উচিত সেদিক থেকে বিচার করলে এমার্জেন্সী দেখতে পাচ্ছি না। সব গতানুগতিক চলছে, উত্তর সীমান্তে চীন আক্রমণের ব্যাপারে কি না সরকারের নেতৃমহল থেকে এরকম কথা বলা হচ্ছে না। পাকিস্তান হামলার কথাও বলা হচ্ছে না। অর্থাৎ দায়িত্বশীল নেতাদের তরফ থেকে এরকম ধরণের কথা শুনছি না যে আক্রমণ উত্তর, পশ্চিম, পূর্ব সীমান্ত থেকে হবে, এই রকম যদি ধরা না যায় তাহলে ন্যাশন্যাল এমার্জেন্সীর কি প্রয়োজন আছে জানি না। যারা গণতন্ত্রের কথা বলেন যারা দেশ প্রেমের কথা বলেন, দেশ সেবার কাজে আত্ম নিয়োগের কথা বলেন আমি তাদের বলতে চাই যে আমি এবং আমার দল মনে করে দেশরক্ষা এবং দেশ গঠনের কাজ এক, অভিন্ন; আজকে দেখতে পাচ্ছি দেশ গঠনের কাজে বাধা দিচ্ছে মুষ্টিমেয় ধনী, তারা এমার্জেন্সীকে তাদের লোঠবার হাতিয়ার হিসাবে ব্যবহার করছে এবং সেই সঙ্গে সঙ্গে দেখতে পাচ্ছি মুষ্টিমেয় ধনীদের স্বার্থের সঙ্গে কংগ্রেসী সরকার জনসাধারণের আন্দোলনকে স্তব্ধ করে দেবার জন্য এই এমার্জেন্সী ব্যবহার করছেন। ২৭টি কারখানায় স্ট্রাইক-এর কথা উঠেছে সেখানে গ্রিভেন্স প্রসিডিওর-এ ডি. আই. রুল প্রয়োগ করে স্ট্রাইক বানচাল করে দেওয়া হল যখন শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করা হল তখন তিনি বললেন যে জাতীয় জরুরী অবস্থায় ধর্মঘট করতে পারবে না। শ্রমিকদের খাওয়া পরায় যদি সমস্যা দেখা দেয় তাহলে তারা কোন রকম কিছু করতে পারবে না। কিন্তু এই সরকার দ্রব্য মূল্য বৃদ্ধিকে হোলডন করতে পারেন নি। ১৯৬২ সালের নভেম্বর মাসে যে ইণ্ডাস্ট্রিয়াল ট্রাস রেজোলিউশন হয় সেই ট্রাস রেজলিউশন-এর সর্ত্ত সরকার রাখতে পারেন নি। দ্রব্যমূল্য ক্রমাগত বাড়ছে মালিকানাদের শোষণ বেড়ে চলেছে চা বাগান থেকে আরম্ভ করে চটকল, ইঞ্জিনিয়ারিং শিল্প পর্যন্ত প্রত্যেক জায়গায় কাজের চাপ বেড়ে গেছে। সেখানে কাজের সুযোগ কমে যাচ্ছে, এগুলি আপনারা প্রতিরোধ করতে পারেন নি। এবং দেখতে পাচ্ছি ধনীদের হাতিয়ার হিসাবে এটাকে ব্যবহার করা হচ্ছে এবং এমারজেন্সীর সুযোগে লক্ষ থেকে এমন কি কোটি টাকা কামান হচ্ছে এবং তার জন্য এমারজেন্সী এবং ডি. আই. আর. কে বাঁচিয়ে রাখার চেষ্টা করা হচ্ছে। সেজন্য পরিস্কার বক্তব্য আমাদের তরফ থেকে এই এমারজেন্সী রাখার কোন প্রয়োজন নেই। এই সরকার যদি দৃষ্টিভঙ্গী না পালটান তা হলে দেশে অরাজকতা চলবে। জাতীয় জরুরী অবস্থায় গণতান্ত্রিক অধিকার হরণ করার অধিকার করে না। আমরা দেখলাম যা সাধারণত প্রচলিত আছে, যদি ধরুন এমন কেউ আছেন শৃঙখলা ভঙ্গ করবার চেষ্টা করছেন তাহলে ডি. আই. আর. ছাড়া বহু আইন আছে যেমন পি. ডি. অ্যাক্ট, সিকিউরিটি এ্যাক্ট এগুলি প্রয়োগ করে নিরোধ করা যেতে পারতো। কিন্তু সেদিক থেকে ব্যবহার করা হল না আপনারা ডি. আই. আর. প্রয়োগ করে বিভিন্ন জায়গায় গণ-তান্ত্রিক আন্দোলনকে ভাঙ্গবার চেষ্টা করছেন, যদি এরূপ দুস্কৃতকারী, দেশদ্রোহী সমাজের মধ্যে বিশৃঙখলা করার চেষ্টা করেন তাহলে তার জন্য যে প্রচলিত আইন আছে বলে ডি. আই. আর. দরকার পড়ে না এমারজেন্সী চালু রাখার দরকার হয় না। আমি বলতে পারি ন্যাশন্যাল এমারজেন্সী জারী করা সত্ত্বেও সংবিধানে একটা বিশেষ ধারা সাসপেণ্ড করা হয়নি, যেমন সম্পত্তি সংক্রান্ত ব্যাপার।

[4-40—4-50 p.m.]

কিন্তু এই সরকার বড় লোকদের গায়ে আঁচড় দেবার দরকার মনে করেন নি। সেখানে তারা আয়কর ফাঁকি দিয়ে চলতে পারে, সেখানে তারা একটা খাতার জায়গায় দুটো খাতা রেখে সরকারের কাছে পাবলিকের কাছে আয় গোপন করতে পারে, লক্ষ লক্ষ টাকা আয় গোপন করে চোরা পথে সমৃদ্ধি বাড়াবার চেষ্টা করতে পারে এবং সেই সমৃদ্ধি বাড়িয়ে দেশকে ক্রমাগত একটার পর একটা বিপর্যয়ের দিকে ঠেলে দিতে পারে। আজকে ডি. আই.

রুলস, এমারজেন্সী চালু রেখে তাদের সেই স্বার্থকে বাঁচিয়ে রাখবার চেষ্টা করছেন এবং দেশকে জাহান্নমে পাঠানোর চেষ্টা করছেন। আজকে এমারজেন্সী ডি. আই. রুলস মুখ্যমন্ত্রী রা কংগ্রেস সরকারের কাছে কথায় কথায় পরিণত হয়েছে। সেখানে তাঁদের বিলাস ব্যসনের ব্যাপারে পান থেকে চুন খসল না, সেখানে তাঁদের খরচ-খরচা যেমন ছিল সেটা একটুও কমল না, অথচ তার জন্য ত্যাগের বাণী এই সমস্ত বুবুক্ষু নরনারীর উদ্দেশ্যে বলে আসছেন এবং কতখানি ত্যাগ ধনী সম্প্রদায় করেছেন, দেশ রক্ষার জন্য কত টাকা তাঁরা দিয়েছেন কি পরিমাণ সাহায্য করেছেন তার ফিরিস্তিও আমরা এই হাউসে দেখেছি। সেখানে খুব বড় জোর কোম্পানী খাতে দেখেছি শ্রমিকদের বুকের রক্ত জল করা টাকা। অথচ ব্যক্তিগত ভাবে তাঁরা কি সাহায্য করেছেন—সেখানে দেখেছি সাহায্য করা দূরে থাক তাঁরা দেশ রক্ষার কাজে প্রতি পদে পদে ব্যাঘাত সৃষ্টি করেছেন। অথচ ডি. আই. রুলস তাঁদের বিরুদ্ধে উদ্যত হয়নি। সেজন্য আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিষ্কারভাবে এই কথা বলতে চাই যে ডি. আই. রুলস জারি রাখা, এমার্জেন্সী জারি রাখা এটা কংগ্রেস সরকারের স্বার্থের হাতিয়ার হিসাবে পরিণত হয়েছে, বড়লোকদের স্বার্থের হাতিয়ার হিসাবে পরিণত হয়েছে এবং সেদিক থেকে বিচার করে এমন কি দেশ রক্ষার প্রয়োজনে আজকে ন্যাশন্যাল এমারজেন্সী উঠিয়ে দেওয়া উচিত। এমারজেন্সী রাখার কোন প্রয়োজন নেই। এই কথা বলে আমি এই যে বরাদ্দ যেটা অন্যান্য খাতে ধরা যেতে পারত এবং ন্যাশন্যাল এমারজেন্সী খাতে ধরার কোন সার্থকতা নেই, এই বরাদ্দের তীব্র বিরোধিতা করছি এবং এই খাতে ধরে ন্যাশন্যাল এমারজেন্সী খাত সৃষ্টি করে রাখার বিরুদ্ধে ঘোরতর আপত্তি জানাচ্ছি।

Dr. Gopikaranjan Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ন্যাশন্যাল এমারজেন্সী খাতের যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে নিয়ে এসেছেন আমি তা সর্বান্তকরনে সমর্থন করি। বিরোধী দলের সদস্য নবীন বাবুর মত আমি যদি বলতে পারতাম যে কেন এই ন্যাশন্যাল এমারজেন্সী খাতের আজ দরকার হল তাহলে আমার চেয়ে সুখী কেউ হত না। স্যার, কয় বছর আগে ভারতবর্ষের কোন লোক বাংলাদেশের কোন লোক চিন্তা করতে পারত না যে বছরের পর বছর ভারতবর্ষকে বাংলাদেশকে এই খাতে কিছু কিছু অর্থ বরাদ্দ করে যেতে হবে। ভারতবর্ষ শান্তিকামী দেশ ছিল, সে বিশ্বাস করত জোট নিরপেক্ষতায়, কোন দেশের সঙ্গে তার শত্রুতা ছিল না। ১৯৬২ সালে অক্টোবরে হঠাৎ সে যাকে তার বন্ধু বলে জানত সেই রকম একটা দেশের কাছ থেকে আক্রান্ত হল। ভারতবর্ষে সেদিন যে প্রাণের সঞ্চার হয়েছিল, সেদিন সেই আঘাতের পর ভারতবর্ষ যে এক হয়ে দাঁড়াতে পারল তা আমাদের কাছে অত্যন্ত আনন্দের কথা। পণ্ডিতজী ১৯৬২ সালে পার্লামেণ্টে যে বক্তৃতা দিয়েছিলেন, যে প্রস্তাবে চীনের আক্রমণকে নিন্দা করা হয়েছিল এবং চীনের চ্যালেঞ্জ গ্রহণ করা হয়েছিল সেই বক্তৃতায় এক জায়গায় তিনি বলেছিলেন চীন আমাদের দেশ আক্রমণ করেছে এজন্য আমরা ব্যথিত সত্যই, কিন্তু তারই সঙ্গে আমার এমন ইচ্ছা হচ্ছে যে একটা লাইন যোগ করে দিই যে চীনের কাছে আমরা কৃতজ্ঞ। কারণ, ভারতবর্ষ নানা দেশে, নানা প্রদেশে, নানা ভাষায়, নানা সমস্যায় কণ্টকিত ছিল, সেই ভারতবর্ষ এক হয়ে দাঁড়িয়ে বলেছিল চীনের এই চ্যালেঞ্জ আমরা গ্রহণ করি।

আজ যুদ্ধ যে সর্বাত্মকরূপ ধারণ করেছে, এই সর্বাত্মকরূপের মধ্যে সীমান্তে যেমন সামরিক সজ্জার প্রয়োজন, অসামরিক প্রতিরক্ষারও ঠিক তেমনি প্রয়োজন। আজকে যুদ্ধ কেবল সীমান্তে হয় না। এই যুদ্ধ দেশের সমস্ত জায়গায় অসামরিক প্রতিরক্ষার উপর নির্ভর করে। এই অসামরিক প্রতিরক্ষার ব্যাপারে যে দেশ যত সবল, সে দেশ যুদ্ধের জন্য তত প্রস্তুত আছে।

আমাদের মাননীয় কমলবাবু প্রশ্ন তুলেছেন, সেদিন যে উৎসাহ দেখেছিলাম, যে তুফান দেখেছিলাম, তা আজ কোথায়? আজকে অত্যন্ত বিনীতভাবে বলবো শুধু উৎসাহ বা তুফান দ্বারা কোন দেশ অপর কোন দেশের আক্রমণকে রোধ করতে পারে না। তিনি যদি দেখতে চান, আমি তাঁকে নিমন্ত্রণ করছি—আজকে দেশে কিভাবে অসামরিক প্রতিরক্ষার

কাজ চলছে, মানুষ কেমন শান্ত ভাবে এই অসামরিক প্রতিরক্ষায় ব্যবস্থা করছে। তি চলুন আসানসোল, দুর্গাপুর অঞ্চলে। সেখানে তিনি লক্ষ্য করবেন মানুষ ওয়ার্ডেন হবার জন গার্ড হবার জন্য, ন্যাশন্যাল ভলেণ্টিয়ার ফোর্স-এর সদস্য হবার জন্য কেমন উদ্‌গ্রীব। সেদিনে সে উৎসাহের হয়ত প্রকাশ আজ নাই, সেই আতিশয্য হয়ত মানুষের জীবনে আজ নাই কিন্তু সেই মানুষ আজও কত দৃঢ় মনোভাব সম্পন্ন। একথা আমি তাঁকে জোরের সা বলতে পারি—আজ চীন স্তব্ধ আছে, কিন্তু যেদিন চীন উত্তর সীমান্তে আবার পা বাড়া আক্রমণ করবে, ভারতবর্ষ যে শক্তির পরিচয় ১৯৬২ সালের অক্টোবর মাসে দিয়েছিল, সে শক্তির পরিচয় সেদিন আবার দেবে। একথা আমরা বিশ্বাস করি। ভারতবর্ষে এই ব্যাপার হলো, চীনের অ্যাটম বোমা বিস্ফোরণের আর সত্যি সত্যি পৃথিবীর ইতিহা এই বিপদের আশঙ্কা আমাদের কাছে আরো বেশী ভাবে প্রকাশিত হয়েছে। এরই সঙ্গে সঙ্গে আমাদের তিনজন বিশ্ববিখ্যাত মণীষি—আমি নাম করছি—যাঁরা আজ আমাদের মধ্যে নাই, যাঁদের বিশ্বশান্তির ব্যাপারে দান ছিল অপরিসীম, তাঁদের একজন হচ্ছেন প্রেসিডেন্ট কেনেডি, একজন আমাদের ভারতের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু এবং আর একজন হলে আমাদের ক্রুশ্চেভ সাহেব। এই তিনজন যদি আজকে মিলিত হতে পারতেন, তাহলে এ বিশ্বযুদ্ধকে বন্ধ করতে পারতেন, রুখতে পারতেন, ভারতবর্ষ অ্যাটম বোমার প নেবে কি নেবে না এই প্রশ্ন আমাদের বিচলিত করবে না। আমি জানি ভারতবর্ষের মানুষ যদি আত্মিক বলে বলীয়ান থাকতে পারে—ভারতবর্ষের মানুষ তাদের সংহতিকে ১৯৬২ সালে যেভাবে প্রকাশিত করেছিল, সেইভাবে তারা আবার যদি প্রকাশিত করতে পারে, তাহলে ভারতবর্ষের হাতে এ্যাটম বোম থাকুক আর না থাকুক ভারতবর্ষ যে কোন আক্রমণে সম্মুখীন হতে পারবে সাফল্যের সঙ্গে। ভারতবর্ষের ইতিহাস লক্ষ্য করে দেখলে দেখবে ভারতবর্ষ কোন দিন কোন সুপিরিয়র ফোর্স-এর কাছে আত্মবলিদান দেয়নি। ভারতবর্ষের স্বাধীনত গিয়েছে চিরকাল তার অন্তর্দ্বন্দ্বে। আপনি দেখবেন স্যার জয়চাঁদ না থাকলে বা বিশ্বাস ঘাতককতা না করলে, পৃথ্বিরাজ পরাজিত হতো কিনা সে সম্বন্ধে সন্দেহ আছে। এই সেদিন সিরাজদৌলা পলাশীর প্রান্তরে পরাজিত হয়েছিল। সেদিন ক্লাইভের শক্তি কতটা কার্য্যকর হয়েছিল তা জানি না। যে জিনিস সবচেয়ে বেশী নষ্ট করে দিয়েছে সে হচ্ছে তা দেশবাসীর বিশ্বাসঘাতকতা।

তারপর রবীন্দ্রবাবু বলেন যে ন্যাশন্যাল এমারজেন্সী আছে কি নেই এ বিষয়ে সন্দে আছে, যেভাবে তিনি কথাটা বললেন; তার পরে আরো তিনজন বক্তৃতা করেছেন। আমি লক্ষ্য করে দেখেছি তাদের বক্তৃতার মধ্যে দ্বিধা আছে, দ্বন্দ্ব আছে। ওঁরা যেমন নির্লজ্জে মত বলেছেন, চীন আমাদের দেশকে আক্রমণই করে নাই, চীন ভারতবর্ষের মধ্যে দু চারপ এগিয়ে এসেছিল মাত্র। আমরা বিশ্বাস করি মুস্টিমেয় কয়েকটা ছোট দল আমাদে বিরোধী দলের সে ছাড়া, বিরোধী দলে আর যে বৃহত্তর দল আছে কমুনিষ্ট পার্টি তাঁরা স্পষ্ট ভাবে বিশ্বাস করেন যে চীন ভারতবর্ষকে আক্রমণ করেনি।

[4-50—5 p.m.]

স্যার, চীন ভারতবর্ষ আক্রমণ করল এবং তারপর ভারতবর্ষে কমিউনিস্ট পার্টি ভাগ হোল। তাঁরা ডাঙ্গের পত্র বার করেছেন, নানা রকম প্রস্তাব করেছেন, কিন্তু তেনালীতে যে কনফারেন্স হয়েছিল তাতে তাঁরা মাউ সে তুং-এর ছবি টাংগিয়েছেন—অবশ্য অন্যান্য বিরোধীদলের সমর্থন তাঁরা পাননি। ডাঙ্গের পত্রের অজুহাত দেখিয়ে আজকে ভারতবর্ষের কমিউনিস্ট পার্টি ভা হয়েছে একথা কোন ডাঙ্গেপন্থী স্বীকার করবেন না। আমি আর একটা উদাহরণ দেব। কি দিন আগে কোলকাতায় যে ৭ম পার্টি কংগ্রেস হয়েছে সেই ৭ম পার্টি কংগ্রেসে মাউ সে তুং-এর ছ টাংগান হবে কিনা তা নিয়ে বিচার বিবেচনা হয়েছে। কেরালার ইলেকসন-এর কথা রবীন্দ্র গর্বভরে বললেন। আমি তাঁকে স্পষ্টাক্ষরে জিজ্ঞাসা করতে চাই নাম্বুদ্রীপাদ কলকাতায় কি না বলে কেরলে গিয়ে হঠাৎ কেন স্টেটমেণ্ট দিলেন যে, চীন ভারতবর্ষ আক্রমণ করতেও পারে নাও করতে পারে? যাঁরা জেলের মধ্যে আছেন তাঁরা যে নাম্বুদ্রিপাদের কাছে এই ধরণের কথা বলার জন্য এক্সপ্ল্যানেসন চাইবেন তার উৎকৃষ্ট প্রমাণ হচ্ছে কিছুদিন আগে অমৃতবাজার পত্রিকা

জ্যোতিবাবু সম্বন্ধে একটা স্টেটমেণ্ট বেরিয়েছিল—অর্থাৎ যাঁরা জেলের মধ্যে আছেন তাঁরা বলেছিলেন মাউ সে তুং-এর পলিসি ফলো করবো কিনা সেটা বলতে তুমি কে? আমরা মনে করি তুমি আমাদের লিডার নও। স্যার, আমাদের দেশে এমন অনেক লোক আছে যারা বিশ্বাস করে চীন আমাদের দেশ আক্রমণ করেনি এবং আক্রমণ করবেও না এবং আর একদল আছে যারা নানা জায়গায় এই উক্তি করে থাকে যে, ৪ মাস অপেক্ষা কর, চীন এলে দেখিয়ে দেব। একথা বলে আমি এই বাজেট বরাদ্দ সমর্থন করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে ইমারজেন্সী বাজেট উত্থাপন করে মুখ্যমন্ত্রী হাউসে যে বক্তৃতা দিলেন তাতে তাঁর ভাষণের মধ্যে যে জিনিষ ফুটে উঠল সেটা হচ্ছে ইমারজেন্সী থাকাকালীন একটা দেশের ওয়ার মিনিস্টার বা মুখ্যমন্ত্রী যে পদেই তিনি থাকুন না কেন যে ভাবে ইমারজেন্সী বাজেট জাতির সামনে তুলে ধরেন সেইভাবে তিনি তুলে ধরেন নি, শুধু গতানুগতিকভাবে কাজের দায়িত্ব খালাস করেছেন। তিনি একমুখে ইমারজেন্সীর কথা বলেন এবং আর এক মুখে বলেন ইমারজেন্সীর প্রতি আমার বিন্দুমাত্র আগ্রহ নেই। আর একটা জিনিস আজকে দেখা যাচ্ছে এই ইমারজেন্সীর জন্য তিনি আর কিছু করুন আর নাই করুন ২.৩ লক্ষ টাকা খরচ করে নর্থ বেঙ্গলে একটা জেলখানা করেছেন। আমি জিজ্ঞাসা করি এই জেলখানাটা কি চীনের সৈন্যদের রাখার জন্য? তাতে তো আপনার কোন হাত নেই, সেটা তো সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর ওয়ার ডিপার্টমেণ্ট-এর ব্যাপার। তাহলে এই স্পেশাল জেল কাদের জন্য তৈরী করেছেন? তারপর, ফায়ার ফাইটিং স্কোয়াড সম্বন্ধে উনি যা বললেন তাতে দেখছি ২৮টি ট্রেলার পাম্প-এর ব্যবস্থা করেছেন। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীকে সবিনয়ে বলব এই ব্যাপারটা তিনি হাউসকে ঠিকভাবে বলেননি, সত্যকে গোপন করেছেন। একটি মাত্র ট্রেলার পাম্প ফায়ার ব্রিগেড অফিসে আছে এবং সেটাও নমুনা। কণ্ট্রাক্টররা এখন পর্যন্ত ট্রেলার পাম্প দেবার কণ্ট্রাক্ট যখন নেয়নি তখন এরকম তথ্য তিনি কেন জাতির সামনে রাখেন?

মাননীয় চেয়ারম্যান স্যার, এখানে এমারজেন্সীর ব্যাপারে বলতে চাচ্ছি যে গতবারে যে টাকা ধরা হয়েছিল সেই টাকা খরচ করা হয়নি এবং খরচ না করার কারণ স্বরূপ বলা হয়েছে **The decrease is mainly due to slow progress of work in connection with emergency**

মুখ্য মন্ত্রী মহাশয়ের বক্তৃতার ভঙ্গী এবং এই রিমার্ক দুটো যদি এক সঙ্গে চিন্তা করেন তাহলে বুঝবেন এই এমারজেন্সী এই সরকার নিজেরা বিশ্বাস করেন কি না। আসলে এই এমারজেন্সী হয়ে দাঁড়াচ্ছে দলবাজীর আড্ডাখানা। এবং এই এমাজেন্সীর নামে আজ ভারতবর্ষের জনগণের পথকে, আত্মাকে শৃঙখলিত করতে চাইছেন এবং সেই শৃঙখলিত করতে সরকার কি কি অপকর্ম করছেন সেটাই আমি আপনার কাছে তুলে ধরতে চাই। মাননীয় সদস্য সুধীর দাশ মহাশয়ের এক প্রশ্নোত্তরে জানা গেছল যে মেদিনীপুর জেলায় স্বয়ং একজন মন্ত্রী শ্রীমতী আভা মাইতি এক জনসভায় এমারজেন্সীর নামে দেশ রক্ষার নামে গরীব জনসাধারণের কাছ থেকে বহু টাকা সংগ্রহ করেন, সেই টাকার কোন হিসাব দেওয়া হয়নি, সেই টাকার জন্য রসিদ থাকা সত্ত্বেও আজ পর্যন্ত রসিদ লোকের কাছে গিয়ে পৌঁছল না। এজন্য আমি বলবো মন্ত্রী মহোদয়ার যদি সাহস থাকে তিনি হাউসে সামনে দাঁড়িয়ে সকলকে বলবেন রসিদ দেওয়া হয়েছে কিনা? আজকে এই ভাবে মানুষের দেশভক্তিকে নিজেদের দলের কাজের জন্য লাগান অত্যন্ত গর্হিত কাজ। আজকে মন্ত্রী মহোদয়ার উপস্থিতিতেই যদি এইরূপ হয় তাহলে এমারজেন্সী সম্বন্ধে লোকের আস্থা থাকবে কেন?

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই এমারজেন্সী ইউসড হচ্ছে গণ আন্দোলনকে ধ্বংস করার জন্য। ২৫শে সেপ্টেম্বর আপনি যদি বিদেশী যাত্রী হিসাবে এখানে আসতেন তাহলে কলকাতার রাজ পথে কি দেখতেন? দেখতেন শিরস্ত্রাণ পরিহিত সমস্ত সেপাই বন্দুক উচিয়ে দাঁড়িয়ে ঘুরে বেড়াচ্ছেন বিভিন্ন জায়গায় আর দেখতেন সেমি মিলিটারী কায়দায় তারা টহল দিচ্ছে। সেদিন আপনি যদি জিজ্ঞাসা করতেন চীন কি আক্রমণ করেছে? উত্তর হত না। পাকিস্তান কি আক্রমণ করেছে? উত্তর হত না। তবে কি দেশে রিভোলিউশন হচ্ছে? উত্তর হত না। তারপরও

যদি জিজ্ঞাসা করতেন তবে কি হয়েছে? অফিসারকে তখন বলতেই হত আমরা ক্ষুধিতের বিরুদ্ধে অভিযান করছি। ক্ষুধিত, যারা অন্ন চাইছে তাদের কণ্ঠরোধ করার জন্যই এরা এসেছে এইভাবে এমারজেন্সীকে ব্যবহার করছেন। যারা ক্ষুধার বিরুদ্ধে সংগ্রাম করে এমারজেন্সীর নামে এঁরা তাদের বিরুদ্ধে সংগ্রাম চালান।

(ফ্রম কংগ্রেস বেঞ্চ : অহো।)

এটা অহোর কথা নয়, এতে কি বিন্দুমাত্রও লজ্জা হয় না আপনাদের। আমি আর একটা কথা বলেই শেষ করবো। আজকে কেরলে যা ঘটেছে সেই ব্যাপার নিয়ে আমাদের চিন্তা করা দরকার হয়ে পড়েছে। আমরা কোথায় যাচ্ছি? যে জনসাধারণ চীনের বিরুদ্ধে দুর্বার স্রোতের মত রুখে দাঁড়াল, যে জনসাধারণ উত্তর সীমান্তে চীন আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল বন্দুক নিয়ে, সেই জনসাধারণই সেখানে ভারডিক্ট দিয়েছে। আজকে গণতন্ত্রের কথা আপনারা বলেন, সেই গণতন্ত্রে জনগণের ভারডিক্ট-এ যারা জয়ী হয়েছেন তাদের আপনারা জেলখানায় বন্দী করে রেখেছেন। আমার পার্টির তরফ থেকে আমি বলছি আমরা গণতন্ত্রে বিশ্বাস করি, জনসাধারণ যাদের নির্বাচন করেছে তাদের ছেড়ে দিতে হবে। আজকে আপনাদের সেদিকে চিন্তা করতে হবে; এমারজেন্সীকে কোন্ পথে নিয়ে যাচ্ছেন। একদিকে শুনছি চীন অনুপ্রবেশ করছে উত্তর সীমান্তে, কোন্ কোন্ জায়গায় আমরা দেখিনি, কিন্তু গভর্নমেণ্টে-র উপর আমরা আস্থা রেখেছি কিন্তু সঙ্গে সঙ্গে আমরা যেটা দেখছি সেটা হচ্ছে চীনের সৈন্যকে না দেখলেও রণ প্রবেশকারীদের না দেখলেও আমরা দেখছি চীনের নানা রকম সরঞ্জাম, চীনের ফাউণ্টেনপেন চীনের নানা জিনিষ আমাদের আশে পাশে ঘুরে বেড়াচ্ছে আমি জিজ্ঞাসা করি এমারজেন্সী থাকা কালীন, এটা আসা সম্ভব হল কি করে?

আমার কথা হচ্ছে এই যে ইমারজেন্সী প্রয়োগ করা হচ্ছে—ইমারজেন্সীর নামে যে আমাদের সরকার আমাদের এই যে নিয়ে যাচ্ছে এবং ইমারজেন্সীর প্রতি এঁদের যে আগ্রহ তাতে এর দ্বারা এঁরা জনসাধারণের আস্থা হারাচ্ছেন। ভারতবর্ষের জনসাধারণ দেশকে ভালবাসে। ভারতবর্ষের জনসাধারণ বহু কষ্ট করে দেশে স্বাধীনতা নিয়ে এসেছে। ভারতবর্ষের জনসাধারণ দেশ রক্ষার জন্য সব কিছু দিতে প্রস্তুত আছে। কিন্তু ভারতবর্ষের জনসাধারণ সেই সঙ্গে গণতন্ত্রকে কায়েম রাখবার জন্য সজাগ। আমি এই জন্যই বলছি যে ইমারজেন্সীর নামে যারা ফ্রড অন দি কনসটিটিউশান, যারা ফ্রড করছে তাঁদের এই ইমারজেন্সীতে আমাদের আস্থা নেই। আমি জানতে চাই যে কোথায় কি ইমারজেন্সী—খুলে বলুন এই হোল হাউসের সামনে—তাঁরা বুকে হাত দিয়ে বলুন যে তাঁরা সত্যিকারের ইমারজেন্সী হিসাবে চলতে চান তাহলে আমরা এটাকে সাপোর্ট করবো—নাহলে করতে পারি না।

[5—5-10 p.m.]

Shri Nepal Chandra Roy :

মাননীয় সভাপাল, মহাশয়, এই ন্যাশনাল ইমারজেন্সীর উপর এই যে ৩ কোটি ২৪ লক্ষ ৪১ হাজার টাকা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় চেয়েছেন আমার মতে টাকাটা অত্যন্ত কম। আরও বেশী টাকা ইমারজেন্সীর জন্য দরকার এবং দেওয়া উচিত। স্যার, আমি জানি আমাদের বিরোধী দলের বন্ধুরা কেউ কেউ এই ইমারজেন্সী সমর্থন করেছেন, কেউ কেউ ইমারজেন্সী সমর্থন করেন না। বোধ হয় আপনার মনে আছে এর পূর্বেকার দু এক দিন আগে এই হাউসে বিরোধী দল সম্বন্ধে একটা মন্তব্য করেছিলাম। কাগজে অবশ্য সঠিকভাবে ব্যাখ্যা হয় নি। আমি এই রুশ পন্থীদের বলেছিলাম এরা রুশমার্কা কমিউনিস্ট, আর ওদের বলেছিলাম এরা চীন মার্কা কমিউনিস্ট। ফরোয়ার্ড ব্লককে বলেছিলাম এরা হচ্ছে মারচীন, মার্কিন নয়, চীনকে মার এই দলভুক্ত। আর কমিউনিস্ট পার্টির লেজুড় হচ্ছে এই আর. এস. পি.। ওঁরা দালাল ছাড়া আর কিছু নয়, ইমারজেন্সী যখন আছে—পৃথিবীর অন্যান্য দেশে যখন এই রকম একটা ইমারজেন্সী পিরিয়ড বলে ডিক্লেয়ার করা হয় সেখানকার অবস্থা যদি পর্য্যালোচনা করা হয় তাহলে দেখতে পাওয়া যাবে যে এই রকম ধরণের মানুষ যারা

ইমারজেন্সীর সময়ে যখন দেশ আক্রান্ত হচ্ছে—অন্য দেশের সৈন্য এসে পড়েছে তখন আমাদের দেশের কিছু কিছু ঐ দালালের দল যাদের এই দেশে জন্ম এই দেশের জলবায়ুতে মানুষ হয়েছে তারা এই দেশের মাকে কিন্তু মা বলে না—তারা চীনের মাকে মা বলছে, রুশের বাপকে বাপ বলছে। এই হচ্ছে অবস্থা, স্যার, আপনি চিন্তা করে দেখুন। আমি সব মানতে রাজী আছি—নিশ্চয় গণতন্ত্রের মধ্যে দল থাকবে—আমি তা অভ্যর্থনা জানাই—ফরোয়ার্ড ব্লকের তাদের যে স্ট্যাণ্ড, আজকে পি. এস. পি.-র যে স্ট্যাণ্ড তাকে অভ্যর্থনা জানাই—নিশ্চয়ই তারা সরকারের ক্রিটিসিজম করুন। কিন্তু তার মানে এই নয় যে দেশ যখন আক্রান্ত হবে বিদেশী শত্রুদের দ্বারা তখন দেশের মানুষকে বলবে না ওরা আক্রমণ করতে আসে নি ওরা তোমাদের ভালবাসতে এসেছে। আমি এটা অবাক হয়ে যাই যে এর পরেও আজকে কিনা এই সব কিছু কিছু দালালের দল বলছে য না দেশে তো ইমারজেন্সী নেই। একে তুলে দাও। স্যার, অন্য দেশ হলে কি করতো জানেন? যদি ইমারজেন্সী তুলে দিতে হয় তাহলে আমি মুখ্যমন্ত্রীকে রিকোয়েস্ট করে নেবো যে তার আগে কমিউনিষ্ট পার্টিকে ব্যাণ্ড করে দেওয়া উচিত। চীনা কমিউনিস্টকে দার জেলখানায় নয়, দাঁড় করিয়ে গুলি করে মারা উচিত—এ না করলে দেশে কখনও শান্তি আসবে না।

এরা যতদিন পর্যন্ত বেঁচে থাকবে ততদিন পর্যন্ত দেশের মধ্যে অনাসৃষ্টি করবে, এই হচ্ছে দের চেহারা। এরা আবার বলে ইমারজেন্সী তুলে দিতে হবে। স্যার, আমি সব মানতে জী আছি, আমাদের মধ্যে খারাপ কাজ করছে, ভুল কাজ করছে, নানারকম লোক আছে রা এই সব কাজ করছে, তাদের আমরা বাদ দিচ্ছি না। কিন্তু আজকে দেশের স্বাধীনতা চ্ছে সব থেকে বড় জিনিষ, দেশের স্বাধীনতা রক্ষার জন্য আমি জানি ভারতবর্ষের ৪৫ কোটি নুষ তাদের শেষ বিন্দু রক্ত পর্যন্ত এই স্বাধীনতা রক্ষার জন্য দেবে। যারা কেবল কোল করে চেঁচাচ্ছে দের লজ্জা হওয়া উচিত, এরা আবার বিজয় উৎসব করেন। এরা পেয়েছেন ৪০টা সীট র কংগ্রেস পেয়েছে ৬০টা সীট। এঁরাই আবার ময়দানে দাড়িয়ে চীন পন্থী আর রুশপন্থী মিউনিস্টদের বাপ মার শ্রাদ্ধ করেছেন, লজ্জা করে না বলতে এই কথা? আপনারা বারে পেয়েছিলেন ৩৯ পারসেণ্ট ভোট জনসাধারণের, এই বার পেয়েছেন আপনারা ১৬ রসেণ্ট ভোট, আপনাদের লজ্জা করে না বলতে? যারা বিজয় উৎসব করবে, আমি জানি দের দেশের মানুষ—ভারতবর্ষ এমনই একটা দেশ, যে দেশের মাটি সমস্ত কিছু হজম করতে রে। আমরা দেখেছি বিদেশী আক্রমণ দিনের পর দিন হচ্ছে, দেশের মানুষ হজম রেছে, সেটাকে। আমরা দেখেছি দেশের মানুষকে বিভিন্ন ভাবে বিভ্রান্ত করার চেষ্টা রেছেন বিভিন্ন লোক, কিন্তু দেশের মানুষ সমস্ত হজম করে, তারা তাদের যে ঐতিহ্য ই ঐতিহ্য বজায় রেখেছে। আপনারা যতই চিৎকার করুন চীনের দালালী করে, চীনের সা খেয়ে আমি বলছি কেন আজ ইমারজেন্সী সমর্থন করতে চাই এবং কেন আপনারা রবেন। আজকে আমাদের সবচেয়ে বড় শত্রু হচ্ছে চীন, চীনের সব থেকে বান্ধব কে? াকিস্তান, আজকে পাকিস্তান আমাদের সঙ্গে শত্রুতা করছে এবং সেই পাকিস্তানের মাধ্যমে জকে চীনের টাকা এদের পকেটএ যাচ্ছে, সেই টাকা এরা খরচ করছে, এরা পার্টি লাচ্ছে, ঐ চীন মার্কা কমিউনিস্টরা তাই ইমারজেন্সী রাখতে হবে এবং ডি. আই. আর. খতে হবে। কমলবাবু যে কথা বলেছেন যে ডি. আই. আর-কে অত্যন্ত সুচিন্তিত ভাবে য়োগ করতে হবে। যারা দেশ প্রেমিক দল তাদেরকে কখনই ডি. আর. আর.-এ ধরা উচিত য়। তাদের যদি ধরা হয় তাহলে দেশের মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হবে। এবং সেই ন্য আমিও মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে ৩ জন ফরোয়ার্ড ব্লকের কর্মি ডি. আই. আর.-এ টক আছে, তাদের সম্বন্ধে যেন বিবেচনা করেন কারণ আমি জানি যে এটা দেশপ্রেমিক দল, টা আমি যে ২।৪ জন লোক যদি অন্যায় করে, চীনের দালালী করে, সেই পার্টি থেকে দের বার করে দেবে। আপনারা তাদেরকে ডি. আই. আর.-এ আটক করে রাখুন। আমরা কউই তাদের বাধা দেব না। কংগ্রেসও সমর্থন করবে, এরাও নিশ্চয়ই সমর্থন করবে। স্যার, মি যে কথা বলতে চাচ্ছিলাম, চীন এবং পাকিস্তানের মধ্যে যে বন্ধুত্ব দেখা দিয়েছে, সেই ত্বের জন্যই আজকে আমাদের এই ইমারজেন্সী রাখা উচিত এবং এই ইমারজেন্সীর জন্য কোটি ২৫ লক্ষ টাকায় হবে না। আরও আমাদের রাজ্যের অনেক টাকা এই ইমারজেন্সীর

জন্য ব্যয় করতে হবে। আপনারা হয়তো জানেন যে ফায়ার ব্রিগেডএর যে ইউনিটগুলি আছে, একটা বড় বোমা যদি কলকাতা সহরে পড়ে তাহলে কলকাতাকে এই ইউনিট দিয়ে কখনও বাঁচাতে পারবেন না, মফঃস্বলে যে কটা ইউনিট আছে তাতে যদি একটা ছোট বোমাও পড়ে সেই ইউনিট দিয়ে তাদের বাচানো যাবে না। আমরা যদি মনে করি যে খেলনার পুতুল দিয়ে দেশের মানুষকে বাঁচাবো, তাহলে বাঁচবে না দেশের মানুষ কারণ আমরা ভারতবাসী যুদ্ধ কোনদিন দেখিনি, আমরা খালি সাজশয্যা দেখেছি। বিদেশী সৈন্যরা এসেছে, আমাদের দেশের সৈন্যরা অন্য জায়গায় গিয়ে লড়াই করেছে, আমরা যুদ্ধ দেখিনি। যুদ্ধ যে কি ভয়াবহ জিনিষ তা যারা দেখেছে—আমরা ছবিতে দেখেছি তাই আমরা এইটুকু বলতে চাই যে আরও কোটি কোটি টাকা এই ইমারজেন্সীর জন্য ব্যয় করতে হবে। এবং ডি. আই. আর. কখনই উইথড্র করার প্রশ্ন ওঠে না। যারা এই কথা বলবে তারাই দেশের শত্রু। যারা কোটিপতি লোক, কালোবাজারী, মুনাফাখোর লোক, আজকে এরা ডি. আই. আর.-এর ভয়ে চুপ করে আছে, আজকে আমাদের আর. এস. পি. বন্ধু বললেন যে বড়লোকের গায়ে হাত দেননি —কোটিপতি লোকদের অন্য প্রদেশে তাদের গায়ে হাত দিতে ভয় পেয়েছে। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেন, সেই সমস্ত মানুষকে কারাপ্রাচীরের অন্তরালে রেখে ওদের পচিয়ে পচিয়ে মারছে। আজকে যেভাবে বাংলা দেশের সমস্ত কালোবাজারীদের জব্দ করে রেখেছে ভারতবর্ষের অন্য কোনও প্রভিন্স তা করতে পারেন নি বা সাহস করেন নি। লজ্জা করে না বলতে যে কোটিপতিদের গায়ে হাত দেওয়া হয় নি? আমাদের পাড়াতে ঐ মুন্দ্রার বাড়ী শীল করে রেখেছে, এক কোটি টাকার জন্য। আপনারা কোটিপতি কালো-বাজারীদের বার করে দিন, প্রফুল্লবাবুকে বলবো, তিনি নিশ্চয়ই তাদের ধরবেন। যদি থাকে তো বলে দিন, আমরা খুঁজে খুঁজে যাদের পাচ্ছি, তাদের আমরা ধরছি, কোটিপতি লোকেরা এখন কমিউনিস্ট ভক্ত হয়ে পড়েছে, আর. এস. পি. ভক্ত হয়ে পড়েছে। এখন আর তারা কংগ্রেস-এর ভক্ত নয়, এই বলে আমি এই প্রস্তাব সমর্থন করছি।

[5-10—5-20 p.m.]

Shri Anadi Das :

মাননীয় চেয়ারম্যান স্যার, ইমারজেন্সী নিয়ে নানা রকম যুক্তি তর্কের অবতারণা হয়েছে। ইমারজেন্সীর প্রধান কথা হল, দেশে যে মানুষ এবং সম্পদ আছে, যা আমরা বিচ্ছিন্ন ভাবে ভোগ করে থাকি। কখনও কখনও অবস্থা আসে যা কমন কাজের জন্য ব্যয় করতে হয়। প্রত্যেকটা মানুষ, প্রত্যেকটা সম্পদ, সেদিক থেকে যদি বিচার করা যায়, তাহলে এই ইমারজেন্সী সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। কেবল কতকগুলো লোককে ধরে রাখার হাতিয়ারে পরিণত হয়েছে এছাড়া আর কিছুই হয়নি। দরিদ্র লোক আরও দরিদ্র হয়েছে, ধনীরা আরও ধনী হয়েছে এবং তারা ক্রমাগত অর্থ সঞ্চয় করবার নানা ফন্দি ফিকির আঁটছে। সেই সব জায়গায় কোনও বাধা আরোপ করা যায় নি। মানুষকে সেই ভাবে কমন কাজে উদ্বুদ্ধ করা যায়নি। যেভাবে মুখ্যমন্ত্রী মহাশয় বাজেট রেখেছেন, তাতেই দেখা যাচ্ছে যে তাদের মনের মধ্যে ইমারজেন্সী নেই, ইমারজেন্সী কেবল কাগজে কলমে রাখতে হয় রাখা এবং যখন অসুবিধা হবে কোনও দলীয় ধনীদের স্বার্থ বজায় রাখবার জন্য তখন রাখতে হবে। ব্যক্তিগত স্বার্থের উপর কোনরকম যদি আক্রমণে অসুবিধা হয় তাহলে তাকে দমন করবার জন্য যাতে প্রয়োগ করা যায় তার জন্য ওটাকে রাখা হয়েছে। আজ দেখছি কেরালায় কে জিতেছে না জিতেছে সেটা আলাদা কথা কিন্তু সেখানে যখন ভোট হয়েছে, সেখানকার জনসাধারণ পরিষ্কারভাবে ২৯জন ডেটিনিউকে নির্বাচিত করে বলে দিয়েছে এদের যে এরা যদি সরকার তৈরী করতে পারতো, এরা সরকারে অধিষ্ঠিত হত। কাজেই আজকে তাদের ছেড়ে দিতে অস্বীকার করা মানেই গণতন্ত্রকে অস্বীকার করা, তাহলে ভোট না করলেই তো হত। ভোট করবার দরকার কি? এই কথাই পরিষ্কার করে এই সরকার জনসাধারণকে বুঝিয়ে দিচ্ছে তোমরা যাই চাও গণতন্ত্রে প্রয়োগ যে ভাবেই করো আমরা মানি না, এবং জনসাধারণ বলবে গণতন্ত্রের দ্বারা যদি কিছু না হয় তাহলে অন্য কোনও পথ হয় তো ধরতে হবে। সরকার এই কথা জনসাধারণকে শিখিয়ে দিচ্ছে। আমি তাই ইমারজেন্সীর আবসান চাই এবং

এই যে বরাদ্দ এই বরাদ্দের বিরোধিতা করি। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলবো যে আমাদের দেশ অধিকার করে রেখেছে শুধু চীন নয় পাকিস্তানও কাশ্মীরের অর্দ্ধেক দখল করে রেখেছে, এবং আরও অনেক জায়গা দখল করে রেখেছে। এই কাশ্মীরকে রক্ষা করবার জন্য ইমারজেন্সী ঘোষণা করবার দরকার হয়নি। যেখানে সমগ্র মানুষ দেশ রক্ষার তাগিদে, দেশ প্রেমের তাগিদে এগিয়ে চলে, সেখানেই আসল দেশরক্ষা। সেখানে পাকিস্তানের সঙ্গে কিন্তু কথা বলা চলবে, চীনের সঙ্গে কলম্বো প্রস্তাব না মানলে চলবে না, কলম্বো প্রস্তাবকে স্যাক্রোস্যাংক্ট করে কোনও প্রকারে এই বিরোধ মেটাবার মত কোনও অবস্থার সৃষ্টি করা হচ্ছে না। যে প্রস্তাব সকল পক্ষ, বিরোধের উভয় পক্ষ যে বিরোধ আছে, বিরোধের উভয় পক্ষ যে প্রস্তাব মানে সেই প্রস্তাবকে কার্য্যকরী করতে হবে, যদি সেই প্রস্তাব কার্য্যকরী না হয় তাহলে আবার অন্য প্রস্তাব অন্য রকমের পন্থা অবলম্বন করা প্রয়োজন বলে আমি মনে করি। আজ জরুরী অবস্থা দেশের অন্য দিক থেকে সর্বত্র আছে, খোর অবস্থা দূর করবার জন্য জরুরী অবস্থা প্রয়োজন, প্রয়োজন ধনী দরিদ্রের বৈসম্যকে দূর করবার জন্য জরুরী অবস্থার প্রয়োজন, প্রয়োজন অন্য অনেক দেশ গঠনের কাজে, বিরোধ বজায় রেখে দেশ গঠনের কাজ হয় না।

প্রয়োজনে অন্য অনেক ভাবে দেশ গঠনের কাজ করা যায়। নানা বিরোধী কাজ থাকলেও ৪র্থ প্ল্যান-এ যা করা হয়েছে তার অনেক কিছু হয়ত ক্ষতিগ্রস্থ হবে। কাজেই আমি এই কথা প্রস্তাব করি যে শুধু কলম্বো প্ল্যানকে স্যাক্রোস্যাংট করে চুপ করে বসে থাকলে কাজ হবে না। কি করে বিরোধের মীমাংসা করা যায় তার নানা এভিনিউর দিক দিয়ে প্রচেষ্টা করা উচিত।

[5-20—5-30 p.m.]

Shri Birendra Narayan Ray:

মাননীয় স্পীকার মহাশয় ন্যাশন্যাল ইমারজেন্সী-র নামে মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তার বিরোধীতা করতে উঠে আমি কয়েকটা কথা বলতে চাই। ইমারজেন্সী তখনই ডিক্লেয়ারড করা হয় যখন যুদ্ধের অবস্থা হয়। ১৯৬২ সালে চীন যখন আক্রমণ করেছিল তখন দেশের নিশ্চয়ই ইমারজেন্সী অবস্থা ছিল বা ইমারজেন্সী ডিক্লেয়ারড করা ন্যায়সঙ্গত হয়েছিল কিন্তু আজকে ১৯৬৫ সালে সে অবস্থা আর নেই যদিও আপনারা ইমারজেন্সী কনটিনিউ করছেন তা হলেও আসলে ইমারজেন্সী নেই, আপনারা দলগত স্বার্থের জন্য এটা বজায় রেখেছেন এবং তার বহু নমুনাই আমরা পেয়েছি, তার কয়েকটা নমুনা উপস্থিত করব, নন্দজী বলুন, বাংলা দেশের মুখ্যমন্ত্রী বা ভারতবর্ষের প্রধান মন্ত্রী বলুন এরা তিন জনেই বলেছেন যে দেশে যুদ্ধের আশঙ্কা আছে, আমি সে কথা অস্বীকার করি না যে যুদ্ধের আশঙ্কা আছে তবে আক্রমণের মতন অবস্থা নেই সেইজন্য আপনার মাধ্যমে অনুরোধ করব মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে যে ন্যাশন্যাল ইমারজেন্সী-র নামে যে ব্যয় বরাদ্দ এনেছেন সেটা তিনি আনবেন না। এই যে ইমারজেন্সী এনেছেন এটা যে কোন সময় এক ঘণ্টার মধ্যেই আনা যেতে পারে। কিন্তু আপনি স্যার একটা জিনিষ লক্ষ্য করবেন যে এই ইমারজেন্সী রেখে বাংলা দেশের সমস্ত কাজই হচ্ছে যেমন ইমারজেন্সী-র মধ্যে বাংলাদেশের গ্রাম সভার নির্বাচন, অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন, জেলা পরিষদের নির্বাচন এবং বিধান সভার উপনির্বাচন অবধি করেছেন। স্যার, আমি জিজ্ঞাসা করছি পৃথিবীর মধ্যে এমন কোন দেশ আছে কিনা যেখানে ইমারজেন্সী-র মধ্যে বা ইমারজেন্সী থাকাকালীন অবস্থায় নির্বাচন চলেছে। কোন দেশে এটা হয়নি একমাত্র বোধ হয় এই বিচিত্র দেশ এবং বিচিত্র এই গভর্নমেণ্ট-এর শাসকশ্রেণী তাদের এইখানেই হচ্ছে। ইমারজেন্সী নিয়ে তারা কিভাবে অন্য কাজে লাগাচ্ছেন তার সম্বন্ধে দু একটা কথা বলতে চাই। যদিও এ সম্বন্ধে আমাদের বিরোধী দলের অনেক বন্ধুই অনেক কথা বলেছেন তবুও আমি এই ইমারজেন্সী-র সময় কি রকম ভাবে অন্য কাজ হচ্ছে তার দু একটা নমুনা দিচ্ছি। আমি গত ২৪শে ফেব্রুয়ারী তারিখে একটা প্রশ্ন করেছিলাম যে ১৯৬২ সালের নভেম্বর মাস হইতে ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষ কয়টি তৈয়ারীর জন্য কতটাকা সরকারী তহবিল হইতে

মঞ্জুর করা হইয়াছে এবং তাতে আমি আরও জানতে চেয়েছিলাম যে কয়টি নির্মাণ ক হইয়া গিয়াছে, কয়টি নির্মাণ কার্য্য চলিতেছে এবং কোনটির জন্য কত টাকা ব্যয় অথ মঞ্জুর আছে আমার এই কোশ্চেন-এর ষ্টার নাম ছিল ১৯১ এবং অ্যাডমিটেড কোশ্চেন নং ছি ৮২৫-এর মধ্যে। আমি যা পেলাম তা আপনার মাধ্যমে এই সভায় উপস্থিত করছি। তি বলেছেন যে ৫২টি কক্ষের জন্য ১৬ লক্ষ ৪২ হাজার ৯ শত ২২ টাকা মঞ্জুর করা হয়ে তার মধ্যে ৩৩টির নির্মাণ কার্য্য হইয়া গিয়াছে এবং ১৯টির নির্মাণকার্য্য চলিতে তিনি জানিয়েছিলেন যে দিল্লীর বঙ্গ ভবনের জন্য ২৬,২৬২ টাকা মঞ্জুর হইয়াছে এবং ব্য হইয়াছে ১৪,৮২০ টাকা, ১১নং ফ্রি স্কুল ষ্ট্রীটের খাদ্য সচিবের কক্ষের জন্য ৪২,১১৫ টাক মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ১০,৫৩৬ টাকা, পাব্লিক সার্ভিস কমিশনের চেয়ারম্যানের ও কমিটির কক্ষের জন্য ১৮,৪৬১ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ১৫,৯৪০ টাকা, কলিকাতা হাই কোর্টের ৬টি বিচারালয় কক্ষের জন্য ২,০২,৬৫০ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ১,৯৭,৬৩৫ টাকা, এরকম রাজভবন উদ্যানের মন্ত্রীদের বসতবাটির দুইটি কক্ষের জন্য ২২,৪০০ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ২০,৮৬৮ টাকা। বিধান সভা ভবনের দক্ষিণ পূর্ব ও দক্ষিণাংশ দিকের বর্ধিতাংশের জন্য ২৬,৭১০ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ২৫,১৭২ টাকা। বিধান সভা ভবনের পূর্ব, পশ্চিম ও উত্তর দিকের বর্ধিতাংশের জন্য ৫৯,৫৪৭ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৭,০৪৬ টাকা, বিধান সভা ভবনের পরিষদ কক্ষের জন্য ১,০০,০০০ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৮৬,৩২৫ টাকা। উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের উপমন্ত্রী কক্ষের জন্য ৬,৭১৬ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৬,৮৮৬ টাকা, রাইটার্স বিল্ডিংসের মেন ব্লকের একতলার ৪নং কক্ষের জন্য ৯,২৬২ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৯,২৩০ টাকা ঐ বিল্ডিংসের ৭৭এ, ৯৯এ নং কক্ষের জন্য ২৪, ৭৪৮ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ২১,০৫৪ টাকা, ঐ ব্লকের ৭৮নং কক্ষের জন্য ১০,৫৩০ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৯,৮৮০ টাকা। ঐ ব্লকেরই ৩৩নং কক্ষের জন্য ৪,৮৪৩ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৪,৮৫৩ টাকা। চুঁচুড়ার বর্ধমান বিভাগের ঐ কক্ষের জন্য ৬,৯৭০ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৬,৯১২ টাকা, শিলিগুড়ি জলপাইগুড়ি বিভাগের কক্ষের জন্য ৭,৯১২ টাকা মঞ্জুর হয়েছে এবং ব্যয় হয়েছে ৭,৯১২ টাকা এবং হরিনঘাটা বিশ্রামাগারের ২টি কক্ষের জন্য ৮,৫৫২ টাকা এবং মঞ্জুর হয়েছে ৮,৫৪২ টাকা। বোধ হয় সুরা এবং সাথী নিয়ে আমোদ করবার জন্যই এইগুলি ইমারজেন্সীর সময়ে খরচ করেছে বলে আমি মনে করি, তাই আমি বলছি যে এরা দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করছেন এবং এই ভাবে খরচ করে চলেছেন। আর একটি দিকে দেখতে পাচ্ছি যে সরকার বিভিন্ন রাজনৈতিক নেতা এবং কর্মীদের বিনা বিচারে আটক রাখবার সুযোগে পেয়েছেন এই ইমারজেন্সীতে এবং এই জন্যই তারা এই ইমারজেন্সী কনটিনিউ করছেন, এর মধ্যে যে শুধু কমিউনিস্ট পার্টি আছে তা নয় এর মধ্যে যারা আর. এস. পি.-এর সভ্য তারাও এই কালাকানুনে বন্দী হয়েছেন, এটা শুধু কমিউনিস্ট পার্টি-এর জন্য নয় বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবার জন্য এই আইন করা হয়েছে। ফরোয়ার্ড ব্লকের কয়েকজন কর্মী এই ইমারজেন্সী-এর সম্বন্ধে আলোচনা করলে তখন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন আমরা তো ফরওয়ার্ড ব্লক কর্মীদের ধরিনি ফরওয়ার্ড ব্লক একথা বলতে পারবে না কিন্তু আজকে সেই ফরওয়ার্ড ব্লক-এর এম. এল. এ-এরা অভিযোগ করেছেন যে তাদের কয়েকজন কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে আজকে প্রশ্ন উত্তরের সময় ডি. আই. আর. কিভাবে প্রয়োগ করা হয়েছে বিভিন্ন জায়গায় তার উত্তরে বলতে গিয়ে বলা হয়েছে যে গেঞ্জীর কলে এবং কাঠের কলে ধর্মঘট বন্ধ করবার জন্য ডি. আই. আর. প্রয়োগ করা হয়েছে যাতে নাকি ধর্মঘট না হতে পারে। আজকে মালিকের স্বার্থের জন্যই এসব করা হয়েছে জনগণের স্বার্থে নয়। ইমারজেন্সী-র সময় প্রত্যেক জেলায় কয়েকটি করে কমিটি গঠন করা হয়েছে; আমি জিজ্ঞাসা করছি যে মুখ্যমন্ত্রী মহাশয়কে যে কথা আমি পূর্বেও জিজ্ঞাসা করেছিলাম যে এদের কাজ কি? তাতে তিনি তিন পাতা ধরে কাজ দেখিয়ে বলেছিলেন এবং এই কথাই বলেছিলেন যে তারা সারা দেশময় প্রতিরক্ষায় জন্য টাকা সংগ্রহ করছে, রক্ত সংগ্রহ করছে ইত্যাদি। আমি তারপর প্রশ্ন করেছিলাম যে তারা নিজেরা কত করে দিয়েছে প্রতিরক্ষা ফাণ্ডের জন্য। তাতে মাননীয় মুখ্যমন্ত্রী তার উত্তরে বলেছিলেন যে তারা নিজেরা কিছুই দান করেন নি তবে দান সংগ্রহ করেছেন এবং মনে হয় যা আমার অধিকাংশই নিজেদের পকেটে গেছে। এটাই যদি দেশরক্ষা হয় তা হলে নিজেরা করুন এরকম [illegible] করার দরকার কি? এই

সব কারণে আমি মনে করি এই ন্যাশন্যাল ইমারজেন্সী-র নামে যে বাজেট এখানে এসেছে তার সমর্থন করা যায় না। এই জন্য আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

[5-30—5-40 p.m.]

Shri Narendra Nath Sarkar :

মাননীয় সভাপাল মহাশয়, মুখ্যমন্ত্রী আজকে ইমারজেন্সী খাতে যে বাজেট এখানে রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য আমি পেশ করছি। জরুরী অবস্থা সম্বন্ধে বিরোধী পক্ষের বন্ধুরা যে ধরণের ভাষণ রেখেছেন তাতে আমি অবাক হয়ে গেলাম যে জরুরী অবস্থা সম্বন্ধে আলোচনা করবার প্রয়োজনীয়তা আছে কিনা। দেশে যে জরুরী অবস্থা আছে একথা বিশ্লেষণ করবার প্রয়োজন ছিল না। যে নীতি গ্রহণ করে আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের দেশ পরিচালিত হচ্ছে সেই জোট নিরপেক্ষ নীতি পৃথিবীর সামনে একটা আদর্শ তুলেধরেছিল তা সেদিন চীন আমাদের সঙ্গে যে বন্ধুত্ব ছিল তাকে সামনে রেখে আমাদের দেশ এগিয়ে চলছিলো কিন্তু দেখলাম সে বন্ধুত্বের সুযোগ নিয়ে যেদিন চীন আমাদের অতর্কিতে আক্রমণ করলো সেদিন সারা বিশ্ব স্তম্ভিত হয়ে গেল।

এই বিশ্বাসঘাতকতার মূল উৎস কোথায়। আমরা লক্ষ্য করেছিলাম বন্ধুত্বের সুযোগ নিয়ে চায়না আমাদের সাথে বিশ্বাসঘাতকতা করেছিল। আমরা সেদিন জরুরী অবস্থাকে সামনে রেখে দেশবাসীর কাছে এই সংবাদ পৌছে দেওয়ার সাথে সাথে গোটা ভারতবর্ষের মানুষ সেদিন যে রূপ তুলে ধরেছিল জাতীয়তার তাকে আমরা অভিনন্দন করেছিলাম। একথা ঠিক যে চায়না আক্রমণ করার ফলে ভারতবর্ষ অনেক ক্ষতিগ্রস্ত হয়েছিল। কিন্তু ভারতবর্ষ সেই সাথে সাথে একটা জিনিস অর্জন করেছে সেটা হচ্ছে জাতির ভেতরে সামগ্রিক একটা জাতীয়তা বোধ। আমরা দেখছি সেই জরুরী অবস্থা আজো কাটেনি। কারণ, ভূটান হোক, নেপাল হোক, সিকিম হোক, এদের সীমান্ত চায়না যে রণসজ্জায় সজ্জিত হয়েছে সেই রণ-সজ্জার পূর্বাহ্নে সে নিজেকে তৈরি করেছে এবং যে কোন রাজনীতিবিদ যাঁরা দেশের সম্বন্ধে চিন্তা করেন আন্তর্জাতিক খোঁজ খবর রাখেন তাঁরা নিশ্চয়ই স্বীকার করবেন যে চায়না তার দুষ্ট বুদ্ধি থেকে আজও ক্ষান্ত হয়নি। সেই সঙ্গে সঙ্গে চায়না পাকিস্তানের সাথে যে মিত্রতার গাঁটছড়া বেঁধেছে তা ভারতবর্ষের নিরাপত্তাকে বিঘ্নিত করে তুলেছে। তাই ভারতবর্ষে আজ জরুরী অবস্থা আছে এটা আমরা অস্বীকার করি না, এ সম্বন্ধে গোটা ভারতবর্ষের মানুষ তাদের রায় দিয়ে দিয়েছে। আমরা আলোচনার মধ্য দিয়ে এটা বুঝতে পেরেছি যে বিভিন্ন বিরোধী বন্ধুদের মধ্যে এই নিয়ে আলোচনা হয়েছে—কমল বাবু যে ভাষণ এখানে রেখেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। তিনি জরুরী অবস্থাকে সমর্থন করে তাঁর ভাষণ এখানে রেখেছেন। বাকি যাঁরা আলোচনা করেছেন তাঁরা জাতির এই জরুরী অবস্থাকে শুধু যে উপেক্ষিত করেছেন তা নয়, তাঁদের তরফ থেকে কেউ স্বীকার করেন নি যে জরুরী অবস্থা আছে। বিরোধী পক্ষের কমিউনিষ্ট বন্ধু রবীন বাবু যে কথা বলেছেন তাতে আমি অবাক হয়ে গেছি। তিনি বলেছেন যে দেশপ্রেম সুস্থ দেশপ্রেম নয়, সুস্থ দেশপ্রেম নিয়ে জাতির এই অবস্থাকে বিচার করতে হবে। তিনি স্বীকার করেন নি যে জরুরী অবস্থার প্রয়োজনীয়তা আছে, জরুরী অবস্থা তুলে দেওয়ার জন্য তিনি বলেছেন। কিন্তু তাঁকে আমি স্মরণ করিয়ে দিতে চাই তিনি যে দেশপ্রেমের কথা বলেছেন এ কি সেই রবীন বাবু এ কি সেই দলের বন্ধু রবীন বাবু যিনি দেশপ্রেমের সেই নতুন নিশানা জাতির সেই স্বাধীনতা সংগ্রামে রেখেছিলেন যাঁদের কথা আজো জাতি ভুলতে পারে নি? আমি ১৯৪২ সালের কথা বলছি যেদিন জাতির জনক মহাত্মা গান্ধী আগস্ট বিপ্লবে বলেছিলেন করেঙ্গ ইয়ে মরেঙ্গে, ইংরাজকে তাড়ানর জন্য গোটা ভারতবর্ষের মানুষ যখন প্রতিজ্ঞাবদ্ধ হয়ে ইংরাজের বিরুদ্ধে দঁাড়াল সেদিন দেখেছি এই দল ইংরাজের দালালি করে জন যুদ্ধের নাম করে ইংরাজের পদলেহন করেছে, জাতির সেই [illegible] করেছে: ঠিক সেই রকম জাতির জীবনে আবার যখন জরুরী অবস্থা দেখা দিয়েছে তখন ওরা বলছে যে চায়না আক্রমণ করেনি, চায়না ভারত-

বর্ষকে আক্রমণ করতে পারে না। সমাজতান্ত্রিক দেশ চায়না, সে ভারতবর্ষকে আক্রম করতে পারে না। চায়নার ইতিহাস বিশ্লেষণ করে আমি বলতে চাই না, তাদের গুরু রাশিয়া ব্যাখ্যা করেছে সম্প্রসারণ নীতিকে যেটা চায়না নিজের হাতিয়ার বলে গ্রহণ করেছে। চায়না যে সম্প্রসারণ নীতি গ্রহণ করেছে সেই সম্প্রসারণ নীতিকে আঃ শুদ্ধ করতে হলে জাতির এই জরুরী অবস্থাকে তাদের ব্যঙ্গ করে লাভ নেই, একে প্রাণ দিয়ে, হৃদয় দিয়ে, মন দিয়ে সমর্থন জানিয়ে এরজন্য আজ এক হওয়ার প্রয়োজন আছে গোটা জাতির জীবনে বিভ্রান্তি সৃষ্টি করবার বহু প্রচেষ্টা আমরা দেখেছি। কেরালার নির্বাচনকে কেন্দ্র করে এখানে আলোচনা রাখা হয়েছে। সেই আলোচনা সম্বন্ধে নেপালবাবু বিশ্লেষণ করেছেন, আমি সেজন্য বিশ্লেষণ করতে চাই না। শুধু এইকথা জানিয়ে দিতে চাই জাতি কোনদিন ভুল করে না। সাধারণ মানুষ যারা গণতন্ত্রের কথা বলছে তারা বিচার করে দেবে, ভবিষ্যত রয়েছে। বর্তমান অবস্থাকে বিশ্লেষণ করলে দেখা যাবে যারা গণতন্ত্র সম্বন্ধে বড় বড় কথা বলছেন, বড় বড় বুলি আওড়াচ্ছেন তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে যদি চলতে হয় তাহলে সেই গণরায় তো রয়ে গেছে, জরুরী অবস্থাকালীন সময়ে গোটা ভারতবর্ষের মানুষ আবালবৃদ্ধবনিতা সমস্ত নরনারী সবাই সমর্থন জানিয়েছে তাদের রায় দিয়ে দিয়েছে, সেদিন তাঁরা প্রতিজ্ঞা করেছিলেন যে ঐ যে নেফার সামনে লাদাকের সামনে আমাদের বীর নওজোয়ানরা বুকের রক্ত দিয়ে সাদা পাথর লাল করে দিয়েছিল সেখানে প্রয়োজন হলে তারা যাবেন। তাই অসামরিক বাহিনী গড়ে তুলবার কাজে যখন মাননীয় মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছিলেন সেদিন গোটা বাংলাদেশের নওজোয়ান ছেলেরা সাড়া দিয়েছিল।

বিভিন্ন ক্ষেত্রে আমরা লক্ষ্য করে দেখেছি সমস্ত দিক থেকে মানুষ এগিয়ে আসছে। যাঁরা আজকে দেখছেন তুফান নাই, ইমোশন নাই, জরুরী অবস্থা কেটে গেছে, আমরা জানি আমাদের সরকারের যাঁরা দায়িত্ব ভার গ্রহণ করেছেন, এই বিশ্বাস আছে যখন জরুরী অবস্থা আছে সেই জরুরী অবস্থা কায়েম করবার জন্য যে যে ক্ষেত্রে যে যে আয়োজন করবার প্রয়োজন বিভিন্ন ক্ষেত্রে সেই সেই আয়োজন করবার জন্য পুরা সুযোগ ও সুবিধা নিয়ে মানুষের কাছে এগিয়ে যাবার জন্য প্রস্তুত আছেন। আমরা বিশ্বাস করি যাঁরা সুস্থ দেশপ্রেমের কথা বলেছে তাঁদের আর একবার স্মরণ করিয়ে দিতে চাই—যে মানুষ সুস্থ দেশপ্রেম ভাল করে জানে সেই সুস্থ দেশপ্রেমে বড়াই করে লাভ নাই। দেশপ্রেমের তাঁদের ভেতর কতটা কি আছে তার বারোমিটার তাদের কাছে নাই, সাধারণ মানুষের কাছে সেই ব্যারোমিটার আছে আমরা প্রমাণ করে দেব সেই দেশপ্রেম কার কি আছে না আছে। যাঁরা আজকে ক্ষমতায় আসীন আছেন, তাঁদের দেশ প্রেম নাই ; আর যারা আজকে বাইরে থেকে কম্যুনিস্ট চীনের সাথে বন্ধুত্ব করে তাদের দালালী করবার চেষ্টা করছেন, দেশপ্রেম তাদের একচেটিয়া হয়ে গেছে। একথা যদি তাঁরা মনে করেন, তাহলে তাঁরা ভুল করবেন। তারা যে শুধু ভুল করবেন তা নয়, শেষ পর্যন্ত দেখা যাবে তাদের অস্তিত্ব লোপ পেয়ে গেছে। এই ভবিষ্যৎবানী করে আজ জরুরী অবস্থা খাতে যে ব্যয়বরাদ্দ অমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় সভাপাল মহাশয়, ওদিকের একজন বন্ধু যাঁরা জেলে আছেন তাঁদের সম্বন্ধে একটা স্টেটমেন্ট পত্রিকা থেকে উল্লেখ করেছেন। আমি তাঁকে জানিয়ে দিতে চাই যে কাগজে একটু পড়া ভাল। কালকে তার প্রতিবাদ বেরিয়েছে। সেই কাগজের একটি লাইনে বলা হয়েছে মিসচিভেয়াস তারপরে বলেছেন

"The crudeness of the attempt is evident from the simple fact that comrade Samar Mukherjee is detained in Midnapore Central Jail while we are detained in Dum Dum Central Jail but we are all supposed to have mysteriously joined together to issue the statement".

এটুকু আর ও ভদ্রলোক পড়েন নাই। যা হোক একটু পড়াশুনা করা ভাল। এখানে এরকম ঐ রকম চীৎকার না করা ভাল। একটু আগে নেপালবাবু বলেছেন যে কেরালায় কম্যুনিষ্টরা মাত্র ষোল ভাগ ভোট পেয়েছে। ভোটের প্রতি তাঁর এত মর্য্যাদা তা তো জানতাম না। আগে শুনেছি ৪৪ ভাগ ভোট পেয়েছেন। এখন শুনছি মাত্র ষোল পার্সেণ্ট ভোট পেয়েছেন। আর কেরালার কম্যুনিস্ট পার্টি মাত্র শতকরা ২৯টি ভোট পেয়েছেন। এক সময় প্রয়োজন হয় নাম্বার অব সীট আর এক সময় প্রয়োজন হয় ভোটের পার্সেণ্টেজের। একটি নির্লজ্জ দল ওখানে গিয়ে বসেছেন; যাঁরা পার্টির বেশীর ভাগ লোককে বন্দী করে রেখেছে এবং যার ফলে মাত্র ৭২ জন ইলেকশন-এ কনটেস্ট করতে পেরেছেন, তাঁরা নির্লজ্জের মত এই সব কথা উত্থাপন করেন। তাদের একটু লজ্জা থাকলে আর এই সমস্ত পার্সেণ্টেজের কথা আসতো না।

তারপর নেপাল রায় বললেন অন্যান্য দেশের ইমারজেন্সীর কথা। আমি মনে করি দেশে যদি যুদ্ধ বাঁধে তাহলে ইমারজেন্সী নিশ্চয়ই দরকার। অন্য দেশের প্রসঙ্গ যখন তুললে তখন সাথে সাথে এই কথা বলে দেই এমন দেশ কি আপনি দেখাতে পারেন যেখানে যুদ্ধের আশংকা করে আক্রমণের আশংকা করে তিন বছর ইমারজেন্সী জারী রেখেছেন? নাম করুন না একটা দেশের। আক্রমণ ও আক্রমণের আশংকা—এই দুটোর মধ্যে আকাশ পাতাল প্রভেদ আছে। যাঁরা দলীয় স্বার্থে ইমারজেন্সী রাখতে চান, তারা জানেন এই সমস্ত যুক্তির অবতারণা করতে হয়। একটু আগে বীরেন বাবু তার আগে রবীনবাবু বললেন এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষের জন্য কত খরচ বেড়েছে। যাঁরা এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে দেশপ্রেম দেখাচ্ছেন তাঁদের কাছে শিখতে হবে দেশপ্রেম? যাদের মুখ্যমন্ত্রী আজকে বিজু পট্টনায়ক এবং বীরেন মিত্র, যারা আজকে সরকারী তহবিল তচ্ছ্রূপ করেছে, তাদের ডি. আই. আর. এ ধরা হচ্ছে না। তাদের কাছ থেকে শিখতে হবে দেশপ্রেম? যে দেশের প্রধান মন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী সেটা চেপে রাখবার চেষ্টা করেন তাঁদের কাছে শিখতে হবে দেশপ্রেম? ডি. আই. আর. এ ধরা উচিত ছিল ঐ বিজু পটটনায়ককে ডি. আই. আরএ ধরা উচিত ছিল ঐ বীরেন মিত্রকে।

তারপর, এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের বলতে হয় এবং আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি ভোটের দিন বোধ হয় শেষ হয়েছে, ভোটের বাক্স-র উপর আর বিশ্বাস নেই। কিছুদিন আগে শুনেছিলাম এঁরা জনগণের প্রতি শ্রদ্ধা দেখান, কিন্তু কেরালায় যখন জনসাধারণ উল্টোদিকে ভোট দিল তখন আর সেই জিনিস শুনি না। আমাদের দেশের প্রধান মন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী সেখানে গিয়ে বলেছিলেন এঁরা চীনের দালাল, এঁদের ভোট দিও না। কিন্তু সেখানের জনসাধারণ যখন তাঁদের মুখের উপর জবাব দিল তখন এঁরা উল্টো গাইতে শুরু করল। স্যার, যারা দেশপ্রেমের নাম করে দেশকে রসাতলে দিচ্ছে তাদের কাছ থেকে কি দেশপ্রেমের কথা শুনতে হবে? একটু আগে অনেকে বলেছেন এবং আশঙ্কা প্রকাশ করেছেন যে, একটা দলের হাতে যদি এরকমভাবে ক্ষমতা দেওয়া হয় তাহলে সে দলের ক্ষমতার অপব্যবহার সম্বন্ধে সন্দেহ থাকে। কিন্তু আজকে দেখা যাচ্ছে যতদূর আশঙ্কা প্রকাশ করা হয়েছিল তার চেয়েও এঁরা দূরে এগিয়ে গেছেন। যখন হাওড়া স্টেশন-এ স্টেট বাস এর যাত্রীদের মধ্যে গণ্ডগোল হয় তখন তাদের ডি. আই. আর.-এ এ্যারেস্ট করা হয়, কিন্তু যারা রাষ্ট্রের মূলধন নষ্ট করে তাদের ডি. আই. আর. এ এ্যারেস্ট করা হয় না। এরপরও কি বিশ্বাস করতে হবে এঁরা দলের স্বার্থে ডি. আই. আর. ব্যবহার করছে না? স্যার, এই ইমারজেন্সী যদি আরও বেশীদিন থাকে তাহলে আমরা দেখব গণতন্ত্রের দিন শেষ হয়ে যাচ্ছে এবং সেটা পার্টিতে একনায়কত্ব প্রতিষ্ঠিত হচ্ছে। আমার একথা শুনে অনেক বন্ধু হাসছেন, কিন্তু দেশের কাগজগুলো কি বলছে? যে কাগজ আপনাদের রোজ গুণকীর্তন করে তাঁরা সম্পাদকীয় থেকে আরম্ভ করে ব্যানার হেড লাইনে কি লিখছে? শুধু তাই নয়, আপনাদের যাঁরা ফলোয়ার তাঁদের কাগজেও অন্য রকম বলতে সুরু করেছে। কাজেই বোঝা যাচ্ছে ডি. আই. আর. ইমারজেন্সীকে আপনারা দলের স্বার্থে আপনাদের গদী বাঁচাবার জন্য এবং জনসাধারণের বিক্ষোভকে দমন করবার জন্য ব্যবহার করছেন। স্যার, একটু আগে শ্রমমন্ত্রী বিজয়বাবু বললেন প্রশ্নোত্তরে যে, ২৭টি কারখানায় ধর্মঘট ভাঙ্গবার জন্য

এই ডি. আই. আর. প্রয়োগ করা হয়েছে। আপনারা কি মনে করেন দেশের শ্রমিক, কৃষক এবং মধ্যবিত্তদের বাদ দিয়ে দেশ রক্ষা করা যাবে? এটা হয় না। আমরা চোখের সামনে দেখেছি জরুরী অবস্থা থাকার সময় আপনাদের কল্যাণে, আপনাদের ডি. আই. আর.-এর কল্যাণে দেশের মানুষকে শোষণ করে এই শোষক শ্রেণী, এই ধনিক শ্রেণী তাদের মুনাফার হার বাড়িয়েছে। কাজেই দেশপ্রেম, দেশ সেবার কথা আপনারা আর বলবেন না। একটু আগে ১৯৪২ সালের কথা হয়েছিল। ১৯৪২ সালে পর কমিউনিস্ট পার্টি অনেকগুলো ইলেকসন করছে এবং তাতে কংগ্রেসীদের চপেটাঘাত করে দেখিয়ে দিয়েছে জনসাধারণ তাদের ভালবাসে কিনা। নেপালবাবু বলেছেন, এঁরা চীনকে মা এবং রুশকে বাবা বলে। আমি বলি ওঁরা ইংলণ্ডকে বাবা এবং আমেরিকানকে মা বলে। স্যার, যেখানে ৯০০ কোটি টাকার বিদেশী পুঁজি থাকে, যাদের বিদেশীদের জুতার শুকতলা চেটে জীবন কাটে তারাই আবার বলছে চীনের দালাল। কেন্দ্রের অর্থমন্ত্রী রোজ বিদেশী পুঁজিকে আমন্ত্রণ জানাচ্ছেন এবং তারা বলছে তোমরা যদি এরকম সর্ত কর যে, আমাদের উপর আক্রমণ করবে না, আমাদের অবাধ লুণ্ঠনের সুযোগ হবে এবং সেটা বহুদিন থাকবে তাহলে আমরা আরও বেশী পুঁজি নিয়োগ করব। বলিহারি, চমতকার সমাজতন্ত্র, চমৎকার দেশপ্রেম। বিদেশী পুঁজি ডেকে নিয়ে এসে দেশপ্রেমের কথা না বলাই ভাল।

[5-40—5-50 p.m.]

সেজন্য দেশপ্রেমের কথা না বলাই ভাল। এখানে আপনাদের প্রধান নেতা অতুল্যবাবু বীরেন্দ্র মিত্র এবং বিজু পটটনায়ককে বড় সার্টিফিকেট দিয়েছিলেন, এখন তাদের চরিত্র হননের কি হল, জবাব দেবেন আপনারা। আজকে এই সব কথাগুলি বলার আগে একটু ভাল করে বিবেচনা করবেন। শুধু ভোটের কথা বলবেন না। একথা বলতে পারি আজকে বাংলাদেশের শুধু নয় ভারতবর্ষের মানুষের বুঝার সময় এসেছে যেটা সেটা হচ্ছে এই আর কতদিন আপনাদের হাতে গণতন্ত্র থাকবে। আপনারা এত পাকিস্তানের নিন্দা করেন। আয়ুবের স্বৈরাচারের নিন্দা করেন কিন্তু আপনারা কোথায় যাচ্ছেন। বলুন কোথায় যাচ্ছেন। আজকে কেরলে ভোট দেবার পর সংবিধান নীতি অনুযায়ী যে দল সব চেয়ে বেশী আসন পেয়েছে তাকে ডাকা উচিত। পবিত্র সংবিধানের পবিত্রতা কোথায় গেল? সুতরাং এসব কথা বলবেন না. শুধু বলুন আপনাদের এই স্বৈরাচার কতদিন চালিয়ে যেতে চান। দেশের লোক, কেরলের লোক জবাব দিয়েছেন ভাল করে। এখন আপনারা সেকথা আর বলছেন না এবং যেখানে দেশে সরকারকে নিজেদের কাজের জন্য জবাবদিহি করতে হয় না এবং মনে করেন তারা অভিযোগ করবেন এবং আমাদের বিচার করবেন, এমন কি কোর্টে পাঠাতে পর্যন্ত ভয় পান তাঁরা যদি এই সমস্ত গণতন্ত্রের কথা বলেন তবে এটা বলতে পারি বাংলাদেশের এবং ভারতবর্ষের মানুষ যদি আপনাদের বুঝে থাকে এবং যদি সজাগ না হয় তাহলে গণতন্ত্রের দিন শেষ হয়ে যাচ্ছে।

Deputation of Government employees.

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহাশয়, হাজার হাজার সরকারী কর্মচারী এসেছেন, সরকার যেভাবে মাগ্‌গীভাতা ডি. এ.-এর ব্যবস্থা করেছেন, তার বিরুদ্ধে তাঁদের বিরাট অসন্তোষ নিয়ে এবং অন্যান্য দাবী নিয়ে এখানে হাজির হয়েছেন। আমি আপনার মারফৎ মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, তিনি তাঁদের সঙ্গে দেখা করবেন কিনা?

Shri Monoranjan Roy:

এ প্রসঙ্গে আমি একথাই বলতে চাই সরকারী কর্মচারীদের উপর ছাঁটাইয়ের খড়গ ঝুলছে সেটেলমেণ্টএর কর্মচারীরা হাজার হাজার চিঠি আমাদের কাছে পাঠাচ্ছে। সরকারী কর্মচারীরা এখানে এসেছে, যারা আসতে পারেনি তারা বাইরে আছে। ১৪০ জন ব্রিক ট্রেইনারদের পর্যন্ত কাজ দেবার ব্যবস্থা করতে পারলেন না, ৫০ জনের করলেন আর বাদবাকীদের বললেন রাস্তা দেখ, আর সেটেলমেণ্টএর ৪০ হাজার কর্মচারী তাদের কোন ব্যবস্থাই হল না, আজকে

ারা রাস্তায় বেরিয়েছে কাজের স্থায়িত্বের কথা বলবার জন্য। তারপর এদের মাগ্‌গীভাতা মনভাবে দেওয়া হয়েছে কাউকে ৫ টাকা কাউকে ৩০৲ টাকা এই করে তাদের মধ্যে কটা বিভেদ সৃষ্টি করার চেষ্টা চলেছে. আজ দুর্মূল্যভাতার জন্য, যে মাগ্‌গীভাতা দিয়েছেন ার প্রতিবাদ করার জন্য এসেছে, মুখ্যমন্ত্রীর কাছে তারা ২৩শে ফেব্রুয়ারী একটা মোরেণ্ডাম পাঠিয়েছিলেন কিন্তু আজ পর্যন্ত তার জবাব পাননি। পূর্বেও আমরা জানি এই কারী কর্মচারীরা মুখ্য মন্ত্রীর সঙ্গে দেখা করবার জন্য অনেকবার চেষ্টা করেছেন। অত্যন্ত খের বিষয় প্রফুল্লবাবু মুখ্যমন্ত্রী হবার পর আজ পর্যন্ত তাঁর অধস্তন কর্মচারীদের সঙ্গে থা করতে অস্বীকার করে আসছেন, তারপর সাম্প্রতিককালে যখন তাঁরা গণডেপুটেশনে খানে গেলেন তখন চিফ সেক্রেটারীর হুমকী দিয়ে এক সার্কুলার বার করলেন যার ফলে : সরকারী কর্মচারীরা আরও বেশী বিক্ষুব্ধ হয়েছেন। আজকে এই সরকারী কর্মচারীই ন্ আর যেই হোন্ তাদের দাবিয়ে রাখা যাবে না ; এটাই শুধু জানাতে চাচ্ছি, আপনার নে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে তিনি এই যে ২০।৩০ হাজার সরকারী চারী বিক্ষোভ করছে তাদের কাছে গিয়ে বলুন তাঁর বক্তব্য কি, তাঁরা মুখ্যমন্ত্রীর ্ থেকে জবাব চান, তিনি জবাব দেবেন কিনা জানতে চাই।

Shri Somnath Lahiri:

ম আপনার অনুমতি চেয়ে বলছি—(ফাইল দেখাইয়া . . .) এই দেখুন এতগুলি চিঠি এখনই াম—সমস্ত চিঠিই সরকারী কর্মচারীদের। তারা যে কথা চিঠিতে আমাদের জানিয়েছে থা জানাবার জন্য মন্ত্রীমহাশয়দের তারা এখানে এসে হাজারে হাজারে জমা হয়েছে। মহোদয় তাদের সঙ্গে দেখা করুন তাদের বিক্ষোভ প্রশমিত করবার চেষ্টা করুন এবং াদের নিবেদন হচ্ছে এই যে হাউস বন্ধ করে দিন। আজকে এতগুলি সরকারী কর্মচারী র উপর এই সরকারের ভিত্তি দাঁড়িয়ে আছে তাদেরকে অসন্তুষ্ট রেখে এসেম্বলী বে কোন লাভ নেই। আমি আপনার মারফৎ মন্ত্রীদের কাছে নিবেদন করবো যে কে হাউস বন্ধ করে। তাঁরা এই সব মুলতুবী রাখুন এবং গিয়ে ওদের সঙ্গে দেখা করে ষয়ে একটা মীমাংসার ব্যবস্থা করুন—না হলে ভীষণ গোলমাল হবে যে গোলমালের র ওঁদের হতে হবে। এ বিষয়ে তাঁদের কি বক্তব্য সেটা জানান।

Shri Nani Bhattacharjee:

়, এটা বলতে দিতে হবে, ওঁরা গোলমাল করতে পারেন, কিন্তু ব্যাপারটা হচ্ছে এই এতগুলি চিঠি . . .

Mr. Chairman:

নার ঐ চিঠিগুলি এখানে জমা দিয়ে যান।

Shri Nani Bhattacharjee:

দিচ্ছি কিন্তু সভাপাল মহোদয়, বিষয়টি খুব জরুরী বলে আমি চাই যে আপনি কিছু বলে আমাদের এইজন্য বলছি যে ১৫।২০ হাজার সরকারী কর্মচারী এখানে এসেছে মিছিল বে এবং তারা মুখ্যমন্ত্রীর কাছে একটা স্মারকলিপি নিয়ে এসেছে এবং আমি জানি যে সমস্ত অভিযোগ যে সমস্ত দাবী তাদের আছে তারা সেগুলি ২৩শে ফেব্রুয়ারী তারিখে মিনিস্টারের কাছে পাঠিয়ে দেন—অথচ এখনও পর্যন্ত কোন জবাব তারা পান নি সেখানে দেখা যাচ্ছে যে মাগ্‌গীভাতা এখন কিছু কিছু দিয়েছে ৫ টাকা, ১০ টাকা ক্ষেত্রে ৩০ টাকা। সেখানে আমরা পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি যে ১ লক্ষ হাজার কর্মচারী তারা মাত্র মাগ্‌গীভাতা পেয়েছে। যখন মূল্যবৃদ্ধি জিনিসের দাম ে বেড়েছে সেখানে সরকারের পবিত্র কর্তব্য মাগ্‌গীভাতার পরিমাণ বাড়িয়ে দেওয়া সরকারী রীদের। তারা তো পশু নয়. তারা মানুষ এবং তারা মানুষের মত বাচতে চায়। সুতরাং বধান মহোদয়, আমি আশা করি আপনি কিছু বলতে অনুমতি দেবেন।

Mr. Chairman : Kindly deposit those latters here.

যে সমস্ত চিঠি আপনারা পেয়েছেন সেগুলি এখানে আপনারা জমা দিয়ে যান। এই ভা গোলমাল করে লাভ নেই। আননেসেসারী টাইম নষ্ট করে লাভ কি।

Shri Nani Bhattacharjee :

মিঃ চেয়ারম্যান স্যার, আননেসেসারী এটা নয়, এটা সময় নষ্ট করার ব্যাপারও নয়: এ সরকার অন্তত তাদের অধস্তন কর্মচারীদের সঙ্গে দেখা করতে পর্যন্ত চান না। যদি মুখ্যমন্ত্রী এই সরকারী অধস্তন কর্মচারীদের ন্যায়সঙ্গত দাবী দাওয়া পূরণের ব্যাপারে অপারঃ সেখানে আপনি যদি মনে করেন যে এটা একটা এমনি সময় নষ্ট করার ব্যাপার—তাহলে স্যার ঠিক হবে না। আমি চাই যে এই সরকার বলুন যে তাদের যে ন্যায়সঙ্গত দাবি আছে—মাগ্‌গীভাতা সংস্কার ব্যাপার বলুন—কিংবা অস্থায়ী কর্মচারীদের অবিলম্বে স্থায়ি করার ব্যাপার বলুন—অন্যান্য যে সমস্ত দাবী দাওয়া আছে বিশেষ করে যাদের কো কারণ না দেখিয়ে বরখাস্ত করা হয়েছে সেই সমস্ত বরখাস্ত কর্মচারীদের ব্যাপারে তারা যে দাবী রেখেছে সেই দাবী সম্বন্ধে তারা কি বলছে—মুখ্যমন্ত্রী এখানে আছেন তিনি অনুগ্রহ করে বলুন। তাতে তারা খানিকটা আশ্বস্ত হবে। মেমরেণ্ডাম দিয়েও তারা জবাব পায় না। তাদের সমিতির সঙ্গে তারা দেখা করতে চাইলে চীফ মিনিস্টার দেখা করেন না এই যেখানে অবস্থা সেখানে বলুন যে তাদের দাবী অভাব অভিযোগ ভেণ্টিলেট করার আর কি ব্যবস্থা আছে তাদের? সুতরাং চীফ মিনিষ্টারকে আপনি অনুরোধ করুন স্যার, যাতে তিনি অন্তত একটা স্টেটমেণ্ট দেন এ সম্বন্ধে এই অনুরোধ আমি আপনার কাছে করবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁরা কি চিঠিপত্র দিয়েছেন তা আপনার কাছে জমা দিতে বলেছেন। আমি সমস্ত চিঠি যা পেয়েছি তা, আপনার ওখানে জমা দিচ্ছি।

[5-50—6 p.m.]

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় স্পীকার মহাশয়, এই নিম্ন বেতনভুক কর্মচারী যাঁরা এসেছেন তাদের দাবী আমি সমর্থন করছি। এক লক্ষ সত্তর হাজার কর্মচারীর পক্ষ থেকে আজকে হাজার হাজার জন এসেছেন এবং তাদের প্রতি যে টুকু করা হয়েছে, তাদের মহার্ঘভাতা যা দেওয়া হয়েছে সেটা আমি অসংগত মনে করি। কারণ ৫০।৬০।৭০ টাকা তারা মাহিনা পান, তাদের ৫।১০ টাকা মহার্ঘ ভাতা দেবার ব্যবস্থা হয়েছে। দ্রব্যমূল্যের সাথে কোনরকম সামঞ্জস্য রক্ষা করা হয়নি। স্যার, এরাই হচ্ছেন সরকারের মেরুদণ্ড। এদের উপেক্ষা করে সরকার চলতে পারেন না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তারা যে ন্যায়সঙ্গত দাবী নিয়ে এখানে এসেছেন সে সম্বন্ধে তাদের সাথে আলাপ আলোচনা করে এই সরকার যাতে সুষ্ঠ ভাবে পরিচালিত হতে পারে তার ব্যবস্থা করুন।

Mr. Speaker :

আমাকে দিয়ে দিন কাগজপত্র।

Shri Anadi Das :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যারা এসেছেন তারা খুব একটা উপযুক্ত দিনে এসেছেন আমরা এই মাত্র জরুরী বিষয়ে অথাৎ এমারজেন্সী ম্যাটার ডিসকাস করছিলাম,। আজকে জরুরী ব্যাপার যদি কিছু থাকে সেটা হচ্ছে মানুষের কর্মসংস্থান। জীবিকা অর্জনের উপায় এবং বাঁচার উপায়। এই দুটি হচ্ছে জরুরী ব্যবস্থা। এই জরুরী ব্যবস্থার দিকে নজর রেখে এখানে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এ বিষয়ে একটা স্টেটমেণ্ট দিন যে, কি তাঁরা করতে চান? সেটেলমেণ্টের কর্মচারীরা ২০ বছর চাকরি করার পর আজকে তাদের চাকরি

নিরাপত্তা নেই। কবে তাদের চাকরী চলে যাবে সেই কথাই তারা ভাবছে। বহুলোকের জবাব হয়ে গিয়েছে। তারা ২।৩ বছর ধরে সংসার নিয়ে অনাহারে দিন কাটাচ্ছে। অনেক লোক ব্রিক ট্রেনার ইত্যাদির চাকরি চলে যাচ্ছে। এই সমস্ত ব্যাপারকে জরুরী মনে করে মুখ্যমন্ত্রী মহাশয় যেন তাদের সাথে দেখা করেন এবং তাদের সম্পর্কে যেন কিছু করা হয়।

Shri Kanai Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন জরুরী অবস্থা নিয়ে এখানে আলোচনা চলছিল তখন সরকারের নিজস্ব কর্মচারীরা তাদের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে এই দরজায় হাজির হয়েছেন। আজকে জরুরী অবস্থা দেশের লোককে, সরকারের নিজের কর্মচারীদের কি অবস্থায় নিয়ে গিয়েছে এটাই তার প্রকৃষ্ট প্রমাণ। আমি আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে গিয়ে জবাবদিহি করবেন যে, কোন কোন কারণে এইসব দেশের নেতাদের যারা নির্বাচিত হয়ে এসেছেন তাদের ৫০ টাকা মাহিনা বৃদ্ধি করা হল আর অন্য লোকেদের বেলায় ৫ টাকা বৃদ্ধি করা হল। তিনি গিয়ে জানিয়ে আসবেন যে জরুরী অবস্থায় কি অবস্থা আজকে নিজেদের স্বার্থে এই সব জিনিষ চলেছে।

Shri Girish Mahato:

সরকারী কর্মচারীরা আজকে যে দাবি নিয়ে এখানে উপস্থিত হয়েছেন তাদের সেই দাবিকে আমি সমর্থন করছি।

Shri Monoranjan Roy:

এই সরকারী কর্মচারীরা যারা এসেছেন....

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, যখন গিরিশ মাহাতো মহাশয় বলছিলেন তখন মাইকটা দেওয়া হল না কেন?

Mr. Speaker:

শুনুন মিঃ গুহ একটা হিউম্যান লিমিটেশান থাকতে পারে। আপনারা সকলে যদি একসঙ্গে বল দেওয়া করেন তাহলে আমাদের কোন টেকনিসিয়ানের পক্ষেই পসেবল নয় যে সুইচকে সেইভাবে অ্যাডজাস্ট করা। ইউ মাস্ট রিয়্যালাইজ দি হিউমান লিমিটেশান।

Shri Monoranjan Roy:

মিঃ স্পীকার স্যার, ওই যে ৩০ হাজার সরকারী কর্মচারী যারা কলকাতায় কাজ করেন রাজ্য সরকারের অধীনে তারা একটা মেমরাণ্ডাম নিয়ে এসেছেন আমি সেই মেমরাণ্ডামটা আপনার অবগতির জন্য এবং হাউসের অবগতির জন্য একটু পড়ে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দিচ্ছি। এই মেমরাণ্ডামে ২০ দফা দাবি আছে। সেই ২০ দফা দাবিতে যারা সই করেছেন তারা হচ্ছেন পশ্চিমবঙ্গ মিনিস্ট্রিয়াল এসোসিয়েশান, পশ্চিমবঙ্গ সেক্রেটারিয়াল এমপ্লয়িজ এসোসিয়েশান, পশ্চিমবঙ্গ ডাইরেক্টরেট এমপ্লয়িজ এসোসিয়েশান, পশ্চিমবঙ্গ সেটেলমেণ্ট কর্মচারী সমিতি, পশ্চিমবঙ্গ খাদ্য সরবরাহ দপ্তরের কর্মচারী সমিতি, পশ্চিমবঙ্গ রেজিয়াস এমপ্লয়িজ এসোসিয়েশান, পশ্চিমবঙ্গ পুনর্বাসন কর্মচারী সমিতি, পশ্চিমবঙ্গ ফরেস্ট সার্ভিস এসোসিয়েশান, পশ্চিমবঙ্গ রেকর্ড সাপলায়ারস এসোসিয়েশান, পশ্চিমবঙ্গ তহশীল কল্যাণ সমিতি, রাইটার্স বিল্ডিং নিম্নতম কর্মচারী সমিতি, পশ্চিমবঙ্গ কর্মচারী সমিতি। এই ১৩টি সংগঠন তারা রাজ্যসরকারের অধীনে কাজ করেন। এ থেকে দেখছি এমন কোন বিভাগ নেই যে বিভাগের কর্মচারীরা সংগঠিত ভাবে ঐক্যবদ্ধভাবে একটি মেমোরেণ্ডাম মুখ্যমন্ত্রীর কাছে পেশ করবার জন্য এসেছেন। আমরা মুখ্যমন্ত্রীর কাছে এর জবাব চাই, কারণ এই মেমোরেণ্ডাম

গত ২৩শে ফেব্রুয়ারী আমাদের অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতা হবার পর তারা মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছেন, কিন্তু আজ পর্যন্ত জবাব পাননি। আপনি এখানে উপস্থিত ছিলেন না বলে আমা দ্বিতীয় কথাটা আবার বলছি, সেটেলমেণ্টের কর্মচারীদের ছাঁটাইয়ের খড়্গ মাথায় ঝুলছে তাদে এখনও কোন ব্যবস্থা হচ্ছে না। আর ওই যে ব্রিক ট্রেনাররা যাদের ডাক্তার রায় এপয়েণ্ট করেছিলেন তাদের দুর্ভাগ্য যে তাদের আজকে রাস্তায় দাঁড় করিয়ে দেওয়া হচ্ছে। আজকে মুখ্যমন্ত্রীর কি বক্তব্য আছে। তিনি এই কর্মচারীদের কিছু বলুন, বাইরে গিয়ে তাদে ডেপুটেশানে মিট করুন এবং তারপর আমাদের এই হাউসে আসুন। তা না হলে, অর্থাৎ জবাব না পেলে আমরা এ ভাবে চলতে দেব না।

Shri Somnath Lahiri:

মিঃ স্পীকার স্যার, মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী এখানে হাজির আছেন। আজকে হাজার হাজার কর্মচারী এসেছেন। তাদের কি বক্তব্য তারা জানেন। আপনি ওঁদের কিছু বলতে বলুন।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিষয় নিয়ে আলোচনা হচ্ছে সে বিষয়ের নিশ্চয় জবাব দেবো। কিন্তু দীর্ঘক্ষণ ধরে আমাদের মাননীয় বিরোধী পক্ষ, ১০টা না ২৫টা কটা দল আছে জানি না, যা বললেন তাঁদের কথা শুনলাম। তাদের কথা শুনে আমার শুধু একটি মাত্র—এক লাইনে উত্তর দিচ্ছি যে, মার চেয়ে যার দরদ বেশী তাকে ডাইনি বলে। এ ছাড়া আর কোন উত্তর নেই।

(Noise and disturbance)

(Cries "withdraw" "withdraw" from opposition benches)

[6—6-10 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মুখ্যমন্ত্রী এর আগের দিন জবাব দেবার কালে.........

(নয়েজ)

বীজেশ বাবু মনে রাখবেন আপনাদের বাজেট পাশ করতে হবে এভাবে বাধা দিলে বাজেট কিভাবে পাশ করান সেটা আমরা দেখবো। আমাদের যদি বাধা দেওয়া হয় তাহলে আমরা ওদের বলতে দেব না এটা যেন মনে রাখেন এবং সেইভাবে যেন কথা বলেন। আমি যেটা বলতে চাই মুখ্য মন্ত্রী এর আগের দিন.......

Mr. Speaker:

আপনি যে কথা বললেন একথা কারুর বলা উচিত নয়।

This is a submission to the members of the House.

Shri Balai Lal Das Mahapatra:

আই উইথড্র ইট। আমি শুধু বীজেশ বাবুকে মনে করিয়ে দিচ্ছি। এর আগের দিন জবাব দিতে গিয়ে মুখ্যমন্ত্রী একটা কথা বলেছিলেন—অবশ্য সে সময় আমি হাউসে ছিলাম না বলে রেফার করতে পারিনি, কিন্তু খবরের কাগজে দেখলাম তিনি বলেছেন 'হাতী চলেছে কুকুর ঘেউ ঘেউ করছে' এই সব কথা ১৯৫৩ সালে ডাঃ রায় বলার পর আমরা অবজেকসান নিয়েছিলাম এবং ডাঃ রায়কে সেটা প্রত্যাহার করতে হয়েছিল, আমরা সেটাতে স্ট্রিক করতে পারতাম কিন্তু মুখ্য মন্ত্রী লিডার অফ দি হাউস তাঁর একথা বোঝা দরকার যে তার মুখ থেকে যে সব কথা বেরুবে সেগুলি অশালীন না হয়। একথা তিনি বললেন যে 'মার চেয়ে বেশী যার দরদ তাকে বলে ডান' এবং এই কথা দিয়ে তিনি আমাদের বোঝাবার চেষ্টা করলেন......

মিঃ স্পীকার স্যার, একটা কথা বলছি যে এর ইমপ্লিকেশন আছে। কথাটার ইমপ্লিকেসান হল এই যে আমাদের বলা হল সরকারী কর্মচারীদের জন্য যে কথাগুলি আমরা বলেছি তার মধ্যে সবগুলি বাজে এবং আমরা ডাইনী বলে এই কথা বলছি। এই রকম ধরণের অশালীন উক্তি তাকে প্রত্যাহার করতে বলছি এবং যদি তিনি প্রত্যাহার না করেন তাহলে আমরা দেখবো তাকে প্রত্যাহার করাতে পারি কি না।

Shri Somnath Lahiri:

সং মা'ও মা, সেই হিসাবে তিনি সরকারী কর্মচারীদের তিনি মা বলে মনে করছেন। কিন্তু তিনি সং মা কি প্রকৃত মা রাস্তায় গেলেই দেখতে পাবেন। মাইনে তিনি দেন তাঁর বাবার ঘরের থেকে টাকা আনেন না জনসাধারণের টাকা কাজেই তাতে কেউ সত্যকারের মা হয় না। কিন্তু আমাদের বক্তব্য তা নয়, আমরা ওঁর সঙ্গে খিস্তির প্রতিযোগিতায় নামতে চাই না।

Shri Bijesh Chandra Sen :

আপনারাই করছেন।

(নয়েজ)

Mr. Speaker:

ওঁরা অন্যায় করছে বলে আপনারাও কি অন্যায় করবেন ?

Here is your leader sitting. After all some honourable members may say some thing wrong. There is for me to see.

Shri Somnath Lahiri:

বীজেশ বাবু বা নেপাল বাবু কি বলেন আমি তা গ্রাহ্যের মধ্যে আনি না কারণ নীচ যদি উচ্চ হাসে সে ব্যক্তি উড়ায় হেঁসে, কিন্তু মুখ্যমন্ত্রী যদি বলেন তাহলে তার একটা ডিগনিটি আছে। সে ডিগনিটি শুধু তার একার নয় হোল হাউসের। সেজন্য জ্যোতিবাবু মনের দুঃখে ছেবলা বলতে বাধ্য হয়েছিলেন।

(নয়েজ)

মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যের মধ্যে পয়েণ্টের জবাব না দিয়ে শালীনতা বোধ ভুলে গিয়ে অপর পক্ষকে ডাইনী বলবার চেষ্টা করলেন। স্বভাবতই তার প্রতিবাদ হবে। আমরা খিস্তির প্রতিযোগিতার পক্ষপাতি নই। মুখ্যমন্ত্রী বললেন কি দল আছে আমি জানি না। তিনি এই হাউসে ১৩।১৫ বৎসর আছেন। তিনি জানেন না কথাটা সত্য নয় কিন্তু তিনি না জানার ভান করলেন, যাকে সাধু বাংলায় বলে ন্যাকামী। বীজেশ বাবু করলে কিছু বলতাম না কিন্তু যেহেতু মুখ্যমন্ত্রী করলেন সে হেতু আপত্তি। মুখ্যমন্ত্রী একথা বলতে পারতেন যে আমি আমার সরকারী কর্মচারীদের এত স্নেহ করি যে এই মাগগীগণ্ডার দিনেও ৫৲ টাকা ছুঁড়ে দিয়ে মনে করছি তাদের প্রতি মাতার ন্যায় ব্যবহার করেছি, কিন্তু আমরা যখন এই জাতীয় জরুরী অবস্থা বিবেচনা করছি যে জরুরী অবস্থা আমাদের দরজায় এসে উপস্থিত হয়েছে সে জরুরী অবস্থা মানে সরকার যাদের উপর নির্ভরশীল সেই সরকারী কর্মচারীদের হাজার হাজার প্রতিনিধি তারা এমন অবস্থায় পৌছেছে যে আমাদের অ্যাসেম্বলীর দরজায় এসে বিক্ষোভ প্রদর্শন করা ছাড়া তাদের আর কোন উপায় এই সংসারে বাকি রাখেন নি। কাজেই আমি জানতে চাই তাদের বিক্ষোভ মেটাবার জন্য কোন পদ্ধতি আপনারা গ্রহণ করবেন কিনা, এবং তার উত্তর শুনলে আমরা আমাদের কর্তব্য ঠিক করবো।

(নয়েজ)

Shri Kamal Kanti Guha :

একটা কথা বলেনি, হিন্দীতে মন্ত্রী যে স্ত্রী লিঙ্গ এটা আমি বিশ্বাস করতাম না। কিন্তু তিনি যখ বললেন তিনি মা হয়েছেন আমরা তখন ডাইনীও হতে চাইনা—সৎমাও হতে চাই না। আমর সরকারী কর্মচারীদের বন্ধু এবং ভাই হয়ে থাকতে চাই। কিন্তু যে ধরণের মুখ্যমন্ত্রী মার ভূমিকা নিয়ে তাদের সর্বনাশ করছেন তাতে তাদের ঝেটিয়ে তাড়াবার ব্যবস্থা করা উচিত।

(নয়েজ)

Shri Prafulla Chandra Sen :

আমরা অনেক শালীনতার, ভদ্রতার, সৌজন্যতার এবং গণতন্ত্রের পরিচয় পেয়েছি. এবং দুঃখের সঙ্গে বলছি, যাদের হাতে কোন ক্ষমতা নেই, যাদের একটা পয়সা দেবার ক্ষমতা নেই......

Shri Kamal Kanti Guha :

স্যার নিজের ঘরের টাকা....

Mr. Speaker : Mr. Guha, I have given you protection and every pr tection to all the members. I do not like that you will interrupt at the tin when the Leader of the House has stood up to say something. I would reque you all to please hear him.

Shri Prafulla Chandra Sen :

এ পক্ষের সরকারের একটা কর্তব্য আছে—আমরা সৎমা কি আসল মা সেটা বিচারের বিষয় নয়– আমাদের টাকা দিতে হবে, শিক্ষকদের নিয়ে আমরা এখানে এই রকম আন্দোলন দেখেছিলা এই রকম কথা শুনেছিলাম, এই রকম ক্ষোভ, দুঃখ, অভিমান, রাগ, দেখেছিলাম, কিন্তু আমরা বারবা বলেছিলাম যে আমরা যে টাকা দিচ্ছি শিক্ষকদের তার চেয়ে বেশী দিতে পারবো না। আমাদে এখানে টাকার যে হিসাব আছে তার বাইরে আমরা কিছু দিতে পারবো না, মাননীয় সদস্যদে যদি দায়িত্বজ্ঞান থাকতো দায়িত্ব নেবার..........

(নয়েজ)

Shri Kanai Pal :

আমাদের ৫০ টাকা দেবার কোন যুক্তি নেই, এ টাকাটা ওদের দিতে পারেন।

Mr. Speaker:

Mr. Kanai Pal, will you please take your seat or not? I warn you.

Shri Prafulla Chandra Sen :

মাননীয় সদস্যরা যদি দায়িত্ব নিয়ে বলতেন তাহলে কথা ছিল। আমি একথা এজন্য বলছি যে আমাদের বাস্তবিক বিরোধী দলের কথা মন দিয়ে শোনা উচিত এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্ত যে বিরোধী দল একাই একজন যেমন শ্রীকানাই পাল মহাশয়, তিনি যত জোরে কথা বলেন তাতে মনে হয় যে আমাদের সবকিছুই নস্যাৎ আমাদের কারুর কিছু বলার নেই। আবার আমাদের এখানে কমিউনিস্ট পার্টিরা ২ পক্ষ আছেন তাঁরাও কথা বলেন। ফরোয়াড ব্লক বলেন, বীরেন রা বলেন কিন্তু আমরা যখন কথা বলবো, তখন আমরা দায়িত্ব নিয়ে কথা বলবো। আমরা অ করবো বিরোধী দলের যে ছোট গ্রুপই হোন আর বড় গ্রুপই হোন তারা দায়িত্ব নিয়ে ব বলবেন। আমি জানি আমাদের সরকারী কর্মচারীরা অনেক দাবী করেছেন সে দাবী নিয়ে মন্ত্রী ১ দিন নয়, ২, ৩, ৫ দিন তাঁদের সঙ্গে নানারকম আলোচনা করেছেন। আমাদের যে সঙ্গতি তার বেশী আমাদের ক্ষমতা নেই দেবার, কাজেই এখন যাদের হাতে দায়িত্ব আছে তাঁ সেই ভাবে তাঁদের দায়িত্ব পালন করবেন।

[6-10—6-20 p.m.]

আমাদের তার চেয়ে বেশী দেবার ক্ষমতা নেই। কাজে কাজেই আমরা এখানে যদি সবাই মিলে। বলি যে দিতেই হবে, ২০ হাজার ৩০ হাজার লোক এসেছে, তাতে তো টাকা বাড়বেনা আমাদের বন্ধু সোমনাথ লাহিড়ী মহাশয় অনেক চিঠী ফেলে দিলেন ফ্লোরে। আর একজন বন্ধু তিনিও অনেক চিঠি দেখালেন। যদি এমন হত যে আমরা কিছু জানি না, এবিষয়ে আমাদের কাছে কোন অভিযোগ পত্র আসেনি, আমাদের কাছে তাঁদের দাবিপত্র আসেনি তা তো নয়। কি আমরা মোটেই আলোচনা করিনি তা তো নয়। একজন বিরোধী পক্ষের বন্ধু বললেন মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁদের দেখা হওয়া সম্ভবপর হয়নি। আমার কাছে যতবার দরখাস্ত করেছেন আমি অর্থমন্ত্রীকে ডেকে বলছি মশায় দেখুন তো আপনি এঁদের কোন দাবি মেনে নিতে পারেন কিনা। এটা টাকার অংকের কথা। কাজে কাজেই আমরা যখন টাকা দিতে পারছি না তখন আপনারা যতই বলুন না কেন—যেমন শিক্ষক মহাশয়দের দিতে পারলাম না আপনারা অনেক আন্দোলন করেছেন অনেক কথা বলেছেন ক্ষোভ প্রকাশ করেছেন রাগ প্রকাশ করেছেন আমরা দিতে পারলাম না, তেমনি আমরা যা দিয়েছি এর চেয়ে বেশী দিতে পারব না। বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন সরকারী কর্মচারীরা ভাল নয়, তারা অসং। আমরা তাদের নিয়ে কাজ করছি, তাদের ভাল মন্দ গুণ দোষ সব জানি। আমরা তাদের যে টাকা দিতে পারি সে পর্যন্ত আমরা টাকা দেব। কাজে কাজেই যাদের হাতে টাকার ঝুলি নেই, যারা দায়িত্ব নিয়ে কথা বলতে পারেন না তাদের কথা শুনতে পারব না। ওঁরা নিশ্চয়ই দরদ দেখাতে পারেন। আজকে আমি বহু লোককে এনে হাজির করে দিতে পারি তারা দাবি করতে পারেন, কিন্তু দাবি করলেই টাকা দিতে পারি না। আমাদের যতদূর ক্ষমতা দিয়েছি, বর্তমান অবস্থায় তার দিতে পারি না। ২০ হাজার লোক আসুক আর ৫০ হাজার লোক আসুক আমাদের এর চেয়ে বেশী দেবার ক্ষমতা নেই। আমি আশা করি বিরোধী দল যখন এদিকে আসবেন তখন তাঁরা কত দিতে পারেন তা আমরা দেখব। তাঁরা নিশ্চয়ই চাইতে পারেন কিন্তু যাঁদের দেবার দায়িত্ব তাঁরা দিতে পারছেন না এটাই হচ্ছে নিষ্ঠুর সত্য। এর চেয়ে আমি কিছু বলতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ছিলেন না, আজকে বিতর্কে মাননীয় বন্ধুরা এই রকম আপনার অনুমতি না নিয়ে বলেছেন, তবুও বলতে দিয়েছেন, তারপর অনেক আলোচনা করেছেন, এখন আমাদের বক্তৃতাটা শেষ করতে দিন।

Dr. Kanai Lal Bhattacharjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যদি বিরোধী পক্ষকে কুকুর, ডাইন ইত্যাদি এই সব বলেন সভার নেতা হয়ে তাহলে সেগুলি কি আমরা মেনে নেব? এবং আপনি কি বলেন যে সেগুলি মেনে নিয়ে আমাদের কাজ চলবে? উনি সেগুলি তো প্রত্যাহার করলেন না? উনি যদি প্রত্যাহার না করেন তাহলে ওঁর বক্তব্য আমরা শুনব না। আমাদের তাহলে তার প্রতিবাদে বেরিয়ে যেতে হবে। উনি বলুন প্রত্যাহার করবেন কিনা?

Mr. Speaker: Dr. Bhattacharya, whatever he might have said, in his subsequent statement he has made it clear what was his real motive in saying those words, not that he has used them sarcastically or otherwise. After all, উনি পরিষ্কার ভাবে বলেছেন সত্যিকারের কি মোটিভ নিয়ে বলেছেন

We should stop here. You honourable members have placed the representation of those people who have come here. All the members have stressed the importance and urgency of the situation and the Government is sitting here. Whether you do say or not, they must have taken note of it because it is their administration and their concern.

Shri Somnath Lahiri :

মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার কাছে এই কথাই রাখতে চাই যে উনি সরকারী কর্মচারীদের দাবি সম্বন্ধে যে কথা বললেন তার সহজ এবং নিগলিতার্থ এই দাঁড়ায় যে সরকারী কর্মচারীরা বিক্ষুব্ধ থাকলেও তাদের দুর্দশা থাকলেও তিনি তাঁদের সম্বন্ধে আর কিছু করতে

পারবেন না। এই বন্ধা এবং বিপরীত, সরকারী কর্মচারীদের প্রয়োজন বিরোধী, তাঁর যে নী সেই নীতির প্রতিবাদে আমরা সভাকক্ষ পরিত্যাগ করছি।

(At this stage all the opposition members walked out of the chamber.)

Shri Nani Bhattacharjee :

সরকারী কর্মচারীদের দাবীদাওয়া সরকার পক্ষ যে ভাবে প্রত্যাখ্যান করলেন, তারই প্রতিবা আমরা এই সভাকক্ষ পরিত্যাগ করছি।

Shri Kanai Pal :

মিঃ স্পীকার স্যার, আমরা এই সভাকক্ষ থেকে বেরিয়ে যাবার আগে একটা কথা বলে যা যে যে আবহাওয়া সরকার করছেন তার পরিণাম শুভ নহে।

(হৈ চৈ গোলমাল)

এর আগের দিনও মুখ্যমন্ত্রী মহাশয় যেভাবে বলেছেন, তাতে আমি আপনার মাধ্যমে তাঁ জানিয়ে দিতে চাই—কানাই পাল কারো বুদ্ধিতে রাজনীতি করে না, মুখ্যমন্ত্রীর বুদ্ধিতেও রাজ নীতি করে না, নিজের বুদ্ধিতে রাজনীতি করে।

DEMANDS FOR GRANTS

Grant No. 48

Major Head: 78A-Expenditure connected with the National Emergency, 196

Shri Prafulla Chandra Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী সদস্যরা 'ওটাকে একটা অজুহাত করে এই বিত থেকে রণে ভঙ্গ দিলেন। আমি আজকে বিতর্ক শুনতে শুনতে এই কথা ভাবতেছিল যে আমরা সিভিল ডিফেন্স নিয়ে, তার ব্যয় বরাদ্দ নিয়ে আলোচনা করছি, না, ডিফেন্স অ ইণ্ডিয়া রুলস করা ন্যায্য হয়েছে না অন্যায্য হয়েছে, কার কত লোককে ধরা হয়েছে এই নি আলোচনা করছি। আমাদের যে মূল কথা ছিল, বিরোধীদল সেকথা ভুলে গিয়ে ডিফেন্স অ ইণ্ডিয়া রুলস হওয়া উচিত কিনা আমাদের দেশে জরুরী অবস্থা থাকা উচিত কিনা, এই নি অনেক সময় তাঁরা অতিবাহিত করেছেন। আমি তাঁদের কাছে এই কথা বলতে চাই, যদি তাঁরা এখানে নাই, ধরুণ আমাদের দেশে ইমারজেন্সী প্রেসিডেণ্ট ঘোষণা করলেন, ধরুণ আমাদে দেশ শান্তিকামী ভারতবর্ষ, তাঁরা শান্তির বাণী ভুলে গিয়ে যুদ্ধের জন্য প্রস্তুত হতেন, কি অ কোন দেশকে আক্রমনের জন্য প্রস্তুত হতেন কিম্বা তাঁদের যে নন-য়্যালাইনমেণ্ট পলিসি সে পলিসি ত্যাগ করে কোন একটা গোষ্টির সঙ্গে যুক্ত হতেন, তাহলে আমরা কী দেখতাম দেখতাম অন্যান্য স্বাধীন দেশের মত যারা এখনো যুদ্ধকে ভুলতে পারেনি, যারা এখনো মনে ম ইচ্ছা থাকলেও ভয়ে শান্তির বাণী বলতে পারছে না পৃথিবীর শান্তি হোক অস্ত্রসজ্জা আক্র করবো না—সেই সব দেশে সিভিল ডিফেন্স-এরও ব্যবস্থা আছে। আমাদের দেশ চীন আক্রম করবে ভবিষ্যতে. কি করে আক্রমণ করবে তা জানি না। ইউনাইটেড কিংডম তার দেশে সিভি ডিফেন্স-এর পাকা পোক্ত ভাবে পারমেনেণ্ট অরগানাইজেসান আছে। আমাদের এখানে রুশপন্থী বন্ধুরা আছেন, তাঁদের সেই ইউ. এস. এস. আর.-তে সিভিল ডিফেন্স আছে জরুরী অবস্থা জারি হোক বা না হোক। আমেরিকাতে সিভিল ডিফেন্সএ-এর বন্দোবস্ত আছে। এখানে যাঁরা চীনে দিকে তাকিয়ে থাকেন, তাঁদের সেই চীন দেশেও এই সিভিল ডিফেন্স-র ব্যবস্থা আছে কিন্তু ভারতবর্ষ একটা অভিনব নীতি গ্রহণ করে চলেছেন। তাঁরা ভেবেছিলেন জগতে কারো সঙ্গে তাঁর দ্বন্দ্ব নাই, ঝগড়া নাই, কলহ নাই, কেউ তাঁর শত্রু নাই। সে জন্য চীনের সঙ্গে তাঁরা বন্ধুত্ব স্থাপন করেছিলেন এবং মনে করেছিলেন পৃথিবীর অন্যান্য স্বাধীন দেশে সিভিল ডিফেন্স এর ব্যবস্থা থাকতে পারে, কিন্তু আমরা আমাদের সৈন্য বাহিনী বাড়াবো না ; আমাদের সিভি ডিফেন্স-এর ব্যবস্থার প্রয়োজন নাই, কেননা আমরা শান্তিকামী সকলেই আমাদের বন্ধু।

[6-20—6-30 p.m.]

যে দিন চীন বিশ্বাসঘাতকতাপূর্বক আমাদের দেশ আক্রমণ করল সেদিন থেকে আমরা সাবধান, সতর্ক হলাম এবং সেদিন আমরা বলেছি অমাদের দেশে জরুরী অবস্থা হয়েছে। আমাদের রাষ্ট্রপতি ঘোষণা করলেন জরুরী অবস্থা হয়েছে, আমাদের লোকসভা যেটা প্রাপ্ত বয়স্ক সকলের ভোটে নির্বাচিত তাঁরা ঘোষণা করলেন জরুরী অবস্থা হয়েছে এবং সেইভাবে তাঁরা আইন প্রণয়ন করলেন। ভারতবর্ষে যত রাজ্য আছে তার বিধানসভা এবং যেখানে যেখানে বিধান পরিষদ আছে তাঁরা সকলেই এই জরুরী অবস্থা স্বীকার করেছেন। কাজেই দেখা যাচ্ছে এই জরুরী অবস্থা যখন রাষ্ট্রপতি, কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন এবং লোকসভা তা মেনে নিয়েছেন তখন আমরা এটা বলতে পারি না যে এই জরুরী অবস্থা আমরা মেনে নেব না। আজকে আমাদের দেশে বিপদ আপদ কি আছে সেটা কেন্দ্রীয় সরকার যতটা বুঝতে পারেন বা জানেন আমরা ততটা জানি না। আমরা কিছু কিছু বুঝতে পারি। স্যার, আজকে আমাদের কেন্দ্রীয় সরকার প্রতিরক্ষা খাতে আগে যে ব্যয় করতেন তার চেয়ে যে দ্বিগুণ ব্যয় করছেন তার কারণ কি? এটা কি রুসপন্থী কমিউনিস্ট, বামপন্থী কমিউনিস্ট, ফরওয়াড ব্লক, আর. এস. পি., আর. সি. পি. আই. বা আর এক দলের যে একজন বন্ধু আছেন তাঁদের জব্দ করবার জন্য করছেন? এটা কোন ছেলেখেলা নয়। প্রতিরক্ষা খাতে ভারত সরকার এই যে দ্বিগুণ ব্যয় করছেন তাতে বুঝতে হবে নিশ্চয়ই আমাদের দেশে বিপদজনক, আপদজনক, জরুরী অবস্থা রয়েছে তা না হলে এত টাকা ব্যয় করতেন না। আমরা এই টাকা ব্যয় করতে চাই নি, আমরা চেয়েছিলাম প্রতিরক্ষায় খুব কম করে ব্যয় করে পরাধীনতার ফলে দেশ যখন সর্বস্বান্ত হয়ে গেছে তখন এই গরীব দেশের দারিদ্র্য দূর করব, ধনবৈষম্য দূর করব, বেশীলোককে শিক্ষিত করে তুলব এবং স্বাস্থ্যের উন্নতি করব। এই জন্য আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনা করেছি এবং একটা নয়, দুটা নয়, তৃতীয় পরিকল্পনা শেষ হতে চলেছে। আমরা আমাদের দেশের দুঃখ দারিদ্র্য দূর করতে চেষ্টা করছি কৃষির উন্নতি করতে চেষ্টা করছি, বৃহৎ, ক্ষুদ্র এবং মাঝারী শিল্পের উন্নতি করবার চেষ্টা করছি এবং আমরা অনেকটা এগিয়ে গেছি। আমরা ১৬ আনা সফলকাম হইনি তাই যতদিন পুরাপুরি সফলকাম না হব ততদিন একটার পর একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা করে যাব এবং সেইভাবে এগিয়ে যাব। স্যার, এই জরুরী অবস্থা ঘোষিত হবার পর আমাদের শিল্পের উন্নতি হয়েছে, কৃষির উন্নতি হয়েছে, বিদ্যুৎ শক্তি বেশী হয়েছে, পথ-ঘাটের উন্নতি হয়েছে এবং বলতে গেলে সব দিক থেকেই আমরা উন্নতি লাভ করেছি। আমাদের শিক্ষার উন্নতি হচ্ছে তাই সেদিন শিক্ষামন্ত্রী শিক্ষাখাতে ৩০ কোটির উপর চেয়েছিলেন। আমরা আশা করি আমাদের এই অগ্রগতি অব্যাহত থাকবে। আমাদের এই যে জরুরী অবস্থা সেটা কোন দলকে জব্দ করবার জন্য নয়। আমি এখানকার কথা শুনে একটা হিসেব চেয়েছিলাম যে আমরা কত লোককে ডি. আই. আর.-এ ডিটেন করে রেখেছি। আমি দেখলাম ৯৭৭ জনকে আমরা গ্রেপ্তার করেছি এবং তার মধ্যে ১৭১ জন কোন না কোন রাজনৈতিক দলের এবং বাকী যে ৮০৬ জনকে আমরা ধরেছি তাদের মধ্যে কেউ হচ্ছে স্মাগলার, কেউ হয়ত পাকিস্তানের সঙ্গে বোঝাপড়া করছিল—যাদের এণ্টি স্টেট এ্যাকটিভিটির জন্য ধরেছি, কেউ হয়ত মুনাফাখোর, কেউ হয়ত চোরাকারবারী যারা মুনাফা করবার জন্য দেশের লোককে খাদ্যদ্রব্য থেকে বঞ্চিত করছে। স্যার, এখানে যদি গুণ্ডাদের প্রতিনিধি থাকত তাহলে তারা বলত আপনারা এই যে আইন করেছেন এটা গুণ্ডাদের ধরবার জন্য করেছেন যদি চোরাকারবারীদের প্রতিনিধি থাকত তাহলে বলত আপনারা এই যে আইন করেছেন এটা চীনের সঙ্গে লড়াই করার জন্য নয়, চোরাকারবারীদের জব্দ করবার জন্য, যারা পাকিস্তান থেকে স্মাগল করে এবং তাদের যারা সহায়ক তাদের প্রতিনিধি যদি থাকত তাহলে তারা বলত এই যে ডি. আই. আর. করেছেন, ধরপাকড় করছেন এটা আমাদের জব্দ করবার জন্য। আমাদের বক্তব্য হচ্ছে দেশদ্রোহিতা করুক, অরাজকতা সৃষ্টির অপচেষ্টা করুক, পাকিস্তানে স্মাগল করুক, অসামাজিক কাজ করুক, চোরাকারবারী বা মুনাফাখোরী করুক তাদের আমরা নিশ্চয়ই ধরব।

আমার একজন মাননীয় বন্ধু বিরোধী দলের বললেন, আশ্চর্য্য হয়ে বিজয়বাবুকে প্রশ্ন করলেন আপনারা শ্রমিক নেতাদের ধরছেন কেন? যদি এমন কোন শ্রমিক নেতা থাকে যে শ্রমিক নেতা বেশী উৎপাদন ব্যাহত করছেন, তাঁকে নিশ্চয়ই ধরতে হবে। কেন ধরবে না? আজকে রুশ

দেশের দিকে তাকিয়ে বলুন, সেখানে এই রকম ২০ হাজার সরকারী কর্মচারী আসতে পারত কি? সেখানে তারা কোন উৎপাদন ব্যাহত করার সহায়ক হতে পারত কি? যারা করে তাদের ধরে নিচেছ্ এবং আপনারা জানেন তাদের কি করা হচেছ্। আজকে আমাদের দেশে গণতন্ত্র চলছে গণতন্ত্র মানে, আমরা যখন কোন লোককে ধরি বিবেচনা করে ধরি, অমনি ধরি না। যাকে আমরা ধরি সমস্ত দায়িত্ব নিয়ে ধরি, জেনেশুনে ধরি, কোন রাজনৈতিক উদ্দেশ্য সাধন করার জন্য নয় যারা দেশে চোরাকারবারী করছে, স্মাগলার, মুনাফাখোর আছে, গুণ্ডারা যারা পাকিস্তানের সঙ্গে বন্ধুত্ব স্থাপন করছে তাদের সঙ্গে রাজনীতির কোন সম্বন্ধ নাই। আমি, স্পীকার মহাশয়, আপনাকে দেখিয়ে দিলাম ৮০৬ জনের মধ্যে এই শ্রেণীর লোক মাত্র ১৭১ জন যারা রাজনৈতিক দলভুক্ত। তবে এখানে প্রায়ই দেখি ধান ভানতে শিবের গীত। আজকে আমাদের প্রতিরক্ষা খাতে যে ব্যয় বরাদ্দ চেয়েছিলাম তাতে একজন বললেন কি দরকার মশায়, এটাকে মামুলি ভাবে করছেন না কেন? আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম যে ৩ কোটি ২৫ লক্ষ ১৪ হাজার টাকা এই খাতে চেয়েছি, তার মধ্যে ১ কোটি ৭৫ লক্ষ ৬২ হাজার টাকা কেন্দ্রীয় সরকার থেকে আমরা পাব। আমরা সাধারণ পুলিশের জন্য যে ব্যয় করতাম কেন্দ্রীয় সরকার তার এক পয়সাও দিতেন না, আমাদের অর্থমন্ত্রী এক পয়সাও এই বাবদ কেন্দ্রীয় সরকার থেকে পেতেন না। আপনি জানেন এ নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা অনেক আলোচনা করেছি, এবং পত্র ব্যবহারও করেছি। পাকিস্তান এবং আমাদের বাংলাদেশের মধ্যে ১৩৪৯ মাইল বর্ডার আছে, এই সীমান্ত রক্ষার দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের, তার কোন অংশ কেন্দ্রীয় সরকার এখনও বহন করছেন না, স্বাধীনতা লাভের পর থেকে ভারত বিভক্ত হওয়ার পর থেকে এর জন্য আমাদের কোটি কোটি টাকা ব্যয় হচেছ্, আমরা চেয়েছি কিন্তু কেন্দ্রীয় সরকার দেননি। এখানে আমাদের ইমারজেন্সী থাকার দরুণ আমাদের দেশে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা হয়েছে, ইমারজেন্সী না থাকলে হত না, ইউ. কে.এর মত ইউ. এস. এস. আর. এর মত চীনের মত, অ্যামেরিকার মত অন্যান্য স্বাধীন দেশের মত জরুরী অবস্থা ঘোষণা হোক বা না হোক সিভিলীয়ান ডিফেন্স এর ব্যবস্থা করেছি, পাকাপোক্ত পারমেনেণ্ট ব্যবস্থা করেছি, আমরা কেন এ ব্যবস্থা গ্রহণ করলাম, আমরা বাধ্য হয়ে এই ব্যবস্থা গ্রহণ করলাম। চীন যখন আমাদের দেশ আক্রমণ করল আমরা যখন বুঝলাম আমাদের প্রতিরক্ষা খাতে ব্যয় করতে হবে, অসামরিক প্রতিরক্ষা খাতে ব্যয় করতে হবে, আমরা এই ব্যবস্থা যত কম খরচে পারি সেদিকে দৃষ্টি রেখে করেছি, এর জন্য আমরা মন মত করিনি। আমরা আবার যুদ্ধ করলাম কবে, এই তো সেদিন দেশ স্বাধীন হয়েছে, এ বিষয়ে যারা দূরদর্শী, যারা বিশেষজ্ঞ যাঁরা এ বিষয়ে বুঝেন এবং জানেন তাদের সঙ্গে পরামর্শ করে আমরা এই ব্যবস্থা অবলম্বন করেছি এবং তার জন্য ৩ কোটি ২৫ লক্ষ টাকা চেয়েছি। এর সঙ্গে রাজনৈতিক দলের কোন সম্বন্ধ নাই। একজন বিরোধী দলের বন্ধু বললেন আমরা সমস্তই কংগ্রেস দলের লোকদের ডেকেছি। আমার মোটামুটি এ কজনের নাম মনে পড়ছে যাঁরা হোম গার্ডএ আছেন, তাঁরা বিশেষ কোন দলের নন। রাজা অব সন্তোষ ডঃ এন, কে, সেন, শ্রীরণদেব চৌধুরী, শ্রীসুকোমল কান্তি ঘোষ আরও অনেক নাম করতে পারি, এঁরা হোম গার্ডএ কাজ করেন, এঁরা পয়সার জন্যও করেন না রাজনীতিও করেন না, এঁরা সকলেই ভাল লোক। এই রকম বহু লোক জেলায় জেলায় আছেন। এবং আমরা যখন হোম গার্ডএ লোক নেই সিভিল ডিফেন্সএ লোক নেই যারা খুব সক্রিয় রাজনীতির সঙ্গে যুক্ত আছেন তাঁরা আসতে চান না এবং আমরাও বলি তোমাদের না আসাই ভাল, কাজে কাজেই রাজনীতি এতে নেই, কোন দলকে এর জন্য ছোট করতে চাই না, কংগ্রেসকে শক্তিশালী করার জন্য কেউ সিভিলডিফেন্স বা হোম গার্ডএ আসেন না। আমি খবর নিয়ে জানলাম ২৭ হাজার লোক এতে স্বেচছাসেবক হয়েছেন, তাঁরা ট্রেনিং নিচেছ্ন আমাদের কাছ থেকে। তাঁরা ভাল লোক, কেউ শিক্ষক, কেউ ডাক্তার কেউ ইঞ্জিনীয়ার, কেউ সরকারী কর্মচারী, কেউ ছাত্র। ২৭ হাজার লোক তারা ট্রেনিং নিচেছ্ন কোন স্বার্থের জন্য নয়, দেশসেবা করবার জন্য। একজন বিরোধী দলের বন্ধু বললেন আগে যেরকম আবেগ এসেছিল, দেশপ্রেমের বন্যা এসেছিল, আজ সেটা দেখতে পাচিছ্ না।

[6-30—6-36 p.m.]

সেটা এখন দেখাবার দরকার নেই। এখানে আমাদের যে একটা দেশ প্রেমের বন্যা একটা প্লাবন এসেছিল তাকে আমরা রূপ দিতে চাই। তাকে ধরে আমি

কাজ করতে যাচ্ছি তাকে অবলম্বন করে। কেন না—কেন এলো এই ২৭ হাজার লোক। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি শুনলে আশ্চর্য হবেন ২।৩ দিন আগে আমরা চাঁদা পেয়েছি প্রতিরক্ষা খাতে। আমরা চাঁদা চাই না লোকের কাছ থেকে—তবে এসে এসে চাঁদা দিয়ে যাচ্ছে—কেন না তারা মনে করছে যে আমরা তো ট্যাক্স দিই—খাজনা দিই তার উপরও আমরা এই চাঁদা দিচ্ছি। কয়েকজন বিরোধী পক্ষের মাননীয় বন্ধু বললেন তোমরা জোর করে বড় বড় কেপিটেলিস্টদের থেকে টাকা নিয়েছ। আমি বলছি শ্রমিকরা স্বেচ্ছায় চাঁদা দিচ্ছে—কেউ জোর জবরদস্ত করে নি এবং আমার যতদূর জানা আছে ৪ কোটি টাকার সোনা বা চাঁদা উঠেছিল। কেউ কারও কাছ থেকে জোর করে চায় নি—স্বেচ্ছায় তারা দিয়েছে। আমাদের রাজ্যপালিকা মহাশয়া সকালে দু তিন ঘণ্টা এসে বসতেন—কত লোক এমন কি যে রিক্সা টানে সে স্বেচ্ছায় এসে বলছে যে আমার এই সমস্ত দিনের আয় দিয়ে গেলাম আপনারা প্রতরক্ষার যে তহবিল আপনারা খুলেছেন সেই ভাণ্ডারে। কাজেই কাজেই এতে জবরদস্ত করার কোন কথা নেই। আমাদের এই সিভিল ডিফেন্স অর্গানাইজেসন আমার প্রারম্ভিক বক্তৃতায় আমি বলেছিলাম মূলত এটা স্বেচ্ছাসেবামূলক একটা সংস্থা এবং সত্যই তাই। তা যদি না হোত তাহলে অনেক টাকা লেগে যেতো—কোটি কোটি টাকা—এই ২৭ হাজার লোক যদি আরো নিয়োগ করতে হোত তাহলে কত টাকা লাগতো। সেইজন্য আজকে অসামরিক প্রতিরক্ষা খাতে যে ব্যয় ৩ কোটি ২৫ লক্ষ ৪১ হাজার টাকা যার মধ্যে ভারত সরকারের কাছ থেকে আমরা পাবো ১ কোটি ৭৫ লক্ষ ৬২ হাজার টাকা এবং আমাদের রাজ্য সরকার মাত্র দিতে হবে ১ কোটি ৪৯ লক্ষ ৭৯ হাজার টাকা।। তাতে আমাদের কিছু ক্ষতি হবে না। ফায়ার ফাইটিংয়ের ব্যবস্থা করা হচ্ছে। ১৮টা নূতন ফায়ার স্টেসন খুলছি—তাতে যুদ্ধ না হলেও আমাদের উপকার হবে। কারণ কলকাতায় তো আগুন লেগেই আছে। আমাদের এখানে এই যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করেছি যুদ্ধ না হলেও আমাদের উপকার হবে। আমি আগেই বলেছি দরকার মত আমরা এই সংস্থাকে গড়ে তুলবো। অন্যান্য দেশেও পার্মানেণ্ট সংস্থা রয়েছে। আমাদের ও হয়তো করতে হবে। তবে আমরা শান্তিপ্রিয় জাতি আমরা এখনও ভাবছি যে চীনের শুভবুদ্ধির উদয় হবে—আমাদের পাশ্ববর্তী বন্ধু প্রতিবেশী পাকিস্তানের শুভ বুদ্ধির উদয় হবে—আমরা শান্তি সংস্থাপনা করবো। হয়তো এমনদিন আসবে যে প্রতিরক্ষার খাতে একটি পয়সাও ব্যয় করতে হবে না। অসামরিক প্রতিরক্ষার জন্য এক পয়সাও ব্যয় করতে হবে না। শান্তি স্থাপন হবে এই স্বপ্ন আমরা এখনও দেখছি। সেই আদর্শই আমাদের সামনে আছে। কিন্তু আমি এখানে যে টাকা চেয়েছি সেটা কিছু অদ্ভূত জিনিষ নয়—যেহেতু ইমারজেন্সী রয়েছে তার জন্য নয়—সমস্ত স্বাধীন দেশই তারা প্রতিরক্ষার সঙ্গে সঙ্গে অসামরিক প্রতিরক্ষার পাশাপাশি ব্যবস্থা করেছে। একজন মাননীয় বিরোধী পক্ষের বন্ধু বললেন যে ৮০টা পাম্প আপনারা কেনেন নি—২৮টি কিনেছেন আমি এখনও বলছি ২৭টি নয়, কেউ যদি শুনে থাকেন তাহলে হয়তো ভুল শুনছেন কিংবা আমি ভুল বলেছি—৮০টি পাম্পই কিনেছি। কাজে কাজেই একটিও কেনা হয়নি—এটা সত্য নয়। ২৮টা কেনা হয় নি—৮০টাই কেনা হয়েছে। আমি আর বেশী সময় নষ্ট করতে চাই না—কেন না আমাদের আজকের এই বিতর্কে অসামরিক প্রতিরক্ষা সম্বন্ধে কেউ বিশেষ কিছু বলেন নি—সকলেই রাজনীতির মধ্যে আলোচনা করেছেন তার মধ্যে যেতে চাই না—আমি যত কাটমোসন আছে তার বিরোধীতা করছি এবং আমরা যে মূল প্রস্তাব তা সকলে মেনে নেবেন—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: I put all cut motions of Grant No. 48 together to vote.

The motion of Shri Hare Krishna Konar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Gour Chandra Kundu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced by Rs. 100 was then put and lost .

The motion of Shri Hare Krishna Konar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Prafulla Chandra Sen that a sum of Rs. 3,25,41,000 be granted for expenditure under Grant No. 48, Major Head: "78A—expenditure connected with the National Emergency, 1962." was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-30 p.m. till 1 p.m. on Friday, the 12th March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 12th March, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 161 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

1—1-10 p.m.]

Bonus to the workers of Barakar Electric Supply Company

*292. (Admitted question No. *1571.) **Shri Monoranjan Roy:** Will Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state if it is a fact—

(a) that the Barakar Electric Supply Company has not paid any Bonus to its workers according to the directions of the Assistant Secretary, Commerce and Industries, by Memo. No. 4084-Power 5B|1-64, dated 5th August 1964, and of the Deputy Secretary of the Department by Memo. No. 4888-Power|5B-1|64, dated 26th September, 1964;

(b) that in spite of a reminder issued by the Assistant Secretary of the Department by Memo. No. 5999-Power|5B-1|64, dated 7th November, 1964, the said Company has refused to pay any Bonus according to your Department's directives; and

(c) if so, what further action is proposed to be taken by the Government against the said Company?

Shri Tarun Kanti Ghosh: (a), (b) & (c)—The Company wanted approval of Government to give two months' bonus to their employees. This was recorded, but on enquiry it transpired that the employees Union demanded r six months' pay as bonus and the matter was referred to the Labour Department.

Shri Sanat Kumar Raha:

ডিরেকসান দেওয়া হয়েছিল বোনাস না দেওয়ার জন্য তারপর ডিপার্টমেণ্ট থেকে মেমো নং ...)তে আছে যে রিফিউজ টু পে এনি বোনাস আমার কথা হচ্ছে সরকার এর জন্য কি এ্যাকসান ...য়েছিলেন ?

Shri Tarun Kanti Ghosh:

ফিউজএর মধ্যে কোন প্রশ্ন নেই, তারা ২ মাসের বোনাস দিতে চেয়েছিলেন, কিন্তু এমপ্লয়িজরা ... ছয় মাস পর্যন্ত চায় যার ফলে কিছু এমপ্লয়ী নেন নি এবং কিছু নিয়েছিলেন সেটা এর ... রেফার করা হয়েছিল লেবার ডিপার্টমেণ্টকে।

Shri Sanat Kumar Raha :

বোনাসটা গভর্নমেণ্ট ডিসাইড করে দিয়েছিল কিনা যে কত মাসের বোনাস দেওয়া যেতে পারে ডিপার্টমেণ্টএর আগে কি বক্তব্য ছিল গভর্নমেণ্ট এর কাছে এটা নেওয়া উচিত।

Shri Tarun Kanti Ghosh :

কমার্স এ্যাণ্ড ইণ্ডাস্ট্রি ডিপার্টমেণ্ট কত কোয়ানটাম অব বোনাস হবে তা ঠিক করে দেন না, কমার্স এ্যাণ্ড ইণ্ডাস্ট্রি ডিপার্টমেণ্টএর কাছে ইলেকস্ট্রিক সাপ্লাই এ্যাক্ট অনুসারে তাঁরা জিজ্ঞাসা করতে পারেন যে বোনাস দেব কি দেব না আমাদের প্রফিট হয়েছে বলে তারা কমিট করে চিঠি দিয়েছিলেন যে আমাদের প্রফিট হয়েছে। আমরা বোনাস দিতে চাই। আমরা এর উত্তরে বলেছিলাম যে তোমাদের প্রফিট হলে বোনাস দিতে পার কিন্তু কোয়ানট্যাম যে ডিফারেন্স হয়েছে সেটা লেবার ডিপার্টমেণ্ট ঠিক করে দিতে পারে।

Shri Sanat Kumar Raha :

ছ মাসের যে বোনাস চেয়েছিলো তার কোন জাস্টিফিকেসান কিছু আছে কিনা বা ইণ্ডাস্ট্রি ডিপার্টমেণ্ট এটা ইনভেস্টিগেট করে কি দেখেন নি ?

Shri Tarun Kanti Ghosh :

ইণ্ডাস্ট্রি ডিপার্টমেণ্ট-এর এটা দেখবার যোগ্যতা নেই।

Refugees of P. L. Homes

***283.** (Admitted question No. *1580.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) how many refugee families are living in different P. L. Homes in West Bengal; and

(b) what is the amount of Government dole per head per month?

Shrimati Abha Maiti: A) 32,893 heads or about 8,223 families.

B) It now amounts to Rs. 15.50 paise per adult per month and Rs. 10.50 paise per minor (below 8 years) per month.

On the request of the inmates of the Homes, dole is given in b[oth] cash and kind. Each adult inmate of the Homes gets 1870 gms. of rice, 1[8...] gms. of wheat and 816 gms. of pulses and Rs. 4.56 paise in cash, and ea[ch] minor 935 gms. of rice, 935 gms. of wheat, and 408 gms. of pulses and [Rs.] 3.04 paise in cash fortnightly.

Shrimati Santi Das :

মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন যে কাইণ্ড এবং ক্যাস দেওয়া হয় তাহলে কাইণ্ড দেওয়া হয় সেটা কি ক্যাস থেকে কেটে নেওয়া হয় ?

Shrimati Abha Maiti :

হ্যাঁ, কেটে নেওয়া হয়।

Shrimati Santi Das :

ুই যে ডোলের সম্বন্ধে বললেন কমপ্লিমেণ্টস দেওয়া হয় উনি কি জানাবেন যে সমস্ত ক্যাম্পএ নম্যাটসদেরই ট্রেনিং সেণ্টারএ এ্যাডমিসন নেন ডুইং দ্যাট পিরিয়ড তারা চাকুরী পেয়েছে বলে য ক্যাম্পএর ডোল দেওয়া হয় না এটা অন্যায় বলে মনে করেন কিনা ?

Shrimati Abha Maiti :

দি তারা স্টাইপেণ্ড পান তা হলে নিশ্চয়ই কেটে নেব।

Shrimati Santi Das :

টাইপেণ্ড পেলেও গভর্নমেণ্টএর যে সমস্ত ট্রেনিং সেণ্টার আছে সেখানের খবর মাননীয় মন্ত্রী হাশয় নিশ্চয়ই জানেন যে তাদের যে সার্টিফিকেট দেওয়া হয়, তারা ডিপ্লমা পায় না কোন র্মএর সঙ্গে এ্যাপ্রেণ্টিসশিপ হিসাবে এ্যাটাচ থাকে না বলে, এই কারণে তারা এ্যাপ্রেণ্টিসশিপ পলে তারা চাকুরী পেয়েছে মনে করা হয় বা বৃত্তি হিসাবে মনে করা হয় তাদের কোনমিক্যালি রিহ্যাবিলিটেসান হয়ে গেছে বলে মনে করা হয় ট্রেনিং পিরিয়ড ওভার হলে রা যখন আবার ক্যাম্পএ আসে তখন কি তারা আবার ডোল পাবে ?

Shrimati Abha Maiti :

দি তারা চাকুরী না পেয়ে থাকে এবং ক্যাম্পএ যান নাম থাকে তাহলে নিশ্চয়ই পাবে শুধু যদি নিংএর জন্য গিয়ে থাকে।

Shrimati Santi Das :

থাটা হচ্ছে যখন তারা ট্রেনিংএ চলে যায় তখন তারা ক্যাম্পএ থাকে না কাজেই অসুবিধা হচ্ছে খানেই যে সে সময় তাদের খাতা থেকে নাম কেটে দেওয়া হয়। পুনরায় যখন আসে খন অথরিটি তাদের এ্যাডমিসন করতে চান না। সেই জন্য তাদের কি অবস্থা হবে সেটা দি একটু চিন্তা করে দেখেন তা হলে একটু ভাল হয় ?

Shrimati Abha Maiti :

ননীয় স্পীকার স্যার, এই কোশ্চেনটা কি করে আসে আমি বুঝতে পারছি না।

Shri Kanai Pal :

ননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে ১৫ টাকা করে দেওয়া হয় এই দুর্মূল্যের বাজারে এই কায় কি বেঁচে থাকা সম্ভব সেখানে নাকি জিনিষের দাম এতবেশী, সেইজন্য আমি মন্ত্রি াশয়কে জিজ্ঞাসা করছি এই টাকা বাড়াবার কথা চিন্তা করছেন কি ?

Shrimati Abha Maiti :

ননীয় স্পীকার মহাশয় কোশ্চেনটা ছিল কত ডোল দেওয়া হয় আমি ইন ক্যাশ এবং কতটা াশ দেওয়া হয় তা বলেছি এদের ভারত সরকার থেকে ২১ টাকা করে আগে দেওয়া হত র মধ্যে শুধু ডোল নয় কাপড় চোপড় এবং অন্য অন্যান্য কিছুও থাকতো। ভারত সরকারের ছে জানিয়ে সেই ২১ টাকাকে বাড়িয়ে ২৫ টাকা করেছি এই যে ৪ টাকা বেড়েছে তার কা ২.৫০ খাদ্যের জন্য এবং বাকীটা অন্যান্য কাপড় চোপড় ইত্যাদির জন্য।

Shri Sanat Kumar Raha :

ই পি. এল. হোমস যে আছে এই পি. এল. হোমস-এ যে সমস্ত রিফিউজি ফ্যামিলি আছে দের এই হোম-এ রেখে রিহ্যাবিলিটেড করা। কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা কোর্থ ফাইভ ইয়ার প্ল্যান এ ধরণের কোন পরিকল্পনা আছে কিনা ?

১০—৬।।৩

Shrimati Abha Maiti:

এরা যখন এ্যাডাল্ট হয় অর্থাৎ যখন বয়স্ক হয় তখন তাদের রিহ্যাবিলিটেসান-এর ব্যবস্থা ব হয় এই ক্যাম্প থেকে।

Shri Sanat Kumar Raha:

আমি জানতে চাই পি. এল. হোম থেকে এই সমস্ত রিফিউজীদের কাজ দেবার কোন পরিকল্প সরকারের আছে কি? বা তাদের রিহ্যাবিলিটেসান কোন স্কীম আছে কি?

Shrimati Abha Maiti:

নানারকম জায়গায় তারা যান কেউ কেউ কৃষি বিদ্যালয়ে যান কেউ কেউ অন্য কাজে যান।

Electrification of villages and towns

***284.** (Admitted question No. *1616.) **Shri Sanat Kumar Raha:**

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বর্তমান আর্থিক বৎসরে কতগুলি গ্রামে ও কতগুলি শহরে বৈদ্যুতীকরণের ব্যবস্থা হইয়াছে?

Shri Tarun Kanti Ghosh:

পশ্চিমবঙ্গে বর্তমানে আর্থিক বৎসরে ৬৪টি গ্রাম বৈদ্যুতীকরণ হইয়াছে এবং কোন সহরে বৈদ্যুতীকরণের ব্যবস্থা হয় নাই।

Shri Sanat Kumar Raha:

এই যে ৬৪টা গ্রাম ধরেছেন এটা কি হিসেবে ধরা হয়েছে অর্থাৎ পোপুলেসন থাকলে নেবে ইলেকট্রিক কানেকশান নিয়ারেস্ট আছে বলে যে কোন গ্রামেই এটা যাচ্ছে এ্যাজ স্পনটেনিয়া ভিত্তিতে।

Shri Tarun Kanti Ghosh:

পাঁচ হাজারের পোপুলেসন থাকলে তাকে গ্রাম বলে ধরা হয় এবং নিশ্চয়ই সেখানে ইলেক্ট্রি পয়েন্ট তার কাছাকাছি গ্রামগুলিকে আগে করা সম্ভব এই নীতি থাকে।

Shri Sanat Kumar Raha:

বাংলা দেশের মোট কত গ্রামে ইলেকট্রিক দেওয়া সম্ভব হয়েছে বা এ সম্বন্ধে কি পরিকল্পনা অ এই বৎসর ১৯৬৪-৬৫ সালে কতগুলি করা সম্ভব হবে?

Shri Tarun Kanti Ghosh:

আমাদের ৫৮ লক্ষ টাকা খরচ করা হয়েছে এই গত চার বৎসর ধরে নিয়ে এবং সাম বৎসরের জন্য আমরা গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া এর কাছে পারমিশান চেয়েছি ১ কোটি ১১ টাকা অর্থাৎ যতটা করেছি তার কিছুটা যদি ওরা লোন হিসাবে দেন তাহলে যা করেছি চেয়েও বেশী করতে পারব

It will depend on the total amount of money received

পশ্চিমবঙ্গে বর্তমান আর্থিক বৎসরে ৬৪টি গ্রামে বৈদ্যুতিকরণ হইয়াছে এবং কোন শহরে বৈদ্যু করণের ব্যবস্থা হয় নাই।

[1-10—1-20 p.m.]

Dr. Narayan Chandra Roy:

আমি জিজ্ঞাসা করছি যে যে শহরে ছোট ছোট ইলেকট্রিক কোম্পানী আছে যেমন শান্তিপুর, নবদ্বীপ, কৃষ্ণনগর, এখান থেকে নতুন ব্যাণ্ডেল পাওয়ার স্টেশান হবার পর তাদের সেখান থেকে নিয়ে আরো এক্সটেনসান হতে পারে, তার কোন পরিকল্পনা আছে কি?

Shri Tarun Kanti Ghosh:

যদি কোন কোম্পানী তাদের যে কাজ করা দরকার সেটা ঠিকভাবে না করেন তাহলে আমাদের পক্ষে একমাত্র কাজ হবে তাদের শর্ত ফুরিয়ে যাবার পর সেটা ন্যাশানালাইজ করা। কিন্তু ব্যাণ্ডেল থেকে নিয়ে গিয়ে যেখানে যেখানে আমাদের বিদ্যুৎ দেওয়া সম্ভব তা এখনই আমরা দেব, তার জন্য যে কোম্পানী কাজ করতে পারুক না পারুক তাতে এসে যায় না। একটা কোম্পানী যদি শহরে যায় তার পাশে গ্রাম থাকলে তার দায়িত্ব তাদের নেই তার দায়িত্ব আমাদের নিতে হবে।

Dr. Narayan Chandra Roy:

আপনি কি অবগত আছেন কতকগুলি শহরে যেমন নবদ্বীপ, কৃষ্ণনগর, শান্তিপুর আমি তিনটির নাম করে বলছি, সেখানে যখন কোম্পানী হয়েছিল তার তুলনায় শহরগুলি পাচ গুণ বেড়েছে, কিন্তু কোম্পানী কোন কিছু বাড়ায়নি ২০ বছর ধরে এবং কোন নিউ কানেকসান দিতে রাজী নয় এবং এ সম্বন্ধে বিভিন্ন কমিটি থেকে আপনারা কোন প্রস্তাব পেয়েছেন কিনা এই লাইসেন্সিং কোম্পানীর বিরুদ্ধে হাত দেওয়ার জন্য।

Shri Tarun Kanti Ghosh:

আজ পর্যন্ত কোন প্রস্তাব দেখতে পাচ্ছি না।

Shri Sanat Kumar Raha:

এই যে আর্থিক বছর বললেন এটা ১৯৬৩-৬৪ সাল, না, ১৯৬৪-৬৫ সাল?

Shri Tarun Kanti Ghosh:

১৯৬৪-৬৫ সাল

Shri Sanat Kumar Raha:

যদি ১৯৬৪-৬৫ সাল হয় তাহলে কি কোন টার্গেট ছিল যে বাংলাদেশে এতগুলি গ্রামে এবছর আমরা ইলেকট্রিকসিটি নিয়ে যাব?

Shri Tarun Kanti Ghosh:

যখন প্ল্যান তৈরি হয়েছিল তখন ছিল যে ৪০ লক্ষ টাকা ব্যয় করে আমরা করব। পরে এই ইলেকট্রিফিকেশান স্কীম বাড়াবার চেষ্টা করি এবং এই ৪০ লক্ষ টাকার জায়গায় বাড়িয়ে আরো ২০ লক্ষ মোট ৬০ লক্ষ টাকা করা হয়। আমাদের অলরেডি ৫৮ লক্ষ টাকা খরচ হয়েছে এবং আমরা আরো ১ কোটি ১১ লক্ষ টাকা খরচ করতে যাচ্ছি। কিন্তু টার্গেট যা ছিল তা অনেক কম ছিল, তার থেকে আরো বেশী করতে যাচ্ছি। ৪০ লক্ষের জায়গায় অলরেডি আমরা ৫৮ লক্ষ টাকা খরচ করেছি।

Shri Sanat Kumar Raha:

টোটাল কতগুলি গ্রাম আজ পর্যন্ত ইলেকট্রিফায়েড হয়েছে?

Shri Tarun Kanti Ghosh :

৮২৯টি ভিলেজ।

Shri Sanat Kumar Raha :

এই রকম ইউনিট কত আছে ৫ হাজার বেসিসে?

Shri Tarun Kanti Ghosh :

আমাদের ভিলেজ হচ্ছে ৩৮ হাজারের উপর।

Shri Sanat Kumar Raha :

৫ হাজার ইউনিট বেসিসে ধরে ৩৮ হাজারের মধ্যে মাত্র ৮ শো হয়েছে?

Shri Tarun Kanti Ghosh :

অত্যন্ত কম হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

Shri Sanat Kumar Raha :

এ বিষয়ে সরকারের এক্সপিডাইট করার কোন পরিকল্পনা আছে কি?

Shri Tarun Kanti Ghosh :

চতুর্থ পরিকল্পনাতে ৬ হাজারের বেশী ভিলেজকে ইলেকট্রিফাই করবার পরিকল্পনা নিয়েছি।

Shri Kanai Pal :

মাননীয় মন্ত্রিমহাশয় ডাঃ রায়ের প্রশ্নের উত্তরে বলেছেন যে শান্তিপুর, কৃষ্ণনগর এবং নবদ্বীপ এই সমস্ত জায়গায় যে কোম্পানী ফর্মড হয়েছে এবং তারা যে লিমিটেড জায়গায় লাইট দেবার ব্যবস্থা করেছিলেন পরবর্তী কালে এইসব টাউনের এক্সটেনসান হওয়াতে সেখানে লাইট যাচ্ছে না সে সম্পর্কে তিনি কোন অভিযোগ পেয়েছেন বলে জানেন না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে বহু রাস্তায় লাইটের জন্য ৫ বছর থেকে দরখাস্ত করে রেখেছে অথচ সেখানে লাইট না দিয়ে ৫ দিন আগে যে দরখাস্ত পড়েছে সেখানে লাইট দেওয়া হচ্ছে অন্যায় ভাবে এই খবর তিনি রাখেন কিনা?

Shri Tarun Kanti Ghosh :

কানাই বাবু যেটা সম্বন্ধে বলেছেন হয়ত সেটার খুব গুরুত্ব থাকতে পারে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম হিসাব যদি সারা পশ্চিমবঙ্গ সম্বন্ধে দিতে হয় আমাকে তাহলে আগে থেকে নোটিশ দিলে অ্যানসার বলা সম্ভব।

Dr. Narayan Chandra Roy :

নীতিগতভাবে আমার একটা সাপ্লিমেণ্টারী প্রশ্নের জবাব দিলে ভাল হত সেটা হচ্ছে অনেক জায়গায় ছোট কোম্পানী বড় বড় গ্রোইং টাউনগুলিকে গ্রাস করে আছে। আপনাদের সেন্ট্রাল ইলেকট্রিসিটি বোর্ডের কাছে প্রশ্ন করেছিলাম এদের সম্বন্ধে কোন নীতি গ্রহণ করেছেন কিনা। কারণ, তারা গ্রোইং এক্সপ্যাণ্ডিং ডিমাণ্ডএর সঙ্গে যদি কোপ করতে না পারে অথচ মনোপলি করে রাখে তাহলে তাদের সেই অধিকার খর্ব করার জন্য সরকার কিছু করবেন কিনা?

(নো রিপ্লাই)

Shri Sanat Kumar Raha :

যে সব প্রাইভেট কনসার্নস—যেমন আমাদের অভিজ্ঞতা আছে বহরমপুরের ইলেকট্রিক সাপ্লাই কোং তারা গঙ্গার ওপারে বহু গ্রাম আছে সহরের একেবারে গায়, সেখানে অনেক গ্রামে ইলেকট্রিসিটি চায়, গভর্নমেণ্ট নিজে দিতে পারেন না আর প্রাইভেট কোম্পানীকেও সেখানে নিয়ে গিয়ে দেয় না —এই যে অবস্থা চলছে, সেই সম্পর্কে ইলেকট্রিসিটি দ্রুত এক্সপ্যাণ্ড করবার জন্য যে প্রাইভেট কোম্পানীগুলি কাজ করছে তাদেরকে গভর্নমেণ্ট কারেণ্ট দেয়। তার পরিবর্তে সর্ত আরোপ করে গ্রামে ইলেকট্রিসিটি দেওয়ার জন্য কোন পরিকল্পনা নেবেন কিনা, বা বিবেচনা করছেন কিনা ?

Shri Tarun Kanti Ghosh :

এগুলো বিবেচনা করে দেখা যেতে পারে।

Shri Abhoy Pada Saha :

মন্ত্রিমহাশয় জানাবেন কি—এই যে ৬৪টি গ্রাম বৈদ্যুতিকরণ করা হয়েছে, ঐ ৬৪টি গ্রামের সব জায়গায় বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে, না, কিছু গ্রামে করা হয়েছে। আর কিছু গ্রামে শুধু তার ঝুলিয়ে টাঙ্গিতে রাখা হয়েছে ?

Shri Tarun Kanti Ghosh :

আমি এই কথাই বলেছি এ বছর ৬৪টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করবার বন্দোবস্ত করা হয়েছে।

Shri Haridas Chakravarty :

মন্ত্রিমহাশয় এই যে ৬৪টি গ্রাম বৈদ্যুতিকরণের কথা বললেন, তিনি কি তার জেলা ওয়ারী হিসেব দিতে পারেন।

Shri Tarun Kanti Ghosh :

তা দেওয়া শক্ত হবে। সে হিসেব আমার কাছে নাই।

Shri Haridas Chakravarty :

এই যে ৬৪টি গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হয়েছে, এর মধ্যে এই রকম গ্রাম কি ধরা হয়েছে যেখানে ওয়ার্ক অর্ডার ইস্যু হয়ে গেছে, অথচ সেখানে কোন বিদ্যুৎ সরবরাহ করা হয় নাই ?

Shri Tarun Kanti Ghosh :

আমি তো বললাম ৬৪টি গ্রামে হয়েছে। এখন ওয়ার্ক অর্ডার ইস্যু হয়েছে কি হয় নাই তা আমি কি করে বলবো।

Shri Haridas Chakravarty :

আমরা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে যে চিঠি দিয়েছিলাম, তার জবাবে তাঁরা বলেছেন, একবছর, আগে চিঠি পেয়েছি, যে হ্যাঁ, এখানে আপনাদের ইলেকট্রিফিকেসান স্কীম স্যাংসানড হয়েছে ওয়ার্ক অর্ডার ইস্যু হয়েছে, শীঘ্র কাজ আরম্ভ হবে। অথচ দেড় বছর হতে চললো কাজ আরম্ভ হচ্ছে না। এর অর্থ কী ?

Shri Tarun Kanti Ghosh :

অর্থাৎ আপনি জানতে চাচ্ছেন অসুবিধাটা কোথায় ? সেটা পরে বলছি। শুধু যদি সেটা জানতে চান, তাহলে পরে আমি লিস্টটা দিয়ে দেব, আপনি দেখে নেবেন।

Shri Sunil Das Gupta:

আমরা জানি যে বিভিন্ন গ্রামে যেখান দিয়ে ইলেকট্রিক গিয়েছে, সেখানে নূতন পয়েণ্ট পাওয় সত্ত্বেও তাঁরা দিতে পারছেন না। আমার প্রশ্ন হচ্ছে কয়টি বাতি জ্বালিয়ে ওঁরা বলছেন গ্রা গুলোকে ইলেকট্রিফিকেসন করা হয়েছে?

Shri Tarun Kanti Ghosh :

এটা কি তিনি কুচবিহার সম্বন্ধে মন্তব্য করলেন, না, জেনারেল ভাবে করলেন?

Shri Sunil Das Gupta:

জেনারেলি তাই হয়।

Shri Tarun Kanti Ghosh :

যদি জেনারেল কোশ্চেন হয়, ইট ইজ নট কারেক্ট, কারণ যদি কুচবিহার সম্বন্ধে হয় বা নর্থ বেঙ্গল সম্বন্ধে হয়, তাহলে বলবো জলঢাকা প্রজেক্ট কমপ্লিট না হলে এ জিনিষ হওয়া অসম্ভব।

(এ ভয়েস : ওটা শীঘ্র শেষ হবে না।)

ওটা ঠিক কথা নয়। আমি বলছি যদি অন্য জায়গায় হয়, যদি কেউ কারেণ্ট চায় এবং আমাদেব তা থাকে, তাহলে না দেবার তো কোন কারণ থাকতে পারে না। তবে পাঁচ দশটা লোককে দেবার জন্য তো এত লক্ষ টাকা খরচ করা যায় না। নর্থ বেঙ্গলে এখন পর্যন্ত সাফিসিয়েণ্ট কারেণ্ট হচ্ছে না।

Gram Panchayat and Anchal Panchayat Elections in Midnapore district

***285.** (Admitted question No. *1671.) **Shri Ananga Mohan Das :**

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬০ এবং ১৯৬১ সালে মেদিনীপুর জেলায় কয়টি গ্রাম পঞ্চায়েতের এবং অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন অনুষ্ঠিত হইয়াছে, এবং

(খ) উহাদের পুনর্নির্বাচন কোন্ সময়ে হইবে?

Shri Sowrindra Mohan Misra :

(ক) ১৯৬০ সালে মেদিনীপুর জেলায় কোন উন্নয়ন ব্লকে পঞ্চায়েতের নির্বাচন অনুষ্ঠিত হয় নাই।

১৯৬১ সালে ৫টি উন্নয়ন ব্লকে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হইয়াছে। ব্লকগুলির নাম ও তাহাদেব অধীনস্থ গ্রাম ও অঞ্চল পঞ্চায়েতগুলির সংখ্যা নিম্নে দেওয়া হইল :—

উন্নয়ন ব্লকের নাম	অঞ্চল পঞ্চায়েত	গ্রাম পঞ্চায়েত
পাঁশকুড়া ১নং	১২	৮২
পাঁশকুড়া ২নং	১১	৭৯
চন্দ্রকোণা ১নং..	৫	৪০
চন্দ্রকোণা ২নং..	৪	২৭
ময়না	৯	৬৪
মোট ..	৪১	২৯২

(খ) এখনও স্থিরীকৃত হয় নাই।

Shri Ananga Mohan Das :

আপনি তো জানেন যে পঞ্চায়েৎ আইনে প্রথম চার বছর অন্তর নির্বাচন করতে হয়। অবশ্য আপনারা আইন সংশোধন করছেন যে প্রয়োজন হলে আরো দু বছর পর্যন্ত বাড়াতে পারেন। এখন যখন চার বছর গত হয়ে পাঁচ বছরে পড়েছে, তখন চার বছর পূর্বে যারা নির্বাচিত প্রতিনিধি ছিলেন, তারা বর্তমানে সম্পূর্ণ আস্থাভাজন আছেন কি না আছেন তা বুঝবার জন্য যথা সময়ে নির্বাচন করতে হয়। যখন গত বছর নির্বাচন ডিউ ছিল, তখন অবিলম্বে এখন তাদের নির্বাচনের ব্যবস্থা করবেন কি না ?

1-20—1-30 p.m.]

Shri Sowrindra Mohan Misra :

মাননীয় সদস্য যদি অঙ্ক করেন তাহলে দেখবেন গত বছর ডিউ হয়নি, ১৯৬৫ সালে নির্বাচনের সময়। ১৯৬১ সালে নির্বাচন হয়েছে এবং আর'ও ২ বছর যেটা বললেন সেটা'ও ঠিক নয়। ৩ বছর পর্যন্ত সময় আমরা পাচ্ছি এবং দেখা যাক ১৯৬৫ সালে হতে পারে কিনা।

Shri Ananga Mohan Das :

যদি নির্বাচন করেন তাহলে নূতন ভোটার লিস্ট-এ করতে হবে। কারণ ১৯৬২ সালে সাধারণ নির্বাচনের জন্য যে ভোটার লিস্ট হয়েছিল তার অনেক পরিবর্তন হয়েছে, কম বয়সের লোক এ্যাডাল্ট হয়েছে, অনেক লোক মারা গেছে। কাজেই জানতে চাই নির্বাচনের পূর্বে ভোটার লিস্ট সংশোধন করবার ব্যবস্থা করবেন কিনা ?

Shri Sowrindra Mohan Misra :

মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন পঞ্চায়েত আইন অনুযায়ী এ্যাসেম্বলী ভোটার লিস্ট নিয়ে আমরা নির্বাচন করি এবং সেইভাবেই করব।

Shri Ananga Mohan Das :

১৯৬৫ সালের মধ্যে নির্বাচন হবে কি ?

Shri Sowrindra Mohan Misra :

এখন'ও সঠিক করে দিন জানায়নি।

Shri Ananga Mohan Das :

১৯৬৭ সালে যখন সাধারণ নির্বাচন হবে তখন তার পাশাপাশি এই দুটি নির্বাচন হওয়া কি বাঞ্ছনীয় ? কাজেই জানতে চাই ১৯৬৫ সালে নির্বাচনের ব্যবস্থা করবেন কিনা ?

Shri Sowrindra Mohan Misra :

বাঞ্ছনীয় এবং কি অবাঞ্ছনীয় তা নিয়ে প্রশ্ন হয় না।

Shri Balai Lal Das Mahapatra :

আপনারা এখন পর্যন্ত নির্বাচনের ব্যবস্থা যে করতে পারলেন না তাতে আমার প্রশ্ন হচ্ছে যে, আপনাদের অসুবিধা কি হচ্ছে ?

Shri Sowrindra Mohan Misra :

অসুবিধা হচ্ছে, হাইকোর্টে একটা কেস্ হয়েছে এবং তার যে অর্ডার বেরিয়েছে তাতে আমাদের এ্যাক্ট এ্যামেণ্ড করতে হবে কিনা সেটা আমরা বিবেচনা করছি। তবে সময় পার হয়ে গেছে বলে মাননীয় সদস্য যা বললেন তাতে আমার বক্তব্য হচ্ছে সময় পার হয়নি।

Old age pension scheme

***286.** (Admitted question No. *1739.) **Shri Narayan Choubey:** Wi the Minister-in-charge of the Home (Social Welfare) Department be please to state—

(1) when was the old age pension scheme started in this State; and

(2) what is that scheme in brief?

Shrimati Abha Maiti: (1) On the 1st January, 1964. (2) Th scheme in brief envisages the grant of pension to a person who satisfies th following conditions, namely,—

(a) that he has attained the age of 65 and is a resident of West Bengal provided in the case of physically and mentally handicapped persons, th minimum age limit will be 60 years,

(b) that he is a person who has no source of income and is not in a posi tion to earn his livelihood.

(c) that he has no relation (son, son's son, unmarried daughter, husband wife) maintaining him, and

(d) that he has been a resident of West Bengal for not less than ten year on the date of filing the application.

Professional beggars and mendicants shall not be eligible for a pensio under these rules.

Applications are to be submitted to Government in the prescribed forn available free of cost, in duplicate through the Deputy Director, Relief, in cas the candidate resides in an area in Calcutta as defined in section 3 of the Cal cutta Police Act, 1866, and in quadruplicate in all other cases through th District Magistrate via Anchalic Parishad and Zilla Parishad of the area wher the applicant ordinarily resides.

Rate of pension (from Ist March, 1965) Rs. 20 per month per applican who satisfies the condition, payable by money order, the remittance charge being borne by Government. Pensions under the rules are not commutable.

Sanctioning authority: Government in the Department of Relief and Social Welfare. The decision of Government shall be final.

Pension once sanctioned will continue till the death of the pensioner sub- ject to the condition that Government may, after giving the pensioner an opportunity of being heard, stop or withold pension, if

(i) it is subsequently found on enquiry to have been sanctioned on mis- taken grounds, or

(ii) the conditions for the grant of pension no longer exist, or

(iii) the pensioner is convicted of an offence under any criminal law or is otherwise found guilty of improper conduct.

Shri Narayan Choubey:

সারা বাংলাদেশে ১৯৬৪ সালের জানুয়ারী ফার্ষ্ট থেকে এই পর্যন্ত কত জন লোক এবং কোন কোন জেলায় এই পেনশান দেওয়া হয়েছে?

Shrimati Abha Maiti :

াননীয় স্পীকার মহাশয়, এই থেকে এ প্রশ্ন তো উঠতে পারে না।

Shri Narayan Choubey :

াত বছরে প্রশ্নোত্তরের সময় আপনি বলেছিলেন যে সাদা কাগজে দরখাস্ত করলে সেটা গৃহীত হবে, এখন বলছেন ইন প্রপার ফর্ম দিতে, এই দুটির পাথক্য কেন?

Shrimati Abha Maiti :

সাদা কাগজে করলে ইনকুইয়ারী বলতে গেলে অনেক জিনিষ জিজ্ঞাসা করতে হয়, ফর্মে কতকগুলি জিনিষ বেঁধে দিয়েছি, সেগুলি যদি দেন তাহলে অনেক সুবিধা হয়।

Shri Sanat Kumar Raha :

আপনাদের যে ফর্ম তাতে সানস এ্যাণ্ড ডটারস, হাসবেণ্ড য়্যাণ্ড ওয়াইফ রিলেসন মেইনটেইন ইত্যাদি রিলেশন মেইনটেন করে কিনা লেখা নেই, যদি কেউ রোজগার করে কিন্তু না দেয়, তার মানে কি আত্মীয় বর্গ থাকলে পিতামাতা যদি খেতে না দেয় তাহলে পেনশন দেবেন কিনা?

Shrimati Abha Maiti :

আমাদের যে সমাজ তাতে ছেলে বাপকে খেতে দেবে, অবিবাহিত কন্যা রোজগার করলে তার পিতামাতাকে ভরনপোষণ করবে, এটা নিয়ম, এটা আশা করেই এই ফর্ম তৈরী করেছি। এবং নিয়মকানুন করেছি, যদি দেখা যায় আমাদের সমাজ এমন অবস্থায় এসেছে সক্ষম পুত্র বা কন্যা তাদের বাপ মাকে ভরণপোষণ করেছে না, তাহলে এটা আমরা নিশ্চয়ই চেঞ্জ করবো।

Shri Sanat Kumar Raha :

এখানে ডটার্স হাজবেণ্ড লেখা আছে।

Shrimati Abha Maiti :

সক্ষম স্ত্রী যদি রোজগার করে তাঁহলে স্বামীকে খাওয়াবে আর সক্ষম স্বামী - রোজগার করে স্ত্রীকে খাওয়াবে।

Shri Sanat Kumar Raha :

শ্বশুর শ্বাশুরীকে যদি জামাই খেতে না দেয়, আমাদের যে সমাজ এখানে আদর্শের কথা বাদ দিয়ে বাস্তব ঘটনা দিয়ে বিচার করলে ঠিক হবে, কেউ অনাথ হয়ে পড়লে বাপ মাকে বা শ্বশুর শ্বাশুরীকে কিংবা স্বামী স্ত্রীকে খেতে না দেন তাহলে আপনারা খেতে দেবেন কিনা?

Shrimati Abha Maiti :

সেরকম দেখলে আমরা চেঞ্জ করবো।

Shri Sanat Kumar Raha :

এক জায়গায় ডুপলিকেট ফর্ম দিতে হবে, আর এক জায়গায় ৪টি ফর্ম দিতে হবে, এটা বি ডি ও অফিস থেকে হবে না কেন? পল্লী গ্রামের লোককে ৪ কপি ফর্ম দিতে হবে, এই ফর্ম যদি সিমপ্লিফায়েড হয় বি ডি ও অফিস থেকে দু কপি দেওয়া যায় তাহলে সুবিধা হবে।

Shrimati Abha Maiti :

এটা এজন্য যে কলকাতায় যারা দরখাস্ত করবে দু কপি দেবে, আর মফঃস্বলে দেবেন 8 কপি, কেন দেবে কারণটা আমি বলছি, এটা আমরা মনে ভেবে রেখেছি বি ডি ও আঞ্চলিক পরিষদ সর্বত্র দিতে বলেছি, এই চার কপির একখানা সেখানে থাকবে, একখানা জেলা ম্যাজিস্ট্রেটের কাছে যাবে আর বাদ বাকী দুখানা আমাদের কাছে আসবে। ওরিজিন্যাল যদি পাঠিয়ে দেন এবং তারপর খোঁজ খবর করতে হয় এজন্য আবার ফেরত পাঠাতে হয়, এই সমস্ত ঝামেলা উড়িয়ে দেবার জন্যই এটা করা হয়েছে, ফর্ম বাংলায় করা হচ্ছে এবং রুল'ও অত্যন্ত সহজ করা হয়েছে।

[1-30—1-40 p.m.]

Shri Sanat Kumar Raha :

ফর্মস কোথায় পাওয়া যায় ?

Shrimati Abha Maiti :

আমি ত আগে বলেছি কোথায় পাওয়া যায়।

Shri Sanat Kumar Raha :

এই যে ফর্মস দেবার পর কত দিনের পর তদন্ত কাজ শেষ হতে পারে ?

Shrimati Abha Maiti :

যথা সম্ভব সত্বর।

Shri A. H. Besterwitch : On a point of order, Sir. I notice that in this House privilege is given to certain members to put supplementary questions one after another whereas the other members are not getting this opportunity. So, I request you kindly to see that everyone in this House should have the opportunity to put supplementary questions.

Mr. Speaker : I fully agree with you. I find that all members are very anxious to put supplementaries. But in doing so they must look to their right and left also.

Shri A. H. Besterwitch : I admit that. But in some cases you say that so and so will speak but in certain cases you do not say so, and that is why everyone stands up together.

Mr. Speaker : When many members stand up I do not attempt to stop them because it is impossible. If one or two stand up I allow one to put supplementary.

Shri Kanai Pal :

মাননীয় মন্ত্রিমহোদয়া অনুগ্রহ করে জানাবেন কি যে গত সেসনএ যে তিনি বলেছিলেন যে সমস্ত দরখাস্ত এসেছিল ইতিপূর্বে তার একটা সামান্য সংখ্যক লোকদের সাহায্য দেওয়া সম্ভব হয়েছিল নানান রকম কঠিন বিধি নিষেধ থাকাতে, তা দূর করে যাতে সহজে সাহায্য পেতে পারে তার জন্য ব্যবস্থা করবেন সে ক্ষেত্রে এই বয়সের সীমা একটু কমান ছাড়া আর কি নিয়ম সহজ করা হয়েছে জানাবেন কি ?

Shrimati Abha Maiti:

আমি যে উত্তর দিয়েছি এবং গতবার যে কথা বলেছিলাম তা মিলিয়ে নিলেই মাননীয় সদস্য সহজেই বুঝতে পারতেন যে কি হয়েছে, কারণ পেনসানের পরিমাণ বেড়েছে এবং আগে আত্মীয় স্বজনের লিস্টএ যত লোকের নাম ছিল যত ধরণের আত্মীয়ের কথা ছিল এখন তা কম করে দেওয়া হয়েছে, এই তিনটা তো তার সামনে রয়েছে।

Shri Kanai Pal:

আপনাদের লিস্ট এ মেয়ের কথা দেখছি আমাদের সমাজে বাংলা দেশে কন্যা দুহিতা অর্থে ব্যবহার করা হয় এবং দুহিতা অর্থটি নিশ্চয়ই জানেন যে কন্যার ভূমিকা কি? আমার প্রশ্ন হচ্ছে সেখানে কন্যা বা কন্যার স্বামী যে থাকলে সে সাহায্য পাবে না এই যে ব্যবস্থা রয়েছে এটা কি সত্যিকারের ঠিক করা যায় না?

Shrimati Abha Maiti:

মাননীয় স্পীকার মহাশয় মাননীয় সদস্য একদম শোনেন নি যে আমি বলেছি অবিবাহিত কন্যা।

(মিঃ স্পীকার উনি না পড়েই বলেছেন।)

Shri Kanai Pal:

আমি বলতে চাই এই যে অবিবাহিতা কন্যা থাকলে সাহায্য দেওয়া হবে না, আমার প্রশ্ন হচ্ছে আজকে এই বাংলা দেশে কত পারসেণ্ট কন্যারা চাকরী বা রোজগার করে সেটা বলবেন কি?

(নো রিপ্লাই)

Mr. Speaker: Mr. Besterwitch, as you have said, Shri Pal is trying to have the monopoly of the floor and that is why I cannot accommodate you all.

..Dr. Abu Asad Mohammad Obaidul Khani: In answer to question (2) the Minister has given us the scheme in brief. May I have some idea of its implementation up-to-date?

Shrimati Abha Maiti:

আমি ত বলেছি স্কীম ইন ব্রিফ তার বাইরে কি জানতে চান, গোটা স্কীমটা জানতে চান"

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani.

ইমপ্লিমেনটেসনটা কত দূর হয়েছে?

Shrimati Abha Maiti:

ই যে কোশ্চেনটা ছিল স্কীমটা জানতে চেয়ে ছিলো আমি সে স্কীমটা বলছি।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani.

এটা জিজ্ঞাসা করছি ইনপ্লিমেনটেসন হয়েছে কি?

Shrimati Abha Maiti:

া হয়েছে।

Mr. Speaker :

আগের একটা কোশ্চেনএ উনি বলেছিলেন কত লোক পেয়েছে ইত্যাদি।

Shri Narayan Choubey :

১৯৬৫-৬৬ যে বাজেট হচ্ছে এই বৎসরে এই স্কীমএর জন্য কতটা সেংশন হয়েছে?

Shrimati Abha Maiti :

আমাদের আগে এখানে ছিল ১০ লক্ষ টাকা আমি কয়েকবারই বলেছি যে বেশী টাকা খরচ হয় নি সুতরাং যথেষ্ট টাকা আছে এখন খরচ করতে পারি।

ইত্যাদির জন্য অনুসন্ধান যান তখন তাদের কাছে বিবেকশূন্য তথ্য দেওয়া হয়। প্রমানতঃ আমি ১৯৬২ সালে যখন এই হাউস-এর প্রতিনিধি হলাম তখন আমি বাড়ী গিয়ে চিঠি পেলাম যে সীডিউল কমিশনার এ, কে, চন্দ্র এবং ঐ কমিটি তিনি একটা মিটিং ডাকলেন আমাদের কুচবিহার জেলায় ঐ তপশীলদের মান জানবেন বলে। আমি সেদিন সেখানে উপস্থিত ছিলাম আমাদের সেন্টার-এর সকলকে তিনি জিজ্ঞাসা করলেন এই সম্বন্ধে। আমাদের এই হোম-এর একজন এবং এম, এল, এ, উমেশ মন্ডল তিনি একজন মেম্বার তিনি দেখালেন এই ১৭ বৎসরের কংগ্রেস রাজত্বে কতটা উন্নতি হয়েছে ঐ সীডিউলড এদের, তিনি জানিয়েছিলেন কুচবিহারেই ২০।২২ পারসেন্ট শিক্ষার উন্নতি হয়েছে ঐ সীডিউলড-এর দের। তিনি এমন কি উন্নতির কথা বলতে গিয়ে বললেন যে কুচবিহারে তপশীল মেয়েরা সাইকেল চড়ে বেড়ায় তখন আমি এ বিষয়ে প্রোটেষ্ট করলাম আমি জানালাম এটা ভুল তথ্য ২০।২২ পারসেন্ট হতে পারে কিন্তু এটা জেনারেল নয়। আমি স্ট্যাটিসটিকস দেখলাম যে ৪।৫ পারসেন্টের বেশী শিক্ষিত হয়নি। শীতলকুচি থানায় ৬৭ হাজার লোকের বাস সেখানে একটা হাইস্কুল নেই। দিতাই থানায় ৬৭ হাজার লোকের বাস সেখানেও কিছু হয়নি। আমি এ সমস্ত কথা চেয়ারম্যানকে বললাম তিনি তখন উমেশ মণ্ডলকে জিজ্ঞাসা করলেন কিন্তু উমেশবাবুর যুক্তি খণ্ডন করবার কিছুই নেই। তিনি ঐ সীডিউলদের ডিরেক্টরএর কাছে বললেন আমরা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এত জুনিয়ার হাই স্কুল করেছি এবং শীতলকুচিতেও জুনিয়র হাই স্কুল করবার চেষ্টা করছি। সেখানে বাংলা দেশের তপশীলদের শিক্ষার মান যা তাঁরা জানতে গিয়েছিলেন সেখানে যুক্তি খণ্ডন করে দেখালেন যে সিডিউলকাষ্ট-এর ২২।২৩ পারসেন্ট শিক্ষিত হয়েছে কিন্তু তার সেযুক্তি টিকল না। প্রকৃত তথ্য ধরা পড়ে গেল। আমি বলবো যে সত্যিকারের সিডিউলকাষ্টদের যারা উন্নতি চান তারা, তাহলে বিভেদমূলক প্রচার করবেন না। যারা প্রকৃত শিক্ষার বিষয় জানতে চান তাদের কাছে ভুল তথ্য পাঠাবেন না সমস্ত শ্রেণীর ছাত্রদের নিয়ে মধ্যবিত্ত থেকে আরম্ভ করে উচ্চ মধ্যবিত্ত পর্যন্ত বিনা বেতনে আপনারা পড়াবার বন্দোবস্ত করুন। মেডিক্যাল কলেজ এবং ইঞ্জিনিয়ারএর ক্ষেত্রে তপশীল ছাত্রদের আসন সংরক্ষিত রাখুন তা হলে আমি তা হলে আমি বুঝবযে সত্যিকারের সিডিউল এবং উপজাতির প্রতি দরদ আপনাদের আছে এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20—2-30 p. m.]

Shri Nathaniel Murmu :

মাননীয় স্পীকার স্যার, আমি এই উপজাতি এবং তপশীল জাতির উন্নতির জন্য যে ব্যয় বরাদ্দ মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করতে গিয়ে সংক্ষিপ্ত কথায় এই সম্পর্কে আমার বক্তব্য রাখব। মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় কালচারাল রিসার্চ ইনস্টিটিউট সম্পর্কে যে কথা বললেন ঐ কালচারাল ইনস্টিটিউটের সম্পর্কে সেটা সম্পূর্ণ উল্টো। তিনি এই প্রতিষ্ঠানের উচ্চ প্রশংসা করেছেন। আমি আমার কাট মোশনে এটা জানিয়েছিলাম কিন্তু সেটা বাদ দেওয়া হয়েছে বলে আমি দুঃখিত। এই তপশীল এবং আদিবাসীর উন্নতির জন্য লক্ষ লক্ষ টাকা কালচারাল রিসার্চ ইনস্টিটিউটকে দেওয়া হয় সেই টাকায় এই প্রতিষ্ঠান গড়ে উঠেছে এই উপজাতিদের শিক্ষা সংক্রান্ত গবেষণা করার জন্য। কিন্তু সেখানে গত কয়েক বৎসর ধরে যেভাবে কাজ চলেছে সে কাজের তদারক সরকার পক্ষ থেকে ঠিকমত করা হয় না বলে আমি বলেছি ওখানে স্বজন পোষণ এবং বারভূতে সেই সব টাকা লুট করছে। এই তপশীল উপজাতির উন্নতির করার জন্য সেখানে যে জাতীয় গবেষণা তা ব্যাহত হচ্ছে। যখন বড় বড় পরিকল্পনার কথা বলা হয় তখন তারা বলেন যে টাকা নেই অথচ এই কালচারাল রিসার্চ ইনস্টিটিউট-এ যেভাবে টাকা অপচয় করছেন তার কয়েকটার উদাহরণ আমি দেব। উপজাতিদের শিক্ষা এবং সংস্কৃতির গবেষণার নাম করে যে টাকা খরচ করা হচ্ছে এবং তার জন্য যে বুলেটিন প্রকাশ করা হচ্ছে সে বুলেটিনের কয়েকটা আমি দেখাতে চাই। এই বইগুলি খুবই ভাল কাগজের ছাপান এমন কি আঙ্গুল পিছলিয়ে যায় এতে অনেক ফটো আছে কিন্তু এতে ছাপান হচ্ছে যেটা সেটা হচ্ছে পুরাতন উপজাতিদের দিয়ে গবেষণার কাজে ফাদার ভেরিয়ার ইলিয়ান ইত্যাদির সব লেখনীতে সব ভর্ত্তি আছে এবং তারা কি গবেষণা করেছেন সেই সব আছে। সেখানে অনেক ভুল তথ্য দিয়ে সুন্দরভাবে একটি বই ছেপেছেন। লেপচাদের সম্বন্ধে যে কথা লেছেন চা বাগানের শ্রমজীবিদের পক্ষে যে পরিসংখ্যান আছে সেটা ভুল তথ্য এই সবের

জন্য লক্ষ লক্ষ টাকা কালচারাল রিসার্চ ইনস্টিটিউট-এ খরচ করা হচ্ছে অথচ যখন কোন ছাত্র বই কিনতে চান তখন তার টাকা পাওয়া যায় না। আমি শুনেছি এই বই আমেরিকা বা ইউ. কে.-এর অন্যান্য জায়গায় পাওয়া যায় সেখান থেকে প্রশংসা পত্র বা সার্টিফিকেট দিয়ে কপির জন্য লেখা হয়। বিধানসভা মেম্বারদের'ও এই বই দেওয়া হয় না। পার্লিয়ামেণ্ট মেম্বারদের'ও দেওয়া হয় না বা উপজাতি সম্পর্কে যারা গবেষণা করছেন তাদের'ও দেওয়া হয় না। শুধু তাই নয় আরও জানাই মেদিনীপুরের বেল পাহাড়ীতে সোসাল ওয়ার্কার্স ট্রেনিং ইনস্টিটিউটএর কথা বলা হয়েছে—কিন্তু তারা কি জানেন যে এই সম্পর্কে কয়েক লক্ষ টাকা খরচ হয়েছে। এখানে গ্রাম সেবকদের যে ট্রেনিং দেওয়া হয় আজ সেখানে পৃথক পৃথক করে ডিরেক্টর, ডেপুটি ডিরেক্টর ইত্যাদির পদ সৃষ্টি করে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে শুধু তাই নয় কালচারাল রিসার্চ ইনস্টিটিউট-এ যেভাবে টাকা খরচ করা হচ্ছে তার কয়েকটা ডেফিনিট উদাহরণ বলব। কিছুদিন আগে যে দুটা ডেপুটি সেক্রেটারীএর পদ সৃষ্টি করা হয়েছে এবং গত ২রা তারিখে সেখানে যে ২ জনকে ডেপুটি সেক্রেটারীতে নেওয়া হয় তাদের নাম আমি বলবো। যে দুজন সিলেক্টেড হয়েছে শ্রীকানাই ভৌমিক এবং মনীষা রাহা এঁদের পাবলিক সার্ভিস কমিশনের কাছে কোন রকম পরীক্ষা দিতে হয় নি। এর মধ্যে কানাই ভৌমিক বলে যে ভদ্রলোক আছেন সেই ভদ্রলোক আজকে কয়েক বছর ধরে সেখানে রিসার্চের কাজ করছেন এবং তার জন্য প্রতি মাসে ২ শো টাকার উপর তিনি ড্র করছেন এবং সেই সঙ্গে সঙ্গে সেই ভদ্রলোক আবার হাওড়া শ্রীচৈতন্য কলেজে ডিমনস্ট্রেটরের কাজ করছেন, দুটো কাজ একসঙ্গে চলছে, কালচারাল রিসার্চ ইনস্টিটিউটে এসে কেবল সই করে যান, গবেষণা কিছু করেন না, টাকা নিয়ে যান, আর হাওড়া শ্রীচৈতন্য কলেজে কাজ করেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই এই কালচারাল রিসার্চ ইনস্টিটিউটের মত একটা বাজে বিভাগের জন্য উপজাতিদের উন্নয়ন বাবত টাকা খরচ করা উচিত নয়। তারপর বেল পাহাড়ীতে সোসাল ওয়ার্কারের ট্রেনিংএর নাম করে যে টাকা খরচ করা হচ্ছে সেই টাকা অবিলম্বে এই ব্যয় বরাদ্দ থেকে কেটে দেওয়া হোক। এই দুটো বিভাগের টাকা নিয়ে যদি আদিবাসী গ্রামে টিউবওয়েল বা ঐ জাতীয় কয়েকটা কাজ করার ব্যবস্থা করা হত তাহলে স্পীকার স্যার সত্যিকারের কাজ হত। এই কালচারাল রিসার্চ ইনস্টিটিউটের গবেষণার কাজ ঠিকভাবে অনুসন্ধান করার জন্য বিধান সভা থেকে একটা এনকোয়ারী কমিশান গঠন করা দরকার এবং এর একটা যথাবিহিত প্রতিবিধান করা দরকার।

Shri Puranjoy Pramanik:

মাননীয় স্পীকার মহাশয়, আদিবাসী মন্ত্রী মিঃ ওয়াংদি যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন আমি তার সমর্থন জানিয়ে দু'একটা কথা আপনার কাছে নিবেদন করবো। দেশ স্বাধীন হলেও দেশবাসী যে সংস্কার মুক্ত হবে একথা স্বাধীনতা সংগ্রামী নেতৃবৃন্দদের মনে ঠাঁই পায় নি। তাঁরা ধারণা করে নিয়েছিলেন যে অনুন্নত শ্রেণীর উপর সুবিচার হবে না। তারা কি শিক্ষা, কি দীক্ষা, কি সামাজিক মর্যাদা, কি আর্থিক স্বাচ্ছন্দ্যের দিক দিয়ে সত্য সত্যই অনুন্নত—সমাজের অপাংক্তেয় তাই জাতির জনক গান্ধীজী হরিজন আন্দোলন আরম্ভ করেছিলেন, উদ্দেশ্য ছিল যে দেশ স্বাধীন হবার পর জাতি-ধর্ম বর্ণকে কেন্দ্র করে যেন কোন রকম বৈষম্য মূলক আচরণ না হয়। তাই সংবিধানে এই অনুন্নত শ্রেণীর জন্য যে সংরক্ষণের ব্যবস্থা আছে তা গান্ধীজীর হরিজন আন্দোলনের স্বীকৃতি।

মানুষে মানুষে ভেদাভেদ থাকতে পারে না; থাকা উচিত নয়। এই নিয়ে আমি যুক্তি তর্ক দিয়ে আলোচনা করতে চাই না। আমি শুধু এইটুকু বলব যে, এই অনুন্নত সম্প্রদায় তথা তপশীল জাতি এবং উপ-জাতির জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা এই জাতির বর্তমান শিক্ষা, আর্থিক স্বাচ্ছন্দ্য ইত্যাদির মানের সঙ্গে তুলনা করলে খুব অপ্রতুল হয়েছে। কেন না আমি একজন তপশীলি জাতির প্রতিনিধি হিসাবে এইটুকু বলতে চাই যে আমরা দীর্ঘদিন সংবিধানের রক্ষা কবচের আওতায় থাকতে চাই না। আমাদের সামগ্রিক উন্নতির জন্য লোক সংখ্যার অনুপাতে অর্থ বরাদ্দ করা হোক। ১৯৬১ সালের আদম সুমারিতে আমরা দেখতে পাচ্ছি যে এই রাজ্যে তপশীল জাতি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর জাতির সংখ্যা প্রায় ৯১ লক্ষ। এই ৯১ লক্ষ লোকের সর্বাঙ্গীন উন্নয়নের জন্য বরাদ্দ করা হয়েছে ১ কোটি ৮৮ লক্ষ টাকা। অর্থাৎ মাথা পিছু দু টাকার মত। যদিও এ বছরে এই খাতে অন্যান্য বছরের অপেক্ষা

অধিক অর্থ বরাদ্দ করা হয়েছে তথাপি আমি মনে করি এটা খুব কম হয়েছে। আমি এই কথা বলতে চাই যে আমাদের উন্নয়নের জন্য লোক সংখ্যার অনুপাতে অর্থ বরাদ্দ করা হোক সংরক্ষণের ব্যবস্থা ১০ বছর ছিল। ১০ বছর পার হবার পর, ১০ বছরের মধ্যে আদিবাসী ও তপশীল জাতির উন্নয়ন না হওয়ায়, পুনরায় তার আয়ু আরো ১০ বছর বাড়িয়ে দেওয়া হয়েছে ——সংবিধান সংশোধন করে। আমি অনুরোধ করব সংবিধানের সংশোধন অনুযায়ী অবশিষ্ট বছরের মধ্যে এই ভেদনীতি অবসান করতে হবে। আর যাহাতে সংবিধান সংশোধন করতে না হয় সেইভাবে অগ্রসর হতে হবে।

[2-30—2-40 p.m.]

এই অনুন্নত সম্প্রদায় রাষ্ট্র দেহের একটি দুর্বল অঙ্গ বিশেষ। এই দুর্বল অঙ্গকে সবল করে আমাদের রাষ্ট্রদেহকে স্বাস্থ্য শ্রীমণ্ডিত করতে হবে——সরকারকে সেইভাবে বলিষ্ঠ পদক্ষেপে অগ্রসর হতে হবে।

আর একটা কথা আমি নিবেদন করতে চাই যে আমরা স্বাধীন দেশে স্বাধীন নাগরিক হিসেবে বসবাস করতে চাই। আমরা কোন অনুগ্রহের পাত্র হিসেবে বা কারো অনুকম্পার উপর নির্ভর করে বসবাস করতে চাই না এবং আমাদের অস্তিত্ব বজায় রাখতে চাই না।

আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের ভাষণ শুনে খুব আনন্দিত হলাম যে শিক্ষাখাতে অন্যান্য বৎসর অপেক্ষা এই বছর অধিক অর্থ বরাদ্দ করা হয়েছে। এখানে শিক্ষাখাতে আদিবাসী ও তপশীলী ছাত্রছাত্রীদের বিদ্যালয়ের বেতন বাবদ ৬০৲ টাকা হিসেবে এই বৎসর ২৩,৪০০ জনকে দেওয়া হয়েছে এবং আগামী বৎসর ৩০,১০০ জনকে দেওয়া হবে। আর স্টাইপেণ্ড ১০০৲ টাকা হিসেবে এই বৎসর আদিবাসী ও তপশীলী উভয় সম্প্রদায়ের মোট ৪১০০ জনকে দিয়েছেন। আগামী বছর ৬২০০ জনকে দেওয়া হবে। বই কিনবার জন্য ৩০৲ টাকা হিসেবে গত বছর ৮০০০ জন ছাত্রছাত্রীকে দেওয়া হয়েছে। আর আগামী বছর ১৪ হাজার জন ছাত্রছাত্রীকে দেওয়া হবে। পল্লী অঞ্চলে ২২৲ টাকা হিসেবে এবং সহরাঞ্চলে ২৭৲ টাকা হিসেবে হোষ্টেল চার্জ এ বছরে ৬৯০৮ জনকে দেওয়া হয়েছে এবং আগামী বৎসর ৯১৯৬ জনকে দেওয়া হবে। আর পরীক্ষার ফী বাবদ এবছর ২৫২৫ জনকে টাকা দেওয়া হয়েছে। আর আগামী বছর ৩৬৭৫ জনকে দেওয়া হবে। এবছর আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য ৮টা হোষ্টেল নির্মিত হয়েছে। এবং আগামী বৎসর আরো ৫টি হোষ্টেল নির্মিত হবার জন্য এই বরাদ্দ করা হয়েছে। বাজেটে যে অর্থ বরাদ্দ হয় তা সময় মত ব্যয় হয় না বলে অনেকে তার সুযোগ থেকে বঞ্চিত হয়ে থাকেন এবং সময়মত ষ্টাইপেণ্ড না পাওয়ার দরুণ অনেক গরীব ছেলের পড়াশুনা ব্যথ হয়।

আর আমাদের ছোঁয়াছুয়ির ভাব যে একেবারে নেই, তা নয়। তার জন্য সরকার এবছর তপশীলি ও আদিবাসী অধ্যুষিত এলাকায় কূপ ও নলকূপ ১১২০টি খনন করেছেন। আর আগামী বছর ৬৩২টি খনন করা হবে বলে অর্থ বরাদ্দ করা হয়েছে।

তারপর ধর্মগোলা স্থাপন করে আদিবাসীদের মধ্যে সঞ্চয়ের প্রেরণা এনে দিয়েছেন। এর ফলে এক দিকে মহাজনদের কবল থেকে যেমন মুক্তি পাচ্ছে, তেমনি অন্য দিকে তাদের মধ্যে সঞ্চয়ের মনোভাবও আস্তে আস্তে গড়ে উঠছে।

এছাড়া গৃহনির্মাণের জন্যও তাদের টাকা দিচ্ছেন। গবাদিপশু ইত্যাদি ক্রয় করবার জন্য সরকার তাদের টাকা দিচ্ছেন। আদিবাসী ও তপশীলিদের জমি সংক্রান্ত মামলার জন্য সরকার খরচ দিচ্ছেন। এবং আরো অনেক কিছু করছেন।

সরকার যে সুযোগ দিচ্ছেন, তা ঠিকমত গ্রহণ করতে পারলে এই সম্প্রদায়ের চিত্র অন্যরূপ হতো। কেন তা হয় নাই? তার উত্তরে বলা যায় যে সরকার যে সব সুযোগ সুবিধা দিচ্ছেন, তা প্রচারের অভাবে সকলে জানতে পারে না। এই বিভাগে যে প্রচার ব্যবস্থা আছে, তা ঠিকভাবে না হওয়ার জন্য এই সমস্ত সম্প্রদায়ের লোকে জানতে পারে না। কেবলমাত্র মুষ্টিমেয়

কিছু লোক এর সুযোগ গ্রহণ করে থাকে। তাই সরকারকে ভালভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে।

আমি সর্বশেষে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন, তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই উপজাতি কল্যাণ খাতে যে অর্থ বরাদ্দ করা হয়েছে, আমি তার বিরোধিতা করছি।

আমি প্রথমে বলতে চাই এই কথা যে আমাদের বাংলাদেশে এই সমাজে মুচি, হাড়ি, বাউড়ি, ডোম, মেথর, ধাঙ্গড়, চামার, নমঃশূদ্র ইত্যাদি জাতি আছে। নিশ্চয়ই এই উপজাতি কল্যাণ খাতে টাকা বরাদ্দ হয় তাদের উন্নতি করবার জন্য। তার দৃষ্টিভঙ্গী এই ছিল যে উপজাতিদের মধ্যে তপশীলীদের মধ্যে ধনী লোক যারা আছে, তাদের সমস্যা নয়, তাদের সমস্যা অন্য দিকে; সমস্যা প্রধানতঃ হচ্ছে যারা অনুন্নত, নিঃস্ব গরীব, তাদের সমস্যা। আমার মনে হয় এই দপ্তরের সেই ইমেজিনেসন, সেই পরিকল্পনা নাই, সেই চিত্তবৃত্তি নাই—এই দপ্তর কি করে ঢেলে সাজলে তলাকার দুঃস্থ তপশীলী ও উপজাতিদের কল্যাণে টাকা খরচ হতে পারে। সেই জন্য প্রতিপদে দেখা যায় এই দপ্তরের টাকা খরচ হয় না এবং খরচ হলেও অপচয় হয়। অপচয় বললে ভুল হবে—এই দপ্তরের টাকা মারে অন্যলোকে, দালালে মারে। এই ইতিহাস সাগরদীঘি থানায় আমি জানি। কতকগুলি পেট দালাল তৈরী করা হয়, কি করে খরচ করতে হবে জানে না এবং তার ফলে কিছু লোক তপশীলীদের মধ্যে জোগাড় করে। টাকাগুলি যে কোথায় কিভাবে খরচ হচ্ছে তা দেখবার সুব্যবস্থা নাই। আমাদের দেশে হাড়ি ডোম বাউড়ি এই জাতির লোক সাবকাস্ট হিসেবে প্রায় শেষ হতে চলেছে। এতটুকু পুনর্বাসন তাদের আপনারা করতে পারেন নি। এদের পুনর্বাসন কি করে করতে হয় সে ইমেজিনেসন বা কল্পনা চিত্তবৃত্তি এই দপ্তরের নাই, তেমনি চামার যারা আছে, হরিজন যারা আছে, ধাঙ্গড় যারা আছে, ডোম যারা আছে এদের সাব কাস্ট হিসেবে উন্নতি কি করে হতে পারে, সে দৃষ্টিভঙ্গী আপনাদের নাই, আপনার দপ্তরের নাই।

কাজেই আমি মনে করি এই দপ্তরের কর্মতৎপরতার অভাবে অপচয় হচ্ছে এই দপ্তর দালাল পুষছে। এর পিছনে অনেক টাকা খরচ হয় সেটা ভষ্মে ঘি ঢালা হয়। আমার কথা হচ্ছে হাড়ি, বাউড়ি ডোম এই সাব ক্লাসগুলি আজকে সমাজ থেকে এলিমিনেট হয়ে যাচ্ছে—এদের রক্ষা করার দায়িত্ব সরকারকে নিতে হবে। তার জন্য আমার মনে হয় আমাদের সমাজের যা আমি চিন্তা করে দেখেছি যে গ্রামে এবং সহরের আশেপাশে এখনও কিছু এদের প্রয়োজন আছে। প্রত্যেক মিউনিসিপ্যালিটির আণ্ডারে কিছু হরিজন মেথর, কিছু হরিজন শ্রমিক আছে, ধাঙ্গড় আছে। এই ধাঙ্গড়, কুলিদের বসবাস করার মত জায়গা আমরা দিতে পারি না। মিউনিসিপ্যালিটির দায়িত্ব নেই—সেখানে ছাগল, কুকুর মানুষ এক সাথে সেখানে বাস করে—সেই দিকে উপজাতি কল্যাণ দপ্তরের দৃষ্টি নেই। যদি কোন মেথরের সন্তান স্কুল ফাইনাল পাশ করে তাকে দপ্তরের চেয়ারের পাশে জায়গা দেয় না কেরাণী করতে হবে বলে। কারণ এই মেথরের পাশে একজন চক্রবর্তী, সান্যাল এখনও বসতে লজ্জা পায়। আমার বক্তব্য হচ্ছে এই দপ্তরের সেই সব জিনিসের দিকে যদি নজর না আনেন এই বাস্তব সত্য—আসলে কি ঘটছে সমাজের তলাকার লোকের মধ্যে এই অস্পৃশ্য লোকদের মধ্যে বা অন্যান্য তথাকথিত ব্যাকওয়ার্ডদের মধ্যে তাহলে কিছু করতে পারবেন না। এই সম্পর্কে পরিষ্কার তথ্য এবং জ্ঞান এবং নিচোর থাকা দরকার। আমার বন্ধু মাননীয় মুরমু বললেন যে সেখানে বিলাতী কাগজে ছাপা—অথচ কোন তথ্য নেই। কাজেই সরকারী কর্মচারীরা যাঁরা আছেন তাঁরা উপজাতি সম্বন্ধে কিছু জানেন না। তাদের সম্বন্ধে কিছুই রিসার্চ হয় না—রাইটার্স বিল্ডিংস থেকে তারা উপজাতির অন্তরের নাড়িটিপে দেখতে পারেন না যে কোথায় সমস্যা আছে এবং মন্ত্রীরাও আমার মনে হয় উপজাতিদের তথ্য জানেন কি না সন্দেহ। এই সন্দেহ প্রকাশ করছি এই জন্য যে আজ উপজাতি কল্যাণের খাতে যে বছর বছর টাকা খরচ

হচ্ছে তা তলাকার লোক জানেন না যে তাদের কল্যাণের জন্য একটা দপ্তর আছে সরব তার জন্য টাকা ব্যয় করেন। একটা দৃষ্টান্ত দিই। আমার কাছে মিউনিসিপ্যালিটির হরি মেথররা আসে—আমি তাদের দরখাস্ত লিখে দিই হেডমাষ্টার বলেন এ বছরে হবে না—সামে বছরে হবে—কিসের দরখাস্ত? না স্কুলে পড়বে তার ছেলে বিনা পয়সায় তার জন্ কিন্তু এই দপ্তর থেকে চালোয়া হুকুম আছে যে যদি কেউ উপজাতির বোনাফাই সার্টিফিকেট ডকুমেণ্ট আনতে পারে তাহলেই সে চান্স পাবে তার জন্য দরখাস্ত দরক হবে না। হেডমাষ্টার অটোমেটিক্যালি নাম পাঠিয়ে দেবেন। কিন্তু তা কিছুতেই হোল ন ১।২।৩ বছর পরে সেই মিউনিসিপ্যালিটির ধাঙ্গড়ের বা মেথরের ছেলেরা স্কুলে পড়তে য তাহলে তাদের টাকা দিতে হয়। অনেক পায়ে ধরার পরে তাদের মধ্যে থেকে দুটি চারটি ছেলেকে ফ্রি পড়ানো হয়—তাও খাতিরে যে আমি এম. এল. এ. আছি বলে আমার খাতিরে হোল। এই রকম হবে কেন? কাজেই আমার মনে হয় এই দপ্তর সম্পর্কে আর ভালভাবে চিন্তা করা দরকার—এই দপ্তরকে পুনর্বিন্যাস করা দরকার। তা না হ উপজাতি কল্যাণের খাতে যে টাকা সেটা অপচয় হতে বাধ্য। আমি আর একটা কথা বলত চাই—চামার ও হাড়ি এবং ডোম ইত্যাদি কতকগুলি উপজাতি আছে তাদের জাতি হিসাব কতকগুলি শিল্প আছে। সেই শিল্পকে রক্ষা করতে না পারলে সে সব জাতি বাঁচবে না—সেখানে কেউ মাটির জিনিস তৈরী করে, কেউ বেতের, কেউ বাঁশের জিনিস কেউ চামড়া জিনিস তৈরী করে—কেউ খোল তবলা করতাল ইত্যাদির কাজ করে—এই রকম নানা জাতে কাজ আছে। স্মল ট্রেড লোন দিয়ে এই শিল্পকে যদি সাহায্য না করেন তাহলে তা আর টিকতে পারবে না ও বাঁচতে পারবে না। এরা সমাজের অস্পৃশ্য—এদের কেউ টাকা দে না মহাজনের কাছ থেকে প্রচুর সুদ দিয়ে এরা টাকা নেয়—এমন কি ডেলি টাকায় এক দু তিন আনা সুদ দিয়ে এরা ফকির হয়ে যাচ্ছে কাজেই যারা সত্যিকারের বেচাকে করে একটাকার চার আনা লাভ করলো দু আনা মহাজনকে দিয়ে এল—আর যা বর্ণ হিন্দু তারা চার আনাই নিয়ে ঘরে গেল—তাহলে কি করে তারা বাঁচবে? কাজে এই যে নীচের বারা তপশীলী জাতি আছে এই সব জাতির যদি কল্যাণ করতে হ তাহলে এ সম্পর্কে আরও বাস্তবচিত্র নিয়ে ভালভাবে অনুসন্ধান করে তার পর তাদে দিকে নজর দেওয়া দরকার। আমার এই কাটমোসনে রাধানাথ চটটোরাজ বলে পাঠিয়েছে যে আমাদের জেলাতে ভোলনা সম্প্রদায় বলে এই সম্প্রদায় আছে তাদের সিডিউলড ট্রাইবে মধ্যে নাম নেই অথচ এরা সিডিউলডও হতে পারছে না। এবং তারা এ্যাকচুয়েলী বাগদ জাতি—কেন সিডিউলড হবে না? এটা সংশোধন করা দরকার। কাজেই আবার অনুরো করি বাংলা দেশে সিডিউলড জাতি কোথায় নিকৃষ্ট অবস্থা পড়ে আছে তাদের তলা থেকে তুলবার দিকে নজর দেওয়া দরকার। উপর থেকে টাকা বরাদ্দ করলে জেলায় যি ট্রাইব্যাল অফিসার থাকছেন তিনি কিছুই সমস্যা সম্বন্ধে জানেন না—তাঁরা উপর থেকে গি বহাল হন, এবং রুটিন মাফিক কাজ করেন—যা টাকা খরচ হোল আর যা টাকা খরচ হোল ন হোল বয় গেল—এইভবে কাজ চলছে।

[2-40—2-50 p.m.]

Shri Kandru Majhi :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আদিবাসী র যে বা বরাদ্দ এনেছেন আমি তার বিরোধীতা করছি। এই সমস্ত সম্প্রদায়গুলির উন্নয়নের জন যে সব কাজ করা হয় তার একটা সুনির্দিষ্ট ধারা নিশ্চয়ই থাকা উচিত। কিন্তু সরকারের নীতি কার্যধারা বা সুস্পষ্ট পরিকল্পনা বলতে কিছুই নেই। সরকার থেকে সাহায্য দেবার যে ব্যবস্থা আছে তার ধরণ দেখলেই সেটা পরিস্কার বোঝা যাবে। সেটা হচ্ছে, অধিকাংশ দরিদ্র ছেলেরা তারা প্রথমে টাকা খরচ করবে, তারপর বিল করবে, এবং বিল করার বহু পরে টাকা পাবে। এই সব দেখলেই পরিস্কার বোঝা যায় যে এই সব সম্প্রদায়ের অবস্থা পণ্য ছেলেরাই এর থেকে সুবিধা পাবে, অন্যেরা নয়। তারপর আমি যেটা বলব সেটা হচ্ছে, আদিবাসী দেশওয়ালী মাঝিরা ভোটের সময় আদিবাসী কিন্তু তাদের ছেলেমেয়েদের সুযোগ সুবিধার সময় তারা আদিবাসী নয়। এই ভ্রান্ত ধারণা নিশ্চয়ই দূর করা উচিত। তারপর, বহু আদিবাসী জঙ্গলের

কোন ক্ষতি না করেই, তারা জঙ্গলের কাঠ পাতা সংগ্রহ করে জীবিকা নির্বাহ করে। কিন্তু সরকার যে ব্যবস্থা করেছেন তাতে তাদের উপর প্রচণ্ড জুলুম চলেছে। অথচ যারা সত্যিকারের জঙ্গলের ক্ষতি করে তাদের উপরই জঙ্গলের ভার দেওয়া হয়েছে। একথা সকলেই জানেন যে, আদিবাসীরা ভূমিহীন শ্রমিক। ভূমির উপর তাদের কোন নিশ্চয়তা নেই। সেইজন্য সরকার থেকে স্থায়ী সাহায্যের ব্যবস্থা থাকা দরকার। হরিজনদের বিষয় বলতে গেলে একথাই বলতে হয় যে, যখন বিহারের মধ্যে ছিল তখন আদিবাসীদের সঙ্গে তারাও সাহায্য পেত। কিন্তু পশ্চিমবঙ্গে আসার পর তারা আর সব সাহায্য পায় না। তা ছাড়া সমস্ত রাজ্যে শুঁড়ি জাতি হরিজন। কিন্তু পুরুলিয়া ও পূর্ণিয়ার যে অংশ পশ্চিমবঙ্গের মধ্যে এসেছে সেখানকার আদিবাসীরা হরিজন নয়। এইরকম একটা বৈষম্য নিশ্চয়ই থাকা উচিত নয়। আশা করি, এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয়ই দৃষ্টি দেবেন। তা ছাড়া তারা শিল্পের কাজও কিছু জানে। সে বিষয়েও সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। এই সমস্ত অনুন্নত সম্প্রদায়, তাদের স্পষ্ট কোন নীতি বা কার্যধারা নেই। এই সব সম্পর্কে তথ্য সংগ্রহ করে জনসাধারণের গোচরে নিশ্চয়ই আনা উচিত। অনগ্রসর জাতি চিরকাল অনগ্রসর থাকবে এটা নিশ্চয়ই বাঞ্ছনীয় নয়। এদের সাময়িক সাহায্য অর্থনীতি ও পুনর্বাসনের দিকটাও লক্ষ্য দেওয়া দরকার। তা ছাড়া গণশিক্ষার মাধ্যমে দ্রুত বেগে তাদের উন্নত করা যেতে পারে। এই সমস্ত দিকে সরকারের লক্ষ্য রাখা উচিত বলে আমি মনে করি। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nimai Chand :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আদিবাসী কল্যাণ দপ্তরে মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন আমি সম্পূর্ণরূপে তার বিরোধীতা করতে উঠে কয়েকটা বিষয় এখানে আলোচনা করবো। মাননীয় মন্ত্রিমহাশয় বাজেট বক্তৃতায় এই পশ্চাৎপদ উপজাতি সম্প্রদায়ের কল্যাণের জন্য যে সমস্ত বিষয় উল্লেখ করেছেন, আমি মনে করি তার দ্বারা এই সম্প্রদায়ের উন্নতি তো হবেই না, বরং বেশী করে অকল্যাণ হবে। অবশ্য এর জন্য দায়ী শুধু এই দপ্তরই নয়, এর জন্য দায়ী কংগ্রেস গভর্ণমেণ্ট'ও বটে। কেন না, আদিবাসী কল্যাণ দপ্তর নামে যেসব প্রতিষ্ঠানগুলো বাংলাদেশে রয়েছে, সেগুলি যাঁরা পরিচালনা করেন তাঁরা আদিবাসী নন বা তাদের ভাষাও জানেন না। যেমন ডিস্ট্রিক্ট ট্রাইবল ওয়েলফেয়ার অফিসাররা অধিকাংশই নন-ট্রাইবল। তারপর আর'ও দেখুন, এই দপ্তরের উচ্চ শিখরে যে মন্ত্রী বসে আছেন এই দপ্তর পরিচালনা করছেন তিনি আদিবাসীদের ভাষা মোটেই জানেন না বা বোঝেন না। এমন কি বাংলা ভাষাও বলতে বা বুঝতে পারেন কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। কেন না, এর আগে আমি বাংলা ভাষায় একটা প্রশ্ন করে ছিলাম। উনি তার উত্তর ইংরাজীতে দিয়েছিলেন। সুতরাং উনি কি ভাষা জানেন সেটা আমাদের বলে দিলে আমাদের সুবিধা হয়। আজকে এমন একজন মন্ত্রী এই দপ্তরে বসে আছেন যিনি আদিবাসীদের দৈনন্দিন সমস্যা, তাদের শিক্ষার সমস্যা কিছুই উপলব্ধি করতে পারেন না। সেইজন্যই বলছি, এমন একজন মন্ত্রীকে এই দপ্তরে নিয়োগ করা হোক যিনি উপজাতীদের সমস্যা হাড়ে হাড়ে উপলব্ধি করতে পারবেন, তাদের ভাষা বুঝতে পারবেন। এই শ্রেণীর লোককে যদি অধিষ্ঠিত করা যায় তাহলে সরকারের কাছ থেকে আর'ও বেশী সুযোগ সুবিধা আদায় করেই সম্প্রদায়কে উন্নত করা যায়। তারপর, উনি বলেছেন যে শিক্ষাকে বিস্তার করার জন্য, এই পশ্চাৎপদ উপজাতী সম্প্রদায়কে উন্নত করার জন্য তাঁরা শিক্ষার দিকে খুব নজর দিয়েছেন, কত রকমের বুক গ্র্যাণ্ট স্টাইপেণ্ড, হোসটেল চার্জ ইত্যাদি দেবার লম্বা চওড়া বুলি'ও এখানে আওড়ালেন। আমি মালদহ জেলার একটি বাস্তব দৃষ্টান্ত এখানে উল্লেখ করতে চাই। আমি একটা প্রশ্ন করেছিলাম যে, মালদহ জেলায় শহরের স্কুলে যেসব সাঁওতাল ছাত্র ছাত্রী ভর্ত্তি হয়েছে তাদের'ও ১৯৬৪ সালে বুক গ্র্যাণ্ট সাহায্য দেওয়া হয়েছে কি? জবাবে আমাকে জানানো হয়েছে যে কতকগুলো ক্ষেত্রে মঞ্জুর করা হয়েছে কিন্তু মঞ্জুরীকৃত অর্থ এখন প্রদান করা হয় নাই। আমি আমার প্রশ্ন করেছি না দেওয়া হইলে তার কারণ কি? তার জবাবে বলেছেন যে, "আইন সঙ্গত অসুবিধার জন্য সংশ্লিষ্ট ট্রেজারী অফিসার অর্থ প্রদান করিতে বিলম্ব করিতেছেন"।

[2-50—3 p.m.]

এই যদি অবস্থা হয়—অর্থাৎ ১ বছর চলে যাওয়া সত্বেও তারা যদি কোন রকম বুক গ্র্যাণ্ট স্টাইপেণ্ড, হোস্টেল চার্জ না পায় এবং তারপর যদি বলা হয় এই উপজাতি সম্প্রদায়-এর ছেলে-মেয়েদের লেখাপড়া শেখাবার জন্য সরকার সুষ্ঠ ব্যবস্থা করছেন তাহলে সেকথা কি কেউ বিশ্বাস করবে? একথা বলার অর্থ হচ্ছে শুধু উপজাতি সম্প্রদায়ের লোকদের নয়, সমস্ত দেশবাসীকে ভাওতা দেওয়া। আমার বক্তব্য হচ্ছে এরকম ভাওতা না দিয়ে যেটুকু সুযোগ সুবিধা দিচ্ছে সেটা যাতে সময় মত তাদের ঘরে পৌছে দিতে পারেন সেদিকে জোর দিন। তারপর, আমি আর একটা প্রশ্ন করে জানতে চাই ১৯৬৩ সাল থেকে ১৯৬৫ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত ৮ম শ্রেণী পাশ আদিবাসী যুবক-যুবতীদের মধ্যে কতজনকে শিক্ষকতার কাজে নিযুক্ত করা হয়েছে? আমি জানি যে সমস্ত প্রাইমারী স্কুল-এ শতকরা ৫০ ভাগ আদিবাসী ছেলেমেয়ে আছে সেখানে অন্তত একজন করে ৮ম শ্রেণী পাশ আদিবাসী যুবক-যুবতী নিয়োগ করা হয়ে থাকে। কিন্তু একটা প্রশ্নের জবাবে দেখলাম ১৯৬৩ সাল থেকে ১৯৬৫ সাল্ পর্যন্ত নদীয়ায় ২জন, মুর্শিদাবাদে ১ জন, পশ্চিম দিনাজপুরে ১ জন, দার্জিলিং-এ ২ জন, বাকুড়ায় ১০ জন, মেদিনীপুরে ৭ জন এবং অন্যান্য ডিস্ট্রিক্ট-এর কথা বলা হয়েছে যে, এই সময়ের মধ্যে এরকম কোন শিক্ষক নিয়োগ করা হয়নি। স্যার, এতে আমরা আশ্চর্য হয়ে যাই। আদিবাসীদের মাতৃভাষা হচ্ছে সাওতাল ভাষা—তারা বাংলাভাষা বুঝতে পারে না। কিন্তু ছোট ছোট ছেলে-মেয়েদের শিক্ষার ব্যাপারে আমরা দেখছি বাংলাভাষা জানা শিক্ষক শিক্ষিকা রয়েছেন এবং তাতে ফল হয়েছে এই যে, তাদের ভাষা বুঝতে পারে না বলে তারা শিখতেও পারে না। এর উদাহরণ আগেও দেওয়া হয়েছে এবং এখন আমি একটি স্কুলের কথা বলছি। এই স্কুলে শতকরা ৫০ ভাগেরও বেশী আদিবাসী ছাত্রছাত্রী রয়েছে এবং শিক্ষক যারা রয়েছেন তারা সকলে হয়ত সাওতাল ভাষা জানেন না। শিক্ষক মহাশয় একটি সাওতাল ছেলেকে বললেন, বল "ক"। সেই ছেলেটি সঙ্গে সঙ্গে বলে উঠল "বলক"। অর্থাৎ সেই ছেলেটি বুঝতে পারছে না, বল "ক"-এর অর্থ কি। তখন মাস্টার মহাশয় বিরক্ত হয়ে ছেলেটির কানমলে দিলেন এবং ছেলেটিও সঙ্গে সঙ্গে মাস্টার মহাশয়ের কাপড়ে-চোপড়ে প্রস্রাব করে দিল। এই হোল আদিবাসীদের মধ্যে শিক্ষা বিস্তারের দৃষ্টান্ত। আমার বক্তব্য হচ্ছে এরকম ব্যবস্থা যদি করেন তাহলে শুধু ৫।১০ বছরে নয়, বছরের পর বছর ধরে গলাবাজি করেও আপনারা আদিবাসীদের মধ্যে সত্যিকারের শিক্ষা বিস্তার করতে পারবেন না বা তাদের লেখাপড়া শেখাতে পারবেন না। আপনারা যদি সত্যই তাদের লেখাপড়া শেখাতে চান তাহলে যে সমস্ত স্কুল-এ আদিবাসী বা সাওতাল ছাত্রছাত্রী আছে তার অন্তত ৩০ ভাগ স্কুল-এ একজন করে তৃতীয় শ্রেণী পাশ আদিবাসী মাষ্টার অথবা আদিবাসীদের ভাষা জানেন এরকম একজন করে মাস্টার নিযুক্ত করুন। এই ব্যবস্থা যদি করেন তাহলে শিক্ষকরা তাদের নিজেদের ভাষায় শিক্ষা দিতে পারবেন এবং ছাত্ররাও বুঝতে পারবে এবং এইভাবে তারা শিক্ষিত হয়ে উঠতে পারবে। তারপর, হবিবপুর, মালদহতে শতকরা ৭৫ ভাগ সাওতাল রয়েছে এবং ২টি ট্রাইবাল সিট হয়ে যাচ্ছে—হবিবপুর নির্বাচন কেন্দ্রে ৪০ হাজার ভোটার এবং গাজলে ৪৩ হাজার ভোটার। সাওতাল অধ্যুষিত মালদহ জেলায় এই নিয়ম অনুসারে মাত্র ২টি শিক্ষক নিযুক্ত করে তারপর আপনারা যদি বলেন আদিবাসীদের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য জোর চেষ্টা করা হচ্ছে তাহলে আমি বলব সমস্ত জিনিস ধাপ্পা ছাড়া আর কিছুই নয়। তারপর, মাননীয়া রাজ্যপালের লিখিত ভাষণে দেখেছি এবং মন্ত্রিমহাশয়দের বক্তৃতার সময়ও শুনে থাকি কৃষিতে অগ্রাধিকার দেওয়া হয়েছে। স্যার, কি রকম অগ্রাধিকার দেওয়া হয়েছে তার একটা দৃষ্টান্ত আমি দিতে চাই।

সেটা হচ্ছে কৃষকরা যাতে হালের অভাবে, খাদ্যর অভাবে উপযুক্ত সারের অভাবে জমি ফেলে না রাখে এবং ভাল করে ফসল ফলাতে পারে তার জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন রকম লোন বা সাহায্য দিতে হবে। হবিবপুর থানায় সিংরা নামক গ্রামে কিছু সাওতাল বলদের অভাবে হালের অভাবে জমি চাষ করতে পাচ্ছে না। বলদ খরিদের জন্য তারা লোন নিয়েছিল কিন্তু প্রতি বছর অতিবৃষ্টি এবং অনাবৃষ্টির জন্য উৎপাদন না হওয়ার ফলে তারা সেই লোন পরিশোধ করতে পারেনি। এবারে তাদের ফসল হয়েছে। বিভিন্ন বছর স্থানীয় জোতদার মহাজনদের কাছে যেভাবে তারা ঋণী হয়েছে সেই ঋণ পরিশোধ করতে

গিয়ে, ঘরের ধান বাইরের জোতদারদের ঘরে চলে গেছে, অবস্থা যা দাঁড়িয়েছে তাতে সরকারের কাছ থেকে যে লোন নেওয়া হয়েছে সেটা তারা পরিশোধ করতে পারছে না। সেই লোনের দায়ে তাদের উপর অত্যাচার চলছে। এই অত্যাচার এতবেশী হচ্ছে এমন অবস্থা সৃষ্টি করা হচ্ছে যে হালের বলদ, মহিষ পর্যন্ত তাদের ছিনিয়ে নেওয়া হচ্ছে। আমি বলছি সিমলা গ্রামের কথা, যেমন মির্জা সাঁওতাল, তার সুদে আসলে লোন দাঁড়িয়েছে ১৪০৲ টাকা। কিন্তু যেখানে ঘরে নাই খাবার সে ঋণ পরিশোধ করবে কি করে? রেভিনিউ অফিসার-এর কাছে কাকুতি মিনতি করে বললেও তাকে সময় দেওয়া হয়নি। বাধ্য হয়ে নিজের যে একজোড়া মোষ ছিল হালের তাকে হাটের মধ্যে নিয়ে গেল বিক্রীর জন্য। ক্রেতা ৩৫০ টাকা দিতে চাইল কিন্তু সে চাইল ৪০০ টাকা কিন্তু যেহেতু ৪০০ টাকা ক্রেতা ছিল না তাই সে মোষজোড়া ফিরিয়ে নিয়ে এল। তারপর ১ সপ্তাহ পরে সেই ১৪০ টাকার জন্য তার হালের বলদ ছিনিয়ে নেওয়া হল এবং সেই মহিষ কত টাকায় বিক্রী করল জানেন? সেদিনই সেই মহিষ বিক্রী করা হল ২৫০ টাকায়। তার লোন ছিল ১৪০ টাকা ফেরৎ পাবার কথা ১১০ টাকা কিন্তু সেই ঋণী ব্যক্তি কিছুই ফেরৎ পেল না বরং আরও ৩০ টাকা তার কাছ থেকে জোর করে নেওয়া হল। এই অবস্থায় কি করে এই সমস্ত কৃষক আগামী বছর চাষাবাদ করবে? ঋণের দায়ে তাদের হালের বলদ মহিষ ইত্যাদি এমন করে ছিনিয়ে নেওয়া হচ্ছে এবং আগামী দিনে তারা ক্ষেতমজুর হয়ে যাবে, তাদের সমস্ত জমিই অনাবাদী থেকে যাবে। এর পরে যদি বলেন কৃষিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে তাহলে একে আমি ভঁওতা ছাড়া আর কি বলবো।

তারপর স্যার, তহশীলদারদের ঘুষের রাজত্ব সৃষ্টি হয়েছে। আইনে আছে আমরা জানি ১৫ বিঘার কম জমির মালিক, যাদের জমি নাই প্রকৃত কৃষক, ভেস্টেড ল্যাণ্ড তাদের মধ্যে বিতরিত হবে। সেখানে দেখি যাদের টাকা আছে জমি তারাই পাচ্ছে তার জমি যাদের নাই, যাদের টাকা নাই প্রকৃত কৃষক চাষাবাদ করে যায় তাদের জমি দেওয়া হয় না। কলীপদ সেন হরিবপুর থানার তহশীলদার মহিষভিটা গ্রামের বাবকা সাঁওতালের কাছ থেকে ১০৯ টাকা নিয়েছে জমি দেবে বলে, মাসের পর মাস চলে যাচ্ছে আজ পর্যন্ত ১ বিঘা জমিও দেওয়া হল না। এই অবস্থা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট জে এল আর ও এবং বি ডি ওকে জানান হয়েছে। তা সত্ত্বেও কোন প্রতিকার পাওয়া যাচ্ছে না। অবশ্য আমি জানি জে এল আর ওকে জানিয়ে কোন প্রতিকার হয় না, কারণ তিনি বলেন আমাকে যদি ২০০ শত টাকা দাও তবে আমি জমি দেব।

এরূপ জে এল আর ও যারা রয়েছেন তাদের মাধ্যমে তহশীলদারদের দুর্নীতির কথা বললে কোথাও এর কোন প্রতিকার হয় না কারণ তাদের মধ্যেই দুর্নীতি প্রবেশ করেছে। আরও কয়েকটা কথা বলতে চাই সত্যকারের যদি আমাদের উন্নতি করতে হয় তাহলে বিশেষ ভাবে এদিকে লক্ষ্য রাখা দরকার। কাগজে, কলমে কেবল বড় বড় কথা বলে এদের উন্নতির কথা বললে বা বড় বড় কথা বলে এদের অবস্থার উন্নতি করা যাবে না। সত্যকারের গ্রামে গিয়ে পুঙ্খানুপুঙ্খভাবে এদের অবস্থা দেখে যদি কাজে হাত দেন তবেই এর উন্নতি করা সম্ভব। আমি এই কথা বলেই বাজেটের বিরোধিতা করছি।

[3—3-10 p.m.]

Shri Mangal Chandra Soren:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে উপজাতি কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তাহা আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। কিন্তু এটা সমর্থন করতে গিয়ে এই হাউসে এতক্ষণ যে আলোচনা হল সেই সম্পর্কে কিছু বলব। উপজাতি কল্যাণ দপ্তর সম্পর্কে বহু সদস্য বহু রকম তথ্য পরিবেশন করে তাদের দুঃখ দুর্দশা রূপ দিয়েছেন, আমার বক্তব্য সেদিকে না নিয়ে গিয়ে আমি পশ্চিমবাংলার আদিবাসীর মধ্যে সাঁওতাল জাতির সংখ্যাই অধিক বলছি। সেই সাঁওতালদের নিজস্ব একটা ভাষা আছে এবং সেটা খুবই পুরাতন ভাষা এই সাঁওতাল ভাষার দিকে আমি দৃষ্টি দিতে চাই।

মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি এই কথা বলতে চাই যে পশ্চিমবাংলার প্রায় ১০ লক্ষের মত আদিবাসী সাঁওাল জাতি এখানে বাস করে এই সাঁওতাল ভাষা যে কতদিনের ইতিহাস তা নিরূপণ করা যায় না। বা বিস্তৃতি নির্দ্ধারণ করা যায় না। কাজেই এই প্রাচীন যে ভাষা সেই ভাষার উন্নতি প্রচারও প্রসার করা অত্যন্ত প্রয়োজন। আজকে দেশ স্বাধীন হবার পর ভূতত্ত্ববিদেরা কত জিনিষ আবিস্কার করেছেন এবং মিশনারীর আমলেও এই ভাষার উন্নতির জন্য যথেষ্ট চেষ্টা করেছেন কিন্তু বর্ত্তমান জাতীয় সরকার এই ভাষার উন্নতির জন্য কোন প্রকার চেষ্টা করছেন না যদি তারা চেষ্টা করতেন তা হলে তাতে আমরা সত্যই আনন্দ পেতাম এবং আমাদের পরমায়ু এতে বাড়ত সেই কারণে আমার এই বক্তব্যের প্রতি আদিবাসী কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি কিন্তু দ্বিতীয় কথা হল আদিবাসী কল্যাণ দপ্তরের অধীনে একটা রিসার্চ ইনস্টিটিউট আছে যদিও তাদের হাতে এই ভাষার উন্নতির জন্য দায়িত্ব দেওয়া হত তাহলে এর যথেষ্ট উন্নতির পথ সুগম হত। আমার পূর্ববর্ত্তী বক্তা শ্রীনাথিয়াল মুর্ম্ম আদিবাসী রিসার্চ ইনস্টিটিউট সম্বন্ধে অনেক কথাই বলেছেন। এখান থেকে বহু বই বার হয় কিন্তু সে বং আমাদের ভাষায়া নিয়ে লেখা হয়েছে কিনা সেটা যথেষ্ট সন্দেহ আছে কারণ যারা আমাদের ভাষা জানেনা তারা আমাদের সম্বন্ধে কি লিখবে সেটা যথেষ্ট সন্দেহের কথা। আমার মনে আছে আমি মহাভারতের এক জায়গায় পড়েছিলাম "ভারতানাঞ্চ সর্বানিনাং পৃথিবানান তথৈবচ দৈত্যনামায় সিদ্ধানাং গুহ্য কামানা তথৈবচ" গুহ্য কানন এই ধরণের শব্দ ব্যবহার করা হয়েছে অতীতে আমাদের ভাষা যে ছিল সে সম্বন্ধেও বহু কথা লেখা হয়েছে তাই আমি বলছি এই ভাষার মধ্যে কি রহস্য আছে তা সহজে বোঝা যাবে না যদিও কেউ কেউ একে ভ্রমাত্মক বলেছেন। আদিবাসীদের মধ্যে যাহাদের ৫ একর জমি ছিল তাদের কোন কারণে কিছুটা জমি নষ্ট হয়েছে তার ক্ষতির পরিমাণ পূরণ করার জন্য তাহলে জমি আদিবাসী দপ্তর হতে কিছু জমি কেনার জন্য টাকা দেয় আমার মতে এরূপ ধারা থাকায় জমি কিনে দেওয়া সম্ভব হচ্ছে না এবং এই অর্থ দেওয়া ভাল নয়। যাদের জমি নাই তাদের জমি কিনে দেওয়াই ভাল আমি আপনার মাধ্যমে উপস্থিত এই সংক্ষিপ্ত বক্তব্য এই বাজেটকে পুনরায় সমর্থন জানিয়ে শেষ করছি।

Shri Mono Ranjan Baksi:
মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে আদিবাসী কল্যাণ দপ্তরের যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আপনার কাছে নিবেদন করছি আজকে যারা শাসনভার গ্রহণ করেছেন তারা দেশবাসীর কাছে বলেছিলেন আমরা শ্রেণীহীন সমাজ গঠন করবো। আজকে দেখতে পাচ্ছি ১৭ বৎসর পর আজকে শ্রেণীহীন সমাজ গঠন করতে পারেননি। তার কারণ হচ্ছে তারা এদিকে মনোযোগ দেননি। কারণ আমরা জানি যদি তারা মনে করতেন যে আমরা ভাল কাজ করব। তাঁরা তা করতে পারতেন। কিন্তু কোথাও একটু আদটু টিউবওয়েল বা ইন্দারা করেছেন এবং এদিক থেকে মনে করছেন আপনারা ব্যাপক কাজ করছেন। আমার মনে হয় এগুলি হচ্ছে সরকারের প্রচার ভিত্তি। কাজেই আজকে তারা যে প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন এটা ঠিক। তাঁরা যদি মনে করতেন যে, আমরা আদিবাসী এবং তপশীলদের কল্যাণ করবো তাহলে তারা তা করতে পারতেন। এদের অনগ্রসরতার কারণ হচ্ছে শিক্ষার অভাব তারা যদি মনে করতেন যে সুশিক্ষা করবেন এবং সমাজের আমূল পরিবর্তন করবেন তাহলে তাঁরা তা করতে পারতেন। কোথাও কোথাও এডাল্ট সেন্টার আছে, স্কুল আছে কিন্তু তা মোটেই প্রচুর নয়, কাজেই সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে সাজেসান রাখছি এই সমস্ত যে প্রাথমিক বিদ্যালয় আছে নৈশ বিদ্যালয় পরিবর্তন করে আদিবাসী ও তপশীল ছাত্রদের শিক্ষার ব্যবস্থা করা উচিৎ যারা তপশীল এবং আদিবাসী ছাত্রছাত্রী তাদের দিনের বেলায় পাওয়া যাবে না কারণ তাদের আর্থিক অবস্থা এমন নয় যে তারা দিনের বেলায় কাজ ছেড়ে লেখাপড়া শিখতে আসবে। কাজেই প্রত্যেকটা পল্লীতে এই রকম নৈশ বিদ্যালয়ের ব্যবস্থা করা উচিত। আমি জানি এই সম্প্রদায়ের মধ্যে ছাত্রদের মধ্যে যে হোস্টেলের জন্য স্টাইপেন্ড দেওয়া হয় তা অত্যন্ত কম। কিছু ছাত্রকে হোস্টেল চার্জ দেওয়া হয় বৎসরে ২০০।৩০০ টাকা মাত্র অর্থাৎ প্রতি মাসে যদি ৪৫ টাকা করে দেওয়া হয় তাহলেও চলতে পারে। আশা করি এদিকে সব লক্ষ দেবেন। আজকে আমাদের সমাজের যদি কল্যাণ করতে হয় তাহলে এদের দিকে সত্যকারের মনোনিবেশ

করতে হবে। এবং আমরা জানি আজকে পশ্চিম বাংলার একটা বিরাট অংশ এই আদিবাসী ও তপশীল সম্প্রদায়। এদের সামাজিক ও আর্থিক অবস্থা এতই খারাপ যে এদের দুঃখের সীমা নেই। আমি জানি যে সমস্ত এলাকায় এই আদিবাসী এবং তপশীলীদের ঘন বসতি আছে, সেখানে এর একটা কাজ করেছেন সেটা হচ্ছে সিনেমা অর্থাৎ এদিক থেকে তারা এদের উন্নতি করছেন। এগুলি বন্ধ করা উচিত। আমি জানি এই দুর্দিনে এদের একমুঠো ধান চাল বিক্রি করে তারা সব সিনেমায় যাচ্ছে, এদিকে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। মিঃ স্পীকার স্যার, আমি আর একটা বিষয়ে বলব সেটা হচ্ছে আজকে যদি তাঁরা সত্যিকারে সমাজে বৈপ্লবিক পরিবর্তন আনতে চান তাহলে এই বিভাগের জেলায় জেলায় যে সমস্ত কর্মচারী আছে তারা এই সমস্ত সম্প্রদায়ের লোকের সঙ্গে যে ব্যবহার করেন তা মোটেই সুসংগত নয়, তারা যাতে এই সম্প্রদায়ের লোকের সঙ্গে সদব্যবহার করেন সেদিকে দৃষ্টি দিতে হবে। যে মনোভাব নিয়ে যে সহানুভূতির দৃষ্টি নিয়ে তাদের প্রতি ব্যবহার করা কর্তব্য সেদিকে মন্ত্রী মহাশয় যেন নির্দেশ দেন সত্যিকারে যদি কিছু করতে চান। তা নাহলে এই সমস্ত বিভাগ বিভাগই থাকবে সত্যিকারের আসল কাজ কিছু হবে না।

[3-10—3-20 p.m.]

Shri Tenzing Wangdi: Mr. Speaker, Sir, at the outset I would like to meet some of the allegations made against me. It has been alleged that I do not know any Adibashi language. I plead guilty to the charge if by Adibashi is meant only Santali. I am here in my capacity as a representative of the scheduled tribe of West Bengal, and I know my mother tongue which is Bhutia. If I speak in my mother tongue, I am sure nobody in the House will be able to follow me. There are as many as 41 tribes in West Bengal. There are Santals who are in the majority; there are Oraons, Mundas and others. So, I donot know what my friends mean by Adibashi language. I have a working knowledge of Bengali, but the standard of my Bengali is not so high that I can speak in this House in Bengali. So, I prefer to speak in English.

Before I meet the various points raised by my friends, I would like to explain the position of the budget that I have moved to be granted here. My grant amounts to a sum of Rs. 1,88,77,000. Out of this amount, we propose to spend Rs. 3,99,000 for our administrative cost both in the districts and in the headquarters. We have earmarked a sum of Rs. 94,07,000 to be spent in the State sector. Our schemes in the State sector are financed by the Government of India also. As far as our schemes for education are concerned, we get a grant of 75 per cent from the Government of India, and we spend only 25 per cent under this scheme from our State coffer. We have set apart a sum of Rs. 78,01,000 as Centrally sponsored schemes. The entire amount under this head comes from the Government of India, and not a single penny is spent from the State coffer. Lastly, Rs. 12,70,000 goes for committed expenditure. This amount is totally borne by the State Government. So, out of the total of Rs. 1,88,77,000 we get a sum of Rs. 1,38,88,000 from the Government of India, and spend about Rs. 50 lakhs from our State coffer. So this sum has to be spent for the various welfare schemes meant for the scheduled tribes and scheduled castes and other backward classes of our entire State.

According to the 1961 census the total population of scheduled tribes in our State comes to 20,63,883, and the total population of scheduled castes throughout our State comes to 69,20,000. So, the total population of these two classes comes to about 90,00,000.

So, Sir, this amount of Rs. 1 crore 88 lakhs which I have asked the House to grant is meant for the benefit of these classes of people. As stated before,

since the major portion of the money comes from the Government of India we have got to follow the various directions that we receive from the Government of India from time to time and the nature of the schemes, that we undertake to implement for these classes of people, is mainly decided by the Government of India. It is the Government of India who decide what percentage of the grant should be spent for education, what percentage should be spent for economic uplift and what percentage should be spent for other amenities. Keeping these difficulties and these limitations in view, I now try to meet the various points raised by my learned friends here.

Shri Bijoy Kumar Roy pointed out that the Scheduled Castes, such as the Rajabangshis and the Namashudras are not given any benefit under our schemes. That is not correct. There are in our State as many as 63 classes of people who have been classified as Scheduled Castes and some of the honourable members have rightly pointed out that we should pay more attention to the weaker sections of these classes of people. We have selected 41 classes out of these 63 classes who are most backward among the Scheduled Caste people and for these 41 classes of people more amenities have been provided than for the rest. Unfortunately, Sir, the Namashudras, the Rajabangshis, etc., fall within that group whom we consider as comparatively advanced and, as such, they are not getting the entire benefits and are meant for the Scheduled Castes, but they get educational facilities and other benefits which are meant for Scheduled Castes as a whole.

Then, Sir, Shri Bijoy Kumar Roy said that there is nepotism in our department and that I have got a personal relation in this department. This is not entirely correct. Of course, the Tribal Welfare Officer, Darjeeling, is related to me by marriage, but he was appointed in a regular way by the Public Service Commission and he was fully qualified for that job. So there is no ground for this allegation.

Now, Sir, Shri Nathaniel Murmu has made serious allegations about the working of the Cultural Research Institute. This Institute is totally financed by the Government of India and it has been working since the First Plan period. The main object of this Institute is to carry on research work amongst the various classes of people belonging to the Scheduled Castes and the Scheduled Tribes in our State and, as such, the officers of this Institute have got to go out on tour to meet people and publish books. They have so far published a good number of books including the book mentioned by Shri Murmu. There are other publications also. These books are being supplied to research scholars, Universities and all those places where interest is taken in these classes of people. For lack of funds, we have not been able to distribute these books free to the honourable members of this House, but these books are available in the market for purchase. If possible, I will consider to what extent these can be distributed among the honourable members and in what way.

Sir, Shri Murmu has made specific allegations with regard to the appointment of two officers Mr. Kanai Bhowmik and Mr. Raha. Sir, I will look into the matter and find out what is the actual state of affairs.

Then, Sir, a general allegation that has been made against the working of this department is delay in the distribution of stipends, book grants, etc., to the students. I admit there has been a certain amount of delay, as I did in my budget speech last year also. Perhaps, the honourable members remember that, last year, while replying to the debate I assured the House that I would take necessary steps in the matter and see that delay is eliminated as such as possible. Keeping that in view, we have this year taken recourse to a new system of distribution. Formerly we used to distribute these stipends with

the help of the District Inspector of Schools, but this year we have sought the help of Block Development Officers and from the result I find that delay has been eliminated to a great extent.

[3-20—3-30 p.m.]

But even then there is room for improvement. So what I propose to do in the near future is this: we are employing 5 Inspectors and we have got two more. I am thinking of employing these seven Inspectors in the seven West Dinajpur, Malda and Burdwan. These seven officers will help the heavy districts of West Bengal, viz., Bankura, Purulia, Midnapore, Jalpaiguri, West Dinajpur, Malda and Burdwan. These seven officers will help the Block Development Officers in eliminating delay. Secondly, we have noticed that we do not get co-operation from the headmasters; the headmasters collect materials from the students and then they submit the papers either to the B.D.O., or to the District Inspector of Schools. The headmasters take a long time to send the papers to their respective local authorities. In the meantime summer vacation comes up. As such the delay is inevitable. But from the next year we propose to fix a time limit for headmasters to submit their papers. We will give wide publicity to the fixation of the last date for submission of applications. Then with the help of all these officers whom we employ for the particular purpose, I feel sure that matters will improve.

One very useful suggestion was been put forward by Shri Nimai Chand Murmu for which I am thankful. He has suggested that in village schools where the number of tribal students is in a majority, we should try to employ teachers who can use the local language. This matter came to our notice long ago. Through our efforts the Education Department has agreed to employ teachers who have read up to class VIII and who can speak the local language for the particular purpose. But in this case delay occurs in the Education directorate because the cases of such teachers are considered by the Education Directorate. We are trying to see how things can improve.

Some of my friends suggested that as far as possible tribal students should be taught in their mother tongue. Some of my friends have said that Santhali language should be developed. Keeping these points of view in mind the Tribal Welfare Department had set up a Committee four or five years ago and the members of that Committee after touring different districts collected materials. They submitted their recommendations to the Tribal Welfare Department. They suggested that in primary schools especially in clauses I and II as far as possible the students should be taught in their mother tongue or by the teachers speaking local languages. These recommendations are at present under the consideration of the Education Department. After we get them from the Education Department we shall try to implement them as far as possible.

Before I conclude I would like to make an appeal to the members of this House whether they belong to scheduled castes or tribes or other communities. The money we get to spend for these backward class people comes from the general coffer. It is the majority community which bears the burnt of it. Unless we get their full co-operation it will be impossible for us to implement our schemes in the way we would like to implement them. For example, if we get co-operation of the headmasters of schools, if they send papers in time to the local officers, I am sure delay will be eliminated to a great extent and we will be able to distribute the scholarships very quickly.

Sir, another suggestion has been made their the boarding charges that we are paying at present is insufficient. I fully agree with them. Sir, I feel that in view of the high prices in the market, we should consider the raising of this

amount at an early date. So, Sir, with this end in view I propose to convey a meeting of the Scheduled Castes Advisory Board and also the Scheduled Tribes Advisory Board in the near future and I will invite suggestions from them as to what extent the amount can be increased in the next financial year. This is all that I have to say.

Sir, I oppose all the cut motions and I commend my motion for the acceptance of the House.

Mr. Speaker: I put all cut motions of Grant No. 31 together to vote except cut motions Nos. 8, 11 and 17 on which division has been claimed.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nathanial Murmu that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand by reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Narayandas Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Rs. 100 was then put and lost.

[3-30—` 55 p.m.]

The motion of Shri Kandru Majhi that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES—92

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdul Hashem, Shri

Abdul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadullah Chaudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanchf, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Das Gupta, Dr. Susil
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Jalan, Shri Iswar Das
Joynal Abedin, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahato, Shri Debendra Nath
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mallick, Shri Ramendra Kishore
Manya, Shri Murari Mohan
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti

Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES—38

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal

Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerza, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

The Ayes being 38 and the Noes 92, the motion was lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:

NOES—92

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdul Hashem, Shri
Abdul Hossain, Shri Sayed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Bhattacharyya, Shri Shyamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanchf, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnatosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Sunil Ranjan
Dakua Shri Mahendra Nath

Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Das Gupta, Dr. Susil
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Jalan, Shri Iswar Das
Joynal Abedin, Shri
Khamarai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Ssri Mahendra Nath
Mahato, Shri Debendra Nath
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mallick, Shri Ramendra Kishore
Manya, Shri Murari Mohan
Misha, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pandit, Shri Krishnapada
Platel, Shri R. E.
Pramanik, Shri Puranjoy
Pramanik Shri Rajani Kanta
Pramanik Shri Tarapada
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar

Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Praffula Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES—38

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharyya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Shambhu Charan
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rrabindra Nath
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerza, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

The Ayes being 38 and the Noes 92, the motion was lost.

The motion of Shri Nimai Chand Hurmu that the demand be reduced Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES—92

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdul Hashem, Shri
Abdul Hossain, Shri Sayed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Bhattacharyya, Shri Shyamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanchf, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnatosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Sunil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Das Gupta, Dr. Susil
Dutta, Shri Asoke Krishana
Dutta, Shri Sudha Rani
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Harlal
Hansda, Shri Dednath
Jalan, Shri Iswar Das
Joynal Abedin, Shri
Khamarai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahato, Shri Debendra Nath
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ashutosh
Mallick, Shri Ramendra Kishore
Manya, Shri Murari Mohan
Misha, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva

Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pandit, Shri Krishnapada
Platel, Shri R. E.
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shamsul Bari, Shri Syed
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES—38

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharyya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Shambhu Charan
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath

Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rrabindra Nath
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerja, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada

The Ayes being 38 and the Noes 92, the motion was lost.

The motion of Shri Tenzing Wangdi that a sum of Rs. 1,88,77,000 be granted for expenditure under Grant No. 31, Major Head: "39-Miscellaneous Social and Developmental Organisations-Welfare of Scheduled Tribes and Castes and Other Backward classes", was then put and agreed to.

[At this stage the House adjourned for 20 minutes.]

[After Adjournment]

[3-55—4-5 p.m.]

NON-OFFICIAL RESOLUTION

Shri Monoranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছ্ থেকে অনুমতি নিয়ে শ্রীবিজয় পাল মহাশয়ের বিবৃতিটি পেশ করছি।

Sir, I beg to move that

বিধানসভা দুঃখের সঙ্গে লক্ষ্য করিতেছে, যে, বিনাবিচারে আটক কমিউনিস্ট বন্দীদের মধ্যে ভারতের স্বাধীনতা সংগ্রামের বহু বীর যোদ্ধা, অনেক সম্মানিত শিক্ষক, অধ্যাপক, চিকিৎসক, দেশের ভবিষ্যৎ বর্তিকাধারী ছাত্র, ট্রেড ইউনিয়ন ও বহু রাজনৈতিক নেতা আছেন, এমন কি তাঁহাদের মধ্যে বিধানমণ্ডলীর ১৭ জন মাননীয় সদস্যও আছেন। সরকার তাঁহাদের আদালতে হাজির করিয়া তাঁহাদের অপরাধ কি তাহা প্রমাণ করিতে পারেন নাই এবং ঐ আটক বন্দীদের আত্মপক্ষ সমর্থনেরও কোন সুযোগ দিতে পারে নাই। এমন কি সরকার তাঁহাদের বিনাশর্তে মুক্তি দিতেও ব্যর্থ হইয়াছেন।

এমতাবস্থায় বিধানসভার অভিমত এই যে, উক্ত আটক বন্দীদের মুক্তি সাপেক্ষে (অর্থাৎ যতদিন তাঁহারা মুক্তি না পাইতেছেন) কারাগারে যাহাতে তাঁহারা মানুষের মত বাঁচিয়া থাকিতে পারেন তজ্জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করা হউক:—

(১) উন্নত খাদ্য, সর্বপ্রকার পরিধেয়, প্রয়োজনীয় শয্যাদ্রব্য, নিত্যব্যবহার্য দ্রব্য সামগ্রী, সর্বপ্রকার সংবাদপত্র, সাময়িকপত্র ও পুস্তকাদি ক্রয়ের জন্য এককালিন ও মাসিক অর্থবরাদ্দ করা অর্থাৎ নিবর্তনমূলক আটক আইনে বন্দী রাখা কালীন যে সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া হইত তাহা দেওয়া;

(২) সকলের জন্য প্রয়োজনীয় পারিবারিক ভতা মঞ্জুর করা ;

(৩) বন্দীদের আত্মীয়জন বা বন্ধুবান্ধবের দ্বারা প্রেরিত চিঠিপত্র, পুস্তকাদি বিনাবাধায় এবং দ্রুত বন্দীদের কাছে পৌঁছাইয়া দেওয়া ;

(৪) চিকিৎসা ও ঔষধ-পথ্যের প্রয়োজন মত ব্যবস্থা করা ; এবং

(৫) বন্দীদের আত্মীয়-স্বজন ও বন্ধুবান্ধবের সঙ্গে দেখাসাক্ষাৎ করার পূর্ণ সুযোগ দেওয়া

Shri Monoranjan Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য যাঁর এই প্রস্তাবটি আমি অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে আপনার সামনে রাখছি, তিনি আজ বিনা বিচারে আটক বন্দী হিসাবে দিন যাপন করছেন ঐ মেদিনীপুর জেলে। সেখান থেকে তিনি এই প্রস্তাবটি লিখে পাঠিয়েছেন এবং তাঁকে এই অ্যাসেম্বলীর চৌহদ্দি থেকে জোর করে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয়। সে সম্পর্কে একটি প্রশ্ন মাননীয় জ্যোতিবাবু তুলেছেন এবং তিনি বলেছেন যে আমি অধ্যক্ষ মহাশয়ের কাছ থেকে এখন পর্যন্ত তার রুলিং এনকোয়ারী তদন্ত করে ফলাফল জানতে পারিনি। যাহোক এই প্রস্তাবের দুটি অংশ আছে। প্রথম হচ্ছে যে যাদের গ্রেপ্তার করেছেন তাদের কেন গ্রেপ্তার করা হল এবং কেন তাদের বিনা বিচারে আটক করে রাখা হল? দ্বিতীয় হচ্ছে যে তাদের যতদিন পর্যন্ত না ছাড়ছেন ততদিন পর্যন্ত তাদের সমস্ত সুযোগ সুবিধা দেওয়া। আমার কাছে একটা জিনিস খুবই আশ্চর্য্য লাগছে যে গত ১৯৬২ সালে একবার বিনা বিচারে আটক করে রেখেছিলেন অনেককে, তারপরে ১৯৬৪ সালের ডিসেম্বর মাসের শেষে কি ঘটনা ঘটল যার জন্য এই রকম একটি বৃহৎ সংখ্যক রাজনৈতিক কর্মী শুধু কমুনিষ্ট পার্টির নয় অন্যান্য পার্টির কর্মীকে এই ভাবে বিনা বিচারে আটক করে রাখা হল। মাননীয় সভাপাল মহাশয়, আপনি কিছুটা জানেন কারণ, ইংরাজের বিরুদ্ধে জাতীয় সংগ্রামে আপনি অংশ গ্রহণ করেছিলেন এবং আজকে শাসক দলের পক্ষ থেকে যারা এখানে বসে আছেন ২।৪।১০ জন সেই সময় যাঁরা অংশ গ্রহণ করেছিলেন—তাঁরা জানেন ইংরাজ আমলে স্বাধীনতা সংগ্রামের সময় যাদের বিনা বিচারে গ্রেপ্তার করা হত, বেশী সংখ্যক, তাদের গ্রেপ্তার করার পর কোন ঘটনা ঘটেছিল কিনা, সেটার উপরে যুক্তি হিসাবে গ্রেপ্তার করা হত বিনা বিচারে রেগুলেসান ৩,১৮১৮ শতাব্দী অনুযায়ী ১৯০৫ সালে যখন গ্রেপ্তার হয় তখন আমাদের প্রথম শহীদ ক্ষুদিরামের বিষয়ে কয়েকটি ঘটনা তারা যুক্তি হিসাবে উপস্থিত করেছিলেন।

১৯১৬ সালে যখন যুদ্ধকালীন অবস্থায় গ্রেপ্তার করে রাখা হয় তখন বীরশ্রেষ্ঠ স্বর্গীয় যতীন্দ্র নাথ মুখার্জী সম্বন্ধে বালেশ্বরের ঘটনাকে যুক্তি হিসেবে ব্যবহার করা হয়েছিল এবং ১৯২৩-২৪ সালের কতগুলি ঘটনাকে বিনাবিচারের যুক্তি হিসেবে উপস্থিত করা হয়েছিল। ১৯৩০ সালে যখন আমাদের গ্রেপ্তার করা হয় তখন যুক্তি হিসেবে উপস্থিত করা হোল চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন এবং আরও কতগুলি ঘটনা। এমন কি কংগ্রেস আমলে ১৯৪৭ সালে যখন গ্রেপ্তার করা হয় তখন তেলেঙ্গানার কৃষক অভ্যুত্থানকে যুক্তি হিসেবে খাড়া করে বিনা বিচারে আটক করে রেখে দিলেন। কিন্তু এবারে আজ পর্যন্ত কোন যুক্তি আমরা ভারত সরকার বা রাজ্য সরকারের কাছ থেকে পেলাম না বা যারা শাসক দলে আছেন বা যাঁরা তাঁদের তাবেদার হয়ে আছেন বা যাদের কন্ট্রাক্ট, পার্মিট প্রভৃতি দিয়ে রেখেছেন তাঁরা ছাড়া শতকরা ১ জনও পেলাম না যাঁরা এরকম বিনা বিচারে বন্দী করে রাখাকে সমর্থন জানাচ্ছেন। কাজেই এখন প্রশ্ন উঠেছে এই গ্রেপ্তার করার প্রয়োজন কেন হোল? স্যার, আমি এর একপাটা কারণ এবং যুক্তি দেখি। কিন্তু সেই কারণটা না বলতে পারার জন্য নানা কথা নিয়ে এসে জমা করছে এবং তুলে ধরবার চেষ্টা করছে। শুধু তাই নয়, এমন অবস্থা হয়েছে যে কংগ্রেস পার্লামেণ্টারীদেলের সভায় কংগ্রেস সদস্যদের একথা বলতে হচ্ছে যে, একটা চমকপ্রদ যুক্তি খাড়া করুন তা না হলে যে বিবৃতি নন্দজী পার্লামেণ্ট-এ এবং দেশের সামনে দিয়েছেন তাতে দাগ কাটান যায় নি এবং এটা সম্পূর্ণ অলিক এবং মিথ্যা সেটাই জনসাধারণের কাছে প্রমাণিত হয়েছে। তাহলে আমরা দেখছি কি? আমরা দেখছি কংগ্রেস সদস্যেরা তাঁদের পার্লামেণ্টারী মিটিং-এ বলছেন যে একটা চমকপ্রদ ঘটনা, যুক্তি তুলে ধরুন।

কিন্তু আসল যুক্তি এবং কারণ আমাদের কাছে পরিস্কার হয়ে উঠেছে এবং সেটা হচ্ছে ইদানিং কালে ঘটনা অন্যদিকে দ্রুত পরিবর্তন নিচেছ। আমরা বারেবারে বাজেট আলোচনার সময় রাখবার চেষ্টা করেছি যে, আমেরিকা, বৃটিশ, ওয়েস্ট জার্মাণী, জাপান প্রভৃতি সাম্রাজ্যবাদী এবং ধনতান্ত্রিক দেশগুলির উপর বেশী বেশী করে নির্ভরশীল হয়ে পড়ছে আমাদের সরকার এবং কংগ্রেস দল। তাঁরা যে পি. এল. ৪৮০-র উপর শুধু নির্ভরশীল তা নয়, তাদের কা এই প্রতিশ্রুতি দিয়েছে যে, তোমাদের অবাধ লুণ্ঠন এং শোষণের জন্য ভারতবর্ষ উন্মুক্ত করে দেব, তোমাদের এই প্রতিশ্রুতি দিচিছ তোমাদের লুণ্ঠনে এবং শোষণে হস্তক্ষেপ করা হবে না, তোমরা যা কিছু পুঁজি খাটাবে সেটা কোনমতে রাষ্ট্রীয় করণ করা হবে না এ মুনাফা তোমাদের দেশে যথেচ্ছ নিতে পারবে তাতে কোন বাধা থাকবে না। কিছুদি আগে যখন পার্লামেণ্ট-এ আমেরিকান ডেলিগেসন এল, ওয়েস্ট জার্মানী থেকে ডেলিগেস এল তখন তাঁদের কাছে টি. টি. কৃষ্ণমাচারী একথা বলেছেন—এই যখন অবস্থা তখ আমেরিকা, ওয়েস্ট জার্মাণী এবং ইংলণ্ডের পুঁজিপতিরা হয়ত বেঁকে বসতে পারে এ বলতে পারে, কৈ তোমরা তো শাসন ক্ষমতা চালাতে পারছ না, তোমাদের হাত থেকে শাসন ক্ষমতা চলে যাচেছ, তাহলে আমরা কেন পুঁজি খাটাব, যদি তোমরা এগুলি প রাষ্ট্রীয়করণ কর এবং মুনাফা না দাও, যদি শ্রমিকদের মাইনে বাড়াবার কথা বল তাহলে আমাদের মুনাফা কমে যাবে। শুধু তাদের দেখাবার জন্য কেরালার নির্বাচনে যা দাড়াবেন বলে ঠিক করেছিলেন তাদের আগে থেকেই জেলে রেখে দেওয়া হোল এ স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রধান মন্ত্রী সেখানে গিয়ে বলেছেন এদের ভোট দিও না এবং যদি ভোট দা তাহলেও এদের আমরা ছাড়ব না—কাজেই কংগ্রেসকে ভোট দাও।

শুধু মাত্র এটা আমেরিকা এবং বৃটিশদের দিকে চেয়ে করতে হচেছ। ঠিক এই জিনিষ মির্জা ইস্কান্দার করেছিলেন পাকিস্তানে। আজকে কেরলে বলা হচেছ আমরা গভর্নর-এর র কায়েম করবো এখানে কোন মন্ত্রীত্ব করতে দেব না কারণ যে দল আজকে মন্ত্রীমণ্ডলী কর পারে সর্বাধিক ভোট যে দল পেয়েছে এবং সংখ্যাধিক্য যাদের আছে তারা মন্ত্রী মণ্ডল যাতে গঠন করতে না পারে তার জন্য তাদের ৩০ জনকে জেলে রাখা হয়েছে। তাদে ছাড়বোনা একমাত্র গভর্নর-এর রুল দেখিয়ে বৃটিশ এবং অ্যামেরিকাকে বলা হচেছ যে যদি প্রয়োজন হয় সারা দেশে নির্বাচন এইভাবে চালাব এবং যেখানে ক্ষমতা যাবার সম্ভাবনা থাকে সেখানে এভাবে গ্রেপ্তার করে রাখবো এবং তাতেও যদি না হয় সেখানে গভর্নর-এ রুল করবো, করে আমরা শাসন ক্ষমতা রাখবো অতএব তোমাদের ভয় নাই, তোমাদের যে মুনা লুণ্ঠনের দ্বারা তা উন্মুক্ত করে দিচিছ, সেটা থাকবে, কায়েমী স্বার্থ বজায় রাখা যাবে এই হচ্ছে আসল কথা। এই কারণেই আজ শুধু কমিউনিষ্ট পার্টির কর্মীদের নামকরণ হচেছ, কি আমরা জানি যাদের গ্রেপ্তার করে রাখা হয়েছে তাদের মধ্যে অনেকে আছেন যা কমিউনিষ্ট পার্টির লোক, আবার অন্য দলের লোকও আছেন। এও আমরা জানি যে প্রথ কমিউনিষ্ট পার্টির লোকের উপর আক্রমণ হয় তারপর আস্তে আস্তে অন্যান্য প্রগতিশীল দ গণতান্ত্রিক দলগুলির উপর গিয়ে পড়ে। পাকিস্তানে, প্রথমে কমিউনিষ্ট পার্টিকে বে-আইন করা হল, কর্মীদের ধরে জেলে রাখলেন তারপর ইস্কান্দার মির্জা, পালিয়ামেণ্টারী গণত ধ্বংস করে নিজেই রাজা হয়ে বসলেন। তারপর তার চেয়ে যে এমেরিকার বেশী তাবেদার তাকে লাথি মেরে একেবারে তাকে দেশছাড়া করে দিল। তারজন্য ভাবনা নাই, এভাবে যেতে হবে কংগ্রেসকেও। তারজন্য এক পক্ষের চিন্তার দরকার নাই। গদি তাদের ছে যেতেই হবে এবং এতদিন ধরে গণতান্ত্রিক ঐতিহ্য যা স্বষ্টি হল এত সংগ্রাম ক লক্ষ লক্ষ জীবন দিয়ে, যেটা ধ্বংস হয়ে যাবে তার জন্য সমস্ত লোক চিন্তিত। শুধু কংগ্রেসে ভিতর তাবেদার যারা, দালালী যারা করে তারা ছাড়া দেশের লোক চিন্তিত, দেশকে তা কোন্ দিকে নিয়ে যাচেছ। এরা এমন কোন যুক্তি দাড় করাতে পারলেন না, বৃটিশ এমেরিকা দেখান ছাড়া। আজকে তাদের কোন যুক্তি নাই। এই অবস্থায় তারা আজকে গ্রেপ্ত করছেন এটাই স্মরণ করিয়ে দিতে চাই। কালকার বক্তৃতা আমি শুনলাম, যখন জরু অবস্থা খাতে ব্যয় বরাদ্দের কথা বললেন তখন এই কংগ্রেস দল শাসকদরে পক্ষ থে ২।১ জন বললেন তাদের মধ্যে একজন বললেন জেল কখনও দেখিনি, কি রকম সংগ্রা করেছেন জানি না, তাদের ত্যাগের সম্বন্ধে বলতে গেলে খারাপ কথা বলতে হয়, সেটা করেছেন আর কিছু নয়, তারাই না বলেন, দেশদ্রোহী, কে দেশদ্রোহী এদের কাছ থে

শিখতে হবে? সতীশ পাকড়াশী, যার বয়স ৭০ বছর পার হয়ে গেছে বহু দিন আগে, ৭৭।৭৮ বছর বয়স হবে, ১৯০৫ সালে জেলে খেটেছেন, ইংরেজ সাম্রাজ্যবাদকে দেশ থেকে সরিয়ে দেবার জন্য তিনি অন্যতম বিপ্লবী নেতা ছিলেন বাংলাদেশে যিনি বিপ্লবী আন্দোলন পরিচালনা করেছিলেন, বাংলাদেশের বড় বিপ্লবী দল অনুশীলন দলের যিনি নেতা ছিলেন, যিনি ১৯০৫ সালে, ১৯২৪ সালে, ১৯২১ সালে, ১৯২৮ সালে, ১৯৩০ সালে বরাবর যিনি জেলে জীবনযাপন করেছেন, এবং কংগ্রেসী রাজত্বের পর আবার যিনি ১৯৪৮ সালে জেলে গেছলেন, যাকে এবার আবার জেলে নিয়ে যাওয়া হল তার সম্বন্ধে দেশপ্রেমের কথা নেপালবাবুর মত লোকের কাছ থেকে শুনতে হবে তিনি দেশপ্রেমিক কিনা। দেশপ্রেম আপনাদের কাছ থেকে শুনবার প্রয়োজন নাই। নরেনবাবু কাল বক্তৃতা দিলেন, তিনি জানেন, দেওলিতে কিছুদিন আমাদের সঙ্গে ছিলেন, তিনি জানেন এই সতীশ পাকড়াশী নিরঞ্জন সেন কি ধাতুতে গড়া।

[4-5—4-15 p. m.]

শ্রীনিরমল সেন আজীবন জেল খাটলেন, আজ তার ৬৩ বছর বয়স হল—১৯২১ সাল থেকে তিন জেলেই কাটালেন তাকেও জেলে আটক রেখেছেন। ৭৩ বছর বয়সের মজফ্ফর আমেদ সাহেবকেও জেল খাটালেন, ইনি রাজনীতি ছাড়া আর কিছুই জীবনে জানলেন না। তাকেও জেলে রাখলেন, এদের আটক করা সম্বন্ধে দেশের লোকের কাছে একটা যুক্তি পর্যন্ত রাখলেন না, এর মধ্যে কত ডাক্তার আছে, রুগী আছে, সাহিত্যিক আছে, শিল্পী আছে, আমি একটা কোশ্চেন দিয়েছিলাম যার উত্তর এখনও পাইনি যে ৬০ বছর বয়সের কত লোককে ডি. আই. আর.-এ অ্যারেস্ট করে রেখেছেন, এটার উত্তর দিলেই সব বুঝতে পারবেন, এরা সিকিউরিটির কথা বলেছেন। সিকিউরিটি কতদূর আজ ঐ আমেরিকা ও ইংরেজ সাম্রাজ্যবাদীদের সিকিউরিটি-এর আমাদের গ্রেপ্তার করে রাখা হচ্ছে। বারবার আমরা যখন আন্দোলন করেছি, জনসাধারণের দুঃখ দুর্দশা নিয়ে আন্দোলন করতে গেলে তখন দেশের সিকিউরিটি প্রশ্ন আসে। দেশের সিকিউরিটি-এর মানে হচ্ছে বড় বড় পুঁজিপতি ও অ্যামেরিকান সিকিউরিটি এই ভাবেই যেমন ৬৪ সালের মে মাসে গ্রেপ্তার করা হয়েছিল, ৬২ সালের সেপ্টেম্বর মাসে গ্রেপ্তার করা হয়েছিল ঠিক তেমনি এইরকম ভাবে বারবার গ্রেপ্তার হতে হবে, আমি শুধু এইটুকু বলতে চাই যারা আজীবন জেল খেটেছেন তারা জেলে যেতে ভয় পান না। এটাও জানি যে জেলে নিয়েও তাদের মুখ বন্ধ করতে পারবেন না। শুধু এটুকুন বলব মানবিকতা বোধ যেটুকু একটা সাম্রাজ্যবাদীদের কাছ থেকে আমরা কায়েম করেছিলাম সেই নির্মল সেন, সতীশ পাকড়াশী ঐ ব্যক্তিরা আন্দামান জেলে হাঙ্গার স্ট্রাইক করে নিজেদের জীবনকে বিপন্নের পথে নিয়ে গিয়ে জল পর্যন্ত দেওয়া হত না তখন প্রাণ দিয়ে তারা তাদের দাবী আদায় করেছিলেন। যে সমস্ত সুবিধা সাম্রাজ্যবাদীদের কাছ থেকে পেয়েছিলেন আজ সেই সুযোগ সুবিধা কেটে দিয়েছেন আপনারা বলেছেন যে আণ্ডার ট্রায়েল, ডিভিসন ১, অর্থাৎ আণ্ডার ট্রায়াল কেন? আপনারা ট্রায়েল করুন। একজনের বিরুদ্ধে ট্রায়াল করতে সাহস পান না। একটাও ডকুমেণ্ট প্রডিউস করতে সাহস পান না যে এই ডকুমেণ্ট দিয়ে প্রমাণ করতে পারতাম যে চীনের সঙ্গে যোগাযোগ করে স্টেট-এর সিকিউরিটিকে জিওপারডাইস করতে চলেছেন। একটাও ডকুমেণ্ট নেই। অথচ আণ্ডার ট্রায়াল করছেন, ডিভিসন ১ করছেন এই প্রস্তাবের মধ্যে যেগুলি রেখেছি সেগুলি এখন বললাম। আমরা পরে জবাব দেবার সময় বলব অসুবিধা কি, কি ব্যবহার তাদের সঙ্গে করা হচ্ছে অর্থাৎ এদের মধ্যে যে কোন মানবিকতা বোধ নেই তা জবাব দেবার সময় আরও বলব।

Shri Sambhu Charan Ghosh : Sir, I beg to move that

প্রথম অনুচ্ছেদের পরিবর্তে নিম্নলিখিত অনুচ্ছেদটি বসান হউক:—

"বিধানসভা দুঃখের সহিত লক্ষ্য করিতেছে যে বিনা বিচারে আটক রাজনৈতিক বন্দীদের বিরুদ্ধে সরকার সরাসরি কোন্ বক্তব্য রাখিতে পারেন নাই; এমন কি তাহাদের বিচারের জন্য আদালতে হাজির করিবার কোন অভিপ্রায় সরকার প্রকাশ করেন নাই;"

Shri Sambhu Charan Ghosh :

মাননীয় চেয়ারম্যান স্যার, আমার সংশোধনী প্রস্তাব উত্থাপন প্রসঙ্গে আমি স্পষ্টভাবে রাখতে চাই যে সব রাজনৈতিক কর্মী এবং নেতাদের বিনা বিচারে আটক রাখা হয়েছে তাদের প্রত্যেককে রাজনৈতিক বন্দীর পূর্ণ মর্য্যাদা দিতে হবে, সরকারের অভিধানে রাজনৈতিক বন্দীর কোন সংজ্ঞা আছে কিনা জানি না। তবে একথা অস্বীকার করা সম্ভব নয় যারা জেল খানায় আটক আছেন তাঁরা কোন না কোন রাজনৈতিক দলের কর্মী অর্থাৎ নেতা রাজনৈতিক দলগুলি সম্পর্কে সরকারের বক্তব্য থাকতে পারে, রাজনৈতিক দলের নীতি এবং আদর্শ সম্পর্কে সরকারের ভিন্ন মত থাকতে পারে কিন্তু তার মানে এই নয় যে জেল খানায় তারা রাজনৈতিক বন্দীর পূর্ণ মর্য্যাদা পাবেন না। আমার ফরওয়ার্ড ব্লক দলের সঙ্গে কম্যুনিষ্ট পার্টির নীতিগত পার্থক্য আছে। রাজনৈতিক কল্যাণের দিক দিয়ে মৌলিক পার্থক্য থাকতে পারে। আমরা অতি বামপন্থী বা শোষণবাদ নীতিতে বিশ্বাস করি না। আমরা বিশ্বাস করি দেশের অভ্যন্তরে শ্রেণী সংগ্রামের মাধ্যমে, সমাজতান্ত্রিক বিপ্লবের মাধ্যমে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব হবে। কম্যুনিষ্ট পার্টির সঙ্গে ফরওয়ার্ড ব্লকে নীতিগত কৌশলগত পার্থক্য থাকা সত্ত্বেও আমরা মনে করি এই সমস্ত জেলখানার বন্দীদের জেলখানার ভেতরে পূর্ণ রাজনৈতিক মর্যাদা দেওয়া উচিত। জেলখানায় আটক রাজনৈতিক বন্দীদের মৌলিক নীতি ও বক্তব্য আমরা পরিস্কার বুঝতে পারছি না বামপন্থী কম্যুনিষ্ট সম্পর্কে সরকার নানা অভিযোগ করেছেন কিন্তু সরাসরি ভাবে কোন পরিস্কার স্পষ্ট বক্তব্য সরকার রাখতে পাবেন। ফরওয়ার্ড ব্লক সম্পর্কে কোন বক্তব্য এখনও পর্যন্ত হাজির করতে পাবেন নি। কিন্তু কারণে ফরওয়ার্ড ব্লক-এর কর্মী এবং নেতাদের বিনা বিচারে আটক রাখা হয়েছে এ সম্পর্কে কোন বক্তব্য আজ পর্যন্ত প্রকাশ্যে তারা রাখবার সাহস করেন নি, নন্দজী এ সম্পর্কে যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যে তিনি কোন কিছু প্রমাণ করতে পারেন নি। সরকার যদি এ জিনিষ পরিস্কার ভাবে প্রমাণ করতে পারেন দেশবাসীর সামনে যে কোন রাজনৈতিক দলের কোন কর্মী দেশদ্রোহীতার কার্য্যে লিপ্ত আছেন তাহা হলে ফরওয়ার্ড ব্লক-এর কাছ থেকে আমরা এই প্রতিশ্রুতি দিতে পারি যে কংগ্রেসের সঙ্গে ফরওয়ার্ড ব্লক-এর রাজনৈতিক বিরোধিতা তীব্রতম হলেও দেশদ্রোহীদের বিরুদ্ধে আমরা তাঁদের সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত আছি। অর্থাৎ কংগ্রেস যদি এই রকম অবস্থায় অভিযোগ রাখেন যে দেশদ্রোহীতার অপরাধে কোন দলের রাজনৈতিক কর্মীরা অভিযুক্ত তা হলে এই সরকারের সঙ্গে আমরা সহযোগিতা করতে প্রস্তুত আছি। কিন্তু যদি দেখা যায় তাঁদের প্রতি পরিস্কার বক্তব্য না থাকে তাহলে শুধু মাত্র রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য, শুধু মাত্র তাদের রাজ-নৈতিক সুবিধা আদায় করার জন্য তারা এই রকম নীতি অবলম্বন করেছেন তাহলে আমরা সরকারের গণতান্ত্রিক নীতির বিরুদ্ধে আমাদের বক্তব্য রাখব সংগ্রাম করে সিদ্ধান্ত গ্রহণ করব। অর্থাৎ অত্যন্ত পরিস্কার ভাবে আমরা বলতে চাই কম্যুনিষ্ট পার্টির সঙ্গে ফরওয়ার্ড ব্লক-এর নীতিগত পার্থক্য থাকা সত্ত্বেও তাঁদের আটক বন্দী হিসাবে রাখার ক্ষেত্রে যেখানে রাজ-নৈতিক পূর্ণ মর্য্যাদা দেওয়া হচ্ছে না সেখানে ফরওয়ার্ড ব্লক নিশ্চয়ই সংগ্রাম করবে। একথা আমরা তাঁদের কাছে পরিস্কার ভাবে ঘোষণা করছি, রাজনৈতিক কর্মী এবং নেতাদের বেলায় জেলখানায় পূর্ণ রাজনৈতিক মর্যাদা দেবার কথা বলছি মানে এই নয় যে সরকারের কাছে দয়া অনুকম্পা ভিক্ষা করছি। আমরা পরিস্কার ভাবে বলতে চাই তাঁদের যদি আটক রাখতে চান তাহলে তাঁদের জেলখানায় অভ্যন্তরে রাজনৈতিক মর্যাদা দিতে হবে, এ বিষয়ে কটা বই দিয়েছি, কটা কাপড় দিয়েছি সে ফিরিস্তি শুনতে চাই না। একজন রাজনৈতিক কর্মী যে রাজনৈতিক পূর্ণ মর্য্যাদা পাবে না কেন এ প্রশ্নের জবাব চাই, ইংরাজ আমলে আমরা দেখেছি আমাদের দেশের জাতির জনক মহাত্মা গান্ধী যাকে ইংরাজরা অভিযোগ করত হাফ নেকেড সেডিটিয়াস ফকির বলে সেই মহাত্মা গান্ধীকে যখন কারাগারে রাখত যেন তাঁর প্রতি সম্মান দেবার, পূর্ণ মর্য্যাদা দেখাত—আজ দেশ স্বাধীন হবার পর ইংরাজ আমলের সেই মর্য্যাদাটা পেতে পারে না এটা ভাবতে অবাক লাগে।

দ্বিতীয়তঃ আমার বক্তব্য আপনার মাধ্যমে রাখতে চাই যে যেখানে ইংরাজরা রাজনৈতিক বন্দীদের রাজনৈতিক কর্মীদের পূর্ণ মর্য্যাদা দিত, সেখানে সরকার যদি গণতন্ত্রকে শ্রদ্ধা করে

থাকেন তাহলে জেলে আটক রাজনৈতিক বন্দীদের এবং কর্মীদের প্রত্যেকে পূর্ণ রাজনৈতিক মর্য্যাদা দিতে হবে। এই বলে আমি আমার সংশোধনী প্রস্তাব হাউসের সামনে রাখছি।

[4-15—4-25 p.m.]

Haridas Chakravarty :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে এই সভার সামনে শ্রীযুক্ত মনোরঞ্জন রায় যে প্রস্তাব উৎথাপন করেছেন সেই প্রস্তাবের সমর্থনে আমি বলছি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, অন্যায় এবং অসত্য দিয়ে যে কাজ সুরু করা হয় পরবর্তী সমস্ত স্তরে আরো অন্যায় এবং আরো অসত্য কথা বলে সেই কাজের সাফাই গাইতে হয় এই হচ্চে আমাদের অভিজ্ঞতা। আমরা দেখলাম যে বাংলাদেশে এবং ভারতবর্ষে এই ডিফেন্স অব ইণ্ডিয়া রুলের সুযোগ নিয়ে সরকার যে গ্রেপ্তার সুরু করেছিলেন সেই গ্রেপ্তার করার কাজকে তাঁরা ধীরে ধীরে তাঁদের নিজেদের রাজনৈতিক দলের স্বার্থকে সুরক্ষিত করার কাজে অত্যন্ত সুকৌশলে ব্যবহার করতে আরম্ভ করলেন। ১৯৬২ সালে, ১৯৬৩ সালে এবং গত বছরও বার বার এই বন্দীদের মুক্তি সম্পর্কে যখন প্রস্তাব উত্থাপিত হয়েছে, যখন আমরা আলোচনা করেছি বার বার বলেছি যে আপনারা যারা অত্যন্ত জোর গলায় গণতন্ত্রের কথা বলেন গণতন্ত্রের দোহাই দেন আপনাদের যদি সৎ সাহস থাকে তাহলে এই সমস্ত বন্দীদের বিরুদ্ধে আপনাদের যে অভিযোগ সেই অভিযোগ আপনারা প্রমাণ করবেন তখন আপনারা তা প্রমাণ করতে ব্যর্থ হয়েছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, কিছুদিন আগে ভারতবর্ষের স্বরাষ্ট্র মন্ত্রী লোক সভার সামনে একটা তথ্য সম্বলিত শ্বেতপত্র রেখেছেন, যদিও শ্বেতপত্র নয় একটা স্টেটমেণ্ট বিবৃতি তিনি রেখেছেন, সেই বিবৃতির মধ্য দিয়ে তিনি কোন কথা বলতে পারেন নি, কোন অভিযোগ প্রমাণ করার চেষ্টা পর্যন্ত তিনি করতে পারেন নি যদিও সেই বিবৃতির মধ্যে তিনি ধান ভাণতে শিবের গীত গেয়েছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, শ্বেতপত্রের কথা আমি শুনেছিলাম যা একটু আগে আমি বলেছি, কিন্তু সরকারের সাহস হয়নি ক্ষমতা হয়নি সেই শ্বেতপত্র তাঁরা পেশ করেন যা করলে পর তাঁদের বিরুদ্ধে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারত। কাজেই সরকারের তরফ থেকে শুধুমাত্র গলাবাজী করা ছাড়া শুধুমাত্র সাধারণ মানুষকে বিভ্রান্ত করা ছাড়া সেই অভিযোগ প্রমাণ করার মত কোন যুক্তি সঙ্গত ব্যবস্থা বা কোন যুক্তির অবতারণা তাঁরা করতে পারেন নি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, তার সঙ্গে সঙ্গে এর মূল উদ্দেশ্য আমাদের কাছে ধরা পড়েছে। সরকারের দুষ্কৃত সরকারের সমস্ত নক্কারজনক ঘটনা সাধারণ মানুষের জীবনকে ধুলিসাৎ করে দিচ্ছে। সাধারণ মানুষ তাদের বাঁচবার যে ন্যূনতম দাবি সেই দাবির ভিত্তিতে যখনই তারা আন্দোলনের সৃষ্টি করেছে তখনই দেখা গেছে সরকার গণতন্ত্রের মন্ত্র উচচারণ করে সমাজ তন্ত্রের নামাবলি গায়ে দিয়ে সাধারণ মানুষের সেই সমস্ত সংগঠিত আন্দোলনকে ধ্বংস করার জন্য তাঁদের নিজেদের দলীয় স্বার্থ সিদ্ধি করার জন্য এই এমারজেন্সি এবং ডি. আই. রুলস নির্বিচারে প্রয়োগ করেছেন সাধারণ মানুষের যারা বিশ্বস্ত যোদ্ধা তাদের উপর। গণআন্দোলনের যারা সংগঠক সেই সংগঠকদের বিনা বিচারে গ্রেপ্তার করেছেন তাঁদের বিচার করার সৎ সাহস দেখাতে পারেন নি, তাঁদের কারারুদ্ধ করে রেখেছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি যে কথা বলতে চাইছি সেটা হচ্চে যে অন্যায় তাঁরা করেছেন যে অসৎ পন্থা তাঁরা গ্রহণ করেছেন সেই অন্যায় এবং অসৎ পন্থাকে বাঁচিয়ে রাখার জন্য তাঁদের আরো অনেক অন্যায় এবং অসৎ পন্থা গ্রহণ করতে হচ্চে। তাই দেখলাম রাজনৈতিক বন্দীদের তাঁরা বিচার করতে পারলেন না, তাঁদের বিরুদ্ধে আনীত যে অভিযোগ সেই অভিযোগ তাঁরা প্রমাণ করতে পারলেন না। আমরা দেখেছি কেরালার কথা বললে আপনাদের গায়ে লাগে। কিন্তু কেরালার লোক মুখের মত জবাব আপনাদের দিয়েছে। আমি জানি ঐ জেলখানায় যারা আছেন তাঁদের রাজনৈতিক জীবন যদি বিচার করা হয় তাঁদের রাজনৈতিক জীবনের ইতিহাস যদি সাধারণ মানুষের মধ্যে আলোচনা করার সুযোগ দেওয়া হয় তাহলে আজকে একটা আড়তদারের জীবন এবং একটা রাজনৈতিক বন্দীদের জীবনের মধ্যে যে আকাশ-পাতাল তফাত সেটা সাধারণ মানষের চোখে ধরা পড়বে।

একথাও জানি যখন রাজবন্দীদের সম্পর্কে বক্তৃতা করতে গেলে স্বভাবতঃ একথাই ব যেতে পারে—নিশ্চয়ই একথা জোরগলায় স্বীকার করছি যাদের বন্দী করে রাখা হয়ে যাদের বামপন্থী কম্যুনিষ্ট বলে অভিহিত করা হয়, আমরা বিভিন্ন সময়ে দেখেছি এক স আন্দোলন করেছি, যদিও তাঁদের সঙ্গে আমাদের রাজনৈতিক মতভেদ আছে; তা সে আপনাদের তরফ থেকে তাঁদের বিরুদ্ধে যে মিথ্যা অভিযোগ আনা হয়েছে তা প্রম করবার জন্য চেষ্টা করেন নি বা প্রমাণ করতে পারেন নি, একথা বলার মত সৎ সাহ আমাদের আছে। সেইজন্য আমরা সেই সমস্ত বন্দীদের মুক্তির জন্য অত্যন্ত জোর গল এখানে দাবী করতে পারি যদিও তাদের সঙ্গে আমাদের রাজনৈতিক মতভেদ আছে কিন্তু আপনাদের অনুসৃত নীতি যা সাধারণ মানুষের জীবনকে পিষ্ট করবার নীতি, একমা মুনাফাখোর, মজুতদার, কালোবাজারীদের সংরক্ষণের নীতি—তার বিরুদ্ধে এক স আন্দোলন করে তাঁদের সায়েস্তা করতে পারবো ভরসা আমাদের আছে, এই সৎ সাহ আমাদের আছে।

যে অন্যায় তাঁরা করেছিলেন, তার বিরুদ্ধে আমরা যখন প্রতিবাদ করেছি, সেই প্রতিবাদে সামনে দাঁড়িয়ে তাঁদের বিরুদ্ধে আনীত অভিযোগ আপনারা প্রমাণ করতে পারেন নি অপর দিকে আমরা দেখছি এই যে বন্দীদের আটকে রাখা হয়েছে, সেই রাজনৈতিক বন্দীদে রাজনৈতিক মর্য্যাদা দেওয়া হয় নাই। একটু আগে মনোরঞ্জন বাবু বলেছিলে যে বৃটিশ আমলে বৃটিশ সাম্রাজ্যবাদীদের কাছ থেকে লড়াই করে (রাজনৈতিক বন্দীদের মর্য্যাদা ও সুযোগ সুবিধা আদায় করা হয়েছি আপনারা যাঁরা গণতন্ত্রের কথা বলেন, সমাজতন্ত্রের কথা বলেন, সেই অতীত ইতিহা পর্য্যালোচনা করলে দেখা যাবে যে যেটুকু গণতান্ত্রিক অধিকার রাজনৈতিক অধিকার বৃটি সাম্রাজ্যবাদের কাছ থেকে লড়াই ও আন্দোলন মারফৎ আদায় করতে পেরেছিলাম আপনারা গণতন্ত্রের মন্ত্র উচ্চারণ করে এই গণতান্ত্রিক অধিকারকে এই রাজনৈতি অধিকারকে সংকোচ করে এমন একটা এমন একটা, জায়গায় আস্তে আস্তে নিয়ে যাচ্ছে যেখানে দাড়িয়ে গণতন্ত্রের কথা উচ্চারণ করা আপনাদের পক্ষে পাপ এবং লজ্জার কথা ব আমরা মনে করি। আপনাদের হয়ত স্মরণ আছে স্বাধীনতার পরে যখন ডাঃ প্রফুল্ল ঘে মহাশয় মুখ্যমন্ত্রী ছিলেন, তখন বৃটিশ আমলের ডিটেনসন ম্যানুয়াল-এ যে সমস্ত রাজনৈতিক অধিকার ছিল, তা তাঁরা সর্বপ্রথম কেড়ে নিয়েছিলেন। তারপর আমরা জানি সে রাজনৈতিক অধিকার ও মর্য্যাদা আদায় করবার জন্য দমদম জেলে প্রভাত, সুমথ এ মুকুলকে আত্মাহুতি দিতে হয়েছিল। ১৯৪৮-৪৯ সালে লতিকা, প্রতিভা, অমিয়া তাঁ কলকাতা রাজপথের উপর নিজেদের বুকের রক্ত ঢেলে দিয়েছিলেন রাজনৈতিক বন্দীদে মর্য্যাদা ও অধিকার রক্ষা করবার জন্য, সুরক্ষিত করবার জন্য। আপনার স্যার, নিশ্চয়ই স্ম আছে সেই ঐতিহাসিক আন্দোলনের কথা। মুখ্যমন্ত্রী স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায় রা নৈতিক বন্দীদের মর্য্যাদা ও অধিকারকে স্বীকৃতি দিতে বাধ্য হয়েছিলেন। শুধু তাই নয় সেই সংগ্রামের ফলে, সেই আন্দোলনের ফলে বাংলাদেশে সাধারণ রাজনৈতিক কর্মী সাধারণ রাজনৈতিক দলের নেতৃস্থানীয় ব্যক্তিদের আন্দোলন ও ত্যাগের ফলে যে অধিক অর্জন করেছিলেন, আজকে যদি আপনারা ইমার্জেন্সীর সুযোগ নিয়ে ডি· আই· রুলসে সুযোগ নিয়ে সেই অধিকার কেড়ে নেওয়ার ষড়যন্ত্র আপনারা করছেন। এটা আপনাদে পক্ষে স্বাভাবিক।

মাননীয় চেয়ারম্যান স্যার, এই প্রস্তাবে আছে রাজনৈতিক বন্দীদের মুক্তির দাবী আম করছি। অথচ আমরা তাদের মুক্তি দিতে পারছি না। তাদের বিরুদ্ধে অভিযোগ প্রম করতে তাঁরা পারছেন না। সেই সাহস আপনাদের নাই—নিজেদের কৃত যে পাপ, সে পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ যতক্ষণ না তাঁদের মুক্তি দিচ্ছেন, ততক্ষণ পর্যন্ত যে রাজনৈতি অধিকার ও সুযোগ সুবিধা বন্দীদের প্রাপ্য সেই সুযোগ সুবিধা দেওয়া আপনাদের কর্ত বলে আমি মনে করি। আপনারা যদি তা দিতে না পারেন, তাহলে তার জন্য সারা বাংলাদে আন্দোলন হবে। সেই আন্দোলনে, আমি মনে করি আপনাদের যে রাজনৈতিক অসচ্চরিত্র, ত বিরুদ্ধে গণতন্ত্রের নাম করে আপনারা যে গণতন্ত্রকে হত্যা করছেন, তার বিরুদ্ধে বাং দেশের দল মত নির্বিশেষে সমস্ত মানুষকে সংঘবদ্ধ করে আন্দোলন করবো, এই রাজনৈতি অধিকার ও মর্য্যাদা সুরক্ষিত করবার জন্য বন্দীদের মুক্তির জন্য লড়াই করবো।

[4-25—4-35 p.m.]

এবং আমি মনে করি যে আপনাদের নিজেদের নিরঙ্কুশ ক্ষমতাকে আরও নিরঙ্কুশ করার জন্য—আপনারা যে গদি আঁকড়ে আছেন সেই গদিকে আরও নিরঙ্কুশ রাখার জন্য তাকে আরও নিরঙ্কুশ করার জন্য আপনাদের যত চেষ্টা ও প্রচেষ্টা। তাই স্বভাবত বাংলা দেশের সাধারণ মানুষ সংগঠিতভাবে তার জবাব দেবে। এবং সেই জবাব নেবার জন্য প্রস্তুত থাকতে হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, বন্দীদের নূনতম দাবী যেটা সেটাও পূরণ করা যাচ্ছে না। এমন কি তাদের কাছে চিঠিপত্রও পর্যন্ত দেওয়া হচ্ছে না—সেন্সার করা হচ্ছে। এই একটা চিঠি পড়ে দিচ্ছি—গত ২৮।১।৬৫ তে নবীন সেনের নামে গত ৫।২।৬৫ তারিখে শ্রীভবানী মুখার্জি এম. এল. এ-এর নামে এবং ডাঃ রাধানাথ চট্টোরাজ এম এল এ এর নামে লিখিত পুস্তক পত্রিকা তারা পান নি। সবচেয়ে আশ্চর্যের বিষয় যে বিধান সভার নিয়মাবলী পুস্তকটি বিধান সভার কাগজপত্র এই সবের উপরেও গোয়েন্দা বিভাগের হস্তক্ষেপ মাঝে মাঝে হচ্ছে। সুতরাং এইভাবে আপনারা আপনাদের যে রাজনৈতিক জিঘাংসা বৃত্তিকে চরিতার্থ করছেন। মিঃ চেয়ারম্যান স্যার, সব শেষে আমি বলবো যে আপনারা সেই রাজনৈতিক জিঘাংসা বৃত্তিকে চরিতার্থ করবার জন্য আপনারা আপনাদের মানবিক বোধকে নষ্ট করছেন। আমি জানি রাধানাথ চট্টোরাজ মহাশয়ের কথা—তিনি জেলে আছেন এবং দীর্ঘ দিন ধরে তিনি অসুস্থ এবং তাঁর পারিবারিক ভাতাও বন্ধ করে দেওয়া হয়েছে—ভাতা দেওয়া হচ্ছে না—যার ফলে তর ছেলেকে স্কুল থেকে নাম কেটে নিয়ে আসতে হয়েছে। এমন কি তার ছেলেপুলেদের খেতে দেবার মত কোন ব্যবস্থা ঐ পরিবারের নেই। এমন করে প্রতিটি বন্দীর জীবনে এই দুরবস্থা টেনে এনেছেন এবং এই অবস্থার সৃষ্টি করে আপনারা আপনাদের রাজনৈতিক জিঘাংসা বৃত্তিকে চরিতার্থ করতে যাচ্ছেন। তাই আর এক বার মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে এই সভার প্রতি সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। এইভাবে গণতন্ত্রকে সঙ্কুচিত করে, গণতন্ত্রকে হত্যা করে আপনারা যে জিনিষ প্রতিষ্ঠিত করতে যাচ্ছেন তাতে গণতন্ত্রকে রক্ষা করা হবে না—গণতন্ত্রের হত্যাকারী হিসাবে ইতিহাসের পাতায় জাগরূক থাকবে।

Shri Nani Bhattacharjee :

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আমি একটা ছোট্ট এমেণ্ডমেণ্ট এই মূল প্রস্তাবে আনতে চাই—আমি অবশ্য নোটিশ আগে দিইনি—তবে আপনি যদি অনুমতি দেন, আপনি অনুমতি দিতে পারেন এবং সেই বিধান আমি আপনাকে দেখাচ্ছি, ১৭৪ ধারার ২ উপধারা অনুসারে অনুমতি দিতে পারেন।

Mr. Chairman :

আপনাকে নোটিশ দিতেই হবে—অবশ্য সর্ট নোটিশ দিলে আমি বিবেচনা করতে পারি।

Shri Nani Bhattacharjee :

যে সময় যদি নোটিশ দিতে ফেল করে তাহলেও আপনি এ্যালাউ করতে পারেন—এমেণ্ডমেণ্ট মুভ করতে এ্যালাউ করতে পারেন ঐ ১৭৪ ধারার ২ উপধারা অনুসারে যেটা আমি করতে চাই—সেটা হচ্ছে এই যে অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি বিনা বিচারে আটক কমিউনিস্ট তারপরই আমার এমেণ্ডমেণ্টও অন্যান্য রাজনৈতিক দলের বন্দীদের, এই কথাটা নাই। অবশ্য বীরেন রায় মহাশয়ের এমেণ্ডমেণ্টটা যদি মুভ হোত তাহলে এটা দিয়ে লাভ হোত না—সেই জন্যই আমি এটা যোগ করতে চাই এবং এটাতে আপনি পারমিসন দিতে পারেন।

Mr. Chairman : It has to be circulated before the House.

Shri Nani Bhattacharjee :

সেটা আপনি ওয়েভ করতে পারেন। যা হোক মোট কথা কমিউনিস্ট হোক সেখানে বা অন্যান্য দলের যে সমস্ত বন্দীরা সেখানে আটক হয়ে আছেন....

Mr. Chairman :

মিঃ ভট্টাচার্য্য, আপনি এটা সর্ট নোটিশ দিলে আমি এ্যালাউ করতে পারি।

I could have allowed you to make the amendment.

Shri Nani Bhattacharjee :

আমি এটা সর্ট নোটিশ দিচ্ছি—একটু পরে—ততক্ষণ আপনি অন্যকে বলতে দিন।

Shri Krishna Kumar Shukla :

মাননীয় চেয়ারম্যান স্যার, যে প্রস্তাব শ্রীবিজয় পাল মহাশয়ের নামে প্রকাশিত হয়েছে এবং বিতরিত হয়েছে তার অনুপস্থিতিতে, যিনি তার অনুপস্থিতিতে এই প্রস্তাব উত্থাপন করলেন, আমার সন্দেহ আছে, তিনি প্রস্তাবটা পড়েছেন কিনা। কারণ প্রস্তাবের ভাষ্য এবং তাঁর বিবৃতি এই দুটোর মধ্যে বিরাট অসঙ্গতি থেকে গেছে এবং এই অসঙ্গতি এত মারাত্মক, এত বিরাট যে দুটোর মধ্যে একটাকে বাদ দেওয়া আবশ্যক বলে মনে করছি। দুটোর মধ্যে যে কোনও একটায় তিনি বললেন যে যাদের এখানে গ্রেপ্তার করে রাখা হয়েছে, তাদের সম্পর্কে কোনও রকম বিচার না করে আটকে রাখা হয়েছে এবং গণতন্ত্রের হত্যা করা হয়েছে, নানা কথা বলে, এই প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন। প্রস্তাবের দ্বিতীয় লাইন হচ্ছে সরকার তাদের আদালতে হাজির করিয়া, তাদের অপরাধকে প্রমাণ করতে পারেন নি। তাদের অপরাধী প্রমাণ করতে পারেন নি, এই কথা বলে তিনি পরোক্ষ ভাবে যদি বলেন যে আদালতে হাজির করা হয়েছে অপরাধী প্রমাণিত হয়নি। তাহলে তিনি সত্য ভাষণ করেছেন, কিম্বা তিনি যে কথা বলেছেন, তা প্রস্তাবের সঙ্গে সঙ্গতি রাখেননি তা সত্বেও এ সম্বন্ধে কয়েকটা বক্তব্য আছে। স্যার, যারা গ্রেপ্তার হয়ে আছেন তাদের ভাষায় বিনা বিচারে আটক হয়ে আছেন, তাদের সম্বন্ধে কয়েকটা কথা এখানে রেখে, বাক্যজাল সৃষ্টি করে তাদের হিরো করার চেষ্টা করেছেন। দেশপ্রেম শেখাতে হবে না, শিখতে হবে না এই সব কথা বলে তিনি চেয়েছেন যা নয় তাই প্রমাণ করতে। আমরা জানি দেশপ্রেম তাদের সেখানে সম্ভব নয়, দেশপ্রেম শিখবেন না, দেশের ভৌগোলিক সীমারেখা যাদের জানা নেই, দেশের ইতিহাস যাঁরা জানলেন না, দেশকে স্বীকার করলেন না, আন্তর্জাতিকতায় যার সব চাইতে বিশ্বাসী, তাদের কাছে দেশ প্রেমের কথা বলাই বাতুলতা হবে, ব্যর্থতায় পর্যবসিত হবে। অতএব এদের সম্বন্ধে সেকথা তোলা হচ্ছে না, এ সম্বন্ধে এদের বিচার হয়ে গেছে দেশের মানুষ বিচার করেছে, বারে বারে ১৯৫৯, ১৯৬২, ১৯৬৪ একটার পর একটা ঘটনা প্রমাণ করে দিয়েছে যে দেশের বর্তমান সামাজিক অবস্থার মধ্যে বিশৃঙখলার সৃষ্টি করে দিয়ে নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি করতে চান, এঁরা আবার বলছেন এঁদের বিরুদ্ধে আদালতে মামলা করে প্রমাণ করতে হবে, কোন দোষে তাঁরা দোষী। এর আগে উত্তর দেওয়া হয়েছে, স্যার, দেশের মধ্যেই ইমারজেন্সী শত্রু যখন শিহবে দাড়িয়ে নিশ্চয়ই আমরা আমাদের কাছে কি প্রমাণ আছে আদালতে উপস্থিত করে, ওঁদের মালিকের হাতে সেই সেই সাক্ষীর প্রমাণ আমরা তুলে দিতে চাচ্ছি না। ইমারজেন্সী উঠে গেলে বিচার হবে না, একথা মনে করার কোনও কারণ নেই। একটা কথা শুধু তাদের কাছে আমাদের নিবেদন, বিধানসভার মারফৎ পশ্চিমবাংলার মানুষ এবং গোটা ভারতবর্ষের মানুষের কাছে তাঁরা দয়া করে বুঝিয়ে দিন যে কলকাতার কনফারেন্সএ কমিউনিষ্ট পার্টি কোন প্রোগ্রাম গ্রহণ করেছে, তারা জানিয়ে দিন

[4-35—4-45 p.m.]

পরিষ্কারভাবে যে ভারতবর্ষের সীমারেখার বাইরে তাদের যে প্রভু, সেই প্রভুর উদ্দেশ্য সিদ্ধি করার জন্য তারা কোনও কার্য্যক্রম গ্রহণ করেছেন কিনা, ভারতবর্ষকে আবার লাঞ্ছিত, অপমাণিত করার কোনও কার্য্যক্রম গ্রহণ করেছেন কিনা। তারা বলতে পারছেনা, কেন বলতে পারছেন যে স্পোরাডিক স্ট্রাইক করে কখনও হোটেলএ কখনও ট্রামএ কখনও দুর্গাপুর স্টীল প্রোজেক্টে বিনা নোটিশএ আইনানুগ কোনও ব্যবস্থা গ্রহণ না করে কাজ বন্ধ করে দিয়ে হঠাৎ একটি চালু মেসিনকে বন্ধ করে বিশৃঙখলার সৃষ্টি করে দেশের আভ্যন্তরিন অবস্থাকে বানচাল করে দেবার যে পরিকল্পনা এই পরিকল্পনা লেফট কমিউনিস্ট গ্রহণ করেছেন কিনা, এবং যদি করে থাকে আজকে দেশের এই দুর্দিনে কার স্বার্থে তাদের এই পরিকল্পনা, করে

স্বার্থকে সিদ্ধি করার জন্য এটা করা হচ্ছে? দেশের ঐ দৈন্যকে দু:খকে রাজনৈতিক উপহাস্য করে দেশের মানুষের মনকে বিষিয়ে দিয়ে যারা চাইছেন যে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি করবো, তাদেরই আজকে স্বীকার করতে হবে কি চান তাঁরা? গণতন্ত্রে হত্যা আমরা-করছি, আমরা যদি গণতন্ত্রের হত্যা করে থাকি, পৃথিবীর বুক থেকে কে গণতন্ত্রকে রক্ষা করতে পারবে? গণতন্ত্রের যে পরীক্ষা নীরিক্ষা ভারতের মাটিতে যে পরীক্ষা নীরিক্ষা চলেছে, এই পরীক্ষা ব্যর্থ হয়ে গেলে গণতন্ত্রের নাম পৃথিবী থেকে উঠে যাবে। যে উদ্দেশ্যে এই রাজনৈতিক প্রচেষ্টা, রাশিয়া গণতন্ত্রের সবচাইতে বড় ধারার বাহক কি? চীন গণতন্ত্রের বাহক কি? যাদের ছেঁড়া কয়েকটা বই পড়ে ওদের দশনকে আত্মস্থ করে ভারতবর্ষের মানুষকে সেই দর্শন শেখাতে চান, তাঁদের তাঁরা দয়া করে বলুন কোন আদশে উদ্বুদ্ধ হয়ে ভারতবর্ষের এই যে সরকার কংগ্রেস গভর্নমেণ্ট আপনাদের ভাষার গণতন্ত্রকে হত্যা করছেন গণতন্ত্রকে রক্ষা করছে না যে কোন পথে গণতন্ত্র রক্ষিত হবে? দেশের শত্রুকে আবদ্ধ না রেখে, সমাজে চলাফেরা করে দেশের স্বাধীনতা বিক্রয় করে দেবার অধিকার যদি গণতন্ত্র হয় তাহলে সেই গণতন্ত্রকে স্বীকার করা সম্ভব নয়। আজকে এই কথা বলতে হয়, একটু আগে কেরালার কথা তুলে গভর্নর-এর শাসন-এর ভয় দেখাচেছ্ন, আমরা তো এই অবস্থার স্বৃষ্টি করিনি, আমরা তো এই কথা বলিনি যে কেরালায় গভর্নমেণ্ট ফর্ম করতে দেবো না, কংগ্রেস একথা কোনও জায়গায় বলেনি, ক্ষমতা যদি থাকে জনসাধারণ বিচার করে সেখানে যা রায় দিয়েছে আমরা মনে করি ঐ হাইকোর্ট-এর রায় মাথা পেতে আমরা মেনে নেবো এবং ঐ হাইকোর্ট-এর রায় মেনে নেবার পর ঐখানে যদি সরকার গঠন করা ব্যর্থতায় পর্যবসিত হয় তাহলে তার জন্য কংগ্রেসকে দায়ী করা যাবে না, বহুদিন আগে ভারতের মাটিতে বিরাট মানুষ বলেছিলেন, কেরালা সম্বন্ধে যেকথা সেকথা আজও কোনও কটাক্ষ কেরালা সম্বন্ধে করা যাবে না, কারণ এটা শিক্ষিত এলাকা ভারতবর্ষের মধ্যে এবং সেই শিক্ষিত এলাকায় একটা রায় হয়েছে, ভুল হোক ভ্রান্তিতে ভরা হোক আর ভাল হোক রায়ের বিরুদ্ধে আমাদের কোন'ও বক্তব্য নেই। হেরে যা'ওয়ার কথা যাঁরা বলছেন তাঁরা নিজেরা কেরালাকে নিজেদের কষ্টিপাথরে বিচার করে দেখুন, তাঁরা এই কথা জেনে নিন, কত সংখ্যক লোক ওখানে সমর্থন করতে পারে, গোটা কেরালা সমথন জানাননি। এবং গোটা কেরালায় দেশ সমর্থন আসেনি, সেখানে আইনানুগ পন্থায় গভর্নরএর শাসন যদি চলে, গণতন্ত্রের হত্যাকারী বলে অন্য লোকের দিকে ইঙ্গিত করে তো লাভ নেই, কোন'ও লাভ নেই, এই কথা বলে সত্যকে অসত্য দিয়ে ঢাকা যাবে না তারতবর্ষের স্বাধীনতার বিরুদ্ধে যারা ষড়যন্ত্র করছে, চক্রান্ত করছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং এই ব্যবস্থা গ্রহণ করার পর বিধানসভায় এগিয়ে এসে ফিরিস্তি দিয়ে বলা হয়েছে এটার জন্য এই ব্যবস্থা করেছেন, এই চাই, ঐ চাই, অমুক চাই, তমুক চাই, আণ্ডার ট্রায়াল প্রিজনার রাজনৈতিক বন্দী শম্ভুবাবু একটা অ্যামেণ্ডমেণ্ট মুভ করলেন, মূল প্রস্তাব যখন এখানে উপস্থিত, প্রস্তাবকে যখন তার সংশোধনী স্বীকার করে নেননি নিশ্চয়ই শম্ভুবাবুর দিকে—শম্ভুবাবুকে একটা কথা আমি বলি যে মূল প্রস্তাবের তিনি সংশোধনী প্রস্তাব এনেছেন, এই মূল প্রস্তাব, যাঁরা বন্দী হয়ে আছেন তাঁদের প্রত্যেককে আজ প্রো-কমিউনিস্ট বন্দী বলা হয়েছে, আটক কমিউনিষ্ট বন্দী বলে তাঁরা আলাদা গোষ্ঠী করে বলে দিয়েছে, যারা ওখানে বন্ধহয়ে আছেন তাঁরা কমিউনিষ্ট এবং এই আটক কমিউনিষ্ট বন্দী সম্বন্ধে যে ফিরিস্ত তাঁরা দিয়েছেন সেই ফিরিস্তিকে নাকচ করা ছাড়া কোনও উপায় নেই। কারণ তাঁদের অতীত কার্য্যকলাপ, তাদের বর্তমান কার্যক্রম, তাদের বর্তমান রাজনতিক চিন্তাধারা অত্যন্ত ভুল পথে চলেছে এবং আমাদের এবং দেশের প্রত্যেকের পক্ষে অত্যন্ত ক্ষতিকর বলে আমরা মনে করি। মনে করি বলে এই কথা আবেদন করতে চাই যে এই প্রস্তাব হলে তুলে নে'ওয়া হোক এবং যতদিন ইমারজেন্সী আছে দেশের স্বাধীনতা এবং গণতন্ত্রের বিরুদ্ধে যাঁরা ষড়যন্ত্র করছে ষড়যন্ত্রে যারা লিপ্ত আছেন, তাঁদের কোনও রকম সুব্যবস্থার কোন'ও প্রস্তাব এখানে যেন না করা হয়।

(In the inturuption by Mr. Chairman and Shri Kamal Kanti Guha).

কমলবাবু আমি আটক কমিউনিষ্ট বন্দীদের সম্বন্ধে বলছি এবং শম্ভুবাবুর সংশোধনী প্রস্তাব গৃহীত না হওয়া পর্য্যন্ত প্রস্তাবে তো আসছে না অতএব যে সম্বন্ধে প্রস্তাবক যদি তাঁর সম্মতি জানিয়ে দিতেন, নিশ্চয়ই আমরা আমাদের বক্তব্য রাখতাম, এখানকার [illegible] প্রস্তাবকে

ভিত্তি করে আমি আমার উত্তর আপনাদের কাছে আপনার মারফৎ বিধান সভার সামনে রাখতে চাই। আমি বলতে চাই স্যার, যে যারা আজকে বাম কমিউনিস্ট এবং যারা ভারতবর্ষের এই ষড়যন্ত্রকারী চক্রান্তে লিপ্ত আছে তাদের বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এই ব্যবস্থাকে সমর্থন জানাচ্ছি। এবং এই ফিরিস্তিতে যা দাবী করা হয়েছে প্রত্যেকটার বিরোধিতা করছি। বিরোধিতা করছি আমার বক্তব্য যে তাদের সম্বন্ধে কোনওরকম লেনিয়েন্সী যদি আজকে দেখানো হয়, তাহলে নিশ্চয়ই দেশের মানুষের কাছে আমরা অপরাধী হবো।

স্যার, আমি বলতে চাই যারা আজকে বাম কমিউনিস্ট, যারা ভারতবর্ষের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে, চক্রান্তে লিপ্ত আছে তাদের বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং এই ফিরিস্তিতে যে দাবী করা হয়েছে তার প্রত্যেকটির বিরোধিতা করছি। আমার বক্তব্য হচ্ছে তাদের সম্বন্ধে যদি কোন রকম লিনিয়ান্সী দেখান হয় তাহলে দেশের মানুষের কাছে নিশ্চয়ই আমরা অপরাধী হব। গণতন্ত্রের সুযোগ নেবার চেষ্টা এঁদের পথকে এগিয়ে নিয়ে যাবে না। গণতন্ত্রের অর্থ দেশ ধ্বংস করা নয়, গণতন্ত্রের অর্থ যারা গণতন্ত্রের হত্যাকারী যারা দেশের শত্রু তাদের পথ পরিস্কার করে দেওয়া নয়, আজকে দেশের এই দুঃসময়ে জড়তাহীন কণ্ঠে বলে দেওয়া উচিত যারা দেশের শত্রু তাদের প্রতি কোনরকম দয়া, মায়া দেখাবার প্রয়োজন নেই। কাজেই আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি এবং আপনার মাধ্যমে বিধানসভার সদস্যদের সামনে এই প্রস্তাব রাখছি যে, যাঁরা এরকম ষড়যন্ত্রে লিপ্ত আছে তাদের বিরুদ্ধে আরও শক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক। যারা সমাজ ব্যবস্থা বানচাল করবার জন্য প্রোগ্রাম নিয়েছে তাদের যদি শক্ত হাতে দমন না করা যায় তাহলে দেশের মানুষ আমাদের ক্ষমা করবে না। গণতন্ত্রের সুযোগ নিয়ে যারা দেশের সমাজ ব্যবস্থা বানচাল করবার চেষ্টা করছে তাদের নির্মম হাতে দম করা দরকার এং এ সম্পর্কে সরকারের আরও বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া দরকার। এথা বলে আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি।

[4-45—4-55 p.m.]

Shri Nani Bhattacharjee :

আই বেগ টু মুভ দ্যাট এই রেজলিউসন-এর প্রথম অনুচ্ছেদের প্রথম লাইনের "আটক কমিউনিষ্ট" শব্দগুলির পরে" এবং অন্যান্য রাজনৈতিক দলের "এই শব্দগুলি যোগ করা হউক।

মাননীয় চেয়ারম্যান স্যার, এই প্রস্তাবের দুটি ভাগ আছে এবং একটি ভাগ আমি আমার এ্যামেণ্ডমেণ্ট মুভ করে বলেছি—অর্থাৎ আমি কমিউনিষ্ট এবং অন্যান্য বন্দীদের সম্বন্ধে বলেছি। স্যার, বিনাবিচারে বন্দীদের আটক রাখার আমি বিরোধী বলে আমি তাঁদের মুক্তির দাবী করছি এবং আর একটি যা আছে সেটা হচ্ছে নীতিগত ব্যাপার। কোন রাজনৈতিক বন্দীকে ছেড়ে না দিয়ে যদি আটক রাখতে হয় তাহলে মুক্তি সাপেক্ষে সরকার তাঁদের সঙ্গে কি ধরণের ব্যবহার করবেন সেটা আলোচনা করা দরকার। আমরা সেখানে চাই তাঁদের রাজনেতিক বন্দীর মর্য্যাদা দিতে হবে এবং তাঁদের যখন প্রচলিত আইনে বিচার না করে আটক করে রাখা হয়েছে তখন তাঁদের সঙ্গে আণ্ডারট্রায়াল ডিভিসন ওয়ান প্রিজনার-এর মত ব্যবহার করতে হবে। এই ব্যাপার নিয়ে অর্থাৎ রাজনৈতিক মর্য্যাদা নিয়ে ইংরেজ আমলেও বহু আন্দোলন হয়েছে। আজকে যখন ইতিহাস অনেকটা ওলট পালট হয়ে গেছে তখন আমি ঐদিকের বন্ধুদের যাঁরা ততকালীন সরকারের আচরণের প্রতি প্রতিবাদ করেছিলেন, রাজনৈতিক বন্দীদের মর্য্যাদার দাবী করেছিলেন, সত্যাগ্রহ আন্দোলনে অংশ গ্রহণ করেছিলেন, জেলে অনসন সত্যাগ্রহ করেছিলেন তাঁদের একবার সেদিনের কথা মনে করতে বলি। তাঁদের আমি মনে করিয়ে দিচ্ছি সেদিন জেলে যে অনাচার চলছিল এবং রাজনৈতিক বন্দীরা যাতে রাজনৈতিক মর্য্যাদা পেতে পারেন তারজন্য মেজর যতীন দাসকে জীবন দিতে হয়েছিল। সেই যতীন দাসের কণামাত্র ঐতিহ্য যদি আজ :দের মধ্যে থাকত তাহলে তাঁরা এই বিনাবিচারে আটক বন্দীদের সঙ্গে

এই রকম ধরণের ধীকৃত ব্যবহার করতে পারতেন না, বরং তাঁদের মানবিক এবং রাজনৈতিক মর্য্যাদা দিতেন। মাননীয় চেয়ারম্যান স্যার, ১৯৪০ সালে আমরা যখন এ্যারেষ্ট হলাম তখন নেতাজীর নেতৃত্বে হাঙ্গার স্ট্রাইক স্বরু হয়েছে এবং সেটা তখন কাপড় বা খাওয়া পরার দাবী ছিল না। আমাদের ডি. আই রুল-এ আটক রাখা হয়েছিল এবং আজকের মত একটা বিধান ছিল যে তাঁদের ডিভিসন ওয়ান আণ্ডারট্রায়াল প্রিজনার হিসেবে ট্রিট করা হবে। সেদিন যাঁরা জেলের মধ্যে এবং বাইরে ছিলেন তাঁরা জানেন সেদিন যে হাঙ্গার স্ট্রাইক স্বরু হয়েছিল নেতাজীর নেতৃত্বে সেটা বিভিন্ন জেলে ছড়িয়ে পড়েছিল। আমরা তখন বোধ হয় হিজলিতে ছিলাম এবং ২২।২৩ দিন হাঙ্গার স্ট্রাইকের পর দেখা গেল যারা রাজনৈতিক বন্দী হিসেবে ছিলেন তাঁদের বিভিন্ন স্বযোগ স্ববিধা দেওয়া হচ্চে এবং সেটা আণ্ডার ট্রায়াল প্রিজনার-এর স্বযোগ তা নয়, তাঁদের অন্যভাবে স্পেশ্যালী ট্রিট করা হচ্ছে।

আগের দিনের কথা যদি বিন্দুমাত্র মনে থাকত তাহলে আজকে যাঁরা শাসন চালাচ্ছেন জগন্নাথবাবুর দলের যদি সেদিনের কথা মনে থাকত; তাহলে যাঁরা আজকে জেলের মধ্যে অসহনীয় অবস্থার মধ্যে যাচ্ছেন তাদের সেই অবস্থায় থাকতে হত না। আমরা তাদের মুক্তির দাবী বার বার তুলেছি, বিনা বিচারে আটকে রাখার প্রশ্ন আসে না। শুধু তাই নয়, যাদের আটকে রাখা হয়েছে, কমিউনিস্ট পার্টি সম্বন্ধে আমি এটুকু বলবো যে তাদের সঙ্গে আমাদের নানা ব্যাপারে মৌলিক ব্যাপারে তফাৎ আছে, সেটা আপনি জানেন, সেখানে ভুল বুঝার কোন অবকাশ নাই, কিন্তু নীতিগতভাবে এটা হবে কেন। নন্দজী প্রথমে বলেছেন অনেক কিছু অকাট্য প্রমাণ তাদের বিরুদ্ধে আছে, শেষ পর্যন্ত দেখলাম, তিনি হোয়াইট পেপার দিলেন, আলঙ্কারিক অর্থে সেটা হোয়াইট পেপার নয় সেটা হচ্চে ব্ল্যাঙ্ক পেপার, এই হোয়াইট পেপারে এমন কিছু উল্লেখ নাই যাতে তাদের আটকে রাখার কোন যুক্তি থাকতে পারে। নন্দজী এমন কিছু উল্লেখ করেন নি যাতে এটা মনে হতে পারে যে তাদের আটকে রাখার কোন যুক্তি আছে। শুধু তাই নয়, স্পেশাল লেজিসলেশন ছাড়া চলতি যেসব আইন আছে তা দ্বারাও আজকে কোন অপরাধ করলে সাজা দিতে পারেন, সেটা তাঁরা করেন নি এবং সেখানে দেখছি ডি. আই. রুল এর অপপ্রয়োগ চলেছে। আজকে রাজনৈতিক মতলব হাসিল করবার জন্য কংগ্রেস দলের পক্ষ থেকে চেষ্টা চলেছে এটাই দেখতে পাচ্ছি। তাঁরা এটা রাজনৈতিক অস্ত্র হিসাবে ব্যবহার করছেন অন্য দিকে যাঁরা জেলে আটক আছেন তাদের সাধারণ স্বযোগ স্ববিধা থেকে বঞ্চিত করা হচ্ছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে ঘরের পয়সা খরচ করে জেলে থাকতে হবে সেই অবস্থায় তাঁরা নিয়ে যাচ্ছেন। ইংরেজ আমলে যেটা ভাবা যায়নি, যে অধিকার বহুদিন আন্দোলন করে তাঁরা অর্জন করেছিলেন আজকে তাঁরা তা থেকে আরও খারাপ জায়গায় নিয়ে চলেছেন। সেজন্য আজকে দাবী রাখছি যে আজকে যারা জেলে আছেন তাদের অবিলম্বে ছেড়ে দেওয়া হোক এবং যতদিন পর্য্যন্ত তাদের মুক্তি দেওয়া না হয় এতদিন তাদের রাজনৈতিক মর্যাদা দেওয়া হোক রাজনৈতিক কর্মীদের জন্য যে বিশেষ ধরণের স্বযোগ স্ববিধা, কাপড়চোপড় থেকে আরম্ভ করে আরও বেশী খাওয়া দাওয়া, খবরের কাগজ বিভিন্ন পত্র পত্রিকা পড়বার স্বযোগ দেওয়া হোক তাদের আরও বেশী আত্মীয় বন্ধু-বান্ধব আপন জনদের স্বযোগ স্ববিধা দেওয়া হোক এবং এদের যাঁরা রোজগার করে সংসার চালাতেন তাদের পারিবারিক ভাতার ব্যবস্থা করা হোক—এই দাবী, সংশোধনী মুভ করার সময় হাউসের কাছে আমি রাখছি।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সদস্য বিজয় পালের পক্ষ থেকে যে প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে এর শম্ভুচরণ ঘোষ মহাশয়ের পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাব সমর্থন করে এই প্রসঙ্গে ২।১টি কথা বলতে চাই। ১৯৬২ সালে যখন আকস্মিক ভাবে ভারতবর্ষ আক্রান্ত হয় সে সময় প্রকৃত প্রস্তাবে জরুরী অবস্থা সৃষ্টি হয়েছিল। মাননীয় রাষ্ট্রপতি জরুরী অবস্থা ঘোষণা করেন এবং তখন যে জরুরী অবস্থার আইন জারী করা হয় তাকে আমরা পূর্ণভাবে সমর্থন করেছিলাম। কিন্তু বর্তমানে যে অবস্থা সেই পরিপ্রেক্ষিতে আজ বিচার করতে হবে এই জরুরী অবস্থা কি রূপ নিয়েছে। আজ কংগ্রেসের

বিরুদ্ধে আমাদের বহু অভিযোগ রয়েছে এবং আমরা জানি ১৭ বছরের মধ্যে কংগ্রে লক্ষ লক্ষ জনসাধারণের শিক্ষা, খাদ্য, চিকিৎসা, বাসস্থানের ব্যবস্থা করতে পারেননি। আমর জানি মানুষ আজ বাঁচার আন্দোলন করছে। লক্ষ লক্ষ লোক আজ বেকার হয়ে ঘে বেড়াচেছ। আমার দেখছি শিক্ষকরা আন্দোলন করছে, সরকারী কর্মচারীরা আন্দোলন করছে কৃষকরা বাঁচার দাবী নিয়ে আন্দোলন করছে। এই অবস্থায় মাঝখানে আমাদের কাছে জরুরী অবস্থা সত্বেও আমরা মনে করি ভারতের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখণ্ডতা আমাদে কাছে বড় জিনিষ। এজন্য আমরা সরকারকে যেন সমর্থন করি। কিন্তু আমরা দেখতে পাচিছ সরকার জনসাধারণের দেশপ্রেমের সুযোগ নিয়ে ভারত রক্ষা আইনের অপপ্রয়োগ করছে তখন আমরা সরকারকে আর সমর্থন করতে পারি না। আমরা দেখতে পাচিছ শুধু কম্যুনিষ্ট পার্টি নয় ভারতের বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও কর্মীদের তাঁরা জেলখানায় আটকে রেখেছেন। কম্যুনিষ্ট পার্টি সম্বন্ধে আমাদের বক্তব্য রয়েছে। আমরা পি. এস. পি. রা গণতান্ত্রিক সমাজবাদে বিশ্বাসী করি। কম্যুনিষ্ট পার্টির সঙ্গে আমাদের মতভেদ থাকতে পারে, কিন্তু বিনা বিচারে আটক রাখার নীতিকে আমরা কিছুতেই সমর্থন করতে পারি না। বৃটিশ সাম্রাজ্যবাদ ভারত রক্ষা আইনে গ্রেপ্তার করেছেন, কিন্তু তাঁরা রাজনৈতিক মর্য্যাদা দিতেন এবং সমস্ত সুযোগ-সুবিধা দিতেন। কংগ্রেসের যাঁরা স্বাধীনতার আন্দোলন করেছিলেন সেই সঙ্গে আমিও ছিলাম যেন তখন আমরা রাজনৈতিক বন্দী হিসাবে সুযোগ গ্রহণ করেছি। কাল মুখ্যমন্ত্রী তাঁর এখানকার বক্তৃতায় বলেছেন আমরা ডি. আই. আর.-এ ৯৭৭ জনকে গ্রেপ্তার করেছি তার মধ্যে রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্ট আছেন ১৭১ জন। তিনি নিজে স্বীকার করেছেন রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্ট আছেন, অথচ রাজনৈতিক বন্দী নয়। আমি জানি ফরওয়াড ব্লকএর অনেককে গ্রেপ্তার করা হয়েছে। কয়েকদিন পূবে পি. এস. পি পার্টি-এর একজনক গ্রেপ্তার করা হয়েছে, কি অপরাধ না তিনি জনসাধারণের দাবী নিয়ে আন্দোলন করছেন। আজ আমরা দেখতে পাচিছ গণতান্ত্রিক আন্দো আন্দোলন, কৃষক আন্দোলন, জনসাধারণের খাদ্য আন্দোলন দমন করার জন্য এ ভারত বন্ধ আন্দোলনের সময় বহু লোককে ভারত রক্ষা আইনে গ্রেপ্তার করে জেলখানায় রেখে দিয়েছেন আমি বলছি এঁদের অবিলম্বে মুক্তি দেওয়া হোক না হয় আদালতে হাজির করুন। এটা শুধু গণতন্ত্রের বিরুদ্ধে নয়, সংবিধানের বিরুদ্ধে নয়, আমারা দেখছি এটাতে স্বেচ্ছাচারিতা আছে। সুতরাং যতদিন পযন্ত তাঁদের বিচার না করা হয় ততদিন তাঁদের রাজনৈতিক বন্দী হিসাবে মর্য্যাদা দিন। খাদ্য বস্ত্র, পুস্তক, খবরের কাগজের ব্যবস্থা প্রভৃতি যেগুলো বৃটিশ গভর্নমেণ্ট করেছিলেন তার চেয়ে কোন অধিকার কাড়া চলবে না সুতরাং আমরা যে দাবী করছি সেটা ন্যায়সঙ্গত দাবী এবং সেটা আপনারা মেনে নেবেন। তাঁদের দাবী অত্যন্ত যুক্তি সঙ্গত এবং কোন গণতান্ত্রিক সরকার এটাকে অস্বীকার করতে পারেন না। এই বলে আমি শেষ করছি।

[4-55—5-5 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় সভাপাল মহাশয়, যে বেসরকার প্রস্তাব এসেছে, সংশোধনী সহ সেই প্রস্তাবের সমর্থন করতে উঠে আমি বলতে চাই কংগ্রেস দলের বক্তা শুক্লা সাহেব যে বক্তৃতা করলেন তাতে মনে হচ্ছে ইতিহাসের ধারা যেন কংগ্রেসের খাটে এসে আটকে গেছে তাঁর কথা থেকে আর একটা জিনিষ বোঝা গেল যে তিনি মনে করেন যে, আন্তর্জাতিক-বাদ হলো জাতীয় স্বার্থের বিরোধী। তিনি যে আন্তর্জাতিক ব্যাখ্যা করেছেন সেটা আদতে অর্থ তা নয় আজকের দিন জাতীয় স্বার্থ আজকের দিনে রক্ষা করতে হলে আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গী অবশ্য দরকার, সঙ্কীণ জাতীয়তা বাদের দ্বারা তা কিছুতেই সম্ভব নয়। কিন্তু সেই আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গী এবং আন্তর্জাতিকতাবাদী হওয়ার জন্য যে ত্যাগের দরকার সেই ত্যাগ স্বীকারের পরিবর্তে তাঁরা কেবল মলমূত্রই ত্যাগ করে থাকেন এঁরা চরম ভোগের শিখরে বসে আছেন। তাঁদের কাছ থেকে যদি ত্যাগের কথা শিখতে হয় তাহলে অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা। আজকের প্রস্তাবের উপর এই কথা বলতে চাই, ইংরাজ আমল থেকেই এটা স্বীকৃতি লাভ করেছে। যেসব রাজনৈতিক কর্মীদের কোন অভিযোগ দিয়ে গ্রেপ্তার করা হয় যে কোন মিথ্যা অভিযোগ হলেও তাঁরা রাজনৈতিক বন্দী। আর যে সমস্ত রাজনৈতিক ——— বিরুদ্ধে কোন অভিযোগ পর্য্যন্ত দিতে না পেরে শুধু অনুমানের বশবর্তী হয়ে যাঁদের জেলে পুরে রাখা হয় তখনও তারা রাজবন্দী। আজও তাদের সেভাবে আটক

করে রাখা হয়েছে। ইংরাজ আমল থেকে যে ধারা প্রচলিত আছে সেই স্বীকৃত ধারা অনুযায়ীই এরা সকলেই রাজবন্দী। সুতরাং রাজবন্দীর যে অধিকার সে অধিকার কংগ্রেস সরকারের মেনে নেওয়া উচিত। যে সমস্ত বন্দীদের বিনা বিচারে আটক করে রাখা হয়েছে, যাদের বিরুদ্ধে কোন কেস নেই প্রথম শ্রেণী বা ২য় শ্রেণী বন্দী হিসাবে তারা সুযোগ সুবিধা পাবেন। কারণ তাদের বিরুদ্ধে কোন কেস নেই আমরা সেই তাদের বিনা বিচারে আটক করে রাখা হয়েছে তারা রাজবন্দী উপযুক্ত মর্য্যাদা তাদের দিতে হবে এবং দেওয়া উচিত। আজকে সরকার যদি এ মর্য্যাদা স্বীকার না করেন তাহলে ভবিষ্যতে এই মর্য্যাদা স্বীকার করে নিতে হবে। বৃটিশ গভর্ণমেণ্ট রাজবন্দীদের যে সমস্ত দাবী ও মর্য্যাদা স্বীকার করতে বাধ্য হয়েছিলেন আজকে স্বদেশী সরকারের তথাকথিত নেতৃবৃন্দের সে মর্যাদা অস্বীকার করতে নারাজ। সভাপাল মহাশয় আপনার মাধ্যমে আমি সরকারকে এই কথাই স্মরণ করিয়ে দিত চাই যে রক্তের সাগরে কখনও সত্যকে ডুবিয়ে দেওয়া যা না এবং মানুষের চিন্তাধারাকেও মশা মাছি উকুনের মতম টিপে টিপে মারাও কিছুতে সম্ভব নয়। এ সত্য ইতিহাসে বার বার প্রমাণ হয়ে গেছে রাজনৈতিক বন্দীদের যথাযোগ্য মর্য্যাদা যদি সরকার স্বীকার করতেন তাহলে নিজেদের মর্য্যাদা দেখা হত। কিন্তু এ মর্য্যাদা আমরা তাঁদের কাছ থেকে আশা করতে পারি না। কারণ তারা আজকে সেই পর্য্যায়ে নেই এবং থাকতে পারেন না। তাঁরা ছলে, বলে, কৌশলে এবং যে কোন হীন উপায়ে এই সমস্ত রাজবন্দী ও রাজনৈতিক বন্দীদের বেইজ্জতি করতে চান এবং এইভাবে নিজেদের গদিকে টিকিয়ে রাখতে চান। তিনি নিজেদের নির্বাচিত প্রতিনিধি বলে মনে করেন এবং এই জরুরী অবস্থায় নিজেদের জন্য ৫০ টাকা অ্যালাওয়েন্স ধার্য্য করতে পারেন আর তাঁদের নিজেদের কর্ম চারীদের ৫ টাকাও দিতে যে পারবেন এটা তাঁদের কাছ থেকে আশা করতে পারি না। এঁরা জরুরী অবস্থাকে কি ভাবে পালন করছেন এটাই তার চরম প্রমাণ।

পরিশেষে আমার বক্তব্য হচ্ছে এই যে রাজনৈতিক বন্দী তাঁরা যে কোন দলেরই হোন, তাঁদের পূর্ণ মর্য্যাদা দিতে হবে এবং তাঁদের মুক্তির দাবি আমরা করছি আর এই যে বেসরকারী প্রস্তাব এবং তার সংশোধনী এসেছে তাকে আমি সমর্থন করছি। সেই সঙ্গে সঙ্গে আমি স্মরণ করিয়ে দিতে চাই কেউ যদি মনে করেন এই যে কমিউনিষ্ট পার্টির কর্মীদের গ্রেপ্তার করা হচ্ছে এই ফাকে আমরা ফাঁকা মাঠে গোল দিয়ে নিই তাহলে সেটাও অত্যন্ত ভ্রমাত্মক। আজকে এই যে আক্রমণ এসেছে এটা কমিউনিষ্ট বলে নয়, সরকার ভাল করেই জানেন এ দের বিরুদ্ধে এই যে সমস্ত কথা সরকার বলছেন যে এঁরা এখনই দেশকে উৎখাত করে দেবে, এটা আদৌ সত্য কথা নয়। গণতান্ত্রিক উপায়ে যে সরকার মানুষকে খেতে দিতে পাবে না সেই সরকারের বিরুদ্ধে যদি মানুষ আন্দোলন করে উঠে এবং সেই আন্দোলন যদি শীর্ষস্থানে উঠে তাহলে সরকার যে কেঁপে উঠবে নড়ে উঠবে সেটুকু স্বীকৃতি পর্যন্ত দিতে এঁরা রাজী নয়।

Shri Amarendra Nath Basu:

মাননীয় সভাপতি মহাশয়, যে প্রস্তাবটা শ্রীবিজয় পাল মহাশয় জেল থেকে পাঠিয়েছেন এবং যে প্রস্তাবটা শ্রীমনোরঞ্জন রায় মহাশয় উত্থাপন করেছেন এবং শ্রীশম্ভু ঘোষ মহাশয় তার যে সংশোধন এনেছেন আমি সেটাকে পূর্ণ সমর্থন করছি। তার মধ্যে তিনটি কথা আছে---একটা কথা হচ্ছে বিনা বিচারে যাদের আটক করা হয়েছে তাদের বিচার হবে কিনা, দ্বিতীয় কথা হচ্ছে বিনা বিচারে যাদের আটক করা হয়েছে তাদের মুক্তি দেওয়া হবে কিনা আর যদি মুক্তি না দেওয়া হয় জেলের মধ্যে তারা যদি থাকে তাহলে তাদের যে অভাব অভিযোগ তারা যাতে ভালভাবে জেলের মধ্যে থাকতে পারে তার ব্যবস্থা সরকার করতে প্রস্তুত আছেন কিনা। আমি প্রথমেই বলব বিনা বিচারে কাউকে আটক করে রাখা উচিত নয়। ঠিক সেই কারণেই আমি তাঁদের মুক্তি চাই। আজকে দেশে এই অবস্থাতেও তাদের মুক্তির জন্য দাবি জোর গলায় তুলছি এজন্য যে আমি বিশ্বাস করি আজকে যাদের জেলে আটক করে রাখা হয়েছে তারা কেউই দেশদ্রোহী নয়। দেশদ্রোহী তো নয়ই, তারা দেশ ভক্ত, দেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছে এবং এখনও জনগণের কল্যাণের জন্য ভারতবর্ষের

এই স্বাধীনতাকে রূপ দেওয়ার জন্য অর্থনৈতিক সংগ্রামে জয়ী হবার জন্য তাঁরা সংগ্র রত ছিলেন। সেই হিসাবে ভারতবর্ষের প্রত্যেকটি মানুষের তাঁরা বন্ধু। ভারতবে প্রত্যেকটি মানুষের তাঁরা সেবক। আমি সেজন্য বিশেষ করে অনুরোধ করছি যে তাে মুক্তি দেওয়া হোক। আমি যে তাঁদের রাজনৈতিক কর্মী এবং বন্দী বলে এখানে ঘোষ করছি তার একমাত্র কারণ সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় এই সভায় বলেছিলেন যে আজ জেলে একজনও রাজনৈতিক বন্দী নেই এবং সেটা সেই সময় আমাকে সত্যই দুঃখ দিয়েছি মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহা আপনারও নাম আছে, আপনি সেই ১৯০৫ সালের কথা জানেন, ১৯১৫ সালের কথা জান এবং বাংলার বহু যুবকের সঙ্গে আমিও সেই রকম জেলে ছিলাম। ১৯১৫ সালে আম যখন রেগুলেসান অব ১৮৮৮তে জেলে যাই তখন আমাদের উপর চার্জ ছিল বৃটিশ সরকাে বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করার জন্য এবং যুদ্ধ করবার জন্য প্রস্তুত হচ্ছি তখনই জেল খান তাঁরা সম্পূর্ণ আমাদের রাজনৈতিক বন্দী বলে সম্মান দিয়েছিলেন এবং ঠিক সেইভাবে আমাদে সঙ্গে যে ব্যবহার করা উচিত সেই ব্যবহার তাঁরা করেছিলেন।

[5-5—5-15 p.m.]

আমরা কি করে বিশ্বাস করবো যে শ্রদ্ধেয় সতীশ পাকড়াশী, মুজাফ্ফর আহমেধ, নিরঞ্জন সে হরেকৃষ্ণ কোনার, বিনয়, সুবোধ, বিজয় পাল—এঁরা দেশের বিরুদ্ধে কাজ করবে, স্বাধীন বিকিয়ে দেবে? এটা অসম্ভব কথা। আজকে তাদের ধরে রাখবার একমাত্র কারণ এ বলে আমরা মনে করি—ভারতবর্ষে যে নূতন আন্দোলন আসছে, যে সংগ্রাম ও আন্দোলন কংগ্রেস সরকারকে বদলে দিয়ে নূতন সরকার তা গড়তে পারবে, শুধু সেই আন্দোলনে দিকে লক্ষ্য রেখে আজকে এঁদের আটকে রাখা হয়েছে। হয়ত আরো আটক রাখা হবে

আজকে একটা কথা মনে পড়ে ১৯২৪ সালে যখন নেতাজী সুভাষ বোসের সঙ্গে আমরা একশো জন লোক ধরা পড়েছিলাম, তখন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস ময়দানে এব বিরাট মিটিং করে বলেছিলেন সুভাষচন্দ্র যদি দোষী হয়, তাঁর সাথীরা যদি দোষী হয়, তাহলে আমিও দোষী। আজকে ঠিক সেই আওয়াজ বাংলাদেশে উঠছে। আজ দেশবন্ধু দাশ না থাকলেও বাংলার অগণিত জনসাধারণ এই বন্দীদের মুক্তির জন্য দাবী করছে, মিছিল করছে সভা করছে, শোভাযাত্রা করছে। কেরালার মানুষ দেখিয়ে দিয়েছে বন্দীদের নির্বাচিত করে যে বন্দীরা যে মতে বিশ্বাসী হয়ে যে পথে চলতে চায়, তারাও সেই পথে চলতে চায়। তাঁরা স্বীকার করে নিয়েছে যা বন্দী হয়ে আছে তারা দেশদ্রোহী নয়; তাঁরা দেশভক্ত। আমি সংবাদপত্রে পড়েছিলাম ভারতবর্ষের প্রধানমন্ত্রী এক নির্বাচনী ভাষণে বলেছিলেন এদের ভোট দেওয়া অন্যায়। এরা দেশের ভক্ত নয়। কিন্তু তার জবাব ঐ কেরালার মানুষ দিয়ে দিয়েছে।

আর একটা কথা বলতে চাই। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো ওদের ছেড়ে দিতে যদি দেরী লাগে, তিনি অনেক সময় বলেন এ ব্যাপারে তাঁর হাত নাই, কেন্দ্রের হাত আমি বলবো কেন্দ্রকে জানান উচিত যে বাংলার মত তারা এই বন্দীদের জেলে রাখতে চায় না এবং তাতেও সময় যদি লাগে যতদিন তারা জেলে থাকবে, এই বিজয় পাল মহাশয় তাতে যে বক্তব্য রেখেছেন যে যে সুবিধার কথা বলেছেন, সেই সুবিধাগুলি যেন অবিলম্বে ব্যবস্থা করতে পারেন।

আমার শেষ কথা একটা কথা রবীন্দ্রনাথের কথা—অত্যাচার করে যে সেও যেমন অপরাধী, আর অত্যাচার সহ্য করে যে, সেও তেমন অপরাধী। এই বন্দীদের উপর যে অত্যাচার করা হচ্ছে দেশের মানুষ যদি তা সহ্য করে, দেশের মানুষ যদি তা মাথা পেতে নেয়, সরকার যা অত্যাচার করছে তা মেনে নিলাম, তাহলে আমি বলবো দেশের মানুষ অপরাধ করবে। আমার বিশ্বাস আছে বাংলার মানুষ কখনো তা মাথা পেতে নেবে না। তারা আন্দোলনের মধ্য দিয়ে এই বন্দীদের মুক্ত করবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananda Gopal Mukhopadhya:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে বিরোধী পক্ষের সদস্য শ্রীবিজয় পাল মহাশয় যে প্রস্তাব উৎথাপন করেছেন বা তার প্রস্তাবের পর মনোরঞ্জনবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব যে আমি বিরোধীতা করবো এটা নিশ্চয় সভাগৃহের সবাই অনুমান করেছেন এবং নিশ্চয়ই আমি এই প্রস্তাব সর্বান্তঃকরণে বিরোধীতা করছি। এই প্রস্তাবে একটি কথা পরিষ্কারভাবে বিজয়বাবু তুলে ধরেছেন যেটা প্রস্তাবের জন্য কোথায়ও খুঁজতে হবে না—প্রস্তাবের মুখবন্ধে প্রথম লাইনেই যা পাওয়া যাবে তিনি বিনা বিচারে আটক কমিউনিষ্ট বন্দীদের কথা তিনি বলেছেন। চেয়ারম্যান মহাশয়, আমার প্রথম আপত্তি সেখানে। যদি ডি. আই. আর-এ অন্যদের আটক করা হয়ে থাকে আমি আমার অন্য বক্তব্য রাখবার আগে প্রথমেই সরকারকে নিবেদন করবো যে তাদের কমিউনিষ্টদের সঙ্গে যেন এক পর্যায়ভুক্ত না করা হয় কারণ একদিকে দেশদ্রোহী আর এক দিকে দেশের মানুষ। অন্য রাজনৈতিক দলের বন্দী যারা আছেন তাদের অপরাধ সম্পর্কে বিচার করলে যদি মনে কোন তথ্য না পাওয়া যায় যার উপর ভিত্তি করে সরকার পক্ষ এই সিদ্ধান্তে আসতে পারে যে সরকার তাদের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন। আর কমিউনিষ্ট সম্বন্ধে গতকাল ভারতবর্ষের লোকসভায় এই ধরণের প্রস্তাব আলোচিত হয়েছে। কমিউনিষ্ট দলের তরফ থেকে এই প্রস্তাবের সমর্থন জানানো হয়েছে—আর বিরোধীতা করেছেন অন্যান্য রাজনৈতিক দল এস. এস. পি., আর. এস. পি., এবং কমিউনিষ্ট পার্টি একটি মত পোষণ করেছেন।

(গোলমাল)

Shri Nani Bhattacharjee:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, পাছে ভুল ধারণা নিয়ে সকলে চলে যান তাই আমার এটা পরিষ্কার বলা দরকার। আর. এস. পি. গথকাল লোকসভায় যে বিতর্ক সেই বিতর্কে ঐ হোয়াইট পেপার এবং অন্যান্য রাজনৈতিক বন্দীদের যারা বিনা বিচারে আটক আছেন তাদের অবিলম্বে মুক্তি দেবার ব্যাপারে যখন আলোচনা হয় তখন আমরা সেই দাবী সমর্থন করেছিলাম—বিরোধীতা করি নাই।

Shri Ananda Gopal Mukhopadhya:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, ননীবাবু আমার বক্তব্য শোনার আগে 'না, না, না করে উঠেছেন। কমিউনিষ্টের বক্তব্য তাঁরা সমর্থন করেছেন এবং এস. এস. পি.ও করেছেন। আর ভারতবর্ষের অন্য রাজনৈতিক দল সমর্থন করেন নি। এখানে পরিষ্কারভাবে আজকে দাঁড়াচ্ছে যে এই ডি. আই. আরএ যারা আটক আছে তাদের জেলে দেওয়া যেতে পারে কিনা এর পিছনে কোন যুক্তি আছে কিনা। আমি শুধু কমিউনিষ্টদের কথা বলে যাচ্ছি। আমি এখানে ভারতবর্ষের মানুষ হিসাবে কথা বলছি। কমিউনিষ্ট পার্টি অব ইণ্ডিয়া এর কোন কোন সদস্য হিসাবে প্রস্তাব উত্থাপকদের আমি বিরোধিতা করছি না। এই ভারতবর্ষের মাটিতে বিশ্বাসঘাতকদের জন্ম হয়েছে এবং তাদের কাছে এই ভারতবর্ষ এই শিক্ষাই গ্রহণ করেছে বর্তমানে যেন বিশ্বাসাতকদের বিশ্বাসঘাতকতা তাদের স্বাধীনতাকে যেন বিসর্জন না দেয়।

[5-25—5-35 p.m.]

আমরা তার থেকে অনুধাবন করলে দেখতে পাবো কি? দেখতে পাবো, ভারতবর্ষের স্বাধীনতার আগে এবং পরে একটি রাজনৈতিক দল এই কমিউনিষ্ট পার্টি স্বাধীনতা আন্দোলনে বিশ্বাঘাতকতা করেছে। আমার মতে নয়, ইতিহাস এই কথা বলে। আর স্বাধীনতার পর নির্লজ্জের মত ভারতের স্বাধীনতাকে বিঘ্নিত করবার চেষ্টা করছে। অতিতের ইতিহাসের সেই শিক্ষাকে গ্রহণ করে আজ মির্জাফর, উমিচাঁদ, জগতশেঠের দলকে পেছনে রেখে দেশের লোক এগবে না। সরকার যাদের হাতে আছে, দেশের স্বাধীনতা রক্ষার দায়িত্ব

সর্বাগ্রে তাদেরই। তাই সর্বপ্রধান কর্তব্য হল, এই সমস্ত যারা স্বাধীনতা হানিঃ চক্রান্ত করবে, তাদেরই প্রথম শাস্তি দেওয়া দরকার। বিচারের কথা উঠে না, বিচারের কথ উঠায় যারা তাঁরা কেবল কূট রাজনৈতিক জাল যুক্তি দিয়ে দেশের মানুষকে বিভ্রান্ত করাঃ চেষ্টা করেন। অমরবাবু এখানে দাঁড়িয়ে বলছিলেন যে, হরেকৃষ্ণ কোঙার, শ্রীবিনঃ চৌধুরী এবং অন্যান্য কয়েকজন কর্মী দেশের স্বাধীনতার বিরুদ্ধে কিছু করতে পারেন এটা বিশ্বাস করি না। নাম করে আমি এখানে বলব না, কিন্তু আজকে কমুউনিষ্ট পাটি দু ভাগে ভাগ হয়ে বসেছে কেন? আপনার এতদিনের সহকর্মী, বন্ধু শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী, শ্রীসোমনাথ লাহিড়ী একদিকে বসে আছেন আর একদিকে আপনি বসে আছেন। একদিকে দৃঢ় বিশ্বাস নিয়ে একদল বিশ্বাস করে যে আর এক দল দেশের স্বাধীনতাকে নষ্ট করবে। তাই আপনারা আজকে দ্বিধাবিভক্ত হয়েছেন। আজকে আপনারা মত পরিষ্কার করে সোজা হয়ে দাঁড়িয়ে কথা বলতে পারেন না। ভারতবর্ষের মানুষের সামনে, অশিক্ষিত মানুষকে ভুল বোঝবার জন্য, কূট রাজনৈতিক জাল বুনে আজকে সমূহ রংগিন চিত্র তুলে ধরতে পারেন। ভারতবর্ষে অভাব আছে, অনটন আছে, দারিদ্র্য আছে, আপনারা তারই সুযোগ নিয়ে মানুষকে উৎক্ষিপ্ত করতে পারেন। অতিতের ইতিহাসের সাক্ষীকে সামনে রেখে, ভারতবর্ষের একজন সাধারণ নাগরিক হিসাবে আজ এই সভার মাঝে আমি এই কণ্ঠই দেবো এই কথাই বলব যে, ভারতবর্ষের ঘরে ঘরে এই কথাই যেন পৌঁছায় যে বিশ্বাস-ঘাতককে যেন কেউ বিশ্বাস না করে। দেশ যদি এগিয়ে যেতে না'ও যেতে পারে তবু'ও আমরা যেন স্বাধীনতাকে না হারাই। আজকে এখানে বক্তৃতা করতে উঠে মনোরঞ্জনবাবু বলছিলেন ক্ষুদিরামের কথা। লজ্জায় মাথা হেঁট হয়ে যাওয়া উচিত। ঘৃণা হয় যাঁরা ক্ষুদিরামের কথা উল্লেখ করেন—সেদিন যাঁরা আন্দোলন করেছিলেন দেশকে স্বাধীন করবার জন্য, প্রাণ হাতে করে এগিয়ে গিয়েছিলেন, লক্ষ লক্ষ ভারতবর্ষের মানুষ, আজ সেখানে যাঁরা এগিয়ে গেছে তাঁদের মর্য্যাদার সঙ্গে আজ যাঁদের তুলনা করছেন সেই দেশদ্রোহীদের এক পর্য্যায়ভুক্ত করতে পারেন আপনারা? লজ্জা যদি থাকতো তাহলে একথা মুখ দিয়ে বের করতে পারতেন না। ভারতবর্ষের মানুষের স্মৃতিশক্তি অত্যন্ত দুর্বল। সেই জন্যই এখন পর্যন্ত এই বিধানসভায় এটা গণতন্ত্র সম্মত বলেই আজ একথা দাঁড়িয়ে বলে যেতে পারেন। আর বাংলাদেশ তথা ভারতবর্ষের মানুষ সেকথা শোনে। তা না হলে ক্ষুদিরামের সঙ্গে তুলনা করে আজকালকার দিনের ওই দেশদ্রোহী কমিউনিস্টদের আন্দোলনকে যেন তুলনা করবেন তখন সেখানে দেশের মানুষকে এত নির্বোধ ভাববেন না। আজ তাই এই বিধানসভার সামনে আমি জোর করে এই কথা বলতে চাই যে, সরকার কোন দুর্বলতাকে যেন প্রশ্রয় না দেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, কয়েকদিন আগে.......

POINT OF PRIVILEGE

Shri Somnath Lahiri :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, পয়েণ্ট অফ প্রিভিলেজ, মাননীয় সদস্য বক্তৃতা করতে গিয়ে বললেন যে, মনোরঞ্জন রায় দেশদ্রোহী। এটা বলার অধিকার তার আছে কিনা জানতে চাই। এ সম্পর্কে আপনার রুলিং চাই।

Mr. Chairman :

উনি ওনার ওপিনিয়ান দিয়েছেন। আপনি আপনার জবাব রিপ্লাইএর সময় দেবেন।

This is no point of privilege in it.

Shri Somnath Lahiri :

আমার পয়েণ্ট অব অর্ডার অ্যাণ্ড অলসো পয়েণ্ট অব প্রিভিলেজ সেটা হচ্ছে এই যে, উনি মনোরঞ্জন রায়ের নাম করে বলেছেন যে দেশদ্রোহী। এই সভায় স্পীকারের রুলিং আছে

যে কোন সদস্যের সম্বন্ধে এই শব্দ ব্যবহার করা যেতে পারে না। উনি সেই রুলিং-এ স্বাধীনতা ও নিয়ম ভঙ্গ করেছেন। আপনি অবশ্য সাময়িক চেয়ারম্যান, কিন্তু সাময়িক হলেও আপনার দায়িত্ব স্বীকারের রুলিং রক্ষা করা। কাজেই আমি বলব, আপনি ওঁকে বলুন উইথড্র করতে, আর তা না হলে এর যথারীতি বিধান করুন। আর ওই শব্দ যেন এক্সপোঞ্জড করা হয়।

Mr. Chairman :

কোন মেম্বারকে উদ্দেশ্য করে না বলাই ভালো।

Shri Ananda Gopal Mukhopadhya :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি যা বলেছি সেটা আর একবার বলছি। আপনি শুনুন, তারপর আপনার নির্দেশ আমি মাথা পেতে নেবো।

Shri Somnath Lahiri :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা আর নূতন করে শুনতে চাই না। উনি যা বলেছেন তা আপনিও শুনেছেন আমরাও শুনেছি।

Shri Ananda Gopal Mukhopadhya :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি বলেছি, ও পক্ষের সদস্য মনোরঞ্জনবাবুর লজ্জা হওয়া উচিত যে তিনি ক্ষুদিরামের সঙ্গে, সেই আন্দোলনের ধারার সঙ্গে, আজকের দিনের দেশ-দ্রোহীদের আন্দোলনের তুলনা করেছেন।

Shri Somnath Lahiri :

স্যার, উনি অসত্য কথা বলছেন।

Mr. Chairman : In that case, tape record with have to be consulted, It will be done and the Speakes will give the ruling.

[5-25—5-35 p. m.]

Shri Ananda Gopal Mukhopadhya :

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আর একটি বিশেষ সংবাদের দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে কাগজে দেখলাম যে, পিকিং রেডিও ব্রডকাষ্ট করছে ভারতবর্ষের কমিউনিষ্টদের বিনা বিচারে ডি. আই. আর ধরে রাখা হচ্ছে। ফলে সেখানে একটা উত্তেজনার সৃষ্টি হয়েছে। কোথাকার জল কোথায় গিয়ে দাঁড়াচ্ছে দেখুন।

এবং সেখানে তারজন্য একটা উত্তেজনা সৃষ্টি হয়েছে। কোথাকার জল কোথায় গিয়ে পড়ছে দেখুন। এখানে দেশদ্রোহী কমিউনিষ্টদের ভারতবর্ষের স্বাধীনতাকে বিপন্ন করবার জন্য ডি. আই. রুল-এ আটক করে রাখা হয়েছে আর কোথায় নাড়ীতে গিয়ে টান পড়ছে দেখুন—ভারতবর্ষের নয়, পিকিং-এর। সেখানকার সংবাদপত্রে প্রচারিত হচ্ছে, পিকিং রেডিও ব্রডকাষ্ট করছে—অর্থাৎ একদম নাড়ীর যোগ দেখতে পাচ্ছি। সোমনাথবাবু হয়ত হালে সব খবর পাননা, কিন্তু তাঁর অন্যান্য বন্ধুরা এখন খুব চীনা বন্ধু হয়েছে বলে এই সব সংবাদের সঙ্গে বিশেষভাবে যুক্ত। সোমনাথবাবুর জানবার জন্য বলি এখন অবস্থা যা দাঁড়িয়েছে তাতে বিশেষ করে চীনা পন্থী কমিউনিষ্টদের সম্বন্ধে সকলের আরও বেশী করে সজাগ হয়ে থাকার প্রয়োজন আছে বলে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য যখন আমি এই

সভাগৃহে রাখছি তখন বিরোধীপক্ষের সদস্যদের মনে নিশ্চয়ই সাড়া জেগেছে, তাঁদের মনে নিশ্চয়ই হৃৎকম্পের উদয় হয়েছে এবং বাইরেও একথার সাড়া জাগবে তাই পয়েন্ট অব অর্ডার এবং প্রিভিলেজ দুটি তাঁরা একসঙ্গেই তুলেছেন। আমি কিন্তু আপনার কাছে সবিনয়ে নিবেদন করব এবং আপনার মাধ্যমে সরকারের কাছে নিবেদন করব যে, আজকে সরকার যেন কোন রকম দুর্বলতার প্রশ্রয় না দেন এবং চীনা পন্থী কমিউনিষ্টদের সম্বন্ধে যদি কোন রকম দুর্বলতা দেখেন তাহলে ভারতবর্ষের সমূহ ক্ষতি হবে। আমার আর একটি বক্তব্য হচ্ছে এই ডি, আই, রুল-এ অন্য পার্টির কাউকে যদি ধরা হয়ে থাকে তাহলে তাঁদের সম্পর্কে যেন পুনর্বিবেচনা করা হয় এবং কি সিদ্ধান্ত নেওয়া যায় সেটা যেন বিবেচনা করা হয়। স্যার, আমরা জানি ভারবর্ষের কমিউনিষ্ট পার্টির অধ্যায় হচ্ছে দেশদ্রোহীতার অধ্যায় এবং অন্যান্য পার্টির যাঁরা আছেন তাঁরা ভারতবর্ষকে "মা" বলে জানেন, ভারতবর্ষের দুর্দিনে ভারতবর্ষকে সাহায্য করার জন্য এক সঙ্গে লড়াই করবেন একথা আমি বিশ্বাস করি। তারপর, তৃতীয় প্রস্তাব যেটা আছে সেটা পড়ে মনে হোল মাগগী ভাতা যদি রিভাইস করতে হয় তাহলে এটা ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইবুনাল-এর কাছে পাঠিয়ে দিন। পারিবারিক ভাতা, মাগগীভাতা এবং আরও কি কি প্রয়োজন সেগুলি ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনাল-এর কাছে তাঁদের বিচারের জন্য পাঠিয়ে দেওয়া হোক এবং সেই বিচারের রায় যেটা আসবে সরকার সেটা গ্রহণ করুক। একথা বলে যে প্রস্তাব এসেছে তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং একদিক থেকে আমি মনে করি অন্যান্য দেশগুলিকে চোখ খুলে দেওয়া হয়েছে, তাদের হুঁসিয়ার করা হয়েছে যে, তাঁরা যেন ভুলও কমিউনিষ্ট দলের দিকে সমর্থন না জানান।

Shri Kamal Kanti Guha :

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আমার এমেণ্ডমেন্ট মুভ করছি। দ্বিতীয় অনুচ্ছেদের ১-৩ লাইনের পরিবর্তে নিম্নলিখিত শব্দগুলি বসানো হউকঃ—

"এমতাবস্থায় বিধান সভার অভিমত এই যে, উক্ত আটক বন্দীদের অবিলম্বে বিচার করা অথবা মুক্তি দেওয়া হউক; এবং যতদিন তাঁহারা মুক্তি না পাইতেছেন ততদিন কারাগারে যাহাতে তাঁহারা মানুষের মত বাঁচিয়া থাকিতে পারেন তজ্জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা হউকঃ—

Mr. Chairman :

মুক্তি দেওয়া হউক, এটা আউট অব অর্ডার, এখানে হাউসে ডিভিসিশন হয়ে গেছে, মুক্তি দেওয়া হউক এটা হবে না। এই সেশনেই এটা হয়েছে।

Shri Kamal Kanti Guha :

আচ্ছা ঠিক আছে, স্যার, আমি এটা জানতাম না তাহলে ঐটুকু বাদ যাক। আমি এতে লজ্জিত, যখন ক্ষুদিরামের গলায় মাল্যদান করার জন্য পণ্ডিত নেহেরুকে আমন্ত্রণ করা হয়েছিল তিনি যতক্ষণ বলেছিলেন ক্ষুদিরামের রাজনৈতিক কার্য্যাবলী আমি সমর্থন করি না, তাঁর হিংসাত্মক কার্য্য আমি সমর্থন করি না, সেই ক্ষুদিরামের কথা যখন আমি পণ্ডিত নেহেরুর দলের লোক শ্রীআনন্দ গোপালের মুখ থেকে নি আমিও তখন লজ্জিত হই। আমরা স্যার, একটা বিরাট অসংগতির যুগে বাস করছি। যে কৃষক খাদ্য উৎপাদন করে সে খেতে পায়না, যে কর্মচারী রাষ্ট্র পরিচালনা করে তারা খেতে পায়না, যারা উপরে বসে আছে তারাই ভোগ করছে, খেতে পাচ্ছে। একক দশক পার হয়ে যখন শিবরামগুপ্ত সমাজসেবী হয় এবং যখন পতিতালয় চালায় অতুল্য ঘোষ তখন তার সঙ্গে টেলিফোন করে দেশ চালায়, তেমনি আমরা দেখছি শেখ আবদুল্লা কাশ্মীর নিয়ে পাকিস্তানের সঙ্গে ষড়যন্ত্র করে তখন যদি দেখি সকন্যা নেহেরু প্রধান মন্ত্রী প্রটোবল ভেঙ্গে পালাম বিমান ঘাঁটিতে উপস্থিত হন। অথচ এই দেশেরই ছেলে স্বাধীনতা রক্ষার জন্য সেদিন যে শৈলেন শান্তি সরল নিজের শ্রম দিয়েছে নিজের ত্যাগ দিয়েছে তাদের বিনা বিচারে আটকে

রেখে দিচ্ছে। তারা কোন সুখ সুবিধা পাবে কিনা এই কথা বলতে গিয়ে আমাদের আনন্দবাবু বলেছেন ট্রাইবুনালে রেফার করা হোক, তিনি ব্যাংগ করেছেন আমরা এই অসংগতির যুগে বাস করছি। কি বিরাট অসংগতি, উনি বলেছেন ভারতবর্ষের লোকের স্মৃতিশক্তি দুর্বল, তাই সেখানে কমিউনিষ্ট পার্টি এবং অন্যান্য বিরোধী দলের লোকেরা ভোট পায়। ঠিকই স্যার, ভারতবর্ষের লোকের স্মৃতি শক্তি দুর্বল না হলে যারা নাকি ঘিরে চবি মিশায়, চালেতে কাঁকর মেশায়, সরকারী টাকা তচনছ করে, মিলিটারীতে ব্যয়ের টাকা খরচ হয়, তখন যখন ইমার্জেন্সীর কথা বলেন দেশ রক্ষার কথা বলেন তখন মনে হয় আমরা বিরাট অসংগতির যুগে বাস করছি। অসংগতির রাষ্ট্রে বসবাস করছি। আজকে আমরা কি দেখছি, আজকে বলা হচ্ছে যে যারা ডি আই রুলে আটকে আছে তাদের কোন রকম সম্মান দেখান হবে না, তাদের কোন রকম সুযোগ সুবিধা দেওয়া হবে না। অথচ পাশাপাশি দেখছি যেদিন ২৫শে সেপ্টেম্বর আমাদের দমদম জেলে ধরে নেওয়া হয় ডি আই রুলে সেখানে গিয়ে দেখলাম ১২০০ কয়েদীর মধ্যে ৭৫০ জন পাগল, তার মধ্যে আমাদের রাত কাটাতে হয়েছে। সেদিন জানলাম যারা চোরাকারবার করে দেশের মানুষের খাদ্য নিয়ে মুনাফা করে তাদের প্রেসিডেন্সী জেলে রাখা হয়েছে, প্রেসিডেন্সী জেলের ইয়োরোপীয়ান কোয়ার্টারে রাখা হয়েছে, এই রকম অসংগতি হচ্ছে। আমি একথাই বলতে চাচ্ছি আমরা জেলে যাব বার বার জেলে যাব, আমাদের যেতে হবে, কারণ আমরা বিশ্বাস করি যতদিন এই সরকার থাকবেন ততদিন এই পুঁজিবাদের টলপীবাহক এই কংগ্রেস সরকার থাকবে ততদিন আমাদের আন্দোলন করতে হবে, সংগ্রাম করতে হবে, ততদিন মানুষকে বেঁচে থাকার জন্য সংগ্রামে টেনে নিয়ে যেতে হবে, তার জন্য আমাদের জেলে যেতে হবে। আমি জানি এঁরা ক্লাসিফিকেশন দেবেন না, কিন্তু তার জন্য আমাদের সংগ্রাম ঠেকে থাকবে না। কিন্তু আমি একথা বলতে চাই আজকে তাঁরা গণতন্ত্রের কথা বলছেন, সংবিধানের কথা বলছেন, সেগুলি আমি এদের সম্মুখে রেখে বলচি এদের যদি লজ্জা থাকত, বিচার শক্তি নষ্ট না হয়ে যেত তাহলে পাশাপাশি কি করছেন? কুচবিহারের ইসমাইল মিয়া, কংগ্রেসের নেতা, যার বাড়ীতে ট্রান্সমিটার পাওয়া গেছে, অন্য অস্ত্র শস্ত্র পাওয়া গেছে তাকে ডি আই রুলে ধরে ক্লাসিফিকেশন দেওয়া হচ্ছে। সুখ সুবিধা দেওয়া হচ্ছে, এখানকার কাশেম আলি মির্জার সম্বন্ধে হাউসে আমার আগে খবরের কাগজে দেখেছি, তাঁর বাড়ীতে বোমা ডিনামাইট পাওয়া গেছে, ইছলামপুরের এম এল এ, তাঁর ওখানে পাকিস্থানের পতাকা পাওয়া গেল, অথচ তারাই বিধান সভার সদস্য, সম্মানিত সদস্য তাঁরা হলেন ভি আই পি যারা খাদ্য নিয়ে আন্দোলন করবে, যারা ট্রেড ইউনিয়ন আন্দোলন করবে তাদের ডি. আই রুলে এরেষ্ট করেছেন, কিন্তু রাজবন্দীর সম্মান দেওয়া হচ্ছে না, তাদের সামান্য সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে না অথচ আজকে এখানে কারামন্ত্রী নেই, আমি তাঁকে দেখিয়ে দিতে পারি আমি যখন ২৯শে জুলাই কুচবিহার জেলে বধান আটক কেসে জেলে ছিলাম।

[535—5-45 p.m.]

ডি. আই. আব.এ সেখানে ২ জন মাড়োয়াড়ীকে ধরে নিয়ে আনা হল তারা বললে যে আমাদের স্টক নিল অথচ তাদের গুদামে ঢুকে ফুড ইনস্পেক্টর এবং এনফোর্সমেণ্ট ইনস্পেক্টর কয়েকশত মণ চাল পেয়েছিলো। তারা দেখলাম আমাদের পাশাপাশি প্রথম শ্রেণীর বন্দী হিসাবে ছিল। এই যে অসঙ্গতি এই অসঙ্গতির পরিপ্রেক্ষিতে আমরা দাবী করচি যারা গণতান্ত্রিক আন্দোলনের সাথে যুক্ত ট্রেড ইউনিযন আন্দোলনের সাথে যুক্ত ট্রেড ইউনিয়ন আন্দোলনের সাথে যুক্ত খাদ্য আন্দোলনের সাথে যুক্ত তাঁদের যারা জেলে যাবেন বা যে সমস্ত রাজনৈতিক কর্মী জেলে থাকবেন, তাদের সম্মান এবং মর্য্যাদা দেওয়া প্রয়োজন। তা যদি না দেওয়া হয় তাহলে গণতন্ত্রের কোন মূল্য থাকে না, শুক্লা সাহেব বলেছেন যারা দেশকে বিকিয়ে দিচ্ছেন যারা দেশের সর্বনাশ করচেন তাঁরা দেশদ্রোহী ডি আই আরএ তাদের আটক করা উচিত, এ কথা আমরাও বার বার বলে এসেছি। এখানে নেপালবাবু কালকে বললেন এবং আনন্দবাবু আজকে বললেন ফরোয়ার্ড ব্লকের যারা জেলে আছেন ডি আই আরএ তাঁদের সম্বন্ধে পুনর্বিবেচনা করা উচিত। আজকে মুখ্যমন্ত্রীর কাছ থেকে পরিষ্কার জানতে চাই—মখ্যমন্ত্রীর সৌভাগ্য যে কালকে আমরা 'ওয়াক

আউট করেছিলাম—শ্রীশৈলেস দে, শান্তি গাঙ্গুলী এবং সবলদের এদের যে ডি আই আরএ বিনা বিচারে আটক করা হয়েছে এর কারণ কি এবং তিনি কি সিদ্ধান্ত নিয়েছেন তা জানতে চাই? গণতন্ত্রের কথা বলে আমাদের চেপে রাখা যাবে না, গণতন্ত্রের কথা এখানকার মর্যাদার কথা বলে বিভ্রান্ত করা যাবে না। কারণ আমরা জানি সরকার যদি গণতন্ত্র রক্ষা না করতে পারেন তাহলে সে দায়িত্ব বিরোধী দলের উপর চাপিয়ে দিলে চলবে না। মুখ্যমন্ত্রীর কথা ধরে হয়ত অনেক খবরের কাগজ ছাপবে যে আমরা বিরোধী-পক্ষরা গণতন্ত্রের সমাধি দিচ্ছি, গণতন্ত্রের ধূলিসাৎ করছি। আজকে বিরোধীদলকে গণতন্ত্র থেকে সরিয়ে দেওয়া হচ্ছে। আজকে আমরা বিধান সভার যে নীতি সে নীতি থেকে আমরা সে সরে যেতে বাধ্য হচ্ছি তার জন্য দায়িত্ব হল মুখ্যমন্ত্রীর এবং কংগ্রেস সরকারের। সেজন্য আমরা পরিষ্কার ভাবে বলতে চাই নিজেদের দায়িত্বের কথা স্মরণ করে আমরা যে অভিযোগ করেছি তার যথাযথ উত্তর দেবেন এবং তাঁর ডিসিসান্ জানাবেন। সব শেষে বলতে চাই বিনা বিচারে বন্দী যারা হয়েছে তাদের বিচার করা হোক, যদি প্রকাশ্য আদালতে বিচার করার অসুবিধা থাকে তাহলে ব্রিটিশ আমলে দেশের মধ্যে যেমন বিচার হত আমাদেরও মধ্যে বহুবার বিচার হয়েছে। এটা সে ভাবে করা হোক এবং যে বন্দী সে যাতে সেখানে উপস্থিত হয়ে বুঝতে পারে সে কি অপরাধ করেছে, তাহলে সে তার উত্তর দিতে পারবে। এ ব্যবস্থা করা হোক তা না হলে এদের যুক্তি কে দেওয়া হোক। আমি কালকে বলেছি ইমারজেন্সী এবং ডি. আই. আর. আপনারা খেলো করে দিয়েছেন, আমি জানি এমন বহু লোককে গ্রেপ্তার করা হয়েছে যারা কমিউনিষ্ট পার্টি থেকে সংস্রব ত্যাগ করেছে, আজকে সেখানে দারোগার সঙ্গে মনোমালিন্য হওয়ায় ডি. আর. আর. এ অ্যারেষ্ট করা হচ্ছে। আনন্দবাবু, জগন্নাথ বাবু যদি মনে করেন ফরোয়ার্ড ব্লক দেশপ্রেমিক দল, কিন্তু যদি তাঁদের স্বার্থে এই ভাবে আটক রাখা হয় তাহলে আমি বলবো জাতীয় সর্বনাশ করবেন। ইমারজেন্সীর সময় আপনাদের উচিত হবে উপযুক্ত কাজ দেখিয়ে সমর্থন নেওয়া, আমাদের সমর্থন নিতে হলে আমাদের সংশয় দূর করতে হবে এবং আমাদের কাছে পরিষ্কার ভাবে সরকারী নীতি রাখতে হবে। এছাড়া আমরা সরকারের এই গোজামিল দেওয়া কথা মেনে নিতে পারি না এবং আজকে শম্ভু ঘোষ মহাশয় যে অ্যামেণ্ডমেণ্ট এনেছেন সেটা সমর্থন করছি এবং আমি আমার এ্যামেণ্ডমেণ্ট উপস্থিত করছি।

Shri Somnath Lahiri:

মিঃ চেয়ারম্যান স্যার, আনন্দবাবু উল্লেখ করেছেন লোকসভায় পি. এস. পি. সোসালিস্ট পার্টি কম্যুনিষ্ট পার্টি ইত্যাদি এই ব্যাপারে একমত হয়েছেন বটে কিন্তু কংগ্রেসের সমান দেশাত্মবোধে উদ্বুদ্ধ স্বতন্ত্র পার্টি কিন্তু হয়নি একথা খুব সত্য। কারণ কংগ্রেস পার্টির ফাণ্ড যেখান থেকে আসে টাটা বিড়লা ও আমেরিকান মালিকদের কাছ থেকে সেই স্বতন্ত্র পার্টি তাঁদের সেই ছোট তরফ হিসাবে একই জয়গা থেকে টাকা পান। সুতরাং তাদের উভয়ের নীতি হবে ধনীকদের অত্যাচার বিরোধী, আমেরিকার আধিপত্য যে সমস্ত দল আছে তাদের নিজেদের, কর্মীদের বিনা বিচারে আটক রাখা অর্থাৎ পরস্পর পরস্পরের যে পিঠ চুলকাবে সেটাই খুব স্বভাবিক। কিন্তু তাতে প্রমাণ হয় না স্বতন্ত্র পার্টি বা কংগ্রেস পার্টি যাদের আয়ের জোরে জেলাখানায় বন্দী রাখবেন তারা সব বিশ্বাসঘাতক। দেশের লোক যদি মনে করে বিশ্বাসঘাতক তা হলে হোক। কিন্তু দেশের মধ্যে কোন দিন এই ইস্যুতে ভোট চাওয়া হয়নি—অথাৎ তারা বিশ্বাস-ঘাতক কিনা সুতরাং এসব কথা বালার কোন অধিকার আনন্দবাবুর নেই। বরং কেরালায় যে নির্বাচন হয়ে গেল তাতে দেখলাম কেরালার লোকেরা ভাল লোক দুই কম্যুনিষ্ট পার্টি, এস এস পি, ইনডিপেনডেণ্ট ইত্যাদি মিলে একের ভোট দিয়েছে। অথাৎ ৪৬ পারসেণ্ট ভোটার একথা মনে করেনি যে তারা বিশ্বাসঘাতক বরং মনে করেছেন তারা কেরালার শাসন করার পক্ষে উপযুক্ত অন্য পক্ষে কংগ্রেসকে যারা ভোট দিয়েছে এরা বিশ্বাসঘাতক বলে ভোট দিয়েছে এরকম মনে করা সম্ভবপর নয়—অন্য কারণে দিয়ে থাকতে পারেন। যা হোক একথা পরিষ্কার হয়ে গেছে দেশের লোকের মনে যে ১৯৬২ সালে লোকের মধ্যে অনেক মিথ্যা প্রচার করে কংগ্রেস পক্ষ যে সামান্য কিছু বিরুদ্ধ মনোভাব সৃষ্টি করতে পেরেছিল তা ধুয়ে মুছে গেছে। বাস্তবের অভিজ্ঞতায় লোকে বুঝতে পেরেছেন কংগ্রেস

পক্ষের কাছে এটা ইমারজেন্সী নয়, এটা দেশরক্ষা নয় শুধু তাঁদের দল ও গভর্নমেণ্টকে যে ভাবেই হোক এর দ্বারা রক্ষা করার চেষ্টা এবং তার জন্য বিরোধী পক্ষকে গায়ের জোরে বিনা বিচারে আটক রাখা। আনন্দবাবুর এই মত আমি কিন্তু বিশ্বাস করি না। আমি বিশ্বাস করতে চাই যে কংগ্রেসের মধ্যে সবাই আনন্দবাবু নন। কারণ কেরালায় যারা ভোট দিয়েছেন তাঁদের মধ্যে অনেক কংগ্রেস সমর্থক ছিলেন। অন্যান্য ব্যাপারে তিক্ত অভিজ্ঞতা থেকে এদিকে তাঁরা ভোট দিয়েছেন। আমি কেরালার এই ব্যাপারে নিয়ে কংগ্রেস কর্মীর সঙ্গে আলোচনা করে দেখেছি যে তাঁদের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ আছে যে কেরালার এই নির্বাচনের পরও জনসাধারণের এই সুস্পষ্ট রায়ের পর বন্দীদের কেন মুক্তি দেওয়া হল না। কাজেই আনন্দবাবুকে দিয়ে কংগ্রেস তৈরী তা যাতে মনে না করতে পারি সেই সুযোগ আমি আপনাদের কাছ থেকে চাচ্ছি, আপনাদের মধ্যে এমন মানুষও আছেন যাঁরা গণতন্ত্রকে রক্ষা করতে চায় এবং সেই হিসেবে এই অন্যায়কে চিরস্থায়ী করতে চান না। একজন লোককেও বিচার করলেন না। শুধু নিজেদের মতের জোরে, গায়ের জোরে, ক্ষমতার জোরে এই রকম ভাবে আটক করে রাখলেন। তা যদি রাখলেন তা হলে সেটা প্রথমতঃ অন্যায় একটা অন্যায় করলেন। কিন্তু তা প্রমাণ করার ক্ষমতা আপনাদের নেই। যোগ্যতা নেই। তা সত্ত্বেও আপনারা বন্দী করলেন, করছেন। তারপর তাঁদের সঙ্গে জেলে যে ব্যবহার সেটা কি উচিত ব্যবহার করবেন না। আপনাকে যে আইন তৈরী করেছেন সেটা আপনারা মেজরিটিএর জোরে পাশ করছেন এবং করে আপনারা অন্যায় ভাবে যাদের বন্দী করে রেখেছেন তাঁদের বিরুদ্ধে আপনারা অন্যায় ভাবে হীন সুযোগ নেবেন, রাজনৈতিক বন্দীর মর্যাদা দিতে অস্বীকার করবেন। কংগ্রেসের মধ্যে আমি অনেকদিন কাজ করেছি, কিন্তু কংগ্রেসের মানুষ এত হীন, নীচ হবে তা আশা করি না। আপনাদের যারা শত্রু তাঁদের শত্রু হিসাবে আপনাদের ক্ষমতা তাঁদের উপর প্রয়োগ করে জেলখানায় নিয়ে গেলেন। কিন্তু মনুষ্যত্ব বলে একটা জিনিষ আছে। অথাৎ শত্রু যখন পড়ে যায় তখন তার উপর কেউ আঘাত করে না কারণ সেটা প র মত হয়। কাজেই আপনারা কি আজকে পাশবিক অবস্থায় এসে উপস্থিত হয়েছেন? জবরদস্তি মিথ্যা একটা আইনের জোরে শত্রুদের বন্দী করে রাখলেন তারপর আইনের যে সাধারণ বিধান ছিল জেলখানায় বন্দীদের সম্বন্ধে ব্যবহার সেখানেও হীনভাবে তাঁদের সঙ্গে আইনের সুযোগ নিয়ে সাধারণ সুযোগ সুবিধা থেকে তাঁদের বঞ্চিত করবেন।

সেজন্য আমি কংগ্রেস পক্ষকে অনুরোধ করব কংগ্রেসের মধ্যে যদি এখনও এমন মানুষ থেকে থাকে, এখানে হয়ত নেই বাইরে আছেন, নেতাদের মধ্যে হয়ত নেই, কিন্তু তবুও যদি সেই পুরান দিনের ঋ এতটুকু রেস আপনাদের মনের মধ্যে অবশিষ্ট থাকে তাহলে আপনারা বিচার করে দেখুন যে মানুষকে অন্যায়ভাবে গ্রেপ্তার করবার পর তার সেই বন্দী দশার হীন সুযোগ নিয়ে তাকে তার রাজনৈতিক বন্দীর মর্যাদা থেকে বঞ্চিত করবেন এটা কি আপনাদের ভবিষ্যতকে উজ্জ্বল করবে? মোটেই উজ্জ্বল করবে না, দেশের মানুষের সামনে আপনাদের মাথা হেট করে দেবে। কংগ্রেসের যেটুকু ঐতিহ্য এখনও দেশের লোকের মনের মধ্যে অবশিষ্ট আছে তাকে নিঃশেষ করে দেবে। সেজন্য এই প্রস্তাব এবং সংশোধনগুলি আমি সমর্থন করি।

[5-45—5-55 p.m.]

Ruling On The Court Of Privilege Raised By Shri Monoranjan Roy And Shri Somnath Lahiri

Mr. Speaker: Hon'ble Members, I understand that some point of privilege has been taken up by some of the honourable members in the House when I was absent. This much I can give ruling—no need of going through the tape recording—that if it is used referring to any member certainly that should be treated as expunged, because the decision is already there.

Shri Prafulla Chandra Sen :

মাননীয় অধ্যক্ষ মহাশয় ঠিকই মনে করেছেন যে হয়ত আমাদের কিছু বলবার নেই, কেন না এই প্রস্তাব সম্বন্ধে আজকে নয় এর পূবে আপনি জানেন যে কতবার আলোচনা আমরা করের এবং এঁরা যে কথা বলবেন আমাদেরও আবার সেই কথাই বরলতে হবে, নতুন অিছু বল বিষয় আছে তা নয়। আগে যে সমস্ত প্রস্তাব হয়েছে, শ্রীমনোরঞ্জন রায় মহাশয় যে প্রস্তাব এনেছেন তার সঙ্গে আগেকার প্রস্তাবের একটু তফাত আছে। এই প্রস্তাবের কথা হচেছ আচছা বাপু, তোমরা তো ছাড়বে না বুঝতে পারছি, তোমরা ভাল লোক র্নু, তোমরা তে বিচার ক... না তা বুঝতে পারছি, কেন না তোমাদের উদ্দেশ্য খারাপ, যাই হোক তোমরা এদের সঙ্গে মানুষের মত ব্যবহার করবে ভদ্র ব্যবহার করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের সঙ্গে আমরা কোন অভদ্র ব্যবহার করছি না। আমরা এদের আণ্ডার ট্রায়াল ডিভিসান ওযান প্রিজনারদের যে সমস্ত সুখ সুবিধা তা তো দিয়েছি এবং তারপরেও আরো আমরা কিছু দিয়েছি এবং সেটা সেদিন আমি বলেছিলাম যে তাদের আয়রণ এণ্ড উডেন কট দেওয়া হয়, কুথ দেওয়া হয়, ম্যাট্রেস দেওয়া হয়, ব্লানকেটট, বেড সিট, মস্কুইটো নেট

Pillow cover, extra blanket for winter season, dhuti, pyjama, towel, half shirt. tooth paste, toilet soap, writing pad, pen holder, envelope, pencil, nib, playing card, jasha.

দেওয়া হয়। কটন চাদর দেওয়া হয়, আব গরম চাদর দেওয়া হয়। রুমাল দেওয়া হয় আর দেওয়া হয়, হোয়র অয়েল, টুথ ব্রাশ, টুথ পেষ্ট, টয়লেট সোপ, রাইটিং প্যাড, পেন হোল্ডার, এনভেলপ, পেন্সিল, নিব, প্লেয়িং কাড, পাসা ভলিবল দেওয়া হয় যদি খেলবার জায়গা থাকে এবং পকেট খরচ হিসাবে ৭।। টাকা দেওয়া হচেছ। এদের খেতে দেওয়া হয় পাঁউরুটি বা চা সকালে আর্লি মর্নিং দেড ছটাক, চা, কোকো বা কয়ফ সোয়া ছটাক, চিন ১ ছটাক, মাখক ৩।৮ ছটাক অথবা ঘি ১।৪ ছটাক, দুধ ৪ ছটাক। আমরা কতজন এই রকম খেতে পাই আমি জানি না, আসিতো পাই না। আদার মিল ফাইন রাইস ৭ ছটাক, ডাল ২ ছটাক, ভেজিটেবল ৪ ছটাক, পোটাটো ২ ছটাক, মিট বা ফিস ১ ছটাক। যারা নিরামিষ খান তাদের ঘি আবার সোয়া ছটাক আর দহি ২ ছটাক করে। নূনের কথা বলে লাভ নেই। কাজে কাজেই আমরা এদের সঙ্গে খুব খারাপ ব্যবহার করছি মনুষ্যচিত ব্যবহার করছি না তা আমি মনে করি না। তবে হতে পারে যাঁরা গেছেন, তাদের আমাদের বা আপনার চেয়ে জীবনযাত্রার মান উন্নত ছিল। কিন্তু এখানে একই রকম নিয়ম সকলের প্রতি প্রয়োজ্য হচেছ এবং হবে। এ বাদে তাঁদের প্রায় সবাইকে তাঁদের পরিবারের লোককে ভাতা ও দিচিছ। আমি এই মাত্র খবর নিয়ে দেখলাম যে এখন আরমরা মাসক ভাতা দিচিছ ৮৩৫০৲ টাকা করে এবং ৭৩টি পরিবারকে এই ভাতা দেওয়া হচেছ। আরো অনেকগুলি এ্যাপ্লিকেশন আছে সবাইকে দিচিছ না। আমি এখন তাদের নাম বলতে পারবো না, আমার কাছে এখানে নামের তালিকা নাই। যা হোক ৮৩৫০৲ টাকা করে ভাতা দিচিছ মাসিক।

আমি গতকাল উল্লেখ করেছিলাম মাননীয় সদস্যরা তখন চলে গেছেন রাগ করে যে এ পর্যন্ত ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস (৩০) ৯৭৭ জন লোককে ধরেছি। আমি শুনেছি তার মধ্যে রাজনৈতিক দলের সঙ্গে যাদের যোগ আছে, তাদের সংখ্যা ১৭১ ; আর বাকী যে ৮০৬ জন তার মধ্যে হোডারস আছে, ব্লাক মাকেটারস আছে, গুণ্ডা আছে, স্মাগলারস আছে, এ্যাণ্টি-সোসিয়াল এলিমেণ্ট আছে যারা এণ্টি সোসাল এ্যাক্টিভিটিসকরেছে, তারা আছে, প্রো-পাককিস্তানী এলিমেণ্টস আছে, কমিউনাল এজিটেটরস আছে ইত্যাদি। কাজে কাজেই আমরা কোন দলকে জব্দ করবার জন্য বা খাটো করবার জন্য বা তাদের প্রতি রাগ আছে বলে তাদের জব্দ করবার জন্য ধরি নাই। একথা আজকে শুধু নয়, এর আগেও বার বার করে সে কথা বলেছি।

আমাদের কমলগুহ মহাশয় খুব উষ্মা প্রকাশ করেছেন। তিনি বলেছেন যে, মশায়, গণতন্ত্র ফনতন্ত্র সব নিভর করছে ওদের যে তিনজন শ্রীসরলদেব, শান্তি ও শৈলেন সরকার এই তিনজনের আদ্যাক্ষর দেখছি সব "শ"। এই তিনজনকে যদি ছেড়ে না দেন তাহলে গণতন্ত্রে টনতন্ত্রে কেউ বিশ্বাস করবে না এই রকম আমরা অনেক কথা শুনেছি। ক[illegible]বাবর সঙ্গে আমাদের এক

জায়গায় মতের মিল হতে পারে যদি এমন কোন লোক হয় যদি চীনাপন্থী হয় তাতও ওদেরন কোন আপত্তি নাই এখানে। সেখানে তাঁর সঙ্গে আমা একমত। তবে উনি মনে করেন যে এই তিন্ন জন যারা ফরওাড ব্লকের কর্মী, তাদের যদি ছেড়ে দেওয়া হয় তাহলে আমাদের সঙ্গে তা, আর কোন মতের অমিল থাকবে না মোটামুটি তাঁদের যদি না ছেড়ে দেই, তাহলে, উনি বলছেন গণতন্ত্র ফনতন্ত্র এখানে কিছু তিনি মানবেন না। সে উনি মনে করতে পানে। তবে এখানে যদি গণতন্ত্র না মানেন, তাহলে তার ব্যবস্থা, স্যার, আপনিই করবেন, আমরা কিছুই করতে পারবো না। আর বাইরে যদি তিনি গণতন্ত্র না মানেন, হিংসার কাজ করেন, তাহলে পর তার ব্যবস্থা আমরা করবো। তা এখানে বলে কোন লাভ নাই। আমরা যাদের ধরেছি কমলবাবু যদি ও মনে করেন শৈলেনবাবু এমন বড় দরের নেতা নয়; হেমন্তবাবুকে ধরেছিলাম, তাঁকে ছেড়ে দিয়েছি। আর অন্যান্য যাদের ধরে রেখছি তাঁরা এমন কোন মহান নেতা নয় যে তাদের ধরে রেখে আমাদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করবা। কারণ আছে বলেই আমরা, তাদের ধরে রেখেছি।

(এ ভয়েস : কি কারণ ?)

এটা যে আইন। আমাদের মর্জিমত কাউকে ধরা হয় নাই। মর্জিমত যদি ধরবার ইচ্ছা হতো, তাহলে কমলবাবুকে ধরতাম। কিন্তু তা ধরিনি। শৈলেন বাবুকে কোন দিন আমি দেখিনি, চিনি না। তার উপর কোন রাগও থাকতে পারে না। কমলবাবু তো অনবরত গালাগালি দিচ্ছেন, অন্য সময়ে তাঁকে ধরেছিলাম। ছেড়ে দিয়েছি। যাদের ধরেছি, তাঁদের ব্যক্তিগতভাবে কাউকে চিনি না, কোন সম্পক নাই। আমাদের বন্ধু হেমন্তবাবুকে অনেকার বলেছি আমি ওদের চিনি না। ওদের রিপোর্টের উপর ভিত্তি কর ধরেছি এবং এই কাজ করেছি। আমাদের একটি মেশিনারীর উপর নিভর করতে হবে। তার উপর যদি আমরা নিভরশীল না হই, তাহলে আমরা আমাদের কতব্য পালন করবো না। তবে একটা কথা হচ্ছে মর্জিমাফিক ধরা একটা জিনিষ, আর আইনের বল ধরা অন্য জিনিষ। এমন হতে পারে আমরা এই আইনটার খুব পক্ষে হতে পারি। কিন্তু যদি অধিক সংখ্যক লোক এই আইনের বিপক্ষে চলে যান, তাহলে এই আইন নাকচ হয়ে যাবে।

[5-55—6-5 p.m.]

যদি অধিকসংখ্যক লোক এই আইনের বিপক্ষে চলে যান তাহলে এই আইন নাকচই হয়ে গেল কাজেই এটা গণতন্ত্র বিরোধী আইন নয় এটা বুঝতে হবে এবং এই রকম আইনের প্রয়োজনীয়তা আছে এটা সবাই স্বীকর করবেন। আরও বহু লোক আছে—কই আমরা তো সোমনাথ লাহিড়ী মহাশয়ের মত লোককে ধরি নি

(শ্রীসোমনাথ লাহিড়ী :—ধরেছেন মহাশয়, বাগনানে আমাদের দলের অনেকেই ধরেছেন)

যাহোক, আমার জানা নেই—উনি যদি তথ্য দেন তাহলে আমি দেখবো কি কারণে ধরা হয়েছে। সোমনাথ বাবুর মত লোককে আমরা ধরবো না। অন্তত আমি বলে দিতে পরি যে সোমনাথবাবুর মত লোককে ধরার মত কোন ইচ্ছা আমাদের নেই—অন্তত ওঁদের যে মত ওঁরা প্রকাশ করেছেন বাইরে এবং ভিতরে। অবশ্য এখানে আমাদের অনেক কথা বলতে হয় শুনতে হয়—কিন্তু বইরে ওঁরা যে নীতি গ্রহণ করেছেন তাতে আমাদের ওঁকে কথা ধরবার কোন ইচ্ছা নেই। কাজেই ওঁদের যদি কাউকে ধরে থাকি বা ফরওয়ার্ড ব্লকের যদি কাউকে ধরে থাকি তাহলে সেটা দুঃখের কথা। নাম যদি বলেন তাহলে আমি দেখবো কি কারণে দধরেছি এবং স্বীকার করতে হবে যে ডি. আই. আর. রুল ৩০—সেটা বৈধ সেটা আমাদের মর্জিতে নয়—জোর করে নয় এবং এটা গণতন্ত্র বিরোধী নয়—এটা গণতন্ত্রের মধ্যে। তবে গণতন্ত্রের অন্য কোন ব্যাখ্যা যদি হয়—আমি জানি না—গণতন্ত্রের অন্য ব্যাখ্যা হতে পারে কিন্তু আমাদের দেশে যে গণতন্ত্র চলছে বা অন্যান্য দেশে যে গণতন্ত্র চলছে সেই গণতন্ত্র অনসারে একটা আইন প্রণয়ন করা হয়েছে—সেই আইনে আমাদের এটা অধিকার দিয়েছে,

খুবই এটা দুঃখের কথা—আমরাও চাই না যে কাউকে আমরা বিনা বিচারে ধরে রাখবো—নিশ্চয়ই এটা অন্যায়। কিন্তু আমাদের দেশের অধিক সংখ্যক প্রতিনিধিরা যারা এ্যাডাল্ট ফ্রাঞ্চাইস প্রাপ্ত বয়স্কদের ভোটে নির্বাচিত হয়েছেন তারা এটা করেছেন—এটা হচ্ছে সংসদীয় গণতন্ত্রের নীতি এবং তাঁরাই এই বিধি করেছেন। কাজে কাজেই এটা অগণতান্ত্রিক বলে আমরা স্বীকার করি না। তবে কমলবাবু বললেন যে ওঁদের তিনজনকে ছেড়ে দিলেই এটা গণতান্ত্রিক হয়ে যাবে। আমি জানি না, আমি অবশ্য সে রকম বিচার করে বলতে পারবো না। আমি কমলবাবুর বক্তৃতা খুব মন দিয়ে শুনেছি, উনি বলেছেন যে এই তিনজনকে যদি ছেড়ে না দেওয়া যায় তাহলে তিনি গণতন্ত্র মানবেন না গণতন্ত্র আমরা দেখে নেবো। অবশ্য ওঁর। গণতন্ত্রের ধারণা এবং আমাদের যে গণতন্ত্রের ধারণা সেটা অন্য। এঁরা আমাদের বলেন যে ওঃ তোমরা আমেরিকার পা চাটছো—তোমরা ধনীর দালাল। আমরা যখন বলি যে আমরা অনেক ব্যবসায়ীদের ধরেছি—অনেক ধনীকে ধরেছি—অনেক চোরাকারবারীদের ধরেছি তখন ওঁরা বলেন যে ওঃ তা ধরেছো—কিন্তু তাদের রাজার হালে রেখে দিয়েছো।। কিন্তু ওঁদের জন্য যে খাদ্য ব্যবস্থা তাদের জন্যও সেই খাদ্য ব্যবস্থা। ওঁদের আমরা সাড়ে সাত টাকা করে পকেট এ্যালাউন্স দিচ্ছি—তাদের কিন্তু দিচ্ছি না—ওঁদের পারিবারিক ভাতা দিচ্ছি। চোরা কারবারী বা গুন্ডা যাদের আমরা ধরেছি তাদের আমরা কোন ভাতা দিচ্ছি না সাড়ে সাত টাকা পকেট এ্যালাউন্স দিচ্ছি না—তাস খেলার ব্যবস্থা করে দেওয়া হয় না খবরের কাগজ দেওয়া হয় না। কাজে কাজেই এই সব কথা বলা মানে ঠাট্টা করা। একথা আমরা বহুবার শুনেছি ১৭।১৮ বছর ধরে, মিউনিসিপ্যাল ইলেকসনে শুনেছি কিন্তু তাতে কিছু হবে না। ওঁরা মনে করেন সব লোক বুঝি বোকা। কিন্তু তারা সমস্ত বোঝে—তাদের রাজনৈতিক জ্ঞান আছে এবং তা বুঝে হিসাব করে বিচার করে তাদের যে মত সেই মত প্রকাশ করেন। কাজে কাজেই কেউ যদি গণতন্ত্র মানবেন না বলে ভয় দেখান তাতে আমাদের কর্তব্য থেকে আমরা বিচ্যুত হবো না। সোমনাথবাবু যদি নিজে বলেন যে না মহাশয় এটা খুব অন্যায় হয়েছে এখন ছেড়ে দিতে হবে তাহলে সে আলাদা কথা। আমি সোমনাথবাবুকে সেদিন জিজ্ঞাসা করেছিলাম যে মহাশয়, কি কারণ যে আপনারা দু ভাগে বিভক্ত হলেন। আমি ওঁর বক্তৃতা শুনবার চেষ্টা করেছিলাম এবং শুনেছি ছিলাম—তিনি বলেন নি কিছুতেই যে কি কারণে ওঁরা বিভক্ত হয়েছেন। কাজে কাজেই আজকে আমি এই কথা বলতে পারি। যে প্রস্তাব শ্রীমনোরঞ্জন বাবু এখানে উপস্থাপিত করেছেন তাতে অবশ্য ছাড়বার কথা নেই। তাতে এই কথা আছে যে বাপু তোমরা ধরেছো, তোমরা খারাপ লোক, তোমরা অন্যায় করেছো আমাদে সঙ্গে ভাল ব্যবহার কর। আমরা তাদের সঙ্গে ভাল ব্যবহার করি এবং আমরা মোটামুটি যা খাই তার চেয়ে ভাল খাবার এদের দেওয়া হচ্ছে অবশ্য সেটা আমি নিজে যা খাই। আমি যদি ভদ্র খাদ্য খাই এরাও ভদ্র খাদ্য খাচ্ছে। কাজে কাজেই আমি এই সমস্ত প্রস্তাব কাটমোসানের বিরোধিতা করছি।

Revised Dute For The Poll In Connection With Election To The Public Accounts Committee.

Mr. Speaker: Honourable Members, to suit the convenience of the members, the poll in connection with the election to the Committee on Public Accounts will be taken on the 23rd March, 1965, between the hours of 2 p.m. and 4 p.m. instead of the date that was previously fixed.

Shri Monoranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর কাজ থেকে যেটা আমরা জানতে চেয়েছিলাম সেটার জবাব আমরা পেলাম না। কেন ধরেছেন, কেন আজকে সাধারণ লোকের মনে এই প্রশ্ন আসছে এবং কেন আজকে দিল্লীতে পার্লামেণ্টারী কমিটি যা আছে সেখানে অধিকাংশ সদস্যরা এই প্রশ্ন তুলেছেন? যা যুক্তি প্রকাশ করা হয়েছে সেটা যথেষ্ট নয়। কেন ধরেছেন এবং জনসাধারণের সন্দেহ কি সেটা আমি বলেছিলাম, তার কোন জবাব মুখ্যমন্ত্রীর কাছ থেকে পেলাম না, সেটাই হচ্ছে রাজনৈতিক প্রশ্ন। আমাদের বন্ধু শুকলা এবং আনন্দ বাবুর কাছ থেকে এর জবাব আশা করিনি এবং পাইও না। তবে শুকলা বাবু একটি কথা একটরু বেফাঁস বলে ফেলেনে। আমি যে প্রশ্নগুলি তুলেছিলাম তার মধ্যে সেটা পড়ে এবং যেটা অন্যতম প্রধান কারণ তা

হচ্ছে এই ধর্মঘট করা। এই সেদিন যখন ট্রাম ধর্মঘট হল, অন্য জায়গায় ধর্মঘটের নোটিশ দিচ্ছে এবং এরা সব জায়গায় ধর্মঘট করে বেড়াচ্ছে এদের ধরবো না এটা হচ্ছে আমার প্রশ্ন এবং সেই জন্যই ধরেছেন। ঐখানে হয়ত ধর্মঘট হবে, আবার কোথাও খাদ্য আন্দোলন হবে বা বোনাস আন্দোলন হবে—আনন্দবাবুর একটু বিভীষিকা দাঁড়িয়ে গেছে। উনি যখন দেখলেন যে খাদ্য বস্ত্র এই সমস্ত কথা আছে, উনি ভাবলেন ওরে বাবারে ঐ শ্রমিক এসে আমাকে বোধ হয় ধরবে। সেইজন্য উনি বলেছেন যে ওদের ধরে জেলে পাঠিয়ে দাও তা না হলে আবার ধর্মঘট হয়ে যাবে। বিশেষ করে আনন্দবাবুর বক্তব্য শুনে মনে হল যে ভোট অব আমেরিকা যেটা আছে তার রেকর্ডটা চালিয়ে দিন—এখন এই প্রস্তাবের মধ্যে মুখ্যমন্ত্রী সরকারকে বলেছেন, যেটা প্রস্তাবের প্রথম দিকে ছিল যে তোমরা বিচারের জন্য আদালতে পাঠাচ্ছো না এবং তোমরা বিনাবিচারে আটক করে রেখেছো, এবং তাদের ছাড়া হবে না বলে এখানে ব্রুট মেজরিটি দিয়ে একটি প্রস্তাব পাশ হয়ে গেল। মুখ্যমন্ত্রী যখন বললেন তখন তিনি ফিরিস্তি দিলেন যে ওয়ান ফোর্থ ছটাক অর্থাৎ ১ ছটাককে ৪ ভাগ করে ১ ভাগ মাখন পান। কাজেই মুখ্যমন্ত্রী যা খান তার চেয়ে ভাল ওঁরা খান। কি খাদ্য দেওয়া হয়? মুখ্যমন্ত্রী ডেটিনিউ হিসাবে কিছুদিন জেলে ছিলেন। তিনি জানেন যে ইংরাজ আমলে তাদের কি খাবার দেওয়া হত। তাঁদের হাতে টাকার হিসাব দেওয়া হত তাঁরা নিজেরা ইচ্ছামত খাবার কিনে নিতেন। এই নয় যে একটু তোমায় খেতে হবে। ডালের নাম করে যে জিনিস আমরা খেয়ে এসেছি ১৩ মাসে দমদম জেলে, তাতে এই সিডিউল ছিল, যে খাদ্য কোন মানুষে খেতে পারে না, সেটা আমরা দেখে এসেছি দমদম জেলে থাকতে থাকতেই। সেখানে যে ডাল দেওয়া হত সেটা অখাদ্য, মানুষে খেতে পারে না এবং সমস্ত নিকৃষ্ট জিনিষ ঐখানে দেওয়া হত। বলেছিলেন যে মাছ ১ ছটাক দিয়েছিলাম। সেই মাছ আমরা ফেরত দিয়ে শেষ পর্যন্ত আমরা নিরামিষ ভাত খেয়ে থাকি। ঐ মাছে মুখ দেওয়া যায় না। কারণ, তারা বলেছিলেন ৪ টাকা সের মাছ দিতে হবে। সেই মাছ ওখানে ৪ টাকা সেরে কণ্ট্রাক্টর দিতে পারে না বলে নিকৃষ্টতম পচা মাছ সেখানে দেওয়া হয়। যা হোক মুখ্যমন্ত্রী যখন বললেন যে খুব ভাল খাবার দেওয়া হচ্ছে তখন আর তো কথা নেই।

[6-5—6-15 p.m.]

আমরা বলছি যে একটু মানবিকতা বোধ নিয়ে মনুষ্যত্বের দিকে তাকিয়ে আপনারা যখন জেলে ছিলেন সেদিনগুলির কথা একটু স্মরণ রেখে এরা যেভাবে খাবারের ব্যবস্থাটা চাইছেন সেইভাবে ব্যবস্থাটা করুন। খাদ্যদ্রব্যের কথা এরা বলেছেন। আর একটি কথা আপনারা ইদানিং অমৃতবাজার আর আনন্দবাজারের ব্যবস্থা করেছেন। কিন্তু সংবাদপত্রে কি এই দুটোই কিনতে হবে? কেউ যদি ষ্টেটসম্যান চায়, যদি যুগান্তর চায় তাতে আপনাদের কি আপত্তি হতে পারে? এটার বদলে অন্য দুটো কাগজ পাঠান। সক্রিয় পত্র পত্রিকা যেগুলি জেলের ভিতর যেতে পারে, সেই সক্রিয় পত্র পত্রিকাগুলি থেকে কেন তারা বঞ্চিত হবে এবং সেগুলি কেনার জন্য তাদের হাতে কেন হাত খরচের বাবদ দেবেন না? তারপর আমি এতদূর যেতে চাই না যে পানীয় জলের সেখানে খুব অভাব। আমাদের মাননীয় কারামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, আমি তার কাছে বলব যে দমদম জেলে ১৩ মাসে আমাদের যেভাবে জল সরবরাহ করা হত, সেই জলের সঙ্গে পাইপের ভেতর থেকে যে নোংরা আসত তা কেউ খেতে পারে না এবং সেই জল খেয়ে সবচেয়ে বেশী গুরুতর পেটের পীড়াতে ভুগছেন ডেটিনউরা। এর কি একটা কিছু ব্যবস্থা করা যায় না? শুধু ঐ জেলে নয় আলিপুর সেণ্ট্রাল জেলে আমাদের একজন বন্ধুর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম, তিনি এসে বললেন যে জল পাওয়া যায় না, খাবার পর্যন্ত এখানে পাওয়া যায় না। প্রতিটি জেলে এই অবস্থা জলের, খাওয়ার এবং ডেটিনিউদের সঙ্গে কি ব্যবহার করা হয়—বহরমপুর জেলে তাদের বলা হল ৫টার বেশী বিড়ি দেওয়া যাবে না, কারণ, জেল রেগুলেশনএ নাকি লেখা আছে যে কয়েদীদের ৫টির বেশী বিড়ি দেওয়া হবে না, দরকার হলে নিজেদের পয়সায় কিনবেন। অবশ্য মাননীয় কারামন্ত্রীর সঙ্গে কথা বলার পরে তিনি বলেছেন এক্ষুণি আমি জানিয়ে দিচ্ছি, হয়ত

অবস্থা হয়ে গেছে। আমি জানি না কেন এই ভাবে তাদের সঙ্গে ব্যবহার করা হ মুখ্যমন্ত্রী বলছেন যে খুব ভাল ব্যবহার হচ্ছে তাহলে আরও কিছু যে খারাপ ব্যবহার হচ্ছে। আমি জানি না। খারাপ ব্যবহার কি জোর করে ঠেঙ্গানো? ও পারবেন না। সেখানে ঠেঙ্গাতে অনেকবার চেষ্টা করেছেন, ঐ ইংরাজরা, এই সমস্ত বন্ধু যা সেখানে আছেন নিরঞ্জন সেন, শতীশ পাকড়াশী প্রভৃতি তাঁদের পারেন নি। শেষ পর্য তাদের কাছে নতি স্বীকার করতে হয়েছে ইংরাজদের। আপনাদেরও তাই করতে হবে আর একটি কথা বলব তিনি বললেন যে ভাতা দিয়েছেন। ভাতার নমুনাটা কি? না ৩০ টাকা খাবার আর ২৫ টাকা তোমাদের অন্যান্য বিবিধ খরচ হিসাবে। মোট ৫৫ টাকা। কের আমার কাছে আমাদের এক বন্ধুর স্ত্রী এসে বললেন যে আমাদের বাড়ীভাড়াই ৬ টাকা দিতে হয়। সরকারী ভাতা ৫৫ টাকা নির্ধারণ করেছেন। তাহলে আমি খাব কি আমি জিজ্ঞাসা করছি যে এটা আমাকে বুঝিয়ে দিন, আজকের দিনে এত কম টাকায় কারো চলে? আমি এটা কারা মন্ত্রীকে বলেছি, তিনি বললেন যে আমাদের তে সিডিউল হয়ে গেছে রুল হয়ে গেছে ৩০ টাকার বেশী কাউকে দেওয়া যাবে না। ৩০ টাকায় আজকের দিনে খাওয়া হবে না। তার উপর বাড়ী ভাড়া, আছে, তারপরে ছেলেপিলেদের পড়াশুনার খরচ আছে, জামা কাপড় ইত্যাদির খরচ আছে। তাহলে সেগুলির জন্য টাকা কোথা থেকে আসবে? একেই তো আপনারা বিনা বিচারে আটক করে রেখেছেন ইংরাজ আমলে যখন বিনা বিচারে আটক করে রাখত এমন কি ঐ ১৯৪৮।৪৯ সালে যখন বিনা বিচারে আটক করে রেখেছিলেন তখন তাঁরা যা ভাতা দিতেন সেই ভাতায় একটা সংসার চলতে পারত। আর আপনারা বলেছেন ৩০ টাকা। যখন দ্রব্যমূল্য শতকরা ৩০ ভাগ থেকে ৫০ ভাগ বেড়ে গেছে এদের খুব ভাল চলবে। সেই সকল পরিবারের দায়িত্ব আপনাদের নিতে হবে। কারণ, এদের মধ্যে কেউ ব্যারিষ্টারী করতেন কেউ ওকালতী করতেন, কেউ শিক্ষকতা করতেন, কেউ ডাক্তারী করতেন, কেউ রাজনৈতিক কর্মী হিসাবে তার পার্টির থেকে এবং অন্যান্য উপায়ে পেতেন, কেউ ব্যবসা করতেন তাদের আপনারা আটক করে রাখবেন বিনা বিচারে তাদের পরিবারের কোন দায়িত্ব আপনারা নেবেন না এবং ৩০ টাকা দিয়ে বলবেন যে এতেই তোমাদের সংসার চালাতে হবে এই কি আপনাদের মানবিকতা বোধ, এই কি আপনাদের ভাল ব্যবহার করার লক্ষণ? আবার হিসাব দিচ্ছেন যে ৮ হাজার টাকা দিয়েছি এবং এই কথা মুখ্যমন্ত্রী শুনুন যে এখনও বহু লোক আছেন যারা ভাতা পান না। তাদের পরিবারের দিন অত্যন্ত দুরবস্থার মধ্যে যাচ্ছে। তাঁরা আপনাদের কাছে আসতে পারেন না, আমাদের কাছে আসেন এই জন্য যে আমরা যাতে আপনাদের কাছে খবর গুলি দিই। আজকে এই প্রস্তাব সহযোগে আমি এটা আবার আপনার কাছে রাখছি, এটা বিবেচনা করবেন যে তাঁদের পরিবার তো কোন অপরাধ করেন নি কাজেই তাদের পরিবারের উপর প্রতিহিংসা মূলক ব্যবহার করার কোন দরকার নেই এই কথা আমি জানিয়ে যাচ্ছি।

আজকে শুধু একথা জানাই ভাতার রুল যা তৈরী করেছেন তার পরিবর্তন করুন কেন না আজকের দিনে একটা পরিবারের এই নিয়ে চলে না, ২৫।৩০ টাকা দিয়ে একজন লোকের ঘর ভাড়া, খাওয়া-পরা চলে না। আমার বক্তব্য হচ্ছে এইভাবে একটা পরিবারকে কষ্ট দিয়ে মারার অধিকার আপনাদের নেই। তারপর, চিকিৎসার যে ব্যবস্থা সেটাও চমৎকার। আমরা জেলে থাকবার সময় বলেছি চিকিৎসার ব্যবস্থা করুন। ১৯৪৮ সালে যেটা ছিল—অর্থাৎ এই কংগ্রেস সরকারের আমলে যেটা ছিল সেটা হচ্ছে বিশেষজ্ঞ ডাক্তাররা এসে জেলে দেখে যাবেন। তখন পি. সি. সেন মুখ্যমন্ত্রী ছিলেন না, তিনি ছিলেন খাদ্যমন্ত্রী—এখন তিনি খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী দুই-ই হয়েছেন। যাহোক, যেকথা বলছিলাম সেই বিশেষজ্ঞরা এসে দেখে যাবেন এই ব্যবস্থাটি উঠে গেল এবং ঠিক হোল যে রাজবন্দীকে বিশেষজ্ঞ ডাক্তারের কাছে পাঠান হবে। কিন্তু ১৫ দিন ওয়েট করবার পর দেখা গেল গাড়ী এল না—২৪ পরগনা থেকে গাড়ী আসবে, কিন্তু ১৫ দিন পর দেখা গেল গাড়ী এল না। তারপর সময় বাড়িয়ে দেওয়া হোল এবং দেখা গেল গাড়ী এসেছে কিন্তু অফিসার আসেন নি। তাহলে অবস্থা দাঁড়াল কি, অবস্থা দাঁড়াচ্ছে ব্লাড এক্সামিনেসন-এর ব্যবস্থা নেই এবং বিশেষজ্ঞকে গিয়ে যে দেখাব সেটা তো দূরের কথা। এই রাব ার কি পরিবর্তন করা যায় না? মেদিনীপুর জেলের যে সমস্ত বন্দীদের বিশেষজ্ঞ দেখাবার কথা বলা হয়েছে, এক্সরের

কথা বলা হয়েছে তাঁরা দিনের পর দিন, মাসের পর মাস ঐখানে পড়ে রয়েছেন। ট্রান্সফর হয়ে এসে তারপর বিশেষজ্ঞ দেখাবেন তাতে ৬ মাস লাগবে। তারপর, ঔষধের প্রেসক্রিপসন করে দেওয়া হয়েছে কিন্তু ঔষধ আসতে আসতে রোগী খালাস হয়ে গেল। থ্রম্বসিস-এর রোগী যাকে চেক-আপ-এ রাখা উচিত ছিল সেটা রাখা হয়নি। স্যার, সতীশ পাকরাসি, নিরঞ্জন সেন-এর বয়স ৭০-এর উপর উঠে গেছে, হয়ত শেষ নিশ্বাস তাঁদের ওখানেই ফেলতে হবে। কিন্তু কংগ্রেস সরকার জেনে রাখুক ভারতবর্ষের এবং বাংলাদেশের জনসাধারণ এটা মাথা পেতে নেবে না, সমস্ত জায়গায় এরজন্য আন্দোলন উঠছে এবং আন্দোলন করে তারা তাঁদের বার করে নেবে। তারপর, তাঁদের সঙ্গে ব্যবহার করা সম্বন্ধে মুখ্যমন্ত্রী বললেন ভাল ব্যবহার করা হয়েছে। এটা ঠিক কথা নয়, তাঁদের সঙ্গে নিকৃষ্টতর ব্যবহার করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে তাঁদের সামান্য দাবী দাওয়াগুলো মেনে নিয়ে তাঁদের সঙ্গে মানুষের মত ব্যবহার করুন, তা না হলে বাংলাদেশে আন্দোলন হবে। এটা কোন ধমকের কথা নয় বা হুমকীর কথা নয়। আপনাদের হাতে পুলিশ আছে আইন আছে আপনারা সেগুলো ব্যবহার করতে পারেন। কিন্তু মনে রাখবেন জনসাধারণ সব সময় আপনাদের কথা মেনে চলে না। এর প্রমাণ হচ্ছে কেরালায় জনসাধারণ আপনাদের ভোট না দিয়ে যাঁরা জেলে রয়েছেন তাঁদের ভোট দিয়েছে। কাজেই আবার বলছি তাঁদের সঙ্গে ভাল ব্যবহার করুন। কারামন্ত্রী একবার যখন গিয়েছিলেন তখন তাঁকে অনুরোধ করব আবার তিনি সেখানে যান, তাঁদের সঙ্গে আলোচনা করে বুঝুন কি কি দেওয়া যায়। তাঁরা যদি জেলের মধ্যে অনশন ধর্মঘট করেন তাহলে বাইরেও আন্দোলন হবে। আমরা জানি আপনারা লাঠি গুলি টিয়ার গ্যাস দিয়ে সেই আন্দোলন বন্ধ করবার চেষ্টা করবেন, কিন্তু মনে রাখবেন এই জিনিস স্তব্ধ করা যায় না। আন্দোলনে যে প্রিজনারা রাজনৈতিক মর্যাদা প্রতিষ্ঠা করেছিলেন তাঁরাই এখানে রয়েছেন। আমি নাম করে বলছি, ঐ সতীশ পাকরাসি, নিরঞ্জন সেন যাঁরা এখন জেলে রয়েছেন তাঁরা দরকার হলে জীবন দিয়ে আবার ঐ অধিকার অর্জন করবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই। পরিশেষে আমার বক্তব্য হচ্ছে বিজয় পালের প্রস্তাবে আমার বন্ধু শম্ভু ঘোষ এবং কমল গুহ যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটা গ্রহণ করে মূল প্রস্তাব পেশ করছি।

POINT OF PRIVILEGE

Shri Syed Kazim Ali Meerza ' Sir, I rise a point of privilege and personal explanation. I believe, I was not in the House when Shri Kamal Kanti Guha , on the other side, has made a most frivolous allegation against me. . . .

Perhaps he has said—that either a dynamite or bomb has been found in my house. It is absolutely untrue. I cannot use the exprcsion "white lie" because that is unparliamentary, but that expression would have been the most appropriate one. However, I would request you, Sir, that when an honourable member of the House has made an allegation—a false allegation—against another member of the House, it is a matter of privilege anl the matter shodld be placed before the Privileges, Committee and necessary action taken.

[6-15—6-22 p.m.]

Mr. Speaker : It has been noted.

Non-Official Resolution

Shri Nani Bhattacharjee :

এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে আমার একটু বলার আছে। শ্রীশম্ভুচরণ ঘোষ মহাশয়, এবং শ্রীকমলকান্তি গুহ মহাশয় যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তাতে আমার পারপোস সার্ভড হয়েছে, অতএব তাদের এ্যামেণ্ডমেণ্টএর পক্ষে আমার এ্যামেণ্ডমেণ্ট উইথড্র করছি।

The motion of Shri Nani Bhattacharjee that

"প্রথম অনুচ্ছেদের প্রথম লাইনের "আটক কম্যুনিষ্ট" শব্দগুলির পরে "এবং অন্যান্য রাজনৈতিক দলের" এই শব্দগুলি যোগ করা হউক।"

was then, by leave of the House, withdrawn.

The motion of Shri Sambhu Charan Ghosh that

প্রথম অনুচ্ছেদের পরিবর্তে নিম্নলিখিত অনুচ্ছেদটি বসান হউক:—

"বিধানসভা দুঃখের সহিত লক্ষ্য করিতেছে যে বিনা বিচারে আটক রাজনৈতিক বন্দীদে বিরুদ্ধে সরকার সরাসরি কোন বক্তব্য রাখিতে পারেন নাই ;এমন কি তাহাদের বিচারের জ আদালতে হাজির করিবার কোন অভিপ্রায় সরকার প্রকাশ করেন নাই ;"

was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that

দ্বিতীয় অনুচ্ছেদের ১-৩ লাইনের পরিবর্তে নিম্নলিখিত শব্দগুলি বসানো হউক:—

"এমতাবস্থায় বিধানসভার অভিমত এই যে উক্ত আটক বন্দীদের অবিলম্বে বিচা করা হউক; এবং যতদিন তাঁহারা মুক্তি না পাইতেছেন ততদিন কারাগারে যাহাতে তাঁহা মানুষের মত বাঁচিয়া থাকিতে পারেন তজ্জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহ করা হউক:—"

was then put and lost.

The motion of Shri Monoranjan Roy that

বিধানসভা দুঃখের সঙ্গে লক্ষ্য করিতেছে যে, বিনাবিচারে আটক কমিউনিষ্ট বন্দীদের মধে ভারতের স্বাধীনতা সংগ্রামের বহু বীর যোদ্ধা, অনেক সম্মানিত শিক্ষক, অধ্যাপ চিকিৎসক, দেশের ভবিষ্যৎ বর্তিকাধারী ছাত্র, ট্রেড ইউনিয়ন ও বহু রাজনৈতি নেতা আছেন ; এমন কি তাঁহাদের মধ্যে বিধানমণ্ডলীর ১৭ জন মাননীয় সদস্য আছেন। সরকার তাঁহাদের আদালতে হাজির করিয়া তাঁহাদের অপরাধ কি তাহ প্রমাণ করিতে পারেন নাই এবং ঐ আটক বন্দীদের আত্মপক্ষ সমর্থনেরও কো সুযোগ দিতে পারেন নাই। এমনকি সরকার তাঁহাদের বিনাশর্তে মুক্তি দিতেও ব্য হইয়াছেন ;

এমতাবস্থায় বিধানসভার অভিমত এই যে, উক্ত আটক বন্দীদের মুক্তি সাপেক্ষে (অর্থা যতদিন তাঁহারা মুক্তি না পাইতেছেন) কারাগারে যাহাতে তাঁহারা মানুষের মত বাঁচিয়া থাকিতে পারেন তজ্জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করা হউক:—

(১) উন্নত খাদ্য, সর্বপ্রকার পরিধেয়, প্রয়োজনীয় শয্যাদ্রব্য, নিত্যব্যবহার্য্য দ্রব্য, সামগ্রি সর্বপ্রকার সংবাদপত্র, সাময়িক পত্র ও পুস্তকাদি ক্রয়ের জন্য এককালিন ও মাসি অর্থবরাদ্দ করা অর্থাৎ নিবর্তনমূলক আটক আইনে বন্দী রাখা কালীন যে সম সুযোগ-সুবিধা দেওয়া হইত তাহা দেওয়া ;

(২) সকলের জন্য প্রয়োজনীয় পারিবারিক ভাতা মঞ্জুর করা ;

(৩) বন্দীদের আত্মীয়-স্বজন বা বন্ধুবান্ধবের দ্বারা প্রেরিত চিঠিপত্র, পুস্তকাদি বিনা বাধ এবং দ্রুত বন্দীদের কাছে পৌঁছাইয়া দেওয়া ;

(৪) চিকিৎসা ও ঔষধ-পথ্যের প্রয়োজন মত ব্যবস্থা করা ; এবং

(৫) বন্দীদের আত্মীয়-স্বজন ও বন্ধুবান্ধবের সঙ্গে দেখাসাক্ষাৎ করার পূর্ণ সুযোগ দেওয়া।

was then put and a division taken with the following result:—

NOES—73

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdul Hashem, Shri
Abdul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shrimati Maya
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindaban
Chowdhury, Shri Birendra Nath
Chunder, Dr. Pratap Chandra
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Kanai Lal
Das, Shrimati Santi
Das Gupta, Dr. Susil
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Ghosh, Shri Tarun Kanti
Hansda, Shri Debnath
Hemram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahato, Shri Debendra Nath

Maitra, Shri Birendra Kumar
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrieadra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pramanik, Shri Puranjoy
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Pranab Prosad
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shamsuddin Ahmed, Shri
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Tarkatirtha, Shri Bimalananda

AYES—33

Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil

Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Sen Gupta, Shri Niranjan
Thakur, Shri Shreemohan

The Ayes being 33 and the Noes 73, the motion was lost.

Adjournment

The House was then adjourned at 6-22 p.m. till 1 p.m. on Monday, the 15th March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 15th March, 1965, at 1 p.m.

Present

Mr. Dy. Speaker (Shri Asutosh Mallick) in the Chair, 10 Ministers, Ministers of State and 154 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

D.A. for municipal primary school teachers

***251.** (Admitted question No. *1568.) **Shri Deo Prakash Rai:** With reference to the reply to unstarred question No. 836 (Admitted question No. 1654) given in the Assembly on the 28th September, 1964, will the Minister-in-Charge of the Education Department be pleased to state—

(a) whether the teachers of all the primary schools under the Municipalities have been paid the increased D.A. of Rs. 5; and

(b) if so how many teachers have been benefited under the Darjeeling Municipality?

Shri Rabindralal Sinha: (a) Dearness allowances are payable to all whole-time approved teachers of Primary and Junior Basic Schools including those in Municipal areas, in terms of Government Orders passed in this regard, and the District Inspecting Officers have been authorised to make necessary payments accordingly.

(b) There are 198 Primary teachers in the Darjeeling Municipal area. All of them will enjoy this benefit.

Shri Deo Prakash Rai: In reply to (b) I find—all of them will enjoy this benefit. Will the Hon'ble Minister kindly let me know the reason for the non-payment of the allowance as yet, and when it will be paid?

Shri Rabindralal Sinha: Necessary instructions have been given to District Inspector of Schools, Darjeeling, to expedite payment including all areas, and I hope that they will be paid very soon, if not already paid.

Milk Supply

***290.** (Admitted question No. *1509.) **Shri Ananga Mohan Das:** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কলিকাতা শহরে সরকারী তত্ত্বাবধানে প্রত্যহ কত দুগ্ধ সরবরাহ করা হইতেছে;

(খ) কতগুলি গাভী উক্ত দুগ্ধ উৎপাদন করিতেছে;

(গ) এই রাজ্যের অন্য কোন জায়গায় সরকারের তত্ত্বাবধানে দুগ্ধ সরবরাহ করা হয় কি না; এবং

(ঘ) দুগ্ধ সরবরাহ করা হইলে কোথায় কোথায় করা হয়?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) বর্তমানে সরকারী তত্ত্বাবধানে কলিকাতা ও শহরতলীতে প্রত্যহ ৮০,০০০ হইতে ৮২,৫০০ লিটার দুগ্ধ সরবরাহ হইয়া থাকে।

(খ) আনুমানিক ২২,০০০ গরু ও ৪,০০০ মহিষ ঐ দুগ্ধ উৎপাদন করিতেছে।

(গ ও ঘ) বর্তমানে সরকারী তত্ত্বাবধানে বৃহত্তর কলিকাতা ছাড়া অন্য কোথাও দুগ্ধ সরবরাহ করা হয় না।

Shri Ananga Mohan Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এক একটা গাই কত করে দুধ দেয়?

Shri Smarajit Bandyopadhyay:

সব রকমের আছে, আধ মণ থেকে আরম্ভ করে ১০ সের ১৫ সেরের আছে।

Shri Ananga Mohan Das:

এই যে আধ মণ দুধ দেয় বললেন এটা দেশী গাই. না অষ্ট্রেলিয়ান না গাই? দেশী গাই কিছু আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

হরিয়ানার সঙ্গে ক্রস-ব্রিড করা গাই।

Shri Sanat Kumar Raha:

এই যে ২২ হাজার গরু বললেন এই গরুগুলি কি সরকারের হরিণঘাটায় থাকে, না বিভিন্ন জায়গায় খাটালে খাটালে থাকে?

Shri Smarajit Bandyopadhyay:

সমস্তই হরিণঘাটায় আছে।

Shri Sanat Kumar Raha:

২২ হাজার সমস্ত গরুই?

Shri Smarajit Bandyopadhyay:

ঐ যে ২২ হাজার গরু আর ৪ হাজার মহিষ মিলে ৮০ হাজার আর ৮২ হাজার ৫ শো লিটার দুধ হচেছ এরা হরিণঘাটায় সরকারী তত্ত্বাবধানে আছে।

Shri Narayan Choubey:

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি আপনারা যে ৮০ হাজার লিটার দুধ সাপ্লাই করছেন এটা হরিণঘাটায় গরুর দুধ, না, বাইরে থেকে দুধ কেনেন?

Shri Smarajit Bandyopadhyay:

আশে পাশে গ্রাম থেকে দুধ কিনি। বর্তমানে দুধ তৈরী একটা ইণ্ডাস্ট্রি হিসাবে চালু হচেছ।

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় আন্দাজে বলতে পারেন কি কত দুধ বাইরে থেকে কেনা হয়?

Shri Smarajit Bandyopadhyay:

সেটা নোটিশ না দিলে বলতে পারব না।

Shri Aswini Roy:

এই যে ২২ হাজার গরু আর ৪ হাজার মহিষ ৮০ হাজার লিটার দুধ দেয় এটা শুধু দুধ না জল মেশান দুধ? শুধু দুধের পরিমাণ কত, আর জলের পরিমাণ কত?

Shri Smarajit Bandyopadhyay:

জল মেশান হয় না।

Shri Ananga Mohan Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি এ খবর রাখেন যে বর্তমানে দেশী গাই-এর দুধের পরিমাণ ক্রমে ক্রমে কমে যাচেছ?

Shri Smarajit Bandyopadhyay:

হাঁ, কমে যাচেছ বলেই এক একটা জোন ধরে উন্নত জাতের গাভী করবার চেষ্টা চলছে।

Shri Bijesh Chandra Sen:

দুধের সঙ্গে কি পাউডার মিল্ক মেশান হয়?

Shri Smarajit Bandyopadhyay:

টোণ্ড মিল্ক করবার জন্য দুধের সঙ্গে পাউডার মিল্ক মেশান হয়।

Shri Ananga Mohan Das:

দেশী গাই আগে যেখানে ৫।৭ সের দুধ দিত, সেখানে এখন ২ সের ১সের দুধ দিচেছ—এর কারণটা আপনি অনুসন্ধান করবেন কী?

Shri Smarajit Bandyopadhyay:

এই প্রশ্ন থেকে ওপ্রশ্ন আসে না। তবুও বলছি বর্তমানে গো-জাতির উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তার মধ্যে একটি হচেছ—এক একটা জোন ধরে—উন্নত জাতের গরুর সঙ্গে দেশী গরুর সংমিশ্রন করা হচেছ যাতে করে বেশী দুধ হতে পারে তার জন্যে ব্যবস্থা করা হচেছ।

Shri Nikhil Das:

এই যে আমরা দুধ পাই ৮০ হাজার লিটার, তাতে কি পরিমাণ মিল্ক পাউডার মেশান হয়?

Shri Smarajit Bandyopadhyay:

আমি তা বলতে পারবো না। তবে প্রত্যেক লিটার টোণ্ড মিল্কে কি পরিমাণ বা পারসেণ্ট গুড়া দুধ মেশান হয়, সেটা বলতে পারি। মহিষের দুধে স্নেহ পদার্থ বেশী যা আছে তাতে গুড়াদুধ মিশিয়ে টোণ্ড মিল্ক করা হয়। যা রোগীদের জন্য প্রয়োজন। এই টোণ্ড মিল্ক আবার ডাবল টোণ্ড করার ব্যবস্থা আছে। টোণ্ড মিল্ক যেটা তাতে কিছু পার্সেণ্ট স্নেহ পদার্থ থাকবে, আর যেটা স্ট্যাণ্ডারডাইড কাউ মিল্ক তাতে ফ্যাট কনটেণ্ট ৩ পারসেণ্ট, কিন্তু সোলিড নট ফ্যাট ৯ পারসেণ্ট আর ডাবল টোণ্ড মিল্ক যেটা তাতে ফ্যাট কনটেণ্ট থাকে। ১.৫ পারসেণ্ট এবং সোলিড নট ফ্যাট ১০ পারসেণ্ট।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় এই যে দুধের হিসেব দিলেন যা কলকাতায় সরকারী তত্ত্বাবধানে সরবরাহ করা হচ্ছে এর মধ্যে বাইরে থেকে কেনা দুধ আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

কলকাতায় যা বিলি হয়, তার মধ্যে আছে।

Shri Kanai Pal:

বাইরের কেনা দুধ থেকে যদি এই দুধের সরবরাহ হয়, তাহলে কি আপনি যে হিসেব দিচ্ছেন, তা কোথা থেকে দিচ্ছেন?

Shri Smarajit Bandyopadhyay:

বাইরে থেকে কত দুধ সরবরাহ করা হয়, তা অফ হ্যাণ্ড বলতে পারবো না। মাননীয় সদস্য মহাশয় বোধ হয় আমার পূর্বের উত্তর শোনেন নি।

Shri Narayan Choubey:

আপনি কি বলতে পরবেন এই হরিণঘাট থেকে ৮০ হাজার লিটার দুধ স রাহ করা হয়, এটা কি সব হরিণঘাটার দুধ না, বাইরের কেনা দুধ ধরে?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় মন্ত্রিমহাশয় আগেই বলেছেন আমাদের এখানে হরিণঘাটার যে দুধ আসে, গরুর দুধ যেটা তা আমরা গরুর দুধ হিসেবে বিক্রী করি। হরিণঘাটায় মহিষও আছে। আমরা আশেপাশের গ্রাম থেকেও দুধ কিনি; মহিষের দুধ বেশী পরিমাণ কিনি। মাননীয় সদস্য বোধ হয় জানেন মহিষের দুধে স্নেহজাতীয় পদার্থ ফ্যাট কনটেণ্ট খুব বেশী। কাজেই তাকে আমরা গরুর দুধের স্ট্যাণ্ডার্ড-এ নিয়ে আসবার জন্য মহিষের দুধে জল মেশাই। তাতে ফ্যাট কনটেণ্ট কিছু পরিমাণ—৪ পারসেণ্ট ও সোলিড নট ফ্যাট কিছু পরিমাণ মেশাবার ফলে প্রোটিন ও অন্যান্য জিনিষ কমে যায়। তার জন্য তাতে স্কিমড মিল্ক বা পাউডার মিল্ক যাতে ফ্যাট নাই মেশান হয়, আর সোলিড নট ফ্যাট মেশাই যাতে করে সেটা গরুর দুধের স্ট্যাণ্ডার্ড-এ আসতে পারে। এই ভাবে টোণ্ড মিল্ক করি। অত্যন্ত বৈজ্ঞানিক পদ্ধতিতে এটা করা হয়। আমাদের হরিণঘাটার যে কেন্দ্র আছে, সেই কেন্দ্র মূলতঃ দুধ সরবরাহের জন্য নয়। হরিণঘাটা কেন্দ্রের দুটো উদ্দেশ্য—একটা হচ্ছে কলকাতায় যে সমস্ত খাটাল আছে, তা থেকে কলকাতার সমস্ত গরু মহিষ নিয়ে গিয়ে রাখা হয়। যত্ন করা হয়; যাতে কেউ ফুকো না দেয় সেদিক দৃষ্টি রাখা হয় ভাল করে। মহিষ যাতে নষ্ট না হয়, কসাই খানায় না যায় সেদিকেও দৃষ্টি রাখি। আর দ্বিতীয়তঃ হচ্ছে আমাদের গোজাতির উন্নয়নের জন্য সেখানে ভাল ভাল জাতের ষাঁড় রাখি; ভাল জাতের গরু যা আছে, তাদের ক্রস ব্রিড-এর পরীক্ষামূলক কাজে ব্যবহার করা হচ্ছে। পশ্চিমবঙ্গে কতকগুলি কেন্দ্র করেছি—যেমন মুর্শিদাবাদ জেলায় আছে। দার্জিলিং-এ আছে। নদীয়ায় আছে। ২৪ পরগণায় আছে। সেই সমস্ত জায়গায় গোজাতির ব্রীড ইত্যাদি উন্নয়নের চেষ্টা করছি।

[1-10—1-20 p.m.]

Shri Aswini Roy:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, হরিণঘাটায় সরকারী তত্ত্বাবধানে যে গরু রাখা হয় সেই গরুকে কি পরিমাণ খাদ্য দেওয়া হয় এবং কি কি জিনিস দেওয়া হয়?

Mr. Deputy Speaker:

এই প্রশ্ন ওঠে না।

Shri Nikhil Das:

আমাদের কতগুলি গাভী দুগ্ধ উৎপাদন করছে সেটা উনি "খ-তে" বলেছেন। আমরা দেখলাম আপনারা কোলকাতা শহরে ৮০ হাজার লিটার দুধ দেন এবং উনি বললেন আমাদের ২২ হাজার গরু এবং ৪ হাজার মহিষ অর্থাৎ মোট ২৬ হাজার। কিন্তু আমরা দেখছি দুধে জল এবং পাউডার মিল্ক মেশাবার ফলে লিটার বেড়ে যাচ্ছে। কাজেই প্রশ্ন করে জানতে চাই ২৬ হাজার গরু এবং মহিষ মিলিয়ে আমরা কতটা দুধ পাচ্ছি?

Shri Prafulla Chandra Sen:

আমি দেখছি এইমাত্র বিশদভাবে বলা সত্বেও উনি কর্ণপাত করেন নি। আমি বলেছি আমরা আশেপাশের গ্রাম থেকে অনেক পরিমাণ দুধ কিনে থাকি এবং আমরা যে চিলিং প্ল্যাণ্ট বসিয়েছি তাতে সমস্ত দুধ—অর্থাৎ বাইরের এবং আমরা যেটা উৎপাদন করি সেগুলিকে মিলিয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে পেসটুরাইজেসন করে টোণ্ড মিল্ক, ডাবল টোণ্ড মিল্ক তৈরী হয় এবং সেটা বিক্রি হয়।

Shri Nikhil Das:

আমাদের প্রশ্ন ছিল উন্নয়নের।—প্রথমে আপনাকে জিজ্ঞাসা করতে চাই আমরা গরু প্রতি কতটা দুধ পাচ্ছি—১ লিটার পাচ্ছি কি? আপনারা বাইরে থেকে কিনে তাতে জল এবং পাউডর মিল্ক মিশিয়ে বলছেন ৮০ হাজার লিটার এবং গরু, মহিষ মিলিয়ে বলছেন ২৬ হাজার এবং এটাও বলছেন যে, কোন গরু আধ মণ দেয় এবং কোন গরু ১০ সের দেয়। আমার প্রশ্ন হচ্ছে সর্বসাকুল্যে দুধ যদি ৮০ হাজার লিটার হয় তাহলে গরু প্রতি দুধ ১ লিটারের কম এসে দাঁড়াচ্ছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

কোথাও গো উন্নয়নের প্রশ্ন ছিল না—প্রশ্ন ছিল সরকারী তত্বাবধানে কত লিটার দুধ সরবরাহ করা হয়, কতগুলি গাভী উক্ত দুগ্ধ উৎপাদন করছে এবং আর ছিল এই রাজ্যের অন্য কোন জায়গায় সরকারী তত্বাবধানে দুধ সরবরাহ হচ্ছে কিনা? কত গরুতে দুধ দেয়, আগে কত দিত এবং গরুর উন্নয়ন হচ্ছে কিনা সেই প্রশ্ন করলে নিশ্চয়ই উত্তর দিতাম।

Shri Narayan Choubey:

তাহলে ২২ হাজার গরু হরণঘাটায় থাকে না? আপনি আগে কিন্তু বলেছিলেন ২২ হাজার গরু হরিণঘাটায় থাকে। যাহোক, এখন বলুন টোটাল কত গরু থাকে।

Shri Smarajit Bandyopadhyay:

কত গরুতে কতদুধ দেয় সেটা বলেছি। হরিণঘাটায় কত গরু এবং মহিষ থাকে সেটা জানতে চাইলে জানাব। এখন ৯ হাজার ৯৭৭টি দুগ্ধবতী গরু, ৮২টি দুগ্ধবতী মহিষ এবং ১ হাজার ৩৪টি বাচ্চা আছে। এছাড়া সরকারী দুগ্ধ উপনিবেশে ব্যক্তিগত মালিকানায় খাটালওয়ালাদের ২১টি দুগ্ধবতী গাভী, ৩ হাজার ৬০০ দুগ্ধবতী মহিষ এবং ৮০০ বিভিন্ন বয়সের বাচ্ছা আছে। মালিকানা সরকারের লাইসেন্সী।

Shri Sanat Kumar Raha:

তাহলে দেখা যাচ্ছে ২২ হাজার হরিণঘাটায় থাকে না। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে এই যে হাজারখানেক গরু এবং মহিষ আছে তাতে কি পরিমাণ দুধ উৎপাদন হয়?

Shri Smarajit Bandyopadhyay:

দৈনিক উৎপাদন কত হয় সেটা জানতে চাইলে জানাব।

Shri Narayan Choubey :

আপনি এই ডিপার্টমেণ্ট-এর লোক নন তাই কিছু জানেন না।

Shri Smarajit Bandyopadhyay :

আমি এই ডিপার্টমেণ্ট-এ ডেপুটি মিনিস্টার ছিলাম কাজেই আমি সব জানি এবং স্পষ্ট বিশদ-ভাবে বলতে পারি।

Shri Narayan Choubey :

আপনি বললেন ৯০০ গরু আছে এবং তার মধ্যে কিছু গরুতে দুধ দেয় এবং কিছু গরুতে দুধ দেয় না। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে এই যে বললেন ৮০ হাজার লিটার দুধ দিচ্ছেন তাতে বাইরের গরু থেকে কত দুধ পাচ্ছেন তার হিসেব আছে কি?

Shri Smarajit Bandyopadhyay :

বাইরে থেকে কত নিয়েছি সেটা অফ হ্যাণ্ড বলতে পারব না—নোটিশ দিলে জানাতে পারি।

Discussion between Chairman, C.T.C., and West Bengal Government representatives

***291.** (Admitted question No. *1604.) **Shri Gopal Banerjee:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা ট্রামওয়ে কোম্পানী লিমিটেডের চেয়ারম্যান মিঃ ওয়েব সম্প্রতি কলিকাতায় আসিয়া পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধিদের সহিত আলোচনা করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, কি কি বিষয়ে আলোচনা হইয়াছে?

Shri Saila Kumar Mukherjee :

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত বিষয়ে আলোচনা হইয়াছে—

১। ট্রামের ভাড়া সরলীকরণ (রেশনালাইজেশন) ও

২। কোম্পানী কর্তৃক ৪৩ খানি নূতন ট্রামগাড়ী নির্মাণ, একটি নূতন সাবষ্টেশন নির্মাণ প্রভৃতি কার্য্যের জন্য ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার নিকট হইতে ৫০ লক্ষ টাকা ঋণ গ্রহণ।

Shri Nikhil Das :

এই যে ট্রামের ভাড়া সরলীকরণ এটা কি বাসের ভাড়া সরলীকরণের মাধ্যমে যেমন করে বেড়েছে, সেই ধরণে ট্রামের ভাড়াও বাড়বে?

Shri Saila Kumar Mukherjee :

সরলী করণের প্রশ্ন বিবেচিত হচ্ছে, আমরা তা অনুমোদন করিনি, নানা বিষয়ে তথ্য চেয়েছি, কাজেই এই প্রশ্ন অবান্তর, ভাড়া বাড়বে কি কমে যাবে সেটা বলতে পারি না।

Shri Gopal Banerjee :

: ওয়েবের সঙ্গে কি আলোচনা হয়েছে সেটা জানতে চাই।

Shri Saila Kumar Mukherjee :

একটা আলোচনা হয়েছে, তিনি বিলাত চলে গেছেন, তাদের প্রস্তাব বিবেচনা করার জন্য নানা তথ্য চেয়েছি।

Shri Gopal Banerjee :

ন্যাশনালাইজেশনের জন্য কোন ব্যবস্থার কথা আলোচনা হয়েছে কিনা সেটা জানতে চাই।

Shri Saila Kumar Mukherjee :

আমরা তাদের প্রস্তাব বিবেচনা করছি।

Shri Anadi Das:

কোম্পানী যে প্রস্তাব দিয়েছে, সেই প্রস্তাব দয়া করে বলবেন কি?

Shri Saila Kumar Mukherjee :

আর একদিন বলেছি, আবার বলছি।

The company has proposed Rationalisation of tram fares in the following ways : (1) Abolition of two (2) Replacement of second class coaches by up holstered seats and fans like first class trams, in course of two years, and (3) 10 paise fare in one or all stages.

Shri Gopal Banerjee :

ট্রাম কোম্পানী সরকারের নেওয়ার কথা বিবেচনা করছেন কিনা সে সম্বন্ধে আলোচনা হয়েছে কিনা?

Shri Saila Kumar Mukherjee :

মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি, এ বিষয়ে সরকারের বিবেচনা করার কোন স্কোপ নাই, ১৯৫১ সালে তাদের সঙ্গে চুক্তি হয়েছে সেই চুক্তি বিধান সভায় গৃহীত হয়েছে, আপনারাই সে আইন পাশ করেছেন, সেই আইন দ্বারা ১৯৭১ সাল পর্যন্ত ট্রাম কোম্পানী কতকগুলি সর্তাধীনে ট্রাম চালাবে, যে আইন পাশ হয়েছে সেই আইন এখনি বলবৎ আছে। সুতরাং আগামী ৬ বছর না গেলে কোন কিছু বলা যায় না। বিধান সভায় গৃহীত আইনের দ্বারা ১৯৭১ সালে ন্যাশনালাইজ করতে পারবো কতকগুলি সর্তে। সেই সর্ত পালিত হবে কিনা ১৯৭১ সাল সাল না এলে বলতে পারব না।

Shri Narayan Choubey :

১৯৫১ সালে যে আইন পাশ হয়েছিল তাতে কতকগুলি সর্ত ছিল সেই সর্ত কোম্পানী মেনে চলেছে কি?

Shri Saila Kumar Mukherjee :

দীর্ঘদিন আলোচনা হয়েছে, গভর্ণমেণ্টের মতে কতকগুলি সর্ত পালন করেনি, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে কৈফিয়ৎ চেয়েছি এবং বিশেষজ্ঞ অফিসার নিয়োগ করেছি, কি কি বিষয়ে কোম্পানী পালন করতে পারেনি তার সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে।

[1-20—1-30 p.m.]

Shri Gopal Banerjee :

আমার প্রশ্ন হচ্ছে এই যে ১৯৭১ সালের আগে বিবেচনা করা যাবে না অথবা সিদ্ধান্ত নেওয়া যাবে না কিন্তু ১৯৭১ সালের পর ট্রামওয়ে কোম্পানী সরকার নিবে এরূপ মনে রেখে আলোচনা এবং নূতন কোন আলোচনার সর্তাদি গ্রহণ করে কোম্পানীর সঙ্গে আলোচনা করেছেন কিনা? অর্থাৎ ১৯৭১ সালের পর ট্রাম কোম্পানী নিয়ে নেবার ব্যবস্থা যেটা করার কথা সে দিকে লক্ষ্য রেখে আলোচনা করেছেন কিনা?

Shri Saila Kumar Mukherjee :

নিশ্চয়ই আলোচনা হয়েছে এমন কি তাদের এ সম্বন্ধে নজর দিতে বলা হয়েছে।

Shri Narayan Choubey :

এই যে বিলাতী কোম্পানী যখন তারা বুঝতে পারছে যে সরকার ১৯৭১ সালে এটা নি নিতে পারে এই সর্তাদি বিবেচনা করে ট্রাম শিল্পে তারা যে জাতীয় ক্ষতি করে যাচ্ছে দিকে সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে কিনা এবং হলে কি ব্যবস্থা গ্র করেছেন ?

Shri Saila Kumar Mukherjee :

ক্ষতি হচ্ছে বলে সরকারের দৃষ্টি আকর্ষণ হয়েছে তাদের লেখা হয়েছে ১৯৭১ সালের ক্ষ পূরণের টাকা দেব কিনা সেটা বিবেচনা আছে। আইন সভায় আইনের কাঠামো নি সরকার চলেছেন নূতন কোন এগ্রিমেণ্ট করছেন না এবং বিধান সভার আইনে পরিবর্তন করা ক্ষমতা সরকারের নেই যদি কিছু পরিবর্তন করতে হয় তবে সেটা বিধান সভায় আসবে ১৯৭১ সালের যে আইন এই আইনের দ্বারা এই শিল্প নেব কিনা রাষ্ট্রের কোন ক্ষতি হ কিনা ইত্যাদি সমস্ত কিছু বিবেচনা করতে হবে। এবং প্রয়োজন হলে বিধান সভার কা সে অনুমতি চাইবার জন্য আইন আনতে হবে।

Dr. Narayan Chandra Ray :

এটা কি তারা লেখার ফলে এসে ছিলেন না গরজের ফলে এসেছিলেন ?

Shri Saila Kumar Mukherjee :

ট্রামওয়ে কোম্পানী বোর্ড অব ডাইরেক্টর তাঁরা আমাদের সঙ্গে দেখা করেন আজ কাল ৮ ঘণ্টা সুদূর বিলেত থেকে এখানে আসা যায় এবং বৎসরে তারা ৪, ৫, ৬ বার এখানে আসেন আমার মনে আছে, আমি মন্ত্রী ২ বার হবার পর তাদের সঙ্গে ৪ বার দেখা হয়েছিল।

Dr. Narayan Chandra Kay :

এরা যে সরকারের সঙ্গে দেখা করেন সে দেখার মধ্যে অন্য কিছু থাকে না কেবল ফ্রেণ্ডলী ভিজিট সৌজন্যমূলক দেখা করে চলে যান।

Shri Saila Kumar Mukherjee :

ট্রাম গত ১০।১২ টার যে সর্ত আছে তা তারা পালন করতে পারেন নি এই বিষয়ে তাদে সঙ্গে আলোচনা করছি এবং রাষ্ট্রের সুখ সুবিধা যাতে হয় সেটা f নশ্চয়ই আলোচনাক প্রয়োজন আছে।

Dr. Narayan Chandra Ray :

১৯৭১ সালের কথা পরের কথা কিন্তু বর্তমানে যে ক্ষতি হচ্ছে রাস্তায় গর্ত ইত্যাদির জন্য তাদে সঙ্গে এ বিষয়ে দেখা করেন সে দেখাটা পারিবারিক দেখা কিনা এবং তা হলেও তাদের কাছে এই সব বিষয় বলবার সুযোগ পেয়েছেন কি না ?

Shri Saila Kumar Mukherjee :

শুধু দৃষ্টি আকর্ষণ করা নয় কঠোরভাবে চিঠি লেখা হয়েছে এবং তার ফলে কি হয়েছে কলকাতা এবং হাওড়া এর ট্রামওয়ে লাইন রিপ্লেসমেণ্ট ট্রাক-এর নানান রকম কাজের আরম্ভ হয়েছে এবং প্রপার কণ্ডিসনস এবং এগ্রিমেণ্ট যা আছে সেটার কথা বলা হয়েছে।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani :

আপনাদের চুক্তি হয়েছিল ১৯৭১ সালের আজ ১৪ বৎসর হয়ে গেল এর মধ্যে অনেক কিছু হয়েছে। একথা মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন যে ট্রাম কোম্পানী সর্ত মানছে না এবং আমার কথা হল এইগুলির প্রতি আপনারা হস্তক্ষেপ করছেন না কেন? আমরা সেগুলি মানবার চেষ্টা করছি যাতে ১৯৭১ সালে সাড়ে চার কোটি টাকা যেটা দিতে হবে সেটা চালু করেছেন কিনা এ বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা বলেছেন চেষ্টা করব। এই ১৪ বৎসরের মধ্যে ওদের কাছে আপনারা চিঠি লিখেছেন কিনা?

Shri Saila Kumar Mukherjee :

নিশ্চয়ই, যেমন স্পেশাল রিজার্ভ ফাণ্ড কত জমা হল তার পরিমাণ লাইন-এর মেরামত রিপ্লেসমেণ্ট যখন আমরা নেব অর্থাৎ সাড়ে চার কোটী টাকা দিয়ে কিনব তার য়্যাসেট কি এর মূল্য কমে যাচ্ছে কিনা ইক কি রকম এই সমস্তর প্রতি দৃষ্টি রাখা হয়। তিন জন স্পেশাল অফিসার প্রতি বৎসর এই সমস্ত জিনিষ পরীক্ষা করছেন।

Dr. Narayan Chandra Ray :

এই যে স্পেশাল অফিসার প্রতি বৎসর পাঠাচ্ছেন এর রেজাল্ট কি?

Shri Saila Kumar Mukherjee :

রেজাল্ট হয়েছে যে আমরা এই স্পেশাল রিজার্ভ ফাণ্ড তারা যদি না রাখে তা হলে আমাদের কাছে সেটা আসবে। যদি ক্ষতিপূরণ হয়ে থাকে তাহা হলে আইন অনুসারে সেটা নিরূপণ করবার জন্য আপনাদের এখানে আনতে হবে।

Shri Sanat Kumar Raha :

ট্রামওয়ে কোম্পানীর চুক্তি সম্পর্কে আমরা তাদের কাছে কতকগুলি কৈফিয়ত তলব করেছি এবং আমরা হাউস-এ জানতে চাই যে ১৯৫১-৬৫ সাল এই ১৪ বৎসরের মধ্যে সরকার প্রথম কোন সময় হস্তক্ষেপ করলেন বা বুঝলেন যে ট্রাম কোম্পানী এর চুক্তি ভঙ্গ হয়েছে কিনা এবং প্রথম কোন ইয়ারে জানান?

Shri Saila Kumar Mukherjee :

কাষ্ট রিপোর্ট যখন পেলাম তখনই দৃষ্টি আকর্ষণ হয়েছে, টাইম বা ইয়ার এক্ষুণি বলতে পারব না প্রশ্ন করলে পরে জানাব।

Shri Nikhil Das :

এই যে চুক্তি ভঙ্গ হয়েছে এটা আমরা শুনলাম কিন্তু প্রথম তারা কবে প্রস্তাব দিয়েছেন যে, মিনিমাম ভাড়া নিশ্চয়ই প্রতি ষ্টেজ-এ ১০ নয়া পয়সা করে হবে এবং একটা ক্লাস হবে, এখন সেকেণ্ড ক্লাস ৭ নয়া পয়সা আছে প্রস্তাব যেটা দিয়েছে সেটা তারা পয়সা বাড়ানোর সে প্রস্তাব আমাদের সরকারের বিবেচনাধীন আছে। আমি আপনাদের মাধ্যমে যে প্রস্তাব করছি যে তিন নয়া পয়সা ভাড়া বাড়ানোরপক্ষে প্রস্তাব ট্রাম কোম্পানী দিয়েছে ট্রাম কোম্পানী এই প্রস্তাব সরকারের জনসাধারণের যে অসুবিধা হবে সেটা লক্ষ্য রেখে বিবেচনা করবেন কি?

Shri Saila Kumar Mukherjee :

আমরা এখনও কিছু সিদ্ধান্ত গ্রহণ করিনি।

Shri Somnath Lahiri:

ট্রাম কোম্পানীএর সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের আলোচনার ফলে তাদের চেয়ারম্যানের এ ইমপ্রেসন হয়েছে যে যে ভাবে ট্রাম কোম্পানী চলছে তাতে গভর্নমেণ্ট মোটের উপর সন্তুষ্ট সে কথাটা কি সত্য?

Shri Saila Kumar Mukherjee:

কি ইমপ্রেসন হয়েছে এটা অতিরিক্ত প্রশ্ন হয় না বা এ সম্বন্ধে আমার জানা নেই।

Shri Somnath Lahiri:

আমি যে প্রশ্নটা করছি তিনি বলেছেন যে ঐ গভর্নমেণ্ট মোটের উপর সন্তুষ্ট এটা সত্য কি না

Shri Saila Kumar Mukherjee:

এটা যদি আপনাকে বলে থাকে তা আমি জানি না, কোন্ সন্তুষ্ট অসন্তুষ্ট প্রশ্ন নিয়ে আলোচনা হয়নি। আমরা অত্যন্ত অসন্তুষ্ট বলে তাদের কাছে প্রতিবাদ জানিয়েছি, সন্তুষ্ট বলে ইমপ্রেসনটা ঘোরাচ্ছেন কেন?

Shri Somnath Lahiri:

ট্রাম কোম্পানীর যে ভ্রান্ত ধারণা সেটা নিরসন করবার জন্যই প্রশ্ন করছি বেকায়দায় ফেলবার জন্য নয়, ট্রামওয়ে ওয়ার্কার্স ইউনিয়ন থেকে জানুয়ারী মাসে একটা স্মারকলিপি আপনার কাছে পাঠায় আপনি সেটা পেয়েছেন কি?

Shri Saila Kumar Mukherjee:

আমার কাছে নয় হয়ত লেবার ডিপার্টমেণ্টএ এটা গেছে কারণ গতবারের সমস্ত বিষয়টা লেবার ডিপার্টমেণ্ট দেখেছে।

Shrimati Santi Das:

সোমনাথবাবু যা বললেন তারই পরিপ্রেক্ষিতে আমি জিজ্ঞাসা করছি সন্তুষ্ট এবং মোটের উপর সন্তুষ্ট এর তফাত কি?

Shri Saila Kumar Mukherjee:

বলতে পারব না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

এই যে স্মারকলিপির কথা হল এটা আপনি জানেন না, এখন প্রশ্ন হচ্ছে আপনি কি এটা জানেন যে, শতকরা ৩০ ভাগ ট্রাম গাড়ী অকেজো হয়ে আছে বা চলছে না যার ফলে দৈনন্দিন বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

[1-30—1-40 p.m.]

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত প্রশ্নটাই বিরাট কণ্ডিসানের ভিত্তিতে। শতকরা ৩০ খানা গাড়ী অকেজো হয়েছে বলে আমার জানা নেই।

Shri Somnath Lahiri:

আপনি এর আগে প্রশ্নের উত্তরে বলেছেন যে ট্রাম কোম্পানী ন্যাশনালাইজ করার দিকে চিন্তা করছেন, কোন ফাইন্যালে আসেন নি। আপনি নিশ্চয়ই জানেন যে যে ট্রামওয়ে এ্যাক্ট আছে সেই অনুসারে এই ট্রাম কোম্পানীকে নিয়ে নিতে হলে ৫ কোটি মূল্যের পার্ট

স্টার্লিং লণ্ডনে জমা দিতে হবে, দিলে সেই কোম্পানী আপনারা নিতে পারবেন। আমি জিজ্ঞাসা করিছি এইভাবে ট্রাম কোম্পানীকে নেওয়ার কথা আপনারা চিন্তা করছেন না ট্রাম কোম্পানীকে অন্যভাবে অর্থাৎ তাদের কাজ কর্ম সন্তোষজনকভাবে হচ্ছে না বলে যেভাবে আপনারা এক সময় গ্যাস কোম্পানী নিয়েছিলেন বা আর. জি. কর হাসপাতাল নিয়েছিলেন অর্থাৎ ম্যানেজমেণ্ট দখল করা এই রকম কিছু চিন্তা করছেন?

Shri Saila Kumar Mukherjee:

এই বিষয়ে এখনও ড্যাটা কিছু ঠিক হয়নি, ড্যাটার আলোচনা চলছে।

Shri Balai Lal Das Mahapatra:

সোমনাথবাবু যে চেয়ারম্যানের ইমপ্রেসানের কথা বললেন আমি সে কথা যাচ্ছি না। আমি জিজ্ঞাসা করছি ট্রাম কোম্পানী যেভাবে ট্রাম পরিচালনা করছেন তাতে আপনি সন্তুষ্ট কি অসন্তুষ্ট সেটা অনুগ্রহ করে জানাবেন কি?

Shri Saila Kumar Mukherjee: It is a matter of opinion. That is not a matter of supplementary question.

Shri Aswini Roy:

আপনি একটু আগে বললেন যে ৪৩টা নতুন ট্রাম গাড়ী তাড়াতাড়ি পাওয়া যাবে। এই যে ৪৩টা নতুন গাড়ী হবে এর মধ্যে কতটা প্রথম শ্রেণীর এবং কতটা দ্বিতীয় শ্রেণীর হবে?

Shri Saila Kumar Mukherjee:

এখন যা আছে সেটা ফার্স্ট ক্লাস সেকেণ্ড ক্লাস মিলিয়ে। এখন কথা হচ্ছে তারা যদি লোন নেয় তাহলে যে এগ্রিমেণ্টের কথা বলছিলাম আমাদের পারমিসান ভিন্ন লোন নিতে পারে না। কাজেই ওরা যে ৫০ লক্ষ টাকা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে নানাবিধ উন্নয়ন করবেন তার মধ্যে ৪৩টি নতুন গাড়ী আছে, সেটারও আমাদের কাছে অনুমোদন চেয়েছে। আমরা বিবেচনা করে দেখছি ৫০ লক্ষ টাকা দেব কিনা। আমার যতদূর মনে আছে আমরা ১৯ লক্ষ টাকার স্যাংকসান দিয়েছি যেগুলিতে আমাদের এ্যাসেট বাড়বে, বাকি গুলির অনুমোদন আমরা দিইনি।

Basudebbera Sitla Primary School, Contai

***292.** (Admitted question No. *1678.) **Shri Sudhir Chandra Das:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, যে কাঁথি থানার বাসুদেববেড়া শীতলা প্রাইমারী বিদ্যালয়টি মঞ্জুরী সম্পর্কে শিক্ষা দপ্তরের একজন উচ্চপদস্থ কর্মচারী গত বছর তদন্ত করিয়াছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে সেই তদন্তের রিপোর্ট কি; এবং

(গ) ঐ স্কুলটিকে মঞ্জুরী না দেওয়ার কারণ কি?

Shri Rabindralal Sinha:

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) তদন্তের রিপোর্ট হইতে জানা যায় যে বাসুদেববেড়া গ্রামে বর্তমানে ২টি অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় আছে। উক্ত গ্রামের আয়তন বা জনসংখ্যার ভিত্তিতে ২টির বেশী প্রাথমিক বিদ্যালয় নিয়মানুযায়ী জেলা স্কুল বোর্ড মঞ্জুর করিতে পারেন না। এই কারণেই প্রস্তাবিত বাসুদেববেড়া শীতলা প্রাথমিক বিদ্যালয়টি মঞ্জুর করা সম্ভব হয় নাই।

Shri Sudhir Chandra Das :
ঐ বাসুদেববাড়িয়া বিদ্যালয় দেখবার জন্য যে পদস্থ কর্মচারী গিয়েছিলেন তিনি ৩টি বিদ্যালয় দেখেছেন রিপোর্টে এই কথা আছে কিনা এবং তার ছাত্র সংখ্যা কত তারও কি উল্লেখ আছে সেটা জানাবেন কি ?

Shri Rabindralal Sinha :
দুটি বিদ্যালয় অনুমোদিত আছে, তৃতীয়টি অনুমোদন করা সেই গ্রামে দরকার আছে কিনা এটাই তিনি দেখতে গিয়েছিলেন। স্ট্যাটুটরী রুলস অনুযায়ী গ্রামের আয়তন এবং জনসংখ্যার ভিত্তিতে নতুন প্রাথমিক বিদ্যায় মঞ্জুর করা হয়। আজকে সেই নিয়মানুযায়ী দুটো প্রাথমিক বিদ্যালয়ের উপর তিনটি প্রাথমিক বিদ্যালয় একই গ্রামে ১৯৬১ সালের জনসংখ্যার ভিত্তিতে কিংবা আয়তনের ভিত্তিতে হতে পারে না সেই কথা তিনি লিখেছেন।

Shri Sudhir Chandra Das :
আপনি কি জানেন এক একটা গ্রামে ৩।৪টা বিদ্যালয়ের মঞ্জুরী দেওয়া হয়েছে ? নানান জায়গার বাস্তব অবস্থা বিবেচনা করে বিচ্ছিন্ন গ্রামগুলিতে শিক্ষা বিস্তার ও প্রচারের উদ্দেশ্যে বহু জায়গায় একটা গ্রামে দুটা না করে ৩।৪টা বিদ্যালয় দেওয়া হয়েছে—এটা আপনি জানেন কি না ?

Shri Rabindralal Sinha :
সাধারণতঃ জেলা স্কুল বোর্ড জেলার স্কুলের মঞ্জুরী দিয়ে থাকেন নিয়মানুযায়ী। বিদ্যালয় এমন জায়গায় আছে সেটা দুরধিগম্য বা বিচ্ছিন্ন একটা জায়গায় মধ্যখানে নদী পড়ায় যাতায়াতের অসুবিধা থাকে, সে ক্ষেত্রে স্পেশাল কেস করা হয়। এখানে রিপোর্টে স্পেশাল কেস করা হয় নাই বা সুপারিশ করা হয় নাই।

Shri Balai Lal Das Mahapatra :
জনসংখ্যার ভিত্তিতে এখানে যে দুটো বিদ্যালয়ের মঞ্জুরী দেওয়া হয়েছে, এই গ্রামের পপুলেশন কত ? এবং বাসুদেববেড়ীয়া স্কুলের ছাত্র সংখ্যা কত ?

Shri Rabindralal Sinha :
১৯৬১ সালের জনগণনা অনুযায়ী এর পপুলেশন হচ্ছে ২০১৫ জন।

Shri Balai Lal Das Mahapatra :
ঐ তিনটা বিদ্যালয়ের ছাত্রসংখ্যা কত ?

Shri Rabindralal Sinha :
নোটিশ না দিলে বলতে পারবো না।

Shri Balai Lal Das Mahapatra :
আপনি কি জানেন যে বিদ্যালয়টি মঞ্জুরী দেওয়া হয়েছে, তার ছাত্রসংখ্যা একশো ?

Shri Rabindralal Sinha :
তা আমি কি করে বলবো ? নোটিশ চাই।

Shri Sanat Kumar Raha :
বাংলাদেশে প্রাথমিক শিক্ষার হার বাড়া উচিত। কিন্তু সেই হার বাড়ছে না। যদি একাধিক স্কুল কোন গ্রামে হয়, ছাত্র সংখ্যা পাওয়া যায়, সেখানে সরকারী নীতি এই রকম রক্ষণশীল থাকবে, না, প্রাথমিক শিক্ষা বাড়াবার জন্য প্রাথমিক স্কুলের সংখ্যা বাড়াবার চেষ্টা করবেন ?

Shri Rabindralal Sinha :

এটা নীতির প্রশ্ন আপনি জিজ্ঞাসা করেছেন, প্রশ্নটি নীতি নির্ধারণ সম্বন্ধে তবুও আমি চাই প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা বাড়ুক। এমন বহু জেলা আছে যেখানে আরো প্রাথমিক বিদ্যালয় অনতিবিলম্বে করা উচিত। সমস্ত বাংলাদেশের একটা ভিউ নিয়ে নূতন বিদ্যালয় কোনখানে কোন গ্রামে হবে তা ঠিক করা উচিত। তেলা মাথায় তেল ঢালবো না, রুক্ষ মাথায় তেল ঢালবো সেটা বিবেচনা করতে হবে।

Shri Sanat Kumar Raha :

যেখানে ইউনিয়ন, অঞ্চল আছে আমার কনসটিটিউয়েন্সী গোকর্ণ অঞ্চল, সেখানে মুড়ায়া গ্রামে চার বৎসর হলো ভাল ষ্ট্যাণ্ডার্ডে স্কুল চলছে, অথচ এখনো তা রিকগনাইজড হয়নি। এর কারণ কি জানেন ?

Shri Rabindralal Sinha :

এখানে এই প্রশ্ন থেকে আপনার প্রশ্নটা ওঠে না। আপনার এলাকার প্রশ্ন দেখে বলবো।

Shri Sudhir Chandra Das :

যে স্কুল ইনস্পেক্টর ঐ স্কুল পরিদর্শন করতে গিয়েছিলেন, তিনি তদন্ত করে এটাকে অগ্রাধিকার দেওয়া হোক বলে মেদিনীপুর জেলা স্কুল বোর্ডে যে রিপোর্ট দিয়েছেন, এই রিপোর্ট আপনি দেখেছেন কি ?

Shri Rabindralal Sinha :

ঐ রিপোর্টে কি আছে তা বলতে পারবো না। তবে এইটুকু বলতে পারবো জেলা স্কুল বোর্ড ঐ স্কুল মঞ্জুর করেন নাই। তার জন্য আমার কাছে বার বার কমপ্লেইণ্ট আসায় ডিপার্টমেণ্ট থেকে স্পেশাল অফিসার পাঠিয়ে এনকোয়ারী করেছি যে জেলা স্কুল বোর্ড অন্যায় করেছেন, না, ঠিক কাজ করেছেন।

Shri Sudhir Chandra Das :

একথা কি রিপোর্টে বলা হয়েছে যে ঐ বাসুদেব বেড়িয়া স্কুল রাখা অন্যায় যেহেতু ছাত্র সংখ্যা খুব কম ?

Shri Rabindralal Sinha :

না।

Shri Sudhir Chandra Das :

রিপোর্টটা পড়ে শোনাবেন কী ?

Shri Rabindralal Sinha :

সমস্ত রিপোর্ট পড়া সম্ভব নয়। তবে আপনি দেখতে চাইলে দেখতে পারেন।

[1-40—1-50 p.m.]

Shri Balai Lal Das Mahapatra :

মন্ত্রিমহাশয় কি জানেন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কোথাও কোথাও নূতন স্কুল করা হচ্ছে—যেমন মেদিনীপুর স্কুল বোর্ডের কথা আমি বলতে পারি—আবার কোথাও কোথাও ১০০ বছরের পুরাতন স্কুলকে নষ্ট করবার জন্য তার ৫০০ গজ দূরে নূতন স্কুল করা হয়েছে ?

Shri Rabindralal Sinha :
বাসুদেব বেড়া শীতলা প্রাইমারী সম্বন্ধে এখানে প্রশ্ন করা হয়েছে। সাধারণভাবে কোথায় হয়েছে সেটা বলতে না পারলেও এটুকু বলতে পারি শিক্ষা বিভাগ এবং সরকারী নী অনুযায়ী রাজনৈতিক কারণে বিদ্যালয়ে করা হয়নি।

Shri Sudhir Chandra Das :
মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে তদন্তকারী কর্মচারী ৩টি স্কুল পরদর্শন করে এলেন তা তাঁর রিপোর্টে তিনি কি ছাত্র সংখ্যা কত আছে সেকথা বলেন নি?

Shri Rabindralal Sinha :
আপনি নোটিশ দিলে বলতে পারব কোন স্কুলে কত ছাত্র আছে।

Shri Abdul Bari Moktar :
যে স্কুল মঞ্জুরী চেয়ে পায়নি সেখানকার ছাত্ররা যদি অন্য স্কুলে যায় তাহলে সেখানে সে পরিমাণ শিক্ষক দেওয়া হবে কিনা?

Shri Rabindralal Sinha :
মঞ্জুরীপ্রাপ্ত বিদ্যালয়ে যদি ছাত্রসংখ্যা বাড়ে তাহলে তদনুযায়ী সেখানে শিক্ষক দেওয়া হবে।

Shri Sudhir Chandra Das :
যে রিপোর্ট বেরিয়েছে বলে দাবী করছেন তার উপর প্রশ্ন করছি ৩টি স্কুলে কত ছাত্র দে এসেছেন এবং সেই ছাত্রসংখ্যা তাঁর রিপোর্টে উল্লেখ আছে কিনা?

Shri Rabindralal Sinha :
আমি এখন সেটা বলতে পারব না।

Shri Sudhir Chandra Das :
আসল ব্যাপার হচ্ছে যে স্কুলে ছাত্র নেই তাকে মঞ্জুর করতে বলেছেন। আমি নিজে তদন্তকা কর্মচারীর সঙ্গে ছিলাম এবং ৩টি স্কুল পরিদর্শন করে দেখেছি তাতে ১০০ ছাত্র আছে কিন্তু আশ্চর্যের বিষয় হচ্ছে অন্য স্কুল যেখানে ছাত্র নেই তাকে রিকমেণ্ড করা হয়েছে আপনি এসব কথা গোপন করছেন কেন, চেপে যাচ্ছেন কেন?

Shri Rabindralal Sinha :
এটা অসত্য কথা—আমি কিছুই চেপে যাচ্ছি না।

Shri Narayan Choubey :
রামনগরে কি কংগ্রেস জিতলে পর স্কুল করা হবে?

Mr. Deputy Speaker :
এটা রামনগরের কথা নয়।

Government grant to Barachira High School in Nandigram police-station

***293.** (Admitted question No. *1790.) **Shri Sudhir Chandra Das :**
শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নন্দীগ্রাম থানার বরাচিরা হাই স্কুলটি কোন্ সালে মঞ্জুরী লাভ করিয়াছে; এবং মঞ্জু লাভের পর সরকার হইতে কি কি বাবদ কত টাকা ঐ বিদ্যালয়কে দেওয়া হইয়াছে; এবং

(খ) ঐ টাকা কি কি খাতে কত ব্যয় হইয়াছে?

Shri Rabindralal Sinha:

(ক) বরাচিরা হাই স্কুলটি ১৯৬৩ ইংসালে মঞ্জুরী লাভ করিয়াছে এবং মঞ্জুরী লাভের পর সরকার হইতে ৩,০০০৲ টাকা ১৯৬-৩৬৪ সনের জন্য ল্যাম্প গ্রাণ্ট পাইয়াছে।

(খ) ১৯৬৩-৬৪ সনের অডিট রিপোর্ট এখনও পাওয়া যায় নাই। ঐ বৎসরের অডিট রিপোর্ট পাওয়া গেলে এই অনুদান কোন খাতে কত ব্যয় হইয়াছে জানা যাইবে।

Shri Sudhir Chandra Das:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই বিদ্যালয়ের শিক্ষকগণ বহুদিন থেকে তাদের বেতন পান না এরকম কোন অভিযোগ শিক্ষা দপ্তরে পাঠান হয়েছে কি না?

Shri Rabindralal Sinha:

বেতন পাননি এই অভিযোগ পেয়ে জেলা পরিদর্শককে বিদ্যালয় অনুসন্ধান করবার জন্য নির্দেশ দিয়েছি।

Shri Sudhir Chandra Das:

অনুসন্ধান করবার পর কি রিপোর্ট দিয়েছেন এবং শিক্ষকদের বেতন দেবার ব্যবস্থা হয়েছে কি না সেটা জানাবেন কি?

Shri Rabindralal Sinha:

তাঁরা স্কুল কর্তৃপক্ষের অধিনস্ত শিক্ষক বলে তাঁরাই বেতন দেবেন। আমরা যে গ্রাণ্ট দেই সেটা যথাযভাবে ব্যয় হয়েছে কিনা সেটা অডিট রিপোর্টে পাব। তবে শিক্ষকরা বেতন পাননি বলে অভিযোগ করেছেন তাই জেলা স্কুল পরিদর্শককে তদন্ত করে রিপোর্ট দিতে বলেছি।

Shri Sudhir Chandra Das:

এই বিদ্যালয়ের শিক্ষকদের এ্যাটেনডেন্স রোল-এ সাক্ষর করতে দেওয়া হচেছ না এই খবর আপনি জানেন কি?

Shri Rabindralal Sinha:

ঔটা সম্পূর্ণ গ্র্যাণ্টের প্রশ্ন। এথেকে যদি এই প্রশ্ন করেন তাহলে অফ-হ্যাণ্ড কিকরে তার জবাব দেব?

Shri Sudhir Chandra Das:

এই স্কুলের সভাপতি এখানকার এম. এল. এ. সুবোধ মাইতি এবং সহ-সভাপতি প্রবীর জানা জোর করে এ্যাটেনডেন্স খাতায় সাক্ষর করতে দিচেছন না বলে তারা বেতন পাচেছন না এই খবর জানেন কিনা এবং তদন্ত করনে কি না?

Shri Rabindralal Sinha:

আপনি যদি লিখে কোন অভিযোগ করেন যা এই সভার কোন দায়িত্বশীল সদস্য সংগত অভিযোগ করেন তাহলে নিশ্চয়ই তদন্ত করব।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

উনি বললেন সংগত অভিযোগ, তাহলে কি সব অভিযোগের তদন্ত করেন না?

Shri Rabindralal Sinha :

আমরা যা করবো তা হচ্ছে সর্বক্ষেত্রে অভিযোগের উপর ভিত্তি করে করবো, অভিযোগ যদি ভেগ্ হয় তাহলে তদন্ত হয় না, যদি স্পেসিফিক হয় তাহলে নিশ্চয়ই তদন্ত হবে।

Shri Jiban Krishna Dey :

তদন্ত করার অর্ডার দিয়েছেন কতদিন হল?

Shri Rabindralal Sinha :

আমার অপরাধ হয়েছে, এই প্রশ্ন উঠে না বলা উচিত ছিল, কিন্তু জানা ছিল বলে জানিয়ে দিয়েছি।

Shri Sudhir Chandra Das :

বিদ্যালয়ের শিক্ষকরা বেতন পান না যেমন অভিযোগ করেছিল তেমনি বহু শিক্ষক শিক্ষকতা করেন না অথচ তাদের নাম তালিকায় রেখে দেওয়া হয়েছে এবং বহু দুর্নীতি করা হচ্ছে যে বহু মিনিয়েলসকে বেতন দেওয়া হচ্ছে না এবং তাদের নাম জাল স্বাক্ষর করে তাদের নামের বেতন নেওয়া হচ্ছে, এই রকম কোন অভিযোগ পেয়েছেন কি না?

Shri Rabindralal Sinha :

না, পাইনি।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Ration shops in Asansol Industrial areas

585. (Admitted question No. 700.) **Shri Subodh Chowdhury :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শিল্পাঞ্চলে কতগুলি রেশন সপ আছে;

(খ) এই একটি রেশনের দোকানে কত জনকে রেশন দেওয়া হয়, এবং কি কি ও তাহার পরিমাণ কত;

(গ) এই রেশন দোকানগুলিতে কি নিয়মিত চাউল, আটা প্রভৃতি সরবরাহ করা হয়; এবং

(ঘ) গ্রামাঞ্চলে রেশন দোকানগুলিতে কি কি জিনিস দেওয়া হয়?

The Minister for Food and Supplies :

(ক) ২৪৫টি।

(খ) প্রতিটি রেশন দোকান হইতে গড়ে ২,১০০ প্রাপ্তবয়স্ক ইউনিট রেশন সরবরাহ করা হয়। রেশন দোকান হইতে চাউল, গম, গমজাত দ্রব্য ও চিনি সরবরাহ করা হয়। সরবরাহের পরিমাণ নিম্নরূপ:—

চাউল—

প্রতি প্রাপ্তবয়স্ক—সপ্তাহে ১ কিলোগ্রাম।

প্রতি অপ্রাপ্তবয়স্ক—সপ্তাহে ১/২ কিলোগ্রাম।

(৮ বৎসরের নিম্নবয়স্ক)

গম/গমজাত দ্রব্য—

প্রতি প্রাপ্তবয়স্ক—সপ্তাহে ২ কিলোগ্রাম।
প্রতি অপ্রাপ্তবয়স্ক—সপ্তাহে ১ কিলোগ্রাম।
(৮ বৎসরের নিম্নবয়স্ক)

বর্তমানে প্রতি সপ্তাহে ইউনিট ১ কিলোগ্রাম হিসাবে গম, গমজাত দ্রব্য দেওয়া হইতেছে।

বিশেষ দ্রষ্টব্য: প্রথমে 'ক' শ্রেণী। (যাহারা খুব গরীব) তাহারা উপরিউক্ত হারে চাল, গম ও গমজাত দ্রব্য পাইয়া থাকে। চাউলের বেলায় কেবলমাত্র 'খ' শ্রেণীর লোকেরা 'ক' শ্রেণীর চাহিদা মিটিবার পর উপরিউক্ত হারে পাইতে পারে। 'ক' ও 'গ' এই উভয় শ্রেণীই 'ক' শ্রেণীর চাহিদা মিটিলে গম পাইতে পারে। এই দুই শ্রেণী অতিরিক্ত ১ কেজি গমও পাইতে পারে।

চিনি—

'ক' শ্রেণীভুক্ত ব্যক্তিদের প্রতি সপ্তাহে মাথাপিছু ১০০ গ্রাম।
'খ' শ্রেণীভুক্ত ব্যক্তিদের প্রত সপ্তাহে মাথাপিছু —২০০ গ্রাম।
'গ' শ্রেণীভক্ত ব্যক্তিদের প্রতি সপ্তাহে মাথাপিছু—২৫০ গ্রাম।

(গ) হ্যাঁ।

(ঘ) গ্রামাঞ্চলে সাধারণতঃ শিল্পাঞ্চলে প্রচলিত হারেই চাল ও গম গমজাত দ্রব্য ও শ্রেণী নির্বিশেষে সপ্তাহে মাথাপিছু ২৫০ গ্রাম চিনি দেওয়া হয়। তবে বর্তমানে গ্রামাঞ্চলে শুধু আটা ও চিনি সরবরাহ করা হইতেছে।

Stocks of Foodgrains

586. (Admitted question No. 831.) **Shri Birendra Narayan Ray:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১লা ফেব্রুয়ারি ১৯৬৫ সালে সরকারী গুদামে কোন খাদ্যশস্যের পরিমাণ জেলাওয়ারী কত ছিল; এবং

(খ) উক্ত খাদ্যশস্য সেই জেলার কত দিনের খাদ্য?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসহ একটি বিবরণী দেওয়া হইল।
(খ) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 586.

Statement showing stocks of Foodgrains held by Government in the districts of West Bengal (excluding Calcutta Industrial Area) as on the opening of 1st February, 1965.

(Figures in Tonnes).

Districts.	Rice.	Paddy.	Total in terms of rice.	Wheat including products.
1. Burdwan	4,919	..	4,919	345
2. Birbhum	2,824	..	2,824	300
3. Bankura	551	93	613	696
4. Purulia	473	94	536	280
5. Midnapore	1,781	..	1,871	1,153
6. Howrah	382	..	382	344
7. Hooghly	624	23	639	684
8. 24-Parganas	331	..	331	1,119
9. Nadia	312	..	312	537
10. Murshidabad	493	..	493	212
11. Malda	883	487	1,208	488
12. West Dinajpore	2,514	800	3,047	440
13. Darjeeling	2,515	..	2,515	3,774
14. Jalpaiguri	2,007	66	2,051	720
15. Cooch Behar	1,720	..	1,720	86
Total ..	22,329	1,563	23,371	11,178

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 586.

	Districts.	Population served in adults in weeking 13-2-65.	No. of weeks for which stocks will last.	
			Rice.	Wheat/wheat products.
1.	Burdwan	166,400	29	[illegible]
2.	Birbhum	35,100	80	[illegible]
3.	Bankura	1,400	437	49[illegible]
4.	Purulia	6,600	81	4[illegible]
5.	Midnapore	214,800	8	5
6.	Howrah	270,400	1·4	1·2
7.	Hooghly	47,000	13	14
8.	24-Parganas	598,800	·6	·2
9.	Nadia	218,200	1·4	2·5
10.	Murshidabad	37,700	13	5·6
11.	Malda	46,500	26	10
12.	West Dinajpore	41,900	72	10
13.	Darjeeling	370,800	7	10
14.	Jalpaiguri	7,000	292	103
15.	Cooch Behar	29,200	59	3
	Total	2,085,000	11·2	5

Stock of different seeds in Cooch Behar Agricultural Office

587. (Admitted question No. 951.) **Shri Jiban Krishna Dey :**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে কোচবিহার কৃষি অফিসে আউস, আমন, পাটবীজ কত মজুত ছিল

(খ) ১৯৬৫ সালে কত রাখার পরিকল্পনা আছে; এবং

(গ) বন্যা, অতিবৃষ্টি বা অনাবৃষ্টিতে ফসলহানি আশঙ্কায় বিনামূল্যে বীজ সরবরাহে বর্তমান ব্যবস্থা কি ধরণের?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) ১৯৬৪-৬৫ সালে কৃষকদিগের মধ্যে বিতরণের জন্য ১৫৩ কুইন্টাল আউস বীজ ১,৪৮১ কুইন্টাল আমন বীজ ও ১৭;২৬ কুইন্টাল পাটের বীজ কোচবিহার কৃষি অফিসে মজুত ছিল।

(খ) ১৯৬৫-৬৬ সালে ৭৫০ কুইন্টাল আউস বীজ, ১,০০০ কুইন্টাল আমন বীজ, ৬৫ কুইন্টাল পাটের বীজ বিতরণের পরিকল্পনা আছে।

(গ) বন্যা অথবা অনাবৃষ্টিতে ফসলের ক্ষতি হইলে ব্লক উন্নয়ন আধিকারিকেরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট্ ডেপুটি কমিশনারের নিকট বিনামূল্যে অথবা অল্প মূল্যে বীজ বিতরণের প্রস্তাব দাখিল করেন। ঐ প্রস্তাব সরকারের অনুমোদন লাভ করিলে ক্ষতিগ্রস্ত চাষীদের মধ্যে বীজ বিতরণ করা হয়। এতদ্ব্যতীত, এইরূপ প্রাকৃতিক দুর্যোগের দ্বারা ক্ষতিগ্রস্ত অঞ্চলে চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য ধানের চারাও উৎপন্ন করা হয়।

Damage to crops by pest in Tufanganj subdivision

588. (Admitted question No. 959.) **Shri Jiban Krishna Dey:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে তুফানগঞ্জ মহকুমায় পোকায় নষ্ট করা ধানী জমির পরিমাণ কত;

(খ) একথা কি সত্য, আক্রমণ শুরু হওয়াতে বেশ কিছুদিন অতিবাহিত হওয়া সত্ত্বেও স্প্রে মেশিন এবং উপযুক্ত ঔষধের অভাবে প্রতিষেধক ব্যবস্থা অবলম্বন করা যায় নাই; এবং

(গ) মহকুমায় কৃষি দপ্তরে ঐ সময় কোন্ জাতীয় স্প্রে মেশিন কয়টি ছিল?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ৯২ একর।

(খ) না।

(গ) তুফানগঞ্জ মহকুমায় জমিতে পোকার আক্রমণের সময় তিনটি পাওয়ার স্প্রেয়ার, ৩৫টি হ্যাণ্ড স্প্রেয়ার, ৪টি পাওয়ার ডাস্টার ও ৬৫টি হ্যাণ্ড ডাস্টার স্টকে মজুত ছিল, এছাড়া অন্যান্য স্থান হইতে দুইটি পাওয়ার স্প্রেয়ার, ২০টি হ্যাণ্ড স্প্রেয়ার, ২টি পাওয়ার ডাস্টার ও ১৫টি হ্যাণ্ড ডাস্টার আনা হইয়াছিল।

Supply of rice to the dealers from the rice mills in lieu of paddy

589. (Admitted question No. 960.) **Shri Jiban Krishna Dey:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লাইসেন্সপ্রাপ্ত 'হোল-সেলার' বা ডিলাররা ধান ভানার চার্জ দিয়া মিল থেকে দেয়া ধানের বদলে ন্যায্য চাল পাইতে পারে, এরূপ কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) উত্তর যদি 'না' হয়, তাহা হইলে এই ব্যবস্থা চালু করার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) না, কারণ ইহা ডিলার ও মিলারের মধ্যে পরস্পরের বুঝাপড়ার বিষয়।

Co-operative Societies and D.P. Agents in Khargram and Barwan police-stations, Murshidabad

590. (Admitted question No. 1099.) **Shri Abhoy Pada Saha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৫ সালের জানুয়ারি মাস পর্যন্ত চলতি মরশুমে মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানায় ও বড়ঞা থানায় কোন্ কোন্ কো-অপারেটিভ সোসাইটি ও ডি. পি. এজেণ্ট মারফৎ সরকার কত ধান ক্রয় করিয়াছেন?

The Minister for Food and Supplies:

গড়গ্রাম এবং বরঞ্চা নামে কোন থানা নাই। তবে খরগ্রাম থানা আছে, সেখানে কোন ধান ক্রয় করা হয় নাই। আর বর'ওয়ান থানায় বরওয়ান থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি দ্বারা ২৮ কুইণ্ট্যাল ৬ কিলো ৫০০ গ্রাম ধান সরকারের নামে কেনা হইয়াছে।

Shri Jitendra Nath Lahiri, ex-M.P.

591. (Admitted question No. 1125.) **Shri Monoranjan Hazra:**

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অর্থমন্ত্রী কি অবগত আছেন যে, ভূতপূর্ব কংগ্রেস এম পি শ্রীজিতেন্দ্রনাথ লাহিড়ী এম পি থাকার সময় (১৯৫৭-৬১) পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে দেড় লক্ষ টাকা ধার লইয়াছিলেন?

(খ) উক্ত প্রশ্নের উত্তর যদি "হ্যাঁ" হয়, অনুগ্রহপূর্বক মন্ত্রিমহাশয় বলিবেন কি—

(১) সেই টাকা তিনি শোধ দিয়াছেন কিনা; এবং

(২) শোধ না দিয়া থাকিলে আদায়ের কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Finance:

(ক) পশ্চিমবঙ্গ সরকার ভূতপূর্ব কংগ্রেস এম পি শ্রীজিতেন্দ্রনাথ লাহিড়ীকে ১৯৫৭-৬১ সালের মধ্যে কোন ঋণ দেন নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

Supply of Wheat in Rampurhat subdivision

592. (Admitted question No. 1225.) **Shri Shiromoni Prasad:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে রামপুরহাট মহকুমায় মাসিক কত টন গম ও কত টন গমজাত দ্রব্য দেওয়া হইয়াছিল;

(খ) ইহা কি সত্য যে মাসিক ২ হাজার টন গম পূর্ববরাদ্দ ছিল কিন্তু সেই বরাদ্দ অনুসারে গম দেওয়া হয় নাই;

(গ) যদি সত্য হয় তবে পূর্ববরাদ্দ অনুসারে গম দেওয়ার কারণ কি;

(ঘ) ইহা কি সত্য য, গত ১৯৬৫ সালের ১লা জানুয়ারি হইতে ২০শে জানুয়ারি পর্যন্ত বীরভূম জেলায় সরকার কর্তৃক সংগৃহীত ধান ও চালের মূল্যের টাকা, কোন মিলকে দেওয়া হয় নাই: এবং

(ঙ) মূল্যের টাকা দেওয়া না হইয়া থাকিলে তাহার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) সংলগ্ন বিবরণীতে গম ও গমজাত দ্রব্যের পরিমাণ দেখান হইল।

(খ) না, ইহা সত্য নহে।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) হ্যাঁ, ইহা সত্য।

(ঙ) কারণ এই যে তৎকালীন বীরভূম জেলায় অ্যাসিস্ট্যাণ্ট ডিস্ট্রিক্ট কণ্ট্রোলার হঠাৎ গুরুতর রোগে আক্রান্ত হইয়া ছুটিতে যাওয়ার সরকারী ধান-চাল সংগ্রহের মূল্য দেওয়ার কাজে অসুবিধার সৃষ্টি হইয়াছিল। তিনিই এই কাজের একমাত্র ভারপ্রাপ্ত অফিসার ছিলেন। পরে নূতন একজন অফিসার আসেন এবং তাঁহাকে তাঁহার নামে এই কাজের ভার দিবার পৃথক সরকারী আদেশনামা জারী করার কয়েকদিন পর সমস্ত চাউলমিলগুলির বকেয়া বিলের টাকা পরিশোধ করা হয়।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 592.

Name of the month.	Quantity issued in metric tonnes.			
	Wheat.	Atta.	Flour.	Sujee.
1964—				
January	81	..	..	..
February	121	45	..	..
March	73	..	..	..
April	60	..	..	..
May	98	..	..	..
June	160	112	..	..
July	263	90	..	..
August	187	50	..	..
September	101	237	13	3
October	25	60	18	2
November	50	57	19	1
December	35	36	..	2
	1,254	687	50	8

Production of Aman Paddy in Dubda Basin areas, Midnapore

593. (Admitted question No. 1263.) **Shri Hrishikesh Chakraborty:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দুবদা বেসিন এলাকায় বর্তমান বৎসর একর প্রতি গড়ে কত আমন ধান্যের ফলন হইয়াছে।

(খ) গত দশ বৎসরের বার্ষিক ফলনের হার কি ছিল;

(গ) কৃষি বিভাগ কর্তৃক উক্ত বন্যা ও ক্রমাগত ফসল হানি অঞ্চলে বন্যা নিরোধের বা উৎপাদন বৃদ্ধির জন্য বাঁধ প্রস্তুত ও জলনিকাশী খাল সংস্কারের কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কি কি, কত টাকার পরিকল্পনা আছে ও কখন উহা কার্যকরী হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৫ মণ ১২ সের।

(খ)

সাল	একর-প্রতি আমন ধান্যের ফলনের মণ	সের
১৯৫৪-৫৫	৮	১৫
১৯৫৫-৫৬	৯	০
১৯৫৬-৫৭	১৪	০
১৯৫৭-৫৮	৭	৩০
১৯৫৮-৫৯	৭	০
১৯৫৯-৬০	৭	১২
১৯৬০-৬১	১০	০
১৯৬১-৬২	৬	০
১৯৬২ ৬৩	৮	০
১৯৬৩-৬৪	১১	০

(গ) এইরূপ কোন পরিকল্পনা কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগ কর্তৃক গৃহীত হয় নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

Krishnachandrapur-Jalangi Road, Murshidabad

594. (Admitted question No. 1274.) **Shri Abdul Bari Moktar:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কৃষ্ণচন্দ্রপুর-জলঙ্গী ভায়া দেবীপুর যে সড়ক তৈয়ারি হইতেছে উহার মাটির কাজ সম্পন্ন কত দিনের মধ্যে হইবে;

(খ) উক্ত মাটির কাজ এতদিন না হওয়ার কারণ কি; এবং

(গ) উক্ত রাস্তার পিচ রোড হইয়া সম্পন্ন করিতে কতদিন সময় লাগিবে?

The Minister for Public Works (Roads):

(ক) রাস্তার যে যে অংশে ভূমির দখল পাওয়া গিয়াছে তাহার অধিকাংশই মাটির কাজ সম্পূর্ণ হইয়াছে এবং অবশিষ্টাংশে মাটির কাজ চলিতেছে। কবে শেষ হইবে তাহা জমি দখল পাওয়ার উপর নির্ভর করিবে।

(খ) ভূমির দখল না পাওয়ার জন্য মাটির কাজ এতদিনে সম্পূর্ণ করা যায় নাই।

(গ) ভূমি সংক্রান্ত দখল ঠিকমত পাওয়া গেলে রাস্তাটি পাকা করিতে আনুমানিক চার বৎসর সময় লাগিবে।

Production of crops

595. (Admitted question No. 1302.) **Shri Sanat Kumar Raha:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গ গত ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে কত পরিমাণ জমিতে নিম্নলিখিত শস্য ফলান হয় এবং উৎপন্ন ফসলের পরিমাণ কত—

সরিষা, রাই, তিল, বাদাম, তৈলবীজ; গম, অড়হর, ছোলা, মসুর, পেঁয়াজ?

The Minister of State for Agriculture and Community Development:

পশ্চিমবঙ্গে ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে সরিষা, তিল, গম, অড়হর, ছোলা ও মসুর শস্য ফলানো হইয়াছে এইরূপ জমি ও ঐসকল জমিতে উৎপন্ন ফসলের পরিসংখ্যানের একটি বিবরণী (স্টেটমেণ্ট) এতৎসহ উপস্থাপিত করা হইল।

রাই, বাদাম ও পেঁয়াজের কোন পরিসংখ্যান বর্তমান

Statement referred to in reply to unstarred question No 595.

শস্য	জমির পরিমাণ হাজার একরে	১৯৬২-৬৩ উৎপাদনের পরিমাণ হাজার টন	জমির পরিমাণ হাজার একরে	১৯৬২-৬৩ উৎপাদনের পরিমাণ হাজার টনে
সরিষা	২৩৫.৪	৩৬.৯	২১৫.৩	২৮.১
তিল	৯২.২	২.২	১৩.৬	২.৪
গম	[illegible]	৩৩.১	১৩৫.৭	৩২.২
অড়হর	৯৭.৮	২৬.৭	১১৩.৩	৩৮.০
ছোলা	৪০৭.৪	৮৭.৮	৩৪৯.৮	৮৮.৬
মসুর	২৬৭.৪	৪৮.০	২৭৩.[illegible]	৪২.৮

Ration Card holders in Statutory Rationing areas

596. (Admitted question No. 1427.) **Shri Anadi Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিধিবদ্ধ রেশনিং এলাকায় ৫ই জানুয়ারি পর্যন্ত মোট কত রেশন কার্ড দেওয়া হইয়াছিল এবং তাহাতে মোট ইউনিট কত?

The Minister for Food and Supplies:

বিধিবদ্ধ রেশনিং এলাকায় গত ৫ই জানুয়ারি পর্যন্ত পরিবার রেশন কার্ডের সংখ্যা ছিল ২৬ লক্ষ।

উক্ত কার্ডে প্রাপ্তবয়স্কের সংখ্যা ছিল ৬২.৭০ লক্ষ। আট বৎসরের অনধিক শিশুর সংখ্যা ১০.০৩ লক্ষ। মোট লোকসংখ্যা ছিল ৭২.৭৩ লক্ষ।

প্রাপ্ত বয়স্কের হিসাবে উইনিট সংখ্যা ৬৭.৭২ লক্ষ।

Industrial Training Institutes in Midnapore district

597. (Admitted question No. 1472.) **Shri Ananga Mohan Das:**

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ স্থানে শিল্প শিক্ষণ কেন্দ্র রহিয়াছে;

(খ) উহাদের প্রত্যেকটিতে কি কি বিষয় শিক্ষা দেওয়া হয়;

(গ) এগুলির কোন্ কোন্টিতে মহিলা শিক্ষার্থী গ্রহণের ব্যবস্থা আছে এবং

(ঘ) শিক্ষণপ্রাপ্ত ব্যক্তিগণকে পরবর্তী সময়ে কর্মের সুযোগ করিয়া দেবার কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে কিরূপ?

The Minister for Commerce and Industries :

(ক) ঝাড়গ্রাম।

(খ) (১) ইলেকট্রিসিয়ান, (২) ফিটার, (৩) প্যাটার্ন মেকার, (৪) সার্ভেয়ার, (৫) ম্যা ম্যান, (৬) ব্ল্যাকস্মিথ, (৭) মোল্ডার, (৮) ওয়েল্ডার, (৯) ড্রাফটসম্যান (সিভিল), (১০ কারপেনটারার, (১১) শীট মেটাল।

(গ) মহিলা শিক্ষার্থী গ্রহণের কোন ব্যবস্থা নাই।

(ঘ) কর্মনিয়োগ সংস্থার মাধ্যমে কর্মের সুযোগ করিয়া দিবার চেষ্টা করা হয়।

Circular to rice wholesalers in Sankrail police-station, Howrah

598. (Admitted question No. 1505.) **Shri Dulal Chandra Mondal:** Wi the Minister-in-charge of the Food and Supplies. Department be pleased t state—

(a) if it is a fact that the Block Development Officer, police-station Sankrail, district Howrah, has recently issued a circular to all ric wholesalers of the thana not to bring any kind of rice from outsid without his permission :

(b) if so, the reasons therefor;

(c) if it is a fact that the Block Development Officer and some Anchal Pradhans fixed up the retail rates of rice procured by the whole salers beyond the Government rates :

(d) if the Government has any proposal for introducing statutor rationing same as Calcutta in the area of Sankrail, police-station

(e) the present quota of flour for Modified Ration Shops and sweetmea shops; and,

(f) when the supply of flour and suji will be available in this area?

The Minister for Food and Supplies: (a) No such circular has beer issued by the Block Development Officer, Sankrail.

(b) Does not arise.

(c) No, it is not a fact.

(d) There is no such proposal.

(e) There is no fixed quota of flour for Modified Ration Shops and sweet-meat shops.

(f) When the supply position of wheat will improve, flour and suji will be made available in this area.

Agricultural Co-operative Societies in Bankura district

599. (Admitted question No. 1549.) **Shri Radhika Dhibar:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় মোট কতগুলি কৃষি সমবায় সমিতি ও কতগুলি যৌথ কৃষি সমবায় সমিত প্রতিষ্ঠিত হইয়াছে, এবং কোথায় কোথায় কি কি নামে উক্ত সমিতিগুলি চলিতেছে ; এবং

(খ) উক্ত সমিতিগুলির মধ্যে কোন কোনটি বর্তমানে অচল অবস্থায় আছে এবং অচল অবস্থায় থাকার কারণ কি ?

The Minister for Co-operation :

(ক)

মোট সংখ্যা

কৃষি সমবায় সমিতি—২৭

যৌথ কৃষি সমবায় সমিতি—১

সঙ্গীয় তালিকায় ইহাদের বিশদ বিবরণ দেওয়া হইল।

(খ) সঙ্গীয় তালিকার যে সমিতিগুলির ক্রমিক নং ২, ৩, ৮ হইতে ১১, ২২, ২৩ এবং ২৭ তাহারা বর্তমানে অচল অবস্থায় আছে। ইহাদের অচল অবস্থায় থাকার কারণ এই যে এই সকল সমিতি এযাবৎ উপযুক্ত পরিমাণ অংশগত মূলধন বাবদ অর্থ সংগ্রহ করিতে পারে নাই এবং তজ্জন্য সরকারী সাহায্য পায় নাই। পরিচালনাক্ষম কর্মীর অভাবও আছে।

Statement referred to in reply to unstarred question No. 599

তালিকা

সমিতির নাম ও ঠিকানা

১। মুরাকাটা সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এম এম পুর, গ্রাম মুরাকাটা, মহকুমা বিষ্ণুপুর।

২। দেশরা অধিবাসী সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম দেশরা, পোঃ কোতলপুর, মহকুমা বিষ্ণুপুর।

৩। শ্রীহর আদর্শ কৃষি সমিতি লিঃ, পোঃ ও গ্রাম শ্রীহর, থানা কোতলপুর, মহকুমা বিষ্ণুপুর।

৪। বীতপুর শক্তিসঙঘ সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা অণ্ডা, সদর মহকুমা।

৫। কোতলপুর সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা অণ্ডা, সদর মহকুমা।

৬। মকরকোলাবুনাপাড়া সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা অণ্ডা, সদর মহকুমা।

৭। হামিরপুর সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা পাত্রসায়ের।

৮। দীঘিপাড়া সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ দীঘিপাড়া, থানা সোনামুখী।

৯। বেসিয়া বাস্তুহারা সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম বেসিয়া, পোঃ খাদিহা।

১০। মহাদেবপুর-জয়দেবপুর সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম মহাদেবপুর, পোঃ নাবাগান।

১১। পলশুরা সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম পলশুরা, পোঃ নাবাগান।

১২। উকরাদিহি সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা গঙ্গাজলঘাটী।

১৩। কাবিস্তা সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা গঙ্গাজলঘাটী।

১৪। বনগ্রাম কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা বোরজোরা।

১৫। ভৈরবপুর সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা বোরজোরা।

১৬। ব্রাহ্মণদীহা সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা বোরজোরা।

১৭। সাতমৌলি সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা তালডাংরা।

১৮। সাহেরবক্র সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা অণ্ডা।

১৯। বনকুল সমবায় কৃষি উৎপাদন ও বিপণন সমাধান সমিতি লিঃ, *গ্রাম বনকুল, পোঃ এবং* থানা শিমলাপাল।

২০। নোকরাকোণ্ডা সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ এবং থানা পাত্রসায়ের।

২১। সুসুনিয়া পরাশিবোনা সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম এবং পোঃ সুসুনিয়া।

২২। লক্ষ্মীমনপুর সম্মিলনী সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম লক্ষ্মীমনপুর, পোঃ শিমলাপাল।

২৩। বনকাদহ সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম বনকাদহ, পোঃ বনকাদহ, থানা বিষ্ণুপুর।

২৪। নিশলী দুবালালা সমবায় কৃষি সমিতি লিঃ, পোঃ গৌরী নাইপুর।

২৫। শানতোর সমবায় কৃষি সমিতি লিঃ, গ্রাম অম্বরা, পোঃ শালবান্ধা।

২৬। গৌর সমবায় যৌথ কৃষি খামার (জয়েণ্ট ফার্মিং), গ্রাম গৌর, পোঃ কোতুলপুর।

২৭। খোয়ারবনী সমবায় সংযুক্ত কৃষি সমিতি লিঃ, গ্রাম খোয়ারবনী, পোঃ নাবামোহনপুর।

G. R. in Moyna and Pingla police-stations, Midnapore

600. (Admitted question No. 1560.) **Shri Ananga Mohan Das:**

ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার ময়না ও পিংলা থানার বিভিন্ন অঞ্চলে জি আর বাবত কত (১) টাকা, (২) গম, (৩) চাউল, (৪) কাপড়, (৫) জেলেদের পোশাক এবং (৬) কম্বল পাঠান হইয়াছে; এবং

(খ) উক্ত প্রেরিত দ্রব্যগুলি যথারীতি বণ্টন হইয়াছে কিনা?

The Minister for Relief and Social Welfare:

(ক) বিভিন্ন অঞ্চল সম্পর্কে বিস্তারিত তথ্য এখনও সংগৃহীত হয় নাই; তবে সংশ্লিষ্ট থানা দুইটি সম্পর্কে তথ্য নিম্নে দেওয়া হইল।

	পিংলা থানা	ময়না থানা
টাকা	১৩,৭৭৩ টা:	২৭,৭১৩ টা:
গম	৬২৫.৯২ কু:	১০৩৫.৭১ কু:
চাউল	১৫০.০৮ কু:	১২৩.৩৬ কু:
কাপড়	৩০টি	২০টি
পোশাক	১০৯টি	১৮টি
কম্বল	৩০টি	৩২টি

(খ) হ্যাঁ।

Office building of Bharatpur Block No. 2, Murshidabad

601. (Admitted question No. 1585.) **Shri Shambhu Gopal Das:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভরতপুর ২নং ব্লকের 'অফিস বাড়িটি'র জন্য সরকার বৎসরে কত টাকা ভাড়া দেন;

(খ) সরকার কি এ অফিসের জন্য বাড়ি নির্মাণের কথা চিন্তা করিতেছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ৯৬০ টাকা।

(খ) ভারত সরকারের সহিত এ বিষয়ে পত্রালাপ চলিতেছে।

Asansol Planning Organisation

602. (Admitted question No. 1601.) **Shri Bejoy Pal:**

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল প্ল্যানিং অর্গানাইজেশন নামে যে সংগঠনটি গঠিত হইয়াছে তাহার মূল লক্ষ্য কি;

(খ) আসানসোল মহকুমার যেসব অঞ্চল ইহার অন্তর্ভুক্ত করা হইয়াছে সেই সব স্থানের নাম এবং মোট পরিধি কত বর্গমাইল;

(গ) মোট কত টাকা এই সংগঠন (আসানসোল প্ল্যানিং অর্গানাইজেশন) মারফত ব্যয় করা হইবে ;

(ঘ) কতদিনের মধ্যে এই প্রস্তাবিত পরিকল্পনা সমাপ্ত হইবে বলিয়া সরকার মনে করেন ;

(ঙ) মহকুমার উন্নয়নের জন্য কি কি বিষয় এই পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে ;

(চ) কোন্ কোন্ খাতে কত টাকা ব্যয় করা হইবে ; এবং

(ছ) সরকারী ও বেসরকারী যেসব ব্যক্তিদের এই সংগঠন পরিচালনার জন্য লওয়া হইয়াছে তাঁহাদের নাম ?

The Minister for Development and Planning:

(ক) আসানসোল প্ল্যানিং অর্গানাইজেশনের মূল লক্ষ্য :—

(১) পরিকল্পনা অনুযায়ী আসানসোল-চিত্তরঞ্জন-দুর্গাপুর শিল্প, খনি ও শহরাঞ্চলের উন্নয়ন বিধান ;

(২) উক্ত অঞ্চলের জন্য এরূপ একটি সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন যাহা উক্ত অঞ্চলের বা তাহার অংশ বিশেষের জন্য জনসাধারণের স্বাস্থ্য, নিরাপত্তা, সুখ-সুবিধা ও কল্যাণ প্রভৃতি বিষয়ে উন্নয়নের কার্যক্রম ও নীতি নির্ধারক হইবে ;

(৩) জরুরি সমস্যাসমূহের সমাধানের জন্য এরূপ অন্তর্বর্তী পরিকল্পনা প্রণয়ন করা যাহা উক্ত সামগ্রিক উন্নয়ন পরিকল্পনার মধ্যে সন্নিবিষ্ট হইতে পারিবে ;

(৪) ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ ও সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়সমূহের জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন ও প্রশাসনিক প্রশ্নে রাজ্যসরকারকে পরামর্শ দান;

(৫) অন্তর্বর্তী ও সামগ্রিক পরিকল্পনাগুলি প্রণীত হইবার পর সেগুলিকে কার্যে পরিণত করিবার জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ণ, প্রশাসন, আর্থিক ও অন্যান্য বিষয়ে রাজ্য-সরকারকে পরামর্শ দান ; এবং

(৬) সময়ে সময়ে রাজ্যসরকার, গণকর্তৃপক্ষ, প্রতিষ্ঠান বা সংস্থাসমূহকে সরকারের নির্দেশানুযায়ী অন্যান্য বিভিন্ন বিষয়ে পরামর্শ দান।

(খ) সমগ্র আসানসোল মহকুমা অঞ্চল এই সংস্থার অন্তর্ভুক্ত কিন্তু নিম্নবর্ণিত ১৬০ বর্গ মাইল এলাকার জন্য উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হইতেছে—

(১) সমগ্র চিত্তরঞ্জন থানা ;

(২) সালানপুর থানার একাংশ ;

(৩) কুলটি থানার অংশ ;

(৪) সমগ্র আসানসোল থানা ;

(৫) হীরাপুর থানার একাংশ ;

(৬) সমগ্র রাণীগঞ্জ থানা ;

(৭) জামুরিয়া থানার একাংশ ;

(৮) বরবাণী থানার অংশ ;

(৯) সমগ্র দূর্গাপুর থানা ; এবং

(১০) সমগ্র ফরিদপুর থানা।

(গ) এই সংস্থার পরিকল্পনা ও ইহার অন্তর্ভুক্ত অঞ্চলের সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা রচনার ব্যয় নির্বাহের জন্য কেন্দ্রীয় সরকার ৫.৮ লক্ষ টাকা ও পরিকল্পনা জন্য প্রয়োজনীয় জরীপ কার্য্যাদির জন্য অতিরিক্ত ৩৯,৮০০ টাকা বরাদ্দ করিয়াছেন।

(ঘ) বর্তমান নির্ধারিত কার্যক্রম অনুসারে ১৯৬৫ সালের ৩১-শে জুলাই তারিখের মধ্যে সংস্থার অন্তবর্তী পরিকল্পনা প্রণয়ন ও ৩১শে মার্চ ১৯৬৮ তারিখের মধ্যে চূড়ান্ত সামগ্রিক উ পরিকল্পনা প্রণয়নের কার্য সমাপ্ত হইবে আশা করা যায়।

(ঙ) বিভিন্ন উদ্দেশ্যে ভূমি ব্যবহার, বাসগৃহ নির্মাণ, জলসরবরাহ, ভূ-গর্ভস্থ পয়:প্র পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থা প্রভৃতি বিষয়ে এই সংস্থা অনুসন্ধান ও পরিকল্পনা করিবেন।

(চ) পরিকল্পনা রচিত না হওয়া পর্যন্ত কোন্ কোন্ খাতে কত টাকা ব্যয় হইবে বলা সম্ভব নয়।

(ছ) আসানসোলস্থ অতিরিক্ত জিলা শাসক এই সংস্থার অধিকর্তা। তাহা ছাড়া নিম্নলি সদস্যগণ এই সংস্থার জন্য গঠিত পরামর্শদাতা কমিটিতে আছেন—

(১) শ্রী এ নিয়োগী, আই এ এস, দুর্গাপুর ডেভলপমেণ্ট অথরিটির সভাপতি—সভাপতি

(২) শ্রী জন ম্যাক্‌ক্রাকেন, ও বি ই, ডিরেক্টর ও জেনারেল ম্যানেজার, ইণ্ডিয়ান আ অ্যাণ্ড স্টিল কোং লিঃ—সহ-সভাপতি ;

(৩) কমিশনার, টাউন অ্যাণ্ড কাণ্ট্রি প্ল্যানিং—সদস্য ;

(৪) সিনিয়র প্ল্যানার, রিজিওন্যাল প্ল্যানিং উইং, সি এম পি ও—সদস্য ;

(৫) জিলা শাসক, বর্ধমান—সদস্য ;

(৬) জেনারেল ম্যানেজার, চিত্তরঞ্জন লোকোমটিভ ওয়ার্কাস—সদস্য ;

(৭) ইণ্ডিয়ান মাইনিং অ্যাসোসিয়েশন, ইণ্ডিয়ান মাইনিং ফেডারেশন ও ইণ্ডিয়ান কোলিয় ওনার্স অ্যাসোসিয়েশন-এর জয়েণ্ট ওয়ার্কিং কমিটি কর্তৃক মনোনীত ব্যক্তি—সদস

(৮) শ্রী সি এস চন্দ্রশেখর, টাউন অ্যাণ্ড কাণ্ট্রি প্ল্যানার, টি সি পি ও (ভারত সরকার)- সদস্য ;

(৯) কোল মাইনস লেবার ওয়েলফেয়ার কমিশনার, ধানবাদ—সদস্য ;

(১০) ভাইস-চেয়ারম্যান, আসানসোল মাইনস বোর্ড অফ হেল্থ—সদস্য ;

(১১) চিফ ইঞ্জিনীয়ার, দামোদর ভ্যালী কর্পোরেশন—সদস্য ;

(১২) চিফ ইঞ্জিনীয়ার, হাউসিং ডিরেক্টরেট, পশ্চিমবঙ্গ—সদস্য ;

(১৩) ডিভিশনাল সুপারিণ্টেণ্ডেণ্ট, ইস্টার্ণ রেলওয়ে, আসানসোল—সদস্য ;

(১৪) জেনারেল ম্যানেজার, ইণ্ডিয়ান স্টাণ্ডার্ড ওয়াগন কোং লিঃ, বার্ণপুর—সদস্য ;

(১৫) ম্যানেজিং ডিরেক্টর, সেন-র‍্যালে ইণ্ডাস্ট্রীজ লিঃ, কন্যাপুর—সদস্য ;

(১৬) আসানসোল পৌরসংস্থার প্রশাসক—সদস্য ;

(১৭) রাণীগঞ্জ পৌরসংস্থার প্রশাসক—সদস্য ;

(১৮) ডাঃ জি আর মিত্র, বিধান সভার সদস্য—সদস্য ;

(১৯) শ্রী ডি ডি মণ্ডল, বিধান পরিষদের সদস্য—সদস্য ; এবং

(২০) আসানসোল প্ল্যানিং অর্গানাইজেশনের অধিকর্তা—সম্পাদক।

Establishment of a Health Centre at Salar, Murshidabad

603. (Admitted question No. 1591.) **Shri Shambhu Gopal Das:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সালার গ্রামে কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব সরকারের আছে কি ; এবং

(খ) প্রস্তাব থাকিলে কতদিনের মধ্যে তাহা কার্যকরী হইবে ?

The Minister for Health:

(ক) আছে।

(খ) ভূমি অধিগ্রহ আইন বলে জমি দখল করিবার ব্যবস্থা করা হইতেছে। জমির দখল পাইবার পর এ বিষয় অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

Ranaghat A. G. Hospital, Nadia

604. (Admitted question No. 1579.) **Shri Gour Chandra Kundu:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট এ জি হাসপাতালে বর্তমানে অন্তঃ বিভাগে রোগীর সংখ্যা কত এবং সেখানে কতজন ডাক্তার ও নার্স আছে;

(খ) ঐ সকল রোগীর প্রত্যেককে মেট্রেস ও মসকুইটো নেট্স দেওয়া হয় কি;

(গ) ইহা কি সত্য যে ঐ হাসপাতালে বর্তমান পায়খানাটি ব্যবহারের অযোগ্য হইয়া আছে;

(ঘ) সত্য হইলে, ইহার জন্য বিকল্প কি ব্যবস্থা হইয়াছে; এবং

(ঙ) হাসপাতাল বাড়ীতে ইলেকট্রিক কানেকশন থাকা সত্ত্বেও ইলেকট্রিক লাইট ও ফ্যান দেওয়া হয় নাই কেন?

The Minister for Health:

(ক) রোগীর সংখ্যা ১০৬, ডাক্তার ৩ জন, নার্স ২০ জন।

(খ) হ্যাঁ।

(গ) ও (ঘ) এই হাসপাতালে একাধিক পায়খানা আছে। কোনও একটি খারাপ হইলে অপরগুলি ব্যবহার করা যাইতে পারে।

(ঙ) ইলেকট্রিক লাইনগুলি পুরাতন এবং অকেজো এবং বিদ্যুৎ সঞ্চালনের অযোগ্য।

Development fund for Howrah Zilla Parishad and Sankrail Anchalik Parishad

605. (Admitted question No. 1711.) **Shri Dulal Chandra Mondal:** Will the Minister-in-charge of the Panchayats Department be pleased to state how much fund has been allotted for Development Scheme to Howrah Zilla Parishad and how much fund has been allotted for Sankrail Anchalik Parishad?

The Minister of State for Panchayats: A sum if Rs. 63,000 representing per cent. of the average collection of current land revenue from the district for the last three years has been allotted to the Howrah Zilla Parishad for Development Schemes.

No fund for development schemes has so far been allotted to Sankrail Anchalik Parishad.

Governing Body of Ranaghat College

606. (Admitted question No. 1577.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Education Department be pleased to refer to the reply given to unstarred question No. 235 (Admitted question No. 899) on the 23rd February, 1965 and state—

(a) the name of the members of the reconstituted Managing Committee, and

(b) when the same has been reconstituted?

The Minister for Education: (a) A list showing the names of members of the reconstituted Governing Body of the Ranaghat College laid on the table.

(b) Government issued orders regarding reconstitution of the Govern Body on the 11th February, 1965.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 606.

LIST

(1) District Magistrate, Nadia—President (Ex-officio).

(2) One A.D.P.I. to be nominated by the D.P.I.,—Member (Ex-officio),

(3) S.D.O. Ranaghat—Member (Ex-officio).

(4) Principal of the College—Secretary (Ex-officio).

(5) Subdivisional Health Officer, Ranaghat—Member (Ex-officio).

(6) Executive Engineer, Construction Board, Nadia—Member (Ex-offici

(7) Shri H. D. Banerjee—Member.

(8) Shri Asoke Pal Chowdhury—Member.

(9) Dr. N. N. Dutta, M.B.—Member.

(10) and (11) Two representatives of the permanent teaching staff to l elected annually and approved by the D.P.I., West Bengal-Members.

Metropolitan Immunisation Scheme in Sankrail police-station, Howrah

607. (Admitted question No. 1712.) **Shri Dulal Chandra Mondal:** Wi the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many staffs are being maintained in Anchal basis for vaccina tion and cholera inoculation under Metropolitan Scheme in Sankra police-station, district Howrah;

(b) what are the number of cases of primary vaccination and regula vaccination in the year 1964-65 (up till now) in the Sankra police-station area, district Howrah;

(c) whether the staffs under Metropolitan Scheme are working full tim in the area; and

(d) whether the persons engaged in vaccination and inoculation works ar all trained and passed?

The Minister for Health: (a) Information is given in item (a) of the an nexed statement.

(b) Information is given in item (b) of the annexed statement.

(c) Yes.

(d) Persons engaged in vaccination and inoculation are all trained.

Statement referred to in reply to clauses (a) and (b) of unstarred question No. 607.

Statemen regarding Calcutta Metropolitan Immunisation Scheme in Sankrail police-station of Howrah district

(a) For vaccination and inoculation in Sankrail police-station, Howrah, 14 vaccinators as detailed below, are being maintained:

Names of Unions and number of vaccinators.

(1) Duilla	..	3
(2) Jhorhat	..	2
(3) Sankrail	..	2
(4) Dhulogori	..	2
(5) Andul	..	2
(6) Manickpur	..	2
(7) Nalpur	..	1
Total	..	14

(b) Number of Primary and re-vaccinations performed in Sankrail police-station are shown below—

Year.	Primary Vaccination.	Re-vaccination.	Total.
1964	6,647	40,388	47,035
1965	121	90	211
(Up to 20th February, 1965)	..	..	..
	6,768	40,478	47,246

Scheme for segregating the lepers in Midnapore town and Midnapore Block

608. (Admitted question No. 1732.) **Shri Syed Shamsul Bari:** **Will** the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) If Government has any scheme for segregating the lepers of Midnapore town and Midnapore Block; and

(b) if so, whether Government has any Scheme for their treatment as indoor patients?

The Minister for Health: (a) No.

(b) Indoor treatment of leprosy patients is arranged in the Gouripore Leprosy Colony, Bankura, and other State Hospitals and Health Centres.

Small-pox in Asansol

609. (Admitted question No 1748.) **Shri Aswini Roy:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৫ সালে ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে আসানসোল পৌর এলাকায় বসন্ত রোগ দেখা দেয়; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৬৫ সালের ১৪ই ফেব্রুয়ারি পর্যন্ত কতজনকে টিকা দেওয়া হয়,

(২) কোন্ কোন্ স্থলে টিকা দেওয়া হয়, এবং

(৩) ১৪ই ফেব্রুয়ারি পর্যন্ত বসন্ত রোগে আক্রান্ত ও মৃতের সংখ্যা ঐ শহরে কত?

The Minister for Health:

(ক) না।

(খ) উক্ত সময়ে কোন বসন্ত রোগ দেখা দেয় নাই, তবুও নিবারক (প্রিভেন্টিভ) ব্যবস্থা হিসাবে ১৯৬৫ সালের ১লা জানুয়ারি হইতে ১৯-শে ফেব্রুয়ারি পর্যন্ত মোট ৬১৯ জনকে প্রাথমিক টিকা এবং ১৩,৯৮৭ জনকে পুনঃ টিকা দেওয়া হইয়াছে। ১৯৬৪ সালে মোট ৩,০১৫ জনকে প্রাথমিক টিকা ও ৪৮,৩১৬ জনকে পুনঃ টিকা দেওয়া হইয়াছে।

(২) রামকৃষ্ণ মিশন হাই স্কুল, জহরমল জালান ইনস্টিটিউশান, আর্যকন্যা বিদ্যালয়, ডি এ ভি স্কুল, সেণ্ট পেট্রিক্স এইচ ই স্কুল, সেণ্ট ভিনসেণ্ট এইচ ই স্কুল (বালকদের জন্য), সেণ্ট ভিনসেণ্ট এইচ ই স্কুল (বালিকাদের জন্য), দয়াবালীলাল বারোয়াল স্কুল এবং ৪টি পৌর প্রতিষ্ঠানের বিদ্যালয়।

(৩) প্রশ্ন উঠে না।

Mineral resources in Binpur police-station, Midnapore

610. (Admitted question No. 1779.) **Shri Mangal Chandra Saren:**

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানায় কি কি খনিজ সম্পদ আছে; এবং

(খ) ঐসব খনিজ সম্পদ দিয়া ঐ এলাকায় কোন শিল্প গড়িয়া তোলায় পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Minister for Commerce and Industries:

(ক) আকরিক ম্যাঙ্গানীজ, চীনা-মাটি, অকার (হলুদ), কায়নাইট, আকরিক লৌহ, আকরিক সীসা, সোপস্টোন, অ্যাসবেস্টস, ব্ল্যাক-স্টোন ইত্যাদি।

(খ) না।

Contai Co-operative Industrial and Agricultural Marketing Society

611. (Admitted question No. 1788.) **Shri Sudhir Chandra Das:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি কৃষি-শিল্প সমবায় বিপণন সমিতির বর্তমান ডিরেক্টর বোর্ডের সদস্যগণের নাম কি; এবং

(খ) ঐ সমিতির সদস্য তালিকা কি?

The Minister for Co-operation:

(ক) এই সমিতিকে লিকুইডেশনে দেওয়া হইয়াছে এবং লিকুইডেটর নিযুক্ত হইয়াছে। কুইডেটর পূর্বতন ডিরেক্টর বোর্ডের নিকট হইতে এখন পর্যন্ত চার্জ পান নাই। উক্ত ডিরেক্টর র্ডের সদস্যগণের নাম নিম্নে দেওয়া হইল:—

(১) শ্রীসতীশচন্দ্র জানা,
(২) শ্রীপ্রফুল্লকুমার মাইতি,
(৩) শ্রীরাসবিহারী পাল,
(৪) শ্রীপ্রাণকৃষ্ণ সাহু,
(৫) শ্রীরাধাকৃষ্ণ সাহু,
(৬) শ্রীনরেন্দ্রলাল মিত্র চৌধুরী,
(৭) শ্রীনগেন্দ্রনাথ দে,
(৮) শ্রীসুধাংশুশেখর পাণ্ডা,
(৯) শ্রীরাধারমন দাস,
(১০) সাব-ডিভিশনাল অফিসার, কাঁথি,
(১১) সার্কেল অফিসার, কাঁথি,
(১২) সাব-ডিভিশনাল এগ্রিকালচার মার্কেটিং অফিসার, কাঁথি।

(খ) এতৎসহ সদস্য তালিকা দেওয়া হইল।

atement referred to in reply to clause *(kha)* of unstarred question No. 611

কাঁথি কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল ও এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ

সদস্যদের নাম

(১) শ্রীসতীশচন্দ্র জানা
(২) শ্রীরাসবিহারী পাল
(৩) শ্রী শ্রীশচন্দ্র পট্টনায়েক
(৪) শ্রীসত্যব্রত জানা
(৫) শ্রীরূপসী জানা
(৬) শ্রীরমেশচন্দ্র মাইতি
(৭) শ্রীযতীন্দ্রনাথ দাস
(৮) শ্রীপ্রফুল্লকুমার মিত্র
(৯) শ্রীমাখনলাল দাস
(১০) শ্রীহরিপদ পাহাড়ী
(১১) শ্রীসুরেন্দ্রনাথ প্রধান
(১২) শ্রীযোগেন্দ্রনাথ মণ্ডল
(১৩) শ্রীঅনন্তকুমার জানা
(১৪) শ্রীক্ষীতিন্দ্রনাথ জানা
(১৫) শ্রীযতীন্দ্রনাথ সাহু
(১৬) শ্রীভবেশচন্দ্র মাল
(১৭) শ্রীত্রৈলক্যনাথ প্রধান

Statement referred to in reply to clause *(kha)* of unstarred question No. 611—*contd.*

কাঁথি কো-অপারেটিভ ইণ্ডাস্ট্রিয়াল ও এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ সদস্যদের নাম

(১৮) শ্রীকাঙ্গালচন্দ্র গিরি
(১৯) শ্রীবিমলকুমার প্রধান
(২০) শ্রীভূষণচন্দ্র সাহু
(২১) শ্রীগোবিন্দ মুখার্জি
(২২) শ্রীশচীন্দ্রনাথ প্রধান
(২৩) শ্রীধ্রুব মাইতি
(২৪) শ্রীবাসেদ আলি বক্স চৌধুরী
(২৫) শ্রীবিভূতিভূষণ মিত্র
(২৬) শ্রীবিধুভূষণ মিত্র চৌধুরী
(২৭) শ্রীযতীন্দ্রলাল মিত্র চৌধুরী
(২৮) শ্রীফণীভূষণ মিত্র চৌধুরী
(২৯) শ্রীঅমরেন্দ্রনাথ মাইতি
(৩০) শ্রীশরৎচন্দ্র মণ্ডল
(৩১) শ্রীহিমাংশুশেখর বেরা
(৩২) শ্রীইন্দুভূষণ মাইতি
(৩৩) শ্রীসতীশচন্দ্র দিন্দা
(৩৪) শ্রীজগদীশচন্দ্র প্রধান
(৩৫) শ্রীপঞ্চানন দাস
(৩৬) শ্রীবিভূতিভূষণ পাণ্ডা
(৩৭) শ্রীসন্তোষকুমার জানা
(৩৮) শ্রীঈশ্বরচন্দ্র মাল (মৃত)
(৩৯) শ্রীমতী শৈলজ সুন্দরী ডিঙ্গল
(৪০) শ্রীশশধর জানা
(৪১) শ্রীব্যোমকেশ প্রধান
(৪২) শ্রীবিমানবিহারী প্রধান
(৪৩) শ্রীনরেন্দ্রলাল মিত্র চৌধুরী
(৪৪) শ্রীমাধবচন্দ্র সামন্ত
(৪৫) শ্রীভগীরথ দাস
(৪৬) শ্রীবীরেন্দ্রনাথ দাশ
(৪৭) শ্রীপুরুষোত্তম মাইতি
(৪৮) শ্রীরাধাগোবিন্দ সাহু

Statement referred to in reply to clause (*Kha*) of unstarred question No. 611—*concld.*

কাঁথি কো-অপারেটিভ ইণ্ডাস্ট্রিয়াল ও এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিঃ সদস্যদের নাম

(৪৯) শ্রীযতীন্দ্রনাথ পড়িয়া

(৫০) শ্রীরাখালচন্দ্র সাহু

(৫১) শ্রীজাবেদালি বক্স

(৫২) শ্রী শ্রীকান্ত মাইতি

(৫৩) শ্রীনগেন্দ্রনাথ দে

(৫৪) শ্রীপীতবাস পাত্র

(৫৫) শ্রীপ্রাণকৃষ্ণ সাহু

(৫৬) শ্রীমাখনলাল হাজরা

(৫৭) সিদ্ধেশ্বর বাগার

(৫৮) শ্রীসতীশচন্দ্র মাইতি

(৫৯) শ্রীঅমরেন্দ্রনাথ মাইতি

(৬০) শ্রীসতীশচন্দ্র প্রধান

(৬১) শ্রীবরেন্দ্রনাথ শাসমল

(৬২) শ্রীফণীন্দ্রনাথ সিং

(৬৩) শ্রীরাধাকৃষ্ণ সাহু

(৬৪) শ্রীগোবিন্দলাল সিংহ

(৬৫) কাজলা সমবায় কৃষি ঋণদান সমিতি

(৬৬) কানাই দিঘী এগ্রিকালচারাল কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি, লিঃ

(৬৭) পশ্চিমবঙ্গ সরকার

Minimum wages for agricultural labourers in West Bengal

612. (Admitted question No. 1813.) **Shri Aswini Roy:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ক্ষেত মজুরদের ন্যূনতম মজুরীর হার নির্ধারিত হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(১) এই মজুরী নির্ধারণের ভিত্তি কি,

(২) জেলাওয়ারী নির্ধারিত হার কি, এবং

(৩) কোনও জেলায় ন্যূনতম মজুরী প্রবর্তিত হইয়া থাকিলে তাহার তারিখ?

The Minister for Labour:

(ক) হ্যাঁ।

(খ) (১) নির্ধারণের সময় বিভিন্ন অঞ্চলে প্রচলিত হার

(২) দৈনিক হার	আহার ও বাসস্থান সহ মাসিক হার
হাওড়া ও কোচবিহার :—প্রাপ্তবয়স্ক পুরুষ—টা ১.৮৭ হইতে টা ২.১২।	প্রাপ্তবয়স্ক—২৬ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী—টা ১.৭৫ হইতে ২ টাকা।	অপ্রাপ্তবয়স্ক—১৬ টাকা।
অপ্রাপ্তবয়স্ক—টা ১.১২।	
হুগলি ও বর্ধমান:—প্রপ্তবয়স্ক পরুষ—টা ১.৬২ হইতে টা ২.১২।	প্রাপ্তবয়স্ক—২০ টাকা হইতে ২৬ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী—টা ১.৫০ হইতে ২ টাকা।	অপ্রাপ্তবয়স্ক—১১ টাকা হইতে ১৬ টাকা
অপ্রাপ্তবয়স্ক—৯৪ পয়সা হইতে টা ১.১২।	
বাঁকুড়া, বীরভূম ও পশ্চিম দিনাজপুর :—প্রাপ্তবয়স্ক পুরুষ—টা ১.৬২ হইতে টা ১.৮৭।	প্রাপ্তবয়স্ক—২০ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী—টা ১.৫০ হইতে টা ১.৭৫।	অপ্রাপ্তবয়স্ক—১১ টাকা।
অপ্রাপ্তবয়স্ক—৯৪ পয়সা।	
মুর্শিদাবাদ, নদিয়া, মালদহ ও পুরুলিয়া :—প্রাপ্তবয়স্ক পুরুষ—টা ১.৫০ হইতে টা ১.৭৫।	প্রাপ্তবয়স্ক—১৮ টাকা। অপ্রাপ্তবয়স্ক—৯ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী—টা ১.৩৭ হইতে টা ১.৬২।	
অপ্রাপ্তবয়স্ক—৮৭ পয়সা।	
মেদিনীপুর :—প্রাপ্তবয়স্ক পুরুষ—টা ১.৬২ হইতে টা ২.১২।	প্রাপ্তবয়স্ক—২০ টাকা হইতে ২৬ টাকা
প্রাপ্তবয়স্ক স্ত্রী—টা ১.৫০ হইতে ২ টাকা।	অপ্রাপ্তবয়স্ক—১১ টাকা হইতে ১৬ টাকা।
অপ্রাপ্তবয়স্ক—৯৪ পয়সা হইতে ১.১২।	
চব্বিশপরগনা :—প্রাপ্তবয়স্ক পুরুষ—টা ১.৫০ হইতে টা ২.১২।	প্রাপ্তবয়স্ক—১৮ টাকা হইতে ২৬ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী—টা ১.৩৭ হইতে ২ টাকা।	অপ্রাপ্তবয়স্ক—৯ টাকা হইতে ১৬ টাকা।
অপ্রাপ্তবয়স্ক—৮৭ পয়সা হইতে টা ১.১২।	
দার্জিলিং ও জলপাইগুড়ি :—প্রাপ্তবয়স্ক পুরুষ—টা ১.৫০ হইতে টা ২.২৫।	প্রাপ্তবয়স্ক—২৫ টাকা।
প্রাপ্তবয়স্ক স্ত্রী—টা ১.৩৭ হইতে ২ টাকা।	
অপ্রাপ্তবয়স্ক—৮৭ পয়সা হইতে টা ১.২৫।	

(৩) দার্জিলিং ও জলপাইগুড়ি জেলায় ১৯৫৩ সালের ডিসেম্বর মাসে এবং অন্যান্য জেলায় ১৯৫৯ সালের ডিসেম্বর মাসে।

Production of different seeds in Beldanga Block Seed Farm

613. (Admitted question No. 515.) **Shri Debsaran Ghosh:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা থানা সরকারী কৃষিক্ষেত্রে গত ১৯৬৪ সালের এবং ১৯৬৫ সালের জানুয়ারি মাসের ২৫ তারিখ পর্যন্ত কি কি বীজ এবং কত পরিমাণ বীজ উৎপন্ন হইয়াছে;

(খ) বর্তমান বৎসরে ২৫শে জানুয়ারি পর্যন্ত কোন্ ব্লকে কতজনকে কত পরিমাণ বীজ সাহায্য হিসাবে দেওয়া হইয়াছে; এবং

(গ) উক্ত বীজ উৎপন্ন করিতে এ পর্যন্ত কত খরচ হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) একটি বিবরণী (স্টেটমেণ্ট) এতৎসহ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) প্রশ্নে উল্লিখিত বীজের খরচ ৮,০৮৬ টাকা ৪৯ পয়সা।

Oil Crushing Co-operative Societies in West Bengal

614. (Admitted question No. 1412.) **Shri Sanat Kumar Raha:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে তৈল নিষ্কাশনের জন্য (অয়েল ক্র্যাশিং ইণ্ডাস্ট্রি) কয়টি সমবায় সমিতি কোন্ বছরে প্রতিষ্ঠিত হয়। তাহাদের নাম ঠিকানা কি; এবং

(খ) উক্ত সমিতিগুলি কি বর্তমানে চালু আছে?

The Minister for Co-operation:

(ক) তৈল নিষ্কাশনের জন্য পশ্চিমবঙ্গে ১৯৪৮ সনে—১টি, ১৯৫২ সনে—১টি, ১৯৫৫ সনে—১টি, ১৯৫৬ সনে—১০টি, ১৯৫৭ সনে—৯টি, ১৯৫৮ সনে—১৯টি, ১৯৫৯ সনে—৪৬টি, ১৯৬০ সনে—২৬টি, ১৯৬১ সনে—১৫টি, ১৯৬২ সনে—৮টি, ১৯৬৩ সনে—১টি, ১৯৬৪ সনে—১টি, মোট ১৩৮টি সমবায় সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে। তাহাদের নাম ও ঠিকানা সম্বলিত তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) উহাদের কিছু সংখ্যক বর্তমানে চালু আছে। এই প্রসঙ্গে প্রশ্নের উত্তরে উল্লিখিত তালিকা দ্রষ্টব্য।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE.

Mr. Deputy Speaker: There are 7 Calling Attention Notices. Secretary will please read them out.

The Secretary: (SHRI P. ROY): Following are the 7 Notices of Calling Attention :—

(1) Scarcity of wheat and wheat products in the non-rationed areas of West Bengal—by Shri Birendra Narayan Ray, Shri Radha Krishna Singha and Shri Adhar Chandra Halder.

(2) Non-availability of Peacock Primary Reader in Darjeeling district —by Shri Bhadra Bahadur Hamal.

(3) Dis-satisfaction of the tea garden workers in Darjeeling and Dooars area—by Shri Aswini Roy.

(4) Imposition of levy on small husking mills—by Shri Mrigendra Bhattacharyya, Shri Bejoy Pal, Shri Radhanath Chattoraj, Shri Bhabani Mukhopadhyay and Shri Monoranjan Hazra.

(5) Proposal to lease Durgapur DVC Canal to a private Company—by Shri Bejoy Pal.

(6) Outbreak of small-pox and chicken-pox in Asansol, Burnpur and Kulti areas—by Shri Bejoy Pal.

(7) Acute scarcity of wheat and wheat products in Midnapur district—by Shri Narayan Choubey.

Mr. Deputy Speaker: I have selected the Notice of Shri Bejoy Pal on the subject of outbreak of small-pox and chicken-pox in Asansol, Burnpur and Kulti areas. The Hon'ble Minister will please make a statement today, if possible, or give a date when the statement will be made.

Shri Ardhendu Shekhar Naskar: On Monday next.

Firing at Indo-Pak Border in Cooch Behar district

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে যে কুচবিহারে মেখলিগঞ্জে তিন বিঘার জমি নিয়ে পাকিস্তানের সঙ্গে গণ্ডগোল হচ্ছে, পাকিস্তান গুলি চালাচ্ছে এবং বহু লোক হতাহত হয়েছে, আমরা জানি যতদিন এই নপুংষক সরকার বসে ততদিন এইরূপই চলবে। এই অঞ্চলে গুলি চালনার ফলে প্রায় ১০ হাজার নিরাশ্রয় হয়েছে, তাদের সঙ্গে যোগাযোগ রক্ষাও এই সরকার করতে পারেন না, ১০ হাজার মানুষকে জোর করে পাকিস্তানের দিকে ঠেলে দিচ্ছেন, এই যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

NON-SUPPLY OF PEACOCK PRIMERY READER IN DARJEELING DISTRICT

[1-50—2 p.m.]

Shri Bhadra Bahadur Hamal:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক রছি, সেটা হল পিকক প্রাইমার রিডার-এর সাপ্লাই পাচ্ছে না, ওরা পড়তে পাচ্ছে না, অমি অনেকবার এখানে বলেছি এবং আজকে এখানে কলিং এ্যাটেনসন দিয়েছি কিন্তু রিপ্লাই পেলাম না। এ সম্বন্ধে কি ব্যবস্থা করলেন? আমি নিজে গেছি এডুকেশন মিনিস্টারকে জানিয়েছি, আমি নিজে গেছি জেলা ইনস্পেক্টর-এর অফিসে, ওখানে গিয়ে খোঁজ নিয়ে জিজ্ঞাসা করলাম বলুন তো কবে আসবে? কমার্সের মধ্যে আসবে? কিন্তু বলতে পারলেন না কবে আসবে। ছেলেরা ঘুরে বেড়াচ্ছে পিকক প্রাইমার রিডার নেই, সে সম্বন্ধে কি করবেন বলুন না? পড়তে দেবেন না। পিকক হয়ে কি উড়ে গেল নাকি? ডেপুটি স্পীকার আমি এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখনও পর্যন্ত কোনও গভর্নমেণ্ট পাবলিকেশন-এর বই পাচ্ছে না।

Sri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য ভদ্র বাহাদুর হামাল, এই রকম ভাবে হামলা না করে আপনার অনুমতি নিয়ে একটা নোটিশ দিন না।

Shri Nikhil Das :

টা হচেছ বই পাওয়া যাচেছ না, পাওয়া যাবে কিনা, রবিন্দ্রবাবু যদি বলে দেন তাহলে প্রশ্নটা ল, সরল হয়ে যায়।

Mr. Deputy Speaker :

খিলবাবু শুনুন, যেভাবে কলিং এ্যাটেনশন নোটিশ না দিয়ে কিম্বা, আপনারা অন্য কোনও, দিডিওর অনুসারে নোটিশ না দিয়ে কেবল বললেন, আমার একটা বলবার আছে, প্রত্যেক মেম্বার ভাবে বলছেন, আমি দেখছি কয়েকদিন যাবং তার কোনও উত্তর মিনিস্টাররা দিতে পারেন না র্ণ মিনিস্টাররা প্রিপেয়ার্ড হয়ে আসেন না, আগে নোটিশ দিতে হয়, এখন আপনারা এই ভাবে স-এর সময় নষ্ট করেন, কাজেই আমি এটা পছন্দ করি না, আপনারা এমন ভাবে বলেন, কেবল া প্রশ্ন হলেই হল, প্রশ্নটা করতে পারেন উত্তরের জন্য কোনও বালাই নেই, আপনারা বল প্রশ্নটাই করতে চান। কাজেই আমিও তাই দেখছি, আরও ২।৩ জন আছেন প্রশ্ন বেন। যাহোক মিঃ চৌবে আপনি বলুন।

Reduction in supply of articles in Ration Shops in Midnapore district

Shri Narayan Choubey :

নীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মেদিনীপুর জেলায় যে খাদ্যে বর্তমানে াভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে, মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র সেনের দৃষ্টি আকর্ষণ করছি। একেতো া বা সুজি সেখানে রেশন দোকানে নেই। ৬০ পারসেণ্ট আটা কাটা হয়েগেছে, তাছাড়া চিনি পারসেণ্ট ছোটখাট দোকানদাররা পাচেছ না, যার ফলে চায়ের দোকান, খাবারের দোকান, হয়ে যাচেছ। অবস্থা খুব খারাপ, আপনি যদি অন্ততপক্ষে কিছু গম—গম যদি না পারেন হলে চিনির কি হলো ? চিনি কেন ৬৭ পারসেণ্ট কাটা হল ? এদিকে একটু লক্ষ্য করে ধবেন।

Wooden Bridge at the junction of East Canal Road and West Canal Road in Ultadanga

Shrimati Ila Mittra :

ননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে একটি বিষয় দৃষ্টি কর্ষণ করছি। সেটা হচেছ ইস্ট ক্যানেল রোড এবং ওয়েস্ট ক্যানেল রোড-এর যে সংযোগস্থলে কটা কাঠের পুল আছে যেটা দিয়ে উল্টোডাঙ্গা যাওয়া যায় এবং একটা মাত্র কাঠের পুল টা দিয়ে লোক চলাচল করে সেটা শোচনীয় অবস্থায় রয়েছে। যদিও প্রতি বছর রিপেয়ার রার জন্য টাকা স্যাংসান থাকে এবং সেই টাকা দিয়ে আলকাতরা মাখিয়ে দেওয়া প্রত্যেক হর কিন্তু সত্যি কারের কোনরকম সংস্কার করা হয় না। গত ফার্স্ট মার্চ-এর একটি কাঠের]পার খুলে যায় তার ফলে একজনের এক্সিডেণ্ট হয় এবং ফার্স্ট মার্চ সমস্ত দিন কাঠের লটা বন্ধ থাকে সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য যে এখুনি সে ম্বন্ধে যেন বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হয়।

Leave for workers on the day of Calcutta Corporation Election

Shri Khagendra Kumar Ray Chowdhury :

ননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে একটা দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন আগামী ৭ তারিখে কর্পোরেশন-এর ইলেকসন সেদিন রবিবার পড়েছে অন্য ভোটারদের সুবিধা হবে ন্তু বহু কলকারখানা খোলা আছে বহু শ্রমিক আছে যারা কর্পোরেশন-এর ভোটার। আমি ন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ভোটাররা যদি ছুটি নাও পায় অন্তত: দু' ঘণ্টা ছুটি লেও তারা ভোট দিতে পারে। সেই ব্যবস্থা যেন করেন।

Goondaism at 226A, Bagmari Road

Shri Nikhil Das:

আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে যেটা "যুগান্তর" কাগজে বেরিয়েছে, ২২৬এ বাগমারী রোড-এ দ এসিড-এর কারখানা সেটা গুণ্ডারা আক্রমণ করে তছনছ করে দিয়েছে। থানাতে খবর দেও হয়েছিল কিন্তু থানা থেকে কোনরকম ব্যবস্থা অবলম্বন করা হয়নি। এবং মালিক পক্ষ থানাে ডায়রী করতে গিয়েছিলেন তাও নেওয়া হয়নি। কারণ শোনা যাচ্ছে তাঁরা নাকি সদাচার সমিতি কাছে কমপ্লেন করেছিলেন যে ওখানে যে থানা অফিসাররা আছেন তারা ঘুষ খোর দুর্নীতিবাদ এই জন্য নাকি থানা থেকে তাদের বিরুদ্ধে কোনরকম ব্যবস্থা করা হয়নি। পুলিশ বাজেট- আমি এই বিষয় বিস্তৃত ভাবে বলব। এখন আপনার মাধ্যমে বলে আসছি। মাননীয় মন্ত্রিমহাশ এ সম্পর্কে কোন আলোকপাত করতে পারেন কিনা তাহলে আমার পুলিশ বাজেট-এ বলে সুবিধা হবে।

Supply of Khandsari Sugar

Shri Girija Bhusan Mukherjce:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি আমাদের এই রেশনিং অঞ্চলে রেশন দেওয়া হচ্ছে। একটা নূতন চিনি আমদানী হয়েছে 'খানসারী সুগার' ১.৪৫ নঃ পঃ, ১১ নঃ পঃ বেশী দামে আমি কালকে রেশন নিয়েছি ৫০০ ওজনের 'খানসারী সুগার' ১.৪৫ নঃ পঃ দরে বেশী দামে কেন আনা হয়েছে জানি না। আমি এর কোন জবাব চাইছি না। আপনার মাধ্যমে আমি মন্ত্রিমণ্ডলীকে এটা দিচ্ছি আজকে টিফিন আওয়ার্স-এ এই চিনির চা খেয়ে দেখুন।

Increased Ration for Manual Workers at Howrah

Shri Anadi Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এর আগেও বলেছি ম্যানুয়াল 'ওয়ার্কারদের জন্য তিন কে. জি. রেশন দেওয়ার ব্যবস্থা ওরা করেছেন। ১৯শে জানুয়ারী সেই সার্কুলার রেশন অফিসে এসে পৌছেছে-আমি গত পরশু খবর নিয়ে জানলাম হাওড়া সেণ্ট্রাল রেশন অফিস-এ তাতে ৬১ হাজার ফ্যামিলি তাঁরা রেশন কার্ড করেছে। তাঁরা এবো ম্যানুয়াল 'ওয়ার্কার হিসাবে মাত্র ৪।৫ জন লোক কার্ড পেয়েছে। হাওড়ার মত জায়গায় ৬১ হাজার ফ্যামিলি প্রত্যেক ফ্যামিলি থেকে অন্ততঃ একটা করে ম্যানুয়াল 'ওয়ার্কার বেরোবে তার মানে এই সার্কুলার কোন কোম্পানীর কাছে যায়নি কোন ওয়ার্কারও জানে না এবং সমস্ত অফিসাররা এটা চেপে যাচ্ছে আমি বার বার অনুরোধ করেছি এই ব্যাপারটা একটু পাবলিসিটি করা হউক। সার্কুলারগুলি কোম্পানীর কাছে পাঠানো হউক। এই ব্যপার নিয়ে মন্ত্রিমণ্ডলীকে বারবার অনুরোধ করেছি বিশেষ করে খাদ্য মন্ত্রীকে তিনি একটা ব্যবস্থা অবলম্বন করুন।

DEMAND FOR GRANT No. 15

Major Head: 23—Police

[2—2-10 p.m.]

Shri Prafulla Chandra Sen: On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 14,85,99,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23-Police".

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশের জন্য ব্যয় বরাদ্দ চাইতে এসে অনেক প্রশ্ন আমাদের মনে জাগে এবং বিরোধীদলের মনেও জাগে এবং সেই সমস্ত প্রশ্ন যাতে আমি সদুত্তর দিতে পারি, সন্দেহ নিরশন করতে পারি তার চেষ্টা আমি করব। আমার প্রারম্ভিক বক্তৃতায় এইটুকু বলতে চাই এবছর চলতি বছরের তুলনায় আগামী বছর ১৯৬৫-৬৬ সালে কিছু বেশী টাকা আমরা

চেয়েছি ১৪ কোটি ৮৫ লক্ষ ৯৯ হাজার টাকা আমরা গ্রস চেয়েছি। নেট অবশ্য তার থেকে সামান্য কিছু কম। আমাদের চলতি বছর অর্থাৎ যে বছর ১৯৬৫ সালের ৩১শে মার্চ শেষ হবে সেই বছরে আমাদের যে রিভাইজড এসটিমেট তাতে ব্যয় হবে ১৩ কোটি ১৩ লক্ষ ৯১ হাজার আর আগামী বছর ১৪ কোটি ৮৬ লক্ষ ১০ হাজার টাকা হচেছ্ গ্রস নেট ১৪ কোটি ১৬ লক্ষ ৬৭ হাজার টাকা। রিভাইজড এসটিমেট-এ হচেছ্ নেট ১২ কোটি ৭৬ লক্ষ ৩ হাজার টাকা এই দুটার মধ্যে পার্থক্য হচেছ্ ১ কোটি ৪১ লক্ষ টাকার মত। স্বতই এই প্রশ্ন জাগতে পার ১৯৬৫-৬৬ সালে ১ কোটি ৪১ লক্ষ টাকা বেশী কেন? মাননীয় সদস্যগণ নিশ্চয়ই বুঝতে পরবেন কেন ১ কোটি ৪১ লক্ষ টাকা লেগেছে। আমরা ঠিক করেছি ২টা এডিশনাল ব্যাটেলিয়ন আভ্যন্তরিন নিরাপত্তার জন্য গঠন করব। তা বাদে আমাদের পশ্চিম বাংলায় ১৩৪৯ মাইল সীমান্ত রেখা আছে। একজন মাননীয় সদস্য একটু আগে সীমান্ত রক্ষার দায়িত্বের কথা বলেছিলেন এই পশ্চিমবঙ্গ সরকার থেকে আমরা বারবার বলছি যে কটা ফাইনান্স কমিশন এসেছে তাদের কাছে আমরা বলেছি যে ১৩৪৯ মাইল সুদীর্ঘ সীমান্ত বর্ডার-এর রক্ষণাবেক্ষণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নেওয়া উচিত। কিন্তু কেন্দ্রীয় সরকার বর্তমানে রাজী নন। পুলিশ খাতে এখন যে টাকা চাচিছ সে টাকার মধ্যে বর্ডার রক্ষার অনেক টাকা আছে এবং আমরা ঠিক করেছি যে আমাদের বর্ডার যাতে সুরক্ষিত করতে পারব তার জন্য আমাদের আরও বেশী টাকা এতে দিতে হবে। আমাদের কলকাতা এবং পশ্চিমবঙ্গ পুলিস বাহিনী ঠিকমত তাড়াতাড়ি কাজ করতে পারে না তার কারণ যানবাহন বেশী ছিল না। সেজন্য যান বাহনের জন্য আমরা কিছু টাকা বরাদ্দ করেছি। আপনি জানেন যে সমস্ত বিভাগের এক শ্রেণীর কর্মচারীর মত এই বিভাগের কর্মচারীদের জন্য মেডিকেল গ্রান্ট-এর ব্যবস্থা করেছি এবং এর ফলে আমাদের কিছু বেশী ব্যয় হবে তা বাদে এক পর্যায় কর্মচারীদের জন্য অন্যান্য বিভাগে যেমন মাগ্‌গী ভাতা বা ডিয়ারনেস এ্যালাউন্স বাড়ান হয়েছে পুলিশ বিভাগের জন্য সেরূপ বাড়ান হয়েছে এবং এই সমস্ত নিয়ে আমাদের ১ কোটি ৪১ লক্ষ টাকা চলতি বৎসরে বাজেটের চেয়েও বেশী হবে। আমাদের পুলিশ খাতে ব্যয় ধীরে ধীরে বেড়েছে সে বিষয় সন্দেহ নেই, তবে এই কথা বলতে পারি যে আমাদের জাতি গঠন মূলক কাজেও ব্যয় বেড়েছে এবং পুলিস খাতে যত ব্যয় বেড়েছে তার চেয়েও বেশী শিক্ষা খাতে এবং স্বাস্থ্য খাতে অনেক বেশী বেড়েছে। আমরা তুলনা করে দেখলাম যে ১৯৪৮-৪৯ সালে শিক্ষা খাতে পশ্চিম বাংলায় ব্যয় করতাম ১ কোটি ৯৭ লক্ষ টাকা এমন কি ২ কোটি টাকাও নয় কিন্তু অপর দিকে দেখলে দেখতে পাব যে গত কয়েকদিনের মধ্যে মাননীয় শিক্ষা মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছিলেন তাতে আমরা দেখতে পেলাম যে তিনি গ্রস চেয়েছেন ৩০ কোটি ৪৭ লক্ষ টাকা এই শিক্ষা খাতে। কোথায় ১ কোটি ৯৭ লক্ষ আর কোথায় ৩০ কোটি ৯৭ টাকা অর্থাৎ শিক্ষা খাতে বরাদ্দ বেড়েছে প্রায় পনেরো গুণ বেশী। ঠিক এই ভাবে স্বাস্থ্য খাতে অনুরূপ ভাবে ব্যয় বেড়েছে। আমার কাছে ১৯৪৮-৪৯ সালে কত ব্যয় হয়েছিল তা হিসাব ঠিক নেই তবে ১৯৫৯-৬০ সালে স্বাস্থ্য খাতে যেখানে ৭ কোটি ৩০ লক্ষ টাকা ব্যয় হয়েছিল এবং সেখানে মেডিকেল এবং পাবলিক হেলথ খাতে ১৭ কোটি ১৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং আগামী বৎসরের জন্য এই এই খাতের ব্যয় আরও ঢের বেশী বেড়েছে এবং ১৯৪৮-৪৯ সালের তুলনায় প্রায় পনেরো ষোলগুণ বেড়েছে। পুলিশ খাতে ব্যয় ১৯৩৮-৪৯ সালে আমরা ৪ কোটি ১৭ লক্ষ টাকা ব্যয় করেছিলাম আজকে ১৪ কোটি ৪৬ লক্ষ টাকার গ্রস এবং ১৪ কোটি ১৭ লক্ষ টাকা নেট ব্যয় করছি অর্থাৎ সাড়ে তিনগুণ ব্যয় বেড়েছে সেখানে শিক্ষা খাতে চার গুণ বেড়েছে সেখানে পুলিস খাতে সাড়ে তিনগুণ বেড়েছে অবশ্য আমাদের পশ্চিম বাংলায় আগের তুলনায় জনসংখ্যা প্রচুর বেড়েছে। মাননীয় সদস্যগণ শিচয়ই অবগত আছেন যে পশ্চিম বাংলায় জনসংখ্যা বেড়েছে এবং আয়তন কম হলেও জনসংখ্যা যে বিপুল পরিমাণে বেড়েছে সে বিষয় কোন সন্দেহ নেই। ১৯৪৮-৪৯ সালে জনসংখ্যা ছিল মোটামুটি ২ কোটি ৩৩ লক্ষ আজকে সেখানে জনসংখ্যা হতে চলেছে দেখা যাচ্ছে প্রায় ৪ কোটি ৮২ লক্ষ-এর মত, অথাৎ প্রায় দেড়গুণ বেড়ে চলেছে। গত ১৭।১৮ বৎসরের মধ্যে কলকাতা বাদে শিল্পাঞ্চলে বা শহরাঞ্চলে প্রচুর লোক সংখ্যা বেড়েছে। আগে এই সব অঞ্চলে লোক সংখ্যা ছিল ৩৫ লক্ষ আজকে সেখানে হয়েছে ৩৮ লক্ষ [illegible]

রকম নূতন নূতন শিল্প আমাদের পশ্চিম বাংলায় গড়ে উঠছে এবং অনেক আশ্রয় প্রার্থী ভাই বোনের এখানে আসছেন তার জন্য অনেক টাউনসিপ গড়ে উঠেছে। যেখানে এই ধরণের গড়ে উঠে সেখানে আইনের প্রশ্নও উঠছে। তা বাদে দুর্গাপুরে শিল্পাঞ্চল প্রতিষ্ঠিত হয়েছে, এই বিরা শিল্প এলাকায় পুলিসেরও ব্যয় বেড়েছে, একদিকে আমাদের ১৩৪৯ মাইল সুদীর্ঘ সীমা রক্ষা করার দায়িত্ব এই পশ্চিমবঙ্গ সরকারের অন্য দিকে কলকাতা এবং মফঃস্বলের বড় ব শহরে আইন এবং শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব এবং বিভিন্ন স্থানে যে সমস্ত টাউনসিপ হয়েছে ও শিল্পাঞ্চল গড়েছে তার আইন এবং শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব এই পুলিশ বাহিনীর উপর কলকাতা শহরের কথা বলতে গিয়ে আমি একটা কথা জানাই যে এর চেয়ে ঘন বসতিপূ শহর আর নেই। পৃথিবীতে আরও অনেক বড় বড় শহর আছে লণ্ডন আছে, টোকিও আছে নিউইয়র্ক আছে এবং এই সমস্ত বড় বড় শহরে মোট লোকসংখ্যা আমাদের কলকাতা শহরের চে বেশী কিন্তু আমাদের কলকাতা শহর যেমন ঘন বসতিপূর্ণ পৃথিবীর আর কোথাও নেই এখানে এত ঘন বসতি পূর্ণ যে আমরা দেখেছি যে কলকাতা শহরে সকাল ৯টা সোয়া ৯টা নাগাদ পদব্রজেই যান বা মোটরে যান বা ট্রামে বাসে যান যাওয়াটা কি কষ্টসাধ্য, এত লোকে ভিড় যে চলাফেরা করা অসম্ভব। রাস্তা চওড়া নয় ও নানান রকম গাড়ীর সংখ্যা বেড়েছে দেখা গেছে সমস্ত ভারতবর্ষে মোটরের সংখ্যা আগের চেয়েও প্রায় ২ গুণ বেড়েছে এবং কলকা শহরেও মোটর সেই অনুপাতে বেড়েছে। তা বাদে ঠেলা গাড়ী, মোষের গাড়ী আস্তে আস্তে যানবাহন চলে এই সমস্ত ট্রাফিক-এর সংখ্যা প্রচুর। আমাদের ট্রাফিক সমস্যা একটা মস্ত সমস্যা একটা বিরাট সমস্যা। এই ট্রাফিক সমস্যার জন্য আইনের দরকার। আপনারা বুঝ পারেন যে আমাদের এখানে এ্যাক্সিডেণ্ট ত হচ্ছে। এ্যাক্সিডেণ্ট হচ্ছে সত্যি কথা। কিন্তু যা ট্রাফিক পুলিশ না থাকত তাহলে কত হাজার হাজার লোক যে মরত তা কল্পনা করতে পা যায় না। এ্যাক্সিডেণ্ট যা হচ্ছে তা সত্যই তা খুবই দুঃখের বিষয়।

[2-10—2-20 p.m.]

আমাদের এখানে আমি দেখছিলাম যে শতকরা আমাদের যা খরচ হচ্ছে তার মোটামুটি মো আমাদের যত ব্যয় হয় তা সমানই আছে। আমাদের ১৯৫৯-৬০ সালে মোট যত ব্যয় তা শতকরা ৯.৪ ভাগ পুলিশের জন্য ব্যয় হয়েছে, সেটা একটু কমে ৯ হল পরের বছরে তারপরের বছরে ১৯৬১-৬২ সালে আর একটু কম হল ৮.৭। তার পরের বছরে ১৯৬২-৬৩ সালে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পে কমিশানের রিপোর্টের পর একটু বেতন বৃদ্ধি হয়েছিল, সেজন্য আবার ৯.১ হয়ে গেল শতকরা। তারপরের বছরে ১৯৬৩-৬৪ সালে আবার শতকরা ৯ হল। আর এই চলতি বছরে ১৯৬৪-৬৫ সালে ৮.৮ হল, একটু কম হল। আর আগামী বছরে ১৯৬৫-৬৬ সালে যে বছরের জন্য আমি এখানে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছি তাতে আমাদের মোট ব্যয় ৮.৩ শতাংশ পুলিশের জন্য খরচ হবে। আমরা যদি আরো খরচ কম করতে পারতাম তাহলে খুশী হতাম। কিন্তু আমাদের দেশের যা অবস্থা তাতে এর চেয়ে কম করতে পারি না। ১৯৬৪ সালের প্রথমে কলকাতা শহর এবং আরো কতকগুলি জায়গায় বিশেষ করে ২৪ পরগণা, নদীয়া জেলায় সাম্প্রদায়িক বিরোধ দেখা দিয়ে ছিল। এটা খুব দুঃখের বিষয়। তার জন্য আমাদের দেশের লোকেরা দায়ী নয়, পূর্ব পাকিস্থানে যে অবস্থা ঘটে ছিল তারই প্রতিক্রিয়া স্বরূপ আমাদের এখানে অনেক কিছু ঘটে ছিল মাননীয় সদস্যরা সে কথা জানেন। তারজন্য আমাদের এখানকার যারা সংখ্যালঘু মাইরিটি তাদের রক্ষণা বেক্ষণের জন্য আমাদের বিশেষ ব্যবস্থা অবলম্বন করতে হয়েছিল। সেজন্য আমাদের আইন শৃঙ্খলা রক্ষা করার জন্য পুলিস দরকার এবং কিছু পরিমাণ পুলিস আমরা বাড়াচ্ছি। আমি ৫ বছরের মোটামুটি একটা হিসাব দেখছিলাম গোটা বাংলাদেশে কলকাতা শহর নিয়ে বিভিন্ন প্রকার অপরাধের সংখ্যা কি পরিমাণ বেড়েছে বা কমেছে। আমি দেখলাম ১৯৬০ সালে সমস্ত পশ্চিম বাংলার ৫৩০টি ডাকাতি হয়েছিল। ১৯৬১ সালে সেটা কমে হল ৫০৩টি। ১৯৬২ সালে সেটা অনেক বেড়ে গেল ৭০৮ হল। ১৯৬৩ সালে কিছু কমল ৬৬৩ হল। আর ১৯৬৪ সালে সেটা আরো একটু কমেছে ৬০০ হয়েছে। এ থেকে বোঝা যায় ডাকাতি যাকে বলে তার সংখ্যা খুব বাড়ছে না। তারপর রবারি। ডাকাতি আর রবারির মধ্যে একটু তফাত আছে। রবারি ১৯৬০ সালে ৬৬২টি হয়েছিল গোটা বাংলাদেশ এবং কলকাতা নিয়ে। তার পরের বছর

৬৬২ থেকে কমে ৫৯৬ হল। তার পরের বছর ৫৯৬ থেকে বেড়ে ৬০৯ হল। তারপর ৬০৯ থেকে বেড়ে হল ৬২৩, গত বছর ১৯৬৪ সালে অনেক কমে গেল ৪৯০ হল। সেদিক থেকে আমরা বলতে পারি কিছুটা উন্নতি হয়েছে। তারপর বার্গলারি। ১৯৬০ সালে মোট ছিল গোটা বাংলায় ৯ হাজার ৮০৬। তার পরের বছর ১৯৬১ সালে ৯ হাজার ৭৫৮। তার পরের বছর ১৯৬২ সালে সেটা বেড়ে গেল ১০ হাজার ৮২২ হল। ১৯৬৩ সালে আরো বাড়ল ১১ হাজার ৫৪৭ হল। গত বছর যে বছর সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছিল সে বছর কমে গেল ১০ হাজার ৭৫৮ হল। তারপর চুরি থেপট ১৯৬০ সালে হয়েছিল মোট ২৭ হাজার ১৯৯টি। তারপর সেটা কমে গেল, ২৫ হাজার ৩৪৬ হল। তার পরের বছর অনেক বাড়ল, হল ২৭ হাজার ১১১। তার পরের বছর কমে হল ২৫ হাজার ৬৬১। গত বছর অনেক কমেছে ২২ হাজার ৭৫৪তে দাঁড়িয়েছে। মাননীয় সদস্যরা জানেন যে আমাদের এখানে বিভিন্ন ধর্মের লোক আছে, সম্প্রদায়ের লোক আছে। আমাদের পশ্চিম বাংলায় বিশেষ করে কলকাতা শহরে এবং শিল্পাঞ্চলে এবং দুর্গাপুর, আসানসোল নিয়ে যে শিল্পাঞ্চল গড়ে উঠেছে সেখানে বা আমাদের ভবতপুরে শ্রীচৌবের ওখানে, সেই সমস্ত জায়গাতে ভারতবর্ষের প্রায় সমস্ত প্রদেশের লোক আছে, বাঙ্গালী তো আছেই।

বিহার থেকে এসেছে, উত্তর প্রদেশ থেকে এসেছে, মাদ্রাজ থেকে, কেরালা থেকে, অন্ধ্র থেকে, মধ্যপ্রদেশ থেকে, পাঞ্জাব থেকে। আমরা রাস্তায় বেরুলেই দেখবো পাঞ্জাবীরা আমাদের ট্যাক্সি গাড়ী চালাচ্ছে। গুজরাট থেকেও কিছু লোক এসেছে। ভারতবর্ষের সমস্ত প্রদেশের লোকই এখানে আছে। তাদের চেনা ও জানা আমাদের পক্ষে মুস্কিল, সেটা পুলিশকে ডিল করতে হব। আর একটা ঘটনা থাকে ফ্লোটিং পোপুলেশন বলে, যারা যাচ্ছে আসছে। ট্রেণ ভর্তি লোক আসছে বিভিন্ন প্রদেশ থেকে—রোজ আসছে, রোজ যাচ্ছে, কে কোথায় অন্যায় কাজ করলো চুরি করলো, পকেট মারলো ইত্যাদি তা ধরা আমাদের পুলিসের খুব কঠিন কাজ। কিন্তু এক্ষেত্রে আমাদের পুলিস যে তৎপরতা দেখিয়েছে, যে কর্মকুশলতা দেখিয়েছে—তাতে আমরা তাদের প্রশংসা করতে পারি। আমাদের এখানে শ্রমিকদের মধ্যে অধিক সংখ্যক লোক অন্য প্রদেশ থেকে এসেছে। কোন কোন জায়গায় দেখছি যেমন চটকলে শতকরা ৬৫ জন, কোথাও ৬২ জন, কোন জায়গায় শতকরা ৬০ জনের উপর তো বটেই, ৭০ জনও আছে। কেউ একক এসেছে, কেউ বা স্ত্রীদের নিয়ে এসেছে। উড়িষ্যা থেকে মেয়েরাও এসেছে। তাদের খোঁজ-খবর রাখা এবং তদারক করা খুব দুরূহ ব্যাপার। এগুলিও আমাদের পুলিসকে করতে হয়।

মাননীয় সদস্যরা জানেন আমাদের এখানে এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ আছে, তাদেরও খুব দায়িত্বপূর্ণ কাজ এবং তারাও সেই কাজ দায়িত্ব নিয়ে করছে। আমার এখানে কতকগুলি অঙ্ক আছে। ১৯৬৩-৬৪ সালে এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ ৭,৮৩১টি কেস দায়ের করে, তাতে ৭,২৯৪ জন লোক ইনভলবড ছিল এবং তাতে ৬,৬০৫ জনের কনভিকসন হয়েছে। তারা এমন লোককে ধরেছে—ঠিক সময় ধরেছে এবং ঠিক ঠিক প্রমাণ উপস্থিত করেছে—যাতে ৭,২৯৪ জনের মধ্যে ৬,৫০৪ জনের শাস্তি হয়েছে কোর্টে। পুলিশ তো আর শাস্তি দিতে পারেন না। আর আমরা যে জরিমানা আদায় করেছি এবং যে সমস্ত মাল ধরেছি ১৯৬৪ সালে, তার পরিমাণ দেখলে আশ্চর্যান্বিত হতে হয়। আমরা জরিমানা পেয়েছি ২ লক্ষ ১০০ টাকা এবং যে সমস্ত মাল ধরেছি এনফোর্সমেণ্ট-এর কাজের জন্য তার মূল্য হচ্ছে ৫৬,৮০২ টাকা। এটা শুধু কলকাতায়। আর মফঃস্বলে ২২,৯৩৩টি মামলা আমরা দায়ের করেছিলাম এবং এতে ১৮,৮৬১ জন লোক ইনভলবড্ ছিল। এই ২২,৯৩৩টি কেসের মধ্যে শাস্তি হয়েছে ১৮,৮৬১টি কেসে এবং জরিমানা আদায় হয়েছে ৩,২৪,৭৭৪ টাকা। আর মাল যা কনফিসকেটেড হয়েছে তার মূল্য হচ্ছে ২,৪৬,৪৫৯ টাকা। এ বাদে ইন্দো-পাক বর্ডার-এ আমরা ৪৮১টি কেস ধরেছি এবং ৯১৪ জন লোকের নাম আমরা মামলা করেছি, স্মাগলিং-এর জন্য এবং সেই স্মাগলিং কেসে যে মাল আমরা ধরেছি, তার মূল্য হচ্ছে ১৮,৩৩,৫৫৮ টাকা।

[2-20—2-30 p.m.]

আমাদের কোলকাতা শহরে নানা রকম অপরাধ হয় এবং বাইরেও যে সমস্ত অপরাধ হয়ে থাকে সেই সমস্ত অপরাধ সম্বন্ধে খোজ করবার জন্য এবং অপরাধীকে ধরবার জন্য আমরা পশ্চিম বাংলায় এবং ভারতবর্ষে ওয়ারলেস অগা নাইজেসন-এর সুবিধা নিচ্ছি। উত্তরপ্রদেশ আমাদের

চেয়েও ভাল ছিল, কিন্তু কোলকাতা শহরে আমাদের যে ওয়্যারলেস অর্গানাইজেসন আছে সেটা খুব ভাল, সকলের প্রশংসার যোগ্য। কোথাও যদি চুরী হয় বা খুন হয় বা এ্যাক্সিডেণ্ট হয় তাহলে এঁরা খুব তাড়াতাড়ি খোঁজ খবর দেন এবং লোক ধরেন। এসব খবর শোনার পর আমরা এই ওয়্যারলেস বাহিনীকে প্রশংসা না করে পারি না। আমার কাছে এমন সংবাদ আছে যেটা আমি বিভিন্ন প্রশ্ন শোনার পর জবাবের সময় বলব যে, এই ওয়্যারলেস বাহিনী কত সুন্দর কাজ করেছে। কাজেই আমরা চাই এই বাহিনীকে আরও মজবুত করব। তারপর, যারা চুরী করছে, ডাকাতি করছে তাদের ধরা ছাড়া এই পুলিশ বাহিনীকে আমরা কোলকাতা শহরে এবং জেলাতে নানা রকম কল্যাণমূলক কাজে নিয়োগ করছি। আমাদের এখানে কোথাও যদি একটা বড় মেলা হয় বা যখন পূজা হয় তখন আমরা পুলিশকে আমাদের বন্ধুবেশে দেখতে পাই এবং আমরা তাদের সাহায্য নেই। আমাদের এই কোলকাতা শহরে সার্বজনীন দুর্গোৎসবের সময় যখন ভীরের মধ্যে মেয়েরা, ছোট ছেলেরা বা পুরুষরা যান তখন তাঁরা এদিক ওদিক তাকিয়ে দেখেন পুলিশ আছে কিনা এবং যদি দেখেন পুলিশ আছেন তাহলে তাঁরা অনেকটা নিশ্চিন্ত বোধ করেন। শুধু তাই নয়, সন্ধ্যার সময় বা রাত্রে যদি কেউ, কোথাও যান এবং এবং দেখেন পুলিশ আছে তাহলে তাঁরা নিরাপদ বোধ করেন। তারপর সিনেমা। যারা সিনেমা দেখতে যান এবং আজকাল মেয়েরা আবার বেশী যান, তাঁরা যদি দেখেন সেখানে পুলিশ আছে তাহলে তাঁদের সাহস হয়, নিরাপত্তা বোধ জাগে। তারপর পুলিশের আর একটা মস্তবড় কাজ হচ্ছে মফঃস্বলে যে সমস্ত বড় বড় মেলা হয় (জনৈক কমিউনিস্ট সদস্য—যেমন, দুর্গাপুর মেলা) হ্যাঁ, দুর্গাপুর মেলা। কিন্তু দুঃখের বিষয় আমাদের কমিউনিস্ট পার্টির যেসব সভা হয় তাতে বেশী লোক হয়না এবং তাকে বলা যায় খণ্ড মেলা। কোন কোন পার্টির বৃহৎ মেলা হয় কিন্তু কমিউনিস্ট পার্টির খণ্ড মেলা, ছোটমেলা, মার্কা মেলা প্রভৃতি নানা রকম মেলা হয়। এক একটা মেলার জন্য আমরা এক এক রকম ব্যবস্থা করি এবং এই ব্যবস্থা করার জন্য যে দলেরই হোক না কেন—কি কংগ্রেস, কি কমিউনিস্ট পার্টি তাঁদের আবার দুটি দল আছে, কি লেফটিস্ট, কি রাইটিস্ট, কি পি এস. পি.—তাঁদের আবার এস এস পি, না কি নাম হয়েছে, রোজই তো তাঁরা নাম বদলান, কি ফরওয়ার্ড ব্লক, কি আর. এস পি. কত নাম আর করব—তাঁরা সকলেই কোন না কোন সময় পুলিশকে খোঁজেন এবং বলেন, মশাই কর্পোরেশনে নির্বাচন হচ্ছে কাজেই পুলিশকে একটু বলে দেবেন যাতে গোলমাল না হয়। কাজেই দেখা যাচ্ছে পুলিশের দরকার সকল লোকের, সকল দলের এবং সকল মতামতের আছে। আমাদের এখানে বিভিন্ন মেলাতে, পূজার সময় পুলিশকে প্রয়োজন হয় এবং পুলিশকে সকলেই ডাকেন, পুলিশ না থাকলে কাজ হয় না। এমন কি আমাদের বিরোধী বন্ধুরা যখন প্রসেসন বার করেন তখনও তাঁদের পুলিশের দরকার হয়। কাজেই দেখা যাচ্ছে পুলিশ ছাড়া তাঁদের এবং আমাদের কারুরই চলে না। স্যার, আমরা দেখেছি পুলিশ প্রশংসনীয় কাজ করেন এবং বিরোধী দলেরও অনেকে বলেছেন পুলিশ যা কাজ করছে তাতে তারা প্রশংসা পাবার যোগ্য এবং বিরোধী পক্ষের অনেকে প্রশংসাপত্রও পাঠিয়েছেন। (জনৈক সদস্য:—সেগুলি নিয়ে এসেছেন কি?) হ্যাঁ, নিয়ে এসেছি। আমি পশ্চিম বাংলার কতগুলি জেলায় গিয়ে সন্তুষ্ট হয়েছি এবং আমার গর্ব বোধ হয়েছে। আমাদের পশ্চিম বাংলায় গ্রামরক্ষী দল হিসেবে যারা আছে—অর্থাৎ রেজিস্ট্রেসন গ্রুপ যারা আছে তারা খুব ভাল কাজ করছে। তারা শুধু যে ভাল কাজ করছে তা নয়, তারা এক এক সময় সাহস এবং শৌর্য্যের পরিচয় দিয়ে হাতে নাতে চোর, ডাকাত ধরেছে এবং এমন কি কোন কোন ক্ষেত্রে তারা গ্রামের শান্তি রক্ষা করবার জন্য, গ্রামে দুর্বৃত্ত এসেছে তাদের দমন করবার জন্য যে প্রাণ বলি দয়েছে তার অংক আমার কাছে আছে।

আমাদের দেখছি, এখানে প্রায় ১৬.৫০,৮২৮ জন বিভিন্ন ভিলেজ রেজিস্টেন্স গ্রুপের সদস্য আছে, এবং প্রায় পশ্চিম বাংলার সব গ্রাম থেকেই আমরা সদস্য পেয়েছি। ১৯৬৪ সালে ১৩৭টি ক্ষেত্রে তারা খুব জোরের সঙ্গে বীরত্বের সঙ্গে প্রতিরোধ করেছেন দর্বৃত্ত এবং ডাকাতদের, এবং ৫০ জন ডাকাতকে তাঁরা ধরেছেন, ৫ জন ডাকাত তাদের হাতে মারা গিয়েছে, এটা খুব গর্বের কথা। ৫ জন ডাকাতকে তাঁরা মেরেছেন আর ১৭ জনকে আহত করেছেন, আবার আমাদের ভিলেজ রেজিস্টেন্স গ্রুপের মধ্যে ৪ জন প্রাণ দিয়েছেন চোর ডাকাতকে ধরবার জন্য, এবং ভিলেজ রেজিস্টেন্স গ্রুপের অনেক আহত হয়েছেন। তাঁরা খুব ভাল কাজ করেছেন। এদের

আমি প্রশংসা না করে পারি না। আমাদের পুলিশের পাবলিক রিলেশন ব্যুরো আছে, কলকাতা পুলিশ এবং বাংলা পুলিশ নিয়ে তারা ৮,২০০ লোককে সাহায্য করেছে নানাভাবে এবং এর মধ্যে ৯২ জন হচ্ছে বাইরের লোক, ফরেনার নানাভাবে খবর দেওয়ার চেষ্টা করেছি, এটার দরকার আছে, এটা একটা মস্ত বড় কাজ। রাস্তা সম্বন্ধে লোকে জিজ্ঞাসা করতে পারে, অমুক রাস্তায় কোথা দিয়ে যাব, পুলিশকে বলে দিতে হবে, তাকে জনাতে হবে, আমিও তো কলকাতার সব রাস্তা জানি না। আমাদের পাবলিক রিলেশন ব্যুরো ভাল কাজ করছে, বহু লোককে সাহায্য করছে। ১,০০৭ জনকে মিসিং স্কোয়াড পাইয়ে দিয়েছে। ১,০৫৭ জন হারিয়ে গেছল তার মধ্যে পুলিশ দপ্তরের চেষ্টায় ১,০০৭ জনকে পাওয়া গেছে, আরও ১২ জনকে তারা পেয়েছে যাদের হোম্‌সে রেখে দিয়েছে, তাদের এখনও নিতে আসেনি। আমি এখানে আবার বলতে চাই কলকাতা সহরে এবং কয়েকটি জেলায়, যা আমি আগেই বলেছি ২৪ পরগণা জেলায়, নদীয়া জেলায় বিশেষ করে পুলিশের উপর চাপ পড়েছিল, সাম্প্রদায়িক হাঙ্গামার সময় পুলিশকে বহু জায়গায় অপ্রিয় ভাজন হতে হয়েছে, মুসলমানদের, আমাদের সংখ্যালঘুদের রক্ষা করতে গিয়ে। তারা ন্যায্য কাজ করেছে এবং সেজন্য অপ্রিয় হয়েছে। আমি যখন গত বছর এখানে পুলিশের জন্য দাবী করি অর্থ মঞ্জুরীর জন্য তখন এখানে আমাদের অনেক বন্ধু অনেক রকম প্রশ্ন করেছিলেন, আমি অবশ্য ডিটেইলসে যেতে চাই না, অধিকাংশ ক্ষেত্রে অনুসন্ধান করে দেখেছি, পুলিশ যে কাজ করেছিল গ্রামে সে কাজ তারা ন্যায্যভাবে করেছিল এবং তাতে বহু সংখ্যালঘু লোকের জীবন এবং সম্পত্তি বেঁচেছিল, এমন অনেক কেস হয়েছে যেখানে পুলিশ প্রশংসনীয় কাজ করেছিল এবং কোন অন্যায় তারা করেনি। আমাদের এখানে একটা নূতন কাজ পুলিশকে করতে হচ্ছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন, ১৯৬৩ সালে আমাদের এখানে যখন ধান এবং চালের মূল্য বেঁধে দিই বা এক সময় সর্ষেতেলের দাম বেঁধে দিই, চিনি আমাদের অনেক দিন হয় রেশন করেছি আমাদের শিল্পাঞ্চলে তবু কোন কোন জায়গায় চিনির অসুবিধার কথা শুনলাম, সেটা আমি দেখছি, ধান চালের মূল্য যখন আমরা বেঁধে দিই, তখন দেখলাম কিছুদিন পর্যন্ত, ৪ মাস পর্যন্ত মোটামুটি আমাদের নির্ধারিত মূল্যে চাল এবং ধান পাওয়া গেছে পরে দেখলাম লোকে আর নির্ধারিত মূল্যে ধান চাল পাচ্ছে না।

[2-30—2-40 p.m.]

বানকল গুলোকে বেশী দাম দিয়ে কিনতে হল, এবং এও আমরা দেখলাম যে, অনেকে অতিরিক্ত মুনাফা করছেন। আমরা তখন ২টো নীতি গ্রহণ করলাম। একটা বললাম যে যাঁরা ধান, চাল, আটা, ময়দার চোরাকারবারী করছে, অন্যায়ভাবে অতিরিক্ত মুনাফা করছে তাদের আমরা ধরবো। তখন পুলিশের উপর আমরা এ কাজের ভার দিলাম। আজকে অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, পুলিশ তাঁদের এত কাজের মধ্যেও এই কাজটা ভালোভাবে করেছেন। এই সমস্ত কাজ করা খুব সহজ নয়। কারণ, যাঁরা লক্ষপতি, কোটি পতি, তাঁরা তাঁদের অন্যায়ের প্রমাণ সব সময় রেখে যান না। খাতাপত্রও ঠিক রাখেন না। আমাদের এখানে অনেকের ধারণা আছে যে, পুলিশ এমনিই কোন লোককে ধরতে পারেন। কিন্তু তা তাঁরা পারেন না। পুলিশ যখন কাউকে ধরবে—সে ডি. আই. আর ই হোক বা অন্য কোন আইনেই হোক, তার জন্য পুলিশকে প্রমাণ সংগ্রহ করতে হবে। এই যে এত লোককে ধরা হয়েছে এজন্য পুলিশকে প্রমাণ সংগ্রহ করতে হয়েছে। আমাদের এখানে অনেক সদস্য মনে করেন যে, মন্ত্রীরা ইচ্ছা করলেই যে কোন লোককে ধরতে পারেন। কিন্তু ব্যাপারটা তা নয়। মন্ত্রীরা ইচ্ছা করলে চোরকারবারীদেরও প্রমাণ ছাড়া ধরতে পারেন না। আমাদের রুল অব ল আছে, এর জন্য প্রমাণ সংগ্রহ করতে হয়। যেমন, আমি পুলিস কমিশনারকে বা ইনস্পেক্টর-জেনারেল অব পুলিশকে বলে দিলাম যে, মহাশয়, অমুক লোককে ধরে আনুন তো। তা তাঁরা কখনও ধরবেন না। তাঁরা প্রমাণ সংগ্রহ করে তবেই ধরতে পারেন, সে চাল, আটা, ময়দা কলের মালিকই হোক বা ধানের পাইকারই হোক। কেউ এসে বললেন যে মহাশয়, অমুক লোক ব্ল্যাক মার্কেটিং করছে, ওকে ধরুণ, বা বললেই আমরা ধরতে পারি না। কারণ ৫।৬টা করোবোরেটিভ এভিডেন্স থাকা চাই। সেই রকম ৫।৬।৭টা দিক থেকে যখন নিশ্চিৎ হওয়া যায়, তখন পুলিশ কাগজপত্র তৈরি করে মিনিস্টার-এর কাছে দেয়, যে এই ব্যক্তি এই এই কাজ

করেছে। তখন মিনিস্টার নির্দেশ বা আজ্ঞা দিতে পারেন যে, একে ধরা হোক। এই কাজে আমাদের কোলকাতার এবং পশ্চিম বাংলার পুলিশ যে পরিশ্রম করেছেন, যেভাবে আন্তরিকতা ও সাহসের পরিচয় দিয়ে নির্লোপভাবে কাজ করেছেন তাতে আমরা আশ্চর্যান্বিত হয়েছি এবং তাঁদের প্রশংসা না করে পারি না। যদি কোন মাননীয় সদস্য প্রশ্ন করেন তাহলে আমি এক একটা জেলায়, এক এক জন অফিসার কত সততার, আন্তরিকতার সঙ্গে এই কাজ করেছেন তার হিসাব পরে দিতে পারি। তারপর, মাছের দর যখন আমরা বেঁধে দিলাম, তখন অনেকে রাগ করলেন, বললেন কেন পাচ্ছি না? আবার আমরা এও লক্ষ্য করলাম যে ৩০০।৪০০ লোক ঠিক ন্যায্য দামে মাছ পাচ্ছেন, আবার কিছু লোক বাইরে বেশী দামে মাছ কিনছেন। পুলিশের কাছে খবর এল যে, কোলকাতার আশে পাশে কতকগুলি নতুন বাজার সৃষ্টি হয়েছে। পুলিশ সেখানে গেলেন, সেটা বন্ধ করলেন। তারপর ধীরে ধীরে আমাদের এখানে মাছের সরবরাহ বাড়াতে আরম্ভ করল। চালের ব্যাপারে আমরা এইরকম করলাম, তাতে আমরা সফল হলাম। আটা ময়দার ব্যাপারে এমন মুনাফা আরম্ভ হয়েছিল যে আমরা কয়েক দিনের মধ্যে প্রমাণ সংগ্রহ করে বহু লোককে গ্রেপ্তার করে সমস্ত জিনিষ-টাকে আয়ত্বের মধ্যে আনলাম। দ্বিতীয় কাজ হল, কোলকাতা এবং শিল্পাঞ্চলে যখন আমরা মোডিফায়েড রেশনিং করলাম তখন দেখা গেল, যত লোক সংখ্যা আছে এবং এই কয়েক বছরে যত লোক বাড়তে পারে, তার চেয়েও বেশী লোক আমাদের কাছে চাল, চিনি, আটা নিচ্ছে। আমরা পুলিশকে বলাম যাঁরা বেশী নিচ্ছেন তাঁদের ধরতে হবে। পুলিশ বললেন, এ মস্ত বড় কাজ এবং খাদ্য বিভাগের কাজ। মাননীয় সদস্যরা জানেন যে, আমরা খাদ্য বিভাগকে ধীরে ধীরে সঙ্কুচিত করে ফেলেছিলাম। কাজেই এ কাজ করবার মত এই লোক খাদ্য বিভাগের ছিল না। সুতরাং এই অতিরিক্ত দায়িত্ব পুলিশকেই নিতে হল। আজকে অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, পুলিশ এই দায়িত্ব অত্যন্ত সুষ্ঠুভাবে পালন করেছেন। তাঁরা যে কর্তব্য পরায়নতার পরিচয় দিয়েছেন তাতে তাঁদের প্রশংসা না করে পারি না। বহু ঘোষ্ট কার্ড—সরকারী কর্মচারীদের দোষ হয়ত কোথাও থাকতে পারে, কিন্তু যাঁরা ঘোষ্ট কার্ড রাখেন তাঁদেরও দোষ—এই রকম কয়েক হাজার ঘোষ্ট কার্ড তাঁরা ধরেছেন। পুলিশ কমিশনার আমাকে হিসাব করে দিয়েছিলেন যে, কত হাজার মণ চাল, চিনি তাঁরা বাঁচিয়ে দিয়েছেন। সেই সমস্ত বিরাট অঙ্ক আমি দিতে চাই না। তবে রেশনকার্ড তদারকী ও সন্ধানের কাজ পুলিশ খুব ভালো ভাবে করেছেন। অবশ্য খাদ্য বিভাগের যে অরগানাইজেসন সেটা আরও বাড়াতে এবং মজবুত করতে আমরা চেষ্টা করছি এবং অনেকটা এগিয়েছি। আমরা ইত-মধ্যে আবার স্ট্যাটুটরী রেশনিং প্রবর্তন করেছি। এই কাজ করার পূর্বে পুলিশের সাহায্য বিশেষভাবে নিতে হয়েছে। পুলিশ যদি খাদ্য বিভাগকে এই কাজে সাহায্য না করতেন তাহলে এত তাড়াতাড়ি এ কাজ করা যেত না। অনেক ত্রুটি হয়ত থেকে গেছে খাদ্য বিভাগের মধ্যে। আমি শুধু বলতে চাই, আমাদের এই পশ্চিম বাংলায় বিভিন্ন প্রদেশ থেকে যাঁরা আসেন কেউ বা ব্যবসা করবার জন্য, কেউ বা বড় বড় শিল্প পত্তনের জন্য, শ্রমিকের কাজ, মোট বওয়ার কাজ, ট্রাক চালাবার কাজের জন্য আসেন, তাঁদের খোঁজ খবর বা সন্ধান রাখা এক দুরুহ কাজ, কিন্তু আমাদের পুলিশ সেই কাজটা খুব ভালো ভাবে করেছেন। অবশ্য পুলিশের কাজে কোন দোষ ত্রুটি নেই একথা বলতে পারি না। কারণ, পৃথিবীতে এমন কোন দেশ, সংস্থা, অরগানাইজেশন বা বিভাগ নেই যেখানে ত্রুটি বা দোষ নেই। তবে একথা বলতে পারি, আমাদের পশ্চিমবাংলার পুলিশকে যে বিভাগ পরিচালনা করেন, যেমন, এ্যাডমিনিস্ট্রেশন বিভাগ, সেখানে ভালো ভালো লোক আছেন। তাঁদের আমরা দেশের গৌরব বলে মনে করি। স্কুল বা কলেজে প্রথম স্থান অধিকার করলে পরিবারের পল্লীর আত্মিয়স্বজন যেমন আনন্দিত হন, গর্ববোধ করেন তেমনি অন্যান্য বিভাগের মত এই পুলিশ বিভাগেও অনেক ভালো ভালো লোক এসেছেন। কাজেই তাঁরা যে কাজ করেন সব দিক বিচার করে, মাথা ঘামিয়ে এবং তাঁদের অন্তর যাতে লোককে স্পর্শ করে সেদিকে লক্ষ্য রেখেই করেন। আর তাঁরা চেষ্টা করেন যাতে লোক প্রিয় হতে পারেন। কিন্তু তাঁদের কাজটা এমনি কাজ যে, অনেক সময় তাঁরা অপ্রিয় ভাজন হন। কিন্তু উপায় নেই। কর্তব্য করতে হলে অনেক সময় মানুষের কাছে অপ্রিয় হতেই হয়। কিন্তু তা সত্ত্বেও তাঁরা যে নিষ্ঠা এবং আন্তরিকতার সঙ্গে বিশেষ করে ১৯৬৪ সালে কাজ করেছেন তাতে আমি তাঁদের প্রশংসা না করে পারি না। সুতরাং আজকে যে ব্যয় বরাদ্দ ১৪ কোটি ৮৫ লক্ষ ৯৯ হাজার

: ১৪ কোটি ৮৬ লক্ষ ১০ হাজারের মধ্যে কিছু আছে চার্জ আইটেম উপস্থিত করছি, সেটা মোদনের জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Deputy Speaker : All the cut motions are taken as moved.

The following cut motions were taken as moved :

Shri Jyoti Basu : that the demand be reduced to Re. 1

Shri Monoranjan Roy : that the demand be reduced to Re.

Shri Apurba Lal Majumdar : that the demand be reduced to Re. 1

Shri Sunil Das Gupta : that the demand be reduced to Re. 1

Shri A. H. Besterwitch : that the demand be reduced to Re. 1

Shri Nathaniel Murmu : that the demand be reduced to Re : 1

Shri Nani Bhattacharjee : that the demand be reduced to Re. 1

Shri Sudhir Chandra Das : that the demand be reduced to Re. 1

Shri Mahananda Haldar : that the demand be reduced to Re. 1

Shri Balai Lal Das Mahapatra : that the demand be reduced to Re. 1

Shri Aswini Roy : that the demand be reduced to Re. 1

Nikhil Das : that the demand be reduced to Re. 1

Shri Abhoy Pada Saha : that the demand be reduced to Re. 1

Shri Sambhu Charan Ghosh : that the demand be reduced by Rs. 100

Shri Sudhir Chandra Das : that the demand be reduced by Rs. 100

Shrimati Ila Mittra : that the demand be reduced by Rs. 100

Shri Sanat Kumar Raha : that the demand be reduced by Rs. 100

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani : that the demand be reduced Rs. 100

Shri Nimai Chand Murmu : that the demand be reduced by Rs. 100

Shri Aswini Roy : that the demand be reduced by Rs. 100

Shri Bhadra Bahadur Hamal : that the demand be reduced by Rs. 100

Dr. Golam Yazdani : that the demand be reduced by Rs. 100

Shri Hemanta Kumar Basu : that the demand be reduced by Rs. 100

Shri Dulal Chandra Mandal : that the demand be reduced by Rs. 100

Shri Hare Krishna Konar : that the demand be reduced by Rs. 100

Shri Nagen Dolai : that the demand be reduced by Rs. 100

Shri Panchu Gopal Bhaduri : that the demand be reduced by Rs. 100

Shri Jagat Basu : that the demand be reduced by Rs. 100

Dr. Kanai Lal Bhattacharya : that the demand be reduced by Rs. 100

Shri Bhakti Bhusan Mandal : that the demand be reduced by Rs. 100

Shri Balai Lal Das Mahapatra: that the demand be reduced by Rs. 100

Shri Amarendra Nath Roy Prodhan: that the demand be reduced by Rs 100

Shri Kamal Kanti Guha: that the demand be reduced by Rs. 100

Shri Tarun Kumar Sen Gupta: that the demand be reduced by Rs. 100

Shri Sunil Das Gupta: that the demand be reduced by Rs. 100

Shri Tarapada Dey: that the demand be reduced by Rs. 100

Dr. Narayan Chandra Roy: that the demand be reduced by Rs. 100

Shri Narayan Choubey: that the demand be reduced by Rs. 100

Shri Girish Mahato: that the demand be reduced by Rs. 100

Shri Jiban Krishna Dey: that the demand be reduced by Rs. 100

Shri Mrigendra Bhattacharya: that the demand be reduced by Rs. 100

Shri Bhabani Mukhopadhyay: that the demand be reduced by Rs. 100

Shri Bejoy Pal: that the demand be reduced by Rs. 100

Shri Monoranjan Hazra: that the demand be reduced by Rs. 100

Dr. Radhanath Chattoraj: that the demand be reduced by Rs. 100

Shri Rabindra Nath Mukhopadhyay: that the demand be reduced by Rs. 100.

Dr. Narayan Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমার উপর যে কঠিন ভার পড়েছে, সেটা পালন করতে গিয়ে আমাকে প্রথমে বলতে হচ্ছে যে, মুখ্যমন্ত্রী মহাশয় যে মধুর বাণী শোনাবেন তার সঙ্গে আমি এক... হতে পারছি না। আলপিনের দুটো দিক থাকে একটা বিজনেস এণ্ড আর একটা ভোঁতা মুখ এই দুটো দিকের ২টি অনুভূতি। সুতরাং যার হাতে আলপিন আছে—অর্থাৎ আলপিনের বিজনেস এণ্ডটা যার হাতে দেন তাঁরা ওই রকম আনন্দে গদগদ হয়ে পুলিশের কথা বলতে পারেন এটা নিশ্চয় আশা করেন না। তাই আমার বক্তব্যের মাঝখানে আমি ততটুকু পা... কয়েকটা নীতিগত প্রশ্ন রাখবো। আমি কনট্রোভারসিয়াল বা কঠিন ভাষা ব্যবহার না করার চেষ্টা করবো। কিন্তু আমি অনুরোধ করবো এই সময় সরকারের এই কথাগুলি তারা উচিত আছে পুলিশ পাবলিক কো-অরডিনেশন, পুলিশের গণসংযোগ একথাটা গেল ৮।১০ বছর একনাগাড়ে কোলকাতার শহরের জায়গায় জায়গায় আমি দেখে আসছি। তবে আমি আন্তরিকতার সঙ্গে আগাগোড়া তাঁদের সঙ্গে সহযোগিতা করে এসেছি। আজকে আমি একথা বলব যে, এটা খুব প্রয়োজন ছিল এবং সেটা আজও শেষ হয়নি। ইংরাজ আমলে যে সময় থেকে কংগ্রেস শাসন নিলেন তখন থেকে পুলিশ এমন কিছু অর্জন করেনি যাতে পাবলিক তাকে গলায় মালা দেবে সেই পুলিশকে আপনারা কোথায় বদলান নি। যে পুলিশ ১৯৩০ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত সারা জাতিকে পিটিয়েছে সেই পুলিশকে আপনারা যখন নিলেন কোন কোন কারণে আমরাও নিলাম, কারণ তখন বাংলাদেশের মধ্যে প্রধান সমস্যা কমিউন্যাল সমস্যা আমরা নিশ্চয়ই সেখানে শান্তি স্থাপনের জন্য পুলিশের সাহায্য চেয়েছি এবং পেয়েছি।

[2-40—2-50 p.m.]

সেখানে শান্তি স্থাপনের জন্য আমরা পুলিশের সহযোগিতা করছি এবং দিচ্ছি। কিন্তু তাই বলে তাদের জনবিরোধীরূপ হবে তা নয়। গত বৎসর এটা প্রমাণিত হয়েছিল এবং মুখ্যমন্ত্রী নিশ্চয়ই এটা জানাবেন; আমি ইংরাজ আমলে এটা শুনেছি যে পুলিশ জন বিরোধী। ইংরাজ আমলে একটা সময় ছিল যে সময় মানুষের সমস্ত রাগ পুলিশের উপর ছিল, আমি ১৯০৫ সাল থেকে পরপর বলে যেতে পারি। কারণ ইংরাজ আমলে শাসনের পেছনে ছিল লাঠি। কিন্তু সে লাঠির পেছনে যে হাত ছিল সে হাতকে লোকে

দেখতে পেত না। তাই সমস্ত লোকের রাগছিল পুলিশের উপরে যার জন্য লোকে পুলিশকে পুড়িয়ে মেরেছিল, সাম্প্রতিক কালে এটা মাদ্রাজে হয়েছে। পুলিশের জনসেবা শুধু মারা নয় তাদের অন্য কথা বললেও মানুষ সুখী হবে না। আমরা দেখেছি ফিল্ডে, ফ্যাক্টরীতে ওয়ার্কারদের পুলিশ কি ভাবে সেখানে কাজ করেছে। সেখানে তারা মজদুরদের বিরুদ্ধে কোথাও আইন ভাঙ্গার জন্য, সরকারী হুকুম ভাঙ্গার জন্য তাদের উপর লাঠি চালিয়েছে কিন্তু মিল মালিককে মেরেছে তার কারখানায় ঢুকেছে এরূপ কথা শোনা যায় নি। তারপর বাংলাদেশে একটা বিখ্যাত কথা আছে যে পুলিশকে গ্রামে অন্য সময় দেখতে পাওয়া যায় না ধান কাটার সময় ছাড়া। জমিতে যখন ধান চাল হচ্চে বীজ রোপন হচ্ছে, ধান গজাচ্ছে সে সময় পুলিস দেখা যায় না ধান কাটার সময় ছাড়া। অর্থাৎ যাতে চাষী ধান না নিতে পারে সেজন্য পুলিশ গিয়ে হাজির হয়। ২৪ পরগণা, বর্দ্ধমান, ইত্যাদি বিভিন্ন জায়গায় এর জন্য গুলি চলেছে। পুলিস যখন মাঠে নামে তখন চাষীর বিরুদ্ধে গুলি করে আপনাদের একটা কথা স্মরণ করিয়ে দিচ্চি যে এটা একটা যুগসন্ধিক্ষণ, আপনাদের সংখ্যা অনেক আছে বলে নিশ্চিন্তে বসে থাকলে চলবে না অনেক জায়গায় এর চেয়ে মজবুত রাষ্ট্র উল্টে গেছে, আপনাদের তা থেকে ব্যতিক্রম হবে না। পুলিশ মানুষের সাথে যে ভাবে ব্যবহার করে তার পরিচয় মানুষ পাবে। এ বক্তব্য ছাড়া আমি ২।৩টা কথা বলতে চাই। রাজনৈতিক পর্যায়ে যেগুলি সেগুলি পরে বলবো। কিন্তু শাসনের অন্য স্তরে পুলিশ যেখানে ভুল করে রাষ্ট্র যন্ত্র সেখানে ফেল করেছে।

আমার কাট মোসানে আমি নাম দিয়েছিলাম পচা পাল বলে একজন মাডার হয়ে গেল তার সম্বন্ধে কি হয়েছে? ঐ এলাকার বিভিন্ন ঘরে ঐ সম্বন্ধে আলোচনা হচ্চে সে সব জানার প্রয়োজন আছে। শুধু ভাল কথা কানে আসে কিন্তু মানুষের যে সমস্ত কথা সেগুলি শোনবার প্রয়োজন আছে। পচা পালকে কে খুন করেছে তার খোঁজ নিন। এগুলি যদি করেন তাহলে মানুষ আপনাদের সম্মান করবে তা না হলে এটাকে শাস্তি দেবার চক্র ছাড়া আর কিছু হিসাবে মানুষ দেখবে না। আমি একটা প্রশ্ন করেছিলাম যেটা আপনি ডিসএলাউ করেছেন কেন জানি না। কলকাতার একটাও রাস্তা নেই যেখানে ট্রান্সভার্স কাটা নেই। গাড়ীর অর্দ্ধেক চাকা ঢুকে যাবে। এটা কে কেটেছে জিজ্ঞাসা করলেই দেখবেন হয় টেলিফোন না হয় ইলেকট্রিসিটি না হয় ক্যালকাটা কর্পোরেশন-এর জলের জন্য কাটা হয়েছে। একটা গাড়ীর ধাক্কা লাগে আর একটা গাড়ীতে। গাড়ী একটা লাইন থেকে আর একটা লাইনে চলে যাচ্চে। মন্ত্রিমহাশয়রা গাড়ী করে বাড়ীতে যাবার সময় দেখবেন কলকাতার একটাও রাস্তা খুঁজে বার করতে পারবেন না যেখানে ট্রান্সভার্স কাটা নেই। দেখলে মনে হবে যারা গাড়ীর দালালি করে তারা এভাবে কেটে রেখেছে। এবিষয়ে পুলিশের কি কোন কর্ত্তব্য নেই? পুলিশ কি বলতে পারে না যে এটা যে কেউ কেটে থাক না কেন এটা ফিলআপ করতে হবে। এটা একটা ডেনজারাস ব্যাপার। পুলিস কি সে কোম্পানীকে সাজা দিতে পারে না বা তাদের কাছ থেকে জবাব দিহি করতে পারে না? আমি আমার বক্তব্য শেষ করার আগে অধুনাকালে যে প্রশ্ন উঠেছে সে প্রশ্ন সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সামনে একটা ইলেকসন আসছে ১ বৎসর বাদে আর একটা ইলেকসন হবে মুখ্য মন্ত্রী বললেন যে তাঁর কাছে বলা হয় অমুক জায়গায় ইলেকসন হচ্চে আপনি পুলিশকে বলে দিন আপনি কি তাহলে বলতে চান যেখানে ইলেকসন হচ্ছে সেখানে পুলিশ-এর যাবার ডিউটি নেই এবং আমরা যা ইচ্ছা তাই করবো অর্থাৎ পুলিশ শান্তি রক্ষা করবে না পুলিশ ইমপারশিয়াল হতে পারবে না। বা ইলেকসন নিরাপদে করতে পারবে না। একথা যদি এই মানে হয় এবং পুলিশ-এর কাছে যদি সাহায্য চাওয়া হয় তাহলে সেটা কি বিদ্রূপের ব্যাপার হয় তাহলে ধরতে হবে পুলিশ-এর কাছ থেকে কোন সাহায্য পাওয়া যাবে না এবং ইলেকসন-এ যারা নেমেছে তাদের কি তাই করতে হবে। সেদিন অকটারলোনী মনুমেণ্ট-এর সামনে থেকে প্রসেসান যেতে যেতে আমার বাড়ীর সামনে আক্রমণ হলো। অফিসার বা কি বলছে জানি না, আমাদের বাড়ীর সকলে এভিডেন্স দিতে পারে শ্রীমাণী বাজারের সকলে এভিডেন্স দিতে পারে। এখানে কার জীপ সে প্রসেশানকে আক্রমণ করে। তার কাছে পুলিশ ভ্যান ছিল সে পুলিশ ভ্যান কি করেছিলো। জোড়াসাকোর বোধ হয় এই জীপকার ছিল এবং তার সম্বন্ধে কি স্টেপ নিয়েছেন। ভবিষ্যতে এরূপ ঘটনা ঘটলে আমাদের ধরে নিতে হবে যে বন্দোবস্ত আমাদের করে নিতে হবে।

[2-50—3 p.m.]

এখন একটা এলাকায় নয় বিভিন্ন এলাকায় তিনটি ঘটনা ঘটেছে, এ সম্বন্ধে আমি আপনাকে অবহিত করছি। সেই ঘটনা হচ্ছে ইলেকসানে যারা যারা কাজ করছে তাদের প্রত্যেককে কোন না কোন কারণে থানায় তুলে নিয়ে গিয়ে ওয়ার্নিং দিয়ে দেওয়া হচ্ছে। এটা যদি ইম্পার্সিয়ালিটি হয় তাহলে আর কাকে পার্সিয়ালিটি বলব আমি? পোষ্টার মারা যদি অপরাধ হয় তাহলে বলে দিন একতরফা গোল খেলা হোক। আর যদি পোস্টার মারতে হয় তাহলে বন্দোবস্ত করত হবে। বারে বারে পুলিস গিয়ে ধরবে আবার পোস্টার মারবে এই রকম করে তাহলে তাদের চলতে হবে। ইতিহাসের জবাবদিহি এক জায়গায় শেষ হয় না। সেজন্য আমি বলব এইসব কাজগুলি অত্যন্ত ভুল কাজ। মানুষ আপনাকে বিচার করবে, মানুষ পুলিসকে বিচার করবে। আমি ঘুষের কথা বলছি না, সে সম্বন্ধে বিভিন্ন বক্তা বিভিন্ন জায়গায় বলবেন। কিন্তু পুলিসের ন্যায়পরায়নতার উপর দিয়ে মানুষের সন্দেহ হতে থাকে—আরো কয়েকটি কথা বলব, ধরুন, ইলেকসানের সময় কোন জায়গায় শালু টাঙানোর ব্যাপারে, কোন জায়গায় ঘর নেওয়ার ব্যাপারে বা কোন জায়গায় মিটিং-এর জন্য মাইকের পার্মিসানের ব্যাপারে যদি থানায় যাওয়া যায় তাহলে থানা থেকে বলে যে বাড়ীওয়ালার কাছ থেকে পার্মিসান নিয়ে এস, পার্মিসান নিয়ে এলে বলে দলিল নিয়ে এস, এগুলি কি ছোট কথা? বাস্তবিক এগুলি সম্বন্ধে একটা নীতি বলে দিন যাতে সামনে যে ইলেকসান আসছে সেই ইলেকসানে আমরা নিশ্চিন্তভাবে নিরাপদে এবং নিজেদের মধ্যে বিপদের আশঙ্কা না করে নামতে পারি। এই কথা আমি মন্ত্রী মহাশয়ের মুখ থেকে জানতে চাই। সরকারের তরফ থেকে ইলেকসান হবে, সেই ইলেকসান কোন পক্ষ না নিয়ে পুলিশ অফিসার যাতে কাজ করে সেই নীতি আপনি বিধান সভায় ঘোষণা করুন। এই ইলেকসান তো বিধান সভার কাজের মধ্যেই হবে। আমি আমার বক্তব্য শেষ করার আগে আপনাকে আর একবার এই কথা বলে শেষ করব যে পুলিশ রাষ্ট্রের যন্ত্র, রাষ্ট্রের শাসন দণ্ড হচ্ছে পুলিশ। এই পুলিশের আকৃতি প্রকৃতি গতি এখানকার সরকারের প্রকৃতি এবং মতি গতি নির্ণয় করে দেয়। আজকে যদি সরকার নিজের নীতি সুস্থ দেশ গঠনের নীতি যেটার কথা তাঁরা সমস্ত জায়গায় বলেন সেটা নিয়ে মজবুত থাকতে চান এগিয়ে চলতে চান তাহলে এ সম্বন্ধে নিরাপত্তা এবং ইম্পার্সিয়াল নীতি বিধান সভায় ঘোষণা করুন এবং কলকারখানার শ্রমিকদের সম্বন্ধে তাঁদের নীতি সুস্পষ্টভাবে ঘোষনা করুন যাতে মানুষ আপনার কথায় এবং কাজে সমতা পায়। ওয়েলফেয়ার কল্যাণ রাষ্ট্র বলে তারা মনে করতে পারে। কল্যাণ রাষ্ট্র মুখে বলা হচ্ছে অথচ গুলি খাবার সময় গুলি খেলাম; এজন্য প্রথম কথা মনে হল যে

The business end of the needle is on us. The blunt end of the needle is in your hands.

দুজনের দুই রকম অনুভূতি। আমার বক্তব্য শেষ করবার সময় আবার মন্ত্রী সভাকে অনুরোধ করছি যে ইলেকসানের আগে আপনাদের ইম্পার্সিয়াল নীতি আর একবার ঘোষণা করুন।

Shri Kamal Kanti Guha:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আজকে পুলিশ বাজেট আমাদের সম্মুখে মুখ্য মন্ত্রী উপস্থিত করেছেন। তিনি তাঁর পুলিশ খাতে ব্যয়বরাদ্দ বেশী ধরবার যে কৈফিয়ৎ দিয়েছেন তাতে তিনি গত বারের মত বলেছেন সীমান্তের কথা। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে সীমান্তে আজ পর্যন্তও পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ তৎপর হয়ে উঠেনি। আর একটা কথা আমরা বার বার হাউসে বলেছি যে পাঞ্জাব এবং আসাম সীমান্ত রক্ষা করবার জন্য কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ দায়িত্ব নিয়েছেন। অথচ আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর আজো চাপিয়ে দিতে পারেন নি, তাঁরা ব্যর্থ হয়েছেন। সেজন্য বিরাট বোঝা আমাদের আজকে বইতে হচ্ছে। পুলিস দপ্তরের দুর্নীতি সম্বন্ধে আজকে আমরা দেখতে পাচ্ছি যে দুর্নীতি সেই লাল বাজার থেকে আরম্ভ করে আই. জি. অফিস থেকে আরম্ভ করে সীমান্ত পর্যন্ত ছড়িয়ে পড়েছে। গত বছর এপ্রিল মাসে জলপাইগুড়ির নবাবের জনৈক আত্মীয় তার ৭ লক্ষ টাকার সম্পত্তি পাকিস্তানে পাচার করবার সময় হলদিবাড়ী হুতুম ডাঙ্গা ক্যাম্পের পুলিশদের ৫০ হাজার টাকা ঘুষ দিয়েছিলেন। সেই ৫০ হাজার টাকা ঘুষের বখরা নিয়ে তাদের মধ্যে গোলমাল হয় এবং নিরাপদ নস্কর নামে একজন কনষ্টবলকে খুন করা হয়। এ সম্বন্ধে আমাদের সদস্য শ্রীঅমর রায় প্রধান এই হাউসে

তাঁর বক্তব্য রেখেছিলেন, কোয়েশ্চেন করেছিলেন, তাতে মন্ত্রী মহাশয় বলেছেন যে তদন্ত করবেন। নিরাপদ নস্করের স্ত্রী আমাদের রাষ্ট্র মন্ত্রী শ্রীনস্করের হাতে পায়ে ধরে কাঁদাকাটি করেছিলেন যাতে এই তদন্ত তাড়াতাড়ি হয়। অথচ আজ পর্যন্ত সেই তদন্ত শেষ হল না। কার স্বার্থে এই তদন্ত শেষ হল না? আমরা জানি ঐ নবাব ফ্যামিলি যাঁরা জলপাইগুড়ি কংগ্রেসের পৃষ্ঠপোষকতা করেন তাঁদের রক্ষা করবার জন্য এই তদন্তের আজ পর্যন্ত মীমাংসায় আসা গেল না।

স্যার, অনেক সময় দেখেছি পুলিশ দপ্তরের কিছু কিছু কর্তব্যপরায়ণ অফিসার দায়িত্ব নিয়ে রাষ্ট্রের স্বার্থে কাজ করতে চান, কিন্তু কোন এক অজ্ঞাত কারণে তার কাজকে মাঝ পথে থামিয়ে দিতে হয়। আমি খবরের কাগজে দেখলাম পশ্চিম বাংলার বহু মানুষ দিনের পর দিন দরখাস্ত করেও সিমেণ্ট পাচ্ছে না। হয়রাণী হয়ে যাচ্ছে। অথচ সেই সিমেণ্ট নিয়ে জালিয়াতি সুরু হয়েছে। তার একটা কেস ডি. ডি. ডিপার্টমেণ্ট-এ গিয়ে সেখান থেকে যখন তদন্ত সুরু হলো তখন দেখা গেল তার মধ্যে তৎকালীন ফুড অ্যাণ্ড সাপ্লাই মিনিস্টার-এর আজকের যিনি মুখ্যমন্ত্রী তাঁর সই রয়েছে, ডি. ডি. ডিপার্টমেণ্ট থেকে কেউ গিয়ে মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করলে, মুখ্যমন্ত্রী সাজাসুজি অস্বীকার করে বলেন যে সে সই জাল। তখন হ্যাণ্ডরাইটিং এক্সপার্ট-এর কাছে সেই সই পরীক্ষার জন্য পাঠান হলো; তারপর হঠাৎ তার কাছ থেকে সেই ফাইল নিয়ে নেওয়া হলো এবং হ্যাণ্ডরাইটিং এক্সপার্ট-এর কাছ থেকে ফাইল নিয়ে চেপে দেওয়া হলো। এই কথাই কি আমরা স্যার ধরে নিতে পারি। যখন সেই সই হ্যাণ্ডরাইটিং এক্সপার্ট-এর কাছে পাঠান হয়েছিল, তখন সেই সইটা আসলে কার? হয়ত, দেখা যাবে এই সই চীফ মিনিস্টারের। কিন্তু তিনি হয়ত জানতেন না ব্যাপারটা। তাঁকে প্রতারণা করা হয়েছে। যে সমস্ত অফিসারের রেকমেণ্ডেশন-এ পারমিটগুলি ইস্যু করা হয়েছে, সেই অফিসার ধরা পড়বে বলে তাকে বাঁচাবার জন্য সেটা চেপে দেওয়া হয়েছে। আমরা জানি যখন সিমেণ্টের দরখাস্ত করতে হয়, তখন প্লট নাম্বার দিতে হয় কোন প্লটে কোন জায়গায় সিমেণ্টের কাজ হবে। কিন্তু তদন্ত করে দেখা গেছে ভুয়ো সমস্ত প্লট নাম্বার দেওয়া হয়েছে। সেখানে কোন রকম কাজ হয়নি। দেখা গেছে বেহালায় জলাজমি বিঘের পর বিঘে ঘাস হয়ে পড়ে আছে, সেই প্লটের নামে সিমেণ্টের পারমিট ইস্যু হয়েছে। অথচ সেখানে কোন ঘরবাড়ী হয় নাই। সেই সমস্ত অফিসারকে বাঁচাবার জন্য সেই তদন্ত চেপে দেওয়া হয়েছে। এই ভাবে যদি তদন্ত চেপে দেওয়া হয়, তবে সেই সৎকর্মচারী যারা নিষ্ঠার সঙ্গে রাষ্ট্রের সেবা করতে চান, তাদের কর্তব্য বোধ, কর্মচেতনা, ও আন্তরিকতা কতদিন থাকতে পারে? এটা আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে রাখছি। সেখানে দেখা গেছে সেই সই-এ যে কালি ব্যবহার করা হয়েছে, সেই কালি আমাদের চীফ মিনিষ্টার ছাড়া আর কেউ ব্যবহার করেন না। কাজেই আমি একথা বলতে চাই সেই তদন্ত পুনরায় নতুন করে আরম্ভ করা হোক। আমি নিশ্চয়ই আশা করবো সেই সই চীফ মিনিষ্টারের নবে না। যদি হয় তাহলে দুঃখের ব্যাপার। যে অফিসার সে সই জাল করেছে চীফ মিনিষ্টারের নাম, তার শাস্তি হওয়া উচিত।

আমরা এখনো দেখতে পাচ্ছি পুলিশ দপ্তরের মধ্যে এখনো যে কিছু কিছু সৎ কর্মচারী আছে, অথচ কায়েমী স্বার্থ এই পুলিশ দপ্তরে বাসা বেঁধেছে যার ফলে সৎ কর্মচারী পুলিশ বিভাগের মধ্যে থাকতে পারছে না লালবাজার থেকে ডি. ডি. থেকে উষা চ্যাটার্জী তিনি ৪ বৎসর ধরে চাকরী করার পরে ছেড়ে চলে গেলেন। অখিল ব্যানার্জী ইনিও চাকরী ছেড়ে চলে গেছেন। এর উপর যারা জুনিয়ার তাদের প্রোমোশন দেওয়া হয়েছে। এই ভাবে নেপোটিজেম সেখানে বাসা বেঁধেছে। পি. ডি. পুলিশ ডিরেক্টরেট-এ প্রোমোশন দেবার কোন ব্যবস্থা নাই। ১৯৫১ সাল থেকে ১৯৫৭ সালের মধ্যে কোন প্রমোশন দেবার ব্যবস্থা সেখানে হল না এবং ১৯৫৭ সালের পর প্রমোশন দেবার ব্যবস্থা হল এবং সেজন্য একটা বোর্ড গঠিত হল আই. জি. ও রেজিস্ট্রারকে নিয়ে। যাদের প্রমোশন হলো ইনটারভিউ-এর নাম করে তাতে দেখা গেল যাঁরা নিজস্ব পেটোয়া লোক বড় বড় উচচ পদস্থ কর্মচারীদের মনোরঞ্জন করে চলে এবং তাদের সেবা করেন অবৈধভাবে তাদের প্রমোশন দেবার ব্যবস্থা হলো। যেমন শ্রীকালীদাস ব্যানার্জী—১।৫।৫২ তারিখে যার চাকরী হলো আজও তার কনফারমেশন হলো না। কিন্তু যার বছর ও চাকরী হল না ১৯৫৭ সালে তাকে প্রমোশন দেওয়া হল। তিনি সুপারসিড

করলেন ১৫ জনকে। তার পর সুশীল গুপ্ত ১।১০।৫১ তারিখে চাকরী হলো ১৯৫৭ সালে প্রমোশন হলো, তার কনফারমেশন হলো ১৩ জনকে সুপারসিড করে শ্যামাচরণ মিত্র সুপার করলেন দশজনকে।

[3—3-10 p.m.]

বিনয় ভূষণ দত্ত ৯ জনকে সুপারসিড করল, সত্য বসু ১৪ জনকে করল, শুধাংশু ভট্টাচ ৮ জনকে করল। স্যার, সাধারণ কর্মচারী সৎ কর্মচারী যারা পুলিশ দপ্তরকে চালু রাখবে তা উপর চাপ দিলে অসৎ এবং অযোগ্য কর্মচারীদের যদি এইভাবে প্রমোসন দেওয়া হয় তাহ পুলিশের প্রশাসনিক যন্ত্র যে ভেঙ্গে পড়তে বাধ্য তার প্রতি আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা আমাদের মুখ্যমন্ত্রী কথায় কথায় বলেন যাঁরা শুধু রাজনীতি করেন বা রাজনৈতিক দ সঙ্গে সংশ্লিষ্ট তাঁদের ডি. আই. রুলস-এ গ্রেপ্তার করি না, যারা চোরা কারবারী ব তাদের গ্রেপ্তার করি। কিন্তু স্যার, এই চোরাকারবারীদের কিভাবে গ্রেপ্তার করা হয়েছে একটা মানুষের চোখ ধাঁধলে যেমন হয় তেমনি হয়েছে। এই হাউসে এই সেশনে ব বলেছি, যে, দু আনার মালিককে গ্রেপ্তার করা হয়েছে, কিন্তু ৭।৯ আনার মালিক গ্রেপ্তার করা হয়নি। ময়দার ব্যাপার নিয়ে বাংলাদেশের হাজার হাজার মানুষকে কৃধা থে বঞ্চিত করে যারা লক্ষ লক্ষ টাকা কামাই করেছে তার বিরুদ্ধে যখন সেই সব মানুষের দা উঠল তখন মানুষকে বিভ্রান্ত করবার জন্য কিছু কিছু ময়দার মালিকের বিরুদ্ধে ওয়ারেণ্ট বে এবং কয়েকদিন ধরে আমরা দেখলাম কাগজে বেরুল, মুখ্যমন্ত্রী লৌহ মানব, তিনি বলেছে চোরাকারবারীদের ছাড়া হবে না। কিন্তু আমরা দেখলাম ওয়ারেণ্ট যেদিন পাঠাল তারা সে উধাও হোল। প্রশ্ন করি, কি করে তারা জানলে তাদের নামে ওয়ারেণ্ট বেরুবে? স্যা আজ পর্যন্ত তাদের ধরা হয়নি এবং আমি কয়েকজনের নাম আপনার সামনে বলি ময়দার মালিক প্রভুদয়াল ভাট, গোপিকিষণ ভাট—গণেশ টকির ওখানে বাড়ী। তারা এখন বহাল তবিয়তে আছে এবং কোন করে ব্যবসা করছে। তারপর, মদন চৌধুরী, রাধেশ্যা চৌধুরী—ভবানীপুরের ওখানে বাড়ী। এঁদের নাকি বাড়ীতে পাওয়া যাচ্ছে না। অ্যাবস্ক করে আছে। কিন্তু আমরা জানি আমাদের যখন রাজনৈতিক আন্দোলনে এ্যারেষ্ট করতে গে তখন আমাদের না পেয়ে আমাদের বাড়ী, সম্পত্তি অনেক সময় এ্যাটাস করেছে। জা জানতে চাই এবং এর সদুত্তর চাই যে কেন এইসব চোরাকারবারীদের সম্পত্তি এ্যাটাস ক হয়নি? যদি এর সদুত্তর না দেন তাহলে পুলিশ দপ্তর সম্পর্কে এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী সততা সম্পর্কে আমাদের সন্দেহ থাকবে। এবারে আমি আপনার মাধ্যমে বলতে চ কিভাবে এই কংগ্রেসীরা পুলিশ দপ্তরকে কাজে লাগাচ্ছে এবং রাজনৈতিক প্রতিহিংসা চরিতা করবার জন্য পুলিশ দপ্তরকে নিজেদের কাজে লাগিয়ে কিভাবে মানুষের বিশ্বাস পুলিশে প্রতি নষ্ট করছে। আমি মনে করি এগুলি রাষ্ট্রের পক্ষে ক্ষতিকারক। গত জুলাই মাে আমাদের এলাকা থেকে চোরা পথে ধান কুচবিহার এবং জলপাইগুড়ি হয়ে তিব্বতে চ যাচ্ছিল যে তিব্বতে চীনা বাহিনী রয়েছে এবং যেখানে খাদ্যাভাব তীব্র হয়ে দেখা দিয়েছে আমরা কাগজে দেখেছি সেখানে ৪০০ টাকা মণ দরে চাল বিক্রি হয়েছে। সেই চাল আমাদে ওখান থেকে নিয়ে যাওয়া হচ্ছিল বলে আমরা ধানের ট্রাককে বাধা দিলাম এবং মালিকে টাকা বুঝিয়ে দিয়ে সরকারী নির্ধারিত দরে সেটা জনসাধারণের মধ্যে বিক্রি করলাম। বে ৯টার সময় এই ঘটনা ঘটল এবং সেই জায়গাটা থানা অফিস এবং এস. ডি. ও.র অফিস থে কয়েক ফার্লং দূরে। কিন্তু রাত্র ২টার সময় কংগ্রেসীরা সেই মহাজনকে ডেকে দারোগাকে দিয়ে একটা কেস লেখাল যে, আমরা ধান এবং টাকা লুঠ করেছি এবং মহাজনের ধান জো করে কেড়ে নিয়েছি। কেস আরম্ভ হোল এবং আমরা একটা নূতন জিনিস দেখলাম। স্যা আমরা বহুবার গ্রেপ্তার হয়েছি এবং সেই গ্রেপ্তারের সময় আমরা দেখেছি দারোগা বাড়ীতে বা পার্টি অফিসে গিয়ে ওয়ারেণ্ট দেখিয়ে আমাদের গ্রেপ্তার করেছেন এবং যখন আন্দোলন হয়ে তখন হেডকোয়ার্টার থেকে ওয়েস্ট বেঙ্গল পুলিশের জিপ নিয়ে এসে আমাদের গ্রেফপ্তার ক হয়েছে। কিন্তু এবারে দেখলাম একটা প্রাইভেট ট্যাক্সি যেটা ভাড়া খাটে তাতে করে দারোগা এলেন এবং আমাদের এ্যারেষ্ট করলেন। আমরা জিজ্ঞাসা করলাম, এতো সরকারী জিপ না এটা কোথায় পেলেন? তখন তিনি বললেন দিনহাটা মণ্ডল কংগ্রেস থেকে ভাড়া নেওয়া হয়েছে

এবং তাতেই আমাদের এ্যারেষ্ট করে নিয়ে যাওয়া হোল। স্যার, কুচবিহারের ডি. এম., এস. ডি. ও. আমাদের সঙ্গে মিটিং করে প্রস্তাব নিয়েছিলেন যে কুচবিহার থেকে ধান বাইরে যাবে না এবং সেই অনুসারে ম্যাজিস্ট্রেট সমস্ত মহাজনদের নির্দেশ দিয়েছিলেন। যখন কেস্ উঠল তখন ম্যাজিস্ট্রেট নিজে বললেন ডি. সি.র অর্ডার অনুযায়ী এঁরা কাজ করেছেন।

কেন এদের হেরাস করা হল তার সদুত্তর চাই, কিন্তু সদুত্তর দিতে পারলেন না। সব চেয়ে জোর ঘটনা এখানে দেখুন, ৫০ মণ ধান জোর করে নিয়ে এসেছি এটা বললেন, কিন্তু ধান ৫০ মণ নয়, ৩০ মণ ছিল, আমরা তার দাম দিয়ে দিয়েছি। ম্যাজিস্ট্রেট তখন বললেন আনন ধান কোথা থেকে পেলেন তার ষ্টক রেজিস্ট্রার দেখাতে হবে কিন্তু ষ্টক রেজিস্ট্রার দেখাতে পারল না, এই ফলস কেসের জন্য পুলিশ এই মহাজনদের বিরুদ্ধে কেস দায়ের করল না, ফুড লাইসেন্স নিয়মানুসারে যখন ধান মহাজন কিনবে তাদের ষ্টক রেজিস্ট্রার দেখাতে হবে, কিন্তু পুলিশ তাদের বিরুদ্ধে ফল্‌স কেস দেওয়ার জন্য কোন কেস দায়ের করা হল না। সেই মহাজনরা টাকাদের হাতে ধান তুলে দিয়েছিল এবং সেই মহাজন ভজগাইগুড়ি সোনারপুরের মহাজন, সোনারপুরের মণ্ডল কংগ্রেসের সেক্রেটারী। এক দিকে দেশপ্রেমের কথা বলা হয়, ডি. আই রুল-এর কথা বলা হয়, অন্য দিকে ট্রাকে করে ধান চালান করে কংগ্রেসীরা, আমরা যখন মানুষের খাদ্য নিয়ে প্রতিরোধ আন্দোলন করি তখন পুলিশ মিথ্যা মামলা সাজিয়ে হয়রানি করে আমাদের, এই ভাবে যদি চলতে থাকে তাহলে বাংলাদেশে শান্তি থাকবে না, সীমান্ত রক্ষা করতে পারবেন না, শান্তি শৃঙ্খলা থাকবে না শুধু এদের কতকগুলি অবৈধ কাজ করবার জন্য এবং রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য এভাবে যদি পুলিশ ডিপার্টমেণ্টকে পরিচালনা করেন তাহলে, বাংলাদেশের মানুষ তা প্রতিরোধ করবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Asoke Krishna Dutta :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী করেছেন, আমি তাতে সম্পূর্ণ সমর্থন জানাই। এই বিতর্ক সূচনা করার সময় বিরোধী দলের মাননীয় ডাক্তার নারায়ণ রায় প্রথমেই একটা উক্তি করেছেন এবং সেটা খুব ফ্রাঙ্ক এডমিশান, তিনি প্রথমেই বললেন তাঁর উপরে কঠিন দায়িত্ব পড়েছে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করার। কারণ সত্যিকার বিরোধিতা করার ত কিছু নাই, এটা তিনি ভাল করেই জানেন। তিনি একটা ছুচ ফোটানোর উদাহরণ দিয়েছেন, বিরোধী পক্ষকে ছুচ ফোটান হয়েছে, তিনি একজন বিচক্ষণ ডাক্তার, তিনি জানেন ইঞ্জেকশনের ছুঁচ ফোটান হয় ভাল করার জন্য, ভাল উদ্দেশ্যে। একথা ডাঃ নারায়ণ রায় আমাদের চেয়ে ভাল জানেন। সাধারণতঃ অন্যান্য পুলিশ খাতে যে সব সমালোচনা হয়ে থাকে ডঃ রায়ও সেই সমালোচনাই করেছেন, পুলিশ খাতে অঙ্ক বাড়াবার জন্য, খরচ বাড়ার জন্য সমালোচনা করেছেন।। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী প্রথমেই বলে গিয়েছেন গত বছর অপেক্ষা এবার দেড় কোটি টাকা বেশী চাওয়া হয়েছে। গত ৪ বছরের সমস্ত বাজেটের তুলনামূলক খরচ দেখলে দেখা যাবে প্রতি বছর পুলিশ খাতে খরচের পরিমাণ কমে যাচ্ছে। গত বছরের আগের বছর যেখানে সমস্ত বাজেটের ৯ পারসেণ্ট পুলিশ খাতে খরচ হয়েছিল, গত বছর সেখানে হয়েছিল ৮.৮ পারসেণ্ট এবছর সেটা কমে গিয়ে দাড়িয়েছে ৩ পারসেণ্ট।

[3-10—3-20 p.m.]

এটা নিশ্চয়ই প্রত্যেককে স্বীকার করতে হবে যে পুলিশ খাতে যে খরচ বেড়েছে তার অনেকগুলি উদাহরণ মুখ্যমন্ত্রী দিয়েছেন। আমাদের নূতন ব্যাটেলিয়ান রেজ করা হচ্ছে, আমাদের ডিয়ারনেস অ্যালাওয়েন্স বেশী করে দেওয়া হচ্ছে। পুলিশের যারা কর্মচারী তাদের মেডিক্যাল এক্সপেন্স খরচ বেড়েছে। কিন্তু এর সঙ্গে সঙ্গে আর একটা জিনিস আমাদের মনে রাখতে হবে যে খরচ যেটা বেড়েছে সেটা প্রত্যেকটি জিনিসের দাম বেড়ে যাওয়ার দরুণ। পুলিশ খাতে খরচ অনেক বেড়ে গেছে। আজকে পুলিশের একটি জীপ, ট্রাক, মোটরসাইকেলের যে দর সেটা ৩।৪।৫ বছর আগে তার চেয়ে অনেক কম ছিল। প্রতি বছর এই সমস্ত জিনিসের দাম বেড়ে যাচ্ছে এবং যাতে করে রিপ্লেসমেণ্ট হচ্ছে তাতে কিছু নূতন জিনিস কিনতে হচ্ছে, প্রত্যেকটির

দাম প্রতি বছর তুলনামূলক ভাবে বেড়ে যাচ্ছে। অতএব সংখ্যা তো নিশ্চয়ই বাড়বে, না বেড়ে থাকতে পারে না। কিন্তু এই সঙ্গে সঙ্গে আমরা আরো ২।১ টি কথা সরকারের ক বলতে চাই যে অঙ্কটা বাড়ছে, বিরোধীদল নিশ্চয়ই এর সমালোচনা করবেন। আমরা সমালোচনা করি না এর পূর্ণ সমর্থন করি। এই সঙ্গে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ কর চাই যে বিরোধী পক্ষের এই সমস্ত ভুয়ো সমালোচনা না শুনে পুলিশকে আরো শক্তিশালী কর জন্য পুলিশের এফিসিয়েন্সি আরো বাড়াবার জন্য যে সমস্ত জিনিষের প্রয়োজন সেটা ব দরকার। এটা ঠাট্টা করার কথা নয়, সমালোচনা করবার কথা নয়। পুলিশ যেখানে র করবার জন্য রয়েছে সেখানে তাদের এফিসিয়েন্সি বাড়ানো নিশ্চয়ই প্রয়োজন। আমি উদাহ দিয়ে বলব যে ২৪ পরগনা জেলায় ৫০টি থানা রয়েছে। আজকে এই ৫০টি থানার মধ ১৭।১৮ থানায় মাত্র নিজেদের গাড়ী আছে। অধিকাংশ থানায় প্রায় ৩১।৩২টি থানায় এক জীপ গাড়ী বা অয়ারলেস ভ্যান নেই। মাননীয় মুখ্যমন্ত্রী কলকাতা পুলিশের কথা বলতে গি অয়্যারলেস ভ্যানের এফিসিয়েন্সির কথা বলেছেন এবং অত্যন্ত গর্বের সঙ্গে বলেছেন যে সম ভারতবর্ষের মধ্যে কলকাতা পুলিশের অয়ারলেস সিস্টেম সব থেকে ভাল এবং উন্নত। আগে উত্তরপ্রদেশে আরো উন্নত ছিল। এখন কলকাতা সমস্ত ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিক করে। কিন্তু এই সঙ্গে সঙ্গে আমাদের বিচার করে দেখতে হবে যে বিভিন্ন জেলাতে এই ধরণে এফিসিয়েন্ট পুলিশ অরগানাইজেসন-এর দরকার রয়েছে। গত বছর যখন বাংলাদেশে বাব হয়েছিল সমস্ত বাংলাদেশে নয় বিশেষ করে নদীয়া, ২৪ পরগণা প্রভৃতি কতকগুলি জেলা সেই সময় আমরা উপলব্ধি করেছিলাম যে পুলিশের এফিসিয়েন্সি বাড়ান কত প্রয়োজন আমাদের এই কল্যাণমূলক রাষ্ট্রে অন্যান্য সমস্ত খরচ কমিয়ে শুধু পুলিশ খাতে খরচ বাড়া হোক তাতে আমরা কেউই না বলব না এবং সেই সঙ্গে সঙ্গে প্রয়োজন হলে পুলিশে এফিসিয়েন্সি বাড়ান বা পুলিশের ক্ষমতা বাড়ান খুব দরকার। সেই জন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে এই দাবি রাখব যে বিভিন্ন জেলায় যদি প্রত্যেকটি থানায় আরো এফিসিয়েন্ট করবার প্রত্যেক থানায় এক একটি করে গাড়ী দেবার কথা বিবেচনা করুন। গ্রামাঞ্চলে ৩০।৪০।৫০ স্কোয়ার মাই জুড়ে এক একটি থানা রয়েছে। ২৪ পরগনা জেলায় ১০০ স্কোয়ার মাইল জুড়ে একটি থান রয়েছে। সেই থানার এক প্রান্ত থেকে আর এক প্রান্তের সঙ্গে যোগাযোগ রক্ষা করবার জন আরো বেশী মোবিলিটি বাড়ান প্রয়োজন পুলিশের। তার জন্য মোটরসাইকেল, জীপ ট্রাকে যথেষ্ট প্রয়োজন রয়েছে অয়ারলেস-এর দাম যথেষ্ট আমরা জানি। ২।১ বছরের মধ্যে অয়ারলেস এর ব্যবস্থা করা যাবে এটা আমাদের পক্ষে আশা করা সম্ভব নয়। কিন্তু গত বছরের অভিজ্ঞ থেকে আমরা জানি—সেই জন্য আমরা এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করব যে এই সমস্ত সমালোচনা না শুনে ক্যাপিটাল এক্সপেণ্ডিচার বাড়িয়ে পুলিশের আরো জীপ, ট্রাক, অয়ারলেস সেটের ব্যবস্থা করা নিশ্চয়ই প্রয়োজন। আমাদের কলকাতা পুলিশের সমালোচনা করার সম ডাক্তার নারায়ণ রায় এদিক থেকে বলেছেন যে পুলিশের খাতে অনেক বেশী ব্যয় বরাদ্দ বেড়ে যাচ্ছে। আবার এই সঙ্গে সঙ্গে তিনি পুলিশের কাজ আরো বাড়াবার জন্য আজকে দাবি রেখেছেন আগে যখন মুখ্যমন্ত্রী বক্তৃতা করছিলেন তখন তাঁকে বিদ্রুপ করে বলা হচ্ছিল কংগ্রেসী মেলার কথা। আজ আমাদের পুলিশের কাজে অনেক রকম মেলা হয় পূজার মেলা পার্বনে মেলা এবং তার সঙ্গে আমাদের কংগ্রেসের বিরাট বড় মেলা হয়েছিল এই সমস্ত আছে তা সঙ্গে কমুনিষ্ট পার্টির ঝামেলাও রয়েছে—এই সমস্ত ছাড়াও ডাঃ নারায়ণ রায় পুলিশের আরো কাজ বাড়াতে চেয়েছেন। যেমন রাস্তায় যদি ইলেকট্রিক সাপ্লাই গর্ত করে করপোরেসন পাইপ বসাবার জন্য গর্ত করে তাহলে পুলিশকে সেই দায়িত্ব হাতে নিয়ে গর্ত খোঁড়া বন্ধ করতে হবে এই দাবি তিনি রেখেছেন। পুলিশ সমস্ত কিছু কাজ করবে ট্রাফিক কণ্ট্রোল করবে ল এণ্ড অর্ডার মেণ্টেন করবে, প্রসেসান হলে তাকে রক্ষা করবে তার সঙ্গে সঙ্গে রাস্তায় গর্ত খুঁড়লে সেখানে গিয়ে তা বন্ধ করবে, অথচ পুলিশের ব্যয় বরাদ্দ কমিয়ে দেওয়া হল। এটা ডাঃ নারায়ণ রায়ের কি রকম যুক্তি আমি বুঝতে পারলাম না। কংগ্রেসী দল নাকি পুলিশকে নিজেদেরই কাজে ব্যবহার করেছেন এই ধরনের সমালোচনা বিরোধী দলের বন্ধু শ্রীকমল বা করেছেন। কে কবে কোথায় গাড়ী দিয়েছে পুলিশের কাছে এবং তা ব্যবহার করেছে এ সমস্ত কথা তার কোন প্রমাণ নেই। এই সমস্ত জিনিস চলে গেল তাদের কোন দায়িত্ব নেই। এগুলি এক কথায় বলা যায় প্রত্যেকটি অসত্য এবং প্রত্যেকবার যে গুলি চালিয়ে চলে যান সেগুলির কোনটা প্রমাণ করতে পারেন না। গত বছর দেখেছি একটি ছাত্র ভূদেব সেনের

বিষয় নিয়ে এই খানে এতো চীৎকার করা হল—ভয়ানক অন্যায় হয়েছে পুলিশ অত্যাচার করেছে ইত্যাদি। তারপর যেই মামলা যখন হল এবং মামলায় যারা যারা এ্যাকিউজড হয়েছিল, দুঃখের বিষয় ভূদেব সেন জীবিত নেই তার সঙ্গে অন্যকে কো-এ্যাকিউজড ছিল তারা প্রত্যেকে গিলটি প্লিড করল এবং তাদের প্রত্যেকের সাজা হয়েগেল। সেই সময় আর কেউ এসে বললেন না যে আমরা এখানে দিনের পর দিন মিথ্যা অভিযোগ করে খারাপ কাজ বন্ধ করার জন্য চীৎকার করেছি। এই কথা কেউ তো বললেন না ? এখানে এসে একবার করে চীৎকার করে চলে যান আর তার সঙ্গে সঙ্গে বাকিটা কিছুই বলেন না। আমি এখানে আর একটি কথা বলব। মাননীয় মুখ্যমন্ত্রী ট্রাফিক ডিফিকাল্টির কথা বলেছেন। কলকাতাতে যথেষ্ট ট্রাফিক-এর অসুবিধা রয়েছে। কলকাতায় ট্রাফিক কণ্ট্রোল করা অত্যন্ত কষ্টকর এবং দুসাধ্য ব্যাপার। সেই সঙ্গে আমি এই কথা মনে করিয়ে দিতে চাই যে শুধু কলকাতার ট্রাফিক কণ্ট্রোল করার কথা চিন্তা করলেই হবে না, আমাদের আজকে হাওড়া করপোরেসন হতে চলেছে এবং কলকাতার আশে পাশে গ্রেটার ক্যালকাটা শহর অঞ্চল গড়ে উঠছে। আজকে কলকাতা পুলিশের এলাকা হল প্রায় ৩৮ স্কোয়ার মাইল। আমি সরকারের কাছে বিশেষ করে বিবেচনা করতে বলি যে এস. এম. পি. ও. ১০০ স্কোয়ার মাইল-এর বেশী এলাকা নিয়ে কাজ করে, সেই রকম কলাকাতার আশে পাশে হাওড়ায় যেটা করপোরেসন হবে সেই এলাকায় এবং কলকাতার শিল্পাঞ্চল, গ্রেটার ক্যালকাটা এলাকায়, যার প্রবলেম খানিকটা কলকাতার মতন কলকাতার ট্রাফিক প্রবলেম রয়েছে, কলকাতায় যে বিভিন্ন প্রদেশ থেকে দুষ্কৃতকারিরা এসে থাকে বলে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন, সেই রকম কলকাতার আশেপাশে সমস্ত শহরাঞ্চলে গ্রেটার ক্যালকাটা শিল্পাঞ্চলে এই সমস্ত প্রশ্ন রয়েছে। অতএব আমি সরকারকে বিবেচনা করতে বলব যে হাওড়া এবং কলকাতার আশেপাশে অন্যান্য গ্রেটার ক্যালকাটা শিল্পাঞ্চলে পুলিশের এলাকা বাড়িয়ে একটি উইনিফর্ম অ্যাডমিনিস্ট্রেসন-এর মধ্যে নিয়ে আসার কথা চিন্তা করুন। আমরা সামান্য কয়েক দিন আগে দেখছিলাম যে হাওড়ায় একটি অ্যাকসিডেণ্ট-এর পর এমন একটা অরাজকতা সৃষ্টি হয়েছিল যে সরকারের ৩।৪ খানি খুব মূল্যবান বাস পুড়িয়ে দেওয়া হল। তার কিছুদিন আগে গত ডিসেম্বর মাসে সামান্য একটা অ্যাক্সিডেণ্টের ফলে সারাদিন ট্রাফিক প্যারালাইজ হয়ে রইল রাত্রি পর্যন্ত এবং তাতে প্রায় ১ দিন সকাল থেকে রাত্রি পর্যন্ত সমস্ত ডিসলোকেসান হয়ে গেল। হাওড়া ব্রীজ ডিসলোকেসান হয়ে গেল, ট্রাফিক কণ্ট্রোল সারাদিন ডিসলোকেসান হয়ে রইল। অথচ এই দুটো অ্যাড থাকার দরুন হাওড়া যদিও শহর হয়ে গেছে—তার প্রশ্ন, তার সমস্যা, তার পুলিশ সমস্যা সমস্ত কলকাতার সঙ্গে একই রকম। তবে সেখানে অন্যান্য রুর্যাল এলাকায় ডিস্ট্রিক্ট-এ যে ভাবে চালু হয় সেই রকম ভাবে সুপারিণ্টেণ্ডেণ্ট অব পুলিশ শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে এক সঙ্গে চালু হওয়ার দরুন অনেক কিছু সমস্যার সমাধান হচ্ছে।

[3-20—3-30 p.m.]

আমি সরকারকে বিবেচনা করতে বলব একটা মেট্রোপলিটান পুলিশ অরগানাইজেসন করা যায় কিনা যাতে শিল্পাঞ্চল হাওড়া ও কোলকাতার সমস্যা এইরকম যেন এটা এলাকার মধ্যে আনা যায়। এই সঙ্গে সঙ্গে বিশেষ করে বলব গ্রামাঞ্চলে এবং বাংলা দেশের বিভিন্ন জেলায় জেলায় পুলিশ রায়ট-এর সময় দাঙ্গা করেছিল জীপ গাড়ীও ওয়ারলেসএ কিন্তু সেগুলি আজ পর্যন্ত সে গুল পায়নি। গত বছর ২৪ পরগনা জেলার কথা আলোচনা করার সময় যা বলেছিলাম আজকে তার চেয়ে কিছু বেশী পেয়েছেন। বর্ডারের কথা মুখ্যমন্ত্রী বলেছেন। আমাদের প্রায় ১৩০০ মাইল বর্ডার, অর্থাৎ এই বর্ডার রক্ষা করার জন্য যে পুলিশ রয়েছে তা রাজস্থানের বর্ডার আমাদের অর্দ্ধেকের চেয়ে কম পাকিস্তানের সঙ্গে আর সেই পরিমাণ পুলিশ সেখানকার বর্ডার রক্ষা করে। বাংলা দেশ পার্টিসন হবার পর সমস্ত ভারতবর্ষের বর্ডার রক্ষা করার দায়িত্ব যখন পশ্চিম বাংলার উপর তখন ভারত সরকারের নিশ্চয়ই উচিত বাংলা সরকারকে যথেষ্ট কমট্রিবিউসন দেওয়া যায় বর্ডার পলিশের শক্তি আরও বাড়াতে পারা যায়। বর্ডার স্টেট বলে বর্ডার রক্ষা করার প্রশ্ন নয়। আমাদের বাংলা দেশের একদিকে যেমন চীন ও পাকিস্তান রয়েছে তেমনি দুই তরফের এজেণ্ট আমাদের পশ্চিম বাংলায় চলাফেরা করছেন, এদের বিষয়ে সচেতন হওয়া পুলিশের একটা মস্ত বড় দায়িত্ব। আমাদের দেশে পুলিশের খাতে যে খরচ হয় সেটা খুব বড় অঙ্ক নয়, পুলিশ খাতে

আর এফিসিয়েন্সী কাজ করতে পারে তার জন্য আরও ওয়ারলেস গাড়ী ইত্যাদির প্রয়োজন এবং আরও এফিসিয়েন্সী বাড়ানোর জন্য আরও খরচ করা দরকার। সেজন্য এই সভায় মুখ্যমন্ত্রী পুলিশ খাতে যে দাবী রেখেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Narayan Choubey :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বাংলা দেশে সেই বিখ্যাত কাহিনী নিশ্চয়ই আপনার মনে আছে একবার গুরুদাস ব্যানার্জীকে গঙ্গার ঘাটে এক ব্রাহ্মণীর পূজা করায় সেই ব্রাহ্মণী তাঁকে আশীর্বাদ করে বলেছেন বাবা তুমি দারোগা হও। কিন্তু গুরুদাস ব্যানার্জী যে তখন হাইকোর্ট-এর জাজ ছিলেন ব্রাহ্মণী সেটা জানতেন না। ব্রাহ্মণীর কাছে তখনকার দিনে এটাই ছিল সব চেয়ে বড় আশীর্বাদ। দারোগার মত এত প্রতাপশালী ব্যক্তি বাংলা দেশে তখন ছিল না। বাংলা দেশের পুলিশের যে সব ঐতিহ্য ছিল আজও সেই ঐতিহ্য চলছে এবং পুলিশের দাপট আজও বাংলা দেশে চলছে। পুলিশ ওয়াজেদ আলির মত ভাবতে তার ট্রাডিসন রক্ষা করে চলেছে তাই নয়। মিঃ বীরেন ও বঙ্গেশ্বরীর সহযোগিতায় আমাদের বাংলা দেশের পুলিশের প্রতাপ আরও বেশী বেড়েছে। অর্থাৎ তার ট্রেডিসন আরও উন্নত করে চলেছে সে বিষয়ে সন্দেহ নেই। পুলিশের মধ্যে কিছু কিছু ভাল লোক আছে এফিসিয়েণ্ট লোক আছে ভাল শিক্ষিত লোক আছে, কিন্তু নিম গাছে যদি ভাল আমের কলম দেওয়া হয় সেটা নিম বৃক্ষই হয়। অতএব ভাল ভাল সন্তান যারা পুলিশের কাজে যায় তারা অনেক সময় পুলিশ ডিপার্টমেণ্ট ছেড়ে চলে যায় না হয় ১০।১২ বছর কাজ করার পর তারা নিমবৃক্ষে পরিণত হয়, আজ পুলিশের মুখ্য কাজ গণতান্ত্রিক আন্দোলন দমন করা। আমাদের এই যে ধনতান্ত্রিক রাষ্ট্র এই ধনতান্ত্রিক রাষ্ট্রের একটা মূল কাঠামো হচ্ছে পুলিশ এবং তার মুখ্য কাজ হচ্ছে গণতান্ত্রিক আন্দেলন, শ্রমিক আন্দোলন, কৃষক আন্দোলন দমন করা। হতে পারে কোথাও যে কোন মেলায় গিয়ে ভাল কাজ করে কিন্তু এটা তার লাইন নয়। এটা তার বাই প্রোডাক্ট এবং তার প্রোডাক্ট হচ্ছে শ্রেণী স্বার্থ রক্ষা করা। এবিষয় আমি ২।১টা উদাহরণ দেবো, ২০শে মে তারিখে খাদ্যের জন্য হরতাল হলো, সেই হরতালকে দমন করার জন্য ডি. আই. আর. এ কয়েকশো কর্মীকে, ট্রেড ইউনিয়ন কর্মীকে, গণতান্ত্রিক কর্মীকে আমাদের সরকার গ্রেপ্তার করলেন। এই নিয়ে অনেক জায়গায় কেস হয়ে গিয়েছে। আমাদের খড়গপুর টাউন-এ সেই ২০শে মে তারিখের কেস আজও চলছে। কারণ সেখানে প্রতিহিংসা পরায়ণ সুপারিণ্টেণ্ডেণ্ট সে কেস আজও উইথড্র করেন নি। আশাকরি মন্ত্রী মহাশয় এ দিকে দৃষ্টি দেবেন শুধু তাই নয়, সেপ্টেম্বর মাসের ২৫ তারিখে হরতালের যে আহ্বান দেওয়া হয়েছিল তার আগেই অনেক লোককে ধরা হল কেস করা হল এমন কি আমার মত লোকের উপরও ৪টা কেস হল এবং পুলিশ অনেককে ডি. আই. রুলএ গ্রেপ্তার করলো ১টা কেস খড়গপুরে চলছে আমার মত লোকের উপরে ১০৪ ধারায় কেস হল আমাকে এ্যাবসকনডার করলো। অমারেদ এখানকার পুলিশ যখন চালের সঙ্কট দেখা দিয়েছিল এবং চালের চোরা কারবারী চলছিল তখন কমিউনিস্ট পার্টির সাহায্যে সে চাল ধরে ৭ই আগষ্ট বিক্রি করা হল কিন্তু ১০ই আগষ্ট ওখানকার কমিউনিষ্ট কর্মী কুঞ্জ বোসের উপর পলিশ কেস করলো এবং আরো কিছু লোককে ধরলো। তারপর কোলিয়ারী বেল্টএ একটা অরাজকতা চলছে ১০৭ এবং ১১৭ ধারায় ডেমোক্রেটিক আন্দোলন দমন করবার জন্য সেখানে একটা অরাজকতা চলছে কল্যাণ শঙ্কর রায় এবং বিবেন তেওয়ারী প্রভৃতির বিরুদ্ধে ১০৭ ধারায় কেস করা হয়েছে এবং তারা যাতে দুর্গাপুর অধিবেশনে না যেতে পারে তার জন্য তাদের বেল দিয়েও বলা হল যে দুর্গাপুর কংগ্রেস সেসানের দিকে তোমরা যেতে পারবে না। কলিয়ারী বেল্টএর দিকে যেতে পারবে না। সেজন্য দুর্গাপুর অধিবেসনের জন্য পুলিশ কতৃপক্ষ সমস্ত আন্দোলনকে দমন করবার চেষ্টা করলো। ৯।৩ তারিখে বন্দী মক্তির দাবীতে একটা মিছিল বার হয় কলকাতার উপর কিন্তু কংগ্রেসী নেতাদের প্ররোচনায় আমাদের উপর আক্রমণ হল প্রশেসানের উপর হামলা হল এবং এই ব্যাপারে নেপাল বাবুর হস্তক্ষেপ আছে বলে আমরা জানি। তারপর এই যেদিন কর্পোরেশন এর নির্বাচন উপলক্ষে মানিকতলায় ইলা মিত্র এবং জ্যোতিবসু যে সভা করতে গিয়েছিলেন কংগ্রেসী গুণ্ডারা হামলা করে সে সভা হতে দেয় নি। কাছেই পলিশের ভ্যান ছিল কিন্তু পুলিশ কিছুই করেনি। ১০ তারিখে শম্ভু পদ নস্কর একজন ওয়াকার হাওড়ার এরূপ এক জায়গায় এরূপ ঘটে ছিল তাতে মালিকপক্ষ তার মাথা ফাটিয়ে দিলে সে পুলিশের কাছে গেলে পুলিশ উল্টে

তার বিরুদ্ধেই কেস করলো। এই হচ্ছে আমাদের পুলিশ এরূপ অসংখ্য উদাহরণ আছে। আজও পর্যন্ত বাংলা দেশে পুলিশ-এর রিপোর্ট-এর উপর বহু লোকের চাকরী যাচ্ছে। এখানকার এম. এল. এ. রাধানাথ চট্টোরাজ-এর ছেলের আগেই চাকরী গেছে এবার তার যে ছেলে মিলিটারীতে কাজ করতো যে কোন দিন পলিটিক্স করেনি তার চাকরী গেল যে হেতু তাঁর ছেলে বলে। আমার ভাইপো সে এয়ারফোর্সে একটা চাকরী পেয়েছিল চাকরী পাবার আগেই পুলিশ রিপোর্ট চাওয়া হয় কিন্তু যে হেতু সে আমার সঙ্গে দমদম সেণ্ট্রাল জেলে আমার সঙ্গে দেখা করেছিলো সেহেতু সে চাকরী পায়নি। সুবোধ সেন বলে একটা ছেলে তার ভাই সাধন সেন সে অশোক নগরে অরুণ বাবুর এলাকায় থাকেন সেহেতু তিনি অরুণ বাবুর বিরুদ্ধে ইলেকসন-এ কনটেষ্ট করেছিলেন বলে তার ভায়ের কি অবস্থা হয়েছে শুনুন। সে কমিউনিষ্ট পার্টির কেউ নয়। সে একজন ভাল ছেলে এগ্রিকালচারতে এম. এসসি ফাস্ট ক্লাস ফাস্ট ভারত সরকার যে কজন ছাত্রকে মস্কো পাঠাবে বলেছিল উচচ শিক্ষার জন্য সে পরীক্ষার সে ফাস্ট হয়েছিল কিন্তু পলিশ রিপোর্ট যখন দিল তাতে তার মস্কো যাওয়া বন্ধ হয়ে গেল এই ভাবে আপনারা একটা ছেলের ও তথা দেশের সর্বনাশ করলেন। পুলিশ-এর একাজের জন্য আমরা তীব্র প্রতিবাদ করছি। এই হচ্ছে আপনাদের পুলিশ এর রূপ। বাংলা দেশের প্রত্যেকটা লোককে জিজ্ঞাসা করলে জানতে পারবেন যে পুলিশের কাজ হচ্ছে গণতান্ত্রিক আন্দোলন দমন করা এবং সে কাজ পুলিশ ভাল ভাবে করছে। পুলিশ-এর আর একটা রূপ আছে সেটা হচ্ছে আমাদের সামনে কালীরূপ আর ওদের সামনে কৃষ্ণরূপ—অর্থাৎ আমাদের কাছে খড়্গ আর ওঁদের কাছে বাঁশী। দুর্গাপুর কংগ্রেসে কত হাজার পুলিশ গিয়েছিল।

[3-30—3-40 p.m.]

শুধু তাই নয়, আমি একটা উদাহরণ দেব যে এরা কি করে। ২২.১০.৬৪ তারিখে খড়্গপুরে ঐ শুকলাজীদের একটা অফিস আছে সাউথ ইস্টার্ন রেলওয়েমেনস কংগ্রেস, সেই অফিসে ৭২ টিন চোরাই তেল পাওয়া গেল। পুলিশ ধরল। শুক্লাজী সেখানে গিয়ে চা খেয়ে আসেন, সেই অফিসে ৭২ টিন চোরাই তেল পাওয়া গেল। পুলিশ কেস করতে গেল একজন অফিস বেয়ারারের বিরুদ্ধে, কারণ সেখানে সে বাস করত। অথচ কাউকে ধরল না, ওখানকার সেক্রেটারীকে ধরল না, প্রেসিডেণ্টকে ধরল না। কিন্তু যেহেতু একজনের কান ধরে টানলে সকলকে চলে আসতে হবে সেহেতু পুলিশ কেস করল না। তারপর, আমাদের মুখ্যমন্ত্রী রেজিস্ট্যান্স গ্রুপের কথা বললেন। স্যার, আমি জানি রেজিস্ট্যান্স গ্রুপে গ্রামাঞ্চলে অনেক ভাল ভাল লোক আছে, এতে সন্দেহ নেই। তাঁরা চোর ডাকাত ধরেছেন সন্দেহ নেই কিন্তু বহু রেজিস্ট্যান্স গ্রুপ আছে যার মধ্যে অতি নিকৃষ্ট জীব ঢুকে পুলিশের সাহায্য নিয়ে লোকের উপর অত্যাচার চালিয়ে যায়। আমি উদাহরণ দিতে পারি খড়্গপুরের রেজিস্ট্যান্স গ্রুপের নেতা বীরভদ্র রাও একজন বদমায়েস জঘন্য লোক, এটা আমাকে জিজ্ঞাসা করবেন না, পুলিসকে জিজ্ঞাসা করুন। কিন্তু তবুও স্যার যেহেতু কংগ্রেসী সাঙ্গাতদের সাথে একসঙ্গে ওঠা বসা করেন তাদের সঙ্গে এক গ্লাসের দস্তি সেজন্য তার বিরুদ্ধে কিছু করা গেল না। তারপর আমি আমার জেলার পুলিশের কথা বলব। স্যার, একটা কথা আছে—"ময়না পয়সা বিনা কথা কয় না"। আমাদের ওখানকার এস. পি., পি. এল. ধর, তাঁর সম্বন্ধে একটা খবর বেরিয়েছিল, ২৬।২।৬৫ তারিখে যুগান্তরের স্টাফ রিপোর্টার লিখছেন —পুলিশ অফিসার সম্পর্কে তদন্তের বাধা। এর স্যার অনেক গুণ, এমন কোন লোক নেই যিনি এঁর উপর অসন্তুষ্ট নন। এঁর গুণের ফলে বহু অনেস্ট ইয়ং লোক কাজ ছেড়ে পালাবেন বলে ভাবছেন। স্যার, এর কন্যার বিয়ে হল ২২।১।৬৪ তারিখে। রাজসূয় যজ্ঞ—কোন ও. সি. নিয়ে এসেছেন চাল, কেউ নিয়ে এসেছেন ডাল, কেউ তেল, কেউ মাংস, কেউ কাপড়, প্রত্যেক থানা থেকে তাঁর কালেকসান হয়েছে। তাঁর বাড়ীর এক পয়সা খরচ হয়নি। তিনি সম্রাট হয়ে বসে আছেন, যত সামন্ত, ভূস্বামী, জায়গীরদার, সব ভেট নিয়ে এসেছেন। স্যার, দেবেন ভট্টাচার্য বলে এক ভদ্রলোকের মাছ দেবার কথা ছিল। কিন্তু মাছ না দেবার ফলে তাঁর উপর আক্রোশ হলো। সেই আক্রোশের ফলে আজ পর্যন্ত দেবেন ভট্টাচার্য ৯ মাস হয়ে গেল ডিউটিতে জয়েন করতে পারেন নি। রাম মুখার্জী, ও. সি., খড়্গপুর, ভদ্রলোকের গোয়ার্তুমী ছিল তিনি এস. পি.'র কথা না শুনে ওয়াগন ব্রেকারদের ধরে ছিলেন যে ওয়াগন ব্রেকারদের সঙ্গে ওঁর বন্ধুত্ব আছে। ওয়াগন ব্রেকারদের রিপোর্টে ও. সি., রাম মখার্জী ওয়াজ ট্রান্সফার্ড এখন যিনি আছেন তিনি বহাল তবিয়তে আছেন, শ্রীননী ব্যানার্জী, তিনি একজন ভাল কালেক্টর, আমাদের

এস. পি. তাঁকে ভালবাসেন। যে ভাল কালেকসান করে তাঁর কাছে ভেট পাঠাতে পারে তাঁ তিনি ভালবাসেন। তারপর শিবেন বাবু ছিলেন লোকাল ও. সি., ২৪ ঘণ্টা নয়, ৬ ঘণ্টার নোটি অন টেলিফোন হি ওয়াজ ট্রান্সফার্ড। তাঁর জায়গায় আছেন বৈদ্যনাথ রায়, একজন মদ্যপ বদমাে লোক, তাঁর বিরুদ্ধে অনেক অভিযোগ আছে। শুধু তাই নয়, এই পি. এল. ধর, তিনি সরকা আইনকে ভঙ্গ করে তাঁর গাড়ী বিক্রি করেন সুরজপ্রসাদ আগরওয়ালার কাছে। সেই সুরজপ্রস আগরওয়ালার বিরুদ্ধে পুলিশ কেস করেছিল ব্ল্যাকমার্কেটিংও এ্যাডালটারেসান করার জন্য তাঁর কাছে এস. পি., পি. এল. ধর, তাঁর এ্যামব্যাসাডর গাড়ী ১২ হাজার টাকায় বিক্রি ক দিলেন। কি সম্পর্ক তাঁর সঙ্গে, না, ব্ল্যাকমার্কেটিং ব্যাপারে তাঁর সঙ্গে এস. পি.র যোগাসাজ আছে। শুধু তাই নয়, এই এস. পি.র হাতে কতকগুলি লোক আছে, তিনি শুধু একা কা করেন না। দুর্যোধনের যখন রাজসূয় যজ্ঞ হয়েছিল তখন যেমন ছোট ছোট রাজারা চেলা চামুণ্ডা তাকে সাহায্য করেছিলেন ঠিক তেমনি তাঁকে সাহায্য করার জন্য বসে আছে ডেপুটি এস পি., এন. কর্মকার, ওখানকার আর একজন ভদ্রলোক মিঃ দুবে, সেখানকার ইনস্পেক্টর। তাঁদে সঙ্গে তিনি দুর্নীতি চালাচ্ছেন এই কথা বলতে চাই।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় শুধু তাই নয়, আমাদের এই পুলিশের কি অপূর্ব কীর্তি। এ মাত্র আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় অনেকগুলি কথা বলে গেলেন। অনেকগুলি খবর দিয়ে গেলে এনফোর্সমেণ্ট নাকি অনেকগুলি কেস করেছে ৭২৯৪টি কেস করেছে কলকাতায়, এর মধ্যে ৬৬০০ জনের কনভিকসন হয়েছে। আমি জিজ্ঞাসা করবো তাকে যে এর মধ্যে কয়জন বড়লোক আছে কয়জন মুদিওয়ালা, চানাচুর ওয়ালা ও ছোট ছোট দোকানদারদের বিরুদ্ধে কেস করে আপনি বাহাদুরী নিচ্ছেন। কিন্তু বড়লোক রাঘববোয়াল কয়টিকে ধরেছেন এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ? খুব কমই ধরেছেন তবে এই এনফোর্সমেণ্টএর মধ্যেও ভাল লোক থাকতে পারে। কথায় বলে মরি হায়, কলকাতা কেবল ভুলে ভরা বুদ্ধিমানে চুরি করে, বোকায় পড়ে ধরা। স্যার, আমি একবার চোর ধরেছিলাম আমাদের সার্কেল অফিসার খড়্গপুর, তিনি ৫৬ হাজার টাকার মাটি চুরি করেছিলেন টেষ্ট রিলিফে টাকা চুরি করেছিলেন, কেস হয়। তারপর এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ ঠিক বলেছিলেন উল্টোআমাদে উপর পুলিশ মানহানির কেস করে দিয়েছিল। কাজেই পুলিশের বাহাদুরী করতে গিয়ে লাভ নাই ১৯৫৮ সালের যে কেস হয়েছিল, সেই কেসের আজও ফয়সালা হয়নি। ডাঃ রায় তখন বেঁচে ছিলেন।

আমি এর একটি কথা বলতে চাই—এই যে কম্যুনাল রায়টের কথা বলা হয়েছে, পুলিশের মধ্যে অনেকে ভাল ভাল কাজ করেছেন, তবে একথা কেনা জানে—যে গতবারে কমুন্যাল রায়টের সময় পুলিশের দিক থেকে প্রথম দিকে প্রত্যক্ষ ভাবে উস্কানি ছিল। তা না হলে এই কমুন্যাল রায়ট অনেক আগেই থামান যেত। প্রকাশ্যে আমাদের এস পি ঐ পি. এল. ধর খড়্গপুরের আমি আমার অভিজ্ঞতা থেকে বলছি, গতবছর এই কমুন্যাল রায়টের জন্য চেষ্টা করেছিলেন। কিন্তু খড়্গপুরের অন্যান্য পুলিশ অফিসার এবং সাধারণ মানুষ তাঁকে ব্যর্থ করেছিলেন।

এখন আমি একটা ঘটনার কথা বলতে চাই, মাত্র কয়েকদিন আগে পার্কসার্কাস এরিয়াতে পার্ক শো হাউসের সামনে মিষ্টার খারে বলে একজন নূতন লোক এসেছেন, তিনি বোধ হয় খৃষ্টান কিংবা অন্য কোন সম্প্রদায়ের হবেন। পাশে একটি কালীবাড়ী আছে; তার বাড়ী থেকে প্রায়ই সেখানে মাংস ফেলেন সেই মাংস ফেলার পর একটি টেনসন হয়েছিল। সেখানকার হিন্দু মুসলমান সমস্ত লোকমিলে খারের বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর কাছে, পুলিশের ডি. সি.'র কাছে চিঠি লিখেছেন। তবুও ওখানকার পুলিশ সেখানকার মানুষকে ধমকাচ্ছেন—তোমরাই দোষী। এই ভাবে তাদের শাসন করছে। তার বিরুদ্ধে কিছু করতে গেলে পরে সেখানকার বেনিয়াপুকুর থানার যে পুলিশ, সে তার এ্যাকসান নিচ্ছে না।

শেষ কথা বলি স্যার, পুলিশের এই গুণগান করে লাভ নাই, পুলিশের যে মূল ফাংসান, সেই ফাংসান আজও বিদ্যমান—ধনিক শ্রেণীর স্বার্থ রক্ষা করাই তাদের মূল স্বার্থ। অতএব আমাদের পুলিশ মন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন যতই পুলিশের গুণগান করুন না কেন তাতে আমরা শুনবো না আমরা জানি এই বাহিনীর কাজ কী। বাহিনীর কথা অমৃত সমান বলে তিনি আমাদের কিছু পুণ অর্জন করাতে পারবেন না, ও পুণ তিনি একাই অর্জন করুন। আমি এই পুলিশ বাজেটে বিরোধিতা নিশ্চয়ই করবো।

[3-40—3-50 p.m.]

Shri Ananda Gopal Mukhopadhya :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী পুলিশের ব্যয় খাতে বরাদ্দের জন্য যে দাবী এখানে উথাপন করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। এই সমর্থন জানাতে গিয়ে এই বিরাট বিভাগের কায সম্বন্ধে আমি কোন আলোচনা করব না, আমি অন্য কয়েকটি বিষয়ের মধ্যে আমার আলোচনা সীমাবদ্ধ রাখব। মুখ্যমন্ত্রী মহাশয় এই সভার সামনে প্রথমে বলেছেন যে গত বছরের তুলনায় এ বছর আমি বেশী টাকা চাই নি। দেড়কোটির মত বেশী চাওয়া হয়েছে এবং কি কি কারণে এই ব্যয় হতে পারে তার উধৃতি বাজেটে আছে। আমরা যদি সেগুলি অনুধাবন করি তাহলে দেখব এই বেশী বরাদ্দ ভেবেই করা হয়েছে এবং তার প্রত্যেকটি ন্যায্য। আভ্যন্তরি শান্তি রক্ষা করবার জন্য পুলিশ ব্যাটেলিয়ান বাড়ান হয়েছে বলে ব্যয় বৃদ্ধি হয়েছে, যানবাহন ব্যবস্থাকে আরও উন্নততর করবার জন্য ব্যয় বৃদ্ধি হয়েছে, ডিয়ারনেস এ্যালাউন্স খাতে ব্যয় বৃদ্ধি হয়েছে এবং আরও কয়েকটা খাতে সামান্য সামান্য ব্যয় বৃদ্ধি হয়েছে। স্যার, আমরা যদি শিক্ষা খাতের সঙ্গে তুলনামূলকভাবে দেখি তাহলে দেখব ১৯৪৮ সালে যেখানে শিক্ষা খাতে ১৫ গুণ ব্যয় বৃদ্ধি হয়েছে সেখানে পুলিশের খাতে মাত্র সাড়ে তিন গুণ ব্যয় বৃদ্ধি হয়েছে। ১৯৪৮ সালের তুলনায় জনসংখ্যা যেভাবে বৃদ্ধি হয়েছে তাতে হিসেব করলে দেখব এই ব্যয় বৃদ্ধি বর্তমানের সামগ্রিক ব্যয়ের আনুপাতিক তুলনায় বৃদ্ধি হয়নি। স্যার সরকারের দায়িত্ব কোন দিকে ন্যাস্ত থাকা উচিত তার মধ্যেই আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। যাদের হাতে সরকার থাকে তাঁদের প্রাথমিক কতব্য হচেছ দেশের শান্তি শৃঙখলা বজায় রাখা যাতে মানুষ শান্তিতে দেশের মধ্যে বসবাস করতে পারে। আমাদের দেশ বর্তমানে যখন জরুরী অবস্থার মধ্য দিয়ে যাচেছ তখন দেশের আভ্যন্তরিত শান্তি বজায় রাখা যেমন একান্ত ভাবে প্রয়োজন ঠিক তেমনি দেশের সীমান্তে যে প্রহরা আছে তাদেরও অত্যন্ত সজাগ হয়ে থাকার প্রয়োজন আছে বলে আমি মনে করি। বাংলাদেশের যে বিরাট সীমান্ত—অর্থাৎ ১৩৪৯ মাইল ব্যাপি যে সীমান্ত তার কথা অনেকে এখানে উল্লেখ করেছেন। সীমান্ত জেলা থেকে যে সমস্ত প্রতিনিধিরা এই বিধানসভায় এসেছেন তাঁরা জানেন পাকিস্তানের সঙ্গে কোন বিশেষ সীমারেখা না রেখেই আমাদের সীমান্তগুলি বর্তমান এবং জায়গাগুলি অত্যন্ত দুর্গম। আমাদের ব্যাটেলিয়ান কত আছে সেই তথ্য পরিবেশন করার ইচছা আমার নেই এবং উচিতও হবে না। যে তথ্য আমি বলতে পারি সেটা হচেছ সীমান্তের যে হিসেব পাই তাতে দেখতে পাচিছ ২৩০টি বডার আউট পোস্ট আমাদের আছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৩৪৯ মাইল বডারে যদি ২৩০টি বর্ডার আউট পোস্ট থাকে তাহলে ৫ পয়েণ্ট ৯ মাইলে একটা করে বর্ডার আউট পোস্ট পড়ছে। আমি মনে করি এই দূরত্ব অত্যন্ত বেশী হয়েছে এবং সেদিক থেকে একে কমিয়ে ২ থেকে ৩ মাইলের মধ্যে একটা করে বর্ডার আউট পোস্ট করা হোক। আমাদের দেশের স্বাধীনতা রক্ষা করা যখন একান্ত প্রয়োজন তখন পাকিস্তানের সীমান্তে আমাদের যে বর্ডার আউট পোস্ট আছে তাকে শক্তিশালী করবার জন্য প্রথমে আমি বলব বর্ডার আউট পোস্ট বাড়ান হোক এবং দ্বিতীয়তঃ বলব বর্তমানে কি অবস্থা আছে। কিছুদিন আগে পর্যন্ত আমরা দেখেছি প্রত্যেক জেলায় অধীনে এই বর্ডারগুলি ছিল এবং জেলার পুলিশ বিভাগ এই বর্ডারগুলির শান্তি এবং সীমান্ত রক্ষার দায়িত্ব গ্রহণ করেছিল। কিন্তু কিছুদিন আগে নূতন করে ওয়েস্ট বেঙ্গল রাইফেলস গঠন করে এই সীমান্তের দায়িত্ব তাদের উপর দেওয়া হয়েছে এবং আমরা যে তথ্য পাই তাতে দেখি এই ২৩০টি বর্ডার আউট পোস্টএর মধ্যে শতকরা ৭৫ ভাগ বর্ডার আউট পোস্ট-এ রেডিও টেলিফোন কমিউনিকেসন হয়েছে। আমি সরকারের কাছে সবিনয়ে নিবেদন করতে চাই আরও অর্থ যদি প্রয়োজন হয় তাহলে এই বিধানসভার সদস্যেরা যাঁদের দেশের মানুষের প্রতি দরদ আছে, যাঁরা দেশের স্বাধীনতাকে রক্ষা করতে চান তাঁরা সেই টাকা দিতে কুণ্ঠিত হবেন না।

এই ২০৩টি আউটপোস্টএ রেডিও টেলিফোন কমিউনিকেশন লাগান হোক। এবং প্রত্যেক বর্ডার পোস্টকে পরস্পরের সঙ্গে রাস্তা দ্বারা যুক্ত করা হোক। বর্ডার পোস্টের যে রাস্তা সে সবগুলি জীপেবল নয়, কোন কোন জায়গায় গাড়ী যাবার ব্যবস্থাও নেই, সেই সমস্ত তথ্য পরিবেশন করে আমি এখানে খবর দিয়ে সাহায্য করতে চাই না। কিন্তু আমি বিধান সভায় এটা জোর

করে বলতে চাই যে আজকে সীমান্তকে শক্তিশালী করার জন্য একান্ত প্রয়োজন হয়ে পড়েছে। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে দেখতে পাচ্ছি ওয়েস্ট বেঙ্গল রাইফেলস অত্যন্ত প্রশংসনীয় কাজ করে চলেছে, তারা গত দু বছর ধরে সীমান্তের দায়িত্ব গ্রহণ করে সীমান্তের মানুষের মনে আস্থা ফিরিয়ে আনতে সক্ষম হয়েছে। কোন কোন জায়গায় যদিও এখন পর্যন্ত সীমান্ত বিরোধ ঘটছে ছোট এবং বড় বিরোধ ঘটে যাচ্ছে, কিন্তু মানুষের মনে যে একটা অনিশ্চয়তার ভাবছিল সে অনিশ্চয়তার ভাব তারা কাটিয়ে দিতে সম্ভবপর করে তুলেছে। আমি হিসাব দেখছিলাম ১৯৬৩ সালে যে জওয়ানরা বর্ডার আউটপোস্টে নিযুক্ত ছিল তাদের সাহসে ১৬২১ বিঘা জমি যে জমিতে মানুষ সাহস করে চাষ করতে যেত না, পৈতৃক জমি পড়ে থাকত, সে জমি হাসিল হয়েছে, ১৯৬৪ সালে ৩১৭৬ বিঘা জমি নূতন করে আবার হাসিল করেছে এবং চাষ করছে যে জমি পড়ে থাকত এবং অনাবদী থেকে যেত। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এছাড়া আরও কয়েকটি অঞ্চলে বিশেষ করে ওয়েষ্ট দিনাজপুরে এবং মালদাতে এবং কুচবিহার অঞ্চলের কয়েকটি জায়গায় নূতন করে ঘুরিয়ে এনে চাষীর হাতে চাষ করার উপযোগী করে তুলে দিতে পেরেছে। আমি আর একটা তথ্য আপনার সামনে তুলে ধরতে চাই সীমান্তে আর একটা বড় সমস্যা হল—স্মাগলারদের কাজ রোধ করা। এটা অত্যন্ত দুরুহ কাজ। সীমান্তে দুই দিকের মানুষ অত্যন্ত বন্ধুভাবাপন্ন, এই কাজ বন্ধ হয়েছে একথা বলতে চাই না কিন্তু এই কাজকে অত্যন্ত শক্ত হাতে বন্ধ করতে এগিয়ে চলেছে। তার ফলস্বরূপ স্মাগলিং বিশেষ করে জুট, পাউডার মিল্ক, কেরোসিন, ব্ল্যাক পেপার, কোকো অয়েল এবং বিভিন্ন সামগ্রী যা স্মাগল্ড হয় ১৯৬৩–৬৪ সালের হিসাব দেখলে দেখতে পাবেন ১৯৬৩ সালে ৮৭৯১ জনকে তাদের গ্রেপ্তার করা সম্ভব হয়েছে। এবং যে মাল তারা আটক করেছে তার মূল্য হচ্ছে ৪ লক্ষ ৫১ হাজার ৭২৮ টাকা। ১৯৬৫ সালে ৪৯১৮ জনকে তারা আটক করেছে এবং তার মূল্য হচ্ছে ১৬ লক্ষ ৯ হাজার ৬৫৭ টাকা। একথা আমি বলতে চাই এজন্য যে একটা অদ্ভুত ব্যবস্থা সেখানে গৃহীত হয়েছে। বর্তমানে যে ব্যবস্থা ছিল তাতে সীমান্ত অঞ্চলের ব্যাপার জেলা পুলিশ বিভাগের হাতে দেওয়া ছিল কিন্তু নূতন করে সেখানে ওয়েস্ট বেঙ্গল রাইফেল বাহিনী গঠন করে শৃঙখলাবদ্ধভাবে সীমান্তের মানুষের মনে আস্থা ফিরিয়ে আনার কাজে তারা নিযুক্ত হয়েছে এবং এই কাজে সাহায্য করছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বিধান সভায় পশ্চিম বাংলার মানুষ হিসাবে এটা বলা কর্তব্য মনে করি যে সীমান্ত-এর পারে দুর্গম স্থানে যারা এই কাজ করছে যারা সীমান্ত রক্ষা করছে তাদের আন্তরিক সমর্থন জানাচ্ছি।

[3-50—4-10 p.m.]

তাদের টাকার যে প্রয়োজন তা দিতে বিধানসভা কুণ্ঠা বোধ করবে না এবং তার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের বিধান সভায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী মহাশয় এই কথা বলবেন আজকে দেশের আভ্যন্তরিক শান্তি রক্ষার জন্য পুলিশ বাহিনীর জন্য তিনি যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। আপনি জানেন দেশের জরুরী অবস্থায় এই মধ্যে আজ দেশের প্রতিক্রিয়াশীল মানুষ আছে চীন পন্থী বলে যাদের আমরা বলি তারা আজকে কী করে চলেছে? দেশের স্বাধীনতা বিপন্ন করবার জন্য দেশের মানুষকে উৎক্ষিপ্ত করছে। সুযোগ পেলে। দেশের মধ্যে যারা অসামাজিক মানুষ আছে এণ্টিসোসাল এলিমেণ্ট তারা শুদ্ধু আজকে মাথা তোলবার চেষ্টা করছে। পশ্চিমবঙ্গ সরকার অনমনীয় মনোভাব নিয়েছেন একদিকে মুনফাখোর বড় বড় ব্যবসায়ী যারা যখনই অসামাজিক কাজে লিপ্ত হচ্ছে তাদের যেমন কঠোর হস্তে দমন করা হচ্ছে আর একদিকে দেশদ্রোহী চীনপন্থী দেশের স্বাধীনতাকে বিপন্ন করবার জন্য তারা দেশের মধ্যে উত্তেজনা সৃষ্টি করছে তাদের কে জব্দ করবার জন্য চেষ্টা করছে এদিকে সম্পূর্ণভাবে পুলিশ বাজেটকে সমর্থন জানাচ্ছি। কারণ ভারত আজ পরাধীন থেকে স্বাধীন হয়েছে। এই স্বাধীনতা রক্ষা করার জন্য মানুষের কল্যাণের জন্য গণতন্ত্রের প্রতিষ্ঠার জন্য প্রয়োজন দেশকে সুখী এবং সমৃদ্ধ করার জন্য এই কাজে যারা বাধা সৃষ্টি করছে এই কাজে যারা অন্তরায় হচ্ছে তাদের হাত থেকে দেশকে রক্ষা করার জন্য আমাদের একান্ত প্রয়োজন এই দাবী। এই বলে [illegible] আন্তরিকতার সঙ্গে সমর্থন জানিয়ে আমি বিদায় নিচ্ছি

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[4-10—4-20 p.m.]

Shri Nikhil Das :

মাননীয় ডেপুটি স্পীকর মহাশয় পুলিশ খাতে ব্যয় বরাদ্দ পেশ করতে গিয়ে আমাদের পুলিশ মন্ত্রী কয়েকটা কথা বলেছেন। প্রথমে তিনি পুলিশ বিভাগে বিভিন্ন যে দপ্তর রয়েছে তার উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। কিন্তু সেই প্রশংসা থেকে দু'টি নিরীহজীব বাদ গেছে। তাদের যে কেন প্রশংসা করলেন না আমি তা বুঝতে পারলাম না। তারা হচ্ছে 'লকি' ও 'মিত্রা' বলে যে দুটি কুকুর আছে যাদের বাইরে থেকে আনানো হয়েছে তাদের সম্পর্কে প্রশংসা থাকবে বলে আশা করেছিলাম। তারা যে ধরণের প্রশংসা কাজ করেছে সমস্ত পুলিশ বিভাগ সেই ধরণের কাজ করেছেন। তিনি বলেছেন যে এবছর এর বরাদ্দ ১ কোটি ৪১ লক্ষ টাকা উনি বাড়তি চেয়েছেন। এটা একটা অসত্য কথা কারণ গত বছরের বরাদ্দ যদি দেখি তাহলে দেখব গত বারে উনি ১১ কোটি ১৯ লক্ষ টাকা পেশ করে ছিলেন। তারপর সংশোধিত বরাদ্দে হল ১৪ কোটি ৮৬ লক্ষ টাকা অর্থাৎ গত বছরের ব্যয় বরাদ্দের চেয়ে এবারে প্রায় ৪ কোটি টাকা মত বেশী পেয়েছেন। এবং সংশোধিত ব্যয় বরাদ্দ যেটা ২ কোটি ২৫ লক্ষ টাকা সেটা বেমালুম উনি চেপে গেছেন। সেটা হচ্ছে পুলিশ খাতে ৬ মাস বা আট মাসের মধ্যে বাড়তি খরচ হয়েছে সেকথাটা উনি আমাদের জানান নি। উনি বলেছেন কেন বাড়তি খরচ হয়েছে? আমাদের বর্ডার এরিয়া ১৩৪৯ মাইল তাকে পাহারা দিতে হয়েছে। আনন্দবাবু শুনিয়েছেন সেখানে ২৩০টি আউট পোস্ট আছে। সেই আউট পোস্ট দিয়ে স্মাগলিং করা হয় না। সেই আউট পোস্টগুলি হচ্ছে স্মাগলারদের হেড অফিস এই স্মাগলাররা ঐ আউট পোস্ট গুলিতে বসে ঐ পারের লোক এপারে আসে আলাপ আলোচনা করে স্মাগলিং করে। শুনে অবাক হয়ে যাবেন ওপার থেকে এপারে দু' টাকা বা চার টাকা দিলেই পাশপোর্ট ছাড়া লোক গুলোকে এপার থেকে ওপার যাতায়াত করতে দেওয়া হয় তাই আউট পোস্ট আর বর্ডারএর যে ব্যবস্থা সেটা দুর্নীতিতে ভরা। ওরা বলেন আমরা এত লক্ষ টাকার জিনিস ধরেছি। এই ব্যাপারটা বলি শুনুন একেবারে ঠিক ঠাক কর চার গাড়ী মাল আনল ওপার থেকে ওকে বলা হল দেখ বাবা চার লরী মাল নিয়ে যাচ্ছে কিছু যদি না ধরি তা'হলে আমাদের চাকুরী থাকবে না। তাই হয়তো কোন একটা ফাকা লরীতে দুচার মণ ধরা হল সেটা ফলাও করে কাগজে ছাপানো হল। সীমান্তের যে কেলেঙ্কারী এবং সীমান্ত পুলিশ বাহিনীর যে কেলেঙ্কারী সমস্ত লোক তা জানে বর্ডারএ গেলে আপনি তা দেখতে পাবেন। ২নং আমি শুনলাম এই টাকা বাড়িয়েছেন কোলকাতা শহরে শান্তি শৃঙখলা রাখতে কোথায় সেটা শ্রমিকরা যখন ন্যায্য-2 পাওনা আদায় করতে যায় তখন মেরে পিটে শান্তি বজায় রাখেন, সাধারণ মানুষ যখন খাদ্য আন্দোলন করে খাদ্যের দাবীতে যখন রাস্তায় নামেন তখন তাদের পিটিয়ে শান্তি. রক্ষা করেন। স্কুল বা কলেজের ছাত্ররা তাদের দাবী নিয়ে যখন রাস্তায় নামে তখন তাদের পিটিয়ে আমাদের এই আভ্যন্তরীণ শান্তি রক্ষা করার? দুষ্কৃতকারীরা যারা অন্যায় কাজ করে সমাজবিরোধী যারা এদের কিন্তু এরা দমন করতে পাবেন না একটা উদাহরণ দিই আজকের যুগান্তরে দেখবেন ২২৬এর এ বাগমারী রোডএ মানিক তলা থানা থেকে আধ মাইলের মধ্যে শনিবার বেলা ১২টার সময় গুণ্ডাবাহিনীর ২০।২৫ জন মিলে এসিড এর যে দুটো কারখানা ছিল তাকে ভেঙ্গে তছনছ করে দেওয়া হল। স্থানীয় লোক মানিক তলা থানায় ফোন করলেন। থানা থেকে কেউ নড়লেন চড়লেন না। পরে লালবাজার ফোন করায় সেখান থেকে গাড়ী গেল। যাদের কারখানা তারা যখন থানায় ডায়েরি করতে গেলেন সেই ডায়রি নেওয়া হল না। কারণ কি? কারণ হচ্ছে যে এটা সদাচার সমিতিকে মাণিকতলা থানার পুলিশ অফিসার যাঁরা তাদের বিরুদ্ধে ঐ ভদ্রলোকেরা একটা আবেদন রেখে ছিলেন। এই জন্য কারখানাটা লোপাট হয়ে চলে গেল অর্থাৎ এই টাই প্রমাণ হচ্ছে ঐ গুণ্ডাদের সাথে থানার বাবুদের এমন যোগ সাজস রয়েছে যে থানার বিরুদ্ধে যদি কোনকথা বলতে যান তাহলে ওরা আপনার ইজ্জত, মান, সম্পত্তি কিছুই রাখবে না। এই ধরণের ব্যাপার কলকাতা শহরে চলেছে। এই ধরণের অবস্থা কলকাতায় এবং পশ্চিম বাংলায়। মুখ্যমন্ত্রী পুলিশ মন্ত্রীরূপে কিছু ফিরিস্তি দিয়েছেন যে এত চুরি ধরেছি এত ডাকাতি ধরেছি, এত ভাল ভাল কাজ করেছি, ইংরাজ আমলে পুলিশ ছিল

তারা চুরি ডাকাতি ধরতো, খুনী ধরতো তাদের আমলে চোর ডাকাতদের শাস্তি হতো, ইংরাজ আম এদের বিরুদ্ধে আমরা গিয়েছিলাম কারণ ইংরাজ আমলে পুলিশ পরাধীনতা রক্ষা করবার জ নিয়োগ হত, শোষণ রক্ষা করার জন্য নিয়োগ হত। আজকের দিনে যদি দেখেন তাহলে দেখবে ইংরাজ আমলে পুলিশ যেভাবে দেখতে পারতো কংগ্রেস আমলে সে ভাবে দেখতে পারি ি ইংরাজ আমলে পুলিশ যেভাবে পরাধীনতার রক্ষার ব্যাপারে সাধারণ মানুষের উপর অত্যাচ করতো স্বাধীন আমলে পুলিশ তার চেয়ে জঘন্য কাজ করছে। বিভিন্ন কারখানায় শ্রমিকরা য মালিকের বিরুদ্ধে দাঁড়িয়ে গণতান্ত্রিক আন্দোলন করে, খাদ্য আন্দোলন করে তখন ইংরা আমলে পুলিশ যেভাবে লাঠি চালাতো ঠিক এখনও তাই চলছে। এই চরিত্র ইংরাজ আমলে যে ছিল এখনও ঠিক সেরকমই আছে। ইংরাজ আমলে যেমন পুলিশকে দেখলে ভয় হত এখন ঠিক তাই হচ্ছে। দুর্নীতির কথা বলেছেন এঁরা সব ধোয়া তুলসিপাতা, শান্তারাম কমিটির রিপো আপনারা দেখেছেন, সেই শান্তারাম কমিটির রিপোর্টে স্বীকার করা হয়েছে যে আমাদের সরকারে বিভিন্ন দপ্তরে দুর্নীতি শেকড় গেড়ে বসেছে এবং সবচেয়ে বেশী হচ্ছে পুলিশ রিপোর্ট এ আজকে আমাদের একটা বই দেওয়া হয়েছে—দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম। আমাদের প্রফু বাবুর পুলিশ দপ্তর যদি এত ভাল হবে তাহলে দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য পুস্ত ছাপান হয়েছে কেন এবং এই বইতে কেন স্বীকার করা হয়েছে যে সরকারের প্রতিটা দপ্তে দুর্নীতি ঢুকেছে যার জন্য জনসাধারণ এর সহযোগিতা এবিষয়ে দরকার। আমাদের পি. কে সেন কলকাতা সহরের পুলিশএর মাথার মণি। এই পি. কে. সেনকে কি ভাবে অন্যায় ভা কলকাতা পুলিশএর মাথায় বসান হয়েছে সেটা আপনারা নিশ্চয়ই জানেন। পি. কে. সে একটা চমৎকার ব্যবস্থা কলকাতা শহরের বুকে স্থাপন করতে যাচ্ছেন। আপনারা জানে তিনি ২নং কিড ষ্ট্রীট, যে বাড়ী সেটা দখল করে থাকবার চেষ্টা করেছিলেন কিন্তু সেখানে যেতে পারলেন না বলে মনক্ষুণ্ন তারপর ২নং লাউডান ষ্ট্রীট যে বাড়ীতে তিনি আছেন বাড়ীতে ৩০ হাজার টাকা খরচ করে একটা প্রাসাদ তৈরী করা হয়েছে। এই যে ৩০ হাজা টাকা সরকারী দপ্তর থেকে গেল এজন্য সরকার থেকে কোন অনুমোদন নেওয়ার প্রয়োজ বোধ করেন নি এবং কোন টেণ্ডার ও ডাকা হল না যে এই বাড়ীতে ৩০ হাজার কি ২২ হাজা লাগবে, অর্থাৎ নিজের খেয়াল খুসীমত এই টাকা খরচ করা হল। জনসাধারণের টাকা। অথা দুর্নীতির এক নায়কত্ব পুলিশ দপ্তরের কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা একটা উদাহরণ, পার্ক ষ্ট্রী এলাকায় অনেক সুন্দর সুন্দর রেষ্টুরেণ্ট গড়ে উঠেছে এবং ঐ সং রেষ্টুরেণ্টের অধীনে বা লাইসেন্স তারা পেয়েছে। আপনি শুনলে অবাক হবেন মুলারোজ বলে একটা রেষ্টুরেণ্ট আছে সেই রেষ্টুরেণ্ট থেকে বিনা পয়সায় পি. কে. সেনের জন্ম দিনে খাওয়ার এবং পান করার জিনি দেওয়া হয়েছে। আপনি শুনলে অবাক হবেন আমাদের এস. এম. ঘোষ যখন পুলিশ কমিশনা থেকে সরে গেলেন এবং তিনি যখন এসে বসলেন এবং তিনি যখন পামানেণ্ট হলেন তখন তা বাড়ীতে যে পার্টি হল সেই পার্টিতে ঐ মুলারোজ থেকে বিনা পয়সায় খাওয়া এবং পান সরবরা করা হয়েছিল যার জন্য একে একটা বার লাইসেন্স দেওয়া হয়েছে। রবিবার সেখানে ১০টা পর বন্ধ হওয়া দরকার সেখানে অনেক রাত পর্যন্ত খোলা থাকে। এভাবে অবিচার এবং অনাচা চলছে।

[4-20—4-30 p.m.]

আপনি জানেন চিনি ডাল ইত্যাদির বিষয় এগুলি বরাবরই রেশনে পারমিটএ দেওয়া হয়, কিন্ত এগুলিকে বানচাল করার ব্যাপারে যেমন টন টন চিনি টন টন চাল, এদিক থেকে ওদিকে দেবার ব্যবস্থা করেছেন ঠিক তেমনি টন টন টাকা বাড়ীতে গিয়ে যে উঠেছে এটা প্রতিটা লোক জানে একটা কথা বলেছেন ওঁরা স্মাগলিং এ কত জিনিষ ধরেছেন। কিন্তু মুখ্য মন্ত্রী একটা কথা বলেন নি যে পুলিশ অফিসারদের ব্যক্তিগত সম্বন্ধ কতটা আছে। যারা ১৫০, ২০০, ২৫০, বা ৪০০ কি ৫০০ টাকা মাহিনা পায় তারা কি করে ২।৩ তালা বাড়ী বা গাড়ী করতে পারে। একজন থানা পুলিশ অফিসার এর পক্ষে সম্ভব কিনা সেটা কি আপনারা দেখেছেন। দুর্নীতি এই সরকারের আগা থেকে গোড়া পর্যন্ত। পুলিশ খাতে যে ব্যয় বরাদ্দ রেখেছেন তার বিরোধীতা করতে গিয়ে যে কথা বলতে চাই তা হচ্ছে এই যে পুলিশ বিভাগ ঠিক ভাবে শান্তি শৃঙলা বজায় রাখে তাতে কারো আপত্তি নেই বা আমাদেরও আপত্তি হয় না। কিন্তু প্রত্যেকটা

থানায় যাবেন, মফঃস্বলের থানায় যাবেন দেখবেন তাহল কংগ্রেস অফিস, কলকাতার থানা গুলিও কংগ্রেস অফিস, কংগ্রেসের কর্তারা ঐ থানায় গিয়ে বসে থাকেন এবং যাদের উপর প্রতিহিংসা নিতে হবে তাদের নাম লিখিয়ে গ্রেপ্তার করবার ব্যবস্থা করেন। এখন ভারত রক্ষা আইন একটা হাতিয়ার পেয়েছেন এবং সেটাকে তাঁরা ব্যবহার করছেন। দুর্গাপুর কংগ্রেসে কেউ যদি ২ হাজার টাকা চাঁদা দেন তাহলে তার উপর থেকে কেস তুলে নেওয়া হয়, কিন্তু কোন পুলিশ অফিসার যদি তাদের কথা না শোনে তাহলে তাকে গণ্ডগ্রামে ট্রান্সফার হয়ে যেতে হয়, এই ভাবে থানা গুলি আজকে কংগ্রেস অফিসএ পরিণত হয়েছে। আপনি জানেন। কালকাটা কর্পোরেশনএর নির্বাচন আর ১২।১৩ দিন পরে হবে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে ক্যালকাটা কর্পোরেশনএর নির্বাচনে কি ভাবে পুলিশকে ব্যবহার করা হচ্ছে তার কথা বলবো। গণতন্ত্রে এই কথা বলা হয় শান্তিপূর্ণ ভাবে নির্বাচনের কথা বলা হয় এবং এসব কথা আমরা ওদিকে থেকে শুনি। আপনি শুনলে অবাক হবেন, গুণ্ডা বাহিনীর সঙ্গে থানাগুলির যোগসাজসএ কি ভাবে গণতন্ত্রকে হত্যা করার চেষ্টা চলছে, রাজনৈতিক দলের স্বেচ্ছা সেবকদের পুলিশের সামনে আক্রমণ করে এই কথা সকলেই জানে আমরা যদি বাধা দিই তাহলে আমাদের স্বেচ্ছা সেবকরা গ্রেপ্তার হয়েছে। এই রকম ধরণের অবস্থা কলকাতা করপোরেশনের নিবাচনে চলছে। আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে অত্যাচার করে উৎপীড়ণ করে জনমত দাবানো যায় না, অত্যাচার করে বহুদিন শাসন করা চলে না, অত্যাচার করে সাময়িক ভাবে মানুষকে স্তব্ধ করা যায় কিন্তু দেশের মানুষের মানবিকতা আছে। মনুষ্যত্ব আছে তার ফলে তারা এই অত্যাচারের বিরুদ্ধে শাসনের বিরুদ্ধে শোষনের বিরুদ্ধে উঠে দাঁড়াবে। পুলিশের জুলুমের মাধ্যমে যে রাজ কায়েম রাখতে ইংরাজ পারে নি আপনারাও তা পারবেন না, তাই আমি এই পুলিশএর ব্যয় বরাদ্দ বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Shri Nepal Chandra Roy :

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি বিরোধী দলের বক্তব্য মন দিয়ে শুনলাম। পুলিশ বাজেট এখানে পেশ করা হয়েছে, আমি তাকে সমর্থন করে দু'একটা কথা আপনার মাধ্যমে রাখতে চাই। প্রথমেই আমি বলব যে পুলিশের কতগুলি স্তরের লোকের উপর অবিচার করা হচ্ছে। ধরুন, যারা নায়েক হয় তারা কনস্টবল থেকে নায়েকে প্রোমোসান পায়। নায়েকের মাইনে হচ্ছে ১২৭।। টাকা। নায়েক থেকে যখন নাকি প্রোমোসান পাচ্ছে হাবিলদারে তখন তার মাইনে হচ্ছে ১১০ টাকা, অর্থাৎ তার মাইনে ১৭।। টাকা কমে গেল। এটার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। প্রোমোসান হলে মাইনে কমে যায় ভারতবর্ষের কোন জায়গায় এই নিয়ম নেই। সেজন্য এটার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আর একটা কথা সরকারের নজরে রাখছি সেটা হচ্ছে কলকাতায় বহু গাড়ী চুরি হয়। বাংলাদেশ থেকে বা কলকাতা থেকে গাড়ী চুরি করে ভারতবর্ষের যে কোন জায়গায় নিয়ে যাক সেগুলি পুলিশ ধরতে পারে এবং বহু জায়গায় পুলিশ ধরেছে। কিন্তু চোরেদের মজা হচ্ছে গাড়ীটা চুরি করে নেপালে নিয়ে চলে যায়। নেপাল দেশে যখন নিয়ে যায় পুলিশ জানে গাড়ীটা নেপালে অমুক জায়গায় রয়েছে, কিন্তু সরকারী নিয়ম কানুনের বাধার জন্য গাড়ীগুলি উদ্ধার করা যায় না। আমার মনে হয় পশ্চিমবঙ্গ সরকারের ভারত সরকারকে লেখা দরকার যাতে গাড়ীগুলি নেপাল থেকে উদ্ধার করা যায়। বিদেশী রাষ্ট্রের সঙ্গে যে সম্পর্ক সেই সম্পর্ক অনুযায়ী যদি আমরা গাড়ীগুলি উদ্ধার করি তাহলে দেশের লোক অনেক উপকৃত হবে। স্যার, আমাদের চৌবে সাহেব বক্তৃতার মাধ্যমে বলেছেন কবে আমার গুণ্ডা বাহিনীর লোকেরা নাকি তাদের প্রসেসানের উপর হামলা করেছে। স্যার, একবার ভেবে দেখুন এরা কেরালার বিজয় উৎসব করে যাচ্ছে, কথায় বলবে ৫০ হাজার লোক যাচ্ছে, ৫০ হাজার না হয়ে যদি ৫ হাজার লোক'ও থাকে তাদের উপর, আমার লোকেরা নাকি আগে থেকে তৈরি হয়ে ছিল, হামলা করেছে। আমার লোকের মাথায় লাঠি মারল, তারা ষ্ট্রীট কর্ণার করছিল। ওরা বলল এই তোরা ষ্ট্রীট কর্ণার করছিস, তোরা কংগ্রেসের দালাল। তাদের মারল আগে। যদি আমার লোকেদের আগে মেরে আর আমার লোকেরা যদি তার আগে জবাব দেয় তাহলে এই কাপুরুষের দল তো ৫ লক্ষ ছিল, আমার লোক তো ছিল মোটে ১০ জন, লেজ তুলে পালিয়ে গেল কেন? বাপের বেটা হত লড়াই হতো সেখানে, দেখতে পেতাম, মজাই তো হত। সেই বুমেরাঙের কথা মনে পড়ে—এমন অস্ত্র আছে যেটা মারলে ঘুরে এসে আবার নিজের গায়ে লাগে। এরা এই গুণ্ডাদের নিয়ে এতদিন

খেলেছে। এরা বিভিন্ন জায়গা কংগ্রেসের মিটিং ভেঙেছে, এরা বিভিন্ন বক্তাদের কংগ্রে নেতাদের অপমান করেছে। আজকে সেই লোকেরাই এই সমস্ত যারা নাকি দেশের মানুষ বিপথে পরিচালিত করছে তাদের উপযুক্ত জবাব দিচ্ছে। নারকেলডাঙ্গাতে এদের নে মিটিং করতে গিয়েছিল, লোকে মিটিং করতে দেয়নি। কে লোকে এদের মিটিং কর দেবে? কারণ, গণতন্ত্রের প্রথম থেকে যখন প্রথম নির্বাচন সুরু হয়েছে তখন থেকে এ মিথ্যা কথা মানুষকে বলতে সুরু করেছে এবং আজো সেই মিথ্যা কথা বলছে। দে মানুষ আর বোকা নেই, দেশের মানুষ আজকে বুঝতে পারছে যে কারা সত্য কথা বলে স্যার, আমরা কাজ করতে গিয়ে অনেকে হয়ত ভুল কাজ করি দেশের মানুষের সাম আমরা তুলে ধরি যে ভাই আমরা কাজ করতে গিয়েছিলাম কিন্তু আমরা পারিনি। কিন্তু এরা নির্বাচ দাঁড়িয়ে বলবে যে তোমরা আমাকে ভোট দাও আমি রাজপ্রাসাদ তৈরি করে দেব, সোনা দি মুড়ে দেব। কিন্তু এরা কোনদিন তা পারেনি। তাই দেশের মানুষ আজকে এদের পদাঘাতে জর্জরি করে দিচ্ছে। এবং আগামী ৫ বছর পরে যে নির্বাচন হচ্ছে তাতে এরা ধূলিসাৎ হয়ে যাবে মাটির সঙ্গে মিশে যাবে। এই কর্পোরেশনের নির্বাচনে কলকাতা শহরের মানুষ এদের জবা দেবে। স্যার, পি. কে. সেনের সম্বন্ধে অনেকে বলেছেন। আমি পরে তাঁর কথা বলব আজকে কলকাতার পুলিশ যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে আমি বলব ভারতবর্ষে মধ্যে যদি শ্রেষ্ঠ পুলিশ বাহিনী থাকে তাহলে সেটা হচ্ছে কলকাতা পুলিশ। এটা সর্বজ বিদিত যে ভারতবর্ষের যে কোন জায়গায় যেখানে বড় মার্ডার কেস হয় সেখানে কলকাতা পুলিশকে ডেকে পাঠান হয়। এটা এমনি ডেকে পাঠান হয় না, কলকাতার পুলিশ ভারতবর্ষে মধ্যে শ্রেষ্ঠ পুলিশ বলে ডেকে পাঠান হয়। আমাদের বেঙ্গলের যিনি ইনস্পেক্টর জেনারেল অ পুলিশ উপানন্দ মুখোপাধ্যায় তাঁর সম্বন্ধে বিরোধী দলের বন্ধুরা অনেকে প্রশংসা করেছেন তি যেভাবে পুলিশ বাহিনীকে গঠন করবার চেষ্টা করেছেন তাতে। আবার বাংলা পুলিশের সম্ব অনেকে অনেক অভিযোগ করেছেন। আমি একথা বলি না যে তারা সবাই ভাল, সবা ভাল নয়। তাদের ঢেলে সাজাতে হবে। কেন না অনেক খারাপ পুলিশ অফিসার আছে, তাদে পুলিশ ফোর্স থেকে বের করে দেওয়া উচিত। কারণ, দেশের মানুষ যেভাবে এগিয়ে চলে তাতে দেশের মানুষ অন্যায়কে আর প্রশ্রয় দেবে না। তাই বেঙ্গল পুলিশকে ঢেলে সাজাবা উপযুক্ত সময় হয়েছে। উপানন্দ বাবুর উপর আমাদের সম্পূর্ণ বিশ্বাস আছে, তিনি সেটাকে ঢেলে সাজাতে পারবেন। ক্যালকাটা পুলিশ কমিশনার মিঃ পি. কে. সেন সম্বন্ধে নিখিল দা মহাশয় বলেছেন। আমার ধারণা ছিল নিখিল দাস মহাশয় একজন রেসপনসিবল মেম্বার, তাঁ মুখ থেকে যে সমস্ত অসমচীন কথা শুনাম তাতে তাঁর সম্বন্ধে আমার ধারণা পাল্টে গেল। তাঁ মত একজন রেসপনসিবল লোক যেভাবে উল্টো কথা বললেন পি. কে. সেন নাকি চিনি বস্তা, আটা, ময়দা, চালের বস্তা খেয়ে ফেলেছেন তাতে তাঁর সম্বন্ধে আমার ধারণা পাল্টে গেল এই চাল ডাল আটা ময়দা যা পুলিশ সিজ করেছে তার প্রতিটি বস্তার, প্রতি সেরের এব প্রতি কে. জি.র হিসাব সরকারী দপ্তরে আছে।

[4-30—4-40 p.m.]

শ্রী পি. কে. সেনের হুকুম মত পারমিট কাটা হয় না। সেগুলি বিভিন্ন জায়গায় আছে ফুড ডিপার্টমেন্টের সাক্ষরে যায় এটা নিখিল দাস মহাশয় জানেন না? তিনি কলকাতা শহরে একজন প্রতিনিধি তাঁর জানা উচিত ছিল। তিনি মূলারোজ সম্বন্ধে একটা কটূক্তি করলেন। তাঁ অভ্যাস শ্যামবাজারের ফুটপাতের খাবার খাওয়া। কাজেই তিনি মূলারোজ সম্বন্ধে কিছু জানে না। পার্ক ষ্ট্রীটে যত রেষ্টুরেণ্ট আছে তার মধ্যে মূলারোজ হচ্ছে একমাত্র বাঙ্গালীর রেষ্টুরেণ্ট তিনি একদিন ঐ বাঙ্গালী রেষ্টুরেণ্টে গিয়ে খেয়ে দেখে আসুন। এই হাউসে যখন কোন অভ্যর্থন হয়, তখন ঐ মূলারোজ থেকে আমাদের খাবার আসে। উনি হয়ত, মূলেরোজের খাবার খেয়ে খ মুছে ফেলেছেন। আমরা মূলারোজকে সমর্থন করে থাকি নিশ্চয়ই। যদি কোন বাঙ্গালী তাকে সমর্থন করে থাকেন, তাহলে তিনি ঠিক কাজই করেছেন, তিনি তার কর্তব্য করেছেন।

তারপর বিনা পয়সার কথা বলেছেন মূলারোজ কি বিনা পয়সায় পুলিশের সকলকে খাবা বিলোবে? আমি জানি তাই বলছি—এদের কোন ধারণা নাই যে পুলিশ কমিশনারের কত খাটি কাজ এবং কলকাতার এফিসিয়েন্সী আমি নিশ্চয়ই বলবো। এঁরা তাঁকে কটূক্তি করেছেন যে ঘর ছাড়ে নি। তিনি বাডিভন ষ্ট্রীটে আছেন তিনি ৩০ হাজার টাকা খরচ করেছেন বলেছে

তিনি জানেন না পুলিশ কমিশনার পকেট থেকে তিনি হাজার টাকা খরচ করতে পারেন না স্যাংশান না হওয়া পর্যন্ত। এ কাজ করেছেন পি. ডবলিউ. ডি.। তিনি মফঃস্বলের এম. এল. এ. নন; আপনি কলকাতার এম. এল. এ., আপনার জানা উচিত কলকাতায় সরকারী বাড়ী মেনটেন করেন পি. ডবলিউ. ডি. এবং এই পাবলিক ওয়ার্ক ডিপার্টমেণ্ট কখনো বিনা পয়সায় কাজ করে না।

স্যার, এদের আমি কি বলবো। এঁরা পুলিশের উপর চটা কেন জানেন স্যার? এঁরা এই জন্য চটা—আমি যে এলাকার প্রতিনিধিত্ব করি, তার একটা পোরসানএ বারবনিতারা থাকে। সেখানে ওঁরা যাতায়াত করেন প্রায়ই। ইমমরাল ট্রাফিক এ্যাক্ট অনুসারে সেখানে তাঁরা সব সময় যেতে পারেন না, গেলে পুলিশে তাড়া করে। তাই জন্য ওঁরা পুলিশের বিরুদ্ধে হৈ চৈ করছে এই কথা কয়টি বলে আমি এই পুলিশ বাজটকে সমর্থন করছি। তবে আমি আরো টাকা দিতে বলবো—পুলিশ বাহিনী যাতে আরো জোরদার করা যায়। বেতারযন্ত্র পুলিশের গাড়ীতে, বিভিন্ন এলাকায় টেলিফোন ইত্যাদি যাতে দেওয়া যায় পশ্চিমবাংলার পুলিশকে আরো যাতে এফিসিয়েণ্ট করা যায় তার জন্য আমি এই বাজেটকে সমর্থন করছি।

আমাদের বিরোধী দলের পুলিশ তাড়া করে ঠিক কাজই করেছি। আজকে আমাদের পুলিশ বাহিনী যদি এফিসিয়েণ্ট না হতো, তাহলে এই শুধু বাংলাদেশ কেন, সমগ্র ভারতবর্ষকে চীনের হাতে তুলে দিত। আমি বলবো আমাদের আই জি অব পুলিশ এবং পুলিশ কমিশনার চীন পন্থী কম্যুনিষ্টদের তথা হাত থেকে আমাদের বাঁচিয়েছেন।

Point Of Privilege

Shri Kashi Kanta Maitra: On a point of privilege, Sir.
শ্রীনেপাল রায় যে ভাবে অশ্লীল রেফারেন্স করলেন, তাতে এই ধরণের উক্তি করলে আমাদের হাউসের ডিগনিটি বাড়বে কী?

Shri Nepal Chandra Roy: I withdraw, Sir.

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, শ্রীনেপাল রায় শেষে যেটা বললেন, সেটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করে দেবার জন্য বলে দিন্।

Mr. Deputy Speaker: It will be expunged.

Shri Sudhir Chandra Das:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি পুলিশ বাজেটের বিরোধিতা করবার জন্য দাঁড়িয়েছি আমাদের মুখ্যমন্ত্রী পি. সি. সেন পুলশের প্রশংসায় পঞ্চমুখ হয়েছেন এবং এটা গত বছর থেকে শুনছি। আমি মনে করি নিজেদের দলের কাজে পুলিশকে ব্যবহার করছেন বলে তাদের প্রশংসায় এত পঞ্চমুখ হয়েছেন। স্যার, আমার কাছে তার নজির আছে বলেই আমি একথা উত্থাপন করছি। যতদিন যাচ্ছে পলিশ বাজেটে টাকা বৃদ্ধি হচ্ছে এবং এবারে প্রায় দেড়কোটি টাকা বেশী চেয়েছেন। কিন্তু বাস্তবে আমরা দেখছি অপরাধের সংখ্যা ক্রমশঃ ক্রমশঃ বেড়েই চলেছে। তিনি হিসেব পেশ করেছেন যে, এ বছর চরী কমেছে, কিন্তু তাঁর জানা উচিত বহুচুরী পুলিশ স্টেসনএ ডায়রী হয় না এবং পুলিশের অকর্মণ্যতার জন্য চুরীর ফয়সালা হয় না। তারপর, সীমান্তে আক্রমণ এবং হানার সংখ্যা হানাদারের সংখ্যা যে বেড়েছে একথা কি মখ্যমন্ত্রী অস্বীকার করতে পারেন? শুধ তাই নয়, তিনি কি একথা অস্বীকার করতে পারেন যে, পাকিস্তান সীমান্ত চোরাকারবারীদের স্বগরাজ্য হয়েছে এবং গ্রামে পলিশের টাউটদের ঘুস আগেকার মতই চলছে? তারপর, টেস্ট রিলিফের যে মসমস্ত কেস ধরা হয়েছে সেগুলি যে কংগ্রেসের লোক তা চাপ দিতে ফাঁস হয়েছে। ইটিণ্ডাঘাটে ট্রান্সফার নেবার জন্য একজন কনস্টেবেল ২০০০ টাকা পযন্ত ব্যয় করছে চোরাকারবারের অফুরন্ত সুযোগ পেতে। ৪ মাস

আগে একটি স্কুল বালিকাকে পাকিস্তানীরা তুলে নিয়ে গেছে এবং বর্ডার পুলিশকে এ ঘটনা জানাবার পর তারা বলছে এরকম ঘটনা হামেসাই হয়ে থাকে, আমাদের করবার কি নেই। স্যার, এই হোল পুলিশ এ্যাডমিনিস্ট্রেসন। এবারে আমি দেখাব এঁরা এঁদের দলে জন্য কিভাবে পুলিশকে ব্যবহার করছেন। গত ২৩শে ফেব্রুয়ারী বারাসত মহকমায় কল্যাণ নগরে যে বাস্তহারা সম্মেলন হয় তাকে উপলক্ষ করে শোনা গেল ১৪৪ ধারা জারি হয়েছে এবং লোকদের গ্রেপ্তার করবার জন্য পুলিশ পাঠিয়েছেন। কিন্তু বোঝবার উপায় নেই যে এটা কার অর্ডার বা কি ব্যাপার। আমাদের পার্টি সেক্রেটারী বিদ্যুত বসু, পুরাতন বিপ্লবী ভূপাল বসু এবং যুগান্তরের বাতা সম্পাদক দক্ষিণা রঞ্জন বসু সেখানে গিয়েছিলেন এবং তাঁরা ঠিক করলেন ১৪৪ ধারা যখন জারি হয়েছে তখন ঘরের মধ্যে সভা করব এবং সেই হিসেবে বালিকা বিদ্যালয় বন্ধ করে সভা আরম্ভ করলেন। কিন্তু তারপর দেখা গেল পুলিশ দরজা ভেঙ্গে, কম্পাউণ্ড ওয়াল ভেঙ্গে, বালিকা বিদ্যালয়ের দরজা ভেঙ্গে, টানতে টানতে হেচড়াতে হেচড়াতে চ্যাংদোলা করে নিয়ে এসে লোকদের গ্রেপ্তার করছে এবং যুগান্তরেররি রিপোটারের কাছ থেকে ফটো ছিনিয়ে নিয়েছে। আমরা দেখলাম যুগান্তরের খবরে বেরিয়েছে ১৪৪ ধারা জারির ফলে ৭ জন এ্যারেস্টেড হয়েছে এবং অমৃতবাজার পত্রিকায়ও তাই বেরিয়েছে। আমি সব নিয়ে এসেছি, আপনাকে দেব। ১৪৪ ধারা জারির পরে যখন সম্মেলন হোল তখন কাশীবাবু এ্যারেস্টেড হলেন এবং আরও বহু বন্ধু আমাদের এ্যারেস্টেড হলেন। কিন্তু মজার ব্যাপার হোল কেস চালাতে গিয়ে—চার্জসিট দেওয়া হোল না এবং ১ বছর ঝুলিয়ে রাখা হোল। তাঁরা দরখাস্ত করে জানতে চাইলেন, আমাদের বিরুদ্ধে কি অভিযোগ, চার্জসিট দেখি এবং কখন ১৪৪ ধারা জারি হয়েছে। তখন বারাসত কোর্ট অর্ডার দিচ্ছেন, নো সাব রেকর্ড ইজ পেণ্ডিং ইন দিস কোর্ট। অথাৎ রেকর্ড নেই, ১৪৪ ধারা জারি হয়নি। তারপর তাঁরা দরখাস্ত করলেন আলিপুরে ডিস্ট্রিক্ট কোর্টে যে, কোথাও ১৪৪ ধারা জারির অর্ডার আছে কিনা? সেখানেও দেখা গেল এস. ডি. ও. এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এটা জানেন না।

[4-40—4-50 p.m.]

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অর্ডার দিচ্ছেন দেয়ার ইজ নো সাচ অর্ডার ইন দি জুডিশিয়াল ডিপাট মেণ্ট আলিপুর, এসব নকল আমার কাছে রয়েছে, সুতরাং কে অর্ডার দিলে এটা জানতে চাই এবং প্রশ্ন করতে চাই ঘরের মধ্যে ঢুকে সভা করলে ১৪৪ ধারা ভঙ্গ হয় কিনা, পুলিশের কি সাহস হয় অসম্মান করতে এবং ১৪৪ ধারা জারী না থাকা সত্বেও কি করে ১৪৪ ধারা জারী হয়েছে বলে প্রচাব করতে সাহস পায়? রেডিওতে এটা প্রচার করা হয়েছে এবং গ্রেপ্তার করা হয়েছে বলে সংবাদ বেরিয়েছে। তাহলে কি বুঝবো কোন মন্ত্রী তরুণবাবু পেছন থেকে কোন অর্ডার দিয়েছেন? সেটাই আমি তুলতে চাই। কি অসম্ভব ব্যাপার, ১৪৪ ধারা জারি না হওয়া সত্ত্বেও জারী হয়েছে বলে রেডিওতে প্রচার করা হয়েছে, গ্রেপ্তার করা হয়েছে এবং কত কাণ্ড হয়েছে। পুলিশকে দলের কাজ ব্যবহারের জন্য যে কথা বললেন সেই উদ্দেশ্যে কাজ করা হয়েছে, এই গুরুতর অভিযোগ আমি আপনার কাছে আনছি। জগদ্দল থানায় ২৪ জন নেতাকে গ্রেপ্তার করা হয়েছে জুট মিলে লক আউট বা শান্তি শৃঙখলা ভঙ্গ হয়নি, শান্তিপূর্ণ অবস্থা থাকা সত্ত্বেও সেখানে পি এস পিএর স্থানীয় পার্টির সেক্রেটারীকে ধরা হয়েছে এবং আরও ৬৪ জনের বিরুদ্ধে ওয়ারেণ্ট রয়েছে অথাৎ দয়ারাম বেরীর যে শ্রমিক ইউনিয়ন আছে সেই এলাকায় ইউনিয়ন ভেঙ্গে যাচেছ বলে এই অবস্থা হচেছ। তারপর নারী ধর্ষণের ঐকটা ঘটনা উল্লেখ করতে চাই, কাঁথিতে খেঝরীর রাস্তায় ১৯৬৪ সালে ফিরতি রথের দিন, রাত্রে মনতোষ দাস নাম একজন পলিশ অফিসার রাত্রি একটা দেড়টার সময় এক গ্রাম্য বালিকার উপর রিক্সা ছাড়িয়ে দিয়ে, তার ভাইকে সরিয়ে দিয়ে রেপ করে, আমি তার স্টেটমেণ্ট নিয়েছি, তার স্টেটমেণ্টের কথা এস ডি ও কে জানিয়ে ছিলাম, তার স্টেটমেণ্ট ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট নিয়েছেন রিক্সাওয়ালা সাক্ষী, প্রত্যক্ষ দর্শী, মেডিক্যাল রিপোর্টে তার প্রমাণ পাওয়া গেছে, তা সত্ত্বেও আপনি শুনলে অবাক হবেন, সেই অফিসারকে বহাল তবিয়তে রাখা হয়েছে, তাকে কোন ডিপাটর্মেণ্টাল পানিশমেণ্ট দেওয়া হয়নি। শুনলে কারও অবাক হবেন তাকে সনাক্ত করতে বলা হয়েছে, ঘটনা হয়েছে

কাঁথিতে আর তাকে সনাক্ত করা হয়েছে মেদিনীপুর সেণ্ট্রাল জেলে, সে ১৫ বছরের অত্যন্ত দরিদ্র বালিকা যেহেতু সে চিনতে পারেনি সেজন্য কেসে চার্জ না দিয়ে ফাইনাল রিপোর্ট দিয়ে দিয়েছে। আমি তখন চিঠি লিখি এস ডি ও কে এবং তাতে বলি ডিপার্টমেণ্টাল শাস্তি দেওয়া হোক। এই রকম দুস্কৃতকারী জঘন্য নরপশু পুলিশ ডিপার্টমেণ্টকে কলংকৃত করছে, একে কখনো ছেড়ে দেওয়া উচিত নয়, প্রমাণ আছে, সারকামস্টেনশিয়েল প্রুফ আছে, একে ডিপার্টমেণ্টাল শাস্তি দিন। তিনি বলেছেন ইনকইয়ারী করতে আসবেন, আমার উপর একবার নয় দুবার নয়, ৫ বার নোটিশ জারী করার পরও উপস্থিত থাকা সত্ত্বেও ঠিক সময়ে দেখা গেল আসেন নাই। তারপর ৫ বার হয়রাণির পর আমাদের প্রোগ্রামের সাক্ষীরা কাজ কর্ম বন্ধ করে ৫ বার উপস্থিত থাকা সত্ত্বেও ইনকইয়ারী করতে উপস্থিত হননি, কার চক্রান্তে কোন্ অফিসার এই রকম দুস্কৃতকারী অপরাধীর অপরাধ চাপা দেবার জন্য চেষ্টা করছেন? আমি অনুরোধ করছি দ্বার্থ কণ্ঠে বলছি যে এই ঘটনা সত্য, আমি মুখ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ জানাচ্ছি আহ্বান করছি যে এই নারী অসম্মানকারী পুলিশ শাসনকে অবসান করার জন্য যদি সাহস থাকে, প্রমাণ করে দেব, তাকে তাড়িয়ে দেবার ব্যবস্থা করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Girish Mahato :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রামে চলতি ভাষায় একটি কথা আছে, সেটা হচ্ছে "শুড়ির সাক্ষি মাতাল। আজ পুলিশ মন্ত্রীর মুখে পুলিশের সাফাই শুনে আমার সেই কথাই মনে পড়েছে। আজকে জনসাধারণের চোখে আমাদের পুলিশ ইংরাজ আমলের পুলিশের চেয়েও হেয় প্রতিপন্ন হয়েছে। সাধারণ মানুষ পুলিশ বলতে অত্যাচারী উপদ্রবকারী জীব বলেই মনে করে। অবশ্য পুলিশের নিজের কাজের দ্বারাই মানুষের মনে এই ধারণা জন্মেছে। স্বাধীন জীবনে পুলিশ আজ জনসেবকের ভূমিকা নেয় নি। সে আজ একটি উপদ্রবকারী বাহিনী। অন্যায়ের প্রতিকার বা মানুষকে রক্ষা করার কাজ এঁদের হাতে থাকা সত্ত্বেও দুর্নীতির বিষয়ে আজকে এঁরা সবচেয়ে সেরা। আজকে গুণ্ডা, চোর, ডাকাতের এঁরা শুধু সহায়কই নয়, এঁরা হচ্ছে গুণ্ডা, চোর ডাকাতের পর্য্যায়ে। শাসন ক্ষমতা এঁদের হাতে, তাই আজ ঘুষ, চুরি, ডাকাতি, চোরা কারবারীর দুর্নীতির বেপরোয়া শোষণ চলেছে। পুলিশ আজ কংগ্রেস সরকারের রাজনৈতিক এজেণ্ট। রাজনৈতিক দলগুলোকে দমন করবার জন্য পুলিশের সহায়তা কংগ্রেসের আজ মস্তবড় আশ্রয়, মিথ্যা মামলা সৃষ্টি করতে, আদালতের মামলায় চক্রান্ত করতে, বাধা সৃষ্টি করতে পুলিশ আজ নিযুক্ত। তারপর আমি পুরুলিয়া জেলায় পুলিশের দুর্নীতি সম্পর্কে কয়েকটি কথা বলব। এবিষয়ে আমি বহু অভিযোগ করছি। এর বিশেষ কোন তদন্ত হয়নি। যে কয়েকটির তদন্ত হয়েছে সেটাও একটা চক্রান্ত মাত্র। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার সামনে পুরুলিয়া জেলায় পুলিশের অত্যাচারের ২/১টা উদাহরণ দিচ্ছি। মানবাজার থানার একটি গ্রামে এক সম্ভ্রান্ত মাহাতো পরিবারের সুধীর মাহাতোর কিছু সম্পত্তি আছে। তাঁর বহু প্রজা রয়েছে। তাছাড়া রেকর্ড, পরচা, দলিল, দস্তাবেজ সবই রয়েছে। ৩ পুরুষের দখলও রয়েছে। সমস্ত কিছু থাকা সত্বেও সেই গ্রামের কয়েকজন সমাজ বিরোধীর সহযোগিতায় মান বাজার থানার এস. আই. সেই সম্পত্তি বিক্রী করে দিয়েছে। বিক্রী করার পর পুলিশ অসত্য রিপোর্ট দিয়ে সেই মাহাতো পরিবারের বিরুদ্ধে ১৪৪, ১৪৫এতে কেস করেছে। এই মিথ্যার বিরুদ্ধে আমরা এস. ডি. ও.কে বলেছি। তাঁকে আমরা সমস্ত কাগজপত্রও দেখিয়েছি যে, তাঁর এস. আই. কি ভাবে মিথ্যা রিপোর্ট দিয়েছে। এস. পি.কেও আমরা এসব ঘটনা জানিয়েছি। দারোগার মিথ্যা রিপোর্টের উপর এস. পি., ডি. এস. পিকে ইনকুইয়ারীর ভার দিয়েছিলেন। সেই এস. পি.র কাছে আমরা প্রমাণ করে দিয়েছি যে রাধাকৃষ্ণ পাল কি রকম মিথ্যা রিপোর্ট দিয়ে মাহাতো পরিবারকে নষ্ট করেছে। আজও তাঁর উপর ১৪৪/১৪৫এ তে কেস রয়েছে। তাঁদের সমস্ত পরিবারটা হা অন্ন হা অন্ন করছে। তাঁদের সমস্ত সম্পত্তি পুলিশ বাজেয়াপ্ত করেছে। তারপর আমি আর একটা উদাহরণ দিচ্ছি। পোড়াবাজার থানার পাড়গ্রামে জনৈক সমাজ বিরোধী ব্যক্তি পুলিশের সহায়তায় বেপরোয়া গুণ্ডামী করছে। আমি এ সম্পর্কে বিধানসভায় বলেছি, পিটিসন ও করেছি। কোন প্রতিকার হয়নি। আজকে মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে বললেন যে, হাটে মেলায় পুলিশকে দেখতে পাবেন। আমাদের পুরুলিয়া জেলায়

হাটে বাজারে জুয়া খেলা হচ্ছে। শুধু তাই নয় পুলিশের সহায়তায় সেখানে জুয়া খে হচ্ছে। মানবাজারের লোকেরা পিটিসন করেছে, যে পুলিশ সেখানে টাকা নিয়ে জুয়া খেলা এর কোন প্রতিকার হয়নি। মানবাজার থানার লোকেরা ডি. সি. এস. পি.কে পিটিসন করে আমাকেও তার কপি দিয়েছে, আমিও ডি. সি. এস. পি.কে বলেছি কিন্তু এঁরা সবাই করে থাকেন। কোন প্রতিকার হয় না। তারপর উনি বললেন চিনির ব্ল্যাকের কথা। আজ এম. আর. ডি. পুরুলিয়া জেলায় যত আছে সেখানে অধিকাংশ চিনি ব্ল্যাক হচ্ছে। এই অঞ্চলে চিনির ডিলাররা অধিকাংশ চিনি ব্ল্যাক করছে। আমি এস. পি.কে বলেছি কিন্তু এর প্রতিক হয়নি। আমার সামনে ডি. আই. বি. ইনস্পেক্টর চোরাকারবারীদের এই. আর. ডি.ে ধরবার জন্য দিন স্থির করলেন, নোটও নিয়ে গেলেন কিন্তু ধরা হল না। কোন এনকুইয়া পর্যন্ত হল না। আজকে এই হচ্ছে পুলিশের সহযোগিতার নমুনা। তারপর আমি বিষ্ণুপুরে আর একটি ঘটনা সম্পর্কে বলব। সেখানে কে. ডি. স্কুল ও কলেজের ছাত্রদের অত্যাচার কি ভাবে দিনের পর দিন চলছে। গত ৫।৭ তারিখে বিষ্ণুপুরে এস. ডি. ও.র সামনে তার পারমিস নিয়ে যাত্রা হয়। তাঁর সামনে স্কুল ও কলেজের ছাত্ররা যাত্রাকে পণ্ড করবার জন্য গিয়েছে বহুবার সেখানে এরকম করেছে। এস. ডি. ও. জানা সত্বেও সে মামলা মীমাংসা করে দিয়েছেন তারপর, ঐ ছাত্ররা আর একটি সাইকেলের দোকানের উপরও অত্যাচার করেছিল। তার বহু প্রমাণ আছে। তারপর, সেই স্কুলের ছেলেরা এস. ডি. ও.র সামনে সেই দিন রাত্রে বোনেদের উপর, যাত্রা ওয়ালাদের উপর বেপরোয়া আক্রমণ চালিয়েছে। তারপর পুলি ব্যাপকভাবে ধরপাকড় আরম্ভ করেছে। সেই জন্যই বলছি, পুলিশ যে অরাজকতা স্থা করেছে তাতে তাঁরাই দেশকে ধ্বংসের পথে নিয়ে যাবে। এই কথা বলেই আমি আমা বক্তব্য শেষ করছি।

[4-50—5 p.m.]

Shri Birendra Narayan Ray:

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী পুলিশখাতে যে ব্যয় বরাদ্দ এনেছেন আমি তার বিরোধিতা করতে উঠে কয়েকটি কথা বলতে চাই। পুলিশ বলতে আমরা বুঝি সরকারের নিয়োজিত কিছু কর্মী, যাঁরা দুষ্টের দমন ও শান্তি প্রিয় নাগরিকদের পালন করবে কিন্তু প্রফুল্লবাবুর পুলিশ ঠিক উল্টো কাজ করছেন। অর্থাৎ শিষ্টের দমন ও দুষ্টের পালন। এই বিধান সভায় নির্বাচিত হবার পর আমি আমার কয়েকটি ব্যক্তিগত অভিজ্ঞতার ব্যাপার নিয়ে কোয়েশ্চেন করে, দৃষ্টি আকর্ষণ কারী নোটিশ দিয়ে বা যে সমস্ত পার্লিয়ামেণ্টারী প্রোসেস আছে সেইভাবে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমি বলেছিলাম, মুর্শিদাবাদ জেলার কাশিমবাজার মনীন্দ্র মিলের যাঁরা কর্তৃপক্ষ তাঁরা হচ্ছেন পাকিস্তান, স্পাই, পাকিস্তানের সঙ্গে তাঁদের যোগাযোগ আছে। কিন্তু সরকার পক্ষ থেকে তার কোন এ্যাকসন নেওয়া হল না। আমি ১৯৬২ সালে প্রশ্ন করেছিলাম যে, শতাধিক পাকিস্তান, গুপ্তচর বিনা পাসপোর্ট ও ভিসায় ঐ মিলে আছে। তার উত্তর পেলাম অনলি থ্রি সাচ পাকিস্তান, মুসলিমস কেইম টু আওয়ার নোটিশ আমি এ প্রশ্ন করিনি যে, আপনাদের নোটিশ কটা এসেছে। আমার প্রশ্ন ছিল আছেন কিনা? আপনারা সেটা এ্যাভয়েড করে গেলেন, কিন্তু পাপ বেশীদিন চাপা থাকে না। ১৯৬৪ সালে যখন সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা হল, তখন সেই সব পাকিস্তানীরা ভীষণ ভয় পেয়ে গেলেন। তাঁরা জেলা সমাহর্তার কাছে এসে এই বলে দরখাস্ত দিলেন যে, তাঁরা পাকিস্তানী, তাঁদের পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হোক। সেই সময় আমি আবার প্রশ্ন করেছিলাম যে ব্যাপারটা কি? মাননীয় মুখ্যমন্ত্রী সেই প্রশ্নের উত্তর দিলেন যে, না এরকম কিছু হয়নি"। কিন্তু সাপ্লিমেণ্টারীর খোঁচায় তিনি বলতে বাধ্য হলেন যে, "হ্যাঁ, এইরকম ৫০।৫২ জন লোক ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রের কাছে এইরকম আবেদন করেছেন। কিন্তু সরকার পাননি।" আমি ব্যাপারটা ঠিক বুঝতে পারলাম না। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছে রিপোর্ট আসা কি সরকরের কাছে রিপোর্ট আসা নয়? আর এই সমস্ত অসৎ লোককে সাহায্য করছেন খদ্দর পরা কিছু লোক, যাঁদের বলা হয় কংগ্রেস। তারপর, আমি যে ঘটনার কথাটা বলতে চাই সেটা হচ্ছে, ১৯৬১ সালে মুর্শিদাবাদ সাব জেল থেকে ৩ জন পাকিস্তানী বন্দি পালিয়ে যান। আমি

মনে করি, এর মধ্যে এক শ্রেণীর সরকারী কর্মচারীর হাত তো ছিলই, তাছাড়া এই সভার মধ্যে মুর্শিদাবাদ জেলার অনেক সদস্য আছেন তাঁদেরও হাত ছিল।

স্যার, গতকাল কাজীম আলি মির্জা সম্বন্ধে বিরোধী পক্ষের কয়েক জন সভ্য কিছু বলার পর তিনি উত্তেজিত হয়েছিলেন। আমি সে সময় হাউসে ছিলাম না কিন্তু আমি কি জিজ্ঞাসা করতে পারি, তিনি এবং সেই জেলার অতুল্যবাবুর এজেণ্ট দুর্গাপদ সিংহ কি এই সব করেছেন? তাতে তাঁর ব্যক্তিগত উপকার হয়েছে, কিন্তু দেশের সর্বনাশ হয়েছে। কাজেম আলি মির্জা কি অস্বীকার করতে পারেন মুর্শিদাবাদ জিলা যখন পাকিস্তানের পরিবর্তে হিন্দুস্থানে এল সে সময় তিনি বাংলাদেশ ছেড়ে করাচী চলে যান। অবশ্য তিনি রিক্ত হস্তে যান নি তিনি বলেছিলেন কিছু অর্থ দাও র‍্যাডক্লিফ সাহেবকে অর্থ ঘুষ দিয়ে আমি মুর্শিদাবাদকে পাকিস্তানে আনব। তিনি এই ভাবে পাকিস্তানে যান এবং পাকিস্তান থেকে ফিরে এসে তিনি এখানকার উপমন্ত্রী হলেন, অর্থাৎ তিনি এইবারে উপহার পেলেন, এই সব কারণে এক শ্রেণীর লোকেরা যখন অন্যায় কাজ করেন তখন পুলিশ তাঁদের গায়ে হাত দেন না এইভাবে উপর ওয়ালা থেকে নীচের ওলা পর্যন্ত প্রত্যেকটা সরকারী কর্মচারী তাঁদের সাহায্য করেন। দুর্গাপদ সিংহ যাঁর কথা বললাম তিনি একটা বাড়ী করার পর আয়কর বিভাগ বলে ছিল তোমার বাড়ী করার ইনকামএর সোর্স কোথায়? যেন কাজীম আলি মির্জা, হামিদ খাঁ তাঁরা কেউ বলেন যে আমি জমি দিয়েছি, কেউ বললেন যে আমি টাকা দিয়েছি, কেউ বললেন আমি বাড়ী করার মেটিরিয়াল দিয়েছি, কিন্তু এই যে কংগ্রেসী এম. এল. এ হামিদ খাঁ তিনি ১৯৫৬ সালে এখানকার মেম্বার ছিলেন এবার নেই, তার বাড়ীতে পাকিস্তানের বোমা এবং রসিদ পাওয়া গিয়েছিল, তখন কংগ্রেসী কর্তারা বিচলিত হয়ে শঙ্করবাবুকে পাঠালেন তাকে ডিফেণ্ড করার জন্য, তারপর ১৯৬২ সালের নির্বাচনে হামিদখাঁকে কংগ্রেস কোনরকম নমিনেসন দিলেন না কিন্তু তাঁর নিকট আত্মীয়কে নোমিনেসন দিলেন। আজকে দেশের এই দুর্দিনে রক্ত দাও, অর্থ দাও, শ্রম দাও, কিন্তু কাজিম আলি মির্জা, হামিদ সাহেবকে দেখলাম না একটি নয়া পয়সা কনট্রিবিউট করতে, আমার থানায় বর্ডারে আলিফুল জালানকে গ্রেপ্তার করা হল ডি. আই. আর. এ, তারপর তার ভাইকে বলা হল আমাকে কিছু টাকা দাও না হয় তোমাকে গ্রেপ্তার করব। তিনি কলকাতায় এসে আমাদের মন্ত্রী ফজলুর রহমন সাহেবকে বললেন এই রকম ব্যাপার ডি. আই. জি. আমাকে অন্যায় ভাবে ভয় দেখাচ্ছেন, টাকা চাচ্ছেন না হয় গ্রেপ্তার করব। মন্ত্রী মহাশয় আশ্বাস দিলেন কিন্তু তা সত্ত্বেও তাকে গ্রেপ্তার করা হল

[5—5-10 p.m.]

তারপর কয়েকজন স্মাগলার রাজেন সোনা ইয়াসিন প্রভৃতি লোক তারা স্মাগলিং করে এবং ডি. আই. জি. তার বাড়ীতে বসে থাকেন। এই যে পেন এটা চীন থেকে আমদানী এই যে পেন এবং টর্চ এটা চীন দেশের। বহু পেন এবং টর্চ অন্যান্য সমস্ত জিনিষ লালগোলা, মুর্শিদাবাদ, নদীয়া প্রভৃতি বর্ডার থেকে প্রভূত স্মাগলিং হয়ে আসছে। অথচ সরকারী কর্মচারীরা এদের প্রশ্রয় দিচ্ছেন মন্ত্রী মহাশয় বর্ডার পুলিশের খুব প্রশংসা করেছেন। কিন্তু এটা কি নজীর নয়? আরও নজীর আছে তাই আমি একটার উদাহরণ দিতে চাই। সীমান্ত পুলিশ ও জি. আর. পি ও অন্যান্য পলিশ সম্বন্ধে আমি কয়েকটা কথা বলতে চাই। এই বর্ডার পুলিশ সম্বন্ধে আমি ওয়েস্ট দিনাজপুর এর একটা কেস বলছি, বর্ডার পলিশ থেকে একটা নোট এল যাকে এফ. আই. আর. বলে অদ্য ১২-৩০ মিনিটে বর্ডারে একজন পাকিস্তানী লোকের উপর ফায়ার করা হইয়াছে মৃত দেহ উঠাইয়া নিয়ে আসা হইয়াছে এখন আপনি কি ব্যবস্থা করিতে বলেন তা জানান। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল তিনি পাকিস্তানী নন। তিনি একজন শান্তিপ্রিয় ভারতীয় নাগরিক। আমি সেখানকার ডি. এম. ও এস. পি. এর নোট থেকে পড়ে শোনাচ্ছি। তারা লিখেছেন অন ১৫. ৯. ৬৪ এ্যাবাউট ১২—৩০ আওয়ারস এ প্যাট্রল পার্টি

(নয়েজ)

Exhibits in this House of some articles reported smuggled from China

Shri Jawhar Lal Banerjee :
অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার, এই সিজ করা স্মাগলড গুডস এগুলি সভায় দেওয়া হোক এব স্মাগলড গুডস তিনি পেয়েছেন কোথায় এগুলি বলা উচিত।

Shri Ananda Gopal Mukhopadhya :
বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিধান সভার একজন দায়িত্বশীল সদস্য এই সভার মাঝখানে দাঁড়িে বলেছেন এই পেন চীন থেকে স্মাগল হয়ে আসছে। হয়ত ঠিকই আসছে কিন্তু কি ভাবে আসে সেটা তিনি জানান, স্মাগলড হয়ে আসছে সেটা ঠিক, আমি আবেদন জানাচ্ছি তাঁকে প্রথে পুলিশের হাতে দিন যার থেকে প্রমাণিত হবে কি করে স্মাগলড হয়ে আসছে, তিনি প্রথ অপরাধী। কেনন না কি করে তিনি স্মাগলড গুডস পজেজ করছেন, সেই সমস্ত স্মাগলড গুড পজেজ এর জন্য এগুলি তিনি হাউসএ দেখিয়েছেন কাজেই এগুলি আপনার কাছে জমা কর হোক।

Sir Narayan Choubey : Sir all these disorders should be stopped.

Shri Ananda Gopal Mukhopadhya :
দটো জিনিষই তিনি হাউস এক্সিবিট করেছেন, সুতরাং এগুলি আপনার কাছে জমা করা হোক।

Shri Narayan Choubey :
স্যার ঐ ভদ্রলোক দুর্গাপুরে চোরাকারবারী করেন। তাঁকে কেন বলতে দিচেছন উনি ঘুষ খান।

Mr. Deputy Speaker :
দিস ইজ নট এ পয়েণ্ট অফ অডার আপনি পেন ও টচটা প্রোডিউস করুন এটা পয়েণ্ট অফ অর্ডার হতে পারে না।

Shri Asoke Krishna Dutta :
কথা হচ্ছে, মালগুলি তিনি পেয়েছেন এবং ঐগুলি চীন থেকে স্মাগলড হয়ে এসেছে, যখন চীন থেকে স্মাগলড হচ্ছে তখন ঐগুলি হাউস এ রাখা হোক। আমরা প্রমাণ চাই এবং মেটিরিয়াল গুলো এক্সিবিট করা হোক।

Mr. Deputy Speaker :
এটা হাউসএর পজেসানএ থাকা উচিত।

Shri Bijesh Chandra Sen :
এটা পজেসান অব দি হাউস—নিশ্চয়ই হাউসএ থাকা উচিত।

Shri Ananda Gopal Mukhopadhya :
স্যার, বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ, হাউসের সামনে একজন দায়িত্বশীল সদস্য তিনি নিজে বলেছেন যে এই দুটি জিনিস স্মাগলড হয়ে এসেছে এবং সেই দুটি জিনিষ তাঁর পজেসানে আছে। কাজেই ডেপুটি স্পীকারের কাছে আমরা আবেদন করছি এ সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হোক। এগুলি এগজিবিট করা হয়েছে, উনি হাউসে এগজিবিট করেছেন, কাজেই These are the properties of the House.

(তুমুল হট্টগোল)

Mr.Dupty Speaker: These are the properties of the House.

Shri Rabindra Nath Mukhopadhyay:

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি ওঁদের যে অধিকার দিয়েছেন সেই অধিকার ওঁরা অপপ্রয়োগ করছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করছি সি. বি. আই. রিপোর্ট আমরা পেয়েছি, তা কি আমাকে বলতে হবে কোথা থেকে পেয়েছি?

(তুমুল হট্টগোল)

(Shri Ananda Gopal Mukhopadhyay raised a point of order.)

Mr. Deputy Speaker: It is not a point of order.

Shri Ananda Gopal Mukhopadhya:

স্যার, এই জিনিসগুলি আবার স্মাগলড হয়ে বেরিয়ে যাবে।

(তুমুল হট্টগোল)

Shri Amarendra Nath Roy Prodhan:

স্যার, পুলিশ মন্ত্রীকে কৈফিয়ত দিতে হবে পুলিশের চোখের উপর দিয়ে কি করে এই জিনিস স্মাগলড হয়ে আসে?

Shri Ananda Gopal Mukhopadhya:

স্যার, যেটা এগজিবিট করেছে দিজ আর দি প্রপার্টি অব দি হাউস....

(হট্টগোল)

[5-10—5-20 p.m.]

Shri Haridas Chakravarty:

স্যার, আপনি স্পীকারের চেয়ারে বসে আছেন, তা সত্ত্বেও পয়েণ্ট অব অডার তোলা হলো অথচ আপনার কোন রুলিং এই পয়েণ্ট অব অর্ডারএর দিলেন না। তারপর যখন আলোচনা চলছে, এই রকম হৈ চৈ হচ্ছে, আপনি কি করে অসহায়ের মত চেয়ারে বসে থাকেন— আমরা বুঝতে পারি না। আপনি যদি এটা দমন করতে না পারেন, তাহলে কি করে হাউস চলতে পারে? আপনি একটি রুলিং দিন।

(ভীষণ হৈ চৈ গণ্ডগোল।)

Mr. Deputy Speaker:

আমি মার্শালকে এটা আনবার জন্য বলেছিলাম এবং আমি এটা কোন উদ্দেশ্যমূলক ভাবে বলিনি। এবং আমার কোন উদ্দেশ্যও ছিল না। তবে এতে যদি কারুর মনে দুঃখ হয়ে থাকে এবং যদি কেউ মনে করেন আমার বলা অন্যায় হয়েছে তাহলে আই মে বি এক্সকিউস। আমি এবিষয়ে আর প্রসিড করতে চাই না। পয়েণ্ট অব অর্ডারে যেকথা বলেছেন তখন খুব গোলমাল হচ্ছিল, এবং আই হ্যাভ গিভেন মাই রুলিং দ্যাট ইট ইজ নট এ পয়েণ্ট অব অর্ডার। যখন গোলমাল চলছিল তখন ওটা আমার কাছে এনে দিলে যদি গোলমাল মিটে যায় সেইজন্য আমি বলেছিলাম—আমি কোন অন্যায়ভাবে বলিনি। যাহোক, আমি বীরেনবাবুকে অনুরোধ করছি তিনি ওটা আমার কাছে এনে দিন এবং শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় মে কণ্টিনিউ হিজ স্পিস।

Shri Birendra Narayan Ray :

মুখ্য মন্ত্রী আমাদের দিকে তাকিয়ে বললেন আমি পুলিশকে বিশ্বাস করি। স্যার, যে বর্ড পুলিশকে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য কংগ্রেস কর্মীরা সমর্থন করলেন তাদের সম্বন্ধে আমি কিছু বল একটি চিঠি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ওয়েষ্ট দিনাজপুর পাঠাচ্ছেন টু দি ডেপুটি সেক্রেটারী, হে (পলিটিক্যাল সি. আর.ডিপার্টমেণ্ট, ডেটেড ফোর্থ অক্টোবর, ১৯৬৪। ৪ নম্বর প্যারায় তি বলছেন,)

"The affairs of the West Bengal Rifle-men have been reported fro time to time to the Divisional Commissioner and to the Home (Police) Depar ment. For lack of discipline and effective control and also in the absence c overall control by the Superintendent of Police, the policemen of the We Bengal Rifles are degenerating very fast to the position "Of armed bandits'

স্যার, একজন জেলা সমাহর্তা ওয়েস্ট বেঙ্গল পুলিশকে বলছেন, "আর্মড ব্যানডিটস— অর্থাৎ দস্যুদল। তারপর তিনি বলছেন,

"How far they have been able to tackle the situation for which they hav been posted is a matter of opinion but it has been found that they are creat ing lot of difficulties for the peaceful and law abiding Indian nationals, t serve their personal gain".

তারপর সরকার করলেন কি ? এই ইনকোয়ারী ভার সেই জেলা সমাহর্তার কাছ থেকে সরিয়ে নিলেন। স্যার, সেই চিঠিতে ওটাই শেষ কথা নয়, শেষের দিকে তিনি দুঃখ করে (প্যারায় বলেছেন,

I learn that for unknown reasons the investigation of this incident has bee taken away from the S.P. and given to the C.I.D. It is a curious phenomenon and I don't known for what reasons there has been lack of confidence in th district police to conduct the investigation.

(Noise and interruptions)

কুচবিহারের একটা ঘটনা বলছি, ডেপুটি কমিশনার লিখছে জলপাইগুড়ির ডিভিশনাল কমিশনারকে

Deputy Commissioner. It is understood from the report of S.P., Cooch Behar that on the evening of 2-12-64 four constables of the 4th battalion attached to Brahmattar Kuchlibari BPO, P.S. Mekliganj met three Indian Muslims who were from Dhaprahat in a bullock-cart, and charged that they were coming from Pakistan. They assaulted the latter and took Rs. 100/- from two of them. It is also understood that subsequently these police personnel went to the house of one Dhaney Ali Paikar of the locality and asked him to explain the absence of his son from the house. Over this there was altercation and Police Personnel assaulted Dhaney Ali Paikar The same night Dhaney Ali Paikar along with his family members left for Pakistan and took shelter in his son's house at Jamgram, P.S. Pathram, District Rangpur.

এতেও ওদের পেট ভরল না। এ আমার কথা নয়, সরকারী পুলিশের কথা। স্যার, আমি আর একটা উদাহরণ দিচ্ছি। একজন ডি আই বি সাব ইনস্পেক্টার কার্শিয়াং-এ ১৯৫৯ পোষ্টেড ছিলেন, তার স্ত্রী ডাউহিল সেণ্ট্রাল হসপিটালে নার্স কাজ করেন, সেখানে এর তিনি ডি আই বি অফিসকে অফিস কাম রেসিডেন্সিয়েল হাউস করলেন এবং দুজনেই হাউস রেণ্ট ড্র করলেন, এ সম্বন্ধে অভিযোগ করা হয়, তাঁকে প্রমোশন দিয়ে কালিম্পংএ নিয়ে আসা হয়, তাঁর রিপোর্টে বহু চীনাকে বহিস্কার করা হয়েছে, শেষ পর্যন্ত দেখা বলে চীনাদের গাড়ী তিনি কিনে নিলেন ৫০।৬০ হাজার টাকায়, এই যে বাড়ী তিনি নিজে যদি কিনে থাকেন এত টাকা তিনি পেলেন কোথায়, আর যদি চীনারা তাঁকে বখশিশ দিয়ে থাকে তাহলে তার পুলিশী কাজ সম্বন্ধে বলার কিছু নাই। সেজন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি।

Shri Jiban Krishna Dey :

মাননীয় সদস্য শ্রীবীরেন রায় যখন একটা টর্চ এবং ফাউণ্টেন পেন দেখালেন তখন সমস্ত হাউস উত্তেজিত এটা আমি দেখলাম।

(নয়েজ)

[5-20—5-30 p.m.]

Shri Ananda Gopal Mukhopadhya :

শ্রীবীরেন রায় যে জিনিষ দিয়েছেন, তা থেকে তিনি ওখানে মাল বার করে রেখে দিয়েছেন।

Shri Jiban Krishna Dey :

(কিছু বলতে উঠলেন)

Mr. Deputy Speaker :

শ্রীবীরেন রায় আমাকে এসিওরেন্স দিয়েছেন যে এগুলি ওঁর কাষ্টডিতে থাকলেও আমি যখন চাইব তখনই উনি দেবেন।

Shri Jiban Krishna Dey :

মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এই হাউসে বাজেট অধিবেশনে বাজেট সুরু থেকে, রাজ্যপালের ভাষণ থেকে অন্ততঃ আমরা হাজার বার—পশ্চিমবাংলার যারা বিরোধিদলের সদস্য এখানে আছি, আমরা একাধিকবার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি এই নিয়ে যে আপনাদের বর্ডারে যে বি. ও. পি. আছে তারা কোন রকম শান্তি বা শৃঙখলা রক্ষার জন্য আইন মেনে চলে না, সেখানে ক্রাইমের বিরোধিতা করা দূরে থাকুক সমস্ত রকম ভাবে সেই জায়গাটা চোরাকারবার এবং দুর্নীতিতে ভরে আছে। বিভিন্ন জায়গায় মাল নয়, এখানে একটি টর্চ ও পেন দেখে সরকারের খুব অবাক লাগছে কিন্তু এখানে যদি পাকিস্তানের হাজার গজ কাপড়, হাজার গজ লুঙ্গি এনে হাজির করা যেত তালে এত অবাক লাগতো না। আপনি ভেবে দেখুন এই যদি সেখানকার অবস্থা হয়—বর্ডার থেকে একটি পেন, একটি টর্চ যে কোন মানুষ পকেটে করে আনতে পারে, কিন্তু লরীতে লরীতে বোঝাই বোঝাই সমস্ত মাল এখানে চলে আসছে আপনাদের পুলিশের নাকের ডগা দিয়ে। আপনাদের সমস্ত ইনস্পেক্টাররা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে এবং এ নিয়ে এই হাউসে আমরা গত ৪ বছরে হাজার বার আলচনা করেছি। আমরা দেখছি আপনারা তার কোন প্রতিকার করেন নি। আপনাদের বর্ডার গার্ড, করেন নি এবং করবেন না। আজকে যখন এখানে একটা জিনিস এসে হাজির হয়েছে সে পাকিস্তানী হোক বা চীনাই হোক এটা বুঝতে কোন অসুবিধা হয়নি যে এটা চীনের জিনিস হলেও পাকিস্তান মারফত আসছে, নেপাল মারফত আসছে। এই রকম বহু জিনিস হামেসাই অনবরত আসছে যাচ্ছে। এটা দেখে কি মনে হয়? না, পশ্চিমবাংলায় কোন পুলিশী ব্যবস্থা নেই। তাই পুলিশ বাজেটের কথা বলতে গিয়ে যে জিনিস গুলি এখানে উঠেছে সেটা দেখে ভালই হল এবং দেখে আমার প্রথম এবং প্রধান কর্তব্য হল আজকে বলা যে পুলিশ মন্ত্রীর পদত্যাগ করা উচিত। কারণ তাঁর রাজ্যে এতটুক শৃঙখলা নেই বা নিয়ম নেই যা জন্য আজকে এই সমস্ত জিনিস অবাধে পশ্চিমবাংলায় আসতে পারে এবং এখান থেকে অবাধে চলে যেতে পারে। এত বার কথা বলা সত্ত্বেও আপনারা তার এতটুক ব্যবস্থা করতে পারবেন না? সুতরাং গর্ব প্রকাশ দুঃখের কথা, বরং লজ্জা প্রকাশ করা উচিত ছিল পুলিশ মন্ত্রীর এবং আমি আশা করি এর পরে তিনি বলতে গিয়ে সেটা আজকের বলবেন—এটাই হচ্ছে আমার বক্তব্য। মিঃ ডেপাটি স্পীকার, স্যার, আজকে পশ্চিমবাংলার সমস্ত বাজারে এতে ছেয়ে গেছে, এটা ভাব বার প্রশ্ন আপনি বুঝে দেখুন। এখানে বীরেন বাবুর কাছ থেকে জিনিষটা পাওয়ায় আজকে বহু কংগ্রেস সদস্য বলতে লাগলেন যে কোথা,

থেকে পেয়েছেন কার কাছ থেকে পেয়েছেন ইত্যাদি। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমা এখানে বক্তব্য হল এই ধরুন সেখানকার অবস্থা যদি এই হয় তাহলে কি হবে? স্যার আমরা এই হাউসের ভিতরে এই সব নমুনা দেখলাম—এটা নমঁ নায় ব্যাপার নয়, এমনি করে আসে এবং যায়। এখন প্রশ্ন হল মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেনএই অবস্থায় পুলি কি করবে? বর্তমানে পুলিশ এবং যে ব্যবস্থা আমরা জানি স্বভাবতঃই এই জিনিস যাদের হাতে যেখানে পাবে তারা সাধারণতঃ সেটা নিয়ে টানা টানি করবে। তাতে কি দাঁড়াবে, একটি সাধারণ লোক যে বাজার থেকে একটি পেন কিনেছে তাকে বলবে যে তুমি চীনের দালাল এবং তারপরে তার উপর পুলিশের রিপোর্ট করে তাকে নাস্তানাবুদ করা হবে। কিন্তু এই বর্ডার গার্ডরা বর্ডারে থাকা সত্বেও সরকারী ব্যবস্থা বানচাল হচ্ছে তার কোন প্রতিকার হয়নি এবং আমরা জানি তা হবে না আমি এখানে আর একটি কথা বলতে চাই যে পুলিশ ডিপার্টমেণ্টের এফিসিয়েন্সি বাড়ানোর জন্য আজকে এখানে জীপের কথা বলা হয়েছে। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, পুলিশের সম্বন্ধে বহু অভিযোগ থাকা সত্বেও আমি এটা মনে করি যে শান্তি এবং শৃঙখলা রক্ষার জন্য প্রত্যেকটা থানাতে অন্ততঃ মফঃস্বল অঞ্চলে একটি করে জীপ থাকা দরকার এবং সেই জীপের জন্য আজকে প্রায় ৩ কোটি টাকা ব্যয় হতে পারে। আমরা জানি এক সময় অবিভক্ত বাংলাদেশ ৩ কোটি টাকা পুলিশের জন্য ব্যয় হতো। কিন্তু আজকে মাত্র ১৩।১৪টি বাংলাদেশের জেলা। তার জন্য ১৫ কোটি টাকা পুলিশ বাজেটে ব্যয় হচ্ছে। কিন্তু থানায় থানায় এখন পর্যন্ত কেন জীপ দেওয়া হল না, এতদিনেও কেন দেওয়া হল না। পুলিশ মন্ত্রী তাঁর বক্তৃতায় তার জবাব দেননি। থানায় থানায় আজকে যদি জীপ না থাকে, আমরা জানি যে যেসমস্ত গুণগান পুলিশের করেছেন ছেলেধরা, ডাকাতি নিবারণ করা, তার চেয়ে অনেক বেশী কাজ করতো যদি কিনা আজকে পুলিশকে জীপ দেওয়া হতো। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আজকে আমরা জানি যে পুলিশের ব্যবস্থার মধ্যে দুর্নীতি কি পরিমাণ অবস্থায় রয়ে গেছে। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এই হাউস যখন চলছে এবং এতো আলোচনা যখন হচ্ছে তখন আমরা জানি মফঃস্বলে নয় এই কলকাতার বুকের উপর গতকাল বাগমারীতে যা ঘটেছে সেখানকার অ্যাসিড কারখানার মালিক, তারা রিপোর্ট করেছে, অভিযোগ করেছিল থানার বিরুদ্ধে, আজকে থানা প্রতিশোধ নিল স্থানীয় গুণ্ডাদের নিয়ে কারখানা ভেঙ্গে দিয়ে কারখানা লুট কোরে। এই যদি আজকে প্রকাশ্য দিবালোকে বেলা ১২ টার সময় ২৫।৩০ জন-গুণ্ডা নিয়ে করতে পারে তাহলে সাধারণ মানুষ দুর্নীতির বিরুদ্ধে কথা বলবে কোন ভরসায়? সাধারণ মানুষ তাদের সম্পত্তি নিয়ে সংসার নিয়ে কখনো সুখে নিরাপদে এখানে থাকতে পারে? সেই জন্য আমরা মনে করি আজকে পুলিশের ভিতরে যে বহু দুর্নীত রয়ে গেছে তা দূর করা প্রয়োজন। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, গতকাল লালবাজার থেকে একটি ওয়ারলেস নিয়ে গাড়ী যেতে পেরেছে কি? থানাতে খবর পাওয়া সত্বেও কেন সেখানে পুলিশ যেতে পারেনি? কেন যায়নি পুলিশ মন্ত্রী নিশ্চয়ই তা তদন্ত করে দেখবে এবং এই ভাবে পুলিশ যাদের কারখানা লুট করেছে ভেঙ্গেছে, তাদের হাতে প্রচুর গুণ্ডা এবং বদমায়েস লোক থাকে। সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা করে কমুনিষ্টদের মিটিং ভাঙ্গে এবং বিরোধিদলের মিটিং ভাঙ্গবার পরে সে নিয়ে পুলিশের দুর্নাম হয় এবং পরবর্তীকালে সাধারণ মানুষকে তারা গ্রেপ্তার করে নিয়ে আসে। কালকের জাজ্বল্যমান ঘটনা থেকে আমরা এটা পরিষ্কার ভাবে দেখতে পাচ্ছি। পুলিশে যে ভাল লোক নেই তা বলি না, বহু ভাল লোক আসে এবং তারা ভাল কাজ করে, পুলিশ ডাকাতি ধরতে পারে কিন্তু তবুও আমরা জানি এই পুলিশের মধ্যে ক্যালকাটা ট্রাফিক পুলিশের কাজ করা অত্যন্ত কঠিন। যত লক্কড় মার্কা গাড়ী আছে এই কলকাতাতে সেগুলি অবাধে চলে এবং প্রত্যেকটি মোড়ে ট্রাফিক পুলিশকে ৪ আনা করে পয়সা দিয়ে দিনে রাতে এই লক্কড় মার্কা গাড়ী চালায়। যাদের কাছ থেকে পসয়া নেয় তাদের গাড়ী অবাধে চলে যায় কলকাতা শহরের বুকের উপর দিয়ে এবং এই গাড়ীগুলিই হচ্ছে আজকে অ্যাকসিডেণ্টের কারণ। তার জন্য অ্যাকসিডেণ্ট বেশী হয় এবং পুলশ তা কণ্ট্রোল করতে পারে না এবং পুলিশ প্রতিটি মোড়ে ৪ আনা পয়সা ঘুষ নিয়ে এই ভাবে হাজার হাজার গাড়ী অবাধে ঘুরে বেড়ানোর সুযোগ দেয় এবং ট্রাফিক পুলিশ যারা আছে সমস্ত গাড়ি দেখলেই তারা চিনে এবং ঠিক মোড়টা পার হয়ে গিয়ে তারা ৪ আনা পয়সা প্রণাম দেয় এবং আবার চলতে পারে। এই হচ্ছে আজকের কলকাতার ট্রাফিক-এর অবস্থা।

[5-30—5-40 p.m.]

Shri Kumar Jagadish Chandra Sinha:

মানীয় সদস্য শ্রীবীরেন রায় ৩ জন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর চিঠির কপি এখানে উদ্ধৃত করেছেন। সি. বি. আই রিপোর্ট সম্বন্ধে লোকসভায় স্পীকার যে রুলিং দিয়েছেন তাতে বলেছেন যে কোন মাননীয় সদস্য কোন কনফিডেনসিয়্যাল ডকুমেণ্ট কোট করতে পারেন, তবে প্রথমে তার সার্টিফায়েড কপি গভর্নমেণ্টকে এবং মাননীয় স্পীকারকে দিতে হবে। এখানে মাননীয় সদস্য এরকম কিছু করেছেন কিনা আমি জানি না। সে সম্বন্ধে তিনি এখানে বলুন। যদি না বলে থাকেন এবং গভর্নমেণ্টকে যদি কপি না দিয়ে থাকেন, স্পীকারকে যদি না দিয়ে থাকেন তাহলে প্রসিডিংস থেকে যেন ওগুলো বাদ যায়, এই আমি অনুরোধ করব।

(Noise and interruptions)

Shri Apurba Lal Majumdar:

আমাদের এখানে এরকম কোন জিনিস নেই।

Personal Explanation

Shri Syed Kazim Ali Meerza: On a point of personal explanation. What Shri Birendra Narayan Ray has said is absolutely untrue. On Friday last Shri Kamal Kanti Guha raised a question. I requested the Speaker that the matter be taken into the Privilege Committee. I request you to take it to the Privilege Commitee.

[Noise and interruptions]

Mr. Deputy Speaker: Give it to me in writing. I shall see.

Shri Kumar Jagadish Chandra Sinha:

আপনার রুলিং কি হল জানতে পারলাম না।

Mr. Deputy Speaker:

আমার কাছে তিনি কোন সার্টিফায়েড কপি দেননি। আমি বিষয়টা পরে দেখব।

Shri Syed Kazim Ali Meerza:

আমি কালকে আমার প্রিভিলেজ মোসান মুভ করব—আশা করি আপনি আমাকে পারমিশান দেবেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয় পুলিশ সম্পর্কে আমি সামান্য কয়েকটা কথা বলবো যেগুলি আশা করবো খুব বিরোধীতার সম্মুখীন হবার প্রয়োজন হবে না, এই রকম কয়েকটা কথা বলবার চেষ্টা করবো। আমরা এটা জানি একটা বিশেষ সোস্যাল অর্ডার চাষ রক্ষা করবার জন্য পুলিশ কাজ করে এবং 'সেই সোস্যাল অর্ডার যে রকম হবে স্বাভাবতই পুলিশ বিভাগ এই সরকারকে সন্তুষ্ট করবার জন্য কাজ করবে। এই কথা যদি প্রফুল্লবাবু জোর গলায় বলেন আমাদের পুলিশ ট্রাফিকএ কি রকম কাজ করছে পুলিশ চোর ধরছে, আমাদের পুলিশ এন এনফোর্সমেণ্ট ব্যাপারে কাজ করছে, এস্ ডি ও. কাজ করছে তাহলেও হয় না এই সমস্তর জন্যই তো তাদের নিয়োগ করা হয়েছে। এই সমস্ত সাধারণ কতকগুলি কাজ যা তাদের

করণীয় তার জন্য আমাদের পিপলএর টাকা ব্যয় হচ্ছে। কিন্তু প্রসংগ হচ্ছে তাদে প্রধানত কোন শক্তিকে রক্ষার জন্য ব্যবহৃত হচ্ছে সেটা হচ্ছে কথা আমরা যারা বিরোধী দলে আছি আমাদের অভিযোগ সে দৃষ্টিভঙ্গী থেকে পেস করে থাকি। এই কথা যদি বলা হ বহু জায়গায় বহু জিনিষ ঘটছে অন্যায় আছে ন্যায় আছে,। পুলিশ এবং মধ্যে দুর্নীতি আছে ভাল লোকও আছে হলেও হয়। কিন্তু বক্তব্য হচ্ছে আমরা দেখছি যে ১৭ বৎস ধরে একটা শ্রেণী স্বার্থ রক্ষা করবার জন্য পুলিশ কাজ করছে এবং একটা কায়েমেমী স্বার্থকে রক্ষা করবার জন্য পুলিশ আছে অর্থাৎ তাদের পাহারাদার হিসাবে পুলিশ নিস্ক্রিয় হচ্ছে। যার শ্রমিক আন্দোলন কৃষক আন্দোলন, ইত্যাদিতে কাজ করে তাদের দৈনন্দিন অভিযোগ হচ্ছে পুলিশ নিযুক্ত হচ্ছে একটি বিশেষ শ্রেণীস্বার্থ রক্ষা করবার জন্য । আমার বাড়ীতে চুরি হল চোর ধরলো সেটা একটা ভয়ঙ্কর ব্যাপার নয়, ভয়ঙ্কর হচ্ছে যে ভারতবর্ষে ধীরে ধীরে যে একটা ক্যাপিটালিস্ট শ্রেণী গড়ে ওঠার চেষ্টা করা হচ্ছে পুলিশ তাকে সাহায্য করছে। এবং যারা সমাজতান্ত্রিক আন্দোলন গণতান্ত্রিক আন্দোলন মধ্যবিত্তের আন্দোলন কৃষক সম্প্রদায়ের আন্দোলন ট্রেড ইউনিয়ন আন্দোলন যারা করে পুলিশ তাদের বিরুদ্ধে দাঁড়ায়। আমাদের প্রধান দৃষ্টিভঙ্গী হচ্ছে গণতন্ত্রকে ফ্রি এবং ফুল প্লে করতে দেওয়া যাতে শ্রমিক মনে করতে পারে এই ধরণের শাসন ব্যবস্থায় তার একটা অধিকার আছে। আমাদের দেশের মানুষ যারা কৃষক আন্দোলনকে সংগঠিত করে, জমিদারী প্রথা উচ্ছেদের জন্য কি ভাবে আদের দেশে অর্থনৈতিক স্বাতন্ত্র রক্ষা হতে পারে তার জন্য যারা আন্দোলন করে আমরা প্রধানত দেখেছি তাদের বিরুদ্ধে পুলিশ বাহিনীকে নিযুক্ত করা হয়েছে। এটাই হল বাস্তব অভিজ্ঞতা। হয় তো মন্ত্রীমহাশয় আর একটা কথা জেনে রেখে দিন যে ট্রেড ইউনিয়ান আন্দোলনে বর্তমানে ডি আই আর ঘটনার পর একটা নূতন রূপ নিয়েছে।

[5-40—5-50 p.m.]

আই. বি. ডিপার্টমেণ্ট-এর লোক কারখানার মালিকের কাছে গিয়ে বলে যে আপনাদের এখানে যে ট্রেড ইউনিয়ন আছে সে ট্রেড ইউনিয়নএর নেতাকে এবং তার নাম কি সেই ট্রেড ইউনিয়নএর নেতাদের বিরুদ্ধে মালিককে তারা রিপোর্টটি দিতে বলেন যাতে তারা ধরতে পারেন। ধরতে চাইবার জন্য গোপনে মালিকের কাছে যাওয়া হয় এবং বলা হয় যে রিপোর্ট দিতে হবে, এমন বহু মালিক আছে যা এই ভাবে কাজ করতে চাননা, কিন্তু স্বভাবতই যে ট্রেড ইউনিয়ন আছে এবং সে ট্রেড ইউনিয়ন আন্দোলন যারা করছে তাদের বিরুদ্ধে মালিক এগিয়ে আসেন এই ভাবে আমাদের অনেককে ডি. আই. আর.এ গ্রেপ্তার করা হয়েছে আমি মলিকদের নাম দিতে প্রস্তুত নই। আমি জানি কালী ঘোষকে এইভাবে গ্রেপ্তার করা হয়েছে, আমরা শুনছি যে মালিকের কাছ থেকে রিপোর্ট নিয়ে এসে পুলিশ করে কত ভাবে তাদের প্রচার করবার চেষ্টা করছেন, এইভাবে যদি আপনাদের পুলিশ দিতে হয় সে পুলিশকে আমরা ঘৃণা করি এই কথাটা খুব বিতর্কের বিষয় নয় আমরা দীর্ঘকাল যাবৎ বলে আসছি ট্রেড ইউনিয়ন আন্দোলনের কথা বাদ দিন যে কোন লোক যদি সাধারণভাবে দরিদ্র হয় তাহলে কি যে ইকোয়াল ইন দি আই অফ ল হয় তা হয় না এটা একটা কেতাবী কথা, কিন্তু বাস্তব জীবনে কি হয় যার পয়সা আছে যে ধনী তারই থানায় রাজত্ব। একটা কৃষক শ্রমিক থানায় গিয়ে ডাইরী করতে পারে না. কোন কেস (ই) করা হয় না একটা সিম্পেল ডাইরী করতে তারা ভয় পান, কোন ভদ্রলোক এদিকে যান না কোর্ট ইনস্পেক্টরকে টাকা না দিলে, আমার যদি জেল হয় সে খবর বলবার জন্যও টাকা দিতে হয়, কোন ভদ্রলোক সি. আই.কে টাকা না দিলে ডাইরী হয় না। এই ভাবে আপনাদের পুলিশ বিভাগ কাজ করে যাচ্ছে এবং এই পুলিশ বিভাগকে আপনারা প্রয়োগ করছেন। সমাজ তান্ত্রিক শক্তি শ্রমিক আন্দোলন ইত্যাদির জন্য যারা কাজ করছে তাদের কি পরিমাণ বাধা দেওয়া যায় এটাই হচ্ছে দৈনিক ঘটনা, তারপর আমি কোন মিটিং করতে পারব না, মিটিং করবার জন্য পুলিশের কাছে যেতে হবে। মাইকের পারমিশন নিতে হবে, পুলিশের কাছে পারমিশন নিতে গেলে পুলিশ বলবে যে যার মাঠে করছ তার পারমিশনও তারপর হয়ত বলবে হয়ত দলিল নিয়ে এস, এই ভাবে আপনাদের পুলিশ বিভাগে কাজ করছে, এই ভাবে পলিটিক্যাল অপোনেণ্ট আর ওয়ার্কিং ক্যাপিট্যালিস্ট ফোর্স ওয়ার্কিং

তারপর কাজ করছে তাদের কি ভাবে জবদ করা যায় রাষ্ট্রশক্তি এই ভাবে ব্যবহার করছে এবং ডি. আই. আরএ সুবিধা নিয়া মালিকের কাছে ঘৃণ্য ভাবে গিয়ে রিপোর্ট আদায় করছেন এবং মালিকের কাছে বলছেন যে রিপোর্ট দিন আমরা ধরতে চাই কারণ গভর্নমেণ্ট এবং পুলিশ হচ্ছে ট্রেড ইউনিয়নস্ট দের ধরা কমিউনিস্টদের ধরার ব্যবস্থা হচ্ছে পুলিশএর দ্বারা সেই পুলিশের জন্য যে বাজেট তাকে প্রত্যাখ্যান করি।

Shri Anadi Das:

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে বাজেটের বিতর্কে পুলিশের দুর্নীতি, পুলিশের অযোগ্যতা পুলিসকে দলীয় স্বার্থে ব্যবহার করবার বহু কথা বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে, এ সব সত্ত্বেও আমাদের পুলিশ মন্ত্রী বা মুখ্য মন্ত্রী পুলিশের সেসব খুব প্রশস্তি গাইলেন। এসব যে তিনি জানেন না তা নয়। এই সবের পেছনে একটা উদ্দেশ্য আছে সেটা হচ্ছে চোখে চোখে মাস্তুতোভাই অর্থাৎ তোমার পিঠ আমি চুলকাই তুমি আমার পিঠ চুলকাও। এটা যদি না হয় তাহলে হ্যাভস এবং হ্যাভস নট এই সম্প্রদায়ের মধ্যে যে সংগ্রাম চলছে -সে সংগ্রামে ভোগী সম্প্রদায়কে কি ভাবে প্রতিষ্ঠা ,করানো যায় তারই চেষ্টা চলছে। এজন্য সমস্ত জিনিষ জানা সত্ত্বেও পুলিশ এর প্রশস্তি গাইলেন এবং আজকে তাঁরা পুলিশ রাজ তৈরী করলেন। এটা থেকে মনে হচ্ছে গভর্নমেন্ট রাজ চালাচেছন না পুলিশ রাজ চালাচেছন তা জানি না।

স্যার, একটা ঘটনা আপনার কাছে দিচ্ছি। ৬ই জুন ১৯৬০ সালে একজন ক্লাসিফায়েড পার্সোনেল পুলিশ কমিশনারের কাছ থেকে এবং অন্যদের কাছ থেকে সাহায্য চাইলেন। এঁদের পলিসি আছে যে কোন কনভিকটেড লোক যদি ছাড়া পায় এবং ছাড়া পাবার পর সে যদি জীবনে প্রতিষ্ঠিত হবার জন্য সাহায্য চায় তাহলে তাকে সাহায্য দেওয়া হবে। সে নানা জায়গায় ঘুরে ঘুরে শেষ পর্যন্ত সুপারিশ আদায় করল তার চরিত্র সম্পর্কে। সুপারিশ করলেন কংগ্রেসের সদস্যবৃন্দ শ্রীঅশোক কৃষ্ণ দত্ত, শ্রীমতী বিভা মিত্র, শ্রীমতী পরবী মুখার্জী এবং এছাড়া এই বিধান সভার আরো অনেক সদস্য তাকে প্রতিষ্ঠিত করবার জন্য সুপারিশ করলেন যে তাকে সুযোগ দেওয়া হোক, সাহায্য দেওয়া হোক। সেই সাহায্য পুলিশ রিপোর্টের জোরে পুলিশ যেহেতু তার উপর অসন্তুষ্ট সেহেতু তাকে দেওয়া হল না। আমরা স্যার, জিজ্ঞাসা করি একজন মন্ত্রীর কথার উপর পুলিশ সেটাকে কিভাবে অগ্রাহ্য করে? সুতরাং এটা কি বলা যায় এটা গভর্নমেণ্ট রাজ চলছে, না, এটা পুলিশ রাজ চলছে আর একটা কথা এখানে উল্লেখ করতে চাই সেটা হচ্ছে পরিতোষ দে সম্বন্ধে। এই বিধান সভায় তাঁর ঘটনা আমি বলেছিলাম প্রফুল্ল বাবুর প্রাইভেট ফিজিসিয়ান সরসী মুখার্জী বলঘোরিয়াতে রিফিউজীদের জন্য তৈরি করা যে কোয়ার্টার্স তা নানাভাবে ব্যক্তিগতভাবে আত্মসাৎ করতে চান। সেখানে এই পরিতোষ বাবু ননা কাজে গিয়ে উপস্থিত হয়ে সেই কাজে ব্যাঘাত সৃষ্টি করেন। সেজন্য সরসী বাবুর অনুরোধে প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের নির্দেশে পুলিশ তাঁকে ডি আই আর ও গ্রেপ্তার করে রাখলেন। তারপর ছাড়া পেয়েছেন তিনি তাঁর এই গ্রেপ্তারের সম্বন্ধে তিনি জিজ্ঞাসা করেছেন, আমরা জিজ্ঞাসা করেছি, ত্রিগুণা সেন পর্যন্ত জিজ্ঞাসা করেছেন, পুলিশ বলেছে আমরা লজ্জিত। এইভাবে প্রফুল্লবাবুর কথা মত পলিশ চলে। অথচ আজকে সাধারণ পুলিশ যারা কনস্টেবল তাদের যে মাইনে দেওয়া হয় তাতে তাদের চলে না, তারা দুর্দশাগ্রস্ত তারা পুলিশ হলেও কমন ম্যান থেকে তারা এসেছে, তাদের সংসার দুঃখ দুর্দশার জর্জরিত, প্রত্যেকের স্বার্থ আজ এক হয়ে গেছে। কিন্তু যেহেতু তারা সরকারী কর্মচার সেহেতু পুলিশকে সাধারণ মানুষ যখন দাবি দাওয়ার আন্দোলনে এগিয়ে যায় তখন তাদের বিরুদ্ধে লেলিয়ে দেওয়া হয়, লেলিয়ে দিয়ে তাদের গ্রেপ্তার করা হয়, আন্দোলনকে দমন করা হয়। এই যে খাদ্যের দাবিতে আন্দোলন হয়ে গেল সেই সময় বহু লোককে বন্দী করা হয়েছে। পুলিশ যদি সেই সময় বলে যে এই খাদ্যের দাবি আমাদেরও দাবি, এরা যে আন্দোলন করছে এই আন্দোলন আমাদেরও আন্দোলন, এরা যে আন্দোলন করছে এটা গণতান্ত্রিক আন্দোলন, আইন শৃংখলা এরা ভঙ্গ করেনি, তাঁর সেই ভয় আছে, এবং সেই ভয় আছে বলে তিনি পুলিশকে এত তোয়াজ করেন। তাঁর এইভয় আছে যে হ্যাভস এর বিরুদ্ধে হ্যাভ নটস এর যে সংগ্রাম সেই সংগ্রামে পুলিশ যুক্ত হয়ে যেতে পারে এবং যুক্ত যদি হয়ে যায় তাহলে তাঁদের রাজত্ব আর চলবে না।

[5-50—6 p.m.]

তাই সে কথা জানা সত্ত্বেও এই ভাবে পুলিশের প্রশস্তি আমাদের মুখ্যমন্ত্রী করেছেন এখানে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস কি ভাবে প্রযোজ্য হচ্ছে তার বহু নিদর্শন আছে। অনেকে বলেছেন আমিও তার একজন অনেকবার বলেছি সে মামলা চলেছে খাদ্য আন্দোলনের। একটিমাত্র কথা জিনিষের দর বাড়ছে। তোমরা বেশী দর দিও না। ন্যায্যমূল্য দেওয়া সেখানে কংগ্রেসের চক্রান্ত এবং ধনী ম্যানেজারের চক্রান্ত মিথ্যা সাক্ষ্য দিয়ে সেই কেস নিয়ে আসা হলো এবং সাক্ষীদের জোর করে কোর্টে টেনে নিয়ে যাওয়া হলো। যদি তোমরা কোর্টে না যাও বিপদ হবে—এই ভাবে ভয় দেখিয়ে সাক্ষীদের কোর্টে টেনে আনা হয়। কাদের স্বার্থে পুলিশ এই কাজ করে? সেখানে যারা কংগ্রেসী পাণ্ডা, বাজারের যারা মালিক তাদের স্বার্থে, বাজারের যে সমস্ত অন্যায় আছে, ম্যানেজারের চক্রান্তের বিরুদ্ধে যারা লড়াই করতে যায়, এই সমস্ত আশ্বাসকে রূপ দেবার জন্য যায়, তখন তাদের বিরুদ্ধে পুলিশকে ব্যবহার করা হয়। এইভাবে হ্যাভস অ্যাণ্ড হ্যাভ নটস বাংলাদেশে অনেকদিন সেকথা শোনা যায় না—ভোগী সম্প্রদায় ও অভোগী সম্প্রদায় এই দুটো সম্প্রদায়ের সম্পর্ক পরস্পর ওয়ার্নিং হয়ে রয়েছে, সব সময় পরস্পর লড়াই করে চলেছে। সেই জন্য এই দুর্নীতি বড়লোকেরা গিয়ে কংগ্রেসের অফিসে আড্ডা জমায়। আর গরীব লোক লড়াই করে চলেছেন—অন্যায় অত্যাচারের বিরুদ্ধে। আর মালিকরা তাদের ধরে ধরে নিয়ে যায়, পুলিশ নিয়ে আসে গরীব শ্রমিকদের ধরবার জন্য। দারিদ্র্যের বিরুদ্ধে, অন্যায়ের বিরুদ্ধে যে আন্দোলন, সে আন্দোলন এই ভাবে ধনী মালিকদের চক্রান্তে বন্ধ হয়ে যায়। প্রতিনিয়ত এটা চলছে।

আজকাল চোলাই মদে দেশ ছেয়ে গেল ইট হ্যাজ বিকাম এ কটেজ ইণ্ডাস্ট্রি অলমোস্ট। প্রত্যেকটি থানার পাশে চোলাই মদ তৈরী হচ্ছে। গন্ধে সে রাস্তা দিয়ে যাওয়া যায় না। এত পুলিশ রয়েছে অথচ এই চোলাই মদের কারখানা কি করে চলে? কি করে এটা কটেজ ইণ্ডাস্ট্রি হয়ে যায়? সমাজের এই সমস্ত দুষ্কৃতকারীরা কংগ্রেস নেতাদের পেছন পেছন ঘুরে বেড়ায়। কংগ্রেস নেতারা তাদের উৎসাহ দেয় যাতে তারা ভবিষ্যৎ প্রয়োজনের সময় কাজে লাগে। আমি নিজে মিটিংএর জন্য মাইকের পারমিসন চেয়েছিলাম হাওড়া থানার ও. সি.র কাছে। তিনি মাইকের পারমিসান আমায় দিলেন না। একটি অজুহাত দিলেন সেদিন সরস্বতী পূজা। আমি মিটিং করতে গিয়েছিলাম যেখানে সেটা মুসলমান পাড়া। সেখানে সরস্বতী পূজা ছিল না। এই ভাবে নানারকম অজুহাত দেখিয়ে মিটিং না করতে দেওয়াই হচ্ছে পুলিশের কাজ। দরিদ্রদের সংহত করার শক্তি ক্রমাগত কোনঠাসা করা—এই হচ্ছে পুলিসের নীতি। সেই জন্য আমি এই পুলিশ বাজেটের বিরোধিতা করছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, পুলিশ দপ্তরের অসংখ্য অপকীর্তির কথা আমরা বহুবার বিধান সভায় উত্থাপন করেছি। কিন্তু এবার জনসাধারণকে প্রতারণা করবার জন্য। কংগ্রেস তার নিজের রাজনৈতিক দলীয় স্বার্থ চরিতার্থ করবার জন্য, চোরাকারবারীদের ও সমাজ বিরোধী ব্যবসাদারদের অতিরিক্ত মুনাফা লুট করবার জন্য যে জঘন্য চক্রান্ত আজকে ইতিহাস রচনা করে চলেছে—বস্তুতঃ শ্রীসেনের কৃতিত্ব, পুলিশ বাহিনী চোরাকারবারীদের প্রোটেকসান দেবার জন্য তিনি নিয়োজিত করছেন। চোরাকারবারীদের সমাজ বিরোধী কার্যকলাপ দুর্নীতির পথে অতিরিক্ত মুনাফা সঞ্চয় যাতে তারা করতে পারে তার জন্য পুলিশ বাহিনী নিয়োগ করা হচ্ছে। আমি স্যার, একটি উদাহরণ এখানে তুলে ধরছি। সদাচার সমিতি সম্পর্কে একটু আগে আমাদের অন্যান্য বক্তারা বলেছেন যে মানিকতলায় যে ঘটনাটা ঘটে গেল যেহেতু সদাচার সমিতি মানিকতলার পুলিশের বিরুদ্ধে এমন রিপোর্ট পেশ করেছিল যে সেই জন্য পুলিশ কোন রকম সাহায্য তাদের দেয়নি, গুণ্ডাদের হা থেকে বাঁচায় নাই। ওখানে একটি ঘটনা যেটা একটি কনসার্ন—মেসার্স স্টীল প্রোডাক্টস লিমিটেড, ৯৬, গার্ডেন রীচ রোড, ক্যালকাটা-২৩ যার বিরুদ্ধে সদাচার সমিতি ৯ই জুন তারিখে ও ২০শে জুলাই তারিখে....

স্যার, এই কোম্পানী বিভিন্ন স্টীল কোটা নিয়ে এসে, মাল তৈরী না করে, ফলস মার্ক দেখিয়ে বিভিন্ন ফিক্টিসাস কোম্পানীর নামে সেই মাল বিক্রি করা হয়েছে এই রকম মিথ্যা

হিসেব দেখিয়ে প্রায় ২ কোটি টাকা লুটে নিয়েছে।মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় সদাচার সমিতির কাছে লিখিত তথ্যের বা দরখাস্তের কপি আমার কাছে রয়েছে এবং তাতে দেখলাম হাওড়া এং কোলকাতার যে সমস্ত ফিক্‌টিসাস্‌ কোম্পানীর নাম, তাছে তারা ইহিহাসে কোনদিন ছিল এবং আজও নেই। এই সমস্ত কোম্পানীরনাম ঠিকানাদিয়ে ২ নম্বর খাতায় যে ধরণের হিসেব রাখা হয়েছে তার সমস্ত তথ্যসহ নিজের নিরাপত্তাকে বিপদে ফেলে তিনি সদাচার সমিতির কাছে লিখলেন। তাঁদের কাছ থেকে উত্তর এল, তোমার কাগজপত্র মুখ্যমন্ত্রীর দপ্তরে পাঠান হয়েছে, তুমি তাঁর সেক্রেটারীর সঙ্গে যোগাযোগ কর। তারপর তিনি মুখ্যমন্ত্রীর সেক্রেটারীর সঙ্গে দেখা করতে গেলেন, কিন্তু তিনি তাঁর সঙ্গে দেখা করলেন না। মুখ্যমন্ত্রী জুলাই মাসের গোড়ার দিকে সদাচার সমিতির কাছ থেকে রিপোর্ট পেলেন। স্যার, ২ কোটি টাকা অতিরিক্ত লাভের অংকের হিসেব করে বিভিন্ন তথ্য সহকারে তাঁর কাছে পেশ করা সত্বেও তাদের বিরুদ্ধে এতটুকু তদন্ত করা হোল না, বরং সেই ভদ্রলোক যিনি এই অভিযোগ করেছিলেন পুলিশের সমস্ত আক্রোশ গিয়ে পড়ল তার উপরে এবং মিথ্যা মামলায় জড়িয়ে লালবাজার নিয়ে গিয়ে ১৪ দিন ধরে সেলের ভেতর বন্ধ করে রেখে তার উপর নির্মম অত্যাচার চালান হোল। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেই অত্যাচারের কাহিনী আমি আপনার সামনে রাখছি। আমি শুনেছি এবং প্রমাণও দেখলাম যে সিগারেট-এর আগুণ লাগিয়ে তার নখগুলি পোড়ান হয়েছে। তাকে বলেছে, তুমি যেসব অভিযোগ করেছো এগুলি মিথ্যা বলে লিখে যাও এবং তোমার কাছে যেসব সাক্ষ্য প্রমাণ আছে সেগুলি নষ্ট করে দাও এবং এরজন্য তার নখগুলি সিগারেটের আগুণে পুড়িয়ে দেওয়া হয়েছে। স্যার, আপনি অবাক হয়ে যাবেন চোরাকারবারীদের সমর্থন করবার জন্য ডি. ডি. অফিসের সামনে দাঁড়িয়ে এরকম কাণ্ড করেছে। সদাচার সমিতির কাছে তথ্য দিয়েছে বলে তাদের সঙ্গে এই যে নিষ্ঠুর ব্যবহার করেছে এটা কংগ্রেস রাজত্বেই হতে পারে। স্যার, আমি ভাবতেও পারি না পি. সি. সেন এত নীচে কাজে নেমে গেছেন। তাঁর কাছে দরখাস্ত গুলি সদাচার সমিতি পাঠান সত্বেও কেন এরকম করা হোল? এর কারণ হচ্ছে এই স্টীল প্রাডাক্ট লিমিটেড-এর অন্যতম ডাইরেক্টর হোল কংগ্রেসী এম. এল. সি. গজানন খৈতান। স্যার, যখন সেই ভদ্রলোককে সেলের মধ্যে মারা হচ্ছে, তাঁর নখগুলি সিগারেটের আগুনে পুড়িয়ে দেওয়া হচ্ছে তখন খৈতান বংশের ছেলেরা, উচ্চপদস্থ কর্মচারীরা সেলের মধ্যে ছিল এবং ইনভেস্টিগেসন অফিসার নখগুলি পুড়িয়েছে। শুধু তাই নয়, পি. কে. সেন-এর সামনে এই অত্যাচার ১৪ দিন ধরে চলেছে এবং খৈতান বংশের ছেলেরা সেটা উপভোগ করেছে এবং বলেছে সব সাক্ষ্যপ্রমাণ নষ্ট করে দাও। এই যে অত্যাচার এটা নাতসী অত্যাচারকেও ছাড়িয়ে গেছে এবং এঁরা চোরাকারবারীদের কাছে, খৈতানের কাছে দাসখৎ লিখে দিয়েছে। স্যার, আমি কংগ্রেস সরকারকে চ্যালেঞ্জ করছি এবং পি. সি. সেন-এর যদি সততা থাকে, মানবতা থাকে তাহলে তাঁর আছে আবেদন করছি, বিধান সভার মাননীয় সদস্যদের মনুষ্যত্ব বিবেক এবং চারিত্রিক দৃঢ়তার কাছে আবেদন করছি যে, খৈতানের চোরাকারবারের ব্যাপারে, স্টীল প্রডাক্ট-এর চোরাকারবারের ব্যাপারে উচ্চ পর্য্যায়ে একটা কমিটি নিয়োগ করুন এবং আমি যদি সেই কমিটির সামনে সমস্ত দায়িত্ব নিয়ে প্রমাণ করতে না পারি তাহলে বিধানসভার সদস্যপদে ইস্তফা দেব।

[6—6-10 p.m.]

তবু আমি চাই শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন নিজে তদন্ত করুন, উচ্চ পর্য্যায়ের কমিটি নিযুক্ত করুন, তা না হলে বুঝবো তাঁর বলার কিছু নাই, শুধু নিজের দলের জন্য নিজের দলের স্বার্থে চোরাকারবারীদের প্রশ্রয় দিয়ে কনাইভেন্স করে আজকে বাংলাদেশের শাসন করার চেষ্টা করছেন। আমি এই অভিযোগ করছি যে আপনারা যে নির্মম অত্যাচার এর কলঙ্কিত ইতিহাস রচনা করেছেন পৃথিবীর বুকে তার তুলনা কোন দিন মিলবে না। আমি আর একটা ঘটনা আপনার সামনে তুলে ধরতে চাই। সে ঘটনা হচ্ছে অপ্রকাশ্যভাবে পিছন দিক থেকে ডি ডি পুলিশ লাগিয়ে চোরাকারবারীদের সমর্থনে অন্যের উপর অত্যাচার করার। গত ৫ই ফেব্রুয়ারী তারিখে ক্যালকাটা গেজেটে বেরিয়েছে এ্যান্টি প্রফিটিয়ারিং এ্যাক্ট অনুসারে সমস্ত ডালের দর বেঁধে দিয়েছেন, স্টেট্‌সম্যান কাগজে বেরিয়েছে এবং অন্যান্য কাগজেও পাবলিসিটি দেওয়া হয়েছে। কোন ডাল ১.২৫ থেকে ১.৩০ টাকার বেশী দরে বিক্রী করা চলবে না। মাননীয় ডেপটি স্পীকার মহাশয়, আপনার

কাছে ওরিজিন্যাল ক্যাশমেমো তুলে ধরতে চাই, এই যে কটো স্টেট কফি এটা আমি আপনার কাছে দিচ্ছি টেবিলের উপর, এতে দেখা যাবে ৫ই তারিখে আইন করে দিয়েছেন ডালের দর বেঁধে দিয়েছেন, কিন্তু প্রকাশ্যভাবে কতকগুলি প্রতিষ্ঠান এই অর্ডারকে লাথি মেরে ভাইওলেট করে কাজ চালাচ্ছে। নফর দুলাল শ্রীমানি, ক্যাশমেমো নম্বর ৩১৯৭, তারিখ ২৪।২।৬৫। ফিক্সড রেট হচ্ছে ১.২৫ পসয়া কিন্তু তিনি বিক্রী করলেন ১.৪০ টাকা দরে কি লজ্জার কথা দেখুন এই ঘটনা প্রকাশ করার সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রীর দপ্তরে গিয়ে ২৬ তারিখে জনসাধারণ দরখাস্ত দিয়েছে এবং সেই দরখাস্তের অনুলিপি আমার কাছে আছে। এই ভাবে বেশী দর নিয়েছে এবং সেই দরখাস্তের অনুলিপি আমার কাছে আছে। এই ভাবে বেশী দর নিয়েছে নির্ধারিত দর থাকা সত্ত্বেও, তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী মহাশয় নীরব, তার বিরুদ্ধে কোন অ্যাকশান নেওয়া হয়নি, নফর দুলাল শ্রীমানির বিরুদ্ধে কোন পুলিশী ব্যবস্থা গ্রহণ করেন নি বরং ডি ডি তাকে শাসিয়েছে তোমরা কেন এতে নাক গলাচ্ছ, যদি নাক গলাও তাহলে তোমাদের ডি আই রুলে দেব। যারা চোরাকারবারীদের বিরুদ্ধে সরকারের কাছে নালিশ করবে, তাদের দমন করবার জন্য বলবে, তাদেরই ডি. আই. রুলে আটাকান হব। মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত দেওয়া সত্ত্বেও আপনি কোন ব্যবস্থা অবলম্বন করেন নি, দরখাস্ত যে নিয়েছেন সেই রসিদ আমার কাছে রয়েছে, দরকার হলে আমি সেই রসিদ আপনার কাছে দাখিল করবো। আমরা কি দেখলাম দর বাঁধা সত্ত্বেও সেই দরকে এরা লাথি মারলো, আপনারই দপ্তর চোরাকারবারীদের সমর্থন করতে আসে, আজকে তাই পশ্চিম বাংলার মানুষ বুঝতে পারছে, পুলিস, বাহিনী চোরাকারবারীদের দমন করবার জন্য নয়, চোরাকারবার যাতে ভালভাবে চলতে পারে তার জন্য যে এক শ্রেণীর মানুষ চেষ্টা করছে সেই সাহস তারা কোথায় পেল। এই জন্য পেল, এই যে ডাল তারা এনেছে সেটা এনেছে হিন্দ সুগার কোম্পানীর অন্যতম যে ডিরেক্টর শ্রীসেনের বন্ধু প্রভুদয়াল দাব্রিওয়ালার কাছ থেকে, তার বিরুদ্ধে হিন্দু সুগার কোং সম্পর্কে বিধান সভায় বহুবার আওয়াজ উঠেছে, সেই প্রভুদয়াল দাবিওয়ালা নাকি বলেছেন, শ্রীমানি হচ্ছেন তার কমিশন এজেন্ট, যেই আসুক, পুলিশই আসুক আর যেই আসুক, দাব্রিওয়ালার ডাল যে কোন দরে বিক্রী হবে, তাকে বাধা দেবার পশ্চিম বঙ্গে কেউ নাই। এই রকম দম্ভ প্রকাশ করে শ্রীদাব্রিওয়ালা, শ্রীসেন যার বন্ধু যার প্রিয়ভাজন, যার বশংবদ। এক শ্রেণীর চোরাকারবারী আদুরে ব্যবসাদার আছে যারা প্রফুল্ল সেনের পক্ষপুটে থেকে ব্ল্যাক মার্কেটিংএর পথে দুর্নীতির পথে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা আদায় করছে, তাদের বিরুদ্ধে যত দোষই তারা করুক যেহেতু কংগ্রেস অফিসে আছে, কোন ব্যবস্থাই অবলম্বন করতে পারেন না। সেই তথ্যই আমি প্রমাণসহ উৎথাপন করছি।

যদি তাঁর এতটুকুও সততা থাকে তাহলে প্রফুল্ল চন্দ্র সেন এই ঘটনার পর পদত্যাগ করবেন তবে আমি খানিকটা বুঝতে পারব তার মধ্যে এতটুকু চারিত্রীক দৃঢ়তা আছে সেই পদত্যাগ আমি চাইছি কিন্তু আমি এনকোয়ারী করে মিথ্যা প্রমাণিত হয় আমি তারা দায়িত্ব নিচ্ছি একটু আগে হাউসএর মধ্যে একটা বিরাট কমোসন দেখা গেল। কারণ একজন মাননীয় সদস্য একটা টর্চ লাইট আর একটা চীন থেকে উৎপাদিত একটি কলম এখানে প্রোডিউস করেছেন। সকলেই জানে যে প্রতিদিন লক্ষ লক্ষ টাকার এই চীনা গুডস সেই কলকাতা শহরে বাগরি মার্কেটে আসে কেননা জানে যে লালবাজার তাদের সঙ্গে প্রকাশ্য ভাবে জড়িত ওদের কাছ থেকে হপ্তা আদায় করে নিয়ে আসে। চাইনিজ মাল সেখান থেকে নিয়ে আসে। শিলিগুড়ি থেকে, পূর্ণিয়া থেকে, ভারতনগর থেকে ইউ পি বিহার, নেপাল থেকে, শিলিগুড়ির মাধ্যমে পাকিস্তান থেকে প্রতি মূহূর্তে যে সমস্ত লক্ষ লক্ষ টাকা পাচার হয়ে আসছে শুধু ঐ পেনও 'টর্চলাইট' নয় তার সঙ্গে আরো প্রচুর মাল আসছে যেমন, টেরিলিন, টুথপেস্ট, ট্রাঞ্জিস্টার রেডিও, সিগারেট লাইটার, ওয়াচ, মেডিসিন, এই সমস্ত জিনিষ প্রতিদিন রাত দশটার সময় সেখানে আসে এক থেকে দু লক্ষ টাকার মাল সেখানে প্রতিদিন চোরাকারবারীতে চলে সমস্ত ভারতবর্ষ ছেয়ে ফেলছে আজকে আমাদের পুলিশ দপ্তর তাঁরা চুপ করে নেই তারা বন্দোবস্ত করে নিয়েছে চোরাকারবার কারবারীদের সঙ্গে। এদের সঙ্গে আপনাদের দলীয় লোক সংশ্লিষ্ট আছে যার জন্য কোন এ্যাকসন বা তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরওয়ানা হবে না। আবার এরাই চীৎকার করেন। আমি দেখছি প্রতিদিন এই চোরাকারবারীর দল আপনাদের গ্রাস করছে। আপনারা তাদের প্রশ্রয় দিচ্ছেন, তাঁদের বড় করে তুলছেন। শুধু তাই নয় সমস্ত দপ্তরে দপ্তরে

আমি ঘুরেছি সেখানে কীভাবে যে করাপসান চলছে কিভাবে নেপোটিজম চলছে আমাদের এই যে পুলিশ ডাইরেকটরেট সেই পুলিশ ডাইরেক্টরেটএ যারা বসে আছেন তারা প্রত্যেকেই নেপোটিজম অ্যাণ্ড করাপটেড সেখানে যে বি. সি. ব্যানার্জি. পি. সি. মুখার্জী এই অফিসাররা প্রতিনিয়ত যেভাবে গভর্নমেণ্টএর টাকা অপচয় করছেন। আমি একটা ইনসটেন্স দিচ্ছি যেমন ধরুন বি. সি. ব্যানার্জী ঐ এস ও পুলিশ ডাইরেক্টরেট এই যে ওয়ারলেস সম্পর্কে যে ঘটনার কথা বললেন যে ভারত বর্ষের ভেতর আমাদের কলকাতার ওয়ারলেসএর মত এত ভালো আর কোথাও নেই। আমাদের আই জি যে ওয়ারলেস পুলড ইন টালিগঞ্জ সেখান থেকে গাড়ী নিয়ে এই টালিগঞ্জ সেখান থেকে গাড়ী নিয়ে এই বি. সি. ব্যানার্জি তার কোন অধিকার নেই গভর্নমেণ্ট ভেহিকেল ইউজ করা তবুও তার জন্য প্রতিদিন প্রায় ৪৮ মাইল একটা জীপ ঘোরে। যদি আপনি তাঁর বাড়ীতে যান তাহলে দেখতে পাবেন প্রতিদিন তাঁর ছেলেকে হিন্দু স্কুল এবং মেয়েকে লেডি ব্রাবোর্ন কলেজএ সবচেয়ে বড় ঘটনা হচ্ছে তিনি নিজে দার্জিলিং যাবেন। ওয়ারলেস ডিপার্টমেণ্ট এ একটা গাড়ী নিয়ে রওনা হলেন, দু'খানা ফাইল হাতে নিতে হবে তা না হলে গভর্নমেণ্টএর এত টাকা কি করে হিসাব দেখবেন। টু প্রুভ এলিবি অর্থাৎ নিয়ে চললেন দার্জিলিং পথে হল এক্সিডেণ্ট ক্ষতি হল প্রায় এপ্রক্সিমেট ৩ হাজার টাকা। এই ভাবে অপচয় হচ্ছে গভর্নমেণ্টএর টাকা। তিনি গাড়ী করে পাণ্ডোয়া থেকে ফিরে আসছিলেন পথে পুলিশের জীপকার আমি নম্বর দিচ্ছি ডবলিউ. বি পি ৬১৯ উল্টে গেল, সেটা আজকেও আণ্ডার রিপেয়ার পড়ে আছে। এই ভাবে দেখছি আপনাদের পুষ্ট আই. জি. স্নেহভাজন যারা আর প্রফুল্ল চন্দ্র সেনের যারা স্নেহভাজন ও প্রিয়পাত্র, সেই ব্ল্যাক-মার্কেটার তাদের রাখার জন্য। প্রশ্রয় দেয়ার জন্য পুলিশ দপ্তরের প্রয়োজন। এক দিকে জনসাধারণকে উৎপীড়িত করা, অন্যদিকে চোরাকারবারীদের প্রশ্রয় দিয়ে তাদের মুনাফা আর দুর্নীতির পাহাড়কে বাড়িয়ে তুলে বাংলাদেশকে শ্মশানে পরিণত করা এই হল স্কিম, সেই জন্য আমি আজ দাবী করিয়ে এই জঘন্য অপরাধে অপরাধী এই মুখ্যমন্ত্রী শ্রীসেন তার পদত্যাগ একমাত্র বাচাতে পারে।

[6-10—6-20 p. m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব মন দিয়ে বিতর্কের সমস্ত বক্তৃতাগুলি শুনছিলাম, তবে আমি আপনাকে প্রথমে বলতে পারি যে এই বিতর্ক জমলো না, অনেক চেষ্টা হয়েছে, এই মাত্র শেষ বক্তা তিনি খুব জোর গলায় বক্তৃতা দিলেন, কিন্তু জমলো না, এবং এর আগে আমাদের একজন বিরোধীদলের মাননীয় সদস্য তিনি জমাবার চেষ্টায় করেছিলেন। চীনে ফাউণ্টেন পেন এবং টর্চ এখানে দেখিয়ে খুব তুল কালাম হয়ে গেল এবং তাঁরা বললেন, আমার পুলিশ একজন অকর্মা, কোন কাজের নয়, কেন না চীন থেকে নেপাল হয়ে টর্চ এবং ফাউণ্টেনপেন আসছে এবং আমাদের এপক্ষের একজন বলছিলেন যে আরও অনেক জিনিষ আসছে, আমার পুলিশ কেন ধরতে পারছে না? এটা ভুল হয়ে গেছে বিরোধী সদস্যদের, সেটা তাঁরা জানেন না যে এই ধরবার যে দায়িত্ব সে কাস্টমসএর। কাস্টমস আমাদের পশ্চিমবঙ্গ পুলিশের সঙ্গে সম্পর্ক রাখেন বটে, কিন্তু কাস্টমস পশ্চিমবঙ্গ পুলিশের অধীনে নয়, এই হল ১ নম্বর কথা। আর ২ নম্বর কথা হচ্ছে এই যে এত উষ্মা, এত উত্তেজনা, এত ক্রোধের কোন কারণ নেই, কেন না এই যে মাল আসছে নেপাল থেকে, যদি মাল আসে, সে ফাউণ্টেনপেনই হউক, আর টর্চ বা অন্যান্য জিনিষই হোক, আমাদের নেপালের সঙ্গে ভারতবর্ষের যে সীমান্ত রেখা আছে, সেখানে আদান প্রদানের অবাধ গতি। সুতরাং নেপাল থেকে যে কোন মাল চলে আসতে পারে।

(জনৈক সদস্য:—পাকিস্তান থেকেও আসছে।)

পাকিস্তান থেকে আসছে কিনা জানি না, মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে াকিস্তান থেকেও আমাদের ভারতবর্ষে অনেক মাল আসে এবং ভারতবর্ষ থেকেও পাকিস্তানে অনেক মাল যায়, হতে পারে কোন কোন ক্ষেত্রে হয়তো পুলিশ এর সাহায্যে যায়, আমি না বলবো না, কিন্তু

পুলিশ যে এই বর্ডারকে রক্ষা করবার সময় অনেক স্মাগলড গুডস ধরে লক্ষ লক্ষ টাকার তা আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম। কাজে কাজেই সমস্ত পুলিশকে আমাদের পুলিশ বাহিনীকে এর জন্য দোষ দেওয়া যায় না। এবং এত তুলকালাম করবার কিছু নেই। চীনে টর্চ বা চীনে পেন নেপাল হয়েই আসুক বা অন্য জায়গায় দিয়ে আসুক, কি পরিমাণ আসছে আমি জানি না, আমরা এই নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে চিঠিপত্র লিখেছি এবং তাঁরা তাদের কর্তব্য নিশ্চয়ই নির্দ্ধারণ করবেন এ সম্বন্ধে।

আমাদের এখনে আর একটি বিষয় নিয়ে খুব উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা হয়েছে। আমরা নাকি চোরাকারবারীদের সম্বন্ধে কিছুই করি না, মুনাফাখোরদের সম্বন্ধে কিছুই করি না, শুনতে পাই। ভারতবর্ষে যত রাজ্য সরকার আছে, তার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারই একমাত্র চোরাকারবারীদের বিরুদ্ধে, মুনাফাখোরদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করেছেন। আমাদের বিরোধীদলের বন্ধুদের এতে একটু কষ্ট হচ্ছে নিশ্চয়ই, কারণ পশ্চিমবঙ্গ সরকার যেহেতু বহু চোরাকারবারীদের লক্ষপতিকে, কোটিপতিকে কারাগারে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসএর ৩২ ধারা মতে আটক করে রেখেছেন। আমাদের বিরোধীদলের বন্ধুদের একটু দুঃখ করবার, কষ্ট করবার, উত্তেজনা সৃষ্টির অপচেষ্টা করবার কারণ নিশ্চয়ই ঘটেছে, কেন না তাঁরা দেখছেন, কি সর্বনেশে ব্যাপার হলো—পশ্চিমবঙ্গ সরকারকে আমরা এত দোষারোপ করি, পশ্চিমবঙ্গ সরকারের এত ত্রুটি ধরবার চেষ্টা করি, পশ্চিমবঙ্গের পুলিশ এত ভাল, যে লক্ষপতি, কোটিপতি চোরাকারবারীদের জেলে নিয়ে গেল? এটা সহ্য হচ্ছে না এতে এদের ভাল লাগছে না, ওদের ভাল লাগছে না সেজন্য অনেক উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা করেছেন। একজন মাননীয় সদস্য বলেছেন যে কোথায় ডাল নাকি ১.৪০ পয়সায় বিক্রি করা হয়েছে। ১.৪০ পয়সায় কে. জি. বিক্রি হয়েছে। তিনি কি ডাল তা নাম করলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমরা জানাতে চাই যে সব ডালের দর আমরা বাঁধি নি।, আমরা অড়হর ডালের দাম নির্দ্ধারণ করিনি, আমরা সবচেয়ে চেষ্টা করেছি যে ডালটা আমদানী করতে তা হল মুগের ডাল, ও মটর ডালটা যেটা রাজস্থান থেকে আসে। এই দুটা ডালে এনফোর্স করেছি এবং অ্যাকসন নেবার চেষ্টা করছি। কাজেই ওঁরা যত জোর গলায় বলুন না কেন আমরা সব সময় কাজ করবার চেষ্টা করছি। অরহড় ডালের আমদানী কমে গেছে আমি অরহড় ডালে অ্যাকসন নিতে বারন করেছি, আমি বলেছি মুগ এবং মটর ডাল ছাড়া অন্য কোন ডালে অ্যাকসন নিও না। আমরা অনেককিছু ফ্রি করেছি এবং কিছু কিছু ফ্রি করতে হয়। ডাঃ নারায়ণ চন্দ্র রায় দুঃখ করে বলেছেন যে যে আমরা সব সময় সব কাজে সহযোগিতা করি না, এবং অনেককে প্রশ্রয় দিয়ে থাকি। এক সময় তিনি আমাদের পুলিশের কাজে প্রশংসা করেছেন। আমাদের একটা কো-অর্ডিনেশন কমিটি হয়েছিল তাতে তিনি আনন্দ প্রকাশ করেছিলেন তাতে তিনি অনেক ভাল কাজ করেছেন এবং পুলিশ এর সঙ্গে সহযোগিতা করবেন বলে ছিলেন। আজকে অবশ্য তিনি দুএকটা জিনিষে তার আঘাত লেগেছে বলে তিনি বলেছেন, আমি এই কথা বলছি না যে আমাদের এই ১৭ হাজার কলকাতা পুলিশ এবং ওয়েষ্ট বেঙ্গল পুলিশ ৪৫ হাজারের কাছাকাছি এই যে ৬২ হাজার পুলিশ কর্মচারী দের মধ্যে আমি হলফ করে বলতে পারি না যে একজনও খারাপ লোকও নেই। পৃথিবীতে কেউ এ ধরণের কথা বলতে পারবেনা তবে আমাদের বেশীর ভাগ লোকই ভাল দুএকটা খারাপ থাকতে পারে তবে সেই জন্য আমি দোষ দিতে চাই না, পুলিশের মধ্যে—আমরা অনেককে শাস্তি দিয়ে থাকি। অনেককে ডিমোট করে থাকি আমরা পুলিশদের যে প্রশ্রয় দিয়ে থাকি এটা সত্য কথা নয়, একজন মাননীয় সদস্য পচা পালের মার্ডার সম্বন্ধে বলেছেন। আমি কয়েকজন মাননীয় সদস্যের বক্তৃতায় শুনলাম তারা বলেছেন যে পুলিশ কংগ্রেসী লোকেদের সাহায্য করে। আমি যতদূর জানি পচা পাল কংগ্রেসের লোক এবং মণ্ডল কংগ্রেসের সঙ্গে সম্পর্ক ছিল। সুতরাং পুলিশ কিছু করছে না এটা সত্য নয় আমি জানাতে চাই পচা পালের ব্যাপারে কয়েকজনকে ধরা হয়েছে এবং আমাদের সি. আই. ডি.রা চেষ্টা করছে আসল দোষীকে ধরতে এই কথাই আমি জানিয়ে দিতে চাই। কিন্তু আমাদের যে অপরাধী সে ধরা পড়তে বাধ্য হবে। শ্রীনারায়ন চোবে অনেক অভিযোগ করেছেন এবং তিনি কয়েকটি কংক্রিট কেস আমাকে দিয়েছেন, তার খড়গপুরের কথা বললে আমাকে ভাবতে হত তবে তিনি এধারে এধারের কথা বলেছেন, তিনি কাঁচড়াপাড়া হাসপাতালের কথা বলেছেন এবং অন্য হাসপাতালের একটা কেসএর কথা বলেছেন। আমি এই কথা বলতে পারি কলকাতা পুলিশের পক্ষে কত জায়গা এবং ঐ সমস্ত জায়গায় কি হচ্ছে তাদের পক্ষে তা সব

জানা সম্ভব নয়। পুলিশ অত্যধিক খারাপ যে তার কথা নাকি বলাই যায় না। জয়নগর রোডে একটা কথা বলা হয়েছে।

[6-20—6-30 p.m.]

পুলিশ এত খারাপ এবং পুলিশে এত খারাপ লোক থাকে যে বলা চলে না। একজায়গায় জয়নগর রোডে গরুর মাংস বিক্রী করবার লাইসেন্স নাকি দেওয়া হয়েছে (শ্রীনারায়ণ চৌবে: মিঃ খারে হিন্দুর মন্দিরে এসে গরুর মাংস ফেলেছে এবং বলেছে যে মুসলমান এটা করেছে আমি কি বলতে চেয়েছি আপনি তা ঠিক মন দিয়ে শোনেন নি)

আমি অনুসন্ধান করে দেখব যে মাংসের দোকান দেওয়া হয়েছে কিনা তবে এর সঙ্গে পুলিশের সম্পর্ক নেই এটা কর্পোরেশনের দায়িত্ব। আমাদের কমলগুহ মহাশয় তার স্বভাব সুলভ মত জোর দিয়ে বক্তৃতা করেছেন তিনি বলেছেন কে নাকি আমার নাম জাল করে সিমেণ্টের পারমিট নিয়েছে। আমার না লোকে জাল করতে পারে কিন্তু এ বিষয় কোন কেস চাপা হয়েছে জানা নেই বা পুলিশ ও জানে না। অবশ্য আমি খোঁজ করে দেখব।

(কমল গুহ: এটা পেপারে বেরিয়েছে)

পেপারে বেরুতে পারে এটা আমার জানা নেই পেপারএর সব কিছুই ঠিক নয় আর একটা কথা তিনি বলেছেন প্রোমোশনএর ব্যাপার নিয়ে, প্রোমোশন ব্যাপারে নাকি পক্ষপাতিত্ব করেছি ২ জন কর্মচারীকে উষা চ্যাটার্জী এবং অখিল ব্যানার্জী তারা নাকি রাগ করে চলে গেছেন তা আমি তাকে জানাচ্ছি যে একজন বিড়লা কোম্পানীতে ভাল চাকুরী পেয়ে চলে গেছেন আর একজন অখিল ব্যানার্জী গেষ্টকিন উইলিয়ামএ পুলিশের চেয়েও বেশী মাহিনা পেয়ে চলে গেছেন, কমলবাবু এটা কিন্তু খোজ করেন নি আর একটা কথা তিনি বলেছেন যে ময়দার চোরাকারবারী আপনারা ধরেছেন অবশ্য অনেকে বলেছেন যে আমরা চোরাকারবারী ধরি না কিন্তু অনেকে এটা স্বীকার করেন না কিন্তু কমলবাবু এটা স্বীকার করেছেন, যে আমরা ২২৮ জন ময়দাওলার বিরুদ্ধে ওয়ারেণ্ট জারী করেছি ধরবার জন্য ১৬ জনকে ধরেছি ২ জন অসুস্থতার জন্য ডাক্তারের সার্টিফিকেট দিয়েছে আর বাকী কজন লুকিয়ে আছেন, আমরা অবশ্য প্রোক্লামেশন জারী করে প্রোপার্টি এ্যাটাচ করবার চেষ্টা করছি, অনেক কম্যুনিস্ট বন্ধুরা লুকিয়ে আছেন তাদের বিরুদ্ধে আমরা প্রোক্লেমেশন জারী করেনি বা প্রপার্টি এ্যাটাচ করেনি, আর একটা কথা বলা হয়েছে অবশ্য তাতে নাম করা হয়নি যে সাত আনার অংশীদারকে ধরা হয় না আর কার এক আনা অংশ আছে তাকে ধরা হয়েছে এর উত্তর আগে আমি দিয়েছি কার কত অংশ আছে জানা নেই কার সাত আনা আছে কি কার দু আনা সে ভাবে আমরা ধরছি না, আমরা এটা নির্ভর করব যে কাজ চালায় যে মাল বিক্রী করে। যে মাল কেনে তাকেই ধরব, আমরা যদি দেখি তার কোন শেয়ার নেই তাকে আমরা ধরতে পারি না। আমরা ন্যায্য যাকে তাকেই ধরি আমাদের একজন বিরোধী বন্ধু লেফটিস্টদের প্রসেসনএর উপর আক্রমণ করা হয়েছে বলে অভিযোগ করেছেন। এই বিরোধী বন্ধু বোধ হয় জানেন না যে এর জন্য তিনজন লোককে গ্রেপ্তার করা হয়েছে, এখানে কংগ্রেস পার্টি, কম্যুনিষ্ট পার্টি, আর. এস. পি. বা লেফটিষ্ট—রাইটিস্টএর কোন প্রশ্ন নেই আমরা থাকে বুঝবো তাকেই ধরবো।

যে অন্যায় করবে সে যে লোকই করুক না কেন আমরা নিশ্চয়ই তাকে গ্রেপ্তার করব এবং তার শাস্তি বিধানের ব্যবস্থা করব। তবে সে শাস্তি আমরা দিতে পারি না, কোর্ট থেকে দেওয়া হবে। আমি জানিয়ে রাখি ৩ জন লোককে গ্রেপ্তার করেছি। এই বিষয়ে কেস যখন হবে তখন— আমি আর বিশদভাবে কিছু বলতে চাই না। মাননীয় সদস্য শ্রীঅনাদি দাস বলেছেন যে ডাঃ সরশী মুখার্জী আমার খুব প্রিয় পাত্র। তিনি আরো বলেছেন যে একটা লোককে আমরা নাকি তাঁর কথাতে গ্রেপ্তার করেছি। ডাঃ সরশী মুখার্জী পুলিশের লোক নন, তিনি একজন ভাল চিকিৎসক এবং তিনি কোন লোককে ধরিয়ে দিয়েছেন বলে আমার জানা নেই। কোন ডাক্তারের কথায় বা উকিলের কথায় আমরা কাউকে ধরিনি। কারোর বিরুদ্ধে প্রমাণ না থাকলে আমরা ধরি না এটা জেনে রাখা উচিত। শ্রীঅনাদি দাস আরো বললেন যে খুব ইললিসিট ডিসটিলেশান হচ্ছে আমরা ধরতে পারছি না। যেখানে ইললিসিট ডিসটিলেশান হচ্ছে সেখানে নিশ্চয়ই আমরা ধরি, তবে সবাইকে আমরা ধরতে পারছি না। কেন না আমাদের পশ্চিমবঙ্গে আমরা এখন পর্যন্ত প্রহিবিশান চালু করিনি। (ভয়েস ফ্রম অপোজিসান বেঞ্চ: সদাচার সমিতির

কথা বলুন।) সদাচার সমিতি থেকে যদি কোন চিঠি গিয়ে থাকে তাহলে সেই চিঠি পাই আমরা সে সম্বন্ধে অনুসন্ধান করব, সে পুলিশের বিরুদ্ধে হোক, যে কোন ব্যক্তির বিরুদ্ধে হোক। যে ঘটনার কথা মাননীয় সদস্য উল্লেখ করেছেন সদাচার সমিতির কাছ থেকে পেলে পর আমরা নিশ্চয় এনকোয়ারীর ব্যবস্থা করব এবং যে দোষী তাকে নিশ্চয় আমরা শাস্তি দেব। এতে দুঃখিত হবার বা ক্রোধ প্রকাশ করবার কিছু নেই। আগুন দিয়ে পুড়িয়েছে কি না পুড়িয়েছে আমি বলতে চাই না, যে দোষী কেস করতে পারেন, যদি কেস না করেন তাহলে সত্য ঘটনা হলে আমরা শাস্তি বিধান করব। তার পক্ষে যদি টাকা খরচ করা সম্ভব না হয় তাহলে আমরা টাকা দিয়ে দেব। মাননীয় সদস্য নিখিল দাস অনেক সময় অনেক কথা বলেন যে কথার আমরা কোন হদিস পাই না। যেমন তিনি বলে বসলেন আমাদের পুলিশ কমিশনার পি. কে. সেন ২ নম্বর লাউডন ষ্ট্রীট যে বাড়ীতে তিনি থাকেন সেটা ৩০ হাজার টাকা ব্যয় করে মেরামত করা হয়েছে। আমি খুঁজে দেখলাম ৩০ হাজার টাকা স্যাংকসান করা হয় নি, ৩০ হাজার টাকা ব্যয় করা হয়নি। তবে যদি তিনি নিজে থেকে খরচ করে থাকেন তাহলে আমি জানি না। তাঁর ঘর ভেঙ্গে পড়েছে, তাঁর বাড়ীর অবস্থা অত্যন্ত শোচনীয়, আজ পর্যন্ত মেরামতের কোন ব্যবস্থা হয়নি, মাননীয় সদস্যরা গিয়ে দেখে আসতে পারেন। তারপর শ্রীপি, কে, সেনের জন্ম দিবসে নানা রকম খাবার এসেছে একথা একেবারে অসত্য। আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে মাননীয় সদস্যরা একজন কর্মচারীর বিরুদ্ধে যিনি এই হাউসের সদস্য নন যদি কোন কথা বলেন এবং সেই কথাটা যদি অনুগ্রহ করে বাইরে বলেন তাহলে তিনি ব্যবস্থা অবলম্বন করতে পারেন, আদালতে যেতে পারেন। কিন্তু এখানে যদি কেউ কিছু বলেন যার সম্বন্ধে কোন রকম সত্যতা নেই, যে কথা একেবারে অসত্য তাহলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আর কি করতে পারি, এর কি সুরাহা হতে পারে। সেজন্য অনেক সময় বলে থাকি বাইরের কোন লোক যাঁর এখানে উত্তর দেবার কোন অধিকার নেই তাঁর সম্বন্ধে আমরা কোন কথা বলব না। যদি আমাদের কাছে সেই রকম প্রমাণ থাকে, যদি আমাদের সেই রকম দলিল থাকে তাহলে নিশ্চয়ই আমরা বাইরে গিয়ে বলব যে আমাদের পুলিশ কমিশনার এই রকম অন্যায় কাজ করেছেন। কিন্তু দুঃখের বিষয় সেরকম আমরা কিছু দেখতে পাইনি। মাননীয় সদস্যের এখানে সেই প্রিভিলেজ আছে যা ইচ্ছা তাই বলতে পারেন, কিন্তু সেই কর্মচারী তার জবাব দিতে পারবেন না। তবে আমি এইটুকু বলতে পারি যে আমার কমিশনারকে আমি ভাল করে চিনি, তাঁর কর্তব্যপরায়ণতা সম্বন্ধে আমি ভাল করে জানি। আমি জোর করে বলতে পারি এই যে তিন অভিযোগ করেছেন এই অভিযোগ একেবারে অসত্য।

[6-30—6-40 p.m.]

আমার বন্ধু শ্রীসুধীর দাস মহাশয় তিনি অনেক জায়গা অনেক তথ্য আবিষ্কার করে বেড়ান। উনি যে রেপ কেস সম্বন্ধে অভিযোগ করেছেন, তার সম্পর্কে বলতে পারি সেই যে এ. এস. এম. তার বিরুদ্ধে ডিপার্টমেণ্টাল প্রোসিডিংস আরম্ভ হয়ে গেছে। কাজেই তা নিয়ে দুঃখ করবার কিছু নাই।

(A voice: why not in open Court?)

একটা কেস হবার কথা হয়েছিল। মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন একটা রেপ কেস যদি হয়, আমার মাননীয় বন্ধু অপূর্বলাল মজুমদার মনে মনে এখানে ভেবে দেখুন এই রকম অভিযোগ করেছেন কি সত্য করেছিলেন, কি মিথ্যা করেলিলেন ভেবে দেখুন, সুধীর চন্দ্র দাস মহাশয় যে কেসের কথা বলেছেন সেই কেসের আইডেটিফিকেসন প্যারেড হয়েছিল। সেই আইডেন্টি-ফিকেসান প্যারেড বালিকাটি কাউকে সনাক্ত করতে পারে নাই। তা সত্বেও তার বিরুদ্ধে ডিপার্টমেণ্টাল প্রোসিডিংস আরম্ভ হয়েছে। আর যদি তাকে সনাক্ত করতে পারেনি তাহলে অন্য রকম ব্যবস্থা হতো।

আর একজন মাননীয় সদস্য বোধ হয় শ্রীনারায়ণ চৌবে আমাদের মেদিনীপুরের পুলি সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীডি এন ধর সম্বন্ধে অনেক অভিযোগ করেছেন এখানে।

(শ্রীচৌবে: আমি বাইরে ও করেছি।)

আপনি বাইরে করেছেন, আপনি ভাল লোক, সাহসী লোক। আপনাকে ধন্যবাদ দিচ্ছি। তবে আমরা যা করেছি তা একটু শুনে রাখুন। তার বিরুদ্ধে যে অভিযোগ পেয়েছি তার জন্য ঠিক ঠিক তদন্ত যাতে আরো করতে পারি, মাননীয় সদস্য নিশ্চয়ই জানে, তার জন্য আমরা অন্য জায়গায় তাকে ট্রান্সফার করেছি। তার সম্বন্ধে আমরা ইনভেষ্টিগেশন করছি, এনকোয়ারী করছি। আমরা যদি প্রমাণ পাই নিশ্চয়ই তার শাস্তি হবে। আর প্রমাণ না পেলে আমরা কিছুই করতে পারবো না। নারায়ণ চৌবে মশায় বলেছেন কেস ঝুলছে, যে তুলে নেওয়া হয় নাই। তবে অনেকের বিরুদ্ধে আমরা কেস তুলেনিয়েছি। তাদের বিরুদ্ধে কেবল তুলে নিতে পারিনি যেখানে ভাওলেন্স সম্বন্ধে অভিযোগ আছে, যেখানে গুণ্ডামীর জন্য ধরেছি, সেখানে কেস তুলে নিতে পারিনি সে ক্ষেত্রে আদালতে না হয় হবে, আমরা তার কিছু করতে পারবো না।

আর একটা উত্তর দিতে হবে আমার মাননীয় বন্ধু কমলগুহ মহাশয়ের দিনহাটা পুলিশ কেস নম্বর ১৭, ২৮শে জুন, ১৯৬৪, সেক্সন ৩৯২ ও ৩৪২। ইণ্ডিয়ান পিনাল কোড সেক্সন ১১ অব ওয়েস্ট বেঙ্গল সেক্রেটারী অ্যাক্টএ। কমলগুহের নামে ও আরো কয়েকজনের নামে কয়েকটি কেস রয়েছে কমলগুহ বললেন তিনি একজন খুব ভাল লোক। সে চোরাকারবারী হতে পারে যে চাল নিয়ে যাচ্ছিল; তা ধরে নিয়ে গিয়ে ন্যায্য দরে বিক্রী করে ছিলেন তিনি। এরকম অধিকার তাঁকে তো কেউ দেয়নি। সেটা পুলিশের কাজ পলিশ থেকে তা তাকে সে পরোয়ানা দেয় নি। সে কেস এখনো চলছে। এমন কি আজ তারিখ ছিল।

(এ ভয়েস : হ্যাঁ।)

তাহলে শ্রীকমল গুহ আসামী আছেন। এই কেস বিচারাধীন বলে আমি বিশেষ কিছু বলতে চাই না।

(এ ভয়েস : সেজন্য গৌরব বোধ করি।)

তিনি ন্যায্য করেছেন, কি অন্যায্য করেছেন, কি অন্যায় করেছেন আদালতে এর মীমাংসা হবে বিচার হবে।

আমার একজন বন্ধু জোর গলায় বললেন যে আমি এখানে সমস্ত ভুল তথ্য, ভুল অঙ্ক দিয়েছি যে ১ কোটি ৪১ লক্ষ টাকা বেশী নয়। আমি আবার তাঁকে শুনিয়ে দিই এবার আমরা যা চেয়েছি ১৪ কোটি ৮৫ লক্ষ ৯৯ হাজার টাকা গ্রোস আর নেট হচ্ছে আমাদের এবছর ১৪ কোটি ১৬ লক্ষ ৬৭ হাজার।

এ বছরের রিভাইজড বাজেটে ১২ কোটি ৭৬ লক্ষ ৩ হাজার টাকা, আর ১৪ কোটি ১৬ লক্ষ ৬৭ হাজার টাকা—এই দুটো যদি যোগ বিয়োগ করি অর্থাৎ যদি বাদ দেওয়া যায় তাহলে ১ কোটি ৪১ লক্ষই হয়। কাজেই কি ভুল তথ্য পরিবেসন করেছি আমি বুঝতে পারলাম না। মাননীয় বন্ধু যোগ বিয়োগ জানেন না সেকথা আমি বলতে চাই না, তবে মনে হয় তিনি গোলমাল করে ফেলেছেন। তারপর, আমার বক্তব্য হচ্ছে আমার কাছে অনেক চিঠিপত্র আছে, কিন্তু আমি তার মধ্যে ২।১টি পড়ে শোনাতে চাই। আমাদের পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হচ্ছেন রাজকুমার চক্রবর্তী তিনি কংগ্রেস পক্ষের লোক নন, বিরোধীদলে বসেন। তিনি আমাদের বিধান পরিষদের সদস্য এবং ১৯৬৫

স্যারের ২৬শে ফেব্রুয়ারী তিনি আমাদের কমিশনার অব পুলিশকে যে চিঠি লিখেছিলেন সেটা আমি পড়ে শোনাচ্ছি। তিনি লিখেছেন,

Dear Sir,

I have pleasure to inform you and put on record my high appreciation of the bravery of some policemen on the night of 17th instant when at midnight a motor-car with breakneck speed drove towards the place at Esplanade East where about a thousand primary teachers were having a Satyagraha by peaceful squatting, annd resting at night. Persons sitting at car were reported not to be sober. But for the smart action taken by some policemen on duty a good many of the squatters, rather sleepers, would have been crushed below the wheels. A great calamity was thus averted. Under the circumstances the policemen concerned deserve appreciation. We do so gladly.

Yours faithfully,

Shri Kashi Kanta Maitra :

অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার চিফ মিনিস্টার এই যে চিঠি ডিসক্লোজ করলেন তাতে আমার প্রশ্ন হচ্ছে চিফ মিনিস্টার এর কাছে যদি কোন লোক কনফিডেনসিয়ালী ডি. ও. লেটার লেখেন, পার্সোনাল লেটার লেখেন তাহলে তিনি সেগুলো'ও এখানে দেবেন এই এ্যাসুরেন্স আমাদের দিচ্ছেন কিনা ?

Mr. Deputy Speaker : In order to prove the genuineness of the documentary the copy be given.

Shri Prafulla Chandra Sen :

যে চিঠি এখানে আমি পড়লাম সেটা নিশ্চয়ই আমি দিতে পারি। তারপর, আর একজন যিনি লিখেছেন তিনি হচ্ছেন এক্স-জজ হাইকোর্ট —শ্রীরেনুপদ মুখার্জী। তিনি ২০শে জুলাই. . . .

Shri Kashi Kanta Maitra :

রেনুপদ মুখার্জীকে কটা এক্সটেনসন দিয়েছেন ? কাজেই ওসব কথা আর বলবেন না।

Shri Prafulla Chandra Sen :

রাজকুমার চক্রবর্তী কোন এক্সটেনসন পাননি এবং তিনি আমাদের পক্ষের লোক'ও নন। কিন্তু তিনি পুলিশকে ভালবাসেন বলে এটা লিখেছেন। কেউ যদি ভাল কাজ করে এবং তারজন্য যদি কেউ তাকে প্রশংসা করে তাহলে তিনি যে দলের লোকই হোন না কেন, যে ব্যক্তিই হোন না কেন তাতে আপত্তি করবার কিছু নেই। আমার কাছে বহু চিঠি আছে আমি সেগুলি আর এখন পড়লাম না। হতে পারে পুলিশের মধ্যে ২১১ জন খারাপ লোক আছে, কিন্তু তাদের আমরা শাস্তি বিধান কব। তবে অধিকাংশ লোকই যে ভাল সে বিষয়ে কোন সন্দেহ নেই. কারণ অধিকাংশ লোক যদি ভাল না হোত তাহলে বিরোধীদলের বন্ধুদের কাছ থেকে আরও অনেক তথ্য পেতাম, অনেক খবর পেতাম তাঁরা আর'ও উপমা প্রকাশ করতেন। আরও অনেক তথ্য পেতাম, অনেক খবর পেতাম, তাঁরা আরও উপমা প্রকাশ করতেন, অনেক গালাগালি দিতেন এবং তীব্র মন্তব্য করতেন। কিন্তু আজকের বিতর্কে আমি তেমন কিছু শুনিনি। তারপর, আমার আর একজন বন্ধু রবীন মুখার্জী বললেন পুলিশের. কাজ হচ্ছে যে সমাজ ব্যবস্থা আছে তাদের স্বার্থ কায়েম করা। নরবীবাবু কথাটা হতাশ হয়ে বলেছেন। আমাদের যে ব্যবস্থা রয়েছে তার মূল কথা হচ্ছে আমরা প্রতি ৫ বছর অন্তর প্রত্যেক বিরোধীদলকে

প্রত্যেক মতবাদের লোককে অবাধ স্বাধীনতা দিই রাষ্ট্রের ক্ষমতা দখল করবার জন্য। কাজেই রবীনবাবু যদি ক্ষমতা পান তাহলে দেখবেন পুলিশ কোন দলের লোক নয়, তারা এমন নিয়মানুবর্তী এবং তাদের এমন শৃঙ্খলাবোধ আছে যে, যে দলই সরকার গঠনে ভারপ্রাপ্ত হোক না কেন তারা তাঁদের সেবা করবে। তবে বিরোধীদলকে দেখছি ১০।১২টি দলে বিভক্ত এবং মনে হয় তাহাঁরা কোনদিন ক্ষমতা দখল করতে পারবেন না এবং তাঁরা যে সমস্ত কথা বলেন তাতে দেখছি তাঁরা দায়িত্ববোধ নিয়ে কথা বলেন না। তাঁরা যদি ক্ষমতা দখল করতে চাইতেন তাহলে দায়িত্ব নিয়ে কথা বলতেন। যাহোক, একথা বলে আমি সমস্ত কাট মোসানের বিরোধিতা করছি এবং আমার মূল প্রস্তাব গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

[6-40—6-47 p.m.]

Mr. Deputy Speaker: I put together to vote all the cut motions on Grant No. 15.

The motion of Shri Jyoti Basu that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Monoranjan Roy that the demand be reductd to Re. 1 was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand be reduced to Re. 1 was then put anl lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrimati Ila Mitra that the demand be reduced by Rs 100 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 10 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Dulal Chandra Mondal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand be reduced by Rs. 100 was then put and lost..

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand be reduced by Rs. 100 was then pot and lost.

The motion of Shri Jagat Basu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhakti Bhushan Mandal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand by Rs. 100 was then put and lost. . .

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of ShriKamal Kanti Guha that the demand by Rs. 100 was then put and lost.

The motion of Tarun Kumar Sen Gupta that the demand be reduce by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduce by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand be reduced by Rs 100 was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Roy that the demand be reduied by Rs. 100 was then put and lost.

The motion of Shri Narayan Choubey that the demand be reduced by Rs 100 was then put and lost.

The motion of Shri Girish Mahato that the demand be reduied by Rs. 100 was then put and lost.

The motion of Shri Jiban Krishna Dey that the demand be reduied by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mrigendra Bhattacharyya that the demand reduced by Rs. 100 was then put and lost.

The Bhabani Mukhopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bejoy Pal that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Prafulla Chandra Sen that a sum of Rs. 14,85,99,000 be granted for expenditure under Grant No. 15, Major Head: "23-Police" was then put and a division taken with the following result:—

Ayes—101

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Abdul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Biswas, Shri Manindra Bhusan
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnanatosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Chowdhury, Shri Birendra Nath
Dakua, Shri Mahendra Nath

Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Das Adhikari, Shri Radha Nath
Das Gupta, Dr. Susil
Dey, Shri Kanai Lall
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Ishaque, Shri A. K. M.
Jalan, Shri Iswar Das
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Joynal Abedin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Haque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maiti, Shrimati Abha
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Mandal, Shri Krishna Prasad
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram

Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mkuherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Tarapada
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Dr.Indrajit
Roy, Shri Pranab Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shukla, Shri Krishna Kumar
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Wangdi ,Shri Tenzing

Noes—33

Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar

Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mondal, Shri Bijoy Bhusan
Mukherjee, Shri Girija Bhusan
Mukhopadhyay, Shri Rabindra Nath
Obaidul Gahni, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Sen Gupta, Shri Niranjan
Singha, Dr. Radhakrishna

The Ayes being 101 and the Noes 33, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 6.47 p.m. till 1 p.m. on Tuesday, th 16th March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 6th March, 1965, at 1 p.m.

Present

Mr. Dy. Speaker (Shri ASHUTOSH MALLICK, in the Chair, 9 Ministers, Ministers of state and 161 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

1—1-10 p.m.]

Detenus under D. I. Rule 30

***225.** (Admitted question *1324.) **Shri Rabindranath Mukhapadhyay:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডি আই রুলস (৩০)-এ আটক রাজবন্দীদের বিচারাধীন বন্দী হিসাবে গণ্য করা হয় এবং উপরি-উক্ত কারণে, পরিমাণে কম ও নিম্নমানের খাদ্য সরবরাহ করা হইয়া থাকে; এবং

(খ) সত্য হইলে, উল্লিখিত অবস্থা দূরীকরণের জন্য কোন ব্যবস্থা সরকার করিতেছেন কিনা?

Shri Jagannath Kolay:

(ক) ডি, আই, রুলস (৩০)-এ আটক বন্দী যাঁহারা রাজনৈতিক দলভুক্ত তাঁহাদিগকে প্রথম শ্রেণীর বিচারাধীন বন্দী হিসাবে গণ্য করা হয়, এবং প্রচলিত কারা সংহিতা অনুযায়ী তাঁহাদের প্রাপ্য খাদ্য পুরাপুরি দেওয়া হয়। নিম্নমানের খাদ্য সরবরাহ করা হয় না।

(খ) প্রশ্ন উঠে না।

Dr. Narayan Chandra Roy:

আপনি অবগত আছেন কি যে এদের যে খাবার দেওয়া হয় তা আর, আই প্রিজনারদের চেয়ে কম?

Shri Jagannath Kolay:

আণ্ডার ট্রায়াল প্রিজনার হিসাবে তাদের কম আছে।

Dr. Narayan Chandra Roy:

এই যে খাবারটা এটা কি আণ্ডার ট্রায়াল বলে তাদের খিদে কম হবে কিনা এটা অবগত আছেন?

Shri Jagannath Kolay :
রিগারাস ইমপ্রিসনমেন্ট যাদের থাকতে হয় তাদের জেনারেলি একটু খাবার বেশী দিতে হ

Shri Sanat Kumar Raha :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে সিকিউরিটি প্রিজনার হিসাবে যারা আটক হয়েছে ডিটে সন ম্যানুয়েল-এ যা আছে—যাদের ডি, আই, আর-এ রাখা হত সেই ডি, আই, আর এ বর্তমা আণ্ডার ট্রায়াল করে রাখা হচ্ছে কেন ?

Shri Jagannath Kolay :
ডি, আই, আর ৩০-তে যারা আছেন তারা সকলেই আণ্ডার ট্রায়াল ক্লাশ ওয়ান প্রিজনার।

Shri Sanat Kumar Raha :

ডিটেনসান ম্যানুয়েল হিসাবে তারা ট্রিট হবে না কেন ৩০এ এপ্রিল, ১৯৫৯-এ একটা আ গুপ্ত-এর সই করা একটা চিঠি আমার কাছে আছে আমরা যখন জেলখানায় ছিলাম তখ পেয়েছি সিকিউরিটি এ্যাক্ট অনুসারে ট্রিট করা হবে। এরূপ লিখিত চুক্তি ডাঃ রায় দিয়েছিলেন বর্তমানে সেই চুক্তি ভাঙ্গার প্রয়োজন বোধ করলেন কেন?

Shri Jagannath Kolay :

সিকিউরিটি এ্যাক্ট-এ যারা আটক ছিলেন বা পি, ডি এ্যাক্ট-এ আটক ছিলেন তাদের অন্য ব্যবস্থ আছে রুল ৩০-তে যারা আটক আছে তারা আণ্ডার ট্রায়াল ক্লাস ওয়ান প্রিজনার হিসাবে আমর দেখছি।

Shri Sanat Kumar Raha :

আপনি বলেছেন, কিন্তু আমার জিজ্ঞাস্য দে আর ডিটেইণ্ড। হোয়াই ডু ইউ টেক দেম এ্যা আণ্ডার ট্রায়াল ?

Shri Prafulla Chandra Sen :

ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার বলা হয়েছে। আণ্ডার ট্রায়াল ডিভিশন ওয়ানদের ে সমস্ত সুবিধা হয় এদের যে সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হয়, আমরা তাদের ডিভিশন ওয়া আণ্ডার ট্রায়াল প্রিজনার একথা বলছি না আমি যেটা বলছি আমরা ডিভিশন ওয়ান আণ্ডা ট্রায়াল প্রিজনারদের যে সমস্ত জিনিষ দি এরা যদি সেইমত হয় তা হলে আমরা সেইম ট্রিট করে থাকি
we are treating them as we treat Division I under-trial prisoners—not they ar undertrial.

Dr. Narayan Chandra Roy :

আমার সাপ্লিমেন্টারিটা যেটা আমি আগেই করেছিলাম আই এ্যাম পুটিং ইট এগেইন ে আগে আণ্ডার ডিটেনসান-এ রাখলে তাদের যে পর্য্যায়ে খাবার দেওয়া হত বর্তমানে সেইভাে আণ্ডার ডিটেনসান রাখলে তার চেয়েও কম দেওয়া হচ্ছে কেন?

Shri Prafulla Chandra Sen :

এর আগে কি হত সে প্রশ্ন নেই। এখন আমরা কি ভাবে দেখছি যাদের ডিটেনসানএ রাখা হয়েছে তাদের আমরা কি রকম ট্রিটমেন্ট দিচ্ছি যা আণ্ডার ট্রায়াল ডিভিসান ওয়ান প্রিজনার।

Shri Narayan Choubey :

তা হলে আপনার কথা অনুসারে আণ্ডার ট্রায়াল ডিটেনসান-দের যে ব্যবহার করছেন সেটা কি এবং পার্থক্যটা কি সেটা বলুন এভাবে কেন দিচ্ছেন?

Shri Prafulla Chandra Sen :

কেন দিচ্ছি সেটা প্রশ্ন নয় যেটা আমরা দিচ্ছি সেটাই আমরা বলেছি এবং এর সাপ্লিমেণ্টারি হতে পারে না আমরা আণ্ডার ট্রায়াল বলছি না, আমরা বলছি ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনারদের যে রকম ব্যবহার করা হয় এদেরও সে রকম ব্যবহার করছি ইট ইজ এ ফ্যাক্ট।

Shri Khagendra Kumar Ray Chowdhury :

মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে আণ্ডার ট্রায়াল ডিভিশন-দের যে খুব সুবিধা দেওয়া হয় কিন্তু তাদের কি বন্দী হিসেবে গণ্য করছেন সেটা জানতে চাই?

Shri Prafulla Chandra Sen :

তাদের আমরা ডিটেনসান-এ রেখেছি। বন্দী হিসেবে গণ্য করার প্রশ্ন উঠে না, একটা ভুল ধারনা হয়েছে আমাদের পলিটিক্যাল প্রিজনার বলে কোন সংজ্ঞা নেই। অনেকে সাধারণ ভাবে বলে থাকেন যে পলিটিক্যাল প্রিজনারদের যে সুখ-সুবিধা দেওয়া হয় সেই সুযোগ-সুবিধা বা সেটার সংগে এদের তুলনা করা যেতে পারে না, কথাটা হল ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার। সুতরাং এখানে পলিটিক্যাল কি নন-পলিটিক্যাল-এর কোন প্রশ্ন নেই।

Shri Nani Bhattacharjee :

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনারদের মত এই সমস্ত ডিটেইনি-দের ব্যবহার করা হচ্ছে। প্রশ্ন হচ্ছে এই যে স্পেশ্যাল ফুটিং-এ তাদের খাওয়া দাওয়া বা অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা না করে আণ্ডার ট্রায়াল ডিভিসান ওয়ান প্রিজনার-এর মত তাদের প্রতি এই রকম ব্যবহার করার কারণ কি? কোন রুলস-এ আছে বা সেই রুলস-এ আছে হাত-পা বাধা যার ফলে আণ্ডার ট্রায়াল ডিভিসান ওয়ান প্রিজনার এইভাবে তাদের ট্রিট করছেন?

Shri Prafulla Chandra Sen :

এটা ফ্যাক্ট-এর কথা কি ব্যবহার করা হয় বা কি সুযোগ সুবিধা দেওয়া হয় তার কথা আগে বলেছি। ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনাররা যে সমস্ত সুযোগ সুবিধা পায় সেই সমস্ত সুযোগ সুবিধা দিচ্ছি এটা হল ফ্যাক্ট-এর প্রশ্ন।

Shri Nani Bhattacharjee :

ফ্যাক্ট-এর কথা বুঝলাম, আমরা দেখেছি বা আগের দৃষ্টান্ত আছে যখন কেউ ডিটেনশন-এ থাকেন তখন স্পেশ্যাল ফুটিং-এ বিশেষ ভাবে ব্যবহার করা হয়। স্পেশ্যাল ফুটিং বিচার করে যে সমস্ত সুযোগ সুবিধা দিয়ে থাকেন আমরা দেখছি ১৯৩৯-৪০ সালে ডি, আই, আর-এ আমরা যারা ধরা পড়েছিলাম তখন আমরা দেখেছি যে সিকিউরিটি প্রিজনারস হিসাবে যখন জেলে ছিলাম তখন তাদের যে রকম ট্রিটমেন্ট করা হয়েছিল বা ট্রিটমেন্ট দেওয়া হয়েছিল ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনারস-এর মতন। পরবর্তী কালে সেটা বদলে গেছে অর্থাৎ পরবর্তী কালে তাদের এরূপ ব্যবহার করা হয়েছিল সেটা হল স্পেশ্যাল ফুটিং ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার-এর মত সুতরাং রুলস-এর কোন বাধ্যবাধকতা নেই। এই অল ইণ্ডিয়া রুলস-এ কোন বাধ্যবাধকতা না থাকায় যাদের ডি, আই, আর-এ ধরা হয় তাদের ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার হিসাবে ব্যবহার করতে হবে এরূপ কোন বাধ্যবাধকতা নেই। অল ইণ্ডিয়া রুলস অনুসারে যদি কোন বাধ্যবাধকতা না থাকে তাহলে আমি জিজ্ঞাসা করছি যে কেন

তাদের স্পেশ্যাল ফুটিং দিয়ে তাঁদের সম্বন্ধে বিবেচনা করা হবে না বা ট্রিট করা হবে না সেই কারণে আমি বলছি উই হ্যাভ আণ্ডারস্টুড দি ফ্যাক্টস?

Shri Prafulla Chandra Sen :

আমাদের এখানের মাননীয় সদস্যসগণ অতিরিক্ত প্রশ্ন করেছেন তার উত্তর ফ্যাক্ট-এর কথা বলেছি কেন করা হয়নি সেটা হল পলিসির কথা পলিসি-এর কথা এখানে বলতে পারব না। আমরা যখন ১৯৬২ সালে কিছু লোককে ডি, আই, আর ৩০ অনুসারে ধরেছি তখন তাদের সংগে যে ব্যবহার করেছি এখনও বর্তমানে অনুরূপ ব্যবহার করছি বরং কিছু বেশী করছি এটা ফ্যাক্ট-এর কথা আর কেন হচ্ছে না ইত্যাদি যে কথা বলা হয়েছে সেটার উত্তরে বলছি যে প্রশ্নের উপরে অতিরিক্ত প্রশ্ন হয় না।

[1-10—1-20 p.m.]

Shri Somnath Lahiri :

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, প্রশ্নটা থেকে সাপ্লিমেন্টারীটা উঠছে—কারণ পলিসি ইজ অলসো পার্ট অফ দি এ্যাক্ট। উনি যদি বলেন এটা ফ্যাক্ট—তার ন্যাচারাল সাপ্লিমেন্টারী হয় যে পলিসিটা কেন হোল বিশেষ করে এই জন্য উঠে যে প্রিভেন্টিভ ডিটেনসন ক্ষেত্রে অতীতে বন্দীদের উপর যে ব্যবহার করবার নীতি ছিল—পলিসি ছিল ডি. আই-এর ডিটেনসনের ক্ষেত্রে সেই পলিসি কেন বদলানো হোল এই প্রশ্নটা উঠে।

Mr. Deputy Speaker : It is beyond the scope of the question. You can ask for information and not for policy.

Shri Somnath Lahiri :

উনি বলছেন এই দেওয়া হয় স্বভাবত তার থেকে প্রশ্ন উঠে যে সেই দেওয়াটা অতীতে Standard for detenue, থেকে তফাৎ। সুতরাং ন্যাচারালি প্রশ্ন উঠে কেন এই রকম কম দেওয়া হয়?

Shri Prafulla Chandra Sen :

মাননীয় সদস্য যেকথা বলছেন—এটা তো আমাদের পলিসির ব্যাপার। ১৯৬২ সালে যখন আমরা ডি, আই রুল প্রয়োগ করি তখন আমরা তাদের সংগে যে সমস্ত ব্যবহার করেছি জেলখানায়—সুযোগ-সুবিধা সম্বন্ধে এখনও আমরা অনুরূপ ব্যবহার করছি, বরং কিছু বেশী তাদের দিচ্ছি—এইটাই আমাদের নিয়ম এবং এই নিয়ম আমরা মেনে চলছি—কোন ব্যতিক্রম করি নি।

Dr. Kanai Lal Bhattacharya :

আমার সাপ্লিমেন্টারীটা হচ্ছে যে মুখ্যমন্ত্রী কোন জবাব দিলেন না—কিন্তু জবাবটা দেওয়া উচিত। একটা ইনফরমেশন ও'র কাছ থেকে আমরা চাচ্ছি সেটা অত্যন্ত সহজ যে ১৯৬২ সালের আগেও আমরা পি. ডি. এ্যাক্টে এ্যারেষ্টেড হয়েছিলাম এবং সেখানে আমরা যে সুযোগ-সুবিধা জেলের মধ্যে পেয়েছি তার দু-তিন বছর পরে আবার যখন ডি, আই, আর-এ এ্যারেষ্টেড হয়েছি তখন আমরা দেখছি যে সেই সমস্ত সুযোগ সুবিধা কমিয়ে দেওয়া হয়েছে—এখন আমার প্রশ্ন হচ্ছে যে এই যে গভর্নমেন্টের পলিসির পরিবর্তন হোল—এই নীতি পরিবর্তন করার কারণ কি? একই লোককে তারা এ্যারেষ্ট করছেন—আগের বার যা বলেছিলেন যে চীন আক্রমণ করেছে ইমারজেন্সি ডিক্লেয়ার করা হয়েছে সেইজন্য যাদের এ্যারেষ্ট করা হচ্ছে তারা দেশদ্রোহী কিংবা সমাজদ্রোহী—কিন্তু আমরা যারা ১৯৬২ সালের আগেও এ্যারেষ্ট হয়েছি ডি, আই, আর-এ

তখন আমরা যে সুযোগ সুবিধা পেয়েছি ১৯৬২ সালের পর—ডি, আই, আর ৩০-তে এ্যারেস্টেড হয়ে সেই সমস্ত সুযোগ সুবিধা পাই নি—সুতরাং কেন এই নীতির পরিবর্তন হোল সেটা জানতে চাই?

Shri Prafulla Chandra Sen :

গভর্নমেন্ট মনে করেছেন যে যা ব্যবস্থা করা হয়েছে তা উচিত ব্যবস্থাই করা হয়েছে—অন্য ব্যবস্থা তারা করবেন না।

Shri Kashi Kanta Maitra :

আমি জানতে চাচ্ছি মুখ্যমন্ত্রীর কাছে এই পি. ডি. এ্যাক্ট. ডি. আই. রুল বা সিকিউরিটি এ্যাক্টে যে সমস্ত প্রিজনারদের আটক রাখা হচ্ছে—আমি পলিটিক্যাল শব্দটা ব্যবহার করছি না—তাঁদের এই হাউসে মুখ্যমন্ত্রী বলেছেন যে কিছু স্পেশ্যাল এ্যালাউন্স দেওয়া হয় যেমন পি. ডি. এ্যাক্টে যাঁদের ধরা হয় তাদের কতকগুলি সুযোগ সুবিধা দেওয়া হয়—আবার ডি, আই, রুলেও কতকগুলি সুযোগ সুবিধা দেওয়া হয়; এখন এই যে ফেসিলিটিজ দেওয়া হচ্ছে প্রীজনার হিসাবে –পি. ডি, এ্যাক্টে সেগুলি নেই—ডি. আই. আর-এও নেই—ইট রেস্টস উইথ দি ডিসক্রিসন অফ দি গভর্নমেন্ট। তাহলে জেল কোর্ডের মধ্যে যে প্রভিসন আছে সেই অনুযায়ী হবে –তা যদি হয়ে থাকে তাহলে আমার জিজ্ঞাস্য—জেল কোর্ডের নীতি অনুযায়ী যদি বিচার হয় এবং সরকারী এক্জিকিউটিভ অথরিটির উপর যদি জিনিসটা নির্ভর করে থাকে তাহলে

It matters little whether a prisoner is detained under P.D. Act or D.I. Rule or Security Act if he is not given facility under the Jail Code; facility, if any is given in favourable discreation of the Government, then it is quite immaterial for a person who is given facility under the P.D. Act, but denied the same facility when he is perchance detained under D. I. Rule 30.

Shri Prafulla Chandra Sen :

প্রিজনার বা জেল কোডের সংগে এর কোন সম্পর্ক নেই। ডিফেন্স অব ইণ্ডিয়া রুলসে আমরা যখন লোককে ধরতে আরম্ভ করি, ডিটেনশন করি তখন সরকার এই নীতি গ্রহণ করেন যে এঁদের ডিভিসন ১ আণ্ডার ট্রায়াল প্রিজনার হিসাবে গণ্য করা হবে—এই নীতিই সরকার নিয়েছেন।

Shri Kanai Pal :

মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই যে ডিটেনি যাঁরা বর্তমানে ডি. আই. রুলসে আটক রয়েছেন তাঁদের যে কিছু কিছু ভাতা দেয়া হচ্ছে বলে ইতিপূর্বে বলেছেন এটা কি আণ্ডার ট্রায়াল প্রিজনারদের দেয়া হয়ে থাকে—এটাই আমার প্রশ্ন?

Shri Prafulla Chandra Sen :

এখানে ভাতার কোন প্রশ্ন উঠছে না। এটা একটা নীতি সরকার গ্রহণ করেছেন। এখানে যে প্রশ্নটা উঠেছে সেটা হচ্ছে জেলে যখন আণ্ডার ডিটেনসন থাকবেন তখন তাদের কি সুযোগ সুবিধা দেয়া হবে। আমরা তখন একথা বলেছিলাম যে আণ্ডার ট্রায়াল প্রিজনাররা যে সমস্ত সুযোগ সুবিধা পান ডিভিসন ১ ক্লাসিফিকেশন পেলে এ'রাও সেই সমস্ত সুযোগ সুবিধার অধিকারী হবেন। তার মানে এ'রা আণ্ডার ট্রায়াল নন, আর তার মানে এও নয় যে প্রয়োজন মনে করলে গভর্নমেন্ট এ'দের ভাতা দেবেন না।

Shri Sanat Kumar Raha :

মুখ্যমন্ত্রী মহাশয় জানিয়েছিলেন যে এ'দের ডিটেনসনে রাখা সত্ত্বেও ডি. আই. রুলসে ক্লাস ১ আণ্ডার ট্রায়ালের ট্রিটমেন্ট করেন কিন্তু আমি বলছি বাংলাদেশের সরকারের কাছে বেঙ্গল

ডিটেনশন ম্যানুয়াল আছে এবং বহুদিন থেকেই সেটা আছে। সেটা আর, গুপ্ত, সেক্রেটারী এ ডাঃ বিধানচন্দ্র রায়, চীফ মিনিষ্টার অব ওয়েষ্ট বেঙ্গল—তারা জানাচ্ছেন তৎকালীন যুগে সিকিউরিটি য়্যাক্টে এ্যারেষ্ট করলে আমরা তাঁদের ডিটেনসন ম্যানুয়াল অনুযায়ী ট্রিটমেন্ট করে —যেসব য়্যামেনিটিজ ওখানে এ্যাভেলেবেল আছে তার উপর ফার্দার এগুলি দেয়া হবে এই চ ছিল। আমি জানতে চাচ্ছি যে কি কারণে সেই বেঙ্গল ডিটেনসন ম্যানুয়াল থাকা সত্ত্বেও সরক নূতন নীতি গ্রহণ করছেন?

Shri Prafulla Chandra Sen :

এখানে তো পলিসির কথা হচ্ছে। মাননীয় সদস্য যে কথা বলছেন সেই সময় এটা হয়েছিল বর্তমান অবস্থায় সরকার ১৯৬২ সালের অক্টোবর মাসে এই নীতি গ্রহণ করেন যে যাঁদের ডিফে অব ইণ্ডিয়া রুলসের ৩০-তে ধরবেন তাঁদের যদি ক্লাসিফিকেসন দেন ডিভিসন ১ আণ্ডা ট্রায়ালের মত ব্যবহার করা হবে।

Shri Amarendra Nath Basu :

উপাধ্যক্ষ মহাশয়, আমি জেলমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি একথা এবং উত্তরটা আশা করি —উনি প্রথমে বলেছিলেন যাঁরা জেলে আছেন তাঁরা পলিটিকাল প্রিজনার।

Shri Prafulla Chandra Sen :

আমি কোনদিন পলিটিক্যাল প্রিজ্নার কথাটা ব্যবহার করিনি।

Shri Amarendra Nath Basu :

আপনি নন্, আমি জেলমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি.........

Shri Jagannath Kolay :

আমি তা বলিনি, আমি বলেছি, ডি, আই, আর ৩০-তে যাঁরা আটক বন্দী আছেন তাঁদের মধ্যে কতকগুলি রাজনৈতিক দলভুক্ত লোকও আছেন।

Shri Somnath Lahiri :

আপনি যে বল্লেন তাঁদের মধ্যে যাঁরা রাজনৈতিক দলভুক্ত তাঁদের ডিভিসন ১ আণ্ডার ট্রায়া হিসাবে ট্রিটমেন্ট করবো—তাঁরা রাজনৈতিক দলভুক্ত কিনা এটা কি ভিত্তিতে সাব্যস্ত করা হয়

Shri Prafulla Chandra Sen :

রাজনৈতিক দলভুক্ত কিনা সেটা আমরা পুলিশের রিপোর্টে পাই। পুলিশের রিপোর্টে আম জানতে পারি এ'রা ব্ল্যাকমার্কেটিয়ার কিনা, প্রফিটিয়ার কিনা, গুণ্ডা কিনা। পুলিশ যদি বলে এ'রা রাজনৈতিক দলভুক্ত তাহলে রাজনৈতিক দলভুক্ত।

Shri Somnath Lahiri :

পুলিশ যদি কোন রাজনৈতিক দলভূক্ত লোককে চোরাকারবারী বলে বর্ণনা করেন তাহলে সে কি আপনারা চোখ বুজে বিশ্বাস করবেন?

Shri Prafulla Chandra Sen :

পুলিশ যা বলবেন সেটা যাচাই করে দেখবার মত আমাদের বুদ্ধি আছে, ক্ষমতা আছে এব শক্তিও আছে।

Shri Panchu Gopal Bhaduri :

মুখ্যমন্ত্রী জানালেন পুরানো ডিটেনসন ম্যানুয়াল থেকে নূতন যে ব্যবহারবিধি পরিবর্তন করে আণ্ডার ট্রায়াল ডিভিসন ১ করলেন এর কারণটা জানাবেন না—কারণটা জানাবেন না কেন, এর পেছনে কোন কি নিরাপত্তার কারণ আছে?

Shri Prafulla Chandra Sen :

কারণটা জানাবার প্রশ্ন উঠছে না। গভর্নমেন্ট এটা করেছেন ফ্যাক্টটা জানাচ্ছি। গভর্নমেন্ট মনে করেন যে ডিভিশন ১ আণ্ডার ট্রায়াল প্রিজনারের যে সমস্ত সুখ-সুবিধা পায় সেই সমস্ত সুখ-সুবিধা পর্যাপ্ত।

[1-20—1-30 p.m.]

Shri Narayan Choubey :

ডিটেনসান ম্যানুয়্যাল যেটা আপনারা আগে নিয়েছিলেন যে অনুযায়ী আগে ব্যবহার করতেন এখন সেটা কি পরিত্যাগ করেছেন?

Shri Prafulla Chandra Sen :

আমরা বর্তমানে এই নিয়ম করেছি। সরকার প্রতি বছর নিয়ম পাল্টাতে পারেন।

Shri Narayan Choubey :

ম্যানুয়্যালের রীতিগুলি কি পরিত্যাগ করেছেন?

Shri Prafulla Chandra Sen :

আমরা ডিফেন্স অব ইণ্ডিয়া রুলে যাদের ধরেছি তাদের দুটো ক্ল্যাসিফিকেসান করেছি—এক ভাগকে বলছি তাদের সংগে ডিভিসান ওয়ান আণ্ডার-ট্রায়াল প্রিজনার-এর মত ব্যবহার করা হবে, আর একভাগকে বলছি তাদের সংগে ব্যবহার করা হবে ডিভিসন টু আণ্ডার-ট্রায়াল প্রিজনারের মত। এই নীতি সরকার গ্রহণ করেছেন।

Shri Khagendra Kumar Ray Chowdhury :

উনি আগে বললেন ১৯৬২ সালে যাদের আমরা ডি, আই, আর-এ ধরেছিলাম তাদের চেয়ে এখন যাদের ধরেছি তাদের কিছু কিছু ফেসিলিটিজ বেশী দিচ্ছি—৭॥ টাকা নাকি কি বললেন। আমার প্রশ্ন হচ্ছে আপনারা এখন যে ফেসিলিটিজ দিয়েছেন এবং আগে যে ফেসিলিটিজ ছিল সেই ফেসিলিটিজগুলি দেবার কথা নতুন করে চিন্তা করছেন কি?

Shri Prafulla Chandra Sen :

আমরা চিন্তা করছি না।

Shri Sailesdra Nath Adhikary :

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে ডি, আই, রুলের ব্যাপারে ওদের দু-রকম ক্ল্যাসিফিকেসান করেছেন—একটা হচ্ছে আণ্ডার-ট্রায়াল ক্লাস ওয়ান ডিভিসান আর একটা হচ্ছে ক্লাস টু ডিভিসান এবং সেই ডিভিসান অনুসারে যারা পলিটিক্যাল পার্টি থেকে এ্যারেস্টেড হয়েছে ডি, আই, রুলের মধ্য দিয়ে তাদের ডিভিসান ওয়ান দেওয়া হচ্ছে। আমার প্রথম কথা হচ্ছে পলিটিক্যাল পার্টির লোক আছে এবং তা ও'রা স্বীকার করেছেন। দ্বিতীয় কথা হচ্ছে তাদের

যে ধরা হচ্ছে ডি, আই, রুলে তাদের পলিটিক্যাল পার্টি হিসাবে এটা দেওয়া হচ্ছে কিনা এব সঙ্গে সঙ্গে জিজ্ঞাসা করছি যাদের ব্ল্যাকমার্কেটিং এবং স্মাগলিং-এর ব্যাপারে ধরা হয়েছে তাদের কি শুধু ডিভিসন টুতে রাখা হচ্ছে, না ডিভিসান ওয়ান দেওয়া হচ্ছে?

Shri Prafulla Chandra Sen :

আমরা বলেছি যে আমরা কাউকে পলিটিক্যাল প্রিজনারের সংজ্ঞা দিচ্ছি না, এই রকম সংজ্ঞ আমরা ব্যবহার করি না। দ্বিতীয়তঃ যারা ব্ল্যাকমার্কেটিয়ার, প্রফিটিয়ার ধরা পড়েছে এবং ডিটেণ্ড হচ্ছে তাদের অবস্থা বুঝে কাউকে ডিভিসান ওয়ান আণ্ডার-ট্রায়াল প্রিজনার, আবার কাউকে ডিভিসান টু আণ্ডার ট্রায়াল প্রিজনারের মত ব্যবহার করছি।

Shri Kanai Pal :

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বার বার জানিয়েছেন যে যাদের ডি. আই, রুলে ধরা হয়েছে তাদের আণ্ডার-ট্রায়াল ডিভিসান ওয়ান এবং ডিভিসান টু প্রিজনারদের মত ব্যবহার করছেন। আমি পরিষ্কার জানতে চাই এই যে তাদের হাত খরচ ৭ টাকা ৭॥ টাকা দেওয়া হয় এই হাউসে তিনি দাঁড়িয়ে বলেছেন, এটা কোন আণ্ডার-ট্রায়াল প্রিজনার পায় না। আমার প্রশ্ন হচ্ছে তিনি যে নীতি গ্রহণ করেছেন বলে এখানে জানালেন এই হাত খরচ দেওয়াতে সেই নীতির বিরোধিতা করা হচ্ছে কিনা?

Shri Prafulla Chandra Sen :

যদি বিরোধিতা করা হয় তাহলে তো কোন অন্যায় হচ্ছে না। সরকার মনে করছেন হাত খরচ দেওয়া উচিত সেজন্য দেওয়া হচ্ছে। সেটা তো ভালই করছেন।

Shri Kanai Pal :

তিনি নীতি গ্রহণ করেছেন ডি. আই. রুলে যারা এ্যারেস্টেড হয়েছে তাদের আণ্ডাল-ট্রায়াল প্রিজনারের মত ব্যবহার করা হবে। এদের জেলের ভেতর হাত খরচ দিয়ে সেই নীতি লংঘন করা হচ্ছে কিনা? দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যদি লংঘন করা হয়ে থাকে তাহলে তাদের সুযোগ-সুবিধা দেবেন না কেন?

Shri Prafulla Chandra Sen :

এতে কোন দুর্নীতি হচ্ছে না, সুনীতি হচ্ছে।

Shri Kanai Pal :

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমি দুর্নীতি বা সুনীতির প্রশ্ন তুলিনি। আমি পরিষ্কার জানতে চাই তিনি যে কথা আগে বলেছেন, নীতি হিসাবে সরকার যেটা গ্রহণ করেছেন এই জেলের ভেতর হাত খরচ দেওয়াতে সেই নীতি লংঘিত হচ্ছে কিনা?

Shri Prafulla Chandra Sen :

অধিকন্তু ন দোষায়, বেশী দিলে দোষ নেই।

Shri Kanai Pal :

উত্তরে যেটা দিয়েছেন তাতে পরিষ্কার হচ্ছে যে তাঁরা কতকগুলি সুযোগ দিচ্ছেন। আমার প্রশ্ন হচ্ছে ডি, আই, রুলে যারা বন্দী হয়েছে তাদের ডেটিনিউ হিসাবে অন্যান্য যেসব সুযোগ সুবিধা কেন দিচ্ছেন না?

Shri Prafulla Chandra Sen :

আমি বলেছি খাওয়া-দাওয়ার ব্যাপারে সরকার তাদের সংগে ডিভিসান ওয়ান আণ্ডার-ট্রায়াল প্রিজনারের মত ব্যবহার করছেন।

Arrest of rice-smugglers in statutory rationing area

***294.** (Admitted question No. *1612.) **Shri Ananga Mohon Das :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ও তৎসংলগ্ন শিল্পাঞ্চলে পূর্ণ রেশনিং ব্যবস্থা চালু হওয়ার পর ঐ অঞ্চলে বে-আইনীভাবে চাউল আমদানীর জন্য ধৃত ব্যক্তিদের মধ্যে কতজন মুদি দোকানদার ছিল এবং কতজন স্ত্রীলোক ছিল; এবং

(খ) কতজনের চাউল বাজেয়াপ্ত করা হইয়াছিল?

Shri Ardhendu Shekhar Naskar :

(ক) ধৃত ব্যক্তিদের মধ্যে ২৮ জন মুদি দোকানদার এবং ৩৩১ জন স্ত্রীলোক ছিলেন।

(খ) ২০৮ জনের।

Shri Ananga Mohan Das :

এই যে যাদের আপনারা ধরলেন, তাদের বিরুদ্ধে কোন কেস হয়েছে কিনা বা অন্য কোন দণ্ড দেওয়া হয়েছে কি না?

Shri Ardhendu Shekhar Naskar :

তাদের বিরুদ্ধে কেস করা হয়েছে, ডি. আই. রুল-এর আণ্ডার সেকসন ১২৫, ক্লজ ৯ অনুসারে কোর্টে তাদের বিচার হয়েছে, তাতে কারো কারো ফাইন হয়েছে।

Shri Ananga Mohan Das :

যাদের চাল আপনারা নিয়েছিলেন, এবং যারা বিচারে দণ্ডিত হয়েছে তাদের চাল তো বাজেয়াপ্ত হয়েছে। কিন্তু যাদের বিরুদ্ধে কেস করা হয় নাই এমন তো কিছু লোক আছে, তাদের সম্বন্ধে আপনারা কী ব্যবস্থা করেছেন?

Shri Ardhendu Shekhar Naskar :

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি গত ৫ই জানুয়ারী থেকে ২৮এ জানুয়ারী পর্যন্ত আমরা ১,৭০৫ জনকে ধরেছি এবং তাদের বিরুদ্ধে ১,৫৬৬টি কেস দায়ের হয়েছে। তার মধ্যে ২৬ জন মুদি, ৩০৪ জন স্ত্রীলোক এবং ১,৩৭৫ জন পুরুষ। আর ৩৭৪ কুইন্টাল ৬০ কিলোগ্রাম, ৫৫০ গ্রাম চাল বাজেয়াপ্ত করা হয়েছে। ১৬৭টি কেসে ১৯৮ জনকে শাস্তি দেওয়া হয় এবং ১৬৭টি কেসের মধ্যে ৫৯ জন স্ত্রীলোক আর ১৪৯ জন পুরুষ এবং ৭৪১টি কেস এখনো পেণ্ডিং আছে, ইনভেস্টিগেশন চলছে। তার মধ্যে মুদি দোকানদার ২১ জন; ৪১ জন স্ত্রীলোক; ৭৭২ জন পুরুষ এবং আরো ৬৪৮টি কেস সাবজুডাইস আছে।

Shri Ananga Mohan Das:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যাদের বিরুদ্ধে কেস এখনো নিষ্পত্তি হয় নাই, তাদের চাল বাজেয়াপ্ত হয় নাই। সে চাল কোথায় জমা আছে এবং কিভাবে আছে?

Shri Ardhendu Shekhar Naskar :

সরকারী তত্ত্বাবধানে আছে।

Shri Sanat Kumar Raha :

এই যে এতগুলি স্ত্রীলোক ধরা হয়েছে বলেছেন, পুলিস কি সে সম্বন্ধে অনুসন্ধান করেছেন যে চোরাকারবারী দল তাদের ব্যবহার করেছেন ?

Shri Ardhendu Shekhar Naskar :

আমি জানি না।

Shri Jiban Krishna Dey :

এই ধরপাকড় করে কি পরিমাণ চাল পাওয়া গেছে।

Shri Ardhendu Shekhar Naskar :

আমি আগেই উত্তর দিয়েছি যে ৩৭৪ কুইন্টাল ৬০ কে, জি, ৫৫০ গ্রাম চাল বাজেয়াপ্ত কর হয়েছে।

Collection of rice from rice mills

295. (Admitted question No. *1617.) **Shri Sanat Kumar Raha :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চাউল কলগুলি হইতে ১৯৬৫ সালে মোট কত চাউল সংগ্রহ করা হইবে;

(খ) বর্তমান সময় পর্যন্ত মিল হইতে কি পরিমাণ চাউল ক্রয় করা হইয়াছে; এবং

(গ) বাকী অংশ সংগ্রহের কিরূপ ব্যবস্থা করা হইয়াছে?

Shri Smarajit Bandyopadhyay :

(ক) ১৯৬৫ সালে জানুয়ারী হইতে ডিসেম্বর পর্যন্ত সংগ্রহের পরিমাণ আনুমানিক লক্ষ ৫৩ হাজার মেট্রিক টন।

(খ) ৩ লক্ষ ৫০ হাজার এবং ৪ লক্ষ মেট্রিক টনের মধ্যে ৫-৩-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ রিপোর্ট অনুযায়ী ১-১-৬৫ তারিখ হইতে মোট ১ লক্ষ ১৩ হাজার ৭৮১ মেঃ টন চাউল ক্র করা হইয়াছে।

(গ) বাকী অংশ পূর্বের ন্যায় চালকলগুলি হইতে দৈনিক উৎপাদনের শতকরা ৫০ ভা লেভি হিসাবে সংগ্রহ করা হইবে।

Shri Sanat Kumar Raha :

১৯৬৫ সালে প্রায় ৪ লক্ষ মেট্রিক টন চাল সরকার কিনবেন বলেছেন—তার মধ্যে এই হার্ভেস্টি পিরিয়ড-এ এখনো অর্ধেক চালও কেনা হয় নাই। এই বাকী চালটা কি পন্থায় সংগৃহ হবে ব সরকার মনে করছেন?

Shri Prafulla Chandra Sen :

আমরা এ বছর পয়লা জানুয়ারী থেকে ১৫ই মার্চ পর্যন্ত ১ লক্ষ ৬৭ হাজার টন আমরা সংগ্রহ করেছি—এই আড়াই মাসে এবং আমাদের রিস্ক সিজন হচ্ছে মার্চ এবং এপ্রিল এমন কি মে পর্যন্ত পুরাপুরি চলবে। চাউলকলগুলি জুন মাসে একটু কম চলবে। আমার মনে হয় সাড়ে তিন লক্ষ টন আমরা সংগ্রহ করতে পারবো, ৪ লক্ষ টনও করতে পারি। আমরা লেভীতে আশানুরূপ চাল পাচ্ছি; কোন কোন ক্ষেত্রে আশাতীত ভাবে পাচ্ছি।

Shri Sanat Kumar Raha :

এই যে চালের লেভীর কথা বললেন এর মধ্যে হাওড়ায় যে চালকল আছে, সেগুলি কেমন চলছে ?

Shri Prafulla Chandra Sen :

হাওড়া ও কলকাতা সহরে যে সমস্ত চালকল আছে সেগুলি ভাল চলছে না। কিন্তু আমাদের জেলায় যা চালকল আছে গত বছরের তুলনায় তাতে এবার শতকরা ২৫ ভাগ বেশী উৎপাদন হচ্ছে।

[1-30—1-40 p.m.]

Shri Narayan Choubey :

মন্ত্রীমহাশয় জানাবেন কি, হাস্কিং মিল থেকে যে চাল সংগ্রহ করেছেন তার পরিমাণ কত ?

Shri Prafulla Chandra Sen :

খুবই সামান্য—বলবার মত নয়।

Dr. Kanai Lal Bhattacharya :

মন্ত্রীমহাশয় এইমাত্র বললেন যে, হাওড়ার চালকলগুলি থেকে ভালভাবে প্রকিওরমেণ্ট হচ্ছে না কারণ সেখানে হাস্কিং ভাল হচ্ছে না। এর কারণ কি এই যে, বর্ধমান, মেদিনীপুর এবং ২৪ পরগণার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটরা এরকম নির্দেশ দিয়েছেন যে, এইসব অঞ্চল থেকে হাওড়া এবং হুগলীতে চাল আনা নিষিদ্ধ ?

Shri Prafulla Chandra Sen :

আমি আপনাদের বলেছি মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, বর্ধমান এবং পশ্চিম দিনাজপুর হচ্ছে সারপ্লাস ডিস্ট্রিক্ট। এইসব জেলায় যেসব ধানকল বা রাইসমিল আছে তাদের পুরাপুরি ফেসিলিটি দিতে হবে এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট চেষ্টা করছেন যাতে এগুলি পুরাপুরি চলে এবং চলছেও। তবে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি মনে করেন এ'রা বেশী মিল করতে পারছেনা তখন তিনি কোলকাতায়, টালিগঞ্জে যে ৮০টি ধানকল আছে এবং হাওড়া জেলায় যে কল আছে তাদের দেবেন। এছাড়া তিনি আরও যেটা করেছেন সেটা হচ্ছে এই যে চাল উৎপন্ন হবে তার ফিফ্‌টি পারসেণ্ট লেভি এবং বাকী ফিফ্‌টি পারসেণ্ট কণ্ট্রোল করে ভবিষ্যতের জন্য রেখেছেন এবং ২৪ পরগণায়, হাওড়ায়, নদীয়ায় এবং বর্ধমানে ডেফিসিট ডিস্ট্রিক্টএ দিচ্ছেন যাতে সমস্ত ধানকলের হিসেব পেতে পারেন এবং ব্ল্যাক মার্কেটে না যেতে পারে।

Dr. Kanai Lal Bhattacharya :

মন্ত্রীমহাশয় কি এই খবর রাখেন যে, এর জন্য হাওড়া এবং কোলকাতা শহরে যে চালকল আছে সেগুলি বন্ধ হয়েছে এবং অনেকগুলো লোক বেকার হয়েছে ?

Shri Prafulla Chandra Sen :

আমি আপনাদের বলতে পারি ১৯৬৪ সালে টালিগঞ্জে চালকল চলেনি এবং হাওড়ায় চালকলগুলি চলেনি। কিন্তু আমরা নাচার এবং তার কারণ হচ্ছে আমাদের দেশে ৭০০-র উপর যে ধানক আছে সেই ৭০০-কে চালাবার মত পুরো ধান পাওয়া যায়না। ৫০০।৫৫০টির মত হয়, কাজে বাকীগুলো যদি না চলে তাহলে আমরা কি করব?

Shri Nani Bhattacharjee :

মন্ত্রীমহাশয় আমাদের কাছে সারপ্লাস ডিস্ট্রিক্ট-এর অবস্থা বললেন। আমার প্রশ্ন হচ্ছে ডেফিসি ডিস্ট্রিক্ট-এ কি পরিমাণ চাল চালকলগুলির কাছ থেকে লেভি করে আনা হয়েছে?

Shri Prafulla Chandra Sen :

নোটিশ চাই। তবে ডেফিসিট ডিস্ট্রিক্ট-এ যদি ধানকল চলে থাকে তাহলে আমরা নিচ্ছি—লেভি থেকে বাদ দেইনি। আমরা ডেফিসিট ডিস্ট্রিক্ট-এ নির্দেশ দিয়েছি সেখানকার উৎপন্ন চাল আমরা নেবনা—সেখানেই থাকবে। ডেফিসিট ডিস্ট্রিক্ট-এ আমদানী কম—যেমন, উলুবেরিয়ায় মাঝখানে দাম একটু বেশী হয়েছিল বলে আমরা চাল পাঠিয়েছি। যাহোক, আমরা এটা বলেছি যে, গভর্ণমেণ্টের চালের স্টক খুব ভালভাবে রয়েছে এবং ডেফিসিট ডিস্ট্রিক্ট-কে পুরাপুরি খাওয়াবার মত রয়েছে।

Shri Balai Lal Das Mahapatra :

মন্ত্রীমহাশয় বলেছেন হাস্কিং মেসিন থেকে যেটা সংগ্রহ করেছেন সেটা অতি সামান্য, বলবার মত নয়। কিন্তু মুস্কিল হয়েছে আপনারা যে নির্দেশ দিয়েছেন তার ফলে ছোট ছোট ব্যবস যারা হাস্কিং মেসিনে চাল ভাঙ্গিয়ে লোকাল মার্কেটে বিক্রয় করত তারা তা করতে না পা জন্য চালের দর বেড়ে যাচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এই যখন অবস্থা তখন আপনারা এই আ প্রত্যাহার করবেন কিনা?

Shri Prafulla Chandra Sen :

আমার আদেশ পুরোপুরি প্রত্যাহার না করলেও এমনভাবে সংশোধন করেছি যাতে বে লোকের অসুবিধা হচ্ছে না।

Shri Balai Lal Das Mahapatra :

মন্ত্রীমহাশয় নিজে বলেছেন পঞ্চায়েতের কাছ থেকে পার্মিসন নিতে হবে। কিন্তু অবস্থা হ এই নির্দেশ নিতে গিয়ে বহু লোককে হয়রাণ হতে হয়, পঞ্চায়েতের বাড়ীতে গিয়ে বসে থাক এবং এমন কি টাকা পর্যন্ত দিতে হয়। কাজেই আমার প্রশ্ন হচ্ছে এইসব জিনিস চিন্তা ক অল্প সংগ্রহের জন্য লোককে হয়রাণ না করে এটা প্রত্যাহার করবেন কিনা?

Shri Prafulla Chandra Sen :

যদি আমরা বুঝি এরজন্য লোকের কষ্ট হচ্ছে তাহলে বিবেচনা করব।

Shri Narayan Choubey :

মন্ত্রীমহাশয় কি জানেন, চাল যেগুলি হাস্কিং মেসিন থেকে সংগ্রহ করা হয়েছে তার দাম এখন পর্যন্ত অনেকে পায়নি?

Shri Prafulla Chandra Sen:

রকম তথ্য আমার কাছে নেই।

Shri Kashi Kanta Maitra:

[মন্ত্র]ীমহাশয় কানাইবাবুর প্রশ্নের উত্তরে বললেন যে, কোলকাতা এবং হাওড়ার শিল্পাঞ্চলে [অ]নেক চালকল বন্ধ হয়েছে এবং কোলকাতা এবং বাংলাদেশে যে ৭০০-র উপর চালকল আছে [এ]ই ৭০০ চালকলে ধান ভাঙ্গাবার মত ধান যেহেতু সরকার দিতে পারছেন না সেহেতু সরকারের [প]লিসি হচ্ছে যে ধানকলগুলিকে সারপ্লাস ধান সরবরাহ করে চাল আনা যাবে সেগুলি চালু [ক]রবেন এবং সেইজন্যই হাওড়া এবং কোলকাতার চালকলগুলি বন্ধ করেছেন। আমরা দেখছি [সর]কার এমন কোন নীতি নেননি বা ঘোষণাও করেননি যে, সরকার সবটা প্রকিওর করবেন [আ]মার প্রশ্ন হচ্ছে সরকারের নিয়ন্ত্রিত দামে কোন মিলার যদি সরকারের তত্বাবধানে ধান কিনে [চাল]া তৈরী করে বিক্রি করে তাহলে রেগুলেসনে বাধা কোথায়?

Shri Prafulla Chandra Sen:

[মা]ননীয় সদস্য এতগুলো "যদি" বলেছেন যার উত্তর দেওয়া যায়না।

Shri Kashi Kanta Maitra:

[আ]পনাদের যখন প্রকিওরমেণ্ট পলিসি নেই তখন ইন্ডিপেনডেণ্টলী এই সমস্ত চালকলের [মা]লকরা যদি হাওড়ায় এবং কোলকাতায় ধান কিনে ভাঙ্গায় তাহলে বাধা কোথায়?

Shri Prafulla Chandra Sen:

[মা]ননীয় সদস্য হিসেব করলে বুঝতে পারবেন আমাদের দেশে ৭০০-র মত যে ধানকল, চালকল [আ]ছে তাদের প্রত্যেককে তাদের ক্যাপাসিটি অনুসারে কাজ করবার মত ধান দেওয়া যায়না এবং [তা]র ফলে কম্পিটিসন হয়। আমরা যে প্রাইস কণ্ট্রোল করছি তার একটা বিপদ ছিল ধানকল-[গু]লো নিজেদের মধ্যে কম্পিটিসন করত। বিশেষকরে ডেফিসিট এরিয়ায়। কাজে কাজেই [সর]কার এই নীতি গ্রহণ করেছেন প্রাইস কণ্ট্রোল যাতে ঠিকভাবে রাখা যায় এবং উদ্বৃত্ত জেলাতে [যে] ধান পাওয়া যাবে সেই ধান যাতে উদ্বৃত্ত জেলায় অবস্থিত ধানকলগুলোতে মিল করা যায় [সে]টা দেখতে হবে।

Infection of bamboos in Murshidabad district

***296. (Admitted question No. *1638.) Shri Abdul Bari Muktar:**

[কৃষি] ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও ডোমকল থানায় বাঁশ-গাছে একপ্রকার রোগ হচ্ছে ও যার ফলে বাঁশ সাদা রং হয়ে মরে যাচ্ছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত প্রকার রোগ দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) রোগটি নির্ণয়ের ও দূরীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

Shri Birendra Narayan Ray:
এটা কি নূতন ধরনের রোগ যে অনুসন্ধান করা হচ্ছে?

Shri Prafulla Chandra Sen:
মানুষেরও নানা রকম রোগ উদ্ভব হচ্ছে। আমরা কিছু আবিষ্কার করছিনা—রোগ ধরা পড়ে এবং আমরা দেখছি কি রোগ?

Shri Birendra Narayan Ray:
এটা কি নূতন রোগ?

Shri Smarajit Bandyopadhyay:
এই রোগ নির্ণয় করবার জন্য ইণ্ডিয়ান ফরেস্ট রিসার্চ ইন্সটিটিউট, দেরাদুন-এ লেখা হয়েছে

Shri Birendra Narayan Ray:
এটা কি নূতন টাইপ-এর রোগ যে আপনারা তাদের জানিয়েছেন?

Shri Prafulla Chandra Sen:
বিশেষজ্ঞদের কাছে জানান হয়েছে, তাঁরা এসে বলবেন নূতন না প্রাচীন, না ১০ বছর আগেকার

Shri Sailendra Nath Adhikary:
মন্ত্রীমহাশয় যখন জানাতে পারলেন না এটা কি ধরনের রোগ তখন তাঁর কথা থেকে কি এ বলতে পারি এটা বংশরোগ?

Shri Prafulla Chandra Sen:
বংশরোগ অনেকের হয় বৈকি।

Shri Jiban Krishna Dey:
মন্ত্রীমহাশয় জানাবেন কি, কবে থেকে আক্রমণ হয়েছে এবং ক্ষতির পরিমাণ কত?

Shri Smarajit Bandyopadhyay:
অফ-হ্যাণ্ড বলা মুস্কিল—নোটিশ চাই।

Shri Jiban Krishna Dey:
মন্ত্রীমহাশয় জানাবেন কি, কবে থেকে আরম্ভ হয়েছে এবং এখনও চলছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:
এবছর হয়েছে এবং আবদুলবারী সাহেব নোটিশ দিয়েছেন।

Sugar quota of the sweet dealers of Midnapore and Kharagpur towns

***297.** (Admitted question No. *1647.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether sugar quotas previously issued to the sweet dealers in Midnapore and Kharagpur towns have been recently curtailed;

(b) if so, what is the percentage of this curtailment and the reason therefor, and

(c) whether the Government have any proposal to increase the quota of sugar to the sweet dealers in the near future?

1-40—1-50 p.m.]

Shri Smarajit Bandyopadhyay:

(a) Yes.

(b) Midnapore—50%
Kharagpur—38%

Following are the reasons for curtailment:—

1. 25% was reduced due to cut in the State Sugar Quota by Government of India in March, 1964. The original State Quota was however restored in November, 1964. But Sweet Dealers' Quota could not be restored as a result of introduction of Statutory Rationing in Calcutta and Industrial Area for increasing demand there.

2. Non-arrival of stocks from factories in time.

(c) No such proposal is under consideration of Government at present.

Shri Narayan Choubey:

আপনি বললেন যে মার্চ মাসে ২৫ পারসেণ্ট কোটা কেটে দিয়েছিলেন যেহেতু গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া সুগার কম দিয়েছে তারপর নভেম্বর মাসে রেষ্টোড করল এবং যখন জানুয়ারী থেকে রেশনিং চালু করলেন সেই রেশন চালু করার জন্য গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া আমাদের বাংলাদেশে সুগার-এর কোটা কি বাড়ান নি?

Shri Prafulla Chandra Sen:

ভবিষ্যতে বাড়তে পারে তবে এখনও বাড়ান নি। অসুবিধা হচ্ছে যে চিনি যে এ্যালট করেন সে চিনিও আমরা সবটা পাই না। যে চিনি দেন তাতে আমাদের হয় না শেষ পর্যন্ত মাসের শেষে হিসাব করে দেখা যায় যে সবটা পারিনা কিছুটা কাট করা হয়েছে কাজেই আমরা বাড়াতে পারছি না যদি কোটা বাড়ে নিশ্চয়ই বাড়াব।

Shri Narayan Choubey:

গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া যে কোটা দেন আপনারা তা পাচ্ছেন না কেন?

Shri Prafulla Chandra Sen:

আমি বলছি গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া যে কোটা দেন সেটা সম্পূর্ণভাবে আমাদের কাছে এসে পৌঁছায় না তার একটা অংশ ব্যাকলগ থেকে যায়। এই ব্যাকলগ তারা মাসের শেষে দেন না।

Shri Narayan Choubey :
তাহলে আমার কথা হচ্ছে র‍্যাশনিং চালু হবার পর চিনির কোটা বাড়ান উচিত ছিল বলে নিশ্চয়ই মনে করেন সেটা বাড়ালেন না আর যাদের রেগুলারলী পাবার কথা তারা যদি না পায় তারজন্য পশ্চিমবঙ্গ সরকার কি ব্যবস্থা করেছেন।

Shri Prafulla Chandra Sen :
পশ্চিমবঙ্গ সরকার লেখালেখি করছেন। আমি মাননীয় সদস্যগণের সঙ্গে একমত যে আমাদের কোটা বাড়ান উচিত। আমরা চাই আমাদের এ্যালটমেণ্ট যেটা সেটা সম্পূর্ণভাবে এসে পেঁাছাক। এজন্য আমরা গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া-কে লিখেছি এর বেশী আর কিছু নয়।

Shri Narayan Choubey :
এই চিনি না আনার ফলে বহু জায়গা থেকে বিশেষভাবে আমাদের পাশ্ববর্তী উড়িষ্যা থেকে চিনি আসছে তারা বেশী চিনি পাচ্ছে কিনা জানিনা তবে উড়িষ্যা থেকে চিনি বেশী দরে আসছে এর ফলে আমাদের স্টেট ক্ষতিগ্রস্থ হতে চলেছে এটা মনে করেন কি?

Shri Prafulla Chandra Sen :
এটা হতে পারে তবে এটা আমাদের দোষ নয়, মাননীয় সদস্য নিশ্চয়ই ভালভাবে জানেন যে আমাদের এই দেড় বৎসরের বেশী আমরা এই সর্বপ্রথম ইণ্ডাষ্ট্রিয়াল অঞ্চলে স্ট্যাটুটারী রেশনিং করি তাতে আমাদের চিনি সম্বন্ধে কোন কম্পেলেন আসেনি। কালকে একজন মাননীয় সদস্য আমাকে দেখালেন যে ডেলা দেওয়া হয়েছে আমি সেটা খেয়ে দেখলাম জানিনা আমাকে দাম দিতে হবে কিনা তবে আমি দেখলাম এটা অতি উত্তম চিনি এবং আমার বন্ধু বিজয়বাবু বললেন যে এটা অতি পবিত্র চিনি। এখন কথা হচ্ছে অন্য প্রদেশ থেকে যদি চিনি আসে তা হলে আমি কি করব আমি অন্য প্রদেশের জন্য দায়ী নই।

Shri Sanat Kumar Raha :
মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে মেদিনীপুরের জন্য যে ৫০ পারসেণ্ট এবং খড়্গপুরের জন্য ৩০ পারসেণ্ট ধরা হয়েছে। তাই মেদিনীপুর জেলার জন্য বেশী এবং খড়্গপুর জেলার জন্য কম হল কেন?

Shri Prafulla Chandra Sen :
মেদিনীপুর আর খড়্গপুর দুটো আলাদা জেলা নয়।

Shri Sanat Kumar Raha :
২ জায়গায় ২ রকম পারসেণ্ট হবার কারণ কি

Shri Prafulla Chandra Sen :
এর একটা হিসেব দিয়েছি আমরা যে জেলাওয়ারী চিনি ভাগ করেছি সেটা কি বেসিসে করে না আমাদের যখন খোলা বাজার ছিল যখন চিনির কণ্ট্রোল ছিল না বা চিনির স্টেট এ্যালটমে ছিল না তখন পশ্চিমবাংলায় চিনি অন্যান্য স্টেট-এর চেয়ে বেশী খেত, কলকাতা এবং ইণ্ডাি য়াল এরিয়া চিনি সবচেয়ে বেশী খেত। প্রোপোরসানেটলি দুর্গাপুর এবং আসানসোল তার চে কম খেত ঐ রকম খড়্গপুর ওর চেয়ে কম তারপর গ্রামাঞ্চল এই বেসিসের উপর আমরা ভা করেছি কাজেই সেই সময় থেকে খড়্গপুরে একটু বেশী ধরা হয়েছে।

Shri Narayan Choubey :

আপনি দয়া করে দেখবেন কি যে ১৯৬৪ সালে কত ওয়াগন চিনি আমাদের পশ্চিমবাংলা সরকারের পাবার কথা ছিল এ্যাজ পার এ্যালটমেন্ট অফ গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া, সেটা কত ওয়াগন পেয়েছেন, এটা বলতে পারবেন কি?

Shri Prafulla Chandra Sen :

এটা অফ হ্যাণ্ড বলতে পারবনা; আবার কিছু চিনি পড়ে গিয়েছিল সেটা নিশ্চয়ই এর মধ্যে ধরতে হবে।

Shri Kashi Kanta Maitra :

আজকে একটা নূতন তথ্য মন্ত্রীমহাশয় দিলেন তার জন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। তিনি বলেছেন যে বাংলাদেশে সুগার-এর যে কোটা তা আমরা প্রতি বছর পাইনা যেটা একটা ব্যাকলগ থেকে যাচ্ছে পরের বৎসরের জন্য, এই ব্যাকলগ-এর জন্য আমাদের সরকার কিছু করছেন কি?

Shri Prafulla Chandra Sen :

এই ব্যাকলগ যদি পরের মাসে দেয় তাহলে আমরা ধন্যবাদ দেব। ব্যাকলগ আর দেয় না যেমন সিমেন্ট-এর কোটা, সি আই শীট কোটা, ব্যাকলগ আর দেয় না।

Shri Kashi Kanta Maitra :

আমরা স্টেটমেণ্ট-এর মধ্যে দেখলাম আপনি একথা বলেছেন সেইজন্যই আমি জানতে চাই যে ইনটার্মস অফ পারসেণ্টেজ যেটা ব্যাকলগ পড়ে থাকছে সেটা পারছেন না আন-ডেলিভারড ইনটার্মস অফ পারসেণ্টেজ সেটা কত হবে অথবা ইনটার্মস অফ কুইণ্টাল, অর ব্যাগ কত দাঁড়াবে সেটা জানতে চাই?

Shri Prafulla Chandra Sen :

কত ওয়াগন বা কত কুইণ্টাল সেটা এখন বলতে পারব না পরে নোটিশ দিলে বলতে পারি।

Shri Kashi Kanta Maitra :

আপনি একটা প্রশ্ন উত্তরে বললেন যে হাস্কিং মেসিন-এ যে পরিমাণ চাল হয় সেটা নেগলিজেবল ফিগার। সে ফিগারটা দেওয়ার দরকার হয় না কেন?

Shri Prafulla Chandra Sen :

দেবার দরকার নেই বলিনি। হাস্কিং মেসিন থেকে যে পরিমাণ চাল সংগ্রহ করি সেটা অত্যন্ত নেগলিজেবল বোধ হয় সেটা ওয়ান পারসেন্ট হবে না।

Shri Kashi Kanta Maitra :

আমরা যে রেফারেন্স পেয়েছিলাম সুগার-এর ব্যাপারে যে ব্যাকলগ-এর ফিগার দিয়েছেন সেটা ইনটার্মস অফ পারসেণ্টেজ অথবা ইনটার্মস অফ কোটা যাই বলুন সেই নেগলিজেবল ফিগারটা দেওয়া সম্ভব হবে না?

Shri Prafulla Chandra Sen:

আমাদের পক্ষে বলা মুস্কিল তার কারণ হচ্ছে আমরা যেটা ইন্ডাষ্ট্রিয়াল এরিয়ার জন্য ধরি তার কারণ স্ট্যাটুটরী রেশনিং করেছি সেখানে আমরা সবটাই দিচ্ছি। মাননীয় সদস্যগ বলতে পারেন আমরা পক্ষপাতিত্ব করছি স্ট্যাটুটারী রেশনিং-এ আমাদের সেখানে দিতে হচে কাজেই অন্যান্য জায়গায় কম পাচ্ছে, খড়গপুর, মেদিনীপুর ও আসানসোল ইত্যাদি জায়গায় কম হচ্ছে।

Shri Jiban Krishna Dey:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন কি যে শহরে অঞ্চলকে খাওয়াবার জন্য গ্রামাঞ্চলের চিনি কোটা যে কমিয়ে দিচ্ছেন এটা কি ঠিক?

Shri Prafulla Chandra Sen:

হতে পারে, আমাদের বন্টনের নীতিটা কি? আমাদের বন্টনের নীতি হচ্ছে যখন কন্ট্রোল ছি না স্টেট এ্যালটমেণ্ট-এর ব্যবস্থা ছিল না তখন ফ্যাক্টরী থেকে ব্যবসাদাররা চিনি আনত এ অঞ্চলে, যে পরিমাণ চিনি প্রোপোরশনালি খেত আমরা সেইরকম ভাগ করে দিয়েছি, কলকাত যদি এক্স খেত এবং ওখান যদি ওয়াই খেত তা হলে এক্স, যদি হয় ৩এক্স।৪, ওয়াই হ ৩ওয়াই।৪।

Shri Jiban Krishna Dey:

চিনির ক্ষেত্রে যদি না হয় তাহলে আমাদের এইরকম শহর বনাম গ্রাম একটা বিবাদ হবার আশঙ্ক আছে কি? এই স্ট্যাটুটারী রেশনিং-এর ফলে?

Shri Prafulla Chandra Sen:

মোটেই তা ইচ্ছে নেই। চিনি খোলা বাজারে আসে তাতে যে হারে শহরে এবং গ্রামে বণ্ট হত বা ছোট শহরে বা ছোট গ্রামে বণ্টন হত সেই প্রোপোরসন-এ বণ্টন করছি।

Shri Anadi Das:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন উনি যেভাবে বণ্টনের সিদ্ধান্ত করেছেন তা বুঝতে পেরেছি কিন্ত যখন কোটা দিল্লী থেকে—সেন্টার থেকে কম আসছে সে অবস্থায় স্ট্যাটুটারী রেশনিং-এ চিনি নিশ্চয়ই দিচ্ছেন কিন্তু যেগুলি স্ট্যাটুটারী রেশনিং এলাকা নয় সেখানে ওরা পাবে কি পাবে এটা অনিশ্চিত, তা হলে এটা কি হল না যে শহরকে খাওয়াবার জন্য গ্রামকে বঞ্চিত করছেন?

[1-50—2 p.m.]

Shri Prafulla Chandra Sen:

জিনিসটা হচ্ছে—মাননীয় সদস্য ঠিকই বলেছেন—যেখানে আমরা স্ট্যাটুটারী রেশনিং প্রবর্ত করেছি সেখানে যে পরিমাণ আমরা দেবো বলেছি আমরা দিতে বাধ্য, স্ট্যাটুটারী রেশনি হলে। সেইজন্য যদি আমাদের স্টেট এ্যালটমেন্ট কম আসে তাহলে শিল্পাঞ্চলে তারা ন্যায্য ভাবে পায়, ওখানে একটু কম পায়। অবশ্য এটা আমাদের মনে রাখা দরকার যে আমরা শহরে যারা বাস করি সবাই-ই তো গ্রাম থেকে এসেছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় কি জানেন যে মফঃস্বলে চিনির অভাবে এক টাকা বার আনা, দুই টাকা কে জি কমে চিনি পাওয়া যায় না।

Shri Prafulla Chandra Sen:
টা আমি বলতে পারি না।

Paddy purchase centres in Burdwan district

***298.** (Admitted question No. *1839.) **Shri Aswini Roy:**
াদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কৃষকদের নিকট নির্ধারিত মূল্যে ধান্য ক্রয়ের ব্যবস্থা করিয়াছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) বর্ধমান জেলার ভাতাড়, আউসগ্রাম এবং সদর থানার কোন্ কোন্ বাজার বা গ্রামে কতকগুলি ধান্য ক্রয়ের জন্য কেন্দ্র স্থাপন করিয়াছেন,

(২) উক্ত কেন্দ্রের মধ্যে কতগুলি ক্রেতা সমবায় এবং কতগুলি ব্যক্তিগত ব্যবসায়ী,

(৩) উৎপাদন স্থল হইতে বিক্রয় কেন্দ্র পর্যন্ত যানবাহনে খরচ সরকার বহন করেন কিনা, এবং

(৪) বহন করিলে, মণ প্রতি ও মাইল প্রতি হার কি?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) "হ্যাঁ"।

(খ) (১) এবং (২) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

(৩) এরূপ খরচা সরকার বহন করেন না।

(৪) এ প্রশ্ন ওঠে না।

Statement referred to in reply to clause (kha) (1)(2) in starred question No. 298.

Name of thana.	Name of paddy purchasing centre.	Name of appointed purchasing agent.
hatar	Bolgona	Messrs. Bhatar Samabay Sashya Utpadan 'O' Bipanan Samity Ltd., P.O. Bhatar.
	Nasigram	Ditto.
	Bhatar	Ditto.
	Bonpas	Ditto.
usgram	Gushkara	Messrs. Gushkara Co-operative Multipurpose & Marketing Society Ltd., P.O. Gushkara.
	Bhedia	Ditto.
Burdwan (Sadar)	Saktigarh	Messrs. Gobindapur Union Co-operative Agricultural Credit Society Ltd., P.O. Hatgobindapur.
	Kurmun	Ditto.
	Hatgobindapore ..	Ditto.

Shri Aswini Roy :

এই যে কেনার যে ব্যবস্থা করেছেন তাতে দেখলাম কয়েকটা সমবায় সমিতির নাম করেছেন—এই সমবায় সমিতিগুলি কখন থেকে কিনতে আরম্ভ করেছে?

Shri Smarajit Bandyopadhyay :

সমবায় সমিতিগুলি কিনতে আরম্ভ করেছে ১।১।৬৫ তারিখে থেকে।

Shri Aswini Roy :

এই সব সমবায় সমিতিগুলিকে সরকারী তরফ থেকে কোন ক্যাপিটেল দেওয়া হয়েছে কিনা এবং দেওয়া হলে এই যে তিনটি আছে এদের কত টাকা করে দেওয়া হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay :

টাকা দেওয়া হয়েছিল কিন্তু কত করে দেওয়া হয়েছে সেটা সমবায় বিভাগ বলতে পারে।

Shri Aswini Roy :

সমবায় ছাড়া অন্যান্য এজেন্সি যদি না কিনে থাকে তাহলে সদর থানাতে মাত্র তিনটি সেণ্টার আছে এবং অন্যান্য ইউনিয়ন যেমন বেল কাসি ইউনিয়ন, তার থেকে যে কোনও সেণ্টার ৮।৯ মাইল দূরে তাহলে এই সমস্ত জায়গায় ধান কেনার কি ব্যবস্থা হয়েছে?

Shri Prafulla Chandra Sen :

মাননীয় সদস্য ভুল করছেন, এই যে সমবায় সমিতিগুলি আছে বা আমাদের ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে কিনতে বলেছিলাম তার কারণ ছিল যে হারভেষ্টিং-এর পর যারা গরীব চাষী যাদের ৫।৬ বিঘা জমি আছে তাদের পর্যাপ্ত ফসল হয় না কিন্তু তারা বাধ্য হয় কিছু বিক্রি করতে, সেই সময় তারা কম দামে বিক্রি করে. সেটা প্রাইস সাপোর্ট হিসাবে কেনার ব্যবস্থা হয়েছে।

Shri Aswini Roy :

আপনি বললেন ছোটখাট চাষীদের প্রাইস সাপোর্ট হিসাবে—আমি যতদূর জানি যে ফেব্রুয়ারী মাস পর্যন্ত কেনার কোন ব্যবস্থা হয় নি সমবায় সমিতি বা পঞ্চায়েৎ বা ব্লক ডেভেলপমেন্ট অফিসের মাধ্যমে। কাজেই তাদের ধান ডিসট্রেস সেল করতে হয়েছে। এখন পর্যন্ত ঐ সমবায় সমিতির যে কথা বলছেন—আমি যতদূর জানি সেগুলি এখনও পর্যন্ত কেনার ব্যবস্থা করতে পারেন নি—সেইজন্য ডেফিনিটলি জানতে চাচ্ছি যে আপনাদের কিছু ডেফিনিট খবর আছে কিনা যে কেনা হচ্ছে কিনা?

Shri Prafulla Chandra Sen :

এখানে তো কেনার প্রশ্ন নয় কারণ ডিসট্রেস সেল যে সময় হোত সেই সময় উত্তীর্ণ হয়ে গেছে। তবে আমি এটা স্বীকার করি যে এ বছর এই যে নূতন নীতি আমরা গ্রহণ করেছিলাম এতে আমরা ১৬ আনা সাফল্য লাভ করিনি। আগামী বছর আমরা মেসিনারী আরও ভাল করবো বলে মনে করছি।

Shri Daman Kuiry :

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে পুরুলিয়া জেলায় সরকারী নির্ধারিত মূল্যে ধান কয়বার বিক্রি হয়েছে?

Mr. Deputy Speaker:
এটা বর্ধমানের প্রশ্ন—পুরুলিয়ার নয়।

Foreign visitors in West Bengal

***299.** (Admitted question No. *1847.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Development (Tourism) Department be pleased to state—

(a) the total number of foreign tourists who visited Calcutta, Darjeeling, Santiniketan and Digha during 1963 and 1964;

(b) will the Government consider the desirability of obtaining the comparative figures of foreign visitors of tourists visiting Delhi on the one hand and Calcutta, Santiniketan, etc., on the other hand and be pleased to lay a statement of the same on the Table;

(c) whether Government is aware that a systematic campaign is being made at Delhi dissuading foreign tourists from visiting Calcutta, Darjeeling, Santiniketan, etc., and

(d) if not, will the Government consider the desirability of enquiring into the matter and taking appropriate steps to put a stop to this campaign which is undermining the interest of West Bengal?

Taking together of questions for answers relating to same subject

Mr. Deputy Speaker: As Starred Questions Nos. 299, 300 and 305 all relate to tourism, they may be taken together.

Shri Ardhendu Shekhar Naskar: (a) The total number of foreign visitors :-

	1963	1964
Calcutta	35,200	31,983
Darjeeling	The figure is not immediately available. It is being collected.	
Santiniketan ..	3,205	2,912 (up to October)
Digha	1,302	922 (up to October)

(b) Yes.

(c) No.

(d) Does not arise.

Tourist lodge, Darjeeling

***300.** (Admitted question No. *1854.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Minister-in-charge of the Development (Tourism) Department be pleased to state—

(a) (i) whether the construction of tourist lodge at Darjeeling has been completed, (ii) if so, at what cost;

(b) the number of flats, in the said lodge;

(c) items of furniture and their cost; and

(d) daily rate of the charges from the occupants?

Shri Ardhendu Shekhar Naskar : (a) (i) No.

(ii) Does not arise.

(b) The lodge, when completed, will have 15 bed rooms.

(c) The items of future have not yet been finalised. The estimate of cost will be ready when the items are finalised.

(d) The rate has not yet been fixed.

Tourism in West Bengal

***305.** (Admitted question No. *1848.) **Shri Kashi Kanta Maitra :** Will the Minister-in-charge of the Development Department be pleased to state—

(a) if he is aware whether the **publicity items about** Kashmir, Delhi, Jaipur and Agra are put in the tourist office in foreign centres run by the Government of India;

(b) if it is a fact that publicity plackards about Calcutta, Darjeeling, Santiniketan are omitted in such foreign centres and if so, the reasons thereof; and

(c) if it is a fact that as a result of such omission tourism in Calcutta has been affected and the State revenue has suffered considerably ?

Shri Ardhendu Shekhar Naskar : (a), (b) and (c) The Tourist offices in foreign countries are run by the Department of Tourism, Government of India. A reference to the Government of India is being made and a reply will be given on hearing from them.

Shri Kashi Kanta Maitra :

মাননীয় মন্ত্রীমহাশয় স্বীকার করলেন তাঁর উত্তরের মাধ্যমে ২৯৯-এ যে কোলকাতা-দার্জিলিং-এর ফিগার উনি দিতে পারেননি। যে কোলকাতা, দীঘা, শান্তিনিকেতনে ১৯৬৩ সালে যে সংখ্যক বিদেশী পর্যটক এসেছিলেন ১৯৬৪ সালে দেখা যাচ্ছে সেটা কমে যাচ্ছে.........

Shri Prafulla Chandra Sen :

উনি ১৯৬৪ সালের যে হিসাব দিয়েছেন সেটা ১৯৬৪ সালের অক্টোবর পর্যন্ত. আর ১৯৬৩ সালে ৩১শে ডিসেম্বর পর্যন্ত। কাজে কাজেই ঠিক তুলনা আমরা করতে পারি না, কারণ নভেম্বর, ডিসেম্বরেও কিছু এসেছেন ফরেন টুরিস্ট। মাননীয় সদস্য বোধহয় জানেন শান্তি-নিকেতন প্রভৃতি জায়গায় নভেম্বর-ডিসেম্বর মাসেই বেশী টুরিস্ট আসেন।

Shri Kashi Kanta Maitra :

আমি এটা স্বীকার করে নিচ্ছি কিন্তু আমার প্রশ্ন হচ্ছে ফরেন কানট্রিজে আমার তথ্য হচ্ছে যে ভারতবর্ষের বিভিন্ন দ্রষ্টব্য যে সমস্ত জায়গা আছে তার উপর পাব্লিসিটি প্ল্যাকার্ড টাঙ্গানো হয় যার ফলে বিদেশী পর্যটকরা আকৃষ্ট হন যে ভারতবর্ষের কোন্ কোন্ জায়গা তাঁরা দেখবেন। মাননীয় মন্ত্রীমহাশয় তো সরাসরি বলে দিলেন কোয়েশ্চেন ডাজ নট এ্যারাইজ কিন্তু যেহেতু রাজ্যের একটা রেভিনিউর প্রশ্ন এর সঙ্গে জড়িত সেহেতু এটা খুব সহানুভূতির সঙ্গে বিবেচনা করা দরকার। দিল্লীতে যে পরিমাণ বিদেশী পর্যটক আসছেন ভারতবর্ষ দেখতে এমন কোন

কারণ নেই তাঁদের দার্জিলিং, শান্তিনিকেতন, কোলকাতায় না আসার যেহেতু এসব জায়গার আকর্ষণ কোন অংশে কম নয় কিন্তু তাঁরা আসছেন না। তার কারণ হচ্ছে আমি মুখ্যমন্ত্রীর অবগতির জন্য একথা বলছি যে বিদেশী যে সমস্ত টুরিষ্ট আসেন তার একটা হ্যাণ্ডিক্যাপ হচ্ছে সেখানে দার্জিলিং, ক্যালকাটা, শান্তিনিকেতন, দীঘা এই এই এলাকার জন্য পাব্লিসিটি প্ল্যাকার্ড টুরিষ্ট অফিসে না টাঙ্গানোর ফলে বাংলাদেশের এই সমস্ত জায়গার খবর তাঁরা পাননা। দ্বিতীয়তঃ দিল্লীতে একটা হেট বেঙ্গল ক্যাম্পেন চলছে। আপনারা টুরিষ্ট ডিপার্টমেন্টে তদন্ত করে দেখবেন যে সেখানে ক্যালকাটা সম্বন্ধে নুড পিকচার্স দেয়া হয় ফরেন ভিজিটারদের কাছে। আপনি জানেন কালী টেম্পেলের সামনে একটা খুব দুঃখজনক ঘটনা ঘটেছিল যে সেখানে একটা ভিখারীর ছবি ক্যামেরায় তুলেছিলেন—এগুলি নিয়ে গিয়ে বিদেশে সেনসেসানাল মঙ্গারিং হিসাবে কাগজে ছাপায় তাঁরা মোটা টাকা রোজগার করেন এবং ভারতবর্ষের চেহারাকে কুৎসিৎ রঙ্গে দেখাবার চেষ্টা করেন। সেজন্য বাংলাদেশ সম্বন্ধে, কোলকাতা সম্বন্ধে একটা অপপ্রচার দিল্লীতে হয় যে কোলকাতায় যেওনা। ক্যালকাটা ইজ এ ন্যাস্টি এ্যাণ্ড ডার্টি প্লেস। ভিখারীর জায়গা। তেমনিভাবে দার্জিলিং, দীঘা, শান্তিনিকেতন সম্বন্ধেও বলা হয়।

[2—2-10 p.m.]

Shri Kashi Kanta Maitra :

সেজন্য আমি বলছি এটা দেখা দরকার। এই রকম যদি অপপ্রচার চলে তাহলে সেটা বন্ধ করা দরকার। এটা বন্ধ হলে অনেক বিদেশী পর্যটক আসবে, তাতে রাজ্যের রেভিনিউ বাড়বে এবং পশ্চিমবঙ্গ উপকৃত হবে।

Shri Prafulla Chandra Sen :

এ বিষয়ে আমি মাননীয় সদস্যের সঙ্গে একমত। তবে মাননীয় সদস্যগণ বোধ হয় জানেন যে আমাদের টুরিজম এখনও একটু দুর্বল আছে। বাংলাদেশে টুরিষ্ট আগে মোটেই আসত না, এখন অবশ্য কিছু কিছু আসতে আরম্ভ করেছে এবং টুরিজম বিভাগ ইতিমধ্যে অনেক উন্নতি করেছে এবং আমি আশা করছি আগামী ৬ মাসের মধ্যে মাননীয় সদস্যগণ বুঝতে পারবেন আমাদের উন্নতি হয়েছে।

Shri Lakshmi Ranjan Josse: Will the Hon'ble Minister kindly tell us why the tourist lodge was not completed and what is the reason for that?

Shri Prafulla Chandra Sen : The fact is that it has not been completed.

Shri Lakshmi Ranjan Josse : It was both within the Second and Third Five-Year Plans but it could not be completed. When it is expected to be completed?

Shri Prafulla Chandra Sen : It is a fact that it has not been completed. I may tell the honourable member that we be able to do it in the course of the next two months.

Shri Bijesh Chandra Sen :

দুর্গাপুরে টুরিষ্ট লজে যে সমস্ত ফ্ল্যাট আছে সেখানে অনেকে ফ্যামিলি নিয়ে যান। কিন্তু সেই ফ্ল্যাটে ঢুকতে হলে বারের মধ্য দিয়ে ঢুকতে হয়, তাতে খুব অসুবিধা হয়। একটা ফ্যামিলি নিয়ে রাত্রিতে যখন মদ খেয়ে হল্লা হয় তখন সেই বারের মধ্য দিয়ে ঢুকতে হয়। সেজন্য সেই বার অন্য জায়গায় রাখার ব্যবস্থা করবেন কিনা?

Shri Ardhendu Shekhar Naskar :

অনুসন্ধান করে জানাব।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Orderlies for the high officials of Police Department

***301.** (Admitted question No. *1889.) **Shri Anadi Das:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুলিস বিভাগের বিভিন্ন পদস্থ কর্মচারীদের গৃহে আর্দালী দিবার ব্যবস্থা আছে কিনা ;

(খ) ইহা কি সত্য যে কনস্টেবলদের এই কাজে নিয়োগ করা হয় ; এবং

(গ) নিম্নতম কোন্ পদস্থ পুলিস কর্মচারী পর্য্যন্ত আর্দালী দেওয়া হয়?

The Minister for Home (Police) :

(ক(সরকারী কাজের জন্য পদস্থ পুলিশ কর্মচারীদের আর্দালী দিবার ব্যবস্থা আছে। অফিসের কাজ তাঁহাদিগকে বাড়ীতেও করিতে হয় বলিয়া বাড়ীতে আর্দালী ডিউটী দেওয়ার ব্যবস্থা আছে।

(খ) হ্যাঁ।

(গ) সাধারণতঃ ডেপুটী সুপারিন্টেণ্ডেন্ট বা এ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেণ্ডেন্ট বা এ্যাসিস্ট্যান্ট কমিশনার পদাধিকারী এবং কয়েকটি ক্ষেত্রে ইন্সপেক্টর পদাধিকারী অফিসার পর্যন্ত আর্দালী দেওয়া হয়।

Agencies for the purchase of foodgrains

***302.** (Admitted question No. 1618.) **Shri Sanat Kumar Raha :**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের পক্ষে কতগুলি এজেন্সি খাদ্যশস্য ক্রয় করিতেছে ;

(খ) কোন্ জেলায় কয়টি এইরূপ এজেন্সি আছে ; এবং

(গ) এই ক্রয়ের জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে?

The Minister for Food & Supplies :

(ক) ২৪৭।

(খ) এতৎসহ একটি বিবরণী পেশ করা হইল।

(গ) ধান্য ক্রয়ের জন্য বরাদ্দ হইতেছে ১৯৬৪-৬৫—৭৫,০০,০০০ টাকা। ১৯৬৫-৬৬—২,২৫,০০,০০০ টাকা। কিন্তু জেলাওয়ারী এইরূপ কোন বরাদ্দ কিংবা নির্দিষ্ট লক্ষ্য নাই।

Statement referred to in reply to clause (Kha) in starred question No. 302

Name of District	No. of appointed purchasing agent.
Midnapore	11
Murshidabad	8
Cooch Behar	16
Malda	7
Darjeeling	5
Jalpaiguri	2
Purulia	36
Bankura	34
Hooghly	6
Burdwan	16
West Dinajpur	26
Birbhum	23
24-Parganas	37
Nadia	Nil
Howrah	Nil
Total	247

Bani-mills in Midnapore district

***303.** (Admitted question No. 1762.) **Shri Ananga Mohan Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে মোট কতগুলি বানীমিল রহিয়াছে;

(খ) ঐসকল বানীমিলের মধ্যে কতগুলির ধান ভাঙ্গাইবার পারমিট আছে; এবং

(গ) বানীমিলগুলির নিকট হইতে চাউল লেভী লওয়ার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে তাহার পরিমাণ কত?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) মেদিনীপুর জেলায় সর্বসমেত ২,২২৫টি প্যাডি-হ্যাস্কিং মিল রহিয়াছে উহার মধ্যে লাইসেন্স প্রাপ্ত মিলের সংখ্যা ১,৮৮০টি। একমাত্র লাইসেন্স প্রাপ্ত মিলগুলিই ধান ভাংগাইবার আইন গত ক্ষমতা আছে।

(গ) গত ২২শে ফেব্রুয়ারী হইতে ২৪ পরগণা, হাওড়া, হুগলি, বর্ধমান এবং মেদিনীপুর জেলার প্যাডি-হ্যাস্কিং মিলগুলিতে চাউল উৎপাদনের শতকরা ১৫ ভাগ লেভী প্রথায় সংগ্রহের আদেশ জারী করা হইয়াছে।

Quota of wheat and wheat-products for the ration card-holders of Asansol Municipal areas

***304.** (Admitted question No. *1841.) **Shri Aswini Roy:** (a) Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state if it is a fact that the supply of wheat and wheat-products from M.R. Shops to "C" class card holders has been suspended and the quota of the said articles for "A" and "B" class card holders has been reduced since 14th February in the Asansol Municipal area in the Burdwan district?

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister-in-charge of the Department be pleased to state—

(i) reasons for the said action; and

(ii) probable date, if any, for restoration of the original quota?

The Minister for Food & Supplies:

(a) Supply of wheat or atta to "C" class card holders of Asansol Municipal Area continued up to the week ending 21-2-65. Thereafter, it was suspended. But with effect from 8-3-65, supply to these card holders is again being made at the reduced rate of half the quota due to paucity of supply.

Similarly, quota of supply of wheat or atta to A & B class card holders has also been reduced to half with effect from 15-2-65.

(b) (i) Inadequate supply of wheat from the Government of India.

(ii) Normal supply will be restored as soon as adequate supply is obtained from the Government of India.

Deep tubewells in Murshidabad district

***306.** (Admitted question No. *1622.) **Shri Sanat Kumar Raha:**

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোথায় কোথায় সেচের জন্য গভীর নলকূপ হয়েছে, কয়টি চালু আছে এবং আরো কয়টি ১৯৬৪-৬৫ মধ্যে হইবে; এবং

(খ) যেগুলি চালু নহে, কি কারণে চালু হয় নাই?

The Minister for Agriculture and Community Development:

(ক) মুর্শিদাবাদ জেলায় এ পর্যন্ত ৩৩টি গভীর নলকূপ হইয়াছে। এই সম্পর্কীয় একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল। উপরোক্ত নলকূপগুলির মধ্যে তারকাচিহ্নিত ৬টিতে বিদ্যুৎ সংযোজিত হইয়াছে এবং চালু আছে।

১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের মধ্যে আরো ৬টি গভীর নলকূপ বিদ্যুৎ সংযোজিত হইতে পারে। এবং

(খ) ২৭টি নলকূপ এখনও বিদ্যুৎ সংযোজিত হয় নাই বলিয়া ঐগুলি এখনও চালু হয় নাই।

Statement referred to in reply to clause (Ka) in starred question No. 306.

Serial No.	Mouza	Police Station	District
1.		Jiaganj	Murshidabad
2.	Takipur	Beldanga	Ditto.
3.	Edrakpur	Nanda	Ditto.
4.	Domkol	Domkol	Ditto.
5.	Ayra	Nabagram	Ditto.
6.	Madhupur	Raghunathganj	Ditto.
7.	Chaltia-I	Berhampur	Ditto.
8.	Tarakpur	Ditto.	Ditto.
9.	Chaltia-II	Ditto.	Ditto.
10.	Bhabta	Beldanga	Ditto.
11.	Gopinathpur	Ditto.	Ditto.
12.	Baninathpur	Berhampur	Ditto.
13.	Surangapur	Naoda	Ditto.
14.	Ramnachandrapur	Ditto.	Ditto.
15.	Madhupur-I	Ditto.	Ditto.
16.	Alampur	Ditto.	Ditto.
17.	Madhupur-II	Ditto.	Ditto.
18.	Surangapur-II	Ditto.	Ditto.
19.	Sankon	Ditto.	Ditto.
20.	Gangadhari-I	Ditto.	Ditto.
21.	Mahammadpur	Ditto.	Ditto.
22.	Gangadhari-II	Ditto.	Ditto.
23.	Chandpur-I	Ditto.	Ditto.
24.	Dangapara-Gaptola	Ditto.	Ditto.
25.	Roypur-II	Ditto.	Ditto.
26.	Chandpur-II	Ditto.	Ditto.
27.	Roypur-I	Ditto.	Ditto.
28.	Ramnachandpur	Ditto.	Ditto.
29.	Goznipur	Hariharpara	Eitto.
30.	Pareshnathpur	Naoda	Ditto.
31.	Goa	Hariharpara	Ditto.
32.	Sripur	Ditto.	Ditto.
33.	Shandatpur	Ditto.	Ditto.

C. I. sheets for Congress session at Durgapur

***307.** (Admitted question No. *1849.) **Shri Kashi Kanta Maitra:**
খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের জন্য মোট কত বাণ্ডিল সি আই শীটের পারমিট দেওয়া হয় এবং কার নামে উক্ত পারমিট দেওয়া হয়;

(খ) কত বাণ্ডিল সি আই শীটের জন্য দরখাস্ত করা হয় এবং কার নামে উক্ত দরখাস্ত আসে এবং কোন্ তারিখ;

(গ) উক্ত পরিমাণ সি আই শীটের দাম কত;

(ঘ) ইহা কি সত্য যে দুর্গাপুর সম্মেলন শেষ হবার পর উক্ত সি আই শীটগুলি খোলা বাজারে বিক্রয়ের অনুমতি দেওয়া হয়েছে; এবং

(ঙ) সত্য হলে কোন্ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উক্ত সি আই শীট খোলা বাজারে বিক্রয় করার অনুমতি দেওয়া হয়েছে?

The Minister for Food & Supplies

(ক) ভারত সরকার চেয়ারম্যান এক্সজিবিসন সাব-কমিটিকে ১,০০০ মেঃ টন নূতন জি সি আই শীটের পারমিট দেন।

কনজিউমার গুডস) ডাইরেক্টরেট ৫০ টন নূতন জি সি শীট সাধারণ সম্পাদক, পশ্চিমবঙ্গ প্রাদেশিক কংগ্রেস কমিটিকে দিয়াছেন, আর ব্যবহৃত ১৬ টন জি সি আই শীট রিসেপশন কমিটির সাধারণ সম্পাদককে দিয়াছেন।

(খ) ১,০০০ (হাজার) টন জি সি আই শীটের দরখাস্ত কংগ্রেস কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি ভারত সরকারের নিকট করা হয়।

৫০ টন জি সি আই শীটের দরখাস্ত পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক ৩১।১০।৬৪ তারিখে ডাইরেক্টরেট অফ কঞ্জিউমার গুডসের নিকট করেন।

আর ১৬ টন ব্যবহৃত শীটের দরখাস্ত ২০।৮।৬৪ তারিখে অভ্যর্থনা সমিতির সম্পাদক কঞ্জিউমার গুডস্ ডাইরেক্টরেটের নিকট করেন।

(গ) ১,০০০ টন নূতন জি সি আই শীটের দাম প্রায় ১০,৭১,০০০ টাকা। ৫০ টন নূতন জি সি আই শীটের দাম প্রায় ৫৩,৫৫০ টাকা, আর ১৬ টন ব্যবহৃত জি সি আই শীটের মূল্য ১৬,৩২০ টাকা।

(ঘ) না।

(ঙ) এ প্রশ্ন ওঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

T.A., D.A., etc., drawn by the Ministers

615. (Admitted question No. 247.) **Shri Birendra Narayan Roy:**
অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের অগাস্ট হইতে ডিসেম্বর পর্যন্ত কোন্ কোন্ মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রী কত টাকা (১) টি এ,(২) ডি এ এবং (৩) অন্যান্য খরচ বাবত সরকারী তহবিল হইতে গ্রহণ করিয়াছেন; এবং

(খ) উক্ত সময়ে উক্ত মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রীদের টেলিফোনের জন্য কত টাকা সরকার দিয়াছেন?

The Minister for Finance:

(ক) মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী মহোদয়গণ ১৯৬৪ সালের অগাষ্ট হইতে ডিসেম্বর পর্যন্ত মোট ৪,৭০১·৩৫ টাকা টি এ ও ডি এ বাবত গ্রহণ করিয়াছেন।

নিম্নে একটি বিবরণী উপস্থাপিত হইল। ঐ বিবরণীতে কোন্ কোন্ মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী ত টাকা গ্রহণ করিয়াছেন তাহা পৃথকভাবে দ্বিতীয় ও তৃতীয় কলমে দেখান হইল:

(খ) উক্ত সময়ে মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী মহোদয়গনের টেলিফোনের জন্য মোট ১৮,৭৭০·৫২ টাকা রকার দিয়াছেন। কোন্ কোন্ মন্ত্রীর জন্য কত টাকা টেলিফোন বাবত খরচ হইয়াছে তাহা ম্নের তালিকায় চতুর্থ কলমে দেখান হইল।

Statement referred to in reply to unstarred question No. 615

Statement of T.A./D.A. drawn during August to December, 1964, by the Ministers and [inisters of State and Telephone charges incurred for them during that period—

	T.A.	D.A.	Telephone charges.	Total.
	Rs.	Rs.	Rs.	Rs.
Ministers.				
1. Shri P.C. Sen, Chief Minister ..	1,909.50	220.00	5,046.35	7,175.85
2. Shri K.N.Das Gupta, Public Works Department.	1,654.25	640.00	1,697.33	3,991.58
3. Shri I. D. Jalan, Judicial ..	228.50	330.00	1,121.32	1,679.82
4. Shri R. L. Sinha, Education ..	1,102.45	230.00	555.07	1,887.52
5. Shri T. K. Ghosh, Commerce and Industries.	Nil	Nil	805.02	805.02
6. Shrimati Purabi Mukherji, Health	2,606.75	595.00	526.47	3,728.22
7. Shri S. Bhattacharyya, Land and Land Revenue.	3,815.10	777.50	1,170.52	5,763.12
8. Shri J. Kolay, Parliamentary Affairs.	Nil	Nil	1,153.92	1,153.92
9. Shri S. K. Mukherjee, Finance ..	2,056.25	1,035.00	548.29	3,639.54
10. Shrimati A. Maity, Refugee Relief and Rehabilitation.	340.35	145.00	1,579.97	2,065.32
11. Shri S. M. Fazlur Rahman, Local Self-Government and Panchayats.	1,556.75	355.00	389.37	2,501.12
12. Shri B. Nahar, Labour ..	Nil.	Nil	576.01	576.01
Ministers of State.				
1. Shri S. M. Misra, Education ..	1,316.70	470.00	533.40	2,320.10
2. Shri T. Wangdi, Tribal Welfare Department.	1,078.00	610.00	782.22	2,470.22
3. Shri S. Banerjee, Agriculture and Community Development.	1,327.80	200.00	565.17	2,092.97
4. Shri A. Naskar, Home and Excise	76.45	25.00	1,520.09	1,621.54
	19,068.85	5,632.50	18,770.52	43,471.87

Total Rs. 24,701.35

Primary Schools in Midnapore district

616. (Admitted question No. 882.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মেদিনীপুর জেলায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর আছে;

(খ) ইহা কি সত্য যে, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিস্তারের সুবিধার জন্য মেদিনী জেলা স্কুল বোর্ড আরও কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরের জন্য সরকা নিকট প্রস্তাব পাঠাইয়াছিলেন;

(গ) সত্য হইলে প্রস্তাবিত বিদ্যালয়গুলির সংখ্যা কত এবং উক্ত প্রস্তাব এখনও সর গ্রহণ করিয়াছেন কিনা এবং গ্রহণ করিয়া না থাকিলে তাহার কারণ কি; এবং

(ঘ) উক্ত নূতন বিদ্যালয়গুলির মঞ্জুরী কতদিনের মধ্যে হইবে?

The Minister for Education:

(ক) ৫,৭১১টি।

(খ), (গ) এবং (ঘ) মেদিনীপুর জেলা স্কুল বোর্ড আরও কতকগুলি নূতন বিদ্য স্থাপনের প্রস্তাব পাঠাইয়াছেন। তন্মধ্যে যে গ্রামের ৬—১১ বৎসর বয়স্ক শিশুর সংখ্যা পনে অনধিক এবং যাহার এক মাইল দূরত্বের মধ্যে অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় আছে, এই স গ্রাম বাদ দিয়া ৬৩টি বিদ্যালয় অনুমোদনের বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

Margin of rice wholesalers

617. (Admitted question No. 955.) **Shri Jiban Krishna Dey:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মিল থেকে দেওয়া চালের প্রতি কুইন্টাল গত বছর হোলসেলারদের জন্য কমিশন ছিল; এবং

(খ) এ বছরে কত হয়েছে?

The Minister for Food and Supplies:

(ক) এবং (খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 617.

Margin of wholesalers purchasing rice ex-mill for sale to retailers in respect of different areas of West Bengal and different varieties of rice.

(In rupees per quintal.)

Varieties of rice.

Areas	Coarse/Aus/Boro		Common/Medium		Fine		Superfine	
	1964	1965	1964	1965	1964	1965	1964	1965
Calcutta Industrial Area and the districts of Nadia, Malda, Jalpaiguri, Cooch Behar and Siliguri subdivision of Darjeeling district and the district of Murshidabad excluding Kandi subdivision.	2.68	2.68	2.77	1.25	2.85	1.30	2.97	1.33
Kandi subdivision of Murshidabad district.	2.68	2.68	2.77	1.25	2.85	1.30	2.97	1.33
Asansol subdivision of Burdwan district.	2.68	2.68	2.76	1.25	2.85	1.30	2.94	1.33
Purulia district ..	2.68	2.68	2.76	1.25	2.85	1.30	2.94	1.33
Howrah, Hooghly and 24-Parganas districts excluding Calcutta Industrial Area.	2.68	2.68	2.76	1.25	2.85	1.30	2.94	1.33
West Dinajpur, Midnapore, Birbhum and Bankura districts and Burdwan district excluding Asansol subdivision.	2.68	2.68	2.76	1.25	2.85	1.30	2.94	1.33
Sadar, Kalimpong and Kurseong subdivisions of Darjeeling District.	6.70	6.70	[illegible]	[illegible]	[illegible]	5.30	[illegible]	[illegible]

Fertiliser

618. (Admitted question No. 956.) **Shri Jiban Krishna Dey:**
কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলায় কৃষি অফিস সমূহে কি কি ধরনের সার মজুত আছে;

(খ) ১৯৬৪ সালে কত টাকার সার এই রাজ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে;

(গ) সার বাবত পাওনা টাকার জন্য ১৯৬৪ সালে কতগুলি মোকদ্দমা দায়ের করতে হ

(ঘ) সারের টাকা পরিশোধ করতে না পেরে উক্ত বছরে কত সংখ্যক ব্যক্তিকে হাজত কিং কারাবাস করতে হয়; এবং

(ঙ) সারের টাকা পরিশোধে অক্ষম ব্যক্তির সংখ্যা কোন্ জেলায় সর্বাধিক?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) জেলা কৃষি অফিস হইতে সার সরবরাহ করা হয় না বা সেই অফিসে কোন সার মজু থাকে না।

(খ) ১৯৬৪ সালে ১,৩৭,৬৫০ টাকার সার এই রাজ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

(গ) সার বাবত পাওনা টাকার জন্য ১৯৬৪ সালে ২৬,৪২২টি সার্টিফিকেট মোকদ্দমা দায়ে করতে হয়।

(ঘ) মাত্র একজন ব্যক্তিকে জেল হাজতে রাখা হয়।

(ঙ) হুগলী জেলায়।

Licensed paddy husking mills in West Bengal

619. (Admitted question No. 973.) **Shri Mrigendra Bhattacharyya:**
খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার কোন্ জেলায় কতগুলি লাইসেন্স প্রাপ্ত ধানভাঙ্গা কল (বানী রহিয়াছে; এবং

(খ) ৩১এ জানুয়ারি ১৯৬৫ তারিখ পর্যন্ত কোন্ জেলায় কতগুলি ধান ছাঁটাই ক 'লাইসেন্সের' আবেদন বিবেচনাধীন রহিয়াছে, এবং কয় বৎসর বিবেচনাধীন রহিয়া

The Minister for Food and Supplies:

(ক) এবং (খ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 619.

	Name of the district.	No. of licensed paddy-husking mills, as on 31-12-64	No. of applications for licences pending up to 31-1-1965.	
			No. of applications.	Period for which pending
1.	Burdwan	734	..	....
2.	Hooghly	657	4	Since 1964.
3.	Howrah	541	Nil	Nil
4.	24-Parganas and Calcutta ..	924	13	8 since last 4 months, 5 since 1963.
5.	Midnapore	1,880	2	Since 1959.
6.	Bankura	264	4	1 since April, 1962. 1 since June, 1964. 2 since November, 1964.
7.	Purulia	43	3	Since October, 1964.
8.	Birbhum	334	25	6 since 1961. 7 since 1962. 7 since 1963. 5 since 1964.
9.	Nadia	255	Nil	Nil
10.	Murshidabad	233	Nil	....
11.	Malda	50	3	1 since January, 1964. 2 since January, 1965.
12.	West Dinajpur	128	..	....
13.	Jalpaiguri	100	..	....
14.	Darjeeling	30	1	Since September, 1964.
15.	Cooch Behar	119	..	....
	Total .	6,292	55	

Site selection for Ghatal and Daspur Blocks

620. (Admitted question No. 1116.) **Shri Mrigendra Bhattacharyya:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল ব্লক, দাশপুর ১ নং ও দাশপুর ২ নং ব্লক-এর স্থায়ী অফিস নির্মাণের স্থ নির্বাচন করা হইয়াছে কি;

(খ) যদি হইয়া থাকে তাহলে কোথায় কোথায় উক্ত স্থায়ী অফিস নির্মাণের স্থান হইয়া এবং জমির পরিমাণ কত; এবং

(গ) কোন্ বৎসর কোন্ ব্লক অফিস নির্মিত হইবে এবং এ বাবত অর্থের পরিমাণ কত?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) জমি পাওয়া গেলে সমস্ত ব্লকে নির্মাণকার্য একই সময়ে আরম্ভ করা যাইতে পারে কোন বাঁধাধরা নিয়ম নাই। ব্লকের স্টাফ কোয়ার্টার-এর দরুন জমির মূল্য সহ মং ১,০০,০০ (এক লক্ষ) টাকা ও এ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং-এর দরুন মং ৩০,০০০ (তিরিশ হাজার) টা প্রত্যেক ব্লকের বাজেটে ধরা আছে।

Wholesale dealers in Bongaon

621. (Admitted question No. 1187.) **Shri Haridas Chakraborty:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৪ সালে জুলাই অগাস্ট মাসে 'বনগাঁ স্টোর', 'বনগাঁ ট্রেডার্স' ও কালিপদ বসু নামক যে যে প্রতিষ্ঠানগুলিকে হোলসেলার ডিলার নিযুক্ত করা হইয়াছে কেহই এই অঞ্চলের অধিবাসী নহেন; এবং

(খ) সত্য হইলে (১) উক্ত প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে কোন অভিযোগ সরকারের জানা আছে কিনা এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Food and Supplies:

(ক) 'বনগাঁ ট্রেডার্স' নামক কোন প্রতিষ্ঠান বনগাঁয় ব্যবসায় করিবার জন্য হোলসেলার নিয় হয় নাই। বনগাঁ স্টোর্স ও কালীপদ বসু নামক প্রতিষ্ঠান দুইটিকে গমজাতীয় দ্রব্যের জ ট্রেড একাউন্ট-এ ব্যবসায় করিতে নিয়োগ করা হইয়াছিল। উক্ত প্রতিষ্ঠান দুইটির মালিক কে এই অঞ্চলের অধিবাসী নহেন। তবে উহাদের ব্যবসাকেন্দ্র এই অঞ্চলে ছিল। উক্ত প্রতিষ্ঠ দুইটি এখন আর চালু নাই।

(খ) (১) এরূপ কোন অভিযোগ সরকারের গোচরীভূত করা হয় নাই।

(২) এ প্রশ্ন ওঠে না।

Rice, flour and oil mills in West Bengal

622. (Admitted question No. 1241.) **Dr. Radhanath Chattoraj:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় কতগুলি ধান কল, ময়দাকল ও তেলকল আছে?

The Minister for Food and Supplies:

ধানকল, ময়দাকল এবং তেলকলের সংখ্যার বিবরণীসমূহ এতৎসহ পেশ করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 622.

District.	No. of oil mills functioning.
24-Parganas	14
Hooghly	15
Nadia	4
Murshidabad	8
Burdwan	25
6. Birbhum	2
7. Bankura	11
8. Midnapore	
9. Purulia	
10. Jalpaiguri	
11. Malda	
12. West Dinajpur	1
Cooch Behar	2
Darjeeling	7
Calcutta (including Howrah Municipality)	150
Total ..	261

Name of the district.	No. of licensed rice mills as on 31-12-64	No. of licensed paddy-husking mills as o 31-12-64
Burdwan	125	73
Hooghly	62	65
Howrah	23	54
24-Parganas and Calcutta	108	92
Midnapore	100	1,88
Bankura	125	26
Purulia	22	4
Birbhum	70	33
Nadia	3	25
Murshidabad	4	23
Malda	3	5
West Dinajpur	31	12
Jalpaiguri	19	10
Darjeeling	7	3
Cooch Behar	6	11
Total	708	6,29

Number of Flour Mills in West Bengal

1.	Calcutta	2
2.	Jalpaiguri	
	Total	2

Monetary help in Development Block areas of Egra police-station, Midnapore

623. (Admitted question No. 1262.) **Shri Hrishikesh Chakraborti:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানায় ১ নং ও ২ নং উন্নয়ন ব্লক এলাকায় ১৯৬৩ সালে ও ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত কোন্ খাতে কত টাকা সাহায্য অথবা ঋণস্বরূপ বরাদ্দ হইয়াছিল;

(খ) সরকার কর্তৃক বরাদ্দকৃত বিভিন্ন বিভাগের সাহায্য ব্লক হইতে কোন্ কোন্ 'অঞ্চলে' কি বাবত কত টাকা ব্যয় করা হইয়াছে, তাহার অঞ্চলওয়ারী হিসাব; এবং

(গ) উক্ত বরাদ্দকৃত অর্থের বণ্টন ব্যবস্থা কাহার দ্বারা নির্দিষ্ট হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬৩ সালে এগরা ১ নং ও ২ নং ব্লক দুইটিতে এবং ১৯৬৪ সালে এগরা ২ নং ব্লকে কোন খাতে সাহায্য অথবা ঋণস্বরূপ কোন অর্থ বরাদ্দ হয় নাই।

১৯৬৪ সালে এগরা ১ নং ব্লকে উক্ত অর্থ বরাদ্দের বিবরণ নিম্নরূপঃ—

খাত।পরিকল্পনা	টাকা
(১) অর্ধ মূল্যে মুরগীর বাচ্চা বিতরণ ও উহাদের সংরক্ষণ	৬২০
(২) প্রগতিশীল কৃষকদের নিবিড় চাষ সম্বন্ধে শিক্ষণ শিবির	২৫০

(খ) 'ক' প্রশ্নের উত্তরে ১ নং দফায় বর্ণিত অর্থ এখনও ব্যয় করা হয় নাই।

২ নং দফায় উল্লিখিত শিক্ষণ শিবির পরিকল্পনায় ২৫০, টাকা ব্যয় হইয়াছে। উহার অঞ্চল-ওয়ারী হিসাবের প্রশ্ন উঠে না।

(গ) উপরে লিখিত উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

Payment of Salaries to the teachers of aided schools

624. (Admitted question No. 1278.) **Shri Radhanath Das Adhikari:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুলগুলির শিক্ষকগণ নিয়মিত বিতন পান না এবং অধিকাংশ ক্ষেত্রে ৩ হইতে ৪ মাসের বেতন বাকী পড়িয়া থাকে; এবং

(খ) সত্য হইলে, উক্ত শিক্ষকগণকে নিয়মিত বেতন দানের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Education :

(ক) ও (খ) এইপ্রকার অভিযোগ মাঝে মাঝে পাওয়া যায়। শিক্ষকদিগকে নিয়মিত বেতন দিতে হইলে স্কুল কর্তৃপক্ষের নিয়মিতভাবে ছাত্রদের বেতন আদায় করার জন্য তৎপর হওয়া প্রয়োজন এবং সময়মত সরকারী অনুদান পাওয়ার ব্যবস্থা করা দরকার। সরকার অনুদান দেওয়ার ব্যবস্থা যথাসাধ্য ত্বরান্বিত করিলেও অনেক সময় স্কুল কর্তৃপক্ষ অডিট রিপোর্ট এবং অন্যান্য কাগজপত্র সময়মত পেশ না করিলে অনুদান সময়মত মঞ্জুর করা সম্ভব হয় না। অনুদান প্রেরণ যাহাতে আরও ত্বরান্বিত করা যায় তজ্জন্য ব্যবস্থা অবলম্বিত হইতেছে।

Utilisation of rural manpower scheme in Malda district

625. (Admitted question No. 1306.) **Shri Birendra Kumar Maitra :**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "ইউটিলাইজেসান অফ রুরাল ম্যানপাওয়ার স্কীমে" মালদহ জেলায় গত তিনটি আর্থিক বৎসরের মধ্যে কত টাকার পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছিল এবং তন্মধ্যে কোন্ বৎসর কত টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(খ) বর্তমান আর্থিক বৎসরে মালদহ জেলার কোন্ থানায় কত টাকার পরিকল্পনা মঞ্জুর করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) মালদহ জেলায় গত তিনটি আর্থিক বৎসরে পল্লীশ্রমশক্তি প্রকল্পে মঞ্জুরীকৃত অর্থ ও ব্যয়ের পরিমাণ নিম্নরূপঃ—

বৎসর	মঞ্জুরীকৃত অর্থ	ব্যয়
	টাকা	টাকা
১৯৬১-৬২	৩০,০০০	৩,৩৭৯
১৯৬২-৬৩	৩০,০০০	২৬,০০০
১৯৬৩-৬৪	৮৫,০০০	৩৭,০০০

(খ) মালদহ জেলায় কেবলমাত্র হবিবপুর, বামনগোলা ও গাজোল থানায় (বা ব্লকে) পল্লী-শ্রমশক্তি প্রকল্প চালু আছে। উক্ত ব্লকগুলিতে বর্তমান আর্থিক বৎসরে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ নিম্নরূপঃ—

থানা বা ব্লক	মঞ্জুরীকৃত অর্থ
	টাকা
হবিবপুর	২৫,০০০
বামনগোলা	৩৮,০০০
গাজোল	১০,০০০

Form for Tank reclamation, Panboroj, etc., loan

626. (Admitted question No. 1376.) **Shri Ananga Mohon Das :**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন ব্লক অফিস হইতে পানবরোজ, পুষ্করিণী সংস্কার প্রভৃতি বাবত যে ঋণ দেওয়ার ব্যবস্থা আছে তাহাতে ঋণ-গ্রহীতাগণকে যে বন্ড দিতে হয় তাহার ফরম বা নমুনা প্রত্যেক লোককে দেওয়া হয় কিনা;

(খ) ঐসকল ফরমের জন্য কোন মূল্য দিতে হয় কিনা;

(গ) ঐসকল বন্ডের জন্য কি মূল্যের স্ট্যাম্প বা কোর্ট ফি দিতে হয়; এবং

(ঘ) বন্ড সম্পাদনের কতদিনের মধ্যে টাকা দেওয়া হয়?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) হ্যাঁ; সংশ্লিষ্ট ব্লক অফিস হইতে আবেদন করিলে ঋণ গ্রহণেচ্ছু ব্যক্তিগণকে ঋণ গ্রহণের জন্য ঋণের দরখাস্তের ফরম দেওয়া হয়।

(খ) না।

(গ) ঋণের পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় কোর্ট ফি দিতে হয়।

(ঘ) প্রয়োজনীয় ব্যবস্থাদি সম্পন্ন হইলেই ঋণের টাকা দেওয়া হয়।

Deep tubewell and River Lift Irrigation Scheme in West Bengal

627. (Admitted question No. 1418.) **Shri Mrigendra Bhattacharyya :**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনায় কোন্ জেলায় কতগুলি গভীর নলকূপ এবং কতগুলি লিফ্‌ট ইরিগেশান স্কীম সংস্থাপিত করার পরিকল্পনা করা হইয়াছিল;

(খ) ৩১এ জানুয়ারি, ১৯৬৫ পর্যন্ত কতগুলি স্কীম কার্যকরী করা হইয়াছে; এবং

(গ) বাকীগুলি পরিকল্পনার নির্দিষ্ট সময়ের মধ্যে স্কীম সম্পন্ন হইবে কিনা?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) ও (খ) এই সম্পর্কীয় দুইটি বিবরণী এই সঙ্গে দেওয়া হইল।

(গ) বাকী স্কীমগুলি তৃতীয় পরিকল্পনার মধ্যেই সম্পন্ন করা হইবে বলিয়া আশা করা যায়।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 627

Name of the District.	No. of River Lift Irrigation Scheme proposed to be set up during the Third Five-Year Plan.	No. of River Lift Irrigation Schemes so far set up during the Third Five-Year Plan.
24-Parganas	5	1
Nadia	10	2
Murshidabad	20	10
Midnapore	30	12
Bankura	15	6
Purulia	5	2
Burdwan	20	8
Hooghly	20	6
Birbhum	5	3
Malda	40	8
West Dinajpur	20	1
Cooch Behar	5	..
Jalpaiguri	5	..
Total ..	200	59

Deep Tubewell Project

Name of District.	No. of Tubewells proposed to be set up during the Third Five-Year Plan.	No. of Tubewells so far set up during the Third Plan up to 27th February, 1965.	Remarks.
Nadia	395	392	
24-Parganas(North)	134	126	
Midnapore	125	25	
Murshidabad	230	30	
Hooghly	117	78	
Burdwan	127	96	
West Dinajpur	79	4	
Jalpaiguri	33	3	
Howrah	18	3	
Malda	26	1	
Cooch Behar	33	3	
Darjeeling	1	1	
Bankura	51	32	
Total ..	1,369	794	

Quarters near the Sen-Raleigh Cycle factory at Asansol

628. (Admitted question No. 1529.) **Shri Bejoy Pal:**

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সেন-র‍্যালে সাইকেল কারখানার সংলগ্ন গভর্নমেন্ট মোট কতগুলি কোয়ার্টার নির্মাণ করিয়াছেন;

(খ) এই কোয়ার্টারগুলি কতদিন যাবত খালি পড়িয়া আছে; এবং

(গ) এইসব কোয়ার্টারগুলি সত্বর বিলি করিবার কি ব্যবস্থা হইতেছে?

The Minister for Housing:

(ক) ৭০০টি।

(খ) ৩০০টি কোয়ার্টার অ-বন্টিত অবস্থায় প্রায় ৬ মাস যাবৎ পড়িয়া আছে।

(গ) বিশেষ চুক্তির মাধ্যমে সেন র‍্যালের শ্রমিকদের মধ্যে ২৭০টি কোয়ার্টার বিলি করার ব্যবস্থা ইতিপূর্বেই গ্রহণ করা হইয়াছে। বাকি ৩০টি কোয়াটার আঞ্চলিক বন্টন সমিতির সুপারিশ অনুযায়ী স্থানীয় শিল্প শ্রমিকদের মধ্যে শীঘ্রই বন্টন করার উদ্দেশ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Bundh of the Thakurani river in Kultali police-station, 24-Parganas

629. (Admitted question No. 1598.) **Shri Anadi Mohon Tanti:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, চব্বিশপরগনা জেলার কুলতলী থানার ঠাকুরাণী নদীর উত্তর তীর বরাবর চাকীর মুখ-অংশের কয়েক মাইল বাঁধ ভাঙ্গনের মুখে ভীষণ বিপজ্জনক অবস্থায় রহিয়াছে,' এবং পার্শ্ববর্তী হাজার হাজার বিঘা জমি বহু বসতবাটী রক্ষার জন্য যে রিং-বাঁধ দেওয়া হইয়াছিল, তাহা সম্পূর্ণ উপযুক্ত ও মজবুত নহে; এবং

(খ) যদি প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে—

(১) ঐ সম্পর্কে সরকার কি কি সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতেছেন, এবং

(২) উক্ত বিপজ্জনক অংশ সংরক্ষণের জন্য কংক্রীট রিভেটমেন্ট করার কোন ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) উক্ত চাকীরমুখ অংশের বাঁধ এখন উপযুক্তভাবে মেরামত করা হইয়াছে। এখন ইহার কোন অংশ বিপজ্জনক অবস্থায় নাই। যে রিংবাঁধ দেওয়া হইয়াছিল তাহাও এখন বেশ মজবুত আছে।

(খ) (১) ও (২) উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Prices of dal and spices in Calcutta

630. (Admitted question No. 1613.) **Shri Ananga Mohon Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন প্রকার ডালের এবং মশলার মূল্য গত ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে নিম্নলিখিত মাসগুলিতে কলিকাতা বাজারে কিরূপ ছিল; (১) জানুয়ারি মাস, (২) মার্চ মাস, মাস, (৩) জুন মাস, (৪) সেপ্টেম্বর মাস, (৫) ডিসেম্বর মাস; এবং

(খ) এই বৎসর ১৯৬৫ সালের জানুয়ারি মাসে এ সকল দ্রব্যের কিরূপ দাম ছিল?

The Minister for Food and Supplies:

(ক) এবং (খ) এতৎসহ একটি বিরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 630.

Statement showing end-of-month minimum retail prices of some varieties of dal and spices in Calcutta in rupees per kilogram.

Articles.	1962. January.	1962. March.	1962. June.	1962. Septembe	1962. December.	1963. January.	1963. March.	1963. June.
I. *Dal*—								
(a) Masur	0.65	0.63	0.62	0.74	0.76	0.74	0.71	0.78
(b) Moong (Ordinary)	0.76	0.77	0.81	0.86	0.77	0.76	0.73	0.79
(c) Kalai (Black)	0.69	0.73	0.87	0.80	1.00 (White)	1.03 (White)	0.85	0.95
(d) Khesari	0.51	0.53	0.55	0.58	0.57	0.57	0.58	0.61
(e) Arhar	0.69	0.69	0.76	0.84	0.83	0.84	0.81	0.86
(f) Matar	0.68	0.66	0.66	0.70	0.66	0.64	0.61	0.66
(g) Gram	0.65	0.62	0.64	0.63	0.61	0.61	0.60	0.65
II. *Spices*—								
(a) Chillies	3.20	3.19	3.33	3.69	4.10	3.86	3.58	3.61
(b) Blace Pepper	6.01	5.68	5.71	5.38	4.76	4.36	4.33	4.46
(c) Jira-Cleaned	3.22	3.10	4.92	5.02	4.60	4.52	4.33	4.48
(d) Halud—Erode	1.67	1.65	1.91	2.11	2.28	2.55	2.20	2.21
(e) Dhania-Cleaned	1.55	1.49	1.49	1.44	1.37	1.16	1.11	1.20

Article.	1963. September	1963. December	1964. January.	1964. March.	1964. June.	1964. September.	1964. December.	1965. January.
I. *Dal*—								
(a) Masur	0.80	0.85	0.85	0.84	0.96	1.35	1.30	1.30
(b) Moong(Ordinary)	0.82	0.96	1.02	1.03	1.19	1.42	1.22	1.27
(c) Kalai (Black)	0.95	0.90	0.89	0.94	0.98	1.06	1.04	1.07
(d) Khesari	0.63	0.75	0.75	0.74	0.80	1.08	0.99	1.21
(e) Arhar	0.90	0.96	1.00	1.05	1.15	1.40	1.37	1.40
(f) Matar	0.71	0.86	0.88	0.86	0.95	1.30	1.30	1.40
(g) Gram	0.65	0.73	0.75	0.76	0.84	1.29	1.18	Not available.
II. *Spices*—								
(a) Chillies	3.51	3.43	3.41	3.31	3.23	3.70	3.30	3.21
(b) Blace Pepper	4.42	4.50	4.68	4.48	4.93	4.98	5.38	6.00
(c) Jira-Cleaned	4.54	4.87	5.08	4.82	5.00	4.88	4.92	4.75
(d) Halud—Erode	2.21	2.52	2.51	2.56	2.33	2.50	2.45	2.32
(e) Dhania—Cleaned	1.35	1.50	1.54	1.62	2.15	2.58	3.16	2.90

Compensation for land for excavation of Kasai Canal in Binpur police-station

631. (Admitted question No. 1628.) **Shri Mangal Chand Soren:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিনপুর থানার ভিতর দিয়া যে কাসাই ক্যানেল কাটা হইতেছে তাহার জন্য যেসমস্ত প্রজার জমি দখল নেওয়া হইয়াছে, তাহাদের ক্ষতিপূরণের টাকা কতদিনের মধ্যে দেওয়া হইবে?

The Minister for Irrigation and Waterways:

আগামী জুন মাসের মধ্যে আলোচ্য ক্ষতিপূরণের টাকা বিতরণ আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়।

Nalhati Thana Marketing and Nalhati Central Co-operative Societies

632. (Admitted question No. 1643.) **Shri Siromoni Prosad:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নলহাটী থানায় (১) নলহাটী থানা মার্কেটিং সোসাইটি ও (২) নলহাটী সেন্ট্রাল কো-অপারেটিভ সোসাইটিদ্বয়ের বর্তমান কার্য নির্বাহক সমিতি কোন্ সালে গঠন করা হইয়াছে; এই কমিটি মনোনীত অথবা নির্বাচিত এবং সমিতির সদস্যদের নাম ও পরিচয় কি;

(খ) নূতন কমিটি নির্বাচনের কোন ব্যবস্থা হইবে কি, ব্যবস্থা হইলে কবে ও কিভাবে হইবে;

(গ) উক্ত সোসাইটিদ্বয়ের গত ৫ বৎসরে কোন্ বৎসরে কত লাভ বা লোকসান করিয়াছেন

(ঘ) উক্ত সোসাইটিগুলি ভিন্ন অন্য কোন নূতন সোসাইটি ১৯৬৪ সালে নলহাটীতে গঠি হইয়াছে কি; এবং

(ঙ) গঠিত হইয়া থাকিলে, তাহার নাম ও বর্তমান কার্যনির্বাহক সদস্যদের নাম ও পরিচয়

The Minister for Co-operation:

(ক) নলহাটী থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিমিটেডের কার্য-নির্বাহক সমিতি ইং ২১এ নবেম্বর, ১৯৬১ তারিখে গঠিত হইয়াছে।

নলহাটী সেন্ট্রাল কো-অপারেটিভ সোসাইটি নামে কোন সমিতি নাই। নলহাটী সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক নামে একটি কেন্দ্রীয় ব্যাঙ্ক ছিল, তাহা গত ২৯এ ডিসেম্বর, ১৯৬২ তারিখে বীরভূমের অন্যান্য কেন্দ্রীয় ব্যাঙ্কের সহিত মিলিত হইয়াছে এবং সংগঠিত ব্যাঙ্কের নাম হইয়াছে বীরভূম ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড। নলহাটী থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির ম্যানেজিং কমিটি নির্বাচিত ও মনোনীত সদস্য লইয়া গঠিত। সমিতির সদস্যদের নাম ও পরিচয় সংগ্রহ করা হইতেছে।

(খ) আগামী এপ্রিল মাসে (১৯৬৫) নলহাটী থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির কমিটির নির্বাচনের ব্যবস্থা হইবে। সাধারণ নির্বাচন যেভাবে অনুষ্ঠিত হয়, সেইভাবেই হইবে।

(গ) নলহাটী থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি লিমিটেডের লাভ-লোকসান ববরণ নিম্নে বর্ণিত হইলঃ—

বৎসর	লাভ	লোকসান
	টাকা	টাকা
১৯৫৯-৬০	...	৬৬৯·৮৬
১৯৬০-৬১	৩১০·৩০	...
১৯৬১-৬২	...	৩,০৮০·৪৯
১৯৬২-৬৩	...	৩,১০১·২৫

১৯৬৩-৬৪ অডিট এখনও শেষ না হওয়ায় বিবরণ দেওয়া সম্ভব হইল না।

(ঘ) ১৯৬৪ সালে নলহাটীতে কোন নূতন সমিতি গঠিত হয় নাই।

(ঙ) প্রশ্ন উঠে না।

Opening of a Maternity Hospital and Health Centre in Sankrail police-station, Howrah

633. (Admitted question No. 1676.) **Shri Dulal Chandra Mondal:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government has any proposal to open a maternity hospital in Sankrail police-station, district Howrah; and

(b) if the Government has any proposal to start a Health Centre in Sankrail police-station area, district Howrah, and, if so, when and where this will be established?

The Minister for Health: (a) No.

(b) According to the present policy of Government one Primary and two ıubsidiary Health Centres will be established within the Development Block overing the Sankrail police-station, the sites for the Health Centres have ıot yet been finally selected.

Veterinary Hospitals in Purulia district

634. (Admitted question No. 1696.) **Shri Adwaita Mandal:**

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি পশুচিকিৎসালয় বর্তমানে চালু অবস্থায় আছে এবং উহাদের কোন্‌টি কোন্‌ স্থানে অবস্থিত;

(খ) ইহা কি সত্য যে, উক্ত চিকিৎসালয়ে চিকিৎসার্থে যে ঔষধ দেওয়া হয় তাহার জন্য মূল্য দিতে হয়; এবং

(গ) ব্লকের পশু চিকিৎসকদের ভিজিটের পরিমাণ কত এবং চিকিৎসকদের মাইল প্রতি টি-এ কত?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) প্রয়োজনীয় তথ্য সম্বলিত বিবরণী স্থাপিত হইল।

(খ) উন্নয়ন সংস্থার অন্তর্গত পশুচিকিৎসালয়ে চিকিৎসার্থে যে ঔষধ দেওয়া হয় তাহার জন্য কোন মূল্য দিতে হয় না। অন্যান্য পশুচিকিৎসালয়ে চিকিৎসার জন্য প্রথমে ১০ পয়সা এবং পরবর্তী প্রতিদিনের জন্য ৫ পয়সা করিয়া দিতে হয়।

(গ) ব্লক পশুচিকিৎসকেরা প্রতি ভিজিটের জন্য ২ টাকা পাইয়া থাকেন। তবে রাত্রি ৮টা হইতে ভোর ৬টার মধ্যে ভিজিটের পরিমাণ দ্বিগুণ লইতে পারেন। ইহা ছাড়া এক মাইলের ঊর্ধ্বে যাইতে হইলে তাঁহারা প্রতি কিলোমিটারে ২৫ পয়সা হিসাবে পরিবহণ খরচ পান।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 634

ক্রমিক সংখ্যা, চিকিৎসালয়ের নাম ও স্থান

'ক' শ্রেণীর

১। জেলা পশুচিকিৎসালয় (হাসপাতাল) পুরুলিয়া শহর।

'খ' শ্রেণীর

২। পশুচিকিৎসালয় (হাসপাতাল), রঘুনাথপুর।

৩। পশুচিকিৎসালয় (হাসপাতাল), বলরামপুর।

৪। ভ্রাম্যমান পশুচিকিৎসালয়, পুরুলিয়া সদর।

৫। ভ্রাম্যমান পশুচিকিৎসালয়, (কাশীপুর) পাঁচকোটরাজ।

উন্নয়ন সংস্থার পশুচিকিৎসা কেন্দ্র (ব্লক ভেটেরিনারী ডিসপেনসারী)

৬। মানবাজার (১), মানবাজার।

৭। মানবাজার (২), বাড়গবিয়া।

৮। পুন্চা, পুন্চা।

৯। হুড়া, হুড়া।

১০। রঘুনাথপুর (১), রঘুনাথপুর।

১১। রঘুনাথপুর (২), চেলীমা।

১২। আরসা, শিরকাবাদ।

১৩। বাগমুণ্ডি, ব্রাগমুণ্ডি।

১৪। বান্দুয়ান, বান্দুয়ান।

১৫। ঝালদা (১), ঝালদা।

১৬। ঝালদা (২), ঝালদা।

১৭। কাশীপুর, কাশীপুর।

১৮। নেতুরীয়া, নেতুরিয়া।

১৯। শান্তুরিয়া, শান্তুরিয়া।

২০। বলরামপুর (পশুরোগ প্রতিষেধক কেন্দ্র), বলরামপুর।

পুরুলিয়া জেলার ভেটেরিনারী এড্ সেন্টারের তালিকা

উন্নয়ন সংস্থার নাম ও প্রাঃ চিঃ কেন্দ্রের নাম

১। রঘুনাথপুর (১), বেড়ো।

২। রঘুনাথপুর (২), গোরন্দা।

৩। ঝালদা (১), জারগো।

৪। ঝালদা (২), কোটশীলা।

৫। পুন্চা, কেন্দা।

৬। মানবাজার (১), গোপালনগর।

৭। মানবাজার (২), ডিহী।

৮। আরসা, কান্তাদি।

৯। হুড়া, লাদুকা।

১০। কাশীপুর, গোরান্গোদী।

১১। বান্দোয়ান, চিরুধী।

বিশেষ দ্রষ্টব্য।—উপরিলিখিত ১১টি উন্নয়ন সংস্থার প্রতিটিতে দুইটি করিয়া ভেটেরিনারী সাব-সেন্টার আছে।

Rate of timber, fuel, etc., in Government forests, Purulia

635. (Admitted question No. 1698.) **Shri Adwaita Mandal:**

। বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় সরকারী বনের জ্বালানী কাঠের গাড়ীপ্রতি সরকারী নির্ধারিত মূল্য কত, এবং গৃহনির্মাণের জন্য রোলাবাতী ইঞ্চি হিস'বে কত; এবং

(খ) উক্ত জেলায় বান্দোয়ান রেঞ্জের অধীনস্থ জঙ্গলগুলিতে

(১) জ্বালানী কাঠ,

(২) রোলা,

(৩) বাতী

বর্তমানে ঠিকাদারগণ কি দরে বিক্রয় করিতেছে?

The Minister for Forests:

(ক) (১) জ্বালানী কাঠ প্রতি গাড়ী—২ টাকা।

(২) প্রতি রোলা—

৩ ইঞ্চি ব্যাস—৩৭ পয়সা।

৪ ইঞ্চি ব্যাস—৬২ পয়সা।

৫ ইঞ্চি ব্যাস—৬২ পয়সা।

৬-৭ ইঞ্চি ব্যাস—১·১২ পয়সা।

৮ ইঞ্চি ব্যাস—১·৮৭ পয়সা।

৯-১০ ইঞ্চি ব্যাস—৩·০০ পয়সা।

১২ ইঞ্চি ব্যাস—৪·৫০ পয়সা।

ক্রেতাকে নিজেকে জঙ্গল হতে কেটে নিতে হয়।

(খ) ঠিকাদারগণ নিম্নলিখিত দরে বিক্রয় করিতেছে—

জ্বালানী কাঠ—১ টাকা হইতে ৩ টাকা।

ছাল সহ বাছাই রোলা যাহা জ্বালানী নামে ক্রীত হয় তাহার দাম প্রতি গাড়ী রোলার সংখ্যা ও বৈশিষ্ট্য হিসাবে ৫ টাকা হইতে ৮ টাকা।

রোলা (ছাল তোলা)—

৩ ইঞ্চি ব্যাস—০·৫০ হইতে ০·৭৫ পয়সা প্রতিটি।

৪ ইঞ্চি ব্যাস—১·০০ হইতে ১·৭৫ পয়সা প্রতিটি।

৫ ইঞ্চি ব্যাস—২·০০ হইতে ২·৭৫ পয়সা প্রতিটি।

৬ ইঞ্চি ব্যাস—৪·০০ হইতে ৫·০০ পয়সা প্রতিটি।

বাতী—ব্যাসের ইঞ্চি প্রতি গাড়ী ১ টাকা।

Construction of the Subdivisional Hospital at Ghatal

636. (Admitted question No. 1703.) **Shri Nagen Dolai:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমা হাসপাতালের নির্মাণকার্য কবে আরম্ভ হইবে; এবং

(খ) উক্ত হাসপাতালের জন্য জমি পাওয়া গিয়াছে কি না?

The Minister for Health:

(ক) প্রয়োজনীয় জমি সংগৃহীত হইলে এ বিষয়ে বিবেচনা করা হইবে।

(খ) জমি এখনও স্বাস্থ্য বিভাগের দখলে আসে নাই।

Tubewells in Sankrail police-station, Howrah

637. (Admitted question No. 1713.) **Shri Dulal Chandra Mondal:** Will he Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many tubewells have been sunk and resunk union-wise in the year 1964-65 (up till now) and Anchal-wise in January and February of the year 1965 in Sankrail police-station area, district Howrah, and

(b) why the office of the petty repairs for disordered and broken tubewells are not functioning in spite of their office room in Sankrail police-station area, district Howrah?

The Minister for Health: (a) The number of tubewells sunk and resunk union-wise in the Sankrail police-station during the year 1964-65 is given below:—

Name of Union.	Name of Tubewells sunk.	Number of Tubewells resunk.
Andul	1	1
Manikpur	..	2
Sankrail	1	1
Dulia	1	..
Nalpur	..	3

In January and February, 1965, no tubewell was sunk or resunk in the said police-station. But sinking of six tubewells and resinking of five tubewells will be taken up soon in the Anchals named below:—

Name of Anchal.	No. of new sinking sanctioned.	No. of resinking sanctioned.
Jhorhat	—	1
Sarenga	—	1
Raghudeb Bati	1	..
Mankpur	1	..
Nalpur	1	..
Thana Makna	1	..
Dulia	2	..
Dhulegaon	..	2
Masila	..	1

(b) Rural water supply repairing squad at the police-station Sankrail is working satisfactorily. Four hundred and seventy-four number of tubewells during 1964-65 and 96 tubewells during January and February, 1965, were repaired by the repairing squad at the police-station Sankrail.

Establishment of Primary Health Centre in Jambani Block, Midnapore

638. (Admitted question No. 1717.) **Shri Surendra Nath Mahato:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার জাম্বনী ব্লকের প্রাইমারী হেল্থ সেন্টার-এর কাজ কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে; এবং

(খ) এই পরিকল্পনায় মোট কত টাকা ব্যয় হইবে?

The Minister for Health:

(ক) এই ব্লকের চিঁচড়ায় অবস্থিত ১০ শয্যাযুক্ত স্বাস্থ্যকেন্দ্রটি বর্তমানে সাময়িকভাবে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কাজ করিতেছে।

ব্লকের সদর কার্যালয়ের স্থান নির্বাচিত হইলে সেই স্থানে একটি পৃথক সম্পূর্ণাঙ্গ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের ব্যবস্থা করা হইবে।

(খ) আনুমানিক দুই লক্ষ টাকা।

Government Pisciculture Programme in Midnapore district

639. (Admitted question No. 1764.) **Shri Ananga Mohon Das:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সরকারী তত্ত্বাবধানে কোথায় কোথায় মাছ চাষ হইতেছে;

(খ) উক্ত কার্যে কত জন কর্মচারী নিযুক্ত আছেন;

(গ) তাহাদিগকে মাসিক কত টাকা বেতন ও ভাতা ইত্যাদি বাবত দিতে হয়; এবং

(ঘ) গত ১৯৬৪ সালে প্রতি মাসে ঐ সকল মীনক্ষেত্র হইতে গড়ে কত মাছ বিক্রয় করা হয়

The Minister for Fisheries:

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার জুনপুট, আলমপুর এবং পলাশী নামক স্থানে সরকারী তত্ত্বাবধানে মাছ চাষ হইতেছে।

(খ) নিযুক্ত কর্মচারীর সংখ্যা ৬৩ জন।

(গ) কর্মচারীদের বেতন ও ভাতা ইত্যাদি বাবত মাসে গড়ে ৩,৯৬৯ টাকা ব্যয় হয়।

(ঘ) মঞ্জুরীকৃত মোট ২৩টি মীনক্ষেত্রের মধ্যে যে আটটিতে মৎস্য চাষের কাজ যথেষ্ট অগ্রসর হইয়াছে, সেইগুলি হইতে ১৯৬৪ সালে প্রতি মাসে গড়ে মোট ১,৭৯৩ কিলোগ্রাম মাছ বিক্রয় করা হইয়াছে।

Poultry in Midnapore district

640. (Admitted question No. 1765.) **Shri Ananga Mohan Das:**

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ স্থানে সরকারী তত্ত্বাবধানে হাঁস ও মোরগ পালন করা হইতেছে;

(খ) ঐ সকল স্থানে বর্তমানে কতগুলি হাঁস ও মোরগ রহিয়াছে এবং উক্ত স্থানে গত বৎসর মোট কত টাকা খরচ হইয়াছে? তন্মধ্যে সরকারী কর্মচারীদের বেতন ও ভাতা বাবত কত টাকা দিতে হইয়াছে; এবং

(গ) ঐ স্থান হইতে সরকার কতগুলি বাচ্চা মোট কত মূল্যে এবং কতগুলি ডিম মোট কত দামে ঐ বৎসর বিক্রয় করিয়াছেন?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) মেদিনীপুর জেলার মেদিনীপুর, ঝাড়গ্রাম ও জোনপুটে সরকারী তত্ত্বাবধানে হাঁস ও মোরগ পালন করা হইতেছে।

(খ) হাঁস—		
মেদিনীপুরে	...	৭৫৮
জোনপুটে	..	১৯৫
		৯৫৩
মুরগী—		
মেদিনীপুরে	...	১২,৪০৬
ঝাড়গ্রামে	...	১৮৭
		১২,৫৯৩
মোট হাঁস ও মুরগীর সংখ্যা	...	১৩,৫৪৬

ক্ত স্থানগুলিতে গত বৎসর মোট ২,৩৯,২৫৯ টাকা ৬১ পয়সা খরচ করা হইয়াছে, তন্মধ্যে মোট ৩,১২২ টাকা ২৯ পয়সা সরকারী কর্মচারীদের বেতন ও ভাতা বাবত দিতে হইয়াছে।

(গ) উক্ত স্থানগুলি হইতে গত বৎসর মোট ১৩,৭৯৫টি বাচ্চা ৩০,১৭৬ টাকা ৭৬ পয়সা ল্যে এবং ১,২০,৬২২টি ডিম ২২,৯১৪ টাকা মূল্যে বিক্রয় করা হইয়াছে।

Illicit distillation of liquor

641. (Admitted question No. 1780.) **Shri Sant Kumar Raha:**

াবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত তিন বৎসরে কান্ জেলায় কতগুলি কেস বে-আইনীভাবে মদ চোলাই করিবার জন্য কত টাকা সরকার াইন হিসাবে ও বাজেয়াপ্ত করণে আদায় করেছেন?

The Minister for Excise:

১৯৬২, ১৯৬৩ ও ১৯৬৪ সালে অক্টোবর মাস পর্যন্ত বিভিন্ন জেলায় ধৃত চোলাই মদে[র]
কেসের সংখ্যা নীচে দেওয়া হইল:—

জেলার নাম	কেসের সংখ্যা		
	১৯৬২	১৯৬৩	১৯৬৪ (অক্টোবর মাস পর্যন্ত)
বর্ধমান	২,৬৩২	২,৭৮৭	২,৯৮৮
বীরভূম	৫২৯	৬০৩	৩০৫
বাঁকুড়া	৯৫৪	৯৫৯	৭২০
মেদিনীপুর	২,২১৪	২,৮৬০	১,৬১৭
হাওড়া	৯১৩	১,০৫৯	৯৩৮
হুগলী	৫,৬৮২	৬,১৮০	৪,৭১০
২৪-পরগণা	৫,৪৫৭	৫,৫৭০	৪,২৯৩
কলিকাতা	৪,০৪৬	৪,৭৮৫	৩,২০৯
নদীয়া	৮২	৯৬	৬৫
মুর্শিদাবাদ	২৩৯	২৯৯	২১৭
পশ্চিম দিনাজপুর	১৪২	১৮৫	১২১
মালদহ	১০৪	১৪১	৪৪
জলপাইগুড়ি	২,১৯০	২,৪৫৯	১,৬২০
দার্জিলিং	৮১২	৭৩৯	৬৪৪
কুচবিহার	১১৫	১০৮	৭৯
পুরুলিয়া	৭৯৯	৮৪৭	৫০৮
সি. ডি. ডি.	৩,০০৬	২,৫০৭	১,৯৬৫
ই. আই. বি.	১৪৪	১০৯	৫০
মোট ..	৩০,০৭০	৩২,২৮৮	২৪,০৯৩

চোলাই মদের কেস সাধারণত ফৌজদারি আদালতে চালান দেওয়া হয়। আদালতে [যে] জরিমানার টাকা আদায় হয় তাহা বিচার বিভাগের খাতে জমা হয়, পৃথকভাবে রাখা হয় না এ[বং] উহার হিসাব আবগারী বিভাগে রাখা হয় না।

Ganja Farm in West Bengal

642. (Admitted question No. 1781.) **Shri Sant Kumar Raha :**

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারের নিয়ন্ত্রণে চলে এমন কোন গাঁজা ফার্ম আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে তাহাদের সংখ্যা কত;

(গ) এই সকল ফার্ম হইতে কি পরিমাণ রাজস্ব আদায় হয়; এবং

(ঘ) কোন্ জেলায় কয়টি এইরূপ ফার্ম আছে এবং তাহাদের নাম কি?

The Minister for Excise :

(ক) পশ্চিমবঙ্গ সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রণে চলে এমন কোন গাঁজা ফার্ম নাই।

বে-সরকারী ফার্ম সরকারের নিকট হইতে লাইসেন্স প্রাপ্ত হইয়া সরকারের পরিদর্শনাধীনে গাঁজা চাষ করে।

(খ) বর্তমানে দুইটি বে-সরকারী ফার্ম আছে।

(গ) ১৯৬৩-৬৪ সালে গাঁজা খাতে ২৫,২৭,৯০২ টাকা রাজস্ব আদায় হইয়াছে।

(ঘ) কেবলমাত্র মুর্শিদাবাদ জেলায় দুইটি বে-সরকারী ফার্ম আছে। অন্য কোন জেলায় গাঁজার চাষ হয় না।

মুর্শিদাবাদ জেলাস্থিত এই বে-সরকারী ফার্ম দুইটির নাম হইতেছে—

(১) নির্মল কুমার দত্ত,

(২) মেসার্স নির্মল কুমার জৈন এবং কুমার শঙ্কর ভট্ট।

Roads, trenches, etc., in Forest areas in Bankura district

643. (Admitted question No. 1692.) **Shri Adwaita Mondal :**

বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মোটগদা রেঞ্জে ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে ও বর্তমান সালের বর্তমান সময় পর্যন্ত কত মাইল রাস্তা নির্মিত হইয়াছে; এবং

(খ) কতগুলি ট্রেঞ্চ কাটা হইয়াছে এবং উহাদের প্রত্যেকটিতে কত ব্যয় হইয়াছে?

The Minister for Forests :

(ক) মোট ১০·১২৫ মাইল।

(খ) প্রয়োজনীয় তথ্যসম্বলিত তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Deputy Speaker: The Hon'ble Minister in charge of the Education Department will please make a statement on the employment of the Congress Volunteers and National Volunteers in the office of the Secondary Education Board—Calling Attention Notice given by Shri Narayan Choubey on the 8th March, 1965.

Shri Rabindralal Sinha: A report in this matter has been obtained from the West Bengal Board of Secondary Education. The position is as follows:—

As a result of the slowing down of work over a long period by the employees of the Board of Secondary Education and their pen-down strike in February, 1965, large arrears had accumulated in respect of work relating to the conduct of the Shcool Final and Higher Secondary Examinations, such as the writing of Admit Cards, etc.

In the circumstances, in order to ensure commencement of the Higher Secondary Examination from the due date—the 15th March, 1965—voluntary assistance of some college and school teachers was invited and arranged by the Board of Secondary Education for the pulling up of such arrears of work. The services of some members of the National Volunteer Force were also obtained for doing other work of non-confidential nature. The services of Congress Volunteers were not requisitioned. It has been possible with such assistance to arrange for the commencement of the Higher Secondary Examination from the 15th March, but even then, the date of commencement of the School Final Examination had to be delayed by a week.

It is not a fact that any Congress Volunteer or any member of the N. V. F. was engaged in handling or sorting out question papers or any other confidential papers. Even none of the college or school teachers worked in the Strong Room of the Board. Only four persons of the National Volunteer Force were engaged in the work of sealing bags in the presence of the officers of the Board and one Police Officer deputed by the Deputy Commissioner of Police Enforcement Branch, Calcutta.

Mr. Deputy Speaker: There are five Calling Attention Notices today Mr. Roy will read them.

Secretary (Shri P. Roy): Five notices of Calling Attention have been received on the following subjects, namely:—

(1) Scarcity of fish in Calcutta Markets—by Shri Aswini Roy.

(2) Abnormal increase of mosquitoes in Calcutta Municipal area—by Shri Aswini Roy.

(3) Traffic problem in Greater Calcutta—by Shri Bijoy Pal.

(4) Death of an under-trial prisoner in Lalbazar Lock-up on 13-3-65—by Shri Birendra Narayan Ray, Shri Monoranjan Bakshi, Shri Mahananda Haldar, Shri Hrishikesh Halder, Shri Adhar Chandra Halder.

(5) Intrusion and firing by Pakistani Rifle Force in Mekligunj P. S. on 14-3-65—by Shri Amarendra Nath Roy Prodhan and Shri Sunil Das Gupta.

Mr. Deputy Speaker: I have selected the notice of Shri Aswini Roy on the subject of scarcity of fish in the Calcutta markets. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Smarajit Bandyopadhyay: A reply will be given on the 22nd March, 1965.

Privilege Motion

Shri Syed Kazim Ali Meerza: Mr. Deputy Speaker, Sir, I beg to move a motion of privilege. On Friday last, Shri Kamal Kanti Guha made serious and false allegations against myself. You know, Sir, the members have the right of freedom of speech, but certainly freedom of speech does not mean bringing in such false allegations inside this House against a member as serious results and consequences may follow. We have the freedom of speech inside the House but we must preserve the dignity of the House and not abuse that power which is looked upon by the whole country as a sacred right. The legislature is a group of respectable persons where respectability counts more than anything else. Sir, I shall be brief. Shri Kamal Kanti Guha the other day brought an allegation that bombs and dynamites were found in my house. I challenge him to prove that. As it is a serious allegation, I submit to you most humbly that the matter should be sent to the Privilege Committee, for such allegations are of the most vital and serious nature. If I am a culprit to that allegation, certainly I deserve the condemnation of the House and any action. Sir, a member should not bring forward such a false allegation without knowing its consequence.

I have been looking up May's Parliamentary Practice, and I can give you reference from there to show that when such allegations were made, the matter was taken up by the Privilege Committee and action was taken. Sir, the allegation made by Shri Guha has so basis and it is of a serious nature and it should be settled and decided once for all so that it can be a lesson for all the members of the House, whether they belong to this side or that side. One should preserve the dignity of the legislature and not speak at random without knowing the seriousness of it. It has much implication as I think Shri Kamal Kanti Guha does not come from my district.

Now coming to Shri Birendra Narayan Ray, I was rather surprised or rather ashamed when he raised allegations against me yesterday. I have love and affection for their house, for if he recollects, if he remembers, it was his great grandfather......

(Noise & interruptions)

Shri Nikhil Das: It is irrelevant, Sir.

Mr. Deputy Speaker: Whether relevant or not, that is a matter for me to decide.

Shri Nikhil Das: (Sir) এটা privilege motion এ আসছে না।

(Noise & interruptions)

[2-10—2-20 p.m.]

Shri Syed Kazim Ali Meerza: Yesterday Shri Birendra Narayan Ray made some allegation, viz. I have been collecting funds from Muslims at Murshidabad and I have been keeping contact with Pakistan.

এটা যদি ভাল হয়ে থাকে তাহলে নিশ্চয়ই আপনারা এটাকে ভাল মনে করবেন। কেননা আপনারা সেই জিনিষটা চান।

You want it in West Bengal and therefore you say এটা ভাল।

As far as we on this side of the House are concerned, we believe in unity. It is a most detrimental and false allegation which has been brought against me and which should be taken up by the Privilege Committee.

Sir, what I was saying is this: I have the highest affection and respect for that house. I do not desire to boast of it. If he can recollect, his father was a good friend of mine, his great grandfather, a grand old gentleman, was a saintly person. When I used to visit their house, it was that great old man who would not sit before me but would stand up, for such was the connection that he had with my house. My tradition has been such that I have always looked to every community with one eye. I am coming from such a house which has history behind it. Even during the partition my friend will not deny me the good work that I had done. My friend, Shri Durgapada Sinha, who was a member of this House, saw that when there was firing, clash and disturbance, it was I, who at the risk of my life, went there and brought the situation under control. And now my friend comes forward with such false allegation. There must be some serious motive behind it. Does he know that Murshidabad was quiet during the last disturbance and that is the credit of the Congress Party and the Murshidabad District Congress and it was due to that party that both Hindus and Muslims remained quiet.

(Noise & interruptions)

Mr. Deputy Speaker:

যখন একজন মেম্বার প্রিভিলেজ সম্বন্ধে কথা বলছেন, তখন পয়েন্ট অব অর্ডারের প্রশ্ন আসে না।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, আমি প্রিভিলেজের উপর বলতে চাই, আপনি শুনুন.........

Mr. Deputy Speaker:

প্রিভিলেজের উপর কোন কিছু নেই। ডাঃ ভট্টাচার্য্য, আপনি অনেক দিনের পুরানো মেম্বার আপনাকে বোঝানোর কোন দরকার নেই।

Dr. Kanai Lal Bhattacharya: On a point of order, Sir

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমার পয়েন্ট অব অর্ডারটা হচ্ছে এই যে প্রিভিলেজ মোসান তুলতে গিয়ে উনি যে পয়েন্ট অব প্রিভিলেজ মোসান তুলেছিলেন, সেখান থেকে ডিভিয়েট করে অন্য পয়েন্ট-এ তিনি বক্তৃতা শুরু করলেন।

Mr. Deputy Speaker :

অন্য পয়েন্টে বলছেন কিনা, ট্ দি পয়েন্টে বলছেন কিনা
Whether it is relevant or not.
সেটা আপনার দেখবার কোন কথা নয়।

Dr. Kanai Lal Bhattacharya :

I am drawing your attention to it as a member of the House.
আমার এ অধিকার আছে যে যদি কোন মেম্বার ইর্‌রেলিভ্যান্ট কিছু বলেন তাহলে আপনার দৃষ্টি আকর্ষণ করা এবং সেই জন্যই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Deputy Speaker :

এটা প্রিভিলেজের প্রশ্ন নয়। তাঁর বলার শেষ হলে আপনি বলবেন, এই হচ্ছে হাউসের নিয়ম।

Dr. Kanai Lal Bhattacharya :

কিন্তু স্যার, যখন ইর্‌র‍্যালিভ্যান্ট বলে হাউসের টাইম আননেসেসারিলি নিচ্ছিলেন, তখন আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে পারি। দ্যাট্ ইজ্ মাই রাইট।

Mr. Deputy Speaker :

আপনি তার পরে বলতে পারেন।
Not when he was speaking. Shri Meerza, I think you have not got to say anything more. I shall give it best consideration and a ruling will be given on Friday.

Dr. Kanai Lal Bhattacharya :

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমার বক্তব্য হচ্ছে এই যে মির্জা সাহেব যে কথাগুলি বললেন, সেগুলি নিশ্চয়ই বিচার-বিবেচনা করবেন। আমাদের তরফ থেকে আমি বলছি যে ওটা প্রিভিলেজ কমিটিতে দিয়ে দিন. এটাই আমরা চাই। নইলে কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ বেরিয়ে যাবে। মির্জা সাহেব সম্বন্ধে আমাদের অনেক কিছু জানা আছে। আপনি দিন, উই ইন্‌ভাইট ইট্।

Shri Prafulla Chandra Sen :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীকাজিম আলি মির্জা সাহেব তিনি এই কথা বলবার চেষ্টা করেছিলেন যে এখানে এইরকম যা আলোচনা হয়েছে তাতে বাহিরে রিপার্কাসন খারাপ হবে। এটা আমরাও চাইনা, আর উনিও চান না। যদি কোন তথ্য ও'র বিরুদ্ধে বলার থাকে বলুন। কিন্তু আমরা জানি যে কিছু বেরোবে না।

Shri Syed Kazim Ali Meerza : What I wanted to say was that these things have their repercussions outside. This would be very harmful as there is amity everywhere in Murshidabad. If my friend Shri Biren Ray persists in this way, what is the motive behind it? The motive behind it is to create communalism anl communal feeling. It has no background at all. Therefore, I ask my friend, if he wants to say these things let him come outside and stand on a common platform with me; let us meet there and if there is any evidence let him prove it there.

Shri Sailendra Nath Adhikary :

স্যার, এর আগে আপনি প্রিভিলেজ-এর ব্যাপারে বললেন, কাজিম আলি মির্জা সাহেব যেটা বললেন তার মধ্যে আপনি লক্ষ্য করেছেন যে প্রিভিলেজ সম্বন্ধে যে কোশ্চেন ওঠাতে চেয়েছিলেন, সেটা উনি না উঠিয়ে প্র্যাক্‌টিক্যালি পলিটিক্যাল বক্তৃতা দিলেন এবং এই সুযোগ নিয়ে আমাদের হেয় প্রতিপন্ন করেছেন। আপনার কাছে আমার পয়েন্ট অব অর্ডার এই যে একজন মাননীয় সদস্য প্রিভিলেজের কোশ্চেন ওঠাবার সময়, এই হাউসের মধ্যে অন্যান্য পার্টিকে হেয় প্রতিপন্ন করবার চেষ্টা করলে সেটা হাউসের অর্ডার ব্রেক করে কিনা?

Mr. Deputy Speaker : It is neither a question of privilege, nor a Point of Order.

Demand for Grant No. 45

[2-20—2-30 p.m.]

Major Heads : 71-Miscellaneous—Expenditure on displaced persons, 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons and Loans and Advances to displaced persons.

Shrimati Abha Maiti : On the recommendation of the Governor I move that a sum of Rs. 5,45,34,000 be granted for expenditure under Grant No. 45, Major Heads : "71--Miscellaneous-Expenditure on displaced persons, 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons and Loans and Advances to displaced persons."

অধ্যক্ষ মহাশয়, এই সংসদে অর্থ মঞ্জুরীর দাবী জানাবার সময় আমার বিভাগের কর্মধারার একটি বাস্তব চিত্র উপস্থাপিত করা উচিত বোধ করছি।

অধ্যক্ষ মহাশয়, গত বৎসর এই বিভাগের ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপন কালে পূর্ববঙ্গ থেকে দলে দলে নতুন শরণার্থিদের আগমনের কথা উল্লেখ করেছিলাম। এই পরিস্থিতি বিপর্যয় সৃষ্টি করতে পারে বলে আমি যে উদ্বেগ প্রকাশ করেছিলাম সকল সদস্যই তার অংশ গ্রহণ করেছিলেন। অত্যন্ত পরিতাপের বিষয় যে আজও এই শরণার্থি প্রবাহ অব্যাহত আছে। ১৯৬৪ সালের ১২ই মার্চ যে আগন্তুকের সংখ্যা ছিল ৫৫,০০০ বর্তমানে এই সংখ্যা দাঁড়িয়েছে ৭,১৫,৪৩১। শরণার্থির সংখ্যার এই বিপুল বৃদ্ধি আমাদের সকল হিসাব-নিকাশ বিপর্যস্ত করেছে এবং প্রশাসন ব্যবস্থা ও রাজ্যের অর্থনৈতিক সম্পদ প্রান্তিক সীমায় এসে পোঁচেছে। এই আগমনের শুরুতেই কেন্দ্রীয় সরকার তাঁদের নীতি ঘোষণা করেছিলেন। যে সকল শরণার্থি পশ্চিম বাংলার বাইরে যেতে ইচ্ছুক তাঁদেরই সমস্ত দায়িত্ব বহন করতে তাঁরা স্বীকৃত হন। কিন্তু এই শরণার্থিদের মধ্যে এক বিরাট অংশ পশ্চিমবঙ্গেই থেকে গেছেন। এ সম্পর্কে সংখ্যাগত হিসাব নিম্নরূপ :—

১। রাজ্যের বাইরে গিয়েছেন	—	২ ০৮.৩০৬
২। পশ্চিমবঙ্গে থেকে গেছেন	—	৫,০৬,১৩৫
৩। পশ্চিমবঙ্গের বাইরে প্রেরিতদের মধ্যে যাঁরা স্থান পরিত্যাগ করে পশ্চিমবঙ্গে ফিরে এসেছেন	—	৩৭,২১০

নতুন শরণার্থিদের দু-ভাগে ভাগ করা যায়—

১। পশ্চিমবঙ্গের বাইরে যাঁরা যেতে চান—

২। পশ্চিমবঙ্গে যাঁরা থাকতে চান—

দুলক্ষাধিক শরণার্থির চলাচলের ব্যবস্থা জরুরীকালীন অবস্থার ভিত্তিতে শরণার্থি, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের কর্মীদের করতে হচ্ছে। প্রত্যেক চেকপোস্ট ও বিভিন্ন অঞ্চলে সরকারকে ব্যাপকভাবে নূতন শরণার্থিগণকে জানাতে হয় যে যাঁরা এই রাজ্যের বাইরে পুনর্বাসন চান কেবলমাত্র তাঁদেরই সকল দায়িত্ব, বিভিন্ন অভ্যর্থনা কেন্দ্র ও সংগ্রহ কেন্দ্র থেকে পুনর্বাসন স্থলে প্রেরণের ব্যয়ভার ও ব্যবস্থাপনা সরকার করবেন। রাজ্য সরকারকে বানপুর, পেট্রাপোল ও হাসনাবাদে তিনটি "অভ্যর্থনা কেন্দ্র" স্থাপন করতে হয়। এবং উত্তরবঙ্গে কয়েকটি "সংগ্রহ কেন্দ্র" স্থাপন করতে হয়। এ'দের সকলের আহার্য ও সাধারণতঃ স্পেশাল ট্রেনযোগে চলাচলের ব্যবস্থা করতে হয়। এপ্রিল, মে ও জুন মাসে এমন অবস্থাও গিয়েছে যে, দিনে দুবার স্পেশাল ট্রেন যাত্রী বহন করেছে। নিযুক্ত কর্মচারিগণ ২৪-ঘন্টা ডিউটি দিয়েছেন, এমন প্রায়ই হয়েছে। যাত্রীদের পোষাক পরিচ্ছদ, বাসনপত্র ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় সামগ্রী দিতে হয়। এই কাজের চাপের ফলে বিভাগের অন্যান্য দৈনন্দিন সাধারণ কাজকর্মের কিছু ব্যাঘাত হয়েছে। মধ্যপ্রদেশের রায়পুরের কাছে "মানা" কেন্দ্র থেকে এ'দের বিভিন্ন প্রদেশে পুনর্বাসন কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা হয়। রাজ্য সরকার নূতন শরণার্থিকে এইখানে পাঠিয়ে দেবার পরই কেন্দ্রীয় সরকার এ'দের সব দায়িত্ব গ্রহণ করেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয় ও মাননীয় সদস্যবৃন্দ, আপনারা সকলেই জানেন গোড়ার দিকে মানা শিবিরের পরিবেশ পূর্ববঙ্গ হতে আগত হাজার হাজার শরণার্থীর বসবাসের অনুকূল ছিল না। এই পরিবেশ পরিবর্তন ও উন্নতির জন্যে কেন্দ্রীয় সরকার এইসব শরণার্থিদের যথাস্থানে যতশীঘ্র সম্ভব পাঠানোর জন্য "ত্রাণ মহা-অধিকার" নামে এক স্বতন্ত্র বিভাগ সৃষ্টি করেন। ইহার ফলে বর্তমানে শরণার্থীদের পুনর্বাসনের কাজ সুসংবদ্ধ ভাবে অগ্রসর হইতেছে।

যে সব শরণার্থি পশ্চিমবাংলায় থেকে যাচ্ছেন তাঁদের সমস্যা সম্পর্কে বিগত বাজেটের অধিবেশনে বলেছিলাম যে এ'দের মধ্যে যাঁরা অত্যন্ত দুস্থ তাঁদের মাঝে মাঝে বিভিন্ন হারে খয়রাতি সাহায্য করা হয়। কিন্তু ১৯৬৪ সালের ১০ই জুনের পর কেন্দ্রীয় সরকার এই খাতে অর্থ সাহায্য করতে অস্বীকার করায় রাজ্য সরকার-এর সীমিত অর্থ ভান্ডারের ওপর এ'দের সাহায্য করার অর্থ ব্যয়ের চাপ পড়ছে। যে সব নতুন শরণার্থি পশ্চিমবঙ্গে থাকছেন তাঁদের শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা ও কর্ম সংস্থাপনের প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করার জন্যে রাজ্য সরকার প্রথম থেকেই কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন। এতদিন পর্যন্ত কেন্দ্রীয় সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নি। সম্প্রতি তাঁরা যেসব জায়গায় শরণার্থি সমাবেশ বেশী সে সকল স্থানে শিক্ষা বাবদ কি ব্যয় হতে পারে জানতে চেয়েছেন।

আবাসিক পরিবার প্রসংগে বলা যেতে পারে যে ১৯৬৪ সালের ফেব্রুয়ারী মাসে ২২টি আবাসে ৩৭,৭৯২ জন লোক বাস করতেন; বর্তমানে ২২টি আবাসে ৩৩,৫৮৫ জন বাস করছেন। পুনর্বাসনের মাধ্যমে আবাসগুলির লোকসংখ্যা ক্রমশই কমছে। যে সব পরিবারের সন্তানরা বয়ঃপ্রাপ্ত হচ্ছেন তাঁদের পুনর্বাসন দিয়ে আমরা লোকসংখ্যা কমাতে পারছি। আমাদের আন্তরিক ইচ্ছা সত্ত্বেও পুনর্বাসন (ঋণ ও আবাসিক) সকল পরিবারকে দ্রুত পনর্বসতি দেওয়া সম্ভব হয়নি। কেননা আমাদের অভিজ্ঞতা এই যে, অকৃষিজীবী পরিবারদের সুষ্ঠু পুনর্বাসন দিতে হলে কলকাতা শিল্পাঞ্চলেই জমি সংগ্রহ করতে হয়। ভারত সরকার জমির যে সর্বোচ্চ মূল্য বেঁধে দিয়েছেন তাতে কলকাতা শিল্পাঞ্চলে কোন জমিই পাওয়া এখন আর সম্ভব নয়। জমির সর্বোচ্চ মূল্য বাড়ানর আবশ্যকতা ভারত সরকারকে অনুধাবন করানোর প্রয়াস রাজ্য সরকার আপ্রাণ করছেন, কিন্তু আজও এ প্রয়াস ফলপ্রসূ হয়নি। তবুও এ সম্বন্ধে বিভিন্ন আবাস থেকে ১,৫০০ পরিবারকে বিভিন্ন কলোনীতে পুনর্বাসন দেওয়ার কর্মসূচী নেওয়া হয়েছে। যে সব পরিবার দন্ডকারণ্যে পুনর্বাসনের সুযোগ প্রত্যাখ্যান করে পরিত্যক্ত শিবির এলাকায় পড়ে আছেন তাঁরা সত্যিই এ রাজ্যের দুশ্চিন্তার কারণ হয়ে উঠেছেন। ১৯৬৩-৬৪ সালের ভেতর এরকম প্রায় ৮,০০০ পরিবারের মধ্যে প্রায় ২,০০০ পরিবার দন্ডকারণ্যে পুনর্বাসন নিতে সম্মতি জানিয়ে ছিলেন। কিন্তু এখন নূতন শরণার্থী আগন্তুকদের অত্যাধিক চাপের ফলে এ'দের আর দন্ডকারণ্যে পুনর্বাসন দেওয়া সম্ভব নয়। এ'দের দুরবস্থার প্রতি ভারত সরকারের দৃষ্টি ইতিমধ্যেই আকর্ষণ করা হয়েছে এবং এ সম্বন্ধে তাঁদের সিদ্ধান্ত জানতে চাওয়া হয়েছে। এ'দের মধ্যে যাঁরা কোন রকম জীবিকা অর্জন করছেন এবং কেবলমাত্র

যাঁরা খোঁজার ঠাঁই চান তাদের কিছু পুনর্বাসন সাহায্য দেওয়া প্রয়োজন বলে রাজ্য সরকার মনে করেন। এ'দের সম্বন্ধেও ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আংশিক পুনর্বাসন প্রাপ্ত পরিবার প্রসংগে এই সংসদে বহুবার বলা হয়েছে। এ বিষয়ে রাজ্য সরকার কয়েকটি প্রকল্প নিয়েছেন এবং ভারত সরকারের কাছে পেশ করেছেন। বস্তুত ইতিমধ্যে ভারত সরকার দুটি প্রকল্প মঞ্জুরও করেছেন—একটি হচ্ছে কৃষি জমির পরিমাণ পরিবারের জীবন ধারণোপযোগী যাতে হয় তার জন্য জমি ক্রয় করে বিলি করা এবং দ্বিতীয়—কুটীরশিল্পে দক্ষ বা শিক্ষণপ্রাপ্ত পরিবারদের ছোটখাট যন্ত্রপাতি ঋণ হিসেবে সরবরাহ করা। সম্প্রতি এ বিষয়েও নীতিগত অসুবিধের সৃষ্টি হয়েছে। ভারত সরকার ঘোষণা করেছেন যে এই সব আংশিক পুনর্বাসন প্রাপ্ত পরিবারদের জন্য যে ঋণের টাকা ভারত সরকার দেবেন তা সরাসরি রাজ্য সরকারকে ঋণ হিসেবে দেবেন অর্থাৎ এই পরিবার ঋণ পরিশোধ করুন বা না করুন রাজ্য সরকারকে ভারত সরকারের ঋণ পরিশোধ করতে হবে।

বলাবাহুল্য, রাজ্য সরকারের বর্তমান আর্থিক অবস্থার এই চাপ গুরুতর। আমরা ভারত সরকারকে এই নীতি পরিবর্তন করার জন্যে অনুরোধ করে পত্রালাপ করছি।

পুরাণো শরণার্থী প্রসংগে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা ভারত সরকারের সাম্প্রতিক ঋণ নীতি ঘোষণা। আংশিক পুনর্বাসন প্রাপ্ত শরণার্থীদের মধ্যে কয়েক শ্রেণীর ঋণ ভারত সরকার আংশিকভাবে মকুব করতে স্বীকৃত হয়েছেন। ভারত সরকারের সূত্র অনুসারে কৃষিজীবী বা ছোট ব্যাপারী পরিবারের পরিশোধ্য ঋণের মধ্যে ১,০০০ টাকা মকুব করা হবে। এবং এই ঋণের সুদও মকুব করা হবে। যদি দেখা যায় যে কোন পরিবারের মোট ঋণ থেকে এই সূত্রমত ১,০০০ টাকা সুদ সহ মকুব করার পরেও ঋণভার ২,০০০ টাকার অধিক তবে তাঁর কাছ থেকে ২,০০০ টাকাই আদায় করা হবে এবং ২,০০০ টাকার উর্ধ্বের সব ঋণই মকুব করা হবে। অর্থাৎ এই শ্রেণীর পরিবারদের পরিশোধ্য ঋণ কোনক্রমেই ২,০০০ টাকার বেশী হবে না। কিন্তু যাঁরা বৃত্তি ঋণ, নিজ তহবিলে দেয় আংশিক ব্যয় করার ভিত্তিতে গৃহনির্মাণ ঋণ বা বড় ব্যবসায়ের জন্য উচ্চহারে ঋণ নিয়েছেন তাঁদের ঋণের কোনও অংশই মকুব করার নীতি ভারত সরকার অনুমোদন করেননি। এছাড়া যাঁদের সরকারী কলোনীতে প্লট দেওয়া হয়েছে তাঁদের নাম থেকে—জমি সংগ্রহ ও উন্নয়ন বাবদ মাথাপিছু ঋণভার থেকে অব্যাহতি দেওয়া হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্বেও এই সংসদে জানানো হয়েছে যে, যতদিন না পরিবার প্রতি ঋণের পূর্ণাংগ হিসেব—তা এক বছরেই দেওয়া হোক বা কয়েক বছর ধরে দেওয়া হোক—করা হচ্ছে ততদিন পর্যন্ত ঋণ মকুবের কাজ সহজসাধ্য নয়। কিন্তু এ ব্যাপারে অনেক সময় লাগা সম্ভব মনে করে রাজ্য সরকার প্রত্যেক জেলায় ঋণ সুমার (লোন লেজার) লেখা সম্পূর্ণ হবার জন্য অপেক্ষা না করে ঋণ সুমার লেখার সাথে সাথেই যতগুলি পরিবারের ঋণের পরিমাণ স্থিরীকৃত হয়েছে তাহার ঋণ মকুব করার কাজ চালাতে নির্দেশ দিয়েছেন।

এই নীতি অনুসরণের ফলে রাজ্য সরকার ইতিমধ্যে ৩৪৩টি পরিবারের মোট ৩·৬৫ লক্ষ টাকা ঋণ মকুব করার আদেশ দিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বাজেট অধিবেশনে দাবি উপস্থাপন করার সময় এই সংসদে আমি বলেছিলাম যে, সরকারী কলোনীতে যাঁরা প্লট পেয়েছেন এবং যেসব জবরদখল কলোনী বৈধ করা হয়েছে সেখানকার অধিবাসীদের প্লটের স্বত্ব ও মালিকানা হস্তান্তর করার ব্যবস্থা সম্পূর্ণ হয়েছে। গোড়ার দিকে শরণার্থীরা এই প্রকল্পের সম্বন্ধে সন্দিহান ছিলেন। কারণ তাঁরা এই প্রকল্পের উদ্দেশ্য সঠিক অনুধাবন করতে পারেন নি। কিন্তু এখন দেখা যাচ্ছে যে এই সুযোগ নিতে শরণার্থীরা ক্রমেই এগিয়ে আসছেন; যদিও আরও উৎসাহ সহকারে এগিয়ে আসা প্রয়োজন। বিগত এক বছরে আমরা কিছু প্লটপ্রাপ্ত পরিবারকে জমির মালিকানা হস্তান্তর করেছি।

অধ্যক্ষ মহাশয়, পুরাণো শরণার্থী সম্পর্কে অপর একটি উল্লেখযোগ্য, যদিও মামুলি, হচ্ছে জবরদখল কলোনীগুলির বৈধকরণ আর সর্বপ্রকার কলোনী—সরকার প্রণোদিত পৌর

গ্রাম্য এবং জবরদখল কলোনীর উন্নয়ন। বৈধকরণ যোগ্য ১৪৯টি জবরদখল কলোনীর মধ্যে আজ পর্যন্ত ১৩৬টি কলোনী সম্পূর্ণভাবে এবং ৮টি কলোনী অংশত বৈধ করা হয়েছে। এই বৈধকরণের সুযোগ পাবেন ২৮,০০০ পরিবার। এরমধ্যে ১৭,১৮৯টি পরিবার ইতিমধ্যেই এই সুযোগলাভ করেছেন।

গত এক বছরের মধ্যেই আমরা ২,৫০০ জবরদখলকারী পরিবারকে বৈধীকৃত করেছি। অধ্যক্ষ মহাশয়, উন্নয়নের প্রশ্নটি খুবই গুরুত্বপূর্ণ। উন্নয়ন পরিকল্পনা পরিপালনে যে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়, আর যা উঠবেই, তা আমি সম্যকভাবেই অবগত আছি। আমার মনে হয় যে, আমি এই সংসদকে জানিয়ে রেখেছিলাম যে বৎসরাধিক কাল ধরে ভারত সরকারের সংগে আলাপ-আলোচনার ফলে প্রায় অচল অবস্থার সৃষ্টি হয়েছে। কারণ ভারত সরকার স্থির করেছেন যে পৌর সংঘগুলি যদি তাঁদের এলাকায় অবস্থিত কলোনীগুলির উন্নয়ন কাজ সংরক্ষণে সম্মত হন তবেই তাঁরা অর্থ মঞ্জুর করবেন। এই নীতি অনুসারে কিছু মঞ্জুরী এসেছে কিন্তু আরো অনেক বেশী মঞ্জুরী আসা প্রয়োজন ছিল। যে কোন অজুহাতেই হোক ভারত সরকার এ বছর কোন অর্থ মঞ্জুর করেননি। মোট ১৬৪টি কলোনীর উন্নয়ন কাজ শুরু হয়েছে। এর বিশদ বিবরণ এইরূপ :—

সরকার প্রণোদিত পৌর কলোনী	—	১০৪
সরকার প্রণোদিত গ্রাম্য কলোনী	—	২৫
জবরদখল কলোনী	—	৩৫

এর ভেতর ৪৭টি সরকারী পৌর কলোনী ও ২টি জবরদখল কলোনীর উন্নয়ন কাজ সম্পূর্ণ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বলে শেষ করতে চাই যে, শরণার্থী সমস্যা দলমতের উর্ধ্বে। আমি একান্তভাবে বিশ্বাস করি যে এই সমস্যা একটি মানবিক সমস্যা। সকলের সমবেত প্রচেষ্টায় হয়তো ইহার সমাধান হতে পারে।

[2-30—2-40 p.m.]

Mr. Deputy Speaker: All the cut motions are in order and they are taken as moved.

The following cut motions were taken as moved.

Shri Hemanta Kumar Basu: That the demand be reduced to Re. 1.

Shri Nikhil Das: That the demand be reduced to Re. 1.

Shri Aswini Roy: That the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: That the demand be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced to Re. 1.

Shri Mahananda Haldar: That the demand be reduced to Re. 1.

Shri Hare Krishna Konar: That the demand be reduced to Re. 1.

Shri Gour Chandra Kundu: That the demand be reduced to Re. 1.

Shri Girish Mahato: That the demand be reduced to Re. 1.

Shri Bhakti Bhusan Mandal: That the demand be reduced to Re. 1.

Shri Niranjan Sen Gupta: That the demand be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: That the demand be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: That the demand be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay: That the demand be reduced by Rs. 100.

Shri Gour Chandra Kundu : That the demand be reduced by Rs. 100.
Shri Gopal Banerjee : That the demand be reduced by Rs. 100.
Shri Panchu Gopal Bhaduri : That the demand be reduced by Rs. 100.
Shri Sambhu Charan Ghosh : That the demand be reduced by Rs. 100.
Shri Niranjan Sen Gupta : That the demand be reduced by Rs. 100.
Shri Tarun Kumar Sen Gupta : That the demand be reduced by Rs. 100
Shrimati Ila Mittra : That the demand be reduced by Rs. 100.
Shri Monoranjan Hazra : That the demand be reduced by Rs. 100.

Personal Explanation

Shri Birendra Narayan Ray :

Sir, on a point of Personal Explanation

মাননীয় সদস্য কাজেম আলী মীর্জা সাহেব তাঁর বক্তৃতায় বলেছেন যে, মাননীয় সদস্য কমল গুহ মহাশয়কে আমি নাকি ইনফরমেশান দিয়েছি, এটা সর্বৈব অসত্য কমল গুহ মহাশয় নিজেই ইনফরমেশান নিয়ে একথা বলেছেন। আর একটা কথা উনি বলেছেন যে ওঁর সম্বন্ধে বা ওঁর যাঁরা দলীয় লোক তাদের সম্বন্ধে মৌচাকে ঢিল পড়েছে, এটা ঠিকই কিন্তু তারজন্য সাম্প্রদায়িক অশান্তি হবে বলে যে কথা বলেছেন, তাতে আমরা আশঙ্কা হচ্ছে যে উনি সাম্প্রদায়িকতা সৃষ্টি করবার জন্য একটা অজুহাত সৃষ্টি করছেন বোধ হয়। স্যার, এসব দেশদ্রোহীদের নাম আমি কয়েকটা বলেছি বক্তৃতায় এবং যা সব বলেছি তা দায়িত্ব নিয়েই বলেছি ও তা প্রমাণও করে দিতে পারি।

Demands for Grant

Shri Gour Chandra Kundu :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় প্রত্যেক বৎসরের মত এবারও মন্ত্রীমহাশয় একটা বক্তৃতা করলেন, রিফিউজীদের সম্বন্ধে অনেক সদিচ্ছা তিনি প্রকাশ করেছেন। কিন্তু গত বৎসরে যা দেখেছি তাতে এই ধারণা হয় যে এ্যাসেম্বলীতে এসে রিফিউজিদের জন্য সদিচ্ছা প্রকাশ করা ছাড়া আর কিছুই তিনি করেন নি। প্রথমে নবাগত উদ্বাস্তুদের সম্পর্কে রাজ্য সরকার একটু হৃদয়-হীন মনোভাব গ্রহণ করেছেন। নবাগত উদ্বাস্তু প্রায় ৭ লক্ষ আমাদের দেশে এসেছে। তারা যে ইচ্ছাকরে এসেছেন তা নয় বাধ্য হয়ে এসেছেন। সেখানে আয়ুব শাহীর অত্যাচারে না থাকতে পেরে আমাদের দেশে এসেছেন। দেশের স্বাধীনতার পর যে সমস্ত নেতারা এখানে আছেন যারা ১৯৪৭ সালে বড় বড় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তাঁরা তাদের একটা ব্যবস্থা করবেন কিন্তু সে সব কিছুই হয়নি। আপনি জানেন যে এই সমস্ত রিফিউজিদের মধ্যে একটা বড় অংশকে জোর করে বাংলার বাইরে দণ্ডকারণ্যে পাঠান হচ্ছে এবং তাদের বলা হয়েছে যে তোমরা যদি দণ্ডকারণ্যে না যাও তাহলে তোমাদের কোন রকমে সাহায্য করা হবে না এবং দণ্ডকারণ্যে স্বর্গ-রাজ্য তোমরা পাবে, কিন্তু আপনি জানেন দণ্ডকারণ্যে গিয়ে তাদের ভাগ্যে এখনও পুনর্বাসন হয়নি। মানা ক্যাম্প, কুরুৎ ক্যাম্পে তাদের ফেলে রাখা হয়েছে এবং এখনও পর্যন্ত তারা কোন রকম পুনর্বাসনের সুযোগ সুবিধা পাননি, এখানকার ক্যাম্পে যে সমস্ত সুযোগ সুবিধা পাওয়া যায় সেখানেও আজকে সেভাবে তাদের ফেলে রাখা হয়েছে তারজন্য আজকে আমরা দেখছি প্রত্যেক দিন খবরের কাগজে হাজার হাজার উদ্বাস্তু তারা ফিরে আসবেন এবং মাননীয় মন্ত্রীমহাশয় এটা স্বীকার করেছেন যে দণ্ডকারণ্যে থাকতে না পেরে তারা এখানে চলে আসছেন। আজ যে সমস্ত মা ভাই বোন আমাদের এই দেশে আশ্রয় নিয়েছে আমি জানি তারা অনেকেই আত্মীয় স্বজনের বাড়ীতে আছে, রাস্তার উপরে আছে, অনেকে গভর্ণমেণ্ট-এর গোডাউনে আছে।

তাদের সম্বন্ধে সরকার অত্যন্ত নির্দয় মনোভাব গ্রহণ করেছেন আপনি জানেন আগে এই সমস্ত রিফিউজিদের ১৮ এবং ৯ টাকা হারে সাহায্য দেওয়া হত কিন্তু সে সাহায্যের পরিমাণ কমিয়ে ৪ টাকা এবং ২ টাকা হারে সাহায্য দেওয়া হয়, আগে যেখানে শতকরা ৮০ জন লোককে সাহায্য দেওয়া হত এখন সেখানে শতকরা ২৫ ভাগ লোককে সাহায্য দেওয়া হয় না এবং ১ মাস দেওয়া

হল তো তিন মাস সে সাহায্যের কোন খবর পাওয়া যায় না। বি-ডি-ও অফিস-এ যে সমস্ত হতভাগ্যরা গিয়ে যখন লাইন দেয় তখন বি-ডি-ও বলেন যে টাকা আসেনি আমি কি করবো। বি-ডি-ও'র কাছে আমরা গিয়ে বললে তিনি বলেন উপরে বলুন আমরা কি করবো। গভর্ণমেন্ট-এর বিরুদ্ধে এইভাবে তাঁরা বিক্ষোভ প্রকাশ করেন। এইভাবে তাদের সাহায্যের কথা যা বললেন যে আমরা নিডি লোককে সাহায্য দিচ্ছি এটা সম্পূর্ণ ভাঁওতাবাজী। কারণ বহু লোককে নিয়মিতভাবে সাহায্য দেওয়া হয় না এবং যে টাকা দেওয়া হয় সে ৪ টাকা মাথাপিছু তাতে কিভাবে একজন লোকের চলতে পারে সেটা আপনি বিচার করে দেখুন। তারপর আসল প্রশ্ন হচ্ছে এদের পুনর্বাসনের কি হবে। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন এদের সম্বন্ধে আমরা তৈরী আছি; মন্ত্রীমহাশয় তাই বললেন কিন্তু তৈরী থাকাই যথেষ্ট নয় এদের সম্বন্ধে আপনারা কি করতে চান, এরা কোথায় যাবে, এরা দণ্ডকারণ্যে যেতে চায় না সেখানে গেলে তাদের অসুবিধা হবে বলে মনে করছেন। জোর করে কাউকে পাঠান উচিত নয় এরা এখান থেকে গেছে এদের শিক্ষা ব্যবস্থা, পুনর্বাসন ব্যবস্থা কি হবে, এ সম্বন্ধে কোন পরিকল্পনা রাজ্য সরকার করেননি। আমি এ সম্বন্ধে রাজ্য সরকারের তীব্র প্রতিবাদ করি। আমি মনে করি এটা গুরুতর সমস্যা, আমাদের দেশে দেখা দিয়েছে। এই সমস্যা যে গুরুতর সে বিষয়ে একমত। আজকে এই যে ৫ লক্ষ উদ্বাস্তু আমাদের দেশে রয়ে গেলেন আমাদের বিভিন্ন জেলায় ছড়িয়ে পড়লেন এবং তাতে আমাদের জেলার আর্থিক দুরবস্থার সৃষ্টি করছেন সে সম্বন্ধে অবহিত হওয়া প্রয়োজন। আজকে তাদের সম্বন্ধে ব্যবস্থা করা সরকারের পক্ষে কঠিন এটা আমরা স্বীকার করি। কিন্তু একটা ব্যবস্থা তো করতেই হবে। এরা আমাদের দেশের লোক। পাকিস্তান হিন্দুস্থান সৃষ্টি হওয়ার দরুণ রাজনৈতিক কারণে এদের এরূপ অবস্থা হয়েছে। আজকে আমরা দেখছি সরকারের বিভিন্ন দপ্তরে কি হয় না মাইগ্রেসান সার্টিফিকেট না থাকলে সাহায্য দেওয়া হয় না। আপনি জানেন বহুলোক দাংগা হাংগামার সময় পূর্ব পাকিস্তান থেকে যে রকমভাবেই হোক আমাদের দেশে আসতে বাধ্য হয়েছিল। আপনি জানেনত অনেকে পাশপোর্ট করে এসেছেন কিন্তু পরে সে পাশপোর্ট সারেণ্ডার করে দিয়েছেন। আজকে এ সমস্ত লোককে বলা হচ্ছে তোমরা রিফিউজি নও তোমাদের পুনর্বাসন দেওয়া হবে না। তোমাদের নাগরিক অধিকার দেওয়া হবে না। তোমাদের স্কুল কলেজে ভর্তি করা হবে না। নাগরিক অফিসার-এর কাছে রাজ্য সরকারের পক্ষ থেকে সার্কুলার দেওয়া হয়েছে যে এই সমস্ত লোককে নাগরিক অধিকার যেন দেওয়া হয় না। তারা এফিডেভিট করে জানিয়েছেন যে আমরা এসেছি সেখানকার অঞ্চল প্রধান বলেছেন তাও তাদের নাগরিক অধিকার দেওয়া হবে না। এইরূপ অমানুষিক ব্যবহার তাদের সংগে করা হচ্ছে এর ফলে এরা পশ্চিম বাংলার স্কুল কলেজে ভর্তি হতে পাচ্ছে না এবং এদিক থেকে একটা বাধার সৃষ্টি করছেন রাজ্য সরকার। যে কথা হচ্ছে পুনর্বাসন সম্বন্ধে। আমি মনে করি গুরুতর জাতীয় সমস্যা এবং এই সমস্যা সম্বন্ধে লোকসভায় মন্ত্রীরা অনেক বড় বড় কথা বলেছেন এবং জাতীয় সমস্যা বলে চোখের জল ফেলেছেন। এটাকে এইভাবে জাতীয় সমস্যা বলে বন্ধ করা যাবে না মনোভাবের পরিবর্তন করা দরকার। অর্থাৎ এই সমস্যার সমাধান করার জন্য অবিলম্বে এটাকে জোরদার ভাবে আলোচনা করা দরকার। আমি এর আগে যে প্রস্তাব করেছি সে প্রস্তাব এখনও করছি যে বিরোধী দলের সংগে একসংগে বসে পশ্চিম বাংলার ভেতরে এদের জন্য কি ব্যবস্থা করা যায় সেটা চিন্তা করতে হবে। এই নবাগত উদ্বাস্তুদের সমস্যা ছাড়াও আসল ব্যাপার হচ্ছে যে আমাদের রাজ্য সরকার উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে একটা সঠিক নীতি কোন দিন গ্রহণ করতে পারেন নি।

2-40—2-50 p.m.]

তার জন্য আমরা দেখছি পাঞ্জাবে উদ্বাস্তু সমস্যার একটা সমাধান হয়ে গেল সেখানে টাকা একটু বেশী খরচ হোল—৩৫০ কোটি টাকা। পাঞ্জাবে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য ব্যয় করা হোল—সেখানে তাঁরা টাকাটা ঐভাবে লোন দিয়ে তারা নষ্ট করে নি। তারা সেখানে ইণ্ডাষ্ট্রি ডেভেলপ করেছেন শিল্প ডেভেলপ করেছেন। এবং সেই সমস্ত শিল্পে রিফিউজিদের চাকুরী দিয়েছেন এবং সেখানে তারা কাজকর্ম করে নিজেদের গ্রাসাচ্ছোদনের ব্যবস্থা করে নিয়েছেন। সেখানে ফেমেলি ছিল মাত্র ৯·৫ লক্ষ—আর আমাদের এই পশ্চিমবংগে আমরা দেখছি যে ১৯৪৭ সাল থেকে এ পর্যন্ত

নবাগত উদ্বাস্তু বাদ দিয়ে প্রায় ৫০ লক্ষ উদ্বাস্তু এসেছে—সরকারী হিসাবে ৪০।৫০ লক্ষ—তার মধ্যে ২১—লক্ষের জন্য তারা যা হোক একটা ব্যবস্থা করেছেন এ কথা রাজ্য সরকার তাদের বইয়ের মধ্যে ঘোষণা করেছেন। এবং আমরা দেখতে পাচ্ছি যে এই যে টাকা খরচ করা হোল তার নেট ফল কি হোল?—নেট ফল হোল নীল—অর্থাৎ কিছুই নয়। আমরা দেখছি যে বিভিন্ন কলোনীতে যে সমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া হয়েছে সেই পুনর্বাসন সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এবং আমরা দেখছি যে এখনও পর্যন্ত বিভিন্ন ক্যাম্পে হাজার হাজার উদ্বাস্তু পড়ে রয়েছে। আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়া বললেন যে আমাদের ক্যাম্পে মাত্র ৩৩ হাজার লোক আছে—তারা পি এল হোম উঠিয়ে দিয়েছেন—কিন্তু আমি বলবো আসলে ৩৩ হাজার লোক নয়, বহু লোক রয়েছে—যেমন আমি বলছি ৮৪৭৮টি পরিবার যাঁরা দণ্ডকারণ্যে এবং বাংলার বাইরে যেতে রাজী হয় নি—তারা সেই অবস্থায় পড়ে রয়েছে। তাদের সর্বপ্রকার ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছে—ডোল, চিকিৎসার সুযোগ সব কিছুই বন্ধ করে দেওয়া হয়েছে। এবং তাদের পুনর্বাসন দেওয়া হবে একথা মন্ত্রীরা ঘোষণা করেছেন। আর ৬৫৩৫টি পরিবার যারা বিভিন্ন চাকুরী-বাকুরী করছিলেন বলে ডোল বন্ধ করে দেওয়া হয়েছে তাদের পুনর্বাসন এখনও পর্যন্ত হয় নি এবং উনি নিজে স্বীকার করলেন যে ৩৩ হাজার—এখনও পর্যন্ত বিভিন্ন ক্যাম্পে পড়ে রয়েছে তাদের মধ্যে বহু পরিবার পুনর্বাসনের যোগ্য কিন্তু তাদের পুনর্বাসন দিতে পারি নি।

তাদের পুনর্বাসন নীতি কি? ১৯৫৪ সালে ওঁরা বললেন যে পশ্চিমবঙ্গে তাদের পুনর্বাসন দিতে হবে এবং পশ্চিমবঙ্গেই উদ্বাস্তুদের পুনর্বাসন সম্ভব। কিন্তু আবার ১৯৫৮ সাল থেকে তাদের নীতির পরিবর্তন হোল—তাঁরা বললেন দণ্ডকারণ্যে পুনর্বাসন হবে—পশ্চিমবঙ্গে পুনর্বাসন হবে না। আমার বক্তব্য হচ্ছে যে দণ্ডকারণ্যে যদি কেউ যেতে চান তাহলে আমাদের কোন আপত্তি নেই—দণ্ডকারণ্য পরিকল্পনা করা হোক—সেখানে জঙ্গল কাটিয়ে উদ্বাস্তুদের পুনর্বাসনের একটা ব্যবস্থা করা হোক তাতে আমাদের কোন আপত্তি নেই—কিন্তু যারা দণ্ডকারণ্যে যেতে চাইবে না তাদের ব্যবস্থা কি হবে? এই গেল এক নম্বর কথা। দু নম্বর কথা হচ্ছে—দণ্ডকারণ্যে জঙ্গল কাটার জন্য যে টাকা ব্যয় করা হবে সেই টাকা যদি পশ্চিমবঙ্গের জমি উদ্ধার করবার জন্য পশ্চিমবঙ্গে শিল্প প্রতিষ্ঠা করার জন্য ব্যয় করা হয় তাহলে আজকে পশ্চিমবঙ্গে সামগ্রিক উন্নতি হতে পারে—পশ্চিমবঙ্গের দেশবাসীর উন্নতি হতে পারে। কিন্তু সেটা তারা করবেন না—অর্থাৎ আমি বলতে চাই যে সামগ্রিক পুনর্বাসনের পরিকল্পনার জন্য যদি দণ্ডকারণ্যের উপর নির্ভরশীল হয়ে থাকে তাহলে সেটা ঘোরতর অন্যায়। দণ্ডকারণ্যে নিশ্চয়ই উন্নয়ন হোক—কেন্দ্রীয় সরকার সেটা করবেন তাতে আমাদের আপত্তি নেই—উদ্বাস্তুরা যদি যেতে চান—তাতে কোন আপত্তি নেই—কিন্তু সামগ্রিক পুনর্বাসনের পরিকল্পনা হয় দণ্ডকারণ্যে যাও—না হয় জাহান্নমে যাও—এই যদি নীতি হয় তাহলে এর আমরা ঘোর বিরোধী—কারণ পশ্চিমবঙ্গে পুনর্বাসনের সম্ভাবনা আছে—ছোট ছোট শিল্প স্থাপনের মধ্য দিয়ে—জমি উদ্ধার করার মধ্য দিয়ে এবং সেই ব্যবস্থা রাজ্য সরকারের তরফ থেকে করা হয় নি—করা প্রয়োজন। আমার কথা হচ্ছে মন্ত্রীমহাশয় যেটা স্বীকার করলেন যে ঐ যে ৮৪৭৮টি পরিবার এখনও বিভিন্ন ক্যাম্পে ডোল বন্ধ অবস্থায় পড়ে আছে যাদের সম্বন্ধে রাজ্য সরকার মনে করছেন বর্তমানে অনেক চীৎকার করার পর যে তাদের একটা ব্যবস্থা করা দরকার আমি আগের বার বলেছিলাম যে এদের সম্বন্ধে—যে এরা চাষী পরিবার ছিলেন বলেই যে চাষ করবে এমন কোন মানে নেই—চাষীর ছেলেরা মজুর হতে পারে—বিভিন্ন কলকারখানায় কাজ করতে পারে। আজকে বহু চাষী পরিবারের লোক তারা তাঁত চালিয়ে খাচ্ছে।

আমি জানি রাণাঘাটে কুপার্স ক্যাম্পে যেখানে ১ হাজার পরিবারের ডোল বন্ধ করে দিয়েছিলেন সেখানে তাঁরা বহু তাঁত করেছেন এবং সেই তাঁতে তাঁরা কাজ করছেন এবং কোন কোন তাঁতের মালিকও তাঁরা হয়েছেন। কাজেই সেখানে হয়তো তারা তিন কাঠা জমি পেলে একটুখানি হাউস বিল্ডিং লোন পেলে পশ্চিমবঙ্গে ভালভাবে পুনর্বাসন পেতে পারেন। এই রকমভাবে বহু জায়গায় হয়ত চাষীর ছেলে মেট্রিক, আই, এ, পাশ করে কেউ হয়ত স্পিনিং মিল-এ কাজ করছে কেউ হয়তো কলকারখানায় কাজ করছে। একটু জমি পেলে তাদের পক্ষে পুনর্বাসন পাওয়া অসম্ভব নয়। কিন্তু সরকার ঐ যে নীতি ধরে রেখেছেন যে ক্যাটিগরী চেঞ্জ

করবো না—আমি সে বিষয়ে আর একবার তাদের চিন্তা করতে বলি। উনি অবশ্য বলেছেন যে আমরা চিন্তা করছি এবং রাজ্য সরকার মনে করছে যে এদের মধ্যে কিছু পরিবারকে পুনর্বাসন দেওয়া যায়—কিন্তু আমি বলছি কিছু কেন এদের সকলকেই এখানে পুনর্বাসন দেওয়া যায়। অর্থাৎ তিন চার কাঠা জমি যদি এদের দেন হাউস বিল্ডিং লোন কিছু এস টি লোন দেন—সিডিউল অনুযায়ী যে লোন দেবার প্রভিসন আছে আপনাদের এবং জমি দেবার প্রভিসন যা আছে সেটা যদি দেন তাহলে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা যায় এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থা করলে পর পশ্চিমবঙ্গে রিফিউজিদের যে সমস্যা সেটার অনেকখানি সুরাহা হবে এবং রাজ্য সরকারকে তারা অভিনন্দন জানাবে এবং আমরা বিরোধীরাও অভিনন্দন জানাবো—কিন্তু তারা তা করছেন না। জমি সম্বন্ধে এখানে ১৯৫৮ সালে যে বই গভর্ণমেণ্ট থেকে ছাপানো হয়েছিল তাতে আছে ক্রপ সার্ভে রিপোর্ট, এবং বিভিন্ন রিপোর্ট থেকে বলছি যে ১০ হাজার পরিবারকে আমরা জমিতে পুনর্বাসন দিতে পারি কিন্তু সেই ১০ হাজার ফ্যামিলিকে পুনর্বাসন দেন নি। ১৯৪৮ সালের পর থেকে আজ পর্যন্ত কোন এগ্রিকালচারিষ্ট ফ্যামিলিকে পুনর্বাসন দেন নি। জমি পড়ে রয়েছে—সেই সমস্ত জমি থেকে আপনারা ঐভাবে ক্যাটাগরীকে চেঞ্জ করে পুনর্বাসনে ব্যবস্থা করতে পারেন কিন্তু তা করেন নি। সে সম্বন্ধে একটা কংক্রীট প্রোগ্রাম নিয়ে সেগুলোকে মেটিরিয়েলাইজ করা দরকার। দুই নম্বর কথা হচ্ছে এই যে এস টি ফ্যামিলি বিভিন্ন ক্যাম্পে রয়েছে—যেমন রূপশ্রী পল্লী ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্প, সেখানে তারা সমস্ত স্টেট বাসে কাজ করে বিভিন্ন কলকারখানায় কাজ করে স্কুলে মাষ্টারী করে—তাদের ডোল বন্ধ করে দিয়েছেন ১৯৫৯ সালে কিন্তু আজ পর্যন্ত তাদের পুনর্বাসনের ব্যবস্থা করেন নি। আমি অকল্যাণ্ড হাউসে ফোন করেছিলাম যে আপনারা কেন এদের পুনর্বাসনের ব্যবস্থা করেন নি—তাঁরা বললেন আমরা কি করবো—কেন্দ্রীয় সরকার টাকা পাঠান নি! কিছু পরিবারের জন্য কেন্দ্রীয় সরকার দেবেন কিছু পরিবারের জন্য রাজ্য সরকার দেবেন—এটা কি নিয়ম বুঝতে পারি না। কথা হচ্ছে এস টি ফ্যামিলি হিসাবে যাদের স্বীকার করে নিয়েছেন তাদের পুনর্বাসন দেওয়া জরুরী প্রয়োজন—তারা চাকুরীবাকুরী করে খাচ্ছে—তাদের পশ্চিমবঙ্গে পুনর্বাসনের ব্যবস্থা করা জরুরী প্রয়োজন রয়েছে। কিন্তু এই অকর্মণ্য অপদার্থ সরকার তাদের জন্য কোন ব্যবস্থাই করেননি। এ বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি যে এই সমস্ত পরিবারগুলি বিভিন্ন ক্যাম্পে ক্যাম্পে পড়ে রয়েছে এবং তারা পুনর্বাসন পাবার জন্য আগ্রহী হয়ে রয়েছে, তারা দরখাস্ত করছে কিন্তু এ সম্বন্ধে কোন উত্তরও দেন নি কোন ব্যবস্থাও করেন নি। এই পোজিসনে তাদের ফেলে রেখে দিয়েছেন। আমি বলতে চাই যে এই সরকারের পলিসি রং হওয়ার জন্য আজকে এই দুরবস্থার সৃষ্টি হয়েছে। যদি ১৯৫২ সাল থেকে একটা সঠিক নীতি অনুসরণ করে চলতেন অর্থাৎ যে কথা আমরা বলেছিলাম যে পশ্চিমবঙ্গে যে সমস্ত সুযোগ সম্ভাবনা ছিল বা আছে সেগুলিকে পূর্ণ সদব্যবহার করে পুনর্বাসনের টাকাকে যদি সৎ ব্যয় করা হোত তাহলে আজকে এই দুরবস্থা থেকে আমরা অনেকটা রেহাই পেতে পারতাম। আপনারা বিভিন্ন জায়গায় যে টাউনশিপ কলোনীগুলি করেছেন সে কলোনীগুলি আমরা দেখছি প্রাক্টিক্যালি ফেল করেছে এবং এই বইটার মধ্যে তার খানিকটা যে স্বীকারোক্তি আছে, আমি সেটা একটু মাননীয়া মন্ত্রীমহাশয়াকে পড়ে শুনাতে চাই.........

"The Small Trade loan that was given to them was not sufficient to make the refugees earn a decent livelihood. It has been stated above that of the 21 lakhs of people who received rehabilitation benefits 50 per cent. have not been rehabilitated. As has been suggested, they require rehabilitation benefits over again."

[2-50—3 p.m.]

এখানে আপনারা বলছেন যে ৫০ পারসেণ্ট লোক রিহ্যাবিলিটেটেড হয়নি, সুতরাং তাদের রিহ্যাবিলিটেসান বেনিফিট দেওয়া দরকার। আমি বলতে পারি ৫০ পারসেণ্ট কেন ৯০ পারসেণ্ট ফেলিওর হয়ে গেছে। বিভিন্ন কলোনীতে যদি যান তাহলে সেটা দেখবেন। তারপর তাহেরপুর কলোনীতে ৩ হাজার ৬৬২টি ফ্যামিলিকে পুনর্বাসন দিয়েছেন তার মধ্যে ২ হাজার ৭৭৩টি লোক এখন আছে, অর্থাৎ ১ হাজার লোক সেখান থেকে ঘরবাড়ী টিন বেচে চলে যেতে বাধ্য হল। আপনারা বলেছিলেন যে সেখানে কলকারখানা করে তাদের পুনর্বাসনের

ব্যবস্থা করবেন। কিন্তু কিছুই করলেন না, তার ফলে তাদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। সেখানে প্রোডাকসান সেন্টার করা হল, সেই প্রোডাকসান সেন্টারে মাসে ২৫।৩০ টাকার বেশী আয় করতে পারে না। আমরা বার বার বলেছি যে সেখানে ইলেকট্রিসিটি গেছে, পাওয়ার লুমের ব্যবস্থা করুন। আপনারা তো কো-অপারেটিভের ভিত্তিতে পাওয়ার লুম করেছেন। সেখানে পাওয়ার লুমের ব্যবস্থা করুন। আজকে সেখানে স্পিনিং মিল হবে না, তরুণবাবুর এলাকায় চলে গেছে। স্পিনিং মিল যখন পাওয়া যাবে না তখন ওখানে পাওয়ার লুম করুন, ১।২ শো পাওয়ার লুম করলে বহু বেকার লোক কাজ পাবে। অথচ তাহেরপুরে পাওয়ার লুম হবে না। আমি সেজন্য বলব এই কলোনীগুলিতে—আপনারা বলেছেন আর্বান কলোনীতে ১৫ শো পরিবারকে পুনর্বাসন দেবেন, আজ পর্যন্ত সেখানে ৭৫০ পরিবারকে পুনর্বাসন দিয়েছেন, বাকি ৭৫০টি পরিবারকে পুনর্বাসন দিতে পারেন নি। সেখানে রাস্তা-ঘাট করেন নি, স্কুল করেন নি, এবং সেখানে কলকারখানা প্রতিষ্ঠা করবেন বলেছিলেন। সেখানে কিছু ইট পড়েছে, এটা শোনা যাচ্ছে ১০ বছর ধরে, শেষ পর্যন্ত কি হবে বলতে পারি না। সেখানে মানুষ না খেতে পেয়ে দুরবস্থায় মারা যাচ্ছে। সেজন্য বলতে চাই এদিকে একটু দৃষ্টি দিন, সেখানকার লোক যাতে করে খেতে পারে তার ব্যবস্থা করুন। আপনারা ঋণ মকুবের কথা বললেন যে ১ হাজার টাকা মকুব হবে। আমি এর ঘোর বিরোধী। আমি মনে করি যে সমস্ত উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসন দিয়েছেন দেখা গেছে যে তাদের পুনর্বাসন ব্যর্থ হয়ে গেছে, তারা খেতে পায় না। তাদের ঋণ সম্পূর্ণভাবে মকুব করে দেওয়া উচিত। কিন্তু দুঃখের বিষয় ঋণ মকুব করা দূরের কথা কালকে আমার কাছে এক ভদ্রলোক এসেছিলেন, তাঁর কাছে সার্টিফিকেট গেছে। আমরা মনে করি অবিলম্বে কেন্দ্রীয় সরকারের কাছে লেখা উচিত এই ব্যাপারে, যাতে সমস্ত রিফিউজি লোন হাউস বিল্ডিং লোন, এস টি লোন মকুব করে দেওয়া যায় তার ব্যবস্থা করা উচিত। আর একটা কথা আমি বলতে চাই সেটা হচ্ছে পশ্চিমবঙ্গে এখনও পুনর্বাসনের সুযোগ ও সম্ভাবনা রয়েছে সেই সুযোগ ও সম্ভাবনা কি করে সদ্ব্যবহার করা যায় তার জন্য একটা কমিটি করা হোক। সেই কমিটি ঘুরে ফিরে দেখবেন কোথায় লোককে জমি দিয়ে পুনর্বাসন দেওয়া যায়, কোথায় ইন্ডাষ্ট্রি ডেভেলপ করে পুনর্বাসন দেওয়া যায়। তারজন্য একটা হাই পাওয়ার কমিটি করা হোক। তারপর আমি বলতে চাই এই যে রিফিউজি ছাত্রদের স্টাইপেন্ড কমিয়ে দিলেন এর ফলে রিফিউজি এলাকার স্কুলগুলি বন্ধ হবার উপক্রম হয়েছে। আজকে রিফিউজি স্টুডেন্টরা শিক্ষা থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে। পূর্বে যে হারে স্টাইপেন্ড দেওয়া হত সেই হারে স্টাইপেন্ড দেওয়া উচিত, তাতে শিক্ষার মান কিছুটা উন্নত হবে, শিক্ষার প্রসার ঘটবে। কিন্তু শিক্ষা সংকোচের যে নীতি আপনারা গ্রহণ করেছেন সেই নীতি আপনারা পরিবর্তন করুন। আর একটা কথা হচ্ছে আপনারা যে ডোল দেন সেই ডোলের পরিমাণ কিছু বৃদ্ধি করা দরকার। আজকে বাজারে জিনিসপত্রের দাম বেড়ে গেছে। সরকারী কর্মচারী এবং বিভিন্ন কর্মচারী তাদের মাগ্গীভাতা বাড়াবার জন্য মাইনে বাড়াবার জন্য আন্দোলন করছে। সেখানে রিফিউজিরা ন্যায়সঙ্গতভাবে দাবি করতে পারে তাদের ১৯৪৭-৪৮ সালে ডোলের যে হার ঠিক করা হয়েছিল সেই হার কিছু পরিবর্তন করে ডোল বৃদ্ধি করা প্রয়োজন। আর একটা কথা হচ্ছে ২২৫ টাকা যে লোন দেন সেই লোনের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন। কারণ, বাজারে সিমেন্ট, ইট, চুন সুরকির দাম বেড়েছে সুতরাং সেই লোনের পরিমাণ কিছু বাড়ান দরকার। আর একটা কথা হচ্ছে বিভিন্ন ক্যাম্পে যেমন রূপশ্রী পল্লী ক্যাম্প, চাঁদমারি ক্যাম্প, চন্দননগর পি এল ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্প এই সমস্ত ক্যাম্পে বেশীর ভাগ মেয়ে লোক থাকে।

কি তার পরিবেশ—তা শুনলে আপনি অবাক হবেন। এই সব ক্যাম্পে যে সব পায়খানা আছে, তার কোন দরজা নাই। সেখানে মানুষ যেতে পারে না। তার বর্ণনা দেওয়া আমার পক্ষে দুষ্কর। এমন অবস্থা সেখানে হয়েছে। কোন ঘরের চালের টীন ফুটো, কোথাও বা বেড়া নাই। সেই ঘরগুলি এত জরাজীর্ণ যে কোন মুহূর্তে তা পড়ে যেতে পারে। চৈত্র মাসে ঝড় উঠলে তা ভেঙ্গে পড়ে যাবে, এই অবস্থায় তা পড়ে রয়েছে। রিফিউজি ডিপার্টমেন্ট-এ এ সম্পর্কে আবেদন করেও কোন ফল হচ্ছে না। হয় এ বিষয়ে দৃষ্টি দিন, না, হয় তাদের পুনর্বাসন দেন। এমন একটু ব্যবস্থা আপাততঃ করুন যাতে তারা একটা ভালভাবে থাকতে পারে।

চাঁদমারী ক্যাম্পে, ধুবুলিয়া ক্যাম্পে, রূপশ্রী ক্যাম্পে বহু পরিবারকে এখনো তাঁবুতে রাখা হয়েছে।

এবার কুপার্স ক্যাম্প হাসপাতাল সম্বন্ধে দু-একটী কথা বলতে চাই। এটা রিফিউজি ডিপার্টমেন্ট-এর আন্ডার-এ, তাদের সেই হাসপাতাল অত্যন্ত দুরবস্থায় চলছে। বাইরের লোককে যেখানে ভর্তি করা হয় না। রিফিউজিদের ডোল বন্ধ হয়ে গেলে পর আর সেখানে তাদের ভর্তি করা হয় না। এমন কি পাশের যে রূপশ্রী পল্লী ক্যাম্প, সেখানকার লোককে ভর্তি করা হয়। সেই হাসপাতালে কোন ওষুধপত্র নাই, সেখানে কম্বল নাই, মশারী নাই ম্যাট্রেস পর্যন্ত নাই। সেখানকার ডাক্তারবাবু দুর্নীতিপরায়ণ ; সেখানে ওষুধ সব বাইরে বিক্রী হয়ে যায়। এই রকম অবস্থায় সেই হাসপাতাল চলছে। এবিষয়ে আপনারা একটু দৃষ্টি দেবেন।

তারপর ফুলিয়া কলোনীতে সেখানকার লোকগুলোকে যে ঘরগুলি আপনারা দিয়েছেন, তাদের কাউকে কোন অর্পণনামা দেন নাই। সেখানকার বাড়ীতে কে বাস করছে তা কেউ জানে না, আজ পর্যন্ত তাদের কোন অধিকার নাই। এ সম্বন্ধে আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি—এই যে রিফিউজি সমস্যা—এটাকে জাতীয় সমস্যা হিসেবে গণ্য করবার জন্য বিভিন্ন সময়ে কংগ্রেসী মন্ত্রীরা বলে আসছেন। এটা পশ্চিম বাংলার একটা গুরুতর সমস্যা হয়ে রয়েছে। এই সমস্যার সমাধানের জন্য আপনারা দলীয় মনোভাব পরিত্যাগ করে সকল দলের মিলিত প্রচেষ্টায় ও পরামর্শক্রমে এগিয়ে চলুন। যে সমস্ত নির্য্যাতীত উদ্বাস্তু ভাই বোনেরা আমাদের দেশ স্বাধীন হবার পর সমস্ত কিছু পরিত্যাগ করে চলে এসে ভিখারীতে পরিণত হয়েছে, তাদের রক্ষা করবার জন্য, তাদের কল্যাণ সাধনের জন্য, তাদের রুজি রোজগারের ব্যবস্থার জন্য, দুমুঠো অন্নের জন্য যদি মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে একটা সর্বদলীয় যুক্ত কমিটি করে পশ্চিম বাংলার পুনর্বাসনের যে সম্ভাবনা আছে তাকে যাতে কার্য্যে পরিণত করা যায় তার জন্য আপনারা চেষ্টা করুন, এই আবেদন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, উদ্বাস্তু পুনর্বাসন কল্পে সরকার পক্ষ থেকে বহু পরিকল্পনা রচনা করা হয়েছে এবং প্রচুর অর্থও ব্যয় করা হয়েছে একথা আমরা অস্বীকার করি না। কিন্তু প্রকৃতপক্ষে তার মধ্য দিয়ে উদ্বাস্তুদের কতখানি কল্যাণ সাধিত হয়েছে—সেটা বিচার্য বিষয়। আমি সরাসরি উদ্বাস্তু মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই—আজ পর্যন্ত যতজন উদ্বাস্তু পুনর্বাসন দেওয়া হয়েছে—তার মধ্যে শতকরা কয়জনের অর্থনৈতিক পুনর্বাসন হয়েছে। বাংলাদেশ থেকে হাজার হাজার উদ্বাস্তুকে বাঙ্গালাদেশের প্রতিবেশী রাজ্য সমূহে পুনর্বাসনের জন্য পাঠান হয়েছিল। এই উদ্বাস্তু সমস্যাকে জাতীয় সমস্যা হিসেবে গ্রহণ করে প্রতিবেশী রাজ্য সমূহে এই আশ্বাস দিয়েছিলেন যে পুনর্বাসন ব্যাপারে তাঁরা সম্পূর্ণ সহযোগিতা করবেন এবং এর জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যথেষ্ট সাহায্যও পেয়েছিলেন এবং আমরা আশা করেছিলাম যে প্রতিবেশী রাজ্যসমূহ তাদের সহযোগিতামূলক মনোভাব, বন্ধুসুলভ মনোভাব নিয়ে পুনর্বাসনের ব্যাপারে এগিয়ে আসবেন। সম্প্রতি দেখা গেছে ৩ হাজার উদ্বাস্তু প্রতিবেশী রাজ্য সমূহ থেকে বাংলাদেশে ফিরে এসেছে, আসতে বাধ্য হয়েছে তাদের ফিরে আসবার কারণ হচ্ছে প্রতিবেশী রাজ্যসমূহের বিমাতৃসুলভ মনোভাব, হৃদয়হীন মনোভাব। সর্বশেষ যে অভিযোগ পাওয়া গেছে প্রতিবেশী রাজ্যসমূহ উদ্বাস্তু পীড়ন নীতি গ্রহণ করেছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে এ বিষয় যথাযথ অনুসন্ধানের জন্য ব্যবস্থা অবলম্বন করা উচিত। তা যদি না হয়, তাহলে পশ্চিমবঙ্গের বাইরে প্রতিবেশী রাজ্যসমূহে যেখানে উদ্বাস্তু বসবাস করছে, সেখানে তাদের বসবাস করা অসম্ভব হয়ে পড়বে। সম্প্রতি পাকিস্তানে গোলযোগ হবার পরে যে উদ্বাস্তু শরণার্থীর দল পশ্চিমবঙ্গে এসেছে, তাদের দণ্ডকারণ্যের বিভিন্ন ক্যাম্পে পাঠান হয়েছে। দণ্ডকারণ্যের বিভিন্ন ক্যাম্পে কুরুৎ ও মানা ক্যাম্পে যে ৫ হাজার উদ্বাস্তুর পুনর্বাসন দেওয়া হয়েছে এবং এই পুনর্বাসনের ব্যাপারে

উদ্বাস্তুদের কর্ম সংস্থানের জন্য যাতে সুষ্ঠু ব্যবস্থা করা যায়, তার জন্য সরকার থেকে কল-কারখানা ও ফ্যাক্টরী খোলার ব্যবস্থা করা হয়েছে।

[3—3-10 p.m.]

যাতে উদ্বাস্তুদের কর্ম সংস্থানের জন্য সুষ্ঠু ব্যবস্থা করা যায়, তারজন্য কতকগুলি কারখানা এবং ফ্যাক্টরী খোলার ব্যবস্থা করা হয়েছে, যেমন রেলওয়ে ওয়ার্কশপ সেখানে ফ্যাক্টরী ওয়ার্কশপ মিগ ফ্যাক্টরী আইরণ প্রোজেক্ট এইগুলি তারা খুলেছেন, কিন্তু সেই ফ্যাকটরী এ্যাণ্ড ওয়ার্কশপ-এ উদ্বাস্তু যাঁরা কাজ করেন, তাঁদের প্রতি যে বৈষম্যমূলক ব্যবহার তাঁরা করছেন, তার ফলে তাঁদের মনে একটা দারুণ অসন্তোষ জেগে উঠেছে। আমরা সম্প্রতি সংবাদ পেয়েছি সেখানকার স্থানীয় আদিবাসী যারা কাজ করেন তাদের জন্য দৈনিক রোজের ব্যবস্থা করা হয়েছে ৩ টাকা আর উদ্বাস্তু যারা কাজ করেন তাদের রোজের বা ডেলি ওয়েজেস-এর ব্যবস্থা করা হয়েছে ১·৭০ পয়সা, এই যে বৈষম্যমূলক মনোভাব তাদের নীতি, যার ফলে আজকে উদ্বাস্তুদের মধ্যে একটা দারুণ অসন্তোষ দেখা দিয়েছে। শুধু তাই নয়, এই সমস্ত ওয়ার্কশপ বা ফ্যাক্টরী-তে যে সমস্ত উদ্বাস্তুরা কাজ করেন সেখানে ৯৩ দিন কাজ করার পর তাদের পরিবারদের জন্য যে ৭০ টাকা এ্যালাউন্স দেবার ব্যবস্থা ছিল সেটা বন্ধ করে দেবার চেষ্টা চলছে। এবং এর জন্য শ্রীমহাবীর ত্যাগী দুঃখপ্রকাশ করেছেন এবং ক্ষোভ প্রকাশ করেছেন। সম্প্রতি দেখা গেছে যে মানা ক্যাম্প থেকে প্রায় ৩৭ হাজার উদ্বাস্তু তারা অন্যত্র চলে যেতে বাধ্য হয়েছে। আজকে উদ্বাস্তু দপ্তরের মধ্যে একটা অত্যন্ত নিষ্ক্রিয়তার ভাব দেখতে পাচ্ছি। আমরা দেখি কেন্দ্রীয় সরকার যখন উদ্বাস্তুদের অর্থ সাহায্য করছেন, তাদের পরিকল্পনা অনুযায়ী সেখানে উদ্বাস্তু দপ্তর তাদের অযোগ্যতা, অকর্মণ্যতার পরিচয় দিয়েছেন। আমি প্রসঙ্গত উল্লেখ করতে পারি যে পশ্চিম বাংলায় উদ্বাস্তু শিবিরে যে সমস্ত টি বি রোগী আছে তাদের সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকার যে সমস্ত সাহায্য পশ্চিমবঙ্গ সরকারের উদ্বাস্তু দপ্তরের হাতে দিয়েছিল এই বছর, তার একটা আনস্পেন্ট মানি হিসাবে একটা বিরাট অংশ। কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিয়েছেন। অথচ আমরা জানি যে পশ্চিমবঙ্গে বহু উদ্বাস্তু শিবিরে এখনও বহু টি বি রোগী আছেন যারা অর্থের অভাবে চিকিৎসা করতে পারছেন না। আমি জানি যে সম্প্রতি পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তু ছাত্ররা এসেছেন, ১৯৬৪ সালের মার্চ মাসের পর সরকারের কাছ থেকে তারা কোনও ফাইন্যানসিয়াল এ্যাসিসট্যান্স পাচ্ছেন না। যার ফলে সেইসব উদ্বাস্তু ছাত্রেরা উচ্চ শিক্ষার পথকে বন্ধ করে দিতে বাধ্য হয়েছেন। আজকে সবচেয়ে বড় অভিযোগ উদ্বাস্তু দপ্তরের বিরুদ্ধে রাখতে চাই, সেটা হচ্ছে যে তাঁরা অর্থের অপব্যয় বিভিন্ন ভাবে করেছেন। আমি মাননীয় উদ্বাস্তু মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে ১৯৬৪ সালের আগস্ট মাসে তারা ঐ নূতন উদ্বাস্তুদের গমনাগমনের সুবিধার জন্য ৩ খানা জীপ এবং ১ খানা এ্যাম্বেসাডার কিনেছিলেন, তাদের উদ্দেশ্য ছিল ৩ খানা জীপ এবং ১ খানা এ্যামব্যাসাডার এর মাধ্যমে নতুন শরণার্থীদের গমনাগমনের সাহায্য করবেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেছে যে উদ্বাস্তুদের গমনাগমনের জন্য কাজে লাগানো হয়নি। সেখানে অফিসারদের ব্যক্তিগত কাজে সেই এ্যামবাসাডার ব্যবহার করছেন। এই বিষয়ে আমি উদ্বাস্তু মন্ত্রীর কাছে পরিষ্কার জবাব চাই। আমি তার কাছে জানতে চাই যে ১৯৬৪ সালে জুন মাসে তারা ৭ খানা বেডফোর্ড ট্রাক কিনেছিলেন ২ লক্ষ টাকায়, ৭ খানা বেডফোর্ড ট্রাক যখন কেনা হয়েছিল তখন বলা হয়েছিল যে পশ্চিমবঙ্গে যে সমস্ত নূতন শরণার্থী এসেছে তাদের গমনাগমনের সুবিধার জন্য এইসব বেডফোর্ড ট্রাক কেনা হয়েছে। কিন্তু হিসাবে দেখা গেল যে ১৯৬৪-৬৫ সালে সেইসব শরণার্থীদের গমনাগমনের জন্য পেট্রোল এবং ট্রাক হায়ার বাদে সেখানে ২ লক্ষ ২০ হাজার টাকা যখন খরচ করা হয়েছে এবং সেই লাম্প ২ লক্ষ ২০ হাজার টাকা নগদ পেমেণ্ট করা হয়েছে, ক্যারিং চার্জেস হিসাবে, অর্থাৎ দেখা গেছে যে যেখানে ১৯৬৪ সালে জুন মাসে এই শরণার্থীদের গমনাগমনের সুবিধার জন্য সাতখানা বেডফোর্ড ট্রাক কেনা হল ২ লক্ষ টাকায়, সেখানে ১৯৬৪-৬৫ সালে আমার হিসাবে দেখলাম যে ২ লক্ষ ৭০ হাজার টাকার পেট্রোল এবং ক্যারিং চার্জ বাবদ তাদের লরীর মালিকদের দিতে হল, এই সম্পর্কে আজকে একটা পরিষ্কার বক্তব্য আমি উদ্বাস্তু মন্ত্রীর কাছে জানতে চাই। আমরা জানতে চাই যে আজকে উদ্বাস্তু দপ্তরের মধ্যে যে দুর্নীতি, সেই দুর্নীতি

সম্পর্কে সরকার অজানা কিনা, আমি উদ্বাস্তু মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে উদ্বাস্তু দপ্তরের প্রশাসনিক বিভাগে যে দুর্নীতি দেখা দিয়েছে, যার ফলে আজকে তারা প্রশাসনিক বিভাগে সেখানে খুলে ধরে দিয়েছেন। এবং যার জন্য আজকে উপযুক্ত ভাবে শাসনকার্য পরিচালনা করতে পারছেন না। আমি উদ্বাস্তু মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে এই উদ্বাস্তু বিভাগের সাপ্লাইজ ডিপার্টমেন্ট-এর যিনি হেড ক্লার্ক ছিলেন, স্বরাজ বোস তার বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ ছিল, তিন বার তার বিরুদ্ধে প্রসিডিংস ড্র করা হয়েছিল, কিন্তু দেখা গেল যে এই সরোজ বোস, তার বিরুদ্ধে কোনও রকম শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়নি। অপরদিকে তাকে প্রমোসন দিয়ে আপার ডিভিসন এ্যাসিসট্যাণ্ট ইনচার্জ অফ ট্রান্সপোর্ট সেকসন করে দেওয়া হল। আমি জানতে চাই যেখানে একজন অফিসার-এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ রয়েছে, অর্থ আত্মসাতের অভিযোগ রয়েছে, তার বিরুদ্ধে কোনও রকম ব্যবস্থা অবলম্বন না করেই তাঁকে প্রমোসন দিয়ে আপার ডিভিসন এ্যাসিসট্যাণ্ট ইনচার্জ অফ ট্রান্সপোর্ট সেকসন কি ভাবে করা হল সেটা আমরা জানতে চাই। শুধু তাই নয় সম্প্রতি তিনি যে একজন গেজেটেড অফিসার, তার বাড়ীর একজন কুক-কে নিয়ে এসে তার ড্রাইভার হিসাবে এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছেন। সম্প্রতি তাকে একটা বেনামী এবং বে-আইনী ভাবে একটা লাইসেন্স করে দেওয়া হয়েছে এবং এখন খোঁজ নিলে দেখা যাবে সেই কুক ড্রাইভার হিসাবে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছে, সে কোনও কাজ করে না, অথচ মাসের পর মাস মাইনে নিয়ে যাচ্ছে। এইসব ঘটনাগুলো উদ্বাস্তু দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আনা প্রয়োজন এবং এই বিষয়ে যদি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন না করেন তাহলে সমস্ত প্রশাসনিক ব্যবস্থা ভেঙ্গে যাবে এবং এর মধ্য দিয়ে যে পরিকল্পনাগুলো কার্যকরী করার জন্য সচেষ্ট হয়েছেন, সমস্ত ব্যর্থ হয়ে যাবে। আমি সর্বশেষে উদ্বাস্তু মন্ত্রীর কাছে একটা দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা খুব গুরুত্বপূর্ণ। রিফিউজি হ্যাণ্ডিক্রাফ্‌ট একটা বে-সরকারী প্রতিষ্ঠান। এটা যখন তৈরী হয়েছিল বে-সরকারী কয়েকজন লোককে নিয়ে এই হ্যাণ্ডিক্রাফ্‌ট তৈরী করেছিলেন। রিফিউজি হ্যাণ্ডিক্রাফ্‌ট ক্যাম্প-এর যে সমস্ত উদ্বাস্তুরা কাপড় তৈরী করতো সেই কাপড়গুলো কিনে নিয়ে সরকারকে সরবরাহ করতেন, এখন সরকার ঠিক করেছেন যে ওপেন মার্কেট থেকে তারা টেণ্ডার দিয়ে কাপড় কিনবেন। যে কাপড়গুলো উদ্বাস্তুদের মধ্যে ২৬শে জানুয়ারী বা পূজার সময় বিতরণ করা হবে। ওপেন মার্কেট-এ টেণ্ডার এই যে সমস্ত কাপড় কেনার সরকার সিদ্ধান্ত করেছেন সেখানে এই রিফিউজি হ্যাণ্ডি-ক্রাফ্‌ট কোনওরকম টেণ্ডার না দিয়ে গভর্ণমেণ্ট-এর কাছ থেকে কেমনভাবে মাল বিক্রি করেন সেটা আমি জানতে চাই, সেখানে আমি জানি যে টেণ্ডার-এর মধ্যে যে লোয়েষ্ট টেণ্ডার হয় তাকে কিছুটা অর্ডার দেওয়া হয় বাকী অর্ডার যায় রিফিউজি হ্যাণ্ডিক্রাফট-এ কিন্তু সেই রিফিউজী হ্যাণ্ডিক্রাফ্‌ট কোনরকম টেণ্ডার সাবমিট করে না। আরও আশ্চর্যের বিষয় যেখানে কোনও পার্টি যায় টেণ্ডার এ্যাকসেপ্টেড হলে যে মাল সরকারকে সরবরাহ করছে সাপ্লাই দিচ্ছে, সেই পার্টি কোনওরকম কমিসান পায় না। অথচ রিফিউজি হ্যাণ্ডিক্রাফ্‌ট-এর ক্ষেত্রে ½ পারসেন্ট কমিসান কেন এখনও পর্যন্ত দেওয়া হয়, সেটা আমি জানতে চাই। আজকে দেখা যাচ্ছে যে সরকার যেখানে একটা পার্টি, রিফিউজি হ্যাণ্ডিক্রাফ্‌ট-কে কোনওরকম টেণ্ডার দিলেন না সেই অর্ডার সাপ্লাই করে অনুমতি পেল এবং শুধু তাই নয় সেখানে আরও অনুগ্রহ পেল সেটা হচ্ছে সরকারের কমিসান। এই বিষয়গুলো সম্পর্কে আমি উদ্বাস্তু মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি মনে করি এই প্রশাসনিক বিভাগ যদি দুর্নীতি মুক্ত না করতে পারেন তাহলে যে সমস্ত পরিকল্পনার কথা চিন্তা করছেন সেগুলো কার্যকরী করা সম্ভব হবে না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Santi Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিশিষ্ট সমাজসেবী, আমাদের বন্ধু শ্রীমতি আভা মাইতি ১৯৬৫-৬৬ সালের যে আয় ব্যয়ের দাবী উপস্থাপিত করেছেন আমি তা শুধু সর্বান্তকরণে সমর্থন করছি তা নয় আমি তাকে স্বাগত জানাচ্ছি। তার যে শুভ প্রচেষ্টায় উদ্বাস্তুদের জীবনকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য যা যা প্ল্যান এবং প্রোগ্রাম আমাদের সামনে তুলে ধরেছেন, তাকে কার্যকরী করবার জন্য আমরা এই কংগ্রেস পরিষদীয় দলই একলা নয়, আমি আমার আমাদের বিরোধী বন্ধুদের

কাছেও সাহায্য চাই, কারণ এই যে উদ্বাস্তু সমস্যা, এটা শুধু একলা মাননীয় মন্ত্রী এবং আমরা একলা সমস্যার সমাধান করতে পারবো, এটা আশা করি না এবং স্বীকার করি যে একলার দ্বারা এই কাজ হবে না, আমাদের গত বছর ১৯৬৪ সালের জানুয়ারী মাস থেকে একটা শুভ সংবাদ যে এতদিন ধরে যে উদ্বাস্তু সমস্যা শুধু আমাদের বাংলাদেশের সমস্যা বলে মনে করেছিলাম। আমাদের রাজ্য সরকার এটাকে গত ১৯৬৪ সালে যখন রিফিউজি ইনফ্লাক্স হয়, তারপর থেকে কেন্দ্রীয় সরকারের উপর প্রোগ্রাম দিয়ে এটা যে একটা সর্ব ভারতীয় সমস্যা সেই জিনিষটা কেন্দ্রীয় সরকারকে নোটীশ-এ এনে তাদের মনের মধ্যে গেঁথে দিয়েছেন যে একলা পশ্চিমবঙ্গ সরকারের দ্বারা সমস্যার সমাধান করা সম্ভব নয়। কাজেই আজকে যে এটা জাতীয় সমস্যা আজকে স্বীকৃত। দ্বিতীয় হচ্ছে যে আজকে পুনর্বাসন বিভাগে কোনও স্কীম করে সেটা যে ঠিকমত কৃতকার্য করতে পারছেন না তার প্রধান কারণ হচ্ছে আজকে যারা পূর্ববাংলার যে সমস্ত উদ্বাস্তু এসেছেন তাঁদের এই যে কনটিনিউইটি সেটা আমরা কিছুতেই বন্ধ করতে পারছি না।

[3-10—3-20 p.m.]

আমরা সেই দিনটিও নির্দিষ্ট করতে পারছি না যে, এই দিন পূর্ববাংলা থেকে সমস্ত উদ্বাস্তু ভাইবোনদের আসা শেষ হবে। কাজেই যখন আমরা কোন প্ল্যান প্রোগ্রাম করতে যাই তখনই কোন না কোন বাধা বিপত্তি এসে দেখা দেয় এবং তার ফলে আমাদের প্ল্যান প্রোগ্রাম বদলে নিতে হয়, কাজ ব্যাহত হয়। আমি আশা করি আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা এটা স্বীকার করবেন। তারপর, এই উদ্বাস্তুদের জন্য রাজ্য সরকার কিছুই করেননি এরকম একটা আভাস আমাদের শম্ভুবাবু এবং গৌরবাবু দিলেন। আমার বক্তব্য হচ্ছে এই উদ্বাস্তু সমস্যার সমাধানের জন্য আমাদের প্রচেষ্টা আছে এবং আমি সেটা ব্যক্তিগতভাবে জানি। স্যার, আমি এমন কতগুলো প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আছি যেখানে নাইনটিফাইভ পারসেণ্ট লোক হচ্ছে রিফিউজি এবং তারা ইস্ট বেঙ্গলের লোক। তারা সব ক্যাম্প, কলোনীর অধিবাসী একসঙ্গে হয়ে এই সমস্ত স্কীম কার্যে পরিণত করবার জন্য আমার সাহায্য এবং উপদেশ গ্রহণ করে। স্যার, এবারে আমি উদ্বাস্তুদের কথা বলব যে, কিভাবে তারা জীবনে প্রতিষ্ঠিত। ক্যাম্প অধিবাসীদের সম্বন্ধে আমি মন্ত্রীমহাশয়কে বলব যে, ক্যাম্প-এর যে সমস্ত ছেলেরা বিভিন্ন জায়গায় চাকুরী পেয়েছে, বিশেষকরে স্টেট ট্রান্সপোর্টে যারা চাকুরী পেয়েছে তারা কোলকাতায় থাকে তাদের কাজের জন্য এবং তাদের আত্মীয়স্বজনরা এখনও ক্যাম্প-এ রয়ে গেছে। আমার বক্তব্য হচ্ছে আইনে যদি না আটকায় তাহলে রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন বিভাগ থেকে যদি তাদের অর্থ সাহায্য করা যায় বা পি ডবলিউ ডি-র হাউসিং স্কীম-এ বা স্মল ইনকাম গ্রুফ-এ যে লোন দেওয়া হয় তার আওতায় এনে তাদের যদি হাউস বিল্ডিং লোন দেওয়া যায় তাহলে খুব ভাল হয়। আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ রাখছি তিনি যেন এই বিষয়ে পি ডবলিউ ডি-র হাউসিং স্কীম-এর সঙ্গে আলোচনা করেন। তারপর, আমার বক্তব্য হচ্ছে যারা ক্যাম্প-এ থাকে তাদের ট্রেনিং-এর সুযোগ দেওয়া সর্বপ্রথম কর্তব্য। এই প্রসঙ্গে আমি একটা কথা বলব এবং সেটা হচ্ছে এই সমস্ত ছেলেরা যখন ইণ্ডাষ্ট্রিয়াল ট্রেনিং সেণ্টারে ট্রেনিং-এর জন্য যায় তখন তারা স্টাইপেণ্ড পায় বলে ক্যাম্প থেকে তাদের ডোল কাটা যায় এবং ট্রেনিং পিরিয়ড ওভার হবার পর তারা যদি চাকুরী না পেয়ে আবার ক্যাম্প-এ ফিরে আসে তখন তাদের নাম আর এনরোল করা হয় না। এর ফলে এই সমস্ত ছেলেরা আনডিজারেবল এলিমেণ্ট হয়ে ক্যাম্প-এর মধ্যে একটা ভীতির সঞ্চার করে। আমার বক্তব্য হচ্ছে এঁরা যাতে সৎপথে থাকতে পারে তার ব্যবস্থা করা উচিত এবং সেদিক থেকে আমার আর একটি বক্তব্য হচ্ছে ৫টি মিলে আর আই সি বলে যেটা চালু আছে, যেটা কেন্দ্রীয় সরকার সৃষ্টি করেছেন, বাংলাদেশে যার ম্যানেজিং ডাইরেক্টর হচ্ছে মণি মুখার্জী—তিনি যে সমস্ত ট্রেনিং সেণ্টার বা ইণ্ডাস্ট্রিকে সাহায্য করেন সেখানে যাতে এই সমস্ত ট্রেণ্ড ছেলেরা চাকুরী পেতে পারে তারজন্য মন্ত্রীমহাশয় যদি একটা কমিটি নিয়োগ করেন বা তাঁদের কোন অফিসারকে এই সমস্ত সিলেকসন করবার জন্য ডেপুট করেন তাহলে বহু লোক তাঁকে আশীর্বাদ করবে। তারপর, আমাদের ক্যাম্প-এ যে সমস্ত প্রাইমারী স্কুল আছে সেই প্রাইমারী স্কুলগুলোতে এ্যাকচুয়ালী পড়াশুনা কতখানি হয় সেটা আমি বলতে পারি না।

তবে এটা আমি ফিল করি যে, তারা যখন ক্লাশ ফোর থেকে ক্লাশ ফাইভ-এ ভর্তি হতে ক্যাম্প-এর স্কুলে আসে তখন দেখা যায় তাদের ক্লাশ ফাইভ-এ ভর্তি হবার যোগ্যতা নেই। এর একটা অন্যতম কারণ হচ্ছে তারা যখন প্রাইমারী স্কুলে পড়ে তখন তাদের ঠিকমত বই সাপ্লাই করা হয় না এবং সেপ্টেম্বর-অক্টোবর মাসে যখন বই বিলি করা হোল তখন দেখা গেল সেগুলি ডি পি আই-র এ্যাপ্রুভড বই নয়। এই প্রসঙ্গে মন্ত্রীমহাশয়কে বলতে চাই স্কুল বোর্ডের আণ্ডারে ক্যাম্প-এ যে সমস্ত প্রাইমারী স্কুল আছে তাদের সম্পর্কে আপনার বিভাগ থেকে অন্তত একটা নির্দেশ দিন যে, সেকেণ্ডারী বোর্ড অব এডুকেসন-এর মিডেল পরীক্ষা হয় তার সার্টিফিকেট দেখে তবে যেন এই ডড স্কুল-এ ক্লাশ ফাইভ-এ ভর্তি করা হয়। ক্যাম্প-এর প্রাইমারী স্কুল-এর ক্ষেত্রে এই নিয়ম যাতে প্রযোজ্য হয় তারজন্য আপনারা যথাযথ ব্যবস্থা করুন। তারপর আমার বক্তব্য হচ্ছে ক্যাম্প-এর ইনমেটসদের সম্বন্ধে। মাননীয় সদস্য গৌরবাবু বলেছেন ক্যাম্প-এর ইনমেটসদের যে ডোল দেওয়া হয় সেটা তাদের পক্ষে যথেষ্ট নয়। একথা সত্য। কিন্তু এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে আমাদের পুনর্বাসন বিভাগ যে অর্থ পায় সেটা তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আনে। কাজেই আমরা যতই চীৎকার করি, গালাগাল করি এই বিভাগকে তাঁরা যে ডোল বাড়াতে পারেনা সেটা আমাদের বোঝা উচিত। তবে একটি কথা বলব রাজ্য সরকার কেন্দ্রের উপর চাপ দিয়ে যদি ক্যাস টাকা না বাড়াতে পারে তাহলে অন্তত ইন কাইণ্ড—অর্থাৎ কাপড়, বই, ঔষধ প্রভৃতি দিয়ে যাতে তাঁরা সাহায্য করেন তারজন্য মন্ত্রীমহাশয় যেন চেষ্টা করেন। তাদের যে বছরে ৩ খানা কাপড়, ২টি শায়া এবং ২টি কম্বল দেওয়া হয় সেটা তাদের পক্ষে যথেষ্ট নয় নিশ্চয়ই তাঁরা এবিষয়ে আমার সঙ্গে একমত হবেন। তারপর আমার বক্তব্য হচ্ছে আমাদের পুনর্বাসন বিভাগের বিভাগীয় কর্মচারীদের সম্বন্ধে তাঁরা যেন একটু সহৃদয় হন। ক্যাম্প-এ যে সুপারিনটেনডেণ্ট আছেন তাঁর মাইনের স্কেল হোল ২০০ টাকা থেকে ৪০০ টাকা, ডিপার্টমেণ্ট-এ যে ইনভেস্টিগেটর আছেন তাঁর মাইনে হোল ২০০ টাকা থেকে ৪০০ টাকা, কিন্তু এ আর ও যাঁরা আছেন—যাঁরা বিভাগে সর্ববিষয়ে পারদর্শী বলে আপনারা বলেন তাঁদের মাইনে হোল ১৭৫ টাকা থেকে ৩৫০ টাকা। এ আর ও যাঁদের দিয়ে আমরা কাজ করাই তাঁদের মাইনের স্কেল নীচে অথচ যাঁরা স্টাটাস হিসেবে এ আর ও থেকে নীচে রয়েছেন তাঁদের মাইনে বেশী এই বৈষম্যের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা বেশী মাইনে পান তাতে কোন ক্ষতি নেই, কিন্তু এ আর ও-দের মাইনে সম্বন্ধে যেন বিচার করা হয় এবং এটা করলে আমরা খুশি হব। তারপর, আর একটা জিনিস দেখছি এবং সেটা হচ্ছে স্টাফ-এর ভেতর থেকে যখন আর ও, এস ডি আর ও, ডি আর ও রিক্রুট করা হয় তাতে সুপারিনটেণ্ডেণ্ট যাঁদের মাইনে ২০০ থেকে ৪০০ টাকা তাঁদের কোন স্কোপ থাকে না বা তাঁরা আসতে পারেন না। আমার মনে হয় বিভাগীয় কর্মচারী-দের মধ্যে যদি অসন্তোষ দেখা দেয় তাহলে নিশ্চয়ই আমরা তাঁদের সদিচ্ছার উপর জোর করতে পারি না বা তাঁদের অতিরিক্ত খাটাতে পারি না। কাজেই তাঁরা যথোপযুক্ত কাজের জন্য উপযোগী মাইনে যাতে পান সেটা মন্ত্রীমহাশয় যেন চিন্তা করেন। তারপর, গভর্ণমেণ্ট স্পনসর্ড কলোনীতে কনস্ট্রাকসন বোর্ডের থ্রু দিয়ে যে সমস্ত রাস্তা হয় তাতে মজার জিনিস দেখেছি মিউনিসিপ্যালিটি এলাকার রাস্তা শেষ হলেই তারপর কাঁচা রাস্তা।

[3-20—3-30 p.m.]

এক হয় তারা মিউনিসিপ্যালিটির হাতে এই রাস্তাগুলোর জন্য কিছু টাকা দিয়ে দিন অথবা তাঁরা নিজেরা সেগুলি রিপেয়ারের ব্যবস্থা করুন। আমি জানি তাঁরা এ নিয়ে টাকা পাবেন না কিন্তু কেন্দ্রীয় সরকারের সংগে এ পর্যন্ত আলোচনা করে মিউনিসিপ্যালিটির হাতে স্পনসর্ড কলোনীর যে সমস্ত রাস্তাগুলো রয়েছে সেগুলি মেরামত করবার জন্য কিছু টাকা দিয়ে মিউ-নিসিপ্যালিটির হাতে এই রাস্তাগুলোর দায়িত্ব দিয়ে দিন তাতে মনে হয় অনেক ভাল হবে। তারপর যে সমস্ত টিউবওয়েলগুলো এতদিন ধরে স্পনসর্ড কলোনীতে আর, আর, ডিপার্টমেন্ট করেছে সেগুলি রিসিংকিং করার ব্যবস্থা নেই, কারণ কি রিসিংকিং করা সময় সাপেক্ষ, কারণ এ টাকার জন্য কেন্দ্রীয় সরকারের দিকে দেখতে হয় এবং রাজ্য সরকারের অনুমতি লাগে। এই

টিউবওয়েলগুলো যাতে মিউনিসিপ্যালিটির হাতে দিয়ে দিতে পারেন সেজন্য আমি চিন্তা করতে বলবো।

Shri Gopal Banerjee :

মাননীয় ডেপুটী স্পীকার মহোদয় পুনর্বাসন মন্ত্রী মহাশয় অন্যান্য বারের মত এবারও তাঁর বক্তৃতার শেষভাগে আহ্বান জানিয়েছেন যে উদ্বাস্তু সমস্যাকে দল মতের ঊর্ধ্বে রাখা উচিত এবং সকলে মিলে সমস্যার সমাধান করা উচিত। এটা কোন নূতন কথা নয় যেদিন থেকে তিনি উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের ভার নিয়েছেন সেদিন থেকে এই কথা বলছেন এবং আমারও দুঃখের বিষয় এই যে আমিও বার বার একই কথা বলছি যে এর মধ্যে বিন্দুমাত্র আন্তরিকতা নেই এবং এটা একটা রাজনৈতিক চাল মাত্র। আমি প্রথম বৎসর এই বক্তব্য উপস্থিত করেছিলাম যে এই সমস্যার সমাধান সকলে মিলে করা উচিত এবং তার ক্ষেত্র প্রস্তুত করার দায়িত্ব সরকারের। সেজন্য পার্লিয়ামেন্ট-এ যেমন একটা কন্সালটেটিভ কমিটি আছে সেরূপ একটা কমিটি এ ব্যাপারে হোক বিধানসভার বিভিন্ন দলের প্রতিনিধি নিয়ে অথবা একটা এ্যাডভাইসরি কমিটি হোক বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি নিয়ে। প্রথম বার থেকে আরম্ভ করে অনেকবার এই কথা বলেছি। কিন্তু মন্ত্রী মহাশয় এই সম্পর্কে কোন জবাব দেবার প্রয়োজন বোধ করেন নি। এই যে ব্যাপার একটা প্রশ্ন করা হয় যে বিরোধী পক্ষ থেকে উদ্বাস্তু পুনর্বাসনের সম্পর্কে যে বক্তব্য বলা হয় সে বক্তব্যের মধ্যে এমন কতকগুলি কথা আছে যেগুলি মৌলিকভাবে আমরা গ্রহণ করতে পারি না। তার মধ্যে একটা ছিল উদ্বাস্তুদের শুধুমাত্র বাংলা দেশের পুনর্বাসন করতে হবে না বাংলার বাইরে করতে হবে এটা নিয়ে একটা মতান্তর হয়েছিল যে মতান্তর আজকে নেই। আজকে মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন ক্যাম্প-এ যে সমস্ত উদ্বাস্তু ছিল তারা দণ্ডকারণ্যে যেতে অস্বীকার করেছিলো এবং তাদের ডোল কেটে তাঁরা মনে করেছিলেন জোর করে দণ্ডকারণ্যে পাঠাতে পারবেন কিন্তু তা পারেন নি, ৮ হাজার পরিবার তাঁদের কথামত এখানে আছে তাদের উপর চরম অত্যাচার করা হচ্ছে, শুধু ডোল বন্ধ করা হয়নি জল বন্ধ করা হয়েছে হাসপাতালের সুযোগ বন্ধ করা হয়েছে। আজ তাঁরা বলছেন তাদের জন্য কিছু একটা ব্যবস্থা করা হোক। আমরা এটা বলেছিলাম, অত্যন্ত বাস্তব কারণে এ সমস্ত পরিবার সেখানে যেতে পারে না কারণ এদের মধ্যে অনেকে হয়ত কিছু কিছু ব্যবস্থা করে নিয়েছে সে ব্যবস্থাকে যদি একটু সাহায্য করতে পারেন তাহলে তারা প্রতিষ্ঠিত হতে পারে। এই বাস্তব কথাটা তাদের বোঝান যায় নি। আজকে যখন সমস্যা এদিক থেকে অনেকটা কমে এসেছে সে সময় যদি এর সুষ্ঠু সমাধান করতে হয় তাহলে সকলে মিলে করা উচিত, কিন্তু এর মধ্যে আন্তরিকতার পরিচয় যদি মন্ত্রী মহাশয় দিতে পারেন তাহলে খুশী হব, না হয় বলতে হবে এটা একটা চাল মাত্র।

দ্বিতীয় কথা বার বার বলা হচ্ছে দণ্ডকারণ্যে অতিরিক্ত সুযোগ কিন্তু এটা প্রমাণিত হয়ে গেছে যে সেখানে সেরূপ সুযোগ নেই সুযোগ সীমাবদ্ধ। দণ্ডকারণ্যে যারা স্বাধীনভাবে যেতে চায় তাদের বাধা দেবার কোন প্রশ্নই ছিল না প্রশ্ন ছিল শুধু মাত্র দণ্ডকারণ্য-এর উপর এই ক্যাম্প কলোনীর পুনর্বাসন নির্ভর করা উচিত নয়, দণ্ডকারণ্যে যে সুযোগ আছে তার চেয়ে বেশী সুযোগ আমাদের এখানে আছে। মানবিকতার দিক থেকে উদ্বাস্তুরা প্রস্তুত এখানে পুনর্বাসন নিতে বলার জন্য আমরা বার বার পরিকল্পনা উপস্থিত করেছি। মেদিনীপুর এবং অন্যান্য জায়গায় যে সমস্ত সাবমারজিনাল ল্যাণ্ড আছে সেখানে উন্নত করে অনেক সংখ্যক উদ্বাস্তু পুনর্বাসন হতে পারে, এক সময় ঐ পরিকল্পনা গৃহীত হয়েছিল তার সম্পর্কে সরকার থেকে যে ব্যবস্থা নেওয়া হয়েছিল তা অত্যন্ত খামখেয়ালীভাবে। দণ্ডকারণ্যে প্রতি পরিবার পিছু ১০ হাজার টাকা ব্যয় হয়েছে কিন্তু গড়বেতায় যে স্কীম হয়েছিল সে স্কীম-এ কত টাকা ব্যয় হয়েছিল, প্রশ্ন হয়েছিল সাবমারজিন্যাল ল্যাণ্ডকে ডেভেলপ করে এখানে পুনর্বাসন হতে পারে কিনা স্বরূপনগরের একটা ফার্ম-এর পাশে আর একটা ফার্ম হতে পারে তা হলে সেটা গড়বেতায় হতে পারে কিন্তু যে দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হওয়া উচিত ছিল যে ৮ হাজার পরিবার আজকে এই ক্যাম্প-এ পড়ে আছে সে ৮ হাজারের পরিবারের মধ্যে অনেকেই পুনর্বাসন পেতে পারত আজকে যদি গড়বেতায় স্কীম-এ দেখা যায় তা হলে দেখা যাবে দ্বিতীয় একটা স্কীম করা হয়ে

ছিল তার মাথামুণ্ড কি হয়েছিল জানিনা কিন্তু এর মূল কথা হল কিছু টাকা গেল, ঠিক সেভাবে গড়বেতা স্কীমকে দাঁড় করান হল যাতে এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর সঙ্গে একটা স্কীম হল কিন্তু সে স্কীম-এর কে বাবা, কে মা জানিনা। আর, আর, ডিপার্টমেন্ট থেকে দেখান হয় এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট, আবার এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট থেকে দেখান হয় আর, আর, ডিপার্টমেন্টকে। এইভাবে লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে সেখানে পরিবারের পুনর্বাসন-এর কিছু হয়নি তার মধ্যে বহু লোক এদিকে-ওদিকে চাকুরী করছে কিন্তু তাদের মধ্যে একটা সততা আছে যে স্কীম এখনও তারা ছাড়েন নি। কংসাবতীতে জল আসবে এই আশা নিয়ে যারা সেখানে আছে এবং নিজেদের উদ্যোগে কুয়ো ইত্যাদি করে জমি চাষ করছে, এইভাবে তারা লড়াই করে চলছে, রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট-এর কাছে কিছু কিছু সাহায্য চেয়েছিল সে কুয়ো খোঁড়ার জন্য কিছু টাকা দেওয়া হোক কিন্তু তখন বলা হয়েছিল যে স্কীম-এ টাকা নেই কিন্তু সে স্কীমকে কোন ফলো করবার চেষ্টাও নেই এটাই হচ্ছে তাদের নীতি। দণ্ডকারণ্যে যারা নূতন উদ্বাস্তু তারা ক্যাম্প-এ পড়ে আছে, ডোল কেটে নেওয়া হয়েছে সুতরাং এই ৮ হাজার পরিবারের কি হবে। তাদের উপর যে অমানুষিক অত্যাচার করা হয়েছে তার সম্পূর্ণ দায়িত্ব সরকারের কিন্তু তাদের সম্বন্ধে কোন মন্তব্য আমরা শুনলাম না এবং তাদের সম্বন্ধে ঘোষণা করে বলা হোক যে আমরা এই চেষ্টা করে চলেছি এবং তাদের সব রকম সাহায্য দিয়ে প্রতিষ্ঠা করব। এর আগের একটা প্রশ্ন উত্তরের সময় বার বার জিজ্ঞাসা করেছি যে এদের সম্বন্ধে কি চিন্তা করছেন তখন সেই পুরানো ছেঁদো কথা বলা হয়েছে যে ভারত সরকারকে লিখেছি যে ভারত সরকার যদি টাকা না দেয় তাহলে এদের দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করবে না। নিশ্চয়ই আমরা দাবী করব ভারত সরকারের কাছে আমি জিজ্ঞাসা করেছিলাম ইনভেস্টিগেশন কি করছেন যে ৮ হাজার পরিবার বিভিন্ন জায়গায় আছে তাদের সম্বন্ধে কংক্রিট প্রোপোজাল কি ৮ হাজার পরিবারের জন্য কত টাকা ভারত সরকার কি পরিকল্পনা নিয়েছেন। এটা তারা স্বীকার করেছেন কিনা, টাকা দেবেন কিনা। মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীমহাশয়রা বার বার এখানে বলেছেন যে বাংলাদেশে রিহ্যাবিলিটেশন-এর স্কোপ নেই ভারত সরকার নিশ্চয়ই শুনেছেন যে স্কোপ নেই এই কথা এখান থেকে জোরের সঙ্গে প্রমাণিত করা হয়েছে কিন্তু যারা এই কথা বলেছিল তাদের পক্ষে প্রমাণ করবার স্কোপ আছে ভারত সরকারের কাছে সেটা তারা ভুলে গেলেন কেন সুতরাং ঐ ৮ হাজার পরিবারের পুনর্বাসনের জন্য অবশ্য আমরা যা বলেছিলাম তাদের কাছে যে কংক্রিট প্রপোজাল করেছিলাম তাতে একটুখানি কষ্ট হবে কিন্তু তাদের পক্ষে প্রমাণ করা কঠিন কিন্তু আমাদের পক্ষে সহজ।

[3-30—3-40 p.m.]

সুতরাং এই দুটো বাধা যখন চলে গেছে যে দণ্ডকারণ্যের উপর পুনর্বাসনকে শুধু মাত্র নির্ভরশীল করে রাখা এবং বাংলা দেশের সুযোগকে সৎ ব্যবহার না করা এই নীতি আজকে পরিবর্তন করতে সরকার বাস্তব অবস্থার চাপে বাধ্য হবেন যেকথা আমি বলেছিলাম যে অভিজ্ঞতা প্রমাণ করবে যে আমাদের কথাই ঠিক। সেটা যখন হয়ে গেছে তখন আজ যুক্তভাবে বসে নিশ্চয়ই এ কাজ করা সম্ভব। এখানে মাননীয়া শান্তি দাস মহাশয়া বললেন যে ভারত সরকারেরর কাছ থেকে বেশী টাকা আনতে হবে। কিসের জন্য ভারত সরকারের কাছ থেকে বেশী টাকা আনতে হবে। কিসের জন্য ভারত সরকারের কাছ থেকে টাকা আনতে হবে ভারত সরকারের কাছে বার বার বলা হয় পার্লামেন্টের মেম্বাররা ওদের পক্ষের এবং আমাদের পক্ষের যখন বলেন তখন ভারত সরকার এই অভিযোগ করেন কিসের জন্য টাকা দেবো? কি ও'দের পরিকল্পনা ও'রা কি পরিকল্পনা পাঠিয়েছেন আমরা তো জানি না, কি নিয়ে আমরা ফাইট করবো? আমাদের বিভিন্ন রাজনৈতিক শক্তি যে ভারত সরকারের কাছে দাবী করবেন কিসের জোরে? আজকে সরকারের পুনর্বাসন সম্পর্কে ব্যর্থ বন্ধ্যা নীতি যার ভিতর দিয়ে তারা উদ্বাস্তুদের সর্বনাশ করেছেন কোটি কোটি টাকা সর্বনাশ করেছেন—ডোলের পিছনে কোটি কোটি টাকা সর্বনাশ করেছেন। টাকা দিয়ে উদ্বাস্তুদের কিভাবে জীবন ধারণের ব্যবস্থা করা যায় সে কথা চিন্তা না করে শুধু মাত্র টাকা দিয়ে ও'রা উদ্বাস্তু সমস্যার সমাধান করতে চেয়েছেন—কোন পরিকল্পনা করার

কংক্রীট স্কীম কি—শুধু এই কাজ করেছি বলে তো লাভ নেই। যেমন ভাবে এক সময় দেখে ছিলাম এই ডিপার্টমেন্টের পক্ষ থেকে দে লাভ এগেন একটা পুস্তক বেরিয়েছিল যদিও সেট প্রচার পুস্তিকা—ক্ষমতা নেই ও'দের একখানা পুস্তিকা বের করার যে পুস্তিকার মধ্যে ও'র কি করতে চান সেটা সমস্ত দেশবাসীকে জানাতে পারেন। নিজেদের গৌরব করে লাভ নেই যদি ষ্ট্যাটিসটিক্যাল ব্যুরো থেকে সার্ভে করা যায় তাহলে দেখা যাবে কি ব্যর্থতা। আমি তার মধ্যে যেতে চাচ্ছি না। কিন্তু এই যে পরিবারগুলি অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে শুধু সে কথাই নয়, তার সঙ্গে সঙ্গে বাংলাদেশের সমগ্র অর্থনীতি যার চাপে জর্জরিত হয়ে যাচ্ছে তার সমাধান প্রয়োজন। সুতরাং এর জন্য সবচেয়ে আগে প্রয়োজন মিলিত প্রচেষ্টায় একটা নীতি এবং কর্মপন্থা নির্ধারণ করা। তার ক্ষেত্র এই এসেম্বলীর বক্তৃতার মধ্য দিয়ে হতে পারে না এই দল থেকে ঐ দলকে আক্রমণ করে আমি নিশ্চয়ই সেই দায়িত্ব পালন করতে পারবো না একত্রে বসে টেবিলের চারপাশে বসে পরিকল্পনা করা উচিত। এইজন্য বলছি যে যখন ১৯৫৮ সালে ক্যাম্প উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠাবার জন্য সরকার থেকে বলা হয়েছিল তখন আমরা একটা বিকল্প পরিকল্পনা দিয়েছিলাম তার উপর আলোচনা হয়েছিল এই বিধানসভায় এবং ডাঃ রায় তখন তার জবাব দিয়েছিলেন—কিন্তু তিনি অস্বীকার করতে পারেন নি, কতকগুলি সমালোচনা করেছিলেন, তখন একথা বলা হয়েছিল যে কুপার্স ক্যাম্পের ইণ্ডাস্ট্রিয়াল টাউনসিপ হবে। কোথায় সেই ইণ্ডাস্ট্রিয়াল টাউনশিপ। কার জন্য কুপার্স ক্যাম্পে ইণ্ডাস্ট্রিয়াল টাউনসিপ হয় নি? সেখানে আজকে তিন হাজার পরিবারের পুনর্বাসন হতে পারতো ৭ শত পরিবারের পুনর্বাসন দেওয়া হয়েছে; সেখানে ইণ্ডাস্ট্রি সেট-আপ, বাজার সেট-আপ করবার কথা ছিল—সেটা হয় নি—এটা কার দোষে? আমি স্পষ্টভাবে জানতে চাই সেটা পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা না ভারত সরকারের কাছ থেকে টাকা পান নি। ভারত সরকারের বিরুদ্ধে আমার যদি কোন অভিযোগ থাকে সে আমি বাইরে বলবো—কিন্তু আমার সমস্ত অভিযোগ হচ্ছে পশ্চিম-বঙ্গ সরকারের ব্যর্থতা। প্রতিটি স্কীম যা তারা নিয়েছিলেন সেই স্কীমে একটা বড় স্কীম যদি তারা কার্যকরী করতে পারতেন তাহলে আনন্দিত হতাম। কিন্তু একটা স্কীমও তারা কার্যকরী করতে পারেন নি। দ্বিতীয়ত উল্টাডাঙ্গায় একটা বাজার তৈরী করার কথা ছিল—আজ ১০ বছর ধরে সেই বাজার তৈরী করতে পারছেন না। কিসের জোরে টাকা দাবী করবেন? একটা স্কীমকেও তারা ফুলফিল করতে পারেন নি এতবড় অপদার্থতা এই ডিপার্টমেন্টের। স্যার, গত বছরের বাজেটের সঙ্গে আপনি যদি এ বছরের বাজেট মিলিয়ে দেখেন তাহলে দেখবেন নূতন সমস্যা দেখা দিয়েছে—কি—না, নবাগত উদ্বাস্তু এসেছে। বাজেট মিলিয়ে দেখুন—রিভাইজড বাজেটের ফিগার তুলে দেওয়া হয়েছে এ বছরের বাজেট বরাদ্দে। উদ্বাস্তুদের সমস্যা-গুলি যদি বিচার করে দেখেন তাহলে দেখবেন যে জবরদখল কলোনীগুলির যে ও'রা বৈধ-করণের কথা বলছেন—এতে তাঁরা কি কৃতিত্বের পরিচয় দিচ্ছেন? উনি নিজেই বলেছেন এবং আপনিও শুনেছেন যে ও'রা জমির দলিল দেবেন। কয়টি জমির দলিল দিয়েছেন তার কোন ফিগার দেন নি? ৩৪৩টি পরিবার লোন মুকুব করেছে—যথেষ্ট যোগ্যতার পরিচয় দিয়েছে—কিন্তু কয়টি দলিল দিয়েছেন—বোধ হয় আরও কম তাই উত্থাপন করতে পারেন নি। এইভাবে জবরদখল কলোনীর সমস্যাকে ইচ্ছা করে জিইয়ে রাখা হয়েছে। কেননা এই জবরদখল কলোনী সম্পর্কে উনি যে কথা বলেছেন, যে ২৮ হাজার পরিবার বৈধকরণের বেনিফিট পাবে এবং ১৭ হাজার পরিবারকে অর্পনপত্র দেওয়া হয়েছে, ১১ হাজার পরিবারকে অর্পনপত্র দেওয়া হবে কিনা সেটা আমি জানতে চাই। আজ ১৩ বছর চলে গেল সিদ্ধান্ত হয়েছে—১৯৫৩ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত—কিন্তু আজও পর্যন্ত সমস্ত পরিবারকে তারা দেবেন কিনা এটা সরকার স্থির করতে পারেন নি। এই আইনে এমন কতকগুলি বাজে জিনিস আছে যার মধ্য দিয়ে ডিপার্টমেন্টে দুর্নীতি ভরে গেছে। যেমন আমি বলতে পারি যে কয়েক ক্ষেপে এরা এলিজিবল বলে প্রমাণিত হয়েছে—একটা ফেমিলি এলিজিবল হয় না—নূতন কাগজ দেয়—আবার ডিপার্টমেন্টের মধ্যে চলে যায়, তাকে আবার এলিজিবল করা হয়। এই এলিজিবিলিটি কিসের জোরে টিকে আছে? ৩১এ ডিসেম্বর ১৯৫০-তে অকুপেসন করেছে কলোনী—তোমার রিফিউজীর প্রমাণ কি? এই সব প্রশ্ন নিয়ে এখনও ঠেকে আছে। আমরা বলেছিলাম রিফিউজীদের কলোনীতে কমিটি আছে—তারা সেই প্লট ডিস্ট্রিবিউসন করেছে—তাদের কাছ থেকেই পরিচয় নেওয়া হোক কে এলি-

জবল হবে আর কে হবে না। এই যদি করা হোত তাহলে এক বছরের মধ্যে এই সমস্যার সমাধান য়ে যেতো। এই যে ১১ হাজারকে এলিজিবল বলে ডিক্লেয়ার করেননি এবং ১৭ হাজারকে করেছেন—এই ১১ হাজার পরিবারকে কি ওখান থেকে তুলতে পারবেন? তাহলে এই আইনের াম কি—ছে'ড়া কলাপাতা ছাড়া আর কিছুই নয়। ঐ ১১ হাজার পরিবাররা কেউ কেউ পাকা ালান করে বসে গেছেন—বড় বড় বাড়ী করে বসে গেছেন তাদের তুলতে পারবেন? বাস্তবের ঙ্গে এই আইনের কোন সম্পর্ক নেই। ১৯৫১ সালের যে আইন যা বাস্তবকে সম্পূর্ণ অস্বীকার রে বে'চে আছে সেই আইনটাকে ধরে রাখতে হবে এই হচ্ছে নীতি। আমরা বার বার বলেছি ী সব রিফিউজী প্রমাণের যে ব্যাপার সেগুলি তুলে দিন এবং বাস্তবটাকে আপনারা স্বীকার রে নিন—কলোনী যেগুলি ডেভেলপ হয়ে গেছে তাকে স্বীকার করে নিয়ে তাকে ডেভেলপ রার সুযোগ দিন, জমির দলিল দিয়ে দিন, তাদের টাকা পয়সা—স্মল ইনকাম, মিডল ইনকাম যখান থেকে হোক লোন পাবার সুযোগ করে দিন তাহলে আর এই সমস্যা থাকে না। হয়তো ডপার্টমেন্ট উঠে যাবে। হয়তো আপনাদের মন্ত্রী বিভাগ উঠে যাবে, আপনাদের নানা রকম যোগ সুবিধা এবং বন্টনের হয়তো কিছু অসুবিধা হবে কিন্তু লোকে বে'চে যাবে—দেশের াকা বে'চে যাবে এবং এই অপদার্থতা আর থাকবে না। তারপর কর্মাপটেন্ট অথরিটির কোর্ট থকে যাদের বলা হয়েছিল বিকল্প পুনর্বাসন দেওয়া হোক-হাজার হাজার পরিবার আছে—াদের কি হোল? আবার সেই ১৯৫১ সালের এ্যাক্ট যে এ্যাক্ট বাস্তব মেনে চলতে পারে না—াস্তব তার থেকে অনেক সরে গেছে—তারা কি করছেন? নূতন নূতন আইন-কানুন বের করে মস্ত পরিবারের পুনর্বাসনের দায়িত্ব কি করে অস্বীকার করা যায় তারই ব্যবস্থা করছেন। ত পরিবার এখনও বাকী আছে—আমার মনে হয় ৮/৯ হাজার পরিবার যারা এই কমপিটেন্ট থরিটির কোর্ট থেকে আদেশ পেয়েছিলেন এবং সরকারকে আদেশ দেওয়া হয়েছিল ১৯৫৩-৫৪ াল থেকে এই ১২ বছরের মধ্যে কয়টি পরিবারকে তার মধ্যে পুনর্বাসন দিয়েছেন? দেবেন কি রে? বাজেটে কত টাকা আছে? ৭ লক্ষ টাকা আছে লোনের জন্য। গড়ে যদি ২ হাজার একটি রিবারকে দেওয়া হয় তাহলে ৩ হাজারকে তো লোন দেবেন। ৮ হাজার পরিবার পি, এল াম্প থেকে যারা বয়স্ক ছেলে বেরিয়ে আসছে তারা অন্তত ২ হাজার দাঁড়াবে—তাহলে ৩ হরে ১০ হাজার পরিবারকে বসে থাকতে হবে। তাছাড়া আরও বহু পুরানো পরিবার দরখাস্ত রেছেন তাদের কি দেবেন? সুতরাং এ নিয়ে প্রারম্ভিক বক্তৃতায় যেভাবে বড়াই করে ভাষণ য়েছেন যে তাঁর ডিপার্টমেন্ট অনেক কাজ করেছে সেখানে আমি বলছি যে তাঁর ডিপার্টমেন্ট ড়ান্ত অপদার্থতার পরিচয় দিয়েছে। উনি যেটা করেছেন আসার পর এই ডিপার্টমেন্টের নর্বাসন মন্ত্রীর গতানুগতিকতার বাইরে উনি যেতে পারেন নি। আমরা আশা করেছিলাম য সমাজসেবী হিসাবে শ্রীমতী শান্তি দাস যে কথা বলেছিলেন হয়তো তিনি নূতন দৃষ্টিভঙ্গির ছু পরিচয় দেবেন—কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে একথা বলতে হচ্ছে সেই একই গতানুগতিক কতকগুলি অযোগ্য অফিসারের উপর নির্ভরশীল হয়ে মন্ত্রী মহাশয়া বসে রয়েছেন। কোন তন নীতি তিনি চালু করতে পারেন নি।

3-40—3-50 p.m.]

ীমতী রেনুকা রায় যখন রিফিউজী ডিপার্টমেন্টের মন্ত্রী ছিলেন সেই সময় আমি তাঁর কাছে ভিযোগ করেছি তাঁদের যেগুলি দুর্বলতা ছিল সেগুলি সম্বন্ধে। সেই সময় আমি দেখেছি দ্বাস্তুদের প্রতি যে দরদ এই ডিপার্টমেন্টের ছিল তার বোধ হয় ৫ ভাগের ১ ভাগও নেই, বং বলা যেতে পারে এই ডিপার্টমেন্টের একমাত্র কাজ হচ্ছে কি করে রিফিউজীরা বেনিফিট া পায়, রুলস এবং প্রোসিডিওরের মাধ্যমে কি করে তাদের বিনিফিট কেটে দেওয়া যায়। এই ডপার্টমেন্টের কাজ হচ্ছে কত কম টাকা খরচ করে রিফিউজীদের দায়িত্ব অস্বীকার করা যায়। ীমতী শান্তি দাস এ'দের উপর আশীর্বাদ বর্ষণ করেছেন, কিন্তু আমি তা পারলাম না। আমি ার গলায় এই কথা বলতে চাই তাঁর অযোগ্যতার জন্য আমি তাঁর বরাদ্দের বিরোধিতা করছি বং এরজন্য আমি দুঃখিত। এই বরাদ্দকে সমর্থন করতে পারলে আমি খুশীই হতাম কিন্তু মর্থন করবার কোন কারণ নেই। সর্বশেষ কথা হচ্ছে আরো অনেক স্কীম আছে যেগুলির জন্য কার দরকার হয় না যদি মানবিকতা বোধ থাকে। কিন্তু মানুষের প্রতি দরদ এদের কি আছে? ড় বড় রাস্তার ধারে অনেক উদ্বাস্তু দোকান করে ছিলেন। ১৯৫৩-৫৪ সালের একটা ঘটনা

আমরা দেখেছি—এই যে সব দোকানগুলি বসেছে এদের উপর হামলা হয়, তাতে রিফিউজী ডিপার্টমেন্ট থেকে বলা হয়েছিল যে এদের জন্য একটা কিছু ব্যবস্থা করা হবে। ১২ বছর ধরে দোকানগুলি আছে এগুলি উঠেনি। যদি হামলা করা হত তাহলে উঠে যেত। কিন্তু এ ব্যাপারে গভর্নমেন্টের একটা ট্যাসিট কনসেন্ট, ট্যাসিট এ্যাপ্রুভ্যাল আছে যে এদের একটা ব্যবস্থা করা হবে। আজকে কি অবস্থা—সেখানে আবার হামলা শুরু হয়েছে, লোককে তুলে দেওয়ার চেষ্টা হচ্ছে। একটা বিকল্প ব্যবস্থা রাজ্য সরকার কি নিজের দায়িত্বে করতে পারছেন না? এর জন্যও কি কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে থাকতে হবে? তাদের জন্য সামান্য একটু জায়গায় ব্যবস্থা করে দেওয়া এটাও কি তাঁরা পারেন না? তারজন্য ইচ্ছা নেই। সমস্ত দিক থেকে একটা চূড়ান্ত হৃদয়হীনতার পরিচয় দিচ্ছেন। তাঁরা চেষ্টা করছেন কি করে এই সমস্যাকে শেষ করে দেওয়া যায়—স্বীকৃতির মধ্য দিয়ে অনেক বিপদ আসে, স্বীকার করলে প্রত্যেকটি সমস্যার সমাধান করতে হয়, তার দরকার কি, একে শেষ করে দাও। এই রাস্তার ধারে উদ্বাস্তুরা নিজেরাই বিকল্প পরিকল্পনা দিয়েছে. ১৯৬২ সালে দিয়েছে, ১৯৬৪-৬৫ সালে দিয়েছে, কিন্তু সেই পরিকল্পনার উপর কোন আলোচনা হল না। অথচ তাদের উপর বার বার হামলা চলছে। তার সঙ্গে বাড়ীর সমস্যা রয়েছে। এই গুরুতর সমস্যার সঙ্গে জড়িত রয়েছে সংখ্যালঘুদের সমস্যা। সংখ্যালঘুদের বাড়ী সম্বন্ধে কমপিটেন্ট অথরিটির যে রায় সেই রায় কার্যকরী করতে পারছেন না বলে বহু সংখ্যালঘু পরিবার সেই সব বাড়ী ফেরত পাচ্ছে না। সুতরাং সমস্যা এমন গভীর হয়েছে যে কিছু দিন ধরে এইসব মুসলমান পরিবার বাধ্য হচ্ছে বাড়ীগুলি বিক্রি করতে। তারাও উদ্বাস্তুতে পরিণত হচ্ছে. ভিখারীতে পরিণত হচ্ছে। মুখে বড় বড় কথা বলা যায় যে এজন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। কিন্তু দেখছি কতজন পরিবারকে প্রতিষ্ঠিত করতে পেরেছেন, খুব সামান্য পরিবারকে পুনঃপ্রতিষ্ঠিত করতে পেরেছেন। যারা নতুন উদ্বাস্তু এসেছে তাদের সম্বন্ধে অনেক কথা বলেছেন। কিন্তু প্রশ্ন দাঁড়াচ্ছে এই নতুন উদ্বাস্তুদের সম্বন্ধে তাঁরা বাইরে পাঠাবার যে নীতি নিয়েছিলেন সেটা ব্যর্থ হচ্ছে। যত পরিবারকে পাঠিয়ে ছিলেন তাদের অর্থনৈতিক পুনর্বাসন না হওয়ার ফলে বাংলাদেশে ফিরে এসেছে অত্যন্ত বাস্তব কারণে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় এই নিয়ে কারণ দেখিয়ে কোন লাভ নেই, বাস্তব কারণে তারা ফিরে এসেছে। এদের দায়িত্ব নিতে হবে। আমি মনে করি এ সম্পর্কে সরকারের বলিষ্ঠ নীতি ঘোষিত হওয়া উচিত যে কি তাঁরা তাদের জন্য করতে চান, কতটুকু নিজস্বভাবে তাদের জন্য করতে পারেন। তাঁরা কেন্দ্রের উপর নির্ভরশীল, কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাওয়ার আগে কি তাঁদের করার আছে কতটুকু করতে পারেন সেটা জানতে চাই। শুধুমাত্র কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিরোধ দেখিয়ে তিনি সমস্ত দায়িত্ব অস্বীকার করবেন তা হয় না। রাজ্য সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারের কি ঝগড়া, কিভাবে তার সমাধান হতে পারে সেটা আমরা জানতে চাই। সেজন্য আজকে উদ্বাস্তু সমস্যার বিভিন্ন দিকের মধ্যে কোন দিকের সমাধানের নির্দেশ দিতে পারেন নি বলে এই গতানুগতিক বাজেট যেটা এখানে উত্থাপন করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি।

Shri Nikhil Das :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে এই দপ্তরের মন্ত্রী মহোদয়া যে ব্যয় বরাদ্দ পেশ করলেন, তাতে অত্যন্ত লজ্জার সাথে এবং দুঃখের সাথে এই কথা বলতে চাই তাকে ১৮ বছর আগে যখন উদ্বাস্তুস্রোত পূর্ববাংলা থেকে পশ্চিমবাংলায় আসতে শুরু করেছিল, তখন যেখানে এই উদ্বাস্তু সমস্যা ছিল, আজও ঠিক সেইখানে আছে। উদ্বাস্তু পুনর্বসতির যে গতি—শম্বুকগতি, তা এত ধীরে চলেছে যে তার মাঝখানে পড়ে কয়েক লক্ষ উদ্বাস্তু মারা পড়েছে, উদ্বাস্তু পুনর্বাসনের অগ্রগতি ততটা হয় নাই। আজও ১৮ বছর পরে বিধানসভায় এসে দাঁড়িয়ে সেই পুরান উদ্বাস্তুদের ব্যয় বরাদ্দের জন্য আলাপ-আলোচনা করতে হচ্ছে। এর চেয়ে লজ্জার আর কিছু নাই। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয় ভারতবর্ষ ও বাংলাদেশকে ভাগ করে এই স্বাধীনতাপ্রাপ্তি ঘটেছে—যার ফলে ও'রা ঐ মন্ত্রিত্বের গদীতে বসে আছেন। যাদের বাড়ীর ছাই-এর উপর দিয়ে রথচক্র চলে এসেছে, যারা নিহত হয়েছেন, যাদের রক্তের উপর এ'দের ঐ গদি প্রতিষ্ঠিত হয়েছে, সেই মানুষগুলো যখন ওপার থেকে এপারে এলো, তখন তাদের পুনর্বাসনের জন্য আপনারা কিছু করেন নাই, তাদের জন্য দু ফোটা চোখের জলও আপনারা ফেলেন নাই।

আজ ১৮ বছর ধরে অত্যন্ত নির্দয়তার সঙ্গে অত্যন্ত নির্মমভাবে সেই যে সমস্যা তাতে তাদের সমস্যাকে অবহেলা করেছেন। আজকে তাই পুনর্বাসনমন্ত্রী বললেন কিছুই আর করার নাই এই উদ্বাস্তুদের সম্বন্ধে। কারণ নূতন উদ্বাস্তু আবার আসছে। তাদের মধ্যে সওয়া পাঁচ লক্ষ এখানে আছে, তাদের ব্যাপার পুনর্বাসনের দায়িত্ব আমরা নিতে পারবো না। তাদের শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান কেন্দ্রীয় সরকার টাকা দিলে করবেন—তাঁরা বলছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার টাকা দিতে চাচ্ছে না, তাই দুই সরকারের মধ্যে ঝগড়া চলছে। তাই তাদের শিক্ষা হবে না, তাদের পুনর্বাসন হবে না, কর্মসংস্থান হবে না, কাজও হবে না। ২২টি ক্যাম্পে ৩২ হাজার উদ্বাস্তু যারা এখনো আছে, তাদের যদি পুনর্বাসনের কার্য সম্পন্ন করতে হয় তাহলে সেখানে শিল্পাঞ্চল গড়ে তুলতে হবে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে সেখানে জমির দাম অত্যন্ত বেড়ে গেছে। কেন্দ্রীয় সরকার যদি তাদের নীতি না পাল্টান বা জমির বাড়তি দাম না দেন, তাহলে তাদের পুনর্বাসন সম্ভব হবে না। এখনো ক্যাম্প সাইটে ৮ হাজার উদ্বাস্তু পরিবার পড়ে আছে। তাদের সম্পর্কে বলেছেন ভারত সরকারের সঙ্গে লেখাপড়া করছেন, তাঁরা টাকা দিতে রাজি হচ্ছেন না। তাহলে কি তারা সেখানে পড়ে থাকবে? তারা না খেতে পেয়ে শুকিয়ে মারা যাবে, কারণ ভারত সরকার টাকা পয়সা দেবেন না। অর্থনৈতিক পুনর্বাসনের ব্যাপার তাঁরা বলছেন যে ১৭ বছর পরে একটা নূতন নীতি তাঁরা গ্রহণ করেছেন। সেই নীতি হচ্ছে তাদের জীবিকার উপযোগী জমি আমরা দেব। তার জন্য কুটীরশিল্পের যন্ত্রপাতি আমরা দেব। কিন্তু অসুবিধা হচ্ছে যে ভারত সরকার ঋণ দিতে চাচ্ছেন বটে, কিন্তু সেই ঋণ যদি উদ্বাস্তুরা শোধ না করে, পশ্চিমবঙ্গ সরকারকে তা শোধ করতে হবে। তাই সেই জায়গায় তাঁরা ভারত সরকারের সঙ্গে কোন বোঝাপড়ায় আসতে পারছেন না। তাই তাদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা হচ্ছে না। উন্নয়নমূলক পরিকল্পনা বাবদ ও জবরদখল কলোনীর জন্য ভারত সরকার টাকা দিচ্ছেন না বলে তাদের পুনর্বাসন হচ্ছে না। এক কথায় বলতে গেলে বলা যায় যে আপনারা একটা বন্ধ্যা বাজেট আমাদের সামনে পেশ করেছেন। তার দপ্তরের একমাত্র উপরতলায় দুর্নীতিবাজ কর্মচারী যারা আছে তাদের জন্য কিছু টাকা ব্যয় বরাদ্দ হিসেবে ধরা হয়েছে, কিন্তু উদ্বাস্তু পুনর্বাসনের যে ব্যাপার, সেখানে একেবারে শূন্য।

আজ ভারত সরকার টাকা দিচ্ছেন না, দুই সরকারের নীতিতে বনছে না। অথচ অফিসাররা দিল্লীতে কেবল চিঠিপত্র লিখছে, দশবার যাতায়াত করছে দশ বছরে, তাতে কয়েক লক্ষ টাকা না খরচ হয়েছে, সেই টাকাটা উদ্বাস্তুদের ব্যাপারে খরচ করলে কিছু উদ্বাস্তু পরিবার পুনর্বসতি পেতে পারতো। সেই ব্যাপারে তাঁরা কিছু করতে পারেন নি। ভারত সরকার এখনো টাকা দিচ্ছেন না, তাই তাদেরও কিছু হচ্ছে না, কিছু টাকা ভারত সরকার দিলে কিছু কিছু হতে পারতো এই ১৮ বছরে। একথা বলতে তাদের লজ্জা হয় না? ১৮ বছর পরে বিধানসভায় দাঁড়িয়ে একথা বলতে লজ্জা হয় না যে উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের কাজ কিছু করতে পারিনি? জবরদখল কলোনীগুলি আগেও যে জায়গায় ছিল, এখনো সেই জায়গায় রয়েছে, তাদের কোনও জমির মালিকানা দিতে পারেন নি। এমন কি সরকারী কলোনীতেও পারেন নি। ক্যাম্প সাইটে লোক এখনো পড়ে আছে। তাঁদের পরিকল্পনা ব্যর্থ হয়েছে বলেছেন। ১৮ বছর পরে একথা বলতে তাদের লজ্জা হওয়া উচিত ছিল।

[3-50—4 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমরা জানি এর আগে যাঁরা এই দপ্তরের মন্ত্রী-টন্ত্রী ছিলেন, তাঁদের কাজকর্মের নোংরামি নিয়ে একটা এনকোয়ারি কমিটি হয়েছিল। এই ডিপার্টমেন্ট-এ কি পরিমাণ দুর্নীতি আছে তার একটা রিপোর্ট তাঁরা দিয়েছিলেন। তার ফলে খান্না-সাহেব কেন্দ্র থেকে তাঁর দপ্তর এই কোলকাতা শহরের বুকে এনে বসালেন। কিন্তু তিনি আসার পরও বাংলাদেশের উদ্বাস্তুরা একচুলও এগুতে পারলো না অথচ খরচ বেড়ে গেল। আজ উদ্বাস্তু পুনর্বাসনের কাজ যে কিছুই হয়নি তার কয়েকটি উদাহরণ দিচ্ছি। শিয়ালদহ স্টেশনে কয়েক হাজার উদ্বাস্তু থাকায় এবং সেখানে একটা বিশ্রী অবস্থার সৃষ্টি হয়েছিল। বছরখানেক আগে তাদের গড়শ্যামনগরে নিয়ে যাওয়া হল, এবং বলা হল যে বিশ্ব গির্জা পরিষদ তাদের পুনর্বাসনের দায়িত্ব নেবেন। শুনলে লজ্জা হয়, বলতে দুঃখ হয়, সেইসব অভাগা উদ্বাস্তুরা—যারা শিয়ালদহ

স্টেশনে থেকে, কেউ বিড়ি ফিরি করে, কেউ বা তরকারীর দোকান করে জীবিকা অর্জন করছি তাদের গড়শ্যামনগরে নিয়ে গিয়ে অর্থনৈতিক পুনর্বাসন করা হয়নি। আজকে সেই হাজ হাজার লোক না খেয়ে বা আধ পেটা খেয়ে শুকিয়ে মরে যাচ্ছে। এটা ভেবে উনি অবশ্য আন প্রকাশ করতে পারেন বা উৎসাহ বোধ করতে পারেন যে লক্ষ লক্ষ লোক যাঁরা এই শিয়াল স্টেশনে এই উদ্বাস্তুদের করুণ চিত্র দেখে যেতেন তাঁদের চোখের সামনে থেকে এদের সরি দেওয়া গেছে। এখন তারা গড়শ্যামনগরে না খেয়ে মরে যাক তাতে কিছু এসে যায় না। এ কি, এইসব উদ্বাস্তুদের বলা হয়েছিল যে তোমরা ওখানে যাও তোমাদের পাকা বাড়ী ক দেবো। উদ্বাস্তুরা ওঁদের কাছে পাকা বাড়ী আশা করে না। কোনরকমে টালীর ঘর পেলে তারা খুশী। ভাঙ্গাচোরা টালির ঘর অবশ্য দুচারটী হয়েছে, কিন্তু পায়খানা হয়নি। কার উদ্বাস্তুরা তো ভদ্রলোক বা মানুষ নয়। তাই সেখানে পায়খানার কোন ব্যবস্থা করা হয়নি। এ হচ্ছে গড়শ্যামনগরের অবস্থা।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, নূতন উদ্বাস্তুদের সম্পর্কে অনেক কান্না শুনতে পাও যায়। আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়াও অনেক কথা বলেছেন। আমি শুধু আপনার মাধ্যমে ২/৪টি প্রশ্ন রাখতে চাই। আমরা জানি, তাদের পুনর্বাসনের ব্যাপারে আপনারা কিছু করবে না। এখানে এলেই দণ্ডকারণ্য দেখাবেন, ভারত সরকার দেখাবেন, চাকরির, শিক্ষার কথা বল বেন। আর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যদি কিছু টাকা আপনাদের দপ্তরে আসে তাহলে কংগ্রেসী এম, এল, এ-রা যেখানে আছেন সেখানে উদ্বাস্তুদের নামে কয়েকটা স্কুল করা ছাড় তাদের কল্যাণের জন্য আর কিছুই করা হবে না। আমার প্রশ্নটা হচ্ছে, যাদের ৬ মাস পার হয়ে গেছে তাদের নাগরিকত্বের অধিকার কেন দেওয়া হচ্ছে না? আপনারা অবশ্য তার কারণ হিসবে বলছেন যে, যদি তাদের এই অধিকার দিয়ে দিই, তাহলে ওপারে তারা যে সম্পত্তি ফেলে এসেছে, সেই সম্পত্তির ক্ষতিপূরণ আদায় করা যাবে না। কি বীর পুরুষ এঁরা! যে পাকিস্থানের অত্যাচারে বিরুদ্ধে একটি কথাও বলতে সাহস করেন না সেই পাকিস্থানের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করে এঁরা উদ্বাস্তুদের দেবেন একথা কোন লোক বিশ্বাস করে না আমি তাই বলতে চাই, ধাপ্পাবাজী ছেড়ে তাদের নাগরিকত্বের অধিকার দিন। চাকরির ক্ষেত্রে যে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছেন সেটা বন্ধ করে তাদের চোরে-বোরে খাবার সুযোগ দিন।

তারপর, জবরদখল কলোনীর কথা প্রায়ই শোনা যায়। আমি এ সম্পর্কে যে প্রশ্নটি করতে চাই সেটা হচ্ছে এই যে, এই ২৮ হাজারের মধ্যে কটি উদ্বাস্তু পরিবার জবরদখল কলোনীতে জমির মালিকানা পেয়েছে? একটি উদ্বাস্তু পরিবারও কি পেয়েছে? যদি পেয়ে থাকে তাহলে কোন কলোনীতে পেয়েছে? আপনারা এর উত্তর দিতে পারবেন না। কারণ উত্তর দেবার মত ক্ষমতা আপনাদের নেই। তার কারণ এই ১৩/১৪ বছর ধরে একটি পরিবারকেও জমির মালি-কানা দিতে পারেননি। বরং ১৯৫১ সালের আইনে যে ক্ষতিপূরণের বিধি রয়েছে তার ফলে হাজার হাজার টাকা ক্ষতিপূরণ এক এক জনের ঘাড়ে এসেছে। আর জমির যারা পুরানো মালিক তারা তাদের বিরুদ্ধে মামলা মকদ্দমা করে কলোনি থেকে তুলে দিচ্ছে ঐ ক্ষতিপূরণের টাকার জন্য। এর প্রতিকার বা প্রতিবিধান আজ পর্যন্ত হয়নি। কেন করতে পারেননি? এই জন্য পারেননি যে, গরীব উদ্বাস্তুদের কাছ থেকে ক্ষতিপূরণের টাকা জমিদার আদায় করে নিয়ে যায়। আর যদি না দিতে পারে তাহলে উৎখাত হয়ে যায় এবং এঁদের দায়িত্ব কমে যায়। সেইজন্য ইচ্ছা করেই এই কাজগুলো করেননি। তারপর উন্নয়নের কাজ কোন জবরদখল কলোনিতে হয়নি। যদি বলে দেন যে কোথায় কোথায় হয়েছে তাহলে আমরা দেখে নেবো। এমনকি সরকারী কলোনীগুলোতেও রাস্তাঘাট নেই। এক হাঁটু কাদা, জলে ভর্তি। সেখানে টিউবওয়েলের কোন ব্যবস্থা নেই। আর একটা কথা উনি বললেন যে, শহর পরিকল্পনা ও গ্রাম্য পরিকল্পনা এক সঙ্গে মিলিয়ে করতে হবে। এসব কথা সাধারণ মানুষ বুঝতে চায় না। তারা জানতে চায় রাস্তাঘাট হবে কিনা? সরকারী কলোনিতে জলের ব্যবস্থা হবে কিনা? কিন্তু সেখানে এঁরা একদম চুপ করে থাকেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে ১৯৬১ সালের ও ১৯৫৮ সালের সিদ্ধান্ত নিয়ে যে ক্যাম্পগুলো উঠে গেল, তাতে সেখানকার ৮ হাজার উদ্বাস্তু পরিবার ক্যাম্পের পাশে ভিক্ষুকের মত জীবনযাপন করছে। এখানেই তাঁদের অত্যাচার শেষ হল না। এই সিদ্ধান্ত নেবার ফলে ক্যাম্পের উদ্বাস্তুরা তো মারা পড়লই, তার সাথে সাথে

এই খুদবাস্তু পুনর্বাসন দপ্তরে ৮ হাজার কর্মচারীর মধ্যে যে ৫।। হাজার কর্মচারী এই বিভিন্ন ক্যাম্পগুলোতে কাজ করত তাদের ১ দিনের নোটিশে চাকরি চলে গেল কিন্তু বিকল্প চাকরির ব্যবস্থা করা হল না। সেই ৮ হাজারের দপ্তর আজকে ২ হাজারে এসে দাঁড়িয়েছে। এখন ২ হাজার কর্মচারী সেখানে কাজ করে। আর নীচের মাহিনায় যারা চাকরি করে তাদের সেখান থেকে সরিয়ে দেওয়া হয়েছে কিন্তু তাদের বিকল্প চাকরির কোন ব্যবস্থা তাঁরা করেননি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে বলা হয় যে, পুনর্বসতির কাজ আমরা করতে পারিনি। টাকার চেষ্টা করছি। কিন্তু আজও উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের কর্মচারীরা ছাঁটাই হয়ে যাচ্ছে। তাদের ভিতর আতঙ্ক উঠেছে, কেন্দ্র টাকা দিচ্ছে না। আর পশ্চিমবঙ্গ সরকার এই পুনর্বাসনের কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও এই দপ্তরকে গুটিয়ে আনতে চায়। আর তার ফলেই এই দপ্তরের কর্মচারীরা ছাঁটাই হয়ে যাবে। কিন্তু ছাঁটাই-এর পূর্বে তাদের বিকল্প চাকরি দেবার যে বাধ্য-বাধকতা এ'দের রয়েছে, সেদিকে এ'রা কোন ব্যবস্থা করেননি। তাছাড়া এই দপ্তরের অধিকাংশই উদ্বাস্তু পরিবারের লোক। এই উদ্বাস্তুরা যেটুকু অর্থনৈতিক পুনর্বাসনের সুযোগ পেয়েছিল তা থেকে আবার তারা বেকার হয়ে রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। এদের মধ্যে, চাকরি চলে যাবার ৬ মাস পরে হয়ত কারুর কাছে চিঠি গেল যে, অমুক স্কুলে তোমার একটা শিক্ষকতার চাকরি হবে। এরকম হয়ত ১ জন বা ২ জনকে দিলেন কিন্তু ৫০০ লোকের মধ্যে ১ জন বা ২ জনকে দিলে কি হবে? মন্ত্রীমহোদয়া হয়ত এক্ষণি ফিরিস্তি দেবেন যে, এত লোককে আমরা চাকরি দিয়েছি। কিন্তু আমরা জানি, বিকল্প চাকরি না দিয়েই ছাঁটাই করা হয়েছে এবং তারপরে হয়ত ২/১ জন চাকরি পেয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, উদ্বাস্তু সমস্যা আজকে অত্যন্ত কঠিন সমস্যা। এই সমস্যাকে উপেক্ষা করে বাংলাদেশ বা ভারতবর্ষকে গড়া যাবে না। আর পরি-কল্পনা নিয়ে এই সমস্যা সমাধানের দিকে ঠিক ঠিক ভাবে দেশে যদি না এগুতে পারে তাহলে বাংলাদেশের অর্থনীতিতে গুরুতর চাপ সৃষ্টি হবে। এটা আমার কথা নয়। এটা আমাদের সংখ্যাতত্ব বিশারদ মুখ্যমন্ত্রীর কথা। তিনি যখন অসুবিধায় পড়েন তখন বলেন যে, ৫০ লক্ষ উদ্বাস্তু পরিবার পূর্ববাংলা থেকে এখানে আসার ফলে বাংলাদেশের উপর অত্যন্ত চাপ পড়েছে যার জন্য খাবার, চাল, তেল, ডাল পাওয়া যাচ্ছেনা, লোকে বেকার হয়ে যাচ্ছে অর্থাৎ বাঁচার জন্য উদ্বাস্তুদের সংখ্যাতত্ত্ব তাঁরা তুলে ধরেন। কিন্তু পুনর্বাসনের দায়িত্বটা তাঁরা চিরকালই অস্বী

উদ্বাস্তুদের সংখ্যতত্ত্ব তাঁরা তুলে ধরেন। কিন্তু পুনর্বাসনের দায়িত্বটা তাঁরা চিরকালই অস্বী-

সেখানে যদি যান তাহলে দেখবেন যে, রোজ বটতলার নীচে শুক না মুখে কত উদ্বাস্তু সেখানে বসে থাকে। কিন্তু যে কাজ তাদের সেখান থেকে করানো দরকার তা তারা করাতে পারে না। উদ্বাস্তুদের ভিতর যদি ঘোরা যায় তাহলে একটা কথাই শোনা যাবে যে, উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরকে তারা মনে করে উদ্বাস্তু সংহারক দপ্তর, উদ্বাস্তু নিধন দপ্তর অর্থাৎ উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য এই দপ্তর সৃষ্টি হয় নি। পূর্ববাংলা থেকে পশ্চিমবাংলায় যে ছিন্নমূল মানুষগুলো চোখের জল ফেলতে ফেলতে, আত্মীয়-স্বজন, সম্পত্তি ফেলে এপারে এসেছে ভালভাবে মাথা গোঁজবার জন্য, তাদের মধ্যে কত লক্ষ লোক হারিয়ে গেছে তার হিসাব কেউ দিতে পারবে না।

[4—4-10 p.m.]

তাদের মধ্যে কত লোক না খেতে পেয়ে মারা গেল তার হিসেব কেউ দিতে পারে না, তাদের মধ্যে কত লোক পুনর্বসতির অভাবে ভিক্ষুকের মত জীবনযাপন করছে তার উত্তরও কেউ দিতে পারবে না। আজকে তাদের সমাজ, তাদের পারিবারিক জীবন ভেঙ্গে গেছে। অনেকে তাদের সম্বন্ধে কটূক্তি করেন, কিন্তু আমরা জানি তাদের পবিত্র পারিবারিক জীবন ছিল, পূর্ববাংলায় তাদের স্বাধীন ও সুখী জীবন ছিল। কিন্তু কারা তা নষ্ট করেছে, কলং-কিত করেছে বা কারা তাদের পথে এনে দাঁড় করিয়েছে? স্যার, তাদের পূর্ণ দায়িত্ব ছিল পুন-র্বাসন মন্ত্রীর উপর এবং আমরা আশা করেছিলাম মেয়েমানুষ মন্ত্রী হয়ে যখন এসেছেন তখন তাঁর প্রাণ আছে, দরদ আছে। কিন্তু অত্যন্ত লজ্জা এবং ক্ষোভের সংগে বলতে হয়, উনি যেদিন থেকে মন্ত্রী হয়ে এসেছেন সেদিন থেকে আমরা শুনছি, "আমরা চেষ্টা করছি কিন্তু পারছি না, আসুন একত্র হয়ে আমরা চেষ্টা করি, ভারত সরকার টাকা দিচ্ছেন না আমরা কি করব,

কোথা থেকে করব, আমাদের দপ্তরের মানুষগুলো ভাল"। স্যার, এই ৩ বছর ধরে বিধানসভায় দাঁড়িয়ে বারে বারে এই কথা বলতে তাঁর কি লজ্জা হচ্ছে না? তিনি কি এই করুণ চিত্র দেখতে পাচ্ছেন না? তাঁর চোখে জল আছে কিনা আমি জানিনা, কিন্তু এই ক্যাম্প, স্কোয়াটার্স কলোনীগুলি দেখলে আপনারা চোখের জল রাখতে পারবেন না। স্যার, ও'দের যদি আন্তরিকতা থাকে, মানবতা বোধ থাকে, ও'রা যদি উদ্বাস্তুদের পুনর্বাসন চান তাহলে মায়াকান্না কাঁদলে চলবে না, ভারত সরকারকে দোষ দেওয়া চলবে না—পুনর্বাসনের কাজ করতে হবে। আর তা যদি না করতে পারেন তাহলে মনে রাখবেন এই সুখের আসনে তাঁরা আর বসতে পারবেন না। উদ্বাস্তুরা জানে তাদের যদি যেতে হয় তাহলে তারা যে আন্দোলন করবে তার ধাক্কায় উদ্বাস্তু দপ্তরের সুখের আসন ভেঙ্গে তচনচ হয়ে যাবে। ও'রা যেন একথা মনে না করেন যে, উদ্বাস্তুদের আন্দোলন স্তিমিত হয়ে গেছে এবং ১৯৫০ সালের পর্যায়ে আর উঠবে না। সেটা উঠবে এই সতর্কবাণী উচ্চারণ করে আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Shri Arun Kumar Moitra :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের পুনর্বাসন মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তা সমর্থন করি। আমার পূর্ববর্তী বক্তা নিখিলবাবু বলেছেন যে, বাংলাদেশের উদ্বাস্তু সমস্যা ১৮ বছর আগে যেখানে ছিল আজও ঠিক সেখানে আছে। তাঁর কথাটা আংশিক সত্য এই জন্য যে, পশ্চিমবাংলায় উদ্বাস্তু আগমনের স্রোত দেশ বিভাগের পর একেবারে সমাপ্ত হয়ে যায়নি। আমরা দেখেছি পূর্ববাংলায় মাঝে মাঝে সাম্প্রদায়িকতার আগুন জ্বলেছে এবং তার ফলে লক্ষ লক্ষ উদ্বাস্তু ভাইবোন পশ্চিমবাংলায় এসে উপস্থিত হয়েছে। আমরা দেখেছি একদলের পুনর্বাসনের ব্যবস্থা সম্পন্ন হতে না হতে আবার নূতন উদ্বাস্তু জনস্রোত পশ্চিমবাংলায় এসে উপস্থিত হয়েছে। যেমন, আমরা লক্ষ্য করেছি ১৯৬৪ সালে পূর্ব-বাংলা থেকে পশ্চিমবাংলায় বেশী উদ্বাস্তুদের আগমন ঘটেছে। স্যার, এই সমস্যাটি হঠাৎ একদিন সমাধান হয়ে যাবে বা এই ব্যাপারে একটা নির্দিষ্ট সীমারেখা টানা যাবে তা মনে হয়না। কারণ আমরা জানি পূর্ব পাকিস্তানে সেখানকার শাসক শ্রেণী যখনই বিপন্ন বোধ করবেন বা আভ্যন্তরিণ সংকটের হাত থেকে রেহাই পেতে চাইবেন বা সেখানকার গণতান্ত্রিক আন্দোলনের ধারাটা স্তব্ধ করতে চাইবেন তখনই তারা সাম্প্রদায়িকতার আগুন জ্বালাতে চাইবেন এবং তার ফলে পশ্চিমবাংলা এবং ভারতবর্ষকে নূতন উদ্বাস্তু ভাইবোনদের গ্রহণ করতে হবে। কাজেই এই পশ্চিমবাংলায় যে বিপুল সংখ্যক উদ্বাস্তু ভাইবোন এসে আশ্রয় গ্রহণ করেছেন বা যাঁরা এসে পৌঁছাচ্ছেন বা যাঁরা আসবেন তাঁদের পুনর্বাসনের দায়িত্ব শুধু পশ্চিমবাংলার নয়, এই দায়িত্ব সমস্ত ভারতবর্ষের, সমস্ত জাতির। স্যার, আমি পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ জানাচ্ছি কারণ তাঁরা এটাকে শুধু পশ্চিমবাংলার সমস্যা নয়, সমস্ত জাতির সমস্যা হিসেবে তুলে ধরতে সক্ষম হয়েছেন এবং তার ফলে শুধু পশ্চিমবাংলা নয়, পশ্চিমবাংলার বাইরেও তাদের পুনর্বাসন দেবার জন্য বিভিন্ন রাজ্যসরকার আগ্রহ প্রকাশ করেছেন। আমরা জানি পশ্চিমবাংলায় জনসংখ্যার যে ঘনত্ব উপস্থিত হয়েছে, কর্মসংস্থান সীমাবদ্ধ হয়েছে এবং খাদ্য সমস্যা যে পর্যায়ে রয়েছে তাতে এই বিপুল সংখ্যক উদ্বাস্তুর পুনর্বাসন এখানে সম্ভব নয়। কাজেই আমি আশা করি যাঁরা উদ্বাস্তু দরদী তাঁরা নিশ্চয়ই পশ্চিমবাংলার বাইরে উদ্বাস্তুদের পুনর্বাসনের সুযোগ গ্রহণ করতে নির্দেশ দেবেন। এই প্রসংগে আমি আর একটা কথা বলতে চাই যে, পশ্চিমবাংলার বাইরে মানা ক্যাম্প-এ বা যে সমস্ত ক্যাম্প-এ উদ্বাস্তুরা গেছে তাতে আমরা লক্ষ্য করেছি মাঝে মাঝে তাদের মধ্য থেকে বেশ কিছু কিছু লোক পশ্চিমবাংলায় ফিরে আসছে। তারা জানে পশ্চিম-বাংলায় পুনর্বাসন এবং কর্মসংস্থানের যে সুযোগ তাতে এখানে জীবিকার্জন করা সম্ভবপর নয়, কিন্তু তা সত্বেও তারা যে ফিরে আসে তাতে মনে হয় সেই সমস্ত পুনর্বাসন কেন্দ্রের পারিপার্শ্বিক অবস্থার মধ্যে এমন কোন গলদ বা ত্রুটি রয়েছে যার ফলে পূর্ববাংলার উদ্বাস্তু ভাইবোনরা সেখানে স্থায়ীভাবে থাকা সমীচীন বোধ করছে না, সম্ভবপর মনে করছে না। কাজেই আমি মনে করি এ বিষয়ে বিশেষভাবে অনুসন্ধান হওয়া দরকার এবং সেখানকার পারি-পার্শ্বিক অবস্থা যাতে উদ্বাস্তুদের বসবাসের অনুকূল হয় এবং উদ্বাস্তুদের মানসিকতা সেখান-কার অবস্থা যাতে গ্রহণ করতে পারে তার ব্যবস্থা হওয়া উচিত। তারপর, পশ্চিমবাংলায় যে

উদ্বাস্তুরা রয়েছে তাদের গৃহ নির্মাণের জন্য যে ঋণ দেওয়া হয়েছে তার একটা অংশ যে মকুব করার ব্যবস্থা হয়েছে এটা সুখের বিষয়। আমার বক্তব্য হচ্ছে উদ্বাস্তুদের গৃহ নির্মাণের জন্য যে ঋণ দেওয়া হয়েছে তার সমস্ত অংশটাই যেন মকুব করা হয়। এর কারণ হচ্ছে উদ্বাস্তুরা এদেশে আসার পর এমন কিছু স্বচ্ছল হয়ে উঠতে পারিনি যে সমস্ত ঋণ পরিশোধ করতে পারবে। শুধু তাই নয়, তাদের ক্ষুদ্র ব্যবসায়ী ঋণ যেটা দেওয়া হয়েছে সেটাও মকুব করা দরকার। আর একটা জিনিস হচ্ছে, তাদের এই ক্ষুদ্র ব্যবসায়ী ঋণ মাঝে মাঝে দেওয়া হয় বলে তারা উপযুক্ত ব্যবসা গড়ে তুলতে পারেনি—কাজেই এটা মকুব করা দরকার। তারপর আমার বক্তব্য হচ্ছে উদ্বাস্তুদের কৃষি জমি দেওয়া সম্ভবপর নয় এবং সেকথা বহুবার এই সভায় আলোচিত হয়েছে। কাজেই আমরা যদি শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে পারি তাহলে সেখানে হয়ত তাদের পুনর্বাসন সম্ভবপর হতে পারে।

[4-10—4-35 p.m.]

এই প্রসংগে একটা কথা বলতে চাই পূর্ববাংলার যে উদ্বাস্তু ভাইবোনেরা পশ্চিম বাংলায় এসেছে তারা কৃষি ভিত্তিক অর্থ নীতি থেকে পশ্চিমবাংলায় এসে পৌঁছেছে এবং তাদের মধ্যে অধিকাংশ চাষের উপর নির্ভরশীল ছিলেন। সুতরাং হঠাৎ এসে তাদের পক্ষে শিল্প করা সম্ভব নয়। তাই পশ্চিমবাংলার যে সমস্ত এলাকা উদ্বাস্তু অধ্যুষিত এলাকা সে সমস্ত এলাকায় কি কি ধরনের শিল্প হতে পারে তা একটা সমীক্ষা নেওয়া প্রয়োজন। এবং তা নেবার সংগে সংগে সরকারের সাহায্যে সেখানে নূতন শিল্প গঠন করা প্রয়োজন। আমি আর একটি দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে শেষ করবো। দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমায় মাটিগাড়া বলে একটা উদ্বাস্তু কলোনী আছে সে কলোনীর একটা বিরাট অংশ জাতীয় সড়ক করবার জন্য সরকার দখল করেছেন তার ফলে কিছু সংখ্যক উদ্বাস্তু সেখান থেকে সরে যেতে বাধ্য হয়েছে। উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে ঋণ সে ঋণের বোঝা তাদের উপর রয়েছে কিন্তু তাদের ক্ষতিপূরণের টাকা তারা এখনও পায় নি। এটার দিকে একটু দৃষ্টি দিতে বলবো। উত্তর বাংলায় যে সমস্ত কলোনী হয়েছে সে সমস্ত উদ্বাস্তু কলোনীর উন্নয়ন হচ্ছে এবং তার জন্য সেখানে বাজার ইত্যাদি হয়েছে। কিন্তু ছোট ছোট কুটির শিল্প যাতে তারা গঠন করতে পারে সেজন্য বিদ্যুৎ শক্তি উদ্বাস্তু কলোনীতে আজ পর্যন্ত দেওয়া হয়নি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমি এই ব্যয় বরাদ্দে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[At this stage the House adjourned for 20 minutes]

[After adjournment]

[4-35 —4-45 p.m.

Shri Sailendra Nath Adhikary:

উপাধ্যক্ষ মহাশয় আজকে শ্রীমতী মাইতি যখন তাঁর বাজেট পড়ছিলেন তখন তাঁর সমস্ত কথাগুলো আমি খুব ভাল ভাবে শুনেছিলাম। তিন বৎসর ধরে ঠিক একই ধরণের কথা আমরা একই ভাবে তার কাছ থেকে শুনে আসছি এবং তিন বৎসর বাদে আমাদের এখানে দাঁড়িয়ে একই কথা বলতে হচ্ছে। হিন্দু শাস্ত্রে একটা কথা আছে নারী ও গরু অবোধ্য, আমি অবশ্য শাস্ত্রের সে কথা মানিনা, কারণ আজকাল নারীরা মন্ত্রী হচ্ছেন তাঁদের সমান স্বাধীনতা সে দিক থেকে যখন সমান অধিকার আছে তখন আমাদের ভাষার অধিকার তাকে বরদাস্ত করতে হবে। আজকে উদ্বাস্তু বাজেট সম্বন্ধে আলোচনা করতে গেলে আমাদের প্রথমে চোখের সামনে পড়বে সেই সমস্ত লক্ষ লক্ষ মানুষ যারা আজকে পশ্চিমবাংলায় এবং এর বাইরে তিলে তিলে সরকারের দ্বারা মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। এই উদ্বাস্তু বলতে তাদের বোঝায় যারা একদিন স্বাধীনতার মূল্য হিসাবে নিজেদের দেশ ছেড়ে পশ্চিমবাংলায় এসে কুকুর-শেয়ালের চেয়ে অধম ভাবে জীবনযাপন করছে। আমি উদ্বাস্তু শিবিরে কয়েকটা জায়গায় গিয়ে এটা দেখেছি যে হতভাগ্য লোকগুলো যদি উদ্বাস্তু না হয়ে হরিণঘাটায় গরু হয়ে থাকতো তাহলে বোধ হয় এদের জীবনযাত্রা

ভালই হতো। আজকে গরুর জন্য যে টাকা এবং সুযোগ সুবিধার এ'রা ব্যবস্থা করেছেন সে-রকম যারা রক্ত দিয়ে স্বাধীনতা এনেছে সে উদ্বাস্তুদের জন্য তাদের বিন্দুমাত্র চিন্তা নেই। এর আসল কারণ হচ্ছে যে কংগ্রেস গভর্নমেন্ট এই উদ্বাস্তু সমস্যা টাকা, আনা, পয়সা সমস্ত হিসাব দেখলেই বোঝা যাবে হিউ ম্যান এন্ড হিউম্যান এ্যাপ্রোচ এটা হচ্ছে সমস্ত সমস্যার মূল্য। সেই হিউম্যান এন্ড হিউম্যান রাইট-এর দিকে তাঁরা যাননি আজকে সেজন্য দেখছি নূতন করে যারা মাইগ্রেটস্ হয়ে আসছে তাদের পশ্চিমবাংলায় জায়গা নেই তাদের দণ্ডকারণ্যে পাঠান হচ্ছে। দণ্ডকারণ্য থেকে কয়েক হাজার ফ্যামিলি এসেছে তারা বলে সেখানকার অবস্থা কিছুই নেই। অনারেবল মোনমোহন দাস নিজে গিয়ে দেখে এসেছেন তাদের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল আজকে ৩ বৎসর বাদে রায়পুরে সে প্রতিশ্রুতি পালিত হয়নি আজকে ধুবুলিয়ার অবস্থা দেখছি যে সেখানে এ্যাডমিনিস্ট্রেশন ফেইল হয়ে গেছে সেখানে যারা বাস করছে তাদের তণ্ডুল পর্যন্ত নেই। আপনি জানেন যে সেখানে গ্রুপ লিডার বলে একটা পদ্ধতির সৃষ্টি হয়েছিল এবং সেখানের উদ্বাস্তুদের সেটা দেওয়া হয়েছিল যে গ্রুপ লিডার সরিয়ে নিয়ে সেখানে টেন্ডার দিয়ে কনট্রাকটারকে কাজ দেওয়া হচ্ছে এবং উদ্বাস্তু যুবকদের সেখান থেকে সরিয়ে নেওয়া হয়েছে। এটাই হচ্ছে এই দপ্তরের একটা মস্ত বড় অনাচার। এই ডিপার্টমেন্ট-এ যে কিরূপ অপচয় হয় তার হিসাব দিচ্ছি। এই ডিপার্টমেন্ট-এর অপচয়ের অঙ্ক বাড়িয়ে উদ্বাস্তু-দের পার ক্যাপিটা এত টাকা দিচ্ছি এই বলে গর্ব অনুভব করেন কিন্তু আমি একটা কথা বলবো যে শ্রীমতী মাইতির দেশ মেদিনীপুরের হিজলীর কাছে তাল বাগিচা বলে একটা জায়গা আছে। আমরা এককালে হিজলী ক্যাম্পে ছিলাম তখন তাল বাগিচা দেখেছি। এটা এমন একটা জায়গা যে এর ১০০ ফুট নীচেও জল পাওয়া যায় না, অথচ এখানে কৃষি উদ্বাস্তুদের জন্য ব্যবস্থা হলো। শ্রীমতী মাইতি ফেবারিট একজন জমিদারের জমিগুলি এভাবে বিক্রি করে তাকে কিছু টাকা দেবার ব্যবস্থা করা হয়। সেখানে ৩০০ পরিবার নিয়ে যাওয়া হল অথচ তারা সেখানে জল পেল না এবং কয়েক লক্ষ টাকা খরচ হল এই ভাবে তাল বাগিচায় তাল থাকলো মানুষ থাকলো না। আবার স্কীম হল আরবান স্কীম এবং তাতেও আবার কয়েক লক্ষ টাকা ধ্বংস করা হল এবং উদ্বাস্তু পুনর্বাসন সেখানে হল না। ঠিক ওখানে আর একটা জায়গায় ৬ লক্ষ টাকা খরচ করে ৬টা পুকুর কাটা হয়েছে। এই যে পুকুর কাটতে যে খরচ হয়েছে ঐ ৬ লক্ষ টাকা তা উদ্বাস্তু ডিপার্টমেন্ট থেকেই। কিন্তু পুকুরে জল নেই ডাঙ্গা জমি এটাই হচ্ছে উদ্বাস্তু ডিপার্টমেন্ট-এর অর্থের অপচয়ের আর একটা প্রমাণ। তারপর আজ থেকে ১ বৎসর আগে পূর্ব পাকিস্তানে আয়ুব শাহীর ভয়ঙ্কর অত্যাচারে লক্ষ লক্ষ লোক চলে আসছিলো এই সমস্ত মানুষ গেছে এবং আশেপাশের ক্যাম্প-এ এসেছিল তখন আমি এবং কাশীকান্তবাবু সে ক্যাম্প দেখতে গিয়েছিলাম। মন্ত্রী মহাশয়ার বীর হৃদয় সেখানে গিয়ে মাড়োয়াড়ী রিলিফ সোসাইটিকে এদের চিড়ে, গুড় দিতে বারণ করে এসেছিলেন।

মন্ত্রী মহোদয়ার কি যুক্তি থাকতে পারে, যে মানুষগুলো, যে নারী যে শিশু ওখান থেকে চলে এসেছে—তারা নিজেরা দিতে পারিনি—মাড়োয়াড়ি রিলিফ সোসাইটি থেকে ক্যাম্প খুলে-ছিল সেগুলি তারা বন্ধ করে দিয়েছেন। ওখানে কেডিয়া বলে আছে—তাদের বলে দিয়েছেন যে ওরা সখ করে আছে এত বড় নির্লজ্জা, নিষ্ঠুরা এত বড় জাতির প্রতি দায়িত্বজ্ঞানহীন যে মন্ত্রী সেই মন্ত্রীর কাছে উদ্বাস্তু পুনর্বাসনের কোন কথা শুনলে পর হাসি পায় এবং বাগাড়ম্বর ছাড়া আর কিছুই নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটি কথা বলবো—এর আগে আমরা বলেছি যে আপনাদের ক্যাম্প সাইটে হাজার হাজার বিঘা জমি বিভিন্ন জায়গায় নেওয়া হয়েছিল ক্যাম্প করবার জন্য। আমার একটা নিজের ব্যক্তিগত কথা মনে আছে আমাদের জীয়াগঞ্জে সেই সময় স্বর্গত ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় তিনি ছিলেন মন্ত্রী তৎকালীন, তিনি গিয়েছিলেন সেখানে, আমিও সঙ্গে ছিলাম—তিনি সেখানে মন্ত্রী হিসাবে মিটিংয়ে বলেছিলেন মন্ত্রী হিসাবে যে এই ক্যাম্প সাইটে যারা উদ্বাস্তু আসবে তাদের পুনর্বাসন দেওয়া হবে। আমি জিজ্ঞাসা করি ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জির সেই প্রতিশ্রুতি গেল কোথায়—কেন আপনারা সেই প্রতিশ্রুতি রক্ষা করেন নি। আপনাদের লজ্জা করে না—আপনাদের যাঁরা আগেকার মন্ত্রী—তাঁদের কথা আপনারা রক্ষা করেন না—আর আপনারা বলেন সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিচ্ছেন না, অমুক দিচ্ছেন না—সেইজন্য উদ্বাস্তু পুনর্বাসন করতে চাচ্ছেন না। কেন সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেবেন না এ কথাটা আপনাদের কাছে জানতে চাই। সেন্ট্রাল গভর্নমেন্টের যে রাজস্ব তার অর্ধেকের মত

বাংলা দেশ থেকে দেওয়া হয়। সেন্ট্রাল গভর্নমেন্টের সমস্ত আয়ের ভিত্তি আজ বাংলা দেশের পাট চা এবং বিভিন্ন দ্রব্যের উপর নির্ভর করে আছে। আমি জিজ্ঞাসা করি আপনাদের মন্ত্রী সভা কি সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে জোর গলায় বলেছে—যদি তোমরা উদ্বাস্তুদের টাকা না দাও তাহলে আমরা মরটোরিয়াম ঘোষণা করবো। এই উদ্বাস্তুদের সম্বন্ধে আপনাদের নীতি সে কথা বলতে দেয় না, এবং তাই আজ আপনারা আমাদের কাছে কেবল কিছু মিঠে কথা বলে জাতিকে বিভ্রান্ত করতে চান। কিন্তু এই ব্যাপারে আপনারা ফেলিওর হয়ে যাচ্ছেন এই কথাটা আপনাদের স্মরণ রাখা উচিত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ক্যাম্প সাইটে রিহ্যাবিলিটিসন সম্বন্ধে আমরা বলেছিলাম এবং টাউনসিপ কাম ইন্ডাষ্ট্রি যদি ক্যাম্প সাইটে করে রিফিউজীদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোত তাহলে আজ হাজার হাজার পরিবার বাংলা দেশে থাকতে পারতো। কে বলে যে বাংলা দেশে জায়গা নেই। বাঙ্গালীর ছেলেকে আমাদের আত্মীয়স্বজনকে জায়গা দেবার জন্য আমাদের ঘর আছে—ঘরের অর্ধেক পর্যন্ত আছে। আপনারা এইভাবে বাঙ্গালীর উপর এ্যাসপারসন দেন কেন। সেই সমস্ত ক্যাম্প সাইট যদি আপনারা দেখেন সেগুলি পড়ে আছে সেখানে এক্স ক্যাম্প রিফিউজীরা না খেয়ে মরছে এবং নূতন মাই-গ্রান্টরা ঘুরে বেড়াচ্ছে যাযাবরের মত। অথচ সেখানে টাউনসিপ কাম ইন্ডাষ্ট্রি গঠন করা হচ্ছে না। আজ কর্মীতলা ক্যাম্প, ধুবুলিয়া, পানাগড় ক্যাম্পে হাজার হাজার বিঘা জমি আছে সেখানে যদি করা হোত তাহলে দেখতেন যে বাংলা দেশের চেহারা বদলে যেতো। বাংলা দেশে একটা ইন্ডাষ্ট্রিয়াল রেভলিউসন আসতো এবং বাংলা দেশের বেকার সমস্যার সমাধান হোত—বাংলা দেশের এই যে রিফিউজী ফেমিলীর পুনর্বাসন হোত। কিন্তু তা না করে এই মন্ত্রীসভা যারা দেশকে ভাগ করেছে যারা জাতিকে অপমান করেছে বিভিন্ন ভাবে এই কংগ্রেসী মন্ত্রীসভা তারা উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করে—তাদের যেখানে সেখানে ব্যবহার করবার জন্য তারা যততত্র যেসব কথা বলে আজকে শুনলে অবাক হয়ে যাবেন যে সেই সমস্ত কথা তারা পুস্তকাকারে বলে বেড়াচ্ছেন। তারা বলেন আমরা অমুক কাজ করেছি তমুক কাজ করেছি উদ্বাস্তুদের জন্য। সেই সব জায়গায় গিয়ে দেখুন কি কাজ হয়েছে, আপনারা বুকে হাত দিয়ে বলুন ফলটা কি পেয়েছেন। আর একটা কথা আমি আপনার সামনে বলবো যে পশ্চিমবঙ্গে পদ্মা নদী ছিল—সেই পদ্মা নদী আমাদের সমস্ত পশ্চিমবঙ্গের সীমানা রেখা ১৯৫৮ সালে নেহেরু-নুন চুক্তির পর সেই পদ্মা নদী পাকিস্তানকে দেওয়া হোল, পাকিস্তানকে আমাদের ভূমি দেওয়া হোল এবং সেই নদী দেওয়া হোল যার ফলে ২০ হাজার উদ্বাস্তু পরিবার যারা মৎস্যজীবী পরিবার তারা তাদের ঘর হারিয়েছে জীবিকা হারিয়েছে—তারা আজ পথে পথে ঘুরে বেড়াচ্ছে। তাদের সম্বন্ধে আমরা বার বার বলেছি কিন্তু সে সম্বন্ধে কোন কাজই তারা করতে চান না। যে সমস্ত সাঁওতাল উদ্বাস্তু এসেছে আজ আমার জায়গায় দেখেছি কুসুমতলা বিধান নগর তাদের ঘরবাড়ী নেই—তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা করা হয়নি।

[4-45—4-55 p.m.]

আমি শেষ কথা বলছি যে যে সমস্ত নূতন উদ্বাস্তু আসছে—তাদের আপনারা কিভাবে গণ্য করছেন। আপনারা বলছেন মাইগ্রান্ট, রিফিউজী বলবার সাহস নেই—কারণ আজ যদি রিফিউজী বলেন তাহলে আপনাদের কিছু দায়িত্ব এসে পড়ে। কাজেই মাইগ্রান্ট বলে এদের অবহেলায় ফেলে রাখবেন একথা আমরা আর সহ্য করবো না। ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে প্রফুল্লবাবু তাঁর রেডিও বক্তৃতায় বলেছিলেন যাঁরা নূতন উদ্বাস্তু এসেছেন তাদের চাকুরীবাকুরী দেওয়া হবে—কিন্তু হাজার হাজার মাইগ্রান্ট তার পরে সিটিজেনসিপ সার্টিফিকেটের জন্য দরখাস্ত করেছে—তাদের সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। বলা হচ্ছে যে উপর থেকে বন্ধ হয়ে আছে। কোথায় তাদের জীবিকার সুযোগ দেওয়া হচ্ছে? কাজেই আমি বলবো মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বাজেট এই বাজেট রক্তের মধ্য দিয়ে ক্রন্দনের মধ্য দিয়ে এসেছে, এই বাজেট অত্যন্ত পরিহাসের মধ্য দিয়ে এসেছে, এই বাজেটকে যদি আমরা ধিক্কার না দিই যদি এর বিরোধিতা না করি তাহলে আমরা আমাদের জাতির কাছে ভারতবর্ষের কাছে আমাদের পূর্বতনসূরীদের কাছে দায়ী হয়ে থাকবো—তাদের কাছে আমাদের জবাবদিহি করতে হবে। সেইজন্য এই যে নির্মম বাজেট এসেছে এর আমি বিরোধিতা করছি।

Shri Adwaita Mandal :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতবড় উদ্বাস্তু সমস্যার আজও সমাধান হোল না—ভারত সরকার এ বিষয়ে ব্যবস্থা গ্রহণে অনিচ্ছুক—তা সর্বজনবিদিত। দৃঢ়তার সংগে ভারত সরকারকে উদ্যোগী করানো পশ্চিমবাংলা সরকারের উচিত ছিল। কিন্তু সরকার তা সাহস করেন নি। কারণ কেন্দ্রীয় সরকারের হাতে তাদের প্রাণটিমাছের প্রাণ। পশ্চিমবাংলা সরকারের এ বিষয়ে যতদূর ব্যবস্থা করার দরকার ছিল সরকার এ বিষয়ে উদ্যোগহীন। এই সমস্যা সমাধানে বিহারের বাংলা ভাষী অঞ্চলগুলি প্রয়োজন। ভাষা ভিত্তিক প্রদেশ গঠনের নীতি বিজ্ঞানসম্মত এবং তা মেনে নিয়ে রাজ্য কমিশনও কেন্দ্রীয় সরকার চৌর্য বৃত্তি করেছেন—বাংলাকে বঞ্চিত করেছেন এবং পশ্চিমবাংলা সেই ষড়যন্ত্রে যুক্ত হয়েছে। কিন্তু বিহারের সমস্ত বাংলা ভাষী অঞ্চল পশ্চিমবাংলায় ফেরৎ আনার জন্য আজ সরকারের আন্দোলন করার দরকার ছিল পুনর্বাসনের জন্য—তাহলে বাংলা ভাষীরা নিজের রাজ্যে, সমাজে থাকতো—তাদের সাংস্কৃতিক ও অন্যান্য উন্নতি হোত এ বিষয়ে আমাদের প্রস্তাব সরকার গ্রহণ করেন নি। আমরা প্রস্তাব করেছি পুরুলিয়া জেলার ফাঁকা অঞ্চলগুলিতে শিল্প নগরী করে উদ্বাস্তুদের বসান হোক তাতে কয়েক লক্ষ উদ্বাস্তু বসানো যেতো এবং কেন্দ্রকেও সাহায্য দিতে বাধ্য করানো যেতো। কিন্তু সরকার এ বিষয়ে কর্ণপাতও করেন নি এবং তাদের অসুবিধাটা কি তাও জানান নি। জনগণের সরকার—জনমতকে গ্রাহ্য করেন না—এবং যা যোগ্যতা থাকলে গ্রাহ্য করা যায় তাও সরকারের নেই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে এই মন্ত্রীমণ্ডলীর কাছে দাবি করছি যে উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যা নিয়ে বিহারের বাংলা ভাষা-ভাষী অঞ্চলগুলি যেমন সিংভূম জেলার ধলভূম এবং ধানবাদ সাবডিভিসান এগুলির জন্য যদি আমরা আন্দোলন করি বা এই সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করে, বিহার সরকারের কাছ থেকে এই বাংলা ভাষা-ভাষী অঞ্চলগুলি যদি পশ্চিমবাংলায় যুক্ত হয় তাহলে বাংলাভাষী উদ্বাস্তুরা তাদের নিজেদের সমাজ তৈরী করতে পারবে এবং নিজের রাজ্য তৈরি করতে পারবে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ramendra Kishore Mallick :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ আমাদের সামনে সাহায্য ও পুনর্বাসন দপ্তরের মন্ত্রী মাননীয়া আভা মাইতি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন জানিয়ে আমি দু'একটা কথা বলব। আমি সর্ব প্রথমে হাউসে বলব যে আমি নতুন এসেছি, আমি বাইরের লোক, সেজন্য আশা করব হাউসের সদস্যরা আমার প্রতি সহানুভূতি রাখবেন। সাহায্য ও পুনর্বসতির ব্যাপারে মাননীয় মন্ত্রী মহোদয়া যে বাজেট রেখেছেন এই বাজেটে তিনি যা বলেছেন তা মন্দের ভাল। কেন না বাংলাদেশে তথা ভারতবর্ষে যেভাবে পুনর্বসতি হতে চলেছে সামান্য যে দৃষ্টান্ত আমরা দেখতে পাচ্ছি তাতে আমাদের সর্বদাই মনে হয় এর রূপ ভবিষ্যতে কোথায় গিয়ে দাঁড়াবে। কেননা পূর্ববাংলা থেকে যারা আসছে তদের আসার গতিবিধি, যাওয়ার গতিবিধি বসতির গতিবিধি এবং সেণ্টার থেকে চলে যাওয়ার গতিবিধি সমস্ত জিনিস উপলব্ধি করে আজ আমি এই কথা বলতে বাধ্য হচ্ছি। একথা অস্বীকার করলে চলবে না যে যখন পার্টিসান হয় তখন ভারত সরকার একথা চিন্তা করেই রেখে ছিলেন যে পূর্ববাংলায় যারা আছে তারা ভারতবর্ষে আসলে তাদের পুনর্বসতি হবে। আগেই আসুক আর পরেই আসুক তাদের পুনর্বসতি ভারতবর্ষে হবেই হবে। এই বিশ্বাস নিয়ে তাঁরা পার্টিসান করেছিলেন। না হলে সেদিনে পূর্ববাংলার যারা পার্টিসানে মত দিয়েছিলেন, ভারতবর্ষের যাঁরা নেতৃবৃন্দ বাংলাদেশের যাঁরা নেতৃবৃন্দ তাঁরা পার্টিস্থানে মত দিতেন না। এমন হৃদয়হীন, দায়িত্বহীন লোক ভারতবর্ষে নেই যাঁরা একথা মনে করেছিলেন পূর্ববাংলার লোক এ দেশে আসলে তাদের পুনর্বাসন হবে না। এই রকম লোক যদি থাকত তাহলে পার্টিসান হত না। কারণ, আমরা জানি একদল লোক টু-নেশান থিওরির উপর থ্রি-নেশান থিওরি করবার জন্য চেষ্টা করেছিলেন এবং আজ আমার একজন বন্ধু বলেছেন রিফিউজিরা কেন বারে বারে ধীরে ধীরে এখানে আসছে। এর প্রথম

এবং প্রধান অন্তরায় আমরা দেখতে পাই একদল লোক অন্তরাল থেকে জনসাধারণকে বিভ্রান্ত করছে—যারা এখানে আসছে তাদের বেশীর ভাগ হচ্ছে কৃষক শ্রেণী, তাদের বলা হচ্ছে যে তোমাদের যেতে হবে না আমরা পাশে আছি। আজ তাদের নেতা পশ্চিমবঙ্গে এসেছে, পশ্চিম-বঙ্গের সমস্ত রাজনৈতিক দল তাঁর পিছনে এসে দাঁড়িয়েছে। দুঃখের কথা পূর্ববঙ্গের লোক যাদের পরামর্শ দিলেন তারা এখনও সেখানে আছে, তারা দিশেহারা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে বলব যে পশ্চিমবঙ্গ সরকার তথা ভারত সরকার পুনর্বাসনের যে নিয়ম শৃংখলা করেছেন সেই নিয়মের ভেতর কতকগুলি জিনিস যেমন টাউন ছাড়া পল্লীগ্রামের মধ্যবিত্ত ক্লাস নিয়ে যে আর্বান স্কীম করেছিলেন সেই স্কীম তাঁরা কিছু করেন নি।

[4-55—5-5 p.m.]

আমি এ নিয়ে পশ্চিমবাংলার রিলিফ কমিশনারের সঙ্গে আলাপ-আলোচনা করেছি তিনি বলেছেন ভারত সরকার এখন করতে চাচ্ছেন না। আমি জানি একটা এগ্রিকালচারাল স্কীম হয়েছে, তার মধ্যে ট্যাঙ্কও আছে। রিলিফ কমিশনার আমার সামনে প্ল্যান এন্ড প্রোগ্রাম করেছেন কিভাবে সত্বর রিহ্যাবিলিটেশান হবে। কিন্তু সেখানে আজও পুকুর কাটানো হয়নি। এই কেন "হয়নি, সে প্রশ্ন যেরকম, তার উত্তরও তেমনি দু-রকম। এর একটি হচ্ছে এগ্রিকালচারাল ফ্যামিলি বসেছে, রিলিফ কমিশনারের সঙ্গে আলাপ-আলোচনা করে দেখেছি তিনি টাকা দিতে রাজি ছিলেন। আমিও নৈনিতালে ছিলাম—সেখানে স্থানীয় অফিসার তাদের সহযোগিতা নেয়নি। সেই টাকা ল্যাপ্স হয়ে যাবার জন্য পশ্চিমবাংলাকে টাকা দেন নাই। আমি অনুরোধ করবো একটা স্কীম আছে হাঁসখালি থানায় মুড়াগাছা গভর্ণমেণ্ট কলোনী সাড়ে আট হাজার টাকার স্কীম—ট্যাঙ্কের জন্য, উনি তার ফাইল ঘাঁটলে দেখতে পাবেন হাঁসখালি থানার পাশে মধ্যবিত্ত পরিবারদের নিয়ে একটা কলোনী তার নাম হচ্ছে গোবিন্দপুর গভর্নমেন্ট কলোনী। এখানে পাঁচশো মধ্যবিত্ত পরিবারকে পুনর্বসতি দেওয়া হয়। সেই গভর্ণমেণ্ট স্কীমে ছিল সেখানে হাসপাতাল হবে, বাজার হবে, পাকা রাস্তা হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়--সেখানে এখনো কিছু হয় নাই। তাই আমি বলবো পশ্চিমবঙ্গ সরকারের এ ব্যাপারে দায়িত্ব আছে, ভারত সরকার পুন-র্বসতির দায়িত্ব নিয়ে যে সমস্ত প্ল্যান ও প্রোগ্রাম করেছিলেন, সে সমস্ত যেন তাঁরা কার্যকরী করেন।

তারপর পাঁচবেড়িয়া কলোনী, একটা বিরাট ব্যাপার। সেখানে আট ইঞ্চি ব্যাসের পাইপের টিউবওয়েল আছে; সেখানেও রিফিউজি বসেছে। এ সম্পর্কে আমার শ্রী এ বি চ্যাটার্জী—সেণ্ট্রাল কমিশনারের সঙ্গে কথা হয়েছিল। এর আগে মাননীয় নিখিল দাস মহাশয় বলেছেন যে খান্না সাহেব এখানে প্রথম অফিস করেন। একথা ঠিক নয়। তার আগে ওখানে সেণ্ট্রাল গভর্ণমেন্টের অফিস ছিল এবং এ বি চ্যাটার্জী ছিলেন সেখানে কমিশনার আমি একথা বলতে চাই সেই পাঁচবেড়িয়া অঞ্চলে যেখানে ৮ ইঞ্চি ব্যাসের টিউবওয়েল বসেছে, সেখানে আখ খুব জন্মাত এবং সেই আখ দর্শনা মিলে সাপ্লাই করা হতো। এখন সেই টিউবওয়েলের জল রিফিউজিরা এগ্রিকালচারাল-এর কাজে লাগাতে এখন আনাতে পারে। অনেক রিফিউজি সেখানে বসেছে। এ সম্বন্ধে কমিশনারের সঙ্গে আমার কথা হয়েছিল। ওরা এখানে আখের চাষ করতে পারবে, ঐ টিউবওয়েল থেকে জল সরবরাহ করবে যদিও সেখানে কৃষিমন্ত্রী ডিপ টিউবওয়েল বসিয়েছেন। সেটা আগে বসান হয়েছে আমি চাই পশ্চিমবাংলা সরকার সেই টিউবওয়েল সেখানে রাখুন, জনসাধারণের ভেতর কো-অপারেটিভ করে সেই টিউবওয়েলের জলকে চাষের কাজে লাগাবার ব্যবস্থা করুন।

আর একটা সমস্যা আছে। যে সমস্ত গভর্ণমেণ্ট কলোনীতে কো-অপারেটিভ করা যাচ্ছে না, আমি বলবো ডি এম-কে বলে দিন সেখানে কো-অপারেটিভ করবার জন্য। এইজন্য আরো অসুবিধা হচ্ছে তাদের নিজস্ব ল্যান্ড নাই। আমি মন্ত্রীমহাশয়াকে বলবো--যতশীঘ্র সম্ভব রিফিউজিদের নিজস্ব জমি দিতে পারেন সেদিকে আপনি দৃষ্টি দিবেন। জমি যাতে নিজেদের নামে হয়, তার ব্যবস্থা করুন।

তারপর লোনের ব্যাপার। সরকার থেকে যে লোন দেওয়া হয়, সেটা ডিস্ট্রিক্ট ঘুরে যেতে খুব সময় লাগে। ফলে, যারা এগ্রিকালচারাল ফ্যামিলি যারা টাকার অভাবে সময় মত চাষ করতে পারে না, তাদের পক্ষে খুব অসুবিধা হয়। যখন টাকা গেল, তখন অনেক ক্ষতি হয়ে গেছে। কৃষকদের হাতে টাকা থাকে না। আর যখন টাকা থাকে, তখন ভবিষ্যতের কথা চিন্তা না করে অনেকে টাকা অপ্রয়োজনে খরচ করে ফেলে। যে সব এরিয়াতে এগ্রিকালচারাল গভর্ণমেণ্ট কলোনী আছে, তাদের প্রতি দৃষ্টি যেন সরকার রাখেন। তাদের নিজের জমি হলে তারা লোন নিতে পারবে সব জায়গায় কো-অপারেটিভ-এর মাধ্যমে লোকের লোন আছে। অথচ এদের কো-অপারেটিভ করবার ক্ষমতা নাই। যাতে এরা সময়মত লোনের সুযোগ সুবিধা পেতে পারে, সেদিকে যেন সরকার দৃষ্টি দেন।

[5-5—5-15 p.m.]

তাই স্যার তাদের যেন এই সুযোগ সুবিধা দেন। দ্বিতীয় কথা হচ্ছে যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের একটু দায়িত্ব যে সম্বন্ধে নেওয়া দরকার সেটা হচ্ছে এডুকেসান। আমি অনেক জায়গায় দেখেছি যে এগ্রিকালচারাল ৫০০ বা ১০০০ ফ্যামিলি আছে, কিন্তু জুনিয়ার হাই স্কুল করবার ক্ষমতা তাদের নেই প্রাইমারী স্কুল কতকটা সম্ভব। সেই জন্য আমি মন্ত্রীমহাশয়কে বলব যে এই সব দেখে যে সমস্ত অঞ্চলে বাস্তবিক রিফিউজি বেশী, নিজেরা বসেছে বা কলোনীতে গভর্ণমেণ্ট বসিয়েছেন তাদের প্রতি সরকারের দায়িত্ব আছে। কারণ, আমি জানি ইণ্ডিয়া গভর্ণমেণ্ট থেকে স্কুল কলেজের জন্য যথেষ্ট টাকা দিচ্ছেন এবং এ ব্যাপারে আমি নিজেও ভুক্তভোগী। এই জন্য আমি বলব যে তিনি এটা চেষ্টা করলে অতি সহজে হতে পারে। আর গভর্ণমেন্ট কলোনীর একটি মস্ত বড় ব্যাপার হচ্ছে টিউবওয়েল। সেগুলিকে যে সারবে আর কবে যে সারবে জানি না। এই টিউবওয়েলগুলি ৩।৪।৫ বছর অকেজো হয়ে পড়ে আছে। সেখানে একটা ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে। এই জন্য যাতে টিউবওয়েলগুলি সারা হয় সে জন্য আমি ব্লক ডেভেলপমেণ্ট অফিসারের কাছে যেতে তিনি বললেন যে এটা আমাদের ব্যাপার নয় এটা অন্য ডিপার্টমেণ্টের ব্যাপার। সেদিন দেখছিলাম জেলা পরিষদ বললেন একটা ডিপার্টমেন্টের পক্ষে করা মস্ত বড় মুস্কিল। সেই জন্য আমি অনুরোধ করবো যাতে এই সব টিউবওয়েলগুলি সারা হয় তার ব্যবস্থা করুন। আমার অনেক কিছু বলার ছিল কিন্তু যে অবস্থা দেখছি তাতে কিছু বলা যাবে না। তবে আমি দুটি কথা মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব সেটা হচ্ছে এই যে যেসব অঞ্চলে রিফিউজি বসেছে তা এগ্রিকালচারাল হোক আর মিডল ক্লাশই হোক সেখানকার লোকদের কলকাতায় এনে কিম্বা কল্যানীতে এনে বা হাওড়ার সুতা কলের কাজে না এনে যারা যে অঞ্চলে আছে তাদের সেই অঞ্চলে ছোটখাট কুঠীর শিল্প করে সেই জায়গাতে রাখা হোক। কলকাতার ভিতর আর লোক আনার প্রয়োজন নেই এবং কলকাতাতে লোক না আনিয়ে যে যে অঞ্চলের লোক তাদের সেই অঞ্চলে বসানোর ব্যবস্থা করা হোক। আমার আর একটি কথা হচ্ছে যে যারা রিলিফ এণ্ড রিহ্যাবিলিটেসান ডিপার্টমেণ্টে গভর্ণমেণ্টের চাকরী করছে তারা ১০।১২ বছর পুনর্বসতি না নিয়ে চাকরী করছে। পরে বিশ্বস্তসূত্রে জানতে পারলাম যে ৪ জনের চাকরী ছাঁটাই হয়েছিল যদিও মাননীয় মন্ত্রীমহাশয় আবার তাদের চাকরী দিতে চেয়েছেন। কিন্তু আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে এই কথা বলব যে এদের চাকরী ছাঁটাই হওয়ার আগে অন্য ডিপার্টমেণ্টে তাদের চাকরী দিয়ে তারপরে তাদের ঐ ডিপার্টমেণ্ট থেকে সরিয়ে নেবেন। এই কথা বলে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Monoranjan Bakshi:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমে আমার মনে পড়ে যে যখন দেশ ভাগ হয়, তখন যারা দেশের শাসনভার বহন করেন তাঁরা দেশের লোকের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আজকে যারা পূর্ববঙ্গের মানুষ তাদের সঙ্গে আমরা সমান ভাবে সুখ দুঃখে অঙ্গাঙ্গীভাবে জড়িত থাকবো। কিন্তু আজকে দীর্ঘ

দিন পরে আমরা দেখতে পাচ্ছি যে তাদের সুখে দুঃখে জড়িত থাকা তো দূরের কথা, তাঁরা যে শুধু সেই প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন তাই নয় তাঁদের কথা শুধু কথাতেই পর্যবসিত হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত পূর্ববঙ্গের ভাই ভগ্নী দিনের পর দিন এখানে এসে উপস্থিত হচ্ছে তাদের প্রতি এঁদের মোটেই সহানুভূতি নেই। শুধু তাই নয় আজকে পশ্চিমবঙ্গে পা দেবার সঙ্গে সঙ্গে তাদের বলা হচ্ছে যে তোমরা দণ্ডকারণ্যে যাও। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন এবং আমরা প্রত্যেকেই জানি যে পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে বহু জায়গা আছে সেখানে আমরা ইচ্ছা করলে পূর্ব-বঙ্গের ভাই বোনেদের জায়গা দিতে পারি। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন এই পশ্চিমবাংলার সুন্দরবনে ৩০।৪০ হাজার একর জমি আছে। সেখানে ইচ্ছা করলে সরকার প্রায় ১০ হাজার পরিবারকে পুনর্বসতি দিতে পারবেন এবং সেখানে পুনর্বাসন দিলে পর কৃষির উৎপাদন বৃদ্ধি পাবে এবং ধান চাষ ছাড়াও সেখানে আলু, পাট আরো অন্যান্য চাষের উৎপাদন বৃদ্ধি পাবে। কাজেই সেদিক দিয়ে এদের প্রতি সরকারের মোটেই উদারতার মনোভাব নেই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মুর্শিদাবাদ জেলায় কুর্মিটোলায় এবং বর্ধমান জেলার পানাগড়ে বহু উদ্বাস্তু আছে। সেই সমস্ত উদ্বাস্তুরা এখন যেখানে বাস করছে, সেই সমস্ত জমিগুলি যদি সরকার তাদের মধ্যে বৈধকরণ করে দেন এবং তারা যদি ঋণ পান তাহলে সেখানে শিল্প গড়ে উঠবার সম্ভাবনা আছে। সেদিকে সরকার মোটেই মন দেন না। শুধু তাই নয়, স্যার, আপনি জানেন যে যখন ঐ মেহেরচাঁদ খান্না কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন মন্ত্রী ছিলেন এবং যখন ডাক্তার রায় পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন সেই সময় তাঁদের মধ্যে কথাবার্তা হয়েছিল এবং কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী ডাক্তার রায়কে বলেছিলেন যে আমি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ সরকারকে উদ্বাস্তু ছাত্র ছাত্রীদের শিক্ষার জন্য টাকা দেব। কিন্তু আজকে দেখতে পাচ্ছি যে ডাক্তার রায় আর ইহলোকে নাই এবং পুনর্বাসন মন্ত্রী শ্রীমেহেরচাঁদ খান্না মহাশয় অন্য জায়গায় বদলি হয়ে গেছেন। কাজে কাজেই আজকে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের যিনি পুনর্বাসন মন্ত্রী শ্রীমহাবীর ত্যাগী তিনি সেই কথা ভঙ্গ করেছেন এবং পশ্চিমবাংলার তরফ থেকে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী শিক্ষা বাবদ ২ কোটি টাকা ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে অগ্রাহ্য করা হয়েছে। এর চেয়ে বেশী মর্মান্তিক আর কিছু হতে পারে না। কাজে কাজেই আজকে উদ্বাস্তু পরিবার দিনের পর দিন অত্যন্ত দুঃখে দিন কাটাচ্ছে এবং তাদের পুত্র কন্যা যারা এই ভারতবর্ষের ভাবী নাগরিক তাদের শিক্ষার দিক থেকে সরকার বঞ্চিত করেছেন। আমি মনে করি যে দীর্ঘ দিন যদি এইভাবে চলতে থাকে তাহলে ভাবী কালের নাগরিক যারা আজকে শিক্ষা দীক্ষা থেকে বঞ্চিত হচ্ছে অতি নিকট ভবিষ্যতে সেই সমস্ত উদ্বাস্তু ছাত্র ছাত্রী ঐ যে পুনর্বাসন মন্ত্রীমহাশয়ের আসন সেটা একদিন হয়ত নড়িয়ে দেবে এবং তাঁদের আসন ত্যাগ করাতে বাধ্য করবে। কাজে কাজেই উদ্বাস্তু ছাত্র ছাত্রীদের শিক্ষা কেন্দ্রীয় সরকারের জাতীয় দায়িত্ব, সেটার দিকে ওয়াকিবহাল হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে চাপ দেওয়া উচিত এবং আমরা জানি যে এই সরকার যদি মনে করেন পুনর্বাসন করবেন তাহলে তাঁরা করতে পারেন। সেদিকে তাঁদের মোটেই সে মনোভাব নেই। কাজেই আজকে শুধু কতকগুলি কথা দিয়ে, কতকগুলি কথার জাল বুনে শাক দিয়ে মাছ ঢাকা যায় না। কাজে কাজেই আমি মনে করি যে যদি তাদের পুনর্বাসন করতে চান, উন্নতি করতে চান, তাদের বাঁচিয়ে রাখতে চান তাহলে সত্যিকারের মানবিকতা বোধ নিয়ে অগ্রসর হবেন। আমি প্রার্থনা জানাবো যে আজকে মানুষকে বাঁচিয়ে রাখবার জন্য যেখানেই হোক তারা বাংলাদেশেই হোক আর ভারতবর্ষেরই হোক, আমরা চাই যে আমাদের মনের সঙ্গে আমাদের মাটির সঙ্গে এক সঙ্গে বাস করবো। সর্বশেষে আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো তাদের বাঁচিয়ে রাখবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যেন চাপ দেন। এই কথা বলে আমি এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Khagendra Kumar Ray Choudhury:

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে এই উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রীর কাছে কয়েকটি দাবির জন্য কয়েকবার দরবার করেছিলাম তার ইতিহাস সভার কাছে এবং মাননীয়

সদস্যদের কাছে রাখবো এবং এর থেকে সভ্যা সভ্যারা বুঝতে পারবেন যে উদ্বাস্তুদের প্রতি আপনাদের দরদটা কতখানি। বিশেষ করে আমি আমার কনস্টিটিউয়েন্সিতে যে স্কোয়াটারস কলোনী আছে যাদবপুর থানাতে সেই বিষয়ে আমার বক্তব্য সীমাবন্ধ রাখবো। সেই এলাকায় শুধু একটি ইউনিয়নে ৭৫ হাজার লোক বাস করে। হালতু ইউনিয়নের বাঁশদ্রোনীতে ৪৫ হাজার লোক থাকে। এ'দের তরফ থেকে যতগুলি টিউবওয়েল হয়েছিল কয়েকটি বাদে প্রায় সমস্ত টিউবওয়েল নষ্ট হয়ে গেছে। আমি এ'দের কাছে টিউবওয়েলের জন্য গিয়েছিলাম। কথা বার্তায় বোঝা গেল যে একটি টিউবওয়েলও পাওয়া যাবে না। শুধু একটি কথা না, না। তারপরে রাস্তা ঘাট তো কিছুই নেই। ওঁরা বললেন যে রাস্তা ঘাট পাওয়া যাবে না। তারপরে আমি ওঁদের কাছে বিশেষ করে বাঁশদ্রোনী ইউনিয়নে যে এ্যালুমিনিয়াম হাট করা হয়েছিল, এবার কিছু এ্যালুমিনিয়াম হাট রিপ্লেসমেণ্ট হয়েছিল—রিপ্লেসমেণ্ট হতে হতে বন্ধ হয়ে গেল। প্রফুল্লবাবু যখন পুনর্বাসন মন্ত্রী ছিলেন তাঁকে আমি চিঠি লিখে জানিয়েছিলাম যে এই এ্যালুমিনিয়ামের হাটগুলি কি হবে। উনি জানালেন এবার নূতন করে আমাদের এস্টিমেট হচ্ছে, খরচ বেশী হয়ে গেছে জিনিসপত্রের দাম বেড়ে গেছে। আর আমাদের পুনর্বাসন মন্ত্রী জানালেন নট হয়ে গেছে। তিনটি না, না, না, না। আমি গিয়ে বললাম আপনারা কি বিরোধিদলের কনস্টিটিউয়েন্সিতে দেবেন না? উনি বললেন না ভাই, তা কেন ভাই। কিন্তু এতো ভাই বললে কাজে লাগছে না। টিউবওয়েলের নাম গন্ধ নেই, আর এই ভায়েতে আমাদের লাভটা কি?

[5-15—5-25 p.m.]

তিনি আমাকে অনেকবার বললেন ভাই, ভাই, কিন্তু কিছু না করলে এত ভাই বলে লাভ কি? তিনি ভাল ব্যবহার করেছেন কোন সন্দেহ নাই। আমি ব্যক্তিগতভাবে তাঁকে কিছু বলতে চাই না। কিন্তু মোট দেখা গেল কোনটাই হবে না। অথচ রোজ উঠতে বসতে শয়নে স্বপনে উদ্বাস্তু ভাইদের জন্য তাঁর দরদের অভাব দেখি না। যখনই বক্তৃতা করেন তখনই উদ্বাস্তু ভাই বলে একবারে চোখের জলের বন্যায় ভাসিয়ে দেন। সেই চোখের জলের বন্যা সামলাতে বোধ করি আমাদের জান গেল। এখন এক এক করে দেখা যাক। প্রথম হচ্ছে স্কোয়াটার্স কলোনী—কত রকম টাল বাহান করে ঝুট ঝামেলা করে তারপর অর্পণপত্র দিতে সুরু করেছেন, অর্পণপত্রে ওঁরা স্বীকার করলেন তোমরা ওখানে থাকতে পার, কিন্তু টাইটেল দিচ্ছেন না কেন? যদি না দেন কতদিনে দেবেন, কাদের দেবেন, কিভাবে দেবেন, এটা দেশের লোকের জানা দরকার। সবচেয়ে মজার কথা, যে সমস্ত কলোনী রিকুইজিশন করেছেন বলে ঘোষণা করেছেন, বিশেষ করে চিত্তরঞ্জন এবং বাঘা যতীন কলোনী, তার বহু প্লট কি রহস্যজনক কারণে জানিনা একুইজিশন হল, তার মধ্যে কিছু কিছু প্লট দ্বীপের মত একুইজিশন হলনা, সেখানকার লোক আমাকে জানাল ব্যাপারটা কি, অকল্যাণ্ডে লোক গেল জানতে ব্যাপারটা কি তাতো বুঝা যাচ্ছে না। বুঝা যাচ্ছে ওদের দপ্তরের সঙ্গে জমির মালিকের সম্পর্কের উন্নতির ফলে সেসব প্লটগুলি একুইয়ার করা হয়নি, কেননা বিক্রী করলে বেশী দাম পাওয়া যাবে। সুতরাং কোন ছুঁতো নাতায় যত প্লট বাদ দিতে পার চেষ্টা কর, অথচ এ'রা বলে বেড়াচ্ছেন সম্পূর্ণ কলোনী রিকুইজিশন হয়ে যাচ্ছে। তারপর টাইটেল সম্বন্ধে আমার ব্যক্তিগতভাবে কিছু বলার আছে। এ'রা বলছেন পুনর্বাসন হবে, কি রকম? উদ্বাস্তুরা টাকা দেবে। তারা ডেভেলপমেণ্ট খরচ দেবে। পুনর্বাসন ওঁরা তাহলে করলেন কিছু বুঝতে পাচ্ছি না। ওরাই তো সমস্ত করলো, জমি দখল করেছে তারা, বন কেটে সমস্ত ঘর বাড়ী তৈরী করেছে তারা, অথচ ওঁরা বললেন পুনর্বাসন করেছি আমরা। ওঁদের মন্ত্রীদের গর্বের ঠেলায় রোজই আমাদের প্রাণ বেরিয়ে যায়, ওঁরা রোজই বলেন গর্ব অনুভব করেন, সেদিন প্রফুল্লবাবু গর্ব অনুভব করলেন, উনিও গর্ব অনুভব করবেন কিনা জানিনা, তবে আমার বক্তব্য হচ্ছে—টাইটেল দেবার সময় সত্যিকার উদ্বাস্তু যারা নিঃস্ব হয়েছেন সেই নিঃস্ব মানুষের কথা যেন তিনি ভাবেন। এরা জমির দাম দেবে কোথা থেকে? এটা কি তিনি ভেবেছেন? যাদের ক্ষমতা আছে, পাকা বাড়ী বানিয়ে আছে তাদের কাছ থেকে নিন, কিন্তু যাদের টাকা দেবার ক্ষমতা নাই সেই জমি জমির মালিকদের হাতে তুলে দিচ্ছেন এবং তাদের বলবেন জমি আপনাদের নিয়েছিলাম এবার ফেরৎ দিলাম এবং অনেক

অন্য অবস্থায় ফেরৎ দিলাম, এই জমির দাম অনেক পাবেন, আমরা গভর্ণমেণ্টের পক্ষ থেকে, আপনার জমির উন্নতির ব্যবস্থা করেছি। সেজন্য আমি মন্ত্রীমহোদয়ার কাছে দাবী করি টাইটেল দেবার সময় সত্যিকারের উদ্বাস্তুদের সমস্ত জমির জন্য যে টাকা ধার্য করেছেন, সেই জমির ডেভেলপমেণ্ট কস্ট দেবার সঙ্গতি তাদের আছে কিনা।

তারপর এ্যালুমিনিয়াম হাট সম্বন্ধে তিনি বলেছেন, আমাদের ইচ্ছা ছিল, তো, সে ইচ্ছা পূরণ হল না কেন? ভারত সরকার বলেছেন আমরা নূতন করে টাকা স্যাংশন করবো না। এ এক ভাল কায়দা হয়েছে। দেশের লোককে বিভ্রান্ত করার জন্য যখনই নিজেরা কোন কিছু করবেন না তখনই ভারত সরকারের উপর দায়িত্ব চাপিয়ে দেবেন। আমি ওখান থেকে বিভিন্ন এম পি মারফৎ শুনেছি ভারত সরকার এই রকম কিছু পরিকল্পনা পাঠাননি। অথচ রোজই বলেন পরিকল্পনা করেছি, টাকা চেয়েছি ভারত সরকার গ্র্যান্ট করছেন না তাই কিছু করতে পাচ্ছি না। মিছে কথা, অসত্য কথা। আপনারা কিছু করছেন না কেন ও'কে জিজ্ঞাসা করেছিলাম, উত্তর দিলেন উদ্বাস্তুদের ভোটতো আপনারাই পেয়েছেন। প্রফুল্লবাবু দাঁড়িয়ে বলেন আমরাও পেয়েছি। এত বড় ঝামেলার ব্যাপার হয়ে দাঁড়াল, আপনারা যতদিন ভোট পাবেন না ততদিন কি উদ্বাস্তুদের জন্য রাস্তাঘাট কিছুই করবেন না? কোন বছর উদ্বাস্তুদের এলেকার ভোট পাবেন তারপর তাদের জন্য করবেন, ততদিন কি উদ্বাস্তুদের জন্য সমস্ত উন্নয়নমূলক কাজ বন্ধ থাকবে? আপনার কাছে আমি আবার জানাচ্ছি, গত বাজেটের সময়ও বলেছি যে ১০৫ ডিগ্রী থেকে ১০৭ ডিগ্রী গরম হয় যখন, তখন সেখানে কি মানুষ বাস করতে পারে? উনি অবশ্য বুঝতে পরিবেন না, কেননা তিনি তো ঠাণ্ডা ঘরে থাকেন। একজন বললেন মহিলা বলে ধারণা হয়েছিল তিনি অন্য রকম হবেন। রাজনীতির কাছে মহিলা পুরুষ কিছু নাই, দলবাজী করলে মহিলা পুরুষে কোন ভেদাভেদ থাকে না, এটা আমাদের সম্যক জ্ঞান আছে। তারপর রাস্তাঘাটের কথা। আপনারা কি সমস্ত হালতু এলেকায় রাস্তাঘাট করবেন না? আর্গুমেণ্টটা কি? এটা সি এম পি ও-এর সঙ্গে ট্যাগ হয়েছে, হলোতো কি হয়েছে? কলকাতার রাস্তার জন্য লোক ১০ বছর অপেক্ষা করতে পারে, কিন্তু অন্য জায়গায় মানুষের বাঁচতে গেলে যে ন্যূনতম প্রয়োজন সে ব্যবস্থা তো করতে হবে। যেখানে কিছু আছে তাদের অপেক্ষা করতে বলতে পারেন, কিন্তু তাদের অপেক্ষা করতে বলবেন কি করে যেখানে কিছু নেই? তাদের কি জল দেবেন না? রাস্তা দেবেন না? কোন হাসপাতালের ব্যবস্থা করবেন না? সি এম পি ও-এর ট্যাগড হয়েছে বলে কি আমাদের কিছু করার নাই? আমরা বুঝি এগুলি ছলনা ছাড়া আর কিছু নয়, এটা ষড়যন্ত্রমূলক ব্যবহার, কি কংগ্রেসকে ভোট দাওনি, তাহলে দেখিয়ে দেব, কংগ্রেসকে যদি ভোট না দাও তাহলে রাস্তা হবেনা, কি চমৎকার সংস্কৃতি, গণতন্ত্রের কথা এ'রা বলেন,—গণতন্ত্রের প্রতি এদের কতখানি আস্থা সে সম্বন্ধে আমাদের যথেষ্ট জ্ঞান আছে, কিন্তু গণতন্ত্রের কথা আমি ছেড়ে দিলাম, একটু রাস্তা দিননা, তাতে তো কংগ্রেসের চলবে, তাতে কি অসুবিধা হবে? চাই কি রাস্তা দিলে পর ইলেকশনে জিততেও পারেন। রাস্তা দিলে টিউবওয়েল দিলে জিততেও পারেন। শেষ পর্যন্ত পরামর্শ দিয়েছিলেন যদি কিছু কণ্ট্রিবিউটারী স্কীমের পরিকল্পনা দিতে পারেন তাহলে আমরা চেষ্টা করে দেখতে পারি। কতদিন আপনি চেষ্টা করবেন? কণ্ট্রিবিউশন দেবার ক্ষমতা আছে? তাহলে কি তারা অন্য লোকের জমিতে গিয়ে বসে? এটাতো সাধারণ জ্ঞান। এটা আমি জানি যে এই যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তাতে উদ্বাস্তুদের জন্য কিছু করার নয়, অন্ততঃ কয়েকবার দরবার করে একথাই আমার মনে হয়েছে। এবং আপনারা কিছু তাদের জন্য করবেন এই বিশ্বাস আছে এমন বেকুফ ঐ বেঞ্চে কেউ আছে কিনা জানিনা কিন্তু এ বেঞ্চে কেউ নাই। তাহলে কোন্ জায়গায় দেবেন? যদি কোন জায়গায় কিছু কংগ্রেসের লোক জুটাতে পারেন তাহলে তাঁরা হয়ত নড়ে চড়ে দেখতে পারেন। তার আগে কিছু করবেন না। তা নাহলে কোন মানুষের যার এতখানি মনুষ্যত্ব বোধ আছে, যার মানুষের ন্যূনতম প্রয়োজন সম্বন্ধে এতটুকু জ্ঞান আছে, যেখানে জল হলে কোমর পর্যন্ত ভেসে যায় সেখানে রাস্তা দেবেন না? সি এম পি ও যদি ১৫ বছর পরে কোন কাজ করে তার জন্য অপেক্ষা করবেন? কারণটা বুঝি, তাঁরা এই পলিসি নিয়ে চলেছেন। আমি অন্য দিকে আর বিশেষ কিছু বলবো না। আমি আবার বলছি আপনারা এই কাজগুলি খারাপ করছেন, এটা দলবাজী ছাড়া আর কিছু নয়। রোজ রোজ বলছেন বিরোধীদলের লোকেরা সুযোগ নিচ্ছে, কিন্তু আপনারা সুযোগ

দিচ্ছেন কেন? কেন রাস্তা বানিয়ে দিলেন না, রাস্তা করে দেন কেউ সুযোগ নেবে না, টিউবওয়েল করে দেন কেউ সুযোগ নেবে না, আপনারা পরের ইলেকশনে ব্যালট বাক্সে ভোটের আশায় থাকছেন কেন? বাংলাদেশের সমস্যার কথায় আসছেন না জাতীয় সমস্যার কথা নিয়ে ভাবছেন, একটু আগে ঐ বেঞ্চ থেকে ঠাট্টা করে বললেন, জাতীয় সমস্যা নয়, আন্তর্জাতিক সমস্যা, বোধ হয় ইউ এন ও-তে তুলতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী কি গর্ব করেন জানিনা, শুধু এটাই বলি এতে খুব ভোট আপনাদের বাড়বেনা, চেষ্টা করে দেখতে পারেন, ১৯৫২ সালে দেখেছেন, '৫৭ সালে দেখেছেন, '৬২ সালে দেখেছেন, '৬৭ সালে আর একবার দেখতে পারেন, আপনারা যতই টিউবওয়েল বন্ধ করুন, রাস্তা বন্ধ করুন, সেখানকার লোক জোড়া বলদে ভোট দেবে না।

Shri Brindaban Chattopadhyay:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় উদ্বাস্তু মন্ত্রী যে বাজেট এখানে উত্থাপন করেছেন মঞ্জুরীর জন্য আমি তাকে সমর্থন করছি। কিছুক্ষণ আগে আমাদের বিরোধী পক্ষের বন্ধু নিখিল দাস এবং শৈলেন অধিকারীর বক্তৃতা আমি শুনলাম তাঁরা বললেন ১৮ বৎসর ধরে আজ পর্যন্ত উদ্বাস্তু বিভাগের কোন কাজ হয়নি দু-একটি কংগ্রেসী এলাকায় স্কুল ছাড়া এবং শৈলেন বাবু বললেন আমরা উদ্বাস্তুদের নিয়ে কেবল রাজনীতি করছি। আমি তাঁদের কাছে বলতে চাই আমরা রাজনীতি করিনি রাজনীতি করেছেন আপনারাই। স্মরণ আছে দেশ স্বাধীন হবার পর দলে দলে উৎবাস্তু বন্ধুরা পশ্চিমবাংলায় যখন চলে আসছিলেন তখন এই সরকার অর্থনৈতিক পুনর্বাসনের জন্য একটা পরিকল্পনা সুরু করেছিলেন। বাংলাদেশে প্রত্যেক ইউনিয়ন-এ যাতে বিভিন্ন বৃত্তিধারীদের বসান যায় তারজন্য পরিকল্পনা শুরু করেছিলেন। যে অঞ্চলে যে বৃত্তিধারীর অভাব সে অঞ্চলে তাকে পুনর্বাসন দেয়া হবে। কিন্তু এই পরিকল্পনা আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বানচাল করে দিয়েছিলেন। আজকে সে পরিকল্পনা যদি গ্রহণ করা হতো তাহলে উদ্বাস্তুদের প্রকৃত অর্থনৈতিক পুনর্বাসন হতো। তাঁরা এখানে প্রতিদিন মিছিল বার করবার জন্য আন্দোলন করবার জন্য তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে দেন নি। আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি সেখানে প্রায় শতকরা ৪৫ ভাগ উদ্বাস্তু আছে। সেখানে তাদের প্রায় প্রত্যেকের অর্থনৈতিক পুনর্বাসন হয়েছে। আমি বলাগড় কেন্দ্র হুগলী জেলা থেকে এসেছি। উদ্বাস্তুরা সেখানে প্রচুর ফসলের উন্নতি করেছেন পাট শোন এবং খাদ্যের অনেক উদ্ধার করেছেন। সেখানে বহু তন্তুবায় আছেন, সরকার সাহায্যে বহু তাঁত চলছে এবং সেখানে তারা অর্থনৈতিক পুনর্বাসন পেয়েছে। সে অঞ্চলে বহু ইট ও টালিখোলা আছে। আগে অন্য জায়গার লোক সেখানে কাজ করতো আজকে উদ্বাস্তুরা এই ইট ও টালি খোলায় কাজ করছে। আগে আমাদের ঐ অঞ্চলে ধানকাটার সময় বিহার থেকে ক্ষেতমজুর আসতো এখন সেখানে বাহিরে থেকে একজনও ক্ষেত-মজুর আসে না। আমি বলবো সেখানে বেশীরভাগ উদ্বাস্তুর অর্থনৈতিক পুনর্বাসন হয়েছে। বামপন্থীরা সেখানে রাজনীতি করছেন সেখানে অর্থনৈতিক পুনর্বাসন হয়নি। আমার এলাকায় ২।১টী কথা মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি। আমার বলাগড় থানায় শ্রীচুর ও ভবানীচর এলাকায় গঙ্গার ভাঙ্গন আরম্ভ হয়েছে আজকে তা যদি রোধ না করা যায় তাহলে বহু উদ্বাস্তু পুনরায় উদ্বাস্তু হবে। আজকে মন্ত্রী মহাশয়ের কাছে এটী আবেদন করছি। আর একটা কথা আর আর ডিপার্ট থেকে বহু প্রাথমিক বিদ্যালয় হয়েছে এই প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা করেন ডি আই এবং অন্যান্য স্কুল পরিচালনা করেন স্কুল বোর্ড। আমি বলছি দুই রকম ম্যানেজ-মেন্ট থাকা উচিত নয়। যদিও আর আর স্কুলের টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট দেয় সেটা সমস্তটার দায়িত্ব স্কুল বোর্ড পরিচালনা করেন তবুও এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি দিতে বলবো। এই কথা বলে বাজেট বরাদ্দের দাবী সমর্থন করছি।

[5-25—5-35 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই ব্যয় বরাদ্দের দাবীর বিরোধীতা করতে গিয়ে প্রথমেই আমি বলতে চাই আমার পূর্ববর্তী বক্তা বলে গেলেন উদ্বাস্তু এবং উদ্বাস্তু সমস্যা নিয়ে রাজনীতি কংগ্রেস এবং কংগ্রেস সরকার করছেন না। আমি সেখান থেকেই সুরু করছি। কেবল কংগ্রে

সরকার কংগ্রেস দল হিসাবে সুরু থেকেই এই সমস্যা নিয়ে রাজনীতি এবং চিটিংবাজী সুরু করেছেন। কংগ্রেস দলের পত্তন থেকেই এই রকম তঞ্চকতা সুরু হয়েছে। ভারতবর্ষের জমিদার মিল মালিকদের এই পার্টি, জনসাধারণের পার্টি বলে ভাঁওতা দিয়ে চলেছে। কংগ্রেস যখন ইংরেজ সরকারের কাছ থেকে শোষণের বকরা পাবার জন্য অপজিসান্যাল মুভমেন্ট, প্রেসার মুভমেন্ট করেছিলেন এবং সেই মুভমেন্ট বিশেষ বিশেষ ক্ষেত্রে বিশেষ বিশেষ অবস্থায় যখন বেড়া ভেঙ্গে শুধু বিদেশী সরকারই নয় দেশী ধনিক শ্রেণীর বিরুদ্ধেও এগিয়ে গিয়েছিলো এবং যখন দেশী বিদেশী শোষক শ্রেণীর বিরুদ্ধে আন্দোলন তীব্র থেকে তীব্রতর হয়েছিল তখন ইংরাজ সরকার এবং ভারতবর্ষের জমিদার এবং মিল মালিকদের পার্টি কংগ্রেস নিজেদের বাঁচার দায়ে এই ক্ষমতা হস্তান্তর করেছে। দেশ ও জাতির প্রতি চরম বিশ্বাসঘাতকতা ক'রে কংগ্রেস তার নিজেরই বরাবরের অখণ্ড ভারতবর্ষের প্রতিশ্রুতকে ভঙ্গ কোরে দেশকে খণ্ডিত ক'রেছে। সেদিন প্রবঞ্চনা করে কংগ্রেস নেতারা বলছিলেন "দেশে এই রক্তস্রোত বন্ধ করার জন্য আমরা দেশ বিভাগ মেনে নিলাম এতখানি নির্বোধ যে কংগ্রেসের জনক গান্ধীজি ছিলেন তা বিশ্বাস করি না, তাঁরা ভারতবর্ষের ধনিক শ্রেণীর স্বার্থে এইভাবে চিরস্থায়ী শত্রু শিবির তৈরী করে গেলেন, ভারতবর্ষের জনসাধারণের সর্বনাশ করলেন। কিন্তু সেদিন জনসাধারণের বাঁচার একটা মাত্রই পথ খোলা ছিল সেপথ হচ্ছে দেশী—বিদেশী, সাদা কালো শাসক ও শোষকদের বিরুদ্ধে যে সংগ্রাম, যে সংগ্রাম ক্রমান্বয়ে বেড়ে উঠেছিলো সেই সংগ্রামের প্রতি দেশ ও জাতির প্রতি বিশ্বাসঘাতকতা ক'রে ভারত ভাগের ভিত্তিতে ট্রান্সফার অব পাওয়ার স্বীকার না কোরে সংগ্রামের মাধ্যমেই বৃটিশ সরকারকে খতম ক'রে শোষণের অবসান করা। সেদিন কংগ্রেস নেতারা বলেছিলেন যে আমরা দেশভাগ মেনে নিলাম বটে একে সীমান্তের ওপারে যেসব হিন্দু থাকলেন তাঁদের সম্পূর্ণ দায় দায়িত্ব আমরা বহন করবো। আজকে সেই দায় দায়িত্ব তাঁরা কোথায় বহন করছেন, কি-ভাবে বহন করছেন? পুনর্বাসন যদি বলতে অর্থনৈতিক পুনর্বাসনের কথা যদি ধরা যায় তাহলে বলবো ১টী লোকেরও সরকারের মাধ্যমে পুনর্বাসন হয়নি এই ব্যাপারে যে টাকা তাঁরা ব্যয় করছেন সে টাকা মুষ্টিমেয় লোকের পকেটে, বিভাগীয় দপ্তরের মাথায় যাঁরা বসে আছেন তাঁদের পকেটে, শাসক শ্রেণীর লোকেদের ও তাঁদের পেটোয়াদের পকেটেই গেছে। সরকার নিজেই স্বীকার করেছেন যে তাঁরা পুনর্বাসন ব্যাপারে সম্পূর্ণ হয়েছেন। যেমন ধনিক শ্রেণী চায় একদল উদ্বৃত্ত শ্রমিক নিজেদের স্বার্থে তেমনি উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারে সরকার চাচ্ছে টোপা পানার মত এই সব বেকার উদ্বাস্তুদের ভাসিয়ে নিয়ে বেড়াতে ও এইভাবে ধনিক শ্রেণীর স্বার্থ সিদ্ধি করতে। তা যদি তাঁরা না চাইতেন তাহলে খেপে খেপে পুনর্বাসনখাতে এত টাকা জলে ফেলে দিতেন না। সরকার যদি ছোটখাট বহু কারখানা করে এই সব উদ্বাস্তুদের উপজীবিকার ব্যবস্থা করে দিতেন তাহলে তাঁরা তাঁদের নিজেদের মাথা গুঁজবার ব্যবস্থা নিজেরাই করে নিতেন তা সরকার করেন নি এবং তা তাঁরা করবেনও না। এখন আমি আমার জেলার কথা নদীয়ার কথা বলতে চাই। আমার এলাকায় যে ফুলিয়া কলোনী সেটাই বাংলা দেশে সেন্ট্রালের একটি মাত্র কলোনী। সেই কলোনী যে সম্পূর্ণ ব্যর্থ হয়ে গিয়েছে সে কথা আর কাউকে বলে বোঝাবার দরকার নেই। সেই কলোনীতে যে সব উদ্বাস্তু পরিবার রয়েছেন তাঁদের একজনকেও অর্পননামা দেওয়া হয়নি। এই কলোনীতে যে কারখানা তৈরী করার কথা ছিল তা আজ পর্যন্ত সরকার সেটা করলেন না শুধু এই কলোনীই নয় নদীয়া জেলার ধুবুলিয়া, কুপার্স ক্যাম্প, চাকদা, কাঁচড়াপাড়া তাহেরপুর এই সমস্ত স্থানে যে কারখানা করার কথা ছিল সেই কাজ সরকার করেন নি এবং এই দায়িত্ব গ্রহণ করবেন বলে তাঁদের চালচলন দেখে মনে হচ্ছে না। এই সঙ্গে আমি বিশেষভাবে বলতে চাচ্ছি তাহেরপুর কলোনীর কথা—সেখানে ৩৬৬২টি পরিবারকে যেখানে বলে চাঁদের আলোয় ফসল পুড়ে যায় সেই রকম একটা মাঠে গিয়ে বসিয়ে দিয়েছেন। সেখানে তাঁদের রুজিরোজগারের কথা সরকার আদৌ চিন্তা করেন নি। আজকে বহু লোক টিন ঘর-বাড়ী বেচে এধার ওধার সরে পড়েছেন এবং যে রকম সে রকম উপায়ে তাঁরা বাঁচবার চেষ্টা করছেন। বহু চেষ্টার পর এখানে একটি মাত্র সামান্য তাঁতের কেন্দ্র খোলা হয়েছে—কিন্তু তাহেরপুরে এতো লোকের উপজীবিকার জন্য একটা ছোটখাট কারখানা—একটা ছোট স্পিনিং মিল—অথবা একটা ছোট পাওয়ারলুম পর্যন্ত সেখানে চালু করতে সরকার রাজী হচ্ছেন না। এইভাবে যদি পুনর্বসতির কাজকে সরকার উপেক্ষা করেন তাহলে একথা কি আমরা বলতে পারিনা যে পুনর্বসতি করানোর কোন সদিচ্ছাই সরকারের নেই? আমার

এলাকায় গোবিন্দপুরে বিবেকানন্দ কলোনী নং ১ এবং নং ২—এই দুটি কলোনীতে বারুজীবী সম্প্রদায়কে এনে সরকার ফেলে দিয়েছে, সে জায়গায় পান চাষের কোন ব্যবস্থা নেই এবং হতেও পারে না। তাঁদের সেখানে পাঠাবার সময় সরকার যতটুকু সাহায্য দেবেন বলেছিলেন সেটুকুও তাঁরা আজ পর্যন্ত দেন নি এবং দেবার সম্ভাবনাও আমরা দেখতে পাচ্ছি না। এই সংগে সংগে আমি বলবো যে এই উদ্বাস্তু সমস্যা, কেবল যে সকল হিন্দু পাকিস্থান থেকে কেবল এসেছেন তাঁদেরই সমস্যা নয়। আমি নদীয়া জেলার কথা বলছি সেখানে ভয়ে অথবা অন্য কোন কারণে যে সমস্ত সংখ্যালঘু সম্প্রদায়ের লোক ঘরবাড়ী ফেলে পাকিস্তানে চলে গিয়েছিলেন বা অন্যত্র সরে গিয়েছিলেন এবং তাঁদের মধ্যে আজকে যারা ফিরে এসেছেন তাঁদেরকেও সরকার উদ্বাস্তু বলে স্বীকার করেছেন। কিন্তু মুখে স্বীকার করলেও এই সব সংখ্যালঘু উদ্বাস্তুদের পুনর্বাসনের বিশেষ কোন ব্যবস্থাই সরকার করেন নি। অনেক ক্ষেত্রে তাঁদের নিজেদের ঘর বাড়ীর সামনে তাঁরা গাছ তলায় পড়ে রয়েছে। তাঁরা অনেকেই সেই বাড়ীর, সেই জমির খাজনা ট্যাক্স পর্যন্ত টানছে আর রাস্তায় গাছ তলায় তাঁরা অর্দ্ধাহারে অনাহারে গড়াগড়ি দিচ্ছেন কিন্তু বার বার জানান সত্ত্বেও সরকার আজ পর্যন্ত তাঁদের জমি তাঁদের বাড়ী ফিরিয়ে দেবার কোন বন্দোবস্ত করছেন না।

সেই সংগে সংগে আমি বলতে চাচ্ছি যে এই উদ্বাস্তু পুনর্বাসন ব্যাপারে আমরা দেখছি কেন্দ্রীয় সরকারের গলদ রয়েছে, পার্থক্য রয়েছে এবং তারা সমস্ত প্রদেশে একই নীতি চালু করছেন না এবং আমাদের বাংলা সরকারও তাদের বিরুদ্ধে কোন বলিষ্ঠ প্রচেষ্টা করছেন না—যেমন আমি বলবো পাঞ্জাবের উদ্বাস্তুদের ব্যাপারে তারা যে সমস্ত সম্পত্তি ফেলে এসেছে তার জন্য কেন্দ্রীয় সরকার তাদের ক্ষতিপূরণ দিয়েছেন। আর আজকে বাংলা দেশের সরকার সেই ক্ষতিপূরণ দিতে পারছেন না নিজেরাও নয় আর কেন্দ্রীয় সরকারের মাধ্যমেও নয়—এটা হওয়া একান্ত দরকার বলে আমি মনে করছি। এবং সেই সংগে সংগে মনে করছি যে আপনারা পারুন ছাই না পারুন, একথা ভেবে যে এই সব উদ্বাস্তুদের ভোট আমরা পাবো না, তাদের নাগরিক অধিকারের স্বীকৃতি দিতে আর বিলম্ব করবেন না। সেই সংগে এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি, যে যে সরকার ধনিক শ্রেণীর সরকার সেই সরকারের কাছ থেকে বিশেষ কিছু পাবো এই আশা নিয়ে আমি আমার বক্তব্য রাখছি না—সরকারের স্বরূপ কি সেটা জনসাধারণের সামনে উদ্ঘাটিত করার জন্য আমি মূলত আমার বক্তব্য এখানে রাখছি।

[5-35—5-45 p.m.]

Shri Apurba Lal Majumdar:

মাননীয় ডিপুটি স্পীকার মহাশয়, শঠতা আর প্রতারণা এরই ইতিবৃত্ত এই ডিপার্টমেন্ট। এই ডিপার্টমেন্ট সম্পর্কে এর আগে বহুবার আমি এর মানবতা বিরোধী দৃষ্টিভংগী উদ্বাস্তুদের সম্পর্কে এদের কুম্ভীরাশ্রু এ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেছি। আমি আজকে প্রথমে এই ডিপার্টমেন্ট কিভাবে inconnivance with the Home Department যারা ১৯৬৪ সাল থেকে পশ্চিমবাংলায় পূর্ববাংলা থেকে চলে এসেছে তাদের নাগরিক অধিকার থেকে বঞ্চিত করছে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আজকে মন্ত্রী মহোদয়ার কাছে সরাসরি এই প্রশ্ন রাখছি—টাকার প্রয়োজন নেই সেখানে—কিন্তু উদ্বাস্তুদের আমাদের ভারতীয় সংবিধানে সে অধিকার দিয়েছে, আমাদের দেশের আইন যে অধিকার মেনে নেয় সেই অধিকার থেকে কেন বঞ্চিত করা হচ্ছে, প্রতারণা করা হচ্ছে—তারা সিটিজেনসিপ এ্যাক্ট অব ১৯৫৫ অনুসারে ভারতবর্ষের বাইরের থেকে যে আসবে ৬ মাস যদি পশ্চিমবাংলায় বা ভারতবর্ষের কোন অংশে বসবাস করে তাহলে সিটিজেনসিপ এ্যাক্ট অনুসারে বা কনষ্টিটিউসন্যাল রাইট অনুসারে সে ভারতীয় নাগরিকের অধিকার পাবে—কিন্তু এই ডিপার্টমেন্ট অত্যন্ত মেলিসাসলি এবং হীনাস্ আউটলুক নিয়ে inconnivance with the Home Department সেটা বন্ধ করে দিয়েছেন। আমি জানি দুটো সার্কুলার ইসু হয়েছে বাংলা দেশের বিভিন্ন ডিষ্টিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে তাতে বলে দেওয়া হয়েছে এদের সিটিজেনসিপ বন্ধ করে দাও লাষ্ট সার্কুলার গেছে ইন অক্টোবর, তাতে তারা বলে দিয়েছেন যে সমস্ত দরখাস্তগুলি পেন্ডিং রেখে দাও—তাদের সিটিজেনসিপ রাইট দিও না আজকে আমি সরাসরি মন্ত্রী মহোদয়াকে জিজ্ঞাসা

করি যে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন ডাইরেকসন নেই যে এদের সিটিজেনসিপ দিও না—তবুও এই ডিপার্টমেন্ট inconnivance with the Home Department যাতে পশ্চিমবঙ্গে স্থায়ীভাবে উদ্বাস্তুরা নিজেদের জীবনে প্রতিষ্ঠিত হতে না পারে সেজন্য তাদের বাধ্য করা হয় পশ্চিমবাংলা থেকে বাইরে বেরিয়ে যাও এখানে সরকারী চাকুরী—কোন কনসার্নে চাকুরীর সুযোগ গ্রহণ করে এখানে স্থায়ীভাবে নিজেদের প্রচেষ্টা যাতে বসবাস করতে না পারে, তার জন্য এই কনষ্টিটিউসন্যাল রাইটস থেকে এই সমস্ত হতভাগ্য উদ্বাস্তু যারা পশ্চিমবাংলায় এসেছে তাদের বঞ্চিত করার চক্রান্ত চলেছে আর বলে বেড়াচ্ছেন কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন না কিন্তু সিটিজেনসিপ রাইট দিতে টাকার কোন প্রয়োজন ছিল না।

Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Singha, Shri Hiralal
Sinha, Kumar Jagadish Chandra
Tanti, Shri Anadi Mohon
Wangdi, Shri Tenzing
Ziaul Haque, Shri Md.

AYES—26

Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Sambhu Charan
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mondal, Shri Adwaita
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Sen Gupta, Shri Niranjan
Thakur, Shri Sreemohan

The Ayes being 26 and the Noes 93 the motion was lost.

The motion of Shrimati Abha Maiti that a sum of Rs. 5,45,34,000 be ranted for expenditure under Grant No. 45, Major Heads: "71—Miscellaeous—Expenditure on displaced persons, 109—Capital Outlay on Other

Works—Expenditure on displaced persons and Loans and Advances to displaced persons", was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.40 p.m. till 1 p.m. on Thursday, the 18th March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 3th March, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 9 Ministers, Ministers of State and 160 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

—1·10 p.m.]

Health Centre at Palsanda

***308.** (Admitted question No. *1483.) **Shri Birendra Narayan Ray:** স্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার পলসন্ডায় একটি হাসপাতালের নির্মাণকার্য ২-৩ বৎসর পূর্বে শেষ হওয়া সত্ত্বেও হাসপাতালটি চালু করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে তাহার কারণ কি?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ও (খ) ১৯৬৪ সালের জুন মাসে উক্ত স্বাস্থ্য কেন্দ্রটির নির্মাণ কার্য্য সম্পন্ন হয় এবং ।১।৭।৬৪ তারিখ হইতে চালু করিবার সরকারী আদেশও দেওয়া হইয়াছে।

যে চিকিৎসককে নিয়োগপত্র দেওয়া হইয়াছিল তিনি কাজে যোগাদান না করার জন্যই স্থ্যকেন্দ্রটিকে চালু করিতে বিলম্ব হইতেছে। যতশীঘ্র সম্ভব ইহা চালু করিবার সকলপ্রকার বস্থাদি গ্রহণ করা হইতেছে।

Shri Birendra Narayan Ray:

পনি বললেন ১৯৬৪ সালে শেষ হয়েছে, কিন্তু আমি জানিতাম আগেই শেষ হয়েছে। যাহোক, হচ্ছে চিকিৎসক পাওয়া যাচ্ছে না বলে যখন স্বাস্থ্য কেন্দ্র চালু হচ্ছে না তখন বলুন কত নের মধ্যে চালু হবে?

Shrimati Purabi Mukhopadhyay:

তদিনের মধ্যে চালু হবে সেটা বলা সম্ভব নয়—পাবলিক সার্ভিস কমিশন লোক দিলেই লু হবে।

Shri Sanat Kumar Raha:

পনারা মফঃস্বল স্বাস্থ্যকেন্দ্রে যে এ্যাসিস্ট্যান্ট মেডিকেল অফিসার নিয়োগ করছেন তাতে মার প্রশ্ন হচ্ছে এইসব এলাকায় যদি এ্যাসিস্ট্যান্ট মেডিকেল অফিসার স্থানীয় লোক পাওয়া য় তাহলে নেওয়া হবে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে নেওয়া হবে না; কারণ পার্ট টাইম লোক দিয়ে সাবসিডিয়ারী হেলথ সেণ্টার চালু করা সম্ভব নয়।

Balurghat subdivisional Jail

***309.** (Admitted question No. *1655.) **Shri Khalil Sayeed:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুরে বালুরঘাট মহকুমা জেলখানায় মোট কত জন কয়েদী থাকিবার ব্যবস্থা আছে এবং বর্তমানে তাহাতে কত জন আছে;

(খ) বর্তমানে উক্ত জেলে প্রথম বা দ্বিতীয় শ্রেণীর কয়েদীদের থাকার কোন ব্যবস্থা আছে কি না; এবং

(গ) উক্ত জেলখানাটি সম্প্রসারণের কোন প্রস্তাব আছে কি না?

Shri Jagannath Kolay:

(ক) বালুরঘাট মহকুমা জেলখানায় মোট ৩৪ জন কয়েদীর জন্য মঞ্জুরীকৃত থাকিবার ব্যবস্থা আছে। এই ব্যবস্থা অতীতে পর্যাপ্ত পরিমাণেই করা হইয়াছিল। ইহার অধিক আরও অনেক কয়েদীকে ঐ জেলে রাখা যাইতে পারে এবং প্রয়োজন হইলে সাময়িকভাবে রাখা হইয়া থাকে।

৭।৩।৬৫ তারিখে উক্ত জেলে মোট কয়েদীর সংখ্যা ছিল ১১৪ জন।

(খ) উক্ত জেলে প্রথম শ্রেণীর বিচারাধীন কয়েদীদের থাকিবার কোন পৃথক ব্যবস্থা নাই। সাধারণতঃ কোন মহকুমা জেলে ঐরূপ পৃথক ব্যবস্থা থাকে না। দণ্ডপ্রাপ্ত হইবার পর কোন শ্রেণীর কয়েদীকেই মহকুমা জেলে সাধারণতঃ রাখা হয় না।

Shri Khalil Sayeed:

কতদিনে প্রস্তাব কার্যকরী হবে জানাবেন কি?

Shri Jagannath Kolay:

ফোর্থ প্ল্যান পিরিয়ডে করব।

Shri Kamal Kanti Guha:

প্রথম শ্রেণীর কয়েদিদের মহকুমা জেলখানায় রাখা হয় না বলে আপনি "খ" প্রশ্নের উত্তরে যা বললেন সেটা ঠিক নয়। আমরা দেখেছি আমাদের প্রথম শ্রেণীর কয়েদি হিসাবে মহকুমা জেলে রাখা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে মহকুমা জেলে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর কয়েদিদের রাখার উপযুক্ত ব্যবস্থা করবেন কিনা?

Shri Jagannath Kolay:

প্রথম এ্যারেস্ট হোলে ২১ দিন সাব-জেলে রেখে তারপর ট্রান্সফার করা হয় ডিস্ট্রিক্ট জেলে, বা সেণ্ট্রাল জেলে।

Shri Khalil Sayeed:

বালুরঘাটে যদি এরকম কোন কয়েদী থাকে তাহলে তাদের কোথায় পাঠান হয়?

Shri Jagannath Kolay:

স্ট্রিক্ট জেল বা সেণ্ট্রাল জেলে পাঠান হয়।

Shri Khalil Sayeed:

য়েস্ট দিনাজপুরের [illegible] কোথায় পাঠান হয়?

Shri Jagannath Kolay:

য়েস্ট দিনাজপুরে যে সেণ্ট্রাল জেল আছে সেখানে যদি জায়গা না থাকে তাহলে মালদহে ঠান হয় এবং সেখানে যদি জায়গা না হয় তাহলে বেশীরভাগ এখন আমরা বহরমপুরে পাঠাই।

Shri Kamal Kanti Guha:

পনি বললেন প্রথম শ্রেণীর কয়েদীদের বালুরঘাট থেকে নেওয়া হয়, মালদহে অথবা বহরমপুরে ৫ দিন পর পর ডেট পড়ে বহরমপুরে যাতায়াতে যে খরচ হয় যে অসুবিধার সৃষ্টি হয়, তে সেই টাকায় এখানে একটি প্রথম শ্রেণীর কয়েদীদের থাকবার জায়গা সম্বন্ধে চিন্তা রছেন কি?

Shri Jagannath Kolay:

মি আগেই বলেছি জেলে যে জায়গা ছিল তাতে হচ্ছে না, আরও বেশী কয়েদী হচ্ছে, কিস্তান বর্ডারে স্মাগলিং হচ্ছে সেজন্য বেশী খরচ হয় বলে ১০০ জনের মত লোকের কবার ব্যবস্থা করার জন্য বিবেচনা করছি, আগামী ফোর্থ প্ল্যানে করবো।

Shri Kamal Kanti Guha:

চবিহার ডিস্ট্রিক্ট জেলে প্রথম শ্রেণীর কয়েদীদের রাখবার ব্যবস্থা নেই, সেখান থেকে আনতে য় বহরমপুরে সেখানে কি করবেন?

Shri Jagannath Kolay:

চবিহার জেলের কথা বলতে পারিনা, অন্য প্রশ্ন করবেন।

Women employees in Calcutta hotels

***310.** (Admitted question No. *1811.) **Shri Aswini Roy:**

ম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌর এলাকায় হোটেলগুলিতে মহিলা কর্মচারীর সংখ্যা সম্বন্ধে কোনও সরকারী তথ্য আছে কি না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এইরূপ মহিলা কর্মচারীদের মোট সংখ্যা কত; এবং

(২) তাহাদের দৈনিক কাজের সময় কত?

Shri Bijoy Singh Nahar:

(ক) নাই।

(খ) (১) এই প্রশ্ন উঠে না।

(খ) (২) ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ দোকান ও সংস্থা আইন অনুসারে মহিলা কর্মচারী মেত কোন কর্মচারীকেই দৈনিক সাড়ে আট ঘন্টার বেশী সাধারণভাবে কাজ করানো য়ায় না।

Shri Aswini Roy:

আপনি বললেন মহিলা কর্মচারীদের সংখ্যা জানা নাই, এটা সংগ্রহের কোন ব্যবস্থা হবে কি?

Shri Bijoy Singh Nahar:

বর্তমান কর্মচারী আইনে যে নিয়ম করা হয়েছে, তাতে রেজিস্ট্রেশন করার জন্য ফর্ম দিতে হয়' এই ফর্ম শেষ হয়ে গেলে এটা করবো।

Shri Aswini Roy:

এই যে মহিলা এবং পুরুষ কর্মচারীদের সাড়ে আট ঘণ্টা কাজ করতে হয়, তাতে মহিলারা রাত্রে কতক্ষণ পর্যন্ত কাজ করেন, এ সম্বন্ধে আইনে কোন রকম রেস্ট্রিকশন আছে কিনা, নাকি পুরুষের মতই তারাও কাজ করবে?

Shri Bijoy Singh Nahar:

এটা আইনের বইয়েতে দেখে নিতে হবে, আমি জানিয়ে দিচ্ছি

establishment for public entertainment or amusement

মেয়েরা সন্ধ্যা ৬টার পর কাজ করতে পারে না, অন্যান্য দোকান বা বাণিজ্য সংস্থা রাত্রি ৮টার পর বন্ধ হয়ে যাবে।

Shri Aswini Roy:

৬টার পর মেয়েরা কাজ করতে পারে না আইন যখন হয়েছে, তার জন্য ইনস্পেকশনের ব্যবস্থাও নিশ্চয়ই আছে, ৬টার পর মেয়েরা কাজ করছে কিনা এমন কোন সংস্থাতে ইনস্পেকশন করা হয়েছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

এই আইন যাতে কার্য্যকরী হয় সেটা দেখবার জন্য ইনস্পেকটার রয়েছে।

Shri Sambhu Charan Ghosh:

দোকান কর্মচারী আইন চালু হবার পর এমন কোন বিধান করা হয়েছে কি যে সন্ধ্যা ৬টার পর মেয়েরা আর কাজ করতে পারবে না? একথা কি ঠিক যে গ্র্যাণ্ড, গ্রেট ইস্টার্ণ এই সমস্ত বড় বড় হোটেল যেগুলি আছে তাদের এই আইনের আওতা থেকে বাদ দেওয়া হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

কাউকে বাদ দেওয়া হয়নি।

Shri Sambhu Charan Ghosh:

আমি এটা পরিস্কার এটা জানাতে চাচ্ছি যে এই বড় বড় হোটেল গুলিকে দোকান কর্মচারী সংস্থা থেকে বাদ দিয়ে এস্টাবলিশমেণ্ট আওতায় আনা হয়েছে কিন্তু সন্ধ্যা ৬টার পরও কাজ করতে পারবে কিনা এইরকম কোন নির্দেশ এই হোটেলগুলিকে দেওয়া হয়েছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

আইনে যা আছে যে ৬টার পরও কাজ করতে পারবে না, সেই আইন থেকে ছেড়ে দেওয়া হয়নি।

Shri Aswini Roy:

ুই আইন ঠিকমত কার্য্যকরী হচ্ছে কিনা এটা দেখবার জন্য কলকাতার বাইরে কতজন ্নস্পেক্টার আছেন ?

Shri Bijoy Singh Nahar:

নাটিশ দিলে বলে দেব।

Shri Sanat Kumar Raha:

লকাতায় বেণ্টিক ষ্ট্রীটের উপর কয়েকটি রেঁস্তোরা আছে যেখানে মহিলা সেবিকা আছে, র্মচারী হিসাবে, ৬টার পরও দেখা যায় কাজ করতে, সরকারের কাছে কি এমন কোন িপোর্ট নেই যে সেখানে মেয়েদের ৬টার পরও কাজ করতে হয়।

Shri Bijoy Singh Nahar:

ামাদের ইনস্পেক্টার আছেন তাঁরা দেখছেন, যদি আপনার নাম জানা থাকে জানিয়ে দেবেন, ামি নিশ্চয়ই দেখবো।

.-10—1-20 p.m.]

Shri Sanat Kumar Raha:

ামার বক্তব্য হচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকার এ ধরণের কোন রিপোর্ট পেয়েছেন কিনা যে তারা ই ভাবে কাজ করেন।

Shri Bijoy Singh Nahar:

। এ ধরণের কোন কমপ্লেন পাইনি।

lectronic computors in Messrs. Burma Shell Oil Storage and Distributing Company

***311.** (Admitted question No. *1824.) **Shri Girija Bhausan Mukherjee:** ı) Will the Minister-in-charge of the Labour Department be pleased to ;ate whether the Government is aware that Messrs. Burma Shell Oil torage and Distributing Co. India Ltd. have introduced high power lectronic Computor causing a large number of employees in Calcutta and astern Zone surplus?

(b) If the answer to (a) be in the affirmative will the Minister be eased to state—

(i) what are the approximate number of such surplus hands; and

(ii) whether these surplus hands have been provided with alternative jobs?

Shri Bijoy Singh Nahar:

(এ) না।

(বি) প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

র্মা শেল অয়েল স্টোরেচ এ্যাণ্ড ডিস্ট্রিবিউটিং কোংএ কত লোক কাজ করে অথাৎ কমচারী ত ?

Shri Bijoy Singh Nahar:

এ প্রশ্ন থেকে এটা উঠে না। নোটিশ চাই।

Shri Somnath Lahiri:

বার্মা শেল অয়েল কোম্পানী এদের যে ডিস্ট্রিবিউটিং সেণ্টার তার সংখ্যা কত? আগের সংখ্যা কত ছিল এখন কত হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

বলতে পারব না।

Shri Somnath Lahiri:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে ডিপোর সংখ্যা যা কোম্পানীর ম্যানেজমেণ্টএ ছিল সেগুলি ক্রমে ক্রমে ঠিকাদারদের হাতে ছেড়ে দেওয়া হচ্ছে এবং এর ফলে বাক সারপ্লাস হচ্ছে?

Shri Bijoy Singh Nahar:

এ প্রশ্ন থেকে এটা আসে না।

Shri Anadi Das:

এর প্রশ্নোত্তরে আপনি বললেন না, আমি জিজ্ঞাসা করছি ইলেকট্রিক কমপিউটর ইণ্ট্রোডিউস হয়েছে কিনা অথবা এ সম্বন্ধে কিছু জানেন কিনা?

Shri Bijoy Singh Nahar:

ক্যালকাটাতে ইণ্ট্রোডিউস হয়নি।

Health Centres in Rampurhat police-station

***312.** (Admitted question No. *1880.) **Shrimati Niharika Madumdar:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রামপুরহাট থানায় যে দুইটি ব্লকে মাত্র দুইটি স্বাস্থ্য কেন্দ্র আছে, তাহাতে আর স্বাস্থ্য কেন্দ্র খোলার পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) ১নং ব্লকের নারায়ণপুর অঞ্চলে বৈদড়া মৌজায় কোন স্বাস্থ্য কেন্দ্র খোলার পরিকল্পনা সরকারের আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

Shrimati Niharika Majumdar:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি এই হাসপাতালের কাজ কবে আরম্ভ হবে?

Shrimati Purabi Mukhopadhyay:

আপনি কোনটার কথা বলছেন।

Shrimati Niharika Majumdar:

আপনি ক-র উত্তরে যেটা হ্যাঁ বললেন আমি তা থেকেই জিজ্ঞাসা করছি।

Shrimati Purabi Mukhopadhyay:

মি ক-এর উত্তরে বৈধকরণের কথা বলেছি সেখানে ২.১১ একরস জমি আদিবাসীরা হাসপাতালের ন্য দিতে চেয়েছিল এখন কি নিয়ম আছে সেটা বলছি। আদিবাসীদের জমি নিতে হলে . এম. এর পারমিসন নিতে হয়। ডি. এম. পারমিসন অর ওপিনিয়ন দিলে তবে কাজ রু করা যাবে।

Shrimati Niharika Majumdar:

াপনি খ-এর উত্তরে বলেছেন, সি. এম. ১০.২.৬৫তে তার অর্ডার দিয়েছেন। আমি জিজ্ঞাসা রছি এই সি. এম.এর রিপোর্ট কবে পেয়েছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

. এম. ও. রিপোর্ট পাঠান নি আমাদের দপ্তরে সে রিপোর্ট আসে নি অতএব অডার হতে ারে না সেখানে আরও মধ্যস্থলে জমি পাওয়া যায় কিনা তারপরও সেইগুলি কমপেয়ার করে ামাদের যে ক্লেইম রয়েছে বিভিন্ন অঞ্চলে তার সঙ্গে তুলনা করে যেটা ভাল হবে বা সকলের পকার হবে সেই মত করব। চীফ মেডিকেল অফিসারের একটা রিপোর্ট এসেছে বাকীটা আসেনি।

Shri Sanat Kumar Raha:

াননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ব্লক-এর অধীনে যতগুলি অঞ্চল পঞ্চায়েত থাকে, তার ্রত্যেকটি অঞ্চল পঞ্চায়েতের জন্য কি হাসপাতাল নির্দিষ্ট আছে বা এরকম কোন নিয়ম আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

রূপ কোন নিয়ম নেই, আমরা প্রথমে যখন ইউনিয়ন বোড ছিল তখন ইউনিয়নএ স্বাস্থ্য কেন্দ্র বং উপস্বাস্থ্য কেন্দ্র করবার পরিকল্পনা ছিল সেটা এখন চেঞ্জ হয়ে গেছে, বতমান অবস্থা চেছ একটা প্রাইমারী ব্লকএ প্রাইমারী হেলথ সেণ্টার, দুটা সাবসিডিয়ারী হেলথ সেণ্টার থাড ানএ হবে এবং ফোর্থ প্ল্যানএ টারগেট শেষ হবার পর আমাদের নাম্বার ইনক্রিস করা যাবে, তএব এখন অঞ্চলেতে ঐ নাম্বার বাড়ানর কোন সম্ভাবনা নেই।

Shri A. K. M. Ishak:

তিটা ব্লক প্রাইমারী হেলথ সেণ্টার করা কবে শেষ হবে অথাৎ আমার জিজ্ঞাস্য ব্লকএ হলথ সেণ্টার-এর কাজ শেষ হতে আর কতদিন লাগবে?

Shrimati Purabi Mukhopadhyay:

যেখানে ব্লক হয়েছে সেখানে ব্লক হেলথ কোয়াটারএ স্বাস্থ্য কেন্দ্র খোলাবার জন্য টাকা আমরা হাতে রেখেছি। কাজ অনেক জায়গায় সুরু হয়ে গেছে এবং যত তাড়াতাড়ি সম্ভব কাজ শেষ হবে। আমাদের পক্ষে টাগেট ডেট দেওয়া সম্ভব নয় যেখানে ব্লক হয়েছে তা ছাড়া নির্দ্দিষ্ট ভাবে কিছু হয়নি। কতগুলি নির্দ্দিষ্ট এলাকায় থাড প্ল্যান আমাদের টারগেট আছে এই টারগেটটা হল ব্লকএ প্রাইমারী হেল্থ সেণ্টার করা।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে প্রাইমারী হেলথ সেণ্টার কয়েকটা ইউনিয়নএ বেশীর ভাগ হওয়াতে যদিও থানা বা থানার ভেতরে স্থাপিত, এরূপ জায়গায় থানার মধ্যে সরকারী হাসপাতাল করার কোন বাধা আছে কিনা, আমি প্রশ্নটা আর একটু পরিষ্কার করে বলছি যে ক্ষেত্রে প্রাইমারী হেলথ সেণ্টার থানার বা মিউনিসিপ্যাল টাউনএ এসটাবলিস হয়েছে সে সব টাউনএ হালসপাতাল করার কোন বাধা আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের কোন প্রাইমারী হেলথ সেণ্টার ওখানে করার কথা নয়, তবে অনেক সময় এরূপ হয়, অনেক জায়গায় ব্লক হেড কোয়াটাস হয়ে গেছে, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের জায়গা পাওয়া

যায় না সেখানে টেমপোরারী পিরিয়ডএর জন্য মহকুমা হাসপাতাল ওখানে প্রাইমারী হেলথ সেণ্টার হিসাবে কাজ করছে এই ডিক্লারেশন দেওয়া হয়েছে। কোন মিউনিসিপ্যাল এরিয়ায় প্রাইমারী হেলথ সেণ্টার হতে পারে না।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয় এই কথা জানাবেন কি যে শান্তিপুরে যে প্রাইমারী হেলথ সেণ্টার সেটা শান্তিপুরে এষ্টাবলিস আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

শান্তিপুরে প্রাইমারী হেলথ সেণ্টার শান্তিপুরে হয়েছে বা ঐ মিউনসিপ্যাল এরিয়ায় হয়েছে নূতন প্লান হবার আগে। যেটা মিউনিসিপ্যাল এরিয়ায় হয়েছে সেটা তো আর তুলে দেওয়া যায় না সেই হিসাবে প্রাইমারী হেলথ সেণ্টার শান্তিপুরে চলেছে।

Shri Kanai Pal:

আমার প্রশ্ন হচ্ছে যে শান্তিপুরে গভনমেণ্টএর [তরফ] থেকে কোন সরকারী হাসপাতাল করার কোন বাঁধা আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

কোন বাধা নেই। প্রাইমারী হেলথ সেণ্টার যেখানে আছে [সেখানে এ] ধরণের নূতন কোন পরিকল্পনা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাচ্ছি আমরা বহরমপুর থেকে শান্তিপুরে চলে গেছি।

Shri Ananda Gopal Mukhopadhyay:

রামপুর হাট থানায় নারাণপুর অঞ্চলে বৈছাড়া স্বাস্থ্য কেন্দ্র [করবার] কোন প্রস্তাব গিয়েছিল কিনা এবং গেলে সে প্রস্তাব গৃহীত হয়েছে কিনা বা [কাযোর] তদন্ত করে শেষ হবে?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা আদিবাসীদের জমি নিতে হবে ডি. এম. এর অনুমতি দরকার। ডি. এম. এর অনুমতি এবং ওপিনিয়ন দরকার। ডি. এম. কত সময় নেবেন বা কবে দেবেন তা বলতে পারব না।

Cases under section 5A of Estate Acquisition Act.

***313.** (Admitted question No. *2422.) **Shri Ananga Mohan Das:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভূমি দখল আইনের ৫এ ধারা মতে এই সরকার কতগুলি কেস এনকোয়ারি করিয়াছেন;

(খ) উক্ত ধারা মতে কতগুলি ক্ষেত্রে ম্যালাফাইড বলিয়া ধার্য হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, হাইকোর্ট ৫এ ধারাকে সংবিধান বহির্ভূত বলিয়া ধার্য করিয়াছে; এবং

(ঘ) হাইকোর্টের উল্লিখিত মামলার রায়ের সংক্ষিপ্ত ফলাফল কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) ১,৭৮,০৫৩ কেস।

(খ) ৫,৫৩৪ কেস।

(গ) না।

(ঘ) হাইকোর্টের রায় অনুসারে ৫(ক) ধারাটি সংবিধানসম্মত বলিয়া ঘোষিত হইয়াছে। হাইকোর্ট এই অভিমত প্রকাশ করেন যে এনকোয়ারি অফিসার বা আপীল ট্রাইবুন্যাল স্তান্তর বোনাফাইড হইয়াছে কি হয় নাই, কেবলমাত্র এই সিদ্ধান্তটি রেকর্ড করিবেন। কিন্তু তিনি ঐ সিদ্ধান্তের ফলাফল স্বরূপ হস্তান্তরকারীর সংরক্ষিত জমি হইতে সমানুপাতিক হারে মি বাদ দিবার আদেশ প্রদান করবেন না বা হস্তান্তর কারীর নির্দিষ্ট পরিমাণ জমি সরকারে র্তাইয়াছে বলিয়া ঘোষণা করিবেন না। ৫(৩) ধারানুযায়ী প্রদত্ত আদেশ কার্য্যকরী করিবেন ৪(১), ৪৪(২ক), ৪৫ ও ৪৭ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত রেভিনিউ অফিসারগণ।

Shri Ananga Mohan Das:

আপনি যে কেসগুলির কথা বললেন এছাড়া আর কত কেস আছে বলে আপনার মনে হয়?

Shri Syamadas Bhattacharyya:

আমরা ১ লক্ষ ৭৮ হাজার ৬ শত ৫৬টি কেস আমরা এনকোয়ারী আরম্ভ করেছিলাম, তার মধ্যে ১ লক্ষ ৭৮ হাজার ৫৩টা কেস সম্পূর্ণ ভাবে নিষ্পত্তি হয়ে গেছে এবং এর আগে ৫ হাজার শত ৫৩টি কেস আছে ও মোটামুটি ৪৮ হাজার ৯.৫৭ একর জমি ম্যালাফাইড ট্রান্সফার বলে রা হয়েছে এবং প্রায় ৬ শত কেস নিষ্পত্তি হতে বাকী আছে।

Shri Ananga Mohan Das:

এই ভাবে হাইকোর্ট এ যে মামলা গেছে সেগুলি কোন তারিখে হয়েছিল তার রায় কবে হস্তগত য়েছে?

Shri Syamadas Bhattacharyya:

এই মামলা ডেলিভারী হয়েছে আগষ্ট ১৯৬৩তে এবং তার কপি পেয়েছে নভেম্বর ১৯৬৪এ।

Shri Ananga Mohan Das:

এই যে রায় প্রায় দেড় বৎসর বাদে পেলেন তার কারণ কি?

[1-20—1-30 p.m.]

Shri Syamadas Bhattacharyya:

র কারণে মহামান্য হাইকোর্ট আমাদের হাতে রায় দেন নি।

Shri Sushil Kumar Dhara:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে এই রায়ে আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী বা অন্যান্য মন্ত্রীদের সম্পর্কে কান মন্তব্য করা হয়েছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এই রায়ে মন্ত্রিদের সম্পর্কে কোন মন্তব্য করা হয়নি।

Shri Sushil Kumar Dhara:

অন্য কোন মন্তব্য করা হয়েছে যাতে এই বিধান সভার পক্ষে অবমাননাকর, অমর্যাদাকর কিছু আছে?

Shri Syamadas Bhattacharyya:

এটা অবশ্য মতামতের প্রশ্ন, তবে মাননীয় সদস্য যদি এই রায় সম্পর্কে খব উদ্‌গ্রীব হন তাহলে আমি তার থেকে কিছু অংশ পড়ে শুনিয়ে দিতে পারি।

Shri Bijesh Chandra Sen:
মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই রায়ের সার্টিফায়েড কপি কবে চেয়ে পাঠানো হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:
১৯৬৩ সালের আগষ্ট মাসে মহামান্য হাইকোর্ট থেকে রায় যখন দেওয়া হয় তখন খবরের কাগজে এর কিছু সংক্ষিপ্ত বিবরণী প্রকাশিত হয় এবং সেই বিবরণী খানিকটা মিসলিডিং হয়েছিল—সেই জন্য আমরা তখনই হাইকোর্টের কাছে রায়ের নকল পাবার জন্য আবেদন পেশ করি। কিন্তু গভর্নমেণ্ট প্লিডার এ সম্বন্ধে বার বার আবেদন করা সত্বেও তিনি রায় পেলেন নভেম্বর মাসের ১৯৬৪ সালে—এ সম্বন্ধে আমরা পুনঃপুনঃ গভর্নমেণ্ট প্লিডারকে বলেছি যাতে রায়টা শীঘ্র পাওয়া যায়—কিন্তু পাইনি।

Shri Abani Kumar Basu:
মন্ত্রিমহাশয় কি জানাবেন যে রায়, সহি হয় নি বলে এই দেড় বছর রায়ের সার্টিফায়েড কপি পেতে দেরী হয়েছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:
আমাদেরও সেই রকম সংবাদ, হাইকোর্ট থেকে রায় সেই জন্যই দেওয়া হয়নি বলে শুনেছি।

Shri Abani Kumar Basu:
মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই রায় কোন তারিখে সহি হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:
নভেম্বর ১৯৬৪, ঠিক তরিখটা জানি না।

Shri Birendra Narayan Ray:
এই যে এক বছর রায় পেলেন না বা হাইকোর্ট সহি করলেন না—তার জন্য কি আপনারা রেফার করেছেন চীফ জাস্টিসের কাছে, যে এটা খুব লজ্জার কথা?

Shri Syamadas Bhattacharyya:
আদালতের অবমাননায় পড়ে যেতে পারি কিনা—জানি না—তবে গভর্নমেণ্ট প্লিডার মারফৎ বারে বারে আমরা আবেদন জানিয়েছি যাতে হাইকোর্টের সার্টিফায়েড কপি আমরা পেতে পারি

Shri Abani Kumar Basu:
মাননীয় মন্ত্রিমহাশয় এই রায় থেকে কোন অংশ উদ্ধৃত করে কি তিনি আমাদের জানাবেন কেন না আমাদের সংবাদ রয়েছে যে আমাদের এই হাউস সম্বন্ধে অমর্যাদাকর উক্তি অবজারভেসন করা হয়েছে রায়ে।

Mr. Speaker:
দেখুন উনি অলরেডি বলেছেন এরকম কিছু নাই—এখানে রোপিং কোয়েশ্চেন হয় না—উনি পড়ে শুনাবেন সেটা শুনে আপনাদের কিছু বলবার আছে কিনা—এইভাবে সাপ্লিমেণ্টারি হয় না।

Shri Abani Kumar Basu: In that case let me read out some extracts from the judgment and let me ask the Minister whether the judgment that I will be quoting just now is correct or not. Sir, with your permission, let me read: "It is the same hands which tore open the earth to get at the

inerals; which befouled oceans, rivers, lakes, tanks, and fisheries; the me hands which today threaten to devastate the globe with war and their gers are already scratching at the sky and polluting the atmosphere, have oduced this piece of legislation, viz. the West Bengal Estates Acquisition :t."

। কি সত্য?

Shri Syamadas Bhattacharyya:

। সম্পূর্ণ সত্য।

Shrimati Purabi Mukhopadhyay: Sir, I rise on a point of order. The rrect procedure, I think, will be to ask the Minister-in-charge to get all e information and place it on the table. As it affects the prestige of the gislature, it should be placed on the table. That is my personal submission him.

Shri Abani Kumar Basu: In that case I would seek your permission to ove a Motion of Privilege as my feeling is that the privilege of the entire ouse has been breached. There has been calumny and the members of e legislature have been lowered in the estimation of the public outside.

Mr. Speaker:

পনি যদি কোন প্রিভিলেজ মোশান মুভ করতে চান তাহলে আপনি অ্যাকর্ডিং টু রুলস আমাকে খ দেবেন।

Shri Sanat Kumar Raha:

কোর্টের রায় পাবার পর পশ্চিমবঙ্গ সরকার কি মনে করেন যে ৫(ক) ধারাটার পরিবর্তন কার?

Shri Syamadas Bhattacharyya:

তার কারণ ৫(ক) ধারাটা সংবিধান বহির্ভূত বলে ঘোষণা হয়নি। কেবল কিছু প্রসিডিওরাল বর্তন করবার জন্য পরামর্শ আছে। হাইকোর্ট অবশ্য আমাদের পশ্চিমবঙ্গ জমিদারী দখল ইন সম্পর্কে বিরূপ মন্তব্য করেছিলেন কিন্তু একথাটা বলেন নি যে এই ধারাটা সংবিধান বহির্ভূত।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মহাশয় জানাবেন কি যে ৫(ক) ধারার পরিবর্তন দরকার আছে বলে সরকার মনে করেন না। যে প্রশ্নটা সদস্যরা করলেন এটা মন্ত্রীমন্ডলীর এই পরিবর্তন করার ক্ষমতা আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

ত্ব বিধানমণ্ডলীর এই ক্ষমতা আছে।

Shri Nani Bhattacharjee:

মহাশয় কি বলবেন যে এই ৫(ক) ধারায় ইনকোয়ারীর পর যেগুলি ম্যালাফাইডি ট্রান্সফারের াবে কিছু পেলেন সেই ম্যালাফাইডি ট্রান্সফারের ক্ষেত্রে যারা বেনামী করেছিল, ম্যালাফাইডি সকার বল্লেন তাঁদের সম্বন্ধে আপনারা কি স্টেপস নিয়েছেন এবং নেয়ার কথা ভাবছেন?

Shri Syamadas Bhattacharyya:

রা ম্যালাফাইডি ট্রান্সফার করেছিল তাদের ৫(ক) ধারায় সমস্ত উপায়ে জমি কেড়ে নেয়া য়েছে এবং আমি বলেছি প্রায় ৪৯ হাজার একর জমি আমরা ম্যালাফাইডি ঘোষণা করার ফলে য়েছি।

Shri Kashi Kanta Maitra: Sir, I have not gone through the judgment referred to here, but I am asking the Hon'ble Minister that if he has gone through the judgment and if he thinks that the judgment is derogatory to the Government and the prestige of the House, then what step did the Minister take to move the Hon'ble High Court in the Full Bench for expunction of the remarks in the judgment which were unwarranted, arbitrary or even without jurisdiction. Did he take any step at all?

Mr. Speaker:

এটা তো হাইপথেটিকাল হল।

Shri Kashi Kanta Maitra:

আপনি তো আগে থেকেই হাইপথেটিকাল বলছেন অথচ এখানে অনারেবল মিনিস্টার পূরবী মুখার্জী বল্লেন যে এটা হাউসের ডিগনিটির প্রশ্ন। এটা টেবিলে প্লেস করা উচিত। বিভিন্ন সদস্যদের নিজেদের হাতে জাজমেণ্ট আছে বলছেন এবং এসম্বন্ধে আপনারও একটা রুলিং দেওয়া উচিত। যদি হাইকোর্টের রায়ে এমন কোন অবজারভেসন থাকে, যদি হাউসের প্রতি কোনরকম কটাক্ষপাত করা হয়ে থাকে এবং সেটা যদি আনমেরিটেড অবজারভেসন হয় থাকে তাহলে

Minister is the best person to say that. Therefore I am asking that if he felt that the judgment was unwarranted and unmerited, did he take any step to secure expunction of the remarks?

Mr. Speaker:

আমি তো অলরেডী পার্মিসন দিয়ে রেখেছি ওঁকে যে উনি প্রিভিলেজ মোশান মুভ করবেন এই পয়েণ্ট নিয়ে আমি বলেছি

Let him proceed according to the rules, and if I am satisfied that there is same point of privilege, I will give permission to raise it.

Shri Kashi Kanta Maitra:

আমি প্রিভিলেজের প্রশ্নে আসছি না কিন্তু এই রকম জাজমেণ্ট হয়েছে আমি জাজমেণ্ট পড়িনি....

Mr. Speaker:

এই জাজমেণ্টের উপর তো উনি প্রিভিলেজ আনবেন।

Shri Kashi Kanta Maitra:

প্রিভিলেজ অন্য টেকনিকাল পয়েণ্টে আসতে পারে

High Court judge is not a member of this House.

সুতরাং সেপ্রশ্ন নিয়ে ইউ. পি. লেজিসলেচারের মত ইস্যু আসবে কিনা জানি না। আমি বলাছ যে আজকে এখানে মিনিস্টার আছেন, গভর্নমেণ্ট আছেন এবং আপনি জানেন গত সেসানে মাননীয় সদস্য শ্রীজ্যোতি বসু মহাশয় একটা রিপোর্ট পড়ে শুনিয়েছিলেন সংবাদপত্রের, তাতে প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেট অবজারভেসন করেছিলেন ফুড অ্যাডালটারেসনের ব্যাপারে দেখা যাচেছ যে সেণ্ট্রাল গভর্নমেণ্টের অফিসাররা কাজ করছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে বলেছেন যে এ সম্বন্ধে দেখবো। তারপরে দেখলাম হাইকোর্টে স্ট্যাণ্ডিং কাউন্সিলকে দিয়ে অ্যাপ্লীকেসন করানো হল

to secure expunction of the observations made by the Presidency Magistrates. If it is possible in the case of Food Adulteration Act, I don't see why on a

far more important point the Minister concerned should not take steps to move the Hon'ble High Court to expunge the remarks if the remarks were unmerited.

Shri Syamadas Bhattacharyya: I have no comments to offer.

Shri Arabinda Roy:

মিঃ স্পীকার স্যার, আমার মনে হয় মাননীয় সদস্য যা বল্লেন এ ব্যাপারে যদি শুধু এক্সপাঞ্জ করার জন্য ওখানে আবেদন করলে এক্সপাঞ্জ করা যায় তাহলে সেটা করা যেতে পারে। বিষয়টা হাউসের কাছে প্লেসড হোক। এই জাজমেণ্টের যে পোর্সানটা এখানে পড়ে শোনানো হল আমি এটা আগেই দেখেছি। আমার মনে হয় অনারেবল জাজ জাজমেণ্টে বলতে গিয়ে তিনি লেজিসলেচার সম্বন্ধে একটু বেশী ক্রিটিকাল হয়েছেন।

Mr. Speaker:

আপনি সাপ্লিমেণ্টারী করুন।

Shri Arabinda Roy:

আমার কোন সাপ্লিমেণ্টারী নেই, আমি এ ব্যাপারে একটু বলছি। আমার মনে হয় এখানে জিনিষটা প্লেসড হলে আমরা ডিসকাস করে একটা সিদ্ধান্তে আসতে পারি।

[1-30—1-40 p.m.]

Shri Abani Kumar Basu:

স্যার, আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে চাই যে তিনি যেন এই জাজমেণ্টের সার্টিফায়েড কপিটা এখানে লে করেন যাতে করে আমাদের পক্ষে প্রিভিলেজ মোসান তোলা সুবিধা হয়।

Shri Syamadas Bhattacharyya: I am ready to lay a copy of the judgement on the table of the House and I am seeking the permission of the Chair to do so.

Shri Sanat Kumar Raha:

ম্যালাফাইডি কেস ৫ হাজার ধরা পড়েছে, তাছাড়া এর বাইরে আরো আছে, গভর্নমেণ্ট কণ্টেস্ট ঠিকমত করেন না। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এক্স-পার্টি ডিসিসান হয়ে গেছে এমন কেসের সংখ্যা কত আছে?

Shri Syamadas Bhattacharyya:

আমার কাছে এমন কোন সংখ্যা নেই।

Shri Birendra Narayan Ray:

যিনি রায় দিয়েছেন সেই জাজ সাহেবের নাম কি?

Shri Syamadas Bhattacharyya: If I may say that—Mr. Justice Laik and Mr. Justice P. B. Mukherji.

Shri Sushil Kumar Dhara:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি উনি কি কোন মধ্যস্বত্বভোগী ছিলেন?

Shri Syamadas Bhattacharyya:

আমি ঠিক জানি না।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the Table)

Withdrawal of recognition from Higher Secondary and High Schools in West Bengal

644. (Admitted question No. 417.) **Shri Ananga Mohan Das:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে এই রাজ্যে কোন্ জেলায় কতগুলি হাই বা হায়ার সেকেণ্ডারী স্কুলের অনুমোদন প্রত্যাহার করা হইয়াছে;

(খ) যে সকল এ শ্রেণীর বিদ্যালয়ের মঞ্জুরীর কাল বর্ধিত হয় নাই তাহাদের জেলাওয়ারী সংখ্যা কত;

(গ) কলিকাতা সহরে যে যে বিদ্যালয়ের অনুমোদন বাতিল করা হইয়াছে, তাহাদের নাম কি;

(ঘ) কি কি কারণে এই সকল বিদ্যালয়ের অনুমোদন বাতিল বা পুনর্মঞ্জুরী দেওয়া হয় নাই; এবং

(ঙ) উক্ত বিদ্যালয়ে যে সকল ছাত্রছাত্রী অধ্যয়ণ করে তাহাদের ভবিষ্যতে কি হইবে এবং তাহাদের মোট সংখ্যা কত?

The Minister for Education:

(ক) ১৯৬৪ সালে কোনও হাই বা হায়ার সেকেণ্ডারী স্কুলের অনুমোদন প্রত্যাহার করা হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) ১৯৬৪ সালে কলিকাতায় কোন হাই বা হায়ার সেকেণ্ডারী স্কুলের অনুমোদন প্রত্যাহার করা হয় নাই। মধ্য শিক্ষা পর্ষৎ ১লা জানুয়ারি ১৯৬২ তারিখ হইতে কলিকাতায় ভিক্টোরিয়া গার্লস স্কুলের (২৬নং শ্যামাপ্রসাদ মুখার্জী রোড, কলিকাতা-২৬) অনুমোদন প্রত্যাহার করেন। এই বিষয়ে বিদ্যালয় কর্তৃপক্ষ মোকদ্দমা করেন। ১৫ই ডিসেম্বর ১৯৬৪ তারিখে আলিপুরের প্রথম অতিরিক্ত জেলা জজ পর্ষতের সিদ্ধান্ত বহাল রাখার আদেশ দেন।

(ঘ) বিদ্যালয় কর্তৃপক্ষ অন্যায় মতে প্রধানা শিক্ষিকাকে কর্মচ্যুত করিলে আপীল কমিটি কর্তৃক যথাযথ অনুসন্ধানের পর বোর্ড তাঁহাকে পুনর্নিয়োগ করিবার আদেশ দেন কিন্তু বিদ্যালয় কর্তৃপক্ষ কিছুতেই উক্ত আদেশকে কার্যকরী না করায় এবং শিক্ষকমণ্ডলীর সহিত বিদ্যালয় কর্তৃপক্ষের বিরোধের ফলে বিদ্যালয় সুষ্ঠুভাবে না চলায় পর্ষৎ বিদ্যালয়ের অনুমোদন প্রত্যাহার করেন।

(ঙ) ঐ বিদ্যালয়ের ছাত্রীদিগকে ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালের স্কুল ফাইন্যাল পরীক্ষা দিতে পর্ষৎ অনুমতি দিয়াছিলেন—১৯৬৫ সলের পরীক্ষা দেওয়ার অনুমতি দিয়াছেন।

Drainage of Dudhsar Beel, Laskarpur Sibnagar Beel, etc., in Domekal police-station, Murshidabad

645. (Admitted question No. 1266.) **Shri Abdul Bari Moktar:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার দুধসর বিল, লস্করপুর শিবনগর বিল, পেচের পাড়ার বিল, দাসের চর বিল, বিলভরাট, গোবিন্দপুর ইত্যাদি বিলসমূহের প্রত্যেকটি হইতে জল নিকাশপথ না থাকার কারণে হাজার হাজার বিঘা জমি আবাদের অযোগ্য হইয়া থাকে এবং আছে এবং

(খ) সত্য হইলে উক্ত বিলসমূহের প্রত্যেকটি হইতে জল নিকাশের জন্য কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (খ) দুধসর বিলের জল নিকাশের জন্য "দুধসর বিল ড্রেনেজ স্কীম" নামক একটি বর্ষা-উত্তরকালীন জল নিকাশী প্রকল্প পূর্বেই কার্যকরী করা হইয়াছে এবং ইহার জন্য বর্ষা-পরবর্তী সময়ে কিছু সুফল পাওয়া গিয়াছে।

পেচের পাড়া বিল, দাসেরচক বিল, বিল ভরাট গোবিন্দপুর এবং আরো কয়েকটি বিলের জল নিকাশের জন্য "খয়রামারি বিল ড্রেনেজ স্কীম" নামে একটি জল-নিকাশী প্রকল্প পূর্বে কার্যকরী করা হইয়াছে। ইহাও একটি বর্ষা-উত্তরকালীন জল-নিকাশী প্রকল্প এবং ইহাতে কিছু সুফল পাওয়া গিয়াছে।

জল নিকাশের অবস্থা আরও উন্নত করিবার উদ্দেশ্যে অনুসন্ধান কার্য চলিতেছে।

Drainage of Bara Beel, Mangalberer Beel, etc., in Jalangi police-station, Murshidabad

646. (Admitted question No. 1267.) **Shri Abdul Bari Moktar:**
সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার জলংগী থানার বড়বিল, মঙ্গলবেরের বিল, সিপাহীরচক বিল, খয়রামারী বিল ইত্যাদি বিলসমূহের জল-নিকাশী পথ না থাকার জন্য হাজার হাজার বিঘা জমি আবাদের অযোগ্য হইয়া আছে এবং থাকে; এবং

(খ) সত্য হইলে উহার প্রতিকারের কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) খয়রামারী বিলের জল (বিল বরাট গোবিন্দপুর) সেচ বিভাগের অধীন ফরিদপুর দাঁড়ার মাধ্যমে নিষ্কাশিত হয়। অন্যান্য বিলগুলির জল, কালিতলা দাঁড়া এবং কৃষি বিভাগ কর্তৃক ১৯৫২ সালে নির্মিত সাড়ে 8 মাইল দীর্ঘ একটি খালের মাধ্যমে আংশিকভাবে নিষ্কাশিত হয়। বিলগুলির চালু অংশের জলনিকাশ বিঘ্নিত হওয়ায় কিছু অঞ্চল জলমগ্ন থাকে।

(খ) জলংগী ও ডোমখাল এলাকার নীচু জমি পুনরুদ্ধার এবং চাষ আবাদের উপযুক্ত করিয়া তুলিবার জন্য একটি প্রকল্প প্রস্তুত করিবার উদ্দেশ্যে প্রয়োজনীয় অনুসন্ধানকার্য্য চলিতেছে।

Adult Education Centres in Malda district

647. (Admitted question No. 1307.) **Shri Birendra Kumar Maitra:**
শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় কি প্রকারের কয়টি বয়স্ক শিক্ষাকেন্দ্র চালু আছে;

(খ) গত পাঁচ বৎসরে কোন্ বৎসর মালদহ জেলায় কয়টি 'কমপ্লিট' এবং কয়টি 'লিটারেসি' সেণ্টারের সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে;

(গ) অদূর ভবিষ্যতে এই প্রকার সেণ্টারের সংখ্যা বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(ঘ) মালদহ জেলায় শতকরা কত জন শিক্ষিত?

The Minister for Education:

(ক) মালদহ জেলায় নিম্নলিখিত বয়স্ক শিক্ষাকেন্দ্র কয়টি চালু আছে?

(১) কমপ্লিট সেণ্টার—২৫।

(২) লিটারেসি সেণ্টার—৯।

ইহা ব্যতীত ১০টি সমষ্টি উন্নয়ন ব্লকে ১২০টি বয়স্ক শিক্ষাকেন্দ্র আছে।

(খ) গত পাঁচ বৎসরে ঐ সেণ্টারের সংখ্যা বৃদ্ধি করা হয় নাই।

(গ) হ্যাঁ, আছে। আর্থিক সঙ্গতিসাপেক্ষ ইহা করা হইবে।

(ঘ) ১৯৬১ সনের লোক গণনা অনুসারে মালদহ জেলায় অক্ষর-জ্ঞানসম্পন্ন লোকের শতকরা হার ১২.৩।

Introduction of free primary education in Bishnupur Municipality, Bankura

648. (Admitted question No. 1558.) **Shri Radhika Dhibar:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মিউনিসিপ্যালিটির প্রাথমিক বিদ্যালয়গুলিকে অবৈতনিক বিদ্যালয়ে পরিবর্তন করার কোন প্রস্তাব আছে কিনা ; এবং

(খ) প্রস্তাব থাকিলে, কবে তাহা কার্যকরী করা হইবে ?

The Minister for Education:

(ক) হাঁ।

(খ) ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ শহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইনের ৩নং ধারা অনুসারে বিষ্ণুপুর পৌরসভা হইতে সংশ্লিষ্ট তথ্যাদি সম্প্রতি পাওয়া গিয়াছে। বিষয়টি বিবেচনাধীন আছে।

Polytechnic Institute in Midnapore district

649. (Admitted question No. 1611.) **Shri Ananga Mohan Das:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কয়টি পলিটেকনিক বিদ্যালয় আছে ;

(খ) উহাদের প্রত্যেকটির ছাত্র সংখ্যা কত ও কি কি বিভাগে কত জন করিয়া ছাত্র প্রতি বৎসর কোন্ সময়ে উহাতে ভর্তি হইতে পারে ;

(গ) এ সকল ছাত্রকে কত দিন ধরিয়া পড়িতে হয় ;

(ঘ) কত জন ছাত্রকে কি হারে স্টাইপেণ্ড দেওয়া হয় ;

(ঙ) এই জেলায় এই প্রকার আরও বিদ্যালয় স্থাপন করিবার পরিকল্পনা আছে কিনা ; এবং

(চ) পরিকল্পনা থাকিলে (১) কয়টি, (২) কবে নাগাদ, এবং (৩) কোথায় স্থাপন করা হইবে ?

The Minister for Education:

(ক) একটি।

(খ) বর্তমানে ছাত্রসংখ্যা ৫৯৩ ; সিভিল, মেকানিক্যাল এবং ইলেকট্রিক্যাল বিভাগে যথাক্রমে ৯০, ১২০ এবং ৩০ জন করিয়া ছাত্র প্রতি বৎসর সেশনের শুরুতে (জুলাই মাসে) ভর্তি হইতে পারে।

(গ) তিন বৎসর।

(ঘ) বর্তমান বৎসরে ঐ পলিটেকনিকে একটি ছাত্রকে মাসিক কুড়ি টাকা হারে স্টাইপেণ্ড দেওয়া হইয়াছে।

(ঙ) আছে।

(চ) (১) একটি; (২) তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালের মধ্যে; এবং (৩) কাঁথি মহকুমার অন্তর্গত রঘুনাথপুর ও ব্রাহ্মণ শাসন মৌজায়।

Non-existence of embankment from Manirtat to Patunighata sluice in Mathurapur police-station, 24-Parganas

650. (Admitted question No. 1735.) **Shri Anadi Mohan Tanti:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, চব্বিশপরগনা জেলার মথুরাপুর থানার অন্তর্গত মনী নদীর মনিরতট হইতে পাটুনিঘাটা স্লুইস পর্যন্ত উত্তর তীর বরাবর কোন নদীর বাঁধ না থাকার কারণে পার্শ্ববর্তী হাজার হাজার বিঘা শালি জমি প্রতি বৎসর লোণা জলে প্লাবিত হইয়া চাষের সমূহ ফসল নষ্ট হইয়া যাইতেছে;

(খ) সত্য হইলে উক্ত বাঁধ না থাকার কারণ কি; এবং বাঁধ নির্মাণের কোন প্রস্তাব আছে কি না; এবং

(গ) প্রস্তাব থাকিলে উহা কত দিনে কার্যকরী হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) বাঁধ না থাকার ফলে জমি প্লাবিত হওয়ার সংবাদ সেচ ও জলপথ বিভাগ অবগত নহে।

(খ) প্রশ্ন উঠে না; বাঁধ নির্মাণের কোন প্রস্তাব সেচ ও জলপথ বিভাগের নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Settlement of the spill area of Petuakhal in Dariapur, Midnapore

651. (Admitted question No. 1789.) **Shri Sudhir Chandra Das:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁথি থানার ২০ নং ইউনিয়ন দরিয়াপুর অঞ্চলের অন্তর্গত পেটুয়া খালের স্পিল এরিয়াভুক্ত জমি চাষের জন্য বন্দোবস্ত দেওয়ার ফলে ভরাট হইয়া যাওয়ায় পার্শ্ববর্তী অঞ্চলের জলনিকাশের পথ রুদ্ধ হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Irrigation and Waterways:

(ক) দরিয়াপুর মৌজায় পেটুয়া খালের স্পিল এরিয়াভুক্ত সেচ বিভাগের কোন জমি চাষের জন্য সেচ ও জলপথ বিভাগ কর্তৃক বন্দোবস্ত দেওয়া হয় নাই।

দরিয়াপুর মৌজায় জলনিকাশে কিছু অসুবিধা হইতেছে।

(খ) জলনিকাশের কোন পরিকল্পনা বর্তমানে সেচ ও জলপথ বিভাগের বিবেচনাধীন নাই।

Repairs to ex-Zamindary Embankments in Midnapore district

652. (Admitted question No. 1821.) **Shri Aditya Kumar Bankura:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ থানার কোন্ কোন্ জমিদারী বাঁধ সেচ বিভাগ কর্তৃক সংস্কার করা হইতেছে; এবং

(খ) গত ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে এইসব জমিদারী বাঁধে কোথায় কত টাকা বন্যার সময় সংস্কার কাজে এবং অন্য সময় সংস্কারের কাজে ব্যয় হইয়াছিল?

The Minister for Irrigation and Waterways:

(ক) মেদিনীপুর জেলার যে সমস্ত থানায় যে যে প্রাক্তন জমিদারী বাঁধ সেচ বিভাগ কর্তৃক সংরক্ষিত হইতেছে, তাহার একটি তালিকা নিম্নে প্রদত্ত হইল:

বাঁধের নাম ও থানার নাম।

বনহোলা—সাবং।

আকন্দানন্দপুর—সাবং।

ভুয়া ফটিচক—সাবং।

উত্তর এরান—সাবং।

ঘুসিংগা চীনা—সাবং।

নেধুয়া ধামসাই—সাবং।

খোলাগুড়কোপ্তিপুর—সাবং।

চাউলকুরি আম্দুলিয়া—সাবং।

লেগিভেরী—সাবং।

[illegible] নোনামাধবচক—সাবং।

মোকরামিচক—সাবং।

বাগবেড়িয়া—সাবং।

বাসুলিয়া—সাবং।

শ্যামসুন্দরপুর—সাবং।

আনন্দগোপালপুর—সাবং।

ঘোড়াইমাগুরিয়া—সাবং।

বাঁধের নাম ও থানার নাম।

বহবালপুর কুইল্যা—সাবং।

উর্দ্ধবপুর—সাবং।

বুড়াল বাহারকুণ্ডা—সাবং।

বিষ্ণুপুর (উত্তর ও পশ্চিম)—সাবং।

কাপাসদা ভগ্নপুর—সাবং।

কুনরা—সাবং।

গৌরীপুর—সাবং।

দুরিয়া—নারায়ণগড়।

পাহাড়পুর—নারায়ণগড়।

চাউলকুরি—নারায়ণগড়।

এক্রমালিচক ফটিচক—ময়না।

(খ) বাঁধগুলির প্রতিটির সংরক্ষণ কার্য বাবত পৃথক পৃথক হিসাব রাখা হয় না। ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে সংরক্ষণ কার্য বাবদ মোট খরচের একটি হিসাব নিম্নে প্রদত্ত হইল:

(১) বন্যার সময়ে সংরক্ষণের কার্যে ব্যয়ের হিসাব।

বৎসর	টাকার পরিমাণ।
১৯৬১-৬২	১,৩৩,৭১৭
১৯৬২-৬৩	১,৩১,৪৫৬
১৯৬৩-৬৪	১,৭৪,০৬৬

(২) অন্যান্য সময়ে সংরক্ষণের কার্যে ব্যয়ের হিসাব।

বৎসর	টাকার পরিমাণ।
১৯৬১-৬২	৩২,০০৫
১৯৬২-৬৩	৮৩,৫০৮
১৯৬৩-৬৪	৬৭,৭১২

বন্যার সময়ের ও অন্য সময়ের সংরক্ষণের কার্য বাবত ব্যয়ের হিসাব পৃথকভাবে রাখা হয় না। জুন মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত যে অর্থ ব্যয়িত হইয়াছে, তাহাই মোটামুটি বন্যার সময়ের খরচ বলিয়া ধরা হইয়াছে।

Issue of licence to the new Factory

653. (Admitted question No. 1752.) **Shri Sanat Kumar Raha:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি তৃতীয় পরিকল্পনাকালে কোন্ জেলায় কতগুলি নূতন কারখানা লাইসেন্স পাইয়াছে এবং তাহার মধ্যে কতগুলি চালু হইয়াছে?

The Minister for Labour:

তৃতীয় পরিকল্পনাকালে ১৯৬১ সালের জানুয়ারি হইতে ১৯৬৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত যে সমস্ত কারখানাকে ফ্যাক্টরী অ্যাক্ট অনুযায়ী লাইসেন্স দেওয়া হইয়াছে, তাহাদের একটি জেলাওয়ারী তালিকা সংযুক্ত করা হইল। ইহাদের সবগুলি বর্তমানে চালু আছে।

Statement referred to in reply to unstarred question No. 653

লাইসেন্সপ্রাপ্ত কারখানাসমূহের তালিকা

১৯৬১ সাল

কলিকাতা	৭
চব্বিশপরগনা	১১১
হাওড়া	৩৭
নদিয়া	৪
মেদিনীপুর	২
পুরুলিয়া	১
বাঁকুড়া	২
কোচবিহার	১
জলপাইগুড়ি	৬
দার্জিলিং	১
বীরভূম	১
হুগলি	১২
বর্ধমান	১১
মোট	১৯৬

১৯৬২ সাল

কলিকাতা	১
চব্বিশপরগনা	১১০
হাওড়া	৩৬
পুরুলিয়া	৩
নদিয়া	৩
মেদিনীপুর	৩
বাঁকুড়া	৪
দার্জিলিং	৭
জলপাইগুড়ি	৬
পশ্চিমদিনাজপুর	১
হুগলি	১১
বর্ধমান	১৮
মোট	২০৩

লাইসেন্সপ্রাপ্ত কারখানাসমূহের তালিকা

১৯৬৩ সাল

বর্ধমান	১৫
হুগলি	৮
দার্জিলিং	২
জলপাইগুড়ি	১
বাঁকুড়া	২
মেদিনীপুর	৩
পুরুলিয়া	১০
নদিয়া	৩
চব্বিশপরগনা	১১৯
হাওড়া	৫৯
কলিকাতা	৭
মোট	২২৯

১৯৬৪ সাল

কলিকাতা	৩
চব্বিশপরগনা	৮১
হাওড়া	৫৪
নদিয়া	১
পুরুলিয়া	৩
মেদিনীপুর	৩
মুর্শিদাবাদ	১
বাঁকুড়া	৩
বর্ধমান	৮
হুগলি	৮
বীরভূম	২
দার্জিলিং	১
জলপাইগুড়ি	৩
মোট	১৭১

১৯৬৫ সাল

চব্বিশপরগনা	৩
হাওড়া	৯
মোট	১২

(১৯৬৫ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত)

Reclamation of Dudhsar Beel in Domkal police-station, Murshidabad

654. (Admitted question No. 1802.) **Shri Abdul Bari Moktar:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার দুধসর বিল ক্যানেল পুনঃখনন ও সংস্কার করার কোন পরিকল্পনা নেওয়া হইয়াছে কি না ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) কত দিনের মধ্যে কাজ আরম্ভ হইবে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) না।

(খ) ও (গ) উপরি-উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the Calling Attention notice of Shri Girish Mahato on the subject of death of a person following a riot in an opera held near the quarters of the Sub-Divisional Magistrate, Bishnupur.

Shri Ardhendu Shekhar Naskar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৫ খৃষ্টাব্দের ৭ই মার্চ রাত্রিতে বিষ্ণুপুরে যে হাঙ্গামা হয়েছিল এবং যার ফলে এক ব্যক্তির মৃত্যু হয় সে সম্পর্কে বিধান সভার মাননীয় সদস্য শ্রীগিরিশ মাহাতো মহাশয় যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দেন তার উত্তরে আমি নিম্নলিখিত বিবৃতি দিতে চাই ১৯৬৫ খৃষ্টাব্দের ৭ই, ৮ই মার্চ রাত্রিতে বিষ্ণুপুর শহরে এক যাত্রানুষ্ঠান কালে রাত্রি প্রায় ১ টার সময় (৮ই মার্চ) কে. জি. ইঞ্জিনীয়ারিং স্কুল এবং রামানন্দ কলেজের এক বিরাট ছাত্রদল ও জনসাধারণের মধ্যে এক হাঙ্গামার সূত্রপাত হয়। যাত্রাদলের জনৈকা নর্তকীর প্রতি অশালীন আচরণ করার অভিযোগে দু'জন ব্যক্তি দর্শকগণ কর্তৃক লাঞ্ছিত হয়। ইহার পর প্রাইভেট বোর্ডিং হাউস ও কলেজ হোস্টেলের প্রায় সকল ছাত্রই লোহার রড এবং লাঠি সোটা লইয়া ঐ যাত্রার দর্শকদের বেপরোয়াভাবে মারধোর করে। ফলে ৪ ব্যক্তি গুরুতররূপে আহত হন। তাঁদের হাসপাতালে ভর্তি করা হয় এবং পরের দিন সকাল ৭॥ টায় তাঁদের একজনের মৃত্যু ঘটে। ১৯৬৫ খৃষ্টাব্দের ৮ই মার্চ তারিখে দণ্ড সংহিতার ১৪৭, ১৪৮, ১৪৯, ৩২৫, ৩০২ ধারা মতে ঐ সম্পর্কে একটা মামলা দায়ের করা হয় এবং মোট ২৩৯ জনকে গ্রেপ্তার করা হয়। এ সম্পর্কে তদন্ত চলিতেছে। ছাত্রদের এই হাঙ্গামায় এবং তার ফলে একজনের মৃত্যু হওয়ায় একটা গণবিক্ষোভের সৃষ্টি হয়। এই ঘটনার অব্যবহিত পরে সংবাদ পাইয়াই জেলা শাসক এবং সুপারিণ্টেণ্ডেণ্ট অব পুলিশ ঐ স্থান পরিদর্শন করিতে আসেন এবং ৭ দিনের জন্য শহরে ১৪৪ ধারা জারি করা হয়। জেলা শাসক এবং এস. পি. স্থানীয় অধিবাসীদের সাথে কয়েকটি সভায় মিলিত হন এবং সাধারণভাবে বিষ্ণুপুর শহরে ছাত্র হাঙ্গামা ও বিশেষভাবে কে. জি. ইঞ্জিনীয়ারিং বিদ্যালয়ের ছাত্রদের হাঙ্গামা রোধ কল্পে কর্তৃপক্ষ যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন তা ব্যাখ্যা করেন। জনসাধারণ কঠোর ব্যবস্থা অবলম্বনের দাবি জানান, তাঁরা ১৪৪ ধারা ভঙ্গ করিয়া একটা মৌন মিছিল বাহির করিবার জন্য দাবি জানান। কিন্তু তাঁদের এই দাবি দৃঢ়তার সাথে প্রত্যাখ্যান করা হয়। মৃত ব্যক্তির আত্মীয় স্বজন ও জনসাধারণ তাঁদের দাবিতে অনমনীয় থাকেন ও মৌন মিছিল বাহির করিতে না দিলে মৃতদেহ সৎকারের জন্য লইয়া যাইতে অস্বীকার করেন। জেলা শাসক, এস. পি. ও বিষ্ণুপুর মহাকুমা শাসক মৃতদেহটির দায়িত্ব গ্রহণ করেন এবং এ্যাম্বুলেন্স করিয়া তাহা শ্মশানে লইয়া যান। জনসাধারণের মধ্যে কয়েকজন ব্যক্তি তাঁদের সঙ্গে যান, পরে মৃত ব্যক্তির আত্মীয় স্বজন তাঁদের সাথে যোগ দেন এবং মৃতের শেষ কৃত্যাদি তাঁহারাই সম্পন্ন করেন। ইহার পরে জনসাধারণ সমবেত

ন ও জেলা কতৃপক্ষ যে ব্যবস্থা অবলম্বন করিয়াছিলেন তার প্রশংসা করেন। অবস্থা এখন ান্ত ও আয়ত্মাধীন আছে। অবস্থার উপর এখনও তীক্ষ্ম দৃষ্টি রাখা হইয়াছে এবং গুরুত্বপুর্ণ ানগুলিতে কড়া পুলিশ পাহারা রাখা হইয়াছে এবং এ সম্পর্কে তদন্ত চলিতেছে।

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Land and Land Revenue Department will please make a statement on the condition of service of the mpleyees of the Settlement Branch of the Land Revenue Department, to which attention was called by Shri Gopal Banerjee.

Shri Syamadas Bhattacharyya:
াননীয় অধ্যক্ষ মহাশয় শ্রীগোপাল ব্যানার্জী মহাশয় যে কলিং অ্যাটেনসন নোটিশ দিয়েছেন তার ত্তরে আমি এই বিবৃতি দিচ্ছি।

সেটেলমেণ্ট অফিসে যে সমস্ত কর্মচারী নিযুক্ত আছেন, তাঁরা পশ্চিমবঙ্গিয় জমিদারী দখল াইন প্রয়োগ করবার ব্যাপারে রিভিশন সেটেলমেণ্ট কাজের জন্য নিযুক্ত হয়েছিলেন। এই িভিশন সেটেলমেণ্ট কাজ শীঘ্র শেষ হয়ে যাবে। কাজেই এই সমস্ত কর্মচারীকে সেটেলমেণ্ট বভাগের স্থায়ী কর্মী হিসাবে নিযুক্ত করার প্রশ্ন এখানে উঠে না। তবে ডিরেক্টর অফ ্যাণ্ড রেকর্ড এণ্ড সার্ভে কাজের জন্য অনেকগুলি স্থায়ী কর্মী দরকার হয় এবং সেখানে কতকগুলি র্মীকে স্থায়ী কর্মে নিযুক্ত করা সম্ভব হবে। তাছাড়া সম্প্রতি সরকার থেকে ঠিক কর, য়েছে যে অস্থায়ী কর্মচারীরাও পেনসন বেনিফিট প্রভৃতি সুযোগ সুবিধা লাভ করবে। সটেলমেণ্ট বিভাগের সেই সমস্ত কাজ শেষ হয়ে গেলে যখন কর্মীর সংখ্যা কম দরকার বে, তখন এই সমস্ত কর্মীকে সরকার অন্যান্য বিভাগের বিকল্প কর্ম দেওয়ার সর্বপ্রকার চষ্টা করা হবে। তাঁদের বাড়তি মহার্ঘ্যভাতা দেওয়া হয় যে হার মাননীয় অর্থমন্ত্রী কিছুদিন আগে এই হাউসের সামনে ঘোষণা করেছিলেন সেই হারে।

Mr. Speaker: I have received two notices calling attention to the following matters:—

(1) assignment of money for relief work in West Bengal and Assam by the Central Government from Shri Panchu Gopal Bhaduri, and

(2) Mayapur political conference and its effect upon agriculture from Shri Abdul Mansur Habibullah.

I have selected the notice of Shri Syed Abdul Mansur Habibullah on the subject of Mayapur political conference and its effect upon agriculture. Hon'ble Minister-in-charge will please make a statement today, if possible, or give a date for the same.

Shri Smarajit Bandyopadhyay: The statement will be made on Monday.

Pakistan firing

Shri Hemanta Kumar Basu:
মাননীয় স্পীকার মহাশয়, আমি মেখলিগঞ্জ থেকে অমর রায় প্রধান এম এল এ-র একটি টেলিগ্রাম পেয়েছি। সেই টেলিগ্রামটি আমাকে আমার বাড়ীর ঠিকানায় পাঠান হয়েছে। টেলিগ্রাম অফিস থেকে এই খবরটি আমাকে এখানে টেলিফোনে জানান হয়েছে।

Pakistan firing near Tin Bigha, Mekliganj from 17th morning. Puchlibari in Mekliganj reported Pakistan military using machine gun. Situations grave.

Corporation election

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজ কর্পোরেশনের নির্বাচনী কাজ সুরু হয়েছে। কিন্তু ১৭ই তারিখ ভোর রাত্রে ১১ নম্বর নির্বাচন কেন্দ্রে পি. ইউ. বি. প্রার্থী শ্রীঅজয় দে'র সমস্ত ফেষ্টুন ও পোষ্টার পুলিশ খুলে নিয়ে গিয়েছে। এ সম্বন্ধে পুলিশকে জিজ্ঞাসা করলে পুলিশ বলছেন এটা তাদের উপর অর্ডার হয়েছে রাস্তা ক্রস করে যে ফেষ্টুনগুলি থাকবে তা খুলে নিতে হবে। অথচ দেখলাম যে ফেষ্টুনগুলি অজয় দের বাড়ীর দেওয়ালে লাগান ছিল, সেগুলিও খুলে নেওয়া হয়েছে, আবার যে দুজন প্রার্থী অজয় দের বিরুদ্ধে দাঁড়িয়েছেন, তাদের কোন ফেষ্টুন খোলা হয় নাই। কলকাতার বিভিন্ন কেন্দ্রে বিভিন্ন রাস্তায় যে সমস্ত ফেষ্টুন ও পোষ্টার ছিল তা ঠিকই ঝুলছে, সেগুলি খোলা হয় নাই। কেবল মাত্র ১১ নম্বর নির্বাচনী কেন্দ্রে অজয় দে'র ফেষ্টুনগুলি কেন খোলা হল—? এ সম্বন্ধে উত্তর চাই। এই ধরণের কোন সার্কুলার দেওয়া হয়েছে কিনা এবং দেওয়া হলে তা উঠিয়ে নেওয়া হবে কিনা তা পরিষ্কার জানতে চাচ্ছি।

[1-40—1-50 p.m.]

Supplementary Estimates for the years 1964-65

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to present the Supplementary Estimates of the Government of West Bengal for the year 1964-65.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংবিধানের ২০৫ ধারা অনুযায়ী ১৯৬৪-৬৫ সালের অতিরিক্ত আয় ব্যয়ের হিসাব পেশ করতে চাই। এই অতিরিক্ত আয় ব্যয়ের হিসাবে মোট ৩৮ কোটি ৫৮ লক্ষ ১৩ হাজার ৩২১ টাকা আয়ের কথা বলা হয়েছে এর সমস্তটাই নিম্ন-লিখিত খাতে এইগুলি ব্যয় হয়েছে। ক্যাপিট্যাল আউট লে অন স্কীম অফ গভর্নমেণ্ট ট্রেডিং স্কীমে ব্যয় হয়েছে ১৮ কোটি ৪১ লক্ষ ৫ হাজার টাকা। তারপর, সকলেই জানেন যে, কোলকাতায় বিধিবদ্ধ খাদ্যের সম বণ্টন ব্যবস্থা চালু করার জন্য যে অতিরিক্ত খাদ্য আমাদের সংগ্রহ করতে হয়েছে এবং সেই সব ব্যবস্থার জন্য এই অতিরিক্ত টাকা। দ্বিতীয়তঃ যেটা বলছি, সেটা হল এই ৪ কোটি ২০ লক্ষ ৪৫ হাজার টাকা এটা সমস্তটাই শিক্ষা খাতে অতিরিক্ত ব্যয়ের জন্য। এবং এর মধ্যে অধিকাংশই শিক্ষকদের বেতন বৃদ্ধি ও ও সুযোগ সুবিধার জন্য—গত বছর বাজেটে আপনারা যা অনুমোদন করেছিলেন, তদপেক্ষা আমরা এই টাকাটা শিক্ষা খাতে বেশী খরচ করেছি। আর একটা হচ্ছে, ২ কোটি ৪৭ লক্ষ ২৯ হাজার টাকা ফেমিন রিলিফ খাতে। এর অধিকাংশটাই রিলিফ ও ত্রাণ কার্যের সাহায্যের জন্য দেওয়া হয়েছে। আর একটা আছে, ২ কোটি ২৯ লক্ষ ৮৪ হাজার টাকা, পাবলিক ওয়ার্কসএ নতুন নতুন পরিকল্পনা জন্য খরচ হয়েছে। যা মূল বাজেটে ধরা ছিল তদপেক্ষা এই টাকাটা বেশী খরচ হয়েছে। আর একটা হচ্ছে ২ কোটি ২১ লক্ষ ৪৮ হাজার টাকা পুলিশ খাতে। অধিকাংশটা

Strengthening the border protection arrangements and internal security measures.

তারপর ১ কোটি ৯৬ লক্ষ ২৩ হাজার টাকা মালটি পারপাস রিভার স্কীম খাতে খরচ হয়েছে। মাননীয় সদস্যগণ জানেন যে গত বছর থেকে ডি. ভি. সি. স্কীম কেন্দ্রীয় সরকার থেকে পশ্চিমবঙ্গ সরকারের ঘাড়ে ন্যস্ত হওয়ার তার যা ডেফিসিটি ১।৪।৬৪ সাল থেকে তার জন্য আমাদের রেভিনিউ অ্যাকাউণ্টএ এই টাকাটা বেশী খরচ হয়েছে। আর হচ্ছে ১ কোটি ৪৫ লক্ষ ২১২ টাকা গ্রেটার ক্যালকাটা স্কীমএর জন্য। এই খাতে আগে টাকা না ধরার কারণ হচ্ছে প্লানিং কমিশনএর অনুমোদন পাওয়া যায়নি। পরে অনুমোদন পাওয়া যেতে এর কাজ আরম্ভ হয়েছে। সেই জন্য গ্রেটার কেলকাটা ডেভলপমেণ্ট স্কীমএ মূল বাজেট অপেক্ষা এই টাকাটা অতিরিক্ত ব্যয় হয়েছে। আর নানা রূপ খরচ মাইগ্রেসন ইত্যাদিতে

১ কোটি ১৬ লক্ষ টাকা এই মোট অতিরিক্ত আয় ব্যয়ের হিসাব মাননীয় সদস্যদে কাছে পেশ করছি। এ বিষয়ে নির্ধারিত বিজনেস এ্যাডভাইসারী কমিটির সিদ্ধান্ত অনুযা নির্ধারিত দিনে, অর্থাৎ যে দিন আলোচনা হবে সেদিন মাননীয় সদস্যগণ এ বিষয়ে আলোচ কোরবেন।

DEMANDS FOR GRANTS

GRANT No. 12

Major Head: 19-General Administration

Shri Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,31,47,000 be granted for expenditure unde Grant No. 12, Major Head: "19-General Administration".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে ১২নং অনুদান ১৯ সাধারণ প্রশাসন মখ খাতে ১৯৬৫-৬৬ সালের জন্য ব্যয়বরাদ্দের হিসাব ৪ কোটি ৩১ লক্ষ ৪৭ হাজার টাকা মঞ্জুরী প্রস্তাব উথাপনের জন্য আমি অনুমতি প্রার্থনা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদে এই প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দ মঞ্জুরের জন্য আবেদন করেছি, গত বছর—মানে চলি বছর আমাদের রিভাইজডএ যেটা ছিল ৪ কোটি ১৩ লক্ষ টাকা, এবারে সেটা বেড়ে হয়েছে ৪ কোটি ৩১ লক্ষ ৪৭ হাজার টাকা। তার আগের বছর ছিল ১৯৬৩-৬৪ সালে ৩কোটি ৭০ লক্ষ টাকা এই যে ব্যয় বৃদ্ধি হয়েছে তার প্রধান কারণ হচ্ছে আমরা সরকারী কর্মচারীদের মাগ্‌গী ভাতা বাড়িভাড়া ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা দিয়েছি। তারপর, প্রশাসনিক খাতে আমাদের পশ্চি বাংলায় যে ব্যয় হয়, সেটা অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করলে দেখা যাবে যে আনুপাতিক হিসাবে আমাদের মোট রাজস্বের সবচেয়ে কম ব্যয় হয় এই প্রশাসনিক খাতে অন্যান্য রাজ্যের তুলনায় যেমন আমি আগামী বছরের জন্য এই প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করলাম, তাতে মোট রাজস্বের ২.৮ পারসেণ্ট অব দি টোট্যাল রেভেনিউ খরচ হবে। এটা ১৯৬৪-৬৫ সালে ছি ৩.১০, কমে গিয়ে এবারে সেটা হয়েছে ২.৮। ১৯৬৩-৬৪ সালে ছিল ৩.৪। তা ছাড়া অন্যা রাজ্যের সঙ্গে তুলনা করলেই বুঝতে পারবেন যে, আমাদের প্রশাসনিক ব্যয় কত কম। আমি উত্তরপ্রদেশের সঙ্গে নিশ্চয়ই তুলনা করতে পারি। কারণ, উত্তরপ্রদেশ হচ্ছে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বড় প্রদেশ। সেখানে গত বছর মোট রাজস্বের ৫.২ ব্যয় হয়েছে প্রশাসনিক খাতে। অ আমরা তুলনা করতে পারি সবচেয়ে সমৃদ্ধিশালী মহারাষ্ট্রের সঙ্গে। সেখানেও এই খাতে আমাদে চেয়ে আনুপাতিক হিসাবে বেশি খরচ হয়। উত্তরপ্রদেশে যেখানে খরচ হয় ৫.৩, মহারাষ্ট্রে সেখা ৫.২ আর আমাদের এখানে ২.৮ সবচেয়ে কম। আমাদের এখানে এখন মোট সরকারী কর্মচারী সংখ্যা হচ্ছে ২ লক্ষ ৩৪ হাজার ২২৬ জন। আর আমরা যখন স্বাধীন হই, অর্থাৎ ১৯৪৭ সালে আগষ্ট মাসে তখন আমাদের সরকারি কর্মচারীর সংখ্যা ছিল মাত্র ৭৭ হাজার। আগে কর্মচারীর সংখ্যা ছিল সেটা বেড়ে হয়েছে ২ লক্ষ ৩৪ হাজার ২২৬ জন। আর একটা ক আমরা প্রায়ই শুনতে পাই যে, আমাদের শাসনযন্ত্র এটা নাকি টপ-হেভি। আমি হিসাব ক দেখলাম যে, মোটেই এই অভিযোগ সত্য নয়। আমাদের এই যে ২ লক্ষ ৩৪ হাজার ২২ জন কর্মচারী আছেন তার মধ্যে ৩ হাজার ১ টাকার উপর বেতন পান মাত্র ২৯ জন। অ এই ২৯ জনের মধ্যে আমার যতদূর মনে পড়েছে ২৬ জন হাই কোর্টে-এর জজ।

[1-50—2 p.m.]

৩ হাজার ১ টাকার বেশি বেতন ২৬ জনে পান, ২ হাজার ১ টাকা থেকে ৩ হাজার টা পর্যন্ত বেতন ৫২ জনে পান, ১ হাজার ১ টাকা থেকে ২ হাজার টাকা পর্যন্ত বেতন ৫৪২ জনে পা ৫০১ টাকা থেকে ১ হাজার টাকা পর্যন্ত বেতন ২ হাজার ৪৪৭ জনে পান, ৩০১ টাকা থে ৫০০টাকা পর্যন্ত বেতন ৬ হাজার ৩৯৫ জনে পান, ১০০ টাকা থেকে ৩০০ টাকা পর্যন্ত বে ১ লক্ষ ১০ হাজার ৫৯৯ জনে পান এবং ১ লক্ষ, ১৪ হাজার ৬২ জন বেতন পান ৭০ টাক উপর। এ থেকে দেখা যাচ্ছে শতকরা প্রায় ৯৯ জনেরও বেশি ১ হাজার টাকার কম বে

পান এবং সেদিক থেকে আমাদের শাসনযন্ত্র মাথাভারি নয়। আর একটা জিনিস লক্ষ্য করবার আছে, আমাদের নিম্ন কর্মচারদের বেতন মাগ্‌গীভাতা নিয়ে দু'গুণ-আড়াইগুণ বেড়েছে, কিন্তু উপরের দিকের কর্মচারীদের বেতন মোটেই বাড়েনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন আমাদের আই-সি এস দের বেতন বাড়ে নি। যাঁরা আই সি এস ছিলেন তাঁরা জুনিয়ার স্কেলে বেতন পেতেন ৪৫০ টাকা থেকে ১৩৫০ টাকা ১৯২১ সালে এবং ১৯৩০ সালে সিনিয়ার স্কেল-এর বেতন ছিল ১ হাজার টাকা থেকে ২২৫০ টাকা। আই-এ-এস অফিসাররা জুনিয়ার স্কেলে পান ৪০০ থেকে ১ হাজার টাকা—আগে যেখানে ছিল ৪৫০ টাকা -থকে ১৩৫০ টাকা, আই-সি-এস হলে এবং সিনিয়র স্কেলে আই-এ-এস-দের বেতন হচ্ছে ৯০০ থেকে ১,৮০০ টাকা—আগে যেখানে ছিল ১ হাজার টাকা থেকে ২,২৫০ টাকা। কাজে কাজেই দেখা যাচ্ছে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি এবং লিভিং ইনডেক্স বাড়া সত্ত্বেও উপরের দিকে বেতন বৃদ্ধি হয় নি বরং আই-সি-এস-দের সঙ্গে তুলনা করলে দেখা যাবে তাঁদের বেতন কমেছে এবং নিচের দিকে যাঁরা আছেন তাঁদের বেতন বৃদ্ধি হয়েছে। আর একটা জিনিস লক্ষ্য করবার আছে, উপরের দিকে যাঁরা আছেন তাঁরা আগে যে পরিমাণ আয়কর দিতেন এখন তার থেকে ঢের বেশি দিচ্ছেন। এ থেকেই আমরা বুঝতে পারছি জিনিসপত্রের মূল্য বৃদ্ধি সত্ত্বেও তাঁদের বেতন কমেছে, আয়কর আগেকার চেয়ে বেশি দিতে হচ্ছে এবং তার অর্থ হচ্ছে উপরের দিকে বেতন বৃদ্ধি হয়নি, নিচের দিকে বেতন বৃদ্ধি হয়েছে। আর একটা জিনিস বলতে চাই এবং সেটা হচ্ছে আগেকার আমলে যখন জিনিসপত্রের দাম কম ছিল, তখন আই-সি-এস যাঁরা সেক্রেটারি টু দি গভর্নমেণ্ট হতেন তাঁরা পেতেন ২,৭৫০ টাকা, আর এখন জিনিসপত্রের দাম বাড়া সত্ত্বেও তাঁরা পাচ্ছেন ২,১৫০ টাকা। বিভাগীয় কমিশনার আই-সি-এস হলে পেতেন ৩ হাজার টাকা আর এখন আই এ এস কমিশনাররা জিনিসপত্রের দাম বাড়া সত্ত্বেও পাচ্ছেন ২,২৫০ টাকা। চীফ সেক্রেটারি আই-সি-এস হলে পান ৩,৭৫০ টাকা এবং আই-এ এস- হলে পান ২,৭৫০ টাকা। মেম্বার বোর্ড অফ রেভিনিউ সেই আমলে আই-সি-এস হলে ৩,৭৫০ টাকা পেতেন এবং আই-এ-এস হলে ২,৭৫০ টাকা। সেক্রেটারী গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া আগে পেতেন ৪ হাজার টাকা এবং এখন পাচ্ছেন ৩ হাজার টাকা। কাজে কাজেই আমরা দেখতে পাচ্ছি উপরের দিকের কমচারীদের বেতন হ্রাস পেয়েছে এবং নিচের দিকে আমরা বেতন বাড়াবার চেষ্টা করেছি এবং অনেক বেড়েছেও। আমাদের আর একটা জিনিস ভাবতে হবে, ৭৭ হাজারের জায়গায় আমরা যেখানে ২ লক্ষ ৩৪ হাজার কর্মচারী নিয়োগ করেছি তখন কোন জায়গায় এতটুকু বেতন বৃদ্ধি করতে হলে আমাদের অনেক বেশি টাকা ব্যয় হয়।

সেজন্য বেতন বৃদ্ধি করছি বটে, কিন্তু সাবধানতার সঙ্গে করছি যাতে আমাদের গঠনমূলক কাজ জাতীয় সংগঠনীর কাজ ব্যাহত না হয়। আর একটা জিনিস আমি লক্ষ্য করলাম যে, আমাদের এখানে দিন দিন যে বেতন দিচ্ছি প্রশাসনিক খাতে অ্যাডমিনিস্ট্রেশনের জন্য, তার চেয়ে বেশি করছি জাতীয় সংগঠনীমূলক কাজের জন্য। ১৯৬৩-৬৪ সালে আমরা প্রশাসনিক খাতে যে ব্যয় করতাম তার চেয়ে ১৫ গুণ জাতীয় সংগঠনীমূলক কাজ করেছি। ১৯৬৪-৬৫ সালে প্রশাসনিক খাতে যে ব্যয় করেছি তার ১৮ গুণ আমরা ব্যয় করেছি জাতীয় সংগঠনীমূলক কাজে, আর ১৯৬৫-৬৬ সালের জন্য অর্থাৎ আগামী বছরের ব্যয় বরাদ্দের জন্য যে উপস্থিত হয়েছি সেখানে আমরা প্রশাসনিক খাতে যে ব্যয় করব তার ২০ গুণ ব্যয় করব জাতীয় সংগঠনীমূলক কাজে। কাজে কাজেই আমার মনে হয় এটা মাথাভারি শাসন নয়। আমাদের ক চারীদের সুখ সুবিধার দিকে বিশেষ করে যাঁরা নিচের দিকে আছেন তাঁদের দিকে আমরা লক্ষ্য রাখছি। আমাদের প্রশাসনিক বিভাগের একটি সব চেয়ে বড় কাজ হচ্ছে সরকারী কর্মচারীদের মধ্যে যদি দুর্নীতি দেখা যায় তা কি করে আমরা রোধ করব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, আমরা একটা ভিজিলেন্স কমিশন করেছি, একজন ভিজিলেন্স কমিশনার নিয়োগ করেছি। তিনি হচ্ছেন শ্রীসুবিমল দত্ত, তিনি আমাদের প্রেসিডেণ্টের সেক্রেটারী ছিলেন, তিনি মস্কোতে ইউ-এস-এস-আরএ অ্যাম্বাসাডার ছিলেন এবং বহু উচ্চ পদ অধিকার করেছিলেন। আমাদের খুব সৌভাগ্য যে .র মত একজন লোককে ভিজিলেন্স কমিশনার হিসাবে নিয়োগ করতে পেরেছি। কিন্তু পশ্চিম বাংলায় ভিজিলেন্স কমিশনার নিয়োগ করার পূর্বে বহু পর্বে, অর্থাৎ স্বাধীনতা পাবার পর, এখানে একটা অ্যান্টি-করাপশন অ্যাণ্ড এনফোর্সমেণ্ট

...শ হয় হোম ডিপার্টমেন্টের অধীনে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনে এবং তাঁর ...কারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি হলে তাঁদের মধ্যে তদন্ত করতেন এবং শাস্তি বিধানে ...বস্থা করতেন, অবশ্য তদন্ত না করে শাস্তি দেওয়া হয় না, এই কাজে সাহায্য করা ...ন্য দুজন রিটায়ার্ড জর্জকে নিযুক্ত করেছি। কাগজপত্র এলে পর তাঁর কাছে পাঠিয়ে দি... আমরা ১৯৬০ সালে ৪৮৮টি তদন্ত করেছিলাম, ১৯৬১ সালে ৫৬৬টি, ১৯৬২ সালে ৪৫১টি ১৯৬৩ সালে ৫৫০টি, ১৯৬৪ সালে ৭২২টি, এর মধ্যে তদন্ত করার পর আদালতে আমরা পাঠিয়েছিলাম ১৯৬৬ সালে ৬২টি কেস, '৬১ সালে ১৮টি, '৬২ সালে ৮টি, '৬৩ তে ১৪টি '৬৪তে ১টি। কোর্ট থেকে শাস্তি হয়েছে ১৯৬০ সালে ৬ জনের,'৬১ সালে ৭ জনের ৬২ সালে ২ জনের '৬৩ সালে ২ জনের, '৬৪ সালে একজনেরও নয়। আর বিভাগীয় তদন্তে শাস্তি পেয়েছে ১৯৬০ সালে ৩৬ জন, ১৯৬১ সালে ৪৪ জন, ১৯৬২ সালে ৯ জন, ১৯৬৩ সালে ৯৭ জন এবং ১৯৬৪ সালে ১৭ জন। প্রশাসনিক খাতে এই ব্যয়বরাদ্দ উপস্থিত করতে গিয়ে একটা কথা বলা প্রয়োজন মনে করি।

[2—2-10 p.m.]

আমরা এখানে পঞ্চায়েতি রাজ কায়েম করার চেষ্টা করছি এবং প্রতিষ্ঠা করেছি এবং এই রাজকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য যে সমস্ত পঞ্চায়েত আছে অঞ্চল পঞ্চায়েত আছে, জেলা পরিষদ আছে বা সর্বনিম্ন গ্রাম পঞ্চায়েত আছে তাদের উপর আমরা ধীরে ধীরে অনেক দায়িত্ব ন্যস্ত করবো। আমাদের এখানে মোট যা ভূমি রাজস্ব আদায় হচ্ছে তার শতকরা ৫ ভাগ আমরা দিয়ে দিচ্ছি এবং আমরা মনে করছি এর পর ভূমি রাজস্ব যদি শতকরা ৭৪ ভাগের বেশী আদায় হয় এবং তার জন্য আমাদের পঞ্চায়েতের লোকেরা যদি চেষ্টা করেন তাহলে শতকরা ৭৪ ভাগের উপর যে পরিমাণ আদায় হবে আমরা তার ৫০ ভাগ দেবো। (এ ভয়েসঃ চাপ দেওয়া হবে) একজন মাননীয় সদস্য বলছেন চাপ দেওয়া হবে, সেটা মনে হতে পারে যদি চিন্তা না করে কথা বলা যায়। কিন্তু আমি বিশেষভাবে চিন্তা করে কথা বলছি এবং মাননীয় সদস্যদের চিন্তা করতে বলছি। আমাদের ভূমি রাজস্ব খুব কম আমাদের যখন ধানের দাম ১৪ আনা এক টাকা ছিল প্রতি মণ তখন যে ভূমি রাজস্ব ছিল আজকে সংকর বেঁধে দিয়েছেন ১৪ টাকার একটু উপর, তারপর মাঝারি ১৫ টাকার একটু বেশী, ১৬ টাকার একটু বেশী, কাজেই ১ টাকা ধানের মণ যখন ছিল তখন যে খাজনার হার ছিল এখনও তাই আছে। আর একটা কথা মাননীয় সদস্যদের ভেবে দেখতে বলবো। আমাদের আগে পাটের দাম ছিল, ৬,৭,৮, টাকা—আমি জানি একবার ৫-৬ টাকাও হয়েছিল—আজকে সেখানে ৩০, ৩২, ৪০ টাকা পর্যন্ত পাটের দাম হয়েছে, (এ ভয়েস : তেল, কাপড় ?) একজন মাননীয় সদস্য বলছেন যে তেল, কাপড় ...র ইত্যাদির দাম খুব বেশী, তাঁর বোধ হয় কৃষকদের হিসাব সম্পর্কে কোন ধারণা নেই বলে ...ই কথা বলছেন! একজন কৃষক তার যদি ২০ বিঘা জমি থাকতো এবং একশত উৎপাদন ...তো তাহলে তা থেকে সংসার খরচ ৫০ মণ যেত বাকি ৫০ মণ বিক্রি করতেন। ২০ জমির খাজনা ৫০ টাকা এ ছাড়া তখন তাকে ম্যালেরিয়া ইত্যাদিতে কুইনাইন কিনতে ডাক্তারের ফিস দিতে হতো। কিন্তু এখন কৃষকের অবস্থা কি তা ভাবুন। এখন যার ...বিঘা জমি আছে তার বিঘায় ৫ মণ করে হলে ১০০ মণ ধানে সর্বনিম্ন দাম তিনি পাবেন ...০ টাকা, তার সংসার খরচ আমি বাদই দিচ্ছি, আগে ৫০ মণ খেতেন, এখন ৬০ মণ ..., ৪০ মণ বিক্রি করবেন। এই ৪০ মণ ১৫ টাকা করে করলে ৬০০ টাকা, ৬০০ ... যদি খাজনা ৫০ টাকা হয় তাহলে আগে অর্ধেকও থাকতো না এখন থাকবে কতো আশা ... এটা চিন্তা করবেন। আমরা এরূপ অনেক কথা বলি এবং বলে ঠকি। কাজেই একটু চিন্তা ...র কথা বলা ভাল। আমি কাজের কথাই বলছি। কাজের কথা মাথায় ঢোকা চাই। ...মি এখন আর সময় নেব না। মাননীয় সদস্যদের অনেক কাজের কথা বলবার আছে, ...নেক ছাঁটাই প্রস্তাব আছে সেসব শুনে উত্তর দেবো। তবে আমি মনে করি আমার এ ...থাগুলো যদি চিন্তা করে দেখেন তাহলে এই ব্যয়বরাদ্দ তাঁরা অনায়াসে মঞ্জুর করতে পারবেন

Grant No. 11

Major Head: 18—Parliament, State and Union Territory Legislatures.

Shrimati Abha Maiti: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 42,91,000 be granted for expenditure under Grant No. 11, Major Head: "18—Parliament, State and Union Territory Legislatures".

Grant No. 39

Major Heads: 65—Pensions and Other Retirement benefits, 120—Payments of Commuted Value of Pensions.

Shri Saila Kumar Mukherjee: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,64,84,000 be granted for expenditure under Grant No. 39, Major Heads: "65—Pensions and Other Retirement benefits and 120—Payments of Commuted Value of Pensions".

Mr. Speaker: All the cut motions in the different Grants are in order and they are taken as moved.

GRANT No. 12

The following cut motions were taken as moved:—

Shri Jyoti Basu: that the demand be reduced to Rs. 1.

Shri Hemanta Kumar Basu: that the demand be reduced to Re. 1.

Shri Bhabani Mukhopadhyay: that the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: that the demand be reduced to Re. 1.

Shri Nimai Chand Murmu: that the demand be reduced to Re. 1.

Shri Hare Krishna Konar: that the demand be reduced to Re. 1.

Shri Benoy Krishna Chowdhury: that the demand be reduced to Rs. 1.

Shri Panchu Gopal Bhaduri: that the demand be reduced to Re. 1.

Shri Monoranjan Roy: that the demand be reduced to Re. 1.

Shri Syed Abul Mansur Habibullah: that the demand be reduced to Re. 1.

Shri Amarendra Nath Basu: that the demand be reduced to Re. 1.

Shri Nathaniel Murmu: that the demand be reduced to Re. 1.

Dr. Kanai Lal Bhattacharya: that the demand be reduced to Re. 1.

Shri Bhakti Bhushan Mandal: that the demand be reduced to Re. 1.

Shri Rabindra Nath Mukhopadhyay: that the demand be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: that the demand be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: that the demand be reduced to Re. 1.

Shri Tarun Kumar Sen Gupta: that the demand be reduced to Re. 1.

Shri Sunil Das Gupta: that the demand be reduced to Re. 1.

Shri Girish Mahato: that the demand be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: that the demand be reduced to Re. 1.

Shri Nikhil Das: that the demand be reduced to Re. 1.

Shri Nani Bhattacharjee: that the demand be reduced to Re. 1.

Shri Aswini Roy: that the demand be reduced to Re. 1.

Shri Sudhir Chandra Das: that the demand be reduced to Re. 1.

Shri Abhay Pada Saha: that the demand be reduced to Re. 1.

Shri Panchu Gopal Bhaduri: that the demand be reduced by Rs. 100.

Shri Girija Bhusan Mukherjee: that the demand be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: that the demand be reduced by Rs. 100.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: that the demand be reduced by Rs. 100.

Shri Mahananda Haldar: that the demand be reduced by Rs. 100.

Shri Aswini Roy: that the demand be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar: that the demand be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani: that the demand be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta: that the demand be reduced by Rs. 100.

Shri Narayan Choubey: that the demand be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: that the demand be reduced by Rs. 100.

Shri Jiban Krishna Dey: that the demand be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: that the demand be reduced by Rs. 100.

Shri Mrigendra Bhattacharyya: that the demand be reduced by Rs. 100.

Shri Bhadra Bahadur Hamal: that the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: that the demand be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: that the demand be reduced by Rs. 100.

GRANT No. 11

The following cut motions were taken as moved:—

Shri Anadi Das: that the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: that the demand be reduced to Re. 1.

Shri Girish Mahato: that the demand be reduced to Re. 1.

Shri Mrigendra Bhattacharyya: that the demand be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar: that the demand be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh: that the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: that the demand be reduced by Rs. 100.

GRANT No. 39

The following cut motions were taken as moved:—

Shri Sanat Kumar Raha: that the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: that the demand be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: that the demand be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: that the demand be reduced by Rs. 100.

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, সাধারণ প্রশাসন খাতে ব্যয় বরাদ্দের উপর মুখ্য মন্ত্রীর বক্তৃতা শুনলাম আমি একটা বিষয় যেটা নিয়ে তিনি শুরু করেছেন আমি সেটা নিয়ে শুরু করছি। তিনি অনেক কিছু তথ্য আমাদের দিলেন কত কম খরচ হচ্ছে, আর উপরের দিকে অফিসারদের সম্বন্ধে বলেছেন তাঁরা কম বেতন পাচেছ্ন তাদের বাড়ান হয়নি এবং নীচের দিকে কত বাড়ান হয়েছে ইত্যাদি বিষয়ে অনেক পরিসংখ্যান দিলেন, কিন্তু আমার খানিকটা অন্য রকমের কথা আছে সেটা হচেছ্ প্রায় যে ২ লক্ষ ৩৪ হাজার সরকারী কর্মচারী আছেন তাদের সম্বন্ধে। তাঁরা কিন্তু মুখ্যমন্ত্রীর এসব কথা মানতে রাজী নয়। তাদের আচরণের তারা যা করছেন তার ফলে তাদের মনোভাব পরিস্কার হচেছ, এবং আমার মনে হয় সরকারী কর্মচারীর সঙ্গে একমত হয়ে সরকারের এদের প্রতি যে মনোভাব সেটা হচেছ্ অত্যন্ত অগণতান্ত্রিক, বিন্দুমাত্র কোন সহানুভূতি আছে বলে মনে হয় না। এই নিম্নস্তরের কর্মচারীদের প্রতি। এই কারণে আজকে দেখছি চারিধারে দারুণ অসন্তোষ এবং একটা তিক্ততার স্বৃষ্টি হচেছ্, বেশীর ভাগ কর্মচারীই এই যে বিরোধ এটা মন্ত্রী মণ্ডলীর সঙ্গে সঙ্গে যদি এই বিরোধ হত বা যদি শুধু মন্ত্রীমণ্ডলীর সঙ্গে হয়ে সেখানেই সীমাবদ্ধ থাকতো তাহলে হয়ত সেখানে আমাদের বিশেষ কিছু বলার ছিল না। কিন্তু দূর্ভাগ্য বশত এই রকম একটা অবস্থার এসেছে যে সকারের কোন কাজ সেখানে সুষ্ঠুভাবে হতে পারে না, যদি তার কর্মচারী বা সরকারের উপর অসন্তুষ্ট থাকে। যদি বরাবরই তাদের বিক্ষোভ প্রদর্শনের মধ্যে যেতে হয় তা হলে আমরা এটা মনে করতে পারি যে কোন সরকার এটার সম্বন্ধে উদাসীন হতে পারে না। মুখ্য মন্ত্রী বললেন যে একটু চিন্তা করুন। মাথায় ঢুকছে না আমি বলছি ওর মাথায় ঢুকছে না ২।৩ মাস আগে এত আইন কানুন এনফোরারী থাকা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকাররা যা কোন দিন স্বাধীনতা হবার পর হয়নি তারা একটা বাধ্য হয়ে সরকারের কাছে দাবী করবার জন্য জমায়েত হন। কেমন করে এটা হল ১৮ বৎসর কংগ্রেস শাসনের পর, এই মাসের ১১ তারিখে প্রায় ৫০ হাজার পশ্চিমবঙ্গ কর্মচারী তারা জমা হলেন বিক্ষোভ প্রদর্শন করলেন তাদের দাবী দাওয়া জানাতে। কিন্তু এই কথাগুলির কোন জবাব পেলাম না। আমি আশা করি মুখ্য মন্ত্রী মহাশয় স্বীকার করবেন যে তাঁর সঙ্গে সরকারী কর্মচারীদের একটা সম্পর্ক বিপরীত সম্পর্কে কিন্তু তিনি সেদিকে গেলেন না বা কোন মূল্য দিলেন না। বৃটিশ আমলে আই. সি. এস. রা কত পেতেন এ সবের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই, আসল কথা এড়িয়ে গেলেন এবং সে সম্বন্ধে কেন বললেন না কেন সেটা বুঝতে পারছি না আমার মনে হয় সরকার এটা মেনে নেবেন নীচে তলার কর্মচারী ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী তাদের সরকারের নিকট অনেক দাবি দাওয়া আছে, অভিযোগ আছে, যে গুলির সমাধা প্রয়োজন ছিল বহু আগের কিন্তু সমাধান করা দূরের কথা আমরা দেখেছি এগুলি আজ পর্যন্ত পর্বত প্রমাণ জমা হচেছ্ এবং বিক্ষোভ বাড়ছে। অনেক আন্দোলন করার পর ১৯৬১ সালে পে কমিটি বসেছিল এবং কিছু কিছু বাড়ান হয়েছিল কিন্তু সে পে কমিটি হবার পর আর কিছু হয়নি। মুখ্য মন্ত্রী মহাশয় বলেছেন ৭৪ হাজার ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারী ৬০ টাকা থেকে ৬৫ টাকা মাসিক মাহিনা পান।

[2-10—2-20 p.m.]

এই তো ব্যবস্থা হোল—১৮ বছর কংগ্রেসী রাজত্যে এবং এই যে মাইনে ঠিক করা হোল এখানে কোন রকম বৈজ্ঞানিক ব্যবস্থা দেখলাম না—কিসের ভিত্তির উপর হোল—কেউ জানে না এবং জিনিসের যা দাম বাড়লো ১৯৬১ সালে সেই অনুপাতে কিন্তু এই মাইনের স্থির করা হোল না।

যার জন্য আবার সরকারী কর্মচারীদের মধ্যে বিক্ষোভ দেখা দিল। কারণ তারা বললেন যে মাগ্‌গীভাতা মাইনের সঙ্গে জুড়ে দেওয়া হোল—তাহলে পরবর্তীকালে যদি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়তে থাকে তাহলে কি আমরা মাগ্‌গীভাতা পাবো? এমন কোন নীতি কিছু আছে কিনা। কিন্তু তারা তা ঘোষণা করেন নি। সরকারের কোন নীতিই নেই—সেইজন্য আবার তাদের আন্দোলনে নামতে হবে। তার তিন বছর অর্ধাহারে, অনাহারে কাটাবার পর ১৯৬৪ সালে কিছুটা মাগ্‌গীভাতা সরকারের পক্ষ থেকে অনেক আন্দোলনের পর তারা ঘোষণা করলেন। এইবার বহু আন্দোলনের পর তারা ঘোষণা করলেন কিন্তু মাগ্‌গীভাতা এবং এই ঘোষণা করবার পর আবার বিক্ষোভ দেখা দিয়েছে স্বাভাবিক ভাবে। কারণ হিসাবে দেখা যাচ্ছে প্রায় চতুর্থ শ্রেণীর এই যে কর্মচারীরা আছেন সেখানে প্রায় ১ লক্ষ ৭০ হাজার তারা পেলেন ৫ টাকা মাগ্‌গীভাতা। আর ৩৩ হাজার পেলেন ১০ টাকা, আর ৭ হাজার মাথার উপর দিকে তারা পেলেন ৩০ টাকা যাদের কম দরকার। এই হোল মাগ্‌গীভাতা। এখন জিনিসের যা দাম বেড়েছে সেটা কি সরকার হিসাব করে দেখেছেন সেই অনুপাতে কি কোন ব্যবস্থা হোল? এই সমস্ত নিম্নতম কর্মচারীদের জন্য আবার এখানে বৈষম্যমূলক ব্যবহার কেন হচ্ছে? যদি দিতে না পারেন—টাকা না থাকে—তাহলে সবাইকেই ১৫ টাকা করে দিতে পারতেন। কিন্তু তা না করে কাউকে পাঁচ টাকা কাউকে ১০ টাকা এবং কাউকে ৩০ করে দিচ্ছেন। এবং সরকারী কর্মচারীরা জিজ্ঞাসা করছে যে সরকার নিজে যে জিনিসের দাম অর্থাৎ রেশনিংয়ের জিনিসের দাম বাড়ালেন—চাল এবং গম—সেটাকে ক্ষতিপূরণ তাঁরা করে দিলেন না। আর অন্য জিনিসের দাম যা বেড়েছে তার তো কোন হিসাবই নাই। অর্থাৎ এখান থেকে যে বলা হচ্ছে বারে বারে তেল ডাল নুন তরিতরকারি, মাছ মাংস কাপড় ইত্যাদি বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় জিনিস যা কিছু আছে—তার পর চাষীদের যা প্রয়োজন থলের দাম—সেই পরিসংখ্যান মুখ্য মন্ত্রীর কাছে আছে কিনা জানি না—কিন্তু তিনি তা বললেন না। এই সবের জন্য যা কিছু হয়েছে—জিনিসের দাম বাড়ার জন্য সেগুলি কিন্তু মাগ্‌গীভাতা দেবার সময় কোন রকম তারা হিসাবের মধ্যে নিলেন না। ভিক্ষার মত পাঁচ টাকা ছুঁড়ে দিলেন—তাতে তোমাদের যা হয় হবে—না হয় না হবে—এবং আরও কথা হচ্ছে এবার যখন ঘোষণা করা হয় তখন অর্থমন্ত্রী এই কথা বললেন না—আচ্ছা এবার বাড়িয়ে দিয়েছি—যদি আবার জিনিসের দাম বাড়ে যদি ২৫ বা ১৫ পয়েণ্ট বাড়ে তাহলে আমরা ততো মাগ্‌গী ভাতা বাড়িয়ে দেবো অটোমেটিক্যালি। স্বয়ংক্রিয় কোন ব্যবস্থা যার জন্য যেন ডিমনস্ট্রেসন বা পেনডাউন না করতে হয়—এই রকমভাবে কোন রকম ব্যবস্থা হোল না। কাজেই এই কথাগুলির কোন জবাব পাবো কিনা—জানি না—আমরা এর জবাব চাই। সরকারী কর্মচারীরা বলেছিল সরকারের কাছে তারা স্মারকলিপি দিয়েছে আমরা দেখেছি স্টেট স্ট্যাটিটিস্টিক্যাল ব্যুরো যে পরিসংখ্যান দেন তা সব মিথ্যা। এবং একটা উদ্দেশ্য নিয়ে তারা কম করে দেখাবার চেষ্টা করেন জিনিসের দাম এবং সেটা ক্যাপিটেল পত্রিকায় যা বেরোয় তার সঙ্গে যদি মিলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে প্রতি সময় ১০ পয়েণ্ট কম থাকে। এগুলির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কর্মচারীদের পক্ষ থেকে তারা বলছেন একটা কমিশন দেখুক এই চুরির কারচুপি কেমন চলছে। তাদের খেতে না দিতে পারেন—আবার মিথ্যা স্ট্যাটাস্টিক্স দিচ্ছেন এতো আপনারা সর্বনাশ্ করে দিচ্ছেন, কোন রকম সদুত্তর তারা পান নি—বা কোন রকম ব্যবস্থাও হয়নি। এই সমস্ত দাবী ছাড়াও তাদের ঘরভাড়া সম্পর্কে তারা বলছেন সব কর্মচারী যারা জেলায় আছেন তাদের কেন দেবার ব্যবস্থা করছেন না—কেন আলোচনা করছেন না কর্মচারীদের সঙ্গে যে কতটা দেওয়া যায়। তারা বলছেন শতকরা ১৫ টাকা দেওয়া হোক—১৫ টাকা না দিতে পারেন—কিছুতো দিতে পারেন। কারণ বাড়ী ভাড়া বেড়েছে—অল্প টাকায় বাড়ী পাওয়া যা না। অনেক পরিসংখ্যান দিলেন—মুখ্য মন্ত্রী এটাতো দিলেন যে আগে কত ছিল আর এখন কত হচ্ছে। সেই জন্য তাদের এই দাবী আছে। চিকিৎসা খাতে তাঁরা কিছু ব্যবস্থা করেছেন।। কিন্তু এখানে দেখলাম ৫ কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়েছেন—এঁরা সেই নীতি নিলেন না—ওঁরা একটা সীমা বেঁধে দিচ্ছেন ৭৫ টাকাপর্যন্ত। কিন্তু কারও ৭৫ টাকার বেশী খরচ হয়—আবার কারও কমও হতে পারে কেন্দ্রীয় সরকার এই রকম কোন সীমা বেঁধে দেন নি—আমরা যতটা জানি—কিন্তু এখানে কেন বাঁধা হোল—আর এখানে ফেমেলী বলে যা ধরা হচ্ছে—ঐ নির্ভরশীল বৃদ্ধ পিতামাতা, ভাই বোন যদি থাকে তাকে বাদ দেওয়া হচ্ছে।

স্ত্রী একটা ছেলে—তার যদি আরও দুটো ছেলে থাকে তারা পাবে না। এই রকম ফেমিলি প্ল্যানিং হচ্ছে ভাতার ব্যাপারে। যেটুকু করলেন তাতে অসন্তুষ্ট বাড়লো বই কমলো না সরকারী কর্মচারীদের এটাই দেখলাম। অথচ এটা যদি হোত তাহলে এ্যাভারেজ সরকারের এমন কিছু বেশী খরচ হোত না, যদি লিমিট না বেঁধে দিতেন—কারণ ইনজেকসন সব একই দামে কিনতে হবে। চিকিৎসার জন্য এইভাবে বেঁধে দিলে খুব অসুবিধা হয় এটা নিশ্চয়ই বুঝতে পারেন—কিন্তু এখানে তো করা হয়েছে। তারপর ১৬ হাজার ওয়ার্ক চার্জড হ্যাণ্ড আছে—তারা যেহেতু ঐ রকম অস্থায়ী—সেই হেতু তাদের জন্য কোন ব্যবস্থা হচ্ছে না। ওয়ার্ক চার্জড ওয়ার্ক হয়ে গেলে হয়ে গেল—কিন্তু তারা তো বছরের পর বছর ধরে কাজের মধ্যে আছে—কাজেই তাদের জন্য ব্যবস্থা করা দরকার—এই মেডিক্যাল বেনিফিট বা এই রকম কিছু ভাতা পাবার জন্য। ঠিক সেইভাবে আমরা দেখছি অর্থের কথাগুলি ছেড়ে দিন মুখ্যমন্ত্রী এক কথায় উড়িয়ে দেবেন আমরা জানি এই বলে যে টাকা নেই কি করবো। কিন্তু শুধু কি টাকার কথা—তাদের সহানুভূতির যে অভাব রয়েছে একটা আমলাতান্ত্রিক মনোভাব তাদের রয়েছে সেটা বোঝা যায়। কারণ সরকারী কর্মচারীরা বার বার বলছেন যে যারা অস্থায়ী তাদের স্থায়ী কেন করছেন না? ১৯৬৩ সালের হিসাব হচ্ছে গেজেটেড এমপ্লয়ীজ শতকরা ৩০ ভাগ অস্থায়ী, নন-গেজেটেড সুপিরিয়ার ক্ল্যারিক্যাল স্টাফ যা তাদের ৭৩ ভাগ অস্থায়ী—নন-গেজেটেড সুপিরিয়ার ক্ল্যারিক্যাল স্টাফ যারা তাদের ৭৩ ভাগ অস্থায়ী—নন-গেজেটেড সুপিরিয়ার নন-ক্ল্যারিক্যাল যারা তাদের ৪৩ ভাগ অস্থায়ী আর নন-গেজেটেড ইনফিরিয়ার যারা তাদের শতকরা ৮১ জন অস্থায়ী। এটার কোন আইন কানুন হবে না—১৮ বছর হয়ে গেল আমরা স্বাধীন হয়েছি—কোন ব্যবস্থা নেই।র অস্থায়ী থাকবে কেন? এর জন্য কত টাকা প্রয়োজন কি ব্যাপার—এটা কি কারণে রাখা হচ্ছে—এ আজ অবধি আমরা বুঝতে পারছি না যদিও বারে বারে আমরা এই কথা তুলি। তারপর কথা হচ্ছে সরকারী কর্মচারী ঐ রকম কিছু আছেন যেমন ব্রিক ট্রেনারের কথা উঠছিল ১৫০ জন—তারা ৮ বছর কাজ করলেন ৯০ টাকা পেতেন—ডাঃ রায় এদের ব্যবস্থা করেছিলেন—এখন তাদের চাকুরী চলে গেল কাজ নেই বুঝলাম কিন্তু সরকারের বিভিন্ন জায়গায় গ্রামে সহরে সরকারী কাজে লোক নেওয়া হচ্ছে অথচ এদের ডাকা হোল না—বা যেখানে ডাকা হচ্ছে অনেক আন্দোলন করার পর সেখানে দেখলাম যে তাদের মাইনে ৬০ টাকা দেওয়া হোল। যেখানে তারা ৯০ টাকা পেতেন—তাতে আমরা বলিাম ৬০-৭৫ টাকার গ্রেডে ফিক্স করুন। তাহলে এদের চিকিৎসাভাতা এবং অন্যান্য ভাতা নিয়ে ৯০ টাকা হয়—এতে তাদের চলে যাবে। মুখ্য মন্ত্রী বলেছিলেন এটা চিন্তা করা যায়—এরা অল্প সংখ্যক ব্যক্তি—কিন্তু আজও তাদের কোন ব্যবস্থা হয়নি তাদের চাকুরী চলে গেছে ৮ বছর চাকুরী করার পর এখন এরা কোথায় চাকুরী করবে? এখন এদের পরিবারকে অনাহারে কাটাতে হচ্ছে। অর্থাৎ কোন রকম নীতি এই সরকারের নেই। অথচ তারা এতো কথা বলছেন—কল্যাকর্ণকর ব্যবস্থা হচ্ছে পঞ্চ বার্ষিকী পরিকল্পনা হচ্ছে পঞ্চায়েতী রাজ ইত্যাদি অনেক কথা শুনলাম। কিন্তু নিজেদের ঘরের দিকে তাকান—এখন পঞ্চায়েত রাজ ছাড়ুন ইউনিয়নগুলিকে পর্যন্ত রেকগনাইজ করতে পারলেন না আজ অবধি—গোটা ২৪টি এ্যাসোসিয়েসন আছে—তার মধ্যে ৭টার বেশী রেকগনাইজড নয়। কারণ তারা সেই মানদ্ধাতা আমলের বৃটিশের আমলের সেই গভর্নমেণ্ট সার্ভিস কণ্ডাক্ট রুলসগুলি তারা পরিবর্তন করবেন না। অথচ সরকারী কর্মচারীরা এই সমস্ত রুলস অন্যায় অপমানকর বলে মনে করছেন। সেইজন্যই তারা তা মানতে পারছেন না। মানবেন কি করে? এই সব রুল তারা মানতে পারেন না—সরকার বলছেন যে আমরা পরিবর্তন করবো না—মেনেও নেব না। এইভাবে আমরা দেখছি যাতে তারা একতাবদ্ধ না হতে পারে সেই জন ক্যাটিগরিওয়াইজ এ্যাসোসিয়েসন করতে হবে—সেই একই সঙ্গে একই ডিপার্টমেণ্ট—কিন্তু

ভিন্ন ক্যাটিগরী হলে এক সঙ্গে ইউনিয়ন বা এ্যাসোসিয়েসন করতে পারবেন না এই সব চেছ্ আইন। এটা বদলান উচিত।

2-20—2-30 p.m.]

ডিমনস্ট্রেসান করতে পারবে না, অথচ স্থপ্রীম কোর্টের রায় হয়েছে যে সরকারী কর্মচারীদের ডিমনস্ট্রেসান করবার অধিকার নিশ্চয়ই আছে। সার্ভিস কণ্ডাক্ট রুল বদলাবার কথা ছিল, কিন্তু আজ পর্যন্ত গভর্নমেণ্ট ঐ রায়ের পরেও সার্ভিস কণ্ডাক্ট রুল বদলালেন না। এখন ২৪ টার মধ্যে মাত্র ৭টা মেনে নিয়েছেন। মিনিস্টেরিয়াল স্টাফ এ্যাসোসিয়েসানের রেকগনিসান চলে গেছে ১৯৫৯ সালে, আজ পর্যন্ত তাঁরা পুনরায় রেকগনিসান পান নি। এগুলা তো টাকা পয়সার ব্যাপার নয়, এগুলো হচেছ্ আমলাতান্ত্রিক অগণতান্ত্রিক, সহানুভূতির অভাব। এই জন্যই আমি বারে বারে এই কথা বলছি। আশ্চর্য্যের কথা হচেছ্ মুখ্য মন্ত্রীর সঙ্গে ওঁরা কতবার দেখা করতে চেয়েছেন কিন্তু মুখ্য মন্ত্রী বরাবর তাঁর অফিসারের মারফত ওঁদের বলেন যে তোমাদের স্মারকলিপি পাঠিয়ে দাও। কিন্তু আজ পর্যন্ত তিনি সময় পাননি এই কর্মচারীদের প্রতিনিধিদের সঙ্গে একবার দেখা করেন, তাঁদের সঙ্গে যাতে কথাবার্তা বলতে পারেন সেই ব্যবস্থা করতে পারেন। এই হচেছ্ সরকারী কর্মচারীদের অবস্থা। ঐ সব পঞ্চায়েত রাজের কথা ছেড়ে দিন, এই সমস্ত ভাঁওতা কথা। নিজের ঘরের মধ্যে এই অবস্থা এই বিচার সরকার পক্ষ থেকে তাঁরা করছেন। তাঁদের যে কেউ ক্ষেপিয়ে কিছু করছে বা আমরা যে অন্যায় কথা বলছি এটা কেউ বলবে না। কারণ, সরকারী কর্মচারীরা যে বিক্ষুব্ধ এটা আমরা প্রত্যেকেই জানি। প্রত্যেক জেলায় তাঁরা বিক্ষোভ প্রদর্শন করছেন, বারে বারে রাস্তায় বেরুচেছন ডিমনস্ট্রেসান করছেন, মিছিল করে যাচেছন, ইত্যাদি তাঁরা করছেন। এই জিনিস বারে বারে দেখছি যে সরকার তাঁদের সেই পথে নিয়ে যাচেছন এবং তাঁদের সঙ্গে সরকার তিক্ততার সৃষ্টি করছেন। আমি সেজন্য এই কথা বলি যে মুখ্যমন্ত্রী অন্ততঃ এইটুকু করুন—যে তাঁদের দাবি-দাওয়া সম্বন্ধে কি করবেন জানি না, যদি পারেন তাঁদের সাথে একবার দেখা করুন একটু আলোচনা তাঁদের প্রতিনিধিদের সাথে করবেন। উনি যেন না মনে করেন ইট ইজ বিনিথ মাই ডিগনিটি। তাঁর কর্মচারীদের প্রতিনিধিদের সঙ্গে একটু কথাবার্তা বা একটু আলোচনা করুন। অনেক জিনিস আছে যেগুলি টাকা পয়সার ব্যাপার নয়, সেগুলির অন্তত ফয়সলা হতে পারে বলে আমি মনে করি। আর টাকাটাও কনসিডার করতে পারেন ওঁদের মুখ থেকে শুনে যদি তাঁদের সঙ্গে কথা বলেন, আমলাতান্ত্রিক ব্যবহার না করেন। আর একটা কথা হচেছ সরকারী কর্মচারীদের প্রতি সরকারের মনোভাবের যে পরিচয় পেলাম তাতে আশ্চর্য্য হবার কিছু নেই। কারণ, সংসদীয় গণতন্ত্রের প্রতি সরকার আজ যে মনোভাব প্রদর্শন করছেন তাতে আমি মনে করি যে সংসদীয় গণতন্ত্র ইতিমধ্যে ১৮ বছরের মধ্যে একটা প্রহসনে পরিণত হয়েছে এবং এখন সংসদীয় গণতন্ত্র বলতে আমরা যা বুঝি তা আছে বলে আমি মনে করি না। সেটা আবার আমরা ফিরে পাব কিনা জানি না। যে সীমাবদ্ধ অধিকার ছিল, আমরা কিছু পেয়েছিলাম, সেগুল এখন ধুলিসাৎ হতে বসেছে, সে ব্যবস্থা সরকার করেছেন। সেজন্য আমি মনে করি সেগুলি আন্দোলন ছাড়া সংগ্রাম ছাড়া আমরা ফিরে পাব না। তা যদি না পাই তাহলে আমরা পিছনের দিকে যাব, গণতন্ত্রের সামনের দিকে যেতে পারব না। সেজন্য হাসি পায় যখন এইসব কথা শুনি যে আমাদের এখানে পঞ্চায়েত রাজ হচেছ্, ক্ষমতা বিকেন্দ্রী করণ করে জনসাধারণের হাতে আমরা সমস্ত অধিকার ছেড়ে দিচিছ্। কি অবস্থা দাঁড়িয়েছে, না, এখানে আমরা যে একটা সভ্য সমাজ ব্যবস্থা গড়ে তুলব এখানে আমরা রাজনীতি সেইভাবে করব, কংগ্রেস সরকার ঠিক করে নিয়েছেন যে তা তাঁরা করতে দেবেন না, সভ্য ব্যবস্থা করতে দেবেন না, গণতান্ত্রিক ব্যবস্থা তাঁরা করতে দেবেন না এবং সমস্ত কিছু আজ বিপদাপন্ন, যা কিছু আমাদের ঐতিহ্য ছিল সমস্ত আজ আক্রান্ত এই সরকারের দ্বারা। মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখুন এখানে বাজেট সেসান চলছে অথচ এই বাজেট সেসানে আমাদের ব্লক থেকে কত এম. এল. এ. এম. এল. সি. নেই। বিনা বিচারে তাঁদের আটকে রাখা হয়েছে। অপরাধ যদি করতেন এবং তার বিচার যদি হত তাহলে অন্য কথা। কিন্তু বিনা বিচারে তাঁদের আটকে রেখেছেন। তাঁরা কংগ্রেসে কোন মন্ত্রীর বা মুখ্য মন্ত্রীর বা কংগ্রেসের কোন সভ্যের দয়ায় এখানে আসেন নি।

তাঁরা কংগ্রেবী সদস্যদের পরাজিত করে জনসাধারণের ভোট নিয়ে এখানে এসেছেন। কিন্তু কোন কথা বলবার তাঁদের অধিকার নেই, কণ্ঠ তাঁদের রুদ্ধ, বিনা বিচারে তাঁরা আটক এবং কোর্ট পর্যন্ত তাঁদের কাছে বন্ধ করে দেওয়া হয়েছে, আইন আদালত কিছু নেই রুল অব ল সমস্ত কিছু সাপপ্রেস আজ। এই অবস্থায় এ্যাসেম্বলীতে আমরা কত রকম আলোচনা করছি, দেখাচ্ছি এমন ভাব যে যেটুকু গণতান্ত্রিক অধিকার ছিল তা এখনও আছে তবে হ্যাঁ কিছু লোককে আমরা ধরে রেখেছি মাত্র। না, এ কখনও হতে পারে না। তাঁরা যদি বাজেট সেসানে উপস্থিত থাকত না পারেন তাহলে লক্ষ লক্ষ লোক যে তাঁদের ভোট দিয়েছেন ওদের প্রতিনিধিত্ব করবেন কি করে? এই অবস্থা কংগ্রেস সরকার করেছেন।

দ্বিতীয়তঃ এমন অবস্থা তাঁরা করেছেন যাতে করে কোর্টকে ও এখন তাঁরা বিশ্বাস করেন না। কাজেই কোর্টের আওতার বাইরে তাঁরা আমাদের নিয়ে এসেছেন। তাঁরা জনসাধারণকেও বিশ্বাস করেন না। কেরালায় আপনি দেখেছেন সেই জন্য জনসাধারণের কাছে তাঁরা ক্যাণ্ডিডেটদের দাঁড়াতে দেন নাই এবং পরবর্তী কালে যখন তারা নির্বাচিত হয়েছেন, হয়ে কংগ্রেস মন্ত্রীদের মুখে জুতো মেরেছেন। তখন আমরা দেখছি তাঁদের ছাড়া হবে না—একথা সেখানে বলা হচ্ছে। এই হচ্ছে আমাদের এখানকার গণতন্ত্র। সরকার যত মানুষ থেকে বিচ্ছিন্ন হচ্ছেন, যত মানুষের যে সমস্যা তাঁরা সৃষ্টি করেছেন, তার সমাধানের পথ তাঁর খুঁজে পাচ্ছেন না, তখন সরকার মরিয়া হয়ে এটাই মনে করছেন গদীতে টিকে থাকবার জন্য একমাত্র উপায় হচ্ছে গণতন্ত্রকে খতম করা। এমন অবস্থার মধ্যে তাঁরা এসেছেন যে এখন ঐ কংগ্রেস পার্টির নিরাপত্তা ও দেশের নিরাপত্তাকে এক করে তাঁরা দেখতে আরম্ভ করেছেন। তাঁরা বলছেন যে কংগ্রেস যদি না বেঁচে থাকে, কংগ্রেস যদি পর্যুদস্ত হয়, কংগ্রেস যদি নির্বাচনে কোথাও হেরে যায়, কংগ্রেস যদি পদচ্যুত হয়, তাহলে দেশের বিপদ হবে, তাহলে দেশকে আমরা বাঁচাতে পারবো না, দেশে তাহলে নিরাপত্তার অভাব হয়ে যাবে। এই ভাবে তাঁরা পার্টিকে দেশের সঙ্গে মিল করে দিচ্ছেন। ঠিক যা হবার কথা তার উল্টো জিনিস তাঁরা করে দিচ্ছেন। আমরা অবশ্য এই কথাই মনে বুঝি কংগ্রেস যদি পর্যুদস্ত না হয়, কংগ্রেস যদি খতম না হয়, কংগ্রেস যদি মানুষ থেকে বিচ্ছিন্ন না হয় তা হলে যে দেশের নিরাপত্তা না?, দেশকে বাঁচাবার কোন উপায় নাই কোন দিকে থেকে এবং এই সব লোকেরা কি করে মানুষকে নিরাপত্তা দেব, দেশের কোন্ নিরাপত্তা দেবে? বাইরে থেকে কেউ আক্রমণ করলে কি এই লোকেরা আমাদের বাঁচাবে? এই কংগ্রেস সরকার? অপদার্থ কতকগুলি লোক ওখানে বসে আছে—যে কোন রকম ব্যবস্থা কোন দিন তাঁরা কিছু করতে পারবে না। হ্যাঁ, বীর পুরুষ বটে তাঁরা। আমাদের ভোর চারটায় সময় বাড়ী থেকে ধরে নিয়ে যায় তাঁরা এবং বিনা বিচারে আটক করে জেলে। কিন্তু একটি চীনা সোলজারকে ও তাঁরা ধরতে পারলেন না। এতবড় একটা যুদ্ধ চলে গেল। লজ্জাও করে না—অতগুলি মন্ত্রী ওখানে বসে আছেন। আর আমাদের বলেন যে আপনারা দেশদ্রোহী, আপনারা রক্ষা করতে দিচ্ছেন না। কেন সমস্ত তো আপনাদের হাতে রয়েছে? কে আপনাদের বারণ করেছিল রক্ষা করতে? কে বারন করেছিল শত্রুকে ঠেকাতে? কোথাও তো আপনারা ঠেকাতে পারেন নি। আজকে এই সমস্ত কথা এখানে বলা হচ্ছে এবং যখন এতেও হচ্ছে না, যখন দেখছেন এক হাজার আমাদের নেতাদের গ্রেপ্তার করে সারা ভারতবর্ষব্যাপী এবং পশ্চিমবাংলায় প্রায় ১৬০ জনের কাছাকাছি যখন তাতেও কিছু হচ্ছে না—অকম্যুনিষ্ট পার্টি যদি আগে বাড়ে, বামপন্থী শক্তি যদি আরো শক্তিশালী হয়, তাহলে তো মুস্কিল, কাজেই ওঁরা মনে করছেন আমাদের কমুনিষ্ট পার্টিকে বে-আইনী করা ছাড়া আর কোন উপায় নাই এবং মুখ্যমন্ত্রী একথা ঐ মায়াপুর না, কোথায় ওঁদের যে একটা সার্কাস হয়ে গেল, সেখানেও ঐ এককথাই বলেছেন যে হ্যাঁ, আমরাও চিন্তা করছি। এটা অবশ্য কেন্দ্রের ব্যাপার কিন্তু আমরা ও চিন্তা করছি যে কম্যুনিষ্ট পার্টিকে তাহলে ব্যান করতে হবে কিনা। বড় আনন্দের কথা। সমস্ত ব্যান করে দিন, সবচেয়ে যে শক্তিশালী বিরোধী দল তাদের ব্যান করে দিন। তারপর নিজেরা বসে থাকবেন চিরকালের জন্য। আর ভাল করে নির্বাচন ও করতে হবে না, লোকের কাছে ও যেতে হবে না। কোন ব্যবস্থাই আর তাদের করতে হবে না। এই হচ্ছে আমাদের গণতন্ত্র। এই হচ্ছে ওঁদের নীতি। এই প্রশাসনিক খাতে তাঁরা এই টাকা চাচ্ছেন এই নীতিকে যাতে তাঁরা শক্তিশালী

করতে পারেন, পরিচালনা করতে পারেন তার জন্য। যাঁদের তাঁরা গ্রেপ্তার করেছেন, সেই গ্রেপ্তার করে তাদের প্রতি কী ব্যবহার করছেন? মুখ্যমন্ত্রীকে আমি জিজ্ঞাসা করে ছিলাম আপনি যখন ডিটেনসান এ ছিলেন ঐ বৃটিশ আমলে তিন বছর শেষের দিকে, তখন বৃটিশের কাছ থেকে আপনি কতটাকা করে পেতেন রোজ খাবার জন্য? তিন বোধ হয় বলেছিলেন যে এক টাকা আট আনা করে দৈনিক আমি খাবার জন্য পেতাম। এখন কত দিচ্ছেন? দু টাকা দু আনা এখানে দিচ্ছেন। আর জিনিষের দাম কত বেড়েছে? আমি বললাম অন্ততঃ চারগুণ আপনাদের দেওয়া উচিত ছিল। পাঁচগুণ দেওয়া উচিত। যা হোক চার গুণ ও দিচ্ছেন না। সুতরাং কাপড় জামা এঁদের বাড়ী থেকে খনিয়ে তবে জেল খাটতে হয়। বিনাবিচারে এঁরা আটক। কেন আটক? কেউ কিছু তারা জানে না। এই অবস্থার মধ্যে বাড়ী থেকে পয়সা নিয়ে তাদের জেল খাটতে হবে। খানিকটা আন্দোলনের পর এদিক ওদিক চেঁচামেচীর পর আস্তে আস্তে অতি কৃপণের মত সাড়ে সাত টাকা করে মাসে দিলাম, আচ্ছা একটু টুথপেষ্ট কিনলাম, একটু টুথপেষ্টব্রাস দিলাম—এই রকম ভাবে আস্তে আস্তে তাঁরা একটু একটু করে করছেন। কেন? এগুলো একটু উদারতার সঙ্গে তো দিতে পারতেন। অন্ততঃ বৃটিশের কাছে অনেক কিছু তো আপনারা শিখেছেন। এটুকুও তো শিখতে পারতেন। কিন্তু সেই ভালটুকু শিখলেন না। নিজে যদিও একটাকা আট আনা পেতেন বৃটিশ আমলে। কিন্তু আমাদের প্রিজনার যারা, আমরা যখন জেলে ছিলাম, আমাদের সেই খাওয়া তাঁরা দিতেন না। দুবেলা পেট ভরে পর্যন্ত জুটত না। এ জিনিষ সেখানে হচ্ছে। এখন সেজন্য আমি বলছি যে এর সাথে সাথে, আমার মতে, যেখানে এখন এঁরা দাঁড়িয়ে এই গণতন্ত্রের মানে আমি যা বুঝতে পারছি, সরকারের যে মনোভাব যা কার্যক্রম যেত কংগ্রেস নেতারা যা বলবেন সেটাই হচ্ছে আইন, সেটা আমাদের বিশ্বাস করতে হবে। কংগ্রেস যেনা যদি বলেন যে কেউ দেশদ্রোহী, তাহলে তিনি দেশদ্রোহী হবেন। সেটা সত্য কথা বলে ধরে নিতে হবে, এটা কি করে হতে পারে? এটা অ্যাবসোলিউটলি অ্যাবসেন্স অব ডেমোক্রেসী এটা কি করে হতে পারে যযে শ্রীনন্দ বা শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন একটি কথা বললেন ওঁরা তো কখনো আমাকে দেশপ্রেমিক বলতে পারেন না। কি করে বলবেন। আমরা তো ওঁদের বিরুদ্ধে। আমরা ওদের খতম করতে চাই। আমরা ওঁদের উৎখাৎ করতে চাই। ওঁরা উৎখাৎ না হলে, ওঁর খতম না হলে দেশের মঙ্গল নাই বলে আমরা মনে করি এবং একথাই আমরা লোককে বোঝাচ্ছি।

[2-30—2-40 p.m.]

যারা এই সব কথা বলছে তারা কি করে আমাদের দেশপ্রেমিক বলতে পারে? এটা সম্ভব নয়। আমরা যেমন ওদের দেশদ্রোহী মনে করছি, ওরাও আমাদের দেশদ্রোহীমনে করছে। কিন্তু তাতে আপনি বিনাবিচারে আটক করে রাখতে পারেন না। আমরা যদি কোন অপরাধ করে থাকি সরকার আছে আপনাদের হাতে, আদালত আছে, কোর্টে খাড়া করে দিন দেখা যাক সেখানে কি হয়। জজরা তো সব কমুনিষ্ট হয়ে যান নি? দেখা যাক সেখানে কি হয়; ওদের সে সৎসাহস পর্যন্ত নেই। ওঁরা কি রকম মানুষ কি করে ওঁদের বিশ্বাস করবে। স্পীকার মহাশয়, এই সি. বি. আই. রিপোর্টে আপনি দেখেছেন যে শ্রীনন্দার মত লোক যিনি সদাচার সমিতি করেছেন—এখানে আবার দেখছি একটি ভিজিলেন্স কমিটি হচ্ছে, সদাচার সমিতির যিনি পেট্রন, যিনি তার সংগঠক নেতা, তিনি কিরকম সত্য কথা বলেন সেটা আপনি দেখছেন সি. বি. আই. রিপোর্টে। সি. বি. আই. রিপোট পড়ে, ইনভেষ্টিগেসন বুরোর রিপোর্ট পড়ে তিনি বলেছিলেন শ্রীমিত্র কিছু ইনঅ্যাপ্রপ্রিয়েট কাজ করেছেন, সেই জন্য মুখ্যমন্ত্রী থেকে সরে যাওয়াই ভাল। কিন্তু ব্যক্তিগতভাবে লাভ-বান ওঁরা কেউ কিছু হয়নি ঐ ওখানে যারা ছিলেন। কিন্তু আমরা রিপোর্টে যা দেখছি তাতে কিন্তু একেবারে অন্য জিনিস। সি. বি. আই. রিপোর্টে বলা হচ্ছে

This has caused wrongful loss to the exchequer for the personal benefit of Mr. Patnaik was has an interest in the Orissa Textile Mills.

ইত্যাদি এই সব কথা। এখানে কাগজে সব বেরিয়েছে যে শ্রীমিত্র শ্রীমতী মিত্রের নামে কি ভাবে লক্ষ লক্ষ টাকার ব্যবসা করেন এই সমস্ত কথা তার মধ্যে আছে। অথচ এই

প্রফুল্ল বাবু শ্রীবীরেন মিত্রকে সার্টিফিকেট দিচ্ছেন যে ভাল মানুষ। শ্রীঅতুল্য ঘোষ চিঠি লিখলেন ওঁকে যে ক্যারেকটার অ্যাসাসিনেসন হচ্ছে, আপনি দেবতুল্য মানুষ। ওঁর সম্বন্ধে এই সব কথা বলা হচ্ছে। এরা হচ্ছে এই সব কংগ্রেসী নেতা এবং এরা আবার আমাদের বলছেন যে আমরা দেশদ্রোহী। আর যদি প্রফুল্লবাবুর কথায় আমি তো ওনার পুলিশ কি করেছে? উনি রিপোর্টে দিয়েছেন অনেক কথা তার মধ্যে আমি একটি মাত্র উদাহরণ দিচ্ছি। আপনি একটি দিন আলোচনা করবার জন্য দেবেন বলেছেন। এখন দিন স্থির হয়নি। কিন্তু আপনি আমাকে চিঠি দিয়েছেন, তার মধ্যে আমি এখন যাচ্ছি না। সবগুলি কথা এখন বলা সম্ভব নয়, তার মধ্যে এক-আধটা আমি বলব। তার মধ্যে একটি জায়গায় আছে যে মহাঅপরাধ করেছেন নিরঞ্জন সেন যে তিন কুলুঁভ্যালিতে বেড়াতে গিয়েছেন কয়েক জনের সঙ্গে গণেশ ঘোষ ইত্যাদি এই সব নাম করা হয়েছে। নিরঞ্জন বাবু জেল থেকে আমাকে চিঠি লিখেছেন আমি তো মশাই জীবনে কুলুভ্যালি দেখলাম না, কোথায় কুলুভ্যালি জীবনে সেখানে আমি যাইনি। আর'ও লিখলেন ওখানে তারা জন্য বিনা বিচারে আটক আছেন।। আমাদের এম. এল. এ., আমাদের এখানকার অ্যাসেম্বলী পার্টির সেক্রেটারী তিনিও বিনা বিচারে এখানে আটক আছেন। এই রকম ভাবে আমার সম্বন্ধে দু'জায়গায় রেফারেন্স আসে শ্রীনন্দার চার্জে এবং তিনি যা বলেছেন দুটি তষ্টিক্রি মিথ্যা কথা। সেটা পরে আলোচনা হবে এবং সেটা আমি আপনার কাছে রাখব। এই রকম ভাবে একটির পর একটি আমি দেখাব। কিন্তু এই সব যে মিথ্যা কথা বলেছেন, এজন্য তাঁরা কোন অ্যাপোলোজাইজ করলেন না। এই রকম অসংখ্য ভুরি ভুরি মিথ্যা কথা আছে। আমার উত্তরের মধ্যে আমি সেগুলি লিখেছি। একবারও অ্যাপোলোজাইজ করলেননা যে হাঁ এটা আমাদের ভুল হয়েগেছে বা কিছু। এই সব রিপোর্ট তো মুখ্যমন্ত্রীর পুলিশ তৈরী করেছেন। মুখ্যমন্ত্রীর পুলিশ তৈরী করে আর কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগকরে সেণ্ট্রাল ইনটেলিজেন্স দুজনে মিলে তারা বলছেন যে আমরা দেশদ্রোহী এবং কি বলছেন হংকং থেকে আমরা টাকা পাচ্ছি। আমি বলি ঐ যে অপদার্থ মিনিষ্টার বসে আছেন এই খানে একজন আর ঐ খানে একজন, স্বরাষ্ট্র মন্ত্রী, তারা কি করছেন? সেখানে হংকং থেকে টাকা এসেছে আমাদের দেশের সব কিছু বানচাল করবার জন্য? ওঁরা বলেন চীন আমাদের শত্রু সেখানে শত্রুর কাছ থেকে হংকং মারফত আমাদের কাছে টাকা আসছে। আমি জিজ্ঞাসা করি এতবড় অপরাধ কাজ সেখানে হচ্ছে, সেখানে এই অপদার্থ লোক গুলো কি করছেন? কেন তাঁরা পদত্যাগ করছেন না শ্রীনন্দ এবং প্রফুল্ল চন্দ্র সেন? কারণ তাঁরা না দিচ্ছেন কোন প্রমাণ অথচ এই কথা বলে যাচ্ছেন। যদি সত্য কথা হয় তাহলে এদের প্রথম চাকরি যাওয়া দরকার, তারপরে আমাদের যা হয় হবে। এইরকম মিথ্যা কথা বলছেন। ব্যাঙ্ক অব চায়নার রিপোর্ট পাবলিক শ করুন দেখুন কারনাম আছে যতীন চক্রবর্তী মহাশয় আপার হাউসে সেদিন তার নাম পড়ে দিয়েছেন, এদের বন্ধু এদের পেট্রন। মিলিওনিয়ার্স, মালটি মিলিওনিয়ার্স কোটি পতিদের নাম সেখানে আছে, যারা ওভারড্রাফ্ট পেয়ে থাকে। আমি বলছি না যে ওভারড্রাফট পাওয়া অন্যায়। কিন্তু ওভার ড্রাফ্ট যারা পেয়েছে এই সমস্ত লোকের নাম আছে, বলছেন যে সিক্রেট রিপোট আমরা বার করব না। সেই জন্য আমি বলছিলাম যে এখন কর্পোরেশান নির্বাচন হচ্ছে, আমাদের ৬।৭ জন প্রার্থী এবং অপোজিসন পার্টির যারা জেলের ভিতরে আছেন তাদের নির্বাচকমণ্ডলীর কাছে আসতে দিচ্ছেন না এবং গণতান্ত্রিক নির্বাচন, পঞ্চায়েতীরাজ হচ্ছে, বিকেন্দ্রীকরণ হচ্ছে আমরা এখানে দেখতে পাচ্ছি। সেই জন্য আমার মনে হয় আজকে লোকে এই কথা বলবে আমার যেকথা মনে হচ্ছে যে আজকে সরকার এটা বোধ হয় স্থির করে নিয়েছেন যে তারা এবং বিশেষ করে গান্ধীজীর চেলা বলে নিজেদের যারা প্রচার করেছিলেন যে গান্ধীজী যেমন এক্সপেরিমেন্ট উইথ ট্রুথ বলে আত্মজীবনীতে লিখেছিলেন, তাতে বলেছিলেন—মাই এক্সপেরিমেন্ট উইথ ট্রুথ তেমনি এঁরা আজকে এক্সপেরিমেন্ট উইথ ট্রুথ উইথ নাইস এটা বোধ হয় জীবনের কাম্য বলে তারা ঠিক করে নিয়েছেন এবং সেইজন্য সত্য কথা বলা তাঁরা ছেড়ে দিয়েছেন। যতরকম মিথ্যা কথা যতরকম আমাদের বিরুদ্ধে কুৎসা যার কোন প্রমাণ নেই, কোর্টের ভয় মানুষের ভয়, সাধারণ গণতান্ত্রিক যা কিছু আছে সব থেকে এরা যে সরে এসে দাঁড়াচ্ছে এবং এই রকম একটা নীতি নিয়ে চলেছে। আমরা মনে করি যে সাধারণ মানুষ এটা আস্তে আস্তে বুঝতে পেরেছে, এটা ভয়াবহ অবস্থা এ যদি

ার কিছু দিন চলে—পাকিস্তানে এই ভাবে আরম্ভ হয়েছিল, এই ভাবে আসতে আসতে ারা ষ্টেপ নিয়েছিল, এই ভাবে প্রথমে কমুনিষ্ট পার্টির উপর বেআইনী করা হয় তদের পর আঘাত হয় তারপরে আসতে আসতে তাঁরা নানারকম কারসাজি করেন এবং করে ষ পর্যন্ত কি ভাবে গণতন্ত্র খতম হয়েছিল আপনি জানেন। অত্যন্ত সুখের বিষয় পাকি-ানের মানুষ ঐ মিলিটারী রাজত্বে দাঁড়িয়ে বিশেষ করে সেখানকার ছাত্র যুবক সমাজ ারা ঐক্যবদ্ধ হয়ে অকুতো ভয়ে সংগ্রাম করেছে মিলিটারী রাজের বিরুদ্ধে তাদের ধিকার প্রতিষ্ঠিত করবার জন্য। আমাদের দেশে আমরা মনে করি যে পিছিয়ে থাকব ।, যেটুকু সীমাবদ্ধ অধিকার ছিল নিশ্চয়ই সেটা আমরা আদায় করব এবং আদায় করবার র আরও অগ্রসর হবার জন্য আমরা ব্যবস্থা করব। স্পীকার মহাশয় এই জন্য আমি ই কথা আপনাকে বলতে চাই যে আজকে আমার কাছে সব থেকে গুরুত্বপূর্ণ ঘটনা ল যে গণতন্ত্রের সম্পূর্ণ অভাব। যারা আজকে ডেমোক্রেসিকে সাভার্ট করে তারা হচ্ছে ই সরকার এবং মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী। যিনি এই ডিপার্টমেণ্টএর চার্জে তার কাছ থেকে খন আমি শুনি যে অ্যানটি করাপসান মেজারর্স নেওয়া হচ্ছে তখন আশ্চর্য হই ভিজিলেন্স, কার কথা কোন অফিসারের কথা আপনি বলেছেন? ফাউণ্টেন হেড অব রাপসান বাংলাদেশে যদি কেউ থাকে তাহলে সে হচ্ছে এই মন্ত্রীমণ্ডলী আর এরা যে িনিসে হাত দেবেন সে অভিশপ্ত হবে সে জিনিস দিয়ে মঙ্গল কিছু হতে পারে না। ারণ এদের অফিসার যদি এই কথা বলে তার মনে যদি এই কথা আসে যে আমাকে লা হচ্ছে আমি করাপসান নিয়ে ব্যবস্থা করব, করাপসান আমি নির্মূল করব, কিন্তু ামাকে যাঁরা বলছেন সেই লোকগুলি একেবারে অসত্যের চরম পর্যায়ে পৌছে গেছেন বং তিনি যদি এই কথা মনে করেন যে কই. আপনারা কেউ তো সংপথে যাচ্ছেন না খন পলিটিক্যাল অপোনেণ্টস নিয়ে ডিল করেন যখন কমুনিষ্ট পার্টি, অন্য কোন বামপন্থী িয়ে ডিল করেন তখন আপনারা সৎপথে পরিচালিত হচ্ছেন না তখন সেখানে কি দাচারের প্রয়োজন নেই? আমি শ্রীনন্দাকে লিখেছিলাম এই কথা যে সদাচার যখন করেছেন াহলে পলিটিক্যাল অপোনেণ্টসকে কি ভাবে ট্রিট করবেন এখান থেকে সুরু হওয়া চিত। তার জবাব পাইনি শুধু সংক্ষেপে আমাকে লিখেছিলেন যে আপনার চিঠি পেয়েছি বেচনা করে দেখছি। বিবেচনার কি আছে আমি জানি না। যারা নাকি আজ সরকারে াছেন জেনেশুনে যদি এমন হত যে মুখ্যমন্ত্রী আছে কি করবে পুলিশ একটা রিপোর্ট িয়ে দিয়েছে, তা নয়, পুলিশের কোন রিপোর্ট নয়, এরা পুলিশকে বলেছেন যে এইভাবে তোমরা রিপোর্ট তৈরী কর, এই ভাবে ডিনায়াল তৈরী কর এটা আমরা চাই, তোমাদের আমরা খতম করতে াই যত মিথ্যা যত অসত্যগুলি কথা, যত কিছু বদনাম আছে এদের সম্বন্ধে সব লাগাও, কিছু তামাদের ভয় নেই, আমরা সব ব্যবস্থা করে দেব। মুখ্যমন্ত্রী একবার আমাকে বলেছিলেন ই অ্যাসেম্বলী খোলার আগে, এটা শুনে আমি আশ্চর্য হয়ে ছিলাম। স্পীকার মহাশয় াপনি একথা শুনুন বামপন্থীদলের পক্ষ থেকে অনেকে তাঁর কাছে গিয়েছিলাম তিনি এই কথা বলেছিলেন, আচ্ছা কজন এম. এল. এ. গ্রেপ্তার হয়েছে? এম. এল. এ. দি বেশী গ্রেপ্তার হয় এসময় যখন বাজেট সেসন এসেছে তখন আমার একটু মবারাসিং মনে হয়। আমি জানি না কি এমব্যারাসিং ওঁর মনে হতে পারে। কেরালায় যে টনা হয়েছে যাহলে নন্দা তো আমাদের মুখ্যমন্ত্রীর নমস্য ব্যক্তি, তিনি কেন এমব্যারাষ্ট হবেন। আর বাকি আমরা যে কজন আছি তাদেরও জেলে পুরে দিলে এমব্যারাষ্টএর কছু নেই। এখন এই জন্য আমি এই কথা বলছি যে আজকে এসব সম্পূর্ণ অযৌক্তিক, ামার কাছে এসবের কোন মূল্য নেই। এই যে পার্লামেণ্টারী ডেমোক্রেসি এতে আমেরিকানরা খুশী হতে পারে। এদের ট্রাফিক রেগুলেসন থেকে আরম্ভ করে আর কি করে চার্জ সিট তৈরী করতে হবে, মিথ্যা বলতে হবে তার জন্য আমেরিকান নটেলিজেন্স থেকে লোক ডেকে আনেন তারা খুশী হতে পারে। এই সব দেখিয়ে ১৩টি ভাঙ্গা বম্বার আমেরিকানদের কাছ থেকে পেতে পারেন আমাদের উপর আক্রমণ াম। কিন্তু দেশের জনসাধারণ এতে খুশী হবে না। সমস্ত দুনিয়ার মানুষ আজ বুঝতে পেরেছে যে কংগ্রেস সরকারের গদিতে কয়েকটি ভণ্ড লোক বসে আছে। তবু পাকিস্তানে ুব খাঁ ভণ্ডামী করেনি, গায়ের জোরে ব্যবস্থা করে। কিন্তু এরা গায়ের জোর

প্রয়োগ করে ভণ্ডামী করছে, এই জিনিস আমরা এখানে দেখতে পাই। সেই জন্য স্পীকার মহাশয়, আজকে আমি এই কথা বলব যে এই ব্যয় বরাদ্দে যা টাকা চাওয়া হচ্ছে একটি কানা কড়িও আমি দিতে পারি না।

মাননীয় স্পীকার মহাশয়, সেইজন্য আমি বলব এই ব্যয় বরাদ্দে যে টাকা চাওয়া হয়েছে তার কানা কড়িও আমরা দিতে পারব না এবং যেটুকু সুযোগ আমরা পাব তার সাহায্যে সরকারের বিরুদ্ধে চাপ সৃষ্টি করব এবং এঁদের গদিচ্যুত করবার জন্য যা কিছু আছে সব প্রয়োগ করব। আমরা এ সরকারকে বদলাব বলে যেকথা মনে করছি তাতে আমরা মিথ্যার বদলে সত্য কথা বলতে চাই এবং আমরা যে আক্রমণ করছি তাতে আমরা লক্ষ মানুষ জমায়েত করব কারণ গণতান্ত্রিক পথে আমরা খতম করতে চাই। যেটা কেরালায় সুরু হয়েছে সেটা কেরালায় থাকবে না, তার ঢেউ সমস্ত ভারতবর্ষে আসবে একথা বলে আমি বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় প্রশাসনিক খাতে টাকা চেয়েছেন এবং সেই অর্থ সম্বন্ধে অন্যান্য স্টেট-এর সঙ্গে তুলনা করে বলেছেন যে, পশ্চিমবাংলায় প্রশাসনিক খাতে খরচ সবচেয়ে কম। তিনি বলেছেন, উত্তরপ্রদেশে ৬ ভাগ, মহারাষ্ট্রে ৬ ভাগ এবং পশ্চিমবাংলায় ২ পয়েণ্ট ৮ ভাগ। প্রথমে আমাদের দেখতে হবে রেভিনিউ-র দিকে আমাদের কত টাকা বেড়েছে। ৩২ কোটি টাকা থেকে প্রায় যেখানে ১৫০ কোটি দাঁড়িয়েছে সেখানে পারসেণ্টেজ হিসেবে ২ পয়েণ্ট ৮ যদিও কম বলে আমরা মনে করি তথাপি আমরা দেখছি সরকারী কর্মচারীদের বেতনের যে ব্যবস্থা আছে সেটা অত্যন্ত লজ্জাকর। তিনি ২ হাজার থেকে ৩ হাজার ১ হাজার থেকে ২ হাজার, ৫০০ টাকা থেকে ১ হাজার টাকা একরকম পরিসংখ্যান দিয়ে বলেছেন যে, ১০ হাজার কর্মচারী হয়ত হবে, তার চেয়ে বেশী নয়। এটা ঠিক হলেও প্রায় ২ লক্ষের উপর কর্মচারী আছে যারা ৭০ টাকা থেকে ১০০ টাকার বেশী পায় না। আমি জিজ্ঞাসা করি এটা কি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে গৌরবের ব্যাপার? আজকে জিনিসপত্রের দাম বাড়ার ফলে যেখানে মানুষের দিন চলা অসম্ভব সেখানে ৭০ থেকে ১০০ টাকা মাইনে দিয়ে ২ লক্ষ ২৪ হাজার কর্মচারীকে অর্ধভুক্ত অবস্থায় রেখে, তাদের স্টারভেসন-এর মধ্যে রেখে সরকার যদি গৌরব অনুভব করেন যে তাঁদের প্রশাসনিক খরচ অত্যধিক কম তাহলে আমি বলব একথা বলার কোন মানেই হয় না এবং একথা বলা অত্যধিক লজ্জাকর। তারপর সরকারী কর্মচারীদের যে ছাঁটাই করা হচ্ছে তাতে আমরা দেখছি তাদের বক্তব্য শোনবার কোন সুযোগ বা ব্যবস্থা নেই। প্রায় ৩৪ জন কর্মচারী এরকম অবস্থায় আছে এবং তাদের সম্বন্ধে অর্থমন্ত্রী ডিসেম্বর মাসে বলেছিলেন এঁদের বিষয় পুনর্বিবেচনা করা হবে। কিন্তু আমরা দেখছি এঁদের ব্যাপারটা পুনর্বিবেচনা করা হোল না। তাই আজকে আবার অর্থমন্ত্রীকে বলছি এই ভিকটিমাইজড কর্মীদের ব্যাপারটা পুনর্বিবেচনা করবেন বলে তিনি যা বলেছিলেন সেটা যেন তিনি বিবেচনা করেন। তারপর আমরা দেখছি যে সমস্ত ক্ষেত্রে রিট্রেন্সমেণ্ট হয় সেখানে কোন কারণ দেখান হয় না এবং যখন তখন কর্মচারীদের বরখাস্ত করা হয়। শুধু তাই নয়, কর্মচারীদের কোন প্রোমোসন নেই এবং অযথা যদি কোন কর্মচারীকে ভিকটিমাইস করা হয় তাহলে তার বক্তব্য শোনা হবে, তার বিষয় বিবেচনা করা হবে এরকম কোন ব্যবস্থা কণ্ডাক্ট রুলে নেই এবং সেরকম কোন মেসিনারীও নেই। কাজেই সেদিক থেকে আমি বলব সরকার তাঁদের প্রশাসনিক ব্যবস্থায় যে গৌরব অনুভব করেছেন সেটা গৌরবের কিছু নয়, বরং সরকারী ব্যবস্থার মধ্যে যে মারাত্মক ত্রুটি এবং গলদ রয়েছে সেদিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি দেওয়া উচিত।

এটা ঠিক যে অনেককে রিট্রেঞ্চ করা হয়, কোন কারণ দেখান হয় না, ইচ্ছামত যাকে তাকে চাকুরি থেকে চ্যুত করা হয়। এ বিষয়ে কোন প্রটেকশন নেই, তাদের জন্য কণ্ডাক্ট রুল নেই, এমন কোন ব্যবস্থা নেই। বাস্তবিক পক্ষে যাদের ভিকটিমাইজেশন করা হয়, তাদের কোন বক্তব্য আছে কিনা সেটা শোনার, বিবেচনা করার কোন মেশিনারী নাই

তে তাদের বক্তব্য শুনে ব্যবস্থা হতে পারে। কাজেই সেদিক থেকে আমি বলবো : সরকারের যে প্রশাসনিক ব্যবস্থা সে সম্বন্ধে যা দেখছি যা অনুভব করছি সেটা হল ার মধ্যে যে গলদ আছে তা অতি মারাত্মক। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেওয়া চিত। এ বিষয়ে যদি দৃষ্টি না দেন তাহলে সরকারী কর্মচারীদের মধ্যে বিরাট অসন্তোষ েখা দেবে, প্রাথমিক শিক্ষকদের মধ্যে অসন্তোষ রয়েছে, মাধ্যমিক শিক্ষক এবং কলেজীয় ি‌ক্ষকদের মধ্যে অসন্তোষ রয়েছে, আজকে আবার যদি এই সরকারী কর্মচারীদের মধ্যেও ই অসন্তোষ দিনের পর দিন বাড়ে তাহলে দেশে এমন আগুণ জ্বলে উঠবে যে সরকারের তাদের ামনে দাঁড়ান বিপজ্জনক হবে যে বিষয়ে সন্দেহ নাই।

তারপর এই সমস্ত কমিশনার যে রাখা হয়েছে কেন আমি বুঝে উঠতে পারি না। ই কমিশনারদের কাজ কি? ডিভিশনাল কমিশনাররা কোন কাজ করেন না, কোন কাজ াদের নাই, নামেই কমিশনার রাখা হয়েছে, জনকতক লোককে মোটা মাইনে দেবার ন্য। জলপাইগুড়ি কমিশনারের অফিস আছে জলপাইগুড়িতে কিন্তু থাকেন তিনি শিলিগুড়িতে াজেই অযথা যাতায়াতে বহু টাকা খরচ হয়ে যায় এবং তাতে বিরাট খরচ হয়। জেলা িরিষদ এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের মধ্যে যে কি রিলেশন তা এখনও ঠিক হয়নি। জেলা িরিষদ এর বিশেষ কাজ সেটা ডি এম মানতে বাধ্য কিনা সে বিষয়ে কোন ব্যবস্থা নাই। ভিজিলেন্স কমিশন করা হয়েছে কিন্তু জেলায় জেলায় তার কোন ব্যবস্থা দেখছি না। ভিজিলেন্স কমিশনের কাজ ডিস্ট্রিক্টে কিভাবে হবে সে বিষয়ে কোন ব্যবস্থা দেখছি না। এবং এ বিষয়ে ডিস্ট্রিক্টেরইবা কি ভাবে দায়িত্ব থাকবে তাও দেখছি না। আমাদের দেশের যে বেকার সংখ্যা তা অত্যধিক, এবং তা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আমাদের পরিকল্পনা হচ্ছে এটা ঠিকই, তৃতীয় পরিকল্পনা শেষ হয়ে আমরা ৪থ পরিকল্পনার কাছাকাছি এসে গিয়েছি, কিন্তু এই যে ক্রমবর্ধমান জনসংখ্যা তাদের জন্য সরকারের কাজের ষ্টি করতে হবে, জনসংখ্যার অনুপাতে উৎপাদন বাড়াতে হবে তবেই সরকারের িকল্পনার দাম আছে। আপনারা পরিকল্পনা করে চলেছেন, কিন্তু আমাদের যে বাস্তব স্থা তার সঙ্গে এই পরিকল্পনার কোন যোগ নেই। কাজেই এই রকমভাবে যদি চলে হলে এই দেশের বিভিন্ন সমস্যা, বেকার সমস্যা যা দিনের পর দিন বেড়েই চলেছে র কোন সমাধান হবে না। অনেক বেকার গিয়ে এক্সচেঞ্জে নাম লেখায় কিন্তু শেষকালে ন অবস্থা হয় যে তারা আর নাম লেখায় না। আমাদের দেশে প্রায় ৪,৯৩,৯২৫ জন বেকার ম লিখিয়েছে কিন্তু সেই তুলনায় কাজের কোন ব্যবস্থা নাই। আমাদের দেশে যেমন কার আছে তেমনি মহারাষ্ট্রে আছে ২,৩৫,৯৯৯ জন, উত্তর প্রদেশে আছে ৫,১৭,৭১২ জন ন্ধ্র আছে ১,৩১,৪৩৮ জন, বিহারে আছে, ১,৭৯,৯৮০ জন। এই ভাবে যদি বেকারের খ্যা দিনের পর দিন বেড়ে যায় এই সরকারের প্রশাসনিক অবস্থা যে অবস্থায় চলেছে, অবস্থাকে এঁরা ভুল বলে বিবেচনা করছেন যে চিত্র আমরা দেখছি সেটাতো একটা াবহ অবস্থা। উনি বলেছেন ১৪।১৫।১৬ টাকা দরে চাষীরা ধান বিক্রী করতে পারে, আমি ি বাস্তবে আপনি অনুসন্ধান করে দেখুন সেই চাষীরা এই দাম পায় কিনা। তিনি ১৪।১৫ া দর পাচ্ছে বলে বেশী দাম পাচ্ছে বলে দেখিয়ে দিলেন যে তারা ৬০০ টাকা বছরে চ করছে।

জিনিসপত্রের দাম কত পারসেণ্ট বেড়ে গেছে তার সঙ্গে তুলনা করলে বিশেষ কিছু য বেড়েছে বা আগে যে অবস্থা ছিল সেই অবস্থা সমান এটাই দেখতে পাই। কাজেই ক থেকে আজকে এই যে প্রশাসনিক ব্যবস্থা চারিদিকে যে ভাবে দুর্নীতি ছেয়ে গেছে জন্য একটা ভিজিলেন্স কমিশান নিয়োগ করা হয়েছে, কিন্তু কি ভাবে দুর্নীতি দমন হবে জানি না। চোরা কারবারী যে ভাবে চলছে এবং জিনিষপত্রের দাম যেভাবে । দেওয়া হয়েছে তাতে জিনিষের দাম যেমন বেড়েছে সেভাবে বেঁধে দেওয়া হয়েছে ১ বাস্তবিকই সাধারণ লোকের রিলিফ হয় সেভাবে দাম বেঁধে দেওয়া হয়নি। কাজেই ক থেকে বলবো, প্রশাসনিক ব্যবস্থা বিশেষ সন্তোষজনক নয়। খরচ কম বলে গৌরব । কিছু নেই। তিনি বলেছিলেন ৩ জন ফরোয়ার্ড কর্মীকে ছেড়ে দিলেই হয়। নন্দজীকে াসা করা হয়েছিল। ফরোয়ার্ড ব্লকের তিনজন কর্মীকে গ্রেপ্তার করা হল কেন

তিনি বলেছিলেন আমি জানি না। মুখ্যমন্ত্রীকে বারবার জিজ্ঞাসা করা হয়েছে যে তাদের বিরুদ্ধে অভিযোগ কি। তিনিও কিছু বলতে পারেন নি। আর যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের সম্বন্ধে কিছু না, কিছু অভিযোগ দেওয়া হয়েছে কিন্তু এই তিন জন কর্মীদের সম্পর্কে কোন অভিযোগ নেই। আমার মনে হয় যাদের ধরা হয়েছে তাদের বিচারের জন্য উপস্থিত করা হোক। সরকারের যদি সাহস থাকে তাহলে অভিযোগ দেশের সামনে রাখা হোক এবং আশা করি সে ব্যবস্থা করা হবে। এই কথা বলে আমি ব্যয় বরাদ্দের বিরোধীতা করছি।

[2-50—3 p.m.]

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, প্রশাসনিক নীতি উপর দিকে কি রকম সেটা বলছি কারণ নীচের দিক সম্বন্ধে আগের বক্তারা বলেছেন। এই বাজেটে দেখলাম সিভিল অ্যাডমিনিস্ট্রেসন বিভিন্ন বিভাগে ২২টা ডিপার্টমেণ্ট ২টা খালি বাদ দিচ্ছি পি. এস. সি. এবং বোর্ড অফ রেভিনিউ বাকি ২২টা ডিপার্টমেণ্ট-এর ২২৭জন এমপ্লয়ী নয় অফিসার উপর তলার ছিলেন ১৯৬৪-৬৫ সালে এবং ১৯৬৫-৬৬ সালে যেহেতু যুদ্ধ ইমারজেন্সী রয়েছে, সরকারের ব্যয় সঙ্কোচ করার প্রয়োজন আছে। সেখানে ২২৭ জায়গায় ৩৩৮ জন করেছেন। সেজন্য অফিস বাড়িয়ে প্রায় ৫ পারসেণ্ট ইনক্রিস করা হয়েছে। এটা হল ২২টা ডিপার্টমেণ্ট-এর বেড়েছে আর ৯টা ডিপার্টমেণ্ট-এর অফিসার কমান হয়েছে করে ১১জন এছাড়া মাত্র ২টী ডিপার্টমেণ্টএর অফিসার-এর সংখ্যা দেন নি। কিন্তু পে অফ অফিসার যা আছে তার সবগুলি বেশী মাইনা দিয়ে সেখানে অফিসার-এর সংখ্যা বেড়েছে। যেমন ধরুন ডেভলপমেণ্ট অ্যাণ্ড প্ল্যানিং ডিপার্টমেণ্টএ আমরা দেখেছি পে অফ অফিসার ১৯৬৩-৬৪তে ছিল ৮৬ হাজার ৬ শত ৯২ টাকা আর ১৯৬৫-৬৬ সালে ১ লক্ষ ৭৭ হাজার টাকা অর্থাৎ ১00 পারসেণ্ট বেশী অফিসারদের মাহিনা ইত্যাদি দেওয়া হয়। এই ব্যবস্থা হয়েছে ইমারজেন্সী পিরিয়ডএর বাজেটে-এর মধ্যে আমরা এটা দেখতে পাচ্ছি দেখা যাচ্ছে দুর্গাপুর ইণ্ডাস্ট্রিতে ১৯৬৩-৬৪ সালে অফিসার-এর পে ইত্যাদিতে খরচ হয়েছিল ৪৬২ টাকা এখন ১৯৬৪-৬৫ সালে সেটা ৯ হাজার ৯ শত টাকা অর্থাৎ ১000 পারসেণ্ট ইনক্রিজ করেছে আর সেখানে কাজ কি রকম হয় তা জানা আছে অ্যাকচুয়াল দুর্গাপুর প্রোজেক্ট লি-এ অফিসার নিয়োগ পদ্ধতি থেকে সরকারের অফিসার নিয়োগের চুম্বকটি মাননীয় সদস্যরা পেতে পারেন, এস্টিমেট কমিটি যে বিবরণ দিয়েছেন সে থেকে মাননীয় মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই সেখানে বলা হয়েছে দুর্গাপুর প্রোজেক্ট অফিসারদের ১নং ওয়ার্ক অফ ওয়ান জুনিয়ার পারসনাল অফিসার সুপারভাইজড বাই ওয়ান পারসনাল অফিসার।

অর্থাৎ ১ জন অফিসারকে সুপারভাইজারী করার জন্য আর একজন অফিসারকে এভাবে দেওয়া হয়েছে। আবার ওয়ার্ক অফ ওয়ান সেফটি অফিসার সুপারভাইজড বাই ওয়ান সেফটি অফিসার।

আবার ওয়ার্ক অফ ওয়ান সিনিয়র অ্যাকাউণ্টস অফিসার সুপারভাইজড বাই ওয়ান অ্যাকাউণ্টস অফিসার।

এবং ওয়ার্ক অফ ওয়ান ডেপুটি চীফ অ্যাকাউণ্টস অফিসার সুপারভাইজড বাই ওয়ান চীফ অ্যাকাউণ্টস অফিসার।

আবার আপনি ভাববেন যে ১ জনের উপরে একজন করে সুপিরিয়র অফিসার আছেন কিন্তু শুধু তা নয়

"Work of 2 Sales Inspectors supervised by 3 Sales Officers, one junior officer in the administration supervised by one Assistant Secretary and one Deputy Secretary, work of 5 Assistant Process Controllers, Gas-grid, supervised by 10 Process Controllers, work of 1 Construction Engineer supervised by two Technical Assistants."

আবার এই ভাবে দেখা গেছে যে ১৭টা ডিপার্টমেণ্টএ একজনকে পরিচালনা করার জন্য সুপারভাইজরী অফিসার নিয়োগ করা হয়েছে একজন সুপার ভাইজরী অফিসার তা দুজন

সুপারভাইজরী অফিসার এই ভাবে অ্যাপয়েণ্ট করা হয়েছে, এই রকম টপ হেভি ব্যুরোক্রেটিক অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে দৃষ্টি দিয়ে একে এপিটোমাইজড প্রোসেস বলা যেতে পারে এই সম্বন্ধে এস্টিমেট কমিটির রিপোর্টএ যে মন্তব্য করেছে সেটা খুবই প্রনিধানযোগ্য। আশা করি কংগ্রেস সদস্যরা মন দিয়ে শুনবেন কারণ এস্টিমেটস কমিটিতে কংগ্রেস সদস্যের মেজরিটি বেশী। এতে বলা হয়েছে

"The Committee found and the Departmental officials also agreed that there were more men in the Project than are absolutely necessary. In great many cases the Committee found that the strength of the supervisory cadre is the same or even greater than the strength of the staff they have to supervise."

এই হল পশ্চিমবঙ্গ সরকারের বা কংগ্রেসের সুপারভাইজরী স্টাফ এবং অফিসারএর প্রতি তাদের দক্ষতা তাঁদের কাজ কি রকম তৈরী করতে হয় সে সব দৃষ্টিভঙ্গী এবং অফিসাররা কিরকম ভাবে কাজ করে সে সম্বন্ধে সরকারের দৃষ্টিভঙ্গী এবং পরিচালনা যা দাঁড়িয়েছে তাও ঐ এস্টিমেটস কমিটির ফিফথ রিপোর্ট কটেজ অ্যাণ্ড স্মল স্কেল ইণ্ডাস্ট্রি সম্বন্ধে অনুসন্ধান করতে গিয়ে বলেছেন

"The Committee is of opinion that a complete change in the outlook of officers is necessary

তারা আরও বলেছেন

The District Industrial Officers should be aware of all the activities, plans and programmes of the Department and his work should be assessed not by the number of letters he replies or the number of calls he attends, but by the number of new undertakings that he has been able to establish."

অর্থাৎ এস্টিমেট কমিটি রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে অফিসারদের প্রয়োজন প্রধানত চিঠি লেখার এবং টেলিফোন অ্যাটেণ্ড করার জন্য ডিপার্টমেণ্ট এর কাজকর্ম জানার কোন প্রয়োজন নেই এই হল উপরতলার কর্মচারী দের নিয়োগ সম্বন্ধে এবং কাজকর্ম সম্বন্ধে দৃষ্টিভঙ্গীর পরিচয় এবং নীচের তলার দিকে কি দৃষ্টি ভঙ্গী সে সম্বন্ধে অনেকেই বলেছেন আমি দেখাচ্ছি ঐ এস্টিমেটস কমিটিএর ফোর্থ রিপোর্ট যেটা দুর্গাপুর প্রোজেক্ট সম্বন্ধে আছে সেখানে তারা সেই প্রোজেক্টএ গিয়ে বর্তমানে যে জিনিষগুলি খুঁজে পেয়েছেন যা নাকি সরকারের প্রত্যেকটি দপ্তরে আছে সেটা হচ্ছে

"The Committee finds that a considerable number of employees are retained on work-charged basis. This is a major cause of labour trouble in all the industries, public and private. The Committee feels that in a public undertaking especially this should be minimised to an irreducible minimum."

অর্থাৎ ৩ বৎসর থেকে ৩০ বৎসর কাজ করে যেতে পারে তা সত্ত্বেও সেই ওয়ার্ক চার্জড থাকবে, টেম্পোরারী থাকবে, এই যদি নীচের তলা হয় এবং প্রধানত যেটা দুর্গাপুর - প্রোজেক্ট-এ স্বীকৃত হয়েছিল এই সম্বন্ধে খোঁজ করেছিল সরকারের দপ্তরে সমস্ত বিভাগে সুতরাং নূতন করে কিছু বলার প্রয়োজন নেই, সেটেলমেণ্ট কর্মচারী সম্বন্ধে আপনারা সকলেই জানেন যে তারাও কিরকম বিক্ষুব্ধ, এই ৯ হাজার সেটেলমেণ্ট কর্মচারী তারা ৩ থেকে ৩০ বৎসর কাজ করছেন এবং তারা এখনও টেম্পোরারী একটু আগে জ্যোতির্বাবু বলেছেন যে ইনফেরিয়র গভর্নমেণ্ট স্টাফ তাদের শতকরা ৮১ ভাগই টেম্পোরারী, এই ভাবে নীচের দিকে কর্মচারীদের কথা তারা চিন্তা করে থাকেন, সেদিন আমাদের অ্যাসেম্বলীএর প্রশ্নোত্তরে জানা গেল যে দফাদার, চৌকীদাররা মাসিক মাইনা পায় ১১।১৩ টাকা মাসিক ভাতা ইত্যাদি সব নিয়ে এই যে একজন লোককে ১১।১৩ টাকা দেবার ব্যবস্থা যেখানে অঞ্চল পঞ্চায়েতের দায়িত্ব সরকার নিচেছন তা সত্বেও তাদের ঘাড়ে বোঝা চাপিয়ে দিচ্ছেন। এই ১৩ টাকা বা ১১ টাকায় মানুষ কি ভাবে বাঁচতে পারে সেটাই জিজ্ঞাস্য এবং এটাই হচ্ছে গভর্নমেণ্টএর প্রসাসন নীতির পরিচয়।

[3—3-10 p.m.]

তা নাহলে প্রফুল্লবাবু আজকে গর্ব করে বলতে পারতেন না যে ১ লক্ষ ১৪ হাজার ৬২ জন এমপ্লয়ীকে আমরা এই মাইনে দিচ্ছি। অথচ তাদের পরিবার নিয়ে বোধ হয় পাচ লক্ষ মানুষকে তারা মাইনে দেবার নাম করে নিশংসভাবে অমানুষিক ভাবে শোষন করছে—এবং তাদের মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছেন। অথচ তার সঙ্গে তুলনা করে দেখুন আমাদের সরকারের মমতা আছে এম. এল. এ. এম. এল. সিএদের প্রতি। এবারের বাজেটে শৈলবাবু প্রস্তাব করেছেন যে এম. এল. এ. এম. এল. সিত্র.দের মাইনে বাড়ানেরা ব্যবস্থা করা হবে। জানি না কি হবে—আমি আশা করি তিনি সেই বিল আনবেন না—অবশ্য আমি একথা স্বীকার করি যে এম. এল. এ. এম. এল. সিরা যা মাইনে পান তা বেশী নয়। কিন্তু আমাদের দেশের যা ট্রাডিসন—অতীতে যা ট্রাডিসন ছিল কংগ্রেস যখন রাজা হয় নি সেই আমল থেকে এই ট্রাডিসন ছিল যে তাদের তারা জনসেবক হিসাবে ধরে নেন। তারা দেশের জন্য ত্যাগ স্বীকার করে কাজ করেন। আমাদের দেশের এই ট্রাডিসন খারাপ নয়। এই দিক থেকে চিন্তা করে আমাদের এম. এল. এ. এম. এল. সি.দের মাইনে বাড়ানো মোটেই উচিত নয়। অথচ এতে সদস্যদের অসুবিধা আছে আমি বুঝি—কিন্তু বিশেষ করে কংগ্রেস সদস্যদের এতে অসুবিধা হবার কোন কারণ নেই—কারণ তারা অনেকেই অন্য উপায়ে রোজগার করেন। বিরোধী পক্ষের সে বিষয়ে অসুবিধাটা বেশী। তাহলেও বিরোধী পক্ষরা এক বাক্যে এর বিরোধীতা করবেন। তারপর এবারের বাজেটে শৈলবাবু বলেছেন যে মন্ত্রীরা এই ইমারজেন্সীর জন্য স্যাকরিফাইস করে ১ হাজার টাকার বদলে ৯ শত করে নেবেন। আমাদের দেখানো হয়েছে যে মন্ত্রীরা দেশের জন্য কত ত্যাগ করেন। কিন্তু আসলে মন্ত্রীদের মাইনেটা ফাউ—এটা আমরা সকলেই জানি। অবশ্য যতক্ষণ ধরা পড়েন না—কিন্তু আশু ঘোষ বা বিজু পট্টনায়কের মত যদি ধরা পড়েন কিংবা বীরেন মিত্র-এর মত যদি ধরা পড়ে যান তাহলে প্রমাণ হয়ে যায় মন্ত্রীদের মাইনেটা ফাউ মাত্র। ধরা যখন পড়েন নি তখন তাঁরা বলবেন আমরা তো হাজার টাকা মাইনেতে কাজ করছি। যাক তারা যেগুলি উপরি পা ন সেগুলি ছেড়ে দিলাম। তাঁদের টি. এ. ডি.এ—টেলিফোন ইত্যাদি ব্যাপারে আমি একটা প্রশ্নোত্তরে দেখছিলাম আগষ্ট থেকে ডিসেম্বর পর্যন্ত পাঁচ মাসে বিভিন্ন মিনিস্টাররা টি. এ. ডি. এ টেলিফোন চার্জ যা পেয়েছেন তাতে গড়ে হিসাব করে দেখলে ৫৪৩ টাকার মত পার মানথ পার মিনিস্টার পড়ে। অর্থাৎ মাইনের পর টি. এ. ডি. এ টেলিফোন ৫৪৩ টাকা এ ছাড়াও তাঁরা হাউস রেণ্ট পান কার এ্যলাউন্স পান—সম্ভবত ফার্নিচার পান—ইলেকট্রিসিটি খরচও পান আমি জানি না ইত্যাদি মিলে কত টাকা হয় আমি জানি না মন্ত্রীরা বলতে পারেন—নিশ্চয়ই অন্তত হাজার দুই টাকা এতে চলে যায়। অন্যান্য ব্যাপারে আমি দেখছিলাম ১৯৬৫-৬৬ সালে মিনিস্টারদের মোট মাইনে ধরা হয়েছে ১ লক্ষ ৮৭ হাজার ৮ শত টাকা। অন্য যা কিছু এসট্যাবলিসমেণ্ট খরচ তার বিভিন্ন আইটেম আছে—তাদের চাকর-বাকর, ক্লার্ক, টি. এ. চাকরবাকরের টি. এ. সব মিলিয়ে ১ লক্ষ ৮৭ হাজার ৮ শত টাকা মাইনে পোষার জন্য ৯ লক্ষ ৬১ হাজার ২ শত টাকা অন্য খরচ।

অর্থাৎ ১২ হাত কাকুড়ের তের হাত বিচি জানতাম এখন দেখছি ১২ হাত কাঁকুড়ের ৬৫ হাত বিচি। সুতরাং মাইনেটা যে তাঁদের না নিলেই চলে শুধু যদি তাঁরা ভাতা ইত্যাদি যা পান—উপরিটা বাদ দিলেও তাতে তাঁদের অনায়াসে চলে যেতে পারে তাতে সন্দেহ নেই কাজেই ১ হাজার টাকা মাইনে পেয়ে ১ শত টাকা কেটে তারা কিছু বীরত্ব দেখাচ্ছেন না আমি আবার বলবো এমন কি যদি মাইনেটা ধরেন হাজার টাকা মন্ত্রীদের চীফ মিনিস্টারের কিছু বেশী—আর এম. এল. এ. এম. এল. সিদের দুশত টাকা। কিন্তু ইউ. এস. এতে যেখান থেকে আমাদের মন্ত্রীরা বহু প্রেরণা পেয়ে থাকেন সেই ইউ. এস. এ.তে সেক্রেটারী এবং প্রেসিডেণ্ট আর যাঁরা আছেন সেখানে ক্যাবিনেট মিনিস্টার তাঁরা ২৫ শত ডলার পার মানথ মাইনে পান আর সেখানকার মেম্বারস অফ দি হাউস অফ রিপ্রেজেনটেটিভস অ্যাণ্ড সেনাটরস তারা মাইনে পান ২২শত ৫০ ডলার অর্থাৎ দুজনের মাইনে প্রায় সমান কানাডার ক্যাবিনেট মিনিস্টারদের মাইনে ১৫ হাজার ডলার বছরে—আর মেম্বারস অফ দি হাউস অফ কমনস

৮ হাজার ডলার বছরে ; গড়ে রেসিওটা এম. এল. এ আর মিনিস্টারদের মধ্যে ১ : ২—অর্থ দ্‌গুণের একটু কম। বরং আমেরিকায় প্রায় সমান। তার পর বিলাত-এ সম্প্রতি পার্লামেন্টে সদস্যদের যে মাইনে বাড়লো—ঠিক কত বেড়েছে আমি জানি না—তার আগে ছি ক্যাবিনেট মিনিস্টারদের বছরে ৩৭৫০ পাউণ্ড—আর এম. পি.দের বছরে ১৭৫০ পাউ অর্থাৎ দ্‌গুণ। দেখুন আপনাদেরই আদর্শ স্থানীয় জায়গায় আমেরিকা গ্রেটবৃটেন, ক্যানাডা স জায়গায় এম. এল. এ দের তুলনায় মিনিস্টাররা বড় জোর দ্‌গুণ না হয় দেড় গুণ পান—আর আমাদের এখানে কি আছে—২০০ : ১০০০—অর্থাৎ পাঁচ গুণ—আবার চীফ মিনিস্টার আরও বেশী। এবং সেই পাঁচ গুণকে পৌণে পাঁচগুণ করে শৈলবাবু প্রকাণ্ড ঢাক পিটিয়ে ফেললেন এই হোল আমাদের এই প্রশাসনিক ব্যবস্থা। ইউনিয়ন, ষ্টেট লেজিসলেচার ইত্যাদি সম্বন্ধে তাঁদের দৃষ্টিভঙ্গী আমরা অনবরত শুনি—ইমারজেন্সী ইমারজেন্সী পাওয়ার, ডি. আই. রুল দেশ যুদ্ধের মধ্য দিয়ে যাচ্ছে—কিন্তু যখন এগুলি দেখি তখন তো মনে হয় না যে দেশে কোন রকম যুদ্ধ আছে। আমরা দেখি যুদ্ধের নামে ২।৩ বছর কাটবার পরও গভর্নরের গালিচা কেনবার টাকা অব্যাহত আছে—গভর্নরের বাড়ীর জানালার পর্দা রঙ্গীন হবে ভাল হবে—তার জন্য টাকা অব্যাহত আছে। সম্ভবত তাঁর বাড়ীতে যে সমস্ত কুকুর পোষা হয় তার ব্যবস্থাও অব্যাহত আছে। তাহলে ইমারজেন্সী কোথায়? আমরা দেখতে পাই ইমারজেন্সী শুধু কোথায়?—যখন দরিদ্র জনসাধারণ দাবী করে যে আমাদের খাদ্যের মূল্য কমাও তখন ইমারজেন্সীর ডাণ্ডা গিয়ে তাদের মাথায় পড়বে—জান না ইমারজেন্সী আছে—তোমাকে বিনা বিচারে গ্রেপ্তার করে নিয়ে গেলাম। করপোরেশনের ইলেকশান হচ্ছে সেখানে কোন কংগ্রেস নেতা গিয়ে বলে দিচ্ছেন অমুককে ধরে নিয়ে গেলে আমি এ এলাকায় জিতবো—অমনি তাকে ইমারজেন্সীর নামে বিনা বিচারে গ্রেপ্তার করে বন্ধ করে রাখা হচ্ছে। কাজেই আমাদের পশ্চিমবাংলায় যে প্রশাসননিক নীতি—তার মধ্যে ইমারজেন্সীর কোন লক্ষণ নেই কিন্তু ইমারজেন্সীর লক্ষণ আছে তার মধ্যে যেখানে কংগ্রেস সরকার তাদের অস্তিত্বের দিক দিয়ে কোন কাজ করেন সেখানে বাস্তবিকই একটা ইমারজেন্সীর লক্ষণ আছে কিন্তু দেশের মানুষের যন্ত্রণা এতো বেড়েছে যে দেশের মানুষের রক্ত টগবগ করে ফুটতে আরম্ভ করেছে এবং সেখানে মানুষগুলোকে অন্যায় ভাবে বিনা বিচারে জবরদস্ত দমন করে গণতন্ত্রের পরোয়া না করে ইমারজেন্সীর অজুহাত দিয়ে তাদের বিনা বিচারে গ্রেপ্তার করা, বন্ধ করা এই হোল আমাদের প্রশাসনিক নীতি।

[3-10—3-20 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, প্রফুল্ল সেন মহাশয় বাজেট বরাদ্দ পেশ করার সময় বলছেন যে উপর তলার সরকারী কর্মচারীদের আয় তিনি বাড়ান নি, তাঁদের বেতন বাড়ান হয়নি, নিচের দিকে বরং বেতন বৃদ্ধি হয়েছে। আমরা দেখছি তাঁরই ফিগার থেকে যে ৭০ টাকা থেকে ৩০ টাকার কিছু বেশী বেতন পাচ্ছে এই রকম কর্মচারী তাঁদের আছে ১ লক্ষ ১৪ হাজার এবং যারা ১ শো টাকা বা এই রকম বেতন পাচ্ছে তাদের সংখ্যাও কম নয়। এই ভাবে এই প্রশাসনিক ব্যবস্থাকে তাঁরা জারি রেখেছেন বলতে পারা যায়। অথচ দেখতে পাচ্ছি যে যাঁরা প্রশাসনিক দায়িত্ব বোধে বিভিন্ন কাজ কর্ম করে চলেছেন তাঁদের বেতন বৃদ্ধি কষ্ট অব লিভিং ইণ্ডেক্স অনুসারে হচ্ছে না এবং সেখানে তাঁরাই বলেছেন শিল্প বিরোধ নীতির সময় যে কস্ট অব লিভিং ইণ্ডেক্স অনুসারে প্রত্যেকের বেতন ভাতা ইত্যাদি বৃদ্ধি হবে। অথচ আমরা দেখতে পাচ্ছি সরকারী প্রশাসনিক ক্ষেত্রে তাঁদের নিজের কর্মচারীদের সম্বন্ধে এই সমস্ত ব্যাপারগুলি উপেক্ষিত হচ্ছে। অন্যদিকে অস্থায়ী কর্মচারীদের সম্বন্ধে বলা হচ্ছে, অথচ ৯ হাজার সেটেলমেণ্ট কর্মচারী বছরের পর বছর কাজ করে যাচ্ছে কিন্তু সেই পদগুলি অস্থায়ী করে রেখে দিয়েছেন এবং কোন ব্যবস্থা করা হচ্ছে না স্থায়ী করার। অন্য দিকে ক্লাস ফোর স্টাফ যারা তাদের মধ্যে শতকরা ৭১ ভাগ অস্থায়ী কর্মচারী থেকে যাচ্ছে এবং যে কোন সময় ছাঁটাইএর নোটিশ তাদের উপর এসে পড়বে। এই কয়েকদিন আগে মাননীয় স্পীকার মহাশয়, পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের ২৪ জন কর্মচারীকে ছাঁটাইএর নোটিশ দেওয়া হয়েছে। এই সমস্ত কর্মচারী যারা প্রত্যেকে ২।৩।৪ বছর কাজ করেছে তাদের বলে দেওয়া হয়েছে যে তোমাদের কাজ দেওয়া চলবে না। ব্রিক ট্রেনার্সদের

ব্যাপারে চীফ মিনিস্টার থেকে আরম্ভ করে সমস্ত মন্ত্রীদের কাছে এ্যাপিল করা হয়েছে অথচ আজ পর্যন্ত কিছু করা হল না এবং ৫২ জনকে ইণ্টারভিউ দেওয়া হয়েছে ৬০ টাকা বেতনের জায়গায়। বাকিগুলির কোন কিছু করা হয়নি এই অবস্থা আমরা লক্ষ্য করেছি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে দুর্নীতি দমন করার জন্য সাংঘাতিক চেষ্টা করা হচ্ছে এবং সাম্প্রতিককালে ভিজিল্যান্স কমিশন গঠিত হয়েছে, ভিজিল্যান্স কমিশনার নিয়োগ করা হয়েছে এবং ১৯৬০ সাল থেকে আরম্ভ করে ১৯৬৪ সাল পর্যন্ত একটা হিসাব দিয়ে বলেছেন কত লোকের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে এবং কোর্টে কি সাজা হয়েছে, ডিপার্ট-মেণ্টাল এ্যাকসান কি হয়েছে সেগুলির কিছু কিছু নজীর দেওয়া হয়েছে। এই নজীর থেকে পরিস্কার ধরা পড়বে এই যে দুর্নীতির বিরুদ্ধে লড়াই এই লড়াই কতখানি প্রহসনে পরিণত হয়েছে। ১৯৬০ সালে যেখানে ৪৮৮ জনের বিরুদ্ধে অভিযোগ ছিল সেখানে দেখা গেল ৩৬ জনের বিরুদ্ধে ডিপার্টমেণ্টাল পানিশমেণ্ট হয়েছে এবং এই ভাবে যদি দেখা যায় তাহলে দেখা যাবে ১৯৬৪ সালে ৭২২ জনের বিরুদ্ধে অভিযোগ সেখানে একজনকে কোর্টে সোপার্দ করা হয়েছে, তার সাজা হয়েছে এবং ১৭ জনের ডিপার্টমেণ্টাল পানিশমেণ্ট হয়েছে এবং আমার ধারণা মিঃ স্পীকার স্যার এই কর্মচারীদের নাম এবং কি কাজ করতেন এগুলি যদি জানা যায় তাহলে জানা যাবে নিচের তলার যে কর্মচারী তার উপর দুর্নীতি অভিযানের যে চাবুক সেটা এসে পড়ছে, উপর তলায় দুর্নীতি দানা বেঁধে আছে। তাঁরা কতখানি দুর্নীতিপরায়ন সে বিষয়ে কোন সন্ধান আমরা জানি না। এই অবস্থা চলছে। কে না জানে, মুখ্যমন্ত্রী এটা জানেন না? সংশ্লিষ্ট মন্ত্রীর এটা জানার কথা। আজকে ঘোষ্ট রেশান কার্ড ধরার জন্য অভিযান চলছে ঠিক কথা। কিন্তু পার্মিট পাবার জন্য যে কত জাল কোম্পানী গড়ে উঠেছে সে খবর কি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় রাখেন না? সেই পার্মিট পেয়ে সেই পার্মিটের মাল চোরা বাজারে বিক্রি করছে এবং আমি জানি সে খবর তাঁরা রাখেন এবং এ বিষয়ে বহু অভিযোগ তাঁদের দপ্তরে করা হয়েছে। মাননীয় মুখ্য মন্ত্রী এটা জানেন যে ফ্যাবরিকেটর কোম্পানী বলুন আর ফ্যাবরিকেটর ফার্মাস বলুন তারা বহু জাল ফ্যাবরিকেট করে। তারা সি. আই. শিট, সেলুলয়েড, ইত্যাদি পার্মিটে নিয়ে এসে চোরা বাজারে বিক্রি করে। সেলুলয়েড, সি. আই. শিটের বহু জাল কারখানা তৈরি হয়ে আছে, তারা সেলুলয়েডের লাইসেন্স পাবার জন্য চেষ্টা করে এবং পেয়ে সেগুলি চোরা বাজারে বিক্রি করে। ঠিক এই রকম ধরণের অনেক খবর আছে এবং সংশ্লিষ্ট মন্ত্রী তা জানেন। মাননীয় মুখ্যয়মন্ত্রীর কাছে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তারা লিখেছে, দরবার করেছে, অথচ কোন প্রতিকার হয়নি। যদি নাম চান আমি নাম দিতে পারি। কিন্তু এগুলি জানার কথা এবং জানেনও।

মাননীয় স্পীকার মহাশয়, সবচেয়ে বড় কথা হচ্ছে আমরা সদাচার কমিতির কথা শুনছি। এই সদাচার কমিতি এখন যে জায়গায় এসে পেঁাছেচে—তাতে দেখতে পাচ্ছি এটা রাইটার্স বিল্ডিংসের একটা দপ্তরে পরিণত হয়েছে, একটা পোষ্ট-বক্সে পরিণত হচ্ছে মাত্র। দুর্নীতি রোধের কথা শুনছি তাঁরা বলছেন। কোথায় এই দুর্নীতির বাসা? অফিসারদের মধ্যে দুর্নীতি যখন বাসা বেঁধে আছে, মন্ত্রীমণ্ডলীর সদস্য ও পৃষ্ঠপোষকদের মধ্যে সেই দুর্নীতি বড় হয়ে উঠেছে, যেখানে দুর্নীতির দমন করবার জন্য দুর্নীতির বিরুদ্ধে অভিযান চালাবেন না—সেটা মেনে নিতে হবে। এটা একটা অদ্ভূত ব্যাপাব! তাই গোটা জিনিষই একটা প্রহসনে পরিণত হতে চলেছে। আজ মুখ্যমন্ত্রী একথা বলেছেন যে দুর্নীতি রোধ করবার যাবতীয় ব্যবস্থা করা হবে। সেকথা বাদ দিলাম। কিন্তু যে সংসদীয় গণতন্ত্রের কথা তাঁরা বার বার বলে থাকেন, সেই গণতন্ত্রের চেহারা আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে! সে সম্বন্ধে এখানে বহু আলোচনা হচ্ছে। এখানকার এম-এল-এ এম-এল-সি'দের অনেককে এখনো বিনাবিচারে আটক রাখা হচ্ছে। তাঁদের বিচারের জন্য আদালতে পাঠান হচ্ছে না। তাঁদের বিরুদ্ধে প্রত্যক্ষভাবে কোন চার্জ গঠন করে, সাধারণ যে আইন আছে সেই আইনের দ্বারা তাদের বিচার করা হচ্ছে না। অথচ এমার্জেন্সির নাম করে খুব বড় বড় কথা এখানে বলা হচ্ছে। এমার্জেন্সির সময়

বিশেষ করে সংসদীয় গণতন্ত্রের দিকে তাকিয়ে যেখানে জনসাধারণের নাগরিক অধিকার রক্ষা করবার জন্য নজর দেওয়া উচিত ছিল, সেখানে উল্টো অবস্থা দেখা যাচ্ছে। এমার্জেন্সি আজকে কথার কথায় পরিণত হয়েছে। শুধুমাত্র তা কংগ্রেসের স্বেচ্ছাচারিতার একটা অস্ত্র হিসেবে পরিণত হয়েছে। আজ এমার্জেন্সির সেই অবস্থা আমরা লক্ষ্য করছি। তার ফলে লক্ষ্য করছি শুধু সরকারী কর্মচারী মহল নয়—গোটা বাংলা দেশে সরকারী কর্মচারী থেকে আরম্ভ করে বে-সরকারী কর্মচারী এবং বাংলা দেশের জনসাধারণ আজ সরকারী প্রশাসকদের প্রশাসন নীতির যে চাবুক সেই চাবুকে তারা জর্জরিত হয়ে উঠেছে। এটা আমরা লক্ষ্য করছি। বার বার একথা হাউসের সামনে বলা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি সরকারের প্রশাসন নীতি বদলাচ্ছে না। টপ-হেভী যে প্রশাসন যন্ত্র তাকে সমর্থন করবার জন্য নানা রকমে তাঁরা চেষ্টা করছেন। কিন্তু তা সত্ত্বেও মাননীয় সোমনাথ বাবু দেখিয়েছেন এটা একটা টপ হেভী অরগানাইজেসন এবং সেখানে দুর্নীতি কি রকম বাসা বেঁধে আছে, সেদিকে তাকালে আজকে একথা পরিষ্কার ভাবে ধরা পড়বে। এই সরকার যে প্রশাসন নীতি নিয়ে চলেছেন, তাঁর যে দল, দেশের যারা স্বেচ্ছাচারিতা চালাবার জন্য, তাঁদের যে দল, দেশের যারা ধনিক অসাধু ব্যবসাদার অসাধু মালিক যাঁরা ধানচালের কারবার করে থাকেন যাঁরা অসাধু কারবারী তাঁদের পৃষ্ঠপোষকতায় এই প্রশাসন নীতি পরিচালিত হচ্ছে। সেই সমস্ত ধনকুবেরদের তোষামোদ করাতে প্রশ্রয় দেওয়াই তাদের স্বার্থসিদ্ধির পথে সেই নীতি তাঁরা কার্যকরী করছেন ও সেই রকম নীতি নিয়ে এ'রা চলেছেন। অন্য দিক দিয়ে দেখতে পাচ্ছি দেশের যারা জনসাধারণ তাদের যে স্বার্থ, এই প্রশাসন নীতির কল্যাণে তা অবজ্ঞাত হচ্ছে এবং সেখানে অরাজকতা দেখা দিয়েছে। তাই আজকে শুধু এখানে নয় আজকে দেশের সর্বত্র বিভিন্ন জায়গায় জনসাধারণ বিক্ষুব্ধ হয়ে উঠেছে এবং তাদের সেই বিক্ষোভের চাপে আমরা জানি একদিন তারা ধূলিসাৎ হয়ে যাবেন, যদিও আজকে তারা গায়ের জোরে কিংবা সংখ্যাধিক্যের জোরে আইনসভায় সব কিছু পাস করিয়ে নিচ্ছেন, প্রচুর বরাদ্দ পাস করাচ্ছেন। কিন্তু একথা ঠিক—যেটা প্রত্যেক দেশে হয়েছে এদেশেও হবে। বাংলা দেশের জনসাধারণও সেই রাস্তা গ্রহণ করবে। এই প্রশাসনিক যন্ত্রকে ভেঙ্গে গুঁড়িয়ে দিয়ে তারা নিজেদের প্রশাসনিক অবস্থাকে গড়ে তুলবার দিকে এগিয়ে যাবে এবং সেটা সম্পূর্ণ গণতান্ত্রিক কায়দায় তারা এগিয়ে যাবে। মুখ্যমন্ত্রী মহাশয় গণতন্ত্রের নামে যতই বড় বড় কথা বলুন না কেন কার্যতঃ দেখা যাচ্ছে বিভিন্ন গণতান্ত্রিক নীতির বিরুদ্ধে তিনি দাঁড়িয়েছেন এবং তার বিরুদ্ধে যতই তিনি চলছেন, সেখানটাতে আজকে গণতন্ত্রকে রক্ষা করবার জন্য ধনতন্ত্রকে ধ্বংস করে দেশের জনগণ এগিয়ে যাবে এবং এগিয়ে যাবে এই সরকারকে বদলে নূতন সরকার গঠন করবার জন্য। এই সংসদীয় গণতন্ত্রের ব্যর্থতার ভেতর দিয়ে বাংলা দেশে তাঁরা এক নূতন গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করতে চলেছেন।

[3-20—3-30 p.m.]

Shri Kashi Kanta Maitra: Mr. Speaker, Sir,

মুখ্যমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণে যে কয়েকটা উক্তি করলেন, আমার নিজের মনে হয় সেই উক্তির মাধ্যমে তিনি নিজেকে সবচেয়ে বেশী ধিকৃত করেছেন। আমি, যে বাজেট বরাদ্দ তিনি পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধীতা করছি। আমি বিরোধীতা করছি তার কয়েকটা কারণ আপনার সামনে রাখছি। এই সরকারের অধীনে গত কয়েক বছরের অভিজ্ঞতায় তাদের কয়েকটা দৃষ্টান্ত আপনার সামনে রাখছি। আজকে যে প্রশাসনিক ক্ষেত্রে মুখ্যমন্ত্রী বললেন ভারতবর্ষের অন্য কয়েকটি অংগ রাজ্যের তুলনায় বাংলাদেশের খরচ কম মেনে নিলাম। মেনে নিলাম তুলনামূলক ভাবে খরচ কম, বাংলায় প্রশাসনিক খাতে খরচ কত বেড়েছে তারও যুক্তি থাকতে পারে। কিন্তু জনসাধারণ সন্তুষ্ট হয় যদি জনসাধারণ বুঝতে পারে সেটাকে কম্পেনসেট করছে এই দিয়ে যে সেখানে কম্পেনসেটরী এফিসিয়েন্সি বেড়েছে, সেখানে অনেষ্টি রয়েছে, সেখানে সৎ নিষ্ঠাবান কর্মচারীরা সম্মানিত হচ্ছেন, মর্যাদা পাচ্ছেন, কাজ করবার সুযোগ পাচ্ছেন, কিন্তু সেটা আমরা দেখছি না। আমরা কি দেখছি? সেই ইংরেজ আমলে আই, সি, এস-এর রাজত্ব শেষ হবার পরে

আজকে সেই আই, এ, এস-দের যে খেলা চলেছে তার কয়েকটি কথা আমি বলছি। আমরা দেখতে পাচ্ছি যে আই, এ, এস অফিসাররা নিজেদের এমনভাবে অরগানাইজ করছে যে

upper status I.A.S. officer রা—they have come to the position to blackmail the people.

সেটা কি ভাবে করছে? এরা এসে আজকে সমস্ত আই. এ. এস অফিসারদের মধ্যে একটা হিড়িক পড়ে গেল নিজেদের ডিপার্টমেণ্টগুলোকে কমিশনার র‍্যাঙ্কে তুলতে হবে। যারা ডিপার্টমেণ্ট-এর সেক্রেটারী যেমন ফাইন্যান্স সেক্রেটারী তিনি ফাইন্যান্স কমিশনার হয়ে গেলেন, ডেভলপমেণ্ট সেক্রেটারী ডেভলপমেণ্ট কমিশনার, ফুড সেক্রেটারী ফুড কমিশনার হয়ে গেলেন, এই ভাবে এক একটা বিভাগ—এগ্রিকালচারাল সেক্রেটারী এগ্রিকালচারাল কমিশনার হয়ে গেলেন। এবং তার ফলে প্রত্যেকের মাইনে বেড়ে যাচ্ছে এবং বেড়ে যাওয়ার ফলে সরকারের উপর খরচের বোঝা চাপছে। জনগণের উপর খরচের বোঝা বাড়ছে। যদি আই. এ. এস অফিসারদের প্রত্যেককে কমিশনার করতে হয় তাহলে সমস্ত ডিপার্টমেণ্টাল সেক্রেটারীদের কেন কমিশনার করা হচ্ছে না? তা তারা করছে না ফলে হচ্ছে যে আই. এ. এস. অফিসারদের মধ্যেও দেখা যাচ্ছে বিক্ষোভ ধুমায়িত হচ্ছে। সেখানে রিভ্যালরি চলছে, সেখানে জেলাসি সুরু হয়ে গেছে, এবং এই যে আই. এ. এস. অফিসার এদের কৃতিত্বের নমুনা আমি দিচ্ছি। এই আই. এ. এস. অফিসারদের মধ্যে অনেক দক্ষ অফিসার আছেন আমি জানি, যারা অনেক দক্ষ, সৎ এবং নিষ্ঠাবান, কিন্তু তারা আজকে প্রশাসনিক ব্যবস্থার পুরোভাগে নেই। আমি দেখছি যে দুর্নীতিপরায়ণ অফিসাররা সমস্ত রাইটার্স বিল্ডিং এবং সেক্রেটারীয়েটকে করায়ত্ব করেছে। এগ্রিকালচার ডিপার্টমেণ্টএর সেক্রেটারীর বিরুদ্ধে বহু অভিযোগ আমি এই হাউসএ এনেছি। আজ সেগুলি বিচারাধীন, আমার সংবাদ আজ সুবিমল দত্তর নাম করা হল, কার কাছে। সেই ভিজিলেন্স কমিটির সেক্রেটারী তার কাছে আর ঘোষ তার সম্বন্ধে অভিযোগ দিয়েছেন এবং জানেন না সেখানে কি পরিনাম তার দাঁড়াবে, কিন্তু মুখ্যমন্ত্রী নির্লজ্জের মত শুধু তিনি সমর্থন করেছেন। তাই নয়, তাঁকে কমিশনার করে প্রোমোশন দিয়েছেন। ফুড ডিপার্টমেণ্টএর সেক্রেটারী বি সি গাঙ্গুলী তার বিরুদ্ধে দারুণ অভিযোগ, মুখ্যমন্ত্রী বলেছেন ৮০ হাজার টাকায় তিনি বাড়ী করেছেন তা তিনি লোন নিয়ে, আপনি বলুন এই হাউসএ কয়েকজন প্রতিনিধি নিয়ে তাঁর বাড়ীর ফার্নিচারগুলো দেখে আসুন এবং সেই বাড়ীর কত খরচ হয়েছে দেখে আসুন। কোথা থেকে এই সব টাকা আসে। যখন ডাক্তার বিধান চন্দ্র রায় ছিলেন মুখ্যমন্ত্রী তার দুর্নীতির ব্যাপার যখন তার কাছে এসেছিল আর. কে. রায় আই. সি. এস. স্পেশাল অফিসার তার বিরুদ্ধে রিপোর্ট দিয়েছিলেন, অ্যাণ্টি করাপসান রিপোর্ট দিয়েছিলেন এবং তাকে মুখ্যমন্ত্রী ডাক্তার রায় ডিসগ্রেসএর হাত থেকে বাঁচাবার জন্য পুরুলিয়ায় কমিশনার করে পাঠালেন, সেই বি. সি. গাঙ্গুলীকে আবার ফুড সেক্রেটারী করে এনে ফুড কমিশনার করে দিলেন। ডেভপলমেণ্ট সেক্রেটারী তাঁকে কমিশনার করে দিলেন। এস. কে. ব্যানার্জী—আমি বলতে পারি হি ইজ এ বিষ্ট ইন হিউম্যান ফর্ম—তার বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আমার কাছে এসেছে,

my sense of culture only stopped me to say these things which were coming into keep of my tongue.

ঠিক আমি বলতে পারি যে এ. ডি. খানএর মত যে স্ক্যাণ্ডেল চালিয়েছিলেন, আজকে ডেভলপমেণ্ট ডিপার্টমেণ্ট চলেছে, আজকে এই কথা বলতে চাই আপনাদের। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

characterless administrators and goods, efficjent and honest officers cannot work hand in hand—one cancels the other.

আজকে এই অবস্থা চলেছে। আজকে যেখানে সেখানে দেখেছি—আমি আইনের ছাত্র, আমরা আইনে একটা কথা পড়তাম যে

Fish follows the river, fisherman follows the fish.

নদীর দিকে দিকে মাছ চলে আর জেলেরা মাছের পেছনে ধাওয়া করে যায়। এই এস কে

ব্যানার্জী ডেভলপমেণ্ট কমিশনার যিনি হয়েছেন, যখন লেবার সেক্রেটারী ছিলেন তখন ট্যুরিজম্ ওয়াজ আণ্ডার হিম। উনি যখন ট্রান্সপোর্ট কমিশনার হলেন ট্যুরিজম্ এগেন কেম আণ্ডার হিম। তারপর ইনি ট্রান্সপোর্ট কমিশনার হয়ে বিলেতে গেলেন, সেখানে ট্রলি বাস আনবার জন্য কিছু টাকা কামাবার জন্য এবং শেষ পর্যন্ত সেটা বন্ধ হল। বিলেতে যখন গেলেন তখন তিনি জানতে পারলেন যে ট্যুরিজম্ ডিপার্টমেণ্ট চলে যাচ্ছে তাঁর হাত থেকে এবং তিনি শুনছেন যে তিনি ডেভলপমেণ্ট সেক্রেটারী থেকে কমিশনার হয়ে যাবেন। সঙ্গে সঙ্গে সেখান থেকে লিখে ট্যুরিজম্ ডিপার্টমেণ্টকে ডেভলপমেণ্ট ডিপার্টমেণ্টএ আনালেন।

Tourism Department follows S. K. Banerjee and corrupt officers follow Tourism Department.

এই ভাবে আজকে ডেভলপমেণ্ট ডিপার্টমেণ্ট চলছে। আজকে আমি আপনাকে বলতে চাই যে এস. কে. চ্যাটার্জী যিনি একজন বিচক্ষণ আই. সি. এস. অফিসার ছিলেন তাঁর ক্ষমতা এবং সততা সম্বন্ধে আমার একদিন যথেষ্ট সন্দেহ ছিল, রাইটার্স বিল্ডিংস ১০টা বাজতে ৫এ তিনি এসে ডিউটি দিতেন, মোষ্ট পানচুয়াল অফিসার ছিলেন, আজকে তিনি কি ভাবে অপদার্থ হয়ে গেছেন, এই কবছরে, ক্যাবিনেট সেক্রেটারী ক্যাবিনেট মিটিংএর প্রোসিডিংস লেখা ছাড়া আর কোন কাজ নেই। ২৭৫০৲ তিনি মাইনে পেয়েছেন। তিনি আজকে তদ্বির করছেন ডি. ও. লেটার পর ডি ও লেটার লিখছেন কি করে তাঁর পজিসনকে কমিশনার র‍্যাঙ্কএ বাড়াবেন। কমিশনার হলেই তাঁর মাইনে বেড়ে যাবে এবং রিট্রোসপেটিভ পে বেনিফিট পাবেন। শুধু তাই নয়, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে এই ভদ্রলোক কিছুদিন আগে আমাদের নদীয়া জেলায় রাণাঘাটে মুখ্যমন্ত্রীর সঙ্গে জাপানী প্রথায় চাষ দেখতে গেলেন। শুনুন ক্যাবিনেট সেক্রেটারী জাপান প্রথায় চাষ দেখবার নাম করে মুখ্যমন্ত্রীকে জাপানের সরকারের প্রতিনিধিদের অনুরোধ করলেন যে আপনি বাংলাদেশে এত ফুলে ফলে ঐশ্বর্য্যে ভরিয়ে দিয়েছেন, এইবার বাংলাদেশকে আরও কিছু যদি করতে পারেন চলুন জাপানে একবার দেখে আসুন। তিনি রাজী হয়েছেন, জাপান দেখে আসবেন এবং কৃষি বিভাগ সম্পর্কে একটা তদন্ত করে একটা রিপোর্ট নিয়ে আসবেন। কে ওকে অ্যাসিষ্ট করবার জন্য যাচ্ছেন? ক্যাবিনেট সেক্রেটারী এস কে. চ্যাটার্জী তাঁর কি কমপিটেন্সি আছে? তিনি কেবিনেট সেক্রেটারী গভর্ণমেণ্টএর খরচে কেন যাচ্ছেন? তিনি সুপারঅ্যানুয়েটেড অফিসার যে কোনও দিন রিটায়ার করে যাবেন, গভর্ণমেণ্ট তাঁকে খরচ দিয়ে জাপানে কেন নিয়ে যাবে? কি করেসপণ্ডিং বেনিফিট পাবে? কিছু পাবে না শুধু তাই নয়, মুখ্য মন্ত্রীর সৎসাহস থাকে এই হাউসএ বলুন গত ৪ বছরের মধ্যে যে গভর্ণমেণ্ট এর পেট্রল খরচ এই অফিসারদের পেছনে কত হয়েছে? পুল কার সম্বন্ধে আমি বলতে পারি, মাননীয় অধ্যক্ষ মহাশয়,

without fear of contradiction and almost without exception, every departmental Secretary uses the pool cars for the use of his family.

আমি জানি এস কেব্যানর্জীর গাড়ী গোলপার্ক থেকে তার ড্রাইভারকে অ্যাকমোডেট করবার জন্য তার বিরাট লিমোস্থইন কার আসছে ক্যামাক ষ্ট্রীটএ সেখানে আসছে যাচ্ছে, সেখান থেকে পৌছে দিচ্ছে। সমস্ত ডিপার্টমেণ্টাল সেক্রেটারীদের হাতে পুল কারগুলো রয়েছে, মুখ্যমন্ত্রীর ৩টে পুল কার রয়েছে, একটা পুল কার তার ডেপুটি সেক্রেটারী এস. এম. বসু ইউস করেন। একটা পুল কার আর একজন অফিসার এবং এস. কে. চ্যাটার্জী একটা স্পেশাল পুলিশ জীপ আছে তার নম্বর আমার যতদূর মনে আছে ১৪৩৫ সেই জীপটা ধ্রুব সেন, যতীন বোস এরা ব্যবহার করছেন, গঙ্গাস্নানে, হাটবাজারে এই সব গাড়ী ঘুরে বেড়ায়। অফিসারদের আজকে তদন্ত করুন, আমি সমস্ত সিরিয়াসনেস নিয়ে বলছি, আমি যেকোনও দিন রাস্তায় যাচ্ছি অফিসারদের বাড়ীর মেয়েরা আত্মীয়রা এই গভর্ণমেণ্ট-এর গাড়ী করে ঘুরে বেড়াচ্ছে। কার টাকা? সরকারী ক্লাস ফোর কর্মচারীরা তাদের যদি বাদুড় ঝোলা হয়ে ট্রামে বাসে আসতে হয়, তার পারকুইজিটস তার টাকা পয়সা অন্য দিকে সুযোগ সুবিধা তারা কি পাচ্ছে? আপনি দেখুন সুতরাং মুখ্যমন্ত্রীকে একথা বলতে চাচ্ছি যে তার অধীনে। সরকারের সম্পূর্ণ অযোগ্যতার পরিচয় দিচ্ছেন এবং সমস্ত দিক থেকে এই সমাজ দুর্নীতি মুক্ত যেখানে সেখানে চোর চোরের মত মাথা নীচু করে যায় এবং যে সমাজে নিষ্ঠাবান মানুষ বুক ফুলিয়ে সমাজের মাঝখানে দিয়ে চলতে পারে

আজকে আমরা দেখছি সৎ অফিসার যাঁরা সৎ মানুষ যারা চোরের মত গর্তের মধ্যে লুকিয়ে আছেন আর যাঁরা দুর্নীতিপরায়ণ তাঁরা বীরের মত শহরের মাঝখানে বুক ফুলিয়ে চলছে। এবং এই মুখ্যমন্ত্রী এবং এর সরকার সমস্ত দিক থেকে এই অফিসারদের তাঁর প্রোটেকসাদ দিচেছন। কেন দেবেন না? আজকে অনন্ত ঘোষের এই মামলা হাসআপ হতে চলেছে কেন হতে চলেছে? কেন না আরও বড় বড় লোক এর মধ্যে জড়িত রয়েছে। এরা ব্যাঙ্ক অব চায়নার টাকা কোনও দিন ফাঁস করবেন না, কেন না কংগ্রেসীর বড় বড় হোমড়া চোমড়ারা সেখান থেকে ওভারড্রাফট নিয়েছেন। সেজন্য কিছুতেই ব্যাঙ্ক অব চায়নার হিসাব তাঁরা দেবেন না। শুধু তাই নয় এই যে মুখ্যমন্ত্রী বলেছেন অ্যান্টি করাপসান ডিপার্টমেণ্ট। লজ্জা করে না যে অ্যান্টি করাপসান ডিপার্টমেণ্টএর রেফারেন্স আনতে? অ্যান্টি করাপসানএর সব থেকে বড় উইং হল এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্ট এবং এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্টকে বলা হত অ্যালসেসিয়ান উইং অব দি অ্যান্টি-করাপসান ডিপার্টমেণ্ট সেই অ্যালসেসিয়ান উইং এরা নষ্ট করেছেন। কি ভাবে? না এরা এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্টকে সরিয়ে এনে পুলিশ-এর ভেতর ঢুকিয়ে দিয়েছেন। রেজাল্ট হচেছ এই যে পুলিশের বিরুদ্ধে এই এনফোর্সমেণ্ট তারা কাজ করবে না। অ্যান্টি করাপসান আজকে প্রায় অচল হয়ে পড়েছে। আজকে দেখতে পাচিছ মাত্র ১ জনের বিরুদ্ধে ডিপার্টমেণ্টাল এনকোয়ারী এবং ১৩ জনের বিরুদ্ধে ডিপার্টমেণ্টাল এনকোয়ারী পেণ্ডিং, একজনের এগেনষ্টে কোর্ট এ কেস দেওয়া হয়েছিল কিন্তু সেটা অ্যাকুইট্যাল হয়েছে। সুতরাং আজকে এই এনফোর্সমেণ্ট ডিপার্টমেণ্ট কে এই ভেঙ্গে এতে সর্বনাশ করে দিয়েছেন এবং করাপসান বাড়িয়ে দিয়েছেন। পুলিশের মধ্যে যে বিরাট করাপসান চলেছে তা বন্ধ হবে না। আপনি কি ভাবতে পারেন, আপনার বাড়ীর সামনে আপনি নো পার্কিং লিখে দিয়েছেন, আমি জিজ্ঞাসা করছি উপানন্দ মুখার্জি আই. জি. তার কেয়াতলার বাড়ীর সামনে লেখা আছে নো পার্কিং এরা কি নিজাম অব হায়দ্রাবাদ না নবাব অব পতৌদী, এরা কারা? কোন ঘরের ছেলে ওরা? চিঁড়ে,মুড়ি, খেয়ে যারা এতদিন জীবন যাত্রা করেছে তাদের বাড়ীর সামনে নো পার্কিং? এই হচেছ আজকে পুলিশএর অব্যবস্থা, আজকে কমিশনার অব পুলিশ, আই. জি. এদের যে ২৮ ফুট লম্বা লম্বা গাড়ী না হলে চলে না। আমি সেদিন স্টেটসম্যান কাগজে পড়ছিলাম, একজন লেখক লিখেছেন

"The Congress brand of socialism is nothing but a variation of the African brand of socialism where Officers and Ministers and people in authority insist on perquisites, luxurious bungalows, cars and everything."

[3-30—3-40 p.m.]

তাঁর দেশের কাগজে বেরিয়েছে দুর্নীতিতে দেশ ভরে গেছে অথচ কংগ্রেস সরকারের সাহস নেই তার বিরুদ্ধে লেখে। স্যার, এখানে যে লেখা রয়েছে সত্যমেব জয়তে তাতে আমি জিজ্ঞাসা করছি কোথায় সত্যের জয়? আমরা তো দেখছি ন্যায়ের ক্ষেত্রে অন্যায়ের বিজয় নিশান উড্ডীন রয়েছে। আমরা দেখছি সমাজে সত্য মিথ্যার দাসত্ব করছে, সত্য চিরকাল মিথ্যার কাছে মার খেয়েছে। আমরা আরও দেখছি যারা সত্য কথা বলেছে, নিষ্ঠার পথে চলেছে তারা ভীরু, শঠ এবং কাপুরুষের কাছে মাথা নত করেছে এবং আরও দেখছি ধর্মের নগ্ন মন্দিরে অধর্মের জয়ভেরি বাজছে। স্যার, তবুও বলা হচেছ "সত্যমেব জয়তে"। আজকে দেশ দুর্নীতিতে, অনাচারে, ভ্রষ্টাচারে, অক্ষমতায় ছেয়ে গেছে এবং জানি না এ থেকে পরিত্রাণের পথ কোথায়। আমরা আশা করেছিলাম মুখ্যমন্ত্রী এমন কথা বলবেন যাতে জনসাধারণের দুঃখ লাঘব হয়। কিন্তু তিনি বললেন ১ লক্ষের উপর কর্মচারী ৭০ টাকা থেকে ১০০ টাকা মাইনে পায় এবং উপরতলায় যাঁরা আছেন তাঁদের মাইনে কম এবং সংখ্যাও কম। আপনারা মিলিয়ে দেখুন ইট ইজ নট ইন কিপিং উইথ দি রিপোর্ট অব দি মহালানবীশ কমিটি। তিনিও একথা বলেছেন যে, ১৭টি পরিবারের হাতে ৫৮ পারসেণ্ট অব দি ইনকাম রয়েছে। আজকে ওঁরা বুক ফুলিয়ে বললেন বাংলাদেশের জনসাধারণকে দারিদ্র্যের মধ্যে, অনাহারের মধ্যে রেখে দিয়েছি। আহা, কি বাহবা, কি পৌরুষ, কি বীরত্ব। স্যার, আমি অবাক হয়ে যাই এঁরা গর্ব করে বলছেন কর্মচারীদের আমরা অন্যায় এবং অবিচারের মধ্যে রেখে দিয়েছি। তারপর, জনগণকে যে রিলিফ দেওয়া দরকার

সেখানে প্রশাসনিক ব্যবস্থায় আমরা দেখছি সেই রিলিফের ব্যবস্থা নেই, অবিভক্ত বাংলায় ৬ জন ডি. আই. জি. ছিল, কিন্তু ট্রাঙ্কেটেড পশ্চিমবাংলায় ৮ জন ডি. আই. জি. রয়েছে এবং ১টি এ. আই. জি-র পোস্ট রয়েছে। দুর্নীতিকে বাঁচাবার জন্য এস. এম. ঘোষের মত একজন সত অফিসারকে সরিয়ে দিয়ে এ আই. জি. করে তাঁকে অক্ষম অবস্থায় রাখা হয়েছে এবং তাঁর জন্য আমাদের টাকা গুণতে হচ্ছে। কিন্তু আশ্চর্যের বিষয় তাঁর কোন পাওয়ার নেই। তারপর, হোম সেক্রেটারী সম্বন্ধে ব্যক্তিগতভাবে আমার কিছু বলবার নেই, কিন্তু ১৯৪৪ সাল থেকে তিনি একই বিভাগে রয়েছেন। আই. এ. এস-দের মধ্যে দুটি ভাগ আছে—আই. এ. এস. মেট্রোপলিটন ক্যালকাটা এবং আই. এ. এস. মফঃস্বল। কিন্তু দেখা যাচেছ যাঁরা জুনিয়র অফিসার তাঁদের মধ্যে অন্তত ১০ জন আই. এ. এস. অফিসার আছেন যাঁরা কোলকাতা ছেড়ে এক পা নড়বেন না। ইংরেজ আমলে নিয়ম ছিল ৩ বছর পর মফঃস্বল পাঠিয়ে দেওয়া হবে রুরাল প্রবলেম জানবার জন্য, মফঃস্বলের দুঃখ জানবার জন্য। কিন্তু আজকে দেখছি উল্টো ব্যবস্থা। যাঁরা কোলকাতায় রাইটার্স বিল্ডিংস বা নিউ সেক্রেটারিয়েটে আছেন তাঁরা এখানেই থেকে যাচেছন এবং যাঁরা মফঃস্বলে আছেন তাঁরা সেখানেই থেকে যাচেছন। স্যার, এর ফলে একটা দারুণ প্রতিদ্বন্দ্বিতা চলছে। এই ভাবে যদি প্রশাসনিক ব্যবস্থা চলে তাহলে সমাজের অবস্থা আরও খারাপ হবে। তারপর, সেটেলমেণ্ট-এর ৯ হাজার কর্মচারী আজ ছাঁটাইর মুখে এবং টেম্পোরারীর ক্ষেত্রে আমি দেখলাম ২২ হাজার লোয়ার ডিভিসন ক্লার্ক-এর মধ্যে ৩ হাজারের উপর আজ পর্যন্ত ২০ বছর কাজ করার পরও প্রমোসন পাচেছন না। টাইপিস্টদের কথা চিন্তা করুন—ওয়ানস এ টাইপিষ্ট, অলওয়েস এ টাইপিস্ট। তাঁরা সমস্ত জীবনভোর টাইপিস্ট হয়ে থাকবেন—তাঁদের প্রমোসনের রাস্তা নেই। স্যার, এই যদি অবস্থা হয় তাহলে এ্যাডমিনি-স্ট্রেসন-এর মর‍্যাল কিভাবে থাকবে? আপনারা কি মনে করেছেন আড়াই লক্ষ কর্মচারীর উপর দুর্নীতি দমন করবার জন্য ৩৪টি এনফোর্সমেণ্ট অফিসার দিয়ে তাঁদের দমন করতে পারবেন? আমি মনে করি এটা অসম্ভব, এই দুর্নীতি দমন হতে পারে না। তারপর, চাগলা সাহেব পার্লামেণ্টএ যা বলেছেন তাতে আমাদের চোখ খুলে দিয়েছে। তিনি একটা ডিস্টিংসন ড্র করেছেন বিটুইন ইনভেস্টিগেসন এ্যাণ্ড এনকোয়ারী। আমি জানি না তবে সরকারী অফিসারা জানেন

The Government might take this plea whether the procedure followed is enquiry or investigation. It will be paradise for them.

কাজেই এই যে তাঁরা বলছেন ইনভেস্টিগেসন, এনকোয়ারী চলুক এর মধ্যে আইনের মারপ্যাঁচ আছে এবং দুর্নীতিপরায়ণ অফিসাররা মনে করবেন গভর্নমেণ্ট ইনভেস্টিগেসন করবেন কিন্তু আমাদের জড়াবেন না। কাজেই দেখা যাচেছ সরকারের নীতি যদি ভাল না হয় তাহলে ভিজিলেন্স কমিশন বসিয়েও এই জিনিস দূর করতে পারবেন না। তারপর গোলাম মহিউদ্দিন-এর কেস এ হাইকোর্টের জাজমেণ্ট পড়লে আপনি অবাক হয়ে যাবেন। এ্যাডভোকেট জেনারেল এস. এম. বসু মামলা চালাবেন এবং এ্যাপিল হোল না। গোলাম মহিউদ্দিন-এর কেসএ জাস্টিস বিনায়ক ব্যানার্জী কি বলেছেন শুনুন—

" 'Mr. Deb in passing the judgment observed that high officers who were found by the Enquiring Officer to have misconducted themselves in the subject-matters of charges III(a) and III(b) were not proceeded against, but only the petitioner, viz., Golam Mohiuddin, was thoughtlessly singled out for disciplinary action......There is some edge in this criticism. When a single tree hides the forest from the vision of the administrators, that administration must be justly criticized as lacking in administrative awareness and imagination. I need not emphasize on this aspect of the matter because the conduct of these high officials does not call for my criticism in this Rule.' "

এই জাজমেণ্ট-এর পর যাদের গিল্টি করা হয়েছে সেই আর. এস. চ্যাটার্জী এবং বি. বি. মণ্ডলকে মুখ্যমন্ত্রী মহাশয় প্রমোশন দিয়েছেন। এই হচ্ছে তাঁদের ক্ষমতা।

Shri Girish Mahato: ,

কংগ্রেসী শাসনে আজ দেশের সাধারণ শাসন সত্যকার গণতন্ত্রের দিকে আদৌ যাচ্ছে না, গণতন্ত্র বা প্রজাতন্ত্র নাম দিলেই জনগণের শাসন হয় না। শাসনকে বিকেন্দ্রিত করতে হয় এবং জনগণের আত্মশাসন শক্তিকে গড়ে তুলতে হয়। তবেই গণতন্ত্র হয়। আমাদের দেশে তার কিছুই হচ্ছে না বরং ক্ষমতা কেন্দ্রীভূতই করা হচ্ছে। আজও একটা জেলার শাসনে জনগণের কোনো অংশ নেই। স্বাধীনতা লাভের সতের বৎসর পার হয়ে গেল তবু আজও একটা জেলায় একজন আমলা বা অফিসার সারা জেলার শাসক। তিনি হচ্ছেন কংগ্রেস সরকারের কেন্দ্রীভূত ক্ষমতার প্রতীক। জেলার শানে জনমত বলে কোথাও কিছু নেই ওপরের হুকুম নিয়ে জেলা শাসক জেলার লক্ষ লক্ষ লোকের ওপর প্রভুত্ব করছেন অন্য দেশের সঙ্গে তুলনা করে দেখুন।

[3-40—4-5 p.m.]

সুইটজার ল্যাণ্ড, ইজরাইল প্রভৃতি অনেক উন্নত রাষ্ট্র গুলির লোক সংখ্যা বা থাকার আমাদের দেশের অনেক জেলার মত। কিন্তু আমাদের জেলাগুলির জনগণের ঐ সব দেশের মত নিজেদের কল্যাণ করবার কোনো অধিকার নেই। আমাদের দেশে এক একটা জেলার সম্ভাবনা অনেক। কিন্তু আজও পর্যন্ত আমাদের জেলাগুলিতে জেলার জনমত শাসন অথবা জেলার আইন সভা বা শাসন সভা কিছুই নেই। কংগ্রেস সরকার এর উত্তরে বলবেন যে পঞ্চায়েৎ আছে, জেলা পরিষদ আছে। হ্যাঁ আছে তবে বৃটিশ আমলে যেমন স্বায়ত্ত শাসন ছিল চালের পিঠুলি গোলা দুধ। জনগণকে প্রতারণা মাত্র। পঞ্চায়েতী ব্যবস্থা বা জেলাপরিষদের ব্যবস্থা ধারা এই দুটিকেই পুরোপুরি আমলাতন্ত্রের তাঁবেদার করা হয়েছে। আমালাতন্ত্রের দ্বারাই শাসন যদি চলছে তবে পঞ্চায়েৎ বা জেলা পরিষদ কেন করা হোল? দেশের সকলেই জানে, এই অর্থহীন পঞ্চায়েতের নির্বাচন ও নানা অপকৌশলে চালান হয় যাতে পঞ্চায়েতগুলি কংগ্রেসের হাতে থাকে। আর এহেন পঞ্চায়েতের ভেতর দিয়েই জেলা পরিষদ গঠিত। তাহলে বুঝতে পারা যাচ্ছে জেলা পরিষদের গণতান্ত্রিক স্বরূপটা কি। সুতরাং পঞ্চায়েতই হোক আর জেলা পরিষদ হোক জেলার মালিক জনগণ নয়। জেলার মালিক জেলাশাসক আর আমালাতন্ত্র যারা কংগ্রেসের এজেণ্ট। জেলা শাসকের আসল চাকরী হচ্ছে কংগ্রেসের এজেণ্ট গিরি করা। আমাদের জেলা থেকে এবং সব জায়গায় অবস্থা থেকে দেখা যাচ্ছে জেলা শাসকের অফিস আর কংগ্রেস অফিস এক হয়ে গেছে। জেলা কংগ্রেস সভাপতিরাই জেলা শাসকের ওপরওয়ালা। আর জেলা কংগ্রস সভাপতিরা চোরা বাজারের এজেণ্ট বা প্রতিনিধি। তাহলেই বুঝছেন কেমন আমাদের বিকেন্দ্রিত শাসন। কেরালার সদ্যসদ্য হিসাব থেকে কংগ্রেসের সাধারণ শাসনের হিসাব নেওয়া যাক। কংগ্রেসের সাধারণ শাসন যদি সত্যিই ভাল হয় তবে লোকে নির্বাচনে নিজেরাই উদ্যোগী হয়ে কংগ্রেসকে ভোট দেবে। কিন্তু আজ কেরালার নির্বাচনে স্বয়ং কংগ্রেসের মুখ্যমন্ত্রী এবং আরো ৬ জন মন্ত্রীকে জনগণ ঘাড় ধরে বহিষ্কার করে দিয়েছে। করেছে কেন? কংগ্রেসের শাসনে লোকে মুগ্ধ হয়ে থাকলে কংগ্রেসের এই দুর্দশা হোত কি?

কংগ্রেসী শাসনে দেশের লোক আজ অতিষ্ঠ। আগামী নির্বাচনে সারা ভারতে কংগ্রেস এই ভাবে বিতাড়িত হবে এই সারা দেশের প্রার্থনা। সারা শাসনে আজ দুর্নীতির ঘুণ ধরেছে আজ অফিসারদের মধ্যে ব্যাপক দুর্নীতি চলেছে। একটা জেলায় শুধু সাধারণ অফিসাররাই নয় জেলা শাসক, মহকুমা শাসক প্রভৃতি অফিসারদের বিরুদ্ধে আমরা বহুদিন গুরুতর দুর্নীতির অভিযোগ করেছি এমনকি চৌর্য্যবৃত্তির অভিযোগ পর্যন্ত আমরা করেছি। কিন্তু আজও পর্যন্ত তার বিচারই এমন কি তদন্ত পর্যন্ত হয়নি। সরকারের সাহস নেই। সেজন্য আজ পরিষ্কার হয়েছে যে, কংগ্রেসী শাসনের প্রধানেরাই এই সমস্ত অপরাধ সমূহের সঙ্গে জড়িত। শুধু অনুমান নয় কংগ্রেসের মন্ত্রীদের বিরুদ্ধে শাসনে অনাচারও দুর্নীতির বহু তথ্য প্রকাশিত হচ্ছে।

কংগেসের নিজের মধ্যে দলাদলির কারণেই প্রতাপ সিং কায়রোঁ, বীরেন মিত্র প্রভৃতির ব্যাপারে উদ্ঘাটিত হয়েছে, তবে সুবিচারের প্রয়োজনে এ সবের উদঘাটন হয় নি।

ই রাজ্যের মন্ত্রীদের বিষয়েও বহু গুরুতর অভিযোগ আছে। তবে যা হোক সে সব ধামা াপা আছে। বিচারের অগ্নিপরীক্ষায় অগ্রসর হবার মত সাহস মন্ত্রীদের নেই। আমরা দাবী রছি উপযুক্ত তদন্ত হোক বহু সত্য প্রকাশিত হবে তাতে সাধারণ শাসনের আসল রূপ আরো স্পষ্টভাবে বোঝা যাবে।

[At this stage the House was adjourned for twenty minutes.]

[After adjournment.]

-5—4-15 p.m.]

Shri Mono Ranjan Baksi:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে প্রশাসনিক খাত সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমেই ই কথাটা আপনার কাছে বলছি যে বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থা সম্পূর্ণভাবে ভেঙ্গে পড়েছে। পনি পশ্চিমবাংলার জলপাইগুড়ি ডিভিসনএর দিকে যদি তাকান তাহলে দেখবেন সেখানে ই ডিভিসন-এর চার্জএ যিনি রয়েছেন কমিশনার মিঃ সুরিতা তিনি কিভাবে এক একজন টোরিয়াস.. স্মাগলার রিটুরিন ভুটান এন্ড টিবেট। তিনি মিঃ ওঙ্কারলালকে ভাবে সাহায্য করছেন তা শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন। আজকে মিঃ ওঙ্কারলালের াস্ত ব্রিগেডিয়ার স্টিভেনস জলপাইগুড়ির চা বাগানে থাকেন এবং তিনি একজন াাত পাকিস্তানী এজেণ্ট। শুধু তাই নয়, যে ভদ্রলোক ভারতের বিরুদ্ধে বহু কার্যকলাপ রছেন এবং ভুটানের বিতাড়িত প্রধান মন্ত্রী মিঃ লেণ্ডুরুপ দোরজির সঙ্গে তিনি কারবার রন। শুধু তাই নয়, এই মিঃ সুরিতার ইচ্ছা যদি কোন কর্মচারী পূরণ করতে না পারেন তাহলে কে তিরস্কৃত হতে হয়। আমি উদাহরণ হিসাবে বলছি যে দার্জিলিং-এর এডিশনাল ডেপুটি মশনার মিঃ সুরিতাকে বলেছিলেন যে আমি আপনার মেড-সার্ভেণ্টকে আমার বাড়ীতে স্থান ি না এবং এটা বলায় তাঁকে তিরস্কৃত হোতে হয়েছিল। তারপর আপনি প্রেসিডেন্সী ভিসন-এর দিকে যদি তাকান তাহলে দেখবেন সেখানে কি হচ্ছে। আমরা চাই পশ্চিমবাংলায় া শীর্ষস্থানে রয়েছেন তাঁরা যেন সদাজাগ্রত প্রহরী হন। প্রেসিডেন্সী ডিভিসন-এর কমিশনার নাথ ব্যানার্জি কোলকাতা এবং পার্শ্ববর্ত্তী সে সমস্ত বার আছে তাদের প্রশ্রয় দিয়ে থাকেন ং রাত্র ১টা পর্যন্ত সে সমস্ত এলাকা পরিভ্রমণ করেন ও সকালে নিদ্রা ভেঙ্গে ওঠেন বেলা টার সময়। দেশের যারা প্রহরী তারা এতক্ষণ পর্যন্ত নিদ্রায় মগ্ন থাকেন। এবার আপনি স্তন বর্ধমান ডিভিসন-এর দিকে। এই বর্দ্ধমান ডিভিসন অত্যন্ত গুরুত্বপূর্ণ ডিভিসন। সেখানকার র্জে রয়েছেন ভি. এস. সি. ব্যানার্জি আমি জানি বীরভূম এবং মালদার মত ক্ষুদ্র জেলায় াাসনিক বিভাগে দক্ষতার পরিচয় না দিতে পারলেও আজকে তাকে কমিশনার করা াশাসনিক বিভাগে দক্ষতার পরিচয় না দিতে পারলেও আজকে তাঁকে কমিশনার করা হয়েছে। ামি আজকে আশ্চর্য হয়ে যাই যখন দেখি যে রাইটার্স বিল্ডিংস-এর বহু সিনিয়র মোস্ট সক্রেটারী রয়েছেন তাঁদের যে বেতন কমিশনারের বেতন তার চেয়ে বেশি, তবু তাঁরা কমিশনারের পদ গ্রহণ করেন না। জানি না কি মধু এর মধ্যে আছে। আমরা দেখেছি াই মন্ত্রিসভা বাধ্য করেছেন তাঁদের রাইটার্স বিল্ডিংস-এ থাকতে এবং সেখানে তাঁরা কমিশনারের াদ সৃষ্টি করছেন। আমরা দেখছি এগ্রিকালচারাল ডিপার্টমেন্টএর যিনি কমিশনার রয়েছেন াী আর ঘোষ তাঁর বিরুদ্ধে বহু অভিযোগ আছে। ঐ শ্রী আর ঘোষ যখন বাঁকুড়া এবং ালদহের ডি এম ছিলেন তখন তাঁর বিরুদ্ধে অ্যান্টি-করাপশনের চার্জ ছিল অথচ আজ তিনি াগ্রিকালচার ডিপার্টমেন্টএর কমিশনার। মুখ্যমন্ত্রী ক্যাটিগরিক্যালি জবাব দিন, আজকে াঁকুড়ায় তাঁর যে এগ্রিকালচারাল ইন্সট্রুমেন্টস ব্যবসা রয়েছে বেনামীতে সেটা ধীরেন ভৌমিক লে এক ভদ্রলোক চালাচ্ছেন তাঁর সম্বন্ধে আপনি কোন তদন্ত করবেন? আমি আপনার াছে নিবেদন করছি বিনয় মণ্ডল যিনি হাওড়ার মধুচক্রের একজন শ্রেষ্ঠতম নায়ক ছিলেন াজকে তিনি বহু সিনিয়ার মোস্ট অফিসারকে সুপারসিড করে সেক্রেটারী হয়েছেন। ুকুমার মল্লিক যিনি মধুচক্রের একজন নায়ক ছিলেন তাঁর এগেনস্টএ অ্যান্টি-করাপশনের রপোর্ট থাকা সত্ত্বেও তাঁকে ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টএর কমিশনার করা হয়েছে। আমরা

দেখতে পাচ্ছি পি. কে. সেনগুপ্ত যিনি কণ্ট্রোলার অব রেশনিং তাঁর এগেনষ্টএ এণ্টি-করাপসন এর চার্জ আছে তাঁকেও একটা উন্নতিশীল পদে নিয়ে যাওয়া হয়েছে। এভাবে আমরা দেখতে পাচ্ছি দিনের পর দিন এবং মাসের পর মাস পশ্চিম বাংলার প্রশাসনিক ব্যবস্থায় একটা চরম অব্যবস্থা দেখা দিয়েছে এবং প্রশাসনিক ব্যবস্থা সম্পূর্ণ ভাবে ভেঙ্গে পড়েছে। আজকে বাংলা দেশের মানুষ মহীউদ্দিনের কথা নিশ্চয়ই ভুলে যায় নি যিনি বোটানিক্যাল গার্ডেন-এর কিউরেটার ছিলেন, পশ্চিম বাংলা সরকার তাকে চাকরী থেকে বিচ্যুত করতে বাধ্য হয়েছেন। আজকে আশ্চর্য্য হয়ে যাই যে বাংলা দেশের আই. এ. এস. অফিসারদের যদি প্রোমোসন পেতে হয় তাহলে মহিউদ্দিনের কাছে যেতে হয় কারণ তাঁর নাকি প্রভাব রয়েছে চীফ সেক্রেটারীর উপরে। এভাবে দিনের পর দিন ও মাসের পর মাস বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থা ভেঙ্গে খান খান হয়ে যাচ্ছে। আজকে আমাদের মুখ্যমন্ত্রী বললেন কোন অফিসার সম্বন্ধে এখানে বলা ঠিক নয়, কারণ তাদের অধিকার নেই জবাব দেবার। আমি এখানে বলছি আপনারা নেতাজীর সেই বাণী স্মরণ করুন তিনি বলেছিলেন

As a public man we cannot afford to ignore what the public think or say even when they err.

এবং তিনি গান্ধীজীকে লিখেছিলেন

public life we are often more subordinate to personal feelings than to public consideration.

কাজেই আজকে জনকল্যাণের জন্য দেশের বৃহত্তর স্বার্থের জন্য, বাংলা দেশের মানুষের কল্যাণের জন্য এই সমস্ত নিবেদন করছি। প্রফুল্লবাবুর বহু কথা আমরা পড়ি। তাঁর সেই ঐক্য পত্রিকার মধ্যে তাঁর স্মৃতির কথা পড়ি। তিনি কর্মী ছিলেন তিনি পদব্রজে প্রথমে গ্রামে গ্রামে ঘুরেছেন, মশারীর অভাবে কেরোসিন মেখে নিদ্রা গেছেন, সেই প্রফুল্লবাবুর ফেলে আসা দিনগুলি ফিরিয়ে আনুন এবং তাঁর শুভবুদ্ধির কাছে আমি এটা রাখছি তিনি এটা প্রতিকার করুন। বাংলা দেশের মানুষকে অন্যায় অত্যাচার এবং দুর্নীতি পরায়ণ অফিসারদের হাত থেকে মুক্ত করুন এবং বাংলা দেশকে গ্লানী মুক্ত করুন এটাই আমার নিবেদন। এই বলে এই ব্যয় বরাদ্দের তীব্র বিরোধিতা করে আমি শেষ করছি।

Shri A. K. M. Ishaque:

সাধারণ শাসন খাতে আলোচনা করতে উঠে আপনার মাধ্যমে কয়েকটা কথা আমাদের প্রিয় মুখ্য মন্ত্রীর কাছে রাখতে চাই। কিন্তু তার আগে আমি আমার বিরোধী পক্ষের বন্ধুদের বক্তৃতা যেটা শুনলাম সে সম্পর্কে আমার বক্তব্য ২।১টা কথায় রাখতে চাই। বিরোধী পক্ষের বন্ধুদের বক্তৃতা যখন শুনছিলাম তখন শুনতে শুনতে হঠাৎ আমি গায়ে চিমটি কেটে দেখলাম আমি জেগে আছি না ঘুমিয়ে পড়েছি, কারণ যে চিত্র বাংলা দেশের ফুটিয়ে তুলেছেন তাদের বক্তৃতার মাধ্যমে সে চিত্রের সঙ্গে বর্তমানে বাংলার কোন সামঞ্জস্য নেই। যে চিত্র ওরা ফুটিয়ে তুলেছেন এ চিত্র একজন ঘুমিয়ে স্বপ্ন মাত্র, দেখতে পারেন ওঁদের এত অভিযোগ দুঃখ সত্ত্বেও আমরা দেখছি দিনের পর দিন আমাদের বাংলা অগ্রগতির দিকে এগিয়ে চলেছে। ওঁরা আমাদের প্রশাসনিক ব্যবস্থায় যে ভুল ত্রুটি গলদ দেখিয়েছেন যদি সত্য সত্যই সে গলদ থাকে তাহলে স্কুল বা রাস্তার সংখ্যা বাড়তো না এবং গ্রামের অবস্থার উন্নতি হত না এবং দিনের পর দিন পল্লীসর্বস্ব বাংলার অবস্থার উন্নতি হোত না। আমাদের প্রশাসনিক ব্যবস্থা সবল এবং দক্ষ বলেই দিনের পর দিন আমরা এগিয়ে চলেছি। ওঁদের নিশ্চয় দুঃখ করবার কারণ আছে—কেন না যদি বাংলা দেশ এগিয়ে যায়—বাংলা দেশের অবস্থার যদি উন্নতি হয় তাহলে ওঁরা যে দুঃস্বপ্ন দেখছেন যে ওঁরা এদিকে এসে বসবেন—সে আশা কোন দিনই পূর্ণ হবে না। মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা কেউ কেউ আমাদের প্রশাসনিক ব্যবস্থায় ভীষণ গলদ দেখেছেন। কেউ কেউ এমন এমন অফিসার দেখেছেন যাঁরা এই দেশের সর্বনাশ করতে চাচ্ছেন। কোন অফিসারকে ডিফেণ্ড করা আমার বিজনেস নয়। আমাদের মাননীয় প্রিয়

[খ্য মন্ত্রী যদি প্রয়োজন বোধ করেন তাহলে ডিফেণ্ড করবেন। অবশ্য আমি তাঁদের সঙ্গে একমত য় যদি কোন আমাদের এ্যাডমিনিস্ট্রেসনে ব্লাকসিপ থাকে তাহলে ব্ল্যাকসিপ সম্পর্কে যাতে দরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করেন সেই অনুরোধ আমি করবো এবং ওদিকে যদি কেউ কোন দুর্নীতিগ্রস্ত অফিসার সম্পর্কে বলতে চান তাহলে আমি তাঁদের সমর্থনই জানাবো। কিন্তু আমি এই মুহূর্তে আমি একটা কথা আপনাকে বলতে চাই এবং সে কথা বললে আপনি বুঝবেন যে আমাদের প্রশাসনিক ব্যবস্থা সত্যই অত্যন্ত সবল। গত বছর বিপর্যয়ের মুখোমুখি দাঁড়িয়ে আমাদের প্রিয় মুখ্য মন্ত্রী কতকগুলি ও ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়েছিলেন সেই ঐতিহাসিক সিদ্ধান্তের মধ্য আমি দুটি কথা উল্লেখ করবো একটি হোল অত্যাবশ্যকীয় খাদ্যদ্রব্যের দাম বেঁধে দেওয়া —আর একটি হোল গ্রেটার ক্যালকাটাকে স্ট্যাটুটরী রেশনিংয়ের মধ্যে আনা। এখন যদি আমাদের দেশে প্রশাসনিক ব্যবস্থা সবল না হত তাহলে আমাদের দেশে যে সমস্ত চোরাকারবারী, অসাধু ব্যবসায়ী ব্ল্যাকমার্কেটিয়ার্স এবং হোর্ডারস আছে তাদের দমন করতে পারতেন না। তারা আমাদের দেশের জনসাধারণের রক্ত শোষণ করতে চেয়েছিল এবং এমন ওত তারা পেতেছিল যাতে আমাদের মনে হয়েছিল যে সত্যিই বুঝি আমাদের এই সমস্ত সর্বনাশ ভেঙ্গে পড়বে। সেই বিপর্যায়ের মুখে দাঁড়িয়ে আমাদের প্রিয় মুখ্য মন্ত্রী যখন সিদ্ধান্ত গ্রহণ করেন তখন আমরা দেখেছি যে আমাদের এই প্রশাসনিক ব্যবস্থা এমন সুন্দরভাবে কাজ করেছে এমন নিষ্ঠার ও সততার সঙ্গে কাজ করেছে—এন সবল হাতে কাজ করেছে যে বিপর্যয় দিনের পর দিন পিছিয়ে গেছে। বাংলা দেশের উপর একদিন মেঘ এসে পড়েছিল—কিন্তু আমরা দেখেছি যে সেই মেঘ আবার সরে গেছে। আবার বাংলা দশের মুখে হাঁসি ফুটে উঠেছে। বিরোধী পক্ষের বন্ধু শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় আমাদের মন্ত্রী মহাশয়ের সঙ্গে এম. এল. এ-বাবুদের মাইনের তরজমা করছিলেন এবং তিনি যে কথা বলতে চেয়েছেন তাকে প্রমাণ করবার জন্য তিনি আরও কয়েকটি সুসভ্য দেশের কথা আমাদের সামনে রাখেন। আমি দুঃখিত হলাম যখন তনি কমপেয়ার করছিলেন তখন তিনি পুরোপরি করলেন না—তা করলে পুরোপুরি চিত্রটা আমাদের সামনে এসে যেতো। তিনি আমেরিকার কথা বলেছেন —আমেরিকায় তিনি দেখিয়েছেন যে একজন সিনেটের মেম্বার যে মাইনে পান তা একজন সেক্রেটারীর মাইনের কাছাকাছি। কিন্তু আমেরিকার চীফ একজিকিউটিভ অফিসার এবং অন্যান্য একজিকিউটিভ অফিসাররা কি মাইনে পান তা তিনি বলেন নি। যদি বলতেন তাহলে চিত্রটা পরিপূর্ণভাবে আমাদের সামনে আসতো তিনি ইংল্যাণ্ডের কথা বলেছেন—সেখানে মন্ত্রীরা কত মানে পান আর পার্লামেণ্টের মেম্বাররা কত মাইনে পান—কিন্তু একজিকিউটিভ অফিসাররা কত মাইনে তা তিনি বলেন নি। কাজেই তিনি যেটা অসমাপ্ত রেখেছেন আমি সেটা সমাপ্ত করে বলছি যে আমেরিকায় একজন চীফ একজিকিউটিভ সেক্রেটারী যা মাইনে পান সেনেটের মেম্বাররা তার থেকে বেশী মাইনে পান এবং সিনেটের মেম্বাররা যে মাইনে পান তার থেকে যারা সেক্রেটারী আমাদের এখানের মত সেখানে মন্ত্রী মণ্ডলী নেই—সেক্রেটারী আর একটু বেশী মাইনে পান।

[4-15—4-25 p.m.]

ইংল্যাণ্ডের পার্লামেণ্টের মেম্বাররা তাঁরা এই যে নূতন সংশোধনী হোল এর আগে—একজিকিউটিভ অফিসারের থেকে সামান্য কম মাইনে পেতেন। এখন তাঁরা অনেক বেশী চাচ্ছেন। এই আলোচনার মাধ্যমে সোমনাথবাবু আমাদের বলে যান নি যে তিনি আমাদের মন্ত্রী মহাশয়েদব মাইনে কমাতে চান—না এম. এল. এ. দের মাইনে বাড়াতে চান। অন্যান্য দেশে দেখেছি যে এম. এল. এ.রা যে মাইনে পান হয় মন্ত্রীদের কাছাকাছি না হয় ডবল। উনি এখানে কি বলতে চেয়েছেন—সেই ডবল যদি করতে চেয়ে থাকেন তাহলে এম. এল. এদের মাইনে বাড়িয়ে মন্ত্রীদের সঙ্গে সামঞ্জস্য রাখতে চেয়েছেন, না মন্ত্রীদেরা মাইনে কমিয়ে ওঁদের সঙ্গে সমঞ্জস্য রাখতে চেয়েছেন আমি সেটা বুঝতে পারলাম না। তবে এটুকু আমরা আন্দাজ করে নিতে পারি যে তিনি একমুখে বলছেন এম. এল. এ. দের মাইনে বাড়িও না এবং একথা বলছেন সঙ্গে সঙ্গে যাতে রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ হয় একথা বলার সঙ্গে সঙ্গে অকরে ইঙ্গিত-এ এবং প্রকরে বুঝিয়ে দিতে চচ্ছেন যে মন্ত্রীরা যে মাইনে নিচ্ছেন এম. এল. এদের মাইনে অন্তত পক্ষে অর্ধেক করো—তাহলে ২শ থেকে ২৫০ যেটা করছেন

ওটা সাড়ে চার শত থেকে পাঁচশ হবে। আর একজন বন্ধু অভিযোগ করেছেন যে আমরা গণতন্ত্রকে হত্যা করেছি—আমরা যদি গণতন্ত্রকে হত্যা করে কি তাহলে কেরালায় ইলেকসন হোল কি করে? তাহলে কেরলায় লেফট কমিউনিষ্ট পার্টি মেজরিটি পেলো কি করে? আমরা যদি গণতন্ত্রকে হত্যা করে থাকি তাহলে একজন লোক ডি. আই. রুল-এ আটক থেকে ইলেকসনে কনটেষ্ট করলো কি করে এবং সব থেকে আনন্দের কথা যে সেই সমস্ত লোকরা ডি. আই. রুলে আটক থেকেও নির্বাচিত হচ্ছেন। এতেই প্রমাণ হয়ে যাচ্ছে যে ভারতের মাটিতে ডেমোক্রাসি অত্যন্ত সাকসেসফুলি রুটেড হচ্ছে। কাজেই আমাদের ব্যবস্থা এমন যে ডেমোক্রাসিকে স্ট্যাবলিস করার জন্য আমরা যে প্রচেষ্টা করেছি সেই প্রচেষ্টার ফলে একটা লোক প্রিজন বারে থেকেও নির্বাচিত হতে পেরেছেন। এটা গৌরবের কথা এবং এই ব্যবস্থা করতে পেরেছি বলে আমরা অত্যন্ত আনন্দিত। মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটা কর্মচারীর কিছু কার্যকলাপ মাননীয় মুখ্য মন্ত্রীর সামনে রাখতে চাই, রাখতে চাই এইজন্য যে আমাদের মুখ্য মন্ত্রী যে ঐতিহাসিক সিদ্ধান্ত গ্রহণ করছেন তাকে রূপ দেবার পূর্ণ দায়িত্ব এই প্রশাসনিক ব্যবস্থার যদি আমাদের এই প্রশাসনিক ব্যবস্থায় এমন লোক থাকে যারা দুর্নীতি পরায়ণ বা যারা তাদের নীতিকে রূপ দিতে পারবেন না—তাহলে তারা আমাদের ক্ষতি করবে। সেইজন্য আমি একটি মাত্র কর্মচারীর আচরণ সম্পর্কে আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় দুটি ব্লক আছে। এই দুইটি ব্লকে গত এক বছর আগে নির্বাচন হয়ে গেল। একটা ব্লকে ৮টি অঞ্চল পঞ্চায়েত—আর একটা ব্লকে ৭টি। যে ব্লকে ৮টি অঞ্চল পঞ্চায়েত সেই ব্লকের লোকরা বুঝলো—যারা হেরে গেল তারা বুঝলো এবং জনসাধারণও বুঝলো যে জনসাধারণ আমাদের সমর্থন করে নি, সুতরাং আমরা হেরে গেছি—কিন্তু আর একটা ব্লকের জনসাধারণ বুঝলো না যে জনসাধারণ তাদের সমর্থন করে নি বলেই তারা হেরে গেল। ওখানে যিনি পঞ্চায়েৎ সুপারভাইজার ছিলেন শ্রীনীলকণ্ঠ দত্ত—আমি জানি না কোন ম্যাজিকের দ্বারা তিনি এটা করেছেন—সবে মাত্র গ্রামপঞ্চায়েৎ ইলেকসনের নমিনেসন পেপার ফাইল হচ্ছে সেই সময় তিনি ঘোষণা করে দিলেন যে 'ওমুক অঞ্চলে আমি অমুককে প্রধান করবো—অমুক অঞ্চলে অমুককে প্রধান করবো। যখন নমিনেসন পেপার স্ক্রুটিনি হয়ে গেল তখন দেখলাম যে নমিনেসন পেপারে যে সমস্ত নং দেওয়া হয়েছে পসিবল এবং রাইভ্যাল ক্যাণ্ডিডেটদের—সেই সমস্ত নম্বর মিউটেটেড করা হচ্ছে। এই রকম করে বহু নোমিনেশান পেপার নাকচ হয়ে গেল। গ্রাম পঞ্চায়েতের ইলেকসান শেষ হয়ে গেল, গ্রাম পঞ্চায়েতের ইলেকসান থেকে এবারে অঞ্চল পঞ্চায়েতের ইলেকসান হবে। আমি আপনাকে বলতে চাই মিঃ স্পীকার, স্যার, গ্রাম পঞ্চায়েতের ইলেকসান রেজাল্টস বামুনঘাটা গ্রাম পঞ্চায়েত বলে একটা গ্রাম পঞ্চায়েত আছে। সেই বামনঘাটা গ্রাম পঞ্চায়েতের ৩ জন সভ্য নির্বাচিত হয়ে যায় বামুনঘাটা অঞ্চল পঞ্চায়েতে। বামুনঘাটা গ্রাম পঞ্চায়েতের সদস্য হচ্ছে ১২ জন। সেই ১২ জনের ভেতর একদলে আছে ৮ জন আর একদলে আছে ৪ জন। এদের নিয়ে ৩ জন মাত্র যাবে বামুনঘাটা অঞ্চল পঞ্চায়েতে। ৮ জন স্থির করলেন আমরা এই ৩ জনকে পাঠাব। কিন্তু যখন নির্বাচনের ফলাফল বের হল তখন দেখা গেল সেই দল থেকে মাত্র ১ জন এসেছেন আর বিরোধী দলের যারা ৪ জন মাত্র তাদের থেকে ২ জন এসেছেন। এই নিয়ে কোর্টে কেস চলছে। ৮ জন এফিডেভিট করে বলেছে যে এই ৩ জনকে আমরা ভোট দিয়েছি, তবও সেই ৩ জন নির্বাচিত হতে পারল না।

Shri A. H. Besterwitch: Sir, it is sub-judice.

Shri A. K. M. Ishaque: All right, I will come to another subject.

স্যার, ভোগলা অঞ্চল পঞ্চায়েত বলে একটা অঞ্চল পঞ্চায়েৎ আছে, এরই নাংগলা বলে একটা গ্রাম পঞ্চায়েত আছে। সেই নাংগলা গ্রাম পঞ্চায়েতের ১৫ জন সদস্য। ১৫ জন সদস্যের ভেতর ৮ জন এক দিকে, ৭ জন আর এক দিকে। ৮ জন যারা তারা জানে যে আমরা ভোট দিয়ে আমাদের সমস্ত ক্যাণ্ডিডেটকে রিটার্ন করাব। কিন্তু ভোটের দিন দেখা গেল একজন সদস্যই নেই, নোমিনেশান পেপার চুরি হয়ে গেল। এই সমস্ত কল নাড়ার জন্য একমাত্র অফিসারই দায়ী। সরকার যাতে এই অফিসারের সম্পর্কে কঠোর ব্যবস্থা অবলম্বন করেন সেই

অনরোধ আমি মুখ্য মন্ত্রীকে করছি। আর বুঝিনা এঁদের কথা। এঁরা নিজেরাই অফিসারের বিরুদ্ধে সমালোচনা করে, আর আমরা যদি আলোচনা করতে চাই তাহলে এঁরা গোলমাল করেন এই কথা বলেই আমি শেষ করছি।

Shri Anadi Das:

মিঃ চেয়ারম্যান, স্যার, বাংলাদেশে একটা কথা আছে—শিরে করলে সর্পাঘাতে কোথায় বাঁধবে তাগা—একটা লোক যার চরিত্র নষ্ট হয়েছে তার যদি চরিত্রের দোষগুলি ধরে ধরে দেওয় যায় তাহলে সংশোধন হয় না, সে অস্বীকার করে। আর যে ধরে দেয় তার উপর নিগ্রহ চলতে থাকে। এই কংগ্রেস এবং কংগ্রেস সরকার আজ সেই অবস্থায় এসে পৌছেছে। আমি এই সব কথা বলার আগে শুধু দুটো দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই একটা হচ্ছে এ্যাসেম্বলী কর্মচারীদের ওভারটাইমএর বিষয়ে কি হবে সেটা স্থির করবার কথা ছিল স্ট্যাটাস কমিটি দিয়ে, আজ পর্যন্ত তাঁদের সম্বন্ধে কিছু ব্যবস্থা হয়নি। এটার সম্পর্কে কি হল সেটা যদি মুখ্য মন্ত্রী মহাশয় তাঁর জবাব দেওয়ার সময় বলেন তাহলে বাধিত হব। আর একটা হচ্ছে সরকারী কর্মচারীদের কথা। ১ লক্ষ ১৪ হাজার কর্মচারীকে আমরা কম মাইনে দিই, ৭০ টাকা করে মাইনে দেন বলেছেন। এতে তিনি গর্ব অনুভব করেছেন যে আমাদের খরচ বেশী নাই। আমি বলব ৬০ টাকা করে দিলে তো আরো খরচ কম হত, শতকরা ২.৮ এতেও যেত না। কিন্তু অবস্থা কি হয়েছে—বেলুড়ে ঘর করেছেন সরকারী কর্মচারীরে জন্য, ভাড়া স্থির করেছেন ৫০ টাকার মত, দুটো করে ঘর এবং সেই ৭০ টাকার কর্মচারীকে বলছেন তুমি সেই ঘরে থাক। ৭০ টাকা থেকে যদি ৫০ টাকা বাদ যায় তাহলে কি থাকে? এই সরকার তাঁর কর্মচারীদের জন্য এই ব্যবস্থা করেছন। সরকারী খরচের কি প্রোপোর্সান ২.৮ কি ৩.৪ এটা বড় কথা নয়, এই খরচের সঙ্গে যদি দেশের মঙ্গল জড়িত থাকে, দেশেরলোক যদি বুঝতে পারত যে আমাদের মঙ্গল এর সাথে জড়িত হয়ে গেছে তাহলে এই খরচে তারা আপত্তি করত না, বরং তারা সুখী হত। কিন্তু তা হয় নি সরকারের অবিবেচনার ফলে। আমি তাই স্যার বলছি যে দেশ দুর্নীতিতে ছেয়ে গেল। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন কংগ্রেস কি রকম গণতন্ত্র বজায় রেখেছেন জেলে যারা থাকে তাদেরও ভোটে নির্বাচিত হতে দেন। এটাই গভর্নমেণ্টের হেজিট্যাণ্ট পলিসির নিদশন। কারণ, তারা ডিফেন্স অব ইণ্ডিয়া রুলে যাদের বন্দী করেছেন তারা নাকি চীনের হয়ে আমাদের দেশে কাজ করছে, জনসাধারণকে ভারত সরকারের বিরুদ্ধে উত্তেজিত করবার চেষ্টা করছে, আবার ওখানে তাদের বলছেন তোমরা ভোটে দাঁড়াও। এই যে দুটো কাজ এই দুটো কাজের মধ্যে কোন মিল নেই। যদি তারা চীনের দালাল হয়, দেশের শত্রু হয় তাহলে তাদের সেই মত ট্রিট করা হোক, আর যদি ভাল হয়, তাদের যা পলিসি তা যদি জনসাধরণ সমর্থন করে তাহলে যে ২৯টি লোককে তারা নির্বাচিত করেছে তাদের অন্ততঃ ছেড়ে দেওয়া উচিত। আজকে কনসেণ্ট্রেসান অব ক্যাপিট্যাল হচ্ছে, ধনী এবং দরিদ্র এই দুয়ের মধ্যে বিরোধ তীব্র হচ্ছে। ধনীরা তাদের অগ্রগতির বিরোধীদের দমন করবার জন্য তীব্র ভাবে এগিয়ে চলেছে, আর কংগ্রেস সরকার তারই প্রতিনিধি হয়ে কনসেণ্ট্রেসান অব ক্যাপিটালের পক্ষে এখানে কাজ করছেন।

[4-25—4-35 p.m.]

কাজেই আমরা যদি সতর্ক করে সেই গণতন্ত্রীদের চীৎকার করে বলি তোমাদের এই অত্যাচার বন্ধ কর, এই অবিচার অসাম্য দূর কর তাহলে কোন কাজ হবে না—একথা আমরা জানি, আর যারা বিরোধীদলের লোক, তাদের বিনা বিচারে বন্দী করা হচ্ছে। কিন্তু আমরা জানি এই অত্যাচার আশীর্বাদ হয়ে দেশের সামনে দেখা দেবে এবং আরো যতদিন যাবে, সংগ্রাম যত তীব্র হবে, ততই আরো অত্যাচার বাড়বে এবং দেশশুদ্ধ বহুলোককে নির্যাতন ভোগ করতে হবে, জেলে পচতে হবে এবং সরকারের লাঠি গুলির সম্মুখীন হতে হবে—এ কথা আমরা জানি। কিন্তু আমরা এতে ভীত নই। আমি এই কথা বলি—তাদের প্রশাসনিক নীতির বিরুদ্ধে যে প্রতিবাদের আওয়াজ উঠেছে, তাতেও যদি তাঁরা সতর্ক না হন, তাহলে দেশবাসী ইতিহাসে তাদের স্বাক্ষর রেখে যাবে। আমরা জানি কপালের লিখন না হয় খণ্ডন একদিন

আসবে যখন জনসাধারণ তাদের বদলে দেবে। এই বলে এই ব্যয় বরাদ্দের আমি বিরোধিতা করছি।

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় চেয়ারম্যান মহাশয় আজকে খুব একটা সৌভাগ্য দেখা দিয়েছে। কারণ মুখ্যমন্ত্রী মহাশয় একটা নীতি বাক্য বলেছিলেন আমরা কি ডিসেনট্রালাইজেসন-এর কথা বলেছি, কি ভাবে পঞ্চায়েৎরাজ কায়েম করেছি। সৌভাগ্য এই খানে মহম্মদ ইশাক সেই পঞ্চায়েৎ রাজের মুখোসটা খুলে ধরেছেন আমাদের কাছে। মাননীয় হাইকোর্ট বলেছেন সেক্সন ৩ সেক্সন ১১, সেক্সন ১৫ এর যা ক্ষমতা অর্থাৎ ৩ ধারা যে ৩ ধারায় পঞ্চায়েৎ গঠন হয় তাতে অতিরিক্ত ক্ষমতা প্রয়োগ করা সংবিধান বিরোধী। অতিরিক্ত ক্ষমতা কর্মচারীদের উপর দেওয়া হয়েছে, গ্রাম পঞ্চায়েৎ গঠন, নিয়ন্ত্রণ এবং অঞ্চল পঞ্চায়েৎ গঠন এই অধিকার গুলি নিয়ে যে অতিরিক্ত ক্ষমতা অফিসারদের হাতে দেওয়া হয়েছে, সেই ক্ষমতা তাঁরা কিভাবে ৫ হাজার অঞ্চল পঞ্চায়েতে ব্যবহার করেছেন, সে খবর আমরা অনেক জানি। তা এখানে বিস্তারিত আলোচনা করবার প্রয়োজন নাই। আমার বন্ধু ইশাক সাহেবের প্রাণে আঘাত লেগেছে বলে উনি বলেছেন। সারা বাংলা দেশে তা পরিচিত হয়ে গেছে সারা বাংলা দেশে অঞ্চল পঞ্চায়েৎ কিভাবে গঠিত হয়েছে এই আমলাতন্ত্র মারফৎ। নীতিগত কথা বলতে গেলে এই কথা বলতে হয় রোল্যাণ্ড কমিশন আমাদের দেশে এক সময় উল্লেখ করেছিলেন তাদের রিপোর্টে যে এদেশের আমালাতন্ত্র গঠনের ভিত্তি কি হবে একথা তদানীন্তন কালে যুদ্ধের সময় কিছুটা এমন অবস্থা দেখা গেল যার ফলে জেলা ম্যাজিস্ট্রেটের ক্ষমতা আমলাতান্ত্রিক যে শিকড়, সেই শিকড় থেকে নড়ে যাবার সম্ভাবনা দেখা দেয়, যা সুপ্রতিষ্ঠিত করে রোল্যাণ্ড কমিশন বলেছিলেন আজকে আমাদের দেশে আমলাতান্ত্রিক ব্যবস্থা সেইখানে প্রতিষ্ঠিত আছে, তার থেকে কোনদিকে যায়নি। পঞ্চায়েৎ রাজ যতই বলে থাকেন। পঞ্চায়েৎ রাজের এই ভাবে বলা যেতে পারে আমাদের গ্রামের এক ভদ্রলোক কথা প্রসঙ্গে একটা কথা বলেছিলেন, যেটাকে আমলাতন্ত্রের নূতন ভাষ্য বলতে পারি। তিনি বলেছিলেন পঞ্চায়েৎ রাজ কোথাও দেখতে পাচ্ছি না, শুধু জীপ রাজই দেখতে পাচ্ছি। রাস্তার ধারে বসে থাকলে প্রতিনিয়ত দেখা যাবে ঘণ্টায় পনের বার এই সরকারী জীপ যাতায়াত করছে কখনো বি. ডি. ও. সাহেবের জীপ যাবে, কখনো এক্সটেনসান অফিসারএর জীপ কখনো এস. ডি. ও. সাহেবের জীপ—নানারকম জীপ। দিনরাত জীপের দৌড়াদৌড়ি দেখলে আমরা বলতে পারি—আমাদের দেশে জীপরাজই কায়েম হচ্ছে।

[4-35—4-45 p.m.]

তবে উন্নাসিক ব্যবস্থা যেটা আমাদের দেশের উপর তলার অবস্থা—মুখ্যমন্ত্রী মহাশয় যেটাকে চ্যালেঞ্জ করেছেন, আমি বলব সেই অবস্থাটা এখনও জারি রয়েছে। এটা হচ্ছে নুথার গুলিক-এর এ্যাডমিনিস্ট্রেশন-এ রোল্যাণ্ড কমিশন-এর রিপোর্ট এই কথা বলছেন

When employed by Government he knows exactly what the people need better than they do themselves, and he knows how to render this service. He tends to be utterly oblivious of all other needs, because, after all, is not his particular technology the road to salvation? Any restraint applied to him is 'limitation of freedom', and any criticism 'springs from ignorance and jealousy'. Every budget increase he secures is 'in the public interest', while every increase secured elsewhere is 'a sheer waste'.

এই হচ্ছে আমলাতান্ত্রিক দৃষ্টিভঙ্গীর একটা পরিষ্কার চিত্র। আমলাতন্ত্র মনে করেন সবাই বোকা—নির্বোধ, অন্য জায়গায় যা খরচ হয় সেটা নির্বোধের খরচা। আর আমরা যেটা করছি সেটা শ্রেয় এবং ভালো। এই আমলাতান্ত্রিক ব্যবস্থাটাকে আমাদের দেশে ইংরাজ গভর্নমেণ্ট চালু করে রেখে ছিল, ঠিক তেমনি আমাদের এই গভর্নমেণ্ট এটাকে চালু রেখেছেন। তাঁরাই সর্বেসর্বা। তাঁরা যা খুসী করবেন, আমাদের কিছু করার ক্ষমতা নেই। আর এম. এল. এ. হয়ে কেন যে আমরা আছি তা বুঝতে পারি না। মাননীয় সভাপাল মহাশয়, আমি দেখেছি এবং এর আগে হাউসে

প্রতিবাদও করেছি, যে, কোন ব্যাপারে চিঠি লিখলে, তার পর আরম্ভ হয় চিঠির পর চিঠি। আর সেই চিঠি যদি ফলো করতে হয় তাহলে এই একটা ঘটনা নিয়েই সারা জীবন কাটাতে হবে, তার বেশী কিছু করা যাবে না। একটা উদাহরণ দিই। গত বছর কোলকাতা শহরে একটা পরিবারের উপর ভীষণ আক্রমণ হল। সেটা কি রকম? না একজন ফ্যাক্টরী ওউনার কর্পোরেশনের অনুমতি না নিয়ে বেআইনী ভাবে ফেক্টরীর ওয়াল ২২ ফুট উঁচু করে দিলেন। তারপর, একদিন ঝড়ে সেই ওয়াল পড়ে গিয়ে বস্তীর বাড়ী ভেঙ্গে গেল। আমি পুলিশ, কপোরেশনের কাছে রিপোর্ট করেছি রিলিফ মন্ত্রীর কাছেও লিখেছি, কিন্তু আজ পর্যন্ত কিছুই করা হয়নি। এমন কি রিলিফ মন্ত্রীর আশ্বাস দেওয়া সত্বেও তারা কোন রকম সাহায্য পায়নি। তা ছাড়া সেই মালিকের বিরুদ্ধে পুলিশ বা কর্পোরেশন কোন কেস করেন নি, এমন কি, সেই মালিককে চাপ দিয়ে গরীব লোকটাকে কিছু টাকা পাইয়ে দেবার ব্যবস্থা পর্যন্ত করা হয়নি। এরকম অসংখ্য উদাহরণ আমি দিতে পারি। তারপর কোন ব্যাপারে বি. ডি. ও.র কাছে লিখলে তিনি বলেন এস. ডি. ও.র পারমিসন না হলে হবে না। আবার এস. ডি. ও. কে লিখলে তিনি বলেন বি. ডি. ও.র কাছে পাঠিয়েছি, আপনি সেখানে গিয়ে খোঁজ করুন। একটা রাস্তার জন্য বলতে গেলে দেখা যাবে সেখানে ৩ রকম ডেভলপমেণ্ট—রোড কনস্ট্রাকশন-এর এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার একটা ক্যানেলএর জন্য বলতে গেলেও ৩ জায়গা ৩ রকম ইঞ্জিনিয়ার। এই রকম ভাবে ঘুরে বেড়াতে হয়। তারপর, চিঠি লিখলে এখান থেকে ওখান, আর ওখান থেকে এখান এই রকম চলতে থাকে। আর মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে লিখলে তিনি জবাব দেন দি ম্যাটার ইজ রিসিভিং এ্যাটেনসন। তারপর দেখা যায় সে কাজ হয় না। আমি উদাহরণ দিয়ে বলতে পারি। এখানে যে সমস্ত চিঠি লিখেছি তার প্রায় কোনটাই কিছু করা যায়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এরপরে এই লেজিসলেটিভ এ্যাসেম্বলীর কর্মচারী—বিশেষ করে নিম্নতম বেতনের কর্মচারীদের বিষয় বলব। বাজেটে দেখলাম, তাঁরা যে অতিরিক্ত সময় কাজ করেন তার জন্য ১০ পারসেণ্টএর মতন পাবেন। সেটা হিসাব করে দেখলে দেখা যাবে যে এই ১।২।৩।৪ মাস বাজেট সেসনে কাজ করার পর তাঁরা হয়ত ৪।৫ টাকার মতন পাবেন। এর সঙ্গেই আমি আর একদল কর্মচারীর কথা বলব। অর্থমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন, আজকে সিভিল কোর্ট-এর যাঁরা কপিস্ট তাঁদের একটা মাহিনা নির্ধারিত হয়েছে। কিন্তু রেজিস্ট্রার অফিসের যাঁর কপিস্ট তাঁদের কোন বেতন নির্ধারিত হয়নি। সেখানে সেই পুরানো নিয়ম—অর্থাৎ যতটুকু কাজ করবে, ততটুকু পাবে। তাঁদের ছুটির বা বেতনের কোন ব্যবস্থা করা হয়নি। তাঁরা ফাইন্যান্স মিনিস্টার-এর কাছে অনেক আবেদন নিবেদন করেও এবং আমি যতদূর জানি বিভাগীয় অফিসাররা, রেজিস্টার-এর বিষয়ে লেখা সত্বেও ফাইন্যান্স মিনিস্টার কোন ব্যবস্থা করতে পারেন নি। গরীব মানুষদের এরকম দুরবস্থার কথা অনেক বলতে পারি। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলবার চেষ্টা করেছেন যে, উপরতলায় তাঁরা কম দিয়েছেন আর নীচের তলায় বেশী দিয়েছেন। অর্থাৎ আগের নীতিটাকে তাঁরা পরিবর্তন করেছেন, কিন্তু মোটেই তা নয়। কারণ অফিসাররা মাহিনার সঙ্গে যে সব উপস্বত্ব পেয়ে থাকেন সেগুলি তিনি ক্লেভারলি চেপে গিয়েছেন। আমি একটা জিনিষ আপনাকে পড়ে শোনাচ্ছি

The alien British Government had to depend on the I.C.S. Officers for ruling their Empire in India. In that context special facilities were given to the I.C.S. officers and by the provisions of the Calcutta House Rent Allowance Rules, 1926, these highly paid I.C.S. officers were given special favour in the matter of house rent allowance while posted in Calcutta, Alipore and Howrah. After independence these special and preferential facilities were extended to I.A.S., W.B. H.J.S. and I.P.S. against the spirit of our Constitution which prohibits differential treatment. General rate of house rent allowance for officers other than those mentioned above is 10% of the pay subject to the maximum of Rs. 80/- when living in a rented house and Rs. 50/- when living in own house.

এই যে অন্যান্য অফিসাররা, তারা যে রেটে পাচেছন আই. সি. এস. অফিসাররা তাদের সঙ্গে—এই অফিসারদের তুলনামূলক ব্যবস্থায় অনেক কম পাচেছ। এই সমস্ত এ্যালাউন্সেস তুলে দিলে, এই সব গাড়ী যে ভাবে তাঁরা ব্যবহার করছেন এবং যে সব জিনিস উপস্বত্ব ভাবে পেয়ে থাকেন সেগুলি মাননীয় মুখ্যমন্ত্রী চেপে গিয়ে অঙ্ক কষে অন্যসব জিনিস দেখাবার চেষ্টা করেছেন।

আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী অনেক জিনিস এই ভেবে বলে থাকেন যে অন্য লোকের ব্রেইন-এ কিছু নেই, যা কিছু আছে সব তাঁরই ব্রেইন-এ আছে। আমি অবশ্য সেরকম কিছু মনে করছি না, কিন্তু মুখ্যমন্ত্রীর প্রত্যেকটি যুক্তি—যেমন ধান সম্বন্ধে যে কথা বললেন যে যারা ১৫ টাকায় ধান বেচে আমি জানি আমাদের অধিকাংশ গরীব চাষীকে এই বছর থেকে আগামী বছরের ধান ১০।১৫ টাকায় বেচে দিতে হচ্ছে। এমন কি ভাদ্র মাসে ১ মণ ধান নিলে পৌষ মাসে ৩ মণ ধান দিতে হয়। এই গুলি কি মুখ্যমন্ত্রী জানেন না? তিনি খুব ভাল ভাবে জানেন। তিনি অ্যাসেম্বলীতে ধাপ্পাবাজী করছেন। তারপর আমি প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কে কিছু বলব। উপর তলার কথা কাশীবাবু বলে গেছেন কিন্তু নীচের তলায় আপনারা কি করছেন সে কথাই আমি বলব। প্রত্যেক জায়গায় পেটুয়া লোক রেখে দিচ্ছেন। ৩ বছর অন্তর অফিসারদের ট্রান্সফার হবার কথা। কিন্তু ৭।৮ বছর ধরে এক একজন অফিসার এক্সটেনডেড অফিসার হয়ে বসে আছেন, আলিপুরে গেলে দেখতে পাবেন যে সেখানে more than half a dozen ম্যাজিস্ট্রেটস আছেন যাঁরা ৬।৭ বছর ধরে আলিপুরে বসে আছেন। হাওড়াতেও এই রকম একই অবস্থা। আমি এর আগে বলেছি যে আসানসোলে যে অফিসার আছেন তিনি ৭।৮ বছর ধরে এ্যাডমিনিস্ট্রেটর হিসাবে নিযুক্ত হয়ে বসে আছেন। আসানসোল মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিস্ট্রেটর হবার পরে একজন দপ্তরীকে অডিটার তৈরী করেছেন, একজন দপ্তরীকে ক্যাসিয়ার তৈরী করেছেন। এই ভাবে রামরাজত্ব কায়েম করে তিনি সেখানে বসে আছেন। এই সব কথা আমি আগেও বলেছি এবং খবরে কাগজে লেখা হয়েছে, কিন্তু কোন প্রতিকার হয়নি। এমন কি তদন্ত পর্যন্ত করা হয়নি। এই রকম অবস্থা চলেছে। আপনারা প্রত্যক জায়গায় কংগ্রেসের লোকেদের বসাচ্ছেন আর এমন সমস্ত অফিসারদের বসাচ্ছেন যারা অন্যায় দুর্নীতি অবাধে চালিয়ে যাচ্ছেন অথচ তার কোন প্রতিবিধান হচ্ছে না। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকের ব্যয় বরাদ্দের বিরোধিতা করতে গিয়ে প্রথমে আমি সরকারের কাছে যে কথাটা রাখতে চাই, সেটা হচ্ছে এই যে সরকার যেখানে শাসন ব্যবস্থায় বিকেন্দ্রীকরণ নীতি আদর্শ হিসাবে ঘোষণা করেছেন সেখানে তাঁরা মাথাভারী শাসন ব্যবস্থা চালু করার চেষ্টা করছেন। কতকগুলি অপ্রয়োজনীয় পদকে বাঁচিয়ে রাখার জন্য লক্ষ লক্ষ টাকা তাঁরা বছরে বছরে খরচ করছেন। আমি বিভাগীয় কমিশনার-এর কথা বলছি। ডিভিশনাল কমিশনার-এর পদটি আজকে কোন প্রয়োজন আছে কিনা সে সম্পর্কে চিন্তা করতে হবে। এই ডিভিশনাল কমিশনার-এর পদটি আজকে আমি মনে করি, প্রশাসননিক কাঠামোর মধ্যে কোন প্রয়োজন নাই। ১৯০৯ সালে রয়েল কমিশন রিপোর্টে বলেছে যে কমিশনার-এর সাথে সাধারণ মানুষের কোন যোগসূত্র নেই। তাঁর রিপোর্টে তিনি বলেছেন যে—

The Commissioner are Kings whose subjects are unconscious of their existence.

সাধারণ মানুষ এর অস্তিত্বের কথা জানে না অথচ আজকে এঁরা প্রশাসনিক যন্ত্রের মধ্যে একটা উল্লেখযোগ্য স্থান অধিকার করে আছেন। শুধু তাই নয় সাধারণ ভাবে আমরা দেখছি যে প্রশাসনিক শাসন যন্ত্রের মধ্যে এঁরা জটিলতা সৃষ্টি করেন, প্রতিবন্ধকতা সৃষ্টি করেন। তাই কোন কোন মহল থেকে শোনা যায় যে কমিশনাররা হচ্ছেন ফিফ্থ হুইল ইন দি অ্যাডমিনিস্ট্রেটিভ কোচ, এই কমিশনারস-এর কার্য্যাবলী সম্পর্কে বিবেচনা করবার জন্য এবং প্রশাসন কাঠামোর মধ্যে এই কমিশনারসদের স্থান রাখা উচিত কিনা এ সম্বন্ধে অনুসন্ধান করার জন্য ইংরাজ আমলে বাংলাদেশে সরকারের পক্ষ থেকে একটা কমিটি নিয়োগ করা হয়েছিল। তার নাম রোল্যাণ্ডস কমিটি। ১৯৪৪।৪৫ সালে রোল্যাণ্ড কমিটির একটা রিপোর্ট-এ অত্যন্ত পরিষ্কার ভাবে কমিশনার সম্পর্কে বলেছিলেন যে, কমিশনারস্ আর্. . . .

এরা স্টেট অফিসারস, ডিস্ট্রিক্ট অফিসারস এবং ডিপাটমেণ্ট অব দি গভর্নমেণ্ট-এর প্রতিবন্ধকতা স্বরূপ। সেই রিপোর্ট-এ আরো বলা হয়েছিল যে,

They tend to retard the progress of the public dealings.

সাধারণ মানুষের কাজ কর্মের ক্ষেত্রে অসুবিধা করে। আমরা দেখেছি কমিশনার-এর পদ বিলোপ করবার জন্য বিভিন্ন রাজ্য চিন্তা করেছে। মাদ্রাজে এই পদ নেই এবং রাজস্থানেও বিলুপ্ত করা হয়েছে। কাজেই আমাদেরও দেখতে হবে প্রশাসনিক যন্ত্রকে যদি জটিলতামুক্ত করতে চাই, যদি তার গতিকে ঠিকভাবে চালাতে চাই তাহলে এই পদ বিলোপ করা দরকার। আমরা দেখেছি এই বাজেটে কমিশনার-এর পেছনে ৫ লক্ষ ৮০ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে। আমি সম্পূর্ণভাবে এর বিরোধিতা করছি এবং সুনির্দিষ্টভাবে প্রস্তাব করছি পশ্চিমবঙ্গ সরকারের উচিত এই পদ বিলোপ করা। আমরা কিছুক্ষণ আগে শুনলাম মুখ্যমন্ত্রী পঞ্চায়েত রাজের কথা বললেন, ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বললেন। তিনি বললেন কংগ্রেস আসার পর থেকে উচু থেকে নীচু ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে এবং গ্রামে গ্রামে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করা হয়েছে। আমি আপনার দৃষ্টিতে আনতে চাই, গ্রামে যে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করা হয়েছে সেটা নামেমাত্র একটা কাঠামো খাড়া করা হয়েছে এবং আসলে কার্যাবলী নিয়ন্ত্রণ করছেন যাঁরা উপরে বসে আছেন—অর্থাৎ যাঁরা রাইটার্স বিল্ডিংস-এ বসে আছেন সেই আমলাতান্ত্রিক অফিসাররা। এঁরাই পঞ্চায়েতকে নিয়ন্ত্রণ করছেন এবং তাঁদের হাতে কোন রকম ক্ষমতা দেওয়া হয়নি বা তাঁদের কোন রকম শিক্ষিত করবার ব্যবস্থা হয় নি। আমরা জানি গ্রামের উন্নয়ন করবার জন্য, অঞ্চলের উন্নয়ন করবার জন্য তাঁরা বিভিন্ন পরিকল্পনা বিভিন্ন সরকারী দপ্তরে পাঠায়। কিন্তু টেকনিক্যাল ডিফেক্ট-এর জন্য সেগুলি সব ফিরে আসে, আমলারা টেকনিক্যাল ডিফেক্ট ধরে সেগুলি নাকচ করে দেয়। কিন্তু আমরা যদি গ্রামের লোককে শিক্ষিত করে তুলতে পারি, ট্রেণ্ড করতে পারি তাহলে তারা পরিকল্পনা রচনা করবার ক্ষেত্রে এবং গ্রামের উন্নয়নের ক্ষেত্রে এগিয়ে আসেতে পারবে এবং তার ফলে প্রশাসনিক ব্যবস্থা সুস্থ এবং সুন্দর হবে। কিন্তু সেদিকে তাঁদের দৃষ্টি নেই। আমরা যদি মনে করি বিকেন্দ্রীকরণের মধ্য দিয়ে আমরা গ্রামের ভাল করব, গ্রামকে সুন্দর করব তাহলে এক্সপার্ট-এর দ্বারা ত দের সাহায্য করতে হবে এবং তবেই গ্রামের উপর থেকে তলা পর্যন্ত একটা ধারা প্রবাহিত করতে পারব। আর তা যদি না করেন তাহলে শুধুমাত্র বিকেন্দ্রীকরণ করে, পঞ্চায়েত রাজ করে গণতন্ত্রকে সার্থক করে তুলতে পারব না। তারপর, আমাদের এই পশ্চিমবাংলায় বিধান সভা এবং বিধান পরিষদ যে আছে তাতে আমি জিজ্ঞাসা করতে চাই বিধান পরিষদের জন্য আমাদের যে প্রায় ৪ লক্ষ টাকা খরচ করতে হচ্ছে এর কোন প্রয়োজনীয়তা আছে কিনা? আমরা দেখেছি ভারতবর্ষে এমন কতগুলো রাজ্য আছে যেখানে বিধান পরিষদের অস্তিত্ব নেই। কেরল, রাজস্থান, গুজরাট, উড়িষ্যা এবং আসামে বিধান পরিষদের অস্তিত্ব নেই। আমি জিজ্ঞাসা করি এখানে কিজন্য এটা আছে এবং এখানে এর কোন ফাংসন আছে কিনা? শুধু কি কংগ্রেসের পরাজিত সদস্যদের রিহ্যাবিলিটেট করবার জন্য এই বিধান পরিষদ সৃষ্টি করে তার জন্য বছরে ৪ লক্ষ টাকা খরচ করা হচ্ছে? আমি এর বিরোধিতা করি। ভারতবর্ষের কতগুলি রাজ্যে বিধান পরিষদের অস্তিত্ব নেই এবং সংবিধানে ব্যবস্থা রয়েছে বিধানসভা থেকে যদি প্রস্তাব গ্রহণ করি তাহলে এই বিধান পরিষদকে আমরা বিলোপ করতে পারি। স্যার, এই প্রসঙ্গে আমি সংবিধানের ১৬৯ ধারার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেই ধারায় বলছে যদি বিধান সভা অধিক সংখ্যক ভোটের মাধ্যমে এই প্রস্তাব গ্রহণ করে যে বিধান পরিষদের প্রয়োজনীয়তা নেই তাহলে আমরা এর অস্তিত্ব বিলোপ করতে পারি। আমরা দেখছি এর কোন ফাংসন নেই।

4-45—4-55 p.m.]

আইনে আছে যে বিধান সভার প্রস্তাব আলাপ আলোচনা করতে পারবে, প্রয়োজন হলে সেই প্রস্তাব অনুমোদনের জন্য পাঠাবে, কিন্তু আজ পর্যন্ত এই ঘটনা ঘটেনি। চেয়ারম্যান মহাশয়, আপনি লক্ষ্য করেছেন আজ পযন্ত বিধান মণ্ডলীর ইতিহাসে কোন রকম ঘটনা ঘটেনি, শুধুমাত্র এই সরকারী দল যারা ক্ষমতায় আসীন আছেন, তাদের নিজেদের স্বার্থে রাজনীতিক সংগঠন বজায় রাখবার জন্যই এই বিধান পরিষদের অস্তিত্ব বজায় রেখেছেন। সেজন্য আমি অত্যন্ত দৃঢ়ভাবে এটা রাখতে চাই যে বিধান পরিষদের অস্তিত্ব বিলোপ করার জন্য রাজ্য সরকারের চিন্তা করা উচিত এবং আমি মনে করি যে এই বিধান পরিষদের অস্তিত্ব বিলোপ করা উচিত। সঙ্গে সঙ্গে আমি আপনার কাছে আর একটি বিষয়, যা আরও অনেক মাননীয় সদস্য বলেছেন,

সেটা একটু উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে—এই বিধান মণ্ডলীর যে সমস্ত কর্মচারী আছে তাদের সম্বন্ধে এখানে বার বার হাউসের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয় বলেছেন যে তাঁদের ওভারটাইম এলাউন্সের ব্যাপারটা স্টেটাস কমিটির বিবেচনাধীন আছে, কিন্তু আজ পর্যন্ত তাদের সম্বন্ধে কোনরকম সুনির্দিষ্ট নীতি ঘোষণা করা হল না কেন? আমি তাই স্পীকার মহাশয়-এর মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে যে সমস্ত কর্মচারী বিশেষ করে সেসন পিরিয়ডে অত্যধিক পরিশ্রম করে উপযুক্ত পারিশ্রমিক পান না, তাদের জন্য একটা ব্যবস্থা করা উচিত। এবং এ বিষয়ে শুধু মাত্র স্টেটাস কমিটির দিকে দৃষ্টিপাত করলেই হবে না। এ বিষয়ে উপযুক্ত পন্থা অবলম্বন কর হাউসের সামনে জানানো উচিত বলে মনে করি। মাননীয় চেয়ারম্যান স্যার. আর এক দিকে দেখছি ডিভিশনাল কমিশনারের মত একটা লাক্সারী পোষ্ট সৃষ্টির করে অপ্রয়োজনীয় পোস্ট সৃষ্টি করে ার পেছনে লক্ষ লক্ষ টাকা খরচ করছেন, এই ফ্যাশনেবল পোস্টের পেছনে প্রতি বছর কয়েক লক্ষ টাকা খরচ হচ্ছে। সেখানে আজকে দেখা যায় যারা অধীনস্থ কর্মচারী, তাদের শুধু মহার্ঘ ভাতার প্রশ্ন নয়, তাদের চাকুরির স্থায়িত্বের যে প্রশ্ন যা অত্যন্ত বড় প্রশ্ন সে প্রশ্ন অবহেলিত হয়ে আছে। এই মাত্র আমাদের বন্ধু হাবির সাহেব বললেন কপিষ্টদের কথা, যেখানে ডিভিশনাল কমিশনারের বাড়ী এই ইমার্জেন্সীর সময় এয়ার কণ্ডিশন করার জন্য কয়েক হাজার টাকা খরচ করেছেন সরকারী তহবিল থেকে কয়েক হাজার টাকা করে ভি এস সি বোনার্জির বাড়ী এয়ার কণ্ডিশন করেছেন সেখানে কি করে ইমার্জেন্সীর সময় এক্সপেণ্ডিচার কার্টেল করার নীতি গ্রহণ করে তা কার্যকরী করছেন? ডিভিশনাল কমিশনারের বেলার এই ব্যাপার অন্য দিকে অধঃস্তন কর্মচারী যারা, তাদের অবস্থা কি, দেনার দায়ে তাদের বাস্তুভিটা বিক্রী হচ্ছে, যারা নীচু তলায় পড়ে আছে সেই কপিষ্টদের সম্বন্ধে সরকার অবহিত আছেন কিনা সেটা জানতে চাই। এবং এই প্রশ্ন রাখতে চাই। রেজিস্ট্রেশন বিভাগে যে সমস্ত কর্মচারী কপিষ্ট কাজ করেন, তারা এক এক পাতাতে ৩০০ শব্দ লেখার পর ১৮ নঃ পঃ পান, এটা কি তাঁদের উপযুক্ত পারিশ্রমিক? তাঁরা যদি মাসে ২৫ দিন কাজ করেন তাহলে ৪০ টাকা পান সর্বসাকুল্যে তাঁরা সরকারের কাছে বার বার দাবী জানিয়েছে আমাদের মাসিক বেতন ৮০ টাকা বেঁধে দাও, বাড়ী ভাড়া ইত্যাদির ব্যবস্থা করে দাও, অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা করে দাও, কিন্তু সরকার আজ পর্যন্ত তা করেন নি। সেটলমেণ্ট বিভাগে যে সমস্ত কপিষ্ট আছে, তাদের অবস্থা আরও শোচনীয় যে সমস্ত কপিষ্ট কাজ করেন, তারা পার ফলিও ১৮ নঃ পঃ-এর পরিবর্তে, ১২ নঃ পঃ পান, তাঁরা এ বিষয়ে বার বার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন, রাজস্বমন্ত্রীর কাছে বার বার আবেদন নিবেদন করেছেন, কিন্তু দেখা গেছে তাদের সেই আবেদন নিস্ফল হয়েছে। তাই আজকে সরকারী কর্মচারীরা একত্র হয়ে যুক্তভাবে বিক্ষোভ মিছিলের মধ্য দিয়ে সরকারকে হুঁশিয়ার করে দিতে চায়, সরকারকে জানিয়ে দিতে চায় যে আজকে জাতীয় আয়কে যেন তাঁরা সমভাবে বণ্টন করেন, যেখানে জাতীয় আয় সমবণ্টনের নীতি আদর্শ হিসাবে গ্রহণ করেছেন, সেখানে অপর দিকে দেখা যাচ্ছে, সরকারী কর্মচারীদের ভিতর সব চেয়ে বড় বৈষম্যমূলক নীতি গ্রহণ করেছেন, এই বৈষম্যমূলক নীতির বিরুদ্ধে আজকে সরকারী কর্মচারীরা সংঘবদ্ধভাবে ঐক্যবদ্ধভাবে সংগ্রামের পথে নেমেছে। আমি জানিনা এই সংগ্রামের পরিণতি কোন দিকে যাবে। সরকারের এ বিষয়ে সজাগ হওয়া প্রয়োজন মনে করি। আজকে তাঁরা সরকারের কাছে এই বক্তব্য রাখছেন যে সরকার যদি এ বিষয়ে কোনরকম সুষ্ঠু ব্যবস্থা না করেন, এ বিষয়ে সরকার যদি কোন রকম চিন্তা না করেন, তাদের চাকুরি নিরাপত্তা বিষয়ে কোনরকম সুনির্দিষ্ট পন্থা না দেন, আমরা দেখছি সেটলমেণ্টে প্রায় ৯ হাজার কর্মচারী দীর্ঘ ২০ বছর কাজ করার পরও অস্থায়ী রয়েছে, চাকুরির স্থায়িত্ব সম্পর্কে সরকারের কাছে বার বার বলেছে, এ সম্পর্কে যদি সরকার যদি কোন ব্যবস্থা না করতে পারেন তাহলে আজকে অন্য কোন পথ নাই সংগ্রাম ছাড়া। আমি আপনার কাছে এটাই রাতে চাই, এটা দেখা গেছে সরকারী বিভাগে কিছু কিছু কর্মচারী আছে, কয়েক শ্রেণী কর্মচারী আছে, যাদের স্কেল বলে কোন পদার্থ নাই, তারা ফিক্সড মাইনের বাঁধা আছে, যেমন দামোদর ভ্যালি প্রজেক্টে যে সমস্ত কর্মচারী আছে, তাদের মাইনে হচ্ছে ১০০–১৪০ টাকা, মাইনে বাঁধা ডিস্ট্রিক্ট লাইব্রেরীয়ান এবং এ্যাসিস্ট্যাণ্ট লাইব্রেরীয়ান আছে, যাদের মাইনে হচ্ছে ৭৫ টাকা, পিওনের মাইনে হচ্ছে ৫০ টাকা, কোন রকম স্কেল নেই, ইনক্রিমেণ্ট নেই, ভাতা নেই, এই অবস্থার মধ্যে যদি চলতে থাকে সমগ্রভাবে সরকারী কর্মচারীদের যে আন্দোলন সুরু হয়েছে, সেই আন্দোলনে মধ্য দিয়ে একদিন সরকারের শিক্ষা অন্ততঃ হবে।

পরিশেষে আপনার কাছে রাখতে চাই যে সরকার যদি তাঁদের এই .বক্ষোভ .ম.ছলেকে অস্বীকার করেন বা এ.ড়য়ে যাবার চেষ্টা করেন তাহলে সরকার নজের চরম প.রণতি নিজে ডেকে আনবেন এবং এ ক্ষেত্রে সরকারকে ইতিহাসের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই ম্যাকবেথের যে অবস্থা হয়েছিল ম্যাকডোনালকে বেআইনী ভাবে ক্ষমতা হস্তান্তরের জন্য শেষ পর্যন্ত দেখা গেল পুত্র ম্যাকডোনালের হাতে তার মৃত্যু হয়। সেই জন্য এই বিক্ষোভ মিছিলের পরিণতি কোথায় যাবে তা অনুমান করতে পারেন। এই কথা বলে ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি।

Shri Naresh Nath Mookerjee:

মাঃ রসভাপাল মহাশয়, আজ প্রায় ১ মাস ধরে আমাদের বাজেট ডিসকাসান হচেছ এবং প্রত্যেকটা গ্রাণ্ট এ বিরোধী পক্ষ থেকে বিরোধিতা করে তাঁরা একই কথা বলছেন যে মুখ্য মন্ত্রী অযোগ্য এবং তার দুঃশাসনের ফলে এবং মন্ত্রীমণ্ডলীর অযোগ্যতার ফলে বাংলা দেশের শাসন ব্যবস্থা একেবারে অচল অস্থায় এসে পৌ চেছে একথা আমরা প্রায় ১মাস যাবৎ শুনে আসছি। এখন দেখা যাক ওঁদের মতে বাংলা দেশকে কিরকম ভাবে চালনা করলে বাংলা দেশের সুব্যবস্থা এবং সুপ্রশাসন হয়। ওঁদের মতে আজকে ইমার্জেন্সী দেশে কিছু নেই এবং ডি. আই. আর. প্রফুল্লবাবু কংগ্রেস পার্টির সুবিধার জন্য ব্যবহার করছেন। আজকে পাকিস্তানের সঙ্গে আমাদের কোন বিরোধ নেই। চীনের কাছ থেকে আমাদের কোন ভয় নেই এবং ইমার্জেন্সী খাতে ১ পয়সাও খরচ করা উচিত নয়। ভারতবর্ষে আমরা সব শান্তিপ্রিয় লোক, আমরা চোখ বুজে গলায় মালাদিয়ে ওঁং শান্তি ওঁং শান্তি ওঁং শান্তি বলে জপ করবো। স্বয়ং ভগবানের উপর আমরা আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা ছেড়ে দেবো। আমি জিজ্ঞাসা করতে চাই একথা কি ওদের ব্যক্তিগত কথা ? একথা বাংলা জনসাধারণের কথা নয়। ওদের সব পার্টির কথা ? আমি মনে করি ওদের পার্টির মধ্যে'ও এমন লোক আছেন যাঁরা একথা সমর্থন করেন না। বাংলা দেশের লোক এখন'ও মনে করে আমাদের চীন শত্রুর কাছ থেকেকযে কোন সময় বিপদ আগতে পারে বলে প্রতি রক্ষা ব্যবস্থা আরো ভালো করে কর৷ উচিত। সাধারণ লোক আ ম দের জিজ্ঞাসা করে যে ইাতপূর্বে কেন এর চেয়ে ভাল ব্যবস্থা করিনি। এই কথার কৈফিয়ত আমাদের কাছ থেকে তারা চায় অর্থাৎ আমরা নিজেদের নিকৃষ্ট করে ভাবি বলে যাতে চীন এবং পাকিস্তান এ;েস আমাদের ভাগাভাগি করে আবার ভারতকে শৃঙখলাবদ্ধ করতে পারে। এটাই হচেছ ওঁদের উদ্দেশ্য কিন্তু এই ব্যবস্থাকে জনসাধারণ সমর্থন করে না। পুলিশ সম্বন্ধে ওঁরা কি চান না পুলিশ খাতে ১ পয়সাও খরচ করা উচিত নয় পুলিশের যারা যোগ্য লোক আছে তাদের দূর করে দেওয়া উচিত এবং ঋষিতুল্য লোক যারা জপতপ করে তাদের পুলিশ ডিপার্টমেণ্টএর মাথায় রাখা উচিত। এটা অতি সুন্দর কথা। পুলিশ-এর নিম্ন স্তরের কর্মচারীরা হয়ত অনেক সময় জোর জুলুম করে একথা অস্বীকার করি না কিন্তু পুলিশ খাতে ১ পয়সাও খরচ করা হবে না একথা কেউ সমর্থন করে না। একথা পাবলিকএর সামনে বলতে তারা সাহস পান না ঘরে বসেই বলেন, উদ্বাস্তুদের সম্বন্ধে কি করা উচিত। যারা আসছে তাদের আবার বাংলা দেশে নিয়ে এসে কুকুর বেড়ালের মত যেমন পূর্ববঙ্গের ভায়েদের ইতি-পূর্বে যে ব্যবস্থা হয়েছিল ওদের সমর্থনে সেরূপ করা উচিত।

[4-55—5-5 p.m.]

আজকে যদি আমরা পাঞ্জাবের উদ্বাস্তুদের সঙ্গে তুলনা করি তাহলে বোঝা যায় পুনর্বাসন সম্বন্ধে আমাদের যে পলিসি সেটা ঠিক এবং এই ব্যবস্থাই আগে করা উচিত ছিল। তাদের ভাই ভাই বলে শেয়ালদহ, যাদবপুর, টালিগঞ্জে না পাঠিয়ে যাতে তারা সমস্ত দেশের মধ্যে নিজেদের পায়ে দাঁড়াতে পারে সে ব্যবস্থা করা উচিত ছিল কিন্তু সেটাই আমাদের ভুল হয়েছে সেটা স্বীকার করি। আমার মনে হয় একটা লোকও সমর্থন করবে না যে যারা নূতন আসছে তাদের খাঁচায় পুরে কুকুর বেড়ালের মত ফেলে রাখি এবং আপনাদের প্রসেশানে নিয়ে আসবার জন্য তাঁদের জীবনকে জলাঞ্জলি দেবার ব্যবস্থাকে কেউ সমর্থ ন করে না। আজকে বাংলা দেশে অ্যাডমিনিস্ট্রেসনএ অনেক সমস্যা আছে সে সমস্যা বক্তৃতা দিয়ে পরিবতন করা যাবে না। বাংলা দেশে পার্কে বা এই হাউসে

চেঁচিয়ে এ সমস্যার সমাধান হবে না। আমি জানি সমস্যা গুলো কি এবং কি ভাবে তার সমাধান করা যায়। আমার যদি প্রাকটিক্যাল অভিজ্ঞতা না থাকতো তাহলে বড় গলায় বক্তৃতা দিয়ে আপনাদের প্রতিবাদ করতে পারতাম না। আপনাদের বুদ্ধি এবং উপদেশ নিয়ে প্রফুল্লবাবু যদি বাংলা দেশ পরিচালনা করবার ব্যবস্থা করেন তাহলে আমি মনে করি আমাদের সমহ বিপদ এবং চিরদিনের জন্য আমাদের শান্তি দর হবে। আপনাদের কি উদ্দেশ্য জানি না, একমাত্র উদ্দেশ্য হতে পারে যাতে বাংলাদেশের পরিশাসন ব্যবস্থা একবারে চুরমার হয়ে যায়। আপনাদের বক্তৃতায় আপনারা কোন প্লান দিতে পারেন নি। যদি পারতেন তাহলে আমার বিশ্বাস প্রফুল্লবাবুর সে সৎ সাহস আছে আপনাদের সে উপদেশ গ্রহণ করতে তিনি দ্বিধা করতেন না। আমাদের বাংলা দেশের শাসন ব্যবস্থা অনেক দোষ আছে কিন্তু এর চেয়ে ভাল ব্যবস্থা হতে পারে না। ওঁরা চান ভাল ভাল যারা অফিসার আছেন তাদের ১ বৎসর এক জায়গায় রেখে ট্রান্সফার করে দেওয়া উচিত, পুলিশএ যারা আছেন তাদের ট্রান্সফার করে দেওয়া উচিত, কমিশনার যারা আছেন তাদের ট্রান্সফার করে দেওয়া উচিত, বা ডি. এম. কে ট্রান্সফার করে দেওয়া উচিত অর্থাৎ ১ বৎসর একটা এলাকা চেনবার আগেই তাঁদের তাড়িয়ে দেওয়া উচিত যাতে তারা সেখানে গিয়ে ভণ্ডুল করতে পারেন, এবং একটা অব্যবস্থা আনতে পারেন। যিনি ভাল অফিসার যিনি দক্ষতার সহিত কাজ করেন তাকে এক জায়গায় ১ বৎসর বহাল রাখলে ভাল হয়। আমাদের অফিসারদের উপর যে গুরুভার ন্যস্ত করা হয়েছে তারা সব ওয়েল ট্রেণ্ড মেন সেজন্য আমি মনে করি মখ্যমন্ত্রী যে অ্যাড-মিনিষ্ট্রেসন গ্রাণ্ট উপস্থিত করেছেন সেটা সমর্থন করছি।

Shri Bhadra Bahadur Hamal:

মিঃ চেয়ারম্যান স্যার, আমি প্রথমে বলতে চাই এই মাত্র মাননীয় নরেশবাবু বললেন যে জনসাধারণের কথা ওঁরা মানেন। কিন্তু কেরালায় আজকে জনসাধারণ আপনাদের কংগ্রেসকে ল্যাজকাটা শেয়ালের মত করে দিয়েছে। যারা সেখানে জিতেছে তারা জেলের মধ্যে আছে। তারা আপনাদের মতই ভোট পেয়েছে। আপনাদের মত ভোট পাওয়া লোকও আজকে ডিটেনসনে আছে। আপনারা মানেন জনসাধারণের কথা? কাজেই বড় বড় কথা বলে কি হবে? ওখানে শঙ্কর যে চীফ মিনিস্টার ছিল সে তো দেশদ্রোহী বলতো। কিন্তু সেই আজকে লেজকাটা শেয়ালের মত কোথায় পড়ে আছে জানেন? আজকে দেখতে পাচ্ছি মরগীর ভিতর মুরগী দিয়ে খাওয়াটা ঠিকই আছে কিন্তু গরীব লোকরা যখন ডিমাণ্ড করে তখন বলবেন অর্থসঙ্কট। দার্জিলিংয়ে হিল এ্যালাউন্স ছিল বৃটিশ গভর্নমেণ্টের সময়—যারা লুট করবার জন্য এসেছিল—তাদের সময়ও ছিল। কিন্তু আপনাদের কংগ্রেস রাজত্ব হবার পর সরকারী কর্মচারীদের হিল এ্যালাউন্স চলে গেল। কিন্তু মন্ত্রীরা যখন যান রাইটার্স বিল্ডিংস-এর লোকরা যখন যান তখন দেখেছি মুরগীর ভিতর মুরগী দিয়ে কেটে কেটে খাবার টাকা পান। গভর্নর যখন দার্জিলিংয়ে যান তখন মোটা টাকা এ্যালাউন্স পান এবং তাঁর স্টাফরাও মোটা টাকা এ্যালাউন্স পান। আর আপনারা পাঁচ টাকা দিয়ে বলছেন যে তোমরা পুরোপুরি খাও। ডেলি সাড়ে ১৬ পয়সা করে দিচ্ছেন। আমি বলতে চাই দার্জিলিংয়ে হিল এ্যালাউন্সের কি করবেন বলুন। আমাকে অনেকবার চিঠি দিয়েছে ওখানে খরচ একটু বেশী। কলকাতা থেকে ঔষধপত্র যায় ওখানে, শীত, কয়লা বেশী লাগে, জামা কাপড় এখানকার মত চলে না—আমাদের অবশ্য একটা সোয়েটারেই চলে যায়—কিন্তু আপনারা গেলে পর ওভার কোটের পর ওভার কোট দিয়েও শীতে কাঁপেন দেখেছি। কাজেই হিল-এ্যালাউন্সের কি হবে সেটা জানতে চাই। আর দুই নম্বর কথা বলতে চাই—ওঁরা বলেন যে শিক্ষার খুব উন্নতি হয়েছে, অনেক স্কুল খুলেছে আমি সেটা স্বীকার করি। কিন্তু বইতো আপনারা দিতে পারলেন না। একটা বইয়ের জন্য আমি দার্জিলিংয়ে গিয়ে দু দিন চেষ্টা করেছি আমার মেয়ের জন্য কিন্তু বই নেই। চিঠিও এসেছে অন্য লোকের কাছ থেকে যে বই নেই। পিকক রিডার নেই। আমি এখানে কলিং এ্যাটেনসন কোয়েশ্চেন দিয়েছি কিন্তু বই দেবেন আজ পর্যন্ত একথা বলতে পারলেন না। কিন্তু বললেন কি যে শিক্ষার খুব উন্নতি হয়েছে। আপনারা লোককে খেতে দিতে পারছেন না, স্কুলে পড়বার জন্য বই দিতে পারছেন না তা সত্ত্বেও বলছেন জনগণ আপনাদের ভোট দিয়েছে। আপনাদের ভোট দিয়েছে সত্য আপনারা বেশী ভোট পেয়ে এসেছেন। কিন্তু দার্জিলিংয়ের যারা কংগ্রেস সাপোর্টার তারা আমার কাছে

এসেছিল আমি যখন দু দিন দার্জিলিংয়ে ছিলাম। তাঁরা এসে বললেন যে আপনি অন্তত মন্ত্রীদের কাছে গিয়ে বলুন আমাদের মেয়েরা কেন বই পাচ্ছে না? পিকক রিডার পাচ্ছে না। আমি বললাম আপনারা তো কংগ্রেসের লোক আপনারা বলুন না কেন দিচ্ছে না। তারা বললেন যে কংগ্রেস এ কি রাজত্ব চালাচ্ছে যে একটা বই পর্যন্ত দিতে পারছে না। আমি বললাম যে ঠিকমতই চালাচ্ছে—বড় লোকদের জন্য সব ঠিক আছে। দার্জিলিংয়ে দেখেছি টাটা, বিড়লা, জৈন পরিবারের লোক যখন ঘোরে তখন ডায়মণ্ডের এয়ারিং গহনা গায়ে দিয়ে ঘোরেন। আর আমাদের এখানে ১৮ ক্যারেড গোল্ড গায়ে দিয়ে ঘুরতে হবে। আমাদের তো সোনার বাংলা।

[5-5—5-15 p.m.]

আমি সেদিন বলছিলাম ডিটেনসনে আপনারা কাদের রাখছেন—প্রফুল্লবাবু বলেছিলেন যে যারা চোরাকারবারী তাদের সকলকেই রাখবো। মন্ত্রীরা একটু দয়া করে দার্জিলিংয়ের চক বাজারে গিয়ে দু তিন মিনিটের জন্য দাঁড়াবেন দেখবেন কত চাল ব্ল্যাক হচ্ছে, ৪০৲ টাকা চাল হয়ে গেছে। চারকোল এক ব্যাগ দু ব্যাগ হয়ে যায়। ওদের গায়ে হাত দেবার ক্ষমতা কার আছে? পুলিশ সেখানে কিছু করতে পারে না। তারপর দার্জিলিং থেকে চোরাবাজারে জিনিস ট্রাকে করে আসা যাওয়া হয়, কোথায় নিয়ে যায় কেউ জানে না, ঐ ট্রাকে হাত দেবার ক্ষমতা আছে? ঐ ট্রাকে হাত দিতে গেলে পর যে অফিসার হাত দেবে সে এক মিনিটের জন্যও দার্জিলিংএ থাকতে পারবে না। সেই ট্রাক কার জানেন? এনকোয়ারী করবেন সেই ট্রাক হচ্ছে আমাদের এম পি. টি. ম্যানিয়েন-এর। ধরবার ক্ষমতা আছে কারও? যদি কেউ ধরিয়ে দেয় তাহলে তাকে ডি. আই ৩০-তে গ্রেপ্তার করবেন দেশের ভীষণ ক্ষতি করছে বলে, চোরাবাজারের বরোধিতা করছে বলে। আজকে আমি পরিস্কার করে জানতে চাই যে আমাদের হিল-এ্যালাউন্সের কি করবেন? সরকারী কর্মচারীদের পাঁচ টাকা দিয়েছেন—সেই পাঁচ টাকায় তারা পুরো খেতে পারবে কিনা? অথচ আপনারা মুরগীর ভিতর মুরগী ঢুকিয়ে কেটে কেটে খাচ্ছেন। আমরা দেখেছি যারা বড় লোক তারা আরও বড় লোক হয়ে যাচ্ছে—অথচ যারা গরীব লোক তারা খেতে পাচ্ছে না, কয়লা পাচ্ছে না, কাপড়ের দাম ভীষণ বেড়ে গেছে বলে কাপড় কিনতে পারছে না। আপনারা তো আর বাজারে যান না। আমি তো কলকাতায় দেখলাম আজকে সকাল বেলায় আসবার সময় তো ঝুলোন যাত্রা করে এলাম। পড়ে গেলে যে কি হোত কে জানে? আপনারা যে জিনিসে হাত দিচ্ছেন সেটারই এই অবস্থা হচ্ছে। এডুকেসন বলুন যাতেই বলুন। তারপর আমি হাসপাতালের একটা কথা বলি। দার্জিলিংয়ের হাসপাতালে যদি কেউ অসুখ হয়ে যায় তাহলে ডাক্তারকে কিছু না দিলে ভর্তি হওয়া যায় না। এই রকম ভাবে ঘুষ নেওয়া বেড়েই চলেছে চারিদিকে। আর পুলিশের কথা ত বলার কিছু নেই। আজকে দার্জিলিংয়ের চাবাগানে মজুররা যেখানে থাকে সেখানে তো ডি. আই. বি.তে ছেয়ে গেছে, কারণ মজুররা তো ডিমাণ্ড করবে। এই অবস্থা চলছে—কিন্তু আমি আজকে বলবো যে আপনারা ডি. আই রুল করে কিছুই করতে পারবেন না—কারণ জনসাধারণ যে সংগ্রাম সুরু করবে এবং তার ফলে যে আগুন জ্বলবে সে আগুনে আপনারা ভষ্ম হয়ে যাবেন।

Shri Nathaniel Murmu:

মিঃ চেয়ারম্যান স্যার, আমার সময় খুব অল্প। আমি এই আলোচনায় অংশ গ্রহণ করে দুটি ঘটনার উল্লেখ করে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। যেসময় এখানে অধিবেশন চলছে সেই সময় আজ সকাল থেকে কলকাতায় গভর্নমেণ্ট কলেজ অব আর্টস এণ্ড ক্রাফটস-এর ছাত্র-ছাত্রীরা অনশন ধর্মঘট করছে, সেটা খবরের কাগজে আপনারা নিশ্চয় দেখেছেন। সেখানে তারা যে দাবী জানিয়েছেন সেই দাবী হচ্ছে যে কলকাতায় গভর্নমেণ্ট কলেজ অব আর্টস-এর কাছে যে অশোকা আর্ট গ্যালারী রয়েছে সেই আর্ট গ্যালরী আজ কেন্দ্রীয় সরকারের হতে চলে যাচ্ছে সম্পূর্ণভাবে। অর্থাৎ কেন্দ্রীয় সরকার কর্তৃক পরিচালিত যে যাদুঘর সেখানে রয়েছে সেই যাদুঘরের হাতে চলে যাচ্ছে। এর ফলে যে অবস্থা হবে সেই অবস্থার কথা বার বার সরকারের কাছে জানানো সত্বেও সরকার এ সম্বন্ধে আজ পর্যন্ত কোন প্রতিবিধান করেন নি সেই অশোকা আর্ট গ্যালারীর চুরি সম্পর্কে এর আগে মাননীয় সদস্য শম্ভু দাস মহাশয় এখানে বলেছিলেন, সে সম্পর্কে আমি যাচ্ছি না।

কিন্তু সেখানে যে প্রাচীন কারু এবং চারু শিল্পের নিদর্শনগুলি রয়েছে, যে চিত্রকলা রয়েছে সেই চিত্রকলগুলি দেখে আর্ট কলেজে ছাত্র-ছাত্রীরা শিক্ষা লাভ করেন। আজ সেটা যদি কেন্দ্রীয় সরকারের হাতে সম্পূর্ণভাবে চলে যায় তাহলে আর্ট কলেজের ছাত্র-ছাত্রীরা সেই শিক্ষা থেকে বঞ্চিত হবে। আমরা তাই সরকারের কাছে এই আবেদন জানাচ্ছি যে পশ্চিমবঙ্গ সরকারের সম্পত্তি এই অশোক আর্ট গ্যালারি যার জন্য প্রতি বছর পশ্চিমবঙ্গ সরকার থেকে ১০ হাজার টাকা গ্রাণ্ট দেওয়া হয় সেটা যদি কেন্দ্রীয় সরকারের হাতে চলে যায় তাহলে বাংলাদেশের সমূহ ক্ষতি হবে। বাংলাদেশের টাকায় যে পম্পত্তি আহরণ করা হয়েছে, যেখানে লর্ড কারমাইকেল থেকে আরম্ভ করে লর্ড লিগুসে পর্যন্ত এবং তার পরবর্তী শিল্পগুরু অবনীন্দ্র নাথ ঠাকুর এবং অন্যান্য যাঁরা তাঁদের শিল্প কার্য রেখে গেছেন সেটা বাংলা সরকারের হাত ছাড়া হয়ে যাচ্ছে। বাংলা সরকারের টাকায় যে শিল্প সংরক্ষণশালা গড়ে উঠেছে সেটাকে কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দেওয়া উচিত নয়, অন্ততঃ আর্ট কলেজের ভবিষ্যতের দিকে তাকিয়ে সেটা করা উচিত নয়। তাই আমরা এই দাবি সরকারের কাছে রাখতে চাই যে এর হস্তান্তরটা অবিলম্বে যেন বন্ধ রাখা হয়, আর্ট কলেজের প্রিন্সিপ্যালের দায়িত্বে সেই জিনিসগুলি যেভাবে রাখা হয়েছে সেইভাবে যেন থাকে। আর সরকার যদি বদ্ধপরিকর হয়ে থাকেন এই জিনিসগুলি কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দেওয়ার জন্য তাহলে আর্ট কলেজে যে জিনিসগুলি রয়েছে সেই জিনিসগুলি আর্ট কলেজের অধ্যক্ষের কাছে যেন ফেরত দেওয়া হয় যাতে ছাত্র ছাত্রীরা শিক্ষার সুযোগ পেতে পারে। আজকে ছাত্ররা, সেখানকার অধ্যাপকরা বার বার সরকারেঘ কাছে দাবী জানিয়েছেন, শিক্ষামন্ত্রীর কাছে, মুখ্যমন্ত্রীর কাজে ভি. আই. পি.এর কাছে গেছেন, কিন্তু তাঁদের কোন কথাই শোনা হয়নি। শেষ পর্যন্ত তাঁরা অনশন ধর্মঘট করেছেন। আর একটা বক্তব্য রেখে আমি শেষ করতে চাই সেটা হচ্ছে প্রশাসনিক ক্ষেত্রে দুর্নীতি রয়েছে সেই দুর্নীতি সম্পর্কে। উপজাতি উন্নয়ন বিভাগে যে কালচারাল রিসার্চ ইনস্টিটিউট রয়েছে তার দুর্নীতি সম্পর্কে আমি অভিযোগ করেছিলাম। এই কালচারাল রিসার্চ ইনস্টিটিউটে গত ২রা মার্চ তারিখে দুজন ডেপটি ডাইরেক্টর নিয়োগ করার জন্য ইণ্টারভিউ নেওয়া হয়েছে। আপনারা শুনে অবাক হবেন এই ইণ্টারভিউ পাবলিক সার্ভিস কমিশনকে বাদ দিয়ে নেওয়া হয়েছে এবং সেখানকার যিনি ডিরেক্টর রয়েছেন তিনি তাঁর পেটোয়া লোককে গ্রহণ করার জন্য চেষ্টা করছেন। আমি নাম করে বলতে পারি কানাই ভৌমিক বলে এক ভদ্রলোক সেই কালচারাল রিসার্চ ইনস্টিটিউটে কাজ করেন রিসার্চের এবং সেখান থেকে টাকা ড্র করেন। কিন্তু রিসার্চের তিনি কিছু করেন না, তিনি শুধু গিয়ে হাজিরা দিয়ে আসেন। অথচ সেই একই ভদ্রলোক হাবড়ার শ্রীচৈতন্য কলেজে ডিমনেস্ট্রেটরের কাজ করেন। সেই শ্রীচৈতন্য কলেজ থেকেও তিনি টাকা ড্র করেন। আমি নিশ্চিতভাবে বলতে পারি সেখানকার কতৃপক্ষের সঙ্গে যোগসাজস করে তিনি এই দুর্নীতি চালাচ্ছেন। আমি দাবি জানাচ্ছি এই বিষয়ে অনুসন্ধান করা দরকার এবং এ্যাণ্টি করাপসান দ্বারা তদন্ত করে এটার যথোচিত ব্যবস্থা অবলম্বন করা দরকার। উপজাতি উন্নয়নের জন্য বরাদ্দ টাকা কিভাবে অপচয় হয় কিছু দিন আগে তা খবরের কাগজে বেরিয়েছে। কেন্দ্রীয় সরকারের সমাজিক নিরাপত্তা অনুসন্ধান কমিটি যে রিপোর্ট দিয়েছেন তাতে তাঁরা বলেছেন যে উপাজাতি উন্নয়নের জন্য যে টাকা খরচ হয় তার অর্ধেকের বেশী টাকা অন্যের জন্য খরচ হয়েছে। বাস্তবে ঠিক তাই-ই চলছে। আমি তাই সরকারের কাছে আবেদন জানাচ্ছি বিশেষ করে কালচারাল রিসার্চ ইনস্টিটিউটে নিয়োগের ব্যাপারে যে সেখানে টাকা খরচের ব্যাপার নিয়ে যে দুর্নীতি চলছে সেটা সম্পূর্ণভাবে অনুসন্ধান করা হোক এবং এই দুর্নীতি সেখান থেকে দূর করে দিয়ে সেই টাকা যাতে যথাযথভাবে খরচ করা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। আমার শেষ বক্তব্য হচ্ছে এর আগে এই বিধান সভায় প্রশ্নোত্তর কালে আমরা দাবি তুলেছিলাম পঞ্চায়েত সেক্রেটারি সম্পর্কে। এই পঞ্চায়েত সেক্রেটারী সমস্ত কিছু কাজ করেন, সরকার তাঁদের নিয়োগ করেন, মাইনে দেন। অথচ সরকারের যে লোয়ার ডিভিসান ক্লার্ক-এর স্কেল সেই স্কেল তাঁদের দেওয়া হয় না। তাঁরা ৫০ টাকা থেকে ৮০ টাকা মাইন পান এমন কি নতুন বাজেটে যে ডি. এ.র প্রভিসন দেওয়া আছে ৫ টাকা ১০ টাকা সেই ডি. এ. থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে যেহেতু তাঁরা সরকারী কর্মচারী নন অথচ গ্রামাঞ্চলে পঞ্চায়েত রাজের সমস্ত কিছু কাজ এই সেক্রেটারীকে করতে হয়। তাই যে অসংগতি রয়েছে এটা যেন দূর করা হয়। পঞ্চায়েত সেক্রেটারীদের সরকারী কর্মচারীদের যে সুযোগ সুবিধা দেওয়া হয় সেগুলি যেন দেওয়া হয়, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 p.m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ বিতর্কের মূল কথা। অবশ্য আগে অনেক কথা বলা হয়েছে, তার মধ্যে প্রধান কথা আমাদের অনেক মাননীয় সদস্য উত্থাপন করেছেন সেটা হচ্ছে চতুর্থ শ্রেণীর আমাদের যারা কর্মচারী তাদের বেতন সম্বন্ধে এবং সেই উপলক্ষে আমাদের কেউ কেউ বলেছেন আমাদের স্টেট স্টেটিসটিক্যাল বুরো যেটা তারা যে ভাবে লিভিং ইণ্ডেক্স নির্ধারণ করে সেটা ভ্রান্ত। আমি এ সম্বন্ধে খোজ করেছিলাম যে সত্যি আমরা ভ্রান্ত কিনা। আমি দেখলাম আমরা যে পন্থা গ্রহণ করেছি, যে মেথড অবলম্বন করেছি সেটা ইণ্টারন্যাশন্যাল লেবার অর্গেনাইজেসানএর যে সুপারিশ সেই অনুসারে আমরা করেছি। আমি এর পূর্বে আর একদিন বলেছিলাম, আপনাদের বোধ হয় স্মরণ থাকতে পারে আমাদের স্টেটিসটিকসএর যে নিয়ম যে পদ্ধতি সেগুলি পৃথিবীতে স্বীকৃত এবং গৃহীত হয়েছে এবং আমরা কিভাবে করি, কি মেথড আমাদের, সেটা আমরা কিছু গোপন করে রাখিনি। সেটা আমরা বলে দিয়েছি যে আমরা এই মেথডে করি। তবে আমাদের সরকার যে মেথডে করে, যে পদ্ধতিতে করে, যেটা আমরা বিজ্ঞান সম্মত পদ্ধতি বলে জানি, তাতে অনেকের সেই পদ্ধতি সম্বন্ধে সন্দেহ আছে। কিন্তু তাঁরা মেনে নিচ্ছেন ঐ ক্যাপিটালের হিসেব ক্যাপিট্যাল কাগজ। হঠাৎ তাঁদের ক্যাপিটালের প্রতি খুব বেশী শ্রদ্ধা হয়েছে ক্যাপিট্যালকে আমরা অনেকবার বলেছি যে তোমরা কি পদ্ধতিতে নির্ধারণ কর এই ইণ্ডেক্স আমাদের জানাতে পার কী? কিন্তু তারা জানাতে রাজী নয়। আমাদের এখানে অনেকে তাদের ঐ পদ্ধতি মেনে নেন। ধরুন যদি তাদের পদ্ধতি অনুসারে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মাগ্‌গীভাতা আমরা বাড়িয়ে তা নির্ধারণ করতাম, তাহলে তাতে তাদের সুবিধা হত কিনা—সেটা দেখা দরকার। ক্যাপিট্যালের পদ্ধতি ও আমাদের পদ্ধতি নিয়ে আমি কলহ করতে চাই না। শুধু এই টুকু বলতে চাই—আমাদের পদ্ধতি বিজ্ঞান সম্মত, আমাদের পদ্ধতি বৈজ্ঞানিক জগতে স্বীকৃত এবং সেই পদ্ধতি কোন গোপন পদ্ধতি নয়; তা আমরা প্রকাশ করেছি। আর ক্যাপিট্যাল যে পদ্ধতি করেন, যে মেথডে করেন, সেটা তাঁরা গোপন রেখেছেন, প্রকাশ করতে নারাজ। যদি আমরা ক্যাপিট্যালের পদ্ধতি মেনে নিতাম তাহলে কী হতো? ১৯৬০ সালে আমাদের স্টেটিস্টিক্যাল বুরো বললেন যে ইণ্ডেক্স হচ্ছে ১১০.২। আর ক্যাপিট্যাল কী বললেন? না, ১২৩.২। ক্যাপিট্যাল খুব বেশী করে বললেন। ১৯৬৩ সালে আমাদের স্টেটিস্টিক্যাল বুরো বললেন ১২১.৮; আর ক্যাপিট্যাল কী বললেন? তাঁরা পদ্ধতি গোপন রাখতে চান। তাঁরা বললেন ১৩৩.৩। ১৯৬৪ সালে আমাদের স্ট্যাটিস্টিক্যাল বুরো বললেন ১২৮.৬; আর ক্যাপিট্যাল বললেন ১৩৮.৮। এখন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৪ সালের সঙ্গে ১৯৬০ সালের তুলনা করে এই যে ডিফারেন্স তার উপর আমরা এই ইণ্ডেক্স নির্ধারণ করেছি তাহলে কী পাওয়া যায়? না, আমাদের ১৯৬০ সালে ছিল ১১০.২, আর ১৯৬৪ সালে হল, ১৮.৬। তাহলে ১৮.৪ বৃদ্ধি—এটা হল। আর ক্যাপিটালের হিসেব যদি মেনে নেই ১৯৬০ সালে ছিল ১২৩.২ আর ১৯৬৪ সালে হলো ১৩৮.৮। বাদ দিলে কত হয়? না ১৫ ৬।

[5-25—5-35 p.m.]

আমরা ১৮.৬ বৃদ্ধির অনুপাতে বাড়িয়েছি আর ক্যাপিটাল যদি মেনে নিতাম তাহলে ১৫.৬ এই অঙ্কের উপর নির্ভর করে বৃদ্ধি করতে হত। কাজে কাজেই মাননীয় সদস্যদের মনে যে আশঙ্কা ছিল আমি তাদের বলতে পারি যে সে আশঙ্কাটা অকারণ, অমূলক, কোন মূল্য নেই। একজন মাননীয় সদস্য বললেন আচ্ছা বাপু, তোমরা তো বলছ খুব বাড়িয়েছ কিন্তু এমন কিছু বাড়াও নাই। আমাদের লিভিং ইণ্ডেক্স যে অনুপাতে বেড়েছে সে অনুপাতে বাড়াও নাই। আমি দেখাচ্ছিলাম ১৯৩৯কে যদি ১০০ ধরা যায় তাহলে ১৯৩৯ যেখানে সর্বরকম মিলে আমাদের চতুর্থ শ্রেণীর কর্মচারীরা পেতেন ১৭ টাকা, সর্বরকম ধরে ১৯৫০ সালে সেই জায়গায় আমরা দিতাম ৫৮৷৷০ টাকা। আর ১৯৬৫ সালে তাদের দিচ্ছি সর্বরকম মিলে ৮৯৷৷০ টাকা যেখানে লিভিং ইণ্ডেক্স বেড়েছে ১৯৩৯, ১৯৬৪ সালে ৩৯৩.৬ সেখানে আমরা এদের বেতন বৃদ্ধি করেছি ৩৯৭.১। কাজে কাজেই কিছু কম করিনি। যদিও এটা সত্য আমরাও চাই যে আমাদের এই চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বেতন বৃদ্ধি হওয়া দরকার। প্রাথমিক শিক্ষক মহাশয়দের বেতন বৃদ্ধি

হওয়া দরকার। এদের উপরে যারা আছেন ১০০ টাকা থেকে ৩০০ টাকা তাদেরও বেতন বৃদ্ধি হওয়া দরকার, এ বিষয়ে কোন সন্দেহ নেই। নিশ্চয়ই দরকার। আমরা যখন মনে করব যে আমাদের বেতন বৃদ্ধির মতন সঙ্গতি হয়েছে আমরা তখন নিশ্চয়ই বেতন বৃদ্ধি করব। একজন মাননীয় সদস্য বললেন যে প্রশাসনিক খাতে মোট যা ব্যয় কর ৩.১ তা থেকে আগামী বছর যেটা বরাদ্দ করেছ ২.৮ নিশ্চয়ই তোমরা খুব বাহাদুরী করেছ। আর একজন বললেন অন্য জায়গায় খুব বেশী বেশী দেয়। আমি সব জায়গায় সংগ্রহ করতে পরিনি। আমি দেখছিলাম মহারাষ্ট্রে ৭৫ টাকা দেয় আর শেষ পর্যন্ত ৯০ টাকা দেয়। আমরা দিই ৭৫ টাকা আর মেডিক্যাল অ্যালাওন্সে নিয়ে যেটা দিই সেটা মাসে মাসে দিয়ে দিচ্ছি। তাহলে সেটা ধরলে ৯০ টাকা হয়। তাহলে মহারাষ্ট্রের চেয়ে কম দিইনি। বিহারে ৭০ টাকা আর পে কমিশন রেকমেণ্ড করেছেন ডিয়ারনেস অ্যালাওয়েন্স ২ টাকা তাহলে ৭০ টাকা আর ২ টাকা ৭২ টাকা, ৮০ টাকা আর ২ টাকা, ৮২ টাকা। যেখানে আমরা দিচ্ছি ৭৫ টাকা আর ৯০ টাকা, অবশ্য মহারাষ্ট্র, বিহার বাদে উড়িষ্যায় আমাদের তুলনায় বেতন খুব কম। সেটা তুলনা করতে চাই না। কাজে কাজেই আমরা কিছু কম দিচ্ছি না। তবে এটা আমি স্বীকার করছি যে আমাদের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বেতন আরও বৃদ্ধি হওয়া দরকার। আগেই আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম যে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সংখ্যা বেশী এ বিষয়ে কোন সন্দেহ নেই। সামান্য ভাবে আমরা যদি বেতন বৃদ্ধি করি তাহলে গুণ করে দেখলে মোটা অঙ্ক হয়ে যায় এবং আমাদের যা সঙ্গতি আমরা তা দিতে পারছি না। একজন বিরোধী দলের বন্ধু বললেন তোমরা কিছুতেই শোন না, আমি তাদের বলতে চাই আন্দোলন করে হয় না এবং সরকারই যে কেন এত নির্দয় হবেন প্রতিপক্ষ হবেন আর কেন তাদের কর্মচারীদের বেতন বৃদ্ধি করবেন না। আর একজন বললেন ৭৫ হাজার চতুর্থ শ্রেণীর কর্মচারী আন্দোলন করছে। অবশ্য এদিক দিয়ে এদের খুব পক্ষে যাচ্ছে নিশ্চয়ই। তারা বলেন সমস্ত সরকারী কর্মচারীর অধিকাংশই আমাদের বিরোধী দলের বিপক্ষে। এতে দেখা যাচ্ছে ৭৫ হাজার সরকারী কর্মচারী তাদের ভয়ানক পক্ষে এবং আরো হয়ত আছে। এই ৭৫ হাজার কর্মচারীর মধ্যে চতুর্থ শ্রেণীর কর্মচারীরা সেদিন শোভাযাত্রা করে ময়দানে গিয়েছিলেন। তাদের সংখ্যা যতই হোক, আমি সংখ্যা নিয়ে মারামারি করব না তাদের কাছে আমাদের অনেক বিরোধীদলের বন্ধু খুব বড় বড় বক্তৃতা দিয়েছেন। আবার এখানে বলছেন গণতন্ত্র বলে কিছুই নেই। সরকারী কর্মচারীরা তাদের দুঃখ আছে, অভিযোগ থাকতে পারে আমি বুঝতে পারছি। কিন্তু তারা যে শোভাযাত্রা করে ময়দানে গেল, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে গিয়ে যদি সরকার পক্ষের কোন এম. এল. এ. বক্তৃতা দিতেন তাহলে আমরা কি শুনতাম? সেখানে বলত দেখছ রাজনীতি করছে, সরকারী কর্মচারীদের কাছে নাকি কংগ্রেসী এম. এল. এ. গিয়ে বক্তৃতা করেন ভীষন রাজনীতি হচ্ছে। অবশ্য ওঁরা যেটা করেন সেটা তো রাজনীতি নয়, সেটা ধর্মনীতি কি অন্য কোন নীতি তা কি হবে আপনি বোঝেন, আমার বলে দেওয়ার কোন প্রয়োজন নেই। আজকে আমি এই কথা বলতে পারি যে আমাদের এই পরিকল্পনার মাধ্যমে যে কাজ হচ্ছে এবং যে কাজ প্রতি বছর বেড়েছে—প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই পশ্চিম বাংলায় আমরা মোট ব্যয় করেছিলাম ৬৭ কোটি টাকা, দ্বিতীয় পঞ্চবা.ষকী পরিকল্পনায় আমরা ব্যয় করেছি ১৪ কোটি টাকা আর এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ব্যয় করতে চলেছি ৩১০ কোটি টাকা। কাজেই অনেক কাজ সৃষ্টি হচ্ছে, নিশ্চয়ই সেই জন্য অনেক টাকা খরচ হচ্ছে। এবং লোকের হাতে অনেক টাকা আসছে এবং অনেকের ক্রয়শক্তিও ক্রয় ক্ষমতা বাড়ছে নিশ্চয়ই এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমরা যে নূতন নূতন কাজ করছি এবং করতে চাই সেখানে কর্মচারীর প্রয়োজন। একটা কাজ আরম্ভ হল তাতে হয়ত ৫০০ জন চতুর্থ শ্রেণী, দ্বিতীয় শ্রেণী, তৃতীয় শ্রেণী ইত্যাদি সব মিলে হয়ত ২০০ জন কাজ করছে। কিন্তু সেই কর্মচারীদের সঙ্গে সঙ্গে স্থায়ী করতে পারি না পারমানেণ্ট করতে পারি না। তবে আমরা এটা নির্দেশ দিয়েছি, আমাদের বিরোধী পক্ষ থেকে একটা সার্কুলার দেওয়া হয়েছে, তাতে বলা হচ্ছে যেখানে যেখানে সেই সংশ্লিষ্ট ডিপার্টমেণ্ট বিভাগ মনে করবে যে তোমাদের যে অস্থায়ী কর্মচারী নিয়োগ করা হয়েছে তাদের স্থায়ী হওয়া প্রয়োজন এবং সঙ্গে সঙ্গে তাদের সুপারিশ অনুসারে আমরা স্থায়ী করেছি। কাজে কাজেই চিরকাল যে এরা অস্থায়ী থাকবে তার কোন মানে নেই এবং আমার বিশ্বাস বহু কর্মচারী স্থায়ী হবে। আমাদের কয়েকজন বিরোধী বন্ধু, আমাদের যখন বিল্ড ইওর ওন হাউস স্কীমের মধ্যে ইট তৈরীর কাজে কিছু লোককে নিয়োগ করলাম তখন বলেছেন যে কিছু

অন্যায় অত্যাচার হয়েছে। প্রথমতঃ এদের আমরা আমাদের এই সরকারী কর্মচারীদের মধ্যে গণ্য করি না এই যে ২ লক্ষ ২২৬ জনের মধ্যে। তবে এদের মধ্যে আমরা যে নিয়ম করেছিলাম তাতে বোঝা যায় যে অস্থায়ী কর্মচারী নেই। তা সত্ত্বেও আমরা তা লোককে বেকার করতে চাই না এবং কাজ যদি আমরা দিতে পারি নিশ্চয়ই দিই। তাদের মধ্যে যারা স্কুল ফাইন্যাল অর মেট্রিকুলেশন ছিলেন তাদের আমরা কাজ দিয়েছি। কিন্তু যারা স্কুল ফাইন্যাল উত্তীর্ণ নন তাদের আমরা বলেছি এবং জ্যোতিবাবুও বলেছেন যে অন্য স্কেল আমরা অন্যত্র চাকুরী দিতে পারব। আমার মনে হয় শীঘ্রই তাদের একটা ব্যবস্থা হয়ে যাবে এবং অনেকেরই ব্যবস্থা হয়েছে। আমাদের সোমনাথ বাবু একটু পড়তে আরম্ভ করলেন। আমি ভাবছিলাম কিসের থেকে পড়ছেন—তারপরে দেখি আমাদেরই এস্টিমেট কমিটি রিপোর্ট থেকে পড়ছেন। সেটা খুব ভাল কথা। এস্টিমেট কমিটি আমরা সকলে করেছি এবং আমরা চাই যে আমরা যে সমস্ত কাজ করি সে সমস্ত কাজ সম্বন্ধে এস্টিমেট কমিটির সদস্যরা গিয়ে পরীক্ষা নিরীক্ষা করবেন, অনুসন্ধান করবেন হিসাব দেখবেন, কিছু গোপনে নয় এবং রিপোর্ট দেবেন।

আমরা এস্টিমেট কমিটি করেছি এবং আমরা চাই আমরা যে সমস্ত কাজ করি সে সম্বন্ধে এস্টিমেট কমিটির সদস্যেরা গিয়ে পরীক্ষা নিরীক্ষা করবেন, অনুসন্ধান করবেন, হিসেব দেখবেন, এবং রিপোট দেবেন। এতে গোপন করবার কিছু নেই। সোমনাথবাবু একটু ভুল করেছেন আ.ম প্রশাসনিক খাতে যে টাকা চেয়েছি তাতে ২ লক্ষ ৩৪ হাজার ২২৬ জন কর্মচারীর কথা বলেছি—দুর্গাপুর ইণ্ডাস্ট্রিস তার মধ্যে নয়। সোমনাথবাবু ধান ভাঙ্গতে শিবের গীত কেন গাইলেন বুঝলাম না। তবে বলবার কিছু নেই বলেই হয়ত ওকথা বলেছেন, তা নাহলে বলতেন না। এস্টিমেট কমিটি সম্বন্ধে উনি যখন বলছিলেন তখন আমি ভাবলাম আমাদের বোধ হয় কিছু গলদ বেরিয়েছে। দুর্গাপুর ইণ্ডাস্ট্রি সম্বন্ধে এটুকু বলতে পারি তার সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। সোমনাথবাবু এস্টিমেট কমিটির একজন সদস্য এবং তিনি যে সব মন্তব্য করেছেন সেগুলি আমাদের কাছে এসেছে এবং আমরা সেগুলি পরীক্ষা করছি ঐ আলোচনা করছি এবং যেখানে যেখানে শোধরান দরকার সেখানে সেখানে নিশ্চয়ই আমরা শোধরাব। তা যদি না করি তাহলে এস্টিমেট কমিটি করে আমাদের লাভ কি এবং সদস্যেরা যে পরিশ্রম করছেন মায় সোমনাথবাবু যে পরিশ্রম করছেন সেটা তো সব ব্যর্থ হবে। কাজেই তাঁর কোন ভয় নেই তারপর, আদের এখানে ২ জন মাননীয় সদস্য ডিভিসন্যাল কমিশনার সম্বন্ধে তীব্র মন্তব্য করে বলেছেন যে, তাঁর কোন প্রয়োজন নেই। শুধু তাই নয়, রাজস্থান এবং অন্যান্য প্রদেশের সঙ্গে তুলনা করে বলেছেন যে, তারা তুলে দিয়েছেন, কি দরকার এই ডিভিসনাল কমিশনার এর। আমরাও আগে তাই মনে করতাম। যখন আমরা প্রশাসনিক কাজের ভার নেইনি তখন আমরাও মনে করতাম ডিভিসনাল কমিশনার-এর কোন প্রয়োজন নেই। কিন্তু আমাদের কাজ যত বাড়ছে, নূতন নূতন যুবক অফিসার যত আসছেন ততই আমরা দেখছি আগে একজন আই. সি. এস. অফিসার যতদিন পর, যত বছর পর জেলার ভার পেতেন তাতে আজকাল যারা আই. এ. এস আসছেন তারা অনেক আগেই জেলার ভার পাচ্ছেন। স্যার, আমরা এদের মত অনভিজ্ঞ নয়, প্রশাসনিক ব্যাপারে আমাদের ১৭।১৮ বছরের যে অভিজ্ঞতা আছে তাতে আগে যদিও আমরা মনে করতাম এদের কোন প্রয়োজন নেই কিন্তু এখন দেখছি এঁদের বিশেষ দরকার। তবে ওঁরা যদি অফিসারের কথা বাদ দিয়ে ব্যক্তির কথা বলেন তাহলে আলাদা কথা। কে রাত্র ৯টা ১০টায় বা ১১ টায় ঘুম থেকে উঠল তা দিয়ে আমাদের দরকার নেই। আমাদের একজন মাননীয় বন্ধু ডিভিসনাল কমিশনার সম্বন্ধে বলেছেন যে তিনি ১১টায় বিছানা থেকে উঠেন। স্যার, আমি কিন্তু সেই কমিশনারকে সকাল ৮টায় সাড়ে আটটায় টেলিফোনে পেয়েছি। ঘুমোতে ঘুমোতে কি কেউ টেলিফোন ধরতে পারে? কাজেই এসব কথার কোন মানে হয় না। তারপর দেখলাম কর্মচারীদের সম্বন্ধে অনেক অভিযোগ করেছেন। মন্ত্রীদের সম্বন্ধে বললে আলাদা কথা—কিন্তু যখন দেখলেন মন্ত্রীদের সম্বন্ধে বলার কিছু নেই তখন যাঁরা এখানে এসে উত্তর দিতে পারেন না তাঁদের সম্বন্ধে বলেছেন, কাদা ছুড়েছেন এবং মনে করেছেন তাতে যদি মন্ত্রীদের গায়ে গিয়ে লাগে। অমুকে বেলা ১১টায় ঘুম থেকে ওঠে, রাত্রে কোথায় যায় এসব কথা যাঁরা বলেন তাঁরা মনে করেন নিশ্চয়ই এর মধ্যে মন্ত্রীরা রয়েছেন, তা নাহলে এসব হবে কি করে।

[5-35—5-45 p.m.]

আমি মাননীয় সদস্যদের বলতে পারি, আমাদের এই সমস্ত কর্মচারীদের কাজ সম্বন্ধে সব সময় আমি খবর রাখি, লক্ষ্য করি, এবং আজকাল এমন হয়েছে, আগেকার দিনে কমিশনারই হোন, আর জেলা ম্যাজিস্ট্রেটই হোন আর সেক্রেটারীই হোন, তারা কোন দিন তোয়াক্কা করতেন না এতটুকু ভয় বা অনিশ্চিতের মধ্যে বা আশংকার মধ্যে থাকতে হত না, কিন্তু এখন আমাদের এখানে গণতন্ত্র চলেছে, যদিও মাননীয় বিরোধী দলের বন্ধুরা বলেন এখানে গণতন্ত্র নেই, কিন্তু তাঁরাই এখানে এসে এই বিধানসভায়, যারা সদস্য নয়, তাদের বিরুদ্ধে এমন কথা বলেন যার সঙ্গে সরকারের সম্পর্ক নাই। কে কোথায় নেমন্তন্ন খেতে গেছে কি কোন মেয়ে মানুষের কাছে গেছে, এই সমস্ত কথা তাঁরা বলেন আমাদের যার সঙ্গে সরকারী বা কাজের কোন সম্পর্ক নাই। তবে আমরা নিশ্চয়ই আশা করবো সেই কর্মচারী উচ্চ কর্মচারীই হোন আর মাঝারীই হোন আর নিম্ন কর্মচারীই হোন, নিশ্চয়ই তাঁরা এমনভাবে জীবনযাপন করবেন এমনভাবে লোকের সঙ্গে ব্যবহার করবেন যাতে কেউ সন্দেহ না করতে পারেন, কাদা ছুড়তে না পারেন। আমি এইটুকুই বলবো তাদের সম্পর্কে সরকারের সঙ্গ ততটুকু যতটুকু তাঁরা সরকারী কাজ করেন। তাঁরা সেই সময় যদি কর্তব্যপরায়ণতা দেখান, তাঁরা যদি ভালভাবে কাজ করেন তাহলেই আমরা খুশী হবো। তবে তাঁরা কি যদি রাত্রি ৯ টার সময় শুতে যান কি ১১টার সময় কি ১২টার সময় শুতে যান সে আলাদা কথা। কিন্তু ১২টায় শুয়ে যদি সকাল ৫টার সময় কাজ করতে পারেন তাহলে তা অন্যায় মনে করব না, কিন্তু এটা চাই তাঁর কাছে যে কর্তব্য ন্যস্ত করেছি সে কর্তব্য তিনি পালন করেন। আমাদের এখানে কয়েকজন সদস্য উচ্চ কর্মচারী সম্বন্ধে নানা রকম মন্তব্য কুট মন্তব্য করেছেন। যেমন আমাদের কৃষি বিভাগের কমিশনার শ্রীরঞ্জিত ঘোষ সম্বন্ধে একজন কুট মন্তব্য করেছিলেন।। এ সম্বন্ধে এর আগে আমি ২।৩ খানা বেনামী চিঠিও পেয়েছি। অনেকে বলেন বেনামী চিঠি পেলে আমরা তা কাগেজের বাক্সে ছুড়ে ফেলে দিই, সব সময় দিই না, আমরা অনুসন্ধান করে দেখেছি যে সমস্ত অভিযোগ এই বেনামী চিঠিতে শ্রীরঞ্জিত ঘোষ সম্বন্ধে ছিল তা অসত্য। তা ভিত্তিহীন। এটা আমরা ইনকুইয়ারী করেছিলাম, এখন আমি যদি বলি

(নয়েজ)

Shri Kashi Kanta Maitra:

এটা ইনভেস্টিগেশন না ইনকুইয়ারী?

Shri Prafulla Chandra Sen: Mr. Speaker, Sir, will you please ask him to sit down. I did not disturb him. Why does he? He should not disturb me like that.

Mr. Speaker: Mr. Maitra, please take your seat.

Shri Prafulla Chandra Sen:

আজকে কেউ যদি কারও বিরুদ্ধে অভিযোগ করেন বা বেনামী চিঠি দেন, দেওয়ালের বিরুদ্ধে কোন অভিযোগ করেন আর সঙ্গে সঙ্গে কমিশন বসাতে হয় তাহলে তো মানুষের জীবন দুর্বিষহ হয়। আজকে কথায় কথায় যদি কেউ বলে অমুক চোর জোচ্চোর, এখনি কমিশন বসাও তাহলে মানুষের জীবন দুর্বিষহ হবে। তবে নিশ্চয়ই যদি কারও বিরুদ্ধে কোন অভিযোগ থাকে, মাননীয় সদস্যরা চিঠি লিখে দেবেন, এমন তথ্য যদি দিতে পারেন এমন কোন খবর যদি দিতে পারেন প্রাইমা ফ্যাসী যদি আমি বুঝতে পারি গুরুতর অভিযোগ আছে, নিশ্চয়ই কমিশন বসাবো।

(নয়েজ)

Shri Kashi Kanta Maitra:

উনি এতো চটছেন কেন? পয়েণ্ট অব ইনফর্মেশন তো হয়, পার্লামেণ্টারী প্রসিডিওরে এই রকমতো হয়।

Shri Prafulla Chandra Sen: Mr. Speaker, will you please ask him to sit down.

Shri Kashi Kanta Maitra:

তিন বছর ধরে এই রকম ঠকাচ্ছেন, ৩ বছর ধরে এই রকম ভাবে জবাব দিচ্ছেন না।

Mr. Speaker: Please take your seat?

Shri Kashi Kanta Maitra:

আমি উত্তর চাইছি ওঁর কাছ থেকে।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাছে যদি কেউ ঠাণ্ডা মাথায় ভদ্রভাবে জিজ্ঞাসা করেন, উত্তর চান আমি উত্তর দেব, কিন্তু যদি কেউ রেগে যেন মারতে আসছেন এই রকম করে বলেন, উনি উত্তেজিত হয়ে এমনভাবে বলছেন, সব আমার কাণেও ঢুকছে না, এই রকমভাবে বাধা দিলে পর কেউ বলতে পারে না। মাননীয় সদস্য যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন আমি একটা কথাও বলিনি কোন বাধা দিইনি। কাজেই এইরকম বাধা দিলে কেউ বলতে পারে না, মাননীয় সদস্য যখন বক্তৃতা দিচ্ছিলেন আমরা কেউ বাধা দিই নি, ইনফরমেশন চাইলে উত্তর দিতে পারতাম। এই রকম ভাবে কেউ জবাব দিতে পারে না। বক্তৃতা দিতে পারেন না, কাজেই আমি একথা বলতে পারি আমাদের যাঁরা কর্মচারী আছেন তাদের সম্বন্ধে যখন অভিযোগ করা যায়। নাম নিয়ে সই করে অনেক তথ্য ও খবর দিয়ে যদি মাননীয় সদস্যরা চিঠি দেন প্রাইমা ফ্যাসী কেস হয় নিশ্চয়ই আমি সে সম্বন্ধে ভাল ভাবে অনুসন্ধান করব। প্রয়োজন হলে তাকে আদালতে সোপর্দ করবো, ডিপার্টমেণ্টাল এনকোয়ারি করবো।

Shri Syed Abul Mansur Habibullah:

আলুর ফারটিলাইজার অন্য প্রদেশে বিক্রী করে দিয়েছে এ সংবাদ খবরের কাগজে বেরিয়েছে—অথচ তিনি বলছেন অন্ধকারে ঢিল ছুড়ছেন?

Mr. Speaker:

তিনি বলেছেন ডেফিনিট ইনফরমেশন দিলে আমরা নিশ্চয়ই দেখব এর চেয়ে আর পরিষ্কার ভাবে কি বলবে?

Shri Kashi Kanta Maitra:

আমি এধরণের বহু কথা বলেছি কিন্তু তার কোন উত্তর পাইনি।

Shri A. H. Besterwitch: Sir, I rise on a point of order. The Chief Minister says that if particulars can be given, he will take steps.

Mr. Speaker:

আপনি পয়েণ্ট অব অর্ডার ও কেস দেবেন না, কেন অন্য সময় কেসএর কথা, বলবেন—টু ট্রাই এ কেস ইজ নো পয়েণ্ট অব অর্ডার

Shri A. H. Besterwitch: What the Chief Minister says is that every thing is to be given in writing.

Mr. Speaker: Mr. Besterwitch, that is no point of order.

Shri Syed Abul Mansur Habibullah:

মিউনিসিপ্যাল অ্যাডমিনিস্ট্রেশন-এর কেলেঙ্কারীর কথা হিন্দুস্থান স্টাণ্ডার্ড পত্রিকায় প্রকাশিত হয়েছে আমি এই হাউস-এর সামনে অনেকবার বলেছি অন্ধকারে ঢিল ছুঁড়িনি—কোন জবাব তাঁরা দেন নি।

Shri Kashi Kanta Maitra:

স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার তিনি বললেন চিঠি লিখে, টিপ সই দিয়ে দিলে তারপর তিনি বিবেচনা করে দেখবেন আমি জিজ্ঞাসা করছি এই হাউস-এর কি কোন মর্যাদা নেই। এই হাউস-এ

will you please ask there people to behave properly.

আমার বলবার আছে। এই হাউস-এ বিশেষ করে আর. ঘোষ এগ্রিকালচারাল সেক্রেটারী এগ্রিকালচার বাজেট এ আমি করেছি নো কনফিডেন্স ডিবেট এ বলছি, ফার্টিলাইজার স্ক্যাণ্ডালএত যে ছয় লক্ষ টাকার ২ লক্ষ টাকা রিকভার হয়েছে ৩।৪ লক্ষ টাকার রিকভার হয়নি বলা হয়েছে শ্রীসুবিমল দত্ত স্পেশাল অফিসার এর কাছে রিপোর্ট গেছে এসব সত্ত্বেও যদি বলেন লিখিত অভিযোগ না হলে কিছু বলবেন না তা হলে এই হাউস-এর কি মর্যাদা আছে?

Mr. Speaker:

আপনি এক এক সময় বড় ইমপেসেণ্ট হন।

[5-45—5-55 p.m.]

Shri Jyoti Basu:

এই প্রশ্ন উঠেছে বলে বলছি তা না হলে আমি ডিসটার্ব করতাম না। তিনি বলেছেন আমাকে লিখে দেবেন তারপর আমি ইনকোয়ারি করবো। ওরা বলেছেন কিছু সংবাদপত্রে বেরিয়েছে, কিছু ওঁরা দিয়েছেন এটা অন্য কথা কি তাঁরা দিয়েছেন ঘটনা গুলো জানি না কিন্তু আমি বুঝতে পারছি না সেক্রেটারী অর অফিসার যার সম্বন্ধে আমাদের অভিযোগ ছাড়া অন্যান্য অভিযোগ এঁর সম্বন্ধে সেটা আমি কার কাছে দেব। শ্রীনিরঞ্জন সেন এম. এল. এ. তিনি বিনা বিচারে জেলে আছেন। তিনি বলেছেন তিনি কোন দিন কুলুভ্যালিতে যান নি।

Shri Prafulla Chandra Sen:

আমি উত্তর দেব আপনি বসুন।

Shri Jyoti Basu:

আমি সেজন্য বলছি তিনি হয়ত এসব কথা বলেছেন, কিন্তু মাঝখানে এমন কথা উঠে গেল যাতে তিনি বললেন অফিসার সম্বন্ধে হলে আপনারা লিখে দেবেন। আমি যে সম্বন্ধে অভিযোগ করেছি ঐ কাগজে আমার সম্বন্ধে যা বলেছে ও পুলিশ রিপোর্ট যা গেছে তাতে নন্দজীর কাছে এবং অন্যান্য বন্ধুদের সম্পর্কেও তার প্রায় সবগুলি মিথ্যা দিল্লীতে যে রিপোর্ট গুলি আছে সে গুলি সব অসত্য, এতো জাল সব জিনিষ....।

(নয়েজ)

Shri Prafulla Chandra Sen:

রঞ্জিত ঘোষ বা অন্যান্য সরকারী কর্মচারীদের সম্বন্ধে হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড অমৃতবাজার পত্রিকা বা অন্য কিছুই বেনামী চিঠি এলে আমরা সে সম্বন্ধে অনুসন্ধান করে থাকি, আমরা যে সব অভিযোগ পেয়েছি সব অনুসন্ধান করে দেখেছি যে সব অভিযোগ ভিত্তিহীন, ফার্টিলাইজার স সম্বন্ধে যে কথা মাননীয় সদস্যরা বলেছেন সেটা নূতন কথা কিছু নয় এবং এর সঙ্গে রঞ্জিত ঘোষের কোন সম্পর্ক নেই। কতকগুলি চেক

চসঅনারর্ড হয়ে ছিল তার জন্য যারা দোষী তাদের আমরা সাসপেণ্ড করেছি—তাদের বিরুদ্ধে সিডিংস ড্র করে তাদের আমরা শাস্তি বিধান করব করে খবরের কাগজের চেয়ে ঢের বেশী কম দামী নামী চিঠি সেই চিঠির উপর আমরা অনুসন্ধান করে থাকি হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডএ যা বেরিয়েছে টিলাইজার সম্বন্ধে তারপর ধীরেন ভৌমিকের জিনিষপত্র ফেব্রিকেট করার সময়ে যা বেরিয়েছে। সব অনুসন্ধান আমরা করেছি, এছাড়া যদি কোন সংবাদ মাননীয় সদস্যদের থাকে তা হলে নুগ্রহ করে তিনি যদি লিখে পাঠান আমি নিশ্চয়ই শ্রীসুবিমল দত্তের ভিজিলেন্স কমিটি-এর ছে পাঠিয়ে দেব। তবে এ পর্যন্ত যে সব অভিযোগ হয়েছে সেগুলি মিথ্যা। এই মাত্র জ্যোতিবু বললেন আমাদের নিরঞ্জন বাবুর সম্বন্ধে কিছু করছেন না কেন? আমি এই বিষয়ে কিছুই নি না, যে রিপোর্ট বেরিয়েছে সেই রিপোর্ট সম্বন্ধে আমার জানা নেই, আমি সেই রিপোর্ট ইনি বা সেই রিপোর্টের প্রণেতাও আমি নই। আমি জ্যোতিবাবুকে জোর করে বলতে পারি ই রিপোর্টের সঙ্গে আমার কোন সম্পর্ক নেই। এই রিপোর্ট সম্বন্ধে যদি কিছু জিজ্ঞাসা রতে হয় তাহলে শ্রীগুলজারী লাল নন্দ, ইউনিয়নের স্বরাষ্ট্র মন্ত্রী তাঁর কাছে করবেন। ঐ ভাবে যে সমস্ত কথা বেরিয়েছে তার মধ্যে কোনটা সত্য আর কোনটা মিথ্যা তার দায়িত্ব তে আমি প্রস্তুত নই। আমার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। অতএব আমি পরিষ্কার বে জ্যোতিবাবু ও সোমনাথবাবু যাঁরা এখানে তাঁদের পক্ষ নিয়ে বলছেন তাঁদের এই কথাই তে চাই যে, আমি সে সম্বন্ধে কিছুই জানি না, জ্যোতিববুর আর একটা প্রশ্নের উত্তর দেওয়া চিত। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন আমি যে শেষ ৩ বার জেলে ছিলাম তখন আমাকে ত করে খেতে দিত। আপনি শুনলে আশ্চর্যান্বিত হবেন যে ১।।০ করে আমাদের দিত এবং মি তা থেকে বার আনা রিলিফ ফাণ্ডএ পাঠিয়ে দিতাম। গরীবদের জন্য। তার পরে মি ডিভিসন ৩ প্রিজনার থেকেছি এবং মোটা রুটি খেয়েছি।

জেই আমরা সেখানে রাজার হালে থাকবার জন্য যাই নি। আর একটা কথা শ্রীজ্যোতি বসু শয় জিজ্ঞাসা করেছেন যে এই সমস্ত ডেটিনিউদের আপনারা কি দেড় টাকা দু টাকা দিচ্ছেন মি বলছি দেড় টাকা দিচ্ছি না ২ টাকা দিচ্ছি না—তিন টাকাও দিতে পারি। আমরা এখানে র বার বলেছি যে আমরা এই সমস্ত ডেটিনিউ দের যাদের বিনা বিচারে ধরেছি ডিফেন্স অব ণ্ডয়া রুলসের ৩০-তে তাদের আমরা ডিভিসন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজানার হিসাবে গণ্য ছি। তাতে কি আছে মাননীয় সদস্য যদি খাতা খুলে দেখেন তাহলে দেখবেন যে তাদের ন্য একটা টাকা দু টাকা বরাদ্দ নেই। একটা স্কেল আছে এতো চাল, এতো ডাল, এতো নি, এতো নুন এতো মাখন ইত্যাদি তারা পাবে—তাতে যদি তিন টাকা হয় তিন টাকাই বো—চার টাকা হয় চার টাকাই দেবো, পাঁচ টাকা হয় পাঁচ টাকাই দেবো। কাজেই পয়সার ান প্রশ্ন নেই। আমরা যখন ছিলাম বা জ্যোতিবাবু যখন ছিলেন তখন আমাদের একটা কা ধার্য ছিল—এখন একটা ডায়েটের স্কেল ধার্য আছে। তার বি. সি. গাঙ্গুলী সম্বন্ধে বলা য়ছে। বি. সি. গাঙ্গুলী একজন বলিষ্ঠ কর্মচারী এবং তাঁর সম্বন্ধে কিছু গোপন কথা নয়, বার একটা অনুসন্ধান হয়েছিল—একটু সন্দেহ হয়েছিল বলে। কিছু দিনের জন্য তাঁর মোসন বন্ধ ছিল—তারপর তিনি খুব ভালভাবে কাজ করেছেন এবং স্বর্গীয় বিধান চন্দ্র া থাকা অবস্থায় যে কাজে তিনি উপযুক্ত সেই কাজেই রাখা হয়েছে। একজন মাননীয় স্য বললেন যে মহাশয়, আপনারা সকলকে কমিশনার করে দিচ্ছেন—এগ্রিকালচার্যাল মিশনার, ফাইন্যান্স কমিশনার, ডেভেলপমেণ্ট কমিশনার করে দিচ্ছেন। এই কমিশনার ার জন্য যে আমরা খুব বেশী টাকা দিচ্ছি তা নয়। আমরা তাদের কমিশনার করছি কেন া বোঝা দরকার। যখন আমাদের ৩০ কোটি টাকা খরচ করতে হোত তখন ফাইন্যান্স ক্রেটারীর যে কাজ বা দায়িত্ব ছিল আজকে যেখানে আমাদের ক্যাপিটেল এবং রেভিনিউ ০ কোটি টাকা খরচ করি আমরা তো সেখানে মনে করি নিশ্চয় কমিশনার হওয়া উচিত। কে আমাদের এই সমস্ত সরকারী কর্মচারীদের দায়িত্ব যেভাবে বাড়ছে তাদের কাজের চাপ াবে বাড়ছে তাতে নিশ্চয়ই করবো। একজন মাননীয় সদস্য বললেন যে মহাশয়, তারা করেন? আমি জানি আমাদের যারা সেক্রেটারী তিনি চীফ সেক্রেটারীই হোন বা অন্য ক্রেটারীই হোন, বা ডেভেলপমেণ্ট কমিশনারই হোন—তাঁদের বাঁধা ধরা কোন নিয়ম নেই, াদের শ্রম মন্ত্রীর নিয়ম অনুসারে তাঁরা কাজ করেন না। কেউ ১০ ঘণ্টা কাজ করেন কেউ ঘণ্টা, কেউ ১২ গ ঘণ্টা কাজ করেন। আমার সঙ্গে যাঁরা কাজ করেন তাঁদের সম্বন্ধে

The following cut motions were taken as moved :—

Shri Jyoti Basu: That the demand be reduced to Re.1.

Shri Bhakti Bhusan Mandal: That the demand be reduced to Re. 1.

Shri Benoy Krishna Chowdhury: That the demand be reduced to Re. 1

Shri Hemanta Kumar Basu: That the demand be reduced to Re. 1.

Shri Nikhil Das: That the demand be reduced to Re. 1.

Shri Nani Bhattacharjee: That the demand be reduced to Re. 1.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: That the demand be reduce to Re. 1.

Shri Sudhir Chandra Das: That the demand be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced to Re. 1.

Shri Nathaniel Murmu: That the demand be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch: That the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: That the demand be reduced to Re. 1.

Shri Tarapada Dey: That the demand be reduced to Re. 1.

Shri Sreemohan Thakur: That the demand be reduced to Re. 1.

Shri Kandru Majhi. That the demand be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar: That the demand be reduced to Re. 1.

Shri Sambhu Charan Ghosh: That the demand be reduced by Rs. 100

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced by Rs. 100

Shri Tarun Kumar Sen Gupta: That the demand be reduced by Rs. 100

Dr. Radhanath Chattoraj: That the demand be reduced by Rs. 100.

Shri Nagen Dolui: That the demand be reduced by Rs. 100.

Shri Aswini Roy: That the demand be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: That the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

Shri Sudhir Chandra Das: That the demand be reduced by Rs. 100.

Shri Mrigendra Bhattacharyya: That the demand be reduced by Rs. 100.

Grant No. 24

Shri Jyoti Basu: That the demand be reduced to Re. 1.

Shri Nani Bhattacharjee: That the demand be reduced to Re. 1.

Shri Nathaniel Murmu: That the demand be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch: That the demand be reduced to Re. 1.

Shri Monoranjan Roy: That the demand be reduced to Re. 1.

Shri Amarendra Nath Basu: That the demand be reduced to Re. 1.

Shri Narayandas Das: That the demand be reduced to Re. 1.

Shri Kandru Majhi: That the demand be reduced to Re. 1.

Dr. Narayan Chandra Roy: That the demand be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha: That the demand be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal: That the demand be reduced to Re. 1.

Shri Nikhil Das: That the demand be reduced to Re. 1.

Shri Sambhu Charan Ghosh: That the demand be reduced by Rs. 100.

Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri: That the demand be reduced by Rs. 100.

Shri Aswini Roy: That the demand be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu: That the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100.

Dr. Abu Asad Mohamma Obaidul Ghani: That the demand be reduced by Rs. 100.

Shri Narayandas Das:

মিঃ স্পীকার, স্যার, একটু আগে আমাদের সামনে মন্ত্রীমহাশয় ব্যয়-বরাদ্দের জন্য যে লম্বা ফিরিস্তি রাখলেন আমি তাঁর বক্তৃতা খুব ভালভাবে শুনেছি, তাতে দেখেছি তাঁরা কতকগুলি টাকা খরচ করবার জন্য বিভিন্ন প্রকল্পের নাম করেছেন এবং প্রত্যেক বছর তাঁরা হয়ত এই সমস্ত টাকা পুরোই খরচ করেন কিন্তু আমরা বিশেষ করে আমাদের দেশের লোকেরা দেখছেন যে কোটি কোটি টাকা খরচ করছেন বটে কিন্তু লোকের উপকার কিছু হচ্ছে না। আপনি বাজারে যান দেখবেন মাছ, দুধ ইত্যাদি যেগুলি নিত্যপ্রয়োজনীয় জিনিস সেগুলির অভাব কত ভয়াবহ এবং সেগুলি কোন সময়ে ঠিকমত কেউ পায় না। আমাদের শ্যামাদাসবাবু যখন বক্তৃতা দিলেন তখন শুনলাম যে আমাদের দেশে মাছের সরবরাহ নাকি অনেক ভাল হয়েছে। মিঃ স্পীকার,

স্যার, আপনি বাজারে গিয়ে দেখবেন মাছের যারা ক্রেতা তারা সকলে কেনবার মত মাছ পা কারণটা কি আমি জানি না। কেন না আমাদের সরকার বলছেন প্রতি বছর যে টাকা তাঁর করছেন সেটা করলে নাকি তাঁরা লক্ষ্যে পেঁছাতে পারবেন। ১৭ বছর ধরে কংগ্রেস দেশ শাসন করছেন, এই খাতে ব্যয়-বরাদ্দ ১৭ বছর ধরে চালু আছে, অথচ আমরা দেখছি উৎপাদনের ব্যাপারে সরকার এতটুকু অগ্রগতি লাভ করতে পারেন নি। বরং বলা যেতে মাছের উৎপাদন দিনের পর দিন কমছে। তাঁরা বলছেন মাছের যারা ক্রেতা তাদের সংখ্যা বেড়ে গেছে। কিন্তু আমরা জানি আগে মাছের যারা ক্রেতা ছিল তাদের অনেকের পয়সা মাছ কেনবার মত। কারণ, চাল, ডাল তেল ইত্যাদির দাম বেড়ে গেছে মাছের জন্য আর অ করে পয়সা যোগাড় করা অনেক পরিবারের পক্ষে সম্ভব নয়। সেজন্য মাছের ক্রেতা আগে ছিল সে দিক থেকে ধরলে দেখা যাবে অনেক কমেছে। মাছের সরবরাহ নেই বলে যেটুকু বাজারে আসে তা অগ্নিমূল্য হতে বাধ্য।

আপনি যে হিসেব দিচ্ছেন, তা কোথা থেকে পান জানি না। প্রত্যেকটা বাজারে যদি আ যান তাহলে দেখবেন যে সমস্ত লোক বাজার করতে যান, তার মধ্যে শতকরা ২৫।৩০ জন মাছ কিনতে যান ; আর বাকী লোকেরা মাছ কিনতে এগোয় না। সামান্য কিছু মধ্যবিত্ত বারের লোক সহরের মধ্যে যাদের কিছু পয়সা আছে, তারা মাছ কিনতে যায়। কিন্তু কিনতে গেলে দেখতে পাবেন—মাছের দাম অত্যন্ত বেশী। আপনি যে দাম বেঁধে দিয়ে সেই বাঁধা দামের চেয়েও বেশী দামে মাছ বিক্রী হয়। আপনাদের বাঁধা দাম হচ্ছে আড়াই টা তিন টাকা। আসলে ৪।৫ টাকা দামে পোনা মাছ বিক্রী হয়, আমি মাছের বেপারীদের দিচ্ছি না—তারা বলে যেহেতু মাছের সরবরাহ কম, সেহেতু মাছের দাম বেড়ে চলেছে। মা দাম আপনারা কমাতে পারবেন না। যেহেতু মাছের সরবরাহ বাড়াবার জন্য আপনাদের ব্যবস্থা নাই, কোন ব্যবস্থা আপনারা আজ পর্যন্ত করতে পারেন নি। সেইজন্য বলছি বাজ অন্যান্য জিনিসের দাম যেমন বেড়ে যাচ্ছে, মাছের দামও তেমনি বেড়ে যাবে—তা ঠেকাবার ব্যবস্থা আপনার নাই। মাছের উৎপাদন বাড়াবার জন্য যে সমস্ত প্রকল্পের কথা আপনি ঘো করলেন, তাতে কত কি হয়েছে তার হিসেবও আপনি পেশ করেছেন। কিন্তু আমরা জ প্রকল্পগুলির মধ্যে যেটা বিশেষ বিশেষ লক্ষণীয়—তার একটা হচ্ছে ডিপ সী ফিসিং—গভ সমুদ্রের মধ্য থেকে মাছ ধরে আনবার ব্যবস্থা ; আর একটা হচ্ছে ট্যাঙ্ক ফিসারী—পুকুরে মা চাষের ব্যবস্থা করা হবে। আর একটা হচ্ছে ভেড়ী—সেখানেও মাছের চাষের ব্যবস্থা করা হ আপনি জানেন স্যার, এই ডিপ সী ফিসিং-এর ব্যাপারে সরকারের কি অবহেলা দেখিয়েছে তা তাঁদের হিসেবে আমরা পেয়েছি। এদের যে ট্রলার দেওয়া হয়েছিল জাপান থেকে- অকেজো হয়ে পড়েছিল কয়েক বছর। কোন কাজে লাগান যায়নি, গত বছর সেই ট্রলার দামের চেয়ে কম দামে বিক্রী করে দিলেন তাঁরা। শ্যামাদাসবাবু একটু আগে বললেন যে জাহাজ ব্যবস্থা করা হয়েছে। এতে ঠিক কি তিনি বুঝিয়ে বলতে চেয়েছেন—বললেন না, আমর বুঝতে পারলাম না। কি সেই জাহাজ, কোথায় নামাচ্ছেন, কোথায় মাছ ধরার ব্যবস্থা করে তা বললেন না। জানি না—জাহাজ কি রকম হবে—কোথায় রয়েছে এবং যান্ত্রিক নৌকার যে ব বললেন—সেগুলিই বা কোন্ জায়গায় রয়েছে? কি তাঁদের পরিকল্পনা আছে, মাছ ধরবার ব্যবস্থা আছে—তা তিনি পরিষ্কার করে বললেন না। ডিপ সী ফিশিং মারফৎ কত লক্ষ বা কুইন্ট্যাল মাছ পেতে পারবো—সে সম্বন্ধে তিনি হিসেব দিতে পারেন নি বা রাখেন ডিপ সী ফিশিং একটা বিরাট ব্যাপার। কাজেই এর মধ্যে বিরাট গণ্ডগোলও আছে, তা বে দিন কার্যকরী করা যাবে না। সেইজন্য ডিপ সী ফিশিং যে প্রকল্পের কথা বলছেন সেটা কা করী করা কঠিন। তা নিজেরাও জানেন। সেইজন্য তিনি পরিষ্কার করে সে সম্বন্ধে কিছু বলে না।

আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হলো ভেড়িগু বিশেষ করে ২৪-পরগণা জেলার মধ্যে দেখবেন প্রকাণ্ড প্রকাণ্ড ভেড়ি রয়েছে। সেখানে আ প্রচুর মাছ উৎপন্ন হতো। তা কলকাতার বাজারে আসতো এবং কলকাতার ক্রেতারা সেই ম কিনে খেতে পারতো। সেই ভেড়িগুলির ব্যাপারে সরকারী দপ্তর এবং কিছু কিছু কংগ্রে মাতব্বররা তার মধ্যে আমাদের মন্ত্রীদেরও খোঁজ পাওয়া যাবে। এখানে এরা এমন পাপচ সৃষ্টি করেছে যার ফলে মাছের ব্যবসায়ে দুর্নীতি মাসের পর মাস বাসা বাঁধতে আরম্ভ করেছে

বহু দাবী, বহু চিৎকার, বহু বিক্ষোভের পরে আমরা এবার শুনছি সরকার ভেড়ি হাতে নিতে যাবে অ্যাকুইজিশান করবে, রিকুইজিশান করবে। এস্টেটস এ্যাকুইজিশান-এ ভেড়িগুলি বাদ দেওয়া হয়েছিল। এখন তা বলছে ভেড়িগুলি দখল করতে যাব। যে বড় বড় জায়গা রয়েছে যেখানে মাছের চাষ করা যায়, তা দখল করতে যাব এবং তা সরকারী নিয়ন্ত্রণে পরিচালিত করবো ইত্যাদি। এই সমস্ত প্রকল্পের এখন লক্ষ্য ঘোষণা করছেন। কেননা আজ ১৪ বছর ধরে দেখছি ওখানে বাস্তুঘুঘুর দল বাসা বেঁধে রয়েছে। হয়ত কোনদিন ঐ বীরেন মিত্র ও বিজু পট্টনায়কের মত তা ফাঁস করে দেবে। সেইজন্য তাঁরা ভাবছেন। এই সমস্ত বাংলিং ও দুর্নীতি বহু দিন ধরে চলে আসছে। তা এখন ঢাকা দেবার জন্য তারা খুব চেষ্টা করছে। কিন্তু তারা মাছের উৎপাদন বাড়াবার দিকে যাচ্ছেন না। সেইজন্য আমি মনে করি তাঁরা কোনদিনও মাছের উৎপাদন করবেন না বা করতে পারবেন না।

[2-30—2-40 p.m.]

সেইজন্য, মিষ্টার স্পীকার স্যার, এই ভেড়ী ইত্যাদি সম্পর্কে তাঁদের যা নীতি, সেই নীতি নিয়ে তাঁরা এখানে বিল পেশ করলেন না। তাঁরা যা বিলে রেখেছেন সেগুলি আমরা পরে জানতে পারবো। তা ছাড়া, আমরা বলছি, ভেড়ীগুলো তাঁরা দখল করবেন না। যদিও করেন তাহলে তাঁরা যেভাবে পরিচালনা করবেন তাতে করে তাঁরা পার্টির স্বার্থে বা দল গড়ার জন্য একটা চক্রান্ত মাত্রই করবেন, তা ছাড়া অন্য কিছুই করতে পারবেন না। মাছের বাজারে—বাঙ্গালী ক্রেতারা যাঁরা মাছ খান তাঁদের উপকার হবে এমন কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি বা ভবিষ্যতে হবে বলেও মনে হয়না। তারপর, ট্যাঙ্ক ফিশারী প্রকল্পের কথা ও'রা ঘোষণা করেছেন। গ্রামে যে সমস্ত জায়গায় পুকুর, ডোবা বা ছোটখাট খাল আছে সেখানে মাছ চাষের উন্নতির জন্য এক প্রকল্পের কথা এখানে শুনছি। তাছাড়া এ প্রকল্পের অনেক কাজও এ'রা করে এসেছেন। কিন্তু গ্রামে যাঁর পুকুর আছে, সেইরকম লোক যদি মাছের উৎপাদন বাড়াবার জন্য ফিসারী ডিপার্টমেন্ট থেকে এ বছরে ঋণ নেবার চেষ্টা করে, তাহলে ২ বছর লাগবে সেই ঋণ পেতে। আর তার যদি ১ হাজার টাকার দরকার হয় তাহলে সে হয়ত ২ বছর বাদে ৫০০ টাকা পাবে। এই যে ঋণ পেতে দেরী হবে, এ ২ বছর সে তার পুকুরে মাছের চাষ করতে পারবে না, বা করবার মত কোন অবস্থা সৃষ্টি করতে পারবেন না। ফলে বাধ্য হয়ে তাকে মাছের যারা মহাজন, তাদের কাছ থেকে ঋণ নিতে হয়, এবং ছোট ছোট মাছ যা উৎপন্ন করতে পারে তা থেকেই তাকে বাঁচতে হয়। কাজেই, মাছের উৎপাদন বৃদ্ধির জন্য গ্রামের লোক তারা নিজেদের পুকুরে নিজে চাষ করবার ব্যবস্থা থেকে বঞ্চিত হয়। তাছাড়া সরকারী সাহায্য তাদের প্রচুর পরিমাণে বা যথেষ্ট পরিমাণে দেওয়া হয় না, সেইজন্য মাছের উৎপাদন বাড়ে না। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে মৎস্য খাতের ব্যয়বরাদ্দের বাজেট ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ মিনিস্টার একটু আগে উত্থাপন করলেন। কারণ যাঁর বাজেট, তিনি হাউসে উপস্থিত না থাকাতে তাঁকেই উত্থাপন করতে হল। যদিও, যাঁর বাজেট তিনি থাকলে সুবিধা হত, কারণ অনেকগুলো কথা বলার ছিল, তবুও যিনি রিপ্রেজেন্ট করছেন তার কাছেই আমার বক্তব্য রাখছি। প্রথম আমি এই মৎস্য দপ্তরে কি অযোগ্যতা এবং কতখানি অপদার্থতা সে বিষয়ে বলব। এই দপ্তর এমন একটি দপ্তর, যেখানে সরকারের তরফ থেকে প্রচুর পরিমাণে টাকা দেওয়া হয় যাতে দেশে মাছের যে চাহিদা, সেটা যোগান দেওয়া সম্ভব হয়। সেই জন্য প্রচুর পরিমাণে আমরা এখান থেকে ব্যয়বরাদ্দ নির্দিষ্ট করে দিয়েছি। তাছাড়া প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও আমরা প্রচুর টাকা তাঁদের দিয়েছি, যাতে মাছের যোগান খানিকটা বাড়ানো যায়। কিন্তু প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে আজ পর্যন্ত এই দপ্তর পরিকল্পনাগুলি রূপায়ণ কিভাবে করেছেন বা বাজেটের টাকা কিভাবে ব্যয় করেছেন, তার একটা হিসাব খতিয়ে দেখলে দেখা যাবে যে, একদিকে যেমন এই দপ্তর সব টাকা ব্যয় করতে পারেননি, মাছের উৎপাদন বাড়াতে পারেননি, অন্য দিকে সর্বক্ষেত্রে নিজেদের অকর্মণ্যতা এত বেশী দেখিয়েছেন যে, আজকে

এই দপ্তর রাখবার কোন যৌক্তিকতা আছে কিনা সে বিষয়ে সন্দেহ দেখা দিয়েছে। প্রথম বার্ষিকী পরিকল্পনাতে ৭১০·৮৬ লক্ষ টাকা ধার্য্য করা হয়েছিল মৎস্য—ফিসারীজ উন্ন জন্য। কিন্তু আমরা দেখেছি সেই টাকা তাঁরা খরচ করতে পারলেন না। ৭১ লক্ষ টাকার মধে লক্ষ টাকা খরচ হল না। মিষ্টার স্পীকার স্যার, যিনি এই বরাদ্দ মুভ করলেন, তিনিও উপস্থিত থাকেন তাহলে আমাদের বলার সুবিধা হয়, কিন্তু তিনিও এখান থেকে সরে পড় ফজরুল রহমানও এখানে নেই। তাহলে আমরা কার কাছে বক্তব্য রাখবো?

Dr. Kanai Lal Bhattacharya :

মিষ্টার স্পীকার স্যার, এরকম একটা ফার্স করে কি হবে? একে মৎস্যমন্ত্রী নেই, তার যিনি গ্র্যান্টটা মুভ করলেন তিনি চলে গেলেন।

Mr. Speaker :

আপনারা জানেন মৎস্য মন্ত্রী মহাশয় হাসপাতালে আছেন।

Dr. Kanai Lal Bhattacharya :

মিষ্টার স্পীকার স্যার, যিনি গ্র্যান্টটা মুভ করলেন তিনিও নেই, আর একজন গ্র্যান্ট করেছেন এ্যানিমেল হাজবেণ্ড্রি। তিনি সে বিষয়ে জবাব দিতে পারেন। কিন্তু ফিসারী সম্বন্ধে কথাগুলি বলা হচ্ছে তিনি যদি না থাকেন তাহলে জবাব কে দেবেন?

Shri Apurba Lal Majumdar :

স্যার, এভাবে ঠিক চলতে পারে না।

Mr. Speaker :

ডাঃ ভট্টাচার্য, আপনি জানেন ও'দের ঘরে মাইক-এর সিস্টেম আছে।
According to practice, any responsible Cabinet Minister takes notes.

Shri Kamal Kanti Guha:

তাহলে স্যার, এত খরচ করে লাভ নেই, আমাদের ঘরেও একটা করে মাইক্রোফোন দিয়ে দেব আমরা ওখান থেকে বলব, আর ও'রা ঘরে বসে শুনবেন।

Mr. Speaker :

সেটা হলে ভালো হয়। আমার বাড়ীতেও একটা থাকবে। সেইরকম সিস্টেম যখন হবে ত দেখা যাবে।

Shri Jyoti Basu:

মিঃ স্পীকার, স্যার, আপনি যেটা বললেন সেটা ঠিক নয়। সাম্প্রতিককালে পার্লামেন্টে এ নি অনেক ঘটনা ঘটে যাচ্ছে। সেখানেও এই রকম হয়েছে—আজকে যেমন হয়েছে, মন্ত্রী কোথ উধাও হয়ে গেছেন। তারপরেই এই প্রশ্ন উঠেছে এবং প্রধানমন্ত্রী সহ এবং অন্যান্য মন্ত্রী বক্তৃতা শোনার জন্য হাজির থাকতে হয়েছে। কিন্তু আমরা সেকথা বলছি না যে মুখ্যমন্ এখানে এসে বক্তৃতা শোনার জন্য বসে থাকুন। আমরা বলছি যিনি গ্র্যান্ট-টা মুভ করেছে তাঁর অন্ততঃ থাকা দরকার। তিনি কোথায়? যদি ঘরে বসে তিনি শোনেন তাহলে এখা বসেও তো শুনতে পারেন। আর যদি অন্য কাজে ব্যস্ত থাকেন, অন্য কাউকে নোট নি বলেন তাহলে আলাদা কথা।

Mr. Speaker :

মিঃ বাসু, আমাদের হাউসে যেটা হয় সেটাই আমি বলেছি। আমি কাগজে পড়েছি যে লোকসভাতে আমাদের স্পীকার বলেছিলেন, শুধু একজন নয়, কয়েকজন মন্ত্রী থাকা প্রয়োজন। কিন্তু আমাদের যেটা দেখেছি আমি সেটাই বলেছি।

(At this stage Shri Syamadas Bhattacharya entered the chamber)

Shri Jyoti Basu:

স্পীকার মহোদয়, এটা তো বাঞ্ছনীয় নয়। আমরা বার বার এর বিরুদ্ধে প্রতিবাদ করেছি, মন্ত্রী মহাশয়ও নিশ্চয়ই একথা স্বীকার করবেন। আর এটা ঠিক যে এখানে উপস্থিত থাকা দরকার। তা না হলে ঘরে বসে আড্ডা মারবেন বা কোথাও চলে যাবেন এটা তো হতে পারে না।

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় স্পীকার মহাশয়, আমি মোটেই আড্ডা দিচ্ছিলাম না, সমস্ত কথা মনোযোগ সহকারে শুনছিলাম এবং প্রয়োজন বোধে নোট নিচ্ছিলাম।

Shri Apurba Lal Majumdar :

মাননীয় স্পীকার মহোদয়, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে যে টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছিল, তার মধ্যে ১৫ লক্ষ টাকা এ'রা মৎস্য উৎপাদনের জন্য বা উন্নয়নের জন্য ব্যয় করতে পারেন নি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার হিসাব যদি আমরা দেখি, তাহলে দেখবো যে অবস্থা আরো সাংঘাতিক। সেখানে মোট ৭৫·৭৪ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছিল। কিন্তু আমাদের এই দপ্তরের এমনি যোগ্যতা যে প্রায় ৫০ লক্ষ টাকা তাঁরা ব্যয় করতে পারলেন না। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যদিও মাত্র ৭৫ লক্ষ টাকা এই দপ্তরের উন্নয়নের জন্য ধরা হয়েছিল, তবুও যাঁরা এই দপ্তরের কর্ণধার তাঁদের যোগ্যতায় কুললো না তার ২৫ ভাগ ব্যয় করে দেশের মৎস্য উৎপাদনকে আরো তরান্বিত করা। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার দিকে আমরা যদি তাকিয়ে দেখি তাহলে আমরা দেখবো যে একই অবস্থা, ২ কোটি টাকা উন্নয়নের জন্য ধরা হয়েছিল। গত বছর যতটাকা ধরা হয়েছিল--যেখানে বাজেট এস্টিমেট দেখেছি ১৯৬৪-৬৫ সালে এই বাবদ ৮৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছিল। কিন্তু রিভাইজড্ বাজেট-এ দেখছি ৫৫ লক্ষ টাকায় এসে দাঁড়িয়েছে। অর্থাৎ ৩০ লক্ষ টাকা এই দপ্তর খরচ করতে পারেননি ফেরৎ দিয়েছেন।

[2-40—2-50]

দেশের মানুষ যখন মাছ পাচ্ছেনা চীৎকার করছে, তখন এই দপ্তরের এতখানি অকর্মণ্যতা অপদার্থতা যে গত বছর ৩০ লক্ষ টাকা ব্যয় করতে পারেননি। তেমনি এ বছর ধরেছেন অনেকগুলি টাকা। আমি জানি যে গতবারের মত এবারেও রিভাইজড্ বাজেট পাব এবং তাতে দেখতে পাব প্রায় ৩০ লক্ষ টাকা খরচ হয়নি। যদি দেখি সমস্ত টাকা এ বছর যা ধরেছেন উন্নয়ন প্রকল্পে ব্যয় করেছেন, যদি করতে পারেনও তাহলেও তৃতীয় পরিকল্পনার আমলে এই দপ্তরের ব্যয় বরাদ্দের জন্য যে টাকা চেয়েছিলেন, সেই টাকা তাঁরা ব্যয় করতে পাচ্ছেন না, অর্থাৎ টাকা প্রচুর থাকা সত্বেও প্রথম দ্বিতীয় এবং তৃতীয় পরিকল্পনার আমলে এই দপ্তর সেই টাকা ব্যয় করেও দেশের মৎস্য উৎপাদন-ব্যবস্থা মোটেই বাড়াতে পারেন নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের কাছে মাছ যে শুধু একান্ত প্রয়োজনীয় তা নয়, আমাদের খাদ্য তালিকায় একটা অপরিহার্য অংগও বটে, কিন্তু প্রচুর পরিমাণে অর্থ দেওয়া সত্বেও এবং হাতে টাকা দেওয়া সত্বেও যদি সেই টাকা সদ্ব্যবহার করে যদি মাছের উৎপাদন না বাড়াতে পারেন, তাহলে এই দপ্তর রেখে কি লাভ হবে? আমার মনে হয় এ সমস্ত পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিশ্লেষণ করে—প্রথম থেকে আজ পর্যন্ত দেখছি এই দপ্তর রাখার কোন যুক্তি নাই। কারণ কলকাতায় মাছের চাহিদা কত আমরা যদি তার মোটামুটি হিসাব দেখি তাহলে আমরা দেখবো যে শতকরা ৮০ জন পশ্চিম বাংলার লোককে যদি মৎস্যভোজী হিসাবে ধরে নিই তাহলে দেখবো মাথা পিছু এক ছটাক

minimum nutritional requirement
হিসাবে ধরি তাহলে আমাদের ৬ লক্ষ টনের উপর মাছের দরকার হয়। কিন্তু এই মাছ বাইরে থেকে এবং আভ্যন্তরীণ থেকে কত মাছ আসছে? ৪ লক্ষ টনের সামান্য বেশী মাছ পশ্চিমবঙ্গে আসছে এবং এই যে ২ লক্ষ টন মাছ প্রতি বছর শর্টেজ, ঘাটতি দেখতে পাই, এটা পূরণের জন্য এই দপ্তর থেকে কোন রকম প্রকল্প আজও দেশের সামনে রাখেননি। কলকাতার কথা যদি ধরি বৃহত্তর কলকাতায় যদি মোটামুটি ৫০ লক্ষ লোকও মৎস্যভোজী হিসাবে ধরে নিই, তাহলে ১ ছটাক করে মাথা পিছু ধরলে আমাদের যা প্রয়োজন ১ লক্ষ টনের কাছাকাছি কি সামান্য কিছু বেশী দরকার, এখানে আসছে পশ্চিমবঙ্গের আভ্যন্তরীণ উৎপাদিত মৎস্য থেকে এবং বাইরে থেকে যা আসছে তা হচ্ছে ৫০ পার সেণ্ট মাত্র। এখন এই যে বিরাট শর্টেজ পশ্চিম বাংলার ভিত্তিতে, প্রায় ২ লক্ষ টনের যে শর্টেজ কলকাতা সহর এবং বৃহত্তর কলকাতা সহরের যে বিরাট শর্টেজ এই ঘাটতি পূরণ কি করে হবে এখন পর্যন্ত তার নমুনা এই দপ্তরের কাছে আমরা দেখছি না। আমাদের এ বিষয়ে চিন্তা করা উচিত। মাছের জন্য পূর্ব পাকিস্তান এবং বাংলাদেশের বাইরে থেকে অন্যান্য রাজ্যের উপর নির্ভর করে আছি, বাংলাদেশের যা প্রয়োজন তার ৫০ ভাগ মধ্যপ্রদেশ এবং অন্যান্য জায়গা থেকে নিয়ে আসছি, ৩০ ভাগ পূর্ব পাকিস্তান থেকে নিয়ে আসছি, যার জন্য প্রতি বছর ৫.৬ কোটি টাকা বিদেশী মুদ্রা পাকিস্তানের হাতে তুলে দিচ্ছি, মূল্যবান বিদেশী মুদ্রা পাকিস্তানের হাতে তুলে দিচ্ছি প্রথম দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, আমাদের যে টাকা বরাদ্দ আছে সেই টাকা যদি ঠিকভাবে ব্যয় করতাম তাহলে অন্ততঃ ৫.৬ কোটি বিদেশী মুদ্রা সেভ্‌ড হত। কিন্তু এই দপ্তরের ভারপ্রাপ্ত কর্মচারী এবং মন্ত্রী যিনি, তাঁদের কাছ থেকে এই ১৫ বছরের মধ্যে এমন কোন সিরিয়াস এটেম্পট দেখালাম না যাতে এই ৫.৬ কোটি বিদেশী মুদ্রা বাঁচতে পারে। যদি তা করতেন তা হলে আমাদের আর্থিক অবস্থার সংকট, পূর্ব পাকিস্তানের উপর ৩০ ভাগ মাছের জন্য নির্ভরশীলতা যেমন কমতে পারত, তেমনি অন্য রাজ্য থেকে প্রচুর পরিমাণে মাছ এনে আমাদের আর্থিক অবস্থার উন্নয়ন করা যেত, সেজন্য যে পরিকল্পনা কার্যকরী করা উচিত ছিল তা আপনারা করতে পারেননি। মাছের দর অবশ্য বেঁধে দেওয়া হয়েছে কিন্তু মাছের দর বেঁধে দিয়ে আপনারা সমস্যার সমাধান করতে কি পেরেছেন? আমরা দেখছি পূর্ববঙ্গ থেকে প্রায় ৩ লক্ষাধিক মৎস্য-জীবী এদেশে এসেছে, সেই মৎস্যজীবীদের আজন্ম যে অভিজ্ঞতা, যা আমাদের একটা অমূল্য সম্পদ ছিল, সেই অমূল্য সম্পদকে আমরা নিয়োজিত করতে পারিনি, মৎস্য উৎপাদনের ক্ষেত্রে সেই ৩ লক্ষ পূর্ববঙ্গের মৎস্যজীবীকে কাজে লাগাতে পারিনি এবং তা না লাগাবার জন্য আমরা দেখছি যে মৎস্যজীবীরা এসে প্রচুর পরিমাণে মৎস্য উৎপাদন করে পশ্চিম বাংলাকে স্বয়ং সম্পূর্ণ করতে পারত তা করতে পারিনি, মৎস্য উৎপাদন যেমন বাড়েনি তেমনি সেই উদ্বাস্তুদের বাঁচাতে পারিনি এবং পশ্চিমবাংলার মৎস্য সংকট সমাধানের পথে এগুতে পারিনি। আমরা দেখছি যে আমাদের দেশে পশ্চিম বাংলায় প্রচুর পরিমাণে জমি পড়ে আছে, আমরা সেই জমিকে কাজে লাগাতে পারি, মোটামুটি পশ্চিম বাংলার হিসাবে দেখা যায় এখনও পর্যন্ত অব্যবহৃত মৎস্য চাষযোগ্য ৩ লক্ষ একর জমি পড়ে আছে, সেখানে ৫০ পার সেণ্ট বাদ দিয়ে, মাত্র দেড় লক্ষ একরও ধরি এবং তার উন্নয়নের ব্যবস্থা করি, তাহলে আমরা একর পিছু ৯ মণ অতি সহজে উৎপাদন করা সম্ভব এবং একর প্রতি ৯ মণ করে মাছ যদি ফলাতে পারি তাহলে দেড় লক্ষ একর জমিতে আমরা সাড়ে তের লক্ষ মণ মাছ আমরা পশ্চিম বাংলায় বেশী উৎপাদন করতে পারি, অর্থাৎ দৈনিক ৩৭৫০ মণ মাছ আমাদের দেশে উৎপাদন সম্ভব হয়। আমাদের যে অব্যবহৃত জলাভূমি পড়ে আছে সেগুলি যদি উন্নয়নের ব্যবস্থা করে মৎস্য চাষের ব্যবস্থা করি তাহলে সেটা আমরা করতে পারি, কিন্তু সেগুলি আমরা যেমন করতে পারিনি সেই সঙ্গে সঙ্গে বহু লোকের যে কর্মসংস্থান-এর ব্যবস্থা হতে পারত তাও আমাদের পক্ষে সম্ভবপর হয়নি। এখন সরকার মাছের দর বেঁধে দিয়েছেন একথা যেমন ঠিক সেই সঙ্গে পাইকারী এবং খুচরা দর বেঁধে দিয়ে যদি সরবরাহের ব্যবস্থা না করতে পারেন, আভ্যন্তরীণ মাছের উৎপাদন ব্যবস্থা বাড়াতে না পারেন, শুধু দর বাঁধলেই মাছের সমস্যার সমাধান হবে না। সেদিকে নজর না দিয়ে আমরা দেখতে পাচ্ছি এ্যাণ্টি প্রফিটিয়ারিং এ্যাক্ট অনুসারে মাছের দর বেঁধে দেওয়ার সঙ্গে সঙ্গে কলকাতা এবং হাওড়া থেকে মাছ উধাও হয়ে গেল। মফঃস্বল এলেকায় খুচরা ব্যবসায়ীদের উপর সেই আইন চালু হয়নি, সেই আইন এক্সিকিউট করা হয়নি, না করার ফলে আমরা দেখতে পাচ্ছি কলকাতা সহরে মাছ আসছে না হাওড়া এবং বৃহত্তর কলকাতায় মাছ আসছে না, বাইরে

চলে যাচ্ছে এবং সেখানে নূতন করে ব্যবসা ফেঁদে কলকাতা এবং হাওড়ার যে বৃহত্তর শিল্পাঞ্চল-এর সমস্যা তাকে আরও তীব্রতর করে তুলছে। এই অবস্থার সামনে গভর্নমেণ্ট চেষ্টা করে-ছিলেন আমদানী ব্যবস্থা স্বহস্তে গ্রহণ করতে পারেন কিনা। কিন্তু বাইরে থেকে মাছ আমদানী এবং আভ্যন্তরীণ প্রকল্পগুলিকে কার্যকরী না করার ফলে এই অবস্থার সূত্রপাত হয়েছে। যদি মাছের পাইকারী ব্যবসায়ীরা বাইরে থেকে মাছ আমদানী করার দায়িত্ব গ্রহণ করতে পারতেন, তাহলে হয়ত এই অবস্থা হতনা কিন্তু এই দপ্তরের এতখানি অযোগ্যতা যে এ বিষয়ে তারা এগুতে পারেনি। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে পশ্চিমবঙ্গ সরকার যে সব প্রকল্পগুলি কার্যকরী করার চেষ্টা করেছিলেন মৎস্য সরবরাহের ব্যাপারে সেই সব পরিকল্পনাগুলি কার্যকরী করতে পারেননি, যেমন একথা আগেই বলা হয়েছে, আমাদের অন্য বক্তা বলেছেন, গভীর সমুদ্রে মৎস্য ধরা সম্বন্ধে আমি বক্তব্য রাখতে চাইনা, কারণ গভর্নমেণ্ট ইতিমধ্যেই কতকগুলি প্রপোজাল ড্রপ করেছেন, ইতিমধ্যেই তাঁরা প্রায় সোয়া কোটি টাকা নষ্ট করেছেন, তারপরে যে সব পরিকল্পনা গ্রহণ করেছিলেন যেমন সুন্দরবনে সেণ্ট্রাল ফিশারীজ কো-অপারেটিভ সোসাইটি করে আমাদের ৬ থেকে ৭ লক্ষ টাকা সেখানে ব্যয় করা হল এবং ৬ থেকে ৭ লক্ষ টাকা ব্যয় করে কিছু মৎস্যজীবী উদ্বাস্তু পরিবারকে সেখানে নেওয়া হল কিন্তু কোন কাজ হলনা, সমস্ত পরিকল্পনা পরিত্যক্ত হল, ৬।৭ লক্ষ টাকা গভর্ণমেণ্টের খেসারত দিতে হল, টাকা নষ্ট হল, যে কয়েকশত উদ্বাস্তু পরিবারকে সেখানে নেওয়া হয়েছিল দ্বিতীয়বারের মত তারা উদ্বাস্তু হল।

[2-50—3 p.m.]

এর পর আমরা দেখছি ২৪-পরগণা সাদার্ন ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটি একটা করে-ছিলেন যার মধ্য দিয়ে সমবায় ব্যবস্থার মধ্য দিয়ে পাইকারী মাছ নিয়ে এসে আড়ৎদারী ব্যবসা নিজেদের হাতে তুলে নেবেন। সে আড়ৎদারী ব্যবসা করতে গিয়ে ২½ লক্ষ টাকা মূলধন দিলেন এবং এই মূলধন দিয়ে সাদার্ন ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটি করলেন। কোথায় গেল সে কো-অপারেটিভ সোসাইটি। গত এপ্রিল মাসে আপনারা এই আড়ৎদারী সুরু করেছিলেন যারপর গত কয়েক মাসের মধ্যে দেখা গেল আপনাদের ২½ লক্ষ টাকা গেছে এবং আড়ৎদারী ব্যবসা গেছে। মাঝখান থেকে কিছু টাকা অপব্যয় করা হল। মাঝে মাঝে এরূপ উদ্ভট পরি-কল্পনা এই দপ্তরের মাথায় আসে এবং সেইভাবে একটা উদ্ভট পরিকল্পনা খাড়া করেন এবং দেখা যায় কোন সময় ১ কোটি টাকার উপর কোন জায়গায় কয়েক লক্ষ টাকা নষ্ট করে এসব পরিকল্পনা থেকে তারা চলে আসেন। এবার তাঁরা ঠিক করলেন কল্যাণীতে একটা কিছু করা দরকার। কল্যাণীতে এরা একটা রিসার্চ ষ্টেসান করেছেন এই রিসার্চ ষ্টেসানের জন্য ১২ লক্ষ টাকার মত তাঁরা ব্যয় করছেন। কাজের মধ্যে এটুকুনী হয়েছে যে সেখানে একটা রোয়িং বোটের ব্যবস্থা করা হয়েছে এজন্য যে ডিপার্টমেণ্ট-এর কিছু কিছু লোক সেখানে মাসে মাসে যাবেন এবং বোটের মধ্যে করে তারা বেড়িয়ে আনন্দ উপভোগ করবেন। এইভাবে ১২ লক্ষ টাকা ব্যয় করে রিসার্চ ষ্টেসান করে টাকার অপচয় করে চলেছেন। এরকম তাঁরা একটা পিকনিক ষ্টেসান তাঁরা করতে পারেন কিন্তু জনসাধারণের টাকা নিয়ে এভাবে ছিনিমিনি খেলবার কি অধিকার তাদের আছে তা জিজ্ঞাসা করছি। কিছুদিন আগে দেখলাম ভারত সরকার চেষ্টা করেছিলেন একটা ফিশিং মার্কেটিং করপোরেসান তাঁরা করবেন। কোথায় গেল সে করপোরেসান। কথা হয়েছিল ভারত গভর্নমেণ্ট ৫১ পারসেণ্ট শেয়ার নেবেন পশ্চিম বাংলা ২৪ পারসেণ্ট শেয়ার নেবেন এবং অন্যান্য অঙ্গরাজ্যগুলি ২৫ পারসেণ্ট শেয়ার নেবেন। এখন বুঝতে পাচ্ছি এ প্রস্তাবও কার্যকরী করা হচ্ছে না। ইতিমধ্যে এই করপোরেসানের যিনি ডায়রেক্টার হয়েছিলেন মিঃ কুশারী তিনি এর আশা ত্যাগ করে দিয়েছেন। শুনতে পাচ্ছি এবার পশ্চিম বাংলার মৎস্য দপ্তর ঠিক করছেন যে একটা কোম্পানী করা যায় কিনা যার দ্বারা কিছু মাছের ব্যবসা করা যায় কিনা। গত ১৯৬৩ সালে হাওড়ায় সালখিয়ায় কিছু জমি একোয়ার তাঁরা করেছেন। ট্রাম কোম্পানীর জমি বহু অর্থ দিয়ে তারা একোয়ার করেছেন এখানে তারা কোল্ডষ্টোরেজ করবেন কয়েক লক্ষ টাকা ব্যয় করে। আমি জিজ্ঞাসা করি হাওড়া এবং কলকাতা সহরে মাছ রাখবার জন্য কোল্ডষ্টোরেজের কি দরকার আছে। ফ্রেজারগঞ্জ, দীঘা আছে যেখানে মাসে মাসে মাছ

পাওয়া যায় ডায়মণ্ডহারবার সেখান থেকে যাতে মাছ ঠাণ্ডা অবস্থায় নিয়ে আসা যায় তার ব্যবস্থা করুন। কলকাতা এবং হাওড়ায় যেখানে মাছের ঘাটতি আছে সেখানে হিমঘর করে মাছ রাখবা এই যে পরিকল্পনা এইসব পরিকল্পনা দেশের মানুষের কাছে হাসির উদ্রেক করে। আমাদে সবচেয়ে বেশী মাছ সাপ্লাই করে মধ্যপ্রদেশ। সেই মধ্যপ্রদেশে কোন ফিশিং ডাইরেক্টরেট নেই অর্থাৎ আমাদের এখানকার মত ফিশ্ দপ্তর বলে সেখানে কিছু নেই। কিন্তু ভারতবর্ষে সবচেয়ে বেশী মাছ উৎপন্ন হয় মধ্যপ্রদেশে। সেখান থেকে সবচেয়ে বেশী মাছ আসে পশ্চি বাংলায়। সেখানে ডাইরেক্টরেট বলে কিছু নেই। একজন ফিশারী ডাইরেক্টার আছেন তাঁ আণ্ডারে ডেভালাপমেণ্ট-এর একটা ছোট ব্রাঞ্চ আছে তারাই মাছের দেখাশুনা করেন। আমাদে এখানে ১২ লক্ষ টাকা প্রতি বৎসরে মাইনে এবং এস্ট্যাবলিশমেণ্টের জন্য খরচ করা হচ্ছে। এ ১২ লক্ষ টাকা খরচ করে আমরা হাতে কি পাচ্ছি। অথচ মধ্যপ্রদেশ যেখানে ফিশারী ডাইরেক্টরেট নেই ফিশারী ডিপার্টমেণ্ট নেই তা সত্বেও সেখানে প্রচুর পরিমাণে মাছ ভারতবর্ষে বিভি প্রদেশে তারা সাপ্লাই করছেন। আমাদের কল্যাণীতে ১২ লক্ষ টাকা ব্যয় করে ফিশিং রিসাচ ইনষ্টিটিউট করেছেন কিন্তু মধ্যপ্রদেশে রিসার্চ করার জন্য ইনষ্টিটিউট নেই। সেখানে ফিশি ডাইরেক্টরেট নেই তা সত্বেও তারা প্রচুর পরিমাণে মাছ উৎপন্ন করছে। এইভাবে ১২ লক্ষ টাক খরচা করে এদের কোন যুক্তি নেই এই টাকা দিয়ে মাছ কিনে গরীবদের খাওয়ালে ভাল হত প্রতি বৎসর ১২ লক্ষ টাকা খরচা করে অফিসার এবং ডাইরেক্টার তাঁরা পুষছেন। সবচেয়ে দুঃখের কথা যে ফিশারী ডাইরেক্টরেট কোন কাজ করতে পারেন না। এই বিভাগে তাঁরা এবছরে দেখছি ৫ জন আরো অফিসার বাড়িয়ে দিয়েছেন এবং মাথাভারী এ্যাডমিনিস্ট্রেসন করছেন।

এখানে আগে ১২ জন অফিসার ছিলেন ডাইরেক্টার ছাড়া এবার সেখানে দেখছি তারা আরো (জন বেশী গেজেটেড অফিসার নিয়োগ করেছেন। এইভাবে মাথাভারী করে কতকগুলি গেজেটেড অফিসার নিয়োগ করে এবং এ্যাডমিনিষ্ট্রেসানকে মাথাভারী করে দিয়ে লক্ষ লক্ষ টাক অপচয় করছেন। গত তিনটা পরিকল্পনার মধ্য দিয়েও তারা কিছু কাজ করতে পারেন নি সেইজন্য আমি বলছি এই ফিশারি ডিপার্টমেণ্ট তুলে দিয়ে সেই টাকায় মাছ কিনে দেশের লোককে খাওয়াবার ব্যবস্থা করুন—আজকে এর কোন একজিস্টেন্স নেই। তারপর দুধ সম্পর্কে বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করবো। আপনারা খাটাল কলকাতা থেকে তুলে দিয়ে ভালই করেছেন। কিন্তু খাটালগুলির মধ্য দিয়ে যে দুধ সাপ্লাই ছিল তার কোন বিকল্প ব্যবস্থা আপনারা করতে পারেন নি—তার কি ব্যবস্থা আপনারা করলেন তাই আমরা জানতে চাই। এই সংগে আপনাদের যে নটা সুরোভির দোকান আছে সেখানে সকাল নটা থেকে রাত আটটা পর্যন্ত কর্মচারীদের থাকতে হয় এবং তাঁরা মাসে মাত্র তিনদিন ছুটি পান। দোকান কর্মচারীদের ও সরকারী কর্মচারীদের যে সুযোগ আছে তা থেকেও আপনারা তাদের বঞ্চিত করছেন, আজ তাঁদের কেন এটা রেগুলারাইস করা হবে না সেটা আমি জানতে চাই। কেন ১২ ঘণ্টা করে তারা খাটবে এবং সপ্তাহে ১।২ দিন তারা ছুটি পাবেন না যেটা দোকান কর্মচারী এবং সরকারী কর্মচারীরা পান, আজকে সে সুযোগ থেকে কেন তাঁরা বঞ্চিত হবেন সেটা জানতে চাই। আজকে এই কথা বলেই আমি এই ব্যয় বরাদ্দের বিরোধীতা করছি।

Shri Aswani Roy:

স্যার আমি বাজেটের বিরোধিতা করবার জন্য বক্তব্য রাখছি। আমাদের মাননীয় শ্যামাদাসবাবু যে তথ্য দিয়ে গেলেন আমি জানিনা তিনি এই তথ্য কোথায় পেলেন, আমাদের যে কেন্দ্রীয় কো-অপারেটিভ ডেভলপমেণ্ট মিনিস্ট্রি আজ তার কাছ থেকে আমরা যে তথ্য পেয়েছি তার থেকে শ্যামাদাসবাবু আজ যে চিত্র দিলেন সে চিত্রে অন্য রকম দেখা যায়, ১৯৫৮ সালে যেখানে ১২ হাজার ৫০০ মণ মাছ বাংলাদেশে উৎপাদন হত আজকে ১৯৬২ সালে দেখা যাচ্ছে ৯ হাজার ৪০০ মণ, এই ৩ হাজার মণ কমে গেল এখানে আমাদের ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনার আর একটা কথা জানা হয়েছিল যে আমাদের এ বিষয়ে এ্যাকচুয়াল টু হেল্প কাদের হেল্প করেছিল আমাদের কো-অপারেটিভগুলিকে তারা যে ঋণ দিয়েছিল সে ঋণের কিছু হলনা, ৩য় পরিকল্পনায় আপনারা উন্নয়নমূলক কাজের একটা দৃষ্টিভঙ্গী নিয়েছেন, কিন্তু এখানে উন্নয়নমূলক কাজের কোন দৃষ্টিভঙ্গী নেই। সেখানে কতকগুলি ফিরিস্তি দিয়ে গেলেন তাতে গত ৩ বৎসরে

১৯৬১-৬২ সাল থেকে আরম্ভ করে ১৯৬৩-৬৪ সাল পর্যন্ত যে ব্যয় বরাদ্দ এখান থেকে হয়েছে তাতে ১ কোটী ২৪ লক্ষ ৯৯ হাজার টাকা বদলে খরচ করছেন ৯৭ লক্ষ টাকা। তার মানে ৩৫ লক্ষ টাকা মতন সাধারণ খরচ করতে পারেন না। এবার উন্নয়নের কথা যদি ধরা যায় তাহলে উন্নয়নের জন্য যেখানে ৮৮ লক্ষ ৯৫ হাজার টাকা বরাদ্দ করেছিলেন তার মধ্যে মাত্র ৫৩ লক্ষ টাকা খরচ করেছেন। তার মানে ৩৪ লক্ষ ২৬ হাজার টাকা উন্নয়ণ খাতে খরচ করতে পারেন নি। তাহলে ৩য় পঞ্চবার্ষিকি পরিকল্পনার ৩টা বৎসর তিনি যে, উন্নয়ণের কথা বললেন সে উন্নয়ণের ক্ষেত্রে যে টাকা বরাদ্দ ছিল সে টাকা খরচ করতে পারেন নি এবং এর ফল কি হয়েছে? ১৯৬২ সাল পর্যন্ত যদি দেখা যায় যে আমাদের দেশে একটা প্রসিদ্ধ ছিল, বাংলাদেশে গঙ্গায় কিছু অঞ্চলে অর্থাৎ রাজ মহল থেকে আরম্ভ করে মুর্শিদাবাদ পর্যন্ত এইসব জায়গায় এই সব ডিম বা পোনা হত—তা কলকাতা শহরে শুধু নয় সারা বাংলাদেশে মৎস্য বৃদ্ধি করেও সেগুলি অন্যান্য জায়গায় চালান যেত।

[3—3-10 p.m.]

এমন কি দেখা যাচ্ছে যে সিল্ক প্যাকেট টু জাপান—এই ধরণের পাঠানো হোত—এই সমস্ত পোনা এবং ডিম অন্যান্য রাজ্যে নিয়ে গিয়ে অন্যান্য রাজ্য এই কয় বছরের মধ্যে তাদের মাছের চাষ বৃদ্ধি করেছে। এবং তারা যে পন্থাতে বৃদ্ধি করেছে তাতে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট-এর বই থেকে পাওয়া যাচ্ছে যে অন্ধ্র, উড়িষ্যা, গুজরাট ইত্যাদি যে সমস্ত প্রদেশ আছে সেই প্রদেশে গভর্ণমেন্টের তরফ থেকে ঐ ডিম এবং পোনা মাছ উৎপাদনের জন্য তারা স্টেট ট্যাঙ্ক করেছে এবং সেই ট্যাঙ্ক থেকে প্রত্যেকটা ইউনিয়ন লেবেলে প্রত্যেকটা ব্লক লেবেলে তারা ট্যাঙ্ক তৈরী করেছে এবং পঞ্চায়েতের উপর দায়িত্ব দিয়েছে যে তোমাদের মাছ তৈরী করতে হবে—তার ফলে কি হয়েছে—১৯৫৮ সালে যেখানে দেখা যেতো অন্যান্য রাজ্য থেকে ১৮,৫০০ মণ মাছ আসতো ১৯৬২ সালে দেখা গেল সেখানে ২৪ হাজার ৯ শত মণ মাছ—অর্থাৎ ৬ হাজার মণ উৎপাদন বাড়লো। বাংলা দেশে মাছের ঘাটতি আছে সেজন্য পাকিস্তান থেকে মাছ আনতে হয়—আগে পাকিস্তান থেকে ৯৯০ টন মাছ আসতো সেখানে দেখছি ৪১ হাজার টন মাছ আসছে অর্থাৎ ৩১ হাজার টন বাড়লো—এবং তার জন্য বাংলা দেশ থেকে প্রত্যেক বছর ৭ কোটি বৈদেশিক মুদ্রা খরচ করতে হয়েছে। এখনও এগুলি ও'রা বন্ধ করতে পারেন নি—অথচ বলছেন গত তিন বছর আমরা উন্নয়নের দৃষ্টিভঙ্গী নিয়েছি। উন্নয়ন করতে গেলে প্রথমে আমাদের কোনটা করা দরকার—প্রথমে একটা যদি ও'রা করতে পরতেন যেটা অন্যান্য রাজ্য করেছে—অন্ধ্র, পাঞ্জাব, গুজরাট করেছে—সেটা যদি করতে পারতেন যে বাংলাদেশে জমিদারী দখল আইনের পরে যে সমস্ত ট্যাঙ্ক রয়েছে সেটা হচ্ছে ৭৮ হাজার একর তার মধ্যে উনি একটা বলেছেন যে গত তিন বছরে মাত্র ৯ হাজার একর জলাশয়তে ওঁরা মাছের ব্যবস্থা করছেন। সেটা যদি করতে পারতেন একরে যদি ৯ মণ এমন কি ৭ মণ করেও উৎপাদন হোত, আমরা দেখেছি যে ওগুলি ছাড়া কলকাতার আসেপাশে প্রায় ৪ শত ট্যাঙ্ক আছে—এগুলিতে যদি মাছের চাষের ব্যবস্থা করতেন তাহলে প্রত্যেক মাসে ৩০ হাজার টণ করে মাছ এই বাংলা দেশে তৈরী হতে পারতো এবং তাহলে বৈদেশিক মুদ্রার দিকে আর যেতে হোত না—কিন্তু এগুলি হয় নি। উনি বলেছেন আমরা আধুনিকভাবে মেকানাইজড ফিসিং আরম্ভ করছি—একটা কথা বলি ডায়মন্ডহারবারে যে বোট তৈরী হয় সেগুলি এমন কি বিদেশী বিশেযজ্ঞরাও বলে গেছেন যে অতি সুন্দর বোর্ট এবং সেগুলি নদীতে এবং সমুদ্রে মাছ ধরার পক্ষে উপযোগী এগুলি যদি মেকানাইজড করেন তাহলে বিদেশ থেকে আর সে সমস্ত নৌকা বা জাহাজ আনতে হয় না। অন্ধ্র প্রদেশ এই বোট কিনে নিয়ে গিয়ে নূতন যন্ত্রে সজ্জিত করে সেখানে তারা মাছ ধরছে—আমাদের কমিউনিটি ডেভেলপমেণ্ট একটা মন্তব্য করছেন যে বাংলা দেশের ডায়মণ্ডহারবারে যে তিন হাজার বোট ছিল তার মধ্যে একটাকে ওঁরা মেকানাইজড করতে পারেন নি—কাজেই আমাদের যে লোকাল রসোরসেস রয়েছে সেগুলি যদি উৎপাদনের কাজে লাগানো যায়—সেরকম কোন ব্যবস্থাই ও'রা করেন নি। এবং তৃতীয় জিনিস হচ্ছে যে মৎস্য দপ্তর বহু টাকা খরচ করছে। কিন্তু ক লেবেলে যে ফিসারী এক্সটেনসন অফিসার ইত্যাদি রাখা উচিত তা কিন্তু কোন কিছুই াখেন নি। সেদিক থেকে উড়িষ্যা আমাদের চেয়ে দরিদ্র দেশ—সে দেশে প্রায় ৮৯ জন ফিসারী ক্সটেনসন অফিসার ব্লক লেবেলে আছেন। আর একটা জিনিস উনি জবরদখলের কথা বলেছেন

আমি একটা নমুনা দিচ্ছি ডিপার্টমেণ্ট্যাল রেড টেপিজিমের কথা। ওঁরা কিছু দিন আগে ঠিব করলো বেসরকারী আধা সরকারী প্রভৃতি যে সমস্ত পুকুরগুলি আছে সেগুলি নিয়ে মাছে চাষ করবেন। বর্ধমান জেলের কর্তৃত্বাধীনে ৫টি পুকুর আছে এবং ঐ পুকুরগুলি আগে ১৫ টাকায় প্রত্যেক বছর ডাক হোত ফিসারী ডিপার্টমেণ্ট বলবেন আমরা এ বছর থেকে লিজ নিবো— তারা কোটেসন দিলেন যে এই পাঁচটা পুকুরে ৩৬ টাকার বেশী রেন্ট দেওয়া যায় না। পে অনেক লেখালেখি করে ১০০ টাকা হোল—এটা দু-বছর ধরে চল্ল জেল ডিপার্টমেণ্টের কাগজপ এসে আই, জির দপ্তরে লাল ফিতার মধ্যে পড়ে রইলো আর মৎস্য দপ্তরের এসে থাকলো কাজেই তিন বছর জেলের যে ইনকাম হোত প্রত্যেক বছর ১,৫০০ টাকা কনট্রাক্ট দিয়ে সেখানে মাছের চাষ হোল না এইভাবে ও'রা দেশের মাছের উন্নয়ন করবেন। যাহোক, বিরোধীতা করবা সংগে সংগে কয়েকটি সাজেসন রাখবো—বাংলাদেশে দেখা যাচ্ছে জলাশয় খালবিল নিয়ে ১: লক্ষ ৬৬ একরের মত আছে। তার মধ্যে শতকরা ২০ ভাগ সরকারী কর্তৃত্বাধীনে এসেছে এগুলিতে যদি চাষ করেন একরে যদি ৯ মণ ফলানো যায় তাহলে বৈদেশিক মুদ্রা অন্যান্য দেশ থেকে আনার দরকার হয় না। তারপর ডায়মন্ডহারবারের এক্স বোটগুলিকে যদি মেকানাইজ করা হয় তাহলে বিদেশ থেকে ট্রলার আনবার দরকার হয় না আর একটা হচ্ছে বৈজ্ঞানিক যুগে যা সার্ভে করেন—বহু দিন সার্ভে হয় নি, কত জলাশয় কি তার ক্ষমতা সে বিষয়ে একটা কারেন্ট সার্ভে হওয়া দরকার এবং ব্লক লেবেলে অন্ধ্র ইত্যাদি দেশ যেভাবে চলছে ফিসারী এক্সটেনসন অফিসার নিয়োগ হয় তাহলে মাছের চাষও বাড়বে—এই বলে আমি বক্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট পেশ করার প্রাক্কালে যে বক্তৃতা আমাদের সামনে রেখেছেন তাতে মনে হচ্ছে যে এ যাবত মাছের যে আকাল ছিল সেই আকাল বোধ হয় দূর হয়ে যাবে বাংগালী মাছ ভাত খেয়ে সুখে থাকতে পারবে—কিন্তু বাংলাদেশের জনসাধারণ সেই বিশ্বাস সরকারের উপর রাখতে পারছে না। সরকারের অযোগ্যতা অপদার্থতার ফলে সরকারী হিসাবে এটা প্রমাণিত হচ্ছে যে মাছের চাষের কোন উন্নতি হয় নি—বিভিন্ন অঞ্চলে সরকারী প্রচেষ্টায় যে সমস্ত মাছের উৎপাদনের ব্যবস্থা করা হয়েছে আমরা দেখেছি সর্ব ক্ষেত্রে টাকার অপচয় হয়েছে এবং কতকগুলি লোকের খেয়ালকে চরিতার্থ করা হয়েছে মাত্র। মাছের উন্নতির জন্য আমরা দেখি প্রাক্তন যারা জমিদার জোতদার শ্রেণী গ্রামাঞ্চলের যারা পুকুর বা বিলের মালিক মাছের উন্নতির জন্য তাদের লোন দেওয়া হয়ে থাকে—কিন্তু বাস্তবে আমরা দেখি যে সেই সমস্ত প্রাক্তন জমিদার জোতদারেরা তাদের সেই বিলে পুকুরে মাছের চাষ না করে সে টাকা অন্যভাবে ব্যবহার করে। অথচ সরকার থেকে প্রতি বছর লক্ষ লক্ষ টাকা তাদের ঋণ বাবদ দেওয়া হয় ফলে মাছের উন্নতি সম্ভব হয় না। কো-অপারেটিভ সোসাইটিগুলি সম্পর্কে সেই একই অবস্থা।—আমরা লক্ষ্য করছি যে সমস্ত মৎস্যজীবী সম্প্রদায় আছেন তাদের জীবিকার জন্য তাদের স্বার্থে কো-অপারেটিভগুলি হওয়া উচিত ছিল। কিন্তু আমরা গ্রামাঞ্চলে বা বিভিন্ন অঞ্চলে দেখছি যে মাছ চাষের সংগে যাদের কোন সম্পর্ক নেই বা যারা তার নির্ভর করে না সেই সমস্ত এক দল গ্রামের মানুষ বড়লোক তারা মৎস্য কো-অপারেটিভ সোসাইটি করে সরকারের লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করছে, সরকার জেনে শুনে উর্ধতন সরকারী কর্মচারীরা জেনেশুনেও এই সমস্ত কো-অপারেটিভ সোসাইটিগুলোকে সাহায্য করছেন। কিন্তু মাছ চাষ করে মৎস্যজীবীদের বে'চে থাকার যাতে ব্যবস্থা হয় তাদের জীবিকা নির্বাহের ব্যবস্থা হয় সেই সমস্ত মৎস্য চাষীদের উন্নতির জন্য কোন ব্যবস্থাই এই সরকার করতে পারছেন না।

[3-10—3-20 p.m.]

আমরা বিভিন্ন অঞ্চল ঘুরে দেখেছি যে তাদের জালের জন্য যে সুতা দেওয়ার ব্যবস্থা আছে তা অপর্যাপ্ত এবং সময় মত দেওয়া হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে মাননীয় সদস্য অপূর্ববাবু বলেছেন যে এই দপ্তর যদি না থাকে তাহলে ভাল হয়, এই দপ্তর তুলে দেওয়া দরকার। আমি মনে করি যে মৎস্য বিভাগ যদি না থাকে তাহলে বাংলাদেশে এখনও যে মাছের

চাষ হচ্ছে তা এই দপ্তর তুলে দিলে এর থেকে খারাপ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাছের চাষের ব্যাপারে সরকারের যথেষ্ট প্রচেষ্টার কথা আমরা শুনলাম। তাঁরা বিভিন্ন উন্নয়ণ-মূলক পরিকল্পনা গ্রহণ করেছেন, লক্ষ লক্ষ টাকা খরচ করছেন, কিন্তু বাস্তবে তার কি ফল তা আমরা দেখতে পাচ্ছি। আমি এই বিষয়ে সে সাজেসান আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের কাছে রাখতে চাই সেটা হচ্ছে আমরা দেখছি যে পদ্মা নদীতে এবং ভাগীরথী নদীতে প্রচুর ডিম ধরা হয়, এই ডিম ধরা বন্ধ করা উচিত। কারণ, আমরা লক্ষ্য করেছি এই ডিম ধরার সময় অন্যান্য যেসব মাছ, পোনা মাছ ছাড়া, সেইসব মাছের ডিমগুলি ধরা পড়ে এবং সেইসব ডিম ওঠার পরেই সূর্য্যের আলো পেয়ে বাতাস পেয়ে মারা যায়। আমরা লক্ষ্য করে দেখেছি যে ডিম ধরার প্রচলন আমাদের দেশে ব্যাপকভাবে দেখা দিয়েছে। এই ডিম ধরে যা পোনা মাছ পাওয়া যায় তার সংখ্যা নগন্য, আর অন্যান্য যেসব মাছের ডিম উঠে তার সংখ্যা সবচেয়ে বেশী, সেগুলি আজ নষ্ট হয়ে যাচ্ছে। আপনারা লক্ষ্য করে দেখবেন বাজারে যে ভ্যারাইটি অব ফিস আসত তা আসে না তা নষ্ট হয়ে গেছে পোনা ধরার জন্য। আমি মনে করি এটা আইন করে বন্ধ করে দেওয়া উচিত। আপনারা মাছের ভ্যারাইটি বাড়িয়ে উৎপাদন বৃদ্ধি করার চেষ্টা করছেন। কিন্তু এই পোনা ধরা যদি বন্ধ করা না যায় তাহলে ভ্যারাইটি মাছের উৎপাদন বাড়বে বলে আমি মনে করি না। সরকারী প্রচেষ্টার কথা না বলাই ভাল। সরকার যে জিনিসের উপর কর্তৃত্ব নিতে যাচ্ছে সেটাই ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে। আমরা লক্ষ্য করেছি সরকার গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে মাছের দর বেঁধে দিয়েছেন অন্যান্য জিনিসের মত, কিন্তু সরকার সেখানে ব্যর্থ হয়ে গেছে। সরকারী আইনকে ফাঁকি দিয়ে বাজারে বেশী দরে মাছ বিক্রি হচ্ছে। সরকার এ সম্বন্ধে অবগত হয়েও মাছের যারা ভেড়িওয়ালা বা মাছের যারা কারবারী তাদের কাছে মাথা নত করতে বাধ্য হয়েছেন। সেজন্য নীতিগতভাবে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মৎস্য এবং পশুপালন খাতে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করা হয়েছে আমি নীতিগতভাবে তার বিরোধিতা করছি। প্রকৃত প্রস্তাবে আজ আমরা যেটা দেখতে পাচ্ছি সেটা হচ্ছে এই দুটো দপ্তর অত্যন্ত প্রয়োজনীয় দপ্তর এবং এর উপর বাংলাদেশের জীবন মরণ নির্ভর করছে। তবুও এর বিরোধিতা করা ছাড়া আমাদের উপায় নেই। কারণ, যেভাবে এই দুটো দপ্তর চলছে তাতে বাংলাদেশের সর্বনাশই হচ্ছে। আমরা মৎস্য দপ্তর সম্বন্ধে এর অপদার্থতা দুর্ণীতিপরায়ণতা সম্বন্ধে বহু আলোচনা করেছি, ফলে কিছু কিছু পরিবর্তন হয়েছে। কিন্তু আজ পর্যন্ত যেভাবে এই মৎস্য দপ্তর পরিচালিত হচ্ছে তাতে বাংলাদেশের লোকের মনে কোন রকম আশার সঞ্চার হবার কোন কারণ নেই। আমরা দেখছি যে সকল চাল আর গমের দুর্ভিক্ষ বাংলাদেশে আছে তা নয়, মাছের দুর্ভিক্ষ, পানীয় জলের দুর্ভিক্ষ, দুধের দুর্ভিক্ষ, তেল, ডালের দুর্ভিক্ষ আজ বাংলাদেশকে গ্রাস করে ফেলেছে। প্রকৃত প্রস্তাবে আমরা যদি জানতাম যে বাংলাদেশে মাছ নেই দুর্ভিক্ষ দেখা দিয়েছে তাতে দুঃখ করবার কিছু ছিল না। কিন্তু বাংলাদেশের দিকে যদি তাকাই তাহলে দেখতে পাই প্রাকৃতিক সম্পদ নদী-নালা, খাল, বিলে পরিপূর্ণ এই বাংলাদেশ এবং সঙ্গে সঙ্গে দক্ষিণ দিকে রয়েছে বিরাট সমুদ্র যেখানে মৎস্য সম্পদ পরিপূর্ণভাবে রয়েছে। তা সত্ত্বেও আজ বাংলাদেশ মাছ খেতে পায় না। বাংলাদেশকে মাছের জন্য বিহার, রাজস্থান, মাদ্রাজ, পাকিস্তানের উপর নির্ভর করতে হয়। আজকে তাঁরা বলছেন যে কলকাতায় ৭ হাজার মণ মাছের দরকার। আমি বলছি ৭ হাজার মণ কেন, ৭' লক্ষ মণ যদি দরকার হতো, তাহলেও ভাবনার কিছু ছিল না। কারণ বাংলাদেশের কাছাকাছি সমুদ্রে মাছের অভাব নাই, অফুরন্ত মাছ, সেখান থেকে মাছ ধরা যায়। কিন্তু এই সরকারের অক্ষমতার জন্য, তাদের ব্যর্থতার জন্য প্রত্যেকটা স্কীম ব্যর্থ হতে বসেছে। এই প্রসঙ্গে আমি আমাদের ডিপ সি-ফিসিং-এর কথা উল্লেখ করতে চাই। একটা স্কীম করা হলো বাংলাদেশের সমুদ্র থেকে মাছ ধরে সেই অভাব মেটান হবে। কিন্তু আমরা দেখছি কী? গত কয়েক বছর ধরে গভীর সমুদ্রে মাছ ধরে তাঁরা ৬৪ লক্ষ টাকা লোকসান দিলেন। শেষ পর্যন্ত যে দুটা ডেনিশ ট্রলার ৯ লক্ষ টাকায় কেনা হয়েছিল, তাকে ২৫ হাজার

টাকায় বিক্রী করে দিলেন। তারপর জাপান থেকে তিন খানা ট্রলার আনা হলো। সেগুলি কয়েক বছর চালিয়ে যখন পরিকল্পনা সফল হতে চললো, তখন সেগুলি এ'রা ইন্ডিয়া গভর্নমেন্টের হাতে ছেড়ে দিলেন। এই হচ্ছে তাঁদের কৃতিত্ব। শুধু মাছের ব্যাপারেই নয় সর্বত্র এই ব্যাপার হচ্ছে। যে টাকা ডেভেলপমেন্ট স্কীমের জন্য বরাদ্দ করা হয়, তাও তাঁরা খরচ করতে পারেন না। কেবল মাছ নয় মাছের সঙ্গে জড়িত আছে ওতঃপ্রোতভাবে কৃষি বলুন, সমবায় মৎস্য চাষ বলুন প্রত্যেকটা ব্যাপারে, পরিকল্পনার ব্যাপারে সমস্ত ব্যয় বরাদ্দের টাকা এরাঁ খরচ করতে পারেন না। তাদের পশুপালন বিষয়ে বরাদ্দ ছিল ৬ কোটী ৪০ লক্ষ ৫৫ হাজার টাকা, সেখানে এরাঁ খরচ করলেন ৩ কোটী ৭৮ লক্ষ ৪৬ হাজার টাকা। অর্থাৎ ২ কোটী ৬২ লক্ষ ৯ হাজার টাকা তাঁরা খরচ করতে পারলেন না। আর মৎস্য চাষের ব্যাপারে মাত্র ৭৫ লক্ষ ৭৪ হাজার টাকা বরাদ্দ করলেন বাংলাদেশের জন্য, আর খরচ করলেন ২৬ লক্ষ ৭৯ হাজার টাকা। অর্থাৎ ৪৮ লক্ষ ৯৫ হাজার টাকা তাঁরা খরচ করতে পারলেন না। এখানকার কৃষিতেও তাঁদের ব্যর্থতা। এখানকার কৃষি সম্বন্ধে বিরাট সমালোচনা সেন্ট্রাল গভর্নমেন্টের পরিকল্পনা কমিশন করে গেছেন এই কৃষির জন্য বরাদ্দ ছিল ৭ কোটি ৮৮ লক্ষ ৩৮ হাজার টাকা, সেখানে তাঁরা খরচ করলেন ৫ কোটি ৪১ লক্ষ ১৩ হাজার টাকা। অর্থাৎ ২ কোটি ৪৭ লক্ষ ২৫ হাজার টাকা সরকার খরচ করতে পারলেন না অথচ এ'রা আবার কথায় কথায় সমবায়ের কথা বলেন। সমবায় কৃষি, সমবায় মৎস্য, সমবায় কোল্ড ষ্টোরেজ, অথচ সেই সমবায়ের জন্য বরাদ্দ ছিল ১ কোটি ৯৬ লক্ষ ৫১ হাজার টাকা, তার মধ্যে আপনারা খরচ করলেন ৯৬ লক্ষ ১৩ হাজার টাকা। অর্থাৎ এক কোটি টাকার উপর খরচ করতে আপনারা পারলেন না। এই হচ্ছে ওঁদের যোগ্যতা। কাজেই কি করে এখানে সমস্যার সমাধান হতে পারে। ওঁরা যদি সত্যিই বাংলাদেশের মৎস্য সমস্যার সমাধান করতে চান, তাহলে এদেশের যেসব খালবিল নদীনালা রয়েছে, সেগুলিতে যদি আন্তরিকতার সঙ্গে মৎস্য চাষের চেষ্টা করতে পারেন, তাহলে আমি মনে করি এখানকার মাছের অভাব মিটতে পারে। ও'রা যে বরাদ্দ এ সম্বন্ধে করেছেন তার মধ্যে দেখতে পাচ্ছি কলকাতায় হরিণঘাটায় রিসার্চ করবার জন্য বহু টাকা ব্যয় করছেন। কিন্তু আসলে গ্রামের লোক যাতে ঋণ পেতে পারে, তার কোন ভাল ব্যবস্থা নাই। এক একটি মহকুমার জন্য ৫ হাজার, ৬ হাজার, ৭ হাজার টাকা ধরা হয়। অথচ দেখা যায় যেখানে ৩০, হাজার, ৪০ হাজার মৎস্যজীবী সম্প্রদায়ের সংখ্যা, সেখানে এক একজন ২০।২৫ টাকার বেশী পায় না। এই হচ্ছে প্রকৃত অবস্থা। তাই আমরা মনে করি আপনারা যদি প্রকৃত প্রস্তাবে মৎস্য চাষের ব্যবস্থা করতে চান, তাহলে গ্রামাঞ্চলের পুকুরগুলিতে এই মৎস্য চাষের চেষ্টা করুন ব্যবস্থা করুন। অথচ সে ক্ষেত্রে আপনারা প্রচুর ঋণদানের ব্যবস্থা করতে পারবেন না। জেলেদের জন্য যদি জাল, সুতা, নৌকা ইত্যাদি না দিতে পারেন, তাহলে তা সম্ভবপর হতে পারে না। দীঘা সমুদ্রের ধারে আমার বাস, সেখানে দেখেছি এক একটা পাটে ৩।৪ জন করে থাকে এবং ৫ হাজার, ৭ হাজার, ৮ হাজার টাকা লাভ করে। লক্ষ লক্ষ মণ মাছ ধরা পড়ে এবং কলকাতায়ও সে মাছ আসে। গত বছর সংরক্ষণের অভাবের জন্য ও মাছ চালানের ব্যবস্থা অসুবিধার জন্য হাজার হাজার মণ ইলিস মাছ নষ্ট হয়ে গেছে। সের সেখানে দু-আনা, তিন আনা করে ইলিস মাছ বিক্রী হয়েছে। দীঘায় তো আপনারা প্লেজার ট্রিপ-এর জন্য যান ; সেখানে যদি একটু নজর দিতেন। তাহলে সেখানে বিরাট মৎস্য কেন্দ্র গড়ে উঠতে পারতো।

[3-20—3-30 p.m.]

তারপর আর একটি হচ্ছে মাছ, আর একটি হচ্ছে নুন। নুনটি পর্যন্ত বাহিরের উপর নির্ভর করতে হয়। তিউটিকোরিন, বোম্বে, মাদ্রাজ, রাজস্থান ইত্যাদি দেশ যদি নুনটি পর্যন্ত না দেয় তাহলে বাংলাদেশের চলে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বাংলাদেশে প্রায় ৬৫ লক্ষ মণ নুনের দরকার হয়। এ দেশে মাত্র ৩ লক্ষ থেকে ৪ লক্ষ মণ নুন উৎপাদন হয়। আর বাকি সমস্ত নুন ঐ সব জায়গা থেকে আসে। এর ফলে বাহিরে সব টাকা চলে যায়। অথচ দীঘার সমুদ্র অঞ্চলে প্রায় ১০ হাজার একর জমি আছে। সেখান থেকে এই নুনের সমস্যার সমাধান হতে পারে। দীঘার সমুদ্র উপকূলে এতো বেশী মাছ আছে, সুবর্ণরেখা থেকে আরম্ভ করে কাকদ্বীপ পর্যন্ত লক্ষ লক্ষ মণ মাছ সেখানে শিকার করা যেতে

পারে এবং তাতে বাংলাদেশের মৎস্য সমস্যার সমাধান হতে পারে। দীঘায় যদি একটি কোল্ড ষ্টোরেজ করা যায় তাহলে দীঘার সমদ্র উপকূলে যে মাছ ধরা হবে সেই মাছকে আমরা এতে সংরক্ষণ করতে পারি এবং শুধু কলকাতায় কেন অন্যান্য বিভিন্ন জায়গায় চালানের ব্যবস্থা করতে পারি। কিন্তু এই প্রয়োজনীয় ব্যবস্থা তাঁরা করবেন না। তারা কেবল রিসার্চ করার কথা বলবেন কলকাতা এবং কল্যানীতে এবং পাড়াগাঁয়ে আরো কোথাও কোথাও রিসোর্সেস আছে তার জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করবেন। আমি দেখছিলাম এর জন্য কয়েক লক্ষ টাকা প্রায় ৫ লক্ষ ৯৭ হাজার টাকা এই রিসার্চ এবং অনুসন্ধানের জন্য তাঁরা খরচ করবেন। এই দীর্ঘ ১৮ বছরে তাঁদের অনুসন্ধান শেষ হলো না, যেখানে জাপান থেকে এক্সপার্টরা এলেন। এখানকার বিভিন্ন মেরিন ডিপার্টমেন্টের সব এক্সপার্টরা বললেন যে বঙ্গোপসাগরে প্রচুর পরিমানে খাদ্যোপযোগী মাছ আছে এবং সেই তদন্তের পর তাঁরা পরিকল্পনাকে বর্জন করলেন। এখন আবার রিসার্চ করতে যাচ্ছেন, কল্যানীতে হবে, কলকাতাতে হবে এবং বিভিন্ন জায়গাতে হবে এবং তাতে কয়েক লক্ষ টাকা খরচ হবে। অথচ আমরা দেখতে পাচ্ছি যে সি কোস্টের জন্য, কোস্টাল এরিয়ার জন্য মাত্র বরাদ্দ করেছেন ৫ লক্ষ ১৪ হাজার টাকা। এবং সেখানে একটি দীর্ঘ সময়ে যাতে কোস্টাল এরিয়ার লোকেরা মাছ ধরতে পারে তার জন্য ১০ লক্ষ থেকে ১৫ লক্ষ টাকা ব্যয় করেছেন। আমি মনে করি এই সব রিসার্চ এর জন্য বেশী টাকা বরাদ্দ না করে কিছু টাকা বরাদ্দ করুন, তাতে কোন আপত্তি নেই। আমরা জানি রিসার্চ করে ওঁরা কিছু করতে পারছেন না, কেবল টাকা খরচ হচ্ছে আসল জিনিসের কিছু হচ্ছে না এবং রিসার্চ করে সফল হচ্ছে না। সেইজন্য আমি মনে করি যে যারা জেলে যারা মৎস্যজীবী তাদের যদি প্রচুর পরিমাণে ঋণ দেওয়া হয়, জালের খরচ দেওয়া হয়, খাদ্যের ব্যবস্থা করা যায় এবং তাদের পরিবেশ যদি ভাল করা যায় তাহলে মাছ চাষের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি হবে এবং মাছের অভাব দূর হবে। আমার সময় অত্যন্ত কম, আমি সংক্ষেপে আর একটি কথা বলব সেটা হচ্ছে দুধের কথা এবং আমি পশুপালনের কথা বলছি। দেখা গেল যে তাঁরা অনেক কিছু পরিকল্পনার কথা বলেছিলেন। কিন্তু পরিকল্পনা কতটা সফল হবে আমি জানি না। তবে আমি একটি কথা বলব যে প্রকৃত অবস্থা হচ্ছে এই ৩০০ টাকা, ২৫০ টাকা, ১৫০ টাকা করে এক একটি গরু আজ রক্ষা পাচ্ছে না, নষ্ট হয়ে যায় ঔষধের অভাবে চিকিৎসার অভাবে। এখন পর্যন্ত দেশের সমস্ত ব্লকে এক একটি করে ডাক্তার পাঠাতে পারলেন না। হাসপাতালের কয়েকটি সংখ্যা বললেন ২৫।৩০টি, তাও সব জায়গায় নেই। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যে পাড়াগাঁয়ে যদি একটি গরু অসুস্থ হয় তাকে শহরের হাসপাতালে নিয়ে যাবে কি করে ? সেখানে কি অ্যাম্বুলেন্সে করে নিয়ে যাবে, না, বাসে করে নিয়ে যাবে? অর্থাৎ যদি কৃষি উন্নয়ন করতে চান তাহলে কৃষকদের গরু যাতে বাঁচে সেদিকে নজর দেওয়া দরকার। তারপরে আর একটি বিষয়ে লক্ষ্য রাখা দরকার, যতক্ষণ পর্যন্ত আপনারা মেধাবী ছাত্রদের ভাল করে পড়বার ব্যবস্থা না করতে পারবেন, তাদের ভাল গ্রেডের ব্যবস্থা না করতে পারবেন ততক্ষণ পর্যন্ত গো চিকিৎসার জন্য কেউ আসতে চাইবে না। যখনই একটা ভাল ছেলে মেডিকেল কলেজ থেকে পাশ করে বেরিয়ে আসে তাকে যদি ভাল পদমর্যাদা দেন, ভাল গ্রেড দেন তাহলে সে ভেটারীনারী সারজনের কাজে, গো চিকিৎসার কাজে আসতে পারে। কিন্তু আপনারা কোন গো চিকিৎসকদের সেটা দেন না। কাজেই ভাল ছেলে আসতে চায় না। সেইজন্য আমি বলব আরো বেশী ট্রেনিং কলেজ করা দরকার এবং বাংলাদেশের যত ভাল ছেলে আছে তারা যাতে বেশী সংখ্যায় গো চিকিৎসার কাজে আসতে পারে তার জন্য আপনাদের চেষ্টা করা দরকার। আমি দুঃখের সঙ্গে আর একটি কথা বলব আপনি যে প্রজনন কেন্দ্রের কথা বললেন, আমি জিজ্ঞাসা করি আপনি জবাব দেবেন, কেন এখান থেকে ডাক্তার ভৈরব চন্দ্র ভট্টাচার্য্য চলে গেলেন? তিনি তো বেলগাছিয়ার ভূতপূর্ব ছাত্র ছিলেন। তিনি একটি বিষয়ে সমগ্র পৃথিবীর দৃষ্টি আকর্ষণ করেছেন এবং তাঁর গবেষণার দ্বারা গবাদিপশুর জন্ম, স্ত্রী পুরুষ নিয়ন্ত্রণ সাফল্য লাভ করেছে, যার জন্য তাঁকে পূর্ব জার্মানী ডাকছে, আমেরিকা ডাকছে। এখন তিনি একটি আমেরিকার ফার্মে চলে গেছেন। আপনারা তো বলেন যে প্রজনন কেন্দ্র করেছি, বিকেন্দ্রীকরণ করেছি, নানা রকম ব্যবস্থা করেছি ভাল বাছুর উৎপাদন করবার জন্য ভাল ষাঁড়ের ব্যবস্থা করেছেন। কিন্তু এই বিজ্ঞানী কেন আজ ভারতবর্ষ ছেড়ে চলে গেলেন? কেন তিনি আপনাদের কাছ থেকে উৎসাহ পাননি, কেন আপনাদের কাছ থেকে সাহায্য পাননি? আপনারা তো এখানে অনেক গবেষণায় কাজ করেছেন,

তবে কেন তাঁকে এই গবেষণার জন্য সুযোগ দেননি? আজ যদি তিনি এখানে থাকতেন তাহ তাঁর গবেষণা লব্ধ ফল দ্বারা আমরা ভাল গরু পেতাম এবং এই যে বহু সংখ্যক গরু আ যারা এক পোয়া, আধ পোয়া, আধ সের করে দুধ দেয়, তার জন্য আমরা দুধ পেতে পারি কিন্তু সরকারী খাতাপত্রে হাজার হাজার মণ দুধের হিসাব পাওয়া যায়, কিন্তু মাইলের মাইল গেলেও এক পোয়া দুধ পাওয়া যায় না, এই হচ্ছে অবস্থা। প্রকৃত প্রস্তাবে আজ পর্য আপনারা কোথাও একটি ভাল ষাঁড় দিতে পেরেছেন? হয়ত আপনারা দেখাবার জন্য শহ ২।১টি কোথাও রেখেছেন কিন্তু মফঃস্বলের কোথাও একটি ভাল জাতের ষাঁড় গরু পাওয়া য না। এই ব্যবস্থা যদি না করতে পারেন তাহলে আপনাদের এই বড় বড় পরিকল্পনা ব্যর্থ হবে সেইজন্য আমি বলব যদি সত্যিকারে বাংলাদেশের মানুষকে ভাল করে দুধ খাওয়াতে চা মাছ খাওয়াতে চান তাহলে বাস্তবে পরিকল্পনা গ্রহণ করুন। শুধু কতকগুলি সংখ বেশী করলে কোনটাই কাজে লাগে না। অথচ এতো টাকা যে নষ্ট হল এর দ্বারা বাংলাদেশে কোন কাজ হলনা। সেইজন্য আমি আপনাদের বলব যে এই পরিকল্পনাকে বাস্তব বুদ্ধি নিয়ে করুন, জনসাধারণের সঙ্গে সংযোগ রেখে করুন জনসাধারণ যাতে প্রত্যক্ষভাবে বেশ সাহায্য পেতে পারে তার ব্যবস্থা করুন। তবেই বুঝবো আপনাদের পরিকল্পনার সার্থক আছে। আমি মনে করি এই দপ্তরের কোন সার্থকতা নেই। এই কথা বলে আমি এই ব্য বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Adwaita Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের মৎস্য চাষের জন্য অনেক বড় বড় পরিকল্পনা আছে কিন্তু দেশে মাছ নেই। পণ্ডিত সেন মহাশয়ের পাঠশালায় দোয়াত আছে কালি নেই পরিকল্পনার অভাব নেই, কিন্তু মাছের দুর্ভিক্ষ, অভাব-অনটন লেগেই আছে। আর পরিকল্প যা করা হয়েছে তা চিন্তাহীন পরিকল্পনা। দেশে বাঁধ পুকুরের অভাব নেই। কিন্তু সেগুলি কাজে লাগাবার বুদ্ধি চাই। এবং এ বিষয়ে জন-মত সৃষ্টি করার যোগ্যতা সরকারের হওয় চাই। মৎস্য চাষের জন্য কোন প্রচেষ্টা কংগ্রেস সরকারের নেই। এ বিষয়ে জন-শিক্ষার ভিত্তিতে জনগণের আগ্রহ জাগান প্রয়োজন ছিল, সরকার তা আদৌ করেন নি। তার সঙ্গে সঙ্গে মৎস চাষের শিক্ষা কেন্দ্র করা উচিত ছিল প্রত্যেক জেলায় জেলায়, থানায় থানায়, সরকার সে বিষয়ে কো কিছু করতে পারেন নি। মাছের ডিম তৈরী কেন্দ্র থেকে আরম্ভ করে মৎস্য পালন পর্যন্ত শিক্ষা দেবার ব্যবস্থা সরকারের গ্রহণ করা উচিত ছিল। কিন্তু সরকারের কোথাও তার কিছ আমরা দেখতে পাচ্ছি না। মৎস্য চাষের প্রয়োজনে দেশের বাঁধ পুকুরগুলিকে পূর্ণ সুযোগ দেওয়ার অপরিহার্য্য দায়িত্ব সরকারের আছে। কিন্তু বাঁধ পুকুরে মাছ চাষের জন্য সরকারে সহায়তা বিধি অনেক কড়াকড়ি এবং জটিল। সেই জন্য এই সব কড়াকড়ি শিথিল করে দিতে হবে এবং পুকুর দেওয়ার বিষয়ে জনগণের আগ্রহ সৃষ্টির অনুকূলে ব্যবস্থা প্রবর্ত্তণ করতে হবে এ বিষয়ে সমবায়ের মাধ্যমে ভাল কাজ করা যেতে পারে। দেশে আজ প্রোটিন খাদ্যের অভাব সেইজন্য মৎস্য চাষের প্রসারে সবিশেষ চেষ্টা করা সরকারের অত্যন্ত প্রয়োজন ছিল দেশের অগণিত শিশু দুর্বল। সাধারণভাবে সমগ্র দেশের জনসাধারণের জন্য প্রোটিন খাদ্য অত্যন্ত জরুরী দরকার। বিশেষজ্ঞরা বলেন যে প্রোটিনের অভাব হলে ভাত, রুটি, শরকরা জাতীয় খাদ্যের চাহিদা অত্যন্ত বেড়ে যায়, সুতরাং প্রোটিনের উৎপাদন বৃদ্ধিতে অন্ন সমস্যার অনেকখানি সুরাহা হতে পারে এই সমস্যার সমাধানে।

[3-30—3-55 p.m.]

সুতরাং প্রোটিন-এর উৎপাদন বৃদ্ধিতে আমাদের অন্ন সমস্যার সুরাহা হতে পারে। কিন্তু এই সমস্যার সমাধানের সাঁধ্য এই সরকারের নেই কারণ কংগ্রেস সরকার দেশের সমস্যার সমাধানের ক্ষেত্রে সম্পূর্ণ অযোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পুরুলিয়া জেলায় এমন কতগুলি জায়গা রয়েছে, পাহাড়ের গায়ে এমন কতগুলি স্রোত রয়েছে যেখানে বাঁধ দিলে প্রচুর মৎস্য চাষ এবং জল সরবরাহের ব্যবস্থা হবে। কাজেই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তাঁদের বিশেষজ্ঞরা যদি আমাদের সঙ্গে যোগাযোগ করেন তাহলে সেইসব জায়গায় ঘুরে ঘুরে আমরা অনেক কিছু পরামর্শ দিতে পারি। একথা বলে আমি বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[3-55—4-5 p.m.]

Shri Bhadra Bahadur Hamal : স্যার কোরাম নেই।

Shri Adhar Chandra Halder :

ানানীয় চেয়ারম্যান স্যার, আজকে মৎস্য বিভাগের যে বাজেট এসেছে তার বিরোধিতা করে আমি লতে চাই মাছ এবং দুধ হোল বাঙ্গালীর প্রধান খাদ্য। আপনারা সকলেই জানেন একমাত্র ধ খেয়ে একটা মানুষ বাঁচতে পারে কারণ দুধ হচ্ছে স্বয়ং সম্পূর্ণ খাদ্য। আমরা সাধারণত ামিষ এবং নিরামিষ দুরকম খাদ্য খেয়ে থাকি। আমিষের মধ্যে মাছ প্রধান এবং নিরামিষের ধ্যে দুধকে আমরা বাংলাদেশে প্রধান খাদ্য ধরে থাকি। আমাদের দেশে এক সময় প্রচুর মাছ ল, কিন্তু হঠাৎ দেখা গেল মাছ আর পাওয়া যাচ্ছেনা। অনেকের ধারণা বাংলাদেশ এবং ারতবর্ষে লোকসংখ্যা বৃদ্ধি হয়েছে বলে মাছের অভাব হয়েছে। কিন্তু আমি বলব প্রকৃত থ্য সেটা নয়। আগে আমাদের দেশে বিশেষ করে সুন্দরবন অঞ্চলে প্রচুর মাছ পাওয়া যেত, ন্তু সেই মাছ গেল কোথায় তার কারণ খুজে দেখা দরকার। অবশ্য একথা ঠিক সুন্দরবন ঞ্চলে যে সমস্ত নদী ছিল তার মধ্যে অনেকগুলো অগভীর হয়েছে এবং মজে গেছে ল সেখানে প্রচুর মাছ পাওয়া যাচ্ছেনা এবং তার ফলে মাছের অভাব দেখা দিয়েছে। যে স্ত খালবিলে গ্রীষ্মকালে জল থাকত এখন সেই গ্রীষ্মকালে সেখানে জল থাকেনা বলেও ছের অভাব দেখা দিয়েছে। শুধু তাই নয় বর্ষাকালে মাছ না থাকার ফলে মাঠে ডিম টে না এবং তার ফলে দিনের পর দিন মাছ কমে যাচ্ছে। কাজেই সরকারের একান্ত চত ছিল এবং প্রথম কর্তব্য ছিল যে সমস্ত কারণে মাছের অভাব দেখা দিয়েছে সেগুলি র করা। আমাদের পল্লীঅঞ্চলের খাল বিলগুলোর যদি সংস্কার করি তাহলে গ্রীষ্মকালে খানে জল থাকতে পারে এবং বর্ষার পূর্বে তাতে প্রচুর মাছ থাকতে পারে। মাছ যদি থাকে তাহলে মাছ কি করে জন্মাবে, মাছের বংশ যদি না থাকে তাহলে মাছ কি করে মাবে? প্রত্যেক জীবের পক্ষে যখন এই একই কথা তখন সরকার যদি লক্ষ্য করেন তাহলে ছের সমস্যার সমাধান হতে পারে। তারপর আমরা দেখতে পাচ্ছি প্রকৃত যারা মৎস্য ব্যবসায়ী রা কিন্তু মাছের ব্যবসায় লাভবান হতে পারেনা। তারা কেউ ফিসারির মালিক নয়, আমাদের শর ধনিক সম্প্রদায়ই এই মৎস্য ব্যবসা অধিকার করে বসে আছে। তারা বছরের পর বছর লক্ষ টাকা এই মৎস্য ব্যবসায়ে লাভ করছে অথচ গরীব মৎস্য ব্যবসায়ীদের জন্য সরকার ন চিন্তা করছেন না। আমাদের সরকারের উচিত যে সমস্ত অনাবাদি জমি আছে সেখানে ারমেন কো-অপারেটিভের মাধ্যমে মৎস্য চাষের ব্যবস্থা করা এবং এটা যদি করেন তাহলে ারমেন কো-অপারেটিভের লোকেরা মৎস্য চাষের সুযোগ পেয়ে লাভবান হতে পারবে। পর, আমাদের সুন্দরবন অঞ্চলে বহু লোক আছে যারা বর্ষার সময়ে বা বর্ষার প্রথমে ছোট মাছের পোনা কোলকাতা শহর থেকে নিয়ে যায় এবং তাদের প্রচুর খরচ হয়। এগুলি লকাতা শহরের আশেপাশে পচা ডোবায় চাষ হয় বলে তারাই লাভবান হয় এবং প্রকৃত যারা য ব্যবসায়ী তাদের এগুলি কিনতে অনেক মূল্য দিতে হয়। কাজেই আমি সরকারের কাছে রোধ করব তাঁরা যদি সুন্দরবন অঞ্চলের কোন কোন স্থানে মাঝে মাঝে গিয়ে ডিমোনেস্ট্রেসন ার করে ডিম ফুটিয়ে পোনা মাছ সরবরাহ করতে পারেন তাহলে মাছের সমস্যার সমাধান পারে। আমাদের সরকার ডিম ফুটিয়ে পোনা মাছ সরবরাহ করবার যে ব্যবস্থা করেছেন দেখছি প্রকৃত যারা মৎস্য ব্যবসায়ী তাদের তাঁরা সরবরাহ করেন না, তাঁরা বড় বড় ঝিলে াদের ফিসারী আছে তাদের সরবরাহ করেন। আমি মনে করি সরকার এই নীতি গ্রহণ ছেন এটা ঠিক নয় এবং এর পরিবর্তন করা একান্ত দরকার। তারপর, আর একটা জিনিস ছি বর্ষার সময় মাছের ছোট ছোট যে পোনা হয় সেগুলি ছোট অবস্থায়ই সাধারণতঃ লোকেরা ফেলে। এগুলি এইভাবে নষ্ট না হয়ে যদি বড় হয় তাহলে সেই মাছ কমপক্ষে ১০০ এবং কয়েক কিলো ওজনের পর্যন্ত হতে পারে। কিন্তু আমাদের দেশে মানুষ ছোট ছোট খেয়ে নষ্ট করে ফেলে কাজেই সরকার থেকে আইন করে যে ছোট মাছ যাতে না খায় তার থা করা উচিত। আমরা যে সমস্ত জমিতে ধানচাষ করি সে সমস্ত জমিতে যদি একই

সঙ্গে ধান চাষ ও মাছ চাষ করি তাহলে মনে হয় আমাদের দেশে মাছের সমস্যার সমাধান হ পারে। মাছের যে অভাব হচ্ছে সে সমস্ত কারণ অনুধাবন না করে আমাদের সরকার বড় পরিকল্পনা নিয়েছেন এবং সেসব পরিকল্পনা কার্যে পরিণত হচ্ছে কি নাহচ্ছে এসব ত দেখছেন না। আসলে যে সব পরিকল্পনা গ্রহণ করলে অনেক পরিমাণে মাছ পাওয়া যে পারতো এবং আমাদের সমস্যার সমাধান হত সেসব তারা গ্রহণ করছেন না। যেসব নদীগু মজে গেছে সেসব নদীগুলিকে গভীর ভাবে খনন করে পোনামাছ চাষ করলে মাছের সমস সমাধান হতো এবং তাতে সেচ ব্যবস্থাও করা যেত সরকারকে অনুরোধ করবো তারা যেন মজা নদীগুলিকে গভীর করে খনন করে মাছ ও সেচের সুযোগ গ্রহণ করেন। তারপর ম বিভাগে যে সমস্ত কর্মচারী আছেন তারা হয় অকর্মণ্য না হয় অলস সেজন্য মৎস্য বিভা উন্নতি হওয়া দূরের কথা দিনের পর দিন অবনতি হচ্ছে। সেজন্য কোন সুস্থ মানুষ সরকা যে পরিকল্পনা তাকে সমর্থন করতে পারেনা। এজন্য আমি সরকারের এ নীতির ত বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করলাম।

[4-5—4-15 p.m.]

Shri Kanai Pal:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, যে ব্যয় বরাদ্দ আজকে উত্থাপন করা হয়েছে আমি তার বিরোধী করে আমার বক্তব্য রাখছি। আমি শুরুতে উল্লেখ করতে চাই যে আজকে হাউসের প্রথম থেকে দেখছি কখনও বিভাগীয় মন্ত্রী যাঁর উপর উত্তর দেওয়ার দায়িত্ব পড়েছে, তিনি উপস্থি থাকছেন না, কখনও দেখছি হাউসে কোরাম থাকছে না এটা কিসের লক্ষণ? এটা লক্ষ হচ্ছে বাঙ্গালী যে মাছ, দুধ, ডিম প্রভৃতি খেতে বিশেষভাবে অভ্যস্থ আজ আর তা জুটছেনা আজকে সরকার এমন একটা হতাশার সৃষ্টি করছেন সেখানে নিজেদের দলের লোকেদের মধ্যে এবং সাধারণ মানুষের মধ্যে এটা আলোচনা হচ্ছে যে এ সমস্যার সমাধান হবে না এই সরকা এ সমস্যার সমাধান করতে পারবেনা। মাছের মধ্যেই বোয়াল, গজাল, ভেটকি যে সমস্ত শিকার মাছ আছে যারা অন্য মাছ খেয়ে থাকে। যে সব রাঘব বোয়ালেরা এই সরকার ও এই মৎস বিভাগ পরিচালনা করছেন তাঁরা সাধারণ মানুষের স্বার্থকে জলাঞ্জলী দিয়েই এই সরকা চালাচ্ছেন এবং তার জন্যই আজকে এই সব সমস্যার সৃষ্টি হচ্ছে ও বৃদ্ধি পাচ্ছে। এই রাঘ বোয়ালেরা কি নিজেদের স্বার্থ ছাড়া অন্য মানুষের স্বার্থ দেখতে চান না এবং দেখতে পারেন না। এটাই হচ্ছে তাঁদের শ্রেণী চরিত্রের স্বরূপ। আর একটা কথা হচ্ছে যে যাঁরা যে বিষয়ে অভিজ্ঞ তাঁদের সেই বিষয়ে কোথাও নিয়োগ করা হয় না। যাঁরা যে বিষয়ে কিছুই জানে না তাঁদেরই সেই সমস্ত বিষয়ে দায়িত্ব দেওয়া হয়ে থাকে। অন্য দিকে আমরা দেখেছি যেখানে ফিসারম্যান কো-অপারেটিভ হবার কথা সেখানে জেলায় জেলায় সেন্টাল কো-অপারেটিভগুলি কতকগুলি জমিদার, মহাজন ও মৎস্যজীবীদের বিরোধী স্বার্থের লোক দখল করে আছে এবং সেখানে সাধারণ মৎস্য জীবীরা কোন সুযোগই পাচ্ছেনা। মাছ চাষের জন্য ডিম ফোটানো জন্য যে সমস্ত সাহায্য বিলি করা হয়ে থাকে সেগুলি অধিকাংশক্ষেত্রে দরিদ্র মৎস্য জীবীরা পান না। মধ্যবিত্ত কিছু বড় লোক যারা মৎস্য জীবিদের দিয়ে মাছের ব্যবসা করে থাকে তারা সংশ্লিষ্ট সরকারী কর্মচারীদের সঙ্গে যোগ সাজছে এই সমস্ত অর্থ আত্মসাৎ করে থাকে নদীয়া জেলায় আমরা এই সব প্রকটভাবে দেখছি। মৎস্য জীবিরা উপরোক্ত সাহায্যের জন্য দরখাস্ত করে সাহায্য পাঁওয়া দূরের কথা অনেক ক্ষেত্রে কোন উত্তর পর্য্যন্ত পান না। পরে গিয়ে অফিসে খোঁজ করলে বলা হয় ঠিক সময় দরখাস্ত করেন নি। কিন্তু সংশ্লিষ্ট সরকারী কর্মচারীরা নিজেদের লোকের নামে ঠিক সবার দরখাস্ত করিয়ে দিয়ে ৫০।৫০ বখরাতে টাকার বন্দোবস্ত করে দেন আজকে এই সমস্যার যদি প্রতিকার করতে হয় তাহলে যে নিজেথেকেই সদাচার করেছি তার পুকুরে গিয়ে উন্নত প্রথায় মাছ চাষের একটা মিথ্যা সাইন বোর্ড টাঙ্গিয়ে দিলেই হবে না। আমরা প্রায়ই দেখেছি যে নিজে থেকে যে ব্যক্তি যে বিষয়ে ভাল চাষ করেছেন

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সেখানে একখান সাইন বোর্ড টাঙ্গিয়ে দিয়ে বাজীমাৎ করার চেষ্টা করছেন। আমার ভগ্নিপতি ডাঃ গোপাল পালের ২৪-পরগণা জেলার বিষ্ণুপুর থানার অন্তর্গত কল্যানগরে বিরাট সুপারির বাগান আছে। সম্প্রতি সেই বাগানে উন্নত প্রথায় সুপারি চাষের একখানা সাইনবোর্ড টাঙ্গিয়ে দেওয়া হয়েছে। শান্তিপুরে কয়েকজন মধ্যবিত্ত মাছ চাষ করছেন, সরকারের উন্নত প্রথার সঙ্গে যদি কোনই সম্পর্ক নেই সেখানে একটা করে উন্নত প্রথায় মাছ চাষের সাইন বোর্ড টাঙ্গিয়ে দেওয়া হয়েছে। এই ফাঁকিবাজী নীতির পরিবর্তন করে সমস্যা সমাধানের জন্য মন্ত্রিমহাশয় ঐকান্তিক প্রচেষ্টা শুরু করুন। এবার আমি দুধের ব্যাপারে একটি কথা স্মরণ করিয়ে দিয়ে বলতে চাচ্ছি যে দুদিন আগে মন্ত্রী স্মরজিৎ বন্দোপাধ্যায় একটি তারকাচিহ্নিত প্রশ্নের উত্তরে জানালেন সরকারের পক্ষ থেকে কত দুধ কলকাতায় সরবরাহ করা হয়, কতগুলি গরুতে ঐ দুধ দিয়ে থাকে এবং এক একটি গরু কতখানিকোরে দুধ দেয়। পরে অতিরিক্ত প্রশ্নের মাধ্যমে প্রমাণ হয়ে গেলো যে ঐ সব গরুর অধিকাংশই সরকারের নয় রাস্তা থেকে অধিকাংশ দুধ সংগ্রহ করে আনা হয়। যেখানে সাধারণ লোকের কাছ থেকে দুধ কিনে নিয়ে এসে সরবরাহ করা হয় সেখানে ঐ সব গরুতে কি পরিমাণ দুধ দেয় তা স্মরজিৎ-বাবু কি করে বলতে পারলেন? এইরকম ভাবে সর্বদা বাজে ও মিথ্যা কথা বলে ওঁরা সমস্ত হাউসকে প্রবঞ্চিত করার চেষ্টা করেন—এর থেকেই বোঝা যায় যে সরকার এই সমস্ত ব্যাপারে একেবারেই সিরিয়াস নন—সত্যই যদি এই ব্যাপারে সরকার সিরিয়াস হন তাহলে অবস্থা নিশ্চয় পালটানো যেতে পারে—এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Naresh Nath Mookerjee:

সভাপতি মহাশয় আমি দুটি গ্রান্ট সম্বন্ধে বলবো—একটা হচ্ছে ২৩ আর একটা ২৪ নং গ্রান্ট। এই ২৪ নং গ্রান্ট—অর্থাৎ এ্যানিম্যাল হাজব্যান্ড্রি সম্বন্ধে আগে বলবো। সভাপতি মহাশয়, আমাদের গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম সম্বন্ধে এখানে অনেক বিতর্ক হয়েছে—নানা সমালোচনা হয়েছে। আমরা জানি যে সমস্ত কলকাতায় এখনও পর্যন্ত হরিণঘাটার দুধ সাপ্লাই করবার ব্যবস্থা করতে পারেনি একথা সত্য। কিন্তু এই জিনিসটা আমাদের বিচার করতে হবে অন্য পরিপ্রেক্ষিতে। এই হরিণঘাটা স্কীম আমাদের একটা ব্যবসা করবার জন্য করা হয় নি। এটা করা হয়েছিল একটা জনকল্যাণমূলক প্রতিষ্ঠান হিসাবে ১৯৫২ সালের কথা আপনার কাছে একটু উল্লেখ করতে হয়। আমাকে যখন কলকাতার পৌর প্রধান হিসাবে দায়িত্ব দিয়েছিলেন আমি তখন এসে দেখি যে তখন কলকাতায় জোলো দুধ প্রায় ২ টাকা পৌনে দু টাকা হিসাবে বিক্রি হচ্ছে এবং কলকাতার রাস্তাঘাটে ফুটপাতে প্রত্যেক খোলা জায়গায় একটা করে খাটাল গড়ে উঠছে—তখন আমি এটা চেষ্টা করেছিলাম এবং বার বার আমাদের স্বর্গীয় ডাঃ রায়কে অনুরোধ করেছিলাম যাতে এর একটা সুব্যবস্থা করা হয়। কারণ এইভাবে যদি গরুকে রাস্তায় ফেলে রেখে তাকে ধ্বংস করা হয় তাহলে অবশেষে আমাদের দুধের ব্যাপারে এমন একটা সমস্যা দেখা দেবে যাতে আমাদের সহরে দুধ সাপ্লাই একেবারে শুকিয়ে যাবে। যাহোক হরিণঘাটা প্রতিষ্ঠানকে আমাদের সেই পরিপ্রেক্ষিতে দেখতে হবে—আজকে দেখা যায় যদি হরিণঘাটা না হোত আমি মানছি ২।১ কোটি টাকা খরচ হচ্ছে—কিন্তু সেটা যদি না হোত তাহলে কি আজকে আমরা কলকাতা শহরে এই ১ টাকা দরে গরুর দুধ পেতাম—আজকে এটা না হলে দুর্নীতিপরায়ণ গোয়ালাদের হাতে ভেজাল দুধ দু টাকা সের দরে আমাদের খেতে হোত। আজকে হরিণঘাটা সৃষ্টি হয়েছে বলে আমরা এখনও ভাল দুধ এক টাকা দরে খেতে পাচ্ছি। আমিও এক টাকা দরে দুধ কিনে খাই সেইজন্যই আমি এটা বলছি। এটা ঠিক যে আজকে আমাদের উদ্দেশ্য হওয়া উচিত কলকাতায় সমস্ত লোককে যাতে আরা খাঁটি গরুর দুধ আরো কম দরে দিতে পারি সেই চেষ্টা আমাদের হওয়া উচিত সেবিষয়ে কোন সন্দেহ নেই। এখানে একটা কথা তুলেছেন যে আমরা বাইরের থেকে দুধ কিনে সেটা হরিণঘাটার দুধ বলে দেবার চেষ্টা করছি এই দুধ হরিণঘাটা কিনে স্টেরিলাইজ করে এবং প্রোসেসিং করে দেওয়া হচ্ছে। সেটা ঠিক এবং সেটা করা উচিত।

[4-15—4-25 p.m.]

আমি পৃথিবীর অনেক জায়গায় ঘুরেছি এমন একটা ডেয়ারী পৃথিবীতে সৃষ্টি হয় নি এখ
পর্যন্ত যেখানে তারা বাইরের আসেপাশে গোয়ালাদের দুধ না কেনে তাদের একটা মার্কে
ফেসিলিটিজ না দিয়ে থাকে। আমরা যদি সেটা না করি তাহলে সেই সব জায়গায় যারা গোয়া
আছে তাদের জীবিকা নির্বাহ হবে কি করে? আমি জানি এই দুধ সাবসিডি দিয়ে কিন
হয়—দেড় টাকা পৌনে দু টাকা সেরে কিনতে হয়—কিনে যাতে সেই দুধ খেলে ক্ষতি না
সেই রকমভাবে সেগুলি ষ্টেরিলাইজ করে আরও কম দরে বেচতে হয়, সেইজন্য লোকসান হ
কাজেই জনকল্যাণের জন্য এটা করা হয় এটা ব্যবসাদারের চোখ নিয়ে দেখলে চলবে না তাহ
ওয়েলফেয়ার স্টেট বলে আমাদের আজ একথা ভুলে যেতে হয় এটা টোটালিটেরিয়ান
হিসাবে দেখতে হয় যেখানে আমরা খালি লাভের অংশটা দেখবো—এখানে আমাদের এক্সপ
রাখা উচিত এবং এক্সপার্ট আছেও। যাঁরা এ নিয়ে তর্ক করছেন তাদের আমি অনুরোধ কর
হরিণঘাটা গিয়ে একবার দেখবার জন্য এবং এটাও ঠিক যে আধুনিক প্রণালীতে এই দু
ভিটামিন ভ্যালু বাড়াতে হবে, মন্ত্রীমহাশয়েরও নিশ্চয়ই সেদিকে লক্ষ্য আছে এবং আজ
অন্তত আমাদের ছেলেদের যদি সত্যই স্বাস্থ্য রক্ষা করতে হয় তাদের যদি সবল সুস্থ ক
গড়ে তুলতে হয় তাহলে তাদের ভাল খাঁটি দুধের প্রয়োজন বেবীফুড দিয়ে তাদের শরী
গঠন করা যাবে না। আমি আমার বন্ধুগণকে এই কথা বার বার আপনার মাধ্যমে জানাতে চা
যে দয়া করে সেই পরিপ্রেক্ষিতে এই জিনিসটাকে দেখবেন। আমি আমার বক্তৃতায় এবার মৎ
বিভাগ সম্বন্ধে কিছু বলতে চাই। আপনি নিশ্চয়ই জানেন প্রবীণ লোক আপনি আমার চেয়ে
বোধ হয় বয়সে বড় দুনিয়ার নিয়ম হচ্ছে যে যারা অসত্য কথা বলেন সেই অসত্য কথা বা
বার বলতে বলতে সেটাকে নিজেরাই ভাবেন সত্য বলে এবং যাদের কাছে একথা বলতে থাকে
তারাও বিশ্বাস করে নেন এটা সত্য। মৎস্য বিভাগ সম্বন্ধে নানা রকম আলোচনা হয়েছে আমি
মনে করি যে মৎস্য বিভাগে যে সকল ব্যবস্থা আছে সেটা একেবারে খুব সুব্যবস্থা হয়েছে ত
নয়, কিন্তু আমরা এখনও ৪ টাকা দরে পাকা পোনা খেতে পাচ্ছি এখনও পর্যন্ত আমরা দ
টাকা সেরে চুনো মাছ খেতে পাচ্ছি আমরা কুচো চিংড়ি এখনও ২।২॥ দরে পাচ্ছি এ নি
অনেক বিতর্ক হয়েছে সমালোচনা হয়েছে যে গভর্নমেণ্ট অত্যন্ত বোকামী করেছেন দর বে
দিয়ে। দর যদি আজ না বাঁধা হোত তাহলে কি অবস্থা হোত। ৬ টাকা দরে রুইমাছ ৮ টাক
দরে ভেটকী মাছ আমরা পেতাম না। আমাদের যদি সত্যই ইকনমিক থিওরীর দিকে তাকিয়ে
বিচার করতে হয় তাহলে বলতে হয় দর বাঁধা অন্যায় হয়েছে ঐ সমস্ত দৃষ্টিভঙ্গী নিয়ে যদি
বিচার করতে হয় তাহলে আমাদের বলতে হয় যে দর বাঁধাটা অন্যায় হয়েছে কারণ যখন আমদানি
অত্যান্ত কম যখন চাহিদার অনুপাতে আমাদের আমদানি নেই তখন বাঁধাটা অন্যায় হয়েছে।
সবই সত্য কিন্তু সভাপতি মহাশয়, আজকে দর বাঁধা যদি নাহত তাহলে কি সর্বনাশ হত।

কি সর্বনাশ হত সেটা একবার ভেবে দেখুন। মাননীয় সভাপতি মহাশয়, আমি একটা
গল্প না বলে থাকতে পারছি না। অক্টোবর, নভেম্বর মাসে এই জিনিসটা নিয়ে যখন
মানুষের মনকে তোলপাড় করছিল তখনকার একটা গল্প আপনাকে বলি। গল্প মানে
সত্য ঘটনা। সেই সময় আমি গড়িয়াহাট মার্কেটে প্রত্যহ আমার কয়েকটি নিজস্ব কর্মীকে
মোতায়েন রেখেছিলাম, সেখানে রোজ মাছ নিয়ে মারামারি হত। ৪ টাকা দরে মাছ
বেচতে হত, কারণ মাল কম। সকলে বলত আপনি এক সের নিয়ে যান আপনার নিজের
মত। অনেকে বলত না, আমার ৫ সের চাই। কোন ভদ্রলোক ভাল মিহি ধুতি, গিলে
করা পাঞ্জাবি পরে এসে বললেন যে ৭ টাকা ৬ টাকা যে কোন দর চাও দিচ্ছি আমা
মাছ চাই। তিনি তাঁর প্রয়োজনের চেয়ে অধিক পরিমাণ মাছ নিয়ে যেতেন তাঁর বেশী টাক
আছে বলে। সভাপতি মহাশয়, যখন সেই অবস্থা এসে দাঁড়াল তখন আমার কর্মীরা সেই ভদ্র
লোককে গিয়ে বাধা দিলেন। আমার সেই ৪ জন কর্মীকে এমন বেধড়ক পেটা হল যে তাদে
হাসপাতালে পাঠাতে হল। তাহলে বুঝতে হবে যে কে আজকে মাছের দর ভাংগছে। মাছওয়ালারা
যে ভাংগছে তা নয়, আমরাই ভাংগছি। সভাপতি মহাশয়, তাহলে আমাদের বুঝতে হবে
আমাদের মংগলের জন্য আমাদের সুবিধার জন্য সরকার যে সকল নিয়ম করেন, আইন চাল

করতে চেষ্টা করেন সেইগুলিকে আমরা রক্ষা করতে পারি না, আমরাই সেগুলিকে ভাঙ্গি। যাই হোক, আমি মুখ্যমন্ত্রীর কাছ থেকে শুনতে চাই আমাদের এই মাছের আমদানি বাড়াবার জন্য কি সর্ট টার্ম প্রোগ্রাম ও'দের আছে? নতুন যে স্কীম আমি দেখছিলাম তাতে দেখলাম বাংলাদেশে যত পুষ্করিণী আছে সেগুলিকে সংস্কার করে সেখানে মাছের চারা ছেড়ে মাছের উৎপাদন বৃদ্ধি করা হবে। সেটা করতে অনেক দেরি হবে। কিন্তু সর্ট টার্ম আপনাদের কি ব্যবস্থা আছে সেটা আমাদের জানা দরকার। আশা করি মন্ত্রী মহাশয় সেটা তাঁর শেষ বক্তৃতায় বলবেন। আর একটা কথা হচ্ছে এই যে ফিস মার্কেটিং কর্পোরেশন যেটা নিয়ে আমাদের এত সমালোচনা হয়েছে এটা কবে থেকে চালু হবে এটাও আমাদের জানা দরকার। আমি জানি সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীম, কিন্তু সেই স্কীম চালু হবার পর আমার বিশ্বাস অনেক রিলিফ হবে, মাছের আমদানি বাড়বে এবং সমস্ত আমদানি আমাদের বাজারে আসবে এই আশা আমার আছে। আর একটা কথা হচ্ছে আমি মনে করি যে কোল্ড স্টোরেজ-এ যে মাছ রাখা হয় সেটা আপাততঃ বন্ধ রাখা উচিত। কারণ, মাছের আমদানি যেখানে এত কম, মাছের চাহিদা যেখানে এত বেশী সেখানে যদি মাছগুলিকে কোল্ড স্টোরেজে দিনের পর দিন রাখবার সু-ব্যবস্থা করে দেন তাহলে আমাদের মাছের দর ন্যায্য লেভেলে আসবে না এবং কোন দিন লোকে ন্যায্য দরে মাছ পাবে না। আমি এই কথা বলে এই দুইটি গ্রান্ট-এ সমর্থন জানাচ্ছি।

[4-25—4-35 p.m.]

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় সভাপাল মহাশয়, একটু আগে নরেশবাবু বললেন; আমার বন্ধুরা অনেকে বললেন উনি সমালোচনা কী করবেন? উনি গভীর জলের মাছ। সেইজন্য তাঁর বক্তৃতা সম্পর্কে আর সমালোচনা করবো না। আমাদের পশ্চিমবঙ্গ সরকার অনেকদিন ধরে গভীর জলের মাছ ধরছেন এবং মাছ ধরে ধরে শেষ পর্যন্ত যেখানে এনে দাঁড় করিয়েছেন, সেখান থেকে আর বেরুবার পথ নাই। আজকে দুর্ভাগ্যবশতঃ মৎস্যমন্ত্রী নেই তাঁর পরিবর্তে আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী শ্যামাদাস-বাবু মৎস্যমন্ত্রীর কাজটা করলেন। আমাদের অনেকে বললেন সরকার বরাদ্দ টাকা খরচ করতে পারেন নি। না খরচ করতে পেরেছেন তো ভালই করেছেন—আমি বলবো। কারণ খরচ করতে পারলে তাঁরা যে কি করতেন তার হিসাব আমি দিচ্ছি। ও'রা ১৯৫৮ সালে এক সাইপ অফ বোট কিনলেন, দু বছরে ২১০ লট চললো, তাতে খরচ হলো ১১,৩৮৬ টাকা। তারপর বোট্‌টা অকেজো হয়ে গেল। অর্থাৎ ১,১৩৮ টাকা জলে গিয়ে পড়লো। তারপরে ১৯৬০ সালের ফেব্রুয়ারী মাসে আর একটা বোট্ কিনলেন ৪০,১৭৯ টাকা দিয়ে এবং তার অপারেশন অর্ডার দিলেন ১৯৬১ সালে। অর্থাৎ প্রায় দেড় বছর ধরে বোটটা বসে রইল এবং তার মেইনটেনেন্স ইত্যাদি বাবদ ৯,৪০৭ টাকা খরচ হলো। যে সময় অপারেশন অর্ডার দিলেন, যে সময় মাছের সিজন নয়। এইভাবে তাঁরা টাকা খরচ করলেন। হিসাব করলে দেখা যাবে শুধু শুধু ৫০ হাজার টাকার বেশী খরচ হয়ে গেছে। এই রকম টাকা খরচ করা যায়। অপূর্ববাবু টাকা না খরচ করার জন্য সমালোচনা করলেন। আমি বলবো ও'দের ধন্যবাদ দেওয়া উচিত যে টাকা জলে দেওয়ার চেয়ে একেবারে খরচ করেননি—সেটা বরং ভাল এই ব্যাপারে। তারপর আমি মৎস্যমন্ত্রী যে ফিগার দিলেন, সেই ফিগারের ব্যাপারে আসবো। উনি কতকগুলি ফিগার ফট্ ফট্ করে দিয়ে গেলেন। কি? না, ১৯৬২ সালে ৯ লক্ষ ৯৯ হাজার এবং ১৯৬৩ সালে ২৪ লক্ষ ৯ হাজার পোনা তাঁরা বিলি করেছেন। আর ১৯৬৪ সালে বিলি করেছেন ১৭ লক্ষের উপর পোনা। এইসব হিসেব দেখলে মনে হয় লক্ষ লক্ষ টাকা তাঁরা খরচ করেছেন, লক্ষ লক্ষ পোনা বিলি করেছেন অর্থাৎ টাকা আর পোনা লক্ষ লক্ষ, প্রায় মিলে যাচ্ছে। মন্ত্রীমশায় কেন যে পোনার হিসেব এই রকম লক্ষে দিলেন সেটা বোঝা যায় ও'দের যে অফিসার যাঁরা হিসেব তৈরী করেছেন, তাঁরা হাউসকে বিভ্রান্ত করবার জন্য এই রকম লক্ষে পোনার হিসেব দিয়েছেন, এই তিন বছরে পোনা যা বিলি হয়েছে অর্থাৎ ৯ লক্ষ ৯৯ হাজার, ২৪ লক্ষ ৯ হাজার এবং ১৭ লক্ষ পোনা। আমি হিসেব করে দেখলাম যত পোনা ও'রা বিলি করেছেন এই তিন বছরে, সেই পোনার দাম মাত্র এক লক্ষ টাকা। অর্থাৎ ওরা যে পোনা বিক্রী করেছে কুন্‌কে, বছরের প্রথম দিকে সেই কুন্‌কে ৩০ টাকা থাকে, তারপর শেষ দিকে সেই কুন্‌কে ৮।১০ টাকায় নেমে যায়। যদি গড়

কুড়ি টাকা ধরি, তাহলে দেখবো এক হাজার দেড় হাজার পোনা যদি এক কুনকেতে থাকে তাহলে মোট মূল্য তিন বছরে হচ্ছে এক লক্ষ টাকা। আর এই যে মাছ ও'রা বিক্রী করেছেন সেটা হচ্ছে ১৬০ কুইন্টাল ১৯৬২ সালে; ৪৪২ কুইন্টাল ১৯৬৩ সালে এবং ৭৫৪ কুইন্টাল ১৯৬৪ সালে অর্থাৎ মোট ১,৩৫৬ কুইন্টাল আর আনুমাণিক ৩,৬০০ কুইন্টাল মাছ ও'রা বাজারে এনেছেন। তার দাম আমি হিসেব করে দেখলাম একশো টাকা মণ ধরলে সাড়ে তিন লক্ষ টাকার মাছ তাঁরা বিক্রী করেছেন তিন বছরে। আর পোনার বাজার দাম এক লক্ষ টাকায় বিক্রী করেছেন, তিন বছর মাছ এবং পোনায় মিলিয়ে মোট সাড়ে চার লক্ষ টাকা এটা বাজার ছেড়েছেন। আর তিন বছরে এর জন্য খরচ করেছেন ৭৯·৯৫ লক্ষ টাকা। আর তার মধ্যে ডেভেলপমেন্ট এর জন্য খরচ হয়েছে ৫৩ লক্ষ ৮৯ হাজার টাকা। তাহলে স্যার, এখন বিচার করে দেখুন ৭৯ লক্ষ টাকা খরচ করে যদি সাড়ে তিন লক্ষ টাকার জিনিষ মিললো, তাহলে এই দপ্তর রাখার দরকার কী?

[4-35—4-45 p.m.]

আর যখনই এরা হিসাব দেন তখন গত কয়েক বছরে যা হয়েছে তার চিত্রটা দেন না, চিত্রটা কোন সময়ের দেন? আগামী ৫।১০।১৫ বছরে কি হবে, কিম্বা ওদের ছেলেপিলেরা বড় হলে কি হবে তখনকার চিত্রটা তুলে ধরে দেশের লোককে সান্ত্বনা দেবার চেষ্টা করেন, এখন টাকা আমরা অপব্যয় করছি বটে পরে আমরা দেখে নেবো। এই যদি আয়-ব্যয়ের হিসাব হয়, তাহলে বুঝতে পারছিনা, এই দপ্তরটা রাখার দরকার কি? শিক্ষকরা যখন মাইনে বাড়াবার কথা বলেন তখনই মুখ্যমন্ত্রী বলেন টাকা নেই যখন এই সরকারী কর্মচারীরা মাইনে বাড়াবার কথা বলেন তখন বলেন টাকা নেই, আমাদের বলেন যে কন্সট্রাকটিভ সাজেশন দিন যে কোথা থেকে টাকা পাওয়া যাবে বলে দিন না। আমি বলি যে এই দপ্তর তুলে দিয়ে অন্য খাতে ব্যয় করুন এবং যে অফিসাররা—যে দপ্তরে ৭৯ লক্ষ টাকা খরচ করে ৪॥ হাজার টাকা নিয়ে আসে সেই অফিসার-দের রাখার দরকারটা কি? তারপর মাছের ব্যাপার, যে সমস্ত জায়গায় ভেড়ী আছে, আমি কারও নাম করতে চাই না, তবে সরকারের যে মৎস্যনীতি তা থেকে বোঝা যায় যে যারা ভেড়ীর মালিক তাদের সুবিধা করে দেবার জন্য যাতে মাছ বেশী উৎপাদিত না হয়, যাতে বাজারে বেশী মাছ না আসে, যেহেতু বাজারে মাছ বেশী আসলে বাজারে মাছের দাম কমে যাবে এবং মাছের দাম কমে গেলে ওদের বন্ধু যারা বহু জায়গায় ভেড়ীর মালিক তারা, তাদের ঘাটতি হবে, তাদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে এদের পরিকল্পনা তৈরী হয়, যে পরিকল্পনার ফল হচ্ছে ৩ বছরে মোট ৪॥ লক্ষ টাকা তার উপায়। আমি এই ভেড়ী প্রসঙ্গে বলি যে স্যার আপনি যখন ও'রা কি বিল আনছেন, সেই কত বড় ভেড়ী নেবেন, কি সর্তে নেবেন প্রসঙ্গত যখন এই সম্পর্কে বিল আসবে তখন আলোচনা করা যাবে। কিন্তু যদি এইভাবে ডিপার্টমেন্ট চলে যদি এইভাবে কোনও ব্যবসা চলে তাহলে যত ভাল আইন আসুক না কেন, আমি খুব জোরের সঙ্গে বলতে পারি, সেখানেও ঠিক এই রকম আউটপুট হবে। এর চেয়ে ভাল কিছু হবে না। আজকে যাদের স্বার্থে মৎস্য দপ্তর পরিচালিত হচ্ছে, এই ভেড়ী দখল করার পরেও সরকারের আয়ত্বাধীনে আনার পরেও ঠিক তাদের স্বার্থে আমরা দেখবো ভেড়ী থেকে মাছ আর উৎপাদন হচ্ছে না। তারপর এই মাছের ব্যাপারে অনেক স্তোক দেশের লোককে দিলেন, সরকার মাছ তো উৎপাদন করতে পারলেন না উপরন্তু বেশী দরে যেখানে বিক্রি হয় সেই সম্পর্কে সরকারের যেভাবে দুর্নীতি দমন করা উচিত, সেইভাবে তারা দুর্নীতি দমন করতে পারেন নি। এমনভাবে দমন করেছেন এবং এমনভাবে জনসাধারণকে বেকায়দার ফেলেছেন যাতে করে সাধারণ মানুষ ত্রাহি ত্রাহি রব ছেড়ে বলেছেন, তোমাদের আর দমনে দরকার নেই। দমন করবার নামে চোরাকারবারী-দের এবং বড় বড় মাছের ব্যবসায়ীরা যেটা চায়, বাজার থেকে মাছ খধাও করে ফেলা—দমন করার নামে যদি মাল উধাও করে ফেলে, এ দমনের দরকার নেই। আমরাও জানি এবং সরকার পক্ষও এটা জানেন যে বহু জায়গায় ভেড়ীর মালিক যারা আজকে, তারা সরকারের যে নির্দ্ধারিত মূল্য তার চেয়ে বেশী দরে মাছ বিক্রি করে এবং সেই বেশী দরে মাছ বিক্রি করার ফলে ছোট ছোট যারা মাছ ব্যবসারী তারা তখন বাধ্য হয় বেশী দরে মাছ বিক্রি করতে। প্রশ্ন আসতে পারে যে সরকার বলতে পারেন যে তারা বেশী দরে মাল কেনে কেন? মাল না কিনলে তো পারে। একজন বেশী মুনাফার জন্য মাল বিক্রি করছে আর কিন্তু ছোট ছোট ব্যবসায়ী যারা বাজারে খুচরো বিক্রি

করে যাদের জীবিকা হচ্ছে, সেই মাল বেচা এবং তা থেকে তাদের ২ পয়সা করে তাদের সংসার প্রতিপালন করে, তাদের কাছে উপদেশ দিলেন যে তোমরা আর কাল থেকে বেশী দরে মাল কেনো না। অর্থাৎ সরকার নিজে কিছু বন্দোবস্ত করতে পারলেন না, তারা বাজারে মাছ আনতে পারলেন না এবং দর বেঁধে দিলেন এবং এই জেনে বেঁধে দিলেন যে বাজারে মাল আনার দায়িত্ব তাদের নেই তারপর জনসাধারণ বোঝে বুঝুক, আমি এই ছোট ছোট ব্যবসায়ীদের দোষ দিচ্ছি না, কেননা তারা বাচার জন্য কোনও জায়গায় ৪ আনা প্রতি কিলো নেওয়া এক জিনিষ আর যারা অতিরিক্ত মুনাফা করে, তারা অতিরিক্ত মুনাফার জন্য আইন ভাঙ্গছে, আমি দুটোকে এক স্তরে দাঁড় করাতে চাইছি না, এই দুটোর মধ্যে তফাৎ আছে, যদিও সরকার পক্ষ দুটোকে সমান মনে করেন, ওরা জানে দুর্নীতির কথা যখন সকলে বলবেন তখন দেশের বড় বড় চাঁই যারা, নীতির ধ্বংস যেটা তাদের সঙ্গে জড়িয়ে আমরা ছোট ছোট ব্যবসায়ীদের এবং জনসাধারণকে জড়িয়ে দিতে পারি তাহলে দুর্নীতির বিরুদ্ধে মানুষের যে ক্রোধ এবং ক্ষোভ, সেটা অন্যদিকে প্রবাহিত হবে। তারজন্য ওরাও ওটাকে লাম্প করে চেষ্টা করে না, যদিও আমরা সেই দুটোকে এক বলে মনে করি না, বাজারে কোনও জায়গায় আপনি দেখবেন যে মাছ আজকাল বাজারে কি আসে, যে লোক যদি ভাগ্যবান হয় তাহলে তারা তেলাপিয়া মাছ ছাড়া বাজারে, আর অন্য মাছ পাবেন, না। কচিৎ কদাচিৎ হঠাৎ হয়তো চারা পোনা কিম্বা বড় পোনা, আর অন্য কোনও মাছ পাওয়া যায় না, আর কি মাছ পাওয়া যায় সেটা হচ্ছে জিয়োল মাছ যেটা একটু আগে মন্ত্রীমহাশয় বললেন ওটার দর আমরা বাঁধিনি। ওটার দর বাধলেন না কেন? এমনকি কোনও আইন আছে যে ওটার দর বাঁধা যাবে আর জিয়োল মাছের দাম বাঁধা যাবে না। জিয়োল মাছের ক্ষেত্রে ইর্জিলি বাঁধা যায় না কেন না আমি নিজে বাজারে গিয়ে দেখেছি যে যেহেতু জিয়োল মাছের দর বাঁধা নেই, সেইহেতু এত এক্সঅর্বিটেণ্ট প্রাইস এরা ডিমান্ড করে যার কাছে সাধারণ মানুষ পৌঁছতে পারে না। তাদের বেশী দাম দিয়ে ৬ টাকা ৭ টাকা দরে কৈ কিম্বা মাগুর মাছ কিনতে হবে, কিম্বা হয়তো ২ টাকার তেলাপিয়া মাছ কিনতে হবে, এছাড়া অন্য কোনও মাছ কিনতে পারবে না। বর কালে ভদ্রে যদি জুটে গেল সে তো চৌদ্দ পুরুষের ভাগ্য বলতে হবে, মন্ত্রী মহাশয়রা অবশ্য নিয়মিত পান করেন তাদের অন্য ব্যবস্থা আছে, সেইজন্য ওঁরা বুঝতে পারবেন না সাধারণ মানুষের অসুবিধা কি? এখানে আমার বক্তব্য হচ্ছে আপনারা মাছের অনুপাতে জিয়োল মাছের দর যদি বেশী বাঁধতে চান বাঁধুন কিন্তু তারাও একটা দর ঠিক করুন যাতে করে এই দরে বাঁধবে, এই দর না বাঁধলে ক্রেতাদের পক্ষে অসুবিধা হবে। দ্বিতীয় হচ্ছে যে আপনারা এই যে ঋণ দিয়েছেন আমি জানিনা এই ধানের কত অংশ আপনারা পেয়েছেন কিন্তু তাতে আমার বিশেষ দুঃখ নেই কেননা আমরা মনে করি যে ঋণ কাকে দিয়েছেন এটাই প্রশ্ন, আমার অবশ্য এখানে কোনও তথ্য নেই যে অভিযোগ করবো। ঋণ যদি আপনার অনুগ্রহভাজন লোককে দিয়ে থাকেন সে আলাদা কথা, কিন্তু তা যদি না দিয়ে থাকেন তাহলে আমি এই কথা বলবো যে সাধারণ মানুষকে যাদের পুকুর আছে অন্যান্য বড় বড় পুষ্করিণী আছে—আপনাদের ঋণ দেবার যে সেই সম্বন্ধে আরও শিথিল করে, আপনারা ঋণটা দেবার বন্দোবস্ত করুন যদি সব মানুষের সুযোগ বাড়াতে চান, যদি দেশের যত পুষ্করিণী আছে আপনাদের যে সমস্ত পুষ্করিণী দখলে আছে, আরও যে সমস্ত পুকুর আছে, সেই সমস্ত পুকুরে যদি সাধারণ মানুষের যদি উৎসাহ দান করতে পারেন, যদি ঋণের সর্ত শিথিল করতে পারেন এবং তাড়াতাড়ি ঋণ দেবার ব্যবস্থা করতে পারেন, তাহলে আমি মনে করবো উৎপাদন বাড়াবার ব্যাপারে সত্যিকারের আপনারা অনেকখানি সাহায্য করবেন।

তৃতীয়তঃ হচ্ছে জেলেদের ব্যাপারে—বহু জায়গায় আমি জানি, নিজে ব্যক্তিগতভাবে জানি, জেলে আছে আমার এলাকা, আমার কন্সটিটিউয়েন্সীর একটা বড় অংশে ভেড়ী আছে, আমি যদি এই জেলেদের, কো-অপারেটিভ শুধু মুখে নয়, এরা যাতে বিভিন্ন জায়গায় ভেড়ী পুকুর নিতে পারে, তার বন্দোবস্ত করতে পারেন তাহলে সত্যিকারের মাছের যে চাষ সেটাকেই তারা সাধারণভাবে বাড়াতে সাহায্য করবে। আর তা যদি না করেন, যেভাবে চলছে লক্ষ টাকা খরচ করে ৪॥ লক্ষ টাকার উৎপাদনের মত যদি হয় তাহলে আমি বলবো এই ডিপার্টমেন্ট আপনারা তুলে দিন।

Shri Sanat Kumar Raha :

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই বরাদ্দের বিরুদ্ধে শুধু পশুপালনের ব্যাপারে স
কারের কিছু সমালোচনা করতে চাই। আমার প্রথম বক্তব্য হচ্ছে গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্
খাতে যে টাকা খরচ হয় এবং যার কারখানা হচ্ছে হরিণঘাটায় সে সম্বন্ধে নরেনবাবুর বক্
শুনে মনে হোল সোস্যাল ওয়েলফেয়ার স্টেট-এ ব্যবসা না করে দুধে জল-টল মিশিয়ে যে
রকমে লোককে সেবা করা দরকার। উনি বললেন ১৯৫২ সালে দুধের দর ছিল ২ টাকা এবং এ
সেটা কমতে কমতে হরিণঘাটার দৌলতে ১ টাকায় এসেছে। এতে জিনিসটা ব্যাখ্যা করা হয়
বিকৃত করা হয়েছে মাত্র। তারপর, উনি বলেছেন যে পরিপ্রেক্ষিতে আজকে দুধের সম
চিন্তা করা উচিত সেই পরিপ্রেক্ষিতটা কি। আমরা ভেবেছিলাম এই ১৬ বছরের মধ্যে বাংলাদে
দুধ, ছানা পাওয়া যাবে, মিষ্টির দোকানগুলি বাঁচবে, দেশের শিশুরা এবং সকলে গরুর
খেয়ে মানুষ হবে। কোলকাতার হিসেব দেখছি বর্তমান গ্রেটার ক্যালকাটায় যেখানে ৬০ হাজ
মন দুধ দরকার সেখানে ২ হাজার মন দুধও পাওয়া যাচ্ছে না। এর কারণ হচ্ছে গরুর উন্
হয়নি। এই দপ্তরের মন্ত্রী ফজলুর রহমান সাহেব আজকে হাসপাতালে পড়ে আছেন এবং এখ
কার সকলেই আজ এই দপ্তরের বিরুদ্ধে কটুক্তি করতে ইচ্ছা প্রকাশ করেছেন। কিন্তু আ
মনে হয় কটুক্তি করলেও এই দপ্তরের সংশোধন হবেনা। স্যার, আমরা চেয়েছিলাম নাক, বি
পেলাম নরুন। আজকে দেশের অবস্থা কি? দুধ চেয়ে দরখাস্ত করলে দুধ পাওয়া যায়না এ
যা পাওয়া যায় সেটা ডাবল টোন্ড মিল্ক এবং যা দেওয়া হয় সেটা ইনসিগনিফিক্যান্ট কোয়া
টিটি। শুধু তাই নয়, যে দুধ আসে তাতে হরিণঘাটার কোন কৃতিত্ব নেই। তারপর, এতকাল
৬ কোটি টাকা খরচ করে সরকার যে ব্যবসা চালিয়েছেন তাকে ব্যবসা বলা চলে না।
হরিণঘাটায় সরকার ১ বছরে যে টাকা লোকসান করেছেন তা ভাবাও যায়না। ৬ কোটি টা
খাটিয়ে এত টাকা লোকসান করে তারপরও তাঁরা বলছেন এটা সমাজ কল্যাণ খাতের গ্রা
কিন্তু আমি বলব এটা দুর্নীতির খাতে অপচয়। স্যার, হরিণঘাটায় দুর্নীতির সীমা নে
ডাবল টোন্ড মিল্ক বলতে দুধের ভাল অংশ বাদ দিয়ে পাউডার্ড মিল্ক কিনে, জল মিশি
তারপর সাপ্লাই করা হচ্ছে। মন্ত্রীমহাশয় বলেছেন ৮০ হাজার লিটার দুধ আমরা সংগ্রহ করি
৮০ হাজার লিটার দুধ মানে আমরা ২ হাজার মন দুধ সংগ্রহ করছি। জিজ্ঞাসা করি কো
থেকে এটা করছেন—আপনাদের তো ২৬ হাজার গরু এবং মহিষ—অর্থাৎ ২২ হাজার গরু এ
৪ হাজার মহিষ। আপনারা যে গ্রেটার ক্যালকাটা করেছেন তাতে দেখছি গ্রেটার ক্যালকাটা থে
কালেকসন হয় এবং স্মলার ক্যালকাটায় সাপ্লাই হয়। কাজেই এর নাম হওয়া উচিত, নট গ্রে
ক্যালকাটা মিল্ক সাপ্লাই প্রজেক্ট, বাট স্মলার ক্যালকাটা প্রজেক্ট এ্যান্ড গ্রেটার ক্যালকাটা কলে
সন। আপনারা দুনিয়ার গরু মহিষের দুধ কলেকসন করে তাতে জল মিশিয়ে তারপর বাহাদু
নিচ্ছেন যে আমরা গ্রেটার ক্যালকাটায় মিল্ক সাপ্লাই করছি। কোলকাতার লোক দরখাস্ত কর
দুধ পায়না এটা নিশ্চিত কথা এবং যেটুকু পান সেটুকু অতি নগন্য এবং ডাবল টোন্ড মিল
স্যার, এই হোল প্রহসন। এই যে লক্ষ লক্ষ টাকা লোকসান হচ্ছে তাতে আমি বলব এটা সম
কল্যাণের উদ্দেশ্যে নয়, এখানকার দুর্নীতির বিরুদ্ধে যাতে বিক্ষোভ সৃষ্টি না হয় তার
ডেলিবারেটলী সমাজ কল্যাণের নাম দিয়ে হরিণঘাটাকে লোকের সামনে দেখান হচ্ছে যে, এখ
ব্যবসা প্রতিষ্ঠান আছে। আমি বলব এই হরিণঘাটা সম্বন্ধে সরকারের অন্যরকম দৃষ্টিভঙ
নেওয়া উচিত এবং সেটা ব্যবসাদারের দৃষ্টিভঙ্গী নয় বা লাভ করার দৃষ্টিভঙ্গীও নয়।
মাস্ট হ্যাভ সাম বিজনেস্লাইক স্পিরিট এ্যান্ড এ্যাক্টিভিটি।

[4-45—4-55 p.m.]

আপনারা লাভ করুন না করুন—নো লস্, নো প্রফিট বেসিস-এ না চালালে সমাজের কল
করতে পারবেন না। তৃতীয় প্ল্যানে ২ লক্ষ লিটার সরবরাহ করার কথা ছিল, কিন্তু আমরা
৮০ হাজার লিটার পাচ্ছি। তৃতীয় পরিকল্পনার আর এক বছর বাকী আছে কাজেই ফিফ
পারসেন্ট আসবে কিনা আমার সন্দেহ। এত ঢাকঢোল পিটিয়ে হরিণঘাটায় দুগ্ধ কেন্দ্র ব
এতদিন পর মাত্র ১ হাজার গরু রেখেছেন এবং বলছেন আইনের হাংগামা ছিল বলে আ
খাটাল তুলতে পারিনি। আমি মনে করি এটা অবাস্তব কথা। এই দপ্তর এত বেশী অপদ
এবং দুর্নীতিতে এত ভরপুর যে এঁদের ত্রুটি-বিচ্যুতি খুঁজে পাওয়া কঠিন। হরিণঘাটায়

দুর্নীতি চলছে সেটা যদি আমরা জনসাধারণের কাছে তুলতে পারি তাহলে তারা অনেক দুর্নীতি দেখতে পারবে। তারপর এই দপ্তরের অপদার্থতার আর একটা দৃষ্টান্ত দেই। দ্বিতীয় প্ল্যানে বরাদ্দ ছিল ৬ কোটি ৪০ লক্ষ ৫৫ হাজার টাকা আর বাস্তবে হোল ৩ কোটি ৭৮ লক্ষ ৪৬ হাজার টাকা—অর্থাৎ ২ কোটি ৬২ লক্ষ ৯ হাজার টাকা ব্যয় হোল না। বাংলাদেশে আজ দুধের সমস্যা হচ্ছে বড় সমস্যা এবং যেখানে আমাদের ডেইলী ১০ আউন্স করে দরকার সেখানে আমরা পাচ্ছি গড়ে ২ পয়েন্ট ৫০ আউন্স। কাজেই ভেবে দেখুন কি অপুষ্টি। বাংলাদেশে দুধের সমস্যা হচ্ছে জাতীয় সমস্যা এবং মানুষকে যদি বাঁচতে হয়, তার আয়ু যদি বৃদ্ধি করতে হয়, তাকে যদি নীরোগ হতে হয়, তাকে যদি রোগের সংগে লড়তে হয় তাহলে দুধ হচ্ছে বড় জিনিষ। কিন্তু দেখুন তা নিয়ে কি ছেলেখেলা হচ্ছে। তৃতীয় পরিকল্পনায় টাকা খরচ হোলনা, ক্যালকাটা ডেভলপমেন্ট স্কীম-এ ৬৯ লক্ষ টাকা বরাদ্দ করেছেন, কিন্তু রেড বুক, হোয়াইট বুক দেখুন আজ পর্যন্ত ব্যয় হয়েছে মাত্র ১৯ লক্ষ টাকা—অর্থাৎ ৫০ লক্ষ টাকা খরচ করতে এখনও বাকী আছে। এই যদি অবস্থা হয় তাহলে কি করে ডেভলপমেন্ট হবে? তারপর, স্লটার-হাউস কন্স-ট্রাকসন স্কীম-এ বাজেটে আছে ২১ লক্ষ টাকা, কিন্তু রিভাইজড্ বাজেটে হোল সেটা ১ লক্ষ টাকা—অর্থাৎ ২০ লক্ষ টাকা উধাও। কাজেই দেখা যাচ্ছে এই দপ্তর অপদার্থ এবং এঁদের কোন চিন্তা নেই কোথায় খরচ করতে হবে। এই বিভাগের ডাইরেকটর, সেক্রেটারী এবং মিনি-স্টার যখন অপদার্থ তখন তলাকার কর্মচারীরা তদনুযায়ী অপদার্থ হতে বাধ্য। এই দপ্তর সম্বন্ধে কঠোর সমালোচনা ছিল, কিন্তু আসল মন্ত্রী না থাকাতে যাঁরা আছেন তাঁরা হয়ত ভাল মানুষের মত উত্তর দিয়ে যাবেন কিন্তু তাঁদের মনে রাখা দরকার মাছ এবং দুধকে ১৭ বছর ধরে উপেক্ষা করা হয়েছে। ১৯৬৪-৬৫ সালে ক্যাটেল ডেভলপমেন্ট-এ ২৬ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল কিন্তু সেটা ব্যয় হোলনা এখনও। তৃতীয় প্ল্যানে ৪ কোটি ১১ লক্ষ টাকা বরাদ্দ ছিল, কিন্তু ৪ বছরে খরচ হোল মাত্র ১ কোটি ৩৬ লক্ষ টাকা। এনিম্যাল হাজবেন্ডারীতে ১৯৬৫-৬৬ সালে যদিও ১ কোটি ২৬ লক্ষ টাকা বরাদ্দ বেড়েছে, কিন্তু দেখবেন সেটা খরচ হবেনা। এনি-ম্যাল হাসবেন্ডারীর বড় কথা হচ্ছে কি ভিলেজ করতে হবে, কিন্তু সেটা ব্যর্থ হয়েছে, ফডার তৈরী করার ব্যবস্থা ব্যর্থ হয়েছে। তারপর, বাজেটে দেখলাম হাসপাতাল, ডিসপেনসারির জন্য ওঁদের বরাদ্দ ছিল, ১.৮৬৭ হাজার টাকা কিন্তু খরচ হয়েছে মাত্র তার ফিফ্‌টি পারসেন্ট—অর্থাৎ ৯৮২ হাজার টাকা। তাহলে আমরা দেখছি কি? আমরা দেখছি পশুপালনের ব্যাপারে যেখানে হাসপাতাল তৈরী করা যেত, ডিসপেনসারী তৈরী করা যেত এবং প্রত্যেক থানায় থানায় যেখানে গরুর রোগ হচ্ছে, কৃষকরা গরু রাখতে পারছে না, চিকিৎসার অভাবে সমস্যা সৃষ্টি হচ্ছে সেখানে এই সরকার শতকরা ৫০ ভাগ টাকা খরচ করতে পারলেন না।

ট্রেনিং রিসার্চ স্টুডেন্ট ১১ শত ৬৯ টাকা ছিল বরাদ্দ তারা খরচ করলেন ৩৯৬—অর্থাৎ ৩০ পারসেন্ট। এত বড় অকর্মণ্য, অপদার্থ, নিষ্ক্রিয় এবং উদাসীন সরকার হতে পারে না, এ্যানি-মেল হাজবেণ্ড্রি বাংলাদেশে বিরাট একটা জিনিষ যার সংগে জাতীর শিল্পের, কৃষির ছাত্রের মেধাবৃত্তি ভবিষ্যৎ বংশধরের সংগে সম্পর্ক আছে সে মাছ এবং দুধ আজ ১৭ বৎসর স্বাধীনতার পরেও তাঁরা এমন জায়গায় নিয়ে এসেছেন যে বাজারে দুধ নেই, মাছ নেই, ছানা নেই। কারণ হচ্ছে গরুর প্রজনন সম্পর্কে উদাসীন, গরুর সংখ্যা সম্পর্কে উদাসীন, গোচারণ ভূমি দেবেন না। ফিড ফডার দেবেন না এইভাবে সমস্ত দৃষ্টিভঙ্গী এবং ইমাজিনেসানের অভাব সেজন্য এই দপ্তরের দুর্নীতি এবং অপদার্থতার প্রতি কষাঘাৎ করে, তীব্র সমালোচনা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abhoy Pada Saha:

চেয়ারম্যান মহাশয়, পশুপালন ব্যয় বরাদ্দ উত্থাপন প্রসংগে স্বাভাবিক ভাবে গো সম্পদের কথা আসে। আমাদের এই গো সম্পদ কোন পর্যায়ে এসে পৌঁচেছে সে সম্পর্কে আমাদের এ পক্ষ থেকে বলার দরকার নেই কারণ কয়েকদিন আগে ওপক্ষের মাননীয় সদস্য অম্বিকা দাস বলেছেন যে গরু সব ছাগল হয়ে যাচ্ছে। আমাদের দেশে ইংরাজ রাজত্বের পর আমরা দেখেছি প্রত্যেক ঘরে ঘরে প্রচুর পরিমাণে দুধ থাকতো। আমরা দেখেছি অনেক কাজকর্মে দুধ পাঠা ধার চাইলে পাওয়া যেত। এখন একটা গ্রামের পরিসংখ্যান নিলে দেখা যাবে যে গ্রামের যারা বাসিন্দা তার শতকরা ২৫ ভাগ লোকের গরু আছে এবং সমস্ত গরুই ছাগল হয়ে গেছে। কেননা আমা-দের দেশের ষাঁড়ের একান্ত অভাব এটা সত্যকথা যে পল্লীগ্রামে ভাল ষাঁড় নেই। সরকার থেকে

কিছু কিছু জায়গায় ষাঁড় দেবার ব্যবস্থা হয়েছিল কিন্তু সে ব্যবস্থা কার্যে পরিণত হয়নি সরকার থেকে যে টাকা দেওয়া হয়েছে সে টাকা সরকারী কর্মচারীদের জন্য অপচয় হয়েছে ষাঁড়ের রক্ষণাবেক্ষণ হয়নি। আমি একটা প্রশ্ন করেছিলাম একটা ব্লকে কতগুলি ষাঁড় দেওয়া হয়েছিল ৫ বৎসরের মধ্যে, সে ষাঁড় মারা গেছে—১০টা ষাঁড় ছিল তার মধ্যে ২টা আছে, সরকারের পরিচালনায় আমাদের গো-সম্পদ এ অবস্থায় এসে গেছে। এ বিষয়ে আমার একটা বক্তব্য হাউসের সামনে রাখছি। আমাদের বাংলাদেশে পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠা হয়েছে। ৩৩৫টা অঞ্চল পঞ্চায়েত আছে প্রতিটা অঞ্চল পঞ্চায়েতে যদি একটা করে ভাল ষাঁড় দেওয়া হয় তাহলে আমাদের দেশের গরুর চেহারা অনেক ফিরে যাবে।

[4-55—5-5 p.m.]

৩৩৫টা ষাঁড় দিতে বেশী টাকা খরচ হবে না। স্বাধীনতার পর থেকে আপনার দপ্তরে কোটী কোটী টাকা খরচ হচ্ছে কিন্তু তাতে ফল কিছু হয়নি, দেশের গো-সম্পদ ধ্বংস হয়ে গেছে। প্রত্যেক অঞ্চলে যদি একটা ভাল জাতের ষাঁড় রাখার পরিকল্পনা গ্রহণ করা হয় তাহলে এক দেড় কোটী টাকার মধ্যে এটা সমাধান হবে আপনারা যে পরিকল্পনা অনুযায়ী কাজ করেন তাতে ভাল ষাঁড় পাওয়া যায়না এবং তাতে ভাল প্রজোনন হয়না এবং প্রজোনন-এর সময় ষাঁড় পাওয়া যায় না। গরু খারাপ হয়ে যায়, আর একটা কথা বলতে চাই কলকাতা শহরে ১০ হাজার ভাল জাতের দুগ্ধবতী গরু বাইরে থেকে নিয়ে আসা হয় এবং প্রতিবৎসর ১০ হাজার গরু কসাইখানায় চলে যায়। ১৭ বৎসর স্বাধীনতার পর গো-সম্পদের এ অবস্থার সৃষ্টি হয়েছে। এতদিন তাদের খেয়াল ছিলনা যে ঐ ভাল ভাল জাতের গরু কসাইখানায় চলে যায় তারপর সংবাদপত্রে দেখা গেল ঐ ১০ হাজার গরু যে প্রতি বৎসর নষ্ট হয় তা রক্ষা করার জন্য এ বৎসরে সরকার থেকে একটা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যে ১০ হাজার গরুর মধ্যে ১০০টা গরু সরকার থেকে নেওয়া হবে এবং তাতে খরচ হবে ৭৫ হাজার টাকা। এত টাকা যে কেন খরচ হবে তা বুঝতে পারছি না। যেখানে মার্চ মাসে বৎসর শেষ হয়ে যাচ্ছে। এর মানে গরু পিছু ৭৭৫ টাকা খরচ হবে। এই তথ্য সরবরাহ করা হয়েছে সরকারের উপদেষ্টা সচিব এস, সি, রায়-এর তরফ থেকে। এ গো-সম্পদ রক্ষা করার নামে এ টাকা অপচয়ের ব্যবস্থা করা হচ্ছে এবং জনসাধারণের টাকা অপচয় করে ১০০টা গরুর জন্য ৭৫ হাজার টাকা কি করে খরচ হয় সেটা জানতে চাই। ১০ হাজার গরু রক্ষা করতে হলে একটা আইন করা দরকার যে সব গাভীর সন্তান ধারণের ক্ষমতা আছে সে সব গাভী যেন কসাইখানায় না যায়। এসব আইন করলে যে সব গরু বাজারে বিক্রি হবে তা থেকে অনেক দুধ পাওয়া যাবে সেজন্য এই দপ্তর এত দিন ধরে যে ভাবে চলে এসেছেন তাতে গো-সম্পদের উন্নতির ব্যবস্থা হয়নি, শুধু মাত্র সীমাবদ্ধ ভাবে রিসার্চ হয়েছে যাতে জনসাধারণের কোন উপকার হয়নি এবং বেশীর ভাগ শিশুর দুধ পাওয়া যায়নি। সেজন্য যে টাকা বরাদ্দ হোক না কেন সে টাকা যদি ঠিক ঠিক ভাবে খরচ হয়, নিশ্চয়ই তাহলে অনেক ভাল হত। কিন্তু সে টাকা ঠিক ভাবে খরচ হয়নি। সেজন্য যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তার বিরোধীতা করছি।

Shri Padak Mahato :

মাননীয় সভাপতি মহাশয়, পশুপালন কংগ্রেসী শাসনে দূরে থাক ধ্বংসের কাজ চলেছে। পশুপালন জাতির একটা বড় সম্পদ কিন্তু পশুপালনের উন্নতি তো সরকার আদৌ করতে পারছেন না, উপরন্তু রোগে মড়কে গরু-মহিষ প্রভৃতির যে হাল হচ্ছে তার থেকে বাঁচাবারও ব্যবস্থা সরকারের নেই। ভীষণ সংক্রামক রোগ লাগলে বা মহামারী লাগলে শীঘ্র চিকিৎসা পাবার কোন ব্যবস্থাই নেই। ঔষধও ঠিকমত আদৌ থাকেনা। এ বিষয়ে চাষীদের মধ্যে গণ-শিক্ষারও কোন ব্যবস্থা নেই। কংগ্রেসী শাসনে পশুকে সবল রাখবার এবং তাদের স্বাস্থ্যের উন্নতি করবার কোন ব্যবস্থা নেই। দেশে পশু খাদ্যের আজ ভীষণ অনটন। খড় দুর্মূল্য, খইলের দাম অগ্নিমূল্য, চুনি প্রভৃতিও দুর্মূল্য। গরু মহিষ বাঁচে কিসে? আর ওদিকে গোচারণ ভূমি বলতে বিশেষ কিছুই নেই। তৃণহীন মাঠে গরু-মহিষ চরে। গোচারণ ভূমিও দ্রুত কমে আসছে এটা দেশের একটা মস্তবড় সমস্যা। এই অবস্থা সত্বেও পশুখাদ্যের চাষ বাড়াবার চেষ্টা সরকারের কোন কিছুই নেই। বিপন্ন চাষীকে গরু প্রভৃতির জন্য সরকারী সহায়তাও প্রায় অকার্যকরী

হয়। গরু কিনতে বা দাম দেয়া হয় তা ছাগলের দাম। চাষী অনেক সময় গরু কেনার ঋণ নিয়ে গরু কিনতে না পেরে টাকাটি ভেঙ্গে খেয়ে দেয়। চাষীর হাতে ভাল গরু থাকলে এবং উপযুক্ত গোপালন হলেই কৃষির উন্নতি হতে পারে। কাগজে কলমে কৃষিকে অগ্রাধিকার দিলেই কৃষির উন্নতি হবে না। গো-মহিষ প্রভৃতিও উন্নত জাতি প্রবর্তনের প্রচেষ্টাও সরকারের নেই। উন্নত ষাড়, কৃত্রিম প্রজনন ব্যবস্থা বিষয়ে সরকারের পরিকল্পনা কিছুই নেই। সারা দেশে পুরানো ধারাই আজও চলছে। এ বিষয়ে দিকে দিকে বিকেন্দ্রিত ব্যবস্থা বা গণশিক্ষা আদৌ কিছুই নেই। উন্নত ষাঁড় দেবার এক-আধটুকু যে ব্যবস্থা হয়েছে তা অত্যন্ত দুঃখজনক। ষাঁড়ের বরাদ্দ চুরি করে খাওয়ার ফলে ষাঁড় এমন দুর্বল হয়ে যায় যে তারা চলাফেরা করতেই অক্ষম। এসব বাস্তব সত্য ঘটনা। কংগ্রেসী শাসনে আজ দেশের যে অবস্থা চেয়ারম্যান মহাশয়, আমি আপনার সামনে সেটা একটু বলছি। দেশে গ্রামে ঘরে যে সমস্ত কুটিরশিল্প ছিল সেই কুটিরশিল্পের দ্বারা গ্রামের জোলা, তাঁতী, কামার, কলু প্রভৃতি তারা জীবনের একটা সংস্থান করতো কিন্তু সেই সমস্ত কুটিরশিল্প পুনরুদ্ধার না করার জন্য গ্রামে ঘরে শিল্পের উপর যারা নির্ভরশীল ছিল তারা সকলেই চাষের দিকে লক্ষ্য করেছে এবং সেদিক লক্ষ্য করার ফলে মাঠেঘাটে যে সমস্ত গোচারণ ভূমি ছিল সেগুলি কৃষিকার্যের উপযোগী করেছে যার ফলে প্রাকৃতিক নিয়মে ভগবান আমাদের প্রতি বিরূপ এবং আমাদের সরকারও এই বিরূপতায় প্রথম স্থান অধিকার করেছে। এটা আমার কথা নয়, পৃথিবীর বৈজ্ঞানিকরাও বলছেন যে দেশে জংগল না থাকলে আকাশ থেকে ভাল বর্ষা হয়না। সরকার এই জংগল করে দিয়েছেন। কাজেই সেদিক থেকে সেই জমিগুলি অকর্মণ্য হয়ে পড়েছে, সেখানে চাষ হচ্ছে না। ফলে গোচারণ ভূমিগুলিও নষ্ট হচ্ছে এবং তার ফলে গো-জাতির অবনতি ঘটছে এবং তাদের অবনতি ঘটার সংগে সংগে কৃষিরও অবনতি ঘটছে। আপনি জানেন চেয়ারম্যান স্যার, যে কৃষির উন্নতির জন্য সার দরকার কিন্তু গোবর সার প্রভৃতি দেয়ার কাজে সরকারের কাজে ব্যতিক্রম ঘটছে। অতএব সরকার কৃষির কাজে কোন অগ্রাধিকার দিচ্ছেন না। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[5-5—5-15 p.m.]

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় সদস্যগণ তাঁদের ভাষণের মধ্যে যে সমস্ত কথার অবতারণা করেছেন আমি বিশেষ মনোযোগসহকারে সেই সমস্ত কথা শুনেছি—একটা কথা বিশেষকরে অপূর্ববাবু বলেছেন যে ঘাটতি পূরণ করবার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি, এমন কি এত ব্যর্থতার পরিচয় দিয়েছেন এই বিভাগ যে এই বিভাগকে তুলে দিয়ে—এই বিভাগের জন্য যে টাকা খরচ হয় সেই টাকা দিয়ে মাছ কিনে বিতরণ করলে অনেক ভাল কাজ হয়। তা যদি হোত তাহলে অবশ্য সেটা সুখের কথাই হোত যে এই বিভাগের কোন কাজ নেই—এই বিভাগ যতটুকু কাজ করছে সেইটুকুই ব্যর্থ হচ্ছে—তার বদলে যে টাকা এই বিভাগের জন্য ব্যয় হচ্ছে সেই টাকা দিয়ে মাছ কিনে বন্টন করলে আরও ভাল হোত। কিন্তু মাননীয় সভাপতি মহাশয়, আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছিলাম যে এই বিভাগ ঘাটতি পূরণ সম্পর্কে কি কি কাজ করেছে এবং কি কি কাজ করতে চাইছে। আমি বলেছিলাম যে আজ আমরা এই মৎস্য দপ্তর থেকে কতকগুলি পরিকল্পনা গ্রহণ করেছি—গ্রহণ করবো এই কথা বলিনি শুধু। আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই মৎস্য দপ্তর থেকে সীড ফার্মিং করেছি—শিক্ষাদানের ব্যবস্থা করেছি, মৎস্যজীবীদের ব্যক্তিগতভাবে এবং সমবায় সমিতি হিসাবে ঋণ দানের ব্যবস্থা করেছি—বোট নির্মাণের ব্যবস্থা করেছি এবং অন্যান্য অনেক রকম কাজ করেছি যার ফলে মাছের চাষের নিশ্চয়ই কিছুটা উন্নতি হয়েছে। আমি একথাও বলেছি যে মাছের চাষের ততটা উন্নতি হয়নি বা ততটা উৎপাদন বৃদ্ধি হয়নি যতটা আমাদের প্রয়োজন মেটাতে পারে। একথা তর্ক করে বক্তৃতা করে বোঝানোর কোন দরকার নেই যে আমাদের মাছের বাজারে অনেক পরিমাণ ঘাটতি আছে—কিন্তু কাজ কিছুই হয়নি একথা বললে বড্ড বেশী রকমের প্রচার কার্য করা হয় যার কোনই প্রয়োজন নেই এখানে। মাননীয় সভাপতি মহাশয়, আমরা কতগুলি পোনা ছেড়েছি—সে নিয়ে মাননীয় খগেনবাবু অনেক কথাই বলেছেন—তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা কি কি কাজ করেছি তার একটা ফিরিস্তি আপনার কাছে আমি এখুনি দিতে পারি—খগেনবাবু বললেন এ ব্যাপারে অতি সামান্য মাত্রই কাজ হয়েছে। তিনি বোধ হয় একটু ভুল করলেন যে

এই যে পোনা ছাড়া হয়, এগুলি ছোট ছোট পোনা নয়—এগুলিকে ফ্রাই ফিঙ্গারলিং বলে সেগুলি বড় বড় হয়—সেগুলিকে আইডেন্টিফাই করা যায় এবং তার মৃত্যুর হারও খুব কম হয়। সেইগুলি আমরা বিক্রি করি। আর যেগুলি ছোট ছোট চারা পোনা—তার মৃত্যুর হার বেশী—মাননীয় সভাপতি মহাশয়, আমরা এই যে সমস্ত পোনা ছেড়েছি, বিলি করেছি তার মৃত্যু হার খুব কম। কিন্তু যে সমস্ত পোনা বাজারে বিক্রি করা হয় তার মৃত্যুহার খুব বেশী থাকে। আমাদের এখানে রিসার্চ হয়। রিসার্চ সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন—রিসার্চ কি হয়েছে, কতটুকু হয়েছে না হলে হয়ত ভাল ছিল। পূর্বে হয়ত ভাল হতে পারে, কিন্তু যে কোন ব্যাপারে রিসার্চ না করে উন্নতি করা যায় না। পুরান পদ্ধতিতে বহুকালের প্রচলিত ধারা অনুযায়ী যদি চাষ করতাম তাহলে উন্নতি করতে পারতাম না, মৎস্য চাষের বেলায় তাই, যে কোন চাষের বেলায়ও তাই। কোন সভ্য দেশ উন্নত দেশ রিসার্চকে বাদ দিয়ে উন্নতির কথা ভাবতে পারেন না। মাননীয় সদস্যরা যদি চান রিসার্চ না করে পুরান প্রথায় কাজকর্ম করবেন তাহলে ও'দের পক্ষে সুবিধা হতে পারে। সুতরাং অপচয়ের কথা কি করে জানলেন আমি জানি না। ব্রেস ওয়াটার এক্সপেরিমেন্টাল রিসার্চ স্টেশান দেখে এসে যদি বলতেন যে সেখানে কি কি কাজ হয়েছে তাহলে ভাল হত, তাহলে আমি নিশ্চয়ই তাঁর কথায় গুরুত্ব দিতে পারতাম। কিন্তু তিনি ভাল করে জানেন না। আমরা শুধু যে ডাইরেক্ট ফার্মিং করেছি তা নয়, সিড ফার্ম তৈরি করেছি তা নয়, তা থেকে পোনা তৈরি করে বিতরণ করছি তা নয়, আমরা লোন দিয়েছি, সাবসিডি দিয়েছি, এমন কি যারা বেশী পরিমাণে মাছ উৎপাদন করে বাজারে বিক্রি করতে পারে তাদের বোনাস দিয়েছি। এইভাবে আমরা মাছের চাষ বৃদ্ধি করার জন্য চেষ্টা করে আসছি। ফিস মার্কেটিং কর্পোরেশান সম্পর্কে মাননীয় সদস্য অপূর্ববাবু বোধ হয় বললেন যে এখানে কোল্ড স্টোরেজ ফেসিলিটি দেওয়া অনাবশ্যক। হাওড়াতে কেন দরকার হবে—মনে হবে যে হাওড়াতে একেবারেই অনাবশ্যক। কোল্ড স্টোরেজ ফেসিলিটি এজন্য দরকার হবে হাওড়াতে যখন মাছ আসবে তখন সব সময় যে সংগে সংগে বিক্রি হয়ে যাবে তা নয়। আমাদের যে পরিমাণ আমদানি হয় তার চেয়ে বেশী পরিমাণ চাহিদা আছে এটা জানা কথা। কিন্তু তার মানে এই নয় যে আমদানির সংগে সংগে বিক্রি হয়ে যেতে পারে। আমদানি রাত্রিবেলায় হতে পারে, আমদানি হতে পারে সন্ধ্যাবেলায়, গভীর রাত্রিতে এমন সময় হয়ত আমদানি হতে পারে যখন আর বিক্রির ব্যবস্থা নেই। সেই সময় যখন আমদানি হবে তখন সেই মাছের রক্ষণা-বেক্ষণের জন্য কোল্ড স্টোরেজের দরকার হয়। সুতরাং কোল্ড স্টোরেজ অনাবশ্যক এটা একেবারে বাজে কথা। (শ্রীঅপূর্বলাল মজুমদার ঃ ফ্রেজারগঞ্জে হতে পারে, ক্যানিং-এ হতে পারে) ফ্রেজারগঞ্জে হবে না এই কথা বলছি না, সেখানেও হবে, ক্যানিং-এও হবে, সেখানে পরিকল্পনা আছে। কিন্তু হাওড়াতে কোল্ড স্টোরেজের দরকার নেই এই কথা যখন অপূর্ববাবু বলেছিলেন তখন তার উত্তরে এই কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ফিস মার্কেটিং কর্পোরেশান সম্পর্কে মাননীয় সদস্য অপূর্ববাবু বোধ হয় বলেছিলেন এটা কোম্পানী কেন হবে? এ সম্বন্ধে আমার এটুকু জানাবার কথা যে কেন্দ্রীয় সরকার গত সেপ্টেম্বর মাসে স্থির করেছেন যে এটা কোম্পানী হবে এবং এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সম্পূর্ণভাবে দায়িত্ব রয়েছে এবং তাঁরা কর্তব্য নির্ধারণ করছেন। এজন্য একজন অফিসার আছেন যিনি সমস্ত বিষয়টা চুড়ান্তভাবে রূপদান করবেন এবং সম্প্রতি প্রারম্ভিক কাজ শুরু করেছেন। তিনি এ বছর ফেব্রুয়ারী মাসের ২৫ তারিখে কাজে যোগদান করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ডিরেক্টোরেটের আয়তন বৃদ্ধি হয়েছে, কর্মীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে এই নিয়ে অনেকে কটাক্ষ করেছেন। একটা কথা প্রথমে বলা দরকার সেটা হচ্ছে লাইসেন্স যা দেওয়া হত সেটা এ পর্যন্ত ফুড এন্ড সাপ্লাই ডিপার্টমেন্ট থেকে দেওয়া হত। এখন এই কাজটা ফিসারি ডিপার্টমেন্ট গ্রহণ করেছেন। আর দ্বিতীয় কথা হচ্ছে এতক্ষণ ধরে মাননীয় সদস্যগণ এই দপ্তরের নিন্দা করলেন। নিন্দা যদি করে থাকেন তাহলে তাঁরা চান যে এই বিভাগ আরো দক্ষতার সংগে আরো ভালভাবে কাজ সম্পন্ন করুক। সেজন্য এই ডিপার্টমেন্টকে কিছু কিছু রিঅর্গানাইজ করা হয়েছে, এই ডিপার্টমেন্টের কিছু কিছু কর্মীর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে।

[5-15—5-25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খগেনবাবু বলছিলেন যে দুটো মাঝারি বোট অকেজো হয়ে গিয়েছে। এটা সম্পূর্ণ অসত্য কথা। কোথা থেকে এ'রা সংবাদ সংগ্রহ করেন তা আমি জানি না। ওটা এখনো চলছে। উপকূল অঞ্চলে এক্সপ্লোরেটরি স্কীম-এর অধীনে কাজ করে চলেছে।

শ্রীঅপূর্বলাল মজুমদার মহাশয় ২৪-পরগণা সেন্ট্রাল ফিসারীজ কো-অপারেটিভ সোসাইটি সম্পর্কে বলেছেন ও'রা যে ২ লক্ষ ৫০ হাজার টাকা নিয়েছেন, তা সম্পূর্ণ বরবাদ হয়ে গেছে। আমি শুনলাম তাঁরা যে টাকা নিয়েছেন তা ব্যাংকে জমা আছে। ব্যাংকে জমা টাকাটা বরবাদ হয়ে যাওয়া নয়। তারা ৫০ হাজার টাকা ওয়ার্কিং ক্যাপিটাল নিয়েছিলেন তার মধ্যে ২৫ হাজার টাকা ওয়ার্কিং ক্যাপিটাল নিয়েছিলেন, তার মধ্যে ২৫ হাজার টাকা শোধ করেছেন এবং বাকী ২৫ হাজার টাকা ব্যাংকে জমা আছে। এ'রা উড়িষ্যা, অন্ধ্র প্রদেশ থেকে মাছ আমদানী করছেন এবং কাজ করছেন। আশা করি উনি যে ২ লক্ষ ৫০ হাজার টাকা সম্পূর্ণ বরবাদ হয়ে গেছে বলেছেন, সে কথা এর পরে তিনি নিশ্চয়ই প্রত্যাহার করে নেবেন।

আমাদের যে কতকগুলি পরিকল্পনা করা হয়েছে তার ফললাভ কি হয়েছে সেই সম্পর্কে আবার বলতে চাই। গত কয়েক বছরের মধ্যে আমাদের দেশে মাছ আমদানীর পরিমাণ বেড়েছে, উৎপাদনের পরিমাণও বেড়েছে তার এক হিসেব আমাদের হাতে আছে। কলিকাতা এবং হাওড়ায় ১৯৪৮ সালে যে মাছ আমদানী হতো, ১৯৬৪ সালে তার চেয়ে দ্বিগুণেরও বেশী মাছ আমদানী হয়েছে; শতকরা ১০৭ ভাগেরও বেশী আমদানী হচ্ছে। এই যে মাছ বেশী আমদানী হতো এটা পশ্চিমবাংলার জলাশয় থেকে হয়েছে, ভারতের অন্যান্য রাজ্য থেকে যে মাছ আসে, তার প্রায় সমানই আছে। জলাশয় থেকেও বেশী মাছ আমদানী হয়েছে নিশ্চয়। মাননীয় সদস্যরা জানেন সেটা আসছে পশ্চিমবাংলার বিভিন্ন দূরবর্তী অঞ্চল থেকে, কেন্দ্র থেকে। যেখানে আজকে মাছের চাহিদা বেড়েছে, সেখানে দামও বেশী, বেশী দামে মাছ কিনবার লোকের সংখ্যাও বেড়েছে। কর্মচাঞ্চল্য বাড়বার জন্য, লোকের আর্থিক সঙ্গতিও বেড়েছে। যেমন মনে করুন দুর্গাপুর একটা শিল্পাঞ্চল, যেটা কর্মমুখর হয়ে উঠেছে। সেইসব জায়গায় আর্থিক সঙ্গতি বাড়াবার জন্য প্রচুর পরিমাণে মাছের চাহিদাও বেড়েছে এবং কলকাতার চেয়ে বেশী দাম দিয়ে মাছ কিনবার লোকের অভাব সেখানে আজকে নাই। আমি আমার এলাকার কথা বলতে পারি--সেখানে কলকাতার দামে মাছ বিক্রী হয়। আগে যেখান থেকে কলকাতায় মাছ আসতো, আজকে সেখানে উৎপন্ন সকল মাছই সেখানে বিক্রী হয়ে যায়। আজকে সেখানে ক্রেতার অভাব নাই। মেদিনীপুরের পাঁশকুড়া ও বিভিন্ন অঞ্চল থেকে আগে কলকাতায় মাছ আমদানী হতো শত শত মণ। আজকে সেখানেই শত শত মণ মাছ বিক্রী হয়, কেনবার লোকের অভাব হয় না। অর্থাৎ ১৯৬৪ সালে যে পরিমাণ মাছ পশ্চিমবাংলার জলাশয় থেকে আসতো, তার পরিমাণ আজ বেড়েছে—লোকও বেড়েছে—এটা উড়িয়ে দেওয়া যায় না। সমগ্র পশ্চিমবাংলায় লোক বৃদ্ধির অনুপাতে মাছের উৎপাদন বাড়ে নাই—একথা উড়িয়ে দেওয়া নিশ্চয়ই সত্যের অপলাপ ছাড়া আর কিছু নয়। তবে এটা স্বীকার করছি যে, যে পরিমাণ মাছ আমাদের প্রয়োজন আছে, যে পরিমাণ মাছ আমরা খেতে চাই, যেভাবে আমরা উন্নত জীবনযাত্রা নির্বাহ করার ফলে বেশী পরিমাণ প্রোটীন খেতে চাই, সেই পরিমাণ মাছের উৎপাদন আমাদের দেশে হচ্ছে না। তারজন্য এই ফিসারী ও খাদ্য দপ্তরের অস্তিত্বের প্রয়োজন আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিয়ন্ত্রণ সম্বন্ধে এখানে বলা হয়েছে যে, নিয়ন্ত্রণের ফল নাকি খারাপ হয়েছে এবং মাছ পাওয়ার অসুবিধা হয়েছে। এ সম্বন্ধে মাননীয় সদস্য নরেশবাবু উপযুক্ত জবাব দিয়েছেন। নিয়ন্ত্রণ না হলে এখানে মাছের দাম কি হত সেটা আমরা দেখেছি। যখন নিয়ন্ত্রণ ছিল না, তখন মাছের দাম মাঝে মাঝে ৬ টাকা, ৮ টাকা হয়ে যেত এবং অনেক সময় পাওয়াই যেত না। অবশ্য আমাদের মাননীয় সদস্যদের মধ্যে যাঁরা ধনী তাঁরা ঐ দামে মাছ খেতে পারতেন, কিন্তু আমি পারতাম না বা অনেকেই পারতেন না। আজকে মূল্য নিয়ন্ত্রণের পক্ষে এবং বিপক্ষে যাঁরা আছেন তাঁদের একটা শ্রেণী বিভাগ বোধ হয় করা যেতে পারে। আজকের দিনে মূল্য নিয়ন্ত্রণের বিপক্ষে থাকা মানে—(এ ভয়েস ঃ আমরা ও কথা বলিনি) আপনি বলেননি, কিন্তু অনেকেই বলেছেন যে এটা করা ঠিক হয়নি বা এটা না করাই উচিৎ ছিল। কিন্তু আমি দৃঢ়ভাবে মূল্য নিয়ন্ত্রণের পক্ষে। এটা হয়ত হতে পারে যে, মূল্য নিয়ন্ত্রণ আমরা পুরাপুরি সফল করতে পারিনি কিন্তু মূল্য নিয়ন্ত্রণ করা অত্যন্ত প্রয়োজন ছিল এবং এই ব্যবস্থাটা যাতে ঠিক ঠিক ভাবে কার্যকরী করে সফল করা যায় তারজন্য চেষ্টা করা দরকার। তারপর কতকগুলি পরিকল্পনার কথা আমি বলব। পোর্ট ক্যানিং-এর কথা জানাবার জন্য মাননীয় সদস্যরা নিশ্চয়ই আনন্দিত হবেন। সেখানে একটা কোল্ড স্টোরেজ ও একটা বরফকল স্থাপনের পরিকল্পনা

আমাদের আছে। ক্যানিং থেকে প্রচুর পরিমাণে মাছ কোলকাতায় রপ্তানী হয়। এই পরিকল্পনা অনুযায়ী মৎস্যজীবী এবং মৎস্য ব্যবসায়ী উভয় পক্ষেরই একটা প্রয়োজনীয় অভাব দূর হবে। মৎস্য সংরক্ষণের জন্য পোর্ট ক্যানিং-এর কোল্ড স্টোরেজ ব্যবহার করা চলবে এবং মৎস্য চালানের জন্য প্রয়োজনীয় বরফ ঐ ক্যানিং-এই পাওয়া যাবে। এর জন্য ব্যয় হবে ৭ লক্ষ ২০ হাজার টাকা। তারপর দক্ষিণ লবন হ্রদ সার্ভে পরিকল্পনা। এটি একটি গুরুত্বপূর্ণ পরিকল্পনা। ঐ অঞ্চলের প্রায় ১১ হাজার একর জলাভূমিতে মৎস্য চাষ পরিকল্পনা গ্রহণ করার সিদ্ধান্ত হয়েছে। মাষ্টার প্ল্যান প্রস্তুত করতে ঐ অঞ্চলে বিশেষভাবে সার্ভে করা প্রয়োজন। এর জন্য ৯৯ লক্ষ ৮৭২ টাকা মঞ্জুর করা হয়েছে। মাছের পোনা চালান ও বিক্রয়ের জন্য সার্ভে পার্টি নিয়োগ পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। জলাশয়ে ছাড়বার আগে স্থানান্তরের সময় অনেক মাছের পোনা মরে যায়। মাছের পোনা যাতে না মরে সেইজন্য বিজ্ঞানসম্মত উপায়ে মৎস্যজীবীদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা এই পরিকল্পনার অন্তর্ভুক্ত। এতে মোট ব্যয় হবে ১ লক্ষ ৫০ হাজার টাকা। তাছাড়া চালানের সময় মাছ যাতে না মরে তারজন্য একরকম মোড়কের ভিতর অক্সিজেন সহ জল দিয়ে মাছ চালানের ব্যবস্থা করা হয়েছে। তার ফলে দেখা গিয়েছে শতকরা মাত্র ৫টির বেশী মাছ মরে না। তারপর মাছ ধরার জন্য নৌকা তৈরির একটি কারখানা স্থাপনের পরিকল্পনা আমাদের আছে। বর্তমানে মাছ ধরার নৌকা বাইরে থেকে আমদানী করা হয়। আমাদের নির্দেশ মত তৈরি করা হয়না বলে আমাদের খুব অসুবিধা হয়। এই অসুবিধা দূর করার জন্য মোট ৫ লক্ষ ৬৫ হাজার টাকা ব্যয়ে একটি কারখানা স্থাপনের পরিকল্পনা করা হয়েছে। মাননীয় সদস্যদের মধ্যে কেউ কেউ জানতে চেয়েছেন যে, কি ধরনের নৌকা তৈরি হবে? ডায়মণ্ড হারবার-এ যে ধরনের নৌকা, সে ধরনের নৌকা এখানে তৈরি হবে। রায়দীঘিতে নৌকা তৈরির পরিকল্পনা, ৫ টন ক্যাপাসিটির বরফ কল, ১০ টন মাছ ও বরফ সংরক্ষণের পরিকল্পনা করা হয়েছে।

[5-25—5-35 p.m.]

সুন্দরবনের মৎস্যজীবীগণ যাতে সব সময় বরফ পেতে পারে তারজন্য রায়দীঘিতে এই পরিকল্পনা করা হয়েছে। এরজন্য ব্যয় হবে ৯ লক্ষ ৯৭ হাজার টাকা। প্রয়োজনীয় জমি সংগ্রহে বিলম্ব হবে মনে করে আমরা তাড়াতাড়ি ব্যবস্থা অবলম্বন করেছি। পোর্ট ক্যানিং-এ ডিপ ফ্রিজিং প্ল্যান্ট স্থাপনের জন্য একটা এ্যানসিলারি স্কীম তৈরি হচ্ছে। প্রাচুর্যের সময় মৎস্য সরবরাহের কিছু অংশ পরীক্ষামূলকভাবে একটা ডিপ ফ্রিজিং প্ল্যান্ট-এ সংরক্ষণ করা হবে। এর উদ্দেশ্য হচ্ছে, মন্দার সময় যাতে মাছ সরবরাহ অক্ষুন্ন থাকে এবং মূল্যের সমতা রক্ষা করা যায়। মাননীয় সদস্যগণ কিছুদিন আগের খবরের কাগজে নিশ্চয়ই দেখেছিলেন যে ক্যানিং-এ ৪।৬।৮ আনা সের দরে ইলিশ মাছ বিক্রী হয়েছে। ঠিক এতটা না হলেও এর কাছাকাছি হয় যখন প্রচুর পরিমাণে ইলিশ মাছ ধরা পড়ে, অথচ সংরক্ষণের ব্যবস্থা হয়না। এই সংরক্ষণের ব্যবস্থা করার জন্য ডিপ ফ্রিজিং প্ল্যান্ট স্থাপন করা হচ্ছে। এতে ব্যয় হবে ৪ লক্ষ ৫০ হাজার টাকা, ভারত সরকার চলতি বছরে ১ লক্ষ ২ হাজার টাকা অনুমোদন করেছেন। জুনিয়র ফিসারী অফিসার এবং মৎস্য চাষীদের সল্পকালীন শিক্ষা দেওয়ার পরিকল্পনা। আভ্যন্তরীণ ফিসারী—ইনল্যান্ড ফিসারী বিভাগীয় পরিকল্পনাগুলি যাতে সুষ্ঠুভাবে কার্যকরী করা যায় তারজন্য কল্যাণীতে মৎস্য গবেষণা কেন্দ্রে উক্ত কর্মচারীদের শিক্ষাদানের জন্য এই পরিকল্পনা করা হয়েছে। শ্রীআদিত্য মণ্ডল মহাশয় যে কথা বলছিলেন তার উত্তরে বলা যেতে পারে যে, তাতে আমাদের অফিসাররাও শিক্ষা লাভ করতে পারেন, বাইরের লোকেরাও শিক্ষালাভ করতে পারেন। উন্নত ধরণের মৎস্য চাষের জন্য যাতে সাধারণ মানুষ উৎসাহ বোধ করেন তারজন্য এই শিক্ষা-ব্যবস্থা বিভিন্নভাবে করা হয়েছে। এরজন্য মোট ব্যয়বরাদ্দ ধরা হয়েছে ১ লক্ষ ৪২ হাজার টাকা। ভারত সরকার চলতি বছরে—১৯৬৫ সালের মধ্যে ৪৫ হাজার টাকা অনুমোদন করেছেন। ফিসারী অফিসার এবং মৎস্যজীবীদের স্বল্পকালীন শিক্ষাব্যবস্থা পরিকল্পনা। সমুদ্রে মাছ ধরা সম্পর্কে যে পরিকল্পনা করা হয়েছে সেটা হচ্ছে, তরুণ কর্মীদের সমুদ্রে মাছ ধরার জন্য শিক্ষা দেওয়া হবে। এরজন্য ব্যয় হবে ২ লক্ষ ৬৫ হাজার টাকা। এ বছর ১৯৬৪-৬৫ সালে ভারত সরকার ৩০ হাজার টাকা অনুমোদন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মৎস্য দপ্তর যে পরিমাণ কাজ করেছেন তাতে তাকে উপেক্ষা করে, ব্যাঙ্গ বিদ্রূপ করে বা ছোট করে কোন

কাজ হবে না। কারণ মৎস্য দপ্তর অল্পদিনের মধ্যে তাঁদের অল্প রিসোর্স নিয়ে যে কাজ করেছেন তাতে তাঁরা প্রশংসার যোগ্য, একথা স্বীকার করে নেওয়া যায়। আর তা করেও যে এই দপ্তরকে সমালোচনা করা চলত সেকথা মাননীয় সদস্যারা যেন স্মরণ রাখেন। আজকে বাংলাদেশের সাধারণ মানুষের হাতে কিছু পয়সা এসেছে। তারজন্য তাঁরা অধিক মূল্যে মাছ কেনবার জন্য প্রস্তুত আছেন এবং কিনেও থাকেন। মাননীয় সদস্য শ্রীবলাইলাল দাস মহাপাত্র মহাশয় বলছিলেন যে দীঘা অঞ্চলে প্রচুর মাছ পড়ে। সেখানে মৎস্য সংরক্ষণের জন্য কোল্ড স্টোরেজ-এর ব্যবস্থা করা দরকার—আমি একথা নিশ্চয়ই স্বীকার করি। তারপর মাননীয় সদস্যদের মধ্যে যাঁরা কল্যাণী ফ্রেস ওয়াটার এক্সপেরিমেন্টাল রিসার্চ স্টেশন সম্বন্ধে অভিযোগ বা অনুযোগ করছিলেন তাঁরা যদি দয়া করে কল্যানী রিসার্চ স্টেশনটি দেখে আসেন তাহলে ভাল হয়। সব শেষে আমি বলব যে, মাননীয় সদস্যগণের কাছে আমরা সদাই গঠনমূলক সমালোচনা শুনতে চাই। কেবল ডেস্ট্রাকটিভ সমালোচনায় কোন কাজ হয়না। এই বলে আমি সমস্ত কাট মোসানের বিরোধিতা করছি।

Shri Smarajit Bandyopadhyay :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জাতির স্বার্থে সরকার দুধ, ডিম এবং মাংসের ব্যবস্থা যা করেছেন মোটামুটিভাবে এই সভা সরকারের সেই পরিকল্পনা সমর্থন করেছে এবং কোন কোন মাননীয় সদস্য এর প্রশংসাও করেছেন। আমার প্রারম্ভিক বক্তৃতায় সভায় যে সমালোচনা হয়েছে তার জবাব আছে বলে আপনার জবাব দেওয়া প্রায় হয়ে গেছে এবং এখন আমি মাত্র দু-একটি সমালোচনার জবাব দেব। মাননীয় সদস্য অপূর্ববাবু বলেছেন "সুরভিতে" ৭/৮ ঘন্টা কাজ করান হয় এবং ছুটি নেই। একথা ঠিক নয়। "সুরভিতে" যাঁরা কাজ করেন তাঁরা ১০টা ৫টা কাজ করেন এবং "সুরভি" থেকে অনেক দুধ বিক্রি হয়। অন্যান্য বিক্রয়কেন্দ্র ব্যাচেস্ অব ওয়ার্কাস যাঁরা আছেন তাঁদের আওয়ার্স অব ওয়ার্ক হচ্ছে সকাল সাড়ে পাঁচটা থেকে সকাল সাড়ে সাতটা এবং বিকেল ৪ টা থেকে ৬টা। "সুরভিতে" যাঁরা কাজ করেন তাঁদের কাজের সময় ১০টা —৫টা এবং দেড় দিন সপ্তাহে ছুটি—অর্থাৎ সরকারী কর্মচারীদের মত তাঁরা ছুটি পান। তারপর খাটাল সম্পর্কে অপূর্ববাবু বলেছেন বিকল্প ব্যবস্থা না করে খাটাল সরিয়ে দিচ্ছেন কেন? ক্যাটেল লাইসেন্সিং এ্যাক্ট-এর উদ্দেশ্য হচ্ছে খাটাল যারা করবে তাদের গভর্নমেন্ট-এর স্পেসিফিকেসন অনুসারে করতে হবে—অর্থাৎ স্বাস্থ্যসম্মতভাবে খাটাল করতে হবে এবং লাইসেন্স নিতে হবে। যারা লাইসেন্স নিয়ে স্বাস্থ্যসম্মত উপায়ে খাটাল করবে তাদের সরাতে চাচ্ছি না এবং অপরপক্ষে যারা তা না করবেন তাঁদের সেই এলাকাকে প্রহিবিটেড এরিয়া বলে ডিক্লেয়ার করা হয় ঐ আইন অনুসারে এবং তাদেরই খাটাল সরাতে হবে। আমরা এই যে প্রহিবিটেড এরিয়া ডিক্লেয়ার করি সেটা ক্রমশঃ ক্রমশঃ ডিক্লেয়ার করে খাটাল দূর করি এবং কোন বিকল্প ব্যবস্থা না করে করিনা। এখন পর্যন্ত আমাদের ৩/৪।৫ নম্বর ওয়ার্ড প্রহিবিটেড এরিয়া বলে ডিক্লার্ড হয়েছে। তারপর, বলাইবাবু বলেছেন গ্রামাঞ্চলে গো-চিকিৎসা'র ব্যবস্থা নেই। আমি চিকিৎসা কেন্দ্র স্থাপন করেছি এবং আরও ১৫০টি শীঘ্রই খোলা হবে। এছাড়া আমাদের ভ্রাম্যমান কেন্দ্রও আছে। তারপর পশুচিকিৎসায় যাতে বেশী লোক আসে তারজন্য অনেকে বলেছেন। আমরা তাঁদের গ্রেড সম্বন্ধে বিবেচনা করছি যাতে সেটা বাড়ান যায়। ডাঃ ভৈরব ভট্টাচার্য সম্বন্ধে যে কথা কেহ কেহ বলেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে তিনি যখন এখানে ছিলেন তখন তিনি বিশেষ কোন প্রতিভার পরিচয় দেখাননি। আমরা শুনেছি তিনি বাইরে গিয়ে গবেষণা করছেন এবং তাঁর গবেষণার ফলাফল পর্যবেক্ষণের স্তরে আছে—এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি। তাঁকে আমরা নিচ্ছিনা বলে অভিযোগ করা হয়েছে। তিনি কোন চাকুরী চেয়েছেন বলে আমার জানা নেই কাজেই তাঁকে ফিরিয়ে দিয়েছি একথা আসেনা। তিনি যদি চাকুরীর জন্য দরখাস্ত করেন এবং যদি তাঁর কৃতিত্ব থাকে তাহলে আমরা নিশ্চয় বিবেচনা করব। তারপর, কৃত্রিম প্রজনন কেন্দ্র করে গো-প্রজননের যে ব্যবস্থা হয়েছে সেটা আগেই বলেছি। আমাদের কানাই পাল মহাশয় অভিযোগ করেছেন যে হরিণঘাটার দুধ বাইরে থেকে নেওয়া হয়। আমার মনে হয় তিনি স্কীমটা জানেন না—গ্রামাঞ্চলের গরু হরিণঘাটায় নেবার কথা আছে। গ্রামাঞ্চলে ডেয়ারী ইণ্ডাস্ট্রি গড়ে তোলার পরিকল্পনা আমাদের যখন আছে তখন গ্রামের চাষীরা যদি অবসর সময় সরকারের কাছে দুধ বিক্রি করে কিছু এক্সট্রা ইনকাম করতে পারে তাহলে তাদের কাছ থেকে সেই দুধ লওয়া অন্যায় বা অপরাধ নয় বা আমরা এটা অন্যায় কাজ করছি এ ধারণাও ভুল।

[5-35—5-42 p.m.]

তারপর, মাননীয় সদস্য সনৎবাবু সবচেয়ে তীব্র সমালোচনা করেছেন এবং তিনি বলতে চেয়েছেন যেন কোন উন্নতিই হয়নি। ১৯৫৭-৫৮ সালে যেখানে ১৯৪টি মিল্ক সেন্টার থেকে দুধ সরবরাহ করা হয়েছে সেখানে ১৯৬৪-৬৫ সালে ৪০০ সেন্টার থেকে দুধ সরবরাহ করা হচ্ছে। কাজেই দুধের সরবরাহ যে বেড়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে আরও যে বৃদ্ধি পাওয়া উচিত ছিল সে বিষয়ে কোন দ্বিমত নেই এবং কেন যে বাড়েনি সেটা আমি প্রারম্ভিক ভাষণে বলেছি। আমাদের খাটাল রিমুভাল এ্যাক্ট-এ ফাঁক ছিল বলে খাটাল সম্পর্কে হাইকোর্টে কেস্ হয়েছে। এইসব নানা কারণে আমরা পর্যাপ্ত পরিমাণ গরু হরিণঘাটায় নিতে পারিনি এবং তার ফলে আশানুরূপ দুধ সরবরাহ করতে পারিনি। তবে আগের চেয়ে-যে বেশী হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তারপর, শ্রীরাহা বলেছেন ৭৫ হাজার টাকা খরচ হয়নি। ৭৫ হাজার টাকা গাভী ক্রয়ের জন্য ছিলনা—এটা ছিল গাভী পিছু ২০০ টাকা এবং বাকী টাকা অন্যান্য স্কীম এর জন্য ছিল এবং তার মধ্যে বাসস্থান, গরুর খাদ্য এবং ঔষধের জন্য ৩০ হাজার টাকা ছিল। কজেই দেখা যাচ্ছে খাটাল গেলে পর্যাপ্ত পরিমাণ গরুর বাসস্থান এবং অন্যান্য বাবদ এটা খরচ হোত। তারপর ডাবল টোণ্ড মিল্ক সম্বন্ধে তিনি কটূক্তি এবং ব্যাঙ্গ করে বলেছেন যে, ডাবল টোণ্ড মিল্ক বেশী দেওয়া হয়। একথা ঠিক নয়। স্ট্যাণ্ডার্ড কাউ মিল্ক দেওয়া হয় ১৫ হাজার ২০০ লিটার, টোণ্ড মিল্ক দেওয়া হয় ৩৪ হাজার লিটার এবং ডাবল টোণ্ড মিল্ক দেওয়া হয় ৩১ হাজার ৪০০ লিটার। এটা বিজ্ঞানসম্মত এবং সর্বত্র স্বীকৃত এবং গরীব লোক যদি ডাবল টোণ্ড মিল্ক বিজ্ঞানসম্মত উপায়ে পায় তাহলে আপত্তির কি কারণ থাকতে পারে। এতে কত ফ্যাট কনটেন্ট থাকে সেটা আমি এখানে অনেকবার বলেছি বলে আর আলোচনা করতে চাইনা। তারপর, ভেটারিনারি সেক্টর-এ টোটাল প্ল্যান প্রভিসন ছিল ২৫৪ দশমিক ৩০ লক্ষ এবং তার মধ্যে ১৫০ দশমিক রাখা হয়েছে স্লটার হাউসের জন্য। জায়গাটা পাওয়া যায়নি বলে টাকা খরচ হয়নি। তাছাড়া টোটাল এক্সপেণ্ডিচার আণ্ডার আদার স্কীমস্ থার্ড প্ল্যানের শেষে এন্টিসিপেটেড এ্যাপ্রক্সিমেটলি ১৩৯ দশমিক ৮৪ লক্ষ এবং যেটা প্ল্যান আউটলে-র চেয়ে বেশী হবেনা। কাজেই আমরা খরচ করতে পারিনি এ প্রশ্ন আসে না। তারপর, ডিসপেনসারী এবং হাসপাতাল গ্রামাঞ্চলে করা হচ্ছে এবং তার সংখ্যা আমি বলেছি। সনৎবাবু সর্বত্র দুর্নীতি দেখছেন। তিনি গিয়ে দেখে আসতে পারেন হরিণঘাটার মিল্ক পরিকল্পনা দুর্নীতির ব্যাপার নয় এবং বৃহত্তর কলিকাতার দুগ্ধ সরবরাহের ব্যবস্থা আমরা প্রথম থেকে করছি। আমি এক সময়ে এই বিভাগে ডেপুটি মিনিস্টার ছিলাম কাজেই আমি জানি ডাঃ এস, সি, রায় খুব কর্মক্ষম লোক, সৎ অফিসার এবং সংগঠনী শক্তি-সম্পন্ন। বর্তমানে ডাঃ, ভট্টাচার্য যিনি নূতন সচিব হয়ে এসেছেন তিনি ভারত সরকারে ছিলেন এবং তিনিও খুব ভালভাবে, দক্ষতার সংগে এই ডিপার্টমেন্ট-এ কাজ করছেন। কাজেই দুর্নীতির কোন প্রশ্ন নেই এবং অযোগ্যতা প্রভৃতি যা বলা হয়েছে সেটাও আপনাদের মাথা থেকে আসা ছাড়া আর কিছু নয়। একথা বলে আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Shri Bijoy Singh Nahar:

আমি শুধু এই কথাই বলবো যে তাঁরা এরকম ভাবে যদি মিছিল করে না এসে আমাদের কাছে আসেন তাহলে আমরা তাঁদের কথা শুনবো।

Deputation of Employees of the State Electricity Board

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, ভোট নেবার আগে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আজকে আবার ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কর্মচারীরা এখানে এসেছেন। আপনি জানেন দলে দলে লোক এখানে আসে সেইরকম এঁরাও তাদের দাবী-দাওয়া পাচ্ছেন না বলে এখানে এসেছেন। তাঁদের নেতা শ্রীমোহিত মৈত্র এম, এল, সি বিনা বিচারে আটক আছেন। তিনি হচ্ছেন তাঁদের প্রেসিডেন্ট, তাঁদের বিভিন্ন দাবী-দাওয়া আছে। তাঁরা একটা দাবীতে একথা

। সরকার পক্ষ বলেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ব্যবস্থা করবেন, আবার স্টেট ইলেক-ট বোর্ড বলেন সরকার ব্যবস্থা করবেন, এসব নিয়ে তাঁরা বিক্ষোভ করছেন। মন্ত্রী মহা-এটা একটু নোট করে নেবেন যে এই জিনিষটা কেন হয়, সরকার বলছেন ও'রা করবেন ও'রা বলছেন সরকার করবেন, এই ব্যাপারটা আমি বুঝতে পাচ্ছি না।

hri Bijoy Singh Nahar:

আমি শুধু এই কথাই বলবো যে তাঁরা এভাবে মিছিল করে না এসে আমাদের কাছে এমনি আসেন তবে আমরা তাঁদের কথা শুনবো, কারণ সব সময়েই আমরা তা শুনে

Demand for Grant No. 23.

Ir. Speaker: Now I put to vote all the cut motions on Grant No. 23.

he motion of Shri Jyoti Basu that the demand be reduced to Re. 1 was put and lost.

he motion of Shri Bhakti Bhusan Mandal that the demand be reduced . 1 was then put and lost.

ıe motion of Shri Benoy Krishna Chowdhury that the demand be reduced . 1 was then put and lost.

he motion of Shri Hemanta Kumar Basu that the demand be reduced . 1 was then put and lost.

he motion of Shri Nikhil Das that the demand be reduced to Re. 1 was put and lost.

ıe motion of Shri Nani Bhattacharjee that the demand be reduced to was then put and lost.

ıe motion of Shri Abu Asad Mohammad Obaidul Ghani that the demand luced to Re. 1 was then put and lost.

ıe motion of Shri Sudhir Chandra Das that the demand be reduced . 1 was then put and lost.

ıe motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced . 1 was then put and lost.

e motion of Shri Nathaniel Murmu that the demand be reduced to Re. 1 en put and lost.

e motion of Shri A. H. Besterwitch that the demand be reduced to was then put and lost.

e motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced 1 was then put and lost.

motion of Shri Tarapada Dey that the demand be reduced to Re. 1 n put and lost.

motion of Shri Sreemohan Thakur that the demand be reduced to Re. 1 n put and lost.

The motion of Shri Kandru Majhi that the demand be reduced to] was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand be r to Re. 1 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand be reduc Rs. 100 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduc Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta that the demand be re by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand be re by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand be reduced by Rs. was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand be re by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be re by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that the demand be re by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mrigendra Bhattacharyya that the demand be re by Rs. 100 was then put and lost.

The motion of Shri Syamadas Bhattacharyya that a sum of Rs. 1,08, be granted for expenditure under Grant No. 23, Major Head: "31-Agric Fisheries", was then put and agreed to.

Demand for Grant No. 24.

Mr. Speaker: Now I put to vote all the cut motions on Grant No.

The motion of Shri Jyoti Basu that the demand be reduced to Re. then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee that the demand be reduc Re. 1 was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand be reduced to then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand be reduc Re. 1 was then put and lost.

The motion of Shri Monoranjan Roy that the demand be reduced to was then put and lost.

The motion of Shri Amarendra Nath Basu that the demand be redu Re. 1 was then put and lost.

he motion of Shri Narayandas Das that the demand be reduced to was then put and lost.

he motion of Shri Kandru Majhi that the demand be reduced to Re. 1 was put and lost.

ie motion of Dr. Narayan Chandra Roy that the demand be reduced . 1 was then put and lost.

ie motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced to was then put and lost.

ie motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced 1 was then put and lost.

ie motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to was then put and lost.

e motion of Shri Nikhil Das that the demand be reduced to Re. 1 was ut and lost.

ie motion of Shri Sambhu Charan Ghosh that the demand be reduced . 100 was then put and lost.

ie motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced . 100 was then put and lost.

ie motion of Shri Panchu Gopal Bhaduri that the demand be reduced . 100 was then put and lost.

ie motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100 was ut and lost.

ie motion of Shri Nimai Chand Murmu that the demand be reduced . 100 was then put and lost.

ie motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced . 100 was then put and lost.

e motion of Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand uced by Rs. 100 was then put and lost.

e motion of Shri Smarajit Bandyopadhyay that a sum of Rs. 6,34,68,000 nted for expenditure under Grant No. 24, Major Head: "33-Animal ndry and 124-Capital Outlay on Schemes of Government Trading- Calcutta Milk Supply Scheme", was then put and agreed to.

Adjournment.

House was then adjourned at 5.42 p.m. till 1 p.m. on Monday, the larch, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 22nd March, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 146 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Mr. Speaker: Starred question No. 320.

Shri Jagannath Kolay:

এটা একটু পরে নিলে ভাল হয়

Shri Aswini Roy:

স্যার, ৩৩১ কোশ্চেনের জবাব এখনও ১২-৫৫ মিঃ পর্যন্ত লাইব্রেরী টেবিলে দেওয়া হয় নি এবং এই রকমভাবে প্রায়ই কোয়েশ্চেনের জবাব থাকে না এ জন্য স্পীকার মহাশয় আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Rabindralal Sinha:

৩৩১ কোয়েশ্চেনের—সেটা আমরা অলরেডি চিঠি লিখেছি এসেম্বলী সেক্রেটারীয়েটে—আমরা এখনও ইনফরমেশন পাই নি—সেই জন্য হেল্ড ওভার করার জন্য রিকোয়েষ্ট করেছি। কোয়েশ্চেনটা রেডি হয় নি। এখনও আমরা ডিটেলস পাই নি।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি জানি না যে শিক্ষা মন্ত্রী আপনাকে কি বল্লেন—কিন্তু আমি এখান থেকে যা শুনতে পেলাম যে আসানসোল থেকে খবর আনতে হবে—এখনও খবর আসে নি—ইত্যাদি আগের আমলে বৃটিশ—তারা এমপায়ার থেকে খবর নিয়ে পার্লামেন্টে উত্তর দিত। আর উনি এই আসানসোল থেকে খবর আনতে পারেন না এটাই আশ্চর্য যাহোক উনি আপনার এ্যাটেনসন ড্র করেছেন।

Mr. Speaker:

আমি তো এই জিনিসটাই ও'কে বলেছিলাম।

Shri Jyoti Basu:

এজন্য আমরা আপনার কাছে কৃতজ্ঞ কিন্তু শিক্ষা মন্ত্রিমহাশয় বোধ হয় আপনাকে বলছিলেন আসানসোল থেকে খবর আনতে হবে।

Shri Rabindralal Sinha:

আমি এই কথাই বলতে চেয়েছি যে এটা কোন গভর্নমেন্ট ডিপার্টমেন্টের খবর নেওয়া নয় আসানসোল মিউনিসিপ্যালিটির কাছ থেকে খবর নিতে হবে—আমরা ডিটেলস ইনফরমেশন চেয়েছি we are expecting them to be coming

এখনও পর্যন্ত এসে পৌঁছায় নাই বলে আমাকে বাধ্য হয়ে রিকোয়েষ্ট করতে হয়েছে নেকষ্ট ডেতে নেবার জন্য।

Shri Aswini Roy:

১৩ তারিখে কোয়েশ্চেনটা রিসিভ করে আপনি চিঠি দিয়েছেন. আজকে ২২ তারিখ এই নয় দিনের মধ্যে খবর আসানসোল থেকে আসলো না।

Mr. Speaker:

মিঃ রায় এটা তো বলা হয়েছে।

Shri A. H. Besterwitch: Regarding the first question, viz. admitted question No. 1844, we do not know what is happening?

Mr. Speaker: It is passed over and it will be taken up in the course of the question hour.

Percentage of literacy in West Bengal

***321.** (Admitted question No. *1872.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that West Bengal is gradually lagging behind in literacy position compared to some other States in India and that positions have deteriorated between 1951 and 1961;

(b) if so, the reasons therefor and also the remedial measures undertaken; and

(c) what percentage of the total cost on education in this State is borne by private individuals and/or institutions?

Shri Rabindralal Sinha:

(a) West Bengal actually made good progress in literacy between 1951 and 1961. The total number of literate persons in this State increased from 61 lakhs in 1951 to 103 lakhs in 1961.

(b) Does not arise.

(c) 33.7 per cent. of the total cost of education was borne by private individuals and/or institution in 1961-62.

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় কি জানেন যে কেন্দ্রীয় সরকার যে একটা এডুকেসন ইয়ার বুক পাব্লিশ করেছেন তাতে বাংলাদেশ ষষ্ঠ স্থানে রয়েছে?

Shri Rabindralal Sinha:

হ্যাঁ আমি জানি তার কারণটা আমি বলি প্রথম কথা দেখা যাবে যে ১৯৫১ সালের ওয়েস্ট বেঙ্গলে অক্ষরজ্ঞান সম্পন্ন লোকের সংখ্যা ৬১ লক্ষ ছিল। সেটা ১৯৬১ সালে হয়েছে ১ কোটি ৩ লক্ষ, তার মানে হচ্ছে ৬৯ পারসেন্ট ইনক্রীজ অন ১৯৫১ ফিগার সেই জায়গায় মাদ্রাজে ছিল—আমি এই কটা স্টেটের কথা বলছি, মাদ্রাজ, গুজরাট, মহারাষ্ট্র, কেরালা তাদের স্থান পশ্চিম বঙ্গের উপরে। দিল্লী ঠিক একটা পুরো রাজ্য নয়। মাদ্রাজ স্টেটে ছিল ৬৩ লাকস, সেটা হয়েছে ১০৫ লাকস্ অর্থাৎ মাদ্রাজে বেড়েছে ৬৮ পার্সেন্ট। গুজরাট স্টেটে ছিল ৩৮ লাকস্ হয়েছে ৬৩ লাকস্, বেড়েছে ৬৬ পাসেন্ট, মহারাষ্ট্রে ৬৭ লাকস্ হয়েছে ১১৮ লাকস্, ৬১ পার্সেন্ট,

র কেরালায় ছিল ৫৫ লাকস্, ৭৯ লাকস্, হয়েছে। ১৯৫১র ফিগারের উপর যে ইনক্রিজ রসেন্টেজ সেটা পশ্চিমবঙ্গে ঐ সব স্টেট-এর চেয়ে বেশি হয়েছে। আমাদের পপ্‌লেসন ক্রিজের ফলে পজিসনটা ফিলাপ হয়নি নেমে এসেছে। কারণ ওয়েষ্টবেঙ্গলে পপ্‌লেসান ক্রীজ হয়েছে ৩২·৭৯ পার্সেন্ট। সেখানে মাদ্রাজে হয়েছে ১১·৮০ পার্সেন্ট, মহারাষ্ট্রে হয়েছে ·৬০ পার্সেন্ট, গুজরাটে হয়েছে ২৬·৮৮ পার্সেন্ট এবং কেরালায় হয়েছে ২৪·৭৬ পার্সেন্ট হিউজ পার্সেন্টেজ অব পপ্‌লেসান বৃদ্ধির ফলে সমগ্র জনসংখ্যার সঙ্গে যখন আমরা র্সেন্টেজ কসি তখন সেটা নেমে আসছে। কিন্তু আমরা যদি হিসাব করে অর্থাৎ ১১·৮০ যদি বাড়তো তাহলে ওয়েষ্ট বেঙ্গলের পার্সেন্টেজ অব লিটারসী ৩৫ পার্সেন্ট হোত এ্যাজ গেনস্ট ৩১·৪ পার্সেন্ট অব ম্যাড্রাস যদি ওয়েষ্ট বেঙ্গলের এই পপ্‌লেসান মহারাষ্ট্রের হারে তো তাহলে ওয়েস্ট বেঙ্গলের পার্সেন্টেজ দাঁড়াতো ৩১·৭ পার্সেন্ট এ্যাজ এ্যাগেনস্ট ২৯·৮ সন্ট অব মহারাষ্ট্র। ওয়েস্ট বেঙ্গলের পপ্‌লেসান যদি গুজরাটের হারে বাড়তো তাহলে স্ট বেঙ্গলের পার্সেন্টজ দাঁড়াতো ৩১ পার্সেন্ট এ্যাজ এ্যাগেনস্ট ৩০·৫ পার্সেন্ট অব গুজরাট রাং আমি এজন্য বলতে চাই যে আপাত দৃষ্টিতে যা দেখা যাচ্ছে ওয়েস্ট বেঙ্গলের পার্সেন্টেজ াল পপ্‌লেসন অনুযায়ী কম, সেটার প্রধান কারণ হচ্ছে এ্যাবনর্মাল রাইজ অব পপ্‌লেসান শ্য আমি একথা বলিনা যে আমাদের লিটারেসীর দিকে আরো বেশী জোর দেয়া উচিত নয়। রই আমাদের চতুর্থ পরিকল্পনায় আরো বেশী জোর দিতে হবে যাতে লিটারাসী বাড়ে তু আপনি জানেন তৃতীয় পরিকল্পনায় প্ল্যানিং কমিশন জোনাল এডুকেসান বাজেটে র্জেন্সীর দরুণ বিরাট কাট করার ফলে অসুবিধা হয়ে গেছে।

[10--1-20 p.m.]

Shri Abani Kumar Basu:

নীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে এডুকেশান কস্ট হচ্ছে ৩৩·৭ পার্সেন্ট র্ বাই প্রাইভেট ইন্ডিভিজুয়ালস। আমি তাঁর কাছে জানতে চাই এডুকেশানের াল কস্ট কত এবং কোন তথ্যের উপর ভিত্তি করে তিনি এই জিনিসটা আমাদের সরবরাহ ছেন?

Shri Rabindralal Sinha:

হচ্ছে আমাদের ডিপার্টমেন্টের ক্যালকুলেশান, এ ছাড়া আমি কিছু বলতে পারব না।

Shri Abani Kumar Basu:

াল কস্ট কত সেটা বলতে পারবেন না?

(নো রিপ্লাই)

Shri Panchu Gopal Bhaduri:

নীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি অক্ষরজ্ঞান সম্পন্নদের পার্সেন্টেজ নয়, নির-দর পার্সেন্টেজ পশ্চিমবঙ্গে কি হারে বেড়েছে বা বাড়েনি? আপনি লিটারেসির ন্টেজ দেখালেন, তার পাশাপাশি ইল্লিটারেসির পার্সেন্টেজ দেখান যে এত ইল্লিটারেসির র্সেন্টেজ বেড়েছে।

Shri Rabindralal Sinha:

ল পপ্‌লেশানের লিটারেসির পার্সেন্টেজের ব্যাপারে প্রশ্ন ছিল, আমি বলেছি। টারেসির ব্যাপারে আবার ক্যালকুলেশান করতে হবে, ক্যালকুলেশান না করে বলতে পারব

Shrimati Ila Mittra:

আপনি বললেন ৩৩ পার্সেন্ট খরচ বহন করা হয়। আপনি যখন বলছে টোটাল কস্ট জানেন না তখন ৩৩ পার্সেন্ট বহন করা হয় সেটা কি করে বললেন?

Shri Rabindralal Sinha:

সেটা ক্যালকুলেশান করে বলা যেতে পারে। আমি এখনই বলতে পারব ন নোটিশ দিলে বলতে পারব।

Shrimati Ila Mittra:

১৯৫১ সালে সমস্ত ভারতবর্ষের মধ্যে বাংলাদেশের স্থান লিটারেসিতে দ্বিতী ছিল, এখন সেটা ষষ্ঠ স্থানে নেমে এসেছে একথা কি সত্য?

Shri Rabindralal Sinha:

এখন যদি স্টেটস ইন ইন্ডিয়া ধরেন তাহলে ওয়েস্ট বেঙ্গলের উপরে কেরালা, মাদ্রাজ, গুজরাট, মহারাষ্ট্র রয়েছে।

Shrimati Ila Mittra:

এই অবস্থা উন্নত করবার জন্য সরকারের কি কোন পরিকল্পনা আছে?

Shri Rabindralal Sinha:

আমি তো বলেছি চতুর্থ পরিকল্পনায় আরো অনেক বেশী জোর দিত হবে, আমরা জোর দেবার চেষ্টা করছি। আমি এই কথা বলতে চাই যে প্রাইমারী এডুকেশানে স্প্রেড বিশেষভাবে দরকার। শহরাঞ্চলে প্রাইমারী এডুকেশান যাতে আমরা ফ্রি এন্ড কম্পালসার করতে পারি তারজন্য এখন থেকে প্রস্তুত হচ্ছি। বিভিন্ন পৌর প্রতিষ্ঠানের কাছে আমরা স্কী চেয়ে পাঠিয়েছি, সামান্য কিছু পেয়েছি, বেশীর ভাগ এখনও পাইনি। যা পেয়েছি তা এগজামিন হচ্ছে এবং রুরাল এরিয়ায় প্রাইমারী এডুকেশানে কি করে মেয়েদের বেশী করে নিয়ে আসত পারি তার ব্যবস্থা করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় অস্বাভাবিক অবস্থা বললেন। ওয়েস্ট বেঙ্গলের অবস্থা জন্ম থেকে অস্বাভাবিক। এটা চিন্তা করেই কি সরকারের প্রাইমারী এডুকেশানের পরিকল্পনা ছিল, না, স্বতঃস্ফূর্তভাবে যা প্রাইমারী এডুকেশান গড়ে উঠেছে তাই ছিল এবং সংগে সংগে এটাও জানতে চাই চতুর্থ পরিকল্পনাকালে এই অস্বাভাবিক অবস্থার কথা চিন্তা করে কোন বিশেষ পরিকল্পনা সরকারের আছে কিনা?

Shri Rabindralal Sinha:

চতুর্থ পরিকল্পনা এখনও সম্পূর্ণ প্রস্তুর হয় নি। তবে জনসংখ্যা বৃদ্ধি অস্বাভাবিক ব এছাড়া অন্য কিছু অস্বাভাবিক বলিনি। সুতরাং জনসংখ্যা বৃদ্ধির অভিজ্ঞতায় পরিকল্পনার রচনা আমাদের করতে হবে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে অস্বাভাবিক লোক বৃদ্ধির জন্য আমাদের ও পাতিক হারটা সন্তোষজনক হয়নি বলে মনে হচ্ছে। আমি জিজ্ঞাসা করছি, যে অস্বাভাবিক লোক বৃদ্ধি এটা স্বভাবতঃই পাকিস্তান থেকে লোক আসার জন্য ব একথা কি সত্য যে পাকিস্তান থেকে যারা এসেছে তাদের মধ্যে অধিকাংশই লিটারেট?

Shri Rabindralal Sinha:

না, একথা সত্য নয়। তবে আপনি ডিটেল্ড প্রশ্ন করলে আমাদের যদি সেনসাস হয়ে থাকে তাহলে বলতে পারব, তা না হলে বলতে পারব না।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে মুদালিয়ার কমিশান-এর রিপোর্টে জানান হয়েছিল যে এই যে শিক্ষার ব্যয়ভার সেই ব্যয় ভার অধিকাংশ অংশই জনসাধারণ বহন করেন, সরকার তার থেকে অনেক কম বহন করেন?

Shri Rabindralal Sinha:

আপনার যে প্রশ্ন আছে তাতে কি পার্সেন্টেজ জনসাধারণ বহন করেন তা বলেছি। সরকার আরো বেশী বহন করতে পারলে যে ভাল হবে তাতে সন্দেহ নেই। তবে আমাদের সংগতি অনুযায়ী আমরা করে যাচ্ছি। জনসাধারণ যেটা করেন তার অধিকাংশই হচ্ছে ছাত্র বেতন এবং বাকিটা স্বভাবতঃই কর্তৃপক্ষকে বহন করতে হয়।

Shrimati Ila Mittra:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে চতুর্থ পরিকল্পনার অনেকগুলি প্রাথমিক স্কুল ইত্যাদি খুলবার পরিকল্পনা আছে এবং এর মধ্য দিয়ে নিরক্ষরতা দূর করা যেতে পারে। আপনি জানেন দিল্লীতে কোটারী কমিশন বলেছেন ষ্টেটস্‌ম্যান কাগজে বেরিয়েছে তাদের রিপোর্ট তাতে দেখলাম যে টাকা শিক্ষা খাতে বরাদ্দ করা হয়েছে তার দ্বারা শিক্ষকদের আর্থিক উন্নতি হওয়া সম্ভব নয়?

Shri Rabindralal Sinha:

আজকেই চতুর্থ পরিকল্পনা সম্বন্ধে কিছু বলা যায় না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

এই যে লিটারেট পার্সেনস-এর সংখ্যা বেড়েছে বললেন তাদের মধ্যে কি পরিমাণ পাকিস্তান থেকে লিটারেট ব্যক্তি এসেছে বলতে পারেন?

Shri Rabindralal Sinha:

তা বলতে পারবো না।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন রিমেডিয়াল মেজার হিসেবে প্রাথমিক স্কুল খোলা ছাড়া যেমন ধরুন, এ্যাডাল্ট লিটারেসি স্কীম এই সমস্ত করার কোন পরিকল্পনা আপনি নিয়েছেন কিনা?

Shri Rabindralal Sinha:

আমি আগে যা বলেছি তা বোধ হয় আপনি শোনেন নি। সোস্যাল এডুকেশনের জন্য যে টাকা ধার্য্য ছিল এমার্জেন্সির পরে সেটা বেশীদূর অগ্রসর হয় নাই। চতুর্থ পরিকল্পনায় নিশ্চয়ই অগ্রসর হতে পারবে বলে আশা করি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন পশ্চিমবঙ্গে শিক্ষার জন্য ছাত্ররা যে ব্যয় বহন করে তার চেয়ে বেশী অন্যান্য রাজ্য বহন করে?

Shri Rabindralal Sinha:
নোটীশ দিলে বলতে পারবো।

Public carriers plying between Siliguri and Darjeeling and between Siliguri and Kalimpong

***320.** (Admittd question No. *1844.) **Shri Lakshmi Ranjan Josse:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether the Government will consider the desirability of increasing the present number of public carriers between Siliguri and Darjeeling and Siliguri and Kalimpong and vice versa?

Shri Saila Kumar Mukherjee: With a view to maintaining rail-road co-ordination as well as protecting the D. H. section of the Railway from road competition, restriction has been imposed on the plying of goods vehicles on the Hill Cart Road between Siliguri and Darjeeling in accordance with the provisions of section 43(1)(ii) of the M.V. Act, 1939. The desirability of increasing the existing limit of 34 vehicles (public carriers and private carriers) on the said route is under consideration of the Government.

No such restriction has been imposed on the Siliguri-Kalimpong route. The question of increasing the number of public carriers on the said route is entirely for the R.T.A., Darjeeling, to consider in accordance with the procedure laid down in the M.V. Act, 1939.

[1-20—1-30 p.m.]

Shri Bhadra Bahadur Hamal:
আপনি বোধ হয় জানেন কালিম্পং-এ আগে যে ছোট গাড়ী ছিল এখন সেগুলি আর নেই। দার্জিলিং-এ সিজন-এর সময় ভয়ানক চাপ পড়ে এবং মজা হচ্ছে যে, ট্রাক, বাস, ল্যাইন্ড রোভার ট্যাক্সি প্রভৃতি পাওয়া যায় না। আপনি এগুলি বাড়াবার কথায় বলেছেন যে বিবেচনাধীন আছে। আমার প্রশ্ন হচ্ছে এগুলি কতদিনের মধ্যে হবে?

Shri Saila Kumar Mukherjee:
এটা আর টি এ, দার্জিলিং করবে।

Shri Bhadra Bahadur Hamal:
দার্জিলিংয়ে আর টি এ-র মেম্বারদের নাম কি?

Shri Saila Kumar Mukherjee:
সাধারণতঃ ডিস্ট্রিক্ট-এ আর টি এ-র ৩ জন করে মেম্বার। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট —দার্জিলিং-এ বোধ হয় কমিশনার এস পি এবং এক্স অফিসিও চেয়ারম্যান, জেলাপরিষদ। এই ৩ জনকে দিয়ে বাংলাদেশের ১৫টি জেলায় আর টি এ হয়েছে।

Shri Lakshmi Ranjan Josse: Is there any non-official member in the R.T.A.?

Shri Saila Kumar Mukherjee: Chairman of the Zilla Parishad is there. He is a non-official member.

Shri Bhadra Bahadur Hamal:

২।৩ বছর হয়ে গেল আর টি এ যখন করল না তখন তাঁদের আপনারা এটা করবার জন্য অনুরোধ করবেন কি না?

Shri Saila Kumar Mukherjee:

এটা আইনের দ্বারা গঠিত এবং পরিচালিত মোটর ভেহিকেল এ্যাক্ট। যদি আর টি এ না করে তাহলে আইনতঃ এ্যাপিলিয়েট অথরিটির কাছে এ্যাপিল করতে পারেন এবং তাঁরা না করলে আইনে ক্ষমতা দেওয়া আছে হাইকোর্টে এ্যাপিল করতে পারেন। কাজেই আইন যখন আছে তখন সরকার বা মন্ত্রীমন্ডলী কিছু করতে পারেনা।

Shri Bhadra Bahadur Hamal:

দার্জিলিং-এ ট্রাক, বাস, ট্যাক্সি গুলোকে কতগুলি লোক মনোপলি বিজনেস করেছে বলে আর টি এ বাড়াতে চাচ্ছেন। কাজেই এগুলি আপনারা বাড়াবেন কি না?

Shri Saila Kumar Mukherjee:

দার্জিলিং-এ কতগুলি ট্যাক্সি, বাস আছে সেটা এখন আমি বলতে পারবো না। দার্জিলিং সম্বন্ধে যদি প্রশ্ন করেন তাহলে বলতে পারব।

Shri Lakshmi Ranjan Josse: Has the Government received any recommendation from the so-called R.T.A. regarding the increase of the number of public carriers between Siliguri and Darjeeling and Siliguri and Kalimpong and vice versa? If that be so, then what is the Government's reaction to that?

Shri Saila Kumar Mukherjee: I think a detailed answer should be given. The goods traffic on the Hill Cart Road between Siliguri and Darjeeling runs parallel to the D. H. Section of the Railway. The number of goods vehicles (both public carriers and private carriers) to ply on the said route has been restricted as far back as 1940. The restriction imposed was with a view to protecting the Railway from road competition and also in consideration of the limited capacity of the Hill Cart Road and the limit was then 25 vehicles.

On receipt of representations from various interests that the Railway were unable to meet the need of the area, the position was reviewed in the years 1956, 1957, 1959 and 1962. In 1957 the limit was raised from 25 vehicles to 31 vehicles and in 1962 this was raised to 34 vehicles after hearing representations of the Railway and all interests affected in accordance with the provisions of section 43(1)(ii) of the M.V. Act, 1939. Out of the present limit of 34 vehicles, three vehicles are granted permits for transporting exclusively milk, vegetables and other perishable goods. The urgent and emergent needs which the Railway are unable to provide promptly and quickly is met by granting temporary permits by the R.T.A., Darjeeling. Temporary permits issued by the said authority in 1963 was 238. In the first 11 months of 1964, the number was 155. In December, 1964 hardly any temporary permits were issued.

The Estimates Committee relating to the D.H. Section of the North-East Frontier Railway, set up by the Government of India have recommended that if the said section of the Railway is to be retained, full patronage has to be extended both by Government and the people to protect the interest of the Railway. Permits for road services (passengers and goods) should be granted on the said section of the Railway after taking into account the capacity for goods and passenger traffic available on the Railway so as to arrest the increasing losses which are being incurred on the running of the said section.

Proposal for raising the existing limit of 34 vehicles to 50 has since been submitted to Government by the D.C., Darjeeling. The proposal is now being examined by Government.

No restriction has been imposed by Government on the number of goods vehicles to ply on the Siliguri and Kalimpong route. Having regard to the need for additional vehicles on the said route, the matter is entirely for the R.T.A., Darjeeling, to consider in accordance with the provisions of sections 55 and 57 of the M.V. Act, 1939 read with Rule 57 of the B.M.V. Rules, 1940.

Shri Lakshmi Ranjan Josse: Will the Minister-in-charge be pleased to say whether there has been any recommendation from the R.T.A. to the Government for running more vehicles in Kalimpong-Siliguri section?

Shri Saila Kumar Mukherjee: So far my information goes, Government have not received any recommendation.

Shri Lakshmi Ranjan Josse: Is the Minister-in-charge aware that freight between Kalimpong and Siliguri is soaring up and it has gone up to Rs. 1/12 annas a maund? In view of this exhorbitant rate, will the Government consider—since the R.T.A. is an official body—about increasing the number of vehicles in Siliguri-Kalimpong section?

Shri Saila Kumar Mukherjee: It is for Mr. Josse to take up the matter with the R.T.A., Darjeeling.

Harijan employees of Tamluk municipality

***322.** (Admitted question No. *1899.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক পৌর সভার কর্মে নিযুক্ত কতজন হরিজন শ্রমিক আছে;

(খ) উহাদের মাসিক বেতনের হার কি ও প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি ইত্যাদি সুযোগ তাহাদিগকে দেওয়া হয় কিনা; এবং

(গ) উহাদের থাকিবার জন্য ঘর দেওয়া হইয়াছে কিনা এবং তজ্জন্য তাহাদিগকে কি হারে ভাড়া দিতে হয়?

Shri Jagannath Kolay:

(ক) ৫৯ জন।

(খ) জমাদারের মাসিক বেতন

মহার্ঘ ভাতা		৩২·০০ টাকা
		৩৭·৫০ টাকা
	মোট	৬৯·৫০ টাকা

সাধারণ শ্রমিকের মাসিক বেতন

মহার্ঘ ভাতা		২৫·০০ টাকা
		৩৭·৫০ টাকা
	মোট	৬২·৫০ টাকা

নং ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইব্যুনালের রায় অনুসারে মিউনিসিপ্যাল কমিশনারগণ শ্রমিকদের প্রফিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ইত্যাদি দেওয়ার সিদ্ধান্ত করিয়াছেন, তবে এখনও দেওয়া হয় নাই; কারণ এই-র সুযোগ সুবিধা লইতে ইচ্ছুক কিনা জানিতে চাওয়ায় তাহাদের উত্তর এখনও পাওয়া যায় নাই।

(গ) উহাদের থাকিবার জন্য মিউনিসিপ্যালিটির খরচে বাসস্থান করিয়া দেওয়া হইয়াছে, জন্য কোন ভাড়া লওয়া হয় না।

Shri Ananga Mohan Das:

মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি যে ঐ মিউনিসিপ্যালিটির শ্রমিকদের ১০০ টাকা র বেতন দেবার পরামর্শ দেবেন কিনা এবং তারা যদি না দিতে পারেন, তবে সরকার তাদের সাবসিডি হিসাবে দেবেন কি না?

[1-30—1-40 p.m.]

Shri Jagannath Kolay:

তারা যদি নিজেরা বিবেচনা করেন, দিতে পারেন, গভর্নমেন্ট-এর দেবার কোন কথা নয়।

Shri Sanat Kumar Raha:

মিউনিসিপ্যালিটি-এর অধীনে যে সমস্ত হরিজন আছে তাদের বসবাসের জন্য মিউনিসি-প্যালিটিকে ভাড়া দেয় তার জন্য সরকার থেকে কি ঐ আইন করা হয়েছে যে ৫ টাকা ভাড়া কেটে নেওয়া হবে?

Shri Jagannath Kolay:

প্রশ্ন থেকে উঠে না।

Shri Sanat Kumar Raha:

মিউনিসিপ্যালিটি-এর তরফ থেকে যদি হাউস দেন তাহলে হাউস রেন্ট বাবদ হিসাব করে ৫ টাকা করে কেটে নেন এটা গভর্নমেন্ট-এর আইন কিনা?

Shri Jagannath Kolay:

তাদের যে দেওয়া হয় তার জন্য তাদের কোন ভাড়া নেওয়া হয় না।

Shri Sanat Kumar Raha:

তাহলে এটা কি মিউনিসিপ্যালিটি-এর ওপিনিয়ন?

Shri Jagannath Kolay:

যখন ভাড়া দেওয়া হয় না তখন কেন কাটা হবে।

Dr. Kanai Lal Bhattacharya:

এটা ট্রাইবুন্যাল-এর রায় মিউনিসিপ্যালিটি কেটে নিচ্ছে তাহলে মন্ত্রী মহাশয় বলুন ে টাকা কাটবে না।

Shri Jagannath Kolay:

টাকা যে কাটছে এটা আমার জানা নেই তবে ভাড়া নেওয়া হয়না।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে তাদের কাছ থেকে ভাড়া নেওয়া হয় না। আমার প্রশ্ন যে ৫ টাকা করে শুধু পরিবার পিছুই নয় মাথা পিছু ঘরের যদি ২টা লোক থাকে যদি স্ব স্ত্রী থাকে তাহলে ঐ তাদের ২ জনের জন্য ৫ টাকা করে ১০ টাকা এবং তিনজন থাকলে টাকাও কাটা হয় এটা জানেন কি না?

Shri Jagannath Kolay:

যেখানে মিউনিসিপ্যালিটির কর্মী আছে তাদের বাড়ী ভাড়া বাবদ ধার্য্য করা আছে এখন যে বাসস্থান দেওয়া হয় নিশ্চয়ই তাদের বাড়ীভাড়া বাবদ আলাদা করে নেওয়া হয়না।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি বলেছেন যখন বাড়ী দেওয়া হয়না ৫ টাকা হারে বাড়ী ভাড়া দেওয়া হয় যেখানে ভাড়া দেওয়া হয়না সেখানে কি মিউনিসিপ্যালিটির তরফ থেকে ৫ টাকা করে কেটে নেওয়া ট্রাইবুন্যাল-এর রায় অনুসারে?

Shri Jagannath Kolay:

এখানে হয়ত কেটে নেওয়া হতে পারে তবে বাড়ী ভাড়া দেওয়া হয় না।

Panihati municipal board

***323.** (Admitted question No. *1963.)

শ্রীনিখিল দাশ: স্বায়ত্ত শাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাই কি—

(১) একথা কি সত্য-যে, পানিহাটি মিউনিসিপ্যালিটিতে (চব্বিশপরগনা) প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে ৯ই মে, ১৯৬৪ সালে নির্বাচিত পৌরপ্রতিনিধিদের দ্ব বোর্ড এখনও গঠিত হয় নাই; এবং

(২) সত্য হইলে উহার কারণ কি?

Shri Jagannath Kolay:

(১) পানিহাটি মিউনিসিপ্যালিটির সাধারণ নির্বাচন ১৯৬৪ সালের ১০ই মে অনু হইয়াছে। সেই নির্বাচনে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা নূতন বোর্ড এখনও গঠিত হয় নাই

(২) কলিকাতা হাইকোর্টের আসেধ-আজ্ঞা (ইন্‌জাংশান) অনুসারে নির্বাচনের ফলাফল প্র স্থগিত রাখা হইয়াছে।

Shri Nani Bhattacharjee:

হাইকোর্ট থেকে ইন্‌জাংশান জারী করা হয়েছে যাতে বোর্ড গঠন করা না হয় এর কারণ কি?

Shri Jagannath Kolay:

কারণ বলতে পারব না, দি ম্যাটার ইজ সাবজ্‌ডিস এবং ইন্‌জাংশন দেওয়া হয়েছে ফলাফল প্রকাশ করা হয়নি।

Shri Nani Bhattacharjee:

হাইকোর্ট-এর মামলা করা হয়েছে কেন সেটা জানতে চাই?

Shri Jagannath Kolay:

নির্বাচনের বিরুদ্ধে মামলা করেছে ১৯৬৪ সালে, ১২ই জানুয়ারী তারা সিভিল রুল অনুসারে ইনজাংশান হয়েছে।

Shri Gopal Banerjee:

মামলা করলো কে? চেয়ারম্যান করেছে?

Shri Jagannath Kolay:

জানা নেই।

Shri A. H. Besterwitch: The answer is not correct. My colleague wanted to know exactly about the person who has made this case against the Board.

Shri Jagannath Kolay: I want notice.

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে পানিহাটিতে কেস হয়েছে কিন্তু বজবজ মিউনিসিপ্যালিটির ইলেকশন অনেক দিন হয়ে গেছে সেখানে নূতন বোর্ড হচ্ছে না কেন?

Shri Jagannath Kolay:

ওটা বজবজের প্রশ্ন নয় এটা পানিহাটির ব্যাপার।

Pisciculture in Mansadaha beel

***324.** (Admitted question No. *2036.)

কানাই পাল: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শান্তিপুর শহরের দক্ষিণে অবস্থিত মনসাদহ বিলে মৎস্য চাষের জন্য কোন্ তারিখে পরিকল্পনা গৃহীত হইয়াছে;

(খ) এই পরিকল্পনার জন্য কোন্ তারিখে কত অর্থ মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) এই পরিকল্পনাকে কার্যকরী করিতে এখনও কত সময় লাগিবে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) মনসাদহ বিলের একাংশে মৎস্যবীজ উৎপাদন কেন্দ্র (ফিশ সিড ফার্ম) স্থাপন করি প্রকল্প ১৯৬৩ সালের সেপ্টেম্বর মাস হইতে বিবেচনাধীন ছিল। সম্প্রতি ইহা মঞ্জুর হইয়াছে।

(খ) ১৩-৩-৬৫ তারিখে ঐ কেন্দ্র স্থাপন বাবদ ২,৩৮,১৬২ টাকা মঞ্জুর করা হইয়া উহার পূর্বে ১৯৬৪ গোড়ার দিকে কেন্দ্রের জন্য প্রয়োজনীয় জমি গ্রহণ (এ্যাকুইজিশন) ব ১৯,১৪০ টাকা ক্ষতিপূরণ হিসাবে মঞ্জুর করা হইয়াছে।

(গ) আগামী আর্থিক বৎসরের (১৯৬৫-৬৬) প্রকল্পের কাজ আরম্ভ হইবে।

Shri Kanai Pal:

আমার পরিষ্কার প্রশ্ন ছিল কোন তারিখে পরিকল্পনা গৃহীত হয়েছে তার উত্তরে-আপনি ব ছেন যে সম্প্রতি গৃহীত হয়েছে। অনুগ্রহ করে জানাবেন কি কোন তারিখে এটা গৃহীত হয়ে

Shri Syamadas Bhattacharyya:

১৯৬৫ সালের মার্চ মাসে।

Shri Kanai Pal:

আমার প্রশ্ন হচ্ছে এখানে 'খ'-এর জবাবে জানা গেছে ১৯৬৪ সালের গোড়ার থেকে কেন্দ্রের জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহের উদ্দেশ্যে টাকা মঞ্জুর করা হয়েছে তা হলে কি পরি কল্পনা গ্রহণ হবার আগেই টাকা মঞ্জুর করা হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

জমি গ্রহণ করা হয়েছে আগে থেকেই। মাননীয় সদস্য যে প্রকল্পের কথা বলেছেন সে প্রকল্প পুরাপুরি মঞ্জুর হয়েছে ১৯৬৫ সালের মার্চে। জমি গ্রহণের উদ্দেশ্যে কার্য্য আমরা আগে থে আরম্ভ করেছিলাম কিন্তু এক্ষণে পরিকল্পনাটি পুরাপুরি মঞ্জুর করা হয়েছে এই কথাই বল পারি এবং সে তারিখ হচ্ছে ১৯৬৫ সালের মার্চ।

Shri Kanai Pal:

আমি এটা বুঝতে পাচ্ছি না যে স্কিমটা গৃহীত হবার তার জন্য আগে টাকা কি করে মঞ্জু হতে পারে?

Shri Syamadas Bhattacharyya:

আমি মাননীয় সদস্যকে জিনিষটা বোঝাবার জন্য চেষ্টা করছি। এখানে ফিশিং ফার্ম মঞ্জু করা হয়েছে এবং সেই ফিশিং ফার্ম মঞ্জুর করে কোন খাতে কত টাকা খরচ করা হবে তার একা ফিরিস্তি দিয়ে জমি সংগ্রহের জন্য আগে থেকে চেষ্টা করছি এবং এটা অন্যায় বলে কিছু বুঝ পারছি না।

Shri Kanai Pal:

মাননীয় মন্ত্রিমহাশয় উত্তরে বলেছেন কি অপরাধ হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে পরিকল্পনা গ্রহ করবার আগে সেখানে টাকা খরচ করা কি করে সম্ভব এটাই জানতে চাই?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার আর কিছুই বলার নেই।

.-40—1-50 p.m.]

Widening of the Diamond Harbour Road

***325.** (Admitted question No. *2048.)

ীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক—

(ক) বেহালা ট্রাম টারমিনাস-এর সংলগ্ন ডায়মণ্ডহারবার রোড কতখানি প্রশস্ত;

(খ) ঐ রাস্তার উপর দিয়া কতগুলি বাসরুট চালু আছে;

(গ) ঐ স্থানে ট্রামের ডিপো আছে কিনা; এবং

(ঘ) উক্ত স্থানে রাস্তা প্রশস্ত করিবার কোনও প্রস্তাব আছে কিনা?

Shri Saila Kumar Mukherjee:

(ক) উভয় পার্শ্ব (ফ্লাংক সমেত) ৪০ ফুট প্রশস্ত।

(খ) মোট আটটি বাসরুট চালু আছে।

(গ) না।

(ঘ) হ্যাঁ।

Shri Rabindra Nath Mukhopadhyay:

ই যে সংকীর্ণ রাস্তাটার উপর দিয়ে ৮টা বাস রুট চলছে এবং ঐ অঞ্চলে মন্ত্রীমহোদয় জানেন ি না যে ট্রাম ডিপো না থাকার জন্য সেখানে ঐ ৪০ ফুট রাস্তার উপর ৬।৮।১০ খানা করে ম গাড়ী দাঁড়িয়ে থাকে যার ফলে সেখানে চলাচল প্রচণ্ড বিঘ্ন হয়।

Shri Saila Kumar Mukherjee:

ই জন্য রাস্তাটা বহু লক্ষ টাকা ব্যয়ে প্রশস্ত করবার পরিকল্পনাই শুধু গ্রহণ করা হয় নি। র্ত বিভাগ সেদিকে বেশ অগ্রসর হয়েছেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

া রাস্তাটা প্রশস্ত করার ব্যাপার। কিন্তু আমি আপনাকে বলছি যে সেখানে ট্রাম ডিপো করা বা একটা সার্কুলার টার্মিনাস করার পক্ষে কি বাধা আছে? আমি এই কথা বলতে চেয়েছি ট্রামটা দাঁড়িয়ে থাকার জন্য রাস্তা বন্ধ হয়—জ্যাম হয় আমার প্রশ্নটা অন্য কিছু নয়—খানে ঐ ডায়মণ্ড হারবার রোড প্রশস্ত করার জন্য গত ১০ বছর ধরে বলে এসেছি এবং আশা ছি আরও ১০ বছর সময় লাগবে—কিন্তু সাময়িকভাবে একটা সার্কুলার টার্মিনাস করা যাতে তত রাস্তার উপর ব্লক না করে—এটা কি করা যেতে পারে?

Shri Saila Kumar Mukherjee:

টার্মিনাস করা বা ডিপো করা ট্রামওয়ে আইনে এটা গভর্নমেন্টের দায়িত্ব নয়—এটা ট্রাম ম্পানী করবে। ট্রাম কোম্পানীর এ সম্বন্ধে একটা পরিকল্পনা পূর্বে ছিল বর্তমানে ট্রাম ম্পানী ওটা স্থগিত রেখেছে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

গিত রাখার কারণ কি জানাবেন, কি? এটা আর অন্য কিছু নয়—রাস্তা নয় চওড়া ১০ বছর র হবে—এখন ঐ অঞ্চল ঘনবসতি পূর্ণ এবং দক্ষিণে যাবার ঐ একমাত্র রাস্তা—কিন্তু ট্রাম-

কারগর্লি রাস্তার উপর দাঁড়িয়ে থাকে যার ফলে প্রত্যেক দিন জ্যাম হয়, ডিপো যদি করেন—অন্তত একটা সার্কুলার টার্মিনাস যাতে করা যায়—এটা কেন স্থগিত রাখা হচ্ছে— জন্য সরকার কিছু করতে পারবেন কিনা?

Shri Saila Kumar Mukherjee:

সেজন্য ট্রামওয়ে কোম্পানী যে সমস্ত কাজ করেন তার জন্য সরকারের কাছে ৫০ লক্ষ টাকা চেয়েছেন এবং তার সম্মতিও দেওয়া হয়েছে—আমি আপনাকে ঠিক তার মধ্যে এই বেহালার ডিপো আছে কিনা বলতে পারছি না তবে বড় বড় অনেক পরিকল্পনা করবার জন্য কোম্পানী নির্দেশ নিয়েছেন। দ্বিতীয়ত আপনার যে প্রশ্ন ছিল ঐ রাস্তায় ট্রাম দাঁড়িয়ে বলে অসুবিধা হয়, তার জন্য তো ৩৭ লক্ষ টাকা ব্যয়ে সরকার যা করছেন ঐ রাস্তাটা ডায় হারবার রোড ফ্রম দি ফারলং অব ফিফত্ মাইল টু সেকেন্ড ফারলং অব সেভেন মাইল—অ যে জায়গাটা বলছেন সেই জায়গাটা এর মধ্যে ইনক্লুডেড হচ্ছে—রাস্তা প্রশস্ত হবে— রাস্তাটা মোট ১২০ ফুট প্রশস্ত হবে এর মধ্যে দুই দিকে দ্বিমুখী ২৪ ফুট প্রশস্ত রা যানবাহন চলাচলের জন্য থাকবে এবং ১০ ফুট রাখা হচ্ছে ভবিষ্যৎ সম্প্রসারণের জন্য ইহা ছ ১১ ফুট প্রশস্ত ফুটপাত দুই পাশে থাকবে মূল রাস্তার উপর ৩০ ফুট পর্যন্ত ট্রাম লাই জন্য সংরক্ষিত থাকবে। পরিকল্পনাটির আনুমানিক ব্যয় ৩৭ লক্ষ টাকা হবে। এই পরিকল্পন পূর্ত বিভাগ দ্বারা কার্যকরী হচ্ছে, বর্তমানে জমি সংগ্রহের কাজ চলছে। জমি সংগ্রহ হ রাস্তাটা প্রশস্ত করবার কাজ শুরু হবে—এবং আশা করি প্রশ্নকর্তার যে প্রশ্ন সেদিকে দৃ রেখে ওখানে গাড়ী দাঁড়িয়ে থাকলে কোন অসুবিধা হবে না।

Shri Rabindra Nath Mukhopadhyay:

কতদিনের মধ্যে আপনারা এই পরিকল্পনাটি কার্যকরী করা সম্ভবপর বলে মনে করেন?

Shri Saila Kumar Mukherjee:

৩৭ লক্ষ টাকার পরিকল্পনা কতদিনে হবে কোন মন্ত্রী তার জবাব দিতে অসমর্থ। তবে ল্যা অ্যাকুইজিসনের কাজ চলেছে এবং আমি আশা করি মাননীয় সদস্যগণের প্রত্যেকের ব্যক্তিগ অভিজ্ঞতা আছে যে ল্যান্ড অ্যাকুইজিসনে যখন যায় তখন সব উন্নতি আদালত মারফত বাধাপ্রা হয়।

Shri Rabindra Nath Mukhopadhyay:

আমি শুধু আপনাকে জিজ্ঞাসা করছি রাধাও নাচবে আর কত মণ তেলও পুড়বে খুব ভা জিনিস—এখন যতদিন পর্যন্ত সেটা না হচ্ছে ততদিন পর্যন্ত ট্রাম কোম্পানী একটা ডিপো য করতে না পারে তো ওখানে জায়গা আছে, তাঁরা মেপে গিয়েছিলেন—সেখানে এরকম একটা সার্কু লার টার্মিনাস করবার জন্য তাদের বলতে পারেন কি না, ঐ যে ৫০ লক্ষ টাকা ধার চেয়েছে তার মধ্যে এই পরিকল্পনার কথা তাঁদের কাছে রাখতে পারেন কি না?

Shri Saila Kumar Mukherjee:

আপনার ঐ কনস্টিটিউয়েন্সীর অনুরোধ যেহেতু আপনি জানিয়েছেন আমাকে আমি নিশ্চয় ট্রাম কোম্পানীকে জানাবো এটা তাঁরা গ্রহণ করবেন কি না?

Advisory Committee to the local authorities of the Railways

***326.** (Admitted question No. *2069.) **Shri Girija Bhusan Mukherje** Will the Minister-in-charge of the Home (Transport) Department be please to state—

(a) whether there is any Advisory Committee or any suggestive bod in West Bengal to suggest to the Railway authorities regardin

the amelioration of the trouble and hardship of the local passengers of the suburban service of the trains causing out of (1) overcrowding, (2) bad time-keeping of trains, (3) failure of proper maintenance of coaches, and (4) non-functioning of electric fans;

(b) if the answers to (a) be in the affirmative, will the Minister be pleased to state what suggestions have been given by such Board to the Railway authorities in course of last 6 months; and

(c) if the answer be in the negative, whether the Government considers the desirability of requesting the Union Government for the formation of such a Committee to give advice to the local authorities of the Railway?

Shri Saila Kumar Mukherjee: (a) No.

(b) Does not arise.

(c) No, because the Railway have Users' Consultative Committees at ie Headquarters (Zonal) level and also at the Divisional/Regional levels. hese Consultative Committees include, among others, representatives of he Parliament. State legislatures concerned, representatives of the principal 'hambers of Commerce and Traders, Associations recognised by the State iovernment, representatives of the Registered Passengers' Associations inctioning in the State, representatives of the major public sector underikings in the State functioning in the area, and such other members as ay be nominated by the Ministry of Railways to represent special interests ; well as one representative each of the State Governments concerned. ı these Consultative Committees questions relating to overcrowding, bad me-keeping by trains failure of proper maintenance of coaches, non-.unctioning of electric fans etc. and other public grievances are brought) for discussion and suggestion for remedial measures.

Shri Copal Banerjee:

টট গভর্নমেন্টের প্রতিনিধি এই কমিটিতে আছেন বল্লেন—বর্তমানে রাজ্য সরকারের পক্ষ থেকে ; প্রতিনিধি আছেন এটা জানাবেন কি ?

Shri Saila Kumar Mukherjee: Director General of Movements, overnment of West Bengal, represents the State Government on the Zonal, nd Divisional Railways. There as Users, Consultative Committees of e Eastern and South-Eastern Railways and the Additional Director of griculture, West Bengal, also serve on the Zonal Committees to look after e agricultural interests of the State.

Shri Copal Banerjee:

ই ডিরেকটর জেনারেল অব ট্রান্সপোর্টেসন তিনি এই যে অসুবিধাগুলির কথা বলা হয়েছে । সম্পর্কে এই কমিটিতে কোন আলোচনা করেছেন কিনা এ সম্পর্কে জানা আছে কি?

Shri Saila Kumar Mukherjee:

হলে তিনি সেখানে আছেন কি জন্য, নিশ্চয়ই তিনি আলোচনায় অংশ গ্রহণ করেছেন এবং টেটের ইনটারেষ্ট দেখবার জন্যই তাঁকে নমিনেট করা হয়।

Shri Gopal Banerjee:

যে বিষয়গুলি বলা হয়েছে

On crowding, bad time keeping by trains failure of proper maintenance coaches.

এ সম্পর্কে তিনি কি কোন নির্দিষ্ট সুপারিশ করেছিলেন এই কমিটিতে কোন দিন?

Shri Saila Kumar Mukherjee:

সুপারিশ করার প্রশ্ন নয়, এটা হচ্ছে আলোচনা সভা—নিশ্চয়ই ষ্টেটের ইনটারেষ্টে ষ্টে ভিন্ন ভিন্ন প্রতিনিধিরা যে প্রশ্ন করবেন সে বিষয়ে বিরোধিতা করবার কোন প্রশ্ন উঠে না, তি সমর্থনই করবেন, তাই জন্যই তাঁকে সেখানে পাঠানো হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

এই ইউজার্স কনসালটেটিভ কমিটিতে প্যাসেঞ্জারের তরফ থেকে কেউ রেপ্রেজেনটেটিভ আ কি না এবং থাকলে নামটা দিতে পারেন কি?

Shri Saila Kumar Mukherjee:

নামটা এখানে নেই, তবে নিশ্চয়ই আছে, এটা কম্পালসারী—পার্লামেন্ট বা ষ্টেট লেজিসলেচা রেপ্রেজেনটেটিভ নিশ্চয়ই আছেন।

[1-50—2 p.m.]

Shri A. H. Besterwitch: I think the Hon'ble Minister is aware th there are responsible persons in the Committee. Sir, I want to know fro the Hon'ble Minister whether those responsible persons are aware of tl difficulties of the travelling public of the railway.

Shri Saila Kumar Mukherjee: The honourable member should kno that there is Director General (Movement) whose only duty is to see ever thing, especially regarding the movement of cement, steel, coal, etc.

Shri A. H. Besterwitch: I do not want to know about the transhi ment of various articles from one place to another. What I want to kno from the Hon'ble Minister is this do they know about the difficulties o the travelling public of the railway, especially those who travel in th third class?

Shri Saila Kumar Mukherjee: If the honourable member likes, I ma recommend his name to the Railway Ministry for looking after the difficul ties of the passengers.

Constitution of new corporations

***327.** (Admitted question No. *2132.)

শ্রীগোপাল ব্যানার্জি: স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী নদীর উভয় তীরবর্তী পৌরসঙ্ঘগুলির মধ্যে কিছুসং পৌরসভাকে একত্রিত করিয়া কয়েকটি কর্পোরেশন গঠনের সিদ্ধান্ত সরকার গ্ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, পরিকল্পনার বিবরণ কি এবং কোন্ তারিখের মধ্যে এই পরিক কার্যকরী করা হইবে?

Shri Jagannath Kolay:

(ক) এইরূপ কোন সিদ্ধান্ত এখনও করা হয় নাই, তবে কিছু কিছু পৌরসভাকে একত্রিত করিয়া বৃহত্তর পৌরসভা গঠনের একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) কোন নির্দিষ্ট পরিকল্পনা এখনও গৃহীত হয় নাই এবং কোন তারিখের মধ্যে উহা কার্যকরী করা হইবে তাহা বলা সম্ভব নয়।

Shri Gopal Banerjee:

সরকার যে এই রকম পরিকল্পনা বিবেচনা করছেন এই রকম পরিকল্পনা নেওয়ার পিছনে যুক্তি কি আছে?

Shri Jagannath Kolay:

আমাদের একটা পরিকল্পনা ছিল যে যেসব ছোট ছোট মিউনিসিপ্যালিটি আছে তাদের যদি গ্রুপিং করে একটা কর্পোরেশান করা যায় তাহলে আমাদের কাজের অনেক সুবিধা হবে, বিশেষতঃ জল সরবরাহের কাজে এবং স্বাস্থ্যের কাজে সুবিধা হবে। সেজন্য একটা গ্রুপিং করে করবার পরিকল্পনা আছে।

Dr. Kanai Lal Bhattacharya:

এ পর্যন্ত ছোট ছোট পৌরসভাগুলিকে নিয়ে কোন কর্পোরেশান করার জন্য কোন নোটিফিকেশান গভর্নমেণ্ট থেকে কিছু করা হয়েছে কি?

Shri Jagannath Kolay:

এখনও কিছু করা হয়নি, এটা বিবেচনাধীন আছে।

Nylon nets for fishing purposes

***328.** (Admitted question No. *2148.)

শ্রীঅশ্বিনী রায়: মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ রাজ্যে মৎস্যজীবীদের সরকার হইতে মৎস্য ধরিবার জন্য নাইলনের জাল দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, মন্ত্রিমহোদয় জানাইবেন কি, (১) প্রত্যেকটি জালের মূল্য কত এবং (২) ১৯৬১-৬২ সাল হইতে ১৯৬৪ সালের ডিসেম্বর পর্যন্ত জেলা ভিত্তিতে সরবরাহের সংখ্যা কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে এই ধরণের জাল সৌরাষ্ট্র, অন্ধ্র এবং গুজরাট এই সমস্ত রাষ্ট্রে প্রচলিত হয়েছে এবং এই জালগুলি দীর্ঘস্থায়ী এবং শক্ত এ সম্পর্কে সংবাদ রাখেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এটা সত্য হতে পারে, কিন্তু এ সম্বন্ধে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা কিছু নেই যে শক্ত কত। ত এই প্রশ্নটা এখনও আমাদের এই দপ্তর থেকে চূড়ান্তভাবে বিবেচনা করা হয় নি। যদি দে যায় মাননীয় সদস্য যে সাজেসান দিচ্ছেন এইসব নাইলনের নেট ব্যবহার করে অন্যান্য জায়গ ভাল ফল পাওয়া গেছে তাহলে নিশ্চয়ই সেটা মৎস্য দপ্তর বিবেচনা করে দেখবেন।

Science building of Bahara Adarsa Vidyapith

***329.** (Admitted question No. *2184.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহড়া আদর্শ বিদ্যাপীঠের বিজ্ঞান ভবনের জন্য সরকার হইতে কত টাকা দেওয় হইয়াছে; এবং

(খ) বিজ্ঞান ভবনের ভিত্তি স্থাপনের জন্য বরাদ্দ অর্থ ও ক্ষেত্রফল অনুযায়ী যে বরাদ্দ, তাহ যথাযথ ব্যয়িত ও কার্যকরী হইয়াছে কিনা?

Shri Rabindralal Sinha:

(ক) বিজ্ঞান ভবনের গৃহ নির্মাণের জন্য সরকার ২৯,৪০০ টাকা সাহায্য করিয়াছেন।

(খ) হ্যাঁ। বিজ্ঞান ভবন নির্মাণের জন্য বরাদ্দ অর্থ যথাযথ ভাবে ব্যয়িত হইয়াছে।

Shri Sanat Kumar Raha:

আপনি কি বলতে পারেন বহড়া আদর্শ বিদ্যাপীঠকে তার বিজ্ঞান ভবনের জন্য ২৯,৪০০ টাব কোন্ বছর দেওয়া হয়?

Shri Rabindralal Sinha:

টাকাটা কবে রিলিজ্‌ড হয়েছে বলতে পারছি না, তবে তা স্যাংসান হয়েছে ১৯৬২ সালে।

Shri Sanat Kumar Raha:

তার কমপ্লিসন অফ দি স্ট্রাকচার কবে হয়েছে এবং ফাউণ্ডেসান কবে হয়েছে সেটা বলবেন?

Shri Rabindralal Sinha:

আমরা যে কমপ্লিশান সার্টিফিকেট পেয়েছি—কনস্ট্রাকশান বোর্ড ডাইরেক্টরেট থেকে, তার ডে বলতে পারি। এ্যাকচুয়ালী কবে কমপ্লিট হয়েছে তা বলতে পারবো না। তবে তাঁরা বলছে যে ১৭-৭-৬২ তারিখে।

Shri Sanat Kumar Raha:

স্যাংসান হয়েছে কবে? ডেট কত?

Shri Rabindralal Sinha:

তারিখ দেখছি জুবড়ে আছে—১৯৬১ কি ১৯৬২ সাল সঠিক বোঝা যাচ্ছে না। আমি দেখছি টাইপে লেখা আছে—থারটিন্থ মার্চ, ১৯৬১; একের উপর দুই লেখা ছিল বলে জুবড়ে ছিল যাহোক নোটীস দিলে ডিটেল বলে দিতে পারবো।

"The undersigned is directed to say that Government of India in their letters as noted in the margin have approved the scheme for the setting up Vijnan Mandirs at the following institutions on the stipulation that while the maintenance and other costs will be provided by the Government of India under their direct management, the State Government are only to provide a building for accommodation".

এখানে লেখা আছে গভর্নমেণ্ট লেটারস্ ডেটেড ২-৪-৬০ এবং ২-১১-৬০ দুটী স্কুল তখন ছিল। আমাদের স্যাংসান হচ্ছে এইট্থ মার্চ, ১৯৬১, আর কমপ্লিশান রিপোর্টএ যে ডেট পাচ্ছি, তা হচ্ছে ২১-৭-৬২।

Shri Sanat Kumar Raha:

এই স্কুলের ম্যানেজিং কমিটীর সেক্রেটারী কে জানেন?

Shri Rabindralal Sinha:

া, তা বলতে পারবো না।

Shri Sanat Kumar Raha:

ই যে ২৯,৪০০ টাকা খরচ করা হয়েছে ফাউন্ডেশান-এর জন্য, তারজন্য এ্যালটমেন্ট কত ছিল?

Shri Rabindralal Sinha:

া বলতে পারবো না। মোট টাকাটা বলতে পারি। কনস্ট্রাকশান বোর্ড যে তারিখে কমপ্লিশান ার্টিফিকেট দিচ্ছে, সেই তারিখ বলতে পারি।

Shri Sanat Kumar Raha:

র কমপ্লিশান সার্টিফিকেট দিলেন, তাতে স্ট্রাকচার-এ এনটায়ারলী টাকা, না, ফাউণ্ডেশান-এ মস্ত টাকা খরচ হলো এ খবরটা আপনি জানেন কি?

Shri Rabindralal Sinha:

াঁরা এনটায়ার টাকা খরচ হয়েছে বলে সার্টিফিকেট দিচ্ছেন। সুতরাং আলাদা করে দেখান য়োজন হয় না।

Shri Sanat Kumar Raha:

ই স্কুল সম্বন্ধে কোন দুর্নীতির অভিযোগ আপনি পেয়েছেন কি?

Shri Rabindralal Sinha:

ম্প্রতি মাননীয় সদস্য আমার কাছে এক অভিযোগ পেশ করেছেন। আমি সে সম্বন্ধে নিশ্চয়ই নুসন্ধান করে দেখবো।

Government aircrafts

***330.** (Admitted question No. *1902.)

অনঙ্গমোহন দাস: গত ১লা মার্চ, ১৯৬৫ তারিখে প্রদত্ত অ-তারকিত ৩০৮নং (অ্যাডমিটেড শ্ন নং ৩৬৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক ানাইবেন কি—

(ক) উক্ত প্রশ্নের 'খ' অংশের উত্তরে যে একখানি বিমান ব্যবহারের অযোগ্য বলিয়া উল্লেখ আছে, উহা কি কাজে আসিবে এবং উহার জন্য সরকারকে কোন ক্ষতিপূরণ দিতে হইবে কিনা; এবং

(খ) পশ্চিমবঙ্গ সরকারের মোট ১১টি বিমানের জন্য (১) রক্ষণাবেক্ষণ খরচ মাসে কত ; এবং (২) বৈমানিকদের জন্য মাসিক কত টাকা দিতে হয়?

Shri Saila Kumar Mukherjee:

(ক) ব্যবহারের অযোগ্য বিমান খানির অংশগুলি খুলিয়া লইয়া পছন্দমত একই ধ আর দুইখানি বিমানে ব্যবহার করা যাইতে পারিবে। ক্ষতিপূরণ দিতে হইবে।

(খ) (১) গড়ে ৬,৭২০ টাকা ২৫ পঃ।

(২) মাসিক বেতন এবং ভাতা বাবদ মোট ২,৬২৮ টাকা ৭৫ পয়সা। তদুপরি বৈমানি প্রত্যেকে ব্যক্তিগর ফ্লাই ফি জন্য ঘণ্টা প্রতি দু'টাকা বোনাস পাইয়া থাকেন।

Shri Ananga Mohan Das:

ঐ যে বিমানখানি অযোগ্য হলো কতদিন কাজ করবার পর অযোগ্য হল?

Shri Saila Kumar Mukherjee:

আমরা বহু পুরানো ফ্লাইং ক্লাব থেকে ডিফেন্স অফ ইন্ডিয়া এ্যাক্ট অনুযায়ী বাঙ্গালী (মেয়েদের বিমান চালনা শেখাবার জন্য রিকুইজিসাণ্ড করেছে। বিমানগুলি নষ্ট হয়ে যা সেজন্য সেগুলি গ্রহণ করেছি। পুরাতন দু'খানা বিমানের মধ্যে দু'খানা অকেজো ছিল আমরা প্রথম পজেসান নিই। সেই নষ্ট বিমানের মেশিনাদি নষ্ট হবে না, অন্যান্য বিমান শি স্কুলে সেগুলি ব্যবহৃত হবে এবং আমাদের বেহালায় যে এয়ার ট্রেনিং ওয়ার্কশপ হবে সেখা তা ব্যবহৃত হতে পারবে।

[2—2-10 p.m.]

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Retrenchment of State Government employees

***332.** (Admitted question No. *2207.) **Shri Sanat Kumar Raha**

অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরুরী অবস্থার মধ্যে কতজন রাজ্য-সরকারী কর্মচারীকে বরখাস্ত করা হইয়াছে, কেন করা হইয়াছে ; এবং

(খ) এইসকল কর্মচারীকে পুনরায় কাজে যোগ দিবার জন্য কোন বিবেচনা সর করিতেছেন কিনা?

The Minister for Finance:

(ক) ১৯-৩-৬৫ তারিখ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অনুযায়ী ১৩২ কর্মচারীকে এই সম মধ্যে বরখাস্ত করা হইয়াছে।

অস্থায়ী পদের অবলোপ, অসন্তোষজনক কার্যাদি, বিনা অনুমতিতে দীর্ঘ অনুপস্থি সরকারী অর্থ তছরূপ, বিচারালয় কর্তৃক প্রদত্ত দণ্ডাদেশ ইত্যাদি বিভিন্ন কারণে ইহাদের চাকু হইতে বরখাস্ত করা হইয়াছে।

(খ) ইহাদের মধ্যে ৪৫ জনকে অন্যত্র চাকুরী দেওয়া হইয়াছে। দুইজনের পুনর্নিয়োগ প্রশ্ন বর্তমানে বিবেচনাধীন।

Pisciculture loans in Mayna P.S.

***333.** (Admitted question No. *2025.)

শ্রীঅনঙ্গমোহন দাস: মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ময়না থানায় কতজনের নিকট মৎস্য চাষ বৃদ্ধির জন্য প্রদত্ত লোন অনাদায়ী রহিয়াছে ;

(খ) উক্ত লোন কোন্ সালে প্রদত্ত হইয়াছিল ; এবং

(গ) উহা আদায়ের জন্য কিরূপ ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Fisheries:

(ক) দুইজনের নিকট মৎস্য চাষ বৃদ্ধির জন্য প্রদত্ত লোন অনাদায়ী রহিয়াছে।

(খ) দক্ষিণ জংরাচক গ্রামের শ্রীপঞ্চানন হাইতকে ১৯৬০ সালে এবং ঐ গ্রামেরই শ্রীঅমূল্যচরণ হাইত এবং অপর একজনকে ১৯৬২ সালে যুক্ত লোন প্রদত্ত হইয়াছিল।

(গ) শ্রীপঞ্চানন হাইতের নিকট হইতে সার্টিফিকেট ব্যবস্থায় ৪৪ টাকা ৬৩ পয়সা আদায় করা হইয়াছে এবং ২৫৫ টাকা ৩৭ পয়সা অনাদায়ী রহিয়াছে। তাঁহার সার্টিফিকেট কেস নং ৮ এফ।৬১-৬২।

শ্রীঅমূল্যচরণ হাইত এবং অপর এক ব্যক্তির নিকট হইতে এখনও পর্যন্ত কিছু আদায় করা যায় নাই। তাঁহার সার্টিফিকেট কেস নং ৫ এফ।৬৪-৬৫।

Housing scheme for the sweepers of Asansol municipal area

***334.** (Admitted question No. *2152.)

শ্রীঅশ্বিনী রায়: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬১ সালে আসানসোল পৌর এলাকায় ঝাড়ুদারদের জন্য ১০০টি বাসগৃহ নির্মাণের প্রকল্প গৃহীত হয় ; এবং

(খ) সত্য হইলে মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) ১৯৬৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত নির্মিত বাসগৃহের সংখ্যা কত ছিল,

(২) বিতরণের সংখ্যা ও শর্ত কি ছিল, এবং

(৩) প্রকল্পটি সম্পূর্ণ কার্যকর হওয়ার সম্ভাব্য সময় কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) হ্যাঁ সত্য।

(খ) (১) ১৯৬৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত নির্মিত বাসগৃহের সংখ্যা দশ।

(২) সংখ্যা অল্প বলিয়া অদ্যাবধি বিতরণ করা সম্ভব হয় নাই।

(৩) গৃহাদি নির্মাণের সাজসরঞ্জাম ও সিমেন্ট ইত্যাদি প্রয়োজনমত পাওয়া যাইলে, আগামী দুই হইতে তিন বৎসরের মধ্যে প্রকল্পটি কার্যকরী করা সম্ভব হইবে।

UNSTARRED QUESTIONS
to which written answers were laid on the table

Supply of Sugar in Durgapur for Congress Session

670. (Admitted question No. 184.) **Shri Aswini Roy:**

(ক) খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৬ সালের জানুয়ারি মাসের বর্ধমান জেলার দুর্গাপুরে অনুষ্ঠিত জাতীয় কংগ্রেসের অধিবেশ উপলক্ষে দুর্গাপুরে চিনি সরবরাহের কোন ব্যবস্থা হইয়াছিল কিনা ;

(খ) হইয়া থাকিলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি—(১) চা ও মিষ্টান্ন বিক্রেতাদের সরবরাহে পরিমাণ কি ;

(২) যাহাদের সরবরাহ করা হইয়াছে তাহাদের নাম ও বিবরণ ; এবং (৩) অতিথি ও অভ্যাগতদের সম্বর্ধনার জন্য অভ্যর্থনা কমিটিকে দেয় চিনির পরিমাণ কত?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৭·৪৭৫ টন।

(২) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(৩) ঐ বাবদ অভ্যর্থনা কমিটিকে স্থানীয় স্টক্ হইতে কোন চিনি দেওয়া হয় নাই। তবে কলিকাতা হইতে কংগ্রেস প্রতিষ্ঠানকে দুর্গাপুর সম্মেলনের জন্য ৩৭·৫ টন চিনি দেওয়া হইয়াছে। উক্ত পারমিট অভ্যর্থনা কমিটির সাধারণ সম্পাদকের নামে দেওয়া হইয়াছিল।

অধিবেশনের পর অভ্যর্থনা সমিরি ২৭·৭ টন অবশিষ্ট চিনি বর্ধমান জেলা ম্যাজিস্ট্রেটের নিকট ফেরৎ দিয়াছেন।

Statement referred to in reply to clause (kha) (2) of unstarred question No. 670.

Serial No.	Name.	Address.	Quantity. Bags.	Remarks.
	Tea Stall and Coffee.			
1.	P. P. Panikar (Coffee Board) ..	..Congress Nagar and Exhibition.	4	
2.	P. C. Raj Pal (Tea Board) ..	.. Ditto ..	3	
	Restaurant-*cum*-Hotel-*cum*-Sweet-meat, etc.			
1.	Amalendu Ghosh ..	.. Ditto ..	3	
2.	Messrs. Anand (for two shops)	.. Ditto ..	7	
3.	Ranbir Palwan	.. Ditto ..	1·40 Kg.	
4.	Anadinath Singha ..	.. Ditto ..	2·60 Kg.	
5.	*Sebabrati Samabay Stores ..	.. Ditto ..	3 bags.	
6.	Project Canteen	.. Ditto ..	2·15 Kg.	
7.	Kali Ram Sarma	.. Ditto ..	4·90	

Serial No.	Name.	Address.	Quantity.	Remarks.
8.	Rambir Singh	Congress Nagar and Exhibition.	4·80	
9.	Phani Bhusan Das	Ditto	1·00	
10.	Biswambar Ghosh	Ditto	3·90	
11.	Molin Ronge	Ditto	13·00	
12.	Indrajit Halwai	Ditto	6·50	
13.	Chiranjilal Halwai	Ditto	8·95	
14.	Durgapur Canteen	Ditto	5·10	
15.	Dilip Ir. Mondal	Ditto	2·00	
16.	Amarendra N. Sahaya	Ditto	1·00	
17.	Phanindra N. Ganguly	Ditto	4·15	
18.	Gujrat Samity	Ditto	2·00	
19.	Santi Ram Goswami	Ditto	5·00	
20.	Sudhir Kr. Ghosh	Ditto	4·00	
21.	Sundarban Co-opt.	Ditto	3·45	
22.	M. R. Ghosh	Ditto	1·00	
23.	D. N. Sarkar	Ditto	4·00	
24.	Bankura Misttanna Bhandar	Ditto	2·65	
25.	Alit Restaurant	Ditto	1·25	
26.	Debondra Pro. Gupta	Ditto	3·00	
27.	Royal Hotel	Ditto	1·00	
28.	Basak Tea Stall and Hotel	Ditto	1·20	
29.	Raman Home	Ditto	1·00	
30.	Brige Bhandar	Ditto	·75	
31.	Sweet Home	Ditto	1·00	
32.	P. K. Sanyal	Ditto	1·20	
33.	Mulchand Agarwala	Ditto	1·40	
34.	Jadav Mukherjee.	Ditto	1·20	
35.	Debendra Bhattacharjee	Ditto	1·00	
36.	Cossy Cafa	Ditto	·80	
37.	Basanta Sanyal	Ditto	·40	
38.	E. Rly. Canteen (Bidhan Nagar).	Ditto	55·00	
		Total	174·75	
		or	17·475 tonnes.	

N. B.— *Serial No. 5—Sebabrati Samabay Stores returned 2·50 Kg. sugar.
**Serial No. 38—Total quantity not consumed so transferred to Asansol and Burdwan Rly. Canteens

Libraries managed by Government

671. (Admitted question No. 348.) **Shri Mrigendra Bhattacharyy**
শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কোন্ জেলায় কতগুলি সরকার পরিচালিত গ্রন্থাগার রহিয়াছে এ উহাদের পুস্তক সংখ্যা কত ;

(খ) গ্রন্থাগার-এর সভ্য হওয়ার নিয়ম কি ;

(গ) গ্রন্থাগারিকদের নূতন বেতন-হার কোন্ বৎসর হইতে চালু হইয়াছে ;

(ঘ) বেতন ছাড়া উহাদের কি কি ভাতা দেওয়া হয় ; এবং

(ঙ) গ্রন্থাগারিকগণ সরকারী চাকুরিয়া (গভর্ণমেণ্ট এমপ্লয়ি) কিনা এবং সরকারী চাকু হিসাবে (বেনিফিট) পায় কিনা?

The Minister for Education:

(ক) পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় সরকার পরিচালিত গ্রন্থাগারের সংখ্যা ও উহা প্রত্যেকটির পুস্তক সংখ্যা নিম্নরূপঃ—

জেলা			গ্রন্থাগারের সংখ্যা ও নাম			পুস্তক সংখ্যা
কলিকাতা	..	..	১ রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার	..	..	২০,০০০
২৪-পরগণা	..	..	২ (১) জিলা গ্রন্থাগার, টাকী	..	..	১০,০০০
			(২) কেন্দ্রীয় গ্রন্থাগার, বানীপুর	..	..	১০,০০০
দার্জিলিং	..	..	১ কেন্দ্রীয় গ্রন্থাগার, কালিম্পঙ	..	..	৬,০০০

(খ) সভ্য হইতে হইলে নির্দিষ্ট ফর্মে আবেদন করিতে হয়। সভ্যগণকে কোন চ দিতে হয় না।

(গ) নূতন বেতনের হার ১-৪-৬১ তারিখ হইতে চালু হইয়াছে।

সম্প্রতি হুগলি জেলার উত্তরপাড়া পাব্লিক লাইব্রেরীকে সরকারী কর্তৃত্বাধীনে অ হইয়াছে। এই লাইব্রেরীর কর্মচারিগণকে সরকারী হারে বেতন দিবার ব্যবস্থা হইতেছে।

(ঘ) বেতন ছাড়া উহাদের মহার্ঘ ভাতা এবং বাড়ীভাড়া ভাতা সরকারের প্রচলিত নী অনুসারে দেওয়া হয়।

(ঙ) হ্যাঁ।

Nabagram Thana Library

672. (Admitted question No. 396.) **Shri Birendra Narayan Roy:**
গত ২৪এ ফেব্রুয়ারি ১৯৬৪ তারিখে প্রশ্ন ও অতিরিক্ত ৯৮ নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১ প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবগ্রাম থানা লাইব্রেরীর এডহক কমিটি বাতিল হইয়াছে কি ;

(খ) না হইয়া থাকিলে তাহার কারণ কি?

The Minister for Education:

(ক) হ্যাঁ।

(খ) নূতন কমিটি গঠিত হইয়া ৩রা মার্চ, ১৯৬৫ তারিখ হইতে লাইব্রেরীর কার্যভা গ্রহণ করিয়াছে।

Kalaikunda-Sankrail Road in Midnapore district

673. (Admitted question No. 475.) **Shri Surendra Nath Mahato:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কলাইকুণ্ডা-শাঁকরাইল রাস্তার নির্মাণ কবে আরম্ভ হইয়াছে আর কবেই বা সমাপ্ত হইবে ;

(খ) এই রাস্তার উপর কেলেঘাই নদীর উপর পুল এক্সিস্টিং রাস্তায় মঞ্জুর হইয়াছে কিনা ;

(গ) মঞ্জুর হইয়া থাকিলে, উক্ত পুলের নির্মাণকার্য কবে আরম্ভ হইবে, আর কবে শেষ হইবে ; এবং

(ঘ) এই পুল নির্মাণকল্পে কত টাকা মঞ্জুর হইয়াছে?

The Minister for Public Works (Roads):

(ক) ইং ১৯৬৪ সালে এই রাস্তার নির্মাণকার্য আরম্ভ হইয়াছে। দ্বিতীয় এবং তৃতীয় মাইলের কতকাংশের জন্য প্রয়োজনীয় ভূমি দখল পাওয়া যায় নাই বলিয়া সে অংশের কাজ ব্যতীত বাকি সমুদয় অংশের কাজ বর্তমান বৎসরের ডিসেম্বর মাসের মধ্যেই সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

(খ) হ্যাঁ।

(গ) উক্ত রাস্তার দ্বিতীয় মাইলের জন্য ভূমি দখল পাইলেই নির্মাণকার্য আরম্ভ করা হইবে এবং যত শীঘ্র সম্ভব সম্পন্ন করার ব্যবস্থা করা হইবে।

(ঘ) ৫০,০০০·০০ টাকা।

Building grant to High and Higher Secondary Schools of Midnapore

674. (Admitted question No. 1213.) **Shri Nagen Dolai:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ মহকুমায় ১৯৬৪ সালে উচ্চ মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিকে বিল্ডিং গ্র্যান্ট হিসাবে কত টাকা দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত জেলার ঘাটাল মহকুমায় কোন্ কোন্ বিদ্যালয় কত টাকা ঐ বৎসর উক্ত খাতে পাইয়াছে ;

(গ) যেসব বিদ্যালয়গুলি এখনও বিল্ডিং গ্র্যান্ট পায় নাই তাহাদের কোন আবেদন সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(ঘ) বিবেচনাধীন থাকিলে সেই বিদ্যালয়গুলির নাম কি?

The Minister for Education:

(ক) সদর মহকুমা—৯৫,৩৭২ টাকা
ঝাড়গ্রাম মহকুমা—৩৩,৬৪০ টাকা
ঘাটাল মহকুমা—১৮,৫৬৩ টাকা
তমলুক মহকুমা—৮৬,৮৪৭ টাকা
কাঁথি মহকুমা—৯৩,৪৪৩ টাকা

(খ) যোত ঘনশ্যাম নীলমণি হাই স্কুল—১৮,৫৬৩ টাকা

(গ) আছে।

(ঘ) (১) লালগড় রামকৃষ্ণ বিদ্যালয়, পোঃ লালগড়।

(২) দেভোগ শ্যামাচরণ মিলন বিদ্যাপীঠ, পোঃ দেভোগ।

(৩) আমড়াতলা গতিমাধব বালিকা বিদ্যালয়, আমড়াতলা।

(৪) মেদিনীপুর রামকৃষ্ণ মিশন বিদ্যাভবন, পোঃ মেদিনীপুর।

(৫) পানথাই বি এম ইনস্টিটিউশন, পোঃ পানথাই।

(৬) ভোগপুর কেনারাম মেমোরিয়াল হাই স্কুল, পোঃ ভোগপুর।

(৭) নয়াবাসত পার্বতীময়ী শিক্ষা নিকেতন, পোঃ সতবাইনকমা।

(৮) খারুই ইউনিয়ন হাই স্কুল, পোঃ খারুই।

(৯) ভগবানচক জুনিয়ার হাই স্কুল, পোঃ জটঘনশ্যাম।

Sanction of Primary Schools in Burdwan district

675. (Admitted question No. 1461.) **Shri Monoranjan Bakshi:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় গত ১৯৬৪ সালের জানুয়ারি মাস হইতে এ পর্যন্ত কোন্ থানার কোন্ গ্রামে প্রাইমারী বিদ্যালয় মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে কয়জন করিয়া শিক্ষক নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) উক্ত বিদ্যালয়গুলিতে বর্তমানে ছাত্রছাত্রীর সংখ্যা কত?

The Minister for Education:

(ক) দুইটি। দুর্গাপুরের হেভি ইঞ্জিনীয়ারিং কর্পোরেশন এলাকায় একটি এবং জামুরিয়া থানার জামুরিয়া হাটতলায় অপরটি।

(খ) ও (গ) বিদ্যালয়	নিযুক্ত শিক্ষক সংখ্যা	ছাত্রছাত্রী সংখ্যা
(১) দুর্গাপুর হেভি ইঞ্জিনীয়ারিং কর্পোরেশন এলাকা	৫	৩৩০
(২) জামুরিয়া হাটতলা	২	৭২

Compensation for lands acquired for Usthi-Ghatakpore Road, 24-Parganas

676. (Admitted question No. 1519.) **Shri Mrigendra Bhattacharyya:** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনার অন্তর্গত মগরাহাট থানায় উস্তি-ঘটকপুর রোড কোন্ বৎসর নির্মিত হয় এবং কি কি প্রকারের কত একর জমি এই রাস্তার জন্য সরকার অ্যাকোয়ার করিয়াছেন;

(খ) এ সমস্ত জমির ক্ষতিপূরণ বাবত কত টাকা দেওয়া হইয়াছে, কত টাকা দেওয়া এখনও হয় নাই এবং কতদিনে উক্ত বাকি টাকা দেওয়া হইবে; এবং

(গ) উক্ত রাস্তাটি হাইওয়ে স্কীমের অন্তর্ভুক্ত করার কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Public Works:

(ক) রাস্তাটি ঠিক কোন্ বৎসর নির্মিত হইয়াছিল তাহা জানা নাই, কারণ ইহা পূর্ত বিভাগের দ্বারা নির্মিত হয় নাই।

মোট ৯৪·৮৩ একর জমি সংগ্রহ করা হইয়াছিল। তন্মধ্যে অধিকাংশই সালি জমি, তবে কিছু ডাঙ্গা, ডোবা খাল ও বাগান রহিয়াছে। এই জমি ২৬-৯-৪৬ তারিখে সংগ্রহ করা হইয়াছিল।

(খ) এই সমস্ত জমির ক্ষতিপূরণ বাবত মোট ৮,৬৪২·৭৪ টাকা দেওয়া হইয়াছে। জমির মালিক উপস্থিত না হওয়ার ফলে বাকি ৩০,৬০৪·৯০ টাকা বিলি করা সম্ভব হয় নাই।

(গ) না।

Election of Gram Savas of Panchberia Anchal in Daspur police-station

677. (Admitted question No. 1524.) **Shri Mrigendra Bhattacharyya:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাসপুর থানার ১নং ব্লকের অন্তর্ভুক্ত ৫নং পাঁচবেড়িয়া অঞ্চলের কয়টি গ্রামসভার নির্বাচন হইতেছে না এবং কেন হইতেছে না; এবং

(খ) ঐ গ্রামসভাগুলির নির্বাচন কত দিনের মধ্যে হইবে বলিয়া আশা করা যায়?

The Minister of State for Panchayats:

(ক) দাসপুর থানার ১নং ব্লকের অন্তর্ভুক্ত ৫নং পাঁচবেড়িয়া গ্রামসভার ৪টি নির্বাচনী ক্ষেত্রের মধ্যে জ্যোৎশ্যাম নামে একটি নির্বাচনী ক্ষেত্রে কোনও ভোটদাতা না থাকায় উক্ত নির্বাচনী ক্ষেত্রের নির্বাচনকার্য সম্পন্ন করা সম্ভব হয় নাই।

(খ) ঐ গ্রামসভাগুলির নির্বাচন যাহাতে অবিলম্বে আরম্ভ হয় তাহার যথাযথ ব্যবস্থা করা হইতেছে।

Free education for girls in rural areas

678. (Admitted question No. 1541.) **Shri Syed Abul Mansur Habibullah:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—গ্রামাঞ্চলে মেয়েরা যাতে বিনা বেতনে একাদশ শ্রেণী পর্যন্ত পড়তে পারেন তাহার জন্য সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Education:

গ্রামাঞ্চলে মেয়েদের অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়াইবার ব্যবস্থা করা হইয়াছে; অষ্টম শ্রেণীর ঊর্ধ্বে বিনা বেতনে পড়াইবার কোন ব্যবস্থা সরকারের নাই।

Tank improvement scheme in Bishnupore and Joypur police-stations, Bankura

679. (Admitted question No. 1548.) **Shri Radhika Dhibar:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ও জয়পুর থানায় কোন্ কোন্ গ্রামে গত ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে পুষ্করিণী ও ট্যাঙ্ক উন্নয়ন পরিকল্পনা মঞ্জুর হইয়াছে এবং উহাদের প্রত্যেকটির জন্য কত খরচ হইয়াছে ;

(খ) উহাদের প্রত্যেকটির দ্বারা কত জমি উপকৃত হইতেছে;

(গ) উক্ত পুষ্করিণী হইতে জলসেচ বাবদ কৃষকগণকে প্রতি একরে কত করিয়া কর দিতে হইতেছে ; এবং

(ঘ) উক্ত পুষ্করিণী ও ট্যাঙ্কগুলি কাহাকে মৎস্য চাষের জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছে

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) ১৯৬৩-৬৪ সাল পর্যন্ত জয়পুর থানায় কোন কাজ হয় নাই এবং ১৯৬২-৬৩ সাল পর্যন্ত বিষ্ণুপুর থানায় কোন কাজ হয় নাই। ১৯৬৩-৬৪ সালে বিষ্ণুপুর থানায় নিম্নলিখিত প্রকল্পগুলি গৃহীত হয়।

পুকুরের নাম	গ্রামের নাম	খরচ	উপকৃত জমি
(১) ন্যুনগোড়া	কাকিলা	৪১১ টাঃ	১৫ একর
(২) দীঘা	বালিয়ারা	৩১৬ টাঃ	৩৫ „
(৩) রাজারপুকুর	ভাঙ্গাবাঁধ		৬৮ „

(গ) ও (ঘ) এখনও উন্নয়নের কাজ সম্পূর্ণ হয় নাই? সুতরাং প্রশ্ন উঠে না।

Purchase of Cement for repairing Roads in Vishnupur municipality

680. (Admitted question No. 1555.) **Shri Radhika Dhibar:**

স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাঁকুড়া জেলার বিষ্ণুপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত কতকগুলি রাস্তা সিমেণ্ট করিবার জন্য সরকারী ঋণে বহু সিমেণ্ট ক্রয় করা হইয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত সিমেণ্ট কখন ক্রয় করা হয় ;

(২) ইহা কি সত্য যে সিমেণ্টের কিছু অংশ জমাট হইয়া গিয়াছে ;

(৩) সত্য হইলে কত পরিমাণ সিমেণ্ট জমাট হইয়া গিয়াছে ;

(৪) বর্তমানে উক্ত রাস্তাগুলি সিমেণ্ট দ্বারা প্রস্তুত হইবার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(৫) পরিকল্পনা থাকিলে কত দিনে আরম্ভ হইবে ও কত দিনে শেষ হইবে

The Minister for Local Self-Government:

(ক) সরকারী ঋণে কোন সিমেণ্ট ক্রয় করা হয় নাই।

(খ) (১), (২), (৩) ও (৫) প্রশ্ন উঠে না।

(খ) (৪) না।

Improvement of Bishnupur Station-Rashikganj Road in Bankura district

681. (Admitted question No. 1556.) **Shri Radhika Dhibar:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ষ্টেশন হইতে রসিকগঞ্জ পর্যন্ত রাস্তাটি যানবাহন চলাচলের অযোগ্য হওয়া সত্বেও উহার সংস্কার ও পরিবর্ধন করা হইতেছে না কেন?

(খ) উক্ত রাস্তাটি মেরামত ও বর্ধিত করিবার দায়িত্ব কাহার উপর নির্ভর করিতেছে;

(গ) ঐ রাস্তা মেরামতের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে, উহা কবে আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) রাস্তাটির সংস্কার ও পরিবর্ধন আরম্ভ করা হইয়াছে।

(খ) পূর্ত (সড়ক) বিভাগের উপর।

(গ) হ্যাঁ।

(ঘ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

Bridges on Kandi-Salar Road in Murshidabad district

682. (Admitted question No. 1590.) **Shri Sambhu Gopal Das:**

র্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার কান্দী-সালার রাস্তার মধ্যে "কুয়ে" নদী এবং অপর দুইটি নদীর এবং অপর দুইটি নদীর উপর "ব্রীজ" নির্মাণের কোন প্রস্তাব সরকারের আছে কি; এবং

(খ) প্রস্তাব থাকিলে, কত দিনের মধ্যে "ব্রীজ"গুলি নির্মাণের কাজ সুরু হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) আপাততঃ "কুয়ে" ও বেলা নদীর উপর সেতু নির্মাণের প্রস্তাব আছে;

(খ) ১৯৬৫-৬৬ সালেই এই সেতু দুইটি নির্মাণের কাজ সুরু হইবে বলিয়া আশা করা
।

Forests of Silda Pargana in Binpur police-station, Midnapore

683. (Admitted question No. 1630.) **Shri Mangal Chandra Saren:** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বিনপুর থানার অধীন শিলদা পরগনার জঙ্গ নির্মূল হইয়া যাইতেছে;

(খ) সত্য হইলে, উহা রক্ষা করার জন্য কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) এসব জঙ্গল হইতে শালকাঠ জ্বালানি, লাঙ্গল, মই প্রভৃতির জন্য জনসাধারণ স্বল্পমূল্যে বিক্রয় করিবার কোন ব্যবস্থা সরকারের আছে কিনা?

The Minister of State for Forests:

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ, আছে। তবে লাঙ্গল তৈয়ারি করিবার মত পরিমিত মাপের কাঠ সাধার স্থানীয় সরকারী জঙ্গলে পাওয়া যায় না। যেরূপ মাপের শালরোলা হইতে লাঙ্গলের তৈয়ারি হইতে পারে সেরূপ রোলা এসব জঙ্গলে পাওয়া গেলে তাহা নির্ধারিত মূল্যে বিক্রয় হয়।

Contai Government Sanskrit Tol

684. (Admitted question No. 1645.) **Shri Bijoy Krishna Maity:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথিতে স্বর্গীয় পণ্ডিত দিবাকর বেদান্ত পঞ্চানন মহাশয়ের প্রথম দ্বিতল পা বাড়িতে যে সংস্কৃত কলেজ চলিতেছে তাহা রাষ্ট্রায়ত্ত করিবার কোন ব্যবস্থা সর করিতেছেন কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কত দিনের মধ্যে করা হইবে;

(গ উক্ত কলেজের নাম "দিবাকর বেদান্ত পঞ্চানন গভর্নমেণ্ট সংস্কৃত কলেজ, কাঁ করিবার জন্য স্থানীয় জনসাধারণের নিকট হইতে শিক্ষাবিভাগীয় মন্ত্রিমহাশয় জানুয়ারি মাসে কোন আবেদনপত্র পাইয়াছেন কিনা; এবং

(ঘ) আবেদন পাইয়া থাকিলে তাহার সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Education:

(ক) ইংরাজী ১৯৫০ সালের আগস্ট মাসেই ইহাকে রাষ্ট্রায়ত্ত টোল করা হইয়াছে।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ, পাওয়া গিয়াছে।

(ঘ) এ সম্বন্ধে বিবেচনা করা হইতেছে।

Issue of quit orders in Balurghat subdivision, West Dinajpur

685. (Admitted question No. 1653.) **Shri Khalil Sayeed:**
স্বরাষ্ট্র (ছাড়পত্র) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট মহকুমার কোন্ কোন্ গ্রামে কত জনকে "ভারত ছাড়" নোটিস দেওয়া হইয়াছে ; এবং

(খ) ইহা কি সত্য যে, যাহাদের নোটিস দেওয়া হইতেছে তাহাদের কাহাকেও কাহাকেও ২৪ ঘণ্টার এবং কাহাকেও কাহাকেও ৭ দিনের মেয়াদে নোটিস দেওয়া হইতেছে বলিয়া তাঁহারা কোর্টের আশ্রয় লইতে পারিতেছেন না?

The Minister for Home (Passport):

(ক) ১৯৬৫ সনে বালুরঘাট মহকুমার অধীনে বইকুচা, গঙ্গাসাগর, কৈশালবারি বোল্লা শরণগাঁও, উজাইল, বাসুদেবপুর, উদইল, মল্লিকপুর, মাধবপুর, আরাজীমস্তইল ও তরাইল জ্যোতিকুণ্ডা গ্রামে ২১ জন পাকিস্তানীর উপর "ভারত ছাড়" নোটিস দেওয়া হইয়াছে।

(খ) সাত দিনের কম মেয়াদে কাহাকেও নোটিস দেওয়া হয় নাই। কেবলমাত্র ১৯৬৪ সনে যেসকল ক্ষেত্রে একমাসের নোটিস দেওয়া হইয়াছিল তাহাদের ভিতর তিনটি কেসে পুনর্বিবেচনা করার দরখাস্ত প্রত্যাখ্যান করার পর ২৪ ঘণ্টার মধ্যে ভারত ত্যাগ করিতে আদেশ দেওয়া হইয়াছিল।

Establishment of Dharamgolas in Jhargram subdivision, Midnapore

686. (Admitted question No. 1664.) **Shri Surendra Nath Mahato:**
আদিবাসী-মঙ্গলবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় আদিবাসীদের ধর্মগোলা প্রতিষ্ঠানের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে ; এবং

(খ) কোন্ থানায় কয়টি এবং কোন্ কোন্ গ্রামে ধর্মগোলা প্রতিষ্ঠিত হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) অর্থ এখনও মঞ্জুর করা হয় নাই, তবে চলতি আর্থিক বৎসরের মধ্যে ৩০,৭৫০ টাকা মঞ্জুর করিবার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) এখনও প্রতিষ্ঠিত হয় নাই।

Tubewells and Wells for Adibasis in Jhargram subdivision, Midnapore

687. (Admitted question No. 1665.) **Shri Surendra Nath Mahato:**
আদিবাসী-মঙ্গলবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় আদিবাসীদের উন্নতি পরিকল্পনায় নলকূপ ও কূপ খননের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছিল ; এবং

(খ) কোন্ কোন্ গ্রামে নলকূপ ও কূপ খনন করা হইয়াছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) ৩৪,০০০ টাকা।

(খ) একটি তালিকা নিম্নে রক্ষিত হইল। নলকূপ ও কূপগুলির মধ্যে কতকগুলির কার্য সমাপ্ত হইয়াছে এবং কতকগুলি কার্য এখনও চলিতেছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No.

বিবরণী

১৯৬৪-৬৫ সালে আদিবাসী-মঙ্গল পরিকল্পনায় ঝাড়গ্রাম মহকুমার যেসকল গ্রামে নলকূপ কূপ খনন করা হইয়াছে তাহাদের নামের তালিকা

বিনপুর থানা

(১) মুরাণ
(২) কাঁকুরামা
(৩) কুমার কাটা
(৪) বুড়ীমেতাল
(৫) তেশবাঁধ
(৬) চিরণগোরা
(৭) সোন্দাপাড়া
(৮) বাক্রা
(৯) কোদোপুরা
(১০) জামির ডিহা
(১১) বন্দরপুর
(১২) ধানশোলা

ঝাড়গ্রাম থানা

(১) বৃন্দাবনপুর
(২) লাউড়িয়াদান
(৩) মারাইখুটি
(৪) বরঘরিয়া
(৫) ফুলবেরিয়া

গোপীবল্লভপুর থানা

(১) তালগাঁও
(২) পারসোনা
(৩) আসাউবনি
(৪) কান্দিসোল
(৫) ঘোরপুইচি
(৬) সারিয়া

নয়াগ্রাম থানা

(১) বাসুরাম পাথরা
(২) কাদোকোঠা
(৩) ঝরিয়া
(৪) ভালুকতারা
(৫) তোতাসাই

সাঁকরাইল থানা

(১) ওলডা
(২) তালঘোড়া পাড়া
(৩) ডাইনমারিয়া

জামবনি থানা

(১) সত্পতি
(২) খড়্গপুর
(৩) গিদ্নী।

Purchase of paddy through Co-operative Societies in Purulia district

688. (Admitted question No. 1680.) **Shri Kandru Majhi:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোন্ থানায় কোন্ কোন্ সমবায় প্রতিষ্ঠান মারফত সরক ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কত ধান্য ক্রয় করিয়াছেন;

(খ) ঐ সমবায় প্রতিষ্ঠানগুলিকে ধান্য ক্রয়ের জন্য কত টাকা দেওয়া হইয়াছে;

(গ) ক্রয় করা ধান্য পুরুলিয়া জেলায় গুদামজাত আছে কিনা; এবং

(ঘ) থাকিলে কোন্ গুদামে কত ধান্য আছে?

The Minister for Co-operation:

(ক) বঙ্গীয় ক্রোড়পত্রের ১নং ও ২নং ঘরে বিবরণী দেওয়া হইল।

(খ) সঙ্গীয় ক্রোড়পত্রের ৩নং ও ৪নং ঘরে বিবরণ দেওয়া হইল।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 688

পুরুলিয়া জেলায় থানা ভিত্তিক কোন্ কোন্ সমবায় প্রতিষ্ঠান মারফত সরকার ধান্য ক্রয় করিয়াছেন।		সমবায় প্রতিষ্ঠান হইতে সরকার কর্ত্তৃক ক্রীত ধান্যের মোট পরিমাণ। (কুইণ্টাল)	মূল্য ধারক প্রকল্পে সরকারের গ্যারাণ্টিতে সেণ্ট্রাল কো-অপ, ব্যাঙ্ক, পুরুলিয়া কর্ত্তৃক অগ্রিম অর্থের পরিমাণ।	সেণ্ট্রাল কো-অপ, ব্যাঙ্ক-এর নিজস্ব তহবিল হইতে অগ্রিম অর্থের পরিমাণ।
			টাকা	টাকা
পুঞ্চ থানা				
১। পনাড়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	..	৮৯৩	..	..
২। পুঞ্চ লাজ সাইজড মার্কেটিং কো-অপ, সোসাইটি	..	৫,৫৩৯	১৫,০০০.০০	..
৩। নোয় গড় সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	..	৯৫৪	..	..
৪। ধরমপর গ্রেনগোলা	..	৯০	..	..
৫। আরানি রঘুনাথপুর গ্রেনগোলা (এ্যাকটিং এ্যাজ সাব এজেণ্ট)।	..		..	..
৬। সরা গোরা শ্যামাকাটা গ্রেণগোলা	..	২৭০	..	..
৭। পোরাদি সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	..	৫,৯০২	..	..
হুরা থানা				
৮। হুরা লার্জ সাইজড্ কো-অপর, এগ্রি মার্কেটিং সোসাইটি লিঃ।		২,০৯৪	১৫,০০০.০০	..
৯। দলদলি মালটিপারপাস কো-অপ, সোসাইটি লিঃ	..	১২০	..	..
১০। লাধুরকা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	..	২৫৮	..	৩,০০০.০০
পুরুলিয়া থানা				
১১। পুরুলিয়া লার্জ সাইজড কো-অপ, মার্কেটিং সোসাইটি লিঃ।		৪৪৯	১৫,০০০.০০	..
১২। অকারবেইড ফারমিং সোসাইটি (এ্যাকটিং এ্যাজ এজেণ্ট)।		..	..	..
জয়পুর থানা				
১৩। গুগু সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	..	১৬৯	..	..
১৪। জয়পুর লার্জ সাইজড মার্কেটিং কো-অপ, এগ্রি, সোসাইটি লিঃ।		১৪৫	..	..
আরসা থানা				
১৫। আরসা থানা সমবায় কৃষি বিপনন সমিতি লিঃ	..	১,৫৬০	১৫,০০০.০০	..
মানবাজার থানা				
১৬। মানবাজার লার্জ সাইজড কো-অপ, এগ্রি মার্কেটিং সোসাইটি লিঃ।		২,৩২৭	১৫,০০০.০০	..
১৭। মানবাজার নাম-পাড়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ।		১,৪৫৯	..	৮,০০০.০০
১৮। জানটারিয়া গ্রেনগোলা	..	এ্যাকটিং এ্যাজ এজেণ্ট অপ মানবাজার লার্জ সাইজড মার্কেটিং এগ্রি সোসাইটি লিঃ।		
১৯। আমুনা বেদ গ্রেনগোলা	..			
২০। কমারী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড	..			
বুগমুণ্ডি থানা				
২১। রংগ দি গ্রেনগোলা (নট ইয়েট ডেলিভারড্)	..	..	..	..
২২। সুইসা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ	..	১০৬	..	..
রঘুনাথপুর থানা				
২৩। বুবমাট ফারমিং	..	৪৮৩	..	..
২৪। সাইজা গ্রেনগোলা	..	৩৩২	..	..
বানদোয়ান থানা				
২৫। বানদোয়ান লাজ সাইজড্ এগ্রি, কো-অপ, সোসাইটি লিঃ।		৪৯৩	১৫,০০০.০০	..

পুরুলিয়া জেলায় থানা ভিত্তিক কোন কোন সমবায় প্রতিষ্ঠান মারফত সরকার ধান্য ক্রয় করিয়াছেন।	সমবায় প্রতিষ্ঠান হইতে সরকার কর্তৃক ক্রীত ধান্যের মোট পরিমাণ। (কুইণ্টাল)	মূল্য ধারক প্রকল্পে সরকারের গ্যারানটিতে সেণ্ট্রাল কো-অপ, ব্যাঙ্ক, পুরুলিয়া, কর্তৃক অগ্রিম অর্থের পরিমাণ।	সেণ্ট্রাল কো-অপ, ব্যাঙ্ক-এর নিজস্ব তহবিল হইতে অগ্রিম অর্থের পরিমাণ
বড়বাজার থানা			
২৬। বড়বাজার লার্জ সাইজড্ কো এগ্রি, মার্কেটিং সোসাইটি লিঃ।	৬০৮	১৫,০০০.০০	..
জলদা থানা			
২৭। জলদা লার্জ সাইজড মার্কেটিং এগ্রি কো-অপ, সোসাইটি লিঃ।	১৬৫	..	৮,০০০.০
বলরামপুর থানা			
২৮। বলরামপুর লার্জ সাইজড এগ্রি, কো-অপ মার্কেটিং সোসাইটি লিঃ।	৫২৩	..	৩,০০০.০০
২৯। খাইরাদি গ্রেনগোলা (এ্যাকটিং এ্যাজ এজেণ্ট) ..	..	..	..
মোট ..	২৫,১৪৪	১,০৫,০০০.০০	২২,০০০.০০

"Banga Bhawan" at Delhi

689. (Admitted question No. 1683.) **Shri Birendra Narayan Roy:** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের মালিকানায় দিল্লীতে 'বঙ্গ-ভবন' নামক কোন প্রাসাদ আছে কি

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে উক্ত ভবন তৈয়ারি করিতে কত টাকা ব্য হইয়াছে?

The Minister for Public Works:

(ক) হ্যাঁ।

(খ) উক্ত ভবনটি একটি স্থানীয় ব্যক্তির দ্বারা নির্মিত এবং উহা ৩,০৩,০০০ টাকা ব্যে ক্রয় করা হইয়াছিল।

Health Centres established in Purulia district

690. (Admitted question No. 1697.) **Shri Adwaita Mondal:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কোন্ কোন্ স্থানে কতগুলি স্বাস্থ্যকেন্দ্র ১৯৬৩-৬৪ হইতে বর্তমান সময় পর্যন্ত স্থাপিত হইয়াছে, এবং কতগুলির নির্মাণকার্য চলিতেছে;

(খ) কোন্ স্বাস্থ্যকেন্দ্রে কত ব্যয় হইয়াছে ও তাহাদের বেডসংখ্যা কত; এবং

(গ) জয়পুর থানায় বর্তমানে কোন স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের প্রস্তাব আছে কি?

The Minister for Health:

(ক) ও (খ) সংশ্লিষ্ট বিবরণীতে দ্রষ্টব্য।

(গ) জয়পুর উন্নয়ন ব্লকে বর্তমানে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। এই ব্লকে আরও একটি প্রাথমিক এবং একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হইবে।

Statement referred to in reply to clauses (ka) and (kha) of unstarred question No. 690.

(a) The following Health Centres have been established and are under construction in the district of Purulia since 1963-64.

Name of Health Centre and name of Block
Health Centres established

1. S.H.C. Digri, Manbazar Block II
2. S.H.C. Kuda, Manbazar Block I
3. S.H.C. Kantadih, Arsha Block I
4. P.H.C. Raghunathpur, Raghunathpur Block 1

Health Centres under construction

1. P.H.C. Manbazar, Manbazar I
2. P.H.C. Sirkabad, Arsha I
3. P.H.C. Murlahar,, Jhalda II
4. P.H.C. Bundwan, Bundwan
5. P.H.C. Jhalda, Jhalda I
6. P.H.C. Balarampur, Balarampur
7. P.H.C. Dangardihi, Manbazar II
8. P.H.C. Tunturi, Bagmundi I
9. P.H.C. Begunkodar, Jhalda I
10. P.H.C. Hura, Hura II
11. S.H.C. Kolloli, Kashipur
12. S.H.C. Talajuri, Kashipur
13. P.H.C. Para, Para

(b) Expenditure incurred and number of beds in each Centre are shown below:—

Amount and number of beds

1. S.H.C., Kuda, 70,297.00, 2 non-dieted emergency maternity beds.
2. S. H. C., Dighi, 68,328.00, 2 non-dieted emergency maternity beds.
3. S.H.C., Kantadih, 67,387.00, 2 non-dieted emergency maternity beds.
4. P.H.C., Raghunathpur 10.

The S.H.C. at Raghunathpur has been upgraded to P.H.C. in the existing accommodation. No capital expenditure has been incurred.

Daspur Thana Hospital, Midnapore

691. (Admitted question No. 1704.) **Shri Nagen Dolai:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দাসপুর থানা হাসপাতালটিতে কয়টি শয্যা আছে ;
(খ) এই হাসপাতালের ডোনার কে ;
(গ) এই হাসপাতালটিতে শয্যা-সংখ্যা বাড়াইবার কোন প্রস্তাব আছে কিনা ; এবং
(ঘ) প্রস্তাব থাকিলে তাহা কবে নাগাদ কার্যকরী করা হইবে?

The Minister for Health:

(ক) ২০টি।
(খ) শ্রীমতী যামিনীবালা দাসী, ১৬নং ঈশ্বর গাঙ্গুলী স্ট্রীট, কলিকাতা।
(গ) আপাততঃ নাই।
(ঘ) প্রশ্ন উঠে না।

Tarki Khan Bundh Scheme in Gopiballavpore police-station, Midnapore

692. (Admitted question No. 1719.) **Shri Surendra Nath Mahato:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার তারকি খালে বাঁধ দিবার ইনভেস্টিগেশন কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে—

(১) এই তারকি পরিকল্পনা মঞ্জুর হইয়াছে কিনা ;

(২) মঞ্জুর হইয়া থাকিলে পরিকল্পনার কার্য কবে আরম্ভ হইবে ;

(৩) এই পরিকল্পনায় মোট কত ব্যয় হইবে ; এবং

(৪) কোন্ কোন্ অঞ্চলের কত জমিতে ভাল সেচ হইবে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) না।

(খ) (১) হইতে (৪) প্রশ্ন উঠে না।

Murali Khal Bundh Scheme in Nayagram police-station, Midnapore

693. (Admitted question No. 1721.) **Shri Surendra Nath Mahato:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানার মুরলী খাল বাঁধ পরিকল্পনার ইনভেস্টিগেশন কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে—

(১) এই পরিকল্পনা মঞ্জুর হইয়াছে কিনা ;

(২) মঞ্জুর হইয়া থাকিলে, পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে ;

(৩) পরিকল্পনাটিতে মোট কত টাকা ব্যয় হইবে ; এবং

(৪) কোন্ কোন্ মৌজার কত জমিতে জলসেচ হইবে ?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) (১) না, পরিকল্পনাটি এখনও পরীক্ষাধীন।

(২) হতে (৪) বর্তমানে বলা সম্ভব নহে।

Naharkhal Bundh Scheme in Jhargram police-station, Midnapore

694. (Admitted question No. 1723.) **Shri Surendra Nath Mahato:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থানাস্থ নহড়খালে বাঁধ দিবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে—

(১) পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে ;

(২) পরিকল্পনায় মোট কত ব্যয় হইবে ; এবং

(৩) কোন্ কোন্ মৌজার কত জমিতে জলসেচ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) যেহেতু এই পরিকল্পনার অধীন জমি কংসাবতী বাঁধ পরিকল্পনায় উপকৃত হইবে, সেই হতু নহড়খালে বাঁধ দিবার জন্য আলাদা কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।

(খ) (১) হইতে (৩) প্রশ্ন উঠে না।

Dolong Irrigation Project in Jhargram subdivision, Midnapore

695. (Admitted question No. 1726.) **Shri Surendra Nath Mahato:**

চ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডুলুং নদী পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইয়াছে এবং কবে শেষ হইবে ;

(খ) এই পরিকল্পনায় মোট কত টাকা ব্যয় হইবে ;

(গ) ঝাড়গ্রাম মহকুমার কোন্ কোন্ থানার কোন্ কোন্ ইউনিয়নের মধ্য দিয়া ক্যানেল প্রবাহিত হইবে ;

(ঘ) এই মহকুমার কোন্ থানায় কত জমি এই পরিকল্পনায় উপকৃত হইবে ; এবং

(ঙ) ঝাড়গ্রাম মহকুমায় কোথায় ইহার কাজ চলিতেছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ডুলুং নদী পরিকল্পনার কাজ এখনও আরম্ভ হয় নাই, সবেমাত্র তথ্যানুসন্ধানের কাজ ষ হইয়াছে। বর্তমানে পরিকল্পনাটির এস্টিমেট প্রস্তুত হইতেছে।

(খ) এস্টিমেট তৈরি হওয়ার পূর্বে ইহা বলা সম্ভব নহে। তবে প্রাথমিক হিসাবে নুমানিক ৩৭,৯৭,০০০ টাকা ব্যয় হইবে বলিয়া আশা করা যায়।

(গ) ঝাড়গ্রাম মহকুমার অন্তর্গত গোপীবল্লভপুর ও জামবনী থানার তপসিয়া, কুলিয়ানা, লিয়ারারা, পেটবিন্দি, চিল্কিগড় ও চিচড়া প্রভৃতি ইউনিয়নের মধ্য দিয়া ক্যানেল খনন করার স্তাব আছে।

(ঘ) ঝাড়গ্রাম মহকুমার অন্তর্গত গোপীবল্লভপুর ও জামবনী থানার আনুমানিক মোট ০,৭৫০ একর জমি এই পরিকল্পনায় উপকৃত হইবে বলিয়া আশা করা যায়।

(ঙ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Relief for flood affected people in Joynagar police-station, 24-Parganas

696. (Admitted question No. 1736.) **Shri Anadi Mohan Tanti:**

ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে চব্বিশপরগনা জেলার জয়নগর থানার তারানগর ও পার্শ্ববর্তী কয়েকটি মৌজার সম্পূর্ণ ফসল লোনা জলের প্লাবনে নষ্ট হওয়ার ফলে সাধারণ স্বল্পবিত্ত চাষী ও ক্ষেতমজুর পরিবারের কয়েকশত লোককে সংকটজনক অবস্থায় দিন যাপন করিতে হইতেছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়—

(১) এই সম্পর্কে সাহায্যের কোন আবেদন পাইয়াছেন কিনা ; এবং

(২) দুঃস্থদিগের জন্য এ পর্যন্ত কি কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) ও (খ) (২) আলোচ্য এলাকায় প্রায় শতকরা ৭৫ ভাগ ফসল নষ্ট হইয়াছে, ফলে যে সমস্ত পরিবার দুর্দশার সম্মুখীন হন তাহাদের দুর্গতি নিবারণের জন্য এ পর্যন্ত ৭,৫৬০ টাকা খয়রাতি সাহায্য হিসাবে বিতরণ করা হইয়াছে।

(খ) (১) হ্যাঁ।

Brick Trainers in West Bengal

697. (Admitted question No. 1754.) **Shri Sanat Kumar Raha:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ বৎসর কতজন ব্রিক ট্রেনার নিয়োগ করা হয় ;

(খ) এই সকল ট্রেনারদের বেতন কত ;

(গ) বর্তমানে কতজন ট্রেনার কোথায় নিযুক্ত আছেন ; এবং

(ঘ) ইহারা স্থায়ী কর্মচারী কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক)

সাল	নিযুক্ত লোকের সংখ্যা
১৯৬০	১৫৬
১৯৬১	১৩
১৯৬২	৬
১৯৬৩	৪
১৯৬৪	২
মোট	১৮১ জন

(খ) ৩ টাকা রোজ।

(গ) ১লা মার্চ হইতে পরিকল্পনাটি চালু না থাকায় বর্তমানে কোন ট্রেনার নাই।

(ঘ) না।

House rent charges for Police-Officers in Midnapore district

698. (Admitted question No. 1763.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কয়টি থানায় অফিসার-ইন-চার্জ-এর কোয়ার্টারের জন্য বাড়িভাড়া বাবত সরকারী তহবিল থেকে মাসিক কত টাকা দেওয়া হয়; এবং

(খ) এ বৎসর মেদিনীপুর জেলায় কয়টি থানায় কনস্টেবলদের জন্য থাকিবার ঘর সরকারী ব্যয়ে প্রস্তুত করা হইবে

The Minister for Home (Police):

(ক) মেদিনীপুর জেলায় চারিটি থানায় অফিসার-ইন-চার্জ-এর কোয়ার্টারের জন্য বাড়িভাড়া বাবত মাসিক ১২৪ টাকা দেওয়া হয়।

(খ) উক্ত জেলায় ১টি থানায় কনস্টেবলদের থাকিবার জন্য দুইটি কোয়ার্টার প্রস্তুত করা হইবে।

Supply of D.V.C. Canal water

699. (Admitted question No. 1786.) **Shri Sanat Kumar Raha:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত ডি ভি সি হইতে মোট কত পরিমাণ এলাকায় জল দেওয়া হয়; এবং

(খ) উক্ত বছরগুলিতে যথাক্রমে কয়টি কি পরিমাণ সেচের জন্য ক্যানাল কাটা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) উক্ত সময়ে ডি ভি সি হইতে মোট সেচের জলপ্রাপ্ত জমির পরিমাণ একরে প্রদত্ত হইল:

	খারিফ	রবি	মোট পরিমাণ
১৯৬১-৬২	৬,২৪,৪০২	২৪,৯৩০	৬,৪৯,৩৩২
১৯৬২-৬৩	৬,২৫,০১৫	২৪,৪৮২	৬,৪৯,৪৯৭
১৯৬৩-৬৪	৬,৩৯,৪৮১	৩৬,২১৬	৬,৭৫,৬৯৭
১৯৬৪-৬৫	৬,৫৭,১৫৬	৩৬,০০০	৬,৯৩,১৫৬

(২০-২-৬৫ পর্যন্ত)

(খ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ এবং ১৯৬৪-৬৫ সালে কোনও ক্যানাল খনন করা হয় নাই। ১৯৬৩-৬৪ সালে মোট প্রায় ৭,০০০ একর জমিতে জল দিবার জন্য ৬টি ওয়াটার কোর্স কাটা হইয়াছে এবং ২টি পুরাতন ক্যানালের উন্নয়ন এবং সম্প্রসারণ করা হইয়াছে।

X-ray machine in the Katwa Subdivisional Hospital

700. (Admitted question No. 1794.) **Shri Shrimohan Thakur:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এখনও পর্যন্ত কাটোয়া স্টেট হসপিটালে এক্স-রে যন্ত্র বসান হয় নাই ;

(খ) এক্স-রে যন্ত্র বসাইবার জন্য বহু ব্যয়ে গৃহাদির ব্যবস্থা করা হইয়াছে ;

(গ) সত্য হইলে এতদিন উক্ত যন্ত্র না বসাইবার কারণ কি ; এবং

(ঘ) কতদিনের মধ্যে এক্স-রে যন্ত্র কার্যকরী করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) হাসপাতাল-গৃহ নির্মাণের সময়েই এক্স-রে যন্ত্র স্থাপনের গৃহও নির্মিত হইয়াছে।

(গ) এক্স-রে যন্ত্র স্থাপনের জন্য কতকগুলি অতিরিক্ত নির্মাণকার্য করিতে হয় এবং বিশেষ ধরনের বৈদ্যুতিক সাজসরঞ্জাম বসাইতে হয়। এইসবগুলির ব্যবস্থা করা হইতেছে।

(ঘ)) এখন সঠিক বলা সম্ভব নহে।

Establishment of a Hospital at Kandra, Burdwan

701. (Admitted question No. 1795.) **Shri Srimohan Thakur:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলার কান্দারা গ্রামবাসীরা কান্দরা হাসপাতালের জন্য কুড়ি বিঘা জমি গত দুই বৎসর পূর্বে গভর্নমেণ্টকে দান করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, কত দিনের মধ্যে হাসপাতাল নির্মাণের কার্য শুরু হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) সত্য হইলে, কত দিনের মধ্যে হাসপাতাল নির্মাণের কার্য শুরু হইবে বলিয়া আশা দেওয়া হইয়াছে। প্রথমবার টেণ্ডার ডাকিয়া ঠিকাদার না পাওয়ায় দ্বিতীয়বার টেণ্ডার ডাকা হইতেছে।

Establishment of a Thana Hospital in Domekal police-station, Murshidabad

702. (Admitted question No. 1798.) **Shri Abdul Bari Muktar:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ডোমকল থানায় থানা স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব আছে কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে কোনস্থানে করার প্রস্তাব আছে; এবং

(গ) উক্ত প্রস্তাব মোতাবেক কত দিনে কাজ আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) স্থান এখনও নির্বাচিত হয় নাই।

(গ) স্থান নির্বাচিত হইলে এবং আনুষঙ্গিক করণীয় কার্যগুলি শেষ হইলে।

Sluice gate at Raipur over Barabeel Canal in Jalangi police-station, Murshidabad

703. (Admitted question No. 1799.) **Shri Abdul Bari Moktar:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার বড়বিল ক্যানেলের উপর রায়পাড়া নামক স্থানে স্লুইস গেট করার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) এখনও প্রকল্পটি চূড়ান্তভাবে রূপায়িত হয় নাই। সুতরাং উহার আনুমানিক ব্যয়ের পরিমাণ এখন বলা সম্ভব নহে।

Drainage Scheme for Beels in Jalangi police-station, Murshidabad

704. (Admitted question No. 1801.) **Shri Abdul Bari Moktar:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার বড় বিল, মঙ্গলবেড়ের বিল, সিপাহীর চক বিল ও খয়রামারী বিলসমূহের জলনিকাশের জন্য কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত?

The Minister for Irrigation and Waterways:

(ক) বর্তমানে নাই।

(খ) উপরি-লিখিত প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Bhatasala-Kusaberiaghat Road in Domekal police-station, Murshidabad

705. (Admitted question No. 1803.) **Shri Abdul Bari Moktar:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ যোজনায় মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার ভাতশালা হইতে কুশাবাড়িয়া ঘাট পর্যন্ত রাস্তা করার কোন প্রস্তাব আছে কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত, এবং কি নাগাদ কাজ আরম্ভ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) চতুর্থ পরিকল্পনায় কোন্ কোন্ সড়ক উন্নয়নের কাজ গ্রহণ করা হইবে তাহার তালিকা প্রণয়নের কাজ এখনও আরম্ভ হয় নাই বলিয়া বলা সম্ভব হইতেছে না।

(খ) এ প্রশ্ন উঠে না।

Himalayan Zoological Park, Darjeeling

706. (Admitted question No. 1804.) **Shri Deo Prakash Rai:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the total amount of expenditure incurred so far in the construction of the Himalayan Zoo at Darjeeling;

(b) the monthly expenditure incurred on the animals and birds in the said Zoo;

(c) monthly expenditure incurred on the Officers and staff; and

(d) the species of animals and birds in the Zoo?

The Minister for Education: (a) Rs. 8,60,782.26 up to the end of 1963-64.

(b) Rs. 2,617.00 (average).

(c) Rs. 3,853.00 (average) on pay and allowances excluding compensatory allowances.

(d) A list of animals and birds is annexed hereto.

Statement referred to in reply to clause (d) of unstarred question No. 706

List of Animals and Birds in the Himalayan Zoological Park, Darjeeling

1. 14 Himalayan Barking Deer.
2. 8 Himalayan Black Bears.
3. 5 Ussuri Tigers.
4. 4 Himalayan Civets.
5. 2 Leopards.
6. 2 Red Pandas.
7. 1 Leopard Cat.
8. 1 Himalayan Jungle Cat.
9. Peruvian Llama.
10. 10 Mountain Patridges.
11. 8 Tragopan Pheasants.

Liquor Shops in Asansol subdivision

707. (Admitted question No. 1828.) **Shri Bijoy Pal:**

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমায় মোট কতগুলি বিলাতী, দেশী পচাই মদের দোকান আছে;

(খ) ১৯৬২-৬৩ সালে উক্ত মদের দোকানের সংখ্যা কত ছিল এবং ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে তাহা কত হইয়াছে;

(গ) উক্ত তিন প্রকারের মদের দোকান হইতে কি পরিমাণ মদ ১৯৬২ সালে বিক্রয় হই এবং ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে কত বিক্রয় হইয়াছে; এবং

(ঘ) এই বাবদে উক্ত বৎসরগুলিতে কত টাকা এক্সাইজ ডিউটি পাওয়া গিয়াছে?

e Minister for Excise:

:) আসানসোল মহকুমায় বর্তমানে ১৮টি বিলাতী, ৩১টি দেশী এবং ১২৪টি পচাই দোকান আছে।

) ১৯৬২-৬৩ সালে উক্ত মহকুমায় ঐ দোকানের সংখ্যা যথাক্রমে ১২, ৩১ এবং ১২৪ ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে ঐসকল দোকানের সংখ্যা (ক)-এ বর্ণিত সংখ্যা হইতে হে।

) উক্ত তিন প্রকার মদের দোকান হইতে উল্লিখিত সময়ে বিক্রয় আনুমানিক পরিমাণঃ

	১৯৬২ সাল	১৯৬৪ সালের ডিসেম্বর মাস
।তি মদ	১,৪১,২৫১ (বালক লিটার)	২০,২১৭ (বালক লিটার)
দ	৫,৩৩,৪১৩ (এল, লি, লিটার)	৬১,১৬১ (এল, লি, লিটার)
.. ..	২৩,০৭৮ কুইণ্টাল (চাউলের পরিমাণ)	১,৭৮৫ কুইণ্টাল (চাউলের পরিমাণ)

ঐ বাবদে উক্ত দুই বৎসরে এক্সাইজ ডিউটি বাবদ প্রাপ্ত আনুমানিক টাকার পরিমাণঃ

সাল	দেশীমদ টাকা	পচাই টাকা	বিলাতিমদ টাকা
.. ..	৩৬,১১,০৪০	১৭,১৪,২৮৫	২,৮০,১৬১
.. ..	৫৩,৫৭,৩৫৮	২০,৪১,৩৫০	৪,৬০,৬২২

nanent and Temporary Irrigation Schemes in Midnapore district

(Admitted question No. 1833.) **Shri Mrigendra Bhattacharyya:**

জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মেদিনীপুর জেলায় ১৯৪৭ সাল পর্যন্ত কত অংশ জমিতে স্থায়ী এবং কত অংশ জমিতে অস্থায়ী সেচের ব্যবস্থা ছিল;

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত কত জমিতে স্থায়ী এবং কত জমিতে অস্থায়ী সেচের ব্যবস্থা হইয়াছে, এবং ঐ বাবদ কত টাকা খরচ হইয়াছে;

তৃতীয় পঞ্চবার্ষিকীতে কত জমিতে সেচের পরিকল্পনা করা হইয়াছে;

প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলায় সেচব্যবস্থার জন্য কত টাকা বরাদ্দ ছিল এবং কত টাকা খরচ হইয়াছিল; এবং

তৃতীয় পরিকল্পনায় কত টাকা বরাদ্দ রহিয়াছে এবং কত অংশ এবং পরিমাণ জমিতে স্থায়ী এবং অস্থায়ী সেচের ব্যবস্থা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) মেদিনীপুর জেলায় ১৯৪৭ সাল পর্যন্ত ১,২৫,০০০ একর জমিতে স্থায়ী ব্যবস্থা ছিল। অস্থায়ী সেচের জন্য কোন ভিন্ন ব্যবস্থা নাই।

(খ) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা পর্যন্ত মেদিনীপুর জেলায় মোট ১,৩৯,৮২৫ পরিমিত জমিতে স্থায়ী সেচের ব্যবস্থা হইয়াছে এবং এই উদ্দেশ্যে মোট ৯৭,১৩,৮৭৫ খরচ হইয়াছে।

(গ) তৃতীয় পঞ্চবার্ষিকীতে উক্ত জেলায় প্রায় ৬৬,০০০ একর জমিতে সেচের পরি করা হইয়াছে।

(ঘ) প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলায় সেচ-ব্যবস্থায় মোট ১৭,৯৭,৫৪৫ টাকা বরাদ্দ ছিল, এবং মোট ১২.২১,৮১৯ টাকা খরচ হইয়াছে। ইহা কংসাবতী প্রকল্পের জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে যে টাকা খরচ হইয়াছে (৫ কোটি ৯০ লক্ষ টাকা) তাহার কিয়দংশ মেদিনীপুর জেলার সেচ বাবদ খরচ হইয়াছে। মেদিনীপুর জেলার কাজের জন্য আলাদাভাবে কোন বরাদ্দ না থাকায়, মোট খরচের কত উহার জন্য ব্যয় হইয়াছে, তাহার হিসাব দেওয়া গেল না।

(ঙ) ঐ জেলায় তৃতীয় পরিকল্পনার শেষে অতিরিক্ত প্রায় ৬৬,০০০ একর জমিতে সেচের ব্যবস্থা হইবে বলিয়া আশা করা যায়।

কংসাবতী পরিকল্পনার জন্য যে ৮ কোটি ৭ লক্ষ টাকা বরাদ্দ আছে, তাহার কি মেদিনীপুর জেলায় সেচের বাবত খরচ হইবে। ইহা ছাড়া আরও মোট ৮,৯৩,২৪৮ টাকা করা হইয়াছে।

Fishermen Co-operative Societies in Midnapore district

709. (Admitted question No. 1836.) **Shri Mrigendra Bhattacha**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ মহকুমায় কোন্ বৎসর কয়টি মৎস্যজীবিদের সমিতি গঠিত হইয়াছে;

(খ) ইহাদের নাম এবং সদস্যসংখ্যা কত; এবং

(গ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে কোন্ সমিতিকে কত টাকা লো সাহায্য বাবত দেওয়া হইয়াছে?

The Minister for Co-operation:

(ক) "ক" চিহ্নিত তালিকা দ্রষ্টব্য।

(খ) সংযুক্ত "খ" তালিকায় দ্রষ্টব্য।

(গ) উক্ত তিন বৎসরে কোনও লোন বা সাহায্য দেওয়া হয় নাই।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 709

তালিকা খ।

মহকুমা	বৎসর	সমিতির সংখ্যা
সদর উত্তর	১৯২৪-২৫	১
	১৯৫৫-৫৬	২
	১৯৫৬-৫৭	১
	১৯৫৭-৫৮	১
সদর দক্ষিণ	১৯৪৫-৪৬	১
	১৯৫৫-৫৬	১
	১৯৫৭-৫৮	১
	১৯৫৯-৬০	১
ঝাড়গ্রাম	১৯৬০-৬১	১
	১৯৬১-৬২	১
ঘাটাল	..	..
তমলুক	১৯৪৮	১
	১৯৫৬	১
	১৯৫৯	১
	১৯৬০	১
	১৯৬৩	২
কাঁথি	১৯৪০	১
	১৯৪৮	২
	১৯৫০	৬
	১৯৫৪	১
	১৯৫৭	১
	১৯৫৮	৩
	১৯৬০	২
	১৯৬৩	১
	১৯৬৪	১১

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 709

তালিকা খ।

সমিতিগুলির নাম ও সদস্যদের সংখ্যা

সদর উত্তর মহকুমা

১। বল্লভপুর ধীবর সমবায় সমিতি লিঃ—২২
২। খড়কুশমা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৪৩
৩। আনন্দপুর মজুরা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—২৯
৪। সীতারামপুর ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১৫
৫। গোপালনগর ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১৫

সদর দক্ষিণ মহকুমা

১। মুকসুদপুর সমবায় ধীবর সমিতি লিঃ—২২
২। তালডিহা বালিসীতা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১১৩
৩। বিষ্ণুপুর পূর্ববাধ ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৭৫
৪। বড়কনা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১৫

ঝাড়গ্রাম মহকুমা

১। যুগীরবাধ ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১৯
২। রগরা পাতিনা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৪০

ঘাটাল মহকুমা

* * * *

তমলুক মহকুমা

১। তমলুক ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৯৭
২। দারিবেড়া বিশালাক্ষী ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৬৭
৩। তমলুক অ্যাসোসিয়েটেড ফিসারিজ ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—২৩৬
৪। মুক্তকেশী ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৪০
৫। পদ্মপুর ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—এখনও চালু হয় নাই
৬। কাশীজোরা ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৬৫

কাঁথি মহকুমা

১। দিঘা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ—৯৩
২। জুনপুত ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৭৪
৩। মজিলাপুর ও পুয়াবালিবড় ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৮৮
৪। পুরুষোত্তমপুর ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১০২
৫। গোপালপুর দেউলবাট্টা ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৬৭
৬। ঝাউগেরিয়া ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৬৪
৭। জামরা শ্যামপুর ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৭১
৮। দুবদা ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১০০
৯। পৈলছনপুর ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৭৩

১০। ডেরা ও রানীয়া ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৬৬
১১। কণ্টাই সেণ্ট্রাল ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১০টি সমিতি
১২। তেঘরি ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৮২
১৩। কাঁথি দেশপ্রাণ মৎস্যশিল্পী সমবায় সমিতি লিঃ—৩৫১
১৪। রঙ্গ মালাপুট মৎস্যশিল্পী সমবায় সমিতি লিঃ—১২৪
১৫। ভুলিয়া মুথা রাজবংশী ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৮৪
১৬। নেতুরিয়া ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১১৯
১৭। খেজুরী ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৪২
১৮। পটাশপুর থানা ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—৩৪
১৯। ছিটকিনি ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—১৮
২০। ভগবানপুর ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—২৭
২১। বড়সা খাল মৎস্যজীবী কৃষি ঋণদান সমিতি লিঃ—১৯
২২। ত্রিশূলবাদ রাজবংশী ফিসারমেন কো-অপারেটিভ সোসাইটি লিঃ—২১
২৩। পশ্চিম খেজুরী ফিসারমেন্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ—২১

Drainage system of the Dhubulia T.B. Hospital, Nadia

710. (Admitted question No. 1851.) **Shri Kashi Kanta Maitra:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নদীয়া জেলার ন-পাড়া ইউনিয়নের অন্তর্গত দেবীপুর হরিণডাঙ্গা গ্রামের সন্নিকটে ধুবুলিয়া যক্ষ্মা হাসপাতাল নির্মিত হবার ফলে এবং উক্ত হাসপাতালের ড্রেনের জলনিকাশের জন্য পাকা কোন ড্রেন না থাকায় কাঁচা ড্রেন মাধ্যমে ময়লা জল নিকাশের জন্য পরস্পর সংলগ্ন গ্রামের সংযোগ নষ্ট হইয়া গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Health:

(ক) হ্যাঁ, যাতায়াত ব্যবস্থার অসুবিধার সৃষ্টি হইয়াছে।

(খ) উক্ত ড্রেনের উপর একটি পুল নির্মাণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

22 Irrigation Schemes in Gopiballavpur police-station, Midnapore

711. (Admitted question No. 1852.) **Shri Surendra Nath Mahato:**

(ক) সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য, যে মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর থানায় ২২টি সেচ পরিকল্পনার ইনভেস্টিগেশন কার্য বহুদিন হইতে চলিতেছে, এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত পরিকল্পনাগুলির নাম কি?

(২) প্রতিটি পরিকল্পনায় কি পরিমাণ জমি উপকৃত হইবে এবং ব্যয় কত হইবে, এবং

(৩) কোন্ পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় সেচ ও জলপথ বিভাগের তত্বাবধানে মোট ১৪টি সেচ পরিকল্পনার ইনভেস্টিগেশন কার্য্য চলিতেছে—২২টির নহে।

(খ) (১) উক্ত ১৪টি সেচ পরিকল্পনার নাম নিম্নরূপঃ—

(১) কাথুয়াখাল প্রকল্প।
(২) তুর্কী খাল প্রকল্প।
(৩) শ্যামসুংগী খাল প্রকল্প।
(৪) শুকলা খাল প্রকল্প।
(৫) পথবাঁধা খাল প্রকল্প।
(৬) সীতা খাল প্রকল্প।
(৭) বাছুরডোবা খাল প্রকল্প।
(৮) লুতিঝুড়ি খাল প্রকল্প।
(৯) বংশীয়া খাল প্রকল্প।
(১০) রম্ভা খাল প্রকল্প।
(১১) ঝিলি খাল প্রকল্প।
(১২) সারিয়া খাল প্রকল্প।
(১৩) দুধিয়া খাল প্রকল্প।
(১৪) কোঞ্জ আমড়াসোল খাল প্রকল্প।

(২) এবং (৩) ইনভেস্টিগেশন শেষ না হওয়া পর্যন্ত এই সম্বন্ধে সঠিক কিছু বলা সম্ভব নহে।

Bargatchhia, Central Lock Factory

712. (Admitted question No. 1858.) **Shri Anadi Das:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বড়গাছিয়া সেণ্ট্রাল লক ফ্যাক্টরীর শ্রমিকরা সরকারী কর্মচারী হিসাবে গণ্য হন কি; এবং এদের নিয়োগকর্তা কে?

The Minister for Cottage and Small-Scale Industries:

হ্যাঁ, দুই শ্রেণীর কর্মচারী আছেন, যথা (১) মাসিক বেতন হারে নিযুক্ত এবং (২) দৈনিক হারে নিযুক্ত। যাঁহারা মাসিক বেতন হারে নিযুক্ত তাঁহাদের নিয়োগকর্তা অপর শিল্প অধিকর্তা। অন্যদের নিয়োগকর্তা হাওড়ার জেলা শিল্প আধিকারিক।

Production of Lock in Bargatchhia Central Lock Factory

713. (Admitted question No. 1859.) **Shri Anadi Das:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বড়গাছিয়া সেণ্ট্রাল লক ফ্যাক্টরীতে ১৯৬৩-৬৪ সালে কত টাকা মূল্যের তালা উৎপাদিত হইয়াছিল;

(খ) ঐ তালার কত অংশ প্রত্যক্ষ শ্রমিকদের দ্বারা উৎপাদিত হইয়াছিল এবং কত অংশ অপ্রত্যক্ষ শ্রমিকদের (আউটসাইড আর্টিসানস) দ্বারা উৎপাদিত হইয়াছিল;

(গ) আউটসাইড আর্টিসানদের দ্বারা উৎপাদিত তালার মজুরী কিভাবে স্থিরীকৃত হয়,

(ঘ) ঐ কারখানার উৎপাদিত তালার বিক্রয়মূল্য কিভাবে নির্ণীত হয় ;

(ঙ) ১৯৬৩-৬৪ সালে এ কারখানার জন্য ব্যয়ের পরিমাণ কত এবং তাহার মধ্যে—

(১) প্রত্যক্ষ শ্রমিকদের মাহিনা বাবত কত ;

(২) অপ্রত্যক্ষ শ্রমিকদের মজুরী বাবত কত ;

(৩) ওভারহেড বাবত কত ;

(৪) কাঁচামাল ক্রয় বাবত কত ;

(৫) শ্রমিকদের জন্য প্রভিডেণ্ট ফাণ্ড বাবত ও স্টেট ইনসিওরেন্সের চাঁদা বাবত কত ;

(চ) ঐ বৎসরের শেষে কত টাকার কাঁচামাল উদ্বৃত্ত ছিল ; এবং

(ছ) ঐ কারখানার উৎপাদিত তালার বিক্রয় মূল্য কিভাবে স্থিরীকৃত হয়?

he Minister for Cottage and Small-Scale Industries:

(ক) ১৯৬৩-৬৪ সালে বড়গাছিয়া সেণ্ট্রাল লক ফ্যাক্টরীতে ২,১৫,০৯১·১২ টাকা মূল্যের লা উৎপাদিত হয়।

(খ) ইহার মধ্যে প্রত্যক্ষ শ্রমিকদের দ্বারা ১২,১৪২·১৯ টাকা এবং বহির্বিভাগীয় শ্রমিকদের াউটসাইড আর্টিসানস) দ্বারা ২,০২,৯৪৮·৯৩ টাকা মূল্যের তালা উৎপাদিত হয়।

(গ) উৎকর্ষমাণ পরিকল্পর তালা উৎপাদনকারী সভ্যগণের সহিত আলোচনার মাধ্যমে ং বাজারে তালার চালু মজুরীর সহিত সংগতি রাখিয়া বহির্বিভাগীয় শ্রমিকদের দ্বারা পাদিত তালার মজুরী স্থিরীকৃত হয়।

(ঘ) কাঁচামালের মূল্য, প্রত্যক্ষ ও বহির্বিভাগীয় শ্রমিকদের মজুরী এবং অন্যান্য, উৎপাদন ব ধরিয়া এ কারখানায় উৎপাদিত তালার মূল্য নির্ণয় করা হয়। এ বিষয়েও উৎকর্ষমান রকল্পর তালা উৎপাদনকারী সভ্যগণের সহিত আলোচনা করা হয়।

(ঙ) ১৯৬৩-৬৪ সালে এই কারখানায় কাঁচামাল ক্রয় সমেত ব্যয়ের পরিমাণ১,৪৮,৬৭৭·৮৯ া। ইহার মধ্যে—

(১) প্রত্যক্ষ শ্রমিকদের মাহিনা বাবত ৪৫,৪০৬·১৫ টাকা,

(২) বহির্বিভাগীয় শ্রমিকদের (আউটসাইড আর্টিসানস) মজুরী বাবত ৩৮,২০০·০০ টাকা,

(৩) ওভারহেড বাবত ৩৫,৭৬১·৫০ টাকা (রাজ্যবীমা সংস্থা এবং ক্ষয়ক্ষতি খরচ সমেত),

(৪) কাঁচামাল ক্রয় বাবত ৩৫,৪৯৫·২৪ টাকা,

(৫) প্রভিডেণ্ট ফাণ্ড বাবত সরকারের দেয় অংশ মঞ্জুরীর অপেক্ষায় আছে। কর্মচারী রাজ্যবীমা সংস্থার চাঁদা বাবত সরকার ১,২৪৮·৬৫ টাকা দিয়াছেন।

(চ) ঐ বৎসরের শেষে ৮৯,৯১২·০০ টাকা মূল্যের কাঁচামাল মজুত ছিল।

(ছ) এই প্রশ্নের উত্তরে (ঘ) নং প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

Establishment of an Industrial Estate in Midnapore district

কর্মসূচির পূর্ণাঙ্গ বিবরণ আমার বিভাগ থেকে প্রকাশিত দুটি বাজেট পুস্তিকায় দেওয়া হয়েছে। ঐ বই দুখানা মাননীয় সদস্যদের কাছে ইতিমধ্যেই পৌঁচেছে।

এই বইগুলিতে দেখা যাবে যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে সরকার যে সমস্ত জাতিগঠনমূলক প্রকল্প হাতে নিয়েছেন, পূর্তবিভাগ সেগুলিকে রূপায়িত করছেন নূতন নূতন ইমারৎ ও সড়ক নির্মাণ করে। রাজ্যের নানাস্থানে বহুমুখী বিদ্যালয়, সৈনিক বিদ্যালয়, শিক্ষক-শিক্ষণ কলেজ, পলিটেকনিক কলেজ এবং আরও নানারকম শিক্ষামূলক প্রতিষ্ঠানের জন্য অট্টালিকা নির্মিত হচ্ছে। শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজটিকে সম্প্রসারিত এবং অন্যান্য সরকারী ও বেসরকারী কলেজগুলিকে উন্নত করা হচ্ছে।

চিকিৎসা প্রকল্পগুলির মধ্যে নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতাল, শেঠ সুখলাল করনানী হাসপাতাল, আর, জি, কর, মেডিক্যাল কলেজ হাসপাতাল, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতাল এবং অন্যান্য বড় বড় হাসপাতালের উন্নয়ন ও সম্প্রসারণ উল্লেখযোগ্য। তাছাড়া সদর ও মহকুমা শহরগুলিতে একটি করে বড় হাসপাতাল এবং গ্রামাঞ্চলে অনেকগুলি পল্লী স্বাস্থ্যকেন্দ্র নির্মিত হচ্ছে। আগামী বৎসর শিক্ষা-উন্নয়নমূলক কাজগুলির জন্য মোট ৩৬ লক্ষ টাকা এবং চিকিৎসা ও জনস্বাস্থ্য প্রতিষ্ঠানগুলির জন্য ১,৬৫,১০,০০০ টাকা খরচ হবে। শিল্পোন্নয়নমূলক কাজগুলির মধ্যে পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে কয়েকটি শিল্প-শিক্ষণ প্রতিষ্ঠান (Industrial Training Institute) এর কারখানাগৃহ নির্মাণ উল্লেখযোগ্য। এই উদ্দেশ্যে আগামী বছর ৫৮ লক্ষ টাকা খরচ হবে। অবশ্য এই খরচের ৬০ শতাংশ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে।

এই সব উন্নয়নমূলক কাজগুলি ছাড়া কয়েকটি নির্মীয়মাণ সরকারের নিজস্ব বড় ব অফিসগৃহের কথাও উল্লেখযোগ্য, যথা ঃ—

(১) ২৩ লক্ষ টাকা ব্যয়ে ১১-এ, ফ্রি স্কুল স্ট্রীটে একটি ছয়তলা বাড়ী।

(২) ৩১ লক্ষ টাকা ব্যয়ে ভিজিয়ানাগ্রাম প্যালেসে একটি আটতলা বাড়ী; এবং

(৩) ২১·৬৪ লক্ষ টাকা ব্যয়ে হাইকোর্টের রেকর্ড ও অফিসাদির জন্য একটি ইমারত্।

এই তিনটি বাড়ীর জন্য আগামী বছর মোট ১৮ লক্ষ টাকা খরচ হবে।

আমার উত্থাপিত দাবীর বহির্ভূত আরও নানা গুরুত্বপূর্ণ কাজ পূর্তবিভাগকে অপরাপ বিভাগের প্রতিনিধি হিসাবে সম্পন্ন করতে হয়। দৃষ্টান্তস্বরূপ (১) রাষ্ট্রীয় জীবনবীমা হাস পাতাল, (২) জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজ ও ছাত্রাবাস, (৩) বৃহত্তর কলিকাতা দু সরবরাহ প্রতিষ্ঠানের গৃহাদি, (৪) দেশী বিদেশী ভ্রমণকারীদের জন্য বিশ্রামাগার—এই সবে নির্মাণকার্য্য উল্লেখ করা যেতে পারে।

রাস্তা উন্নয়ন ঃ—

আগের দিনে আত্মকেন্দ্রীক গ্রামীণ অর্থনীতির দ্বারাই আমাদের দেশে যোগাযোগ ও পরি বহণের অবস্থা নির্ণীত হত। গ্রামগুলো তখন ছিল একরকম স্বয়ংসম্পূর্ণ। তাই দূরপল্লী রাস্তা বা বিভিন্ন এলাকা সংযোগকারী রাস্তার বিশেষ কোন প্রয়োজন সেই সময় ছিলনা বললে চলতে পারে। ব্রিটিশ শাসকগণের যোগাযোগ বিষয়ক কর্মনীতিও বিশেষভাবে সামরিক, প্রশা সনিক ও বাণিজ্যিক সুবিধার জন্য প্রয়োজনীয় রেলপথ ও সড়ক নির্মাণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। তাই সেই সময় রাস্তা তৈয়ারী হয়েছিল কেবলমাত্র সামরিক প্রয়োজনের তাগিদে, পুলিশী শাসন ব্যবস্থা সুষ্ঠুভাবে চালনার দিকে লক্ষ্য রেখে এবং বিদেশী শাসকগোষ্ঠীর দ্বারা পরি চালিত ব্যবসা-বাণিজ্যের মুনাফা বৃদ্ধির প্রয়াসে। তাই প্রয়োজনীয় পরিবহণ ব্যবস্থার অভাব থেকে যায় খুবই।

স্বাধীনতাপ্রাপ্তির পর বর্তমান সরকারের কার্য্যারম্ভের সঙ্গে সঙ্গেই পরিবর্তিত অব-স্থার পরিপ্রেক্ষিতে সড়ক উন্নয়ন পরিকল্পনা বিচার করে দেখা হয় এবং এই রাজ্যের সর্বত্র বিভিন্ন শ্রেণীর সড়ক নির্মাণের কর্মনীতি গ্রহণ করা হয় এবং বিপুল উদ্যমে সড়ক নির্মাণের কাজও আরম্ভ করা হয়।

ব-দ্বীপের মাটিতে গঠিত নদীমাতৃক বাংলাদেশে রাস্তা তৈয়ারীর কাজ বেশ কষ্টসাধ্য। এই রাজ্যের মৃত্তিকার অবস্থা এবং পল্লী এলাকার অগণিত আঁকা বাঁকা নদী-নালা ভারতের অন্যান্য এলাকা অপেক্ষা পশ্চিমবঙ্গের সড়ক নির্মাণের কাজ অধিকতর জটিল ও কষ্টসাধ্য তো করে তুলেছেই, তাছাড়া মাইল প্রতি সড়ক উন্নয়নের ব্যয়ও গেছে অধিকতর বেড়ে। আমাদের সম্মুখে সড়ক উন্নয়ন পরিকল্পনাগুলির কাজ দ্রুতসম্পন্ন করার গুরুদায়িত্ব ও স্পৃহা থাকলেও অর্থ সংগতির অভাব এই দায়িত্ব বহনে ও আমাদের উচ্চাশায় বাধা দিয়েছে।

এই সব বাধা বিপত্তি সত্ত্বেও আমরা সুখী ও সমৃদ্ধ বাঙলা গড়ে তোলার স্থির লক্ষ্যে উপ-নীত হওয়ার জন্য যে দৃঢ় পদক্ষেপে এগিয়ে চলেছি, সে অগ্রগতিতে সড়ক উন্নয়ন বিভাগের অব-দানও কম নয়। দেশ বিভাগের সময় এই রাজ্যসরকারের নিজ তত্ত্বাবধানে পাকা রাস্তা ছিল ১,১৮১ মাইল। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষে ১৯৬৫-৬৬ আর্থিক বৎসরের সমাপ্তিতে এই রাজ্য সরকারের অধীনে এইরূপ সড়কের মোট দৈর্ঘ্য ৮,২০০ মাইল হবে বলে আশা করা যাচ্ছে।

দ্বিতীয় পরিকল্পনার শেষে সড়ক পরিবহণ বিশেষভাবে বেড়ে যাওয়ায় নূতন নূতন সড়ক নির্মাণের সঙ্গে সমাপ্ত সড়কগুলির আরও বিশেষভাবে উন্নয়নের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। প্রয়োজনের চাপে তৃতীয় পরিকল্পনায় নিম্নবর্ণিত প্রায় ৪,০০০ মাইল সড়ক নির্মাণের কাজ হাতে নেওয়া হয় ঃ—

(১) দ্বিতীয় পরিকল্পনার অসমাপ্ত ১,৭০০ মাইল।

(২) ১,১৫০ মাইল নূতন সড়ক।

(২) পূর্ববর্তী পরিকল্পনাগুলিতে নির্মিত ১,১৫০ মাইল সড়কের উচ্চপর্যায়ে বিস্তার সাধন।

তৃতীয় পরিকল্পনাকালে রাস্তা নির্মাণের উপরিউক্ত যে সূচী আমরা গ্রহণ করেছিলাম তা সম্পূর্ণ করতে মোট ৩৭·৩৮ কোটী টাকার প্রয়োজন হত। কিন্তু সীমিত অর্থের সংস্থান হওয়ায় উল্লিখিত সূচীর বাস্তব রূপায়ণে আমরা তৎপরিবর্তে ৩য় পরিকল্পনাকালে পাচ্ছি মাত্র ২১ কোটী টাকা। সুতরাং বড় বড় সেতু নির্মাণ সহ সমাপ্ত রাস্তার দৈর্ঘ্যের পরিমাণও দাঁড়াচ্ছে ২,০০০ মাইল। আমাদের ১৬·৩৮ কোটী টাকার মত অসমাপ্ত রাস্তার কাজ টেনে নিতে হচ্ছে ৪র্থ পরিকল্পনায়।

চতুর্থ পরিকল্পনার খসড়ায় রাস্তা নির্মাণের যে কাজ ধরা হয়েছে, তা সম্পন্ন করতে প্রয়োজন হবে প্রায় ৬৪ কোটী ৫০ লক্ষ টাকা। কিন্তু সাময়িকভাবে এই কাজের ব্যয়ের সর্বোচ্চ সীমা ৪২ কোটী টাকা ধরা হয়েছে। চতুর্থ পরিকল্পনায় সড়ক নির্মাণে নিম্নোক্ত বিষয়গুলির উপর জোর দেওয়া হবে :—

গ্রাম্যপথ নির্মাণ, সংযোগহীন পথের সংযুক্তি, দেশের সড়কগুলির উপর প্রয়োজনীয় বহু বড় বড় সেতু নির্মাণ, আন্তঃরাজ্য ও সীমান্তবর্তী সড়ক নির্মাণ ও ভারী মালবাহী ট্রাক ট্রেলারগুলি যাতে সহজে চলাচল করতে পারে সেজন্য বর্তমান সড়ক ও সেতুগুলির উন্নতি সাধন। রাস্তার দৈর্ঘ্য বিচারে দেখা যাবে—৪র্থ পরিকল্পনায় কাজ হবে তৃতীয় পরিকল্পনার অসমাপ্ত ২,০০০ মাইল পথ সহ নূতন আরও ১,৬০০ মাইল পথ নির্মাণ; শেষোক্ত ১,৬০০ মাইলের মধ্যে প্রায় তিন-চতুর্থাংশ হবে গ্রাম্য পথ। ৪র্থ পরিকল্পনায় নূতন রাস্তার উপর বড় বড় সেতু নির্মাণ ছাড়াও পূর্বে সমাপ্ত সড়কগুলির উপর খুব বড় বড় ১৪টি সেতু নির্মাণ হবে আগামী পরিকল্পনার উল্লেখযোগ্য কাজ।

রাজ্যের পঞ্চবার্ষিকী সড়ক উন্নয়ন পরিকল্পনার বহির্ভূত যে সমস্ত সড়ক নির্মাণের কাজ এই বিভাগ করছেন, তার মধ্যে ৪টি বড় বড় প্রকল্প বিশেষভাবে উল্লেখযোগ্য, যথা—

(১) উত্তর প্রদেশের বেরিলী থেকে আসামের আমিনগাঁও পর্যন্ত সকল ঋতুতে ব্যবহারযোগ্য একটি বিকল্প জাতীয় সড়ক (lateral route) এই সড়কের পশ্চিমবংগ অংশের জন্য খরচ হবে আনুমানিক ১৫ কোটি টাকা। এই কাজ শুরু হয়ে গেছে এবং আগামী বছর প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা এজন্য খরচ হবে।

(২) উত্তরবংগে ডালখোলা থেকে বক্সিরহাট পর্যান্ত ৩১নং জাতীয় সড়কটির উন্নয়ন ও সম্প্রসারণ এবং তার উপর অবস্থিত সমস্ত দুর্বল সেতুগুলিকে শক্তিশালী করণ। এই জরুরী প্রকল্পটি দ্রুত সর্বাঙ্গীণ পূর্ণতার পথে এগিয়ে চলেছে। এরজন্য মোট ব্যয় হবে আনুমানিক ১২ কোটী টাকা।

(৩) বালি বিবেকানন্দ সেতু থেকে সপ্তগ্রাম পর্যন্ত জি. টি. রোডের (২নং জাতীয় সড়ক) এবং জয়পুরবিল থেকে বিহার সীমান্ত পর্যন্ত কলিকাতা-বোম্বাই সড়কের (৬নং জাতীয় সড়ক) বিকল্প পথ নির্মাণ। এই রাস্তা দুটি সম্পূর্ণ বৈজ্ঞানিক পদ্ধতিতে এবং আধুনিক যন্ত্রের সাহায্যে বর্তমান যুগের ভারী যানবাহনের উপযোগী করে নির্মিত হচ্ছে। মোট ব্যয় হবে আনুমানিক ১২·৫৫ কোটী টাকা।

(৪) খনি অঞ্চল থেকে কয়লা পরিবহণের সুবিধার জন্য সপ্তগ্রাম থেকে বিহারের বরাকর সীমান্ত পর্যন্ত জি, টি, রোডের উন্নয়ন এবং তৎসহ কয়লাখনি অঞ্চলে সুষ্ঠু যোগাযোগের জন্য ৩০ মাইল দীর্ঘ পথ-উপপথ নির্মাণ। আনুমানিক ব্যয় হবে ৯ কোটি টাকা।

উপরিউক্ত ৪টি প্রকল্পের মোট ব্যয় ৪৮·৫৫ কোটি টাকা। এই অর্থের মধ্যে ১॥ কোটি বাদে অবশিষ্ট সম্পূর্ণ টাকা ভারত সরকারের নিকট হ'তে পাওয়া যাবে। এই প্রকল্পগুলির জন্য আগামী বছর খরচ হবে আনুমানিক ১৩ কোটি টাকা।

এই প্রসংগে মাননীয় সদস্যগণের অবগতির জন্য উল্লেখ করছি যে ওয়েস্ট বেঙ্গল ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক নির্মীয়মাণ দমদম সুপার হাইওয়ের কাজটি সমাপ্তির পথে এবং আশা করা যায় দু-এক মাসের মধ্যেই যানবাহন চলাচলের জন্য এর এক সারি পথ খুলে দেওয়া হবে। দুর্গাপুরে এক্সপ্রেস-ওয়ের কাজটিও এগিয়ে চলেছে এবং এর জমি সংগ্রহ বাবদ আমার বাজেটে আগামী বছর ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

[2-50—3 p.m.]

আরও কয়েকটি বড় বড় রাস্তা ও সেতু নির্মাণের ব্যয় কেন্দ্রীয় সড়ক তহবিল থেকেই পাওয় যাচ্ছে। এই রকম চালু কাজগুলির মধ্যে কয়েকটি বিশেষ উল্লেখযোগ্য। যথা :—

(১) সাঁইথিয়ার ময়ূরাক্ষী সেতু;

(২) শিলিগুড়িতে মহানন্দা সেতু;

(৩) মেদিনীপুরে কাঁসাই সেতু;

(৪) কাঁথি-তমলুক সড়কের উপর রসুলপুর সেতু;

(৫) বারাসাত-বসিরহাট সড়কের উন্নয়ন;

(৬) উলুবেড়িয়া-শ্যামপুর সড়কের উন্নয়ন;

(৭) রাজারহাট-পাতিপুকুর সড়কের সম্প্রসারণ;

(৮) ডায়মণ্ডহারবার সড়কটির সম্প্রসারণ।

ইহাও উল্লেখযোগ্য যে টালা ও মাঝেরহাট সেতু দুটির কাজ নির্ধারিত সময়ের আগেই শেষ হয়েছে এবং সেতু দুটি জনগণের ব্যবহারের জন্য এই বছর উন্মুক্ত করে দেওয়া হয়েছে।

এই প্রকল্পের অন্তর্গত আরও অনেক ছোটবড় রাস্তা ও সেতু নির্মাণের কাজ চলছে। সেই সমস্ত কাজের জন্য আগামী বছর মোট ৬৭·৮২ লক্ষ টাকা খরচ হবে। এই খরচও প্রাথমিকভাবে "৫০-পাবলিক ওয়ার্কস্" বাজেটের অন্তর্ভুক্ত।

এই প্রসঙ্গে জলপাইগুড়িতে তিস্তা সেতুটির নির্মাণকার্য্য বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রায় দেড় কোটি টাকার এই কাজটি আগামী কয়েক মাসের মধ্যেই সমাপ্ত হয়ে উত্তরবঙ্গের স্থলপথে পরিবহণের প্রভূত উন্নতি সাধিত হবে এবং ডুয়ার্স অঞ্চল থেকে কলকাতায় চা আমদানি অনেক সহজ হয়ে উঠবে। এর জন্যে অর্ধেক টাকা ভারত সরকারের কাছ থেকে পাওয়া যাবে। একই উদ্দেশ্যে নির্মীয়মাণ মালদহের মহানন্দা ও বহরমপুরে ভাগীরথী সেতু ২টির কাজও ১৯৬৫ সালের মধ্যেই শেষ হবে।

২৪ পরগণার তেঁতুলিয়াতে ইছামতী নদীর উপরে সেতু নির্মাণ সহ সীমান্ত এলাকার পথ নির্মাণে আমরা অতিরিক্ত ২ কোটি টাকার কাজ করছি। এই অর্থ ভারত সরকারের কাছ থেকে যাতে পাওয়া যায় তার চেষ্টা হচ্ছে।

রাস্তা নির্মাণের কাজে আমাদের এই সাফল্যপূর্ণ অগ্রগতি সত্ত্বেও রাস্তা-ঘাটের প্রয়োজন মেটাবার জন্য আমাদের প্রচুর কাজ থেকে যবে। সেজন্য ৪র্থ যোজনায় আমরা প্রায় ছয় কোটি টাকা ব্যয়ে ১৪টি খুব বড় বড় সেতু নির্মাণ করব। যথা :—

(১) হুগলী জেলার মুণ্ডেশ্বরী নদীর উপর হর্ণিখোলা সেতু;

(২) বর্ধমান জেলায় দামোদর নদের উপর দুটি এবং অজয় নদের উপর একটি সেতু;

(৩) মেদিনীপুর জেলায় হলদি, সুবর্ণরেখা এবং কংসাবতী এই তিনটি নদীর উপর তিনটি সেতু;

(৪) ২৪-পরগণা জেলার নামখানা সেতু;

(৫) মুর্শিদাবাদ জেলায় ভৈরবনদের উপর ইসলামপুর সেতু এবং ময়ূরাক্ষী নদীর উপর বাদশাহী রোডে আর একটি সেতু;

(৬) মালদহ জেলায় মহানন্দা ও ট্যাংগোন নদীর উপর দুটি সেতু;

(৭) পশ্চিমদিনাজপুরে আত্রাই নদীর উপর একটি সেতু; এবং

(৮) কুচবিহার জেলায় মান্সাই নদীর উপর মাথাভাঙ্গা সেতু।

দেশের সামগ্রিক উন্নয়নের জন্য কৃষি, শিক্ষা, শিল্প ও স্বাস্থ্য উন্নয়ন যেমন একান্ত দরকার, রাস্তাঘাটের উন্নয়নও সেইরকম অপরিহার্য্য। প্রকৃতপক্ষে রাস্তাই হল দেশের ধমনী

দেহের ধমনীর মতই অগণিত ছোট বড় রাস্তা সারা দেশময় পরিব্যাপ্ত হয়ে সমাজ জীবনের প্রতিচাঞ্চল্য সূচিত করে। রাস্তা উন্নয়নের গুরুত্ব এখানেই।

রাস্তার প্রসংগে শেষ করার আগে মাননীয় সদস্যদের এ সম্বন্ধে আর একটা কথা জানাতে চাই। ভারী যানবাহন শহরাঞ্চলের রাস্তার অনেক ক্ষতিসাধন করে। কলিকাতা পৌরপ্রতিষ্ঠান এবং অন্যান্য শহরের পৌর সংস্থাগুলি যাতে ক্ষতিগ্রস্ত রাস্তা সমূহের যথাযথ সংস্কার সাধন করতে পারেন, সেজন্য সরকার এই বছর থেকে এই প্রতিষ্ঠানগুলিকে বার্ষিক মোট সাড়ে ছয় লক্ষ টাকার স্থলে ৩৬ লক্ষ টাকা করে অনুদান দিবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তাছাড়া গ্রামাঞ্চলে জনসাধারণের স্থানীয় উদ্যমকে উৎসাহিত করার জন্য সরকার কন্ট্রিবিউটারি ভিলেজ রোড স্কীম নামক যে প্রকল্পটি গ্রহণ করেছিলেন, সেটিও সন্তোষজনকভাবে চালু আছে।

রাস্তার প্রসংগ শেষ হল। এবার আরও দু-একটি প্রয়োজনীয় বিষয়ের উল্লেখ করে আমি আমার বক্তব্য সমাপ্ত করব।

বংগ জননীর কয়েকজন কৃতী সন্তানের প্রতিমূর্তি নির্মাণের একটি পরিকল্পনা পূর্তবিভাগ গ্রহণ করেছেন। এ'দের মধ্যে রাজা রামমোহন রায়, নেতাজী সুভাষচন্দ্র বসু, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর, দেশবন্ধু চিত্তরঞ্জন এবং স্বামী বিবেকানন্দের নাম উল্লেখযোগ্য। এ'দের মধ্যে নেতাজী ও স্বামী বিবেকানন্দের মূর্তি দুটি অবিলম্বেই যথাস্থানে স্থাপিত হবে। রাজা রামমোহনের মূর্তিটির নির্মাণকার্য্য চলছে।

এই বছর পশ্চিমবঙ্গ সরকারের প্রত্নতত্ত্ব অধিকার কর্তৃক বর্ধমান জেলার অন্তর্গত অজয় নদীর উপত্যকায় অবস্থিত প্রাগৈতিহাসিক পাণ্ডুরাজার ঢিবিতে পুনরায় খননকার্য্য পরিচালিত হয়। এই খননের ফলে কেবলমাত্র যে খৃষ্টপূর্ব দ্বি-সহস্রকের শেষার্ধে নির্মিত গৃহতলের সারি ও পথ আবিষ্কৃত হয়েছে তা নয়, তাম্র প্রস্তর যুগের এক নগরীর আংশিক পরিচয়ও পাওয়া গেছে। এই খননের ফলে আবিষ্কৃত হয়েছে 'ল্যাটেরাইট' দানায় (পিলেটি ল্যাটেরাইট) পেটা এক বিস্তৃত গৃহতল এবং একসারি চুল্লী। এই চুল্লীগুলির পাশে ভস্মরাশি এবং গলানো লৌহ পিণ্ডাদি দেখে মনে হয়, এখানে সম্ভবতঃ সন্ধান পাওয়া গেল প্রাগৈতিহাসিক যুগের এক বিলুপ্ত লৌহ নিষ্কাষণ শালার ধ্বংসাবশেষ। এতদ্ভিন্ন এই ক্রম অগ্রসরমান উৎখননের ফলে আবিষ্কৃত হয়েছে তাম্রনির্মিত নানা অলংকার, তাম্রাশ্মীয় (ক্যালকোলিথিক) এবং নবাশ্মীয় (নিওলিথিক) কালের বিভিন্ন প্রস্তর নির্মিত আয়ুধ, পোড়ামাটির নিদর্শন, কয়েকটি স্বর্ণগ্রীখণ্ড এবং ধান ও চালের নিদর্শন। প্রকৃতপক্ষে, এই বৎসরের খননকার্য্যের ফলে একদিকে যেমন পাওয়া গেছে পূর্ব-ভারতের লৌহ ব্যবহারের প্রথম নিদর্শন, অপরদিকে তেমনি দ্বীপময় ঈজিয়ান সাগরের উপকূলবর্তী অঞ্চলের সঙ্গে সমুদ্রপথে বাংলার বিস্মৃত যোগাযোগের কথাও জানা গেছে। বর্ধমান জেলায় পাণ্ডুরাজার ঢিবির নিকটবর্তী গোস্বামীখণ্ডে প্রত্নতত্ত্ব অধিকার কর্তৃক আর একটি খননকার্য্য পরিচালিত হয় এবং তার ফলে দৃষ্টিগোচর হয়েছে অজ্ঞাত যুগের নির্মিত এক সুবৃহৎ ও বিস্তৃত পাসানসৌধ। পশ্চিমবাংলার বিভিন্ন নদী উপত্যকায় ও শৈলাস্তীর্ণ অঞ্চলে ব্যাপকভাবে অনুসন্ধান কার্য্য পরিচালিত হয়। এর ফলে আবিষ্কৃত হয়েছে নানা প্রাচীন স্থান এবং পুরাকীর্তি যেগুলি ভিন্ন ভিন্ন ভাবে প্রত্নাশ্মীয় কাল থেকে খৃষ্টীয় মধ্যযুগ পর্যন্ত নানা বিচিত্র পর্ব ও মানব সভ্যতার নানা অধ্যায়ের পরিচায়ক। এইসব আবিষ্কারের মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ডায়মণ্ডহারবারের প্রায় ছয় মাইল উত্তরে ভাগীরথীর পূর্বতীরে অবস্থিত দেউল পোতায় আবিষ্কৃত বহু সংখ্যক পাথরের অস্ত্র এবং কিছু তাম্রাশ্মীয় মৃৎপাত্রের নিদর্শন। প্রকৃতপক্ষে এই আবিষ্কার বাংলার ব-দ্বীপে বিরাজিত প্রাচীনতম সভ্যতা সম্পর্কে আমাদের প্রচলিত বিশ্বাসে বিপ্লব আনয়ন করে। এই বছর পুরাকীর্তি সংরক্ষণ সম্বন্ধেও এক প্রকল্প গৃহীত হয়, যার ফলে শ্রীরামপুরের পুরাতন "প্যাগোডা" আজ উন্নয়নের পথে, অপরপক্ষে মুর্শিদাবাদ জেলায় নাগিনাবাগে অবস্থিত নবাব সরফরাজখানের সমাধিটি সংস্কৃত এবং পুরুলিয়া হরকতোড় নামক প্রত্নক্ষেত্রটি "সংরক্ষিত" বলে ঘোষিত হয়েছে।

আমার বক্তব্য শেষ করেছি। এবার আমার উত্থাপিত ব্যয়বরাদ্দের দাবী দুটি অনুমোদনের জন্য এই সভাকে অনুরোধ করছি।

[3—3-10 p.m.]

Mr. Speaker: All the cut motions of Grant No. 34 are in order ; they are taken as moved. As regards Grant No. 50, cut motions Nos and 7 are out of order. The rest are in order and are taken as moved

The following cut motions were taken as moved:—

Demand for Grant No. 34

Shri Jyoti Basu "that the demand be reduced to Re. 1."

Shri Nikhil Das "that the demand be reduced to Re. 1."

Dr. Radhanath Chattoraj "that the demand be reduced to Re. 1."

Shri Bhadra Bahadur Hamal "that the demand be reduced to Re.

Shri Sudhir Chandra Das "that the demand be reduced to Re. 1."

Shri Balai Lal Das Mahapatra "that the demand be reduced to Re. 1

Shri Nimai Chand Murmu "that the demand be reduced to Re. 1."

Shri A. H. Besterwitch "that the demand be reduced to Re. 1."

Shri Nathaniel Murmu "that the demand be reduced to Re. 1."

Shri Nani Bhattacharjee "that the demand be reduced to Re. 1."

Sri Sunil Das Gupta "that the demand be reduced to Re. 1."

Shri Subodh Choudhury "that the demand be reduced by Rs. 100."

Shri Sambhu Charan Ghosh "that the demand be reduced by Rs. 10(

Shri Adwaita Mandal "that the demand be reduced by Rs. 100."

Shri Balai Lal Das Mahapatra "that the demand be reduced by Rs. 10(

Shri Abhoy Pada Saha "that the demand be reduced by Rs. 100."

Shri Apurba Lal Majumdar "that the demand be reduced by Rs. 10(

Shri Rabindra Nath Mukhopadhyay "that the demand be reduced Rs. 100."

Shri Amarendra Nath Roy Prodhan "that the demand be reduced Rs. 100."

Shri Kamal Kanti Guha "that the demand be reduced by Rs. 100."

Shri Gour Chandra Kundu "that the demand be reduced by Rs. 10(

Shri Gobardhan Das "that the demand be reduced by Rs. 100."

Shri Syed Abul Mansur Habibullah "that the demand be reduced Rs. 100."

Shri Radhika Dhibar "that the demand be reduced by Rs. 100."

Dr. Golam Yazdani "that the demand be reduced by Rs. 100."

Shri Panchu Gopal Bhaduri "that the demand be reduced by Rs. 10(

Shri Nagen Dolai "that the demand be reduced by Rs. 100."

Shri Dulal Chandra Mandal "that the demand be reduced by Rs. 10(

Shri Hare Krishna Konar "that the demand be reduced by Rs. 10(

Shri Aswini Roy "that the demand be reduced by Rs. 100."

Shri Tarapada Dey "that the demand be reduced by Rs. 100."

Shri Sanat Kumar Raha "that the demand be reduced by Rs. 100."

Shri Sudhir Chandra Das "that the demand be reduced by Rs. 100."

Dr. Radhanath Chattoraj "that the demand be reduced by Rs. 100."

Shri Bhabani Mukhopadhyay "that the demand be reduced by Rs. 100."

Shri Mrigendra Bhattacharyya "that the demand be reduced by Rs. 100."

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani "that the demand be reduced Rs. 100."

Demand for Grant No. 56.

Shri Bhadra Bahadur Hamal: that the demand be reduced to Re. 1.

Shri Jiban Krishna Dey: that the demand be reduced by Rs. 100.

Shri Nagen Dolai: that the demand be reduced by Rs. 100.

Shri Amarendra Nath Roy Prodhan: that the demand be reduced by Rs. 100.

Dr. Radhanath Chattoraj: that the demand be reduced by Rs. 100.

Shri Bhabani Mukhopadhyay: that the demand be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra: that the demand be reduced by Rs. 100.

Shri Khagendra Kumar Roy Chowdhury:
মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রথমেই এই খাতে আলোচনা করার আগে আমাদের এই বিভাগীয় মন্ত্রীর কাছে একটা আবেদন জানাচ্ছি, সেটা হচ্ছে যে, আমাদের উনি জানেন যে বাংলাদেশের বিভিন্ন জায়গায় পথের পাশে আপনাদের জমি দখল করে বসে আছে, এই রকম বহু লোক ছোট খাট দোকান করে ব্যবসা করে খায়, এর আগেও এই নিয়ে বহু আলোচনা এখানে হয়েছে, তাদের আপনারা তোলার চেষ্টা করছেন, তারা বাধা দিয়েছে, তখন সেখানে পরে আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন আপনারা যদি কোনও বিকল্প ব্যবস্থা করতে পারেন, তাহলে তুলবেন, না করলে তুলবেন না। বিভাগীয় মন্ত্রীর কাছে আমার এই বক্তব্য আপনারা একটু চিন্তা করবেন আপনারা লোককে কিছু দিতে পারছেন না, একটা লোক যদি এই ভাবে করেই যায়, তাহলে তার ব্যবস্থা না করে তাকে বিচার করে, লোকগুলিকে সহায়, সম্বলহীন করে দেওয়া উচিৎ হবে না, সেজন্য প্রথমেই এই বক্তব্য বিভাগীয় মন্ত্রীর কাছে রাখলাম এটা বিবেচনা করবেন। এর পরে কয়েকটি ডিপার্টমেন্ট সম্পর্কে কয়েকটি বক্তব্য আমি বলবো, এই ধরনের বক্তব্যে আমিও খুব অভ্যস্ত নই যাহোক যখন আমার উপর বলার দায়িত্ব পড়েছে তাই বলছি। প্রথমে হচ্ছে ওনার কনষ্ট্রাকসান বোর্ড এর ডেভেলপমেন্ট ডিভিশান সম্পর্কে আমার কিছু বক্তব্য আছে এদের যিনি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার তাঁর নাম এস এল দেব রায়, শ্রীখগেন্দ্র দাশগুপ্ত হ্যাঁ তিনি কনষ্ট্রাকসান বোর্ড-এ ছিলেন তিনি
ছিলেন বর্তমানে তিনি এই কনষ্ট্রাকসান বোর্ড-এর আন্ডার-এ এই যে ডেভেলপমেন্ট ডিভিসন তার জন্য তিনি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার হয়েছেন, অনেক কথা হয়েছিল আগে কথা হয়েছিল ক্যাবিনেট ডিসিসান ছিল, এই ডিপার্টমেন্ট তারা পি ডাব্লিউ ডি-র সঙ্গে মার্জ করে যাবে এবং সেই ডিসিসন অনুযায়ী নামও দিয়েছেন কনষ্ট্রাকসান বোর্ড পি ডাবলিউ ডি বলে নাম দিয়েছেন। কিন্তু আসলে এরা যেমন ছিল ঠিক তেমনিই আলাদা আছে এবং আলাদা আলাদা ফাংসান করে।

[3-10—3-20 p.m.]

এই এস এল দেব রায় ভদ্রলোক তিনি একজন মেকানিকাল ইঞ্জিনিয়ার অথচ যে ডিপার্টমেন্ট-এ এখন তিনি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার তার কাজ হচ্ছে ইলেকট্রিক্যাল এখানে ওভার হেড লাইটিং-এর কাজ হয়। এই ভদ্রলোক ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার নয় এবং এই ডিপার্টমেন্ট-এর যিনি চিফ ইঞ্জিনিয়ার তিনিও ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার নন—তিনি হচ্ছেন সিভিল ইঞ্জিনিয়ার, এই ভাবে একবারে গ্যারেজ সুপারিনটেনডেন্ট থেকে এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার হয়েছেন অথচ এই ডিপার্টমেন্টে যে ধরণের কোয়ালিফাইড লোক যাঁদের এই পোষ্ট-এ আশা উচিত তারা পান নি।

শোনা যায় এর কোন আত্মীয় যিনি ফুড ডিপার্টমেন্টে আছেন তার তদ্বিরের জোরে এ, কে,
এটা পেয়েছেন এবং তিনি আজকে যে পজিসান পেয়েছেন এই ডিপার্টমেন্ট-এ সেটা সাংঘাতি
যেমন ধরুন দুর্নীতির কথা বলবো অনিল রায় ক্লিনার হিসাবে এখানে অ্যাপয়েন্টমেন্ট
কিন্তু তিনি এর বাড়ীতে কুক হিসাবে আছেন। এই এস এস রায় তাঁকে টিপসই দিয়ে
১৫ টাকা দেন কিন্তু তার মাইনে হচ্ছে নট লেস দেন সেভেন্টি। এই ভদ্রলোক কোন টেন্
দেন না বরং যদি কোন সময় টেন্ডার দেয়ার সময় আসে তখন ফল্‌স কোটেসান তৈ
করেন। এর আর একটা দুর্নীতির কথা বলবো। ধীরেন চক্রবর্তী বলে একজন টাইপি
তার বহু আগে রিটায়ার করবার কথা কিন্তু কোন সালে রিনি এ্যাপয়েন্টেড হয়েছেন সে
তুলে দিয়ে তিন বছর পেছিয়ে দিয়ে তিন বছর এক্সটেনসানে আছেন। এই ডিপার্টমেন্
যতদূর শোনাযায় এক্সটেনসানের জন্য ৩০০ টাকা ঘুষ দিতে হয় এই ভাবে ইরেস করে দি
তিন বছর তার এক্সটেনসান হয়েছে। এছাড়া যে সমস্ত জায়গায় কাজ হয় আপনি সেখ
জানেন যে বিভাগীয় মন্ত্রীর একটা মার সেন্টার আছে কোলকাতায় সারা বাংলাদেশের দা
নিয়ে এবং সারা বাংলাদেশের দায়িত্ব থাকার জন্য বিভিন্ন অফিসার-রা এদিকে ওদিকে যাচ্ছে
এ বাবদ টি এ খুবই খরচ হয় প্লেনে করে গেলে। কিন্তু কাজ কিছুই হয় না, এখানে উচ্চ প
যে কজন আছেন কেউ কোয়ালিফায়ড ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার নন। সিভিল ইঞ্জিনিয়
আছেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ার আছেন। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার কেউ নেই। এমন কি
ডিপার্টমেন্ট-এ এসিট্যান্ট ইঞ্জিনিয়ার তাদের পর্যন্ত প্রমোসান হয় নি, হবার সম্ভবনাও নেই, য
পি- ডাবলিউ ডি-র সঙ্গে সত্যিকারের মার্জার হর তাহলে তারা সুযোগ সুবিধা পেতেন। মজ
হয়েছে নামে। আমি আগেট বলেছি পিডাবলিউ ডি ডাইরেক্টরেট হিসাবে ফাংসান করে কি
আসলে ষ্টাভ ওউ-র ষ্টাভ আলাদা এটা যদি রিসাপল্ড না হয় তাহলে তাদের রেমুনারেস
পাবার কোন সম্ভাবনা থাকবে না। তারপর শুধু যে দুর্নীতি আছে তা নয় তাঁর ডিপার্টমেন্ট-
কয়েক জন খুব পরিচিত কেরাণী আছেন তাদের কিছু দিলে তবে কাজ হবে। যেমন ওভারসিয়া
দের যদি টি এ বিল করতে হয় তাহলে তাদের কিছু না দিলে হয় না। এই এস এল দেব রায় ই
নিজে কর্মচারীদের কাছ থেকে ঘুষ চান কাউকে মাছ এনে দিতে বলেন একজনকে অন্য জিনি
আনতে বলেন। আমি অন্য জিনিসের নাম করবো না এজন্য যে প্রফুল্লবাবু সেদিন বলেছিলে
যে আমাদের অফিসারদের যে কাজের দায়িত্ব দেওয়া আছে সেটাই শুধু দেখবো কে মদ খ
কে মেয়ে মানুষের সঙ্গে থাকে সে সব আমাদের দেখার দরকার নেই। কিন্তু এই ভদ্রলো
কেরাণীদের কাছ থেকে ঘুষ চান এবং এই ব্যাপারে কেউ কিছু বললে তিনি তাকে অশ্লীল ভাষ
গালাগালি করেন আমি অশ্লীল ভাষা এখানে বলতে পারবো না শুধু তিনি বলেন যে
তুমি উৎপাদন করতে পারো? ইদানীং কালে তার নাকি প্রমোসান হবে শুনছি ফুড ডিপার্ট
মেন্ট-এ এডিসানাল ফুড ডাইরেক্টর-এর পদে। আমরা সমালোচনা করলে হয়তো উন্নি
হয়ে যাবে উপকার হবে। প্রত্যেকটা জায়গায় সেই কেরাণীকুল যারা তাঁর অনুগৃহীত তাঁরা প্র
সমস্ত ডিপার্টমেন্টে কনট্রোল করছে। তাদের ঘুষ না দিলে কোন কাজ হবে না। এ
ডিপার্টমেন্ট-এর মজা হচ্ছে এখানে ওয়ার্কচার্জ সিষ্টেম আছে এই সিষ্টেম আর কোন জায়গা
নেই এই সিষ্টেমটা তোলা দরকার। এখানে প্রমোসানের জন্য অনেক সময় ডিপ্লোমার দরকা
হয়—ইলেকট্রিক্যাল ডিপ্লোমা এই কাজে যোগ্যতা হিসাবে লাগে। এটা শোনা গেল যে তা
ডিপ্লোমা দেয় না অনেক সময় কনট্রাক্টার তাদের একটা সার্টিফিকেট দিয়ে দেয় যে এরা খু
এফিসিয়েন্ট ইনষ্টেড অব জেনুইন ইলেকট্রিক্যাল ডিপ্লোমা, কন্ট্রাক্টার সার্টিফিকেট তার গ্রহণ করে
এবং তাই দিয়ে প্রমোসান হয়, আপনি দেখেছেন এই ডিপার্টমেন্ট-এ গত ৫ বৎসরে যে স
টেন্ডার দেওয়া হয়েছে ইলেকট্রিক্যাল ম্যাটার্স-এ যদি ফাইল কল করেন তাহলে এই যে অভিযোগ
করা হচ্ছে তা কতটা সত্য মিথ্যা সেসব দেখতে পারেন। এ ছাড়া রাস্তাঘাটের ব্যাপারে জীবন
কৃষ্ণ দের কাটমোসান দেখেছেন কিনা জানিনা সেখানে আছে টু ডিসকাস সরকারী পূর্ত
বিভাগ একান্ত খামখেয়ালী বেহিসেবী ও স্বজন পোষণ এবং মন্ত্রিমহোদয়ের নিজের নির্বাচনকেন্দ্র
তোষণ প্রভৃতি দোষে হাজার রকমে দুষ্ট, জাতীয় সড়ক নং ৩১ক কোচবিহার জেলা অ্যাভয়েড
করে লক্ষ লক্ষ টাকা নূতন করে ব্যয় করে জলপাইগুড়ি দিয়ে নিয়ে যাওয়া হয়েছে। মিটার গেজ
রেল লাইনের পাশাপাশি এই রাস্তা গিয়েছে ব্রড গেজ রেলকেও এই বিভাগের পরামর্শেই
তুফানগঞ্জ গোলকগঞ্জ প্রভৃতি এলাকা বাদ দিয়ে মিটার গেজের পাশাপাশি আলিপুর দুয়ার

দিয়ে নিয়ে যাওয়া হয়েছে। রাস্তা, রেল, পুল এবং উন্নয়নের আর সব ক্ষেত্রেও এই সব অশুভ হস্তক্ষেপ দেখা গিয়েছে এটা সাংঘাতিক, এটা আপনার কাছে কিছু না হতে পারে কারণ আমরা যতই অভিযোগ করি আপনারা খণ্ডন করবেনই কিন্তু যেসব রাস্তা হোক আর উন্নয়ণ হোক, ন্যাশনাল হাই ওয়ে হোক, কিন্তু শুধু আপনি আপনার কনষ্টিটিউয়েন্সিতে করার জন্য তিনটা জায়গায় মিটার গেজ; ব্রড গেজ এবং হাই ওয়ে পাশাপাশি করেছেন অথচ এ তিনটি ইচ্ছা করলে আপনি ডাইভার্ট কররে পারতেন। এখানে করার কি যুক্তি আছে সেটা বললে খুসী হবে. আপনারা অনেক জায়গায় রাস্তাঘাট কচ্ছেন কিন্তু কতটুকু আপনাদের কংগ্রেসের কনস্টি-টিউন্সি-র জন্য করেছেন এবং কতটা বিরোধী দলের এলাকায় করেছেন তা বললেই বুঝবো যে আপনারা কতটা নিরপেক্ষভাবে কাজ করছেন এবং যেখানে যেরূপ প্রয়োজন সেখানে সেরূপ ভাবে করছেন। এই অভিযোগ শুধু আপনার দপ্তর সম্পর্কে নয় আমরা সমস্ত মন্ত্রী মণ্ডলীর বিরুদ্ধেই করি যে আপনারা আপনাদের অনুগত দলের সভ্য যারা আছেন তাদের কনস্টিটিউন্সিকে ফিড করবার জন্য আপনারা এভাবে টাকা পয়সা ব্যয় করেন এবং যেহেতু আপনি ঐ জায়গায় থাকেন আপনি ভাল ভাবে উত্তর দিতে পারবেন যে কেন তিনটা পাশাপাশি করলেন।

[3-20—3-30 p.m.]

বিশেষ করে যে রাস্তাটার কথা বল্লাম- আপনি তার উত্তর দেবেন কেন তিনটি পাশাপাশি গাচ্ছে এটা কেন অন্য জায়গায় নিয়ে যাওয়া হোল না—আমার আর বিশেষ বক্তব্য কিছু নেই—আমি কেবল বলবো যে পি ডবলিউ ডি থেকে যে সমস্ত দোকানদারদের তুলে দেওয়া হচ্ছে আমি অনুরোধ করছি তাদের একটা বিকল্প ব্যবস্থা না করা পর্যন্ত আপনাবা তাদের তুলবেন না। আর মিঃ রায়ের সম্পর্কে যে সমস্ত অভিযোগ করলাম আপনি এটা তদন্ত করে দেখবেন—এখন তো আর উত্তর দিতে পারবেন না—অবশ্য যদি উত্তর দেন তাহলে খুশী হবো—তা নাহলে বুঝবো এই যে ডিপার্টমেন্ট এই ডিপার্টমেন্ট যে সমস্ত কাজ করবে তার অর্ধেক টাকাই এরা মেরে দেবে—আর অর্ধের সামান্য কিছু রাস্তাই বলুন আর টলেকট্রিকই বলুন যা কিছুই করুন আসলে দেশের সম্পদ নষ্ট হবে আর কিছুই হবে না।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, পাবলিক ওয়ার্কস খাতে যে ব্যয় বরাদ্দের দাবী করা হয়েছে আমি তার সম্পূর্ণভাবে বিরোধীতা করছি। এই দপ্তরের অধীন প্রত্নতত্ব বিভাগ এবং সাধারণ বিভাগ সম্পর্কে আমি আলোচনা করছি। প্রথমে প্রত্নতত্ব বিভাগ সম্পর্কে আমার বক্তব্য আপনার কাছে রাখতে চাই। এই প্রত্নতত্ব বিভাগ যে ভদ্রলোকের দায়িত্বাধীনে আছে সেই ভদ্রলোক স্বেচ্ছাচারভাবে বাংলা দেশের ইতিহাসকে বিকৃতভাবে পরিবেশন করার চেষ্টা করেন। পাণ্ডু রাজার ঢিবি খনন করার পর এই ভদ্রলোক সফরি ফরাজরায়তের মত বাহবা দেবার চেষ্টা করেছেন। সম্প্রতি এই ভদ্রলোক পাণ্ডুরাজার ঢিবি নামে একটা পুস্তিকা প্রকাশ করেছেন এবং পুস্তিকাখানি প্রকাশের দায়িত্ব নিয়েছেন পশ্চিমবঙ্গ সরকার। এই পুস্তিকার মধ্যে ভদ্রলোক দেখাবার চেষ্টা করেছেন যে পাণ্ডুরাজার ঢিবি খনন করার মধ্য দিয়ে গ্রীক সভ্যতার নিদর্শন দেখা দিয়েছে। তিনি দেখাবার চেষ্টা করেছেন বাংলাদেশের অতি প্রাচীন সভ্যতা ছিল মাইয়োনিয়ার সভ্যতার অনুরূপ। মিঃ স্পীকার স্যার, আমি অত্যন্ত জোরের সঙ্গে আপনার কাছে বলতে পারি যে তিনি সমস্ত অসত্য এবং বিকৃত তথ্য পরিবেশন করার মধ্য দিয়ে সাধারণ মানুষ এবং শিক্ষানুরাগীদের বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে পাণ্ডু রাজার ঢিবি খনন করার মধ্য দিয়ে প্রথম যুগের যে সমস্ত নিদর্শন পাওয়া গিয়েছে সেই সমস্ত নিদর্শনগুলিকে রেডিও কারবন টেষ্ট করা হয়েছে কিনা। আমরা দেখে-ছিলাম যে ঐ বিভাগের ভারপ্রাপ্ত যিনি অফিসার শ্রীপরেশ চন্দ্র দাসগুপ্ত—তিনি ২০শে এপ্রিল আকাশ বাণীতে একটা ভাষণ দিয়েছিলেন এবং বেতার জগতে তার সেই ভাষণটি বেরিয়েছিল। সেই ভাষণের এক জায়গায় তিনি বলছেন যে শুধু মাত্র দ্বিতীয় যুগের

পোড়াকাঠকে তিনি রেডিও কারবন টেষ্ট করার চেষ্টা করেছিলেন। আমার বক্তব্য হ প্রথম যুগ সম্পর্কে যেখানে পরিষ্কার বলা হচ্ছে যে পাণ্ডুরাজার ঢিবি খনন করার মধ্য দি বাংলা দেশের ৪ হাজার বছর আগেকার সভ্যতার নিদর্শন পাওয়া গেছে এবং সেই সভ্য হচ্ছে গ্রীক দেশের সভ্যতা যার সাথে মাটিছিল যেগুলিকে রেডিও কারবন টেষ্ট করা যে সেগুলি করা হয়েছিল কিনা এবং আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই এই সম্পর্কে ভারতবর্ষের যে সমস্ত প্রখ্যাত প্রত্নতত্ত্ববিদ আছেন তাঁদের কোন রকম মতাম নেওয়া হয়েছিল কিনা। আমি জানতে চাই ভারত সরকারের নিযুক্ত যে মিঃ দেশপাণ্ডে আছে তাঁর মতামত গ্রহণ করা হয়েছিল কিনা। আমি জিজ্ঞাসা করতে চাই আমাদের বাংলা দেশে বিখ্যাত ঐতিহাসিক ডাঃ রমেশ চন্দ্র মজুমদার যিনি ইতিহাসের কোন পাতায় বলেন নি বাংলা দেশের অতি প্রাচীন সভ্যতা ছিল গ্রীক সভ্যতার অনুরূপ। তাঁর মতামত গ্রহণ ক হয়েছিল কিনা। সম্প্রতি দেখা গেছে এই ভদ্রলোক শ্রীপরেন্দ্র চন্দ্র দাসগুপ্ত যিনি নাকি মন্ত্রী মহাশয়ের ভাগ্নে জামাই তিনি পাণ্ডু রাজার ঢিবির পার্শে গোস্বামী খণ্ড খনন কার্য আরম্ভ করেছেন। সবে সুরু হয়েছে এখনও ফাইন্যাল কোন রকম রেজাল্ট পাওয়া যায় নি। তিনি ইতিমধ্যে ঘোষণা করে দিয়েছেন যে গোস্বামী খণ্ডের মধ্যে পাওয়া গিয়েছে মিশর সভ্যতা নিদর্শন—একটা নাকি পিরামিডের মত বস্তু পাওয়া গিয়েছে এবং তাঁর সিদ্ধান্ত তিনি জানিয়ে দিয়েছেন যে মিশর দেশের সভ্যতার নিদর্শন এর মধ্য দিয়ে পাওয়া গিয়েছে। মিঃ স্পীকা স্যার, আমি আপনার কাছে রাখতে চাই যে এই রকম একজন অফিসার আমি মনে করি যা আর্কিওলজি সম্পর্কে কোন জ্ঞান নেই—শুধু মাত্র বাহবা কেনার এবং সরকারের অনুগ্রহ লাভের জন্য এই রকম সত্যকে বিকৃত করে মিথ্যা পরিবেশনের মধ্য দিয়ে তিনি ইতিহাসকে অসম্মান করার চেষ্টা করছেন। আমি জানতে চাই যে তারা ভারতবর্ষের বিখ্যাত প্রত্নতত্ত্ববি এবং ঐতিহাসিকদের মতামত গ্রহণ করার প্রয়োজন বোধ করেন নি কেন? দেখা গেছে এই ভদ্রলোক মাইকেল রিডমে (?) নামক একজন ইয়োপোলিয়ান এবং ব্যাসন সাহেবের একটা সার্টিফিকেট নিয়ে প্রমান করবার চেষ্টা করছেন যে তাঁর যে তথ্য সেগুলি সত্য। আমি সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে আবেদন করতে চাই যে পাণ্ডু রাজার ঢিবি এবং গোস্বামী খণ্ডের মধ্য দিয়ে যে সমস্ত নিদর্শন পাওয়া গিয়েছে তার ঐতিহাসিক কাল যদি নির্ণয় করতে চাই এবং সত্যই যদি আপনাদের সে আগ্রহ থাকে তাহলে একটা এক্সপার্ট কমিটি তৈরী করু যে কমিটির মধ্যে থাকবেন ভারত সরকারের নিযুক্ত মিঃ দেশপাণ্ডে, ডাঃ রমেশচন্দ্র মজুমদার অধ্যাপক স্বরস্বতী, অধ্যক্ষ চণ্ডীকা প্রসাদ বন্দ্যোপাধ্যায়। এঁরা এ সম্পর্কে আগ্রহশীল এব এ সম্পর্কে এঁদের যথেষ্ট গবেষণা আছে। সেইজন্য অনুরোধ করবো পাণ্ডু রাজার ঢিবি এবং গোস্বামী খণ্ড খনন কার্যের মধ্য দিয়ে বাংলা দেশের যে প্রাচীন সভ্যতার নিদর্শন আবিষ্কা করার যে চেষ্টা করছেন সেগুলিকে উপযুক্তভাবে মর্যাদা দেবার জন্য একটা এক্সপার্ট কমি গঠন করুন। এর পরে আমি সাধারণ বিভাগ সম্পর্কে দু একটা কথা বলে আমার বক্তব্য শে করবো। সাধারণ বিভাগ সম্পর্কে আমি বলতে চাই যে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে আণ্ডারে রোডস অর্গানাইজেসন নামে একটা সাধারণ বিভাগ আছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে পরিষ্কারভাবে জানতে চাই যে এই রোডস অর্গানাইজেসন থাকা সত্বেও স্পেশ্যাল রোডস ডিরেক্টরেট নামে আর একটা নূতন প্রতিষ্ঠান কেন তৈরী করলেন—কার তাগিদে এবং কা প্রয়োজনে এই বিভাগটি সৃষ্টি করা হয়েছে? একথা কি সত্য নয় যে এই রোডস অর্গানাইজেসনের যিনি চিফ ইঞ্জিনীয়ার ছিলেন তিনি রিটায়ার করার পর তাঁকে শুধু মাত্র সেখানে রিহ্যাবিলিটেট করার জন্য স্পেশ্যাল রোডস ডিরেক্টরেট আপনি তৈরী করেছেন? আমি জানতে চাই এই রোডস অর্গানাইজেসনের যিনি চীফ ইঞ্জিনীয়ার ছিলেন মিঃ শচীন গুপ্ত—তিনি আপনার আত্মীয় কিনা এবং তাঁকে এখানে পুনর্বাসন দেবার জন্য এই স্পেশ্যাল রোডস ডিরেক্টরেট নামে আর একটা নূতন প্রতিষ্ঠান কেন তৈরী করলেন—কার তাগিদে এবং কার অর্গানাইজেসনের চীফ ইঞ্জিনীয়ার ছিলেন তখন তাঁর বিরুদ্ধে বিরাট অভিযোগ আপনার কাছে এসেছে, সমস্ত ইঞ্জিনীয়ার মহল থেকে আপনার কাছে প্রতিবাদ করেছেন যে এই শচীন গুপ্ত মহাশয় সরকারের কোটি কোটি টাকা অপচয় করেছেন? ১৯৬১ সালে ওয়ার্ল্ড ব্যাঙ্ক যখন বাংলা দেশের পথঘাট উন্নয়নের জন্য ১৩ কোটি টাকা দিয়েছিলেন তখন সেই ১৩ কোটি টাকার মধ্যে কতখানি কাজ হয়েছে—এবং ঠিকভাবে কাজ হয়েছে কিনা তার সঠিক হিসাব

ামি আপনার কাছে দাবী করছি। একথা কি সত্য নয়, ওয়ার্লডি ব্যাঙ্ক যে ১৩ কোটি টাকা াংলা দেশকে দিয়েছিলেন সেই স্কীমের মধ্যে ছিল ১৩৫ মাইল রাস্তা তৈরী হবে—বালী ব্রীজ থেকে আদিসপ্তগ্রাম পর্যন্ত জি, টি রোডের প্যারালাল একটা রাস্তা তৈরী হবে—বালী থেকে বিহারের বর্ডার পর্যন্ত উলুবেড়িয়া কোলাঘাটের মধ্যে দিয়ে একটা রাস্তা হবে—এই ১৩৫ াইলের মধ্যে কতখানি রাস্তা হয়েছে এই মিঃ শচীন গুপ্তের আমলে সেটা আমি জানতে াই। আমি জানতে চাই ওয়ার্লড ব্যাঙ্ক যে টাকা দিয়েছিলেন ১৯৬১ সালে তার মধ্যে কথা ছল যে রূপনারায়ণ নদীর উপরে সেতু নির্মাণ করা হবে—তার জন্য ২০ লক্ষ টাকা কনট্রাক্টরকে এ্যাডভান্স দেওয়া হয়েছে বেআইনীভাবে যেটা সরকারী দপ্তরে কোথায়ও হয় না—সেই রূপ-নারায়ণ নদীর উপর সেতু আজ পর্যন্ত তৈরী হয়েছে কিনা সেটা আমি আপনার কাছে জানতে াই। যখন এই ভদ্রলোক রিটায়ার করলেন তখন তাঁকে পুনর্বাসন দেবার প্রয়োজনীয়তা আনু-ভব করে স্পেশ্যাল রোডস ডাইরেক্টরেট তৈরী করলেন শুধু ঐ মানুষটির স্বার্থের জন্য এবং সখানে বসে ঐ ভদ্রলোক আজকে সরকার যে সমস্ত নূতন নূতন পরিকল্পনা গ্রহণ করছেন সগুলিকে বানচাল করে দেবার চেষ্টা করছেন। আমি দু চারটি উদাহরণ আপনার কাছে তুলে ধরতে চাই। আপনি জানেন যে হাওড়া ব্রীজের কাছে ট্রাফিক জাম্—এটা নিত্যনৈমিত্তিক ঘটনা। সেই ট্রাফিক জাম্‌কে রোধ করার জন্য সি, এম; পি; ও-র পক্ষ থেকে ট্রাফিক সার্কুলেসন স্কীম করা হয়েছিল—তার মধ্যে বহু দোষ ত্রুটি আছে একথা এক্সপার্টরা কিছু কিছু উল্লেখ করেছেন এবং সরকারের কাছে রেখেছেন যে সি, এম; পি; ও-র পরিকল্পনা নিখুঁত নয়; ট্রাফিক সার্কুলেসন স্কীমের মধ্যে বহু গলদ আছে। এর মধ্যে বলা হয়েছে সবচেয়ে বেশী চাঁদ-মারী পুলের কাছে ট্রাফিক জাম্ হয়। সেখান দিয়ে হাওড়া থেকে যে সমস্ত বাস উলুবেড়িয়া াঁতরাগাছি রামরাজা তলায় যায় সেই সমস্ত বাসগুলি যাবে, তাছাড়া নয়খানি অন্য রুটের াস এই চাঁদমারি পুলের উপর দিয়ে যাবে এবং আসবার সময় হাওড়া ময়দান প্রদক্ষিণ করে মউনিসিপ্যাল অফিসের গা দিয়ে জি, টি রোডে নামবে এবং তার পরে চাঁদমারী পুলের উপর দয়ে হাওড়া ষ্টেসনে আসবে। এই ট্রাফিক সার্কুলেসন স্কীম সম্বন্ধে এক্সপার্টরা অভিমত দয়েছেন যে এটা ত্রুটিপূর্ণ পরিকল্পনা। কিন্তু মিঃ গুপ্ত যিনি আজকে স্পেশ্যাল রোডসের ীফ ইঞ্জিনীয়ার হয়ে বসে আছেন তিনি জোর করে এই পরিকল্পনাকে চালু করছেন যদিও ক্সপার্টরা এর বিরুদ্ধতা করছেন। এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে—কিন্তু রকার এ বিষয়ে কোন রকম বক্তব্য রাখেন নি। তারপর বাকল্যান্ড ব্রীজের উপর দিয়ে লোডেড রী যাওয়া সম্পর্কে এক্সপার্টরা আপত্তি জানিয়েছিলেন—তারা বলেছেন যে বাকল্যান্ড ব্রীজ মজবুত এবং এর উপর দিয়ে যদি লরী যায় তাহলে ব্রীজটা ক্ষতিগ্রস্ত হতে পারে। কিন্তু ই ভদ্রলোক নিজের খেয়ালখুশীকে চরিতার্থ করবার জন্য সি, এম; পি; ও-কে দিয়ে ১ কোটি ৫৫ লক্ষ টাকা জলে দেবার ব্যবস্থা করেছেন। আজকে দেখা যাচ্ছে আর একটি পরি-কল্পনা—হাওড়া ব্রীজের ট্রাফিক জাম্‌কে দূর করার জন্য সি, এম; পি; ও নূতন পরিকল্পনা রছেন এবং একটা সাবওয়ের কথা চিন্তা করছেন যে হাওড়া ব্রীজ এ্যাপ্রোচের বাঁকের তলা দয়ে একটা সাবওয়ে তৈরী করা হবে এবং এর উপর দিয়ে ডবল ডেকার বাস যাবে।

3-30—3-40 p.m.]

এবং সেই ডবল ডেকার বাস স্ট্যান্ড হবে সার্কাস এরিয়াতে। এই সম্পর্কে এক্সপার্টরা বলেছেন সই জায়গাটা ডবল ডেকার বাসের স্ট্যান্ড হবার উপযুক্ত নয়। কিন্তু এই ভদ্রলোক মিঃ শচীন গুপ্ত তাঁর নিজের খেয়ালখুশী মত সি, এম; পি; ও-কে দিয়ে এই প্রস্তাব পাশ করাবার চেষ্টা করছেন। আমরা মনে করছি সরকার যেখানে একটা অত্যন্ত সুন্দর মনোভাব নিয়ে ট্রাফিক জ্যাম্‌কে দূর করবার চেষ্টা করছেন সেখানে এই ভদ্রলোক শুধুমাত্র নিজের খেয়ালখুশী ট্রাফিক জ্যাম্‌কে দূর করবার চেষ্টা করছেন সেখানে এই ভদ্রলোক শুধুমাত্র নিজের খেয়াল-খুশীকে চরিতার্থ করবার জন্য, শুধুমাত্র নিজের স্বেচ্ছাচারিতাকে চরিতার্থ করবার জন্য সর-কারের এই পরিকল্পনাকে বাণ্ডাল করবার চেষ্টা করছেন, সরকারের কোটি কোটি টাকা নষ্ট করবার চেষ্টা করছেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Dulal Chandra Mondal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগের যে বাজেট মাননীয় মন্ত্রীমহাশয় উপস্থাপিত করে তার বিরোধিতা করে আমি এই কথা বলতে চাই গত বাজেট পাশ হওয়ার পর থেকে ৱ পর্যন্ত যদি আমরা পশ্চিমবাংলার রাস্তাঘাটের চিত্র, ঘরবাড়ী তৈরি করার চিত্র দেখি তাহ দেখব সেই চিত্র একদিকে যেমন হতাশাব্যাঞ্জক তেমনি অপরদিকে দুর্নীতি এবং অবহেল পরিপূর্ণ। কারণ, আমরা কি রাজ্যপালের ভাষণে কি মন্ত্রী মহাশয়ের ভাষণে এমন চিত্র পাই যাতে বুঝতে পারি আমাদের বাংলাদেশে রাস্তাঘাট সম্বন্ধে একটা উল্লেখযোগ্য ঘটনা গেছে। এর কারণ হচ্ছে গত দ্বিতীয় পরিকল্পনায় যে ন্যাশন্যাল হাইওয়েগুলি ধরা হয়ে সেগুলি আজ পর্যন্ত শেষ হয়নি। একটা উদাহরণ আমি আপনাকে দিতে পারি সেটা হ বালি ব্রিজ থেকে যে ন্যাশন্যাল হাইওয়ে আমার এলাকা সাঁকরাইলের আলমপুর গ্রামে হয়েছে সেই রাস্তাটা দ্বিতীয় পরিকল্পনায় ধরা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত সেই রা শেষ হল না। এ ছাড়া এই রাস্তার সঙ্গে যে ফিডার রোড এবং এ্যাপ্রোচ রোডগুলি হও দরকার সেগুলি আজ পর্যন্ত তৈরি হল না। শুধু একটা ন্যাশান্যাল হাইওয়ে তৈরি হলে গ্রামের লোকের কোন উপকারে আসে না যদি না তার সঙ্গে ফিডার রোড, এ্যাপ্রোচ রোড থাকে আমার এলাকার দুটি রাস্তা যেগুলি গত ১৯৬৩-৬৪ সালে এইবিধান সভায় বহু বিতর্কে পর মন্ত্রী মহাশয় মেনে নিয়েছিলেন সেই রাস্তা দুটির একটি হচ্ছে সাঁকরাইল মানিকপু মায়াপুর রোড এবং আর একটি হচ্ছে ধুলাগড়ী একারারপুর রোড. সেই দুটি রাস্তা তৃত পরিকল্পনা শেষ বর্ষে হাজির হয়েছে আজ পর্যন্ত ধরা হয়নি এবং তিনি বিধান সভায় প্রশ্নে ত্তরকালে বলেছেন জমি দখলের কাজ শেষ হলে এই রাস্তা ধরা হবে। জানি না জমি দখলে কাজ কতদিনে শেষ হবে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন এই রাস্তা তাড়াতা তৈরি করবার জন্য চেষ্টা করেন। এছাড়া আরো অনেক রাস্তা আছে, যেমন রামচন্দ্রপুর-সাঁ রাইল রোড, পার্বতীচরণ রায় রোড যে রোডটা ন্যাশান্যাল হাইওয়ের সংগে মিট করেছে, আন্দু পূর্বপাড়া রোড, আন্দুল বাজার চৌধুরী পাড়া রোড. নলপুর হিরাপুর বাজার রোড এ নলপুর স্টেশান এন, এইচ. ৬ রোড; এগুলি আমি আমার কাট মোশানে উল্লেখ করেছি। এ রাস্তাগুলি গ্রাম থেকে সরাসরি ন্যাশন্যাল হাইওয়ের সংগে কিংবা সত্যেন বসু রোডের সং যুক্ত হয়েছে। এগুলি যদি তিনি স্টেট ওয়ে ফিডার রোড হিসাবে না ধরেন তাহলে তিনি জনসাধারণের কাছ থেকে ট্যাক্স নিচ্ছেন তারজন্য জনসাধারণ কি উপকার পাচ্ছে সেই প্র এসে দাঁড়াবে। এছাড়া যে সমস্ত সি, ভি, আর: প্ল্যান: এন: ভি আর প্ল্যানের ক বললেন, আমাদের হাওড়া জেলায় এন, ভি আর প্ল্যান নেই। আমি জানি সি; ভি: আর প্ল্যান যা আছে সেই সি. ভি. আর প্ল্যানে কাজ করা অসম্ভব হয়ে পড়েছে। ১৫ হাজার টাক পর্যন্ত এই সি. ভি. আর প্ল্যানে কাজ করা যায়। কিন্তু অনেক জায়গায় দেখা যায় একটা ব্রি তৈরি করতে গেলে ২২/২৩ হাজার টাকা লেগে যায়। কিন্তু যেহেতু ঐ ১৫ হাজার টাকার মধ্যে প্ল্যানটা শেষ করতে হবে সেহেতু ঐ ২২ হাজার টাকা কোন কাজে লাগল না, গভর্নমেন্টে পক্ষ থেকে যে ডোনেসান সেই ডোনেসান আদায় করা গেল না। এই হচ্ছে অবস্থা। দ্বিতীয়ত ডেভেলপমেন্ট স্কীম। এই ডেভেলপমেন্ট স্কীমে গ্রামাঞ্চলে অনেক হাই স্কুলের কাজ হ পারে। কিন্তু তার কন্ট্রিবিউসানের এমনই ধারা যে ৫০ পারসেন্ট কন্ট্রিবিউসান সরকার যদি না পান তাহলে সেই কাজ হয় না। অথচ গ্রামের লোকের পক্ষে ৫০ পার্সেন্ট কন্ট্রিবিউসা যোগাড় করা অসম্ভব হয়ে পড়ে। সেজন্য কন্ট্রিবিউসানের যদি ২/৩ অংশ সরকার দেন আ ১/৩ পাবলিক দেন তাহলে গ্রামাঞ্চলে স্কুল ঘর, বা অন্যান্য জনহিতকর প্রতিষ্ঠান, বিল্ডিং ইত্যাদি তারা তৈরি করতে পারে। এছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সাঁকরাই মানিকপুর হিরাপুর বাজার রোড এবং ধুলাগড়ী একারারপুর রোড যার কথা আমি আগে বলেছি, এই রাস্তাগুলির করুণ চিত্র রাখতে চাই। বরাবর শুনে আসছি যে মেটিরিয়াল আর বিইং কালেক্টেড।

কিন্তু দেখা যাচ্ছে ঐ সাঁকরাইল জুট মিলের ধারে কিছু ইট পড়ে আছে। জনসাধার তো অবাক! রাস্তা হবে, অথচ কোন রাস্তার নামগন্ধ নেই। জমি দখলের কোন নোটীশ নাই কি হবে? ইট কি জন্য? এই প্রশ্ন আজকে সেই অঞ্চলের জনসাধারণের মনে জেগেছে। মুখ্য মন্ত্রী মহাশয় গত ১৯৬২ সালে নির্বাচনের সময় দেউলপুর গ্রামে গিয়েছিলেন। তখন সেই গ্রামের অধিবাসীরা তাঁকে ধরেছিল যে আমাদের এই রাস্তাটা তৈরী করে দিতে হবে। তিনি

আশ্বাস দিয়েছিলেন, একটা সর্তে আশ্বাস দিয়েছিলেন যে তোমরা আগে কংগ্রেস প্রার্থী মণি বোসকে জেতাও, তারপর রাস্তা তৈরী হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়—কংগ্রেস প্রার্থী মনি বোস পরাজিত হলেন, আমাদের ফরওয়ার্ড প্রার্থী শ্রীঅপূর্বলাল মজুমদার নির্বাচনে জয়লাভ করলেন। সেইজন্য গ্রামের লোক এখন মনে করছে—বোধহয় অপূর্ববাবু জয়লাভ করাতে আমাদের রাস্তাটা হ'ল না—এই দেউলপুর রাস্তাটি। অথচ আমরা প্রশ্নোত্তরে শুনতে পেলাম—রাস্তা দুটি হবে, বাদ যায় নি। এই রাস্তা হবে তো, কবে হবে? কতদিনের মধ্যে হবে? যদি এই রাস্তা করা সরকারের উদ্দেশ্য হয়, তাহলে তাড়াতাড়ি হওয়া দরকার। গ্রামের লোকেরা দীর্ঘদিন ধরে একটা রাস্তার জন্য আপনার ডিপার্টমেন্টে আবেদন নিবেদন করবে, আর আপনারা ঐ হচ্ছে হবে করে টাইট্ হয়ে বসে থাকবেন—এ তো চলে না! সুতরাং আমার নিবেদন যে সমস্ত রাস্তার কথা তাঁকে বললাম নিশ্চয়ই স্যাংশন্ড রাস্তা দুটো ও তার মধ্যে আছে যা অবিলম্বে তৈরী করবার জন্য ব্যবস্থা অবলম্বন করুন এবং যে সমস্ত ফিডার রোড ও এ্যাপ্রোচ রোডের কথা বললাম সেগুলিও যতদূর সম্ভব তাড়াতাড়ি করবেন বলে আশা রাখি।

আর একটা বিখ্যাত রাস্তা—চারুচন্দ্র পাল রোড, সেটা একদিকে যেমন বর্ধিষ্ণু গ্রাম আন্দুল থেকে শুরু হয়ে যতীন্দ্রনাথ বোস রোডে মিট্ করেছে, এটা খুব গুরুত্বপূর্ণ রাস্তা। স্থানীয় জুট মিলের ওয়ার্কাররা ছাড়াও স্থানীয় গ্রামের লোকজনেরা প্রায় ৮/১০ হাজার লোক প্রত্যহ ঐ রাস্তা দিয়ে যাতায়াত করে এবং বিভিন্ন রকমের যানবাহন চলাচল করে। গরুরগাড়ী ও লরী বোঝাই মালপত্র ও সেই সি-সি-পাল রোড দিয়ে অহরহ যাতায়াত করছে। অথচ সেই রাস্তার অবস্থা অত্যন্ত শোচনীয়, বর্ষাকালে সেই রাস্তা ভেঙ্গে যায়, জলে ডুবে থাকে—লোকজন যানবাহন কিছুই চলতে পারে না। এবার শুনছি জেলাপরিষদ থেকে হাজার টাকা না কত টাকা স্যাংশন্ড হয়েছে, তাতে কী হবে? এক দুই হাজারের কাজ নয়, রাস্তাটা চলাচলের উপযোগী করতে অন্ততঃ দশ-বিশ হাজার টাকার প্রয়োজন, আপনার দপ্তর যদি এই সি-সি-পাল রোডের উপর নজর দেন, তাহলে হয়ত এই বিখ্যাত রাস্তার যে ঐতিহ্য একটা আছে, সেই ঐতিহ্য অক্ষুণ্ণ থাকতে পারে।

মন্ত্রীমহাশয় যে বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন, তার মধ্যে এই রাস্তা দেখছি না বলেই এই বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Promode Ranjan Bose:

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন, সেই ব্যয়বরাদ্দ সমর্থন করে বলতে চাই যে আমাদের দেশে স্বাধীন হবার পরে পূর্বাপেক্ষা প্রায় ৮/১০ গুণ রাস্তা বেড়েছে। আগে যে সমস্ত গ্রাম থেকে সহরে যাতায়াত করা অসুবিধা ছিল, সেই অসুবিধা আর আজ নাই। যেমন ধরুন মালদহে গাজোল, হবিবপুর এই সমস্ত অঞ্চলের সঙ্গে সহরের কোন যোগাযোগ ছিল না, সহরে যাতায়াত দুরূহ ছিল, একদিনে সেই পথ অতিক্রম করা সম্ভব ছিল না, আজকে সেই সমস্ত জায়গায় রাস্তা হওয়াতে দেড় ঘন্টার মধ্যে সহরে আসতে পারা যাচ্ছে এবং যে সমস্ত গ্রামের মাঝখান দিয়ে রাস্তাগুলি গিয়েছে, আজ সেই সমস্ত এলাকার আর্থিক অবস্থা পূর্বাপেক্ষা অনেক উন্নততর হয়েছে। আজ শুনতে পেলাম যে এলাকা থেকে বিরোধী দলের লোকেরা নির্বাচিত হয়েছেন, সেখনে রাস্তা কম হচ্ছে। কিন্তু আমি ব্যক্তিগতভাবে জানি এবং দেখেছি যে মালদহের গাজোলে বিরোধী দল গত ইলেকসনে, বাই-ইলেক্সনের আগে জিতেছিলেন, মালদহ জেলার যেখানে কম্যুনিস্ট পার্টির লোকেরা ছিলেন, সেখানে সবচেয়ে বেশী রাস্তা হয়েছে এবং ডাঃ ইয়াজদানী যেখানকার এম-এল-এ, সেখানে অন্যান্য জায়গার থেকে বেশী রাস্তা হয়েছে।

[3-40—4-05 p.m.]

অন্যান্য কংগ্রেস সদস্য যাঁরা আছেন তাঁদের জায়গা থেকে সেখানে বেশী রাস্তা হয়েছে। প্রয়োজনের তাগিদে রাস্তা হয়না—বিরোধীপক্ষের সদস্য বা এই পক্ষের সদস্য এই হিসেবে রাস্তা হয়। আর একটা কথা মন্ত্রীমহাশয়কে বলতে চাই, মালদহ জেলার বর্ডার অঞ্চলে রাস্তা-ঘাট এখনও হয়নি। আমি অবশ্য জানি একদিনে সমস্ত রাস্তাঘাট তৈরী করা যায় না, ক্রমে

জন্যে হবে, তবুও যে বললাম তার কারণ হচ্ছে আমাদের বর্ডার অঞ্চলে ভাল করে রাস্তা-ঘাট তৈরী করার প্রয়োজন হয়ে পড়েছে। মালদহের কালিয়াচক বর্ডার অঞ্চল এবং ঘনবসতি অঞ্চল। কিন্তু সেখানে রাস্তা না থাকার জন্য সেখানে যে ৪টি বর্ডার পুলিশ আউট পোস্ট আছে তাতে আমরা দেখেছি বছরে ৬ মাস যাতায়াত করা যায় না। মন্ত্রীমহাশয় কিছুদিন আগে যখন মালদহে গিয়েছিলেন তখন আমরা তাঁকে এ সম্বন্ধে বলেছিলাম। এই বর্ডার আউট পোস্টগুলিতে প্রায়ই পাকিস্তানী হামলা লেগে থাকে এবং এটা ঘনবসতিপূর্ণ অঞ্চল। এই বর্ডার আউট পোস্টগুলিতে যদি কখনও ফোর্স পাঠাতে হয় তাহলে পদ্মা নদী ঘুরে সেই বর্ডার অঞ্চলে পুলিশকে বা বর্ডার ব্যাটালিয়ানকে যেতে হয় এবং তার ফলে সাধারণ মানুষের মনে একটা ভীতির ভাব থাকে। কাজেই আমি মনে করি অন্ততঃ বর্ডার অঞ্চল যেগুলি ঘন-বসতিপূর্ণ সেখানে রাস্তা করা দরকার এবং সরকার সেদিকে যেন দৃষ্টি দেন। জলপাইগুড়ির কথা ভেবে আমরা যেন একথা মনে রাখি এই অনুরোধ জানাচ্ছি। তারপর আমরা শুনেছিলাম মালদহ জেলার বর্ডারে হবিবপুর থেকে ভায়া গোলাপগঞ্জ একটা রাস্তা হবার কথা ছিল এবং এটাও শুনেছিলাম মালদহতে যে ডেভেলপমেন্ট কাউন্সিল আছে তাঁদের কাছ থেকে এটা দ্বিতীয় পরিকল্পনায় রিকমেণ্ডেড হয়ে এসেছিল। কিন্তু সেই রাস্তা না হবার জন্য লোকের অসুবিধা হচ্ছে এবং সেদিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, মালদহের পাকিস্তান বর্ডারে ঋষিপুর রাস্তা যেটা আরম্ভ হয়েছে সেখানে যে সেতু হবে সেটা যেন ইমিডিয়েটলী নির্মাণ করা হয়। একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[4-5—4-15 p.m.]

Shri A. H. Besterwitch: Mr. Chairman, Sir, Shri Khagendra Nath Das Gupta has placed a big demand for grant before the House, but I do not see any reason why I should support it. It is an established fact, and we know it full well that Khagen Babu is always surrendering money to the Central Government; crores and crores of rupees are surrendered by him, and still he is wanting money. He came to the Assembly in 1952 after the election and became Minister of Public Works and in 1952 the road between Falakata, Silibari and Sonapur was washed away due to flood. Year after year I am repeatedly talking about the bridge; it is a very important bridge for communication for transport of materials for the defence of the country in any emergency. Khagen Babu has not talked about it as yet, although he is in charge of defence of North Bengal. The position of North Bengal is such that until and unless you have good communication, you will not be able to save the country.

Regarding the buildings, if you go to see the quarters of the labourers who are permanent employees of the Public Works Department, you will find that they have no quarters. The only quarters in the mofussil are for the Overseers and Time-keepers. The rest of the labourers have to go without quarters; they have to run about here and there and practically live under trees. Khagen Babu does not think of constructing houses for those workers.

Regarding the road from Madarihat to Birpara, Khagen Babu cannot bring about co-ordination between Forest Department and the Public Works Department. That road has not been completed up till now. The materials that have been collected are being washed away by floods. A huge sum of money is being wasted. I went there, saw the materials, the broken materials, even the small chips which are meant for surface painting are being washed away. In that area, which is a forest area measuring about

a mile and a half, earth-work is ready, materials have been collected, huge amount of money has been spent, but even now Khagen Babu's department does not think of it.

What is the reason behind it? The reason is better known to himself. The Forest Department have objected to the construction of a portion of the road. Did Khagen Babu approach the Forest Department? No. Everything is lying today just as it was in the beginning, because I have come from that area. There is not a single tree to be destroyed in the portion of the road which is running through the forest area. I do not see any reason why the Forest Department should have objected to the construction of the road. No action has been taken by Khagen Babu regarding this road up till now. Something is done only when Khagen Babu goes to Jalpaiguri because Jalpaiguri is his constituency and it is not my constituency. My repeated requests for the last three years to do this and that are of no avail. Sir, what is about the Dinbazar bridge? What has he done with regard to the important bridge that is there? Does he know anything about the great difficulty faced by the vehicular traffic? Sir, some fine morning you will find that Dinbazar bridge has been washed away. Will Khagen Babu open his eyes and see what is happening there? I am asking repeatedly for the last three years about the Dinbazar Bridge. Nothing is being done. It is no use asking them to do anything. What is about the Silbari Salkumarhat Road? Demand for money is made by Khagen Babu but nothing is done. Is that road completed? I am sure it is not completed. He does not give any information as to the work done during the past years. He does not say anything what he is going to do. There is another very important road from Alipur-Duars to Jaigaon. Has he done anything for the improvement of the road? Nothing. There is Dima River. What happens during the floods in the rainy season? People are faced with immense trouble. Pedestrians are at a standstill for want of a bridge over that river? It is a very important road. There is an absolute necessity for constructing a bridge, but he does not think of constructing a bridge which is very must needed. Sir, let me tell you that there is another road which was constructed by me between Kalchini and Chuapara some twenty years back. Up till now that road has not been repaired. There is a heavy traffic on Kalchini Central Duars Road, but the department does not think that the road should be repaired or reconstructed. In fact, the condition of the road is very bad. Soling has come out of the road. They spend yearly some money on just putting some gravel mixed with sand only when the Hon'ble Ministers go that side. Sir, Khagen Babu asks for money every year but he does nothing for the improvement of the roads. Roads are damaged and you can easily imagine, Sir, what happens during the monsoon. Everything is washed out. Sir, demand for supplementary grant is made but nothing is done. The sum and substance of this is that tehe Hon'ble Minister knows nothing of what is happening in those places.

[4-15—4-25 p.m.]

He has no knowledge of it. He will never do what is essential for the country and that is their plain trick with the people of the country so far as defence is concerned. Again, Sir, it is a very fine thing that Khagen Babu is in charge of defence of North Bengal. He told the House last time that he knew nothing about defence. But there are certain strategies that he has to know and one is that communication is very very essential for the defence of the country and that must be improved leaving aside everything in West Bengal I mean this side—and all the money should go to North Bengal. To-day, the Chief Minister has given a statement a serious statement and yet they have not opened their eyes, they have not realised that for the

defence of the country communication is very essential. I think any country anywhere looks first and foremost to the defence of the country than looking after the Party. Party is not foremost, the nation is foremost, and they should remember this and for the nation they must spend every pie which is in the budget and not for the party interest.

With these words, Sir. I am sorry, I am unable to support the budget grant which Khagen Babu has asked for.

Shri Sudhir Chandra Das:

NOES—88

Abdul Latif, Shri
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chttopadhyay, Dr. Susil Ranjan
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanai Lal
Das, Shri Radhanath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Mandal, Shri Krishna Prasad
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram

Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing
Ziaul Haque, Shri Md.

AYES—45

Abul Mansur Habibullah, Shri Syed
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Dey, Shri Jiban Krishna
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam, Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti

Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Kuiry, Shri Daman
Mahata, Shri Padak
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

The Ayes being 45 and the Noes 88, the motion was lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that a sum of Rs. 2,44,000 be granted for expenditure under Grant No. 50, Major d: "103-Capital Outlay on Public Works", was then put and agreed

Grant No. 14.
Major Head: 22-Jails.

Shri Jagannath Kolay: Sir, on the recommendation of the Governor g to move that a sum of Rs. 1,44,95,000 be granted for expenditure r Grant No. 22, Major Head: "22-Jails".

ায় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমাদের কারাবিভাগে সম্প্রতি যে সব উল্লেখযোগ্য া প্রবর্তন করা হয়েছে তার একটা সংক্ষিপ্ত বিবরণ দিতে চাই। প্রাক-স্বাধীনতা যুগে ার প্রধানতঃ অপরাধীদের শাস্তি বিধানের ও আটক করে রাখার প্রতিষ্ঠান হিসেবে গণ্য । বর্তমানে তার পরিবর্তন হয়েছে। সহৃদয় ও সংশোধনমূলক ব্যবহারের ফলে বন্দীরা মানুষ হয়ে উঠতে পারে এবং মুক্তির পর তারা যাতে আইনানুগ, সৎ এবং সমাজের পক্ষে কর নাগরিকের জীবনযাপন করতে পারে তার ব্যবস্থা করাই আমাদের বর্তমান উদ্দেশ্য। ়, আমি একথা সানন্দে বলতে পারি যে কারা সংস্কারের কাজে ইতিমধ্যে কারাবিভাগ অগ্রগতির পরিচয় দিয়েছেন এবং ভবিষ্যতে আরও অগ্রগতি যাতে হয় সেজন্য আমরা সচেষ্ট। নিরক্ষতার বিরুদ্ধে অভিযান কারাবিভাগের একটি উল্লেখযোগ্য প্রচেষ্টা। প্রত্যেক র ও জেলা কারায় তিন মাস বা ততোধিক কালের জন্য সশ্রম কারাদণ্ডে দণ্ডিত পঞ্চাশ র অনধিক প্রাপ্তবয়স্ক বন্দীদের জন্য আবশ্যিক শিক্ষাদানের ব্যবস্থা আছে। প্রাপ্ত- অন্য বন্দীদের মধ্যে যারা শিক্ষালাভে ইচ্ছুক, তাঁদের পড়াশুনার ব্যবস্থা আছে। যে

সকল বন্দী উচ্চশিক্ষার জন্য আগ্রহশীল তাদের প্রয়োজনীয় সুযোগ সুবিধা দেওয়া হয়, ব মান বৎসরে কারাগারের ভেতরে ৭ জন বন্দীর স্কুল ফাইন্যাল এবং ৪ জন বন্দীর বি, পরীক্ষা দেব্যার ব্যবস্থা করা হয়েছে। অপ্রাপ্তবয়স্ক বন্দীদের শিক্ষাদানের পৃথক ব্যবস্থা আ ১৯৬৩ সালে বিভিন্ন কারাগারে যে সকল প্রাপ্তবয়স্ক ও অপ্রাপ্তবয়স্ক বন্দী শিক্ষা গ্রহণ কর তাদের মোট সংখ্যা ছিল ৫,২২৫। ঐ সব বন্দীদের মধ্যে যারা শুধুই পড়তে শিখেছিল তা সংখ্যা ছিল ২,০০৯; যারা লিখতে ও পড়তে দুইই শিখেছিল তাদের সংখ্যা ছিল ২,৬২ যারা শিক্ষা বিভাগের কর্মচারীদের তত্ত্বাবধানে পরিচালিত পরীক্ষায় পাশ করেছে তা সংখ্যা ছিল ১,৩৩২। প্রেসিডেন্সী জেল, আলিপুর কেন্দ্রীয় কারাগার ও দমদম কেন্দ্রীয় কা গারে তাত্বিক (থিয়োরেটিক্যাল) শিক্ষা ছাড়াও বন্দীদের (audio vesual method জ্ঞানলাভের সুযোগ দানের জন্য নিয়মিতভাবে তথ্যমূলক ছায়াছবি দেখান হয়ে থাকে।

প্রতিটি কেন্দ্রীয় ও জেলা কারাগারে বন্দীদের ব্যবহারের জন্য একটি করে গ্রন্থাগার আ সম্প্রতি সিউড়ি জেল হাসপাতালের ক্ষয়রোগাক্রান্ত বন্দীদের জন্য একটি পৃথক গ্রন্থা স্থাপন করা হয়েছে। নতুন বই কেনার জন্য গ্রন্থাগারগুলির বাৎসরিক ব্যয়বরাদ্দ ১,৭০০ টা থেকে বাড়িয়ে সম্প্রতি ২,৫০০ টাকা করা হয়েছে।

বন্দীরা যাতে বাইরে এসে সদুপায়ে লাভজনক পেশায় নিযুক্ত হয়ে সমাজ দেহের প্র জনীয় অংগ হিসেবে স্বীকৃতি পেতে পারে সেইজন্য কারাসমূহে বহুবিধ শিল্প পরিচালনা হয়ে থাকে। তন্মধ্যে নিম্নোক্তগুলি বিশেষ উল্লেখযোগ্য :—

(১) মুদ্রন শিল্প।
(২) তাড়িৎ শক্তিচালিত তৈলকল।
(৩) ছাতা নির্মাণ।
(৪) কম্বল উৎপাদন।
(৫) টিন ও লোহের কারুশিল্প।
(৬) ওয়েল্ডিং (Oxy-acetylene Welding)
(৭) এলুমিনিয়াম শিল্প।
(৮) ছুতারের কাজ।
(৯) বস্ত্র ও শতরঞ্চি বয়ন।
(১০) নারিকেল রজ্জু শিল্প (Coir Industry)
(১১) বেত ও বাঁশের আসবাবপত্র তৈয়ারী।
(১২) দরজির কাজ।
(১৩) চর্মশিল্প।
(১৪) সাবান উৎপাদন শিল্প।
(১৫) ফিনাইল তৈরী।

"ওয়াই, ডবলিউ, সি, এ"-র একজন মহিলা কর্মীর সাহায্যে প্রেসিডেন্সী জেলের নারী বন্দীদের পোষাক তৈয়ারী ও সুচিশিল্পের কাজ শিক্ষা দেওয়া হয়। বহরমপুর কেন্দ্রীয় কারা গারে নারী বন্দীদের বেতনপ্রাপ্ত শিক্ষকদের সাহায্যে সেলাই ও অন্যান্য কাজ শেখানো হ থাকে।

কেন্দ্রীয় কারাগারগুলিতে বন্দীদের কাজের জন্য মজুরী দেওয়া হয়। বন্দীগণ মজু হিসেবে যে টাকা কারাগারে আয় করে তার অর্ধেক তাদের প্রয়োজনীয় জিনিসপত্র কেনা জন্য খরচ করতে পারে। বাকী টাকা তাদের নামে জমা থাকে এবং কারা মুক্তির সময় তাদের টাকা দেয়া হয়। এর ফলে বন্দীদের, বিশেষতঃ দীর্ঘ মেয়াদী বন্দীদের, মুক্তি লাভের পর সমা জীবনে পুনঃপ্রতিষ্ঠায় সুবিধা হয়।

জেলা কারাগারে এই মজুরী প্রথা চালু করার বিষয় বিবেচিত হচ্ছে।

পূর্বে বিভিন্ন কারা শিল্পে নিযুক্ত বন্দীদের তাত্বিক (থিওরেটিক্যাল) শিক্ষাদানের প্রশংসাপত্র দেওয়ার ব্যবস্থা ছিল না। বর্তমানে প্রেসিডেন্সি, আলিপুর ও দমদম এই তিনটি কেন্দ্রীয় কারাগারে শিল্প বিভাগের অধিকর্তার নির্ধারিত নিয়ম অনুযায়ী কতগুলি শিল্পে শিক্ষা দেওয়া হচ্ছে।

5—5-35 p.m.]

যে সব বন্দী অন্ততঃ অষ্টম শ্রেণী পর্যন্ত পড়েছে তাদের জন্য দেড় বৎসর ব্যাপী ট্রেড (এবং যাদের আক্ষরিক জ্ঞান আরও কম তাদের জন্য এক বৎসর ব্যাপী কারিগরী পাঠক্রম টিসিয়ান কোর্স) শিক্ষা দেওয়া হয়। রাত্রি সাতটা থেকে নয়টা পর্যন্ত উপযুক্ত শিক্ষকগণ দের জন্য নিয়মিত ক্লাস নেন। শিক্ষা শেষে শিল্প অধিকর্তা পরীক্ষা নেন এবং যে সব পরীক্ষায় পাশ করে তাদের বাইরের শিক্ষার্থীদের মতোই সার্টিফিকেট বা প্রশংসাপত্র া হয়। আশা করা যায় এই ব্যবস্থার ফলে বন্দীদের কার্যদক্ষতা বাড়বে এবং সরকারী সাপত্র থাকায় মুক্তির পর চাকুরী সংগ্রহে সুবিধা হবে।

এই প্রসংগে আমি গত তিন বৎসর কলিকাতা তথ্যকেন্দ্রে অনুষ্ঠিত করা শিল্পের প্রদর্শনীর খ করতে পারি। প্রতিবারই অল্পদিনব্যাপী এই প্রদর্শনীতে বহু দর্শকের সমাগম হয়েছিল। র্শিত বহুবিধ দ্রব্য এবং সেগুলির স্বল্পমূল্য দর্শকদের আকৃষ্ট করেছিল। প্রদর্শনীতে বন্দী-কর্তৃক অবসর সময়ে অঙ্কিত চিত্রগুলি উপস্থিত সকলের মন জয় করেছিল। এই সব র বিক্রয়লব্ধ সমস্ত অর্থ চিত্র শিল্পীদের দেওয়া হয়েছে। প্রতি প্রদর্শনীর উদ্বোধন দিনে সংখ্যক বন্দী (যাদের মধ্যে দীর্ঘমেয়াদী বন্দীদের সংখ্যাই ছিল বেশী) বিপুল সংখ্যক অভ্যা-দের সামনে কন্ঠ সংগীত, লোকনৃত্য প্রভৃতি অনুষ্ঠান করেছিল। তাদের এই মনোজ্ঞ অনুষ্ঠান াগতদের বিশেষ প্রশংসা অর্জন করেছিল। কারা প্রাচীরের বাইরে এই সব অনুষ্ঠানের যথেষ্ট পর্য আছে।

বন্দীদের ব্যক্তিগত কার্যক্ষমতা নিরূপন এবং কোন প্রকার কাজের প্রতি কার আকর্ষণ বেশী নির্ধারণ করে বৈজ্ঞানিক প্রথায় তাদের শ্রেণী বিন্যাস করার জন্য আলিপুর কেন্দ্রীয় কারাগারে টি মনস্তাত্বিক গবেষণা কেন্দ্র আছে। প্রেসিডেন্সি ও দমদম কেন্দ্রীয় কারাগারের অনুরূপ টি মনস্তাত্ত্বিক গবেষণা কেন্দ্র খোলার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। কারাগারে দের অবসর সময় যাপনের জন্য বহুপ্রকার নির্দোষ আমোদ-প্রমোদের ব্যবস্থা আছে। কেন্দ্রীয় জেলা কারাগারে বন্দীরা ঘরের ভিতরে ও খোলা জায়গায় নানাবিধ খেলাধুলা, ব্রতচারী, কনৃত্য প্রভৃতিতে অংশ গ্রহণ করে। প্রতিটি কেন্দ্রীয় কারাগারে নিয়মিতভাবে বাৎসরিক া প্রতিযোগিতার অনুষ্ঠান হয় এবং জয়ীদের সরকারী খরচে পুরস্কার দেওয়া হয়। বিবিধ ব উপলক্ষে এবং অন্যান্য সময় বন্দীগণ কারা প্রাঙ্গনে হাস্যকৌতুক ও নাটক ইত্যাদির অনু-া করে থাকে। সরকারের প্রচার বিভাগ সকল কারাগারে নিয়মিত ভাবে চলচ্চিত্র প্রদর্শন ন। বন্দীগণ নিজেদের খরচে প্রতি মাসে একটি কাহিনীচিত্রও দেখতে পারে।

প্রত্যেক কেন্দ্রীয় কারাগারে, তিনটি জেলা কারাগারে ও ছয়টি মহকুমা কারাগারে এ যাবৎ ার যন্ত্র বসান হয়েছে। সিউড়ী জেল হাসপাতালে যক্ষা ওয়ার্ডেও একটি বেতার যন্ত্র আছে।

সকল কেন্দ্রীয় কারাগারে এবং কয়েকটি জেলা কারাগারে বন্দীগণের মধ্যে পঞ্চায়েত প্রথা ু আছে। পঞ্চায়েতের সভ্যগণ বন্দীদের জন্য খাদ্য দ্রব্য প্রস্তুত ও পরিবেশন, খেলাধুলা এবং মাদ-প্রমোদের বিধান, কারাগারে পরিস্কার পরিচ্ছন্নতা রক্ষা প্রভৃতি বিষয়ে কারা কর্তৃপক্ষের ত সক্রিয় সহযোগীতা করে।

প্রেসিডেন্সি, আলিপুর ও দমদম কারাগারে ওয়েলফেয়ার অফিসার নামক এক বিশেষ ীর কর্মচারী নিযুক্ত আছেন। বন্দীদের ঘনিষ্ট সংস্পর্শে থাকা, তাদের সঙ্গে তাদের পরি-ার যোগসূত্র রক্ষা করা, বন্দীদের ব্যক্তিগত ব্যাপারে হিতাকাংখী বন্ধুর মত পরামর্শ দেওয়া, শাধনের পথে তাদের অগ্রগতির প্রতি লক্ষ্য রাখা এবং মুক্তির পর যাতে জীবনে পুনঃ-ষ্ঠিত হতে পারে সে বিষয়ে সাহায্য করা—এই কর্মচারীদের বিশেষ কর্তব্য। বর্তমানে ল ফেয়ার অফিসারের সংখ্যা চারটি। আগামী বৎসর সকল কেন্দ্রীয় কারাগারে আরও জন ওয়েল ফেয়ার অফিসার নিয়োগের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। বন্দী-র স্বাস্থ্য এবং কারাগারের পরিচ্ছন্নতা রক্ষার বিধি ব্যবস্থার প্রতি অতি সতর্ক দৃষ্টি রাখা । প্রয়োজন হলে অসুস্থ বন্দীগণকে চিকিৎসার জন্য বাহিরের সরকারী হাসপাতালে ানো হয়। কঠিন অসুখের চিকিৎসার জন্য আলিপুর কেন্দ্রীয় কারাগারে মেডিক্যাল সার্জি-ল, ডেন্ট্যাল, আই ও ই, এন; টি; বিশেষজ্ঞদের ডাকা হয়; রোগীদের শুশ্রূষার জন্য ঐ কারা-র হাসপাতালে শিক্ষাপ্রাপ্ত পুরুষ নার্সও আছে। সম্প্রতি প্রেসিডেন্সী জেল ও দমদম

কেন্দ্রীয় কারাগারের প্রত্যেকটিতে একজন করে দন্তবিশেষজ্ঞ (ডেন্টাল সার্জেন) একজন চ বিশেষজ্ঞ (আই স্পেষালিস্ট) ও একজন সাধারণ চিকিৎসা বিশেষজ্ঞ (মেডিক্যাল স্পেষালি নিযুক্ত করা হয়েছে। মেদিনীপুর কারাগারে কুষ্ঠ রোগাক্রান্ত বন্দীদের চিকিৎসার জন্য এক কুষ্ঠরোগ বিশেষজ্ঞ কর্মরত আছেন। সিউড়ী কারাগারের হাসপাতালে ক্ষয়রোগে আক্র বন্দীদের জন্য একজন বিশেষজ্ঞ ডাক্তার এবং তিনজন শিক্ষাপ্রাপ্ত নার্স আছেন। প্রয়ো অনুসারে বিভিন্ন কারাগারে জল সরবরাহের পরিমাণ বৃদ্ধির ব্যবস্থা করা হয়েছে। অনেকগু কেন্দ্রীয়, জেলা এবং মহকুমা কারায় গভীর নলকূপ বসানো হয়েছে।

দমদম কেন্দ্রীয় কারায় ৫" ব্যাস বিশিষ্ট একটি নলকূপ বসানোর ব্যবস্থা সমেত জল স বরাহের ট্যাঙ্ক, পয়ঃপ্রণালী প্রভৃতির সংস্কারের জন্য ১,৬৭,৭৬৬ টাকা ব্যয় মঞ্জুর করা হয়ে এবং ঐ কাজের অগ্রসর হয়ে চলেছে, আশা করা যায় যে দুই তিন মাসের মধ্যে এ কাজ শে হবে।

কারা সমূহের মল নিষ্কাশণের ব্যবস্থাকে ক্রমশঃ স্যানিটারী প্রথায় রূপান্তরিত করা হচ্ছে সম্প্রতি কৃষ্ণনগর জেলা কারায় সমগ্র মল নিষ্কাশণের ব্যবস্থা স্যানিটারী প্রথায় এবং প্রে ডেন্সি জেলের ব্যবস্থা কিছুটা ফ্লাস ড্রেনেজ প্রথায় রূপান্তরিত করা হয়েছে। সিউড়ী জে কারায় ঐরূপ স্যানিটারী ব্যবস্থা প্রবর্তনের জন্য ৫২,০০০ টাকা বাজেট হিসাবের অন্তর্ভু হয়েছে।

কারা পরিচালনার নূতন সরকারী নীতি রূপায়ণের জন্য একদল শিক্ষাপ্রাপ্ত কারা-কর্মচা থাকা অত্যাবশ্যক। সেইজন্য প্রতি বৎসর কারাসমূহে নিযুক্ত অধিকারীদের মধ্যে দুইজনকে মাসকাল ব্যাপী শিক্ষা গ্রহণের জন্য লক্ষ্ণৌ জেল ট্রেনিং স্কুলে পাঠানো হয়। কিন্তু এই ব্যব যথেষ্ট প্রয়োজন আছে। এই উদ্দেশ্যে অতি সম্প্রতি দমদম-এ একটি ওয়ার্ডার্স ট্রেনিং ইন্স টিউট স্থাপিত হয়েছে। প্রতিষ্ঠানের স্থায়ী গৃহ নির্মাণ শেষ হইতে সময় লাগবে। কারা রক্ষ দের শিক্ষাদান অত্যাবশ্যক বলে সাময়িক ব্যবস্থায় গত ১৫ই জানুয়ারী থেকে শিক্ষাদানের কা শুরু হয়েছে। আমরা আশা করি যে ভবিষ্যতে এই প্রতিষ্ঠানের কাজ সম্প্রসারিত করে সক প্রকার কারা কর্মচারীর শিক্ষা ব্যবস্থা করা সম্ভব হবে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি এখন ১৯৫৮ সালের প্রোবেসান অব অফেনডার্স এ্য অনুযায়ী অপরাধীদের বন্দীশালায় না পাঠিয়ে আবেক্ষাধীন রাখার প্রোবেশন সম্পর্কে কিছু বলতে চাই। এই আইন ১৯৫৪ সালের ওয়েস্ট বেঙ্গল অফেনডার্স (রিলি অন এ্যাডনোনিসান এণ্ড প্রোবেসান) এ্যাক্টের পরিবর্তে ১৯৬০ সলের ২রা মে তারিখ থে কলকাতা ও অপর ছয়টি জেলায় যথা ২৪-পরগণা, নদীয়া, হুগলী, হাওড়া; বর্ধমান মেদিনীপুর-এ কর্যাকর হয়েছে। এই আইনের কাজ পশ্চিমবঙ্গে বেশ সন্তোষজনকভাবেই অগ্রসর হচ্ছে। ১৯৬৩ ও ১৯৬৪ সালের নিম্নলিখিত তথ্য হতে তা বুঝতে পারা যাবে। বৎ রের প্রথমে আবেক্ষাধীন অপরাধীর সংখ্যা ১৯৬৩ সালে ছিল ৭১৬, ১৯৬৪ সালে ৮১৯। আবেক্ষাধীন অপরাধীর সংখ্যা ১৯৬৩ সালে ছিল ৬০১, ১৯৬৪ সালে সেটা হ ৬১৯। সাফল্যের সহিত আবেক্ষাধীন সময় উত্তীর্ণ করা অপরাধীর সংখ্যা ১৯৬৩ সালে ছি ৪৪৪, ১৯৬৪ সালে ৫২২। আবেক্ষাধীন থাকাকালীন পুনরায় অপরাধকারীর সংখ্যা ১৯৬ সালে ছিল ৩৫, ১৯৬৪ সালে সেটা ৪। আবেক্ষাধীন রাখার প্রথা অপরাধীদের পক্ষে খু উপকারী, কারণ এই ব্যবস্থায় তারা কারাগারে অসৎসংগে পড়বার প্রলোভন এবং কারাব জনিত কলংকের ছাপ এই দুইই এড়াতে পারে। আমাদের প্রোবেসান অফিসারদের বন্ধুত্বপূ উপদেশ ও সহায়তায় অপরাধীরা সমাজজীবনে পুনঃপ্রতিষ্ঠিত হতে সক্ষম হয়। সমাজও এ ব্যবস্থায় লাভবান হয়। কেননা এই সকল লোক ভবিষ্যতে অপরাধ জীবন হতে সাধারণতঃ দূ থাকে।

আবেক্ষাধীন প্রথার বিশেষ উপকারীতার কথা বিবেচনা করে আরও তিনটি জেলায় বাঁকুড়া, বীরভূম ও মুর্শিদাবাদে এই প্রথা সম্প্রসারণের পরিকল্পনা সরকার মঞ্জুর করেছে

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় সভ্যদের একথা জানাতে পারি যে কারা-বিভা সুষ্ঠুভাবে কারা-পরিচালনার জন্য বহু সংস্কার মূলক ব্যবস্থা প্রবর্তনের চেষ্টা করেছে ঐরূপ অনেকগুলি ব্যবস্থা ইতঃমধ্যেই কার্য্যকর হয়েছে। কারাভ্যন্তরে বন্দীদের জীবন-যা

এবং তাদের মানসিক অবস্থার উন্নতি সাধনের জন্য নানাপ্রকার ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। কারা শাসনের সর্বাঙ্গীন উন্নতির জন্য আমরা সাধ্যমত চেষ্টা চালিয়ে যাব।

মাননীয় স্পীকার মহাশয়, এই কয়েকটি কথা বলে আমি আমার ব্যয় বরাদ্দের দাবী পেশ করছি এবং আশা করি মাননীয় সদস্যগণ তা গ্রহণ করবেন।

[5-35—5-45 p.m.]

Mr. Speaker: All the cut motions are in order, and they are taken as moved.

(The following cut motions were taken as moved).

Shri Nikhil Das that the demand be reduced to Re. 1.

Shri Nani Bhattacharjee that the demand be reduced to Re. 1.

Shri Monoranjan Roy that the demand be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch that the demand be reduced to Re. 1.

Shri Nathaniel Murmu that the demand be reduced to Re. 1.

Shri Jyoti Basu that the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Re. 1.

Shri Monoranjan Hazra that the demand be reduced to Re. 1.

Shri Bala Lal Das Mahapatra that the demand be reduced to Re. 1.

Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100.

Shri Monoranjan Hazra that the demand be reduced by Rs. 100.

Shri Subodh Chowdhury that the demand be reduced by Rs. 100.

Shri Mrigendra Bhattacharyya that the demand be reduced by Rs. 100.

Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Rs. 100.

Shri Adwaita Mandal that the demand be reduced by Rs. 100.

Shri Tarapada Dey that the demand be reduced by Rs. 100.

Shri Tarun Kumar Sen Gupta that the demand be reduced by Rs. 100.

Shri Rabindra Nath Mukhopadhyay that the demand be reduced by Rs. 100.

Shri Bhakti Bhusan Mandal that the demand be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Rs. 100.

Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100.

Shri Panchu Gopal Bhaduri that the demand be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury that the demand be reduced by Rs. 100.

Shri Niranjan Sen Gupta that the demand be reduced by Rs. 100.

Shri Hare Krishna Konar that the demand be reduced by Rs. 100.

Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu that the demand be reduced by Rs. 100.

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই কারা বিভাগের ব্যয় বরাদ্দের উপর বলা মুশকিল হচ্ছে আমার পক্ষে—আমি যে বিষয়টা বলতে চাই যেটা, সেখানে আমাদের কারামন্ত্রী আমাদের না শোনাবেন,

এর উপর ও'র বিশেষ কিছু করণীয় নাই—সংস্কারের দিক থেকে. উন্নতির দিক থেকে যদি না স্বরাষ্ট্র বিভাগ অর্থাৎ মুখ্যমন্ত্রী মহাশয়—তিনি যদি অনুমোদন না করেন। এটা একটা কেবিনেটের নীতির ব্যাপার, পলিসীর ব্যাপার আমি যে বিষয়টা বিশেষ করে বলতে চাই। মন্ত্রীমহাশয় যখন এই বিভাগের বাজেট বরাদ্দ আমাদের কাছে পেশ করছেন, তখন এর উপর বলতে হবে এবং মন্ত্রী মশায়কে দায়ী করবো—আমরা যে সব কথা বলছি তার যদি প্রতিকার না হয়।

প্রথম কথা হচ্ছে যাদের কথা উনি বিন্দুমাত্র উল্লেখ করলেন না—অর্থাৎ ভারতরক্ষা আইনের ৩০ ধারায় বিনাবিচারে, বিনা অজুহাতে, বিনাকারণে যাদের গ্রেপ্তার করে রাখা হয়েছে। তাদের ধরা তো শেষ হয় নাই, এখনো চলছে। পরশুদিন দু-জন ধরা পড়েছে। এই রকম কত যে ধরবেন তাঁরা, তা জানিনা। আমাদের মনে রাখা দরকার, আমাদের সরকারের কি মত জানিনা; আমাদের মতে এই যে বন্দীরা যেহেতু এদের অপরাধ প্রমাণিত হয়নি বা কি রকম অপরাধ এ'রা জানেন না, কোন চার্জশীট দেওয়া হয়নি, সেই কারণে ঐ যাঁদের সাজা হয়েছে মামলামোকদ্দমার পরে—তাঁদের মত করে এ'দের দেখলে চলবে না এবং সেই হিসেবে এ'দের একটা বিশিষ্ট স্থান কারাগারে পাওয়া উচিত তাঁরা যতদিন কারাগারে থাকবেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ এই মনোভাব নিয়ে সরকার চলছেন না। সরকার মনে করছেন দুর্ভাগ্যবশতঃ আমরা যখন মন্ত্রীরা—মন্ত্রীমণ্ডলী যখন স্থির করেছি—কিছুলোক অপরাধী, কংগ্রেসের যাঁরা বিরোধী, তাঁরা অপরাধী। কাজেই জজ-ম্যাজিস্ট্রেট দিয়ে আর তাঁদের বিচারের প্রয়োজন নাই, আমরা যাঁরা অভিযোগ এনেছি, আমরাই জজ-ম্যাজিস্ট্রেটের মত ঠিক করে দিচ্ছি ও'রা দোষী। এরকমটি চলতে পারে না। অথচ সেইভাবে ও'রা চলছেন। কিন্তু আমরা তা মনে করি না। আমাদের দেশের সরকার—জনসাধারণ তো বটেই, তাঁরা এটা ঘোষণা করেছেন—আমাদের লক্ষ্য হচ্ছে গণতান্ত্রিক পদ্ধতিতে আমাদের দেশকে গড়ে তোলা। কিন্তু গণতন্ত্রের গোড়ার কথা হলো ঐটা যে যিনি অভিযোগ করবেন এবং যিনি বিচার করবেন—এ দুটো এক হবেনা, এ দুটো ভিন্ন হবে। কিন্তু এ দুটো যেদিন এক হয়ে যাবে অভিযোগকারী ও বিচারক, সেদিন গণতন্ত্রের শেষ; সেদিন গণতন্ত্র বলে আর কিছু থাকতে পারে না। এখানেও তাই হয়েছে—আমাদের যাঁদের ভারতরক্ষা আইনের ৩০ ধারায় গ্রেপ্তার করা হয়েছে। এটা মনে রাখতে হবে—এটা শুধু কথার কথা নয়—লোককে যখন আপনারা ভারতরক্ষা আইনে ধরছেন, এই ভারতরক্ষা আইন একটি ভয়াবহ আইন; ভারতরক্ষা আইন সমস্ত কিছুর বিরোধী। যা কিছু ঐতিহ্য, যা কিছু দিয়ে আমরা চলছিলাম—তার বিরুদ্ধে একটা আইন, সম্পূর্ণ সংবিধান বিরোধী এই আইন। এই আইনের কবলে সমস্ত বিরোধীদল ধরা পড়ছে এবং কংগ্রেসের আভ্যন্তরীণ কলহ ও শিকার হিসেবে কেউ কেউ এই আইনের কবলে পড়েছেন।

আমি শনিবার জেলে গিয়েছিলাম, সেখানে আমরা শুনলাম—ফরওয়ার্ড ব্লকের যে তিনজন আছেন দমদম জেলে, তাঁদের আরো ছমাস মেয়াদ বাড়িয়ে দেওয়া হয়েছে, রিভিউ করবার পরে নূতন অর্ডারে। আমি আলিপুর জেলে গিয়েছিলাম, সেখানে দেখলাম সুভাষবাদী জনতা বলে একটি দল, তার কয়জন আছেন। এখন কতজন আছেন জানিনা, তাঁদেরও মেয়াদ শনিবার দিন অর্ডার পেয়েছেন, বাড়িয়ে দেওয়া হয়েছে। কাজেই এর থেকে কেউ বাদ পড়ে না। যারা কংগ্রেসের বিরোধী, তারা এর মধ্যে পড়ে।

এখন কথা হচ্ছে এ'দের সম্পর্কে বিবেচনা করার দিক থেকে আমরা কি দেখলাম? এখানে আমরা দেখলাম মন্ত্রীমহাশয় কিছু বলছেননা তাঁদের জন্য কি ব্যবস্থা করেছেন বা করেননি। অর্থাৎ দেখলাম একটা চরম অবহেলা এবং শুধু অবহেলা নয়, সরকারের যেন একটা প্রতিশোধমূলক মনোভাব। কেন সেটা হবে সেকথা মন্ত্রীমহাশয় আমাদের বুঝিয়ে বলবেন। আপনারা তো এত কথা বললেন—আমরা সহানুভূতির সঙ্গে দেখছি, নূতনভাবে কারাগারকে, বন্দীদের এবং চোরডাকাতদের দেখছি। আমি জিজ্ঞাসা করি যাঁদের কোনদিন বিচার হোলনা অর্থাৎ যাঁদের বিরুদ্ধে অভিযোগ করতে পারলেন না তাঁদের প্রতি এরকম প্রতিহিংসামূলক ব্যবস্থা কেন? আমি যখন ১৩ মাস বিনাবিচারে জেলে ছিলাম—১৯৬২ সাল থেকে ১৯৬৩ সাল—তখন আমি একথা বলেছিলাম যে, নিবর্তনমূলক আটক আইনে—অর্থাৎ পি. ডি. এ্যাক্ট-এ যেসব সুবিধা পায় আমরা তা পাইনা। আমার পাশের ব্লক-এর দুজন লোক যাঁরা পি. ডি. এ্যাক্ট-এ ধরা পড়েছিলেন, একই ধরনের অভিযোগ, তাঁরা যে ধরনের সুযোগ-সুবিধা পেতেন আমরা তা পাইনি। আমরা বারে বারে দাবী করে এসেছি কিন্তু আপনারা তা মেটালেন না। তাঁদের ৪০ টাকা ভাতা দেন, এককালীন ২০০ টাকা দেন, তাঁরা কাপড়-জামা কিনতে পারেন এবং এরকম আরও কিছু

সুবিধা পান। কিন্তু তার বিন্দুমাত্র এ'দের ক্ষেত্রে নেই। আমাদের কারামন্ত্রী যদি ভারতরক্ষা আইন খুলে দেখেন তাহলে দেখবেন সেখানে লেখা আছে রাজ্য সরকারগুলি কতগুলি আইন বা রুলস্ করতে পারেন কিভাবে তাঁরা বন্দীদের রাখবেন। কিন্তু আমাদের সরকার আজ পর্যন্ত এরকম কিছু করেছেন বলে আমার জানা নেই—অর্থাৎ কোন রকম রুলস্ ফ্রেমড হয়নি কিভাবে তাঁরা বন্দীদের রাখবেন। তাঁরা ধরা মাত্র বলে দেন ডিভিসন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার হিসেবে রাখা হবে—অর্থাৎ কোন রকম বিচার হবেনা, বিচারাধীন বন্দী হিসেবে ডিভিসন ওয়ান দেওয়া হবে। আমি যখন ১৯৬২ সাল থেকে ১৯৬৩ সাল পর্যন্ত জেলে ছিলাম তখন আমি দেখেছি আমাদের সমস্ত জিনিস বাইরে থেকে, বাড়ী থেকে বা বন্ধু-বান্ধবদের কাছ থেকে নিতে হোত কারাগারে জীবন যাপন করবার জন্য। একমাত্র খাদ্য ছাড়া জামা, কাপড়, টুথ ব্রাস; টুথ পেস্ট, সাবান, বই; পুস্তক প্রভৃতি সবই আমাদের বাইরে থেকে নিতে হোত—জেল থেকে দিতেন না। তারপর বিভিন্ন রকম আন্দোলন, চাপ সৃষ্টি এবং আলোচনা করবার পর এবার দেখলাম তাঁরা কিছু কিছু দিতে আরম্ভ করেছেন। কিন্তু যেগুলি দিচ্ছেন সেগুলি এত কৃপনের মত কেন সেটা আমি বুঝতে পারছি না। অনেক হৈ চৈ হবার পর তাঁরা ১টি করে সাবান দিলেন, তারপর মাথায় মাখবার জন্য একটু তেল দিলেন, তারপর কালি এবং কাগজ দিলেন; তারপর টুথ পেস্ট এবং ব্রাস দিলেন। কিন্তু বাকী যে দাবীগুলো ছিল অর্থাৎ জামা, কাপড় এবং মাসে কিছু ভাতা সেটা প্রথমে তাঁরা দিলেননা এটা আমরা দেখলাম। তবে দ্বিতীয় রাউণ্ড-এ দেখলাম জেলের ভেতরে হাত খরচের জন্য তাঁরা সাড়ে সাত টাকা ভাতা দেবেন, কিন্তু তারপরেও যে দাবীগুলো ছিল তার কিছু হোলনা। তারপর আমরা অনেক ছোটাছুটি করলাম এবং ওঁরা হাংগার স্ট্রাইক করবেন বলে যখন বললেন তখন আমরা দেখলাম সংবাদপত্র যেগুলি তাঁদের নিজেদের পয়সা দিয়ে কিনতে হোত তার ক্ষেত্রে তৃতীয় রাউণ্ড-এ তাঁরা অর্ডার দিলেন যে; প্রতি ৫ জনে একটি করে কাগজ পাবে। অর্থাৎ এতদিন পর তাঁরা এই অর্ডার দিলেন যে; সরকারী খরচে ও'রা সংবাদপত্র পাবেন।

[5-45—5-55 p.m.]

কিন্তু আশ্চর্য কথা জেল কর্তৃপক্ষ যারা ক্ষমতায় আছেন তারা এই অর্ডারগুলি ভাল করে বুঝতে পারেননা, বহরমপুরে তাঁরা বলেছেন টুথপেষ্ট আমরা দিতে পারি, দেবার অর্ডার আছে কিন্তু টুথ ব্রাশ দিতে পারি না, বহরমপুরে যিনি সুপারিন্টেণ্ডেন্ট আছেন তিনি জেলকোড ঘেটে এটা বার করেছেন যে বন্দী যারা তারা দিনে পাঁচটি করে বিড়ি বা পাঁচটি করে সিগারেট খাবে দিনে, কবে এটা ঠিক হল? দমদম জেলে এটা আমি দেখিনি কিন্তু ওখানকার সুপারিন্টেণ্ডেন্ট এটা করছেন। আমি কাল দমদম, আলিপুর গেছলাম, আমি তাদের জিজ্ঞাসা করলাম, তাঁরা বললেন আমরা এসব করছি না, তাহলে বহরমপুরে করছে কেন? তাঁরা বললে আমরা জানিনা। এসব হচ্ছে পিন প্রিক্স, মানুষকে খোঁচান, যাদের বিনা বিচারে জেলের মধ্যে রেখে দিয়েছেন। এই রকমভাবে মেদিনীপুরে নানা রকম ইণ্টারপ্রেট করে তারা নানা অসুবিধার সৃষ্টি করছেন।

তারপর ধরুন চিঠিপত্র সেন্সার্ড হয়, অনেক তাতে কালি দিয়ে কাটা হয়—সেগুলি কেন ২ সপ্তাহ ৩ সপ্তাহ দেবী হয় এগুলি ঠিক করতে পারলেন না। ১৯৬২-৬৩ সালে জেলে ছিলাম, আমি দেখেছি, কিন্তু কলকাতার চিঠি পেতে এত দেরী হয় কেন, ডি-আই-বি-সি আইডি অফিস তারপর জেলগেট ঘুরে এই সমস্ত জিনিষ তারা পাচ্ছে। এখন ধরুন এসবের প্রয়োজনটা কি? একটা নীতিতো হওয়া উচিত। বিনা বিচারে তাদের জেলে রেখেছেন তাদের বাড়ী থেকে কেন পয়সা আনতে হবে এবং জেল খাটতে হবে? তাদের জামা কাপড়তো দেওয়া উচিত। মুখ্যমন্ত্রীকে বলাতে তিনি বললেন আচ্ছা অন্য প্রদেশে কি কি আছে সেগুলি আমাকে লিখে দেবেন, সেগুলি লিখে দিয়েছি। কারামন্ত্রী মহাশয় বলেছেন আমরা তো দিচ্ছি হাত খরচ সাড়ে সাত টাকা, দশ টাকা পাবে অন্য সব জিনিষ ছাড়া যা এখানে দিচ্ছেন। তা ছাড়া কোথাও কাপড়ের জন্য ৬ মাসে ৫০ টাকা করে দেওয়া হয় এখানে তাঁরা তা দিচ্ছেন না, একটা পয়সারও কাপড় জামার ব্যবস্থা নাই এবং এখানে—কোথাও ১০০ টাকা কাপড়ের জন্য দেন, কেউ গেঞ্জি কেউ শার্ট কেউ কাপড় কিনে, যার যা প্রয়োজন তাই কিনতে পারে, গরম কাপড়ের জন্য ৭৫ টাকা ১০০ টাকা বরাদ্দ হচ্ছে, কোন্ কোন্ জেলে বিহারে, অন্ধ্রে, মাদ্রাজে

দিচ্ছে তা লিখে দিয়েছি, তার কোন ব্যবস্থা এখানে নেই। এখানে ব্যবস্থা আছে যারা প্রপা রাস্তার লোক, তারা যদি চায় তার জন্য একটা বরাদ্দ আছে—একটা হাফ্ শার্ট দেবে এবং এক জঘণ্য ধুতি দেবে, এসব কোথা থেকে যে যোগাড় করেন তা জানিনা। কিন্তু তাঁরা এসব নি যাবে কেন, তাঁরা কি প্রপার? তাদের জন্য প্রপারের জন্য যা সেই ব্যবস্থা আছে, এই বন্দীদে জন্য সরকার একটা বরাদ্দ করে দিলেই চুকে যায়। প্রত্যেক দিনতো কাপড়ের দরকার হয়না কিন্তু সেটার ব্যবস্থা আজ পর্যন্ত হলনা। তারপর ধরুণ চটি জুতো, তারও কোন ব্যবস্থ নাই, এক জোড়া কি দু জোড়া দেবার ব্যবস্থা করতে পারেন, তা না এগুলিও ঘর থেকে নি হবে। নইলে পাবেন না। এতো গেল জামা কাপড় চটি জুতোর ব্যাপার। খাদ্যের ব্যাপা আমি প্রফুল্লবাবুকে জিজ্ঞাসা করেছিলাম আপনাদের কত দিত। ১৯৪২ সালের পর থে শেষের দিকে তো তিন বছর জেলে ছিলেন ইংরেজ আমলে আপনাকে কত দিত, উনি বললে দেড় টাকা, তারপর বললেন টাকার হিসাব কেন করছেন, আমাদের একটা চার্ট আছে, সেই হিসাবে যা হয় তাই দেব। উনি উত্তরের সময় বললেন ঐ দেড় টাকার বার আনা উনি খেতেন আর বার আনা উনি দান করে দিতেন, জেলে থেকে উনি কি করে দান করতেন আমি জানিনা সে সম্বন্ধে আমার ধারনা নাই, উনি পেট রোগা লোক বার আনার বেশী খেতে পারেন না কিন্ত সবাইতো আর ওঁর মত পেট রোগা লোক নয়। ইংরেজরা দিত দেড় টাকা, সেটা থেকে ইংরেজের কাছ থেকে আপনারা এটা কেন শিখতে পারেন না। ইংরেজের কাছে তো অনেক জিনিষ শিখেছেন, এটা কেন শিখতে পারলেন না? তারাতো আপনাদের রাজদ্রোহী মনে করে ধরত, তারাও দেখুন এই ব্যবস্থা করেছিলেন খাদ্যের ব্যাপারে। আর আপনারা যা দিচ্ছেন চার্ট অনুযায়ী প্রোটিন যা দেওয়া হয় মাছ মাংস মিলিয়ে তাতে তো পেট ভরেনা, আমি এতটুকু খাই আমারই অসুবিধা হয়, অন্য সাধারণ খাওয়া যারা খান তাদের কত অসুবিধা হয়। এটার তো পরিবর্তন হওয়া উচিত।

াদের খাদ্যটাও যদি বরাদ্দ হয় এতে, তাহলে প্রোটিন বা ইমপ্রিমেণ্ট অফ ডায়েট হয় বলে মামাদের মনে হয়। আমি মনে করি এটা অন্ততঃ টালবাহানা না করে মেনে নেওয়া দরকার। মডিকেল ফেসিলিটিজ বা চিকিৎসার ব্যাপারে এটা মন্ত্রীমহাশয় ঠিক বলেছেন যে এখন স কছু স্পেশালিষ্ট তাঁরা যেতে আরম্ভ করেছেন জেলে, যেটা বহুদিন ধরে আমরা বলছি, আ াঁরা যেতেন না, বাইরে নিয়ে আসতে হত স্পেশালিষ্টদের দেখাবার জন্য, এখন কিছু কিছু তাঁ াচ্ছেন, কিন্তু দেখুন কিরকম আইন, এটা হয়তো মন্ত্রীমহাশয় জানেন না, আমি বলছি ম্াপনি হয়তো গেলেন, তাঁরা পাওয়ার-এর চশমা দরকার, সেই চশমার জন্য আপনাকে ২।৩ মা মপেক্ষা করতে হবে, তারপর আবার ওখানকার সুপারিণ্টেণ্ডেণ্ট, তিনি আই জি-কে লিখবে য চশমার বরাদ্দ হয়েছে, আমরা দেবো কি? আই জি বেচারা কিকরে জানবেন যে দেবেন ি া? ডক্টর তো প্রেসক্রিপসন দিয়ে দিয়েছেন, তাহলে এটা সরাসরি বরাদ্দ হচ্ছেনা কেন? এব মদিনীপুর থেকে ওঁরা জানিয়েছেন যে ২ মাস অবধি তাঁরা কোনও অর্ডার পাচ্ছেন না। সে প্রসক্রিপসন অনুযায়ী চশমা পাবেন কিনা, কারণ আই জি-র ফাইল-টা দেখার সময় হচ্ছে না হায়াট হ্যজ দি আই জি গট টু ড় উইথ ইট। আমি তো বুঝতেই পারছি না, আই জি-র তে র্ডার হয়ে গেছে, যদি চোখ খারাপ হয়ে থাকে তাহা বাইরে দেখান প্রেসক্রিপসন যা হবে দি ন, ১২ টাকা না বরাদ্দ আছে চশমার জন্য বাকীটা ওঁরা নিজেরা দিয়ে করিয়ে নেবেন, কিন্ ইজন্য যে কতগুলো সুরেমারেটিক মেজার বাধা সৃষ্টি করে, এটাতে জেলের মধ্যে যাঁরা আছে াদের এমন মন খারাপ হয়, এত তিক্ততার সৃষ্টি হয়, এ আমি দেখেছি। সেইভাবে ধরু গনও জেলের একটা গাড়ীর জন্য তাদের সম্পূর্ণভাবে নির্ভরশীল যদি কাউকে বাইরে নি যেতে হয় তাহলে পুলিশের সাহায্যে আই জি-কে ফোন করে, লালবাজারে ফোন করে, তার যদি এ্যাসকোর্ট দিতে পারে, গাড়ী দিতে পারে। তাদের বাইরে যাবার ব্যবস্থা হতে পারে। তা আপনারা তো এই অবস্থা করছেন, বিনা বিচারে মানুষকে বছরের পর বছর আটকে রেখেছেন, তাহলে কেন এক আধখানা গাড়ী আপনারা রাখতে পারছেন না, যেখানে এত টাকা খরচ হচ্ছে যাতে তারাই সেখানে এ্যাসকোর্ট দিয়ে নিয়ে যেতে পারেন হসপিটাল-এ দেখিয়ে তাঁদের নিয়ে আনতে পারেন। কিন্তু সেটা না থাকার দরুন আমরা দেখেছি ট্যাক্সি পায় না, কিছু পায় না— ক্যানসেলড হয়ে যায়, ডক্টরখানা করো, তিনি বলেন যে তোমার চাকর আমি যে আজকে এসেছো!

আগে থেকে এ্যাপয়েণ্টমেণ্ট করে আসতে হয়। অথচ প্রতিকার করা যায়, এমন কোনও ঘটনা নয়, এবং আররা দেখেছি জেলে নিয়ম আছে যে একটা পিটিসান যদি লিখতে হয় তাহলে যে কোনও, যদি হাইকোর্ট-এ পিটিসান পাঠান বা স্পীকার-এর কাছে পিটিসান পাঠান, প্রত্যেকটা পিটিসান-এর কপি করে রাখতে হয়। এবং বাংলায় লিখলে, হাতে লিখতে হয় এবং টাইপ করে নিতে হয় ইংলিশ-এ লিখলে।

[5-55—6-5 p.m.]

এখন এটা দেখা যাচ্ছে, যেহেতু এদের কর্মচারীদের দিয়ে, একই লোক দিয়ে সব কাজ করাচ্ছে, জেলে বেশী লোক ভরেছেন, অথচ কর্মচারী দেননি, সেইজন্য এইগুলো কপি করতে দেরী হয়, পড়ে থাকে সুতরাং ওগুলো বাইরে যেতে দেরী হয়, এইজন্য ওঁরা বলেছেন যে এটা মন্ত্রীমহাশয়ের এ্যাটেনসান ড্র করতে যাতে ২।১ জন লোক ওখানে বাড়ায়, এই গেল ভেতরের কথা। এই যে সামান্য কতকগুলো জিনিষ যেগুলো খুব গুরুত্বপূর্ণ এবং সেগুলো সরকার এক্ষুনি করে দিতে পারেন অথচ কেন করছেন না? খাওয়া দাওয়ার ব্যাপারে, জামাকাপড়ের ব্যাপার এই সব। আর একটা কথা বলছি যে বাইরে যাঁরা আছেন। অর্থাৎ তাঁদের পরিবারবর্গ সরকার শুধু প্রতিহিংসামূলক মনোভাব নিয়ে, এই যে বিনাবিচারে তাঁদের গ্রেপ্তার করেছেন, তাঁদের পরিবারবর্গকেও ঠিক করেছেন যে কতরকম ভাবে কষ্ট দেওয়া যায়, যার দরুন দেখুন ফ্যামিলি এ্যালাওন্স—আজকালকার বাজারে ৩০ টাকা এ্যাডাল্ট-এর জন্য এবং ১৫ টাকা যারা ১২ বছরের নিচে এবং ২৫ টাকা কণ্টিজেন্সি এ্যালাওয়েন্স এই ধরা হয়েছে। সেটা আবার নির্ভর করবে, সব হিসাব আমরা জানি না—ওঁরা বলেন যে অনেক কিছু দেখবো আমরা, যেমন তোমার কত রোজগার ছিল আগে, এখন কত আছে, তুমি চলে আসবার পর কি অবস্থা, এই রকম নানা হিসাব করে এমন করলেন যে একজনকে ১৩ টাকা বললেন তোমার ১৩ টাকা বরাদ্দ হল ফ্যামিলি এ্যালাউন্স, তাঁর মা আছেন, স্ত্রী এবং ২ জন ছেলেমেয়ে আছেন তাঁরা এ্যাডাল্ট, তাঁরা স্কুল, কলেজ এ পড়েন, তাঁর ১৩ টাকা বরাদ্দ হল, আমি মন্ত্রীমহাশয়কে বলেছিলাম যে এটা কি বিদ্রূপ করা হচ্ছে মানুষের সঙ্গে? অবশ্য আমি শুনছি, অর্ডার এখনও গেছে কিনা জানিনা, মন্ত্রীমহাশয় আমাকে পরে বলেছেন, এটা একটা হিসাবের কি ব্যাপার হয়েছিল, ওটা হয়তো ১১৩ টাকা হবে, উনি নাকি অর্ডার দিয়েছেন বাড়িয়ে দিতে। কিন্তু এটাও তো দয়ার উপর হবে না? মন্ত্রীমহাশয়কে আমি কবে গিয়ে বলবো যে এইরকম একটা কেস হয়েছে, আপনি দেখুন, এটা তো কথা নয়। আমি বলছি ১৩ টাকায়, ১৫ টাকায় খাওয়াই চলে না। একটা বাচ্চা ছেলে সে এ্যাডাল্ট হবে, ওন এ্যাডাল্ট হক, তার লেখাপড়া নেই, তার মাইনে দিতে হবে না? এরজন্য তো কোনও বরাদ্দ নেই, ১৫ টাকায় কি করে চলতে পারে, এটা জগন্নাথ বাবু কি ভেবেছেন, যে খাওয়াপরা ছেড়ে দিলেও অন্য জিনিষগুলোর জন্য তো কনসিডার করছেন না? এই ভাবে জিনিষটা হয়েছে, সেইজন্য অনেকেই প্রত্যাখ্যান করছেন, নিচ্ছেন না ওদের টাকা এবং তাঁরা বলছেন যে এটা নিয়ে কি করবো? ওঁরা বলছেন, আমাদের স্ত্রী পুত্রকে রাস্তায় দাঁড়াতে হবে কারণ ঘর ভাড়া দেওয়া হচ্ছে না, ঘর ভাড়া বলে কিছু নেই, খাব কি? ঘরেই যদি না থাকতে পারি তাহলে ঘরে বসে খাচ্ছিটা কোথায়? এইজন্য ঐ যে ২৫ টাকা কনটিজেন্সি এ্যালাউন্স যেটা করেছেন, আমি বলি এটা বাদে আপনাদের কনসিডার করতে হবে আজকে। কারণ এদের এখন দীর্ঘমেয়াদী ভাবে জেলে রেখেছেন, সেইজন্য যে ঘর ভাড়ার জন্য একটা ওয়েজ কিছু বিচার করে আপনাদের ব্যবস্থা করতে হবে। তা না হলে পরিবারদের ঘর ছেড়ে চলে আসতে হবে। কারণ ঘরভাড়া দেবে কোথা থেকে? এটা আমি বলছি যে ঐ হারটাকে বাড়ালে আর ঘর ভাড়ার জন্য একটা ব্যবস্থা করা। আর মজাটা হচ্ছে এই যে এখানেও—আমি একটি লিস্ট দিয়েছিলাম মন্ত্রী মহাশয়কে, তারপর আমি শুনছি একজনের হয়েছে। তিনি কলকাতার বাসিন্দা এটা মনে করে দেখুন, মুখ্যমন্ত্রী এখানে একটা বিবৃতি দিলেন কয়েকদিন আগে, তাতে অন্ততঃ আমরা বুঝেছিলাম, তিনি বলেছিলেন যে কিছু বাদে ৫, ৭, ১০ টাকা বাদে প্রায় সবগুলোই হয়ে গেছে, কিছু অর্ডার চলে গেছে, বাকীরা ফ্যামিলি এ্যালাউন্স পেয়ে যাবে। আমরা তদন্ত করছি। কিন্তু আমার কাছে একটা খবর এলো বহরমপুর থেকে ২৫ জন সেখানে আছে, তার মধ্যে ৪ জন এইরকম পেয়েছেন ফ্যামিলি এ্যালাউন্স বাকী পাননি, প্রত্যেকেরই পাওয়ার কথা, সেইরকম

দমদম জেলেও অনেকে বাকী আছেন. সেইরকম প্রেসিডেন্সি জেল-এ বাকী আছেন, আলীপুর, মেদিনীপুর ইত্যাদি জেলে এখনও বাকী আছে।. একজন অফিসার-কে আমার সামনে মন্ত্রী মহাশয় ডেকেছিলেন, তিনি অজুহাত এটাই দিলেন, এতদিন পরে অজুহাত দিচ্ছেন, যে মফঃস্বলে আমাদের দেরী হয় কারণ খবরাখবর দেরীতে আসে। ধরতে তো দেরী হয়না? মুহূর্তের মধ্যে ধরে নেন। পরশুদিনও একজনকে ধরেছেন। সরোজ মুখার্জি, তিনি রোজই আমাদের অফিস-এ আসেন, আমাদের অফিস-এ এসেছিলেন করপোরেশান-এর ইলেকসান -এর চার্জ-এ ছিলেন তাঁকে ধরতে তো দেরী হলনা? ১৬ তারিখের অর্ডার, ১৮ তারিখে তাঁকে ধরা হল, তাঁর বাড়ীতে গিয়ে। আমি বলি এই খরচগুলো ৩।৪ মাস হয়ে গেল. তাদের পরিবারবর্গ সাফার করছে, কেন এত দেরী হচ্ছে? সহানুভূতির অভাব, প্রতিহিংসামূলক এটাই আমি বলতে পারি। এছাড়া আমি আর কিছু বলতে পারি না। এবং আর একটা কথা হচ্ছে যে এমন একটা কথা মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে হাজার টাকা ইনকাম-এর কয়েকজন কয়েদী আছেন, যাদের সংখ্যা খুব কম, তাঁদের যদি আপনারা ৭৫ টাকা দেন তাহলে কি হবে? করবে কি তাঁরা? তার থেকে ভাল স্ত্রী, পুত্র, সব নিয়ে তাদের জেলে পুরে দিন. ভারত রক্ষা আইনে আছে. খাবে ওখানে বসে বসে, আর কি করবে? ঘর ভাড়াও দিতে হবে না, কোনও অসুবিধা হবে না। অনেকের ইনসিওরেন্স আছে, এটা অবশ্য খুবই কম, কিন্তু এইগুলো গতবার বিবেচনা করা হয়েছিল এবার দেখছি এইসব বিবেচনা আর হচ্ছেনা। লাইসেন্স ফি. উকিল আছে, ব্যারিষ্টার আছে ইত্যাদি নানারকমের খরচের ব্যবস্থা তারা আজ পর্যন্ত করলেন না। এবং প্রতিহিংসামূলক কেন আমি বলছি, এটা মন্ত্রীমহাশয় একটু চিন্তা করবেন যে কলকাতায় ধরছেন. পাঠিয়ে দিচ্ছেন মেদিনীপুরে, পাঠিয়ে দিচ্ছেন বহরমপুরে কেন? কলকাতায় অনেক নেতৃবৃন্দকে, কেন্দ্রীয় নেতাকে, আমাদের পার্টি-র, তাঁদেরকে তো আপনারা দমদমে রেখেছেন বেশীর ভাগ. তাহলে কিছু আপনারা বেছে বেছে, অনেকে নেতাও নয়, তাদের আপনারা বহরমপুরে পাঠাচ্ছেন, আমাকে একজন বললেন তাঁর স্ত্রী আছেন, সেই ভদ্রলোক কিকরে তার ছেলেকে দেখবেন. তাঁর স্ত্রী কিকরে তার বাচ্চাকে নিয়ে বহরমপুর যাবেন? কেন বেহালার লোকটাকে নিয়ে গেলেন ওখানে? কোনও কারণ নেই, এখানে তো জায়গা আছে যথেষ্ট—প্রতিহিংসা। সতীশ পাকড়াশীর মত লোক যিনি ৩০ বছর জেল খেটেছেন ব্রিটিশ-এর বিরুদ্ধে সংগ্রাম করে, তাঁকে কড়েয়া রোড থেকে ধরে নিয়ে যাওয়া হল পুরুলিয়ায়. তাঁর উপর আর প্রতিহিংসা নিয়ে কি লাভ? অত বয়স যে মানুষের হয়েছে, তাঁর জুতোর শুকতলার যোগ্য নয় আপনারা যাঁরা তাঁকে ধরে নিয়ে গেলেন, ৩০ বছর যিনি জেল খেটেছেন ঐখানে—আমি মুখ্যমন্ত্রীকে এই বিশেষ কেস-টা বলেছিলাম কারণ আমি অবাক হয়ে গেছিলাম, অবশ্য মুখ্যমন্ত্রী তাঁকে ফিরিয়ে এনে এখানে অন্য একটা জেলে রেখেছেন। কিন্তু এই রকম অনেকেই আছেন। একে বিনা বিচারে গ্রেপ্তার, বিনা অজুহাতে গ্রেপ্তার, কোনও কারণ নেই, কোনও কারণ দর্শাতে পারছেন না, মিথ্যা কথা বলছেন তাদের সম্বন্ধে. একেবারে জলজ্যান্ত মিথ্যা কথা, আবার যদি এই রকম জেলের ভেতর ব্যবহার করেন তাহলে কি মনে হয়?

সেজন্য আমি বলবো এগুলি একটু চিন্তা করে দেখুন সমস্ত ক্ষমতা আপনাদের হাতে আছে কিন্তু মানুষকে আপনারা এ পায় ঠেলে দেবেন না। কারণ ওরা চিন্তা করছেন তাঁদের আর কি উপায় আছে জেলের ভিতরে গেলে যে ভাবে লড়াই করে সমস্ত আদায় করতে হয় সে পথ গ্রহণ করা ছাড়া। গত পরশুদিন তাদের সংগে গিয়ে আলোচনা করে এসেছি এবং ১০ দিনের মধ্যে তাঁরা যে হাঙ্গার ষ্ট্রাইকের নোটীশ দেবেন এটা যেন এখন না দেন। কারণ আমি মুখ্যমন্ত্রী এবং কারামন্ত্রীর সঙ্গে এ বিষয়ে আলোচনা করবো তারপর দেখা যাক কি করা যায়। শশাঙ্কবাবু তিনিও তাঁদের বলে এসেছেন এখন হাঙ্গার ষ্ট্রাইক করো না আমরা যদি ব্যর্থ হই তখন তোমরা মরণের পথে যাবে কিনা ভেবে দেখো। কারামন্ত্রী এগুলি একটু চিন্তা করবেন. তাঁর যদি ব্যক্তিগত ভাবে ক্ষমতা না থাকে তাহলে কেবিনেট মিটিং-এ এ সমস্ত বলিবেন এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন যে জেলে যাদের আপনারা বিনা বিচারে আটক রেখেছেন তাঁদের খাদ্য বস্ত্র চিকিৎসা ইত্যাদির জন্য আরো কি অতিরিক্ত ব্যবস্থা করতে পারেন। ডাঃ রায় [illegible]। এগুলি বুঝেছিলেন তিনি কারারুদ্ধ যারা ছিলেন সেই প্রেসিডেন্সি জেলে দমদম জেলে অদের উপর গুলি চালিয়ে তাদের হত্যা করেছিলেন কিন্তু তারপর তিনি মেনে নিয়ে-

ছিলেন যে এদের একটু সুযোগ সুবিধা দেওয়া দরকার এবং পি-ডি এ্যাক্ট-এর অসুবিধাগুলি দূর করা দরকার, এগুলি আশা করি আপনি চিন্তা করবেন।

Shri Sunil Das Gupta:

আমার আগে জ্যোতিবাবু রাজবন্দীদের বিনাকারণে ভারতরক্ষা আইনে যে সব লোক গ্রেপ্তার হয়েছেন তাদের সম্বন্ধে বিস্তারিত ভাবে বলেছেন। আমরা ইমারজেন্সী-কে সাহায্য করেছিলাম কিন্তু আমরা দেখে আশ্চর্য হয়ে গেছি যে আমাদের তিনজন বন্ধু শৈলেন দে, সরল দেব, শান্তি গাঙ্গুলী এদের ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করেছেন এবং গত পরশুদিন তাদের মেয়াদ রিভিউ করে আরো ৬ মাস বাড়িয়ে দেওয়া হয়েছে। আমরা বারবার দাবী করেছি তাদের ফ্যামিলি এ্যালাওয়েন্স দেবার জন্য কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী আশ্বাস দেওয়া সত্বেও আমরা আশ্চর্য হচ্ছি এখনও পর্যন্ত তাদের কোনরকম ফ্যামিলি এ্যালাওয়েন্স দেওয়া হয় নি। আমার বক্তব্য মেনলি মফঃস্বল জেলগুলির উপর সীমাবদ্ধ রাখবো। কারণ জ্যোতিবাবু কলকাতা জেলের সম্বন্ধে মোটামুটি বলেছেন—তবুও আমি কয়েকটা কথা কলকাতা জেল সম্বন্ধে বলতে চাই। গত বৎসর আমরা প্রেসিডেন্সি জেলে গিয়েছিলাম। সেই প্রেসিডেন্সি জেলে আমরা দেখেছি নেতাজী যে ঘরে ছিলেন সে ঘরটা রক্ষা করবার মত কোন ব্যবস্থা হয় নি এবং নেতাজীর যে মূর্তি সেটা ভালভাবে রক্ষা করার দায়িত্ব তারা পালন করেন নি। কলকাতা এবং মফঃস্বল জেলে দেখেছি পাগলের সংখ্যা খুবই বেশী। কোন সুস্থ লোক যে সেখানে থাকতে পারে সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। আমরা দমদম প্রেসিডেন্সি ইত্যাদি জেলে ছিলাম দেখেছি আমাদের রাজবন্দীদের যে ঘরে রাখা হয়েছিল ঠিক তার পাশে পাগলকে ছেড়ে দেওয়া হয়েছিল। সারা রাত ধরে তারা চিৎকার করে এবং উলঙ্গ হয়ে ঘুরে বেড়ায়। সেজন্য অনুরোধ করবো জেলের মধ্যে পাগলের উৎপাৎ যেন বন্ধ করেন। আমি বিভিন্ন মফঃস্বল জেলগুলি দেখেছি সেখানে অত্যন্ত বেশী কনজেসান। সেখানে জেলের ভেতরে যা ক্যাপাসিটি তার চেয়ে বেশী কয়েদী রাখা হয়। এই সম্পর্কে কয়েকটা তথ্য রাখতে চাই সিউড়িতে ও কুচবিহারে ১৩৩ জন রাখার ব্যবস্থা আছে।

[6-5—6-15 p.m.]

কিন্তু আমরা দেখছি সেখানে ১৯০, ১৪৭, ২২৬ জন পর্যন্ত কয়েদী রাখা হয় মাথাভাঙ্গা জেলে ২০ জন রাখবার ব্যবস্থা আছে সেখানে ৫৭, ৭৭, ৪০ পর্যন্ত কয়েদী রাখা হয়। এইভাবে বিভিন্ন মফঃস্বল জেল যদি তুলনাকরে দেখি তাহলে দেখবো সেখানে ঐ সমস্ত জেলে অত্যন্ত স্থান সংকুলান আছে। এবং সমস্ত কয়েদীদের একই ভাবে রাখা হয় যেটা সাধারণ মানুষের পক্ষে থাকা সম্ভব নয় সেজন্য প্রস্তাব করছি মফঃস্বল জেলগুলি যেন তারা স্থান সংকুলানের ব্যবস্থা করেন, বিশেষ করে রাজনৈতিক বন্দীদের মফঃস্বল জেলগুলিতে রাখবার কোন রকম ব্যবস্থা নেই। কংগ্রেসী রাজত্বের কল্যাণে আমাদের প্রতি বৎসর ২।৩ বার করে জেলে যেতে হয় তখন আমাদের যে কি অসুবিধা হয় সেটা বলবার নয়। আমাদের একাধারে স্থান সংকুলানের অভাব। ফাঁসীর আসামীর সেলে মাঝে মাঝে কাটাতে হয়। সেজন্য আমি বলব বাংলাদেশের আপনারা কোন সমস্যার সমাধান করতে পারেন নি তখন যখন লোকের জেলে যেতে হবে তখন এই বিভিন্ন জেলে যাতে রাজনৈতিক বন্দীদের রাখবার ব্যবস্থা তার ব্যবস্থা করেন। জেল হাসপাতালগুলিতে অদ্ভূত ব্যাপার চলছে আমরা একবার দেখলাম পাকিস্তানের ২ জন মিলিটারী-কে ধরে আনা হল তাদের জেল কম্পাউন্ডার করে রাখা হল। জেলের মধ্যে কোন ডাক্তার নেই অথচ কম্পাউন্ডার রেখেছেন। সেইজন্য কম্পাউন্ডার ব্যবস্থা করুন বা ঔষধের কোন ভাল ব্যবস্থা নেই সেখানে ১, ২, ৩ নং এই রকম ঔষধ আছে বিভিন্ন রোগে একই রকম ঔষধ দেওয়া হয় সেজন্য আমি প্রস্তাব করছি জেলের ভেতরে হাসপাতালে রেগুলার কম্পাউন্ডার-এর ব্যবস্থা করা উচিত। এবং সেখানে যাতে সব রকমের ঔষধ পাওয়া যায় তার ব্যবস্থা করুন, লাইব্রেরী সম্বন্ধে মন্ত্রীমহাশয় বললেন, জেলের লাইব্রেরী ভাল করবার জন্য যেখানে আগে ১,৭০০ টাকা ব্যয় করা হত এখন সেখানে ২ হাজার টাকা ব্যয় করা হচ্ছে। এটা আশ্চর্যের কথা যেখানে ১টা বই

কিনতে ৬।৭ টাকা লাগে ঐ জেল লাইব্রেরীতে ২ হাজার টাকার কটা বইয়ের ব্যবস্থা হবে জানিনা সেজন্য অনুরোধ করবো লাইব্রেরী-গুলি ভাল ভাবে সংস্কার সাধন করে সমস্ত বন্দীদের পড়াশুনা করাবার ব্যবস্থা হয় এবং তাদের সাময়িক আনন্দ দেবার জন্য যে সমস্ত বই-এর দরকার সে সমস্ত বই উপযুক্ত ব্যবস্থা করে উপযুক্ত টাকা খরচ করবেন এটা আশা করি। আমি আর একটু কথা বলব একটু আগে মন্ত্রীমহাশয় বললেন যে ইংরাজ আমলে ব্যবস্থা ছিল এখানে শাস্তি দেবার, আমি কারা আইন সংশোধন করে সেখানে জেলের মধ্য থেকে মানুষ করবার ব্যবস্থা করছি। আমি বলব মোটামুটি জেলে কোন কোন কারণে কারা আইন সংশোধন করা হয়নি। যেটুকু করা হয়েছে সেটা কোন কিছু নয়। আমি সামান্য একটা দৃষ্টান্ত দেব গত বৎসর যখন আমরা দমদম জেলে ছিলাম তখন দেখলাম এক ভদ্রলোক আশুতোষ দাশের ছাতার মত ছাতা মাথায় দিয়ে আসছে। সামনে এলেন কি ব্যাপার যে শুনলাম তিনি সুপারিণ্টেণ্ডেণ্ট ইংরাজ আমলের সেই ছাতা মাথায় দেবার যে প্রভিশন ছিল সেটা তারা এখনও পরিবর্তন করতে পারেন নি। জেলে আজকে চুরি প্রচুর পরিমাণে চলেছে, জেল হল কনট্রাক্টার-এর দের স্বর্গ, কয়েদীদের খাবার থেকে অনেকের সংসার চলে যায়। সাধারণ কয়েদীদের যে খাবার দেওয়া হয় তা গরুতেও খায় না। সেজন্য আমি মন্ত্রীমহাশয়কে যে সাধারণ কয়েদীদের যে খাবার দেওয়া হয় সেটার প্রতি তিনি একটু ব্যক্তিগত ভাবে নজর দেবেন, আমি এই কথা বলেই এই ব্যয় বরাদ্দের সম্পূর্ণ বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে জগন্নাথবাবু বলে গেছেন যে প্রাক্ স্বাধীনতার চেয়ে আমাদের অনেক কিছু উন্নতি হয়েছে জেলেতে এবং সেই প্রসঙ্গে একটা কথা বলেছেন যে এই বছর কয়েক-জন ম্যাট্রিকুলেশান পরীক্ষা দিচ্ছেন এবং কয়েকজন বি-এ পরীক্ষা দিচ্ছেন। যারা বি-এ পরীক্ষা দিচ্ছেন তারা সাধারণ কয়েদী নয় নিশ্চয়ই ভারতরক্ষা আইনের ৩০ ধারার বন্দী।

এবং ওটা উনি উল্লসিতভাবে বললেন যে এত বড় অগ্রগতি আমাদের হয়েছে—ওঁরা কোন দিনই জেলে যান নি—জানেনও না—। কিন্তু একটু আগে জ্যোতিবাবু বলে গেলেন যে ভারতরক্ষা আইনে যারা আছেন তারা আগে কি কি সুবিধা পেতেন এখন পাচ্ছেন না। যারা আজকে পরীক্ষা দিচ্ছেন বৃটিশ আমলে এই সমস্ত পরীক্ষার্থীদের একটা এডুকেসন এ্যালাউন্স দেওয় হোত বই কেনার টাকা দেওয়া হোত -কিন্তু এখন তাদের ঘর থেকে নিয়ে গিয়ে পরীক্ষা দিতে হচ্ছে—আর উনি গোরবের সঙ্গে বলছেন যে জেল থেকে ব্যবস্থা করছি। লাজ-লজ্জার একটা সীমা আছে বলবার সময় তিনি সেটা ছাড়িয়ে গেছেন। কিযে পরিবর্তন হোল আমরা তা কিছুই বুঝতে পারছি না। জেলখানায় আমি বহু দিন ছিলাম সেখানে কেবল মাত্র একটা পরিবর্তন করেছেন এবং সেই পরিবর্তনের জন্য বাজেটকে সমর্থন করা যায় না যে বাজেটে মাথাভারী উনি করেছেন। আগে বৃটিশ আমলে জেলা জেলগুলিতে সর্বক্ষণের জন্য কোন সুপারিণ্টেণ্ডেণ্ট ছিল না। যিনি সিভিল সার্জেন ছিলেন তিনি আংশিক সময়ে দেখতেন এবং তাঁকে কিছু এ্যালাউন্স দেওয়া হোত, এখন সাড়ে সাতশ আটশ টাকা দিয়ে সুপারিণ্টেণ্ডেণ্ট রাখা হচ্ছে সেদিক থেকে খরচ বাড়িয়েছেন। তার পর ছোট ছোট জেলগুলিতে এ্যাসিসটেণ্ট জেলার ছিল—সেগুলি তুলে দিয়ে ডেপুটি জেলার করলেন—তার পর ওয়ার্ডার যে চুরি করে, সেটা ভাববার কথা যে কেন চুরি করে—এই সমস্ত এ্যাসিসটেণ্ট জেলার প্রমোসন হোত যেমন পুলিশের এ-এস-আইদের প্রমোসন যারা লেটারেট কনষ্টবল ম্যাট্রিক পাশ বা বি-এ পাশ করা তাদের নর্মাল চ্যানেলে তাদের প্রমোসন হয়—কিন্তু আই-জি সাহেব এই সমস্ত ওয়ার্ডার যারা আছেন তাদের প্রমোসন বন্ধ করে দিয়েছেন। এই সমস্ত লেখাপড়া জানা ছেলেরা নিজের সংসার প্রতিপালন করতে গেলে ৫৫ টাকা হয় না—সেজন্য চুরি করতে বাধ্য হয়। এবং সেজন্য যদি জেলে কারও সঙ্গে কেউ দেখা করতে যান তাহলে এক টাকা দু টাকা করে বকসিস দিতে হয়—এবং এটা আসানসোল জেলে ধরা পড়েছে ২।১ জন ওয়ার্ডার। মাঝখানে যে স্তরে যে প্রমোসন ছিল সেটা বন্ধ করে দিয়েছেন দিয়ে সুপারিণ্টেণ্ডেণ্ট, ডেপুটি জেলার এই সব এ্যাপ-য়েণ্ট করলেন—এইভাবে অগ্রগতি হয়েছে। সাধারণভাবে কোন অগ্রগতি হয় নি। জেলে খুব

শল্প বিস্তার হয়েছে বলেছেন কিন্তু নূতন কি শিল্প এই স্বাধীনতার পরে হয়েছে তা কিছু বোঝা যাচ্ছেনা। অন্ততঃ জেলা জেলে কোন কিছু হয় নি। তিন বছর ধরে বহু প্রশ্ন দেওয়া চ্ছে যে জেলা জেলে যে কয়েদীরা আছে তারা অনেক ভাল জিনিস তৈরী করে—এখানে তিকারের লোকদের শিক্ষা দেওয়া যায়—যাতে বাইরে গিয়ে তারা জীবিকা অর্জন করতে পারে র কোন ব্যবস্থা হোল না। যে শিল্পগুলি ছিল সেগুলি তারা মজুরী না দেবার জন্য—নসেন্টিভ টু প্রোডাকসন বলে যে বস্তুটা আছে—সেটা আজ পর্যন্ত চালু করলেন না। তিন ছর চার বছর আমরা দেখছি. যে কিছুই করলেন না। কাজেই তারা বাইরে এসে আবার ক্রিমিন্যালের কাজ করছে। শুধু তাই নয় ছোট ছোট ছেলে যারা বিচারাধীন থাকে- আণ্ডার ায়াল, তারা পাকাপোক্ত চোর হয়ে বেরিয়ে আসছে। কাজেই নূতন করে চোর তৈরী হচ্ছে। তরাং এই সমস্ত জিনিসগুলির কোন পরিবর্তন হয় নি। এই সব দিক থেকে এবং খাবারের ক থেকে মান অনেক নেমে গেছে এবং এমনভাবে যান্ত্রিক অর্ডার আই-জি দেন তার একটা মুনা দিচ্ছি। ওঁরা অর্ডার দিয়েছেন যে জানুয়ারী ফেব্রুয়ারী মার্চ এপ্রিল এই চার মাস জেলের প্রয়োজনীয় তরকারী সেগুলি কেনা হবে না—জেলের বাগানে যে উৎপন্ন হবে সেগুলি াওয়া হবে। কিন্তু গত বছর আমি জানি বর্ধমান জেলে যে সমস্ত বাগিচা আছে সেই সমস্ত াগিচায় বেগুন এবং কপিতে পোকা লেগে সমস্ত নষ্ট হয়ে গিয়েছিল কাজেই কিছুই হোল া। সুপারিন্টেন্ডেন্ট সাহেব কিনতে পারেন না যেহেতু আই-জি-র অর্ডার আছে—বাজার কে কেনা হবে না। কাজেই ঘাসপাতা খাইয়ে কয়েদীদের চার মাস রেখে দেওয়া হোল—ইটা খোঁজ নেবেন হয়েছিল কিনা—কাজেই এদের অবস্থার কোন পরিবর্তন হয় নি।

[6-15—6-25 p.m.]

র পর জেলখানায় পুরানো যে ল্যাট্রিন ছিল তার কোন পরিবর্তন হয় নি। আমি ১৯৪৯-০ সালে বর্ধমান জেলে ডেটিনিউ ছিলাম. তখন ল্যাট্রিনের কোন ব্যবস্থা ছিল না। ১৯৬২ লে সেপ্‌টিক ট্যাঙ্ক ল্যাট্রিনের জন্য টাকা স্যাংসান হয়েছে—কিন্তু আজ পর্যন্ত তা খরচ হয় , অথচ ওখানে নূতন ওয়ার্ড একটা তৈরী করা হোল ৬০ হাজার টাকায় কনট্রাক্ট দিয়ে—ড়াতাড়ি হোল—কিন্তু সেই ওয়ার্ডটা এখনও পর্যন্ত ব্যবহার হয় নি- গুদাম হিসাবে ব্যবহার চ্ছে। ফলে বৃটিশ আমলে ২০।২৫ জন একসঙ্গে বসে যেমন পাইখানা করতো সেই রকম সিস্টেমই আছে। There is nothing to maintain privacy.

খানে আলাদা কম্পার্টমেন্টের কোন ব্যবস্থা নেই। এই জিনিসই করছেন ওঁরা। তারপর হাসপাতালের কোন রকম ব্যবস্থা নেই। হাসপাতালে গরমের দিনে পাখার কোন ব্যবস্থা নেই। খানে পুরানো দিনে মশারী দেওয়া হোত না আজও দেওয়া হচ্ছে না—সেখানে ট্রেণ্ড নার্সও ই। তার পর প্রতিটি ডিস্ট্রিক্ট জেলে যারা মহিলা ওয়ার্ডার আছেন তাদের ১২ ঘণ্টা করে ডিউটি দিতে হয়। এ সামন্ত যুগের চেয়ে নীচের যুগের ব্যাপার হচ্ছে। কাজেই এর এই ব্যবস্থা এর কোন পরিবর্তন হয় নি। সুতরাং এই মাথাভারী বাজেটকে আমি কোন রকমে র্থন করতে পারছি না। এর এ্যাডমিনিস্ট্রেসন খাতে গত তিন বছরে যে তিন কোটি কত ক টাকা ব্যয় হয়েছে তার মধ্যে উন্নয়ন খাতে শতকরা ৯ ভাগ মঞ্জুর করেছেন অথচ খরচ রেছেন মাত্র ৭ ভাগ। কিন্তু এ্যাডমিনিস্ট্রেসনের খাতে খরচ বেড়ে গেছে—কাজেই আমি একে র্থন করতে পারছি না।

Shri Kanai Pal:
ননীয় স্পীকার মহাশয়, এই বাজেট ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমি বলতে চাচ্ছি—যে ননীয় মন্ত্রীমহোদয় যে বলেছেন যে জেলের অনেক কিছু পরিবর্তন করেছেন- পরিবর্তনের ধ্য একটা পরিবর্তন আমরা দেখছি যে অতীতে যে ১৪ ইয়ারস রুল জেলে ছিল—যাবজ্জীবন রাদণ্ড থাকুক আর যাই থাকুক—সেটা রেমিসন নিয়ে ১৪ বছর সাজা খাটার পর তারা যে মুক্ত য যেতো সেটা বেমালুম ওঁরা পরিষ্কার করে দিয়েছেন—এখন যত দিন না মরবেন স্বাভাবিক-বে ততদিন মুক্তি নেই। এই একটা পরিবর্তন তাঁরা করেছেন। আর জেল কোড রুলস—

পরম ব্রহ্ম যেটা দিয়ে কয়েদীদের জব্দ করা হয় তার একটা নাম ওঁরা পরিষ্কার দিয়েছেন— কারাসংহিতা—যেন মনুসংহিতার মত—(হাস্য......)

আর সেটা ছাপা হবে। ছাপিয়ে হবে কি?—এই জেল কোড রুলস তারা নিজেরা কিনলেও পড়তে দেওয়া হয় না দেখতে দেওয়া হয় না। গাইড দেখাতে চাইলে সে পাতাটা খুলে বলা হয় এই পাতায় চোখ রাখুন অন্য পাতায় যাবেন না। এই জেল কোড রুলের আমূল সংস্কার হওয়া দরকার। এই জেল কোড রুল নূতন করে ছাপাচ্ছেন—এখানে আমূল পরিবর্তন না করে—অনর্থক ছাপিয়ে ব্যয় করবেন না। এই জেল কোড রুলের মধ্যে কয়েদীদের জব্দ করার জন্য যেমন জিনিস আছে তেমনি অথরিটিদের মেনে চলার মত বহু সিদ্ধান্ত আছে—আইন আছে, কিন্তু সেগুলি আদৌ পালন করা হয় না—এবং জেলের কয়েদীদেরও জানতে দেওয়া হয় না যে তাদের কি মেনে চলতে হবে আর সরকারকেই বা কি মেনে চলতে হবে। আমি মূলগতভাবে আর একটা কথা বলবো ১৪ বছর সাজা খাটার পর এমন অনেক বন্দী রয়েছেন যাদের আটক রাখা হয়েছে—তারা বছরের পর বছর বিচার করছেন এবং বিচার করে তাদের আটক রেখেছেন। কিন্তু মূলগতভাবে আজকেও আই-জি অব প্রিজনস বললেন যে ১৪ বছর পর সাজা খাটা হয় না অধিকাংশ ক্ষেত্রে কিন্তু আমরা জানি যে এই রকম হচ্ছে—মেদিনীপুর জেলে রয়েছেন আমারই এক পরিচিত বন্ধু—তিনি সেইভাবে রয়েছেন আটক—কিন্তু আশ্চর্য যে এদের আর্লিয়ার মুক্তির জন্য রক্ত দিতে হচ্ছে, ২০ দিন রক্ত দিলে ২০ দিন রেমিসন পাবেন, তার পর প্রতিবার দু দিন করে এবং বছরে ৬ মাস পর্যন্ত রক্ত দিতে পারেন—কিন্তু এই রকম দিলে সকাল সকাল মুক্তি পাবেন বলে যা আছে—কার্যক্ষেত্রে গিয়ে তারা কিন্তু মুক্তি পাচ্ছেন না—তাদের সেই সুযোগ দেওয়া হচ্ছে না। অথচ তাদের কাছ থেকে রক্তটা টেনে নেওয়া হচ্ছে এই অদ্ভুৎ অবস্থা জেলের মধ্যে সৃষ্টি করা হয়েছে।

সেই সঙ্গে সঙ্গে আমি আর একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এ্যাডভাইসারি বোর্ড বলে একটা ব্যাপার আছে। কতকগুলি ধারাতে কোন ব্যক্তি পুরো সাজা খাটবার অনেক আগে তাকে মুক্তি দেওয়ার ব্যবস্থা আছে। সেই ব্যবস্থা অনুযায়ী আমরা দেখেছি যে কয়েক বছর ধরে এই এ্যাডভাইসারি বোর্ড যতগুলি রেমিসানের জন্য সিদ্ধান্ত করে পাঠিয়েছে সেগুলি যারা কার্যকরী করবেন সেই জুডিসিয়াল ডিপার্টমেণ্ট একটাও অনুমোদন করেন নি। যেখানে বছরে দু'বার করে বোর্ড বসে এবং প্রতিবার একটা সেণ্ট্রাল জেল থেকে ১৫।২০।৩০ জন ছাড়া পেত আজ সেখানে বন্দীদের মধ্যে একটা লোক ছাড়া পায় এবং সেখানে দেখা যাচ্ছে এই আইন তুলে দিলেই ভাল হয়। কিন্তু সরকারের দালাল যারা চোরাকারবারী করে ধরা পড়ে তাদের এই আইনের সুযোগে ছেড়ে দেওয়া হয়। অথচ কয়েদীদের কাউকে ছাড়া হয় না। সেই সঙ্গে সঙ্গে আমি বলব এক্সপেরিমেণ্টের জন্য ১০ বছর আগে কেন্দ্রীয় ৫টি কারাগারে আপনারা মজুরী প্রথা চালু করেছেন। এই জেলার জেলাগুলিতে ১০ বছরে আপনাদের এই এক্সপেরিমেণ্টাল বেসিস শেষ হল না। এখনও আপনারা বুঝলেন না এর সুযোগ সুবিধা কি? এখনও আপনারা চিন্তা করছেন? এর ফলে হচ্ছে কি কেন্দ্রীয় কারাগারের যে লোককে আপনার কাজে বাইরে পাঠালেন ডিষ্ট্রিক্ট কারাগারে সরকারী প্রয়োজনে সে মাইনে পেলনা, যেহেতু সে ডিষ্ট্রিক্টে গেল। এ এক অদ্ভুত ব্যবস্থা চালু রয়েছে। অবিলম্বে আপনারা সমস্ত জেলায় এইভাবে মাইনে দেওয়ার ব্যবস্থা করুন। আর ৪ আনা ৬ আনা মাইনের জায়গায় একটু বাড়ান, সত্যিকারে মানুষের মত বাঁচবার যাতে সুযোগ-সুবিধা পেতে পারে এই রকম ব্যবস্থা করুন।

Shri Padak Mahata:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান জেল-ব্যবস্থা কংগ্রেসের শাসন-অযোগ্যতার আর একটি বড় পরিচয়। কারণ, জেল ব্যবস্থা সমাজের বিপথগামী মানুষের সংশোধন ব্যবস্থা। কারা ব্যবস্থা বিষয়ে বিশ্বের মানুষের দৃষ্টিভঙ্গীর আজ বহু পরিবর্তন হয়েছে। এরজন্য মনস্তত্বের নূতন প্রয়োগ ও মানবিক ব্যবস্থা সমূহের আজ প্রয়োজন। কিন্তু কংগ্রেস এ বিষয়ে আজও মধ্যযুগে

কারা বিষয়ে কংগ্রেসের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না হবার একটি বড় কারণ রয়েছে। তা হচ্ছে এই যে মানবিকতার দায়িত্ব বোধে কংগ্রেস শাসন পরিচালনা করছে না। ক্ষমতার লোভ এবং দমন নীতির দৃষ্টিতেই কংগ্রেসের শাসন চলছে—সুতরাং সমাজ বা মানুষের প্রতি দায়িত্ববোধ যদি কংগ্রেসের থাকতো তাহলে কারা ব্যবস্থাতেও তা দেখা যেত। কিন্তু মূলেই এসব কিছু নেই

Mr. Speaker: Mr. Mahata, I have told you the other day that prepared speeches are not generally allowed to be read on the floor of the House. Any way, you carry on.

Shri Padak Mahata:

কারা ব্যবস্থার সংস্কার দূরে থাক—কংগ্রেসী শাসনে কারা ব্যবস্থা আজ আরো অভিশপ্ত। কারণ, এখানে মানুষেকে শোধরাবার আয়োজন তো নেই-ই বরং অগণিত নিরপরাধ মানুষকে আটক রাখা হয় দলীয় রাজনৈতিক স্বার্থে। অত্যাচার ও অবিচার যে শাসনের মূল কর্মধারা তাকে শাসন চালাতে হয় পুলিসী শক্তির জোরে। সুতরাং অবাধ পুলিসী শাসনের উপযোগী যে জেল ব্যবস্থা আজ চলছে তা নরকসদৃশ। তারজন্য মানুষ সমাজের ওপরই আরো বিমুখ হয়ে উঠছে। কারা ব্যবস্থায় কংগ্রেসী অনাচারের বিভিন্ন রূপ যা হয়েছে তার দু'একটি কথা বলি। পঞ্চায়েতের নামে জেলের মধ্যে দুর্নীতির অবাধ সুযোগ হয়েছে। দুর্নীতি ও চক্রান্তের ব্যাপারগুলি পঞ্চায়েতের আড়ালে ও পঞ্চায়েতের নামে হচ্ছে। জেলের দুর্নীতি ও অব্যবস্থা তদারক করবার জন্য জেল ভিজিটার ব্যবস্থা। কিন্তু দুর্নীতির জন্য সমাজে কুখ্যাত ব্যক্তিদেরই জেল ভিজিটার করে দুর্নীতির সুযোগ ও ক্ষেত্রকে অনুকূল করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের পুরুলিয়া জেলের একটা অভিজ্ঞতার কথা বলি। আমি পুরুলিয়া জেল দেখেছি। মানুষকে কিভাবে আপনারা জেলের ভেতর আটকে রেখেছেন তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। সেখানে যে পায়খানা আছে সেই পায়খানার ভেতর কোন রকম পর্দা দেওয়া নেই। সেখানে মানুষকে পশুর মত পায়খানার কাজ শেষ করতে হয়। আমি নিজে দেখেছি সেই পায়খানায় মগ দেওয়ার কোন ব্যবস্থা নেই। সেখানে যে বাটি এবং গ্লাস দেওয়া হয় সেইগুলি পায়খানায় জল শৌচের কাজে ব্যবহার করতে হয়। আমি জেলের ভেতরে আরো দেখেছি বিভিন্ন কয়েদীদের মধ্যে যে কম্বল দেওয়া হয় নিজের নিজের কম্বল ব্যবহার না করে অন্যের কম্বল ব্যবহার করতে হয়। সেজন্য জেলের মধ্যে গণ্ডগোল হয়। সেজন্য আমি জেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন এই বিষয়ে দৃষ্টি দেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-25—6-35 p.m.]

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার স্যার, আমি এই জেল বা কারা বিভাগের ব্যয় বরাদ্দের বিরোধিতা করতে গিয়ে বিশেষ একটা বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে মন্ত্রীমহাশয় বলেছেন যে, জেল কোড সংশোধন হয়েছে। কিন্তু একটা জিনিষ যেটা স্বাধীন ভারতবর্ষে হওয়া উচিত নয়, যেটা আজও চলছে; সেটা হচ্ছে এই বিচারাধীন বন্দীদের সঙ্গে সাধারণ কয়েদীদের মত ব্যবহার করা হচ্ছে। আপনি জানেন এরা দোষী কি নির্দোষ সেটা ঠিক হয় নাই, অভিযুক্ত হতে পারে তারা। কিন্তু জেলখানায় তাদের নিয়ে গিয়ে সাধারণ কনভিক্টেড বন্দীদের মধ্যে জেলে রেখে গুনতি করা হয়, লাইন করে কম্বল ইত্যাদি নিয়ে দাঁড় করান হয়। বালুরঘাট সাব জেলে, মালদহে ডিস্ট্রীক্ট জেলে ও অন্যান্য সাবজেলে বিচারাধীন বন্দীদের ক্ষেত্রে এইরকম ব্যবহার করা হয়ে থাকে। আমি বুঝতে পারি না, এই পঞ্চায়েৎ রাজের কল্যাণে বিচারাধীন বন্দীদের সংখ্যা বেড়েছে। পঞ্চায়েৎ ইলেকসনে যারা কংগ্রেসীদের হারিয়ে দিয়েছিল, তাঁদের বিরুদ্ধে মিথ্যা মামলা করে নন-বেলেবল সেক্সান-এর প্রিজনার করে তাদের বিচারাধীন

বন্দী করে, বা কোন সেকসন না থাকলেও একদিন যাতে তাদের হাজতে বাস করান যায়—এই রকমভাবে হ্যারাস করবার জন্য এটা হচ্ছে কিনা—জানি না। আমি অনুরোধ করছি—এই বিচারাধীন বন্দীদের সাধারণ কনভিক্টেড-দের থেকে পৃথক করে রাখা হোক্। তা যদি না রাখা যায়, তাহলে কনভিক্ট সম্বন্ধে জেল কোডে যে অসঙ্গতি রয়েছে—দোষী কি নির্দোষ—তা বিচার হবার আগে তাঁদের কম্বলের মধ্যে শুয়ে থেকে মশার কামড় খাবে, কোন মশারী পাবে না—যেমন মার্ডার কেসের আসামীকে ধরে নিয়ে গিয়ে ছ'মাস নন-বেলেবল সেকসনে আটকে রাখা হয়। তারপর তাদের এ্যাকুটটেণ্ড অর্ডার দেওয়া হয়েছে। অথচ এরা বিশিষ্ট লোক—ছ'মাস মশারী নাই, কম্বলের মধ্যে শুয়ে থাকতে হবে। আপনি জেল কোড সংশোধন করেছেন বলছেন কিন্তু বিচারাধীন বন্দী যারা, ভদ্রলোকের সুযোগ সুবিধা পাবে, তাদের আপনারা বিচার হবার আগে শাস্তি দেবার ব্যবস্থা করেছেন—যেটা কোন সভ্য দেশের রীতি নয়।

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে বালুরঘাট সাব-জেল সম্পর্কে। বালুরঘাট সদরে যে জেল রেখেছেন কিছুদিন আগে বন্ধুবর সৈয়দ খলিল প্রশ্ন করেছিলেন যে সেখানে কয়জন থাকতে পারে, কয়জনের থাকবার জায়গা আছে। তার উত্তরে আপনি বলেছিলেন—৩৬ জন। গড়ে কতজন রেখেছেন? একটাতে বলেছেন ১৫৭ জন আর একটাতে ১৭০ জন। ৩৬ জনের জায়গায় ১৭০ জন রাখা হয় কিকরে? আপনি বলেছেন এখন খুব উদারভাবে রাখা হয়। জার্মানীর গোষ্টাপো শিবিরের মত খুব গাদাগাদি করে এখানে রাখা হচ্ছে। এই অবস্থা এখনো চলছে। আপনার কাছে একটা আবেদন এই আলোচনা প্রসঙ্গে জানাতে চাই—এই আণ্ডার ট্রায়াল প্রিজনারর্স যেখানে ৩৬ জন রাখার কথা, সেখানে যদি ১৭০ জন থাকে, তাহলে সেখানে কী দুর্বিসহ অবস্থার মধ্যে থাকে—তা আপনাকে বিবেচনা করতে বলছি।

আমার শেষ বক্তব্য হচ্ছে জেলখানায় ক্যাজুয়াল প্রিজনার যারা প্রথমবার কনভিক্টেড হয়, এই কনভিক্ট-দের মধ্যে সবাই যে দোষী তা নয়, অনেককে বিনা দোষেও জেলে যেতে হয়, এই ক্যাজুয়াল প্রিজনার-দের ক্ষেত্রেও পোষাকে "সি" ছাপ মারা থাকে।

আপনারা জানেন এই ক্যাজুয়াল এবং বড়বড় দাগী আসামীরা এক জায়গায় থাকে এবং দেখা যায় ক্যাজুয়াল-রা যখন জেল গেটের ভেতরে যায় তখন যারা কনভিক্ট তারা তাদের অভ্যর্থনা জানিয়ে বলে, এবারে একটা দুধের বাচ্চা আসছে, এটাকে তৈরী করতে হবে। আমার বক্তব্য হচ্ছে ক্যাজুয়ালরা যদি কনভিক্টেড-দের সঙ্গে থাকে তাহলে তারা আরও খারাপ হয়ে যাবে এবং সেদিক থেকে জেল কোড-এর সংশোধন করা দরকার। যারা প্রথম অপরাধ করবে তাদের দাগী আসামীর কাছ থেকে পৃথক রাখতে হবে এবং এইভাবে যদি রাখা হয় তাহলে তারা বাইরে এসে সমাজ জীবনে প্রতিষ্ঠিত হতে পারবে। কিন্তু আমরা দেখছি ক্যাজুয়াল-দের বেলায় যেগুলি প্রযোজ্য হতে পারে সেগুলি প্রযোজ্য হয়নি এবং সেইজন্য নীতিগত কারণে আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি।

Mr. Speaker: Before we further continue this Grant, I wish to inform you that it has been proposed by the Hon'ble Minister for Parliamentary Affairs that tomorrow Grant No. 29—Community Development Projects, etc.,—should be discussed for two hours instead of three hours, as previously fixed, and thereafter Grant No. 13—Administration of Justice—will be discussed for one hour. The remaining Grants would come under guillotine in the order notified, but modified as above, and I take it that the House consents to this change in the programme.

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় স্পীকার মহাশয়, আমি জগন্নাথবাবুকে গুটিকতক কথা নোট করবার জন্য বলব এবং সেগুলি বিরোধের ব্যাপার নয় বলেই মনে হয়। আমরা দেখছি প্রেসিডেন্সী জেলে যাঁরা ইণ্টারভিউ-র জন্য যান তাঁদের কাঠফাটা রোদে বা যদি বৃষ্টি হয় তাহলে তার ভেতরেই দাঁড়িয়ে থাকতে হয়। আমি মনে করি এটা একটা ভয়ঙ্কর ব্যাপার নয়, যাঁরা ইণ্টারভিউ-র জন্য যাবেন

তাঁদের জন্য একটা সেড-এর ব্যবস্থা করুন। মেয়েদের জন্য একটা সেড অবশ্য আছে। তারপর ওখানে এমন একটা সিসটেম চালু করেছে যেটা অন্যান্য জেলে আছে বলে আমার জানা নেই। ওখানে নিয়ম হচ্ছে যাদের ইণ্টারভিউ কার্ড দেওয়া হয় সেটা প্রত্যেকবারই পাঠিয়ে দিতে হয় ডেপুটি জেলার-এর কাছে এবং ডেপুটি জেলার সবগুলি নিয়ে সেপাইকে দিয়ে খবর পাঠান এবং তখন ভেতরে যেতে পারে। কিন্তু অন্যান্য জেলে নিয়ম হচ্ছে সোজাসুজি তাঁরা ৬।৮ মাসের কার্ড পাবেন একসঙ্গে এবং সেই হিসেবে ভেতরে যেতে পারবেন। এখানেও যদি সেই ব্যবস্থা হয় তাহলে লোকদের এত দুর্গতি ভোগ করতে হয়না। তারপর, আলিপুর সেণ্ট্রাল জেলে দেখেছি প্রচণ্ড জলকষ্ট সুরু হয়েছে, কাজেই কি ব্যবস্থা করবেন দেখুন। তারপর, আণ্ডার ট্রায়াল বলে যাদের ট্রিট করছেন সেটা কিভাবে করছেন আমি জানিনা, কিন্তু আমার বক্তব্য হচ্ছে—জ্যোতিবাবুও বলেছেন—ডি-আই রুলস-এ যাঁদের আটক করে রেখেছেন তাঁদের খাদ্যের ব্যাপারে কনভিক্ট ওয়ান, কনভিক্ট টু এই ব্যবস্থা যদি করেন অন্তত যতদিন না পর্যন্ত পি-ডি এ্যাক্টে যেটা ছিল সেটা করতে পারছেন যতদিন পর্যন্ত এইভাবে করুন এবং মনে হয় এতে আপনাদের অসুবিধা হবেনা। আণ্ডার ট্রায়াল ডিভিসন ওয়ান বলে যদি রাখতে পারেন তাহলে কনভিক্ট যারা আছে তাদের মত ব্যবহার করতে কি অসুবিধা আছে অন্ততঃ এই খাদ্যের ব্যাপারে? তারপর, আর একটা ব্যাপারে প্রশ্ন দিয়ে আমি এখন পর্যন্ত কোন খবর পাইনি কিন্তু আমি শুনেছি নরেন সেন যিনি ডি-আই রুলস-এ আটক আছেন তিনি করোনারী থ্রম্বসিস-এর রোগী। আমি জানতে চাই তাঁর চিকিৎসার কি ব্যবস্থা হয়েছে? তারপর শুনলাম জরুণ গাঙ্গুলী অসুস্থ ছিলেন বলে তাঁকে এ্যাম্বুলেন্স-এ বসিয়ে বাড়ী থেকে ধরে নিয়ে গেলেন এবং কিছুদিন পর্যন্ত তাঁর ট্রিটমেণ্ট হোলনা। তাঁকে প্রথম দিকে ডাক্তাররা স্পেশাল ডায়েটের কথা বলেছিলেন বটে কিন্তু সেটা অগ্রাহ্য হোল এবং সেখানে যিনি এম-ও আছেন তিনি নাকি তাকে বলেছেন, আপনি বাইরে কি খেতেন? আমি জানতে চাই এই সমস্ত কথা জিজ্ঞাসা করবার অধিকার সেই ভদ্রলোককে কে দিয়েছে? তিনি এর প্রতিবাদ করে গভর্ণমেণ্ট-এর কাছে দরখাস্ত করেছেন এবং স্পেশাল ডায়েটের জন্য ডিপার্টমেণ্ট-এর সেক্রেটারীর কাছে লিখেছেন এবং তারপর বোধহয় স্পেশাল ডায়েট স্যাংসান করা হয়েছে।

[6-35—6-45 p.m.]

এই রকম ডঃ ভদ্রলোক তিনি ডি-আই প্রিজনার যাঁরা আছেন তাদের সম্পর্কে কি রকম ব্যবহার করেন এটা দুই একটি ঘটনার মধ্য দিয়ে পাওয়া যায়। তেমনি ঐ জেলে যারা ডি-আই রুলে ব্ল্যাক মার্কেটিয়ার ছিল তাদের সম্পর্কে তার কিন্তু খুব উদার মনোভাব আছে। যেমন বলা যেতে পারে, কথা বলার পূর্বে এমন বিবিধ রকম ব্যবস্থা ডাক্তার মারফৎ হয় যা জেলের মধ্যে পাওয়া যায়না কিন্তু ডাক্তার হিসাবে স্পেশালিষ্ট হিসাবে তিনি ব্যবস্থা করতে পারেন। একজন আগরওয়ালা শুনেছি তিনি বহু পয়সা ছড়িয়েছেন, খবর পাওয়া গেল যে পয়সা ছড়াবার পর ব্ল্যাক মার্কেট ভদ্রলোক ব্যবস্থা করলেন ডাক্তারের সঙ্গে এটা প্রায় ওপেন সিক্রেট, সকলেই জানেন, তাকে ডাক্তারী কারণে অসুস্থতা কারণে মুক্তি দেওয়া প্রয়োজন। যদি অসুস্থতাই কারণ হত তাহলে আরও অনেকে আছেন, শ্রীসুবোধ চৌধুরী রয়েছেন, শ্রীজরুণ গাঙ্গুলী রয়েছেন, শ্রদ্ধেয় কমরেড মোজাফ্ফর আমেদ রয়েছেন এবং অন্যান্য প্রিজনার রয়েছেন, কিন্তু যেহেতু তাদের পয়সা ছড়াবার মত মনোভাব নেই, বা তাদের ইজ্জত জ্ঞান আছে, তাই তাদের এই কারণে বিচার বিবেচনা হয়নি। শুধু আগরওয়ালা ভদ্রলোক অসুস্থতা নিবন্ধন ছুটি পেয়ে গেলেন, তাকে মুক্তি দেওয়া হল। এই সমস্ত ঘটনা সোজাসুজি জেলের মধ্যে ঘটেছে, আপনি প্রেসিডেন্সী জেলে খবর নিয়ে জানবেন। ফ্যামিলী ইণ্টারভিউ সম্পর্কে আগেই বলা হয়েছে, সৌরেন বসু এবং তাঁর ভাইকে ডিফারেণ্ট জেলের মধ্যে রেখে দিয়েছেন। একজন আছে আলীপুর সেণ্ট্রাল জেলে আর একজন বহরমপুর সেণ্ট্রাল জেলে। যদি শিলিগুড়ির বাড়ী থেকে আত্মীয় স্বজনকে আসতে হয়, তাহলে একবার আসতে হবে এতটা পথ বেয়ে আলীপুর সেণ্ট্রাল জেলে. আবার পারমিশন নিয়ে যেতে হবে বহরমপুর সেণ্ট্রাল জেলে, এই ব্যবস্থা করা দরকার কি? তাদের কি আপনারা এক জেলে রাখতে পারেননা? আমি তাই দাবী করছি নিকটবর্তী জেলসমূহে যেখানে ফ্যামিলী ইণ্টারভিউ সম্ভবপর সেখানে তাদের রাখা উচিত। জ্যোতিবাবু অবশ্য

হরিদাস মালাকারের নামটা বলেন নাই, আমি শুনলাম তাঁকে এবং সত্য ঘোষকে পাঠাবার চেষ্টা করছেন পুরুলিয়া জেলায়, কি কারণে এটা ভাবছেন? এদের একজনের বাবার বয়স ৮৫ বৎসর এবং মায়ের বয়স ৭৫ বৎসর, এদের কলকাতায় এনেছিলেন কেসের ব্যাপারে, আবার এই দু'জনকে পাঠাবার চেষ্টা করছেন পুরুলিয়া জেলায়, আমি অনুরোধ করছি, এদের বিরুদ্ধে এখনও কেস রয়েছে ট্রাইব্যুনালে এবং অন্যান্য কেস পেন্ডিং রয়েছে, বার বার এদের আনার দরকার কি? তাদের কলকাতার জেলে রাখাতো খুব কঠিন ব্যাপার বলে মনে করিনা। সঙ্গে সঙ্গে আমি আর একটা জিনিষ যেটা জানাতে চাই সেটা হচ্ছে দমদম সেন্ট্রাল জেলের প্ল্যানিং এত খারাপ যে ২৪ ঘন্টা দুর্গন্ধ হচ্ছে, সেগুলি পরিষ্কার করা অবস্থার উন্নতি করা, এই ড্রেনেজের ব্যাপার এটা ভাল করা এমন কিছু কঠিন নয়, এটা কোন ঝগড়ার ব্যাপারও নয়, সেখানে ড্রেনেজ সিস্টেম এত খারাপ যে সেখানে বাস করা এমন যে প্রাণ অতিষ্ঠ হয়ে উঠে। ঠিক তেমনিভাব এবং বহুবার আমি বলেছি যে আপনারা দয়া করে পাগলদের সরান, ওখানে এক বছর দেড় বছর থাকার পর অনেক সময় মনে হয় আমরাই বুঝি তাদের সঙ্গে ভীড়ে যাচ্ছি, দেখুন ২৪ ঘন্টা তারা উলঙ্গ হয়ে ঘুরে বেড়াচ্ছে, এই রকম অবস্থায় রাজবন্দীরা কি করে বাস করবেন আমি জানিনা। আমি বলি আপনি ২৪ ঘন্টা এই পাগলদের মধ্যে যদি থেকে আসেন তাহলেই বুঝবেন কি করে আপনারা সেখানে তাদের রাখেন, আপনাদের এতটুকু কান্ড জ্ঞান থাকলে এ সম্পর্কে এত কথা বলার দরকার হতনা। ঠিক তেমনিভাবে ফ্যামিলী ইন্টারভিউ-এর সঙ্গে ফ্যামিলী এ্যালাউন্সের কথা উল্লেখ করতে চাই। আমরা গতবার এ ব্যাপারে বলেছিলাম, জড় গাঙ্গুলীকে ১০০ টাকা স্যাংশান করেছিলেন, তার ছেলে দুজন, একজন হাইয়ার সেকেন্ডারী একজামিনেশন দিয়েছিল, আর একজন সেকেন্ড ক্লাসে পড়ে, এদের আপনার এডাল্ট বলে মনে করেন কিনা।

আমি জিজ্ঞাসা করি ওই ২ জনকে আপনারা এ্যাডাল্ট বলে মনে করেন কিনা? সেখানে দেখেছি গতবারে ১০০ টাকা দিয়েছিলেন, এবারে ৮৫ টাকা দিলেন। কোন্ হিসাবে দিচ্ছেন জানিনা। তারপর, লক্ষ্মীনারায়ণ বলে আর একটা নাম এসেছে। তাকে পুরুলিয়া জেলে রেখেছেন, তার বাবা অন্ধ, মা বৃদ্ধা ফ্যামিলি মেম্বার ৯ জন। তাকে আপনারা ১০৫ টাকা দিচ্ছেন, এই টাকায় অন্ধ বাবা, বৃদ্ধা মা সহ ৯ জন মেম্বার-কে নিয়ে কি করে তার সংসার চলবে বুঝে পারিনা। কাজেই এই অভাবগুলো, যেগুলো নিয়ে ঝগড়া করার প্রশ্ন আসেনা, সেগুলো বি মোচন করবেন না? তারপর আমি সাধারণ কয়েদিদের সম্বন্ধে বলছি। আমরা যখন ছিল তখন দেখেছি যে ইমারজেন্সি-র নাম করে এবং যাতে তারা কিছু রেমিশান পায় সেই লে দেখিয়ে অর্ডিনারী কয়েদিদের চাল, ডাল আপনারা কাটতেন। তারা আমাদের কাছে এ নালিশ করতো যে, এই চাল, ডাল কাটাটা একটু বন্ধ করুন। এমনিতেই ডিভিসন থ্রি-র খ খারাপ, তার উপর ইমার্জেন্সী নাম করে আর ঐ রেমিশান-এর লোভ দেখিয়ে এই মিনিমাম চা ডাল যা সরবরাহ করা হয় তাও যদি কেটে নেন তাহলে তারা কি খাবে, আর বাঁচবেই বা নিয়ে? তারপর, চোখের সামনে দেখতাম ৮ থেকে ১০ বছর বা ১৫ থেকে ১৬ বছরের ছেলে সব আসছে, ১০।২৫ দিনের মধ্যে আসছে আবার চলে যাচ্ছে, তাদের যদি বিশেষ আলাদা ব্যব না করেন, তারা যদি ঐ জায়গায় থাকে তাহলে বাইরে গিয়ে নতুন করে চৌর্যবৃত্তি শেখা ছ আর কিছুই করবে না। তারপর, যারা চাকরি করেন, তাঁরা ইউনিয়ন করেই যান বা অন্য ভ যান—সোভিয়েট ইউনিয়ন, সেখানে যতবড়ই সাজা হোক না কেন, জেল থেকে বেরিয়ে আ চাকরি পায়। আপনারাও এই নিয়ম কেন চালু করবেন না? যদি একটা অপরাধে সাজা তাহলে চাকরি কেন যাবে? সুতরাং এই সমস্ত অব্যবস্থার প্রতিকার যদি না করেন তা লোকে বার বার অপরাধ করবে এবং জেলে যাবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য করছি।

[6-45—6-55 p.m.]

Shri Jagannath Kolay:

মাননীয় স্পীকার মহাশয়, জেল খাতে ব্যয় বরাদ্দের আলোচনা প্রসঙ্গে যেসব প্রশ্ন এ আজকে সময় খুব কম বলে আমি সংক্ষেপে তার উত্তর দিচ্ছি। জ্যোতিবাবু বলে ৩০ স

বলেছেন। রুল ৩০ নিয়ে প্রশ্নের মাধ্যমে এবং হাফ-এ্যান-আওয়ার ডিসকাসন-এ মুখ্যমন্ত্রী মহাশয় এটা বলেছেন যে, রুল ৩০-তে যাঁরা আটক আছেন বা ডেটিনিউ হয়ে আছেন তাঁদের ডিভিসন ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার্স-দের যেসব সুখ সুবিধা দেওয়া হয় সেগুলি দেওয়া হচ্ছে। রুল ৩০-তে যাঁরা আটক আছেন তাদের সম্বন্ধে এই কথা বলেছেন। যাঁরা বিভিন্ন রাজনৈতিক দলের দলভুক্ত হয়ে এই ডেটিনিউ হয়ে আছেন তাঁদের আমরা বিশেষ কয়েকটা সুবিধা দিচ্ছি। এ বিষয় নিয়ে আমাদের লিডার অফ দি অপজিসান জ্যোতিবাবু, অপজিসান-এর হেমন্তবাবু ও অন্যান্য মেম্বাররা মুখ্যমন্ত্রীর সংগে দেখা করেছিলেন। এ বিষয়ে আলোচনা করে আমরা এই সুবিধাগুলি তাঁদের দিচ্ছি। তারপর, ডায়েট নিয়ে বলা হয়েছে যে আমরা ২॥ টাকা মাত্র দিই—কিন্তু তা নয়। আমাদের ডিভিসান ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার-দের যে ডায়েট চার্ট আছে তাতে যে খরচ হবে সেই খরচ আমাদের বহন করতেই হবে। আমাদের ডিভিসান ওয়ান আণ্ডার ট্রায়াল প্রিজনার্স-দের জন্য আমরা যে চার্ট করেছি সেটা যাঁরা এ বিষয়ে পারদর্শী তাঁদের দিয়ে এবং ডাক্তারদের দিয়ে দেখিয়ে নিয়ে তবেই করেছি। আর এতে যে ক্যালোরিক ভ্যালু আছে সেটা খুব কম বলে আমার মনে হয় না। তবে এখন ১ ছটাক করে মাছ দেওয়া হয়। কারণ তাঁরা তো আণ্ডার ট্রায়াল প্রিজনার্স। যাঁরা সশ্রম কারাদণ্ড ভোগ করছেন তাঁদের আমরা ২ ছটাক করে মাছ দিই। এই যে এক ছটাক করে মাছ যেটা আমরা দিচ্ছি সেটাও আজকালকার দিনে যোগাড় করা খুব শক্ত। তবুও আমরা যেমন করে পারি সরবরাহ করে থাকি। তবে একটা জিনিস যেটা আমাদের এখন ভাবতে হচ্ছে সেটা হচ্ছে, কোলকাতায় যে জেলগুলি আছে সেগুলি স্ট্যাটুটরী রেশনিং এরিয়ায় বলে চাল এবং আটা স্ট্যাটুটরী রেশনিং অনুযায়ী আনতে হবে। কিন্তু সেটা যদি কম হয় তখন আমরা অন্য জিনিষ দিয়ে সাপ্লিমেণ্ট করার চেষ্টা করবো। দ্বিতীয়তঃ জ্যোতিবাবু আর একটা কথা বলেছেন। পি ডি এ্যাক্ট-এ যে সুবিধা দিই সে সম্বন্ধে—পি ডি এ্যাক্ট-এ ও ডি আই আর-এ অনেক তফাৎ। অতএব এখানে ডি আর রুলস ৩০-তে ধরা হচ্ছে, অতএব এখানে আমাদের কিছু করবার নেই।

[গোলমাল]

আমি জেল কর্তৃপক্ষকে এই আদেশ দিয়েছি যে সেখানে দেখবেন যে রুল ৩০-তে যাঁরা আণ্ডার ট্রায়াল প্রিজনার্স আছেন এবং যাঁরা বিভিন্ন রাজনৈতিক দলভুক্ত আছেন তাঁদের অন্তত দেখাশুনা ভালভাবে করতে হবে। আর কেউ যদি অসুস্থ হন তাহলে তাঁদের বেবিনে বসে খাবার ব্যবস্থা করতে হবে। এরকম তাঁরা পাচ্ছেন। আজ পর্যন্ত এ বিষয়ে আমরা কোনরকম কমপ্লেণ্ট পাইনি। আমি দুবার জেলে গিয়েছিলাম এবং তাঁদের সংগে দেখা করেছিলাম। সেখানে যা যা অসুবিধা হয়েছে, যেমন জ্যোতিবাবু বললেন যে টুথ-ব্রাশ-টা দেওয়া হয়নি, এটা আমাদের ভুল হয়েছিল, তারপর আবার পাঠিয়ে দেওয়া হয়েছে। আর একটা যেমন খবরের কাগজ যেটা নিখিলবাবু বললেন—আমরা ঠিক করেছিলাম ১টা ইংরাজী ও বাঙ্গলা এরকম ১০টা কাগজ দেওয়া হবে। ১০টা কাগজ যদি পড়তে হয় তাহলে ৫ জনের উপর একটা করে কাগজ হবে। ইংরাজীর মধ্যে বেশী সারকুলেশান অমৃতবাজারের আর বাঙ্গলা কাগজ এরকম দেওয়া হবে। এখানে আমরা বলে দিয়েছি যে এ্যাপ্রোভড লিস্ট-এ যা আছে তাতে পাঁচ জনের উপর একটা কাগজ দিতে পারেন। তাতে আমাদের কোন বাধা নেই।

ফ্যামিলি এ্যালাউন্স-এর কথা বলেছেন। ফ্যামিলি এ্যালাউন্স-এর যে নিয়ম আছে সেই অনুযায়ী দিচ্ছে। জ্যোতিবাবু বললেন ফ্যামিলি এ্যালাউন্স তাঁদের পাবার কথা হচ্ছে ১১৬ টাকা, তাঁকে দেওয়া হচ্ছে ১৩ টাকা, এর মধ্যে আমাদের একটা জিনিষ ভুল হচ্ছে। আমরা ফ্যামিলি এ্যালাউন্স কি ভাবে ধার্য করি—আমরা যারা এ্যাডাল্ট, চাইল্ড ও যারা মাইনার্স এবং একটা স্পেশাল রুপিজ ২৫ এ্যালাউন্স এটা যোগ দিয়ে যদি আমরা দেখি তাঁর ফ্যামিলি ইনকাম আছে সেটা বাদ দিয়ে দিই তা হলে ১১৩ টাকা দেবার কথা সেখানে ১০০ টাকাটা বাদ দেওয়া অন্যায় কিছু নয় কারণ সেখানে তাঁর স্ত্রী একটু বলতে ভুল করেছিলেন। তিনি সেই টাকা পান না, কেন না তিনি যখন জেলে গেছেন তিনি সেই টাকা পান না। তিনি বলেছিলেন আমি এই টাকা পাই পেতুম বলা উচিত ছিল কিন্তু পাই বলেছিলেন বলে আমরা ১০০ টাকা বাদ দিয়েছিলাম, কিন্তু পরে

সেটা আমাদের কারেক্ট করতে হচ্ছে। কিন্তু জ্যোতিবাবু যেটা বলেছিলেন তাতে ২।১ জন বাকী ছিলেন, তাঁদের সকলকে দিচ্ছি। মুখ্যমন্ত্রী যখন বলেছিলেন তখন ৮০।৯০ জনকে ধরা হয়েছিল, এখন তিনি বলেছিলেন ২।৪ জন বাদ বাকী আছেন। আমি এইটুকু বলতে পারি ৭৫ জন অলরেডি টাকা পেয়ে গেছেন এবং বাকী সকলের ১৫ দিনের ফ্যামিলি এ্যালাউন্স চলে যাবে। ডাক্তারের কথা বলেছেন। আমাদের নিয়ম আছে জেলে যদি কারুর অসুখ হয় তবে তার জন্য যদি স্পেশালিস্ট-এর দরকার হয় তাহলে সেখানে আবার আমরা স্পেশালিস্ট নিয়ে যাই এবং সমস্ত ঔষধের ব্যবস্থা করি। সতীশবাবুর কথা বললেন—তাঁকে নিয়ে যাওয়া হয়েছিল কিন্তু সংগে সংগে আবার তাঁকে নিয়ে আসা হয়েছে। মেদিনীপুর জেলে সুবোধবাবুর শরীর খারাপ হয়ে যায় বলে তাঁকে এখানে নিয়ে আসা হয়েছে এবং তার চিকিৎসা হচ্ছে এবং এক্সপার্ট অপিনিয়ন-এর জন্য আমি আই বি অফিসকে বলেছি তিনি যে ডাক্তার দেখাতেন তাঁকে কল দিয়ে দেখাবার ব্যবস্থা করেছি। (শ্রীজ্যোতি বসুঃ আপনারা চারিদিকে ছড়িয়ে রাখছেন কেন?) আমাদের নীতি হচ্ছে আমাদের যে সেণ্ট্রাল জেল আছে—মেদিনীপুর, আলিপুর, বহরমপুর, দমদম সেই সেণ্ট্রাল জেল-এ রাখবার ব্যবস্থা আছে। কাপড়ের কথা যে বলেছেন পপার হলে পাওয়া যায় এটা ঠিক নয়—পপার বলে কোন কথা নেই।

Shri Jyoti Basu:

আপনি কোন দিন জেলে ছিলেন না?

Shri Jagannath Kolay:

আপনার যদি ধুতি না থাকে তাহলে রিকুইজিসান করেন নিশ্চয়ই দেব এবং যদি টাওয়েল, গামছা না থাকে নিশ্চয়ই দেব।

Shri Jyoti Basu:

অন্ধ্র, উড়িষ্যা, তামিলনাদ এটা বরাদ্দ করে দিয়েছেন আপনারা কেন করছেন না?

Shri Jagannath Kolay:

মুখ্যমন্ত্রীর সংগে এবিষয়ে কথা বলবেন আমার কিছু বলার নেই। আর একটা বলেছেন বহরমপুর জেলে ৫টা বিড়ি দেওয়া হয়েছিল। সিগারেট দেওয়া হয়নি, এটা ভুল হয়েছিল, এখন সংগে সংগে দিয়ে দেওয়া হচ্ছে। চশমার কথা বলেছেন। মেদিনীপুর থেকে সুপারিণ্টেণ্ডেণ্ট চোখ একজামিন করে প্রেসক্রিপশন পাঠিয়ে ছিলেন। সেটা পেতে একটু দেরী হয়েছিল। তাগিদ দিয়ে সংগে সংগে পাঠিয়ে দিয়েছি। চশমা যিনি চান আমাদের যে টাকা ধার্য আছে তার উপরে যদি ভাল চশমা নিতে চান তাহলে নিজের সেই টাকা দিয়ে নিতে পারেন তাতে আপত্তি নেই। সুনীলবাবু নিলেন, ফরওয়ার্ড ব্লকের বন্দীরা টাকা পান নি, এবিষয়ে এনকোয়ারী হয়ে গেছে এবং তাঁরা যাতে তাড়াতাড়ি পান সেও-বলে দিয়েছি, তিনি পাগলের কথা বললেন। আমরা তাদের সমস্তকে বহরমপুরে পাঠিয়েছি কিন্তু আপনাদের একটা স্ক্রুটিনি কমিটি আছে, তাঁরা স্ক্রুটিনি করে বললে আমরা তাঁকে রাঁচী পাঠাই, কিন্তু রাঁচীতে সমস্ত

[6-55—7-5 p.m.]

সীট পাওয়া যায় না, অতএব পাগলদের কোথায় ছেড়ে দেব? সেজন্য সেখানে রাখা হয়েছে। তবে আমি এটা বলতে পারি যে আমি হুনি সেক্রেটারী-কে বলেছি পাগলদের জন্য আলাদা বন্দোবস্ত করবার এবং তাদের ভালভাবে চিকিৎসা ব্যবস্থা করার জন্য অবশ্য আমাদের স্পেশাল মেডিক্যাল অফিসার আছেন তাদের চিকিৎসা করবার জন্য আমি মনে করি তাদের যদি ভাল করে চিকিৎসা করান যায় তাহলে ভালই হবে। এটা একটা প্রবেলম সে বিষয়ে সন্দেহ নেই।

খুব ভীষণ চীৎকার হয় এবং এটা যে একটা প্রবেলম সেটা আমি স্বীকার করছি তবে আমি মনে করি না এখুনি কিছু করা যেতে পারে। কারণ এরজন্য অনেক টাকা খরচ হবে। কিন্তু সেই টাকা খরচ করার মত অবস্থা আমাদের নেই, তারপর প্রমোশন-এর কথা বলা হয়েছে। আমি যতদূর জানি এবং ভাল ভাবে লক্ষ্য করছি যে সুপারসিড করা হয়েছে কিনা—আমি বলতে পারি আমার আমলে এসব হয়নি আর একটা কথা বলেছেন ডিষ্ট্রিক্ট জেল-এ শিল্প চালনা করা দরকার এবং মজুরী সেখানে দরকার। এ বিষয়ে আমরাও চিন্তা করছি যে ডিষ্ট্রিক্ট জেল-গুলিতে শিল্প চালনা করা যায় তবে একটা জিনিষ আমাদের ডিষ্ট্রিক্ট জেল-এ স্বল্প মেয়াদী বন্দীরা থাকে খুব দীর্ঘ মেয়াদী বন্দী থাকে না। সেজন্য যারা দীর্ঘ মেয়াদী বন্দী তাদের বিভিন্ন সেণ্ট্রাল জেল-এ নিয়ে আসা যায় কিনা আমরা সেটা চিন্তা করিনি। কিন্তু এবার আমরা চিন্তা করছি এবং এটা আমরা ডিষ্ট্রিক্ট জেলে ক্রমে ক্রমে করব। আমাদের কানাই-বাবু একটা কথা বলেছিলেন বলে বলছি যে ডিষ্ট্রিক্ট জেল কি ভাল করার আমাদের ইচ্ছা আছে। আমি প্রায় সমস্ত কথার উত্তর দিয়েছি। এই কথা বলে আমি আমার ব্যয় বরাদ্দ গ্রহণ করার জন্য বলছি এবং সমস্ত কাট মোশান-এর বিরোধিতা করছি।

Mr. Speaker: I put to vote all the cut motions that have been moved excepting cut motions Nos. 21, 23, 30 and 35.

The motion of Shri Nikhil Das: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Monoranjan That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nani Bhattacharjee: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Jyoti Basu: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra: That the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Subodh Chowdhury: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Adwaita Mandal: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarapada Dey: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarun Kumar Sen Gupta: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Rabindra Nath Mukhopadhyay: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nagen Dolai: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Niranjan Sen Gupta: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aswini Roy: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu: That the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mrigendra Bhattacharyya that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES 75

Abdul Latif, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravarty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri

Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mittra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Gonesh Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES 35

Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani

Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Ghosh, Shri Deb Saran
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

The Ayes being 35 and the Noes 75, the motion was lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand be reduce by Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES 75

Abdul Latif, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravarty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Gayen, Shri Brindaban

Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mittra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gop
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Gonesh Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES 35

Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal

Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Ghosh, Shri Deb Saran
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

The Ayes being 35 and the Noes 75, the motion was lost.

The motion of Shri Sunil Das Gupta that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES 75

Abdul Latif, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravarty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra

Das, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mittra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Gonesh Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES 35

Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Ghosh, Shri Deb Saran
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

The Ayes being 35 and the Noes 75, the motion was lost.

The motion of Shri Panchu Gopal Bhaduri that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

NOES 75

Abdul Latif, Shri
Ahamed Ali Mufti, Shri
Ashadulla Choudhury, Shri
Banerjee, Shri Baidyanath
Banerjee, Shri Jaharlal
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhowmik, Shri Barendra Krishna
Blanche, Shri C. L.
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chakravarty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon

Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shri Asoke Krishna
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Haldar, Shri Haralal
Halder, Shri Jagadish Chandra
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Gurupada
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maiti, Shrimati Abha
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mittra, Dr. Gopikaranjan
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Gonesh Prosad
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Sharma, Shri Jaynarayan

Singha, Shri Hiralal
Sinha, Shri Phanis Chandra
Tanti, Shri Anadi Mohon
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES 35

Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Jyoti
Basunia, Shri Sunil
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Ghosh, Shri Deb Saran
Halder, Shri Adhar Chandra
Hamal, Shri Bhadra Bahadur
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mukhopadhyay, Shri Rabindra Nath
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Dr. Narayan Chandra
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

The Ayes being 35 and the Noes 75, the motion was lost.

The motion of Shri Jagannath Kolay that a sum of Rs. 1,44,95,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails" was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-5 p.m. till 1 p.m. on Tuesday, the 23rd March, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tues day, the 23rd March, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 197 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Resignation of the employees of Police department

***335.** (Admitted question No. *1850.) **Shri Kashi Kanta Maitra:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি বহু অফিসার এবং তরুণ কর্মচারী পুলিস বিভাগের চাকুরীতে ইস্তফা দিয়েছেন ; এবং

(খ) সত্য হইলে, (১) তাঁহাদের সংখ্যা কত এবং (২) চাকুরীতে ইস্তফা দেবার কারণ কি ?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) হ্যাঁ।

(খ) (১) ৬২৯ জন।

(২) উচ্চ শিক্ষা, ভাল চাকুরী লাভ, ভগ্ন স্বাস্থ্য, পারিবারিক অসুবিধা, বৃদ্ধ পিতমাতাকে দেখাশুনা করা ইত্যাদি চাকুরীতে ইস্তফা দিবার কারণ।

Shri Sudhir Chandra Das:

কি কি কারণে তাঁরা চাকরিতে ইস্তফা দিয়েছেন সেটা জানাবেন কি ?

Shri Ardhendu Sekhar Naskar:

প্রশ্নোত্তরে তো দিয়েছি উচ্চ শিক্ষা, ভাল চাকুরি লাভ, ভগ্ন স্বাস্থ্য, পারিবারিক অসুবিধা, এইসব কারণেতাঁরা রেজিগনেসা দিছেন।

Shri Sudhir Chandra Das:

কতদিনের মধ্যে এতগুলি পুলিশ অফিসার কর্মত্যাগ করলেন ?

Shri Ardhendu Sekhar Naskar:

এক বছরের মধ্যে।

Shri Sunil Das Gupta:

এদের পদ মর্যাদা কি—ইনস্পেক্টর কতজন, সাব-ইনস্পেক্টর কতজন এবং এ্যাসিস্টাণ্ট সাব ইনস্পেক্টর কতজন ?

SS—G105

Shri Ardhendu Sekhar Naskar:

টা পুলিশের ৬ জন অফিসার, ১৭ জন কনস্টেবল এবং একজন সিপাই, আর ওয়েস্ট বেঙ্গল পুলিসের ইনস্পেক্টর ১ জন, ১১ জন এস. আই, ৪ জন এ. এস. আই, ৫ জন কনস্টেবল, ১ জন হাবিলদার, ৪ জন নাক ৫৩৯ জন কনস্টেবল, ৪ জন সিপাই, ১৭ জন ক্লার্ক, ১ জন টাইপিস্ট, ১-জন স্টেনোগ্রাফার, ৩ জন মিনিয়ালস।

Shri Sunil Das Gupta:

কলকাতা পলিসের যে ক'জন ইনস্পেক্টর চাকরি ছেড়ে চলে গেছেন এটা কি ঠিক যে তাঁরা যথাযথ প্রোমোসান হয়নি বলে চাকরি ছেড়ে চলে গেছেন?

Shri Ardhendu Sekhar Naskar:

এই রকম কোন তথ্য আমার কাছে নেই।

Shri Sudhir Chandra Das:

আপনি যেটা উত্তর দিলেন ১ বছরের মধ্যে সেই বছরের আগের বছরে এই রকম কত সংখ্যক পুলিস কর্মচারী চাকরিতে ইস্তফা দিয়েছেন সেটা জানা আছে কি?

Shri Ardhendu Sekhar Naskar:

সে তথ্য আমার কাছে নেই।

Shri Kanai Pal:

একথা কি সত্য যে পার্টি ইন পাওয়ার তাঁদের কাজে ইণ্টারফেয়ার করে বলে তাঁরা বিরক্ত হ'য়ে কাজ ছেড়ে দিয়েছেন?

Shri Ardhendu Sekhar Naskar:

এটা সম্পূর্ণ অসত্য।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে অসৎ আবহাওয়া পরিত্যাগ করার জন্য অনেক ক্ষেত্রে তাঁর চাকরিতে ইস্তফা দিতে বাধ্য হয়েছেন?

Shri Ardhendu Sekhar Naskar:

এ ব্যাপারে আমি আপনার সঙ্গে একমত নই।

Shri Aswini Kumar Roy:

সকলেই কি একই কারণে পদত্যাগ করেছেন? উচচ শিক্ষার জন্য কতজন ছেড়ে দিয়েছেন?

Shri Ardhendu Sekhar Naskar:

আমার কাছে যে তথ্য আছে, তাতে দেখছি দুজন অফিসার অন বেটার প্রসপেক্ট উচ্চ শিক্ষার জন্য ছেড়ে

Shri Sanat Kumar Raha:

হঠাৎ এতগুলো লোকের এক ঝাঁকে বেরিয়ে যাবার কারণ কী? এর পেছনে কি কোন মতলব আছে বা তিনি এর তদন্ত করবার চেষ্টা করেছেন কি না?

Shri Ardhendu Sekhar Naskar:

কি কারণে যে তাঁরা গিয়েছে জানি না। তবে বেশীর ভাগ কনস্টেবল গিয়েছে বেটার প্রসপেক্ট-এর আশায়। ভাল চাকরীর ব্যাপারে আমরা কাউকে বাধা দেই না।

Shri Sunil Das Gupta:

কত বছর চাকরী করবার পর এরা কলকাতা পুলিশ ইনস্পেক্টারের চাকরী ছেড়ে চলে গেছে ?

Shri Ardhendu Sekhar Naskar:

নোটিশ দিলে ডিটেলস বলতে পারবো।

Shri Aswini Kumar Roy:

এই যে ব্যাপকভাবে ছয় সাতশো লোক চাকরী ছেড়ে দিল, তার জন্য সরকারীভাবে সত্য কারণ নির্ধারণের জন্য কোন ইনকোয়ারী করা হয়েছে কী?

Shri Ardhendu Sekhar Naskar:

কারণগুলি তদন্ত করে দেখা হয়েছে নিশ্চয়।

Shri Panchu Gopal Bhaduri:

বেশীর ভাগ কর্মচারী যারা ইস্তফা দিয়েছে, তারা উন্নতির জন্য দিয়েছে, আর কম ভাগ যারা দিয়েছে, তারা উন্নতির জন্য দেন নাই। তাহলে তারা কি জন্য ইস্তফা দিয়েছে এটা বলবেন কি?

Shri Ardhendu Sekhar Naskar:

আপনাদিগকে তো বলেছি কম ভাগ নয়, বেশীর ভাগ চলে গেছে বেটার বা সুইটেবল চাকরী করতে। আমাদের বাঙ্গালীর ছেলে যারা কনস্টেবল আছে তারা আমাদের কাছে উন্নতির জন্য অন্যত্র যাবার জন্য আবেদন করেছে।

Shri Panchu Gopal Bhaduri:

উন্নতির আশায় ছাড়া কতজন অন্য কারণে ইস্তফা দিয়েছেন?

Shri Ardhendu Sekhar Naskar:

তার উত্তরতো (খ) তে দিয়েছি।

Irrigation schemes in Rampurhat police-station

***336.** (Admitted question No. *1881.) **Shrimati Niharika Majumdar:**

কৃষি মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রামপুরহাট থানার নারায়ণপুর ও মাসড়া অঞ্চলে কৃষি বিভাগের কোনও সেচ পরিকল্পনা আছে কিনা: এবং

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কবে কার্যকরী হইবে?

Shri Ardhendu Sekhar Naskar: Answer is not ready. This question may be held over.

Instruction to the Minister to inform the Speaker instead of to Assembly Office relating to Non-Collection of the Particulars Connected with Assembly Question.

Mr. Speaker: A letter written by the Deputy Secretary to the Government of West Bengal has been received by my department intimating that he could not collect the particulars required by his department. I may inform the Hon'ble Ministers that, after all, my office cannot receive this type of letter. If the Hon'ble Ministers cannot collect the particulars by the required time, it is for them to refer the matter to me and not to my office.

Arrest of the leaders of Siliguri Bidi Workers' Union

***337.** (Admitted question No. *1950.) **Shri Monoranjan Roy:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২১এ জানুয়ারি ১৯৬৫ তারিখে এবং ২৪এ জনুয়ারি, ১৯৬ শিলিগুড়ি বিড়ি শ্রমিকদের ইউনিয়ন অফিস হইতে যথাক্রমে পাঁচজন ও তিনজ বিড়ি শ্রমিক নেতাদের গ্রেপ্তার করা হয়;

(খ) গ্রেপ্তার করা হইয়া থাকিলে কোন্ আইনের কোন্ ধারায় গ্রেপ্তার করা হইয়াছে

(গ) ইহা কি সত্য যে, শিলিগুড়ি সদর থানায় উক্ত নেতাদের গ্রেপ্তারের পর অমানুষিব ভাবে মারধোর করা হইয়াছে;

(ঘ) পুলিশের বিরুদ্ধে আসামীদের মারধোরের ব্যাপারে সরকার কোন তদন্ত করিয়াছে কিনা; এবং

(ঙ) না করা হইলে, তাহার কারণ কি?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) ২১।১।৬৫ তারিখে ৫ জনকে, ২৪ তারিখে ১ জনকে এবং ২৫।১।৬৫ তারিখে : জনকে গ্রেপ্তার করা হয়।

ইহাদের মধ্যে কেবল প্রথম ৫ জনকে বিড়ি শ্রমিক ইউনিয়নের অফিস হইতে গ্রেপ্তার করা হয়।

(খ) ভারতীয় দণ্ডবিধি ৩৭৯ ধারায়।

(গ), (ঘ) ও (ঙ) বিড়ি মজদুর ইউনিয়নের সম্পাদক এই মর্মে মহকুমা আরক্ষা আধিকারিকের নিকট অভিযোগ করিয়াছিলেন। তদন্তের পর অভিযোগটা ভিত্তিহীন বলিয়া প্রমানিত হইয়াছে।

Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন ঐ যাদের গ্রেপ্তার করা হয়েছে, তাদের ছেড়ে দেওয়া হয়ে কিনা, বে-কসুর খালাস দেওয়া হয়েছে কিনা আদালত থেকে?

Shri Ardhendu Sekhar Naskar:

আমি একটা ঘটনা বলছি, অভিযোগে প্রকাশ—ওম প্রকাশ আগরওয়ালা যখন শিলিগুড়ি সহ থেকে রিকসায় করে যাচ্ছিলেন, তখন ৭।৮ জন বিড়ি শ্রমিক তাঁর কাছ থেকে প্রায় চার হাজা বিড়ি ছিনিয়ে নেয়। পেনাল কোডের ৩৭৯ ধারায় অভিযোগ সত্য বলে প্রমাণিত হয়েছে গত ২১।১।৬৫ তারিখে ৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে—উপানন্দ ভট্টাচার্য, অনিল সাহা, অশ্বিনী রায়, অনিল দাস, ব্রজেন দাস। আর ২৫।১।৬৫ তারিখে আর একটা ঘটনা হয়। সেই ঘটনাকে অবলম্বন করে রবীন্দ্র পাল, কালীদাস ও নগেন্দ্র দাসকে গ্রেপ্তার করা হয়েছে।

[1 10—1-20 p.m.]

শিলিগুড়িতে ২৪ তারিখ রাত্রে নরেন সরকার নামে এক ভদ্রলোক হিল কার্ট রোড দিয়ে রিক্সা করে যাচ্ছিলেন এবং তার সঙ্গে ৭৩৩ টাকা মূল্যের যে বিড়ি ছিল সেটা ৫।৬ জন বিড়ি শ্রমিক ছিনিয়ে নিয়ে যায়। পুলিশের ফাস্ট ইনফর্মেসন রিপোর্টে তাঁদের নাম আছে।

Shri Monoranjan Roy:

আমি সেকথা বলছি না। আমার প্রশ্ন হচ্ছে এ কেস তদন্ত করবার পর কোর্ট থেকে তাদের বেকসুর খালাস দেওয়া হয়েছে এবং অভিযোগ ভিত্তিহীন বলে প্রমাণিত হয়েছে একথা ঠিক কিনা ?

Shri Ardhendu Sekhar Naskar:

এখনও পলিশ তদন্ত চলছে।

Shri Kanai Pal:

মন্ত্রীমহাশয় জানাবেন কি, তাদের অভিযোগ যে ভিত্তিহীন বলে বলা হয়েছে সে ব্যাপারে কোন ডাক্তারী পরীক্ষা হয়েছে কিনা ?

Shri Ardhendu Sekhar Naskar:

সেটা আমি জানি না, তবে সি. আই. এবং এস. ডি. পি. ও. এই ব্যাপারে তদন্ত করেছিলেন।

Shri Jiban Krishna Dey:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, সেই সময় শিলিগুড়ি শহরে বিড়ি শ্রমিকদের কোন ধর্মঘট চলছিল কিনা ?

Shri Ardhendu Sekhar Naskar:

১৭.৩.৬৫ তারিখ থেকে কোন ধর্মঘট চলছিল না।

Shri Kanai Pal:

মন্ত্রিমহাশয় কি জানেন যে, এরকম মারধোরের অভিযোগ হলে সাধারণতঃ সেটা চিকিৎসকের দ্বারা পরীক্ষা করান হয়ে থাকে ?

Shri Ardhendu Sekhar Naskar:

এর জবাব দেওয়া মুস্কিল।

Collection of rice through levy system

***338.** (Admitted question No. *1959.) **Shri Nikhil Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লেভি প্রথার মাধ্যমে বিভিন্ন চালকল হইতে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৬৫ পর্যন্ত সরকার কত চাল সংগ্রহ করিয়াছেন ; এবং

(খ) বিভিন্ন চালকল হইতে এই বৎসরে কত পরিমাণ চাল সংগ্রহের পরিকল্পনা সরকারের আছে ?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) ১৯৬৪ (২৪. ২. ৬৪ হইতে ৩১. ১২. ৬৪ পর্যন্ত	..	১৬,২১,৫৮৩ কুইণ্টাল
১৯৬৫ (১. ১. ৬৫ হইতে ২৮. ২. ৬৫ পর্যন্ত)	..	১০,০৩,০১৬ কুইণ্টাল
মোট	..	২৬,২৪,৫৯৯ কুইণ্টাল

(খ) সরকার আশা করিতেছেন যে সংগ্রহের পরিমাণ সাড়ে তিন লক্ষ হইতে ৪ লক্ষ টনের মধ্যে হইবে।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে প্রকিওরমেণ্ট তাঁরা করেছেন এগুলি কি চালকল থেকে করা হয়েছে না হাস্কিং মিল থেকে যেটা প্রকিওর করা হয়েছে সেটা একসঙ্গে মিলিয়ে দিয়েছেন?

Shri Prafulla Chandra Sen:

হাস্কিং মিল থেকে বিশেষ কিছু করা হয়নি, সমস্তই বড় বড় রাইস মিল-এর।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, কিছুদিন আগে সংবাদপত্রে বেরিয়েছিল হাস্কিং মিল থেকে যেটা প্রকিওর করা হবে সে সম্বন্ধে সরকারের নীতি জানান হবে?

Shri Prafulla Chandra Sen:

হাস্কিং মিল থেকে বিশেষ কিছু প্রকিওরমেণ্টএর সম্ভাবনা নেই।

Dr. Kanai Lal Bhattacharyya:

মন্ত্রিমহাশয়ের কাছে ব্রেক-আপ আছে কিনা জানি না। যাহোক, আমার প্রশ্ন হচ্ছে হাওড়া জেলা থেকে অর্থাৎ হাওড়া জেলার চালকল থেকে এবছর কত কুইণ্টাল চাল লেভি মারফৎ পাওয়া গেছে?

Shri Ardhendu Sekhar Naskar:

হাওড়া জেলায় ২৪.২.৬৪ থেকে ৩১.১২.৬৪ পযন্ত লেভি মারফৎ পার্চেজ করা হয়েছে ২৩ হাজার ৯৫৮ কুইণ্টাল, ১.১.৬৫ থেকে ২৮.২.৬৫ পর্যন্ত ৪ হাজার ১৫৫ কুইণ্টাল, এবং ১.১.৬৫ থেকে ১৬.৩.৬৫ পর্যন্ত হাওড়া জেলায় ৫ হাজার ২৫০ কুইণ্টাল।

Dr. Kanai Lal Bhattacharyya:

গত বছর করেছিলেন ২৬ হাজার কুইণ্টাল, এ বছর ফেব্রুয়ারী পর্যন্ত ৯ হাজার কুইণ্টাল লেভি পেয়েছেন এবার কি কারণে কম হয়েছে?

Shri Ardhendu Sekhar Naskar:

এবারে হয়েছে ২৯৬২৮ কুইণ্টাল।

Shri Nani Bhattacharyya:

জলপাইগুড়ি জেলায় কি পরিমাণ চাল লেভিতে সংগ্রহ করেছেন বলবেন কি?

Shri Ardhendu Sekhar Naskar:

২৪।২।৬৪ থেকে ৩১।১২।৬৪ পর্যন্ত জলপাইগুড়ি জেলায় সংগৃহীত হয়েছে ৫৫,৬৫১ কুইণ্টাল ১।১।৬৫ থেকে ২৮।২।৬৫ পর্যন্ত হয়েছে ১৯,৪৬৬ কুইণ্টাল আর ১।১।৬৫ থেকে ১৬।৩।৬৫ পর্যন্ত হয়েছে ৪২,৬০৮ কুইণ্টাল।

Shri Aswini Kumar Roy:

माननीय मन्त्रिमहाशय जानाबेन कि एই বছর ১৯৬৫ সালে, বর্ধমান জেলা থেকে কি পরিমাণ চাল লেভি প্রথায় সংগৃহীত হয়েছে?

Shri Ardhendu Sekhar Naskar:

১।১।৬৫ তারিখ থেকে ২৮।২।৬৫ তারিখ পর্যন্ত বর্ধমান জেলায় সংগৃহীত হয়েছে ১,৯৭,৭২০ কুইণ্টাল এবং ১।১।৬৫ থেকে ১৬।৩।৬৫ পর্যন্ত হয়েছে, ২,৬১,৯২৬ কুইণ্টাল।

Shri Aswini Kumar Roy:

গত বছর টোটাল কত সংগ্রহ করা হয়েছিল?

Shri Ardhendu Sekhar Naskar:

বর্ধমান জেলায় ১৯৬৪ সালে ২৪।২।৬৪ থেকে ৩১।১২।৬৪ পর্যন্ত হয়েছিল ৩০৩,১৫৩ কুইণ্টাল।

Shri Rabindra Nath Mukhopadhyay:

কলকাতা এবং ২৪ পরগণার রাইস মিল থেকে লেভি প্রথায় চাল সংগ্রহ করা হয়েছিল কিনা?

Shri Ardhendu Sekhar Naskar:

২৪ পরগণা জেলায় লেভি হয়েছে ১৯৬৪ সালে ২৪।২।৬৪ থেকে ৩১।১২।৬৪ পর্যন্ত ১৩৩,৭৫৬ কুইণ্টাল, ১।১।৬৫ থেকে ২৮।২।৬৫ পর্যন্ত ৪৯,৪৭৬ কুইণ্টাল এবং ১।১।৬৫ তারিখ থেকে ১৬।৩।৬৫ পর্যন্ত ৬৮,৯৫১ কুইণ্টাল।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহোদয় দয়া করে জানাবেন কি এই যে প্রকিওরমেণ্ট করা হয়েছে লেভি করে মিল থেকে, এই লেভি কি ভিত্তিতে করা হয়েছে, কিভাবে এটা অ্যাসেসমেণ্ট করা হয়েছে?

Shri Ardhendu Sekhar Naskar:

যা উৎপাদন হয় তার ৫০ ভাগ লেভি করা হয়েছে।

Shri Birendra Narayan Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বাকী জেলাগুলিতে এই পিরিয়ডএ কত হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

সমস্ত জেলার কথাই আমা কাছে আছে, আপনি কোন্ জেলার কথা জানতে চান বলুন।

Shri Birendra Narayan Roy:

মুর্শিদাবাদ জেলার কথা বলুন।

Shri Ardhendu Shekhar Naskar:

আমি সব পড়ে দিচ্ছি। বর্ধমান জেলা থেকে আরম্ভ করি, ১৯৬৪ সালে ১২।২।৬৪ থেকে ৩১।১২।৬৪ চাল সংগ্রহ হয়েছিল ৩০৩,১৫৩ কুইণ্টাল। ১৯৬৫ সালে হয়েছে ১।১।৬৫ থেকে ২৮।২।৬৫ পর্যন্ত....

(**Shri Kamal Kanti Guha:** এ সব পড়ে দিলে কি লাভ হচ্ছে?)

Mr. Speaker: If the honourable member insists, and so long as it does nottransgress the Rules of procedure I am bound to allow the question

Shri Nani Bhattacharyya:

জলপাইগুড়িতে সংগৃহীত চাল কি জলপাইগুড়িতেই রাখবেন না কলকাতায় নিয়ে আসা স্থির হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

এই প্রশ্ন উঠে না।

[1-20—1-30 pm]

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন যে উৎপাদনের শতকরা ৫০ ভাগ যে লেভী করে সংগ্রহ করা হয় আমি জানতে চাই উৎপাদনটা কি রকম হল সেটা কি ভাবে আপনারা ঠিক করেন?

Shri Prafulla Chandra Sen:

আমরা দেখি যে৷ তারা এত ধান কিনেছে বা চাল কিনেছে এই ব্যাপারটা আমাদের ইনস্পেক্টররা তদন্ত করেন।

Shri Sudhir Chandra Das:

আমার প্রশ্ন হচ্ছে শতকরা ২৫ ভাগ লেভী চাপান যে পরিমাণ চাল গত বৎসর সংগ্রহ কর৷ হয়েছিল এ বৎসরে লেভীর পরিমাণ শতকরা ৫০ ভাগ করায় কত বেশী চাল সংগ্রহ কর হয়েছে তার আভাস দিতে পারেন কি?

Shri Prafulla Chandra Sen:

১৯৬৫ সালের ৩১শে ডিসেম্বরের পরে বলা যাবে।

Shri Sudhir Chandra Das:

এখানে প্রশ্ন উত্তর হয়ে গেল যে হিসাব প্রকাশিত হয়েছে তাতে দেখা যাচ্ছে ২৫ ভাগ লেভী করে সরকার যে পরিমাণ চাল সংগ্রহ করেছিলেন এ বৎসরে লেভীর পরিমাণশতকরা ৫০ ভাগ হওয়ায় সংগ্রহের পরিমাণ দ্বিগুণ হওয়া উচিত ছিল সুতরাং এই হিসাব থেকে আমরা জানতে চাই যে আপনারা কত বেশী চাল সংগ্রহ করেছেন?

Shri Prafulla Chandra Sen:

আজকে মার্চের ২৩, গত বৎসর ২৪শে ফেব্রুয়ারী থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত করা হয়েছিল কাজেই তুলনা করা যাবে না ৩১শে ডিসেম্বর ১৯৬৫ পর বলা যাবে। গত বৎসর ২৫ ভাগ নেওয়া হয়েছে এবং এ বছর ৫০ ভাগ নেওয়া হচ্ছে সুতরাং গত বৎসরের চেয়েও ঢের বেশী পাচ্ছি।

Shri Kamal Kanti Guha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন যে ছোট ছোট রাইস মিলগুলি থেকে যে লেভী হয়ে থাকে সেই লেভীর টাকা ঠিক সময়ে দেওয়া হচ্ছে না যার ফলে রাইস মিলগুলি বাইরে থেকে ধান কিনতে পাচেছ না। এরা যাতে লেভীর সঙ্গে সঙ্গে টাকা পায় তার ব্যবস্থা করবেন কি?

Shri Prafulla Chandra Sen:

যেরকম যেরকম চাল হয়েছে ঠিক তেমনি তেমনি লেভী তুলেছি যদি ওয়াগন পেতে দু, একদিন দেরী হয় সেজন্য ধরা হয়েছে যে রকম চাল তুলবো সে রকম টাকা দেব।

Shri Balai Lal Das Mahapatra:

আমরা এরূপ অভিযোগ পেয়েছি যে মিলওয়ালারা বলেন যে অর্দ্ধেক টাকা দিচ্ছি এই কথা বলে মিল মালিকরা তারা আরও বলে বাকী টাকা ৫।৬ মাস পরে দেব। আপনি কি এ ধরণের অভিযোগ পেয়েছেন?

Shri Prafulla Chandra Sen:

আমরা এরূপ কোন অভিযোগ পাইনি।

Shri Balai Lal Das Mahapatra:

এর ফলে দেখা গেছে যে মিল মালিকরা ঠিকমত ধান কিনতে পাচ্ছে না, এই অসুবিধা দূর করে যদি ঠিক সময়ে টাকা দেওয়া হয় তা হলে বেশী পরিমাণ ধান সংগ্রহ হতে পারে সুতরাং সে চেষ্টা করবেন কি?

Shri Prafulla Chandra Sen:

আমি বলেছি যদির উপর প্রশ্ন হয় না। আমরা যেরকম চাল দিচ্ছি সেরকম টাকা দিচ্ছি, তবে ওয়াগন-এর জন্য হয়ত একটু আধটু ২।১ দিন দেরী হতে পারে।

Theft of idols in Murshidabad district

***339.** (Admitted question No. *1972.) **Shri Sailendra Nath Adhikary:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জিলায় ১৯৬৪ সাল হইতে ১৯৬৫ সালের জানুয়ারি মাস পর্যন্ত ঐতিহাসিক বিগ্রহ, মূর্তি প্রভৃতি চুরির সংখ্যা কত ও কোথায় কোথায়; এবং

(খ) ঐ চুরির ব্যাপারে কয়টি কেস হইয়াছে?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) মোট দুইটি। উহাদের মধ্যে একটি হইয়াছে বেলডাঙ্গা থানার অধীন পলিন্দা গ্রামে ও অপরটি হইয়াছে সাগরদীঘিতে।

(খ) দুইটি।

আমি আর একটু বলে দি, প্রথমটা পুলিন্দা গ্রামে বেলডাঙ্গা থানা শ্রীমতী দুর্গাদাসী বৈষ্ণবীর গৃহ হইতে ৭।৮।৬৪ তারিখে রাত্রি ১০ থেকে ২টার মধ্যে গোপালের বিগ্রহ চুরি হয়, সি. আই. ডি. কেসটা তদন্ত করেন, কাউকেই ধরা হয়নি। ১২।৫।৬৪ তারিখে রাধারাণীর বিগ্রহটি চুরি হয়, বিগ্রহের গহনা চুরি করিয়া মূর্ত্তিটি মাঠে ফেলিয়া যায় এই সম্পর্কে ফাইন্যাল রিপোর্ট পাওয়া গিয়াছে এবং ৯।৬।৬৪ তারিখে ঐ ফাইন্যাল রিপোর্ট দেওয়া হইয়াছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মুর্শিদাবাদ জেলায় ১৯৬৪-৬৫ সালে এরূপ দুটি মাত্র বিগ্রহ চুরি হইয়াছে। এর খবর দপ্তরে আছে। আমার জিজ্ঞাস্য এ সম্পর্কে আর কোন খবর পাওয়া গিয়াছে কিনা যে ঐ সালের মধ্যে মুর্শিদাবাদ জেলা ছাড়া অন্যান্য জেলায় স্পেশালি যে সমস্ত ঐতিহাসিক জিনিষ বিভিন্ন ধরণের চুরি হয়েছে বিগ্রহ ছাড়া এরূপ ঐতিহাসিক নিদর্শন স্বরূপ যা ছিল তার কোন খবর আর আছে কিনা?

Shri Prafulla Chandra Sen:

আপনি চেয়েছেন ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত ঐতিহাসিক বিগ্রহ চুরির সংখ্যা কত। আমি যা খবর পেয়েছি তা দুটার বেশী নয়।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে চুরির কেস ধরেছেন এর মধ্যে প্রত্যক্ষভাবে এদের পেছনে কেউ ওয়াকিবহাল মহলের আছে কিনা বা এইরকম কাউকে ধরেছেন কিনা ?

Shri Ardhendu Shekhar Naskar:

না এই রকম ধরা হয়নি। সি. আই. ডি. কেস এনকোয়ারী করেছে রাত ১০টার সময় সব চুরি হয়ে গিয়েছিল এবং এ সম্পর্কে সব ফাইন্যাল রিপোর্ট পাওয়া গিয়াছে, তদন্ত করে যে তথ্য পাওয়া গিয়াছে তাতে রাধারাণীর গহনা চুরি করে তার বিগ্রহ ফেলে যায় মাঠের মধ্যে তার গহনা কিছু পাওয়া যায় নি।

Shri Sambhu Charan Ghosh:

আপনি কি জানেন যে মুর্শিদাবাদ জেলা ছাড়া বিভিন্ন জেলায় এ ধরণের ঐতিহাসিক বিগ্রহ চুরির একটা দল এসব বিক্রী করতে সচেষ্ট একথা কি অবগত আছেন ?

[1-30—1-40 p.m.]

Mr. Speaker: That is a general question.

Shri Sambhu Charan Ghosh:

আমি বলেছি যে ঐ ধরণের ঐতিহাসিক বিগ্রহ চুরি হচ্ছে এ ধরণের কোন তথ্য জানেন কি না ?

Shri Prafulla Chandra Sen:

এ সম্বন্ধে আলাদা প্রশ্ন করলে বলতে পারব।

Shri Sambhu Charan Ghosh:

এ ধরণের চুরি বন্ধ করবার কোন পন্থা অবলম্বন করেছেন কিনা।

Shri Ardhendu Shekhar Naskar:

আমরা সব সময় সব চুরি বন্ধ করার চেষ্টা করছি।

Shri Sambhu Charan Ghosh:

মুর্শিদাবাদ জেলায় যে দুটা চুরি হয়েছে বলেছেন এ ধরণের চুরি ভবিষ্যতে বন্ধ করবার ব্যবস্থা অবলম্বন করেছেন কি ?

Shri Ardhendu Shekhar Naskar:

আমি আগেই বলেছি সব সময় চুরি বন্ধ করবার চেষ্টা করে থাকি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ডিটেকটিভ ডিপার্টমেণ্ট-এর লোক গিয়েছিল এবং তারা একটা ফাইনাল রিপোর্ট দিয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে এই ডিটেকটিভ ডিপার্টমেণ্ট কতদিন বাদে সেখানে গিয়েছিল ?

Shri Ardhendu Shekhar Naskar:

তারা সঙ্গে সঙ্গেই এনকোয়ারী করেছে।

Shri Sanat Kumar Raha:

মুর্শিদাবাদ জেলায় দুটা বিগ্রহ চুরির কথা বলেছেন কিন্তু আমি জানি ১৯৬২-৬৩ সাল পর্যন্ত ৩৭টা এ ধরণের চুরি হয়েছে। আমার জিজ্ঞাস্য যে এই যে চরি হল এর পেছনে পুলিশ এমন কোন অনুসন্ধান করেছেন কি বা কাউকে ধরেছেন কি যাতে এ ধরণের চুরি না হয়?

Shri Ardhendu Shekhar Naskar:

আমরা ভাল ভাবে অনুসন্ধান করে রিপোর্ট দিয়েছি।

Shri Sailendra Nath Adhikary:

এর পেছনে কোন মতলব আছে কি? কারণ এর সঙ্গে আর্থিক লাভের প্রশ্ন আছে সেজন্য জিজ্ঞাস করছি যে এর পেছনে আর অন্য কিছু আছে কি না।

Shri Prafulla Chandra Sen:

২টা চুরির কথা বলা হয়েছে এর মধ্যে একটা বিগ্রহ চুরি করে আর একটা বিগ্রহের গহনা নিয়ে বিগ্রহটি মাঠে ফেলে দিয়ে গেছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই চুরির ব্যাপারে কয়েকজন বিখ্যাত ধনী জড়িত আছে এবং এই সমস্ত ঐতিহাসিক বিগ্রহ যা নাকি আমাদের জাতির থেকে সকলের চেয়েও বড় সম্পত্তি তা বিদেশে চালান হচ্ছে এবং এই ভাবে ঘৃণিত উপায়ে পয়সা রোজগার হচ্ছে।

Shri Prafulla Chandra Sen:

ধনীদের নাম ধাম দিলে চেষ্টা করবো।

Shri Sailendra Nath Adhikary:

আমরা নাম, ধাম দেবার জন্য এখানে আসিনি, আপনার ডিপার্টমেন্ট কি করছে?

Shri Prafulla Chandra Sen:

আপনি জানালে আমরা আরও ভাল ভাবে অনুসন্ধান করবো, নিজে না জানলে এধরণের কথা বলার মানে হয় না।

Mr. Speaker:

পনি এরূপ জানলে নাম, ধাম দেবেন বই কি?

Shri Sailendra Nath Adhikary:

মুখ্য মন্ত্রী মহাশয় বোধ হয় জানেন যে নওলক্ষা বলে একজন বিরাট ধনী এব্যাপারে ছিলেন এবং তিনি কনফেসন করেছিলেন।

Shri Prafulla Chandra Sen:

এটা কি মুর্শিদাবাদ সম্পর্কে এধরণের কোন কিছু বলতে পারবো না।

Shri Sailendra Nath Adhikary:

আমি মুর্শিদাবাদের যে কথা বলা হয়েছে তা থেকেও প্রশ্ন করছি যে এধরণের কনফেসন হয়ে ছিল সেটা জানেন কি?

Shri Prafulla Chandra Sen:

আমি খোঁজ করে দেখবো।

Food Department employees

***340.** (Admitted question No. *1981.) **Shri Tarapada Dey:**

খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) খাদ্য বিভাগ তুলিয়া দিবার পর পশ্চিমবঙ্গে খাদ্য বিভাগের কতজন কর্মচারীকে বরখাস্ত করা হইয়াছিল;

(২) ইহাদের মধ্যে কতজনকে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৬৫ পর্যন্ত পুনর্নিয়োগ করা হইয়াছে;

(৩) ইহাদের মধ্যে কতজন দশ বৎসরের অধিক কাজ করিয়াছিলেন;

(৪) পুনর্নিযুক্ত কর্মচারীদের মধ্যে কতজনকে স্থায়ী করা হইয়াছে এবং কতগুলি অস্থায়ী;

(৫) যাহাদের স্থায়ী করা হইয়াছে তাহাদের মধ্যে কতজনের চাকুরী দশ বৎসরেরর অধিক; এবং

(৬) বর্তমান বাজেট বক্তৃতায় অস্থায়ী কর্মচারীদের ইনক্রিমেণ্ট, পেনসন প্রভৃতি স্থায়ী কর্মচারীদের মত সুযোগ-সুবিধা দেবার প্রতিশ্রুতি দেওয়ার পরও কর্মচারীদের অস্থায়ী রাখা হইতেছে কেন?

Shri Ardhendu Shekhar Naskar:

(১) পশ্চিমবঙ্গের খাদ্য বিভাগ তুলিয়া দেওয়া হয় নাই এবং তদ্রূপ কোন কর্মচারীকেও বরখাস্ত করা হয় নাই।

(৩)—(৫) প্রশ্ন ওঠে না।

(৬) বিভাগের সকল পদ স্থায়ী নয়। ক্রমশ: স্থায়ীপদের সংখ্যা বর্ধিত করা হইতেছে।

Shri Tarapada Dey:

আপনি বলেছেন যে খাদ্য বিভাগ তুলে দেওয়া হয়নি। এবং কোন কর্মচারীকে ছাঁটাই করা হয়নি—ভাল কথা। আমি প্রশ্ন করছি ১৯৫১-৫২ সালে যখন রেশনিং ব্যবস্থা চালু ছিল তখন কতগুলি কর্মচারী ছিল আর যখন রেশনিং ব্যবস্থা তুলে দিলেন তখন কতগুলি কর্মচারী ছিল?

Shri Prafulla Chandra Sen:

কিন্তু প্রশ্নটা করা হয়েছে—খাদ্য বিভাগ তুলে দেবার পর। এখন খাদ্য বিভাগ তুলে দেওয়া হয়নি। এখানে মাননীয় সদস্য যা প্রশ্ন করছেন সেটা পৃথক প্রশ্ন।

Shri Tarapada Dey:

আমার সাপলিমেণ্টারী হচ্ছে যখন রেশনিং ব্যবস্থা উঠে যায় সেই সময় কতগুলি কর্মচারীকে বরখাস্ত করেছিলেন।

Shri Prafulla Chandra Sen:

এটা পৃথক প্রশ্ন করলে উত্তর দেওয়া যাবে—মাননীয় সদস্য ধরেই নিয়েছেন যে খাদ্য বিভাগ উঠে গেছে। প্রশ্ন যদি এক রকম করেন, আর উত্তর যদি অন্য রকম আশা করেন তাহলে নিরাশ হতেই হবে।

Shri Tarapada Dey:

যখন রেশনিং ব্যবস্থা তুলে দিলেন তখন খাদ্য বিভাগে অনেক ছাঁটাই করে দিলেন—মোটামটি খাদ্য বিভাগের বহু অফিস তুলে দিলেন।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য প্রশ্ন করেছেন খাদ্য বিভাগ তুলে দেবার কি হয়েছে—এখানে বলা হয়েছে যে খাদ্য বিভাগ তুলে দেওয়া হয় নি।

Shri Tarapada Dey:

আপনি বলেছেন যে স্থায়ী পদের সংখ্যা বর্ধিত করা হচ্ছে। আমি সাপ্লিমেণ্টারী করছি সকলকেই কি স্থায়ী বলে ঘোষণা করবেন কিনা ?

Shri Ardhendu Shekhar Naskar:

৭৬১৯ জনের মধ্যে ৩০৪৭ পদ আমরা স্থায়ী করেছি।

Shri Tarapada Dey:

আমার প্রশ্ন হচ্ছে যাদের স্থায়ী করা হয়েছে তাদের মধ্যে ১০ বছর অবধি কারা কাজ করছেন ?

Shri Prafulla Chandra Sen:

যাদের স্থায়ী করা হয়েছে তারা সকলেই দশ বছরের অধিক কাজ করছে।

Shri Sanat Kumar Raha:

যেসব কর্মচারীদের পুনর্নিয়োগ খাদ্য দপ্তরে করা হোল অন্য দপ্তর থেকে নিয়ে এসে তাদের সেই এক্সপেরিয়েন্সটা কাউণ্ট করে তাদের উপযুক্ত পোজিশনে নিযুক্ত করা হচ্ছে কি না—এবং তাদের বেতন থেকে বঞ্চিত করা হচ্ছে কিনা। মাঝখানে তারা খাদ্য দপ্তর থেকে অন্য দপ্তরে গিয়েছিলেন।

Shri Prafulla Chandra Sen:

আমাদের যখন ১৯৫৪ সালের জুলাই মাস থেকে এই স্ট্যাটুটরী রেশনিং চলে যায় তার পর আমাদের অনেক সারপ্লাস হয়—যারা সারপ্লাস হন তাঁদের প্রায় সবাইকেই আমরা অন্যত্র অ্যাবজর্ভ করে নিই, এখন আবার আমাদের যখন পুর্নগঠন হোল তখন আমরা কিছু কিছু নিয়েছি। আর যাঁরা সেখানে আছেন ছাড়তে চান না তাঁদের আমরা নিই নি।

Shri Sanat Kumar Raha:

যাদের খাদ্য দপ্তরে ফিরিয়ে নিয়ে এলেন তাদের ইনক্রিমেণ্ট প্রমোশনগুলি থেকে বঞ্চিত করা হবে কিনা ?

Shri Prafulla Chandra Sen:

তা কেন হবে ? আগে যারা চাকুরী করতেন তাঁদের সেই পিরিয়ডটা যদি কাউণ্ট হয়ে থাকে তাহলে বঞ্চিত হবেন না।

Shri Sanat Kumar Raha:

কাউন্টেড হয়েছে কিনা জানতে চাই।

Shri Prafulla Chandra Sen:

আমাকে স্পেসিফিক কেস নিয়ে দিলে বলতে পারবো।

Shri Tarapada Dey:

আপনি শেষকালে বলেছেন যে স্থায়ী পদের সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে। আমি এবারের বাজেট স্পীচের পরিপ্রেক্ষিতে বলছি যে এই সমস্ত কর্মচারীদের স্থায়ী করবার পরিকল্পনা আপনাদের আছে কিনা—তা যদি না থাকে তাহলে এই সমস্ত অস্থায়ী কর্মচারীদের ছাঁটাই করবার কোন পরিকল্পনা আছে কি?

Shri Prafulla Chandra Sen:

এখন আমাদের স্ট্যাটুটরি রেশনিং পুরাপুরি যদি চিরকাল চলে তাহলে আমরা সবাইকেই স্থায়ী করবো—কিন্তু তা চলবে কিনা তা আজই তো আর বলতে পারছি না।

Digha Development Committee

***341.** (Admitted question No. *1988.) **Shri Balailal Das Mahapatra:** উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দীঘা ডেভেলপমেণ্ট কমিটিতে যে সকল সদস্য রহিয়াছেন তাঁহাদের নাম কি;

(খ) কমিটি কার্যভার গ্রহণের পর দীঘা ডেভেলপমেণ্ট-এর জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(গ) উক্ত পরিকল্পনাগুলির মধ্যে কোন্ কোন্‌টি কবে সম্পন্ন হইয়াছে; এবং

(ঘ) উক্ত পরিকল্পনাগুলির জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছিল ও এ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) নিম্নলিখিত ব্যক্তিগণ দীঘা উন্নয়ন উপদেষ্টা পর্ষদের সদস্য রহিয়াছেন।

(১) শ্রীঅতুল্য ঘোষ, এম-পি।

(২) মাননীয় বিচারপতি শ্রীশঙ্কর প্রসাদ মিত্র।

(৩) শ্রীঅজয় কুমার মুখার্জী।

(৪) শ্রীশ্যামাদাস ভট্টাচার্য্য।

(৫) শ্রীমতী আভা মাইতি।

(৬) শ্রী এস. এম. ফজলুর রহমান।

(৭) শ্রীতরুণ কান্তি ঘোষ।

(৮) শ্রীবিজয় সিং নাহার।

(৯) শ্রীচিত্তরঞ্জন রায়।

(১০) শ্রীচারুচন্দ্র মহান্তি।

(১১) শ্রীবীরেশ চন্দ্র সেন।

(১২) শ্রীরাসবিহারী পাল।

(১৩) শ্রীত্রৈলোক্য প্রধান।
(১৪) শ্রীসুকুমার রায়।
(১৫) শ্রীশৈলকুমার মুখার্জী।
(১৬) সভাপতি, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষৎ।
(১৭) শ্রীকৃষ্ণপ্রসাদ মাণ্ডল।
(১৮) উন্নয়ন ও পরিকল্পনা মহাধ্যক্ষ।
(১৯) জেলা-শাসক, মেদিনীপুর।

(খ) কমিটি কার্যভার গ্রহণের পর নিম্নলিখিত প্রকল্পগুলি রূপায়িত করার সুপারিশ করেন—

(১) দীঘার জন্য একটি লে আউট প্লান।
(২) প্লট বিলি বন্দোবস্ত করা।
(৩) পানীয় জল সরবরাহ করা।
(৪) রাস্তা প্রশস্তিকরণ ও উড়িষ্যা এলাকা অবধি সম্প্রসারণ।
(৫) সৈকতে অতিরিক্ত আলোর ব্যবস্থা করা।
(৬) পর্য্যটকদের জন্য বিশ্রামাগার তৈয়ারী করা।
(৭) পর্য্যটকদের জন্য বাসভবন তৈয়ারী করা।
(৮) দীঘাকে পত্যার্পিত এলাকা বলিয়া ঘোষণা করা।
(৯) দীঘা খড়গপুর বাস রাস্তায় বেলদা ও কাঁথিতে দুইটি বিশ্রামাগার তৈয়ারী করা।
(১০) উক্ত বাস রাস্তায় আরামপ্রদ বাস ও ট্যাক্সি চলাচলের ব্যবস্থা করা।
(১১) একটি পেট্রোল পাম্প তৈয়ারী করা।
(১২) একটি থানা স্থাপন করা।
(১৩) সর্বক্ষণের জন্য বিদ্যুৎ সরবরাহ।
(১৪) হাঁস মুরগী উৎপাদনের ব্যবস্থা করা।
(১৫) সমুদ্রে স্নানের পর সৈকতে জামা কাপড় বদল করিবার জন্য খুপরি।
(১৬) দি ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ হেলথ রিসোর্ট লিঃ-এর নিকট হইতে জমি পূর্ণ দখল করা ও বিলিবন্দোবস্ত করা।
(১৭) দীঘা সন্নিহিত অঞ্চল বনীকরন উপযুক্ত ভাবে।
(১৮) চীপ হোটেলের সম্প্রসারণ ও নূতন একটি দ্বিতল হোটেল গৃহ নির্মাণ।

(গ) উপরোক্ত প্রকল্পগুলির মধ্যে (৩) ও (১৩) নং প্রকল্প দুইটির কাজ বর্তমান মাসে শেষ হইয়াছে। (৪) নং প্রকল্পটির মধ্যে প্রশস্তি করণের কার্য গত ডিসেম্বর মাসে শেষ হইয়াছে। (৬) নং প্রকল্পটি গত নভেম্বর মাসে শেষ হইয়াছে। (১০) নং প্রকল্পটি গত এপ্রিল মাসে চালু হইয়াছে। (১২) নং প্রকল্পটি গত ফেব্রুয়ারী মাসে শেষ হইয়াছে।

উক্ত পরিকল্পনাগুলি রূপায়িত করিবার জন্য বর্তমান বাজেটে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। উক্ত বরাদ্দের প্রায় সমস্ত টাকা ইতিমধ্যে ব্যায়িত হইয়াছে।

[1-40—1-50 p.m.]

Shri Balailal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ১০ লক্ষ টাকা এই প্রকল্পগুলির জন্য খরচ করা হয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে কোন প্রকল্পের জন্য কত টাকা খরচ হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

সেটা এখন বলতে পারব না, নোটিশ দিলে বলতে পারব।

Shri Sunil Das Gupta:

দীঘা ডেভেলপমেণ্ট কমিটির সদস্যদের যে নাম তিনি বললেন তার মধ্যে আমরা দেখলাম ঐ এলাকার পরাজিত কংগ্রেস এম. এল. এ আছেন, ঐ এলাকার যিনি এম. এল. এসি. বা বিহারী পাল তিনিও আছেন। কিন্তু ঐ এলাকার যিনি বিধান সভার বর্তমান সদস্য তাঁকে কেন কমিটির মধ্যে নেওয়া হয় নি?

Shri Prafulla Chandra Sen:

যাঁদের কমিটিতে নেওয়া হয়েছে তাঁদের নাম পড়া হয়েছে। নেওয়া হয় নি কেন সে প্রশ্ন ছিল না।

Shri Narayan Choubey:

মন্ত্রিমহাশয় বলেছেন যে ১০ লক্ষ টাকা খরচ করা হয়েছে। এই কমিটির বৈঠকের জন্য মেম্বার টি. এ. বাবত কত টাকা খরচ করা হয়েছে?

Shri Prafulla Chandra Sen:

সেটা প্রশ্ন করলে বলে দেওয়া যাবে, এখানে সে প্রশ্ন উঠে না।

Shri Sunil Das Gupta:

মাননীয় অতুল্য ঘোষ মহাশয়কে কি যোগ্যতার জন্য এই দীঘা ডেভেলপমেণ্ট সমিতির সভাপতি নির্বাচিত করা হয়েছে?

Shri Prafulla Chandra Sen:

এই কমিটির কার্য গুরুত্বপূর্ণ, তাঁর সম্পূর্ণ যোগ্যতা আছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এই দীঘার ব্যাপারে অনেকগুলি প্রকল্প তাঁদের আছে এবং তার মধ্যে কিছু কিছু তাঁরা করেছেনও। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি বাজেটে যে ১০ লক্ষ টাকা ধরেছেন সেই টাকাটা ফরেন থেকে যাঁরা টুরিস্ট আসেন তাঁদের জন্য যে ধরণের হোটেল বোর্ডিং হাউস তৈরি করা দরকার সেই ধরণের হোটেল তৈরি করার পক্ষে পর্যাপ্ত বলে মনে করেন?

Shri Ardhendu Shekhar Naskar:

টুরিস্টদের জন্য আলাদা কোন ব্যবস্থা করা হয়নি। যা করা হয়েছে সে সম্বন্ধে আপনাদের কাছে বলেছি।

Shri Balailal Das Mahapatra:

আপনি বললেন দীঘা হেলথ রিসর্ট এর কাছ থেকে টাকা নিয়েছিলেন জমি দেবেন বলে আবার দীঘা হেলথ রিসর্ট বহু লোকের কাছ থেকে টাকা নিয়েছেন জমি দেবেন বলে সেই জমি কি তাদের দখল দিয়েছেন?

Shri Prafulla Chandra Sen:

তাহলে দখল পাননি। আমরা বণ্টন এবং পুনর্বণ্টনের ব্যবস্থা করেছি।

Shri Balailal Das Mahapatra:

একথা কি সত্য যে দীঘা হেলথ রিসর্ট বলছে যে সরকার তাদের জমি দখল দেন নি এজন্য বাইরের লোকের কাছ থেকে তারা যে হাজার হাজার টাকা নিয়েছেন সেই লোকগুলি রাস্তায় বসেছে?

Shri Prafulla Chandra Sen:

সেটা সরকার নেননি, যাঁরা নিয়েছেন তাঁদের জিজ্ঞাসা করতে পারেন। সরকার যেটা করতে চাইছেন অর্থাৎ ডেভেলপমেণ্ট বোর্ড যেটা করতে চাইছেন সেটা হচ্ছে এই যাঁরা যাঁরা টাকা দিয়েছেন তাঁদের মধ্যে কাদের কাদের জমি দিতে হবে তার পুনর্বণ্টনের ব্যবস্থা হচ্ছে।

Shri Balailal Das Mahapatra:

দীঘা ডেভেলপমেণ্ট বোর্ড গঠিত হবার আগে একমাত্র সংস্থা দীঘা হেলথ রিসর্ট ওখানে কাজ করছিল। কাজেই জনসাধারণ জানে যে ওদের কাছ থেকে জায়গা নিতে হবে টাকা দিতে হবে। আজ পর্যন্ত তাদের কাছ থেকে টাকা নিয়ে জমি দেওয়া হচ্ছে না কেন? বর্তমান দীঘা ডেভেলপমেণ্ট কমিটি তার ব্যবস্থা করছে না কেন?

Shri Prafulla Chandra Sen:

সেই সমস্ত জিনিসগুলি আমরা পরীক্ষা করে দেখছি। আমাদের যখন পরিকল্পনা হয় তখন আমাদের ইচ্ছা ছিল খুব ধনী লোককে আমরা জমি দেব না। তবে এমন ধনী লোক যদি থাকে যে তার কর্মচারীদের জন্য সেখানে একটা হেলথ রিসর্ট করবে তাদের আমরা দিতে চাই। সেজন্য আমরা পরীক্ষা করে দেখছি খুব বেশী ধনী লোক টাকা দিয়েছে কিনা, একই লোকের নামে তিনটি জমি নেওয়া হয়েছে এবং সেই সময়ের মধ্যে তাঁরা টাকা জমা দিয়েছিলেন কিনা। এগুলি বিবেচনা করে দেখে আমরা পুনর্বণ্টনের ব্যবস্থা করব।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই দীঘা ডেভেলপমেণ্ট এরিয়ার জমি বর্তমানে মালিকানা সরকারের না, ওখানকার কো-অপারেটিভ সোসাইটির?

Shri Prafulla Chandra Sen:

যে সমস্ত জমি সরকার দখল করেছেন, তা সরকার ডেভেলপ করছেন। আর কতকগুলি জমি যা কো-অপারেটিভ সোসাইটিকে দেবার কথা হয়েছিল, তার মধ্যে কিছু কিছু গোলযোগ আছে। সমস্ত জিনিষগুলি পরীক্ষা করে দেখছি এবং পুনর্বণ্টনের ব্যবস্থা করছি, বিশেষ করে যারা টাকা জমা দিয়েছিল, তার মধ্যে নিয়মানুসারে যারা জমি পেতে পারে তাদের জন্য জমি দেওয়ার ব্যবস্থা করছি।

Shri Abani Kumar Basu:

যে সমস্ত জমিতে গোলমাল আছে বললেন, সেই সমস্ত জমি পুনর্দখলের কোন ব্যবস্থা আপনারা করছেন কী?

Shri Prafulla Chandra Sen:

পরীক্ষা নিরীক্ষা করে দেখছি এবং পুনর্বণ্টনের ব্যবস্থা করছি।

Shri Sudhir Chandra Das:

দীঘা ডেভেলপমেণ্ট বোর্ডের কাছে বহুদিন ধরে কাঁথী এবং বেলদাতে বিশ্রামাগার করবার যে দাবী উঠেছিল, সে উন্নয়নের কাজ ত্বরান্বিত করবার জন্য মন্ত্রিমহাশয় এবারকার বাজেটে টাকা ধরেছেন কিনা জানতে চাই?

Shri Ardhendu Shekhar Naskar:

আপনি যেটা বলছেন দীঘা খড়গপুর বাস রাস্তায় বেলদাতে যে বিশ্রামাগার তৈরী করবার কথা তা হয় নাই, হয়েছে আর একটা জায়গায়।

Dr. Kanai Lal Bhattacharyya:

ওখানে তাড়াতাড়ি করবেন কিনা ?

Shri Ardhendu Shekhar Naskar:

হ্যাঁ, তাড়াতাড়ি করবার চেষ্টা হচ্ছে।

Shri Balailal Das Mahapatra:

ঐ যে আরামপ্রদ বাসের ব্যবস্থা করা হয়েছে আমি জানতে চাই যে টুরিষ্ট বাস আপনারা করেছেন তাতে দীঘা থেকে খড়গপুর পর্যন্ত সাড়ে পাঁচটাকা পরিচালনের জন্য ব্যয় হয়। কিন্তু সেখানে যে ভাল ভাল আরাম প্রদ বাস আছে আমি বিশেষ রাধাবরের কথা বলছি যার সম্বন্ধে টুরিষ্টরা খুব প্রশংসা করেছেন তা বিভিন্ন খ্যাতনামা পত্রিকায় প্রকাশিত হয়েছে। অথচ তাদের কোন পারমিশান দেওয়া হচ্ছে না। ওঁরা ১০ লক্ষ টাকা অপব্যয় করে বলছেন আরামপ্রদ বাসের ব্যবস্থা করবো। অথচ সেখানে কম টাকায় বেশী আরামের ব্যবস্থা আছে। বাসের মধ্যে বাথরুম আছে।

Mr. Speaker: Mr. Mahapatra, that is not a supplementary question.

Shri Babilal Das Mahapatra :

স্যার, আমার প্রশ্ন হচ্ছে যারা কম খরচে আরামপ্রদ বাস চালাতে চায়, তাদের সে পারমিসান দেওয়া হচ্ছে না কেন ?

Mr. Speaker:

এটা খুব সমীচীন কথা হলেও সাপ্লিমেণ্টারী করতে গিয়ে আপনি লম্বা স্টেটমেণ্ট করছেন।

Shri Balailal Das Mahapatra:

আপনারা আরামপ্রদ বাসকে পারমিসান কেন দিচ্ছেন না ?

Shri Prafulla Chandra Sen:

কিন্তু এ প্রশ্ন থেকে এটা আসে না।

Shri Balailal Das Mahapatra:

আপনারা আরামপ্রদ বাসের কথা বলছেন, অথচ তাকে কেন পারমিশন দেওয়া হচ্ছে না ?

Cement

***342.** (Admitted question No. *2029.) **Shri Ananga Mohan Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে সরকার এই রাজ্যে কেন্দ্রীয় সরকারের পুল হইতে কি পরিমাণ সিমেণ্ট আমদানী করিয়াছেন ;

(খ) উক্ত সিমেণ্টের কত পরিমাণ জনসাধারণকে দেওয়া হইয়াছে ; এবং

(গ) বাকি সিমেণ্টের মধ্যে কত পরিমাণ সরকারী ব্যবহারে লাগিয়াছে ?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) ৪,৪৭,৮২৬ মেট্রিক টন।

(খ) ২,৯৭,৯৪১ মেট্রিক টন।

(গ) ১,৪৯,৮৮৫ মেট্রিক টন।

Shri Ananga Mohan Das:

জনসাধারণকে যে সিমেণ্ট দেওয়া হয়েছে আপনি বলছেন, এটা কি আপনাদের ওখান থেকে দেওয়া হয়েছে, না, জেলা ওয়ারী ভাগ করে দিয়েছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

এ বছর ১৯৬৫ সালে পশ্চিমবাংলার চাহিদা ছিল ৩ লক্ষ মেট্রিকটন সিমেণ্ট, আর মাত্র পেয়েছি দেড় লক্ষ মেট্রিকটন। গত বারের তুলনায় এবার আমরা ১০ হাজার [মেট্রিক টন বেশী পেয়েছি।

Shri Ananga Mohan Das:

যে সিমেণ্ট আপনারা পেয়েছেন বলছেন, তা কি কলকাতা থেকে বিলি করছেন, না, প্রত্যেক জেলায় জেলায় ভাগ করে দিচ্ছেন?

Shri Prafulla Chandra Sen:

কলকাতার জন্য নির্দিষ্ট যে সিমেণ্ট, সেটা কলকাতায়ই দেওয়া হয়; আর প্রত্যেক জেলার জন্য আমরা [এক একটা কোটা দিয়ে থাকি।

Shri Ananga Mohan Das:

জনসাধারণের কাছ থেকে সিমেণ্টের জন্য বহু দরখাস্ত পাওয়া যায়। কিন্তু সিমেণ্ট দেবার সময় কি প্রাওরিটি দেওয়া হয়? যেমন—প্রাইভেট অর্গানাইজেসন স্কুলের জন্য, গোয়াল ঘরের জন্য বা ঘর রিপেয়ার এর জন্য কি ধরণেরপ্রাওরিটি করেন?

Shri Prafulla Chandra Sen:

স্কুলের জন্য, হাসপাতালের জন্য আমরা প্রায়রিটি দিয়ে থাকি তবে মাননীয় সদস্যের প্রশ্ন থেকে এগুলি আসে না। প্রশ্ন ছিল ১৯৬৪ সালে সরকার এই রাজ্যে কেন্দ্রীয় সরকারের "পুল" থেকে কি পরিমাণ সিমেণ্ট আমদানী করেছেন তার উত্তর বলে দেওয়া হয়েছে। তারপর উক্ত সিমেণ্টের কত পরিমাণ জনসাধারণকে দেওয়া হয়েছে, তাও বলে দেওয়া হয়েছে প্রত্যেক জেলায় কোটা দেওয়া হয়। আর বাকী সিমেণ্টের মধ্যে কি পরিমাণ সরকার কাজে লাগিয়েছেন তাও বলে দেওয়া হয়েছে।

[1-50—2 p.m.]

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনি বললেন ১ লক্ষ ৪৯ হাজার টন সরকারী কাজে ব্যবহৃত হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন প্রভৃতি স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানকে যে সিমেণ্ট দিয়েছেন সেটা এর মধ্যে ধরা হয়েছে, না সেগুলো জনসাধারণের মধ্যে ধরেছেন?

Shri Prafulla Chandra Sen:

এর মধ্যে যা ধরা হয়েছে সেটা আমি প্রশ্ন থেকে বলেছি যে, কতটা সরকারী কাজে এবং কতটা জনসাধারণের কাজের জন্য। মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের প্রশ্ন এখানে দেওয়া হয়নি।

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনারা সেণ্ট্রাল পুল থেকে সাড়ে চার লক্ষ টনের মত সিমেণ্ট পেয়েছেন এবং তার মধ্যে দেড় লক্ষ টন সরকারী কাজে এবং ৩ লক্ষ টন জনসাধারণের মধ্যে দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনকে কত দিয়েছেন?

Shri Prafulla Chandra Sen:

ক্যালকাটা কর্পোরেশন-এর যা প্রয়োজন তার প্রায় শতকরা ৯০-৯৫ ভাগ যেটা দিতে পারে সেটা তাঁরা ডাইরেক্ট এ্যালটমেণ্ট পান, আমাদের কাছ থেকে নেন না।

Dr. Kanai Lal Bhattacharyya:

হাওড়া মিউনিসিপ্যালিটি সরকারী পুল থেকে সাপ্লাই পায়। আমার প্রশ্ন হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন, হাওড়া এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটি যে সিমেণ্ট পায় সেটা কি আপনারা সরকারী পুলের মধ্যে ধরেছেন, না জনসাধারণের পুলের মধ্যে ধরেছেন?

Shri Prafulla Chandra Sen:

আমি ঠিক বলতে পারব না।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় আমাদের জানালেন কেন্দ্রীয় সরকারের পুল থেকে কত আমদানী হয়েছে। আমি জানতে চাই পশ্চিমবাংলার রিকোয়ারমেণ্ট কত ছিল এবং কোটা কত বরাদ্দ হয়েছিল?

Shri Prafulla Chandra Sen:

আমাদের গত কোয়ার্টার-এ ডিমাণ্ড ছিল সাড়ে তিন লক্ষ টন, কাগজে এ্যালটমেণ্ট পেলাম ১ লক্ষ ৪৪ হাজার টন এবং কার্যতঃ আমরা পেলাম ৮১ হাজার টন। কাজেই দেখতে পাচ্ছেন এ্যালটমেণ্ট যেটা দেয় কার্যতঃ সেটা সব সময় পাই না।

Shri Gour Chandra Kundu:

মন্ত্রিমহাশয় জানেন কি, পাবলিকের জন্য সিমেণ্ট বরাদ্দ করা হয়েছে বটে কিন্তু ৩।৪ বছর আগে পারমিটের জন্য দরখাস্ত করা সত্বেও তাঁরা সিমেণ্ট পাচ্ছেন না?

Shri Prafulla Chandra Sen:

আমি তো বলেছি সাড়ে তিন লক্ষ টনের মধ্যে তাঁরা দিলেন ১ লক্ষ ৪৪ হাজার টন এবং কার্যতঃ আমরা পেলাম ৮১ হাজার টন। এই যখন অবস্থা তখন এরকম তো ঘটবেই।

Shri Gour Chandra Kundu:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, সিমেণ্ট-এর কোটা বাড়াবার জন্য আপনারা চেষ্টা করেছেন কিনা?

Shri Prafulla Chandra Sen:

ভদ্রভাবে যে যে চেষ্টা করা দরকার সেই সব করা হয়েছে।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় আমাদের জানালেন দেড় লক্ষ টনের কোটা যেটা বরাদ্দ হয়েছিল তার মধ্যে আমরা ৮১ হাজার টন পেয়েছি। আমার প্রশ্ন হচ্ছে এই যে গ্যাপ, এই যে ডেফিসিট তার কারণ হিসেবে কেন্দ্রীয় সরকার কি নির্দেশ করেছেন?

Shri Prafulla Chandra Sen:
কারণ সম্বন্ধে প্রশ্ন করলে পরে বলব। এই প্রশ্ন থেকে কি কারণ সেটা আসে না।

Shri Deb Saran Ghosh:
মন্ত্রিমহাশয় বললেন ডিস্ট্রিক্ট-এর জন্য বরাদ্দ আছে। আমার প্রশ্ন হচ্ছে ডিস্ট্রিক্ট-এ যে বরাদ্দ রয়েছে তাছাড়া এখান থেকে তদবির করে ডিস্ট্রিক্ট-এর লোকেরা ডাইরেক্ট পায় কিনা ?

Shri Prafulla Chandra Sen:
স্কুল এবং কলেজের জন্য তদবির করে নিয়ে যায়।

Shri Deb Saran Ghosh:
ব্যক্তিগত প্রয়োজনে তদবির করে ডাইরেক্ট পায় কিনা ?

Shri Prafulla Chandra Sen:
কেস দিলে বলতে পারব।

Shri Birendra Narayan Ray:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কলকাতার খাদ্য দপ্তরে টনে ৩০ টাকা করে দিলে সাত দিনের মধ্যে পারমিট পাওয়া যায় কিনা ?

Shri Prafulla Chandra Sen:
না জানা নাই।

Mr. Speaker:
আপনি কেস দিয়ে দেবেন।

Shri Sailendra Nath Adhikary:
মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন সেণ্ট্রাল পুল থেকে গত কোয়াটার-এ সাড়ে তিন লক্ষ টনের মত চেয়েছিলেন এবং সেখানে থেকে বরাদ্দ করেছিলেন এক লক্ষ টন এবং সাম অডস এবং এ্যাকচুয়ালি পেয়েছিলেন ৮১ হাজার টন এই রকম একটা কথা তিনি বললেন এবং কারণ সম্বন্ধে তিনি বললেন এ সম্বন্ধে প্রশ্ন করলে পরে উত্তর দেবেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি এর কারণ কি এই নয় যে ঠিকমত সময়ে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে যা কিছু করণীয় এবং সেণ্ট্রাল পুল থেকে নিতে গেলে যে কণ্ডিশনগুলি ফুলফিল করা দরকার তা না করে কোটা ল্যাপস করিয়ে দেওয়া হয় এবং এই ল্যাপসড কোটা পরে অন্যান্য পার্টিকে দেওয়া হয়ে থাকে ?

Shri Prafulla Chandra Sen:
ইহা একদম অসত্য এবং বাজে কথা।

Shri Sailendra Nath Adhikary:
মুখ্য মন্ত্রী বললেন এটা একেবারে অসত্য এবং বাজে কথা। আমি জিজ্ঞাসা করছি তাহলে এরকম গ্যাপ যে বারবার চলে আসছে সেই গ্যাপ লিকুইডেট করার জন্য আজ পর্যন্ত কি কাজ করা হয়েছে ?

Shri Prafulla Chandra Sen:
বহু কাজ করা হয়েছে।

Ex-employees of Food Department

***343.** (Admitted question No. *2062.) **Shri Apurba Lal Mazumder:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহা কি সত্য যে, ১৯৬৫ সালে রেশনিং প্রথা পুনরায় চালু হওয়া সত্ত্বেও খাদ্যবিভাগের ভূতপূর্ব কর্মচারীদের ফিরাইয়া আনিবার জন্য উক্ত বিভাগ কোন চেষ্টা করেন নাই; এবং

(২) সত্য হইলে, উহার কারণ কি?

Shri Ardhendu Shekhar Naskar:

এই প্রশ্নের জবাব আগেই হয়ে গেছে।

Parking of private cars in the road-side in Calcutta

***344.** (Admitted question No. *2067.) **Shri Girija Bhusan Mukherjee:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether there exists any order of the Police Commissioner, Calcutta, prohibiting private cars in Calcutta to park in the road-side for long hours. and

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether any owners of cars have been fined for violating such order; and

(ii) if so, the number of such cases?

Shri Saila Kumar Mukherjee: (a) No, but there are provisions in the Bengal Motor Vehicles Rules in this respect.

(b) (i) and (ii) 34,574 cases were instituted for violation of the provisions of the aforesaid Rules in 1964. The number of cases involving owners of private cars during the said period cannot be readily furnished.

Shri Girija Bhusan Mukherjee:

মোটর ভিহিকলস রুলসএ কি আছে জানি না, কিন্তু আমি যেটা দেখতে পাচ্ছি সেটা হচ্ছে আজ কালকার দিনে স্ট্র্যাণ্ড রোড এবং হ্যারিসন রোড-এ প্রাইভেট কারস ইন হানড্রেডস দাঁড়িয়ে থাকে, সেটা প্রহিবিট করার জন্য কোন অর্ডার বা নির্দ্দেশ আছে কিনা, এ সম্বন্ধে সরকারের বা পুলিশ কমিশনারের কোন অর্ডার আছে কিনা;

Shri Saila Kumar Mukherjee:

৩৪,৫৭৪টি কেস ধরা হয়েছে এবং করা হয়েছে ১ বছরের মধ্যে, পুলিশ কমিশনারের অর্ডার ভায়লেট করা হয়েছে বলে।

Shri Haridas Chakravarty:

এই যে কত হাজার সংখ্যা দিলেন, কজনকে পানিসমেণ্ট দেওয়া হয়েছে?

Shri Saila Kumar Mukherjee:

প্রশ্ন করলে পরে দিয়ে দেব।

Shri Girija Bhusan Mukherjee:

এই যে ৩৫ হাজার কেস হয়েছে তাতে রোড সাইডএ পার্কিং কমেছে কিনা ?

Shri Saila Kumar Mukherjee:

বলতে পারি না, তবে এ জাতীয় স্বভাব বদলাতে সময় লাগবে।

Shri Girija Bhusan Mukherjee:

আজও আসার সময় দেখে এসেছি অন্তত: ৭৫ খানা গাড়ী ওখানে দাঁড়িয়ে আছে।

Shri Saila Kumar Mukherjee:

সেটাই তো কলকাতার ট্রাফিক প্রবলেম। এজন্য ব্যবস্থা হচ্ছে।

Supply of flour and suji in various districts of West Bengal

***345.** (Admitted question No. *2122.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(1) what are the amounts of flour and suji supplied to various districts other than Calcutta, in the months from August 1964 to February 1965 (both inclusive);

(2) whether the Government are aware of acute scarcity of the above two products in the various districts; and

(3) if so, what steps have been taken or are going to be taken to improve the supply position of these two articles in the districts?

Shri Ardhundu Shekhar Naskar: (1) A statement is laid on the table.

(2) Yes.

(3) The wheat products are being supplied to the districts according to the availability of the stocks. The Government of India is regularly apprised of the position impressing on them our demand for increase of wheat supply.

Statement referred to in answer to clause (1) of Starred Question No. 345

Statement Showing the issues of Wheat Products. Figures are in Bags.

Name of Districts	August 1964			September 1964			October 1964			November 1964		
	Atta	Flour	Suji	Atta	Flour	Suji	Atta	Flour	Suji	Atta	Flour	Suji
Darjeeling ..	6,300	..	..	8,600	3,100	..	2,600	600	..	10,597	4,340	5
Jalpaiguri ..	4,200	..	..	3,900	1,500	..	3,500	1,000	..	5,300	1,050	100
Cooch Behar ..	3,600	..	..	9,000	2,700	300	..	..	..	2,370	850	110
West Dinajpur	1,800	150	..	3,400	2,700	115	2,710	715	125	1,890	790	80
Malda ..	5,575	250	..	5,950	325	..	4,270	530	..	5,620	925	70
Murshidabad ..	3,600	..	..	6,100	..	..	2,585	940	90	4,800	1,900	173
Nadia ..	8,535	440	..	10,361	2,388	237	6,295	1,930	198	15,462	2,945	346
24-Parganas ..	1,916	96	..	2,500	4,063	430	10,190	1,892	275	10,935	1,975	325
Howrah .	1,020	31	..	3,900	1,477	220	2,390	1,004	320	3,272	1,266	460
Hooghly ..	2,547	46	..	5,023	1,035	4	6,813	1,122	349	3,534	894	107
Burdwan ..	2,080	1,440	..	40,992	6,416	218	18,075	1,363	50	16,208	2,467	261
Birbhum ..	2,475	67	..	8,080	1,945	100	2,110	1,375	85	2,545	1,970	110
Bankura ..	800	..	..	3,700	451	46	5,130	775	419	5,236	960	325
Purulia ..	2,000	..	..	5,300	1,025	180	3,090	575	75	2,450	845	55
Midnapore ..		255		4,557	1,028	151	4,750	1,813	152	5,509	1,079	136

Statement referred to in answer to clause (1) of Starred Question No. 345

Statement Showing the issues of Wheat Products. Figures are in Bags.—(*Concld.*)

Name of	December 1964			January 1965			February 1965			Total		
	Atta	Flour	Suji	Atta	Flour	Suji	Atta	Flour	Suji	Atta	Flour	Suji
Darjeeling	..	..	..	12,000	4,000	420	10,500	2,500	290	50,597	14,540	715
Jalpaiguri ..	..	..	..	6,000	2,000	145	2,500	1,200	10	25,400	6,750	345
Cooch Behar ..	..	..	..	3,000	1,500	148	2,000	900	100	19,970	5,950	655
West Dinajpur	..	..	..	3,000	1,500	145	2,000	1,000	100	14,800	6,855	565
Malda ..	2,515	..	55	6,000	1,000	145	7,998	1,330	100	37,938	4,360	370
Murshidabad ..	460	36	..	1,500	77	45	3,000	649	100	22,045	3,602	408
Nadia ..	..	..	..	13,015	833	260	8,770	585	295	62,438	9,121	1,336
24-Parganas ..	3,749	120	271	6,101	310	254	10,225	3,120	290	45,616	11,576	1,845
Howrah ..	75	60	..	1,590	337	249	2,013	413	393	14,260	4,588	1,642
Hooghly ..	4,869	293	66	4,766	117	121	4,000	400	88	29,886	3,707	735
Burdwan ..	35,277	2,467	384	18,335	2,090	375	15,592	2,363	232	146,559	18,415	1,520
Birbhum ..	2,700	650	161	2,098	640	80	2,615	752	102	20,623	7,399	638
Bankura ..	4,200	277	100	615	10	19	2,005	222	78	21,580	2,696	987
Midnapore ..	1,650	277	63	2,000	587	110	2,000	377	100	18,490	3,688	583
Purulia ..	16	150	..	2,645	1,692	65	4,000	1,330	100	23,627	7,347	604

[2—2-10 p.m.]

Shri Narayan Choubey:

আপনি যে স্টেটমেণ্ট দিয়েছেন জেলাওয়ারী কোন ব্রেক আপ দিতে পারবেন কি ?

Shri Ardhendu Shekhar Naskar:

স্টেটমেণ্ট টেবলএ রেখেছি সেটায় সব পাবেন।

Shri Narayan Choubey:

এটা কি সত্য যে মেদিনীপুর জেলায় বহু চাকীওয়ালা প্রভূত অ্যামাউণ্ট জমা দেওয়া সত্ত্বে দীর্ঘ দিন ধরে গম পাচ্ছে না।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন আমাদের গমের চাহিদা মত আমরা গম পাচ্ছি না এবং যেটু পেয়েছি সব চেয়ে আগে তা বিধিবদ্ধ রেশননিং যেখানে করেছি সেখানে দেব তারপর য উদ্বৃত্ত থাকবে সেটুকুন অন্য জায়গায় দেব কাজেই অনেক চাকীওয়ালা যে গম পাচ্ছে ন এটা সত্যকথা।

Shri Narayan Choubey:

টোটাল এরূপ বাংলা দেশে শুধু মেদিনীপুর জেলার কথা বলছি না এরূপ কত টাকা সরকারে ঘরে জমা আছে অথচ তারা গম পাচ্ছে না।

Shri Prafulla Chandra Sen:

পরে বলবো।

Shri Deb Saran Ghosh:

মুখ্যমন্ত্রী বললেন উদ্বৃত্ত গম মফঃস্বল এলাকায় দেওয়া হয়, আমি প্রশ্ন করছি সত্য কি দেওয়া হয়

Shri Prafulla Chandra Sen:

যৎ সামান্য দেওয়া হয়।

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

New licence for husking of paddy

***346.** (Admitted question No. *2129.) **Shri Gour Chandra Kundu** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) whether any new licence for husking of paddy has been grante in any district of West Bengal during last two years;

(b) if so, the names of the districts and the number of such persons;

(c) if it is a fact that Government has changed the decision of nc granting any new husking licence; and

(d) if so, when it has been done?

The Minister for Food and Supplies: (a) and (b) New licenses for the husking of paddy by power driven machines were granted during the last two years, viz., 1963 and 1964 in different districts of West Bengal. A districtwise statement showing the number of new licenses issued in 1963 and 1964 is laid on the Table.

(c) and (d) No. Some exception is, however, being made in this regard in the cases of Co-operative Societies intending to establish new rice mills or paddy husking machines in view of the Central Government's policy of progressive socialisation of the rice milling industry. In such cases permits are being issued to the Co-operative Societies for establishment of new rice mills by them on receipt of recommendation from Co-operation Department in individual cases.

Statement referred to in reply to clauses (a) and (b) of Starred Assembly Question No. 2129.

Sl. No.	Name of the district	No. of licences issued in the year 1963 for husking of paddy	No. of licences issued in the year 1964 for husking of pdady
1.	Burdwan	13	—
2.	Hooghly	29	7
3.	Howrah	23	3
4.	24-Parganas and Calcutta ..	475	—
5.	Midnapore	75	135
6.	Bankura	—	13
7.	Purulia	1	—
8.	Birbhum	9	—
9.	Nadia	7	3
10.	Murshidabad	[illegible]	1
11.	Malda	—	5
12.	West Dinajpur	—	—
13.	Jalpaiguri	10	1
14.	Darjeeling	—	—
15.	Cooch Behar	—	2
	Total ..	650	170

Collection of rice through co-operative marketing societies

***347.** (Admitted question No. *2164.) **Shri Gopal Banerjee:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে বিভিন্ন জেলায় মার্কেটিং সোসাইটিগুলির মারফত সরকার এই বৎসর এযাবত কত ধানচাল সংগ্রহ করিয়াছেন এবং ইহার জন্য মার্কেটিং সোসাইটিগুলিকে কত টাকা দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

বিভিন্ন জেলায় কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটিগুলি মারফৎ সরকার এই বৎসর ২০.২.৬৫ তারিখ পর্যন্ত কত ধান সংগ্রহ করিয়াছেন তাহা এতদসংলগ্ন বিবরণীতে দেখানো হইল। উক্ত সোসাইটিগুলি এ যাবত কোন চাল সংগ্রহ করে নাই।

উক্ত সংগ্রহের জন্য মার্কেটিং সোসাইটিগুলিকে কোন টাকা অগ্রিম দেওয়া হয় না। ধান্য সংগ্রহে সোসাইটিগুলি সরকারের এজেণ্টরূপে কাজ করে। সংগৃহীত ধানের দাম প্রথমে মার্কেটিং সোসাইটিগুলিই সরকার নির্দিষ্টদরে ধান্য চাষীদের প্রদান করে। সরকারকে ডেলিভারি দিবার পর সরকার চাষীদের দেওয়া ধানের মূল্য সোসাইটিগুলিকে প্রত্যার্পণ করেন। সেই সঙ্গে কুইণ্ট্যাল প্রতি ৩২ পয়সা হিসাবে প্রাপ্য পারচেসিং কমিশনও সোসাইটিগুলিকে দেওয়া হয়।

Statement referred to in reply to para 1 of starred question No. 347

Statement showing the quantities of paddy purchased by the Co-operative Marketing Societies in districts

(Figures in Quintals)

Name of district		Quantity of paddy purchased from 1-1-65 up to 20-2-65
1. Murshidabad	...	874
2. Malda	...	2,241
3. Jalpaiguri	...	629
4. West Dinajpur	...	33,892
5. Cooch-Behar	...	1,943
6. Bankura	...	2,201
7. Purulia	...	20,586
8. Hooghly	...	1,205

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Schools under the Development Blocks of Midnapore District

730. (Admitted question No. 282.) **Shri Ananga Mohan Das:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪ সনে মেদিনীপুর জেলায় কতগুলি উন্নয়ন ব্লক ছিল;

(খ) ঐ সনে প্রতি উন্নয়ন ব্লকে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলির গৃহনির্মাণ বাবদ কত টাকা বরাদ্দ ছিল;

(গ) ঐ সনে মাধ্যমিক বিদ্যালয়গুলির জন্য প্রতি ব্লকে গৃহনির্মাণ বাবদ কত টাকা খরচ করিয়াছিল; এবং

(ঘ) প্রতি ব্লকে প্রাথমিক বিদ্যালয়গুলির কতগুলি কেন্দ্রে ইহা নির্মাণ শেষ হয় ও টাকা প্রদান করা হয়?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ৫২টি।

(খ) ও (গ) সংলগ্ন বিবরণীতে প্রয়োজনীয় তথ্য দেওয়া হইয়াছে।

(ঘ) বিভিন্ন ব্লকে মোট ৩০টি বিদ্যালয়ের গৃহনির্মাণ কার্য শেষ হয় এবং টাকা প্রদান করা হয়।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 730.

বিবরণী

১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার উন্নয়ন ব্লকে প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের গৃহনির্মাণকল্পে যে অর্থ বরাদ্দ এবং মাধ্যমিক বিদ্যালয়ের জন্য যে অর্থ ব্যয় করা হয় তাহার বিবরণ।

ব্লক	প্রাথমিক বিদ্যালয়ের জন্য বরাদ্দ	মাধ্যমিক বিদ্যালয়ের জন্য বরাদ্দ	মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ব্যয়
	টাকা	টাকা	টাকা
(১) ঝাড়গ্রাম	৬০০	৪০০	৪০০
(২) বিনপুর-১	৬০০	..	..
(৩) জামবনী	৬০০	৪০০	৪০০
(৪) পাশকুড়া-১	৩,০০০	২,০০০	২,০০০
(৫) তমলুক-২	৪০৬	..	..
(৬) ময়না	৩,৩০০	..	..
(৭) মহিষাদল-২	৬০০	..	..

ব্লক			প্রাথমিক বিদ্যালয়ের জন্য বরাদ্দ	মাধ্যমিক বিদ্যালয়ের জন্য বরাদ্দ	মাধ্যমিক বিদ্যালয়ের জন ব্যয়
			টাকা	টাকা	টাকা
(৮) চন্দ্রকোণা-২	..	..	৩,০০০	২,০০০	২,০০০
(৯) ঘাটাল ..	..	..	১,৮০০	১,২০০	১,২০০
(১০) দাসপুর-১	..	..	৬০০	৪০০	৪০০
(১১) দাসপুর-২	..	..	৬০০	৪০০	৪০০
(১২) কেশিয়ারী	..	..	৪,০০০	..	..
(১৩) নারায়ণগড়	..	..	১,২০০	৮০০	৮০০
(১৪) দাঁতন-১	..	..	৬০০	৪০০	৪০০
(১৫) দাঁতন-২	..	..	৬০০	৪০০	ব্যয় হয় নাই।
(১৬) রামনগর-১	..	..	৬০০	৪০০	৪০০
(১৭) রামনগর-২	..	..	৬০০	..	..

Bus, Truck and Rickshaw stands in Contai town

731. (Admitted question No. 409.) **Shri Sudhir Chandra Das:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁথি শহরে বড় বাস ও ট্রাক বিভিন্ন রাস্তায় প্রায় স সময় পড়িয়া থাকে এবং সেইজন্য প্রায় অর্ধেক রাস্তা অবরুদ্ধ হওয়ায় যানবাহ চলাচলে এবং জনসাধারণের দারুণ অসুবিধা হইতেছে;

(খ) অবগত থাকিলে, এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, কাঁথি শহরের মধ্যে অনেকগুলি স্থানে রিক্সা স্ট্যাণ্ড না থাকায় রিক্সাগুলিও অনেক স্থলে রাস্তায় দাঁড়াইয়া পথ অবরুদ্ধ করিতেছে; এবং

(ঘ) সত্য হইলে, রিক্সা স্ট্যাণ্ড করিয়া এই অবরোধ মুক্তির জন্য সরকার কোন ব্যব করিতেছেন কি?

The Minister for Home (Transport):

(ক) হ্যাঁ।

(খ) কাঁথি শহরের মধ্যে সেণ্ট্রাল বাস স্ট্যাণ্ড হওয়ার উপযোগী জায়গা সরকারের অধীনে থাকায় শহরের বাহিরে হাসপাতাল ভবনের নিকট বাস স্ট্যাণ্ড স্থাপন করিবার প্রস্তাব বিবেচনাধী রহিয়াছে। তাহা ছাড়া রাস্তায় অবরোধ সৃষ্টি করার জন্য সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালকদে বিরুদ্ধে মামলা দায়ের করা হইতেছে; এবং প্রত্যেক মোটর গাড়ির মালিক যাহাতে গ্যারে রাখেন সে সম্বন্ধে আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

(গ) হ্যাঁ।

(ঘ) কাঁথি শহরে রিক্সা স্ট্যাণ্ডের সংখ্যা বৃদ্ধি করার বিষয়ে পৌর-কর্তৃপক্ষের সহি আলোচনা করা হইতেছে।

Realisation of Land Revenue in Jhargram subdivision, Midnapore

732. (Admitted question No. 480.) **Shri Surendra Nath Mahato:**
ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম মহকুমার কোন থানায় ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে কত টাকা ভূমিরাজস্ব হিসাবে আদায় হইয়াছে; এবং

(খ) এই মহকুমার কোন্ থানায় ১৯৫০-৫১ সালে কত ভূমিরাজস্ব আদায় হইয়াছে।

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) উল্লেখিত সময়ে তৌজিওয়ারী ভূমিরাজস্ব আদায় হইত। সুতরাং থানাওয়ারী তথ্য দেওয়া সম্ভবপর নয়।

Statement referred to in reply to clause (Ka) of unitarred question No. 732

Names of police-stations in Jhargram subdivision of Midnapore district.	Realisation of land revenue during			
	1960-61	1961-62.	1962-63.	1963-64.
	Rs.	Rs.	Rs.	Rs.
1. Jhargram	1,29,169·00	1,12,839·00	1,33,447·00	1,45,281·00
2. Jambani	80,520·00	75,160·00	99,691·00	1,03,565·00
3. Binpur	2,24,301·00	2,37,903·00	3,17,803·00	2,38,123·00
4. Gopiballavpur ..	1,02,492·00	84,955·00	11,731·00	96,904·00
5. Sankrail	75,242·00	76,526·00	86,314·00	74,539·00
6. Nayagram	62,653·00	65,741·00	72,736·00	71,4·6·2006

Deep tubewells sunk in West Bengal

733. (Admitted question No. 849.) **Dr. Golam Yazdani:**
কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন জেলায় কোন্ কোন্ ব্লক কতগুলি ডিপ টিউবওয়েল খনন করা হইয়াছে এবং কবে কবে;

(খ) কোন্ কোন্ ব্লকে ডিপ টিউবওয়েল খনন কার্য সমাধা হওয়া সত্ত্বেও কাজ চালু করা হয় নাই; এবং

(গ) এই সমস্ত টিউবওয়েলগুলি পরিচালনের জন্য কি ধরণের যোগ্যতাসম্পন্ন লোককে এসব এলাকায় নিযুক্ত করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development: (ক) ও (খ) এই সম্পর্কীয় একটি বিবরণী এই সঙ্গে দেওয়া হইল।

(গ) ডিজেল ইঞ্জিন ও বিদ্যুৎচালিত গভীর নলকূপ পরিচালকদের জন্য নিম্নলিখি যোগ্যতা নির্ধারিত হইতে পারে।

বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে, বিদ্যুৎচালিত গভীর নলকূপ পরিচালকদে ম্যাট্রিক অথবা স্কুল ফাইন্যাল পাশ হইতে হইবে। তদুপরি তাহাদের টারবাইন পাম্প এ মোটর চালনার প্রশিক্ষণ প্রয়োজন হইবে।

ডিজেল ইঞ্জিন চালিত গভীর নলকূপ পরিচালকদের ম্যাট্রিক অথবা স্কুল ফাইন্যাল পা হইতে হইবে। তদুপরি তাহাদের ডিজেল ইঞ্জিন চালনা এবং রক্ষাণাবেক্ষণের অভিজ্ঞতাসম্প হইতে হইবে।

এ পর্যন্ত যে সব ডিজেল ইঞ্জিন ও বিদ্যুৎচালিত গভীর নলকূপ পরিচালক নিযুক্ত হইয়াে তাহাদের যথাক্রমে ডিজেল ইঞ্জিন এবং বৈদ্যুতিক যন্ত্রপাতি চালনার জ্ঞান আছে।

Statement referred to in reply to clauses (Ka) annd (Kha) of unstarre question No. 733.

District.	Block.	No. of Tubewells set up.	Year of drilling.	No. of Tubewells not yet put into operation
1	2	3	4	5
Nadia ..	.. Fulia	20	1955	..
24-Parganas ..	.. Habra	16	1955	..
Nadia ..	.. Kaliganj	15	1959-60	..
	Nakeshipara ..	7	1959-60	..
	Chakdah	4	1959-60	..
	Krishnagar	2	1960-61	..
	Ranaghat	2	1960-61	..
Murshidabad ..	.. Jiaganj	1	1960-61	..
	Beldanga	1	1960-61	..
	Neoda	1	1960-61	..
Nadia ..	.. Krishnagar	1	1960-61	..
	Chakdah	1	1960-61	..
	Kaliganj	1	1960-61	..
	Nakashipara.. ..	1	1960-61	..
24-Parganas ..	.. Baraset	1	1960-61	..
	Deganga	1	1960-61	..
	Bongaon	1	1960-61	..
	Baduria	1	1960-61	..

District.	Block.	No. of Tubewells set up.	Year of drilling.	No. of Tubewells not yet put into operation
1	2	3	4	5
Bankura ..	.. Sonamukhi	2	1960-61	..
	Borjora	1	1960-61	..
Birbhum ..	.. Elambazar	1	1960-61	..
Midnapore ..	.. Garbeta	1	1960-61	..
	Kharagpur	1	1960-61	..
	Narayangarh ..	1	1960-61	..
	Ehra	1	1960-61	..
24-Parganas ..	.. Amdanga	4	1859-60	..
	Habra	2	1959-60	..
	Bongaon	4	1959-60	..
Nadia ..	.. Haringhata	1	1961-62	..
	Chakdah	5	1961-62	..
	Ranaghat	15	1961-62	..
	Krishnagar	6	1961-62	..
	Santipur	1	1961-62	..
	Hanshakhali	3	1961-62	..
24-Parganas ..	.. Habra	32	1961-62	1
	Amdanga	5	1961-62	1
	Bongaon	6	1961-62	..
	Gaighata	7	1961-62	..
	Baraset	7	1961-62	1
	Barrackpur	1	1961-62	..
[illegible]napore ..	.. Binpur	1	1961-62	..
	Jhargram	1	1961-62	..
	Panskura	1	1961-62	..
	Ghatal	1	1961-62	..
	Narayangarh ..	12	1961-62	..
	Sankrail	3	1961-62	..
	Kharagpur .. .	5	1961-62	..
	Dantan	1	1961-62	1
[illegible]shidabad ..	.. Domkul	1	1961-62	..

District.	Block.	No. of Tubewells set up.	Year of drilling.	No. of Tubewells not yet put into operation
1	2	3	4	5
Hooghly ..	.. Balagarh	1	1961-62	..
	Mogra	1	1961-62	..
	Arambag	1	1961-62	..
Burdwan ..	.. Kanksa	1	1961-62	..
	Kalna	1	1961-62	..
West Dinajpur ..	.. Kaliagunj	1	1961-62	..
	Banshihari	1	1961-62	..
	Gangarampur ..	1	1961-62	..
	Balurghat	1	1961-62	..
Jalpaiguri ..	.. Rajganj	1	1961-62	.
	Maynaguri	1	1961-62	..
	Falakata	1	1961-62	..
Howrah ..	.. Domjure	1	1961-62	..
	Jagatballavpur ..	1	1961-62	..
Malda ..	.. Malda	1	1961-62	..
Darjeeling ..	.. Siliguri	1	1961-62	..
Cooch Behar ..	.. Cooch Behar Sadar ..	2	1961-62	..
	Dinhata	1	1961-62	..
Nadia ..	.. Ranaghat	2	1962-63	..
24-Parganas ..	.. Bongaon	22	1962-63	1
	Baduria	9	1962-63	8
	Swarupnagar ..	4	1962-63	..
	Deganga	5	1962-63	4
	Amdanga	7	1962-63	6
	Naihati	3	1962-63	3
	Jagaddal	2	1962-63	2
	Baraset	4	1962-63	5

Diatrict.	Block.	No of Tubewells set up.	Year of drilling.	No. of Tubewells not yet put into operation.
1	2	3	4	5
Murshidabad ..	.. Nabagram ..	.. 1	1962-63	..
	Raghunathgunj	.. 1	1962-63	..
Bankura ..	.. Sonamukhi ..	.. 5	1962-63	5
	Patrasayer ..	.. 1	1962-63	1
Howrah ..	.. Panchla ..	.. 1	1962-63	..
Nadia ..	.. Haringhata ..	.. 20	1963 64	20
	Chakdah ..	.. 16	1963-64	16
	Karimpur ..	.. 17	1963-64	17
	Tehatta ..	.. 14	1963-64	14
	Chapra ..	.. 9	1963 64	9
	Krishnagar ..	.. 16	1963-64	16
	Hanskhali ..	.. 7	1963-64	7
	Nabadwip ..	.. 1	1963-64	1
	Ranaghat ..	.. 12	1963-64	12
24-Parganas ..	.. Baraset ..	.. 3	1963-64	1
	Swarupnagar	.. 2	1963-64	..
Murshidabad ..	.. Berhampur ..	.. 4	1963-64	4
	Beldanga ..	.. 2	1963-64	2
	Naoda ..	.. 17	1963-64	17
	Hariharpara	.. 4	1963-64	4
Hooghly ..	.. Goghat ..	.. 7	1963-64	7
	Arambag ..	.. 7	1963-64	7
Burdwan ..	.. Purbasthali ..	.. 10	1963-64	10

District.	Block.	No. of Tubewells set up.	Year of drilling.	No. of Tubewells not yet put into operation
1	2	3	4	5
Nadia	.. Haringhata	6	1964-65 Up to 13th February.	6
	Chakdah	23	,,	23
	Santipur	40	,,	40
	Ranaghat	28	,,	28
	Krishnagar	27	,,	27
	Nabadwip	8	,,	8
	Chapra	15	,,	15
	Krishnagunj ..	1	,,	1
	Hanskhali	34	,,	34
	Nakashipara.. ..	13	,,	13
	Kaligunj	15	,,	15
	Tehatta	9	,,	9
Burdwan ..	.. Purbasthali	54	,,	54
	Katwa	15	,,	15
	Kalna	9	,,	9
Hooghly ..	.. Balagarh	40	,,	40
	Magra	7	,,	7
	Polba	1	,,	1
	Pursura	5	,,	5
	Khanakul	1	,,	1
Bankura ..	.. Sonamukhi	6	,,	6
	Vishnupur	9	,,	9
	Patrasayer	11	,,	11
24-Parganas ..	.. Bagdah	4	,,	4

Cattle purchase loan in Midnapore district

734. (Admitted question No. 876.) **Shri Ananga Mohan Das:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত তিন বৎসর কতগুলি করিয়া গরু ক্রয়ের জন্য কত টাকা করিয়া প্রতি থানায় ঋণ দেওয়া হইয়াছিল ;

(খ) ঐ ঋণের টাকায় গরু, বলদ বা গাই কি প্রকারের গরু ক্রয় করা হইয়াছিল, এবং

(গ) ঐ সকল গরুর কতগুলি আজ পর্যন্ত জীবিত আছে ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি বিবরণী পেশ করা হইল।

(খ) কেবলমাত্র বলদ ক্রয় করা হইয়াছিল।

(গ) ইহার পরিসংখ্যান বর্তমানে নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 734.

থানার নাম	গত তিন বৎসরে যে ঋণ বণ্টন করা হইয়াছে	যতগুলি বলদ ক্রয় করা হইয়াছে
	টাকা	
মেদিনীপুর সদর মহকুমা		
নারায়ণগড়	৪৭,০০০	৩৭৫
খড়গপুর ব্লক	১৪,০০০	১৩৬
খড়গপুর ব্লক-২	২৩,০০০	২২১
সবং	২৬,০০০	২৫৪
মোহনপুর	৩৬,০০০	২২৪
দাঁতন ব্লক-১	২৩,০০০	২৩২
দাঁতন ব্লক-২	২১.০০০	২৩২
পিংলা	৩২,০০০	২৬১
কেশিয়ারী	২৭,০০০	২৭১
গড়বেতা ব্লক-১	২৭,৮৮৩	১৮০
গড়বেতা ব্লক-২	৩৯,০৬০	২৩৫
গড়বেতা ব্লক-৩	২৩,৯৫০	১৯৭
শালবনি	২৮,৪৫০	২৮৪
কেশপুর	৩১,৩৫০	২০৭
দেবরা	৩২,০২৫	১২৯

থানার নাম	গত তিন বৎসরে যে ঋণ বণ্টন করা হইয়াছে	যতগুলি বলদ ক্রয় করা হইয়াছে
	টাকা	
তমলুক সদর মহকুমা		
মেদিনীপুর	২৭,০৭৫	২৭০
নন্দীগ্রাম	৬৭,৫৫০	৭৯১
সুতাহাটা	২৬,৪০০	৩১০
মহিষাদল	৪০,৭০০	৪০৯
ময়না	২২,৮০০	১৯৫
তমলুক	৪৫,৫০০	৩৫২
পাঁশকুড়া	৭২,০০০	৬৫০
কাঁথি মহকুমা		
কাঁথি	৫৬,০০০	৫৬০
রামনগর	৩৬,৬০০	৩৮৭
এগরা	৪০,৪০০	৪২০
পটাশপর	২৫,৫৬৫	২৬৫
ভগবানপর	৩৮,৫০০	৩৭৯
খেজুরী	২৮,০০০	২৮৪
ঝাড়গ্রাম মহকুমা		
ঝাড়গ্রাম	১১,৭০০	১১২
বিনপুর	৩১,৫০০	২৬৮
জামবোনি	১৭,১০০	১৭০
গোপীবল্লভপুর	২৯,৯০০	২৭০
সাঁকরাইল	১৩,৯০০	১১৩
নয়গ্রাম	৪,৭০০	৬৮
ঘাটাল মহকুমা		
ঘাটাল	১৬,১৫০	৪১৬
দাশপুর	৬০,০০০	৪২০
চন্দ্রকোণা	৫২,৭০০	৫০২

Arrest of traders for sale of mustard oil at higher price

735. (Admitted question No. 988.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালের নভেম্বর ও ডিসেম্বর মাসে সরকার নির্দিষ্ট মূল্য অপেক্ষা অধিক মূল্যে সরিষার তৈল বিক্রয়ের জন্য কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(খ) ঐ সকল ব্যাক্তিকে গ্রেপ্তারের পর কতজনের বিরুদ্ধে বিচারের জন্য আদালতে মামলা দায়ের করা হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ৪৫ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

(খ) ৪০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে।

Area vested to Govt. in Midnapore district

736. (Admitted question No. 990.) **Shri Ananga Mohan Das:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জমিদারী উচ্ছেদের ফলে যে সম্পত্তি সরকারের বর্তাইয়াছে তাহতে কত পরিমাণ খাস জমি মেদিনীপুর জেলার বিভিন্ন থানাতে সরকারের দখলে আসিয়াছে;

(খ) ঐ সকল জমির মধ্যে কত পরিমাণ জলা জমি, কালা জমি বা পুষ্করিণী রহিয়াছে;

(গ) উক্ত জেলার প্রতি থানায় কি প্রকারের কত জমি বিভিন্ন ব্যক্তি বিনানুমতিতে দখলকার রহিয়াছে;

(ঘ) ঐ সকল জমি পুনর্দখলের জন্য কত ক্ষেত্রে কিরূপ ব্যবস্থা করা হইয়াছে; এবং

(ঙ) ঐ সকল জমি পুনর্দখলের জন্য মামলা মোকদ্দমা না করিয়া বিলি বন্দোবস্ত করা হইতেছে কি বা বন্দোবস্ত দেওয়ার কোন প্রস্তাব আছে কি?

The Minister for Land and Land Revenue:

(ক) (খ) ও (গ) একটি তালিকা এতৎসহিত প্রদত্ত হইল।

(ঘ) ২৭৮ ক্ষেত্রে মামলা, ৫৫টি ক্ষেত্রে ফৌজদারী ও ৪১টি ক্ষেত্রে সিভিল রুল করা ইয়াছে।

(ঙ) মামলা-মোকদ্দমা করিয়া দখল না পাওয়া পর্যন্ত কোন বন্দোবস্ত করা হইতেছে না বা সরূপ কোন প্রস্তাব নাই।

Statement referred to in reply to clauses (Ka), (Kha) and (Ga) of unstarred question No. 736.

	Reply to (Ka).		Reply to (Kha).			Reply to (Ga).	
	Name of Police stations.	Area vested to State (in acres).	Area of water area.	Area of Kala-jami.	Area of tanks.	Area of land under unauthorised occupation. Agricultural.	Area of land under unauthorised occupation. Non-Agricultural.
1.	Contai	1,519·92	739·84	417·02	21·80	..	15·41
2.	Ramnagar ..	1,337·35	97·39	202·45	7·27	..	6·57
3.	Egra	5,814·75	195·75	1,104·33	312·53	28·89	2·34
4.	Patashpur ..	2,989·00	727·00	223·00	147·00	301·00	51·00
	Bhagawanpur ..	2,617·00	948·76	189·32	727·15	120·00	10·00

Name of Police-stations.	Reply to (Ka).	Reply to (Kha).			Reply to (Ga). Area of land under unauthorised occupation.	
	Area vested to State (in acres).	Area of water area.	Area of Kala-jami.	Area of tanks.	Agricultural.	Non-Agricultural.
6. Khajuri ..	1,545·91	462·18	250·21	112·36	46·07	·48
7. Kharagpur ..	9,194·00	2,491·00	839·00	320·00	..	416·00
8. Narayangar ..	14,522·00	5,820·00	3,225·00	500·00	..	..
9. Keshiari ..	7,311·00	828·00	350·00	50·00	..	..
10. Dantan	5,105·00	4,010·00	357·00	197·00	..	179·00
11. Midnapore ..	3,173·00	2,080·00	145·00	110·00	..	12·(
12. Pingla	1,302·00	586·00	501·00	55·00	..	117·(
13. Sabong	3,320·00	503·00	91·00	168·00	..	46·(
14. Sadar (South) ..	10,898·00	5,763·00	..	24·00	..	2·2
15. Balichak ..	3,054·00	868·00	178·00	102·00	6·00	·8
16. Anandpur ..	10,823·00	1,209·00	725·00	168·60	..	..
17. Keshpur ..	3,268·00	1,886·00	..	..	376·00	212·0
18. Salboni	26,811·00	900·00	10·00	40·00	200·00	20·0
19. Garbetta ..	20,421·00	790·00	125·00	114·00	..	646·0
20. Goaltour ..	23,580·00	525·00	1,495·00	53·00	..	5·0
21. Ghatal	1,713·55	129·44	60·18	11·51	·13	·1
22. Chandrakona ..	6,222·65	476·33	482·36	109·72	23·56	10·4
23. Daspur	2,447·20	155·74	51·63	20·45	3·96	..
24. Jhargram ..	19,968·00	1,300·00	1,065·00	119·00	6·35	..
25. Jambani ..	8,692·00	890·00	610·00	151·00	..	..
26. Binpur	27,713·68	1,889·57	809·52	468·78	500·81	..
27. Gopiballavpur ..	5,824·41	591·71	402·87	23·19	8·62	2·33
28. Sankrail ..	4,432·15	382·22	218·60	5·37	7·11	1·78
29. Nayagram ..	4,059·86	253·30	176·42	3·11	8·27	1·93
30. Tamluk ..	1,501·64	176·06	..	3·17	..	..
31. Panskura ..	2,727·14	673·19	..	41·15	..	1·10
32. Maina	1,713·52	119·74	..	1·56	..	1·65
33. Mahisadal ..	3,149·57	630·08	..	17·85	..	..
34. Sutahata ..	2,446·16	939·27	..	4·76	..	2·38
35. Nandigram ..	3,773·34	1,707·28	..	49·56	..	2·96

Public and Private Sector Industries in West Bengal

737. (Admitted question No. 1081.) **Shri Sambhu Charan Ghosh:**

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী মালিকানায় ও ব্যক্তিগত মালিকানায় পরিচালিত শিল্পের সংখ্যা যথাক্রমে কত ;

(খ) পশ্চিমবঙ্গে সরকারী মালিকানা এবং ব্যক্তিগত মলিকানায় পরিচালিত শিল্পগুলির নাম কি ; এবং

(গ) পশ্চিমবঙ্গে সরকারী মালিকানা এবং ব্যক্তিগত মালিকানায় পরিচালিত শিল্পে মূলধন যথাক্রমে কত ?

The Minister for Commerce and Industries:

(ক) সরকারী পরিচালনায়—১৬টি, ব্যক্তিগত পরিচালনায় আনুমানিক ১৯৬২ সাল পর্যন্ত ১৮৪,০০০টি।

(খ) সংলগ্ন তালিকায় বর্ণিত হইল।

(গ) সরকারী পরিচালনায়—৩২,২০,৭৮,৬৭৯ টাকা (ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানী বাদে। কারণ উহার মূলধন এখনও স্থিরীকৃত হয় নাই, উহা ট্রাইবুনালের বিবেচনাধীন আছে।)

ব্যক্তিগত পরিচালনায়—তথ্যাদি সরকারের হস্তগত হয় নাই।

Statement referredto in reply to clause (Rha) af unstarred question No. 737.

সরকারী ও ব্যক্তিগত পরিচালনায় চালিত শিল্পগুলির নাম

সরকারী পরিচালিত

(১) দারু শিল্প, (২) মৃৎশিল্প, (৩) কাটলারি ইণ্ডাস্ট্রি, (৪) তালা-চাবি শিল্প, (৫) যান্ত্রিক খেলনা তৈয়ারী শিল্প, (৬) ডাক্তারী যন্ত্রপাতি তৈয়ারী শিল্প, (৭) বয়ন শিল্প (টেক্সটাইল ইণ্ডাস্ট্রি), (৮) গ্যাস তৈয়ারী ও সরবরাহ, (৯) ইট ও টালি তৈয়ারী, (১০) তাপশক্তি শিল্প (থার্মাল পাওয়ার ইণ্ডাস্ট্রি), (১১) স্পান পাইপ ইণ্ডাস্ট্রি, (১২) কোক তৈয়ারী শিল্প, (১৩) রাসায়নিক দ্রব্যাদি শিল্প ইত্যাদি।

ব্যক্তিগত পরিচালিত

(১) খাদ্য (ফুড), (২) বেভারেজেস, (৩) তামাক, (৪) বয়ন—তুলা ও পাট, (৫) বয়ন—পশম, (৬) বয়ন—রেশম, (৭) বয়ন—অন্যান্য, (৮) দারু (উড), (৯) কাগজ ও কাগজ জাতীয় ব্যাদি, (১০) মুদ্রন ও ঐ জাতীয় শিল্প, (১১) পাদুকা ও চর্ম শিল্প, (১২) রবার ও রবার জাতীয় দ্রব্যাদি, (১৩) রাসায়নিক ও রাসায়নিক দ্রব্যাদি, (১৪) অধাতব ও খনিজ দ্রব্যাদি (কয়লা ও পেট্রোলিয়ম ব্যতীত), (১৫) মৃৎশিল্প ও পটারি, (১৬) ধাতব দ্রব্যাদি, (১৭) যন্ত্রপাতি ও বৈদ্যুতিক সাজসরঞ্জাম, (১৮) যানবাহনের সাজ-সরঞ্জাম ট্রান্সপোর্ট ইকুইপমেণ্ট, (১৯) হস্তচালিত কারুশিল্প (হ্যাণ্ডিক্র্যাপ্ট) এবং (২০) বিবিধ।

Deep tubewells in Domjur Police-station, Howrah

738. (Admitted question No. 1333.) **Shri Tarapada Dey:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডোমজুর থানায় (হাওড়া) সেচের জন্য যে গভীর নলকূপ স্থাপন করা হইয়াছে তাহার জন্য মোট কত খরচ হইয়াছে ;

(খ) এই নলকূপ মেনটেন করিবার জন্য গত বৎসর কত টাকা খরচ হয় ;

(গ) এই নলকূপ স্থাপিত হইবার পর হইতে বিভিন্ন বৎসরে কি পরিমাণ জমিতে সেচ দিবার এবং নলকূপটি কত জমিতে সেচ দিবার পরিকল্পনা গৃহীত হইয়াছিল;

(ঘ) নলকূপটি হইতে জল দিবার জন্য কোন জলকর আদায় করা হয় কি না ; এবং

(ঙ) জলকর আদায় করা হইলে তাহার হার কত এবং এযাবৎ কত আদায় করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ডোমজুর থানার নলকূপটি ভারত সরকারের এক্সপ্লোরেটরী টিউবওয়েল অর্গানিজেশন বসাইয়াছে। উহার জন্য ঠিক কত টাকা খরচ হইয়াচে তাহা এখনও রাজ্যসরকারকে জানান হয় নাই।

(খ) টাকা ২,৫১৭.৬০।

(গ) নলকূপটি বসানর পর ১৯৬৩ সালে ৮১.০৯ একর এবং ১৯৬৪ সালে ৮৬.৯১ একর জমিতে জল সরবরাহ করা হইয়াছে। নলকূপটি সম্পূর্ণ হইলে উহা হইতে ২০০ একর জমিতে জল সরবরাহ করার কথা । নলকূপটির কাজ এখনও সম্পূর্ণ হয় নাই।

(ঘ) ও (ঙ) একটি নলকূপ সম্পর্কীয় সমস্ত কাজ সম্পূর্ণ হইবার এক বৎসর পর হইতে জলকর আদায় করা হইয়া থাকে। যেহেতু উক্ত নলকূপের সমস্ত কাজ এখনও সম্পূর্ণ হয় নাই, সেজন্য এই ক্ষেত্রে কোন জলকর এ পর্যন্ত আদায় করা হয় নাই। জলকরের হার একর-প্রতি প্রথম শস্যের জন্য ১১ টাকা এবং দ্বিতীয় পরবর্তী সকল শস্যের জন্য এককালীন ১৫ টাকা। এই জলকর সেই সব উপকৃত ব্যক্তিদেরই দেয় যাহারা স্বেচ্ছায় সেচনের জন্য জল লইতে সরকারের সহিত চুক্তিবদ্ধ হন।

Service conditions of West Bengal Fire Services Workers

739. (Admitted question No. 1335.) **Shri Anadi Das:**
স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দমকল বিভাগের কর্মীদের দৈনিক কাজের সময় কত ;

(খ) ইহাদের জন্য সাপ্তাহিক রেস্ট ডে-এর কোন ব্যবস্থা আছে কিনা ;

(গ) ইহাদের জন্য সবেতন ছুটি বৎসরে কতদিন ও কি কি বাবত দেওয়া হয় ;

(ঘ) ইহাদের জন্য কোন রিস্ক এলাওয়েন্স-এর ব্যবস্থা আছে কিনা ;

(ঙ) ইহাদের ঘরভাড়া দিবার নিয়ম কি;

(চ) ইহাদের মাগ্‌গিভাতার ব্যবস্থা আছে কিনা ;

(ছ) ইহাদের বেতনের বর্তমান হার কি এবং উহা বাড়াইবার কথা বিবেচিত হইতেছে কি না ; এবং

(জ) ইহাদের কেহ কার্যরত অবস্থায় মৃত বা অক্ষম হইলে ক্ষতিপূরণের কি ব্যবস্থা আছে?

The Minister for Local Self-Government:

(ক) ডাইরেক্টর এবং ডেপুটি ডাইরেক্টর—প্রতিদিন ২৪ ঘণ্টা।
ডিভিশনাল অফিসারগণ—প্রতিদিণ গড়ে ১৬ ঘন্টা।
ষ্টেশন অফিসার ও সাব-অফিসারগণ (আবাসিক)—প্রতিদিন গড়ে ১৬ ঘণ্টা ।
ঐ (যাঁহারা আবাসিক নহেন)—প্রতিদিন গড়ে ১২ ঘণ্টা।
লিডার, ড্রাইভার এবং ফায়ারম্যানগণ—প্রতিদিন গড়ে ১২ ঘণ্টা।

(খ) না।

(গ) পূরাবেতন অর্জিত ছুটি—স্থায়ী কর্মী বৎসরে ৩৩-২।১১ দিন ও অস্থায়ী কর্মী বৎসরে ২২-১৩।১৬ দিন। অর্ধবেতন অর্জিত ছুটি—স্থায়ী কর্মী বৎসরে ২০ দিন ও অস্থায়ী কর্মী ১৫ দিন। নৈমিত্তিক ছুটি (ক্যাজুয়েল লিভ)—গেজেটেড অফিসারগণ—বৎসরে ১৪ দিন। স্টেশন অফিসার ও সাব-অফিসারগণ—বৎসরে ৪ দিন ধর্মীয় কারণ সহ মোট ১৯ দিন। ৯ই জুলাই ১৯৫৮ তারিখের আগে নিযুক্ত লিডার, ফায়ারম্যান ও ড্রাইভার—(১) পশ্চিমবঙ্গ, (২) বিহার, উড়িষ্যা ও আসাম এবং (৩) বিহারের পশ্চিমে অবস্থিত রাজ্যসমূহে স্থায়ী বাসিন্দা হইলে যথক্রমে ১৪, ১৬ বা ১৮ দিন এবং ধর্মীয় কারণে অতিরিক্ত ৪ দিন। হাসপাতাল ছুটি—কেবলমাত্র ফায়ারম্যানগণ অসুস্থ হইয়া স্থানীয় হাসপাতালে থাকাকালীন বৎসরে এক মাস সবেতন ছুটি পান।

(ঘ) না। তবে রিস্ক ইন্সিওরেন্স-এর ব্যবস্থা আছে। যদি কোন স্টেশন অফিসার, সাব-অফিসার, লিডার, ড্রাইভার ও ফায়ারম্যান কর্তব্যকর্মে রত থাকাকালীন মৃত্যুমুখে পতিত হয় বা গুরুতর আহত হইয়া চিরকালের জন্য কার্য্যে অক্ষম হন তবে তিনি ১,000 টাকা ইন্সিওরেন্স কোম্পানী হইতে পান। ইন্সিওরেন্সের প্রিমিয়াম সরকার দিয়া থাকেন।

(ঙ) অন্যান্য সরকারী কর্মচারীদিগের ন্যায় যাঁহারা কলিকাতা, হাওড়া ও গার্ডেনরিচ পৌরসভার এলাকার মধ্যে কাজ করেন তাঁহারা সকলেই বেতনের দশভাগের একভাগ বাড়িভাড়া ভাতা পান। যাঁহারা এইসব এলাকার বাহিরে কাজ করেন তাঁহারা আপনাপন দমকল কেন্দ্রের অর্ধ মাইলের মধ্যে বসবাস করিলে বেতনের দশ ভাগের এক ভাগ ঘরভাড়া বাবত ভাতা পান। তবে যাঁহারা কার্যস্থলের অর্ধমাইলের মধ্যে উপযুক্ত (রিজনেবল) ভাড়ায় বাড়ি যোগাড় করিতে পারেন না তাঁহাদের বাড়িভাড়া ভাতার দাবি ও অনুকূলভাবে বিবেচনা করা হয়।

(চ) অন্যান্য সরকারী কর্মচারীদের ন্যায়ই যাঁহাদের বেতন ৩০৯ টাকা পর্যন্ত তাঁহাদের জন্য ব্যবস্থা আছে।

(ছ) ডাইরেক্টর—টাঃ ১,৩০০–৬০–১,৬০০ টাকা। ডেপুটি ডাইরেক্টর—টাঃ ৬৫০–২৫–৯00 টাকা। ডিভিশনাল অফিসার—টাঃ ৪00–২৫–৪৫০–৩০–৬০০ টাকা। স্টেশন অফিসার—টাঃ ৩00–২0–৪00–২৫–৪৫০ টাকা। সাব-অফিসার—টাঃ ২৫০–১৫–৪00 টাকা। লিডার—টাঃ ১১০–৪–১৭০ টাকা ও ২০ টাকা স্পেশাল পে। ড্রাইভার—টাঃ ১৪০–৫–২১০ টাকা এবং ফায়ারম্যান—টাঃ ১১০–৪–১৭০ টাকা।

না।

(জ) (১) ওয়ার্কমেন কমপেনসেশন অ্যাক্ট অনুযায়ী ইহারা বা ইহাদের আইনানুগ উত্তরাধিকারিগণ ক্ষতিপূরণ পাইয়া থাকেন।

(২) আইনানুগ উত্তরাধিকারিগণকে ডেথ গ্রাচুইটি দেওয়া হয়।

(৩) স্টেশন অফিসার হইতে ফায়ারম্যান পর্যন্ত সকলকেই অথবা তাঁহাদের উত্তরাধিকারিগণকে রিস্ক ইন্সিওরেন্স বাবত ১,000 টাকা দেওয়া হয়।

(৪) উপযুক্ত ক্ষেত্রে সরকার ইহাদের উপর নির্ভরশীলদের ভরণপোষণের জন্য ও ইহাদের সন্তানদের ভরণপোষণ ও শিক্ষা বাবত আর্থিক সাহায্য করেন।

Repair of boundary-bunds, khals, etc. in Moyna and Pingla police-stations, Midnapore

740. (Admitted question No. 1511.) **Shri Ananga Mohan Das:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর অর্থাৎ ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার ময়না ও পিংলা থানার কোন কোনটি গ্রামের সীমা বাঁধ, রাস্তা, খাল ও কাঠের পুল কত টাকা ব্যয়ে ভূমিরাজস্ব বিভাগ হইতে সংস্কার করা হইবে; এবং

(খ) গত বৎসর ১৯৬৩-৬৪ সালে উক্ত দুইটি থানায় ঐ সকল সংস্কার বাবত কত ব্যয়িত হইয়াছিল?

The Minister for Land and Land Revenue:

(ক) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) ময়না থানায়—৭,৪৬৪.৫০ টাকা ও পিংলা থানায় ৯,৮৬০.৪৪ টাকা।

Statement referred to in the reply to clause (ka) of unstarred question No. 740.

Names of villages and expenditure to be incurred in 1964-65 for Bheribundh

Maina police-station

Ramchak mouza—Rs. 2,170.35
Kalagacha mouza—Rs. 1,330.88
Kripanandapur—Rs. 3,245.02
Gopalchak (1st portion)—Rs. 2,900.00
Narkelda (II)—Rs. 2,489.00
Narkelda (I)—Rs. 2,470.00
Gopalchak (II)—Rs. 2,490.00

Pingla police-station

Lakshipari—Rs. 1,855.92
Agarara—Rs. 1,080.00
Ragpur—Rs. 4,825.00
Saharda—Rs. 2,366.00
Dandasira—Rs. 2,418.00
Abdullah—Rs. 2,330.00
Chakchandi—Rs. 2,320.00

Corruption amongst the Government employees

741. (Admitted question No. 1534.) **Shri Bhabani Mukhopadhyay:** স্বরাষ্ট্র (অপচার-নিরোধ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে সরকারী কর্মচারীদের মধ্যে কতগুলি দুর্নীতির ঘটনা ধরা পড়িয়াছে ;

(খ) অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে গেজেটেড ও নন-গেজেটেড কর্মী কতজন ; এবং

(গ) কতগুলি ক্ষেত্রে অপরাধ প্রমানিত হইয়াছে এবং কি কি ধরণের শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়াছে ?

The Minister for Home (Anti-Corruption):

(ক) ১৯৬২ সালে ১৮৯ জন, ১৯৬৩ সালে ২৮৪ জন এবং ১৯৬৪ সালে ১৪৭ জন সরকারী কর্মচারীর দুর্নীতিপরায়ণতার ঘটনা ধরা পড়িয়াছে।

(খ) ১৯৬২ সালের অভিযুক্ত ১৮৯ জনের মধ্যে ২০ জন কর্মী গেজেটেড এবং ১৬৯ জন নন-গেজেটেড, ১৯৬৩ সালের অভিযুক্ত ২৮৪ জনের মধ্যে ২২ জন কর্মী গেজেটেড এবং ২৬২ জন নন-গেজেটেড এবং ১৯৬৪ সালের অভিযুক্ত ১৪৭ জনের মধ্যে ১৯ জন কর্মী গেজেটেড এবং ১২৮ জন নন-গেজেটেড।

(গ) ১৯৬২ সালে সংশ্লিষ্ট ৭৯ জনের ক্ষেত্রে, ১৯৬৩ সালে সংশ্লিষ্ট ১১৯ জনের ক্ষেত্রে এবং ১৯৬৪ সালে সংশ্লিষ্ট ৪০ জনের ক্ষেত্রে অপরাধ প্রমাণিত হইয়াছে। শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে আছে,—সশ্রম কারাদণ্ড ও জরিমানা, চাকরী হইতে বরখাস্ত, বেতন হ্রাস, বেতন বৃদ্ধি বন্ধ, পদাবনতি, সতর্কীকরণ, তিরস্কৃত করা (সেন্সার) ও স্থানান্তরিত করা।

Mohila Samity in Bishnupore and Joypur police-stations, Bankura

742. (Admitted question No. 1546.) **Shri Radhika Dhibar:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিষ্ণুপুর ও জয়পুর থানায় (বাঁকুড়া জেলায়) কোথায় কোথায় মহিলা সমিতি আছে;

(খ) ঐগুলি কোন্ কোন্ সালে স্থাপিত হইয়াছে এবং সাধারণত ঐসব সমিতিগুলিতে ঠিক কি কাজ হইয়া থাকে;

(গ) উহাদের প্রত্যেকটি ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে কত টাকা ব্লক হইতে সাহায্য পাইয়াছিল;

(ঘ) উহাদের মধ্যে বিষ্ণুপুর সহরে গমভাঙ্গা সমিতিতে কতজন মহিলা গমভাঙ্গা কাজে নিযুক্ত আছে; এবং

(ঙ) উক্ত বিষ্ণুপুর সমিতির গমভাঙ্গা লোক নিযুক্ত ও বাতিল কে করিয়া থাকেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বিষ্ণুপুর ও জয়পুর থানার বিষ্ণুপুর ও জয়পুর ব্লক এলাকায় প্রতিষ্ঠিত মহিলা সমিতি-গুলির বিবরণ নিম্নে দেওয়া হইল:

ব্লক, মহিলা সমিতি ও গ্রাম

বিষ্ণুপুর: বাঁকাদহ মহিলা সমিতি—বাঁকাদহ।

জয়পুর: ভীমাচরণ মহিলা সমিতি—ময়নাপুর।

শুকজোড়া মহিলা সমিতি—শুকজোড়া।

রাজগ্রাম মহিলা সমিতি—রাজগ্রাম।

সালদা মহিলা সমিতি—সালদা।

বাজেময়নাপুর মহিলা সমিতি—ময়নাপুর।

ভগলদীঘি মহিলা সমিতি—ভগলদীঘি।

কুচিয়াকোল মহিলা সমিতি—কুচিয়াকোল।

(খ) বিষ্ণুপুর ব্লকে প্রতিষ্ঠিত মহিলা সমিতিটি ১৯৬৫ সালে এবং জয়পুর ব্লক এলাকায় প্রতিষ্ঠিত মহিলা সমিতিগুলি ১৯৬৪ সালে স্থাপিত হইয়াছে।

কাজের তালিকা: (১) বয়স্ক মহিলাদিগের নিরক্ষরতা দূরীকরণ।

(২) সূচিশিল্প, হস্তশিল্প, ধাত্রীবিদ্যা, সবজিবাগান, হাঁস-মুরগি পালন, মধুমক্ষিকার চাষ ধূম্রহীন চুল্লী প্রবর্তন এবং প্রসূতিদের মধ্যে দুগ্ধ বিতরণ।

(৩) সমাজ শিক্ষা।

(৪) আমোদ অনুষ্ঠানের ব্যবস্থা ইত্যাদি।

(গ) উপযুক্ত মহিলা সমিতিগুলির মধ্যে কেবলমাত্র ভীমাচরণ মহিলা সমিতিকে জয়পুর ব্লক হইতে ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে ৬০০ টাকা সরকারী অনুদান দেওয়া হইয়াছে।

(ঘ) বিষ্ণুপুর যাঁতাভাঙ্গা কেন্দ্রে ৩৪১ জন মহিলা কর্মী গমভাঙ্গা কার্যে নিযুক্ত আছেন।

(ঙ) বিষ্ণুপুর ব্লক উন্নয়ন আধিকারিক কর্তৃক উপযুক্ত তদন্ত সাপেক্ষে মহিলাদের নিযুক্ত ও বাতিল করা হয়।

Cases for adulteration of mustard oil in West Dinajpur district

743. (Admitted question No. 1565.) **Shri Ramendra Nath Dutta:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুরে ১৯৬৮ সালের জুলাই মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত কোন্ কোন্ ব্যক্তির বিরুদ্ধে ফুড ডিপার্টমেণ্ট হইতে ভেজাল সরিষার তৈল রাখার জন্য কেস করা হইয়াছে;

(খ) কাহার নিকট হইতে কত সরিষার তৈল সীজ করা হইয়াছে;

(গ) এ সীজ করা তৈল কি অবস্থায় আছে অথবা কিভাবে বিক্রয় করা হইয়াছে, এবং

(ঘ) বর্তমানে কেসগুলি কি অবস্থায় আছে?

The Minister for Health:

(ক) পশ্চিম দিনাজপুরে ১৯৬৮ সালের জুলাই মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত ১১ জন সরিষার তৈলে ভেজালকারীর বরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে। তাহাদের নাম ও ঠিকানা নিম্নে দেওয়া হইল। প্রথমোক্ত ব্যক্তির বিরুদ্ধে দুইটি মামলা দায়ের করা হয়।

(ক) ভাটমল ভোতনা— মথাপুর, করণদীঘি, পাইকারী বিক্রেতা।

(২) বিশ্বনাথ সাহা—টাংগিদীঘি হাট, করণদীঘ, খুচরা বিক্রেতা।

(৩) শিশিরকুমার পোদ্দার—হিলিবাজার, হিলি, খুচরা বিক্রেতা।

(৪) ব্রজেন্দ্রনাথ রায়—ত্রিমোহিনাহাট, হিলি, খুচরা বিক্রেতা।

(৫) ফটিকচন্দ্র কুণ্ডু—হিলি, খুচরা বিক্রেতা।

(৬) গোপালচন্দ্র লাহা—তেওর, হিলি, খুচরা বিক্রতো।

(৭) ভবেশচন্দ্র মজুমদার—ডাঙ্গা, কুমারগঞ্জ, খুচরা বিক্রেতা।

(৮) শ্রীধরচন্দ্র মণ্ডল—মোল্লাদীঘি, কুমারগঞ্জ খুচরা বিক্রেতা।

(৯) নরেনকুমার দে—সিংহাদই হাট, বংশীহারি, খুচরা বিক্রেতা।

(১০) সোলেউদ্দিন আহমেদ—দৌলতপুর, বংশীহারি, খুচরা বিক্রেতা।

(১১) সুরেন্দ্রনাথ বসাক—সাফানগর হাট, কুমার গঞ্জ, খুচরা বিক্রেতা।

(খ) যেসমস্ত খাদ্য ব্যবসায়ীর তৈল সীজ করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা এবং সীজ করা তৈলের পরিমাণ নিম্নে দেওয়া হইলঃ—

(১) ভাটমল ভোতনা, মিথাপুর, করণদীঘি, প্রথম মামলায়—১৩৫ কে জি।

(২) ভাটমল ভোতনা, মিথাপুর, করণদীঘি, দ্বিতীয় মামলায়—১০,২৯৩ কে জি।

(৩) বিশ্বনাথ সাহা, টাঙ্গিদীঘি হাট, করণদীঘি—১৫ কে জি।
(৪) ব্রজেন্দ্রনাথ রায়, ত্রিমোহিনী হাট—৫ কেজি।
(৫) ফটিকচন্দ্র কুণ্ড, হিলী—১৬ কে জি।
(৬) ভবেশচন্দ্র মজুমদার, ডাঙ্গপুর, কুমারগঞ্জ—৪ কে জি।
(৭) গোপালচন্দ্র লাহা, তেওর, হিলী—৮ কেজি।
(৮) শ্রীধরচন্দ্র মণ্ডল, মোল্লাদীঘী, কুমারগঞ্জ—৬ কে জি।

(গ) ও (ঘ) যে ১২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছিল, তাহাদের ৫ জনের শাস্তি হইয়াছে। নিম্নে ২৫.০০ টাকা হইতে উর্দ্ধে ১০০ টাকা পর্যন্ত জরিমানা হইয়াছে। অবশিষ্ট ৭টি মামলা বিচারাধীন আছে। যে ৫ জনের শাস্তি হইয়াছে তাহাদের মধ্যে তিন জনের সীজ করা তৈল পোড়াইয়া ফেলা হইয়াছে। অবশিষ্ট সীজ করা তৈল ব্যবসায়ীদের স্ব স্ব জিম্মায় সিল করা অবস্থায় আছে।

Site for Debsala Andul Panchayat office in Ausgram police-station, Burdwan

744. (Admitted question No. 1576.) **Shri Bijoy Kumar Banerjee:**

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান সদর মহকুমা অঞ্চল পঞ্চায়েতসমূহের স্থায়ী অফিসগৃহের স্থান নির্বাচন কর্তৃপক্ষ আউশগ্রাম থানার দেবশালা অঞ্চল পঞ্চায়েতের স্থায়ী অফিসগৃহের স্থান কোথায় নির্বাচন করিয়াছেন ; এবং

(খ) উক্ত স্থানকে উক্ত অফিসগৃহ নির্মাণের স্থান হিসাবে নির্বাচন করিবার কারণ কি, এবং কি কি বিষয় বিবেচনা করিয়া এই স্থান নিবাচন হইয়াছে ?

The Minister of State for Panchayats:

(ক) আউশগ্রাম ২নং ব্লকের অন্তগত জিঞ্জিরা গ্রামে।

(খ) অঞ্চল পঞ্চায়েতের সর্বসম্মতিক্রমে গৃহীত প্রস্তাব অনুসারে স্থান নির্বাচন সমিতি সর্ব বিষয়ে বিবেচনা করিয়া উক্ত স্থান নির্বাচন করিয়াছেন। এই বিষয়ে অঞ্চল পঞ্চায়েতের গৃহীত প্রস্তাবটি নিম্নে দেওয়া হইল —

"অদ্যকার অঞ্চল বোর্ডের মেম্বারগণের সর্বসম্পম্মতিক্রমে এই স্থির করিলেন যে, অত্র অঞ্চল-বোর্ডের যে অফিসগৃফ নির্মাণ জন্য স্থান ঠিক করিবার নির্দেশ দেওয়া ছিল, উক্ত অঞ্চলের মধ্যস্থলের গ্রাম জিঞ্জিয়া গ্রামে উক্ত অফিসগৃহ নির্মাণজন্য গত পূর্বেকর রেজলিউশন মতে ও শ্রীনুপেন্দু রায় মহাশয়ের দরখাস্ত মত উক্ত দেবশালা অঞ্চল বোর্ডের অফিস গৃহটি নির্মাণ করিবার জন্য স্থান ঠিক করা হইল, ইহাই উক্ত বোর্ডের অঞ্চল মেম্বারণ সর্বসম্মতিক্রমে স্থিরকৃত করিল। সন ১৩৬৯, ২৫-১০-৬৯ (ইং ৮-২-৬৩।") উপস্থিত মেম্বারগণের সহি: শ্রীগোপীনাথ কোঙ্গল, ৮-২-৬৩ ; শ্রীঅনিলকুমার মণ্ডল, ৮-২-৬৩ ; শ্রীকমলাকান্ত চৌধুরী ৮-২-৬৩ ; শ্রীননীগোপাল অধিকারী , ৮-২-৬৩ ; এবং শ্রীসুধীরকুমার কোঙ্গল, উপ-প্রধান, দে দেবশালা অঞ্চল পঞ্চায়েত, ৮-২-৬৩।

Kongsabati Project

745. (Admitted question No. 1728.) **Shri Surendra Nath Mahato:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী নদী পরিকল্পনায় মোট কত টাকা ব্যয় হবে এবং মোট কত জমিতে জলসেচ হইবে ;

(খ) ইহার কাজ কবে আরম্ভ হইয়াছে এবং কবে শেষ হইবে ;

(গ) ঝাড়গ্রাম মহকুমার কোন্ থানার কোন্ কোন্ ইউনিয়নের মধ্য দিয়া ক্যানেল প্রবাহিত হইবে;

(ঘ) এই মহকুমার কোন্ থানার কত জমি এই পরিকল্পনার উপকৃত হইবে; এবং

(ঙ) ঝাড়গ্রাম মহকুমায় বর্তমানে কোথায় ইহার, কার্য চলিতেছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) বর্তমান হিসাব অনুযায়ী এই পরিকল্পনায় প্রায় ২৫ কোটি ২৫ লক্ষ টাকা ব্যয় হইবে এবং ৮ লক্ষ একর খারিফ চাষে জমিতেও ১ লক্ষ ৫০ হাজার একর রবি চাষের জমিতে জলসেচ হইবে।

(খ) ১৯৫৭ সালের প্রারম্ভে ইহার কাজ আরম্ভ হইয়াছে এবং বর্তমান কার্যসূচী অনুযায়ী ১৯৬৯ সালে ইহা শেষ হওয়ার করা।

(গ) ঝাড়গ্রাম মহকুমার বিনপুর, ঝাড়গ্রাম, জামবনি ও সাঁকরাইল থানা এলাকায় সেচের জল সরবরাহ করা হইবে। কিন্তু কোন্ কোন্ ইউনিয়নের মধ্য দিয়া ক্যানেল যাইবে তাহা এখন সঠিক বলা সম্ভব নহে।

(ঘ) বিনপুর থানায় প্রায় ৫৬,১২১ একর।
ঝাড়গ্রাম থানায় প্রায় ২৮,৯৫০ একর।
জামবনি থানায় প্রায় ৪,১৩৯ একর।
সাঁকরাইল থানায় প্রায় ২৯,৬৩২ একর।

(ঙ) বিনপর থানায়।

Lands in Asansol subdivision

746. (Admitted question No. 1744.) **Shri Bejoy Pal:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার মোট জমির পরিমাণ কত;

(খ) তাহার মধ্যে কি পরিমাণ জমিতে চাষ আবাদ হয়;

(গ) অনাবাদী জমির পরিমাণ কত;

(ঘ) খনি মালিকদের নিকট মোট কত জমি রহিয়াছে;

(ঙ) বিভিন্ন কলকারখানার মালিক ও ভারত-সরকারের হাতে কি পরিমাণ জমি রহিয়াছে এবং পশ্চিমবঙ্গ সরকার নিজস্ব শিল্প গঠনের জন্য কি পরিমাণ জমি রাখিয়াছে;

(চ) রেল কর্তৃপক্ষের নিকট যে জমি রহিয়াছে তাহার পরিমাণ কত;

(ছ) সরকারের কি পরিমাণ জমি (ভেস্টেড) আছে; এবং

(জ) ভেস্টেড ল্যাণ্ড হইতে সরকার কি জমি বিলি করিয়াছে? করিয়া থাকিলে কতজনকে কত জমি বিলি করা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) ৩,৯৯,৩৮৭ একর।

(খ) ১,৩৮,০৩১ একর জমিতে।

(গ) ২,৬১,৩৫৬ একর।

(ঘ) ১৯,৫১২.২৯ একর।

(ঙ) বিভিন্ন কারখানার মালিক ও ভারত-সরকারের হাতে আনুমানিক ৩৫,২৮২ একর জমি আছে। পশ্চিমবঙ্গ সরকার নিজস্ব শিল্প গঠনের জন্য আনুমানিক ৮,০০০ একর জমি রাখিয়াছে।

(চ) ৯,৩৭২.১২ একর।

(ছ) এ পর্যন্ত ৬,১১৯ একর জমি সরকার দখল পাইয়াছেন।

(জ) হঁ্যা, ৩৮৭ জনকে ৫২৭.২০ একর জমি বিলি করা হইয়াছে।

Import of fish in Calcutta

747. (Admitted question No. 1760.) **Shri Ananga Mohan Das:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর জানুয়ারি মাসে কোন্ কোন্ রাজ্য এবং পাকিস্তান হইতে কলিকাতা শহরে কি পরিমাণ মাছ আমদানী করা হইয়াছিল ; এবং

(খ) গত ১৯৬৪ সালের জানুয়ারি মাসে ঐপ্রকার আমদানীকৃত মাছের পরিমাণ কত?

The Minister for Fisheries:

(ক) ও (খ) ভারতের অন্যান্য রাজ্যের মধ্যে উত্তরপ্রদেশ, বিহার, উড়িষ্যা, মাদ্রাজ, দিল্লী, মহারাষ্ট্র, পাঞ্জাব, অন্ধ্র ও মধ্যপ্রদেশ হইতে কলিকাতার বাজারে মাছ আমদানী হয়। কিন্তু প্রতিটি রাজ্য হইতে আনীত মাছের পৃথক পৃথক পরিসংখ্যান নাই।

পূর্ব পাকিস্তান ও ভারতের বিভিন্ন রাজ্য (পশ্চিমবঙ্গ বাদে) হইতে আনীত মাছের পরিসংখ্যান নিম্নে দেওয়া হইল :—

ভারতের বিভিন্ন রাজ্য ও পূর্ব পাকিস্তান

জানুয়ারি, ১৯৬৪—১৭,৬৭৯ কুইণ্টাল ও ২১,৯৭৫ কুইণ্টাল।

জানুয়ারি, ১৯৬৫—১৩,৫০৭ কুইণ্টাল ও ১৭,১৮৮ কুইণ্টাল।

Hotels and restaurants in Calcutta

748. (Admitted question No. 1812.) **Shri Aswini Roy:** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌর এলাকায় হোটেল ও রেষ্টুরেণ্টের কোনও তালিকা সরকারের আছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হঁ্যা হয়, তবে হোটেল ও রেষ্টুরেণ্টের সংখ্যা পৃথকভাবে কত?

The Minister for Labour:

(ক) হঁ্যা।

(খ) বিভিন্ন শ্রেণীর হোটেল ও রেষ্টুরেণ্টের সংখ্যা নিম্নরূপ :—

(১) পানাগারযুক্ত হোটেল (হোটেল উইথ বার)—১০টি।

(২) পানাগারযুক্ত রেষ্টুরেণ্ট (রেষ্টুরেণ্ট উইথ বার)—৩১টি।

(৩) ভোজনাগার, তৈয়ারি চায়ের দোকান, পানাগার বিহীন (উইদাউট বার) রেষ্টুরেণ্ট ও ঠাণ্ডা পানীয়ের দোকান—৪,৪৩৩টি।

(৪) মিষ্টান্নের দোকান—৬০৫টি।

(৫) আবাসিক ভোজনাগার (বোর্ডিং অ্যাণ্ড লজিং হাউস)—১৮৫ টি।

Sluice gates on Takavi and schedule 'D' Bundhs, Midnapore

749. (Admitted question No. 1815.) **Shri Aditya Kumar Bankura:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নদী ও খালের তীরবর্তী সেচ বিভাগের ট্যাকাভি ও সিডিউল 'ডি' বাঁধের উপর স্লুইস গেট নির্মাণের কোন প্রস্তাব আছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হঁ্যা হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই প্রস্তাব অনুযায়ী কোন্ থানায় কয়টি স্লুইস নির্মাণ করিবার প্রকল্প গ্রহণ করা হইয়াছে, এবং

(২) এই প্রস্তাব আগামী বৎসরে কার্যকরী করা হইবে কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) হঁ্যা, তমলুক, পাঁশকুড়া, ঘাটাল, দাশপুর, পিংলা, ডেবরা, ময়না, সবং, নন্দীগ্রাম, পটাশপুর ও ভগবানপুর থানায় মোট ৭৬টি সেচ স্লুইস এবং ভগবানপুর ও পিংলা থানায় ১টি করিয়া জলনিকাশী স্লুইস নির্মাণের প্রস্তাব আছে। ইহা ব্যতীত প্রাক্তন জমিদারী বাঁধে মোট ৪৯টি জলনিকাশী স্লুইস নির্মাণের প্রস্তাব আছে।

(খ) (১) ও (২) ভগবানপুর ও পিংলা থানার দুইটি জলনিকাশী স্লুইস নির্মাণ প্রকল্প গ্রহণ করা হইয়াছে এবং উহাদের নির্মাণকার্য চলিতেছে।

আগামী বৎসরে সেচ স্লুইসগুলি এবং বাকি জলনিকাশী স্লুইসগুলির নির্মাণকার্য আরম্ভ করার সম্ভাবনা আছে।

Nurses in Tamluk subdivisional Hospital

750. (Admitted question No. 1870.) **Shri Ananga Mohan Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমা হাসপাতালে কতজন শিক্ষিকা এবং কতজন শিক্ষার্থী নার্স আছে ;

(খ) ইহাদের দৈনিক কত ঘণ্টা করিয়া ডিউটি দিতে হয় ; এবং

(গ) কতজন রোগীর জন্য রাত্রে একজন করিয়া নার্স দেওয়া হয়?

The Minister for Health:

(ক) এই হাসপাতালে কোন শিক্ষিকা বা শিক্ষার্থী নার্স নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) রাত্রে গড়ে প্রায় ১৪ জন রোগীর জন্য একজন করিয়া নার্স কর্মরত থাকেন।

Chhatinasol Leprosy Unit in Gopiballavpur police-station, Midnapore

751. (Admitted question No. 1911.) **Shri Debnath Hansda:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার অন্তর্গত ছাতিনাশোল কুষ্ঠরোগীর চিকিৎসা কেন্দ্রে ছয় মাস অনধিককাল কোন ডাক্তার নাই ;

(খ) সত্য হইলে, ডাক্তার নিয়োগের কোন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কিনা ; এবং

(গ) নিয়োগ করা না হইলে কবে নিয়োগ করা হইবে?

The Minister for Health:

(ক) ও (খ) ইহা সত্য যে, ছাতিনাশোল কুষ্ঠ কেন্দ্রে বর্তমানে পুরা সময়ের জন্য কোন মেডিক্যাল অফিসার নিযুক্ত নাই। নিকটবর্তী গোপীবল্লভপুর কুষ্ঠ কেন্দ্রের একজন মেডিক্যাল অফিসার উক্ত কুষ্ঠ কেন্দ্রে কাজ করিতেছিলেন, সম্প্রতি একজন মেডিক্যাল অফিসারকে উক্ত কুষ্ঠ কেন্দ্রে বদলী করা হইয়াছে এবং আশা করা যাইতেছে, যে তিনি তথায় শীঘ্রই যোগদান করিবেন।

(গ) প্রশ্ন উঠে না।

Sygnus Printing Co-operative Society Ltd.

752. (Admitted question No. 1935.) **Shri Abhoy Pada Saha:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সিগ্‌নাস প্রিন্টিং কো-অপারেটিভ সোসাইটি লিঃ, বহরমপুর, কোন্ স্কিমে রেজিস্টারিকৃত হইয়াছ;

(খ) এইরূপ কো-অপারেটিভ সোসাইটি পশ্চিমবঙ্গে আর আছে কিনা, থাকিলে কয়টি আছে; এবং

(গ) ঐ সোসাইটি সরকারী সাহায্য হিসাবে কি কি পাইয়াছে?

The Minister for Co-operation:

(ক) ভারত-সরকারের প্রস্তাবিত সমবায় ছাপাখানা প্রকল্প অনুযায়ী সিগ্‌নাস প্রিন্টিং কো-অপারেটিভ সোসাইটি, বহরমপুর, রেজিস্টারিকৃত হইয়াছে।

(খ) হ্যাঁ, আরও পাঁচটি।

(গ) সমিতির মূলধনে সরকারের অংশ ক্রয় বাবত—১0,000 টাকা; কর্মচারী নিয়োগের ব্যয় বাবত সাহায্য—৩,000 টাকা।

C. R. in Nabagram, Murshidabad, Lalgola and Jangipur police-stations, Murshidabad

753. (Admitted question No. 1953.) **Shri Birendra Narayan Ray:**

ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) নবগ্রাম, (২) মুর্শিদাবাদ, (৩) লালগোলা ও (৪) জঙ্গীপুর থানার জনসংখ্যা কত; এবং

(খ) গত তিন বৎসরে কোন্ বৎসর উক্ত থানাগুলির কোন্‌টিতে কয়জনকে (১) স্থায়ী এবং অস্থায়ী জি আর দেওয়া হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) জঙ্গীপুর নামে কোন থানা মুর্শিদাবাদ জেলায় নাই। নবগ্রাম, মুর্শিদাবাদ ও লালগোলা থানার লোকসংখ্যা যথাক্রমে ৮২,২৩৭, ৬৪,৯১৫ ও ৯৬,৪00।

(খ) রিলিফ ম্যানুয়েলের নিয়ম অনুযায়ী স্থায়ী জি আর-এর কোন ব্যবস্থা নাই। গত ১৯৬২, ১৯৬৩ ও ১৯৬৪ সালে নবগ্রাম, মুর্শিদাবাদ ও লালগোলা থানায় নিম্নসংখ্যক ব্যক্তিকে খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে:—

১৯৬২, ১৯৬৩ ও ১৯৬৪

নবগ্রাম—১,৩১২, ১0,0১১ ও ১৫,২৩২।

মুর্শিদাবাদ—৯৩৮, ২,১0৪ ও ৪,২৫৯।

লালগোলা—১,0৯৮, ১,৩৯৭ ও ১,৫৭২।

Ramghat, Basantpur, Orahar and Ganeshpur bridges in Murshidabad district

754. (Admitted question No. 1969.) **Shri Sailendra Nath Adhikary:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সুন্দরপুর অঞ্চল পঞ্চায়েত ও কুঠীরামপুর এবং বাহাদুরপুর অঞ্চল পঞ্চায়েতের অধীনে (১) রামঘাট, (২) বসন্তপুর, (৩) ওড়াহার, (৪) গণেশপুর সাঁকোগুলি নির্মাণের কোন ব্যবস্থা হইতেছে কিনা ;

(খ) ঐ সাঁকোগুলির কাজ এখনও না হইবার কারণ কি ; এবং

(গ) উহাদের প্ল্যান ও এস্টিমেট সম্পূর্ণ হইয়াছে কি ?

The Minister for Irrigation and Waterways:

(ক) সাঁকোগুলি নির্মাণের একটি প্রস্তাব আছে।

(খ) ও (গ) প্রকল্পটির প্ল্যান ও এস্টিমেট প্রস্তুত হইয়াছে এবং বর্তমানে পরীক্ষাধীন আছে। এইজন্যই কার্য গ্রহণ করা এখনও সম্ভব হয় নাই।

Bridges in Domjur and Bally police-station, Howrah

755. (Admitted question No. 1980.) **Shri Tarapada Dey:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার ডোমজুড় ও বালী থানার মধ্যে হাওড়া ড্রেনেজ, রাজাপুর ড্রেনেজ সরস্বতী খাল প্রভৃতি সেচ বিভাগের যেসমস্ত খাল বা উপখাল আছে, তাহার উপর কতগুলি সাধারণের ব্যবহার্য পুল আছে ;

(খ) বর্তমানে ঐ পুলগুলির মধ্যে কতগুলি ব্যবহারযোগ্য এবং কতগুলি অকেজো হইয়া আছে ;

(গ) ঐ পুলগুলি বর্তমানে কাহার অধীন ? সেচ বিভাগের অনুমতি ছাড়া কাহাকেও সেচ বিভাগের খালের উপর পুল করিতে দেওয়া হয় কিনা ; এবং

(ঘ) সংশ্লিষ্ট খালগুলির উপর যেসমস্ত ভাঙ্গা পুল আছে, সেচ বিভাগ ঐগুলি মেরামত করিবার কোন ব্যবস্থা করিতেছেন কিনা ?

The Minister for Irrigation and Waterways:

(ক) সেচ ও জলপথ বিভাগের অধীনে হাওড়া ড্রেনেজ চ্যানেল ও শাখা চ্যানেলের উপর ৯টি, রাজাপুর ড্রেনেজ চ্যানেলের উপর ১টি এবং সরস্বতী খালের উপর ৫টি সর্বমোট ১৫টি সাধারণের ব্যবহার্য পুল আছে।

(খ) বর্তমানে সমস্ত পুলগুলিই ব্যবহারযোগ্য অবস্থায় আছে। কোন কোনটির হয়ত সামান্য মেরামতের প্রয়োজন।

(গ) ঐ পুলগুলি বর্তমানে সেচ ও জলপথ বিভাগের অধীন এবং এই সমস্ত খালগুলির উপর পুল নির্মাণ করিতে হইলে পূর্বাহ্ণে সেচ ও জলপথ বিভাগের অনুমতি লইবার প্রয়োজন হয়।

(ঘ) এই সমস্ত পুলগুলির প্রয়োজনীয় মেরামত বাৎসরিক বরাদ্দ হইতে করা হয়।

G. R. given in Midnapore district

756. (Admitted question No. 2011.) **Shri Ananga Mohan Das:**

ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালের শেষ ৩ মাস মেদিনীপুর জেলার কোন্ থানায় কতজনকে জি আর দেওয়া হইয়াছিল;

(খ) বর্তমানে ঐ জেলার কোন্ থানায় কতজন জি আর পাইতেছেন; এবং

(গ) প্রত্যেক দুঃস্থ ব্যক্তিকে মাসে খয়রাতি সাহায্য বাবদ কি দেওয়া হয়?

The Minister for Relief:

(ক) ও (খ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(গ) প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তি মাসে নগদ ৪ টাকা অথবা ৮ কেজি খাদ্যশস্য পাইয়া থাকেন। খাদ্যশস্য হিসাবে গম দেওয়া হইলে খাদ্যশস্যের সহিত নগদ ৬৪ পয়সা, ও আটা দেওয়া হইলে ২৪ পয়সা অতিরিক্ত দেওয়া হয়।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 756

বিবরণী

থানার নাম	খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা			বর্তমানে খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা
	অক্টোবর, ১৯৬৪	নভেম্বর, ১৯৬৪	ডিসেম্বর, ১৯৬৪	
কাঁথি ..	৯,৮৭৪	৮,৪১৩	৩,৫৮২	১,০৮২
রামনগর ..	৫,৬৩০	৪,৭৩৮	২,০১৬	৫৩৬
এগারা ..	৫,৯৮৭	৫,০৭৭	২,১৫৭	৬১২
ভগবানপুর ..	৭,৩৮৩	৬,২১৪	২,৬৪৭	৭৩৮
পটাশপুর ..	৫,৭২৩	৪,৭৫২	২,০২৩	৫৭১
খেজুরী ..	৩,৮০৬	৩,৮০৬	১,৬৯৫	৪৬১
ঝাড়গ্রাম ..	২,৯৯৩	২,৯৯১	২,২৯০	২,৩০৪
জামবনি ..	১,০০০	১,২৫০	১২৫০	১,২০৫
বিন্‌পুর ..	৩,২৪০	৩,২৪০	৩,২৪০	২,৯৪০
গোপীবল্লভপুর	২,৫৭৫	২,৫৭৫	২,০৫০	১,৭৬০
সাঁকরাইল ..	১,৮০৯	১,৭৭৫	১.৭৭৫	১,৭১৭

থানার নাম	খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা অক্টোবর, ১৯৬৪	নভেম্বর, ১৯৬৪	ডিসেম্বর, ১৯৬৪	বর্তমানে খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা
ময়াগ্রাম ..	১,৮৯০	১,৮৯০	১,৩২০	৭৫০
ঘাটাল ..	৫,২৩২	৪,৮৩৫	৩,৭০৯	২,৮৮৬
চন্দ্রকোনা ..	৪,০০২	৩,৮৮২	৩,৩৮০	৩,০৭৩
দাশপুর ..	৭,৯৬০	৭,৭১২	৪,৩৪২	৪,৩৪২
তমলুক ..	৪,৮৩৩	৫,৩৪৮	৫,৩৪৮	৩,৮২৩
পাঁশকুড়া ..	৬,১৪৬	৭,১০৯	৭,১১৬	৪,৩০৮
মহিষাদল ..	৩,৬৩৪	৪,০৯৬	৪,১০০	৩,৫৮৮
ময়না ..	১,৯৪২	১,৯৭৮	১,৯৭৮	১,৮২২
সুতাহাটা ..	৩,০৬১	৩,০৬১	৩,০৬১	২,৫৬০
নন্দীগ্রাম ..	৬,৩৪২	৮,৪২০	৮,৪২০	৪,০৬২
খড়গপুর ..	৩,৩১৬	৩,৩৫৫	১,৫৪৬	২৩৭
পিংলা ..	১,৯২৫	১,৯২৫	৪১৬	..
শবং ..	২,১১৩	২,২৩৬	৫০০	..
দাঁতন ..	৪,৪২৬	৪,৪২৬	১,১০৭	..
মোহনপুর ..	১,০৪০	১,০৪০	২৬০	..
কেশিয়ারী ..	১,১৩৩	১,১৩৩	৩৭০	..
নারায়ণগড় ..	২,৩৯০	২,৫৩৫	৬৩৪	..
গড়বেতা ..	৫,১৪৮	৫,১৪৮	৩,৮৫২	২,৫৫২
শালবনি ..	১,৫৫১	১,৫৫১	১,২৬৯	৮৭৮
কেশপর ..	২,৭১৪	২,৭১৪	১,৮৬০	১,২৩৭
ডেবড়া ..	১,৭৮২	১,৭৮২	১,৩০০	৮৭০
সদর (মেদিনীপুর)	২,৬৪৭	২,৬৪৭	২,১৯৭	১,৪০২

Treatment of cows in Moyna police-station, Midnapore

757. (Admitted question No. 2013.) **Shri Ananga Mohan Das:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না থানাতে রোগাক্রান্ত গরুর চিকিৎসার কি ব্যবস্থা আছে ; এবং

(খ) বন্ধ্যা গাভীর চিকিৎসায় কোন ব্যবস্থা আছে কিনা ?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) ময়না থানার উন্নয়ন ব্লকের অধীনে যে পশুচিকিৎসালয় এবং উক্ত ব্লকের অধীনে রামানন্দপুর গ্রামে যে ভেটারিন্যারী এড্ সেণ্টার আছে, সেখানে উক্ত এলাকার রোগাক্রান্ত গরুর চিকিৎসার ব্যবস্থা আছে।

(খ) হঁ্যা।

Government flats for low income groups families in Asansol subdivision

758. (Admitted question No. 2031.) **Shri Bejoy Pal:** নির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আজ পর্যন্ত নিম্ন মধ্যবিত্ত (লোয়ার ইনকাম গ্রুপ) পরিবারবর্গের জন্য আসানসোল শহরে বা মহকুমার অন্য শহরে কতগুলি সরকারী বাড়ি প্রস্তুত করা হইয়াছে ;

(খ) এগুলি বিলি করা হইয়াছে কিনা ; এবং

(গ) বিলি করা হইয়া থাকিলে, কি রেটে এবং কতজনকে বিলি করা হইয়াছে ?

The Minister for Housing:

(ক) নিম্নমধ্যবিত্ত পরিবারবর্গের জন্য আসানসোল মহকুমায় দুর্গাপুর শহরে গোপীনাথপুর মৌজায় ১০২টি বাড়ি নির্মাণ করা হইতেছে ; এখনও সমাপ্ত হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Small scale industries in Tamluk subdivision, Midnapore

759. (Admitted question No. 2096.) **Shri Ananga Mohan Das:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী মেদিনীপুর জেলার তমলুক মহকুমার কোন্ কোন্ স্থানে (১) গেঞ্জী, (২) মোজা, (৩) বালতি, এবং (৪) বাসন ঢালাই-এর কারখানা আছে ;

(খ) ঐ সকল কারখানায় কোন্ কোনুটিতে সরকার বা অন্য কোন সরকারী মঞ্জুরীপ্রাপ্ত প্রতিষ্ঠান কিরূপ সাহায্য করিয়াছে ; এবং

(গ) ঐগুলি হইতে গত বৎসরে কি পরিমাণ দ্রব্য উৎপন্ন হইয়াছিল ?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) (১) ও (২) তমলুক উন্নয়ন সংস্থার অধীন পাঁচবেড়িয়া, সইরা, সিরুই এবং তমলুকে গেঞ্জী ও মোজার কারখানা আছে। ময়না উন্নয়ন সংস্থার অধীন পোড়ানন্দপর এবং গেজিনাতেও গেঞ্জী ও মোজার কারখানা আছে।

(৩) তমলুক মহকুমায় বালতি নির্মাণের কোন কারখানা নাই।

(৪) তমলুকের অন্তগত হরশঙ্কর ও গুড়িয়ায়, মহিষাদলের অন্তগত গড়কমলপুর, পার্বতীপ খাগরা, একতারপুর ও তেরপেখিয়ায় এবং পাঁশকুড়ায় অন্তগত যশোড়ায় বাসন ঢালাই ও বাস তৈয়ারীর কারখানা আছে।

(খ) গেঞ্জী শিল্পের উন্নতির জন্য তমলুকের প্রজেক্ট অফিসার একটি কারখানাকে ৫,০০ টাকা এবং অপর একটি কারখনাকে ২,০০০ টাকা ঋণ দিয়াছেন। মোজা শিল্পের উন্নতির জন্য তমলুকের ব্লক ডেভেলপমেণ্ট অফিসার একটি কারখনাকে ১০০ টাকা ঋণ দিয়াছেন। মহিষাদ এলাকায় মোট চারটি বাসন ঢালাই ও বাসন তৈয়ারীর কারখানাকে মোট ২,২০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

(গ) গত বৎসর প্রায় ১,২০,০০০.০০ টাকা মূল্যের গেঞ্জী ও মোজা উৎপন্ন হইয়াছিল এবং ঐ বৎসরে প্রায় ৩,৫০,০০০.০০ টাকা মূল্যের বাসন তৈয়ারী হইয়াছিল।

Yarn and cloth dyeing factories in Tamluk subdivision, Midnapore

760. (Admitted question No. 2102.) **Shri Ananga Mohan Das:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলা তমলুক মহকুমায় কোন্ থানায় কয়টি সূতা ও কাপড় রং করার কারখানা আছে;

(খ) ঐ সকল রং কারখানাগুলিকে সরকার কিরূপ সাহায্য দান করেন; এবং

(গ) উক্ত কারখানাগুলি সরকার কর্তৃক অনুমোদিত কিনা?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক)

তাঁত শিল্প প্রকল্প—

মেদিনীপুর জেলার তমলুক মহকুমার দের থানায় সূতা ও কাপড় রং করার একটি কারখানা আছে।

গ্রামীন শিল্প প্রকল্প—

তমলুক গ্রামীণ শিল্প প্রকল্পের সঙ্গে যোগাযোগ সম্পন্ন মোট ৫টি সূতা ও কাপড় রং করার কারখানা সদর থানায় আছে।

খাদি শিল্প প্রকল্প—

(১) কামরদা খাদি ও গ্রামোদ্যোগ কেন্দ্র; পোঃ—কলাগাছিয়া (তমলুক), মেদিনীপর।

(২) ওসমানপুর খাদি ও গ্রামোদ্যোগ সঙ্ঘ, পোঃ—নরঘাট (নরঘাট) মেদিনীপর।

(৩) রাজেন্দ্র সর্বোদয় সমাজ, পোঃ—দগাপুর, (নন্দীগ্রাম) মেদিনীপুর।

(খ)

তাঁত শিল্প প্রকল্প—

এ কারখানা স্থাপনের উদ্দেশ্যে নিম্নলিখিত সরকারী সাহায্য দেওয়া হইয়াছে:—

(১) ১ম বৎসর—২,৫০০ টাকা ঋণ খাতে এবং ৪,৫০০ টাকা সাহায্য খাতে। মোট—৭,০০০ টাকা।

(২) ২য় বৎসর—১,৮৭৫ টাকা পরিচালন ব্যবস্থা বাবদ সাহায্য।

(৩) ৩য় বৎসর—১,২৫০ টাকা পরিচালন ব্যবস্থা বাবদ সাহায্য।

(৪) ৪র্থ বৎসর—৬২৫ টাকা পরিচালন ব্যবস্থা বাবদ সাহায্য।

গ্রামীণ শিল্প প্রকল্প—

সংস্থাগুলির আবশ্যকমত (১,০০০ টাকা থেকে ১০,০০০ টাকা পর্যন্ত) মূলধন ঋণ দেওয়া হয়। রং ক্রয়ে সাহায্য করা হয় এবং বিজ্ঞানসম্মত উপায়ে রং করা সম্পর্কে তথ্যাদি সরবরাহ করা হয়।

খাদি শিল্প প্রকল্প—

পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামোদ্যোগ পর্ষদ উপরোক্ত প্রত্যেক সংস্থাকে ১,০০০ টাকা করিয়া এককালীন অনুদান দিয়াছেন।

(গ) সূতা ও কাপড় রং কারখানা স্থাপনের জন্য সরকারী অনুমোদনের প্রয়োজন হয় না।

Khadi, Gur, Dhenki, etc., centres in Tamluk subdivision, Tamluk

761. (Admitted question No. 2107.) **Shri Ananga Mohan Das:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় কোন্ কোন্ থানায় কয়টি করিয়া (১) খাদি কেন্দ্র, (২) গুড় শিল্প, (৩) ঢেঁকি কেন্দ্র, (৪) ইট প্রস্তুত কেন্দ্র, (৫) টালি প্রস্তুত কেন্দ্র, (৬) সরিষা তৈল কেন্দ্র এবং (৭) সাবান প্রস্তুত কেন্দ্র রহিয়াছে;

(খ) 'ক' দফায় বর্ণিত কেন্দ্রগুলির মধ্যে কোন্ কোন্ কেন্দ্র সরকারের নিকট হইতে ৫,০০০ টাকা বা তদূর্ধ্ব অর্থ সরকারী অনুদান বা লোন হিসাবে পাইয়াছে; এবং

(গ) যে সকল কেন্দ্র সরকারের নিকট লোন লইয়াছে, তাহারা নিয়মিতভাবে শোধ করিতেছে কিনা?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) (১) একটি বিবরণী 'ক' উপস্থাপিত করা হইল।

(২) ৮২৭টি। কোন্ থানায় কয়টি, এই তথ্য সংগ্রহ করা হইতেছে।

(৩) নন্দীগ্রাম থানায় ৯টি, মহিষাদল থানায় ২টি, ময়না থানায় ৭টি, তমলুক থানায় ৩টি, সুতাহাটা থানায় ৩টি।

(৪) এবং (৫) ৭৯০টি। কোন্ থানায় কয়টি এই তথ্য সংগ্রহ করা হইতেছে।

(৬) নন্দীগ্রাম থানায় ৮টি; পাঁশকুড়া থানায় ১টি, সুতাহাটা থানায় ৪টি; তমলুক থানায় ৩টি; ময়না থানায় ২টি এবং মহিষাদল থানায় ২টি।

(৭) নন্দীগ্রাম থানায় ৫টি; তমলুক থানায় ১টি; মহিষাদল থানায় ১টি এবং সুতাহাটা থানায় ১টি।

(খ) 'ক' দফায় বর্ণিত কেন্দ্রগুলিকে সরকার হইতে কোন অনুদান বা লোন দেওয়া হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (Ka) (1) of unstarred question No. 761.

তমলুক মহকুমায় অবস্থিত খাদি কেন্দ্রগুলির নাম

(১) কামারদা খাদি ও গ্রামোদ্যোগ কেন্দ্র, পোঃ কলাগাছিয়া,

(২) রাজেন্দ্র সর্বোদয় সমাজ, পোঃ দুর্গাপুর,

(৩) ওসমানপুর খাদি ও গ্রামোদ্যোগ সঙ্ঘ, পোঃ মহিষাদল,

(৪) সুতাহাটা সর্বোদয় কেন্দ্র, পোঃ সুতাহাটা,

(৫) মহিষাদল থানা গ্রামোদ্যোগ সমিতি, পো: রাজারামপর,
(৬) ময়না খাদি সমবায় সমিতি, পো: দক্ষিণ ময়না,
(৭) অখণ্ডা চরকা সঙ্ঘ, পো: পরমানন্দপুর,
(৮) তাম্রলিপ্ত সেবাসমিতি, পো: তমলুক,
(৯) তেখালিবাজার খাদি কেন্দ্র, পো: তেখালিবাজার,
(১০) নৈনান খাদি ও ও গ্রামোদ্যোগ সঙ্ঘ, পো: ব্রজলালচক,
(১১) সর্বোদয় সেবা আশ্রম, পো: গোকুলনগর।

Board of Directors of N.B.S.T.C.

762. (Admitted question No. 2119.) **Shri Jiban Krishna Dey:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এন বি এস টি সি-র কোন পরিচালক বোর্ড আছে কিনা ;

(খ) পরিচালক বোর্ড থাকিলে, সদস্যদের নাম ও পদমর্যাদা ; এবং

(গ) বেসরকারী প্রতিনিধি কতজন, এবং কিসের ভিত্তিতে তারা মনোনীত ?

The Minister for Home (Transport):

(ক) হ্যাঁ, আছে।

(খ) পরিচালক বোর্ডের সদস্যদের নাম ও পদমর্যাদা নিম্নে দেওয়া হইল—

চেয়ারম্যান

(১) কমিশনার, জলপাইগুড়ি বিভাগ (পদাধিকারবলে)।

সভ্যবৃন্দ

(২) চিফ এক্সিকিউটিভ অফিসার, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন—পদাধিকারবলে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।

(৩) এডিসন্যাল ডেপটি কমিশনার, কোচবিহার—পদাধিকারবলে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।

(৪) এডিসনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, পশ্চিম দিনাজপুর—পদাধিকারবলে, পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।

(৫) ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অফ পুলিস, জলপাইগুড়ি রেঞ্জ—পদাধিকারবলে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।

(৬) শ্রীব্যোমকেশ চক্রবর্তী, এম এল সি, বালুরঘাট, পশ্চিম দিনাজপর—পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।

(৭) শ্রীজ্ঞানেন্দ্রমোহন মিশ্র, মালদা—পশ্চিমবঙ্গ সরারের প্রতিনিধি।

(৮) শ্রীসুধীরচন্দ্র নিয়োগী, সুনীতি রোড, কোচবিহার—পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনধি

(৯) শ্রীবীরেন্দ্রচন্দ্র ঘোষ, রায়কুট পাড়া, জলপাইগুড়ি—পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।

(১০) শ্রীএন বি গুরুঙ্গ, কালিম্পঙ—পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি।

(১১) ডেপুটি চিফ কমার্শিয়াল সুপারিণ্টেণ্ডেণ্ট, নর্থ ইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ে, পদাধিকারবলে বলে, কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি।

(গ) বেসরকারী সদস্য সংখ্যা ৫ জন। উত্তরবঙ্গের পাঁচটি জিলার প্রতিটি জেলা হইতে ১জন করিয়া তাঁহাদের যোগ্যতার ভিত্তিতে মনোনীত হইয়াছে।

Cottage industry loan in Burdwan district

763. (Admitted question No. 2281.) **Shri Bejoy Pal:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুটির শিল্প ও ব্যবসার জন্য বর্ধমান জেলার কতজনকে ঋণ দেওয়া হইয়াছে;

(খ) এক একজনকে কত টাকা করিয়া ঋণ দেওয়া হইয়াছে; এবং

(গ) তাঁহাদের নাম ও ঠিকানা কি?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক), (খ) এবং (গ) বঙ্গীয় শিল্প ঋণ আইন অনুসারে কুটিরশিল্পের জন্য ঋণ দেওয়া হয়। ঐ আইন ১৯৩১ সাল হইতে চালু হইয়াছে। ১৯৩১ সাল হইতে বর্তমান বৎসর পর্যন্ত প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা অত্যন্ত সময়সাপেক্ষ এবং কষ্টকর ব্যাপার। কাজেই কোন নির্দিষ্ট বৎসর বা সময়ের উল্লেখ না থাকিলে প্রয়োজনীয় উত্তর দেওয়া সম্ভবপর নয়।

Anchal Panchayats in 24-Parganas

764. (Admitted question No. 1380.) **Shri Ananta Kumar Baidya:**

গত ৯-৯-৬৪ তারিখে প্রদত্ত এ্যাডমিটেড ১৪৪০নং প্রশ্নের উত্তর উল্লেখ করিয়া পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত তথ্যসমূহ সংগৃহীত হইয়াছে কিনা; এবং

(খ) সংগৃহীত হইয়া থাকিলে তাহা কি?

The Minister of State for Panchayats:

(ক) হ্যাঁ।

(খ) উক্ত এ্যাডমিটেড প্রশ্ন নং ১৪৪০ ও সংগৃহীত তথ্যাসম্বলিত একটি বিবরণী লাইব্রেরীর টেবিলে রক্ষিত হইল।

Primary and Subsidiary Health Centres in blocks of Midnapore district

765. (Admitted question No. 1893.) **Shri Ananga Mohan Das:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লকে প্রাথমিক এবং কয়টি করিয়া সাব-হেলথ সেণ্টার আছে;

(খ) কোন্ কোন্ ব্লকে উক্ত হেলথ সেণ্টারগুলির নির্মাণকার্য চলিতেছে;

(গ) ঐগুলির কাজ কবে আরম্ভ হইবে; এবং

(ঘ) যে যে ব্লকে একটিও হেলথ সেণ্টার নাই সেসকল স্থানে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য ইতিমধ্যে কি কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Health:

(ক), (খ) ও (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইয়াছে।

(ঘ) ছয়টি উন্নয়ন ব্লকে (যথা মেদিনীপুর, গড়বেতা ৩নং, মোহনপুর, ময়না, মহিষাদল ১নং ও নন্দীগ্রাম ৩নং) কোন স্বাস্থ্যকেন্দ্র নাই।

এই সকল ব্লকে প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রের জন্য স্থান নির্বাচন ও অন্যান্য আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

Test Relief Schemes in Contai subdivision, Midnapore

766. (Admitted question No. 1987.) **Shri Balai Lal Das Mahapatra:**

ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত কাঁথি মহকুমায় গত ১৯৬২, ১৯৬৩ ও ১৯৬৪ সালে টেস্ট রিলিফের জন্য সরকার থানাওয়ারী কোন্ কোন্ স্কিম মঞ্জুর করিয়াছিলেন এবং ঐ সংশ্লিষ্ট স্কিম বাবত কত টাকা ব্যয় করিয়াছিলেন; এবং

(খ) উক্ত সময়ে থানাওয়ারী প্রতি মাসে কত ইউনিট হিসাবে খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছিল?

The Minister for Relief:

(ক) ও (খ) দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল। [বিবরণী 'ক' ও 'খ'।]

Distribution of G. R. in Kandi Municipal areas of Murshidabad district

767. (Admitted question No. 2054.) **Shri Shambhu Gopal Das:**

ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের কান্দি মিউনিসিপ্যালিটির এলাকায় গত ছয় মাসে মোট কত টাকা মূল্যের গ্রাচুইসাস রিলিফ (জি আর) বিলি করা হইয়াছে; এবং

(খ) রিলিফপ্রাপ্ত ব্যক্তিদের নাম কি?

The Minister for Relief:

(ক) ১১,৯৮৮ টাকা।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Agriculture Department will please make a statement on the effect of Mayapur Political Conference upon agriculture.

Shri Prafulla Chandra Sen: It will be made tomorrow.

Mr. Speaker: I have received three notices of calling attention to the following subjects:—

(1) appointment of surplus employees of the Board of Secondary Education in the Food Department, from Shri Sambhu Charan Ghosh and Shri Sunil Das Gupta;

(2) scarcity of rice and wheat at Malbazar from Shri Jiban Krishna Dey; and ...

(3) tense situation in Krishnagar Government College owing to intimidation of Professors, from Shri Kashi Kanta Maitra.

I have selected the notice of Shri Kashi Kanta Maitra on the subject of tense situation in Krishnagar Government College owing to intimidation of Professors. Hon'ble Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

Shri Sowrindra Mohan Misra: The statement will be made on Friday.

Sealing of Pakistan Border

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার অনুমতি নিয়ে মুখ্যমন্ত্রীর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কাগজে দেখলাম যে ভারত গভর্নমেন্ট ১লা এপ্রিল থেকে পাকিস্তানের বর্ডার সিল করে দিচ্ছেন যার ফলে আমরা আশঙ্কা করছি পূর্ব বাংলার যে সমস্ত উদ্বাস্তু ভাই-বোনেরা সেখানে নানারকম বিপদে পড়ে অনেক সময় চলে আসতে বাধ্য হত আজকে তাদের সে আসাটা বন্ধ করার জন্য এই নীতি গ্রহণ করা হয়েছে। আমি মনে করি পশ্চিমবঙ্গ সরকারের এ বিষয়ে যথেষ্ট উদ্বিগ্ন হবার কারণ আছে এবং তারা এবিষয়ে কেন্দ্রীয় সরকারকে লিখেছেন কি লিখেছেন সেটা জানতে চাই এবং আমরা আশা করি এরূপ করে বর্ডার সিল করা উচিত নয়।

Polling station for Corporation of Calcutta election

Dr. Kanai Lal Bhattacharya:

স্বায়ত্ব শাসন মন্ত্রী এখানে অসুস্থতার জন্য নেই বলে মুখ্যমন্ত্রীর দৃষ্টি একটা বিষয়ে আকর্ষণ করছি। আগামী রবিবার ক্যালকাটা কর্পোরেশন-এর নির্বাচন হবে সেখানে কন্সটিটিউএন্সী নং ৫৭এ পুলিং স্টেশন করা হয়েছে ঐ অঞ্চলের কংগ্রেস ক্যান্ডিডেট রামদুলাল ঘোষের বাড়ীতে এবং তার নম্বর হচ্ছে ডিহী এন্টালী রোড যদিও রামদুলাল ঘোষ ৬১নং দেব লেনে থাকেন, ঐ ৬১ নং দেব লেন এবং ১৭, দেহী এন্টালী রোড একই প্রেমিসের মধ্যে এবং তার এনট্রেন্স এক সেজন্য এটা সম্পর্কে মুখ্যমন্ত্রী দৃষ্টি দিন যাতে পোলিং স্টেসান চেঞ্জ হয়ে অন্য জায়গায় দেওয়া হয়, এবং এটা হলে ভাল হয়। আর একটা কথা বলবো, ওয়াটগঞ্জে, ৭৯, ৮৩, ৮৪ নং এ প্রায় ১৫ হাজার ভোটার তারা কাজ করেন পোর্টকমিশনারে, রবিবার তাদের ছুটি নেই যদিও গত জেনারেল ইলেকসান-এর সময় পোর্টকমিশনার একটা হলিডে ডিক্লেয়ার করেছিল এই রবিবার যদি তারা হলিডে ডিক্লিয়ার করে তাহলে ভোটার বা ভোট দেবার সুযোগ পায়। এদিকে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Kanai Pal:

মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যুগান্তরে প্রকাশিত অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা সংবাদ কৃষ্ণনগরে জল সরবরাহ বন্ধের আশঙ্কা শীর্ষক সংবাদের প্রতি। ওখানকার প্রধান জল সরবরাহের কেন্দ্র কাঁচড়াপাড়া যেটা ডিজেল ইঞ্জিনে চলে এবং সেখানে বৈদ্যুতিক ব্যবস্থা চালু হওয়া প্রয়োজন। এরজন্য তাঁরা সরকারের কাছ থেকে ১ লক্ষ টাকা চেয়েছেন এটা যদি অবিলম্বে না দেওয়া হয় এবং যদি বৈদ্যুতিকরণ না করা হয় তাহলে আগামী গরমের সময় সাংঘাতিক অবস্থার সৃষ্টি হবে। সুতরাং যাতে অবিলম্বে সরকার থেকে টাকা দেওয়া হয় এবং যাতে বৈদ্যুতিকরণ করা হয় সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Sunil Das Gupta:

কাগজে দেখলাম কুচবিহার সীমান্তে পাকিস্তানের গুলিবর্ষনের ব্যাপারে পাকিস্তান মোটামুটি গুলিবর্ষণ বন্ধ করতে রাজী হয়েছে। কিন্তু আজ যুগান্তর পত্রিকায় স্টপ গ্যাপ নিউজে দেখলাম গত রাত্রেও পাকিস্তান গুলিবর্ষণ বন্ধ করে নি। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই সত্যকারের সে এলাকায় শান্তি এসেছে কি না। আর একটা কথা হচ্ছে ভারতীয় নাগরিকদের মধ্যে ২০ হাজার লোক নিজেরা বাস্তুত্যাগ করে আশ্রয় কেন্দ্রে এসে উপস্থিত হয়েছে। আমরা শুনছি তারা অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে কেননা তাদের রিলিফের ব্যবস্থা খুবই অপর্য্যাপ্ত। আমি, মুখ্যমন্ত্রীর কাছ থেকে এটুকুন আশ্বাস চাই যে তাদের সুব্যবস্থা তিনি করবেন।

Shri Prafulla Chandra Sen:

সমস্ত সুব্যবস্থা করা হবে।

Shri Sailendra Nath Adhikary:

এ ব্যাপারে মুখ্যমন্ত্রী কি সিক্রেট সেসানে কোন ব্যাপার বলতে চান।

Shri Prafulla Chandra Sen:

এ ব্যাপারে আজকে সংবাদ নিয়ে কালকে বিবৃতি দেবো।

Fixing the time for guillotine in pursuance of rule 209(3) of the Assembly Procedure Rules

Mr. Speaker: Before I take up the grant I wish to inform the House that today is the last day for the Voting of Demands for Grants. There are as many as 22 Heads of Demands under which no fewer than 214 cut motions are still there for disposal. In conformity with the previous practice and in pursuance of Sub-Rule (3) of Rule 209 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I fix that the House will sit today up to 6 p.m. and I also fix that the guillotine will fall at 5 p.m. Immediately after 5 p.m. I shall put all outstanding questions to vote without any debate. I hope the members on both the sides will try to be as brief as possible in their speeches.

DEMANDS FOR GRANTS

Grant No. 29

Major Heads: 37-Community Development Projects, National Extension Service and Local Development Works, 109-Capital Outlay on Other Works-Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works.

Shri Smarajit Bandyopadhyay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,50,14,000 be granted for expenditure under Grant No. 29, Major Heads: "37-Community Development Projects, National Extension Service and Local Development Works, 109-Capital Outlay on Other Works-Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works".

[2-10—2-20 p.m.]

স্যার, আমাদের দেশের গ্রামের অবস্থা স্বাধীনতার পূর্বে কি ছিল এবং দীর্ঘ পরাধীনতার ফলে গ্রামগুলি ধ্বংশের চরম সীমায় উপনীত হয়েছিল, সেকথা আর নূতন করে বলবার দরকার নেই। উনবিংশ শতাব্দীতে ইউরোপে শিল্প বিপ্লব হওয়ার ফলে সেখানে দ্রুত শিল্পায়ন হওয়াতে তার ফল পরাধীন ভারতে আমরা অনুভব করতে পারিনি। ভারতবর্ষে যে কুটিরশিল্প ছিল সেগুলি ক্রমশঃ পরশাসনে ধ্বংসের মুখে পতিত হতে লাগলো এবং অন্যান্য দেশে কৃষি যে উন্নত স্তরে উন্নীত হতে লাগলো, বৈজ্ঞানিক কৃষি পদ্ধতি গ্রহণ করতে লাগলো, কিন্তু ভারতবর্ষ কৃষিতে তার সুযোগ পেল না. ঠিক এই অবস্থায় আমরা স্বাধীন হলাম। পরাধীনতার আমলে এই সব মুমূর্ষ গ্রামগুলিকে পুনরুজ্জীবিত করে পুনর্গঠন করার স্বপ্ন একদা মহাত্মা গান্ধী সেবাগ্রামে বসে দেখেছিলেন, কবি রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতনে বসে দেখেছেন। স্বাধীন ভারতে সেই গান্ধীজী ও রবীন্দ্রনাথের স্বপ্নকে রূপায়িত করবার জন্য জাতীয় সরকার নূতন

ভাবে কমিউনিটি ডেভেলপমেণ্ট কর্মসূচী গ্রহণ করলেন। এর ফলে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের এই কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রোজেক্ট—সমষ্টি উন্নয়নের যে কর্মসূচী এই উদ্দেশ্যে হচ্ছে এবং গ্রামের সর্বাঙ্গীন উন্নয়ন অর্থনৈতিক বা সামাজিক উপন্নয়ন শুধু নয় শিক্ষার দিক দিয়ে নৈতিক দিক দিয়ে মানবিক দিক দিয়ে সকল দিক দিয়ে উন্নয়নের প্রচেষ্টা এই কর্মসূচীর মধ্যে আমরা গ্রহণ করতে চাই। এই সমষ্টি উন্নয়নের যে সংস্থা তার প্রধান হচ্ছে ব্লক উন্নয়ন অধিকারী। তাঁর অধীনে একজন কৃষি সম্পর্কে বিশেষজ্ঞ অফিসার আছেন। তাঁকে এগ্রিকালচারাল এক্সটেনসান অফিসার বলা হয়। তিনি কৃষি উন্নয়নের বিষয়ে গ্রামবাসীদের জ্ঞান দেবেন, উপদেশ দেবেন এবং কৃষি উন্নয়নে সহায়তা দেবেন। তেমনি কুটিরশিল্প উন্নয়নের জন্য একজন ইণ্ডাস্ট্রিয়াল এক্সটেনসান অফিসার আছেন। যে অঞ্চলে যে কুটিরশিল্প উপযোগী সেই কুটিরশিল্পতে সাহায্য করবার জন্য পরামর্শ দেওয়ার জন্য একজন বিশেষজ্ঞ এক্সটেনসান অফিসার আছেন এবং সমবায়ের মাধ্যমে এই কুটিরশিল্প যাতে করা যায় এবং কৃষি ব্যাপারে ঋণ এবং অন্যান্য সুযোগ-সুবিধা যাতে দেওয়া সম্ভব হয় তার জন্য সমবায়ে একজন এক্সটেনসান অফিসার আছেন। তাছাড়া গ্রামের কৃষির পক্ষে অপরিহার্য গো জাতীর উন্নয়নের জন্য একজন এ্যাসিস্ট্যাণ্ট ভেটারিনারি সার্জন আছেন। এ ছাড়া পথে ঘাটে টিউবওয়েল সম্পর্কে দেখাশুনা করবার জন্য একজন ওভারসিয়ার আছেন। সমাজ শিক্ষার জন্য একজন সমাজ শিক্ষা সংগঠক আছেন এবং মহিলাদের মধ্যে শিক্ষা দেওয়ার জন্য এবং কল্যাণ মূলক কাজের জন্য গ্রামসেবিকা আছেন, যারা জনসাধারণকে এই ব্লকের সঙ্গে যোগাযোগ করাবেন এবং বিশেষ করে কৃষি বিষয়ে সহায়তা দেবেন। এই ভাবে সমস্ত দিক দিয়ে সমাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য এই প্রচেষ্টা চলেছে কর্মসূচীর মাধ্যমে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের এই বিভাগের কয়েকটি সিদ্ধান্তের কথা জানিয়ে দিতে চাই। গত বছর আমাদের যতগুলি প্রি-এক্সটেনসান ব্লক ছিল সেগুলিকে স্টেজ ১ ব্লকে পরিণত করেছি এবং এর ফলে আমাদের এই কমিউনিটি ডেভেলপমেণ্ট অর্গানিজেসন স্থায়ী হতে চলেছে এবং ৫৭টি ব্লকে যে ৩ হাজার ৫০০ জন কর্মচারী যারা অস্থায়ী কর্মী ছিলেন তাদের চাকরীর আমরা স্থায়ীত্ব দিয়েছি। আর একটি নূতন কর্মসূচী কমিউনিটি ডেভেলপমেণ্ট বিভাগে গ্রহণ করেছি, সেটা হচ্ছে রুরাল ওয়ার্কস প্রোগ্রাম। এটা আগে অন্য বিভাগ পরিচালনা করতেন। এখন কৃষি উন্নয়নের পক্ষে এবং গ্রামাঞ্চলে বেকারের কর্মসংস্থান হবে। এই কর্মসূচী অত্যন্ত প্রয়োজনীয় বলে কমিউনিটি ডেভেলপমেণ্ট এর হাতে এসেছে। এতে ভারত গভর্নমেণ্ট শতকরা ৫০ ভাগ ঋণ এবং ৫০ ভাগ গ্রাণ্ট- দেন। এছাড়া গ্রামাঞ্চলে মেয়েদের সমষ্টি উন্নয়নের কাজে বিশেষ করে নারী কল্যাণ মূলক কাজে আরো আগ্রহী করার জন্য গ্রামের যারা মহিলা কর্মী তাদের ট্রেনিং দেবার ব্যবস্থা করেছি এবং এদের এই অ্যাসোসিয়েট ওমেন ওয়ার্কারস কোর করার জন্য ১৪২ টি ট্রেনিং সেন্টারে মুখ্য-সেবিকারা গ্রামে ট্রেনিং শিক্ষা দিচ্ছে। বর্তমান বৎসরে আর একটি উল্লেখ-যোগ্য ঘটনা হচ্ছে এই ব্লক ডেভেলপমেণ্ট কর্মসূচীতে ব্লক লেভেল এবং জেলা লেভেলে পঞ্চায়েত প্রবর্তন। মাননীয় সদস্যগণ জানেন যে ব্লক স্তরে আঞ্চলিক পরিষদ হয়েছে এবং বিভাগ স্তরে জেলা পরিষদ হয়েছে এবং এখান থেকে আঞ্চলিক পরিষদের যারা সদস্য তারা এই ব্লক স্তরের উন্নয়নের কাজ প্রধানতঃ করতে থাকবেন। গত ২ বছরের মত এ বছর কমিউনিটি ডেভেলপমেণ্ট খাতে আমাদের কার্য প্রশংসনীয় হয়েছে বলে মনে করি। আমাদের ২২৪.৫০ লক্ষ টাকা যে বরাদ্দ ধরা ছিল রিভাইজড এষ্টিমেটে, আমরা খরচ করতে পেরেছি ২৩৪.৫০ লক্ষ টাকা। অর্থাৎ শতকরা ৯৬ ভাগের মতন আমরা খরচ করতে পেরেছি। আমি মনে করি এই গ্রামাঞ্চলের উন্নয়নের জন্য যে সমষ্টি উন্নয়ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে মুখ্যতঃ জন-সাধারণের সহযোগিতায় এই কাজ হবে। অনেকের ধারণা সরকারী কর্মচারীরা এই কাজ করবেন। তা নয়, এটা পিপলস প্রোগ্রাম উইথ গভর্নমেণ্ট পার্টিসিপেসন গ্রামবাসীদের সেলফ হেলপ, স্বাবলম্বী করে তোলাই হচ্ছে এর অন্যতম উদ্দেশ্য। এ বিষয়ে অনেক কাজে উন্নতি হয়েছে এবং কি কি কাজ হয়েছে সে সম্পর্কে আমি একটি বিবৃতি দিতে চাই। আমাদের এ যাবত ১ কোটি ৪ লক্ষ ৫৬ হাজার ৭৫৬ মণ সার গ্রামাঞ্চলে বিতরণ করা হয়েছে, ১২ লক্ষ ৭ হাজার ৫৫৬ মণ উন্নীত বীজ বিতরণ করা হয়েছে, কৃষি প্রদর্শন ক্ষেত্র করা হয়েছে ২ লক্ষ ৭৬ হাজার ৫৪৯টি. কম্পোস্ট পীট খনন করা হয়েছে ১১ লক্ষ

৬৬ হাজার ৭৬৩টি, উন্নত কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে ২৪ হাজার ১১৬টি, উন্নত পশু বিতরণ করা হয়েছ ৩ হাজার ১৯৩টি, উন্নত হাঁস-মুরগী বিতরণ করা হয়েছে ১ লক্ষ ৫৪ হাজার ১২০টি, তারপরে যেগুলি অকেজো সেগুলি কাসট্রেট করা হয়েছে ৫৩ হাজার ৭৩৮ এবং কৃত্রিম প্রজনন করা হয়েছে ৯৩ হাজার ৫১৫টি, জমি পুনরুদ্ধার করা হয়েছে ১ লক্ষ ৮২ হাজার ১ একর, গ্রামাঞ্চলে খাটা পাইখানা গঠন করা হচ্ছে ৪৩ হাজার ২৬৪টি, পানীয় জলের জন্য কূপ খনন করা হয়েছে ১৭ হাজার ৪১১ টি এবং কূপ সংস্কার করা হয়েছে ১১ হাজার ২৩৬টি।

তারপর ধূম্রহীন চুলা বিতরণ করা হয়েছে ৪,৯৫৫—তারপর বয়স্ক শিক্ষাকেন্দ্র খোলা হয়েছে ৭৮৭৭টি—তারপর বয়স্ক নিরক্ষরদের স্বাক্ষর করা হয়েছে ৩ লক্ষ ৪৪ হাজার ৫২৮ জনকে। লাইব্রেরী এবং পাঠাগার করা হয়েছে ৬,৫১৯, ইয়োথ ক্লাব করা হয়েছে ১০,৫৮৭ তারপর এগ্রিকালচার সংগঠন ১,৬০১, মহিলা সমিতি করা হয়েছে ৩,৫১০, নূতন কাঁচা রাস্তা করা হয়েছে ৫,৯২২ মাইল—কাঁচা রাস্তা সংস্কার করা হয়েছে ১৭,৯২৯—সমবায় সমিতি করা হয়েছে ১৭,০৯২ এবং এর মধ্যে হচ্ছে ৭,৫,১৪১৬ জন—আজ পর্যন্ত জনসাধারণ এই সমস্ত উন্নয়নমূলক কাজে ৫৪৪.৫৬ লক্ষ টাকা তারা দান করেছেন। অতএব দেখা যাচ্ছে জনসাধারণের সহযোগিতা এ বিষয়ে যথেষ্ট আছে—এ কয়টি কথা বলে আমি এই বরাদ্দটি উত্থাপন করছি আশা করি সদস্যগণ গ্রহণ করবেন।

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: All the cut motions are in order, and they are taken as moved.

The following cut motions were taken as moved:—

Shri Nikhil Das that the demand be reduced to Re. 1.
Shri Benoy Krishna Chowdhury that the demand be reduced to Re. 1.
Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced to Re. 1.
Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Re. 1.

Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Rs. 100.
Shri Monoranjan Hazra that the demand be reduced by Rs. 100.
Shri Aswini Roy that the demand be reduced by Rs. 100.
Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100.
Shri Nagen Dolai that the demand be reduced by Rs. 100.
Shri Narayandas Das that the demand be reduced by Rs. 100.
Shri Bhakti Bhusan Mandal that the demand be reduced by Rs. 100.
Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Rs. 100.
Shri Abhoy Pada Saha that the demand be reduced by Rs. 100.
Shri Kandru Majhi that the demand be reduced by Rs. 100.
Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Rs, 100.

Dr. Golam Yazdani:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের সামনে যে ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রীমহাশয় উপস্থাপিত করলেন আমি তার বিরোধিতা করছি। কেন করছি—তা আমি আমার বক্তৃতার মাধ্যমে সেই সব বলবো। প্রথমে আমি উল্লেখ করতে চাই যে আমাদের যে লাল বইটা দেওয়া হয়েছে—এতে ১০৯ হেডে ক্যাপিট্যাল আউটলে অন আদার ওয়ার্কস তাতে আমরা দেখছি যে ডেভেলপমেণ্ট স্কীমে আজ পর্যন্ত যা খরচ হয়েছে তার চেয়ে এবারকার বাজেটে কম টাকা ধরা হয়েছে। এখানে

আমি বলতে চাই মন্ত্রী মহাশয় বললেন যে আমাদের সি. ডি. পি. গুলির উদ্দেশ্য গ্রামের সর্বাঙ্গীন উন্নয়ন সামাজিক এবং অর্থনীতির। এই সমস্ত নীতির কথাগুলি আমি সি. ডি. পি.র যে সমস্ত পুস্তক রয়েছে তার মারফৎ নিশ্চয়ই জানি। কিন্তু সি. ডি. পি.র যে উদ্দেশ্য যে গ্রাম্যজীবনের, গ্রাম্য সমাজের সর্বাঙ্গীন উন্নতি করা—সমাজ জীবন চেতনা জাগাতে হবে—এবং আত্ম নির্ভরতার উন্নতি করতে হবে—এই সমস্ত কথাগুলি অত্যন্ত ভাল—কিন্তু এর পরিপ্রেক্ষিতে যদি আমরা সি. ডি. পি.-র বিচার করি—তাহলে হতাশ হয়ে দেখি যে এই সমস্ত কাজগুলির কিছুই হয়নি—এবং এই সমস্ত নীতি ব্যর্থ হয়েছে—কেন হয়েছে সেই কথাগুলিই বলবো। এই প্রোগ্রামের কথা যখন বলা হয়েছে—তখন একটা কথা বলা হয়েছে যে

"It is worth noting that the present Community Development Programme, which envisages a broadly similar working pattern in the whole country aims at all sided development of rural life through its own administrative machinery backed by Government financial and technical assistance, but drawing heavily on peoples' co-operation and participation on an aided self-help basis."

এই রিপোর্টটা আমি পড়ছি কমিউনিটি ডেভেলপমেণ্ট অ্যাণ্ড ইকনোমিক ডেভেলপমেণ্ট থেকে। এখানে পিপ্‌লস পার্টিসিপেসনের উপর এই সি. ডি. পি.-র প্রোগ্রামকে অত্যন্ত গুরুত্ব দেওয়া হয়েছে। মিঃ স্পীকার স্যার, আমি এখানে বলতে চাই যে এই পিপ্‌লস পার্টিসিপেসন যেটার উপর জোর দেওয়া হয়েছে—তা কতটুকু সফল হয়েছে। আমরা যখন এটা বিচার করির তখন দেখতে পাই যে এটা ব্যর্থ হয়ে গেছে। কারণ সি. ডিসি-র যে সমস্ত প্রোগ্রামের দিকে যখন আমরা দেখি তখন দেখি যে এগুলিতে এতো বেশী ত্রুটি রয়েছে যার জন্য জনসাধারণের সহযোগিতা পাওয়া যেতে পারে না। সেই ত্রুটিগুলিব কথা আমি এখানে বলছি। প্রথমে ব্লক বাজেটে কি আছে—ব্লক বাজেটে দেওয়া আছে যে স্টেজ ওয়ান যে ব্লক হবে তাতে ১২ লক্ষ টাকা বরাদ্দ আছে ৫ বছরের জন্য—এই ১২ লক্ষ টাকার ৪ লক্ষ ১৫ হাজার হল ষ্টাব্লিসমেণ্টের জন্য। এবং লোন হিসাবে দেওয়া হয়েছে ৪ লক্ষ টাকা এবং বাকী ডেভেলপমেণ্টের জন্য ৩ লক্ষ ৮ হাজার টাকা। এখানে ঐ সাবসিডি কথাটায় অনেক কারচুপি আছে—ঐ সাবসিডি হচ্ছে কখন—লোনটা যখন পরিশোধ হয়ে যাচ্ছে তখন সেটা সাবসিডি হিসাবে ধরা হয়—কিন্তু প্রথমে তো লোন দিতে হবে—কাজেই এটা একটা কথার মারপ্যাঁচ। যখন সমস্ত লোন শোধ হয়ে ১০।২০ টাকা বাকী থাকবে তখন গভর্নমেণ্ট বলবে ওটা নেবো না—ওটা সাবসিডি হিসাবে ধরা হয়েছে—তাহলে আমরা দেখতে পাচ্ছি যে ১২ লক্ষ টাকার মধ্যে ৪ লক্ষ টাকা লোন, এবং স্টেজ প্লানগুলি ধরা হয়েছে—বেশীর ভাগ প্ল্যানগুলিকে লোন হিসাবে ধরা হয়েছে এবং এই লোনের হারটা হোল কোন জায়গায় ওয়ান থার্ড কোন জায়গায় চার আবার পাঁচ ভাগ—এই রকম করে আছে। আমি একটা প্রোগ্রামের কথা বলছি যেমন ইরিগেসন স্কীমস কিংবা স্কুল স্কীম বা টিউবওয়েলস—তাতে আমরা দেখি যে ইরিগেসন-এগ্রিকালচারাল স্কীম এতে সাড়ে চার সাড়ে পাঁচ—এই রকমভাবে ধরা হয়েছে। অর্থাৎ ১০ হাজার টাকার যদি স্কীম হয় তাহলে জনসাধারণকে সাড়ে পাঁচ হাজার টাকা দিতে হবে—তারপর গভর্নমেণ্ট সাড়ে চার হাজার টাকা দেবে এবং এই টাকা অনেক জায়গায় জনসাধারণ দিতে পারে না। কাজেই যে স্কীমই করা হোক না কেন আমরা দেখি যে জনসাধারণ সাড়ে পাঁচ হাজার টাকা দিতে পারে না বলে স্কীম হয় না—অবশ্য দু একটা জায়গায় হতে পারে—কিন্তু বেশীরভাগ জায়গায় হয়নি। স্কুলগুলিতে যেখানে ৩ হাজার টাকা খরচ হবে সেখানে জনসাধারণকে ১ হাজার টাকা দিতে হবে। স্কুলগুলি জনসাধারণ করেছেন নিজেদের মধ্যে চাঁদা আদায় করে এবং পরিশ্রম করে আবার গভর্নমেণ্টের কাছ থেকে যখন গ্রাণ্ট নেবেন তখন এমনভাবে করে রেখেছেন যে তাদের নিজেদেরকে প্রথমে কাজ করতে হবে টাকা দিয়ে তারপর দেখাতে হবে যে এতটা কাজ করেছি, তারপর গভর্নমেণ্ট টাকা দেবেন। এতে এতো বেশী অসুবিধা যে এই সমস্ত গ্রাণ্টের সুবিধা কেউ নিতে পারে না। তারপর অনেক সময় দেখি যে কোন একটা স্কীম গ্রাণ্ট হলে যখন দেখা যাচ্ছে যে লোকে সামান্য টাকা দিতে পাচ্ছে না তখন পঞ্চায়েত থেকে টাকা দেওয়া হয় আমি এ সম্বন্ধে

ইভ্যালুয়েসন রিপোর্টের একটা বক্তব্য এখানে পড়ে দিতে চাই। তারা বলছেন পাবলিক কনট্রিবিসন কি করে হচ্ছে। ইভ্যালুয়েসন রিপোর্টের ৮৮ পাতায় আছে

"The way in which these contributions have been obtained and the method used for their evaluation do not necessarily reflect a comparable upsurge among the people for participation in development projects

এবং বলেছেন

'In many' cases, the contributions were actually obtained from the funds of the Panchayats."

পঞ্চায়েৎ ফাণ্ড থেকে দিতে হয় অনেক সময়। অর্থাৎ দেখা যাচ্ছে যে জনসাধারণ এই সমস্ত টাকা দিতে পারে না—যার ফলে এই সমস্ত ডেভেলপমেণ্ট প্রোগ্রামগুলি হয় না। জনসাধরণ দেখছে যে গভর্নমেণ্ট বলছেন যে আমরা বিভিন্ন ডেভেলপমেণ্ট প্ল্যান করছি—জনসাধারণ উল্লসিত হয়ে উঠছে যে হয়তো হতে পারে—কিন্তু যখন তাদের কাছে চাওয়া হচ্ছে যে তোমাদের টাকা দিতে হবে, এই শুনে তারা ফ্রাস্ট্রেটেড হয়ে যাচ্ছে, তাদের বিতৃষ্ণা জন্মে যাচ্ছে এই সি. ডি. পি. প্রোগ্রাম সম্বন্ধে যে এতে আমাদের কোন রকম উপকার হতে পারে না তারপর সার বীজ ইত্যাদি ঠিক সময় মত তারা পায় না—ব্লক অফিস রয়েছে অথচ যখন তাদের সত্যিকারের দরকার তখন তারা সেই সমস্ত দেন না। তারপর আমরা আরও দেখছি যে যে সমস্ত ব্লক এরিয়ায় যতগুলি হয়তো টিউবওয়েল করা হয়েছে অনেক টিউবওয়েল একেবারে ডেরিলিক্ট হয়ে আছে কাজ করে না—অথচ সেগুলি মেরামত করার কোন রকম ব্যবস্থা নেই—যদিও এখানে থিওরিটিক্যালি বলা হয় যে অনেক রকম ব্যবস্থা আছে—কিন্তু যদি সরজমিনে দেখেন তাহলে দেখবেন যে এই সমস্ত টিউবওয়েলগুলি মেরামত হয় না—যার ফলে জনসাধারণের এই প্রোগ্রামগুলির প্রতি শ্রদ্ধা থাকছে না। আবার টিউবওয়েলগুলি যদি কোথায়ও রিসিঙ্ক করতে হয় তাহলে জনসাধারণকে টাকা দিতে হয়—কিন্তু সেই টাকা জনসাধারণ দিতে পারে না সেইজন্য নানা রকম হিসাবের কারচুপী হয় এবং ওদের শিখিয়ে দেয় যে কি রকমভাবে কারচুপি করে ঐ টাকাগুলি হিসাবের দিক থেকে মিলিয়ে দিতে হবে।

[2-30—2-40 p.m.]

এখন গভর্নমেণ্ট থেকে কিছু টিউবওয়েল দেওয়া হয় গভর্নমেণ্ট স্পনসর্ড টিউবওয়েল অর্থাৎ গ্রামের লোককে আগে টাকা দিয়ে টিউবওয়েল করে দিতে হবে তারপর গভর্নমেণ্ট সেই টাকা দিয়ে দেবেন। যে সমস্ত গ্রামের লোকেরা একটু অবস্থাপন্ন যারা টাকা দিতে পারে তারা এই সমস্ত টিউবওয়েলগুলি নিয়ে নিল, কিন্তু সত্যিকারে যেখানে জলের অভাব যারা গরীব টাকা দিতে পারে না তারা এই সমস্ত প্ল্যানের সুযোগ নিতে পারে না। তাই আজকে মফঃস্বলের জনসাধারণ দেখে যারা হয়ত কিছু টাকা দিতে পারে তাদের ওখানে কিছু কাজ হচ্ছে, আর যারা সেই টাকা দিতে পারে না তাদের ওখানে কিছু কাজ হয় না। সুতরাং তারা কি করে শ্রদ্ধা পোষণ করবে গভর্নমেণ্টের এই সমস্ত ডেভেলপমেণ্ট প্ল্যানের প্রতি? তারপর ব্লক ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টের যেভাবে কাজ হয় দিনের পর দিন সেই সমস্ত দেখে তারা বিতশ্রদ্ধ হয়ে যাচ্ছে। সেখানে দেখা যাচ্ছে কোন এলাকায় কাজ হচ্ছে কোন এলাকায় কাজ হচ্ছে না। কংগ্রেসী এবং অকংগ্রেসী এলাকার মধ্যে একটা ডিসক্রিমিনেসান আমরা লক্ষ্য করছি। কংগ্রেসী এলাকায় হয়ত কিছু হচ্ছে কিন্তু অকংগ্রেসী এলাকায় কিছুই হচ্ছে না। কি যে গোপন নির্দেশ উপর থেকে যাচ্ছে আমরা জানি না। অকংগ্রেসী এলাকায় যেখানে যেটুকু সুযোগ আছে সেই সুযোগ সেখানে তাঁরা দিতে চান না। তারপর নির্বাচনের সময় আমরা দেখি বি. ডি. ও. এবং অন্যান্য যারা বড় স্টাফ রয়েছেন তাঁরা ইলেকসান ক্যামপেনে যান। বি. ডি.ও. হেড কোয়ার্টারে আছেন, তাঁর এ্যাকটিভিটি কি? এই এ্যাকটিভিটি দেখছি যে বি ডি ও দলীয় স্বার্থে রাজনীতি যারা করেন তাঁদের সঙ্গে কংগ্রেসীদের সঙ্গে সংযুক্ত রয়েছেন। গ্রামের জনসাধারণ দেখছে এই সমস্ত বি. ডি. ও. অফিস কংগ্রেসের প্রপাগাণ্ডা করার একটা ঘাঁটি

মাত্র। কিছু কিছু কাজ করছেন এই বলে তারা জনসাধারণের কাছে ধোঁকা দেন, কিন্তু আসলে গভর্নমেণ্টের নির্বাচনের জন্য তাঁরা ভোটের ব্যবস্থা করেন। কাজেই গ্রামের লোক এই সমস্ত দেখছে, দেখে ভাবছে কার সঙ্গে সহযোগিতা করবে। আজকে যে কথার উপর জোর দেওয়া হচ্ছে সেটা হচ্ছে লিনিং হেভিলি অন পিপ্‌লস কো-অপারেসন। কিন্তু এই পিপলস কো-অপারেসান আসছে না। তারপর ব্লক এরিয়ায় যে সমস্ত কাজ হচ্ছে কাজ হয়ত খানিকটা হতে পারে, কেন না আমরা দেখছি থার্ড ফাইভ ইয়ার প্ল্যান মিডটাম এ্যাপ্রাইজ্যাল যেখানে আছে, সেখানে রুরাল ওয়ার্কের প্রোগ্রামের সম্বন্ধে আছে, যেমন মুখ্য মন্ত্রী মহাশয় উল্লেখ করলেন, তেমনি আমি বলব

The Third Five-Year Plan provides for rural work programme, for expansion of employment opportunities and forfuller utilisation of manpower and resources,

এই সমস্ত কাজগুলি তো হচ্ছে না। এই রুরাল ওয়ার্ক প্রোগ্রাম হয়ত কিছু কাজ হতে পারে কিন্তু হচ্ছে না। কেন হচ্ছে না সেটা আমরা জানতে চাই মন্ত্রী মহাশয়ের কাছে। আমি বলতে পারি আমার এলাকা থেকে ২ বছর যাবৎ আমরা কত রকমের স্কীম দিয়েছি, কিন্তু কোন স্কীম কার্যকরী হয়নি সেগুলি হয়েছে কংগ্রেসী এলাকায়। এই অভিযোগ আমি করছি। আমি দেখেছি ব্লক অফিস মাথাভারী, সুপারফ্লুয়াস স্টাফ। সোসাল এডুকেশান অফিসার কিছু কিছু রয়েছেন, এস, আই. অব স্কুলস রয়েছেন। মুখ্য সেবিকা রয়েছেন, এর কি প্রয়োজন? যিনি বি. ডি. ও. তিনি এই সমস্ত কাজ করতে পারেন। আর একটা নতুন সার্কুলারের কথা জানি যেটা ডেভেলপমেণ্ট কমিশনারের অফিস থেকে ইস্যু হয়েছে সেটা হচ্ছে

All the B.D.O. Officers will pay hundred per cent. attention to agricultural work only.

এই কথা বলা হয়েছে অর্থাৎ বি. ডি. ও.কে অঞ্চল পঞ্চায়েত কিংবা আঞ্চলিক পরিষদ-এর উপর যে সমস্ত কাজ দেওয়া হয়েছে সেই সমস্ত কাজ করতে হবে না তাঁর উপর ভার দেওয়া হচ্ছে

Give your hundred per cent. attention to agricultural work only.

আমার জিজ্ঞাস্য সেখানে এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার রয়েছেন এবং অন্যান্য টেকনিক্যাল লোক আছেন, তাঁরা কি যোগ্য বলে বিবেচিত হলেন না, তাঁরা কি এগ্রিকালচারের উপযুক্ত নন? এইভাবে যদি ডিসলোকেসান করা হয় তাহলে আইন পাশ করে কি হবে, এই সমস্ত আইন সংশোধন না করে এই রকম সার্কুলার দেওয়ার অর্থ কি হতে পারে? তারপর ব্লকগুলি স্টেজ ২ পর কি হবে আমরা জানি না, সেই সমস্ত কথা বলা হয় নি। তাই আজকে দেখি ব্লকের মধ্য দিয়ে কাজ হচ্ছে না। তাই আজকে এই ব্যয়বরাদ্দের আমি বিরোধিতা করছি।

Shri Sunil Basunia:

মাননীয় স্পীকার মহাশয়, আজ বিভাগীয় মন্ত্রিমহাশয় আমাদের সামনে যে ব্যয় বরাদ্দ উপস্থিত করলেন আমি তার বিরোধিতা করছি। এই যে ডেভেলপমেণ্ট কমিটি এবং বি. ডি. ও. সাহেবরা এবং তাদের অফিসাররা ও কর্মচারীরা আছেন আমরা জানি বা আমরা যা দেখে এসেছি, তাতে আমার মনে হয় দেশের গ্রামের সাধারণ চাষীদের সঙ্গে কৃষকদের সঙ্গে তাঁদের কোন সম্পর্ক নাই। শুধু বি. ডি. ও. সাহেবরা ঐ জীপ হাঁকিয়ে চলছেন। আর কিছু তাদের দ্বারা হচ্ছে না। কতকগুলি সরকারী টাকার এতে অপচয় হচ্ছে। গ্রাম সেবকদের মাঝে মাঝে দেখা যায় বটে, কিন্তু তাদের সঙ্গে গ্রামের মানুষের কোন যোগাযোগ নাই। আমি একটা ঘটনা এখানে রাখছি। গত কার্তিক মাসে আমরা দেখলাম আমার কনস্টিটিউয়েন্সীর মধ্যে আচড়া গ্রামে কুচবিহারের দক্ষিণে, সেখানে যে চালের ডীলার ছিল, তার বাড়ী থেকে রাত্রে ২৪ মণ গম বাইরে যখন যাচ্ছিল, তখন সেটা গ্রামের মানুষ ধরলো। সামনেই পঞ্চায়েতের বাড়ী ছিল। তিনি সেগুলি তাঁর বাড়ী নিয়ে গেলেন। সেখানে পুলিসের লোক আসলেন। শেষ পর্যন্ত দেখলাম সেটা ফয়সালা

হয়ে গেছে। গ্রামসেবকমশায় ডিলারের কাছ থেকে টাকা নিয়ে একটা সাইকেল কিনে ফেললেন। তাই দেখা যায় একদিকে ডেভেলপ করা হচ্ছে কোন দিকে? না, কংগ্রেসের তাড়াতাড়ি কাজ করবার সুযোগ হয়েছে এবং তাড়াতাড়ি ওদের কথাটা অন্ততঃ গ্রামের মানুষের কাছে পৌঁছে দিতে পারে। তুমি ফরওয়ার্ড ব্লককে ভোট দিয়েছে কাজেই তোমাকে আর জি. আর. দেওয়া হবে না। মাঝে মাঝে তাদের কাছ থেকে বীজ পাওয়া যায়। তবে যে সময় যে বীজ দরকার তা পাওয়া যায় না। যখন আমরা ধানের বীজ দরকার, তখন আসে আউশ ধানের বীজ। আর যখন আউশ ধানের পালা, তখন আসছে আমন ধানের বীজ। এই তো তাদের ব্যবস্থা। কাজেই এই ব্যয় বরাদ্দকে আমরা কিছুতেই মেনে নিতে পারি না। আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Girija Bhusan Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে কম্যুনিটি ডেভেলপমেণ্ট বিষয় মন্ত্রা মহাশয় যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন, আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি এজন্য যে কম্যুনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। কমুনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্টের যে মল কথা ছিল, সেই মূল কথাটা হচ্ছে যে গ্রামে কৃষক সমাজের অর্থনৈতিক উন্নতি এবং কৃষক সমাজের সহযোগিতায় সমস্ত গ্রামীন সমাজের উন্নতি। কিন্তু আমরা যদি দেখি তার কয়েক বছরের ঘটনা বিশ্লেষণ করে তাহলে আমরা দেখবো যে গ্রামে কমুনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট মারফৎ গ্রামের কৃষক সমস্যা তাঁরা স্পর্শ পর্যন্ত করতে পারেন নি, তবে এই কমুনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট মারফৎ তাঁরা কিছু কিছু চটকদারী কাজ করবার চেষ্টা করেছেন। হয়ত তা দিয়ে সাধাণ মানুষের ইমেজিনেসন তাঁরা ক্যাপচার করতে চেষ্টা করেছেন। তাঁরা কিছু ইউথ অরগানাইজেসন করেছেন, লাইব্রেরী করেছেন ক্লাব করেছেন। কিন্তু মূল যে সমস্যা তার আদৌ সমাধান করতে পারেন নাই। শুধু তাই নয়—বলবন্তরাও মেহতা কমিটি এ সম্বন্ধে ১৯৬২ সালে যে রিপোর্ট পাবলিশড হয়েছে—এ সম্পর্কে তাতে বলেছেন। আমরা ১৯৬২ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত কমুনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট বিষয়ে সরকারের দৃষ্টিভঙ্গীর যে পরিবর্তন হয়েছে, সে পরিবর্তন পর্যন্ত লক্ষ্য করতে পারছি না।

[2-40—2-50 p.m.]

সেই কারণে আমি কমিউনিটি ডেভেলপমেণ্ট-এর উপর যে ব্যয় বরাদ্দের দাবী করেছেন তার বিরোধিতা করছি। এবারে আমি বলব এই কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট সত্যিকার গ্রামে কি করেছে। গ্রামে সরকারের টাকা যেটা যাচ্ছে সেটা কতগুলি স্বার্থবাদী লোকের হাতে চলে যাচ্ছে এবং গ্রামের উন্নয়ন পরিকল্পনা সম্বন্ধে কৃষক সমাজ কিছু জানতে পারছে না বা সেটা জানাবার ব্যবস্থাও নেই। এর ফলে এগুলি গ্রামের কতিপয় লোকের হাতে চলে যাচ্ছে এবং তারা নিজেদের সুবিধার অনুকূলে এগুলি কার্যকরী করবার চেষ্টা করছে। আমি বলতে পারি গ্রামে যে ঋণ দেওয়া হয়, গোয়ালঘর তৈরী করবার জন্য যে ঋণ দেওয়া হয়, সারের জন্য যে ঋণ দেওয়া হয়, এবং যে সমস্ত ডিমনেস্ট্রেসন সেণ্টার করা হয় সে সম্বন্ধে যদি অনুসন্ধান করেন তাহলে দেখবেন সবটাই একটা গোষ্ঠীর মধ্যে থেকে যায়। ডিমনেস্ট্রেসন সেণ্টার-এর জন্য যে টাকা বরাদ্দ করা হয় সেটা তারা আত্মসাত করেন এবং উৎপন্ন পণ্য যেটা রিবেট দিয়ে বিক্রি হয় সেটাও তাঁরা নিজেরা খরিদ করেন। সরকারের বরাদ্দ টাকা এই যে কয়েকজনের হস্তগত হয়ে যায় এর ফলে আমরা কি দেখছি? আমরা দেখছি সাধারণ কৃষকের পার্টিসিপেসন যেটা আমাদের মূল নীতি সেই পার্টিসিপেসন আমরা এর মধ্যে পাই না, কারণ কিছু স্বার্থান্বেসী লোকের কোটারীর মধ্যে এটা থেকে যায়। আমার তৃতীয় বক্তব্য হচ্ছে বিভিন্ন রকম লোন যেটা দেওয়া হয়—অর্থাৎ ক্যাটেল পার্চেজ লোন বা অন্যান্য লোন যেটা দেওয়া হয় সেটা সত্যিকারের কৃষক সমাজের কাজে লাগে না, প্রয়োজন মত দেওয়া হয় না এবং যেটা দেওয়া হয় সেটা প্রয়োজনের পর দেওয়া হয়। এর ফলে আমরা দেখছি লোন দেবার উদ্দেশ্য ব্যর্থ হয় এবং কৃষকের উন্নতি হয় না। কাজেই মূল নীতিগত দিক থেকে আমরা দেখছি কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট ইজ এ ফেইলইওর। শুধু তাই নয়, এই কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট সম্বন্ধে বলবন্তরাও মেটা কমিটি যেকথা বলেছিলেন সরকার তাতে তাঁদের দৃষ্টিভঙ্গী পরিবর্তন করেননি।

মানে ডিমনেস্ট্রেসন সেণ্টার যেটা রয়েছে সেখানে দেখবেন জলাজমিতে "আদর্শ কৃষি" একথা খে একটা সাইনবোর্ড ঝুলিয়ে রাখা হয়েছে এবং যদি দেখেন তাহলে এরকম শয়ে, শয়ে ইনবোর্ড দেখতে পাবেন। কাজেই দেখা যাচ্ছে, এই কমিউনিটি ডেভেলপমেণ্ট'-এর ধ্যমে দেশের উন্নতির কোন সম্ভাবনা নেই; এটা ফেইলইওর এবং সেইজন্যই আমি এর রোধিতা করছি।

Shri Abhoy Pada Saha:

মাননীয় স্পীকার মহাশয়, সমষ্টি উন্নয়ন পরিকল্পনার ব্যয় বরাদ্দ প্রসঙ্গে মন্ত্রীমহাশয় যে চিত্র ই সভায় রাখলেন সেটা আদৌ সত্য কিনা তা যাচাই করবার উপায় এখন আর নেই। তবে াননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে এটা বলতে পারি এই হাউসের কয়েকজন নিরপেক্ষ সদস্যকে দিয়ে যদি একটা ব্লক বা সমষ্টি উন্নয়ন সংস্থার কার্যাবলী পরিদর্শন করান যায় তাহলে দেখা যাবে মন্ত্রীমহাশয় যে চিত্র এখানে বর্ণনা করলেন সেটা সত্য নয়। অবশ্য কিছু কিছু যে কাজ হয়নি তা নয়, তবে কাগজ কলমে এগুলিকে বড় করে দেখান হয়েছে এবং বেশীরভাগ অপচয় হয়েছে। উনি বললেন এত মণ বীজ দেওয়া হয়েছে। কিন্তু আমরা দেখছি তার দ্বারা কৃষকের কোন উপকার না হয়ে অন্য কতগুলি লোকের উপকার হয়েছে। শুধু তাই নয়, সেগুলি জমিতে বোনা হয়নি, পেটে চলে গেছে এবং কতগুলি বিক্রি করে কতগুলি লোক উপকৃত হয়েছে।

লাইব্রেরী সম্বন্ধে উনি বলেছেন, কিছু কিছু আগে থেকে ছিল, সেগুলির উন্নতি করার কোন ব্যবস্থা হয়নি, নূতন করে সাজান হচ্ছে, এবং এই লাইব্রেরীর ষ্টেজ ওয়ান পার হয়ে যাবার পর দেখা যাচ্ছে লাইব্রেরীতে বই পত্র নাই, সেই জায়গা নাই, কেবল কতকগুলি দালাল সৃষ্টি করা হচ্ছে এবং এই দালালরা যে সব টাকা সরকার থেকে মঞ্জুর করা হয় সেই টাকাগুলি সরকারী কর্মচারীরা এবং এই দালালরা মিলে মেরে দেবার ব্যবস্থা করছে। এই ভাবেই সমষ্টি উন্নয়ন পরিকল্পনায় ব্যবস্থা হচ্ছে এবং পল্লীগ্রামে প্রাণ সঞ্চার করার ব্যবস্থা হচ্ছে। (জনৈক সদস্য:—বা: বা:) তাহলে মনে হচ্ছে আপনাকে বেশী ভাগ দিয়েছে। সরকারের নীতি হচ্ছে সার গাদা তৈরী করা, ১০০ টাকা করে এক একটা মেনিওর পিট তৈরী হচ্ছে বিভিন্ন দালালরা বিভিন্ন নাম নিয়ে সেই টাকা নিয়ে নিচ্ছে, কিন্তু কোন পাকা সার গাদা তৈরী হয়নি, এইভাবে টাকার অপচয় হচ্ছে। তারপর তিনি বলেছেন কিছু কিছু টিউবওয়েলের ব্যবস্থা হয়েছে, কিন্তু সমষ্টি পরিকল্পনায় কোন টিউবওয়েল খারাপ হলে তা মেরামত করার ব্যবস্থা নাই। ওয়াটার সাপ্লাই মেকানিক আছে কিন্তু টিউবওয়েল সারে না, অকেজো হয়ে পড়ে থাকে। তারপী সমষ্টি উন্নয়ন পরিকল্পনা তে সোশাল এডুকেসন অরগানাইজার যিনি আছেন তাঁর কাজ হচ্ছে গ্রামে গ্রামে কিছু পাঠাগার তৈরী করা, কিছু দল তৈরী করা, সেসব ব্যবস্থা ছু হয় না শুধু গ্রামে গ্রামে দল তৈরী করেন এবং চেষ্টা করেন কি করে সরকারের বরাদ্দ কা ভাগ বণ্টন করে নিয়ে যাবেন। এইভাবে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার দৌলতে গ্রামে ামে প্রাণ সঞ্চার করার পরিবর্তে লোকের মনে বিরাট হতাশার সৃষ্টি হয়েছে এবং তারা মনে রে এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনায় তাদের বিন্দুমাত্র উপকার পাবার সম্ভাবনা নাই বরং তাদের পকার হওয়ার সম্ভাবনা আছে। কারণ এই সমষ্টিউন্নয়ন পরিকল্পনার দৌলতে যেসব সরকারী র্মচারী থাকে এবং যেসব দালাল থাকে তাদের বিশেষ যোগ সাজসে নানা রকম দলের ষ্টি হয় এবং তাহারা জনসাধারণের নানা রকমভাবে উৎপীড়িত হতে হয়। সেজন্য মন্ত্রী মহাশয়ের দি প্রকৃত উদ্দেশ্য থাকে পল্লী গ্রামের উন্নয়ন করা তাহলে আমি বলবো পরিস্কার করে এই বিভাগকে নূতন করে ঢেলে সাজান এবং সমাজ দরদী যারা সমাজকে ভাল করতে চায় সেই সব লোককে বেছে বেছে এই কাজে নিয়োগ করুন। যাঁরা প্রকৃত লোক সমাজকে তৈরী করবে তাদেরকে কৃষকশ্রেণী থেকে মজদুর শ্রেণী থেকে নিয়োগ করতে পারেন এবং সেই ভাবে পরিকল্পনা করে আমাদের সমাজ উন্নয়নের ব্যবস্থা করতে হবে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তার আমি বিরোধিতা

[2-50—3 p.m.]

Shri Kandru Majhi:

মাননীয় অধ্যক্ষ মহাশয় মন্ত্রীমহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এই প্রসঙ্গে ২।৪টা কথা বলবো ব্লক সম্পর্কে এই ব্লকগুলি দেখতে গেলে দেখা যায় যে এগুলি কংগ্রেসের গ্রাম্য দালাল শালা। এই ব্লকগুলিতে কি কাজ হয় তা জানি না। এখানে যা কিছু হচ্ছে সবই দুর্নীতি পূর্ণ এবং অগ্রগতি কিছু দেখতে পাচ্ছি না। সেখানে যে অনাচার চলছে তা দিনের আলোরমত সত্য। এই সমস্ত অন্যায় এজন্য হচ্ছে যে এগুলি কংগ্রেসের দলীয় রাজনীতি করার উদ্দেশ্যে হচ্ছে সেজন্য এখানেও অনাচার এবং গুণ্ডামীর ছাড়পত্র দেওয়া হয়েছে। বিকেন্দ্রীকরণের নামে যে পঞ্চায়েত চলছে সেটা নিতান্তই হাস্যপ্রদ ব্যাপার। কারণ আমরা দেখছি বিকেন্দ্রীতীত বিন্দুমাত্র নেই যে জেলা পঞ্চায়েত গঠিত হয়েছে তা কতকগুলি ব্লক এরিয়ার অধিকার দেওয়া হয়েছে যার ফলে সে বিকেন্দ্রীকৃত ধারা জনসাধারণের হাতে না দিয়ে ব্লক-এর কতকগুলি অফিসার-এর হাতে দেওয়া হয়েছে এতে পঞ্চায়েতী শাসনচলতে পারে না। পঞ্চায়েত আইনকানুনের মাধ্যমে কর আদায় করতে রাজী নয়। বি ডি ওরা স্বেচ্ছাচারা আদায় করবার জন্য। কিন্তু সরকার পক্ষ থেকে যে টাকা দেওয়া হয় তা পঞ্চায়েতকে না দিয়ে ব্লকগুলিকে দেওয়া হয়, এতে করে ব্লক অফিসারদের মধ্যে বেপরোয়া লুঠতেরাজ চলছে। আমাদের জেলায় থানায় থানায় যে বি. ডি. ও.রা রয়েছে জনসাধারণের বহু অভিযোগ তাদের বিরুদ্ধে রয়েছে যে তারা বহু লক্ষ লক্ষ টাকা লুঠ করে এবং এসব ব্লক অফিসাররা নিজ দেশে অনেক বাড়ী তৈরীও সম্পত্তি করেছেন। এসব যদি তদন্ত করা যেতো তাহলে অনেক কিছু দুর্নীতি উৎঘাটন হত এবং জনসাধারণ বহু অনাচারের সাক্ষী দিতে পারতো। পঞ্চায়েতের নির্বাচন ধারা দেওয়া হয়েছে এই ব্লক অফিসার এর মাধ্যমে এটা দেওয়া হয়েছে যাতে এটা কংগ্রেসের অনুকূলে কাজ করে। এর নমুনা বহু আইন আদালত প্রমাণ করেছে কিন্তু সরকারের এবিষয়ে কোন লজ্জা নেই বা এই সমস্ত অফিসারদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি বা কাজের কোন পরিবর্তন করেন নি। রিলিফ কাজের মাধ্যমে কতকগুলি দালালদের সঙ্গে সহ-সহযোগিতা করে টাকা লুঠ করা হচ্ছে। অনাহারে মৃত্যু সম্পর্কে বি. ডি. ও.র অনেক চৌর্য্যবৃত্তি দেখেছি এবং জুলুম দেখেছি। ব্লকএ যে কাজ হয় তা সমাজ বিরোধী লোকের দ্বারা হয়। ব্লকএ যে কমিটি গঠিত হয়েছে এতে সমাজ বিরোধী লোক আছে। তাদের সঙ্গে অফিসারদের যোগসাজস আছে এবং বলতে গেলে ব্লক যেভাবে গঠিত তার দ্বারা জনসাধারণের যে কাজ হবে সেটা আশা করা যায় না।

Shri Brindaban Gayen:

মাননীয় স্পীকার স্যার আজকে কমিউনিটি ডেভেলপমেণ্ট বাজেট যেটা মন্ত্রিমহাশয়া উপস্থিত করেছেন তা আমি সমর্থন করিছ। কারণ গ্রামের লোকেদের কোন কাজ করিতে গ্রামের লোকেরা নিজেরা করতে পারেন সে উদ্দেশ্য এই পরিকল্পনা রচিত হয়েছে। কৃষিতে শিল্পতে গ্রামীন অর্থনীতি ভেঙ্গে পড়েছিল সে অর্থনীতিকে পুনরুজ্জীবিত করবার জন্য এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাবো যাতে এই পরিকল্পনায় আরো বেশী টাকা মঞ্জুর করা হয় এবং গ্রামের লোকেরা যাতে নিজেদের কাজ আরো ভাল ভাবে করতে পারে সেজন্য তাকে অনুরোধ জানাবা। বিরোধীপক্ষের কয়েকজন মাননীয় সদস্য বললেন বি. ডি. ও. বা কংগ্রেস পক্ষের সদস্যদের সঙ্গে খুব বেশী সহযোগিতা করেন। কিন্তু গ্রামের চিত্র দেখলে দেখতে পাওয়া যায় ঠিক বিপরীত কথা। বরং ব্লক অফিসাররা ঐ পক্ষের সদস্যদের সঙ্গে মেলামেশা করে বলেন সেজন্য আজকে মন্ত্রী মহাশয়কে বলবো গ্রামের এই যে সমস্ত ব্লক অফিসাররা গেছেন যারা যান তাঁরা জনসাধারণের যেন সঙ্গে সহযোগিতা করে চলেন, নতুবা ব্লক অফিসাররা গেছেন তারা যদি ছোট রাইটার্স বিল্ডিংস-এর মত অফিসার করে থাকেন তা হলে কিছু হবে না, সেজন্য যারা অফিসাররা গেছেন তাদের ট্রেনিং দেওয়া হয়েছে কিন্তু ট্রেনং-এর কতটা দেওয়া হয়েছে বলতে পারছি না সেজন্য অনুরোধ করবো এই সমস্ত অফিসারদের বিশেষ ট্রেনিং দেবার ব্যবস্থা করা উচিত।

আমি যে সমস্ত বি. ডি. ও দের কনট্রাক্টএ এসেছি তাদের কাছ থেকে শুনেছি যে তারা বড় বড় দায়িত্ব নেন, কাজ নেন গ্রামের এগ্রিকালচার থেকে আরম্ভ করে সমস্ত করেণ কিন্তু সে ভাবে স্পেশিয়াল পে দেবার ব্যবস্থা করা হয়নি। সেজন্য তারা কাজের প্রতি অবহেলা দেখান যে সমস্ত সরকারী তাদের দায়িত্ব ছাড়া অন্য কাজে নিযুক্ত থাকলে তাদের স্পেশাল পে দেবার ব্যবস্থা আছে কিন্তু সি. ডি. পি. বি. ডি. ও. তাদের স্পেশাল পেএর ব্যবস্থা নেই তারা প্রায় সমস্তই গেজেটেড লোক সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তাদের স্পেশাল পে দেবার ব্যবস্থা করা হোক নতুবা এই যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করা হয়েছে তাতে কাজ হবে না। বিরোধীপক্ষের একজন বললেন মেনিওরপিট দেবার ব্যাপারে গ্রামের একটা দালাল তৈরী করা হচ্ছে কারণ মেনিওর পিট যারা করেন তারা গ্রামের অধিকাংশই কাজ করেন এই পঞ্চায়েত সিস্টেম করেছেন তাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করেছেন গ্রামের লোক এতে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করবে। উন্নয়ন পরিকল্পনা সেই উদ্দেশ্যে এটা রচিত হয়েছে। আমার মনে হয় যে ভদ্রলোক বললেন এসব কথা তাকে হয়ত সেখানকার অধ্যক্ষ বা প্রধানরা সমর্থন করেন না সেজন্য এত গাত্রদাহ আমি বিশ্বাস করি গ্রামের উন্নয়নমূলক কাজের সঙ্গে জনসাধারণ যুক্ত হতে চলেছে এ বিষয়ে তাদের সাহায্য করা দরকার। আর একটা কথা বলবো যে গ্রামের আরো বেশী যাতে মহিলা সমিতি হয় সে বিষয়ে দৃষ্টি দিতে অনুরোধ করছি। মহিলাদের মধ্যে যে ভাবে সাড়া জেগেছে সে ভাবে তাদের সাহায্য করা উচিত এবং যাতে আরো বেশী মহিলা সমিতি হয় সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমি কমিউনিটি ডেভেলপমেন্ট বাজেট সমর্থন করছি।

[3—3-10 p.m.]

Shri Monoranjan Baksi:

মাননীয় অধ্যক্ষ মহাশয় মন্ত্রিমহাশয় যে বরাদ্দ উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করতে উঠে, এই কথা বলতে চাই যে, তিনি তাঁর উদ্বোধনী ভাষণে বললে আজকে কমিউনিটি ডেভেলপমেণ্ট তাদের বহু অফিসার নিয়োগ করেছেন, যখন পঞ্চায়েৎ সুপারভাইজর কো-অপারেটিভ অফিসার, এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার, এই রকম ধরণের বহু অফিসার সেখানে নিয়োগ করেছেন, কিন্তু আমরা এই বাজেটএ দেখলাম যে মাননীয় মন্ত্রী মহাশয় তিনি সেই সময় বক্তৃতা প্রসঙ্গে বলেছেন, আমাদের এই বাংলাদেশের চতুথ পরিকল্পনা যখন হচ্ছে, ঠিক সেই সময় বাংলাদেশে একটা বিরাট বেকার সমস্যা দেখা দেবার সম্ভাবনা রয়েছে এবং সবচেয়ে বড় দুঃখের বিষয় যে আজকে মন্ত্রীমহাশয় সেই ব্লকএ লেবার অরগানাইজার লেবার অফিসার নিয়োগ করেন নি। আমারা জানি পশ্চিমবাংলার বহু পল্লী অঞ্চলে এমন সমস্ত দুস্থ পরিবারের শিক্ষিত বেকার যুবক হয়তো বেকার অবস্থায় রয়েছে যে তাদের পক্ষে সম্ভব নয় দুরদূরান্তরে শহরে গিয়ে পয়সা খরচ করে তাদের নাম রেজেস্ট্রী করে, কাজে কাজেই আজকে যদি ব্লক ডেভেলপমেণ্ট অফিসার এর অন্তর্গত যদি কোনও লেবার অরগানাইজার রাখা হয় যারা গ্রামে পরিভ্রমণ করে এবং প্রত্যক্ষ ভাবে যে সমস্ত দুস্থ শিক্ষিত বেকার এবং নিরক্ষর অশিক্ষিত যুবকদের সংস্পর্শে এসে তাদের কার কি চাকরীর প্রয়োজন নির্বাচন করতে চায় সে সম্পর্কে যদি ওয়াকিবহাল হন, তাহলে মনে হয় আমাদের পশ্চিমবঙ্গে একটা বিরাট বেকার সমস্যার সুরাহা হবার সম্ভাবনা থাকবে। আমি আরও দেখেছি যে কৃষি ভিত্তিক কমিউনিটি ডেভেলপমেণ্ট, কিন্তু দুঃখের বিষয়, সেখানে যাঁরা অফিসার রয়েছেন, আমরা জানি স্বর্গতঃ পণ্ডিত নেহেরু তিনি বলেছিলেন যে কথা এবং কাজ একরকম হতে হবে। আজকে দেখছি যে সমস্ত অফিসার রয়েছেন, তাঁরা হাকিমী মনোভাব নিয়ে গ্রামাঞ্চলে যান, শুধু তাই নয়, আজকে সত্যিকারের পল্লীগ্রামে একটা বিরাট অংশ যারা আজও অবহেলিত হয়ে আছে, সেই সমস্ত কৃষি সম্প্রদায়ের সঙ্গে তাঁরা ভাল করে মিশতে পারেন নি, যার ফলে সত্যিকারের গ্রামের অবস্থা, সেই সম্পর্কে সত্যিকারের খবর পান না। কাজে কাজেই আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত অফিসাররা কোনও ক্রমে জীপ এ করে হয়তো গ্রামাঞ্চলে গেলেন, এবং সঙ্গে সঙ্গে ফিরে এলেন। তাঁরা শহরে ফিরে আসার জন্য অত্যন্ত তৎপর হয়ে থাকেন শহরে ফিরে আসার জন্য কাজে কাজেই এমন নিয়ম করুন যে অফিসার গ্রামে গ্রামে পরিভ্রমণ করেন মাসে মাসে এবং হলুট করেন, গ্রামাঞ্চলে কি প্রয়োজন, কি অভাব অভিযোগ

রয়েছে, সে সম্বন্ধে আলোচনা করুন, সত্যিকারের জিনিষ আমরা জানতে পারি না। কাজেই আজকে এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে সজাগ থাকতে অনুরোধ করছি। আজকে ব্লক ডেভেলপমেণ্ট-এর অফিস জীপ দেওয়া হয়েছে এবং সেই সব জীপএ করে তারা গ্রামাঞ্চলে যায় ঘুরে বেড়ায়, সত্যিকারের আমরা যখন দেখি যেখানে জল পায় না, সেই সমস্ত এলাকায় যদি তারা সেই চাষের সময় জীপ নিয়ে ওয়াটার পাম্প নিয়ে সেখানে যান, তাহলে আমরা বুঝতে পারি যে ব্লক ডেভেলপমেণ্ট-এর এক্সিসটেন্স রয়েছে, তাছাড়া কেউ বুঝতে পারে না সরকার উন্নয়নের কাজ করছে। শুধু মুখের কথা নিয়ে বিশ্বাস করবে না, চাষীরা চায় গ্রামাঞ্চলের মানুষ চায় সত্যিকারের কাজ এই সম্পর্কে নিবেদন করছি যে বর্দ্ধমান জেলার রায়না ১ এবং ২ এই যে ব্লক আছ সেখানকার দুটো জীপই রাজভবনে পড়ে আছে, অত্যন্ত দুঃখের বিষয় এইগুলোর ড্রাইভার প্রভৃতি সবই রয়েছে রায়নাতে অথচ জীপ এর যে অর্থ ব্যয় করা হয় সেটা রায়না ব্লক থেকে এবং সেই দুটো জীপ রাজভবনে পড়ে আছে। এই সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করুন। এই গুলো এখানে কেন পড়ে থাকবে। শুধু তাই নয় আজকে বহু সময় আমরা দেখতে পাচ্ছি যে আর্থিক সাহায্য করা হয় শিশু উন্নয়নের জন্য, চাষের জন্য, পুকুর কাটার জন্য, নলকূপের জন্য, এই সমস্ত অর্থ দেওয়া হয় বটে, কিন্তু তার ভেরিফিকেসন করা হয় না, কি কাজ হল না হল। আমরা দেখেছি বহু পুকুর কাটার জন্য টাকা দেওয়া হয়েছে, নলকূপের জন্য টাকা দেওয়া হয়েছে, ওয়াটার পাম্প করার জন্য টাকা দেওয়া হয়েছে, কিন্তু সেখানে কোনও কাজ বাস্তবে পরিণত হয়নি। কাজে কাজেই আজকে সকলে দেখতে পাচ্ছে যে সরকারের চোখের সামনে ধূলো দিয়ে কি করে সরকারকে বিভ্রান্ত করে এক শ্রেণীর সুযোগ সন্ধানী মতলববাজ লোক এই ভাবে কাজ করে যাচ্ছে। অপর পক্ষে কৃষকদের নামে যে উন্নয়ন করা হচ্ছে, সেই কৃষকরা আজ দূরে সরে রয়েছে। তাই সেদিক থেকে তাঁর দৃষ্টি আকর্ষণ করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যাকে কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রোজেক্ট বলে আক্ষা দেওয়া হয়েছে, তাতে আমি মনে করি কংগ্রেস ডেভেলপমেণ্ট প্রজেক্ট অথবা করাপসান ডেভেলপমেণ্ট প্রজেক্ট করেন এই যে ডিপার্টমেণ্ট যা খোলা হয়েছে আমরা যারা গ্রামাঞ্চলে বাস করি, আমাদের এ বিষয়ে অভিজ্ঞতা রয়েছে, তাতে আমরা দেখছি যে এই ডিপার্টমেণ্টএ ২টো জিনিষ হয়। একটা হচ্ছে ঐ ৫ কোটি টাকার মধ্যে আমার মনে হয় যে ৩ কোটি টাকাই চুরি জোচ্চুরী হয়ে বেরিয়ে যায় আর কংগ্রেসের কিছু কিছু উন্নতি হচ্ছে, তার মানে প্রত্যেক গ্রামে গ্রামে কিছু কংগ্রেসের লোক ঠিক করবার জন্য এই ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টকে ব্যবহার করা হচ্ছে, আর কি করা হচ্ছে? না আজকাল এই যে ৪টি ফোর টায়ার সিস্টেম করা হল, পঞ্চায়েতীরাজ, এই পঞ্চায়েতী রাজ আমাদের নাভীশ্বাস উঠিয়েছে। আমরা গ্রামাঞ্চলে দেখছি ঐ যে আঞ্চলিক পরিষদ করা হয়েছে, তাতে কো-অপসন করে নমিনেসন করে যত কংগ্রেসী আছে, বিভিন্ন গ্রুপ-এর লোককে সন্তুষ্ট করবার জন্য ওদের ঢোকানো হচ্ছে। রহমন সাহেবের লোককে ঢোকানো হচ্ছে, নরেনবাবুর গ্রুপকে ঢোকানো হচ্ছে, স্মরজিৎ বাবুর গ্রুপকে ঢোকানো হচ্ছে, ঢুকিয়ে সেখানে দেখা যাচ্ছে যে মস্তবড় একটা ঝগড়ার আসর সেখানে, স্যার, আমি একজন বিরোধী লোক হিসাবে যাই, সেখানে তাদের নিজেদের মধ্যেই মারামারি কাটাকাটি লেগে যায়। একজন বলে আমার এলাকায় টাকা বেশী দাও, অপর জন বলে আমার এলাকায় টাকা বেশী দাও, এই নিয়ে সেখানে কাজের চেয়ে অকাজ বেশী হচ্ছে। এই ফোর টায়ার সিস্টেম তুলে দেওয়া দরকার। কারণ আমরা দেখছি যে আঞ্চলিক পরিষদের কোনও কাজ নেই, এবং ঐ যে অঞ্চল ওরও কোনও কাজ নেই। বস্তুত পক্ষে জেলা পরিষদ এবং গ্রাম পঞ্চায়েৎ এই দুটো থাকলেই যথেষ্ট। গ্রাম পঞ্চায়েতের হাতে যদি অধিকতর ক্ষমতা দেওয়া হয় তাহলে আমি মনে করি কাজ সুষ্ঠুভাবে চলতে পারে। কিন্তু এই যে আঞ্চলিক পরিষদ করা হয়েছে, তার যে বিভিন্ন স্ট্যাণ্ডিং কমিটি করা হয়েছে, তার মধ্যে যে নমিনেসন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, এইগুলো শুধু মাত্র কংগ্রেসক পুষ্ট করবার জন্য করা হয়েছে। এবং এতে কাজ কিছুই হচেছ না। অবশ্য মন্ত্রী মহাশয় বিরোধী বক্তব্য বলে উড়িয়ে দিতে পারেন কিন্তু তিনি যদি একটু তলিয়ে বিচার করেন এবং তার যে সমস্ত অফিসাররা আছেন তারা যদি একটু তলিয়ে বিচার করেন দেখবেন যে এই আঞ্চলিক পরিষদ কোনও কাজে আসছে

। সেখানে ঝগড়া দ্বন্দ্ব একেবারে ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে। ২ নম্বর আমি মন্ত্রিমহাশয়ের ' আকর্ষণ করছি ইলেকসন বন্ধ করে দেওয়া হল। পঞ্চায়েতের ইলেকসন—৪ বছর পঞ্চায়েৎ য়েছে, ইলেকসন ডিউ হয়ে গেছে, কিন্তু আজ পর্যন্ত ইলেকসন করা হল না। কেন? না শনাল ইমারজেন্সীর অবস্থায় কলকাতা কর্পোরেশন-এর ইলেকসন হতে পারে, কেরালায় াচন হতে পারে, বিভিন্ন উপ-নির্বাচন হতে পারে, তাহলে আজকে গ্রামের মধ্যে পঞ্চায়েৎ াচন কেন হবে না? পঞ্চায়েৎ নির্বাচন করার সময় পেরিয়ে গেল, অথচ করা হল না, কেন । হল না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই, একটা বিশেষ উদ্দেশ্য য় করা হয়নি। সেই উদ্দেশ্যটা হচ্ছে, এই যে গত সাধারণ নির্বাচন হয়ে ন, সেই নির্বাচনে আজকে পশ্চিম বঙ্গের বিভিন্ন জায়গায় বামপন্থী শক্তি আত্মপ্রকাশ রছে, সেই সমস্ত জায়গায় তারা জানেন যে যদি নির্বাচন হয় এবং তাদের যা অপকর্ম, সেই কর্মে গ্রামের লোক এত অতিষ্ঠ হয়ে গেছে, যদি নির্বাচন হয় তাহলে অনেক পঞ্চায়েৎ ক তারা গদিচ্যুত হয়ে যাবেন। তাহলে আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ গঠন করা দের পক্ষে মুস্কিল হয়ে যাবে। সেই জন্য তাঁরা নির্বাচন বেআইনী ভাবে বন্ধ করে খছেন। আমি সেই জন্য বলি যে অবিলম্বে পঞ্চায়েৎ নির্বাচন করবার আদেশ দেওয়া হোক ং এই পঞ্চায়েৎ..

Shri Ananda Gopal Mukhopadhyay: On a point of order

আজকের আলোচ্য বিষয় হচ্ছে কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রজেক্ট, আর বিরোধী পক্ষের ব্য পঞ্চায়েৎ সম্বন্ধে আপনি হয়তো অন্য দিকে কাজে মন দিয়ে আছেন তাই শোনেন নি, । চলবে কিনা?

[Noise and Interruption]

Shri Gour Chandra Kundu:

নীয় অধ্যক্ষ মহাশয়, আনন্দবাবু কিছু জানেন না, উনি কেবল পকেট বোজাই করতেই চান, ইজন্য—কালকে যে টাকা বিলি করা হয়েছে পঞ্চায়েৎ ডিপার্টমেণ্ট থেকে..

Mr. Speaker:

কুণ্ডু ঠিক আছে, আপনি বলে যান।

-10—3-20 p.m.]

Shri Gour Chandra Kundu:

ননীয় অধ্যক্ষ মহাশয়, যা হোক আমি মনে করি যে পঞ্চায়েৎ ইলেকসন ওভার ডিউ হয়েছে, ই ইলেকসন করার জন্য যেন মাননীয় মন্ত্রী মহাশয় নির্দেশ দেন।

রপর আঞ্চলিক পরিষদগুলি তাঁরা ভেঙ্গে দেবেন কিনা জানি না—তবে আপাতত একটু কাজের বিধার জন্য আমি মনে করি যে আঞ্চলিক পরিষদে এস. ডি. ও.-র উপস্থিত থাকার ব্যবস্থা রা দরকার। তা না হলে মিটিংয়ে প্যাণ্ডেমোনিয়ামহয়— মিটিংয়ে কোন কাজ হয় না—সেই জন্য মি মনে করি অন্তত পক্ষে এস. ডি. ও.-র উপস্থিতি বিশেষভাবে সাহায্য করতে পারে— র্তমানে যা চলছে। ৩নং যা হচ্ছে—ব্লক ডেভেলপমেণ্ট ব্যাপারে উনি যে অফিসারের নাম বলেন ভেটারীনারী, এগ্রিকালচার, সোসাল ইত্যাদি অনেক কিছু। আমি মনে করি এগুলির কোন প্রয়োজন নেই। কোন দিনই এগ্রিকালচারাল অফিসার জমিতে গিয়ে এগ্রিকালচারের উন্নতি করবার জন্য চেষ্টা করেন না। তাদের অফিসে বসে টাকা বিতরণ করা ছাড়া আর কোন কাজ ই। কাজেই এ ব্যাপারে কোন উন্নতি আজ পর্যন্ত হয়নি—কেবল অফিসে বসেই তারা কেরাণীর জ করেন। তারপর সোসাল উন্নতিও কিছু হয়নি। কারণ এর জন্য কোন টাকা বরাদ্দ নেই। মান্য ২ শত এক শত টাকা প্রত্যেক ব্লকের জন্য বরাদ্দ করা হয়। কাজেই তাদের কোন

ফাংসান নেই। অথচ তাদের টাকা দিয়ে পোষা হচ্ছে। এজন্য আমি মনে করি এগ্রিকালচা ডিপার্টমেণ্টের অফিসাররাই কাজ করতে পারেন এবং ইনডাস্ট্রি ব্যাপারে ডিরেক্টার অব ইনডাস্ট্রি আছেন তাদের অফিসই কাজ করতে পারে—এগুলির ব্যাপারে ব্লকে ব্লকে অফিসার বসি রেখে হাতির খরচ পোষার কোন মানে হয় না—এই হোল অফিসার পর্ব। সেইজন্য আমি মনে করি যে এই সমস্ত অফিসারপদগুলি তুল দেওয়া হোক। তারপর ভেটারীনারী অফিসারের কথ বলেছেন—এই সমস্ত অফিসাররা কোন কাজ করেন বলে আমি মনে করি না। ভেটারীনারী ডিপার্টমেণ্টের যেটুকু করবার সেখানে যে অফিসার আছেন তাঁরাই করেন। কিন্তু ব্লক ডেভেলপ মেণ্টের অফিসাররা কিছুই করেন। না। সুতরাং এদের রাখবার কোন প্রয়োজন নেই। শুধু টাকার আদ্যশ্রাদ্ধ হচ্ছে। বরং সেই টাকা যদি কৃষকদের মঙ্গলের জন্য ব্যয় করেন তাহলে দেশের উন্নতি হবে। ৪নং মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে গ্রামের নাকি অনেক উন্নতি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় অবশ্য গ্রামে যান—আমরাও গ্রামে যাই—কিন্তু আমরা দেখি যে উন্নতি মোটেই হয়নি—কেবল উন্নতি হচ্ছে একটা সেকসন অব পিপলের যারা রিচ পেজেণ্ট যারা কংগ্রেসের ঘাঁটি যাদের অবলম্বন করে কংগ্রেস সেখানে ভোট সংগ্রহ করে—তাদেরই কিছু পয়সা পাইয়ে দেবার জন্য বেশীরভাগ টাকা তাদের দেওয়া হয়। তাই আমি বলবো যে গ্রামের উন্নতি কিছুই হয়নি—উন্নতি যেটা হয়েছে—সেটা যারা ধনী একটা কৃষকদের অংশের যারা কংগ্রেসের ঘাঁটি। গ্রামে গ্রামে কংগ্রেসের কিছু লোক সৃষ্টি করবার জন্য এই কমিউনিটি ডেভেলপমেণ্টের টাকা ব্যয় করা হচ্ছে, তারপর আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে যে লোন পাবার নিয়ম চালু আছে সেটা হচ্ছে ইনডিভিজুয়াল—অর্থাৎ কোথায়ও স স্মল ইরিগেসন স্কীম হবে কাউকে দিলেন ১ হাজার টাকা। একটা অঞ্চলের মধ্যে এক হাজার টাকা বরাদ্দ করে—তাতে স্মল ইরিগেসন মোটেই হয় না একথাই আমি বলবো। সেই জন্য যে উদ্দেশ্যে এই টাকা দেওয়া হয় সেই উদ্দেশ্য কোন দিনই সফল হয় না। কাজেই আমি বলতে চাই ঐভাবে লোন না দিয়ে যদি গ্রাম পঞ্চায়েত কিংবা অঞ্চলে পঞ্চায়েতের হাতে লোনের টাকাটা দেওয়া হয় এবং তারা যদি গ্রামের উন্নতির জন্য কো-অপারেটিভ বেসিসে বা যৌথভাবে স্মল ইরিগেসন স্কিম চালু করেন তাহলে আমার মনে হয় যে টাকাটা সদ্ব্যয় হয়—সেই সিসটেম চালু করা যায় কিনা মন্ত্রী মহাশয় একটু ভেবে দেখবেন। তারপর আমি একটা দুর্নীতির কথা বলি যেটা মাননীয় মন্ত্রী মহাশয় ভালই জানেন যে আমাদের রাণাঘাট ব্লকের একজন অফিসার ছিলেন এগ্রিকালচ্যারাল এক্সটেনসন অফিসার মিঃ এ. বি. পুরোকায়স্ত—তিনি কয়েক হাজার টাকা আত্মসাৎ করেছিলেন যেটা চাষীদের দেবার কথা ছিল। চাষীদের না দিয়ে তিনি আত্মসাৎ করেছিলেন এ নিয়ে গ্রামের লোকেরা এগ্রিকালচার ডিপার্টমেণ্টের সেক্রেটারী মিঃ আর ঘোষের কাছে দরখাস্ত করেছিলেন এবং আমি নিজেও মিঃ ঘোষের কাছে গিয়ে সে ব্যাপারে এনকোয়ারী করবার জন্য বলেছিলাম। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে আমি বলছি যে সেই দরখাস্তটা আমি ফরোয়ার্ড করা সত্বেও তিনি এটা কোন রকম তদন্ত করেন নি কিংবা আজ পর্যন্ত কোন উত্তরও দেন নি। কিন্তু আনন্দের বিষয় যে এস্. ডি. ও.কে একটা কপি দেওয়া হয়েছিল—তিনি এ বিষয়ে স্টেপ নিয়েছেন এবং এখন তাঁর বিরুদ্ধে মামলা চলছে—অথচ দুঃখের কথা আর ঘোষের পক্ষপুটে থেকে মিঃ পুরোকায়স্ত রাইটার্স বিল্ডিংসে এগ্রিকালচার দপ্তরে বহাল তবিয়তে কাজ করে যাচ্ছেন। কোর্টে যখন কোন মামলা মকর্দমা হয় বা কোন লোক যখন জামিনে থাকে সেই সরকারী কর্মচারী তখন তাকে সাসপেণ্ড করা সেটা হচ্ছে আইনের নীতি কিন্তু আজকে সেই সব করা দূরে থাক—আজকে তাকে আর. ঘোষের পক্ষপুটে রেখে ভাল ভাবে বাঁচাবার ব্যবস্থা করা হচ্ছে। এই দুর্নীতি সম্পর্কে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি জানি না অবশ্য কি হবে। তার পর আমি একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে লোক্যাল ডেভেলপমেণ্ট। সেখানে নিয়ম আছে যে ৫০পারসেণ্ট—৫০ পারসেণ্ট—কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানলে খুব দুঃখিত হবেন যে সেই ৫০ পারসেণ্ট টাকা দেবার ক্ষমতা অনেকের নেই। যারা গরীব গ্রামবাসী তাদের হয়তো গ্রামে টিউবওয়েল দরকার কিন্তু সেই টিউবওয়েল বসানোর জন্য যদি ১৫০ টাকা দিতে হয়—সেই রকম টাকা তাদের নেই। যদি স্কুল বসাবার দরকার হয় সেটাকা দেবার ক্ষমতা তাদের নেই। সেজন্য বলছি এই সিসটেমটা উঠিয়ে দেওয়া দরকার এবং যেটাকা তারা ব্যয় করবে তাতে ছয়টা টিউবওয়েলের জায়গায় যদি ৩টি টিউবওয়েল হয় তাতে কোন আপত্তি থাকতে পারে না। কিন্তু এই ৫০ পারসেণ্ট ৫০ পারসেণ্ট—সিসটেমটা উঠিয়ে দেওয়া দরকার। সুতরাং আমি

চাই যে মন্ত্রী মহাশয় যে চিত্র তুলে ধরবার চেষ্টা করছেন যে কমিউনিটি ডেভেলপমেণ্ট করে আজকে গ্রামের যথেষ্ট উন্নতি হয়েছে—আমি মাননীয় মন্ত্রী মহাশয় এবং কংগ্রেসে সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি যে ঐ কমিউনিটি ডেভেলপমেণ্ট করে গ্রামে কোনই উন্নতি হয়নি—শুধু অর্থের অপব্যয় ছাড়া আর কোন কাজই হচ্ছে না। সেজন্য আমি বলবো যে কমিউনিটি ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টটা উঠিয়ে দেওয়া প্রয়োজন। তা যদি না দেন তাহলে এর কার্যকলাপ যাতে ভাল ভাবে চলে প্রকৃতচাষীদের এবং গ্রামের যাতে উন্নতি হয় তার জন্য ব্যবস্থা করা দরকার। শুধুমাত্র দলীয় স্বার্থের কথা চিন্তা করে এর কাজ পরিচালনা করা উচিত নয়। দেশের স্বার্থের দিকে দৃষ্টি দিয়ে এই ডিপার্টমেণ্টকে ঢেলে সাজানো দরকার এবং আমি বিশেষ করে বলছি যে আঞ্চলিক পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েৎ উঠিয়ে দিয়ে প্রকৃত গণতান্ত্রিক পঞ্চায়েতী রাজ যদি প্রতিষ্ঠিত করতে চান তাহলে জেলা পরিষদ এবং গ্রাম পঞ্চায়েতের হাতে অধিক ক্ষমতা দেবার ব্যবস্থা করুন, এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Birendra Kumar Maitra: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট উৎথাপন করেছেন আমি তাকে সমর্থন করতে উঠেছি। আমি এতক্ষণ ধরে অত্যন্ত ধৈর্যসহকারে আমার বিরোধী পক্ষের বন্ধুদের বক্তৃতা শুনছিলাম। আমি আশা করেছিলাম যে কমিউনিটি ডেভেলপমেণ্ট সম্বন্ধে আরও ভাল করে কি করা যায় সে সম্বন্ধে তাঁরা কিছু বলবেন কিন্তু আমি শুনলাম যে কমিউনিটি ডেভেলপমেণ্ট করে কিছু হয় নি। আমার মনে হয় কমিউনিটি ডেভেলপমেণ্ট হয়ে গ্রামের মধ্যে যে আলোড়ন সৃষ্টি হয়েছে সেই আলোড়নের সঙ্গে তাল দিয়ে তাঁরা চলতে পারছেন না বলেই এই কমিউনিটি ডেভেলপমেণ্ট তুলে দিতে বলছেন। প্রথমে কথা আজকে কমিউনিটি ডেভেলপমেণ্ট হবার আগের এবং পরের চিত্র যদি আমরা সমালোচনা করি তাহলে আমরা দেখি যে আমূল পরিবর্তন হয়ে গেছে। আগে গ্রামের লোকের নিজেদের অভাব সম্বন্ধে কোন অনুভূতি ছিল না, আজকে তাঁরা তাঁদের নিজেদের অভাব সম্বন্ধে সচেতন হতে জানে—দু শত বছর ধরে যে কাঁচা রাস্তা দিয়ে গ্রামের লোকেরা হাঁটতেন এখন গ্রামের রাস্তা মেরামতের কথা তাঁরা নিজেরাই বলেছেন। আজকে এই সব পরিবর্তন কমিউনিটি ডেভেলপমেণ্টের মাধ্যমে এসেছে এটা অন অনস্বীকার্য। আজকে অনেকেই এখানে বলবন্ত রাও মেটা কমিটির কথা বললেন যে বলবন্ত রাও মেটা কমিটি যেন বলেছেন যে আমাদের কমিউনিটি ডেভেলপমেণ্টে কিছুই হয়নি। তা মোটেই তাঁরা বলেন নি। তাঁরা বলেছিলেন ডেমোক্রাটিক ডিসেণ্ট্রালাইজেসন করতে, গভর্নমেণ্ট এখানে পঞ্চায়েৎ করেছেন তাঁদের কথা মত—আজকে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বললেন যে পঞ্চায়েৎ তুলে দাও ভোটে হেরে গেলে কি রকম ফ্রাসট্রেসন আসে এটাই তার প্রমাণ। কারণ ওঁরাই বলতেন যে সরকার ক্ষমতা বিকেন্দ্রীভূত করতে চান না—সরকার সমস্ত ক্ষমতা আঁকড়ে ধরে রাখতে চান। আজকে যখন সমস্ত কাজ পঞ্চায়েতের মাধ্যমে হচ্ছে তখন তাঁরা বলছেন যে পঞ্চায়ৎ চাই না। তার কারণ হচ্ছে সমস্ত জেলা পরিষদ এবং অধিকাংশ আঞ্চলিক পরিষদে তাঁরা হেরে গেছেন। আজকে আমরা প্রতি গ্রাম দেখি যে টিউবওয়েল, কালভার্ট রাস্তা তৈরী হয়েছে। কোথা থেকে এই সব হয়েছে? জনসাধারণের যে সাহায্য স্বতস্ফূর্তভাবে তাদের যে দান সেটা দেখলেই বুঝা যায় কাজ হয়েছে কিনা—তার পরিমাণ প্রায় সাড়ে পাঁচ কোটি টাকা।

[3-20—3-30 p.m.]

জনসাধারণের মধ্যে যদি কমিউনিটি ডেভেলপমেণ্টের কোন দান না থাকত তাহলে কি ৫॥ কোটি টাকা সাহায্য আসতে পারত? আজকে কমিউনিটি ডেভেলপমেণ্ট থাকার ফলে গ্রামের চিত্র সম্পূর্ণ পরিবর্তিত হয়ে গেছে। যেখানে আমি দেখেছি ৩টি থানা নিয়ে একটা সার্কেল অফিসার থাকতেন সেখান আজকে দেখছি ৬০ হাজার লোক নিয়ে একটা ব্লক স্থাপিত হয়েছে। এই যে সমস্ত ডেভেলপমেণ্ট অফিসার, টেকনিক্যাল অফিসার দরদ দিয়ে তাদের অভাব সম্বন্ধে সচেতন হয়ে বিবেচনা করছেন সেটাই হচ্ছে সব চেয়ে বড় কথা। আজকে সরকারী সাহায্য গ্রামে পৌঁছে দিচ্ছে গ্রাম সেবক। ব্লক ডেভেলপমেণ্ট অফিসার সকলেই দেবতা হতে পারেন না। আমরা এখানে যাঁরা আছি তাঁদের মধ্যে আমিও আছি বীরেন রায়ও আছেন, আমরা সকলেই

সমানভাবে চিন্তা করতে পারি না, আমাদের মধ্যে ভাল লোক আছেন আবার মন্দ লোকও আছেন। শুধু তাই নয়, আমরা অনেক বি. ডি. ও. অফিসারের বিরুদ্ধে অভিযোগ করেছি আন্দোলন করেছি, বলেছি খারাপ লোক। আবার ভাল লোকও দেখেছি। কিছুদিন আগে একটা গ্রাম পুড়ে গেল, ব্লক ডেভেলপমেণ্ট অফিসার খবর পেয়ে আধ ঘণ্টার মধ্যে জীপে করে সেখানে গিয়ে পৌছালেন, পোড়া রোগীদের নিয়ে হাসপাতালে ভর্তি করে দিলেন। তারপর গ্রামে মেয়েদের কথা ধরি। আগে যেসব গ্রামের মহিলারা বাইরে আসতেন না তাঁরা আজকে মুখ্য সেবিকা, গ্রাম সেবিকা এঁদের মধ্যে দিয়ে বাইরে বেরিয়ে আসছেন। চাঁচলে আমরা একটা ফ্যামিলি প্ল্যানিং ক্যাম্প করেছিলাম, ডাঃ ইয়াজদানির কনস্টিটিউয়েন্সি, ৩ জন মুসলমান মহিলা এসে পুরুষদের সঙ্গে এক সঙ্গে ট্রেনিং নিয়ে চলে গেলেন। সেই যে মুসলমান মহিলা যারা বাড়ী থেকে বেরোয় না তারা ফ্যামিলি প্ল্যানিং ক্যাম্পে থেকে গেল। পানীয় জল থেকে আরম্ভ করে প্রতিটি কাজ এই কমিউনিটি ডেভেলপমেণ্ট করছে। ডাঃ ইয়াজদানি সাহেব অনেকগুলি কথা বলেছেন যেগুলি কমিউনিটি ডেভেলপমেণ্টের মধ্যে পড়ে না। তিনি ইরিগেশানের কথা বলেছেন। বড় ইরিগেশান যেগুলি সেগুলি মোটেই এর মধ্যে পড়ে না। স্মল ইরিগেশান-এর ব্যাপারে কমিউনিটি ডেভেলপমেণ্ট যথেষ্ট উন্নতি করেছেন। তার প্রমাণ নিশ্চয়ই দেব। একটা কমিউনিটি ডেভেলপমেণ্টের তিনি সমালোচনা করেছেন। আমি তাঁর বাড়ীর পাশে থাকি, আমি দেখেছি তিনি মোটেই ব্লক ডেভেলপমেণ্টের গঠনমূলক কাজে যান না, কেবল বি. ডি. ও. ঘেরাও করতে যান। তিনি ব্লক ডেভেলপমেণ্ট অফিস ঘেরাও করেছেন, কিন্তু কোন দিন কোন কাজে যান নি। তিনি কোন দিন ব্লকের কোন মিটিংএ যান নি এটা আমি বলতে পারি। একটা বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে একটা ব্লকের বাজেট থেকে একটা কাজে সড়ক ব্রীজ রাস্তার ব্যাপারে ১ হাজার টাকার বেশী খরচ করা যায় না। যদি ব্লক ডেভেলপমেণ্ট কমিটি, অঞ্চল পরিষদ মনে করেন। যে ১ হাজার টাকার বেশী খরচ করা উচিত তাহলে সেখানে সেই রকম হুকুম দেওয়া উচিত ৩০ হাজার টাকা অডিও ভিজুয়্যাল ইউনিটএ লোন হিসাবে দেওয়া হয় কিন্তু তার মাল শেষ পর্যন্ত সেখানে গিয়ে পৌছায় না। এই কথা বলে আমি এই বাজেটকে সমর্থন করছি।

Shri Birendra Narayan Ray:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্মরজিৎবাবু যে বাজেট বরাদ্দ আজকে এখানে উপস্থিত করেছেন, আমি তার বিরোধিতা করতে গিয়ে এই কয়েকটি কথা বলতে চাই।

আমরা বড় বড় কথা শুনি যে আজকে শাসন ক্ষমতা বিকেন্দ্রীকারণ করা হয়েছে। গণতন্ত্র নাকি এসেছে, লোক্যাল স্বায়ত্ত শাসন হয়েছে। কিন্তু আসলে যে তন্ত্র হয়েছে তা হচ্ছে গ্যাড়াকল তন্ত্র, আমলাতন্ত্র, জোয়াল কাঁধে জোড়াবলদ তন্ত্র। আমি ব্লক সম্বন্ধে শুধু একটা কথা বলবো, সেটা হলো সিউড়ির দু নম্বর ব্লক আমার কাছে তার ম্যাপ আছে, তাতে দেখা যাচ্ছে পুরন্দুর-পুরের মাঝখানে দিয়ে দুদিকে রাস্তা গিয়েছে। সেখানে ব্লক হওয়া উচিত। কিন্তু অবিনাশপুরে সেটা হতে যাচ্ছে এক কোনে যেখানে রাস্তার কোন যোগাযোগ নাই। পুরন্দরপুরে এই ব্লক হবার কথা ছিল কিন্তু আমার বন্ধু বীরভূমের ক্ষুদে হিটলার কংগ্রেসী সদস্য বৈদ্যনাথ ব্যানার্জীর জন্য এই কাণ্ড সেখানে হয়েছে। তিনি বীরভূমকে তাঁর একটা পারিবারিক ব্যাপার বলে মনে করছেন। কারণ জেলা পরিষদ আঞ্চলিক পরিষদ, অঞ্চল পঞ্চায়েৎ—সর্বত্র তিনি আছেন। তাঁর পুত্র, তাঁর স্ত্রী ও সেখানে নমিনেশন পেয়েছেন। এই হচ্ছে ব্যাপার এটা যখন স্থানান্তরিত করে অবিনাশপুরে করবার কথা হয়, তখন সমস্ত দলমত নির্বিশেষে সমস্ত কাগজে এর বিরোধিতা করা হয়। এমন কি কংগ্রেস পেপার "সেবা" কাগজে ও ২৪শে জুন ১৯৬৪ সালে এ সম্বন্ধে মন্তব্য প্রকাশিত হয় যে সিউড়ীর দু নম্বর ব্লক অফিস পুরন্দরপুরে স্থাপিত হওয়ায় উক্ত অঞ্চলে খুব চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আমাদের বামপন্থী কম্যুনিস্ট পত্রিকা "ধূসরমাটি" ও পি. এস. পি. পত্রিকা "ময়ূরাক্ষী" পত্রিকা সকলে সমর্থন করেছেন। সমস্ত ডোকুমেণ্ট আমার কাছে আছে। কয়েকটি চিঠি ও আছে প্রথম দিকে যা গভর্নমেণ্ট থেকে পুরন্দরপুর ব্লক অফিসে পাঠান হয়েছে। কিন্তু এই ভদ্রলোকের সমস্ত তদ্বীরের ফলে সমস্ত জনমতকে পায়ে দলে গ্রামের এক কোণে এখন ব্লক অফিস স্থাপিত হচ্ছে। এই যদি গণতন্ত্র হয় তাহলে গ্যাড়াকলতন্ত্র কাকে বলবেন?

তারপর মুর্শিদাবাদের নবগ্রাম ব্লক সম্বন্ধে দু-একটা কথা বলছি। ওখানে প্রত্যেক ব্লকে ত্যেক অফিসারের জন্য একটি করে বাড়ী নির্দিষ্ট থাকে। আমার যতদূর জানা আছে বি. ডি. . মহাশয় ওটা ঠিক করেন উপরের নির্দেশ নিয়ে। এখানে একজন অফিসার একটি বাড়ী পেয়ে-লেন। সেখানে তিনি জিনিষপত্র নিয়ে গিয়ে তালা মেরে রেখেছিলেন। কিন্তু তার ব্লকের হেড র্ক আর সাব ওভারসিয়ার ষড়যন্ত্র করে তালা ভেঙ্গে তার মধ্যে ঢুকলো। বি. ডি. ও. সাহেবের হুস হল না পুলিসকে খবর দেন। কারণ সেই ভদ্রলোক মশায় হচ্ছেন মর্শিদাবাদ জেলার অতুল্য বুর ডিরেক্ট এজেণ্ট দুর্গাপদ সিংহের চেলা। যে ব্লকে ভদ্রলোকের বাড়ী সেটা হলো নবগ্রাম ব্লক। ভদ্রলোক অন্য জায়গায় চাকরী করতেন, বাইরে ছিলেন। ১৯৫৬ সালে ইলেকসনে কংগ্রেসের ক্ষে কাজ করবার জন্য ছুটি নিয়ে আসেন। তারপর তাকে ট্রান্সফার করে নবগ্রামে নিয়ে সা হল। আজ পর্যন্ত যতবার ট্রান্সফার হচ্ছে, ততবারই তা বন্ধ করা হচ্ছে। অথচ ট্রান্সফার র সময় ওভার ডিউ হয়ে গেছে। এখনো তার ট্রান্সফার হচ্ছে না, উপর থেকে বন্ধ করে দেওয়া চেছ।

আমি মন্ত্রিমহাশয়কে সোজাসুজি প্রশ্ন করছি ঐ সিউড়ির দু নম্বর ব্লক পুরন্দরপুর না হয়ে বিনাশপুরে হলো কেন? যেখানে বিনা পয়সায় জনসাধারণকে জায়গা দিতে হয়? আর একটি শ্ন হচ্ছে নবগ্রাম ব্লকের হেড ক্লার্ক ও ওভারসিয়ারের বিরুদ্ধে কোন কমপ্লেইণ্ট পেয়েছেন কি না? ই সব অনাচার অবিচারের জন্যই আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য ষ করছি।

[3-30—4 p.m.]

Shri Smarajit Bandyopadhyay:

াননীয় স্পীকার মহাশয়, আমি জবাব সংক্ষেপেই দেব কারণ সমালোচনা বিশেষ কিছু হয়নি। এখানে অধিকাংশ সমালোচনাই হয়েছে পঞ্চায়েত এবং পঞ্চায়েতের গঠন সম্বন্ধে—কিন্তু এটা তো পঞ্চায়েত বাজেট নয়। আমাদের গৌর কুণ্ডু মহাশয় পঞ্চায়েত সম্বন্ধে বেশী বলেছেন এবং বলতে গিয়ে তিনি একজন এ. ই. ও-র দুর্নীতি সম্বন্ধে বলেছেন। আমি এই ব্যাপারে তদন্ত করব এবং দোষী সাব্যস্ত হলে নিশ্চয়ই শাস্তি দেবার ব্যবস্থা করব। পঞ্চায়েতে কংগ্রেসের লোক বেশী বলে তাঁর নাভিশ্বাস উঠেছে এবং সেইজন্য তিনি বলে ফেলেছেন, কেন কংগ্রেসের লোক লোক বেশী থাকবে? কিন্তু এই ব্যাপারে আমি কি করব? মনোনীতদের মধ্যে সিডিউল্ড কাস্ট এবং মহিলা ছাড়া আর কেউ আছে বলে আমার জানা নাই। বেশীরভাগ কংগ্রেস সদস্য যদি অঞ্চল পরিষদ এবং জেলা পরিষদের মেম্বার হন তাহলে আমি নাচার। তারপর, ব্লক-এ কোন শিল্প হয় না একথা গৌরবাবু কি করে বললেন আমি জানি না। ব্লক-এ শিল্পের ব্যবস্থা আছে এবং আমি নিজে গিয়ে দেখেছি কোথাও চর্ম শিল্প, কোথাও তাঁত শিল্প, কোথাও কার্পেণ্ট্রি এবং গ্রামবাসীরা এই সব শিক্ষা করছে। শুধু তাই নয়, কো-অপারেটিভের মাধ্যমে কোথাও তাঁত এবং ঝিনুকের বোতাম তৈরীর ব্যবস্থাও আছে। সম্প্রতি বিভিন্ন জায়গায় যেসব কুটির শিল্পের প্রদর্শনী হয়েছে তার অনেক প্রদর্শনীতে যাবার সুযোগ আমার হয়েছিল—যেমন, ডায়মণ্ড-হারবার দুই নম্বর, ভাঙ্গর, মথুরাপুর দুই নম্বর এবং গাঁইঘাটা ব্লক। আমাদের ব্লক-এ যে সমস্ত কুটির শিল্পের স্টল আছে সেগুলি আমি দেখেছি এবং তাছাড়া মহিলা সমিতির মাধ্যমেও কতগুলি আছে। তারপর, আর একজন মাননীয় সদস্য বলেছেন, টাকা পঞ্চায়েতের হাতে না দিয়ে বি. ডি. ও.-র হাতে দেওয়া হচ্ছে এবং তার ফলে লক্ষ লক্ষ টাকা লুঠ হয়। লক্ষ লক্ষ টাকা স্যাংসনই হয় না—১২ লক্ষ টাকা ৫ বছরের জন্য বরাদ্দ হয়। কাজেই লক্ষ লক্ষ টাকা কি করে লুঠ হয় তা আমি জানি না। তবে পঞ্চায়েতের হাতে এখন দেওয়া হবে—পঞ্চায়েত তো সবে গঠিত হোল। কাজেই সেদিক থেকে এইসব অভিযোগ অমূলক বলে মনে করি। তারপর, বৃন্দাবন গায়েন মহাশয় বলেছেন আরও মহিলা সমিতির দরকার। আমি প্রারম্ভিক বক্তৃতায় বলেছি মহিলাদের যাতে আরও আনা যায় সেইজন্য তাঁদের ট্রেনিং দেওয়া হচ্ছে এবং তাঁদের যাতে গ্রামের কাজে এ্যাসোসিয়েট করান যায় সেইজন্যই এই ব্যবস্থা হচ্ছে। গোলাম ইয়াজদানীর জবাব বীরেন মিত্র মহাশয় দিয়েছেন। অবশ্য ঐ একই কথা কংগ্রেসের লোক বেশী হওয়াতে তাঁদের অসুবিধা

হচেছ এবং তিনি যে সমস্ত অভিযোগ করেছেন তার অধিকাংশই ভেগ। তিনি আর একটা অভিযো করেছেন যে, রুরাল ওয়ার্কস প্রোগ্রামে কোন কাজ হয়নি। রুরাল ওয়ার্কস প্রোগ্রাম কমিউনি ডেভেলপমেণ্ট-এর হাতে সবে এসেছে কাজেই এখনই রায় দেবার সুযোগ হয়নি এবং কংগ্রেসে এলাকায় কাজ হয় বলে যেটা বলেছেন সেকথাও ঠিক নয়।

তারপর, বি. ডি. ও-দের কৃষিকার্যে বেশী সময় দিতে হয় বলে অনেকে আপত্তি তুলেছেন আমরা কিন্তু সব জায়গায় একথা শুনি যে, বি. ডি. ও-রা কৃষিকার্যে মন দেন না। তাঁদের কৃষিকা মন দিতে হবে এবিষয়ে কোন সন্দেহ নেই, তবে হানড্রেড পারসেণ্ট দিতে হবে বলে যা শুনেছে সেটা কিছু মিস আণ্ডারষ্ট্যাণ্ডিং হয়েছে। সার্কুলারে হাণ্ড্রেড পারসেন্ট ছিল না—কনসেনট্রেটে অন এগ্রিকালচার একথা বলা হয়েছে এবং তার অর্থ হচেছ বেশীরভাগ কৃষিতে দেবার কথা ব হয়েছে৷ আজকে আমরা যখন কৃষি বাড়াতে চাচিছ তখন এটা অপরাধ হয়েছে বলে ম হয় না। তবে ভুল ধারণা যেটা সৃষ্টি হয়েছে সেটা ঠিক করে আমরা পুনরায় সার্কুলার দিয়ে দেখবেন। আর একজন সদস্য বলেছেন কোথায় এক গ্রাম সেবককে সাইকেল দিয়েছে স্পষ্ট অভিযোগ দিলে আমি তদন্ত করব। তারপর, গিরিজা মুখার্জী মহাশয় বলেছেন আপনার লোকের ইম্যাজিনেসন ক্যাপচার করেছেন, মূল সমস্যার সমাধান হয়নি। ইম্যাজিনেসন ক্যাপচা করাও একটা কাজ। সমষ্টি উন্নয়নের কাজ শুধু টিউবয়েল বা রাস্তা ঘাট করা নয়, তা মূল কথা হচেছ জনসাধারণের মধ্যে জাগরণ। গ্রামবাসী অনবরত রাস্তা চাই, টিউবওয়েল চা এই যে বলছে এটাকেই আমি সমষ্টি উন্নয়নের বড় কাজ বলে মনে করি। আমি আশা ক সব প্রশ্নেরই উত্তর দিয়েছি। এবারে আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমা মূল প্রস্তাব গ্রহণ করবার জন্য আবেদন জানাচিছ।

Mr. Speaker: Honourable Members, I put to vote all the cut motion that have been moved under Grant No. 29.

(All the cut motions were then put and lost.)

The motion of Shri Nikhil Das that the demand be reduced to Re. 1 wa then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that the demand b reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Dr. Radhanath Chattoraj that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Monoranjan Hazra that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aswini Roy that the demand be reduced by Rs. 10 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nagen Dolai that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Narayandas Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bhakti Bhushan Mandal that the demand be reduce by Rs. 100 was then put and lost.

The motion Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Abhoy Pada Saha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Kandru Majhi that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Smarajit Bandyopadhyay that a sum of Rs. 5,50,14,000 be granted for expenditure under Grant No. 29, Major Heads: "37-Community Development Projects, National Extension Service and Local Development Works, 109-Capital Outlay on Other Works-Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works" was then put and agreed to.

(At this stage the House was adjourned for twenty minutes.)

[After adjournment]

[4—4-10 p.m.]

DEMANDS FOR GRANTS

Grant No. 13

Major Head: 21-Administration of Justice.

Shri Iswar Das Jalan: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,39,12,000 be granted for expenditure under Grant No. 13—Major Head: "21-Administration of Justice".

The total demand for the next year under the voted provisions exceeds the current year's grant by Rs. 26,98,000. The main items where increased provisions have been made are the following:—

Lump provision for separation of the Judiciary from **Executive**—	...	Rs. 6,80,000
Lump provision for Medical Benefit Scheme.	...	Rs. 6,55,000
Lump provision for Additional D.A.	...	Rs. 6,82,000
Law Officers— (The increase is mainly due to enhanced provision for fees and charges for conducting all suits of Government as a result of the newly adopted procedure of meeting such expenses from the budget of the Legal Remembrancer instead of from Departmental budget.)	...	Rs. 1,74,700
Civil and Sessions Courts— (The increase is mainly due to provision for pay of the two District Judges recruited directly from the Bar, Pay and Allowances of 27 Munsifs to be recruited during the year 1965-66 and higher remuneration to Copyists-Typists in Civil Courts.)	...	Rs. 3,39,500
	...	Rs. 25,31,200

So far as the question of separation of Judiciary from Executive is concerned, we have framed a scheme and that has been sent to the High Court for their own opinion. As soon as we receive their opinion, it will be promulgated.

Mr. Speaker: All the cut motions are in order and they are taken as moved.

The following cut motions were taken as moved:—

Shri Nani Bhattacharjee that the demand be reduced to Re. 1.

Shri Nathaniel Murmu that the demand be reduced to Re. 1.

Shri A. H. Besterwitch that the demand be reduced to Re. 1.

Shri Gour Chandra Kundu that the demand be reduced to Re. 1.

Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced to Re. 1.

Shri Bhakti Bhushan Mandal that the demand be reduced to Re. 1.

Shri Amarendra Nath Rai Prodhan that the demand be reduced to Re. 1.

Shri Kamal Kanti Guha that the demand be reduced to Re. 1.

Shri Apurba Lal Majumdar that the demand be reduced to Re. 1.

Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced to Re. 1.

Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Re. 1.

Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100.

Shri Mahananda Haldar that the demand be reduced by Rs. 100.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand be reduced by Rs. 100.

Shri Nimai Chand Murmu that the demand be reduced by Rs. 100.

Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Rs. 100.

Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100.

Shri Benoy Krishna Chowdhury that the demand be reduced by Rs. 100.

Shri Syed Abul Mansur Habibullah that the demand be reduced by Rs. 100.

Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Rs. 100.

Shri Tarapada Dey that the demand be reduced by Rs. 100.

Shri Girish Mahato that the demand be reduced by Rs. 100.

Shri Nikhil Das that the demand be reduced by Rs. 100.

Shri Nani Bhattacharjee that the demand be reduced by Rs. 100.

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিচার বিভাগের ব্যয় বরাদ্দের বিরুদ্ধে আমার বক্তব্য পেশ করতে গিয়ে বলতে চাই এই তথাকথিত বিচার বিভাগের মত বোধ হয় অবিচার আর কোন বিভাগে হচ্ছে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। এই অবিচার আমাদের পাশের বাড়ী মহাধর্মাধিকরণ থেকে আরম্ভ করে নীচের সর্বত্র চলছে। এই অবিচারের একটা বড় কথা আপনার সামনে বলছি।

প্রথম অবিচার যেটা খুব সাধারণ সেটা হল আপনি জানেন বিচারের যদি বিলম্ব হয় তাহলে বিচারের কোন মূল্য নেই। আজকে যদি কোন অ্যাডমিনিস্ট্রেশনকে এই দেশে কনডেমন করতে হয় তা হলে এই বিচার বিভাগের মন্ত্রী মহাশয়কে দেওয়া উচিত। কারণ আজকে এমন অবস্থা হয়েছে ক্রিমিনাল জাস্টিস-এর মামলা যেখানে ২ বছরে শেষ হত আজ সেখানে ৫।৬ বছর লেগে যায়। ননীবাবু আলিপুরদুয়ারের কথা বলেছেন, কিন্তু প্রত্যেকটি কোর্ট এ অবস্থায় বিচার বিভাগ একটা অচল অবস্থা সৃষ্টি করেছেন এবং যে মন্ত্রীকে এই বিভাগে বসান হয়েছে তার সময় থেকে আরও বেশী এই অচল অবস্থার সৃষ্টি হয়েছে। কোর্টএ কোর্ট ইনস্পেক্টর থাকে না, ম্যাজিস্ট্রেট থাকে না কারণ ম্যাজিস্ট্রেটকে প্রতিদিন টি আই প্যারেড করতে চলে যাচ্ছেন তার ফলে সাক্ষী এসে লোক এসে ফিরে যায় এই রকম অবস্থা ক্রিমিন্যাল জাস্টিসএর হয়েছে সিভিল জাস্টিস-এর কথা বলে লাভ নেই। হাইকোর্ট কি জন্য আছে মিনিস্ট্রি তা জানে না। হাইকোর্টএ জজদের বসবার জায়গা নেই। অনেক বিচার পড়ে রয়েছে, হাইকোর্ট এ ঘর নেই বলে বিচারকরা বলতে পারেন না, হাই কোর্ট বিল্ডিং থেকে আরম্ভ করে প্রত্যেক জায়গায় লিফ্ট পায় না বলে জজসাহেবরা দেরী করে আসতে আরম্ভ করেছেন। লিফট পি ডবলিউ ডি মেরামত করে না বলে জজেরা দেরীতে আসতে আরম্ভ করেছেন। ১৯৫৭ সালের মামলা আজ পর্যন্ত শেষ হয়নি, আজকে সেরকম জায়গায় যদি আধ ঘণ্টা করে দেরী হয় লিফ্ট মেরামতের জন্য পি ডবলিউ ডি ডিপার্টমেণ্ট আর ওনারা যদি ব্যবস্থা করে থাকেন তা হলে কি হয়? আজ হাইকোর্ট-এর মধ্যে বেশী সবচেয়ে অবিচার চলেছে, হাইকোর্ট ও প্যানেল লইয়ার নিযুক্ত করা থেকে আরম্ভ করে, অ্যাডভোকেট জেনারেল থেকে আরম্ভ করে, সাধারণ কর্মচারী নিয়োগ থেকে আরম্ভ করে সমস্ত ব্যাপারে অবিচার চলেছে এবিষয়ে আমি একটা উদাহরণ দেব এবিষয়ে একটা প্রশ্ন রেখেছিলাম, কিন্তু আমি সেই প্রশ্ন ডিসঅ্যালাউড করেছেন চীফ জাস্টিস-এর ব্যাপার বলে। হাইকোর্টএ একজন নিম্ন কর্মচারীকে সম্প্রতি প্রমোশন দেওয়া হয়েছে ২ জন অন্য কর্মচারীকে টপকিয়ে। এই নিয়োগের কারণ তিনি ফোর্থ এসিস্টেণ্ট রেজিসট্রার জে এন মিত্র-এর ভাইপো সমর মিত্র এই ভদ্রলোকের নাম। এর বিরুদ্ধে প্রতিবাদ করে সেখানকার স্টাফ অ্যাসোসিয়েশন চীফ জাস্টিস-এর কাছে লিখেছেন আমি এই ঘটনাটি বলতাম না। কিন্তু একটা কারণ হচ্ছে যে হাইকোর্ট এর মতন জায়গায় যেখানে আমাদের শত শত কর্মচারী প্রমোশন ডিমোশন ইত্যাদি চাকরীর জন্য ইত্যাদি বিচার প্রার্থী হিসাবে যায় সেখানেও যদি ঐরকম রণে ডিসক্রিমিনেশন চলে তা হলে কি উপায় হবে? সেখানে চীফ জাস্টিস-এর ডিপার্টমেণ্ট এই যদি এরকম অবিচার হয় যে ২ জন লোককে টপকে যেহেতু জে এন মিত্র এর ভাইপো যদি কাউকে প্রমোশন দেওয়া হয় তা হলে আর বিচার কোথায় আশা করা যায়? তারপর সেখানে প্যানেল উকিল নিয়োগের ব্যাপারে যেখানে অ্যাডভোকেট জেনারেল যেহেতু তিনি অ্যাডভোকেট জেনারেল আজীবন চেষ্টা থেকে আছেন তাকে রাখতে হবে বলে এইরকমভাবে প্রত্যেকটা ব্যাপারে এমন অবিচার চলে আসছে বলে এই ঘটনা হয়ত ক্ষুদ্র মনে হতে পারে। কিন্তু এই রকম চ্ছে। প্যানেল লইয়ার নিযুক্ত হচ্ছেন যিনি গভর্নমেণ্ট-এর স্ট্যাণ্ডিং কাউন্সিল নিযুক্ত হবেন আমি অ্যাডভোকেট জেনরেলকে বললাম তিনি রাজা টোডরমল আকবরের আমলেও ছিলেন। সরসাহের আমলেও ছিলেন, শুনছি এম এস বোস রিটায়ার করবেন কিন্তু রিটায়ার করবেন কিনা কন্তু কবে রিটায়ার করবেন জানি না। তিনি রিটায়ার করেননি এবং স্বজন পোষণ করছেন। প্যানেল ইয়ার-এর নিযুক্ত করার ব্যাপারে আমরা অনেক কিছুই দেখছি আমি ব্যক্তিগত ব্যাপারে বলছি বক্সি ইত্যাদি প্রত্যেকটা ব্যাপারে এরকম চলছে। বঙ্কিমবাবু একজন প্রাকটিশনার ছিলেন রিজিনাল সাইডএ, তিনি মারা গেলেন তিনি অ্যাডিশনাল গভর্নমেণ্ট প্লিডার হিসাবে মারা গেলেন। তিনি অ্যাপিলেট সাইড-এর লোক। অ্যাপিলেট সাইড-এর আর গোল পাওয়া গেল না। বঙ্কিমবাবু যেহেতু অতুল্যবাবুর প্রিয়পাত্র ক্যালকাটা কর্পোরেশন-এর অলডারম্যান ছিলেন। প্রদেশ কংগ্রেসের যেহেতু একজন ধ্বজা ধারী যেহেতু তাকে নেওয়া হলো। তিনি অরিজিনাল সাইডে প্রাকটিস করতেন অ্যাপিলেট সাইডে প্রাকটিস খুব কম ছিল কিন্তু তাঁকে নিযুক্ত করা হল এবং তিনি সেখানে কটা চক্র করেছেন তাঁর বশংবদ লোকেদের নিয়োগ করে। বঙ্কিমবাবুকে এই যে নিয়োগ করা ল তার একটা কারণ আছে। তিনি জুনিয়ার ষ্টানণ্ডিং কাউন্সিল হতে পারেন না কারণ সেখানে য়োগ করে রেখে নিয়েছেন হাই কোর্ট-এর অরিজিনাল সাইডএ কাজই ব্যারিস্টার এবং দা চামড়া ইংরাজ আমল থেকে যে ব্যবস্থা আছে যে ব্যবস্থার পরিবর্তন হবে না। সেই াপিলেট সাইডে স্ট্যাণ্ডিং কাউন্সিল জুনিয়ার স্ট্যাণ্ডিং কাউন্সিল সমস্ত নিয়োগ হবে ব্যারিস্টার

গ্রুপ থেকে। সুতরাং বঙ্কিম বাবুর যেখানে যাবার উপায় ছিল না কিন্তু তাঁকে চাপান হ অ্যাপিলেট সাইডের উপর। এর পর আপনি জানেন কিনা জানি না একেবারে বাতুল যাকে আমরা ডিক্লেয়ার ইনসেন বলি এরূপ লোককে প্যানেল ল-ইয়ার করে রাখা হল। প্যানেল্ ল-ইয়া করার ব্যাপারে একটা প্রচণ্ড দুর্নীতি চলছে। প্যানেলে যারা বশংবদ দলের লোক যারা ওে বসে এরকম লোক যারা অন্য জায়গায় হয়ত ১২ হাজার টাকার মাহিনায় চাকরী করছে তাঁর প্যানেল লইয়ার হয়ে বসে আছেন। হাই কোর্ট-এ প্যানেল ল-ইয়ার যাঁরা হন তাঁরা স তদ্বিরের লোক হয়ত এল আর এর বাড়ীতে সন্ধ্যাবেলা কেউ যান অন্য কোন হয়ত খাতির আে এরকম লোক প্যানেল ল-ইয়ার হয়ে বসে আছেন। এ সমস্ত ব্যবস্থার কি কিছু উন্নতি হয়েছে বর্তমানে আমি দেখতে পাচ্ছি এই গণতান্ত্রিক দেশে যে জিনিষটা প্রথম আঘাত করেছে সেটা হচ্ছে জুরী সিস্টেম। আপনি জানেন জুরী সিস্টেম এ জন্য তৈরী হয়েছিল যে রাজার আদেশে যাঁরা জজ নিয়োজিত হন তারা অনেক সময় রাজার পক্ষে চলে যাবেন বলে ইংলণ্ড-এর জনসাধারণ আন্দোলন করে জুরীর অধিকার পেয়েছিল। আমাদের দেশে জুরীরা ঘুষ খায় এটার জন্য জুরী সিস্টেম বাদ দিয়ে দেওয়া হল কিন্তু এটা ঠিক নয়। আগে জুরী নিয়োগ করা হত এমন সব শ্রেণী থেকে যেখানে এই প্রসঙ্গ উঠতে পারতো। আমরা জানি দেশে শিক্ষিতের সংখ্যা বেড়েছে সুতরং উপযুক্ত জুরর পাওয়া যায় না আমাদের দেশে এটা সত্য নয়। গ্রামের জমিদার ধনী কৃষক এদেরই জুরী প্যানেলে রাখা হয়েছিল বলে এরূপ অবস্থা হয়েছিল। শুধু জুরী প্যানেল বা অন্য প্যানেলের কথা নয় মোক্তার যাঁরা এ্যাডভোকেট হয়েছেন তাঁদের যে বেল পাওয়ার আছে সেখানে কিরূপ পক্ষপাতিত্ব চলে সেটা দেখুন। প্যানেল অ্যাডভোকেট তিনি যদি বিরোধী পক্ষের লোক হন, তিনি যদি গভর্নমেণ্ট ল-ইয়ারের সঙ্গে যোগাযোগ না রাখতে পারেন, ডি এম এবং এস ডি ও-র সঙ্গে খাতির না করতে পারেন তাহলে তাঁর বেল পাওয়ার হবে ১০ হাজার টাকা। আর যদি তিনি এরূপ কিছু করতে পারেন তাহলে বা ঘুষ খোর দারোগার চাকরী গিয়ে থাকে বা এস ডি ও-র সঙ্গে ভাল খাতির করতে পারেন তাহলে তাঁর বেল পাওয়ার হবে ৫০ হাজার টাকা। এরকম প্রতিটা ক্ষেত্রে দুর্নীতি চলছে এমন একটা ক্ষেত্র নেই যেখানে এ জিনিষগুলি আসবে না এবং যা শুনলে আপনার নিজেথেকে হৃদ কম্প উপস্থিত হবে। এরূপ অবস্থা দিনের পর দিন চলছে এবং এই মন্ত্রীমহাশয়ের আমলে বিশেষ ভাবে একাজ চালিয়ে যাচ্ছেন। এই ভাবে জজ্ নিয়োগের ব্যাপারে, প্যানেল নিয়োগে ব্যাপারে বেলের ব্যাপারে সর্বত্র এ জিনিষ চলছে। আজকে তিনি সেপারেসান অফ জুডিশিয়ালে কথা বলেছেন এবং এজন্য নাকি ৬ লক্ষ টাকা ধরেছেন। আমরা এই সেপারেসান অফ জুডিসিয়ারী জন্য আমাদের দেশে কোন রকম যে পার্থক্য ব্যবস্থা রয়েছে তা এমন কিছু বুঝতে পাচ্ছি না। এই ৬ লক্ষ টাকার যে ব্যয় বরাদ্দ দিয়েছেন এতে যে কি হবে তা জানি না। অর্থাৎ ৬ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দে কি করে সেপারেসান অফ জুডিসিয়ারী হবে তা জানি না। আজকে বাংলা দেশের যে পরিস্থিতি তাতে অবিলম্বে এ ব্যবস্থা হওয়া উচিত। খবরের কাগজে বেরিয়েছে বাংলা দেশ ছাড়া আমাদের এ বিষয়ে বিশেষ ঐক্যমত দেখা গেছে নাগা ল্যাণ্ডের সঙ্গে। হোম মিনিষ্টার নন্দ এই কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে এই ব্যবস্থা শীঘ্র করা দরকার যাতে ক্রিমিনাল ল কোর্ট এ যারা আছেন তাঁরা হাই কোর্ট এর জাজের আণ্ডারে রিক্রুট হন এবং এ ব্যবস্থা যদি চালু করেন তাহলে ভাল হয়। হাই কোর্ট-এর দ্বারা রিক্রুটমেণ্ট চালু করে এই সেপারেসান ব্যবস্থা চালু করা হোক। ম্যাজিস্ট্রেট নিয়োগের ব্যাপারে আজও যে ব্যবস্থা চলছে সেটা খুবই অন্যায় ব্যবস্থা চলছে। আপনি আলিপুরে গেলেই দেখতে পারেন ৬ জন ম্যাজিস্ট্রেট ৬।৭ বৎসর ধরে একই পোস্টে থেকে যান এবং দালাল কোর্ট ইনস্পেটক্টররা ইত্যাদি একটা চক্র করে ফেলেছেন। আইনের সবচেয়ে বড় কথা হচ্ছে জজ্ যারবি চারক

They should not only be impartial but must also appear to be impartial.

এই যে লোকগুলো সুপার এনুয়েটেড অফিসার হাউ ক্যান দে বি ইমপারসিয়াল কারণ তাঁরা সরব পক্ষের দিকে তাকিয়ে থাকবেন। কোর্ট ইনস্পেক্টারের দিকে তাকিয়ে থাকবেন। গভর্নমেণ্ট উকিলের দিকে তাকিয়ে থাকবেন এবং কোর্ট ইনস্পেক্টার কি থাকছেন সে অনুযায়ী ত সিদ্ধান্ত করতে বাধ্য হন এবং তাঁরা সব সময় তাঁদের তদ্বির করেন যাতে তাঁদের আলিপুর থে বাইরে না যেতে হয়। আমাদের জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেণ্ট বিচার বিভাগ এ পাবলিক ল-ইয়ার এবং এল আর ডিপার্টমেণ্ট সকলে মিলে এই ব্যবস্থা কায়েম রেখেছেন এ

কটা অবিচার চক্র দুষ্ট করে চলেছেন সেজন্য এই বরাদ্দের জন্য এক পয়সাও দেওয়া চিত নয়।

[4-10—4-20 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

ননীয় স্পীকার মহাশয়, বিচার বিভাগের যে ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রিমহাশয় উপস্থাপিত করেছেন ামি তার বিরোধিতা করতে উঠে প্রথমেই বলব, পশ্চিমবঙ্গ ছাড়া ভারতবর্ষের অন্যান্য প্রদেশে াজকে শাসন বিভাগ থেকে বিচার বিভাগকে আলাদা করা হয়েছে। আমরা মন্ত্রিমহাশয়ের াছে বার বার এই দাবী জানিয়েছি, শাসন বিভাগ থেকে যদি বিচার বিভাগকে আলাদা করা া যায় তাহলে অন্ততঃ ক্রিমিনাল সাইডএ যে বিচার হয় সে বিচারে ঠিক বিচার হতে পারে না। য কথা মনসুর হাবিবুল্লা সাহেব বলে গেলেন তার পুনরুল্লেখ না করে আমি শুধু এই টুকুই বলতে পারি যে, আমরা দেখেছি, ম্যাজিস্ট্রেট যাঁরা বিচার করেন তাঁদের অ্যাপয়েণ্টমেণ্ট—শুধু অ্যাপয়েণ্টমেণ্ট নয়, তাঁদের ট্রান্সফার, তাঁদের রি-এমপ্লয়মেণ্ট—সুপারঅ্যানুয়েটেড হয়ে গেলে, যহেতু তারা গভর্নমেণ্টের শাসন বিভাগের উপর নির্ভর করেন সেইহেতু বেশীরভাগ ক্ষেত্রে তাঁরা শাসন বিভাগের অনুকূলে তাঁদের রায় দেন। আমি ২।১টা উদাহরণ দিতে পারি। আমাদের াওড়ায় যিনি পুলিশ ম্যাজিস্ট্রেট ছিলেন আজকে তিনি অবশ্য আলিপুর ট্রান্সফার হয়ে গেছেন, আমি তাঁর নাম করতে চাই না। তিনি সুপারঅ্যানুয়েটেড এবং ৪ বছর ধরে রি-এমপ্লয়েড হচ্ছেন। আমাদের হাওড়ায় রি-এমপ্লয়েড হবার পর প্রায় ৩ বছর ছিলেন। তিনি তাঁর কেসে পলিশ পক্ষকে এই যখন ২৫শে সেপ্টেম্বর হরতাল হল, সেই হরতালে পুলিশ ডি আই আর ৪১।৫এ জনকতককে অ্যারেস্ট করলেন। তাদের কোর্টে বিচারের জন্য নিয়ে যাওয়া হল। কিন্তু তিনি তাঁদের বেল দিলেন না। কেন দিলেন না? পুলিশ চাইল তাদের বেল না দেওয়া হোক। সেই বেলের রখাস্ত ডিস্ট্রিক্ট জাজ-এর কাছে নিয়ে গেলাম। ডিস্ট্রিক্ট জাজ্ সেই দরখাস্ত মঞ্জুর করলেন। আর সেখানে অ্যাসিস্ট্যাণ্ট পাবলিক প্রোসিকিউটরকে তিনি একথা বলেছিলেন যে, এখানে ডি আই আর.-এর প্রশ্ন আসে কোথা থেকে? সেই প্রশ্নের কোন সদুত্তর তিনি দিতে পারেন নি। ডিস্ট্রিক্ট জাজ যখন ১০০ টাকা বেল মঞ্জুর করলেন তখন তিনিও ফার্দার পিটিসন নিয়ে বেল দিতে আরম্ভ করলেন। কিন্তু কত করে? প্রথমে হাজার যাতে যারা বেল এপ্লিকেসান করেছে সে অনপাতে পয়সা খরচ করতে না পারে। সেই জন্য ডিস্ট্রিক্ট জাজ যা দিয়েছেন তার থেকে অ্যামাউণ্ট ১০ গুণ বাড়িয়ে দিলেন। কারণ তাঁর ইচ্ছা পুলিশকে সাহায্য করেন। এই সেদিন হাওড়ায় বাস ট্রাবল হল। কয়েকটা বাস পুড়ল। তাতে জনকতক সিটিজেনকে ডি আই আর ৪১।৫এ ধরা হয়েছিল। তিনি তাঁদেরও কাউকে বেল দিলেন না। পরে ডিস্ট্রিক্ট জাজ ২০০ টাকা করে বেল গ্রাণ্ট করে দিলেন। তারপর দেখা গেল পুলিশ সে মামলা চালাতে পারলো না, তাঁরা ফাইনাল রিপোর্ট দিয়ে দিলেন। এই রকম ধরনের পুলিশের ইচ্ছা হলেই আটকে রাখেন। আর ঐ সুপারয়ানুয়েটেড অফিসাররা নিজেদের সুখ সুবিধার জন্য বিচারের নামে প্রহসন চালিয়ে যাচ্ছেন বলেই এটা সম্ভব হচ্ছে। বিচার বিভাগকে শাসন বিভাগের আওতার বাইরে না রাখলেই এরকমই চলবে। তারপর বিচার বিভাগের উপর কংগ্রেস পার্টি এবং গভর্নমেণ্ট আজ যেভাবে হাত দিচ্ছেন তাতে আমাদের দেশের মধ্যে বিচার বিভাগ যা একমাত্র সম্বল ছিল এবং যার উপর মানুষে কিছুটা নির্ভর করতো সেটা চলে যাবে। আজও হাই কোর্ট সম্বন্ধে বাংলাদেশের শতকরা ৯০।৯৫ জন লোকের পূর্ণ আস্থা আছে। সেই হাইকোর্টএ আজকে আপনারা কি করছেন? কংগ্রেস পার্টি থেকে এই কর্পোরেশন-এর ইলেকসনএ একজন জাজ-এর স্ত্রীকে নমিনেশন দিচ্ছেন। জাজদের আমরা কি চোখে দেখি? অত্যন্ত ভালো চোখে দেখি। কারণ তাদের কাছ থেকে ভালো বিচার পাই। অনেক ক্ষেত্রে দেখা গেছে কংগ্রেস পার্টির তরফ থেকে এই সব জাজদের কেনবার চেষ্টা হচ্ছে। শুধু কেনবার নয়, কলুষিত করে দেবার চেষ্টা হচ্ছে। প্রথম কথা জাজ-এর পক্ষে থেকে অন্যায় হয়েছে তাঁর স্ত্রীর নমিনেসন কংগ্রেস থেকে স্থির করা, আর কংগ্রেস পার্টির অন্যায় হয়েছে জাজ-এর স্ত্রীকে এইভাবে নমিনেসন দিয়ে জাজকে একটা পলিটিক্যাল স্পেয়ার-এর মধ্যে নিয়ে আসা। যাকে দেশের প্রত্যেকটি লোক অন্য দৃষ্টিভঙ্গী নিয়ে দেখে। তাছাড়া দেখা গেছে যে, গভর্নমেণ্ট প্লিডার কিম্বা পাবলিক প্রসিকিউটর-এর অ্যাপয়েণ্টমেণ্টএ কিভাবে কংগ্রেস পার্টি ডিস্ট্রিক্ট সি এর রিকমেণ্ডেসন ডাউনকাট করে। আমি একটা উদাহরণ দিচ্ছি। রিসেণ্টলি অ্যাপয়েণ্টমেণ্ট

অফ গভর্নমেণ্ট প্লিডার। হাওড়ায় গভর্নমেণ্ট প্লিডার অ্যাপয়েণ্টমেণ্ট এর জন্য নোটিফিকেসন দেওয়া হয়েছিল। কোয়ালিফিকেসান ছিল লিগ্যাল প্রাকটিশনার অফ অ্যাট লিস্ট ফাইভ ইয়ারস এক্সপিরিয়ান্স, মাস্ট বি বিলো দি এজ অফ ৬০ সিক্সটি ইয়ারস মাস্ট হ্যাভ সাউণ্ড নলেজ ইন ল ম্যাটারস। হাওড়া কোর্টের সবচেয়ে লব্ধপ্রতিষ্ঠ অ্যাডভোকেট শ্রীহিমাংশু ব্যানার্জী মহাশয় দরখাস্ত করেছিলেন। তাঁর বয়স হচ্ছে ৫৬ বৎসর। তিনি বহুদিন ধরে এখানে প্রাকটিস করেছেন। ডিস্ট্রিক্ট জাজ তাঁর কেস রিকমেণ্ড করেছিলেন। শুধু তাই নয় ডিস্ট্রিক্ট জাজ অ্যাডিশনাল জাজ এবং অন্যান্যের সংগে কনসাল্ট করে তাঁকে রিকমেণ্ড করেছিলেন যাতে তাঁকে অ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়। সেই সময় জালান সাহেব এখানে ছিলেন না। দেখা গেল আর একজন ক্যানডিডেট শ্রীবলাই ব্যানার্জী তিনি কংগ্রেসের একজন হর্তাকর্তা নেতা, তাঁর বয়স ৬০ বৎসর যাঁর সম্বন্ধে ডিস্ট্রিক্ট জাজ-এর রিকমেণ্ডেসন নেই তাঁকে নেওয়া হল। ডিস্ট্রিক্ট জাজ-এর রিকমেণ্ডেশনএ গভর্নমেণ্ট প্লিডার অ্যাপয়েণ্টমেণ্ট হওয়া উচিত, কিন্তু সেখানে এই ডিপার্টমেণ্ট ডিস্ট্রিক্ট জাজ এর রিকমেণ্ডেশনকে ফ্লাউট করে অ্যাপয়েণ্ট করলেন শ্রীবলাই ব্যানার্জীকে যেহেতু তিনি কংগ্রেসের একজন নেতা। আমরা অবশ্য জানি তাঁর পেছনে কে সুতো টেনেছিলেন। আমাদের হাওড়ার ২ জন মিনিষ্টার শ্রীরবীন্দ্রলাল সিংহ এবং শ্রীশৈলকুমার মুখার্জী মহাশয়, যেহেতু তিনি তাঁদের অত্যন্ত প্রিয়পাত্র—এটা আমরা ছেলেবেলা থেকেই জানি, কিন্তু আমি দোষ দেব জালান সাহেব ও তাঁর ডিপার্টমেণ্টকে। কেন ডিস্ট্রিক্ট জাজ-এর রিকমেণ্ডেশনকে ভাওলেট করা হল? কেন বলাইবাবুকে অ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হল, যার বয়স ৬০ বছর আর যেখানে চাওয়া হয়েছে অন দি ডেট অফ অ্যাপয়েণ্টমেণ্টএ বিলো সিক্সটি ইয়ারসের এমন কি ডিস্ট্রিক্ট জাজ-এর রিকমেণ্ডেসন পর্যন্ত নেই। ডিস্ট্রিক্ট জাজ রিকমেণ্ড করেছেন হিমাংশুবাবুকে। আর যাঁরাই হাওড়া বার সম্বন্ধে খবর রাখেন তাঁরাই জানেন হিমাংশুবাবু খুব একজন কোয়ালিফাইড ল ইয়ার। তাঁরই গভর্নমেণ্ট প্লিডার হওয়া উচিত। গভর্নমেণ্ট প্লিডার হলে এমন কিছু আর্থিক সুবিধা তাঁর হয়ত হত না, এখন তাঁর চেয়ে ঢের বেশী ইনকাম তিনি করেন। তবুও তাঁর কেসটা আমি এই জন্যই এখানে তুলে ধরছি যে, এর দ্বারাই দেখা যাবে জালান সাহেবের এই ডিপার্টমেণ্ট কিভাবে বিচার বিভাগকে নিয়ে পলিটিক্স করছেন। আজকে জালান সাহেবকে একট কথা মনে রাখতে হবে, তাঁদের ক্ষমতা আছে বলে বিচার বিভাগের উপর—ডিস্ট্রিক্ট জজ হাইকোর্টএর জাজদের উপর যদি এইভাবে হস্তক্ষেপ করেন, আর অ্যাপয়েণ্টমেণ্টগুলিবে দলীয় স্বার্থে ব্যবহার করেন তাহলে আজকে আমাদের দেশে বিচার বিভাগ বলে যে জিনিষট আছে সেটা নষ্ট হয়ে যাবে, আর তার জন্য দায়ী হবেন জালান সাহেবের ডিপার্টমেণ সেই জন্যই আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিচার বিভাগের যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করা হয়েছে তা বিরোধীতা করতে উঠে আমি আপনার মাধ্যমে পুনর্বার একই কথা বলবো যেটা আপ শুনেছেন এবং আমার পূর্বে বিরোধী পক্ষের দুজন বক্তা বলেছেন যে নাগাল্যাণ্ডে এবং পশ্চিমব ছাড়া সমস্ত ভারতবর্ষে এই বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে পৃথক করা হয়েছে। অথ বাংলা দেশে করা হয়নি। এবং এই না হওয়ার কারণ সম্পর্কে আমি দু একটা কথা বলবো আমার মনে হয় যে এইজন্যই বাংলা দেশে করেন নি কারণ আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমি জানি যে ঐ সমস্ত শিল্পাঞ্চলে, আসানসোল মহকুমার শিল্পাঞ্চল শুধু নয় প্রায় সর্বত্র বিচার বিভাগকে শাসন বিভাগের পদতলে রাখার প্রধান কারণ হচ্ছে ঐ পলিশ কতৃপক্ষ এ ডি ও এবং ম্যাজিস্ট্রেটরা যে বিভিন্ন কলকারখানার মালিকদের সঙ্গে সাধারণ শ্রমজীবী মানুষদে সংঘর্ষের ফলে তাদের বিরুদ্ধে পুলিশ যে সমস্ত কেস করে সেই সমস্ত কেস সম্পর্কে যখ শ্রমিকরা সুবিচার প্রার্থনা করে যখন কোর্টে যান তখন আমরা দেখি যে ঐ সমস্ত এস ডি [illegible] ডিক্টেট করা হয়—তাদের বেল দেওয়া হবে কিনা। এমন কি পুলিশকে টাক দিয়ে ঐ সমস্ত কয়লা সম্রাট এবং লৌহ সম্রাটরা ঐ সমস্ত শিল্পাঞ্চলে বিচারকে কুক্ষিগত করা চেষ্টা করেন এবং বিচারকে প্রহসনে পরিণত করার চেষ্টা করেন। তখন আমরা দেখি তা

সবচেয়ে সুবিধাজনক পরিস্থিতি হচ্ছে এ বিচার বিভাগকে শাসন বিভাগের অন্তর্ভুক্ত রাখা। শাসন বিভাগের কর্তাদের নির্দেশে ঐ বিচার মালিকরা টাকা দিয়ে কিনে নিতে পারেন এই অবস্থা আমরা শিল্পাঞ্চলে দেখি। মাননীয় স্পীকার মহাশয় আমি খুব বিস্তৃতভাবে যাচ্ছি না—শুধু একটি মাত্র ঘটনার প্রতি আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের এবং অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি যে কেমন করে একজন বিচারক ঐ শাসন বিভাগের অন্তর্ভুক্ত থাকার ফলে কাজ করেন—তার জলন্ত প্রমাণ দিচ্ছি—এস পি মুখার্জি বলে আসানসোল কোর্টের একজন ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট যাঁকে সম্প্রতি ট্রান্সফার করা হয়েছে এবং আমি শুনেছি এমন কি বিচারকের কাজ থেকে সরিয়ে নিয়ে তাকে সেটেলমেণ্ট অফিসার করা হয়েছে। তার একমাত্র কারণ হচ্ছে কিছু দিন পূর্বে আসানসোলে প্রায় একমাত্র যাবৎ সমস্ত উকিল এবং মোক্তাররা তাঁর কোর্টে যাওয়া বন্ধ করেন। সে সম্পর্কে আমি একটি দৃষ্টি আকর্ষণসূচক নোটিশ দিয়েছিলাম মন্ত্রী মহাশয় তার কোন জবাব দেন নি এই কারণে আমরা দেখেছি যে এস পি মুখার্জীর কোর্টে কোন কেসে শ্রমিক কর্ম কর্মচারীদের পক্ষে রায় হয়েছে। আমরা জানি যে তাঁর কোর্টে গিয়ে কেউ বিচার পান না এবং একটা সাধারণ কেসে জামিন পর্যন্ত মঞ্জুর করা হয় না—এবং এটা করা হবে কি হবে না তার জন্য তিনি চেয়ে থাকেন কোর্ট ইনস্পেক্টারের দিকে পলিশ কর্তৃপক্ষের দিকে। তাই জলন্ত প্রমাণ দেখি যে শাসন বিভাগের অন্তর্ভুক্ত বিচার বিভাগকে রাখলে বিচার পাওয়া যায় না—বিচার একটা প্রহসনে পরিণত হয়—দৃষ্টান্ত আমি দিলাম। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে যেটা মনসুর হাবিব সাহেব বলেছেন এবং যেটা আপনিও জানেন যে জাস্টিস ডিলেড মিনস জাস্টিস ডিনাইড এবং এক একটা বিচার দীর্ঘ তিন চার বছর ধরে চলছে—তার কোন ফয়েসালা হচ্ছে না। সেখানে সাধারণ গরীব মানুষ, শ্রমিক কৃষক মধ্যবিত্ত মানুষ তারা কেস চালাতে না পেরে খরচ জোগাড় করতে না পেরে তাদের আরও দুর্দশার মধ্যে পড়তে হয় এবং দীর্ঘ দিন ধরে বিলম্বিত ভাবে কেসগুলি পড়ে থাকে—তার কারণ হিসাবে আমরা জানি যে বিভিন্ন কাজের পোষ্ট থাকা সত্ত্বেও—জজের পোস্ট স্যাংসন হয়ে আছে অথচ আপনারা নিচেছন না। মুনসেফ এবং জজ বিভিন্ন কোর্টগুলিতে প্রচুর সংখ্যক পোস্ট খালি পড়ে আছে অথচ আপনারা নিচ্ছেন না। তার ফলে পাহাড়ের পর পাহাড় কেসগুলি জমে আছে অথচ বিচার হচ্ছে না—কেসগুলি জমে আছে। আমি আপনার মাধ্যমে একটা দৃষ্টান্ত দিচ্ছি সেটা লোয়ার কোর্টের ব্যাপার নয়—হাইকোর্টের ব্যাপার। দু বছর আগে চিত্তরঞ্জন কারখানায় কিছু শ্রমিক কর্মচারীর সার্ভিস ব্রেক অর্ডার দেওয়া হয়। তার বিরুদ্ধে হাইকোর্টে একটা কেস করা হয়। দু বছরের উপর হয়ে গেছে আজ পর্যন্ত কোন ফয়সলা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন ব্রেক সার্ভিস হওয়ার অর্থ হচ্ছে যে সেখানকার হাজারের উপর শ্রমিক কর্মচারী তাদের রেলের যে সুযোগ সুবিধা পাবার কথা পাস পি টি ও ইত্যাদি তারা পাচ্ছে না। বছরের পর বছর ধরে সেই কেসে ফয়েসলা না হবার জন্য এই রকম হচ্ছে এবং ফলে ইনক্রিমেণ্টও পাচ্ছে না—এবং তাদের প্রমোসনের চ্যানেল বন্ধ হয়ে আছে। কাজেই যদি বিচারে এইভাবে দেরী করা হয়—যদি বিচার সময় মত না পায় জাস্টিস যদি ডিলেড হয় তাহলে জাসটিস ডিনায়েড হয় তার প্রকৃষ্ট উদাহরণ ঐ চিত্তরঞ্জনের কেস। আমি দীর্ঘ দিন এ নিয়ে ঘোরাফেরা উকিলের সঙ্গে কথাবার্তা বলেছি—তারা বলেছেন যে যখন টার্ন আসবে তখন হবে। আমি জানি যে দীর্ঘ দিন লিস্ট এমনিভাবে করা আছে যে আগামী কয়েক বছরে সেই কেস ফয়সলা হবে কিনা সে সম্পর্কে কোন নির্দিষ্ট ধারণা আমরা নিতে পারি না যার ফলে সেখানে হাজারের উপর শ্রমিক কর্মচারী তাদের সার্ভিস ব্রেক হয়ে থাকার ফলে ইয়ারলি ইনক্রিমেণ্ট পাস পি টি ও-র সুবিধা মেডিক্যাল বেনিফিট সমস্ত কিছু থেকে তারা বঞ্চিত হচ্ছে এবং কবে যে সেই কেসের ফয়সলা হবে তাও আমরা জানি না। সেইজন্য আমি বলছি একদিকে যেমন বিলম্বিতভাবে কেসগুলি পরিচালনা করার ব্যাপারে দীর্ঘ দিনের ঐতিহ্য নিয়ে তারা চলেছেন অন্য দিকে বিচার বিভাগকে শাসন বিভাগের অন্তর্ভুক্ত রাখার ফলে বিচার প্রহসনে পরিণত হচ্ছে এই দুটো কথা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের সামনে এবং এই সভার সামনে রেখে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিচার বিভাগের মন্ত্রী যে বাজেট বরাদ্দের প্রস্তাব রেখেছে আমি তার বিরোধিতা করছি। বর্তমান কংগ্রেস সরকার তাঁদের রাজনৈতিক যজ্ঞকুণ্ডে জালা সাহেবকে এং তাঁর বিভাগকে আগুনের জালানী হিসাবে ব্যবহার করছেন এবং আমার অনেক সময় এই হাউসে বক্তৃতা করতে উঠে ক্ষোভ হয়—ইণ্ডিগনেসন আসে—রাগ হয়। কিন্ত অদ্ভুত ক্ষমতা আমাদের ঐ মন্ত্রিমহাশয়ের, ওঁকে দেখে আমি তো একেবারে সম্পূর্ণভাবে ডিসআ হয়ে গেছি। ওঁর এমন ক্যালাসনেসের সম্বল বোধ হয় এই হাউসে আর নেই। ঐ যে শ্বেত টুপিটি পরে শ্বেত হস্তীর মাহুত বসে আছেন হাজার বলা হোক ঐ মাহুতকে এদিক ওদিক নড়ানো যাবে না। আমি একটা কথা বলছি যে ডিপার্টমেণ্টের কি রকম দক্ষতা দেখুন। হাইকোর্টে পাঁচজন জজের এ্যাপয়েণ্টমেণ্ট দরকার হয়ে পড়েছে এবং বিভিন্ন জায়গায় আমরা শুনছি যে কারা কারা হতে পারেন—কিন্তু হাইকোর্টের পাঁচ জন জজ এ্যাপয়েণ্টমেণ্ট পাচ্ছেন না যদিও আমাদের কলকাতা হাইকোর্টের চীফ জাসটিস শ্রীহিমাংশু বোস যথেষ্ট চেষ্টা করছেন এ সম্বন্ধে কিন্তু আশ্চর্য্যের কথা এইজন্যই হচ্ছে না যে হাইকোর্টে জায়গা নেই। এবং ২১ লক্ষ টাকা স্যাংসন হয়ে পড়ে আছে দীর্ঘ ৭।৮ বছর ধরে কিন্তু এই টাকা বার বার ল্যাপস করে ফিরে চলে গেল খরচ হোল না—শুধু এই মহানুভব ব্যক্তিটির জন্য। আমি বালক কালে পড়েছিলাম, আমার ভুল হলে মাননীয় সদস্যরা সংশোধন করে দেবেন—আচার্য গিরিশ ঘোষের প্রফুল্ল নাটকে পড়েছিলাম মা আমার রত্নগর্ভা। কারা রত্নগর্ভা সে দৃষ্টান্ত আমি দিতে চাচ্ছি না। পশ্চিমবঙ্গ সরকার হচ্ছেন রত্নগর্ভা—এই মুখ্যমন্ত্রীর ডিপার্টমেণ্ট বলুন শ্রম ডিপার্টমেণ্ট বলুন, ইণ্ডাস্ট্রি, ডেভেলপমেণ্ট, এগ্রিকালচার যাই বলুন এই একটা রত্ন—কেউ ব্ল্যাক ডায়মণ্ড, কেউ প্ল্যাটিনাম, কেউ গোল্ড কেউ বৈদুর্য মুনি। উনি ব্ল্যাক ডায়মণ্ড কিনা জানি না কিন্তু এই যে ২১ লক্ষ টাকা বার বার ফিরে গেল এর জন্য কারা সাফার করছে হাইকোর্টের জাজ যারা হলেন না তাদের জন্য আমার বক্তব্য নয়, কিন্তু এর জন্য সাফার করছে পাবলিক। এবং হাইকোর্টে এরিয়ার অব ওয়ার্কস হয়ে যাচ্ছে। দ্বিতীয় কথা মনসুর সাহেব বলেছিলেন যে হাইকোর্টে নাকি একজন কর্মচারীর ২০ জনকে ডিঙ্গিয়ে সুপারসিড করে তার প্রমোসন হয়েছে। আশ্চর্যের কি আছে—শিক্ষা বিভাগের যিনি ডি পি আই, তিনি ভাল লোক শিক্ষিত লোক ব্যক্তিগতভাবে তার বিরুদ্ধে বলার কিছু নেই—কিন্তু তিনি ২৭ জনকে টোপকে ডি পি আই হলেন। শিক্ষা বিভাগে যা হবে—হাইকোর্টে তাই হবে—সবই এইভাবে চলবে—কিছু করবার নেই। কারণ আমরা জানি যে বিরোধী দলকে ওঁরা উপেক্ষা করছেন। ওঁদের দলের নেতা বলছেন আমরা পিপীলিকা আর ওঁরা হাতী যেহেতু আমরা পিপীলিকা এবং ওঁরা হাতী সেই হেতু ওঁরা হাতীর মত আমাদের ঘাড়ে পা রেখে আমাদের দলিয়ে রেখে চলে যাবেন। সুতরাং হাজার বলেও কিছু হবে না। এটাই হোল সবচেয়ে দুঃখের কথা। আমি বলছি যেটা সবচেয়ে বড় আমার অভিযোগ এক্সিকিউটিভ এবং জুডিসিয়ারী সেপারেসন হচ্ছে না। আমি এই হাউসকে বলে যাচ্ছি যে আপনারা দেখবেন ১৯৬৭ সালের আগে কিছুতেই সেপারেসন হবে না। তার কারণ কংগ্রেসের রাজনৈতিক স্বার্থে এটা করতে দেওয়া হবে না। আজকে তাঁরা জানেন যদি এইভাবে সেপারেশন অফ এক্সিকিউটিভ অ্যাণ্ড জুডিসিয়ারী। ম্যাজিস্ট্রেটরা যদি হাইকোর্টের আওতায় চলে আসেন এবং তাদের ট্রান্সফার প্রমোসন অ্যা অ্যাপয়েণ্টমেণ্ট সব যদি হাইকোর্টের কর্তৃত্বাধীনে এসে যায় তাহলে ঐ যে কংগ্রেস সব জায়গায় ভয় দেখাচ্ছে যে তুমি যদি আমার বিরুদ্ধে ভোট দাও তাহলে তোমার বিরুদ্ধে ফৌজদারী ঠুকবো—এই জিনিস হবে না। আরামবাগে গত কয়েক বছরে কয়টি মাজিস্ট্রেটকে কয়বার ট্রান্সফার করা হয়েছে তার হিসাব দিন। আবার আলিপুরে মনসুর সাহেব বললেন ৭।৮ বছর একটা গোষ্ঠী কাজ করে আসছে। আমি জানি সরকারের ডিপার্টমেণ্টে হয়তো অনেক যোগ্য অফিসার আছেন—শ্রীনিমাই চক্রবর্ত্তী, আদালতে তিনি যখন বিচারপতি ছিলেন তখন তাঁর সামনে হয়তো আমার হাজির হবার সুযোগ হয়নি কিন্তু আমি জানি তার কমপিটেন্সী, জুডিসিয়্যাল সেক্রেটারী একজন কমপিটেণ্ট অফিসার এবং আরও অনেক রয়েছেন আমি জানি—কিন্তু আমি বলছি তাঁদের বিবেকটা কি চলে গেল? তারা সরকারকে কেন এইভাবে মিসলিড করেছেন? এই যে মনসুর সাহেব যেটা বললেন হাইকোর্টে যে এ্যাপয়েণ্টমেণ্টগুলি হচ্ছে প্যানেলে এটা খুব দুঃখের কথা। আমি নিজে ব্যবহারজীবী—আমি লালায়িত নই কোন

পিপ প্যানেলে যাবার জন্য কিন্তু কথা হচ্ছে এই যে সমস্ত সুপার এ্যানুয়েটেড অফিসারস তারা পেনসন পাচ্ছেন—তারা হাইকোর্টে গভর্নমেণ্ট কাউন্সেলর হয়ে বসে আছেন এবং গভর্নমেণ্টের যে সমস্ত ভাল ভাল বক্তব্য তা তারা রাখছেন না, ফলে গভর্নমেণ্টের কেস নষ্ট হয়ে যাচ্ছে। এবং গভর্নমেণ্টের যে সমস্ত ভাল ভাল বক্তব্য সেটা তাঁরা রাখছেন।

[4-30—4-40 p.m.]

স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন বহু জায়গায় গভর্নমেণ্টের কেস নষ্ট হয়ে যাচ্ছে, আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, আমরা বললাম

We do not want to press this Rule. The application or the appeal ought to have become infructuous. In many of the cases, Government Counsel, members of the panel make a grievance-they say, "Well, please do not do that for God's sake. Please say that I am making this application but the application may be dismissed on merit, so that we may be entitled to our bills". This is what is happening.

এইভাবে হচ্ছে। এটা কি? আজকে আপনারা দেখুন ভূদেব সেনের কেসে স্ট্যাণ্ডিং কাউন্সিলকে নিয়ে গেলেন। একটা রায়টিং কেসের কাউণ্টার কেসে আপনি শুনলে অবাক হয়ে যাবেন, টিম শুনুন—স্ট্যাণ্ডিং কাউনসেল শ্রীএ. সি. মিত্র, ভাল লইয়ার, স্ট্যাণ্ডিং কাউন্সেল ডিরেক্টর অব পাবলিক প্রোসিকিউসানস শ্রী পি. কে. বাসু, এ্যাসিস্ট্যাণ্ট পাবলিক প্রোসিকিউটর, ফোর্থ ম্যান, কোর্ট ইনস্পেক্টর, এঁদের নিয়ে যাবার কি প্রয়োজন আছে? এই ৪ জনের প্যারেড করে স্ট্যাণ্ডিং কাউনসেলকে ডেলি ফি ৬০ গোল্ড মোহর দেবার কি প্রয়োজন আছে? এটা স্যার সোসালিজমের জায়গা, তীর্থক্ষেত্র। এই ৬০ গোল্ড মোহর হাজার ২০ টাকা ডেলি ফি এটা কারা দিচ্ছে? দিচ্ছে পুওর ট্যাক্সপেয়ার। এটা এল. আর. অফিস থেকে অফিসার দিচ্ছেন না, দেশের সাধারণ মানুষ দিচ্ছে। এটা আপনারা কেন করছেন? তাঁর ট্যালেণ্টকে হাইকোর্টে ইউজ করুন, তাঁকে ওখানে নিয়ে যাচ্ছেন কেন? মুন্দ্রার কেশ চলছে, সেখানে আপনি দেখুন—নালিশ কার কাছে করবেন, ডেলি আধ ঘণ্টা এক ঘণ্টা এ্যারেঞ্জমেণ্ট করা আছে,

High Court lawyers are going.

প্যামপার্ড চিলড্রেন স্টেটের, ম্যাজিস্ট্রেট বসে আছেন, তাঁরা একবার গেলেন, মাইলর্ড' ইওর অনার বলে আধ ঘণ্টা দাঁড়িয়ে সওয়াল করে চলে গেলেন, কারোর হাজার টাকা, কারোর ৫ শো টাকা ফিজ আর্নড হল, ট্যাক্সির মিটার উঠতে লাগল, আবার হাইকোর্টে কেস করলেন, বছরের পর বছর এইভাবে কেস চলছে। সেদিন দেখলাম পেট্রোল চুরির কেসে একজন স্পেশ্যাল কোর্ট জাজ মন্তব্য করছেন যে এই মামলা বছরের পর বছর অনাবশ্যকভাবে বিলম্বিত হয়েছে। তা সত্বেও লইয়ার কনসার্নডকে যে হাজার হাজার টাকা ফি দেওয়া হল তাঁর কাছ থেকে এক পয়সা ফেরত নেওয়া হয়েছে? নেওয়া হয় নি এইভাবে করে কি লাভ আছে? কাকে আপনারা ঠকাচ্ছেন? অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন কোথায় জালান সাহেবের ডিপার্টমেণ্ট চলেছে। এই হাউসে আমি আগেও বলেছি, আবার বলছি এবং ভবিষ্যতেও বলব—গোলাম মোহিউদ্দিনের কেস, অধ্যক্ষমহাশয় আপনি শুনলে স্তম্ভিত হয়ে যাবেন, এ্যাডভোকেট জেনারেল শ্রী এস. এম. বোস ওয়াজ ইনচার্জ অফ দিজ কেস জাজমেণ্ট দিলেন জাসটিস বিনায়ক ব্যানার্জী সেই জাজমেণ্টের এগেনস্টে এ্যাপিল হল না। অথচ সেই এ্যাপিল না হওয়ার জন্য গোলাম মোহিউদ্দিন ১৫ থেকে ২০ হাজার টাকা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্টের কাছ থেকে পেয়ে গেলেন। কিন্তু দেখুন স্কুল মাষ্টারের চাকরি চলে যাচ্ছে স্কুল বোর্ড থেকে তার বিরুদ্ধে এ্যাপিল হচ্ছে, সরকারী কর্মচারীদের যেখানে চাকরি খতম হয়ে যাচ্ছে হাই কোর্টে রায় হচ্ছে তার বিরুদ্ধে এ্যাপিল হচ্ছে

In almost all cases without exception the State Government is preferring appeal to the Chief Justice under letters to patent clause 15.

কিন্তু গোলাম মোহিউদ্দিনের কেসে যেখানে ১৫ হাজার টাকা আমার সরকারের চলে গেল সেখানে এ্যাপিল হল না।

Do you know what was the reason? I asked how is it that the Advocat General Shri S. M. Bose was not consulted as to whether the appeal shoul be preferred or not. This shameless Minister said in the open House, "W took the legal advice of the Standing Counsel Shri A. C. Mitra" althougl he-said Shri Mitra, Standing Counsel was not in charge of the case.

এর চেয়ে নির্লজ্জের মত ব্যবহার আর কি হতে পারে? কার স্বার্থে এটা হল? এ্যাডভোকে জেনরেলকে কনসাল্ট না করে স্ট্যাণ্ডিং কাউনসেলের মত নিয়ে তাঁরা এ্যাপিল করলেন না হোয়াই? এই কি বিচার? পিপল নো, হোয়াই ইট ওয়াজ সো ডান, ওঁর ডিপার্টমেণ্টে খোঁজ করবেন ঐ যে

Rule 4, couduct unbecoming of a Government servant or conduct derogator to the prestige of the Government, service rule 4.

সেই রুল ৪ এর উপর জাসটিস বিনায়ক ব্যানার্জীর যে গুরুত্বপূর্ণ রায় হয়েছে ইট ইজ এ ভেরি ইমপর্ট্যাণ্ট জাজমেণ্ট। সেই রায়ের ভিত্তিতে যখন গোলাম মোহিউদ্দিনের কেসে এ্যাপিল করলেন না তখন

The only logical inference should have been that the Government must stand now and amend the Service Rules, Rule 4 in the light of the judgmen and observation made by Justice Binayak Banerjee but that has not bee done. Why?

তাহলে হচ্ছে কি গভর্নমেণ্ট ইজ ইটিং দি কেক আণ্ড হ্যাভিং ইট টু এই যে দু'মুখো নীতি এই নীতি চলতে পারে না। তারপর কথা হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয় সিটি সিভিল কোর্টের জুরিস ডিকসান আপনি জানেন। আপনি জানেন সিটি সিভিল কোর্টে ৮ থেকে ১০ জন কোয়ালিফায়েড কমপিট্যাণ্ট অফিসার, জুডিসিয়াল অফিসার, যাঁদের প্রত্যেকের ডিস্ট্রিক্ট জাজের র‍্যাঙ্ক এবং প্রাইজ পোস্ট অব সিটি সিভিল কোর্ট, যাঁরা ডিস্ট্রিক্ট জাজ হয়ে ডিস্ট্রিক্টে ফাংসান করার পর সিটি কোর্টে এ্যাপয়েন্টমেণ্ট পান তাঁদের বিচার করার জুরিসডিকসান লিমিটেড, ১০ হাজার টাকার বেশী বিচার করতে পারবেন না। কিন্তু দুঃখের কথা আলিপুরের ডিস্ট্রিক্ট জাজের আনলিমিটেড জুরিসডিকসান, ১ লক্ষ ২ লক্ষ ৩ লক্ষ টাকার বিচার তাঁরা করতে পারেন। এই হবু চন্দ্রের রাজত্বে এমনই ব্যাপার—এখানে রাম রাজত্ব কি হনুমানের রাজত্ব জানি না, এখানে এমনই নিয়ম যে আলিপুরের ডিস্ট্রিক্ট জাজ ১ লক্ষ ২ লক্ষ ৩ লক্ষ টাকার বিচার করতে পারবেন কিন্তু যেই তিনি প্রমোশান পেয়ে চিঠি সিভিল কোর্টে এলেন অমনি তাঁকে ঠুঁটো জগন্নাথ বানিয়ে দেওয়া হল, তিনি ১০ হাজার টাকার বেশী বিচার করতে পারবেন না। সিটি কোর্টে একটা রায় হয়েছে—সিটি কোর্টে যাঁরা জাজ ছিলেন তাঁরাই আজকে সেই এল. আর, তাঁরাই জুডিসিয়াল সেক্রেটারী, দুঃখের কথা তাঁরাও আজকে অবজার্ভেসানের ভিত্তিতে গভর্নমেণ্টকে নাড়াচ্ছেন না যে আইন সংশোধন করে সিটি কোর্টের জুরিসডিকসান ৫০ হাজার টাকা করে দাও। এটা যদি করেন তাহলে হাই কোর্টে এখনই কনজেসসান কমে যাবে।

স্যার, আপনি একজন খ্যাতনামা অ্যাটর্নী, আপনি জানেন, আপনার অভিজ্ঞতা আছে যে এই প্রত্যেকের কাছে কাছে ছড়িয়ে পড়েছে যে হাইকোর্টের ই অরিজিন্যাল সাইডএর স্যুট ১২ বছ ধরে পড়ে আছে, মামলা চলে আসছে বাপের থেকে ছেলে ছেলে থেকে নাতি, ক্রণায়ার টু স এই মামলা যখন চলছে, তখন কিছুতেই সিটি সিভিল কোর্টের জুরিসডিকসনএ তা দেওয়া হবে না। আমি যখন গতবার নন-অফিসিয়াল বিল এনেছিলাম, তখন মাননীয় জ্যোতিবসু বলেছিলে মন্ত্রিমহাশয়কে যে জালান সাহেব যেন আমার বক্তব্যের ভিত্তিতে উত্তর দেন। আমি তাঁকে সমর্থন করে বলেছিলাম যে আমার প্রস্তাবকে আমি উইথড্র করে নেব

If the Hon'ble Minister gives assurance that he will bring suitable legislation within a short time. He refuses to give any such promise.

এই হচ্ছে ওঁর অতীত ইতিহাস। তাহলে আমাদের বলুন স্যার, সাধারণ মানুষ বিচার পাবে কোথা থেকে? সুতরাং আমার ব্যক্তিগত আক্রোশ এঁদের কারো বিরুদ্ধে নাই। আর স্ট্যাণ্ডিং কাউন্সিল যিনি আছেন—পারসনালি আই লাভ হিম, আই লাইক হিম। কথা হচ্ছে সরকারের

টাকা এই ভাবে নষ্ট হবে কেন? আমি বলছি গভর্নমেণ্টের একটা নীতি করে দেওয়া উচিত। প্রফুল্লবাবুরও মনে আছে, আপনারও মনে আছে—স্যার, আমরা সবাই মিলে বলেছিলাম ভূদেব সেনের মামলটা ঐ ডিপার্টমেণ্টাল এনকোয়ারীর নাম করে একটা নোটিং কেস হয়েছে, সেটা উইথড্র করা হোক। তাতে উনি বললেন যে আমরা তা উইথড্র করতে পারি না। আপনি দেখুন স্যার, কি এই রাজত্বের বিচার। ভূদেব সেনের মত একটা সামান্য মামলা উইথড্র করা হল না, উঠিয়ে নেওয়া হল না। অথচ কাশ্মীরের ট্রিজন চার্জ যার বিরুদ্ধে ছিল, সেই আবদুল্লার বিরুদ্ধে চার কোটি টাকা খরচ করে ভারত সরকার আলটিমেটলি দি কেস ওয়াজ উইথড্রন, ঐ ন্যাচারএর ম্যাকবেতের মত শঙ্কর দাস বন্দ্যোপাধ্যায় সেদিন বুক ফুলিয়ে দম্ভ করে এই হাউসে ঢুকে আমাকে বললেন যে না, ক্রিমিনাল প্রসিডিওর কোডএ এমন আইন নাই যে কেস উইথড্র করা যায়। আমি সঙ্গে সঙ্গে ক্রিমিন্যাল প্রোসিডিওর কোড-এর সেক্সন ৪৯৪ পড়ে শুনিয়েছিলাম। কিন্তু স্যার, যখন সেক্সন ৪৯৪ পড়লাম তখন দেখলাম 'য পলায়তি স: জীবতি" ৪৪০ রেস দিয়ে উনি হাউস থেকে পালিয়ে গেলেন। সুতরাং আজকে বলছি আবদুল্লার কেস উইথড্র হতে পারে, কিন্তু ভূদেব সেনের মত এক প্রতিভাবান যুবককে হত্যা করা হলো, অথচ তার কোন বিচার হল না। এবং যে মামলা উইথড্র করতে পারলেন না জিদের বশবর্তী হয়ে। একটা ছেলেকে এই ভাবে হত্যা করা হলো নির্মমভাবে। অথচ তার কোন বিচার এদেশে হলো না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে বলছি যে এল. আর. এবং জুডিসিয়াল সেক্রেটারীর ও দায়িত্ব আছে। অরিজিন্যাল সাইডএর প্যানেল এবং অ্যাপিলেট সাইড প্যানেল এগুলো আপনি দেখুন—এগুলো সংশোধন আপনি করুন। ডি. এল. আর. এর প্যানেল সম্পর্কে আমি বলছি। আমার কাছে বহু লইয়ার বন্ধু আজকে এখানে আসবেন যখন তাঁরা শুনেছেন আজকে আমি বলবো। আমি মনসুর সাহেবকে অনুরোধ করছি যে আপনারা বলুন। এটা কী হচ্ছে? যেখানে ৬৫ জন লইয়ারস নিয়ে একটা অ্যাপিলেট সাইডএর প্যানেল হয়েছে, আজকে সেখানে ডি. এল. আর.-এর বিরুদ্ধে দারুণ অভিযোগ এসেছে। তিনি তাঁর নিজের বাছাই করা লোকদের সুযোগ করে দিয়েছেন। আপনি শুনলে স্যার অবাক হয়ে যাবেন যে দশ বছর হাই কোর্টে প্র্যাকটিস না করলে কেউ প্যানেলে যেতে পারে না। কিন্তু তারা ভাগ্যবান, যদি বিশেষ বিশেষ ঘরের ছেলে হন। আজকালকার দিনে হচ্ছে ঐ গাইনোলোজিক্যাল চার্ট ফেলে দিতে হবে, সব জায়গায় ফ্যামিলি ট্রি দিতে হবে, আপনার বাবা কে ছিলেন, ঠাকুদা কে ছিলেন ঐ ফ্যামিলি ট্রি সামনে ফেলে দিলে আপনার সব কিছু হয়ে যাবে। ঐ ফ্যামিলি ট্রির ভিত্তিতে আজকে আমরা দেখছি যারা একেবারে নতুন ফ্রেস ফ্রম ইউনিভার্সিটি, পাসবার সঙ্গে সঙ্গে তাঁরা সব প্যানেল এর লইয়ার হচ্ছেন। কিন্তু যারা ভেটারান, কোয়ালিফাইড লইয়ার, তাঁরা প্যানেলে হচ্ছেন না, তাঁরা পাচ্ছেন না। আমি ব্যক্তিগতভাবে জানি এল. আর. এর সম্বন্ধে, তাঁর যোগ্যতার উপর যথেষ্ট আস্থা আছে; তাঁর দায়িত্ব আছে। এই প্যানেলকে ফেলে এঁদের উচিত এই যে অরিজিন্যাল সাইড এর প্যানেল। এই যে সেসনস প্যানেল এগুলো সব ফেলে ঢেলে সাজা উচিত। এই স্ট্যাণ্ডিং কাউন্সিল বা ডি. এল. আর. বা গভর্নমেণ্ট প্লিডার বা এডিসনাল গভর্নমেণ্ট প্লিডার—এদের হাতে শুধু ছেড়ে না দিয়ে যাদের দায়িত্ব আছে এমন ভাল ভাল লোক বাছাই করা উচিত এবং সরকারের এই জুডিশিয়ারীর মধ্যে যে ইনইকুইটি চলছে, যে অবিচার চলছে, সেই অবিচার প্রতিকার করা দরকার। তার জন্য দরকার একটি নূতন দৃষ্টিভঙ্গী কিন্তু স্যার, আমি আবার বলছি যখন আমি ওঁর দিকে চাই, তখন আমি সম্পূর্ণভাবে নিরাশ হয়ে যাই। কেন না ওঁর কাছ থেকে কোনদিন আমি ভাল কিছু আশা করবো না। এই জন্য এই যে বাজেট বরাদ্দ উনি রেখেছেন, তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি।

এই যে মামলার বিলম্ব হচ্ছে এর কারণ এই সরকার জুডিশিয়ারী থেকে ম্যাজিস্ট্রেটকে সরিয়ে আনতে পারছেন না। আপনি স্যার শুনলে অবাক হয়ে যাবেন যে সাব ডিভিশন্যাল অফিসার, ডি, এম, এদের এক্সিকিউটিভ ফাংসান করতে হচ্ছে; জুডিশিয়ারীর ফাংসান করতে হচ্ছে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে গড়ে তোলা হচ্ছে। যার ফলে এক একটি মামলা বছরের পর বছর চলছে প্রত্যেক জেলায়। এই হলে কি করে সাধারণ মানুষের আস্থা ফিরে আসবে?

আর একটি কথা আমি বলছি জালান সাহেব বলছেন টাকা নাই। আমি আপনাকে বলছি টাকার অভাব হবে না। উনি অরিজিনাল সাইডএ কোর্ট ফি ইমপোজ করুন। অরিজিনাল

সাইডএ স্যার ১২ লক্ষ টাকায় ২১ লক্ষ টাকার এক কোটি টাকার স্যুটও যদি কেউ ফাইল কর তাহলে ৩৭৷৷০ টাকার বেশী খরচ লাগে না। দেয়ার ইয নো কোর্ট ফি কিন্তু আমাদের হাসেমালি শেখ বা কছিমদ্দি মিয়া কিংবা রমা কৈবর্ত্ত যে গ্রামের সাধারণ চাষী সে যদি ৫০ টাকার ব একশো টাকার খেসারতি মামলা দিতে যায়, তাহলে তাকে দশটাকা কোর্ট ফী দিতে হবে।

[4-40—4-50 p.m.]

Shri Sankardas Banerji:

মাননীয় স্পীকার মহাশয়, আমি দাঁড়ালেই হাউসে কেন উত্তেজনা সৃষ্টি হয় সেটা বুঝতে পারি না তবে এটুকু জানি এই হাউসে যাঁরা আছেন, আপনাকে শুদ্ধু বলছি, অভিজ্ঞতা আমার সকলের চেয়ে বেশী আদালতের ক্ষেত্রে। আমি ১৯২৪ সালে আর্টিকেল ক্লার্ক হয়েছি এবং ৩৫ বছর যাবত হাইকোর্টে ব্যবহারজীবী হিসেবে কাজ করছি। কাজেই হাইকোর্টের বিষয় জানবার আমার আর কিছু বাকী নেই এবং কাশীবাবুকে বলতে পারি জেলা কোর্ট সম্বন্ধেও অভিজ্ঞতা আমার কিছু কম নয়। আমি মোক্তার লাইব্রেরী থেকে আরম্ভ করে সুপ্রিম কোর্ট পর্যন্ত গেছি এবং জানি। এখানে কতগুলি বিষয় যা বলা হয়েছে সেগুলি গুরুত্বপূর্ণ এবং চিন্তার বিষয়। জন-সাধারণের নিশ্চয়ই অসুবিধা হয়; কিন্তু কি করে এর সমাধান হবে সেকথা কাশীবাবু বললেন না। দীর্ঘদিন মামলা চলে সে বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু কথাটা হচ্ছে আমাদের দেওয়ানী কার্যধারার যে আইন বিধি আছে—অর্থাৎ সিভিল প্রসিডিওর কোড, ক্রিমিন্যাল প্রসিডিওর কোড তার মাঝে মাঝে পরিবর্তন করা হয়েছে। ক্রিমিন্যাল প্রসিডিওর কোড-এর শেষ পরিবর্তন করেন ডা: কাটজু এবং তিনি ভেবেছিলেন এই যে এ্যামেণ্ডমেণ্ট করা হয়েছে তাতে কাজ সহজে এগুবে। কিন্তু দেখা গেল কাজ এগিয়ে গেল না, যেমনভাবে চলছিল সেইভাবেই চলছে। কাজেই কাশীবাবুর সঙ্গে এ বিষয়ে আমার কোন দ্বিমত নেই যে মামলা দীর্ঘদিন চলে। তবে আমি যতদূর দেখছি তাতে মনে হয় মামলার সময় যেটা ব্যয় করা হয় তার চেয়ে কম সময়ে হবে না। এর কারণ হচ্ছে প্রথমে মামলা রুজু হয় এবং তারপর সেখানথেকে এ্যাপিল হয়, তারপর সেক্ষেও এ্যাপিল হয়—এখন শুধু প্রিভি কাউন্সিলে যেতে হয় না—এবং দিল্লী যখন মাত্র ৩ ঘণ্টার পথ হয়ে দাঁড়িয়েছে তখন সকলেই দিল্লীতে সুপ্রিম কোর্টে চলেছেন। সকলেই চেষ্টা করেন সুপ্রিম কোর্টে গিয়ে মামলা শেষ করতে এবং সেদিক থেকে সুপ্রিম কোর্টের রিপোর্টের আয়তন যদি দেখেন তাহলে দেখবেন কত মামলা সেখানে যায়। এইভাবে যদি মামলা চলে তাহলে ৪।৫।৬ বছর ধরে তো চলবেই। আমরা যদি সমস্ত আইন ঢেলে সেজে দেওয়ানী কার্যবিধির আইন করি তাহলে....

Shri Syed Abul Mansur Habibullah:

আমরা বলেছি একটি কোর্টে ৫ বছর লাগে, আর উনি বললেন ৫টি কোর্টে ১০ বছর লাগে।

Shri Sankardas Banerji:

আমার অভিজ্ঞতা কিছু বেশী আছে। জিনিষটা হচ্ছে অত্যন্ত দীর্ঘদিন সময় লাগে এবং সেটা এড়ান যায় না। এই ব্যাপারে জজ-দেরও কোন দোষ নেই কারণ আমরা ঘনঘন মামলার তারিখ নেই বা নানা প্রকার দরখাস্ত করি। শুধু তাই নয়, আমরা মিসলেনিয়াস এ্যাপিল করি, সেখান থেকে এ্যাপিলে যায়, সেখান থেকে আবার রেকর্ড ফেরত গেল এবং এইভাবে দিন চলে যায়। কাজেই এরজন্য জজ-রা দায়ী নন, যারা মামলাবাজ তারা এইভাবে মামলা চালায় এবং দেখতে পাচ্ছি এইভাবেই চলবে।

আমরা চাই সহজ উপায় যা দ্বারা মামলা সহজে নিষ্পত্তি করতে পারা যাবে। যতই আমরা হাউসে চীৎকার করি না কেন আমি জানি, আমি জেলা কোর্টে ২ টাকায় মিসেলেনিয়াস অ্যাপিল এ হাজির হই না, কিন্তু পদ্ধতি জানি, প্রোসিডিওর জানি, কিভাবে কাজ চলে জানি, এবং কেন দেরী হয় এটাও জানি, হাউসের মধ্যে দাঁড়িয়ে সকলের মণ ভেজান একটা বক্তৃতা করা অত্যন্ত সহজ কাজ কিন্তু দরকার হচ্ছে একটা জিনিষ, ইঙ্গিত করে দেখিয়ে দেওয়া কি উপায় অবলম্বন করলে কাজ সহজে সুলভে হবে। এ জিনিষ ১০ বছরের মধ্যে শুনিনি।

Shri Kashi Kanta Maitra:

সিটি কোর্ট এর জুরিসডিকশন বলুন না।

Shri Sankardas Banerji:

সিটি কোর্ট-এর আর্থিক জুরিসডিকশন বাড়ালেই মামলা তাড়াতাড়ি হবে কে বলেছে?

Shri Kashi Kanta Maitra:

হাইকোর্ট এ মামলা কমে যাবে।

Shri Sankardas Banerji:

সিটি কোর্ট পিকিউনিয়ারী জুরিসডিকশনএর সঙ্গে মামলার কোন সম্পর্ক নাই। আলিপুর কোর্টের তো আনলিমিটেড জুরিসডিকশন আছে, কলকাতার অরিজিনাল সাইডএর জুরিসডিকসানএর কথা বলা আছে মাত্র পি. জি. হসপিট্যাল, সুখলাল কারনানি হসপিট্যাল পর্যন্ত, বাকী সমস্তই আলিপুর কোর্টের জুরিসডিকসনএর মধ্যে, হাবড়া অরিজিন্যাল সাইডএর মধ্যে নয়, লোয়ার সার্কুলার রোডএর পূর্ব পার অরিজিন্যাল সাইডএর মধ্যেনয়, সবই আলিপুরের মধ্যে আনলিমিটেড পিকিউনারী জুরিসডিকশন কিন্তু মামলা কোথায় ছোট হচ্ছে? বছরের পর বছর চলেছে, ফার্স্ট অ্যাপিল, সেকেণ্ড অ্যাপিল, এখান থেকে সুপ্রিম কোর্ট এও কিছু চলে যাচ্ছে, অরিজিনাল সাইড বলে চেঁচালেই হবে না। আমি জানি অনেকে অরিজিন্যাল সাইডএ যেতে চান কিন্তু যেতে পারেন না। সেজন্য রাগ, বিরক্তি। এবং এই যে হাজার টাকার ইঙ্গিত করলেন স্ট্যাণ্ডিং কাউন্সিল হাজার টাকা পকেটে নিয়ে যাবেন নিশ্চয়ই নিয়ে যাবেন কিন্তু সেই হাজার টাকা যে ইনকাম ট্যাক্স তা আপনি দেন না। প্রশ্ন হচ্ছে মানুষ রোজগার করে, নিশ্চয়ই এনটায়ারলি সবটা নিয়ে যান না, সেটা যদি গভর্নমেণ্ট-এর পকেটে যায় বলবার তো কিছু নাই। আমি যদি মনে করি আমার ফি হাজার টাকা, আপনি ইচ্ছা হয় আমাকে দেবেন না হয় আমাকে কেস দেবেন না, বলার তো কিছু নাই।

(নয়েজ)

জজ সাহেব সাদাটুপি পরে বসে আছেন কি কালটুপি পরে বসে আছেন এই সমস্ত ইঙ্গিত আমার মনে হয় ভদ্রতা বিরুদ্ধ। (ইনটারাপসান) তার বয়স হয়েছে এবং আমি একটা বলতে পারি কাশীবাবুর যে অভিজ্ঞতা তার তিনগুণ অভিজ্ঞতা জজ সাহেবের আছে, কি শাসন প্রণালী বিষয়ে কি হাই কোর্ট বিষয়ে কি আদালত বিষয়ে। তৃতীয় কথা হচ্ছে হাই কোর্ট এর জজেরা বসে আছেন। আমাদের দেশে হাই কোর্ট এর জজেরা ৬২ বছর বয়সে রিটায়ার করতে হয়। যাদের অনুকরণে আমরা হাই কোর্ট এর জজ নিযুক্ত করি সেই দেশে হাই কোর্ট জাজএর রিটায়ারমেণ্ট কিন্তু অপসনাল।

[4-50—5 p.m.]

যখন তাঁরা মনে করেন আমরা কাজ করতে পারবো না বা আমাদের স্মৃতিশক্তি কমে যাচ্ছে, শারিরীক বল কমে যাচ্ছে আমরা ভাল ভাবে কনসেন্‌সাস্‌লি করতে পাচ্ছি না তখন আপনি ছেড়ে যাবেন। এটা সত্য কথা হাই কোর্ট-এর জাজেদের যে বেতন দিয়ে রাখা হয় সে বেতনে কোন ভাল প্রাকটিসনার যার ভাল প্রাকটিস আছে তিনি সে চাকরী নিতে রাজী নন। আমি যতদূর জানি তাঁদের বেতন হচ্ছে ৩ হাজার ৫ শত টাকা কিন্তু ইনকাম ট্যাক্স প্রভৃতি দিয়ে তাঁদের হাতে ২৫০০ বা ২৭০০ টাকা থাকে। এই জন্য কোন কোন ভাল ব্যারিষ্টার বা উকিল যিনি মনে করেন পাবলিকে ব্রিফ দেবে তিনি এতে আসতে রাজী নন। আপনি খবর নেবেন বা শুধু বাংলাদেশের চীফ জাস্টিস নয় বিভিন্ন প্রদেশের চীফ জাস্টিসকে জিজ্ঞাসা করবেন

What is the difficulty in the way of your recruiting good Judges to take up the appointment.

একটা উত্তর তিনি দেবেন

Practitioners having large practice are unwilling to come up because of the smallness of the pay.

কেন না এটা সত্য কথা হাই কোর্ট-এর জজের জন্য যখন অফার পান তখন তার ১৫ বৎসর প্র্যাকটিস হয়ে গেছে এবং প্রায় ৪০ বৎসর বয়স আর ১৫।২০ বৎসর পরেই রিটায়ার করতে হবে। হাই কোর্ট-এর জজ হলে তাঁকে একটা স্ট্যাণ্ডার্ড মেইনটেইনড করতে হয়, ৬২ বৎসরে যখন চাকরী গেল তখন হাতে ১টাও পয়সা নেই। আমাদের দেশে এটা একটা দুর্ভাগ্য বলে আমি মনে করি এবং সেটা অত্যন্ত খারাপ যে তাকে শেষ পর্যন্ত গিয়ে ইণ্ডাস্ট্রিয়াল কোর্ট-এর জাজ হতে হয়। আগে আমরা জানতাম যে ইণ্ডাস্ট্রিয়াল কোর্ট বলতে হুইচ ইজ ইকুইভ্যালেণ্ট টু ডিস্ট্রিক্ট কোর্ট ইন মাই আইজ তারা যে কাজ করতেন তাতে তারা ইউনিভারসিটিতে যেতেন বা অন্য কোন কাজে যেতেন কিন্তু টাকার অভাবে ইণ্ডাস্ট্রিয়াল কোর্ট এ জাজ হতে হচ্ছে যেটা হল ডিস্ট্রিক্ট কোর্ট এর সমান, আজ এ সমস্ত চাকরী তারা করেন এবং টাকা নেই বলে চাকরী পাবার জন্য লালায়িত। এই কারণে আমি বলতে পারি যে কোন ভাল ব্যারিস্টার বা উকিল যাঁরা মনে করেন তাঁদের একটা ভবিষ্যত আছে তাঁরা চান না হাই কোর্ট এ জাজ হতে কারণ প্রত্যেক মানুষই এটা চেষ্টা করে যাতে সে ভাল ভাবে থাকতে পারে। ভাল ভাবে পয়সা খরচ করে ছেলেমেয়েদের লেখাপড়া শেখাতে পারে। আজকে অনেক হাজার হাজার ছেলে বিদেশে গিয়ে লেখাপড়া শিখছে বিজ্ঞান শিখছে আজকে যদি হাই কোর্ট এর জাজকে বলা হয় সেণ্ড ইওর সন টু ইংলণ্ড তিনি পাবেন কোথা থেকে? ২৫00 টাকার মধ্যে খেয়ে দেয়ে কি আর থাকে? আমরা হাই কোর্ট এর জাজকে বলতে পারি না মহাশয় রিক্সা করে আসুন। সুতরাং তাঁর যে অবস্থা তাতে ঐ টাকার আর কিছু অবশিষ্ট থাকে না যাতে ছেলেদের ভাল শিক্ষা দেওয়া যেতে পারে। আমি বারবার বলেছি

Indian Administrative Officer রা most inadequately paid, most ill paid; having regard to their qualifications they are not properly remunerated.

এটা আমার নিজের ধারণা এবং তা বলতে আমি ভয় করি না; আমি সে দলের সোসালিস্ট নই যে বলবো, না খেয়ে দেশের কাজ করুন, আমি পূর্ণ ভাবে যে টাকা আমাকে দিতে হবে আমি উপযুক্ততার সঙ্গেই সে কাজ করবো তা না হলে কিছু হবে না, তার পর সিম্পল রায়টিং কেসএ কাকে পাঠান হবে সে গভর্নমেণ্টএর বিচার্য বিষয়, এটা সিম্পেল রায়টিং কেস নয় গুরুত্বপূর্ণ মামলা, যেখানে ছাত্রের জীবন হানি হয় নিশ্চয়ই সেখানে দেখা হবে তা নিয়ে যে মামলা চলছে সেখানে এই গুরুত্বপূর্ণ মামলায় কোন উকিল পাঠাবেন সেটা গভর্নমেণ্ট-এর বিচার্য বিষয়। অ্যাডভোকেট জেনারেলএর কাছে যাবেন কি করা হবে সম্পূর্ণ গভর্নমেণ্ট সেটা বিবেচনা করবেন। তার জন্য আপনাদের কাছে যদি অনুমতি নিতে হয় তা হলে সে গভর্নমেণ্টএর রিজাইন করা উচি এই বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করছি।

Shri Iswar Das Jalan: Sir, I have got very little time to give a prope reply to the points raised by the honourable members. At the outset I oppose all the cut motions and ask for the passing of my main motion. I am going to touch only a few salient points.

The first thing is with regard to separation of Judiciary. It is not a fact that in all the provisions there has been a complete separation. Many of the provinces are passing through different phases of the separation of Judiciary. It is only in Madras, Maharastra and one or two other states that separation has been completely done. We have framed a scheme under which we propose to have the separation as quickly as possible. We have sent our scheme to the High Court. As soon as we receive their approval, the scheme will be put into operation. We have not yet received their opinion. After-all, as soon as the separation takes place, it will be the High Court which will have to administer the entire machinery. We cannot do without the consent of the High Court. There is no question of any dispute on the principle of separation of Judiciary, and therefore, I need not reply to this point. This fact is admitted that there will be a separation. Steps are being taken and I believe that, as soon as possible, the start will be made and we shall have the separation. With regard to the question of delay, it can be said that it is a proverbial law's delay. We have been

hearing it from a very long time. All efforts are being made in order to expedite the hearing of the cases, but still there are so many factors and procedure all these things do combine to delay the trial of the cases. Moreover, justice demands that there should be appeals. When appeals are made, naturally there is delay. The question of delay has been engaging our attention. The personnel of the High Court is going to be augmented. We have decided to open a Scheme by which additional court rooms are being provided, and we hope that, in course of this year, the additional accommodation will be available and new Judges will start functioning.

With regard to Jury system, it has been abolished in some States. We have kept it in Calcutta because it was recommended by the High Court itself. There was a time when Jury system was being advocated and it was one of the chief planks of public agitation but now it is being deprecated.

With regard to City Civil Court, I say the City Civil Court was started in order to expedite the hearing of the suits. There are ten Judges. From four Judges, we have increased to ten Judges, and we wish that those suits which are in the City Civil Court should be expeditiously disposed of. By increasing jurisdiction only of the City Civil Court, we shall not be able to solve our problem. There will be more and more appeals from the City Civil Court to the High Court, and the High Court, Appellate Side, will be more and more congested. As a matter of fact, those who are acquainted with the Original Side know that from the Original Side Judgment very few appeals are preferred, but from all other Courts many appeals are preferred and there is more congestion so far as the Appellate Side is concerned and we are going to increase the strength by four to five Judges. Instead of 20 Judges we shall have 28 Judges and we shall have 10 Judges in the City Civil Court. So far as the appointments of our Lawyers are concerned, we take the opinion of the District Judge. We also take the opinion of the District Magistrate, and then we decide as to who should be the Lawyer of the Government. After all, the Government is the client and Lawyer is his agent, and, naturally the Government must have confidence in the person whom it appoints as a lawyer. Perhaps my friend knows that in England the Advocate General is appointed by the party, and he is a party man and even in America that is so, but we have not adopted that system.

(At this stage the guillotine bell was rung.)

[5—5-10 p.m.]

Mr. Speaker: Honourable members, I put together to vote all the cut motions in Grant No. 13 that have been moved.

(The cut motion were then put and lost)

The motion of Shri Nani Bhattacharjee that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri A. H. Besterwitch that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Gour Chandra Kundu that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Amarendra Nath Roy Prodhan that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Balai Lal Das Mahapatra that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that the demand be reduced to Rs. 1 was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Mahananda Haldar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Abu Asad Mohammad Obaidul Ghani that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nimai Chand Murmu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hemanta Kumar Basu that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Syed Abdul Mansur Habibullah that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanai Lal Bhattacharya that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Tarapada Dey that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Girish Mahato that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nikhil Das that the demand be reduced by Rs. 100 was then put and lost.

